ঋগ্বেদ সংহিতা।

—:-০০-:—

মূল সংস্কৃত হইতে

শ্রীরমেশচন্দ্র দত্ত কর্ত্তৃক

বাঙ্গালা ভাষায় অনুবাদিত।

দ্বিতীয় সংস্করণ।

কলিকাতা।

এলম্ প্রেস্ঃ ৬৩নং বিডন্ ষ্ট্রীট্।

ইং ১৯০৯

কলিকাতা, ৬৩নং বিডন্ ষ্ট্রীট্, এলম্ প্রেসে শ্রীলক্ষ্মীকান্ত পাত্রের দ্বা
মুদ্রিত ও প্রকাশিত।

যাঁহাদিগের সরল সত্যপরায়ণ পবিত্র জীবনের স্মৃতি মাত্র

এ জগতে

আমার ধর্ম্মস্বরূপ হইয়াছে;

যাঁহাদিগের অসীম স্নেহ ও বাৎসল্যের চিন্তা

আমার শান্তিস্বরূপ হইয়াছে;

সেই স্বর্গারূঢ়া জননী থাকমণি ও স্বর্গীয় জনক ঈশানচন্দ্র দত্তের

পবিত্র নাম গ্রহণ করিয়া

এই গ্রন্থ

উৎসর্গ করিলাম।

কলিকাতা, ২০ বিডন ষ্ট্রীট্,
সেপ্টেম্বর, ১৮৮৫।

শ্রীরমেশচন্দ্র দত্ত।

ঋষিদিগের বিবরণ।

[নিম্নোল্লিখিত ঋক্‌সমূহের টীকাগুলি দেখ।]

মনু—১।৭১।৩ ও ১।১১২।১৬ ও ১।১২৮।২ ও ১।১৩৯।৯ ও ৫।৪৫।৬ ও ৮।১৯।২৫ ও ৮।২৩।১৭ ও ৮।২৭।৭ ও ৮।৫২।১

ভৃগু—১।৭১।৩ ও ২।৭।১ ও ৩।৫।১০ ও ১০।১৪।৬

বিশ্বামিত্র—৩।১।১ ও ৩।৩৩।১ ও ৩।৫৩।২৪ ও ৩।৬২।১৮ ও ৭।১।১ ও ৭।১০৪।১৩

বামদেব—১।১১৯।৭ ও ৪।১।১ ও ৪।২।১৫ ও ৪।১৮।১

অত্রি—১।১১২।৭ ও ১।১১৬।৮ ও ১।১৩৯।৯ ও ৫।১।১

ভরদ্বাজ—১।১১২।১৩ ও ৬।১।১

বসিষ্ঠ—৩।৩৩।১ ও ৩।৩৫।২৪ ও ৭।১।১ ও ৭।১৮।২৩ ও ৭।৩৩।৯ ও ৭।১০৪।১৩ ও ১০।১৫।৮

কণ্ব—১।১১৮।৭ ও ১।১৩৯।৯ ও ৮।১।১ ও ৮।৬।১০

অঙ্গিরা—১।৩১।১ ও ১।৭১।৩ ও ১।১৩৯।৯ ও ৪।২।১৫ ও ৯।১।১

কক্ষীবান্—১।১৮।১ ও ১।১১২।১১ ও ১।১২৫।১

শুনঃশেপ—১।২৪।১

কুৎস—১।৩৩।১৪ ও ১।৬৩।৩ ও ৪।১৬।১০

পুরুকুৎস—১।৬৩।৭ ও ১।১১২।১৪ ও ৪।৪২।৮ ও ৮।১৯।৩৬

ত্রসদস্যু—১।১১২।১৪

অথর্ব্বা—১।৭১।৩ ও ৬।১৬।১৩ ও ১০।১৪।৬

দধীচি—১।৭১।৩ ও ১।১১৬।১২ ও ১।১৩৯।৯

কৃষ্ণনামক ঋষি—১।১১৬।২৩ ও ১।১১৭।৭ ও ৮।৮৬।১

কৃষ্ণনামক অনার্য্যযোদ্ধা—১।১০১।১ ও ১।১৩০।৮ ও ৮।৯৬।১৩;

দীর্ঘতমা—১।১১২।১১

আপ্ত্যত্রিত—১।৫২।৫ ও ১।১০৫।১১ ও ১।১৫৮।৫ ও ২।১১।১৯ ও ৬।১৬।৪

গৃৎসমদ—২।১।১

গোতম—১।১১৬।৯

চ্যবন—১।১১৬।১০

উশনা—১।৫১।১০ ও ৮।২৩।১৭

অগস্ত্য—১।১৭৯।৫

কক্ষীবানের দুহিতা ঘোষা—১।১১৭।৭ ও ১০।৪০।১

অত্রির দুহিতা অপালা—৮।৯১।১

অত্রিবংশীয়া বিশ্ববারা—৫।২৮।১

আর্য্যনিবাস ও আর্য্য ইতিহাস।

[নিম্নোল্লিখিত ঋক্ সমূহের টীকাগুলি দেখ।]

সপ্তনদী—১।৭১।৭ ও ৬।৭।৬ ও ৬।৬১।১০ ও ৭।৩৬।৬ ও ৮।২৪।২৭ ও ৮।৯৬।১ ও ৯।৬৬।৬

সিন্ধুনদী ও শাখা—৫।৫৩।৯ ও ৫।৬১।১৯ ও ৭।৩৬।৬ ও ১০।৬৪।৯ ও ১০।৭৫।৫

শতদ্রু, বিপাশা বা আর্জীকীয়া, পরুষ্ণী—৩।৩৩।১ ও ৮।৬৪।১১ ও ৮।৭৪।১৫ ও ৯।৬৫।২৩ ও ৯।১১৩।১ ও ১০।৭৫।৫

অসিক্নী ও বিতস্তা—১০।৭৫।৫

সরস্বতী—১।৩।১০ ও ১।১৪২।৯ ও ৬।৬১।১৪ ও ৭।৩৬।৬ ও ৮।২১।১৭ ও ৯।৬৫।২৩ ও ১০।৬৪।৯ ও ১০।৭৫।৫

জাহ্নবী বা গঙ্গা—৬।৫৮।৬ ও ১০।৭৫।৫

যমুনা ৫।৫২।১৭ ও ৭।১৮।১৯ ও ১০।৭৫।৫

শর্য্যণাবৎ সরোবর (কুরুক্ষেত্রের হ্রদ)—১।৮৪।১৪ ও ৮।৬।৩৯ ও ৮।৭।২৯ ও ৮।৬৪।১১ ও ৯।৬৫।২২ ও ৯।১১৩।১

সিন্ধুনদীর পশ্চিম দিকের (কাবুল প্রদেশের) শাখা—৮।২৪।৩০ ও ১০।৭৫।৬

গান্ধার প্রদেশ (পেশাওয়র)—১।১২৬।৭

পঞ্চক্ষিতি, পঞ্চজন, পঞ্চকৃষ্টি, ইত্যাদি—১।৭।৯ ও ১।৮৯।১০ ও ১।১০০।১২ ও ২।২।১০ ও ৪।৩৮।১০ ও ৫।৩২।১১ ও ৬।১১।৪ ও ৬।৬১।১২ ও ৯।৬৫।২৩

সপ্ত মানুষ—৮।৩৯।৮

যদুবংশ—১।৩৬।১৮ ও ৭।১৯।৮ ও ৮।১।৩১ ও ৮।৬।৩৯ ও ৮।৬।৪৮ ও ৮।৭।২৯

পুরুবংশ—১০।৪৮।৫

ভারতজাতি (কুরুবংশ)—১।৪৭।৬ ও ২।৭।১ ও ৩।৩৩।১

সুদাস রাজার সহিত ভারতপ্রভৃতি দশ জাতির যুদ্ধ—১।৪৭।৬ ও ৩।৩৩।১ ও ৭।১৮।২৩ ও ৭।৩৩।৩ ও ৭।৮৩।৭

শম্বররাজা—১০।৯৮।১

আর্য্য ও অনার্য্যজাতি—১।৫১।৮ ও ১।১০০।১৮ ও ১।১০৩।৩ ও ১।১০৪।৩ ও ১।১০৪।৪ ও ১।১১৭।২১ ও ১।১৩০।৭ ও ১।১৭৪।৮ ও ১।১৭৫।৪ ও ২।২০।৭ ও ২।১২।১৯ ও ৩।৩৪।৯ ও ৪।১৬।১৩ ও ৪।৩০।২০ ও ৫।২৯।১০ ও ৬।১৮।৩ ও ৬।২২।১০ ও ৬।২৫।২ ও ৭।৫।৬ ও ৮।২৪।২৭ ও ৮।৫১।৯ ও ৮।৯৬।৯ ও ৮।৯৬।১৩ ও ৮।৯৭।১ ও ৯।৭৩।৫ ও ৯।৯৭।৫৩ ও ১০।২২।৮ ও ১০।৪৯।৩ ও ১০।৬৯।৬ ইত্যাদি।

জ্যোতিষ, ওষধি, বিজ্ঞান, কৃষি, গোচারণ ও শিল্পকার্য্য।

[নিম্নোল্লিখিত ঋক্ সমূহের টীকাগুলি দেখ।]

সৌর বৎসর ও চান্দ্র বৎসর—১।২৫।৮ ও ১।১৬৪।১৫ ও ৪।৩৩।৭

সূর্য্য রশ্মি দ্বারা চন্দ্রালোকের উৎপত্তি—১।৮৪।১৫

সূর্য্যের গতি—১।১২৩।৮

বৎসরের দিন গণনা—১।১৫৫।৬ ও ১।১৬৪।১১

ছয় ঋতু—১।১৬৪।১২ ও ২।৩৬।১

উত্তরায়ণ ও দক্ষিণায়ন—১।১৬৪।১২ ও ৬।৩২।৫

রাকা (পূর্ণিমা) ও সিনীবালী (অমাবস্যা)— ৩২।৮

সূর্য্যগ্রহণ—৫।৪০।৫

পৃথিবীর অক্ষ (Axis of the earth)

কৃষিকার্য্য অবিবাহিতা কন্যা—২।১৭।৭

স্বয়ংবর প্রথা—১০।২৭।১২

বিবাহ প্রথা—১০।৮৫।২২

বিধবা বিবাহ—১০।৪০।২

বহু বিবাহ—১০।১৪৫।৬ ও ১০।১৫৯।১

গর্ভসঞ্চার ও রক্ষার মন্ত্র—১০।১৬২।৬ ও ১০।১৮৩।৩ ও ১০।১৮৪।৩

রোগনাশের মন্ত্র—১০।৯৭।১ ও ১০।১৩৭।৭ ও ১০।১৬১।৫ ও ১০।১৬৩।৬

অমঙ্গল নাশের মন্ত্র—২।৪৩।৩ ও ১০।১৫৫।৫ ও ১০।১৬৪।১ ও ১০।১৬৫।৫

সর্পের মন্ত্র ও রাক্ষসের মন্ত্র—১।১৯১।১৬ ও ১০।৮৭।২৫

ব্যভিচারিণী নারী—৪।৫।৫ ও ১০।৩৪।৪ ও ১।০৪০।৬

অবিবাহিতা কন্যার পুত্র—৮।৪৬।২১

দ্যূতক্রীড়া—১।১২৪।৭ ও ১০।৩৪।১

ক্রীত দাস দাসী—৮।৪৬।৩২ ও ৮।৪৬।৩৩ ও ৮।৫৬।৩

ক্রয় বিক্রয়ের চুক্তি—৪।২৪।৯ ও ৪।২৪।১০

সমুদ্র যাত্রা—১।১১৬।৩ ও ৪।৫৫।৬ ও ৭।৮৮।৩

আর্য্যদিগের মধ্যে জাতি বিভাগ ছিল না—৪।৪২।১ ও ৭।৬৪।২ ও ৭।৮৯।১ ও ৮।১১।৬ ও ৯।১১২।১ ও ৯।১১২।৩ ও ১০।৭১।৯ ও ১০।৯০।১২ ইত্যাদি।

রাজ্যাভিষেক ও রাজার কর্ত্তব্য—১০।১৭৩।৬

সামাজিক আচার ব্যবহার।

[নিম্নোল্লিখিত ঋক্‌সমূহের টীকাগুলি দেখ।]

যজ্ঞপদ্ধতি ও যজ্ঞের পুরোহিত—১।৩৬।৭ ও ১।১৬২।৫ ও ২।১।২

সোমরস প্রস্তুত করিবার পদ্ধতি—৯।৬৬।২৯

অশ্ব ও মহিষের আহুতি—১।১৬২।১৩ ও ৬।১৭।১১

গো বৃষের আহুতি—১।৬১।১২ ও ২।৭।৫ ও ৬।১৬।৪৭ ও ৬।৩৯।১ ও ১০।২৭।২ ও ১০।৮৬।১৩
ও ১০।৮৯।১৪

নানা পিষ্টকের আহুতি—৩।৩৫।৩ ও ৩।৫২।১ ও ৪।২৪।৭

নরবলি প্রথা প্রচলিত ছিল না—১।২৪।১

স্ত্রী পুরুষে একত্র যজ্ঞ করিতেন—১।১৩১।৩ ও ৫।৪৩।১৫ ও ৮।৩১।৫ ইত্যাদি।

পৈতৃক ধনের উত্তরাধিকারী কে?—২।১[illegible] ও ৩।৩১।২

দৌহিত্রকে পুত্র স্বরূপ গ্রহণ করা—৩।[illegible]

দত্তক পুত্র—৭।৪।৭

[illegible]—১।৪।৬ ও ১।৩৩।৩ ও ৪।৫৭।১ ও ১০।১০১।২

কূপ খনন—১০।২৫।৪

কর্ষিত ভূমিতে জল সেচন (Irrigation)—১০।১৪।১৩ ও ১০।৯৯।৪

গোচারণ—১।৪২।২ ও ৬।৫৪।৭

রোগচিকিৎসা ও ঔষধি বিজ্ঞান—১০।৯৭।১

বস্ত্র বয়ন—২।৩।৬ ও ২।৩৮।৪ ও ৬।৯।২ ও ১০।২৬।৬ ও ১০।১০৬।১ ও ১০।১৩০।২

লৌহ নির্ম্মিত দ্রব্য—৫।৩০।১৫ ও ৬।৩।৫ ও ৬।৪৭।১০

লৌহময় নগর—৭।৩।৭ ও ৭।১৫।১৪ ও ৭।৯৫।১

নানা আভরণ ও অস্ত্র নির্ম্মাণ—১।১৬৮।৩ ও ৫।৫২।৬ ও ৫।৫৩।৪ ও ৫।৫৪।১১ ও ৫।৫৫।৬
ও ৫।৫৭।২ ও ৫।৫৮।২ ও ৬।৪৬।১১ ও ৬।৭৫।১ ইত্যাদি।

রৌপ্য মুদ্রা—৫।৩৩।৬

সুবর্ণমুদ্রা—১।১২৬।২ ও ৪।৩৭।৪ ও ৫।১৯।৩ ও ৫।২৭।২

যুদ্ধ অশ্ব ও যুদ্ধরথ—৩।২০।১ ও ৪।৩৮।২ ও ৪।৩৮।৯ ও ৬।৪৬।১৪ ও ৬।৪৭।২৯

পালিত পশু—৪।২।৮ ও ৪।৪।১ ও ৮।৫।৩৭ ও ৮।৪৬।২২ ও ৮।৪৬।২৮ হইতে ৩২ ও
৮।৫৬।৩ ইত্যাদি।

বন্য পশু ১০।২৮।৪—ইত্যাদি।

ধর্ম্মবিশ্বাস ও অনুষ্ঠান।

[নিম্নোল্লিখিত ঋক্ সমূহের টীকাগুলি দেখ।]

দেবদিগের বিশেষ বিবরণ।

[নিম্নলিখিত ঋক্ সমূহের টীকাগুলি দেখ।]

অগ্নি—১।১।১ ও ১।১২।৬ ও ১।১৩।১ ও ১।৬০।১

বায়ু—১।২।১

ইন্দ্র—১।২।৪ ও ১।২৩।৩ ও ১।১১২।২৩ ও ১০।৫৪।৩

বরুণ—১।২।৭ ও ৭।৮৬।৮ ও ৭।৮৭।৭

মিত্র—১।২।৭ ও ৭।৮৬।৮ ও ৭।৮৭।৭

দ্যৌ ও পৃথিবী—১।২২।১৩ ও ১০।৫৪।৩

অদিতি, আদিত্য ও দিতি—১।১৪।৩ ও ১।৪১।১ ও ২।২৭।১ ও ৫।৬২।৮ ও ১০।৭২।৮

সূর্য্য ও সবিতা—১।২২।৫

অশ্বিদ্বয়—১।৩।১ ও ১০।১৭।২ এবং ১।১১২ ও ১।১১৬ ও ১।১১৭ সূক্তের সমস্ত টীকাগুলি দেখ।

মরুৎগণ—১।৬।৪ ও ৫।৫২।১৭ ও ৮।৯৬।৮

সোম—১।২।১ ও ১।৮০।২ ও ৯।১।১

পূষা—১।৪২।১ ও ৬।৫৪।৭

ব্রহ্মণস্পতি—১।১৮।১

বিষ্ণু—১।২২।১৬

রুদ্র—১।৪৩।১

ত্বষ্টা—১।২০।৬ ও ১০।৮।৯ ও ১০।১০।৫

—১।৩৫।৬ ও ১০।১০।১ ও ১০।১৪।১ ও ১০।১৭।২

ঋভুগণ—১।২০।১ ও ১।১১০।২ ও ১।১৬১।৬

বিবস্বান্—১০।১৭।২

ক্ষেত্রপতি—৪।৫৭।১

বাস্তোষ্পতি—৭।৫৪।১

ঊষা—১।৩০।২০ ও ১।৪৯।৩

সরস্বতী—১।৩।১০ ও ১।১৪২।৯

ইলা—১।৩১।১১ ও ১।১৪২।৯ ও ৩।১।২৩ ও ৬।৫০।১৬

ভারতী—১।১৪২।৯

ইন্দ্রাণী—১।৮২।৫ ও ১।১ ।৬ ও ৩।৬০।৬

সূর্য্যা—১।১১৬।১৭

সীতা—৪।৫৭।৭

সরণ্যু—১০।১৭।২

সরমা—১০।১০৮।১

যমী—১০।১০।১ ও ১০।১৭।২

দেবপত্নীগণ—১।২২।১১

৩৩ দেব—১।৩৪।১১ ও ৮।২৮।১ ও ৮।৩০।২ ও ৮।৩৫।৩ ও ৮।৩৯।৯ ও ৮।৫৭।২ ও ৯।৯২।৪

৩৩৩৯ দেব—৩।৯।৯ ও ১০।৫২।৬

বিশ্বকর্ম্মা—১০।৮১।১ ও ১০।৮২।১

প্রজাপতি বা হিরণ্যগর্ভ—১০।১২১।১

সূচীপত্র।

৪। হে অগ্নি! তুমি যে যজ্ঞ চারিদিকে বেষ্টন করিয়া থাক সে যজ্ঞ কেহ হিংসা করিতে পারে না এবং সে যজ্ঞ নিঃসন্দেহই দেবগণের নিকটে গমন করে।

৫। অগ্নি দেবগণের আহ্বানকারী, সিদ্ধকর্ম্মা, সত্যপরায়ণ, ও প্রভূত ও বিবিধ কীর্ত্তিযুক্ত; সেই দেব দেবগণের সহিত এই যজ্ঞে আগমন করুন।

৬। হে অগ্নি! তুমি হব্যদাতা যজমানের যে কল্যাণ সাধন করিবে, হে অঙ্গিরা সে কল্যাণ প্রকৃত তোমারই।

৭। হে অগ্নি! আমরা দিনে দিনে দিবারাত্র মনের সহিত নমস্কার সম্পাদন করতঃ তোমার সমীপে আসিতেছি।

৮। তুমি দীপ্যমান্, তুমি যজ্ঞের রক্ষক, যজ্ঞের অতিশয় দীপ্তিকা এবং যজ্ঞশালায় বর্দ্ধনশীল।

৯। পুত্রের নিকট পিতা যেরূপ অনায়াসে অধিগম্য, হে অগ্নি আমাদিগের নিকট সেইরূপ হও; মঙ্গলার্থ আমাদিগের নিকটে বাস কর।

২। হে বায়ু! যজ্ঞাভিজ্ঞ স্তোতাগণ সোমরস অভিষুত করিয়া তোমার উদ্দেশে স্তুতিবাক্য প্রয়োগ করিয়া স্তব করিতেছে।

৩। হে বায়ু! তোমার সোমগুণপ্রকাশক বাক্য সোম পানার্থ হব্যদাতা যজমানের নিকট আসিতেছে, অনেকের নিকট আসিতেছে।

৪। হে ইন্দ্র (৩) ও বায়ু! এই সোমরস অভিষুত হইয়াছে, অন্ন লইয়া আইস; সোমরস তোমাদিগকে কামনা করিতেছে।

৫। হে বায়ু ও ইন্দ্র! তোমরা অভিষুত সোমরস জান, তোমরা অন্নযুক্ত হব্যে বাস কর; শীঘ্র নিকটে আইস।

৬। হে বায়ু ও ইন্দ্র! অভিষবকারী যজমানের অভিষুত সোমর[illegible] নিকটে আইস; হে বীরদ্বয়! এই কর্ম্ম ত্বরায় সম্পন্ন হইবে।

৭। পবিত্রবল মিত্র ও হিংসকশত্রুনাশক বরুণকে (৪) আমি আ[illegible] করি; তাঁহারা ঘৃতাহুতি প্রদান রূপ কর্ম্ম সাধন করেন।

৮। হে যজ্ঞ বর্দ্ধয়িতা যজ্ঞস্পর্শী মিত্র ও বরুণ! তোমরা যজ্ঞফল দ[illegible] এই বৃহৎ যজ্ঞ ব্যাপিয়া রহিয়াছ।

৯। ইন্দ্র ও বরুণ মেধাসম্পন্ন, বহু লোকের হিতার্থে জাত, ও বহু লো[illegible] আশ্রয়ভূত; তাঁহারা আমাদিগের বল ও কর্ম্ম পোষণ করেন।

---

(৩) ভারতবর্ষে নদীর জল, ভূমির উর্ব্বরতা, ধান্য ও খাদ্য দ্রব্য, মনুষ্যের সুখ ও [illegible] সমস্তই বৃষ্টির উপর নির্ভর করে, অতএব বৃষ্টিদাতা আকাশদেব ইন্দ্রের গৌরব অধিক। [illegible] নাম যাস্ক হইতে উদ্ধৃত সূত্রে আছে, এবং তাঁহার সম্বন্ধে যত সূক্ত আছে, অন্য কো[illegible] সম্বন্ধে তত নাই।

(৪) মিত্র আর্য্যদিগের এক জন উপাস্য দেবতা ছিলেন, সুতরাং প্রাচীন হিন্দু ও [illegible] উভয় শাখার মধ্যে তাঁহার অর্চ্চনা লক্ষিত হয়। ইরানীয়দিগের মধ্যে "মিথ্র" আলোক বা সূর্য্য বলিয়া পূজিত হইতেন, হিন্দুদিগের মধ্যে মিত্র আলোক বা দিবা বলিয়া পূজিত হইতেন।

বরুণ আর্য্যদিগের আরও পুরাতন দেবতা। আবরণকারী (বৃ ধাতু হইতে) নৈশ আকাশকেই আর্য্যগণ বরুণ বলিয়া পূজা করিতেন, এবং সেই দেবকে গ্রীকগণ Uranos, ইরানীয়গণ "বরণ," ও হিন্দুগণ "বরুণ" নামে জানেন। "মৈত্রং বৈ অহরিতি শ্রুতেঃ * * শ্রূয়তে চ বারুণী রাত্রী।" সায়ণ। আকাশ জলীয়, এই বিশ্বাস হইতে অবশেষে বরুণ জলের দেব বলিয়া পরিগণিত হইলেন।

৪। হে অগ্নি! তুমি যে যজ্ঞ চারিদিকে বেষ্টন করিয়া থাক সে যজ্ঞ কেহ হিংসা করিতে পারে না। এবং সে যজ্ঞ নিঃসন্দেহই দেবগণের নিকটে গমন করে।

৫। অগ্নি দেবগণের আহ্বানকারী, সিদ্ধকর্ম্মা, সত্যপরায়ণ, ও প্রভূত ও বিবিধ কীর্ত্তিযুক্ত; সেই দেব দেবগণের সহিত এই যজ্ঞে আগমন করুন।

৬। হে অগ্নি! তুমি হব্যদাতা যজমানের যে কল্যাণ সাধন করিবে, হে অঙ্গিরা সে কল্যাণ প্রকৃত তোমারই।

৭। হে অগ্নি! আমরা দিনে দিনে দিবারাত্র মনের সহিত নমস্কার সম্পাদন করতঃ তোমার সমীপে আসিতেছি।

৮। তুমি দীপ্যমান্, তুমি যজ্ঞের রক্ষক, যজ্ঞের অতিশয় দীপ্তিকা এবং যজ্ঞশালায় বর্দ্ধনশীল।

৯। পুত্রের নিকট পিতা যেরূপ অনায়াসে অধিগম্য, হে অগ্নি আমাদিগের নিকট সেইরূপ হও; মঙ্গলার্থ আমাদিগের নিকটে বাস কর।

২। হে বায়ু! যজ্ঞাভিজ্ঞ স্তোতাগণ সোমরস অভিষুত করিয়া তোমার উদ্দেশে স্তুতিবাক্য প্রয়োগ করিয়া স্তব করিতেছে।

৩। হে বায়ু! তোমার সোমগুণপ্রকাশক বাক্য সোম পানার্থ হব্যদাতা যজমানের নিকট আসিতেছে, অনেকের নিকট আসিতেছে।

৪। হে ইন্দ্র (৩) ও বায়ু! এই সোমরস অভিষুত হইয়াছে, অন্ন লইয়া আইস; সোমরস তোমাদিগকে কামনা করিতেছে।

৫। হে বায়ু ও ইন্দ্র! তোমরা অভিষুত সোমরস জান, তোমরা অন্নযুক্ত হব্যে বাস কর; শীঘ্র নিকটে আইস।

৬। হে বায়ু ও ইন্দ্র! অভিষবকারী যজমানের অভিষুত সোমরসের নিকটে আইস; হে বীরদ্বয়! এই কর্ম্ম ত্বরায় সম্পন্ন হইবে।

৭। পবিত্রবল মিত্র ও হিংসকশত্রুনাশক বরুণকে (৪) আমি আহ্বান করি; তাঁহারা ঘৃতাহুতি প্রদান রূপ কর্ম্ম সাধন করেন।

৮। হে যজ্ঞ বর্দ্ধয়িতা যজ্ঞস্পর্শী মিত্র ও বরুণ! তোমরা যজ্ঞফল দানার্থ এই বৃহৎ যজ্ঞ ব্যাপিয়া রহিয়াছ।

৯। ইন্দ্র ও বরুণ মেধাসম্পন্ন, বহু লোকের হিতার্থে জাত, ও বহু লোকের আশ্রয়ভূত; তাঁহারা আমাদিগের বল ও কর্ম্ম পোষণ করেন।

---

(৩) ভারতবর্ষে নদীর জল, ভূমির উর্ব্বরতা, ধান্য ও খাদ্য দ্রব্য, মনুষ্যের সুখ ও জীবন, সমস্তই বৃষ্টির উপর নির্ভর করে, অতএব বৃষ্টিদাতা আকাশদেব ইন্দ্রের গৌরব অধিক। ... নাম যাস্ক হইতে উদ্ধৃত সূত্রে আছে, এবং তাঁহার সম্বন্ধে যত সূক্ত আছে, অন্য কোন দেব সম্বন্ধে তত নাই।

(৪) মিত্র আর্য্যদিগের এক জন উপাস্য দেবতা ছিলেন, সুতরাং প্রাচীন হিন্দু ও ইরানীয় উভয় শাখার মধ্যে তাঁহার অর্চ্চনা লক্ষিত হয়। ইরানীয়দিগের মধ্যে "মিথ্র" আলোক বা সূর্য্য বলিয়া পূজিত হইতেন, হিন্দুদিগের মধ্যে মিত্র আলোক বা দিবা বলিয়া পূজিত হইতেন।

বরুণ আর্য্যদিগের আরও পুরাতন দেবতা। আবরণকারী (বৃ ধাতু হইতে) নৈশ আকাশকেই আর্য্যগণ বরুণ বলিয়া পূজা করিতেন, এবং সেই দেবকে গ্রীকগণ Uranos, ইরানীয়গণ "বরণ," ও হিন্দুগণ "বরুণ" নামে জানেন। "মৈত্রং বৈ অহরিতি শ্রুতেঃ ... শ্রূয়তে চ বারুণী রাত্রী।" সায়ণ। আকাশ জলীয়, এই বিশ্বাস হইতে অবশেষে বরুণ জলের দেব বলিয়া পরিগণিত হইলেন।

৩ সূক্ত।

অশ্বিদ্বয় প্রভৃতি দেবতা। বিশ্বামিত্রের পুত্র মধুচ্ছন্দা ঋষি।

১। হে ক্ষিপ্রপাণি, শুভকর্ম্মপালক, বিস্তীর্ণ ভুজ বিশিষ্ট অশ্বিদ্বয় (১)! তোমরা যজ্ঞের অন্ন কামনা কর।

২। হে বহুকর্ম্মা, নেতা, ও বিক্রমশালী অশ্বিদ্বয়! অপ্রতিহত বুদ্ধির সহিত আমাদিগের স্তুতি গ্রহণ কর।

৩। হে দস্রদ্বয়! হে নাসত্যদ্বয় (২)! হে রুদ্রবর্ত্তন্ অশ্বিদ্বয়! মিশ্রিত সোমরস অভিযুত হইয়াছে, ছিন্ন কুশে স্থাপিত হইয়াছে, তোমরা আইস।

৪। হে বিচিত্র দীপ্তিবিশিষ্ট ইন্দ্র! অঙ্গুলিদ্বারা অভিযুত নিত্যশুদ্ধ এই (সোমরস) তোমাকে কামনা করিতেছে; তুমি আইস।

৫। হে ইন্দ্র! আমাদিগের ভক্তিদ্বারা আকৃষ্ট হইয়া, মেধাবীদিগের দ্বারা আহূত হইয়া, অভিযবকারী ঋত্বিকের স্তোত্র গ্রহণ করিতে আইস।

৬। হে অশ্বযুক্ত ইন্দ্র! ত্বরান্বিত হইয়া স্তোত্র গ্রহণ করিতে আইস; এই সোমাভিযবযুক্ত যজ্ঞে আমাদিগের অন্ন ধারণ কর।

৭। হে বিশ্বদেবগণ (৩)! তোমরা রক্ষক, মনুষ্যগণের পালক, তোমরা হব্যদাতা যজমানের অভিযুত সোম গ্রহণ করিতে আইস; তোমরাই যজ্ঞের ফলদাতা।

---

(১) প্রকৃতির কোন্ দৃশ্যকে অশ্বিদ্বয় নাম দিয়া প্রাচীন হিন্দুগণ উপাসনা করিতেন? [illegible] সে বিষয়ে এই লিখিয়াছেন "তৎ কৌ অশ্বিনৌ। দ্যাবা পৃথিব্যৌ ইতি একে। [illegible]তি [illegible] সূর্যাচন্দ্রমসৌ ইতি একে। রাজানৌ পুণ্যকৃতৌ ইতি ঐতিহাসিকাঃ [illegible]দের মত যত দূর বুঝা যায়, বোধ হয় অর্দ্ধরাত্রির পর ও প্রাতঃকালের পূর্ব্বে যে আলোক ও অন্ধকারে [illegible]ড়িত থাকে তাহাই অশ্বিদ্বয়।

উষার পূর্ব্বে মিশ্রিত আলোক ও অন্ধকার যদি যমজদেব বলিয়া উপাসিত হইলেন তবে তাঁহাদিগকে অশ্বী নাম দেওয়া হইল কেন? এটী একটী বৈদিক উপমা মাত্র। সূর্য্যের আলোক আকাশে ধাবমান হয়, উষার আলোক আকাশে ধাবমান হয়, সেই জন্যে সেই আলোক বা রশ্মি সমূহকে ঋগ্বেদে সর্ব্বদাই অশ্ব বলিয়া বর্ণনা করা হইয়াছে, এবং সূর্য্য ও উষাকে অশ্বযুক্ত বলিয়া সম্বোধন করা হইয়াছে। অশ্বিন্ শব্দেরও সেই অর্থ, অশ্বযুক্ত অর্থাৎ আলোকযুক্ত।

(২) "দস্রা। শত্রূণামুপক্ষয়িতারৌ যদ্বা দেববৈদ্যত্বেন রোগাণামুপক্ষয়িতারৌ। অশ্বিনৌ বৈ দেবানাং ভিষজৌ ইতি শ্রুতেঃ।" সায়ণ। নাসত্যা। অসত্যমনৃতভাষণং। তদ্রহিতৌ।" সায়ণ। দস্র ও নাসত্য এই দুইটী শব্দ সর্ব্বদাই অশ্বিদ্বয় সম্বন্ধে প্রয়োগ হয়।

(৩) "বিশ্বে দেবাঃ এতন্নামকা দেববিশেষাঃ।" সায়ণ।

৮। যেরূপ সূর্য্যরশ্মি দিবসে আইসে, বৃষ্টিদাতা বিশ্বদেবগণ ত্বরান্বিত হইয়া সেইরূপ অভিযুত সোমরসে আগমন করুন।

৯। বিশ্বদেবগণ ক্ষয়রহিত ও সদা বর্ত্তমান, তাঁহারা অকল্যাণরহিত ও ধনবাহক; যেন তাঁহারা এই যজ্ঞ সেবন করেন।

১০। পবিত্রা, অন্নযুক্তযজ্ঞবিশিষ্টা, ও যজ্ঞফলরূপধনদাত্রী সরস্বতী (৪) আমাদিগের অন্নবিশিষ্ট যজ্ঞ কামনা করুন।

১১। সুনৃত বাক্যের উৎপাদয়িত্রী, সুমতি লোকদিগের শিক্ষয়িত্রী সরস্বতী আমাদিগের যজ্ঞ গ্রহণ করিয়াছেন।

১২। সরস্বতী প্রবাহিত হইয়া প্রভূত জল সৃজন করিয়াছেন, এবং সকল জ্ঞান উদ্দীপন করিয়াছেন।

---

৪ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিশ্বামিত্রের পুত্র মধুচ্ছন্দা ঋষি।

১। যেরূপ দোহক দোহন হেতু সুদুগ্ধবতী গাভীকে আহ্বান করে, আমরাও সেইরূপ রক্ষার্থ দিনে২ শোভনকর্ম্মা ইন্দ্রকে আহ্বান করি।

২। হে সোমপায়ী ইন্দ্র! আমাদিগের অভিষবের নিকট আইস, সোমপান কর; তুমি ধনবান, তুমি হৃষ্ট হইলে গাভী দান কর।

৩। আমরা যেন তোমার সমীপবর্ত্তী সুমতিদিগের মধ্যে থাকি[illegible] জানিতে পারি; আমাদিগকে অতিক্রম করিয়া অন্যের মধ্যে আপনা[illegible] করিও না; আমাদিগের নিকট আইস।

৪। অজেয় ও মেধাবী ইন্দ্রের সমীপে যাও, এই মেধাবীর কথা জিজ্ঞাসা কর; সেই ইন্দ্র তোমার বন্ধুদিগকে শ্রেষ্ঠ ধন দান করেন।

---

(৪) সরঃ অর্থ জল, সরস্বতীর প্রথম অর্থ নদী তাহার সন্দেহ নাই; আর্য্যাবর্ত্তে সরস্বতী নামে যে নদী আছে তাহাই প্রথমে সরস্বতী দেবী বলিয়া পূজিত হইয়া ছিলেন। এক্ষণে গঙ্গা যেরূপ হিন্দুদিগের উপাস্যা দেবী, প্রথম হিন্দুদিগের পক্ষে সরস্বতী নদী সেইরূপ ছিলেন। অচিরে সরস্বতী বাগ্দেবীও হইলেন যাস্ক বলিয়াছেন "তত্র সরস্বতী ইতি এতস্য নদীবদ্দেবতাবচ্চ নিগমা ভবন্তি।" মূল ঋগ্বেদেও সরস্বতীর উভয় প্রকার গুণ লক্ষিত হয়। পুরাকালে সরস্বতী নদীতীরে যজ্ঞ সম্পাদন হইত এবং মন্ত্র উচ্চারিত হইত, ক্রমে সেই সরস্বতী নদী সেই পবিত্র মন্ত্রের দেবী ও বাগ্দেবী বলিয়া পরিণত হইলেন।

৫। আমাদিগের ঋত্বিকেরা ইন্দ্রের পরিচর্য্যা করিয়া তাঁহাকে স্তুতি করুন, হে নিন্দুকগণ! এই দেশ হইতে এবং অন্য দেশ হইতেও দূর হইয়া যাও।

৬। হে শত্রুক্ষয়কারক! শত্রুও যেন আমাদিগকে সৌভাগ্যশালী কহে; আমাদিগের মিত্রপক্ষীয় মনুষ্যেরা (১) ত বলিবেই; যেন আমরা ইন্দ্রের প্রসাদ-লব্ধ সুখে বাস করি।

৭। এই সোমরস ব্যাপনশীল ও যজ্ঞের সম্পদ্রূপ, ইহা মনুষ্যকে হৃষ্ট করে, কার্য্যসাধন করে, এবং হর্ষদাতা ইন্দ্রের সখা; যজ্ঞব্যাপী ইন্দ্রকে ইহা দান কর।

৮। হে শতক্রতু! এই সোমপান করিয়া তুমি বৃত্র প্রভৃতি শত্রুদিগকে হনন করিয়াছিলে, যুদ্ধে (তোমার ভক্ত) যোদ্ধাদিগকে রক্ষা করিয়াছিলে।

৯। হে শতক্রতু! তুমি যুদ্ধে সেই যোদ্ধা! হে ইন্দ্র! ধনলাভার্থ তোমাকে অন্নবান্ করি।

১০। যিনি ধনের রক্ষক, এবং মহান্, যিনি কর্ম্মের পূরয়িতা এবং অভিষবকারীর সখা সেই ইন্দ্রের উদ্দেশে গাও।

---

৫ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিশ্বামিত্রের পুত্র মধুচ্ছন্দা ঋষি।

১। হে স্তুতিবাদক সখাগণ! শীঘ্র আইস, উপবেশন কর, ইন্দ্রকে লক্ষ্য করিয়া গাও।

[illegible] সোমরস অভিষুত হইলে সকলে একত্র হইয়া বহু শত্রুর দমন-[illegible]শীয় ধনের স্বামী ইন্দ্রকে লক্ষ্য করিয়া গাও।

৩। তিনি আমাদিগের উদ্দেশ্য সাধন করুন, তিনি ধন প্রদান করুন, তিনি স্ত্রী প্রদান করুন, তিনি অন্ন লইয়া আমাদিগের সমীপে আগমন করুন।

৪। যুদ্ধে শত্রুরা যাঁহার রথযুক্ত অশ্বদ্বয়ের সম্মুখীন হইতে পারে না, সেই ইন্দ্রকে লক্ষ্য করিয়া গাও।

৫। এই অভিষুত পবিত্র, দধিমিশ্রিত সোমরসসমূহ অভিষুত সোমপায়ীর পানার্থ তাঁহার নিকট যাইতেছে।

৬। হে সুক্রতু ইন্দ্র! তুমি অভিষুত সোম পানের জন্য ও দেবগণের মধ্যে জ্যেষ্ঠত্ব প্রাপ্তির জন্য একেবারেই বৃদ্ধি প্রাপ্ত হইয়াছ।

---

(১) মূলে "কৃষ্টয়ঃ" শব্দ আছে, অর্থ "মনুষ্যা অস্মিন্মিত্রভূতাঃ।" সায়ণ। কৃষ্ ধাতু অর্থ কর্ষণ বা চাষ করা; আর্য্যেরা কৃষিজীবী ছিলেন সেই জন্য বোধ হয় "কৃষ্টয়ঃ" অর্থ মনুষ্য।

৭। হে স্তুতিভাজন ইন্দ্র! ব্যাপনশীল অর্থাৎ শীঘ্রমাদক সোমরস সমূহ তোমাতে প্রবেশ করুক, প্রকৃষ্ট জ্ঞানলাভে তোমার মঙ্গলকারী হউক।

৮। হে শতক্রতু! স্তোম সমূহ তোমাকে বর্দ্ধন করিয়াছে, উক্‌থ সমূহ তোমাকে বর্দ্ধন করিয়াছে, আমাদিগের স্তুতি তোমাকে বর্দ্ধন করুক।

৯। ইন্দ্র রক্ষণে বিরত না হইয়া এই সহস্রসংখ্যক অন্ন গ্রহণ করুন, যে অন্নে সমস্ত পৌরুষ অবস্থিতি করে।

১০। হে স্তুতিভাজন ইন্দ্র! বিরোধী মনুষ্যেরা আমাদিগের শরীরে যেন অনিষ্ট না করে, তুমি ক্ষমতাশালী, আমাদিগের বধ নিবারণ কর।

৬ সূক্ত।

ইন্দ্র ও মরুৎগণ দেবতা। বিশ্বামিত্রের পুত্র মধুচ্ছন্দা ঋষি।

১। চতুর্দ্দিকস্থ লোকেরা সূর্য্যরূপ ইন্দ্রের প্রতাপান্বিত, অরুষ ও বিচরণকারী অশ্ব যোজনা করিতেছে। আলোকগণ আকাশে দীপ্যমান রহিয়াছে (১)।

২। তাহারা ইন্দ্রের কমনীয়, রক্তবর্ণ, তেজঃপূর্ণ ও পুরুষবাহক হরি নামক অশ্বদ্বয় রথের উভয় পার্শ্বে সংযোজিত করে।

৩। হে মনুষ্যগণ! সূর্য্যরূপ ইন্দ্র নিদ্রায় সংজ্ঞারহিতকে সংজ্ঞাদান করিয়া, অন্ধকারে রূপরহিতকে রূপ দান করিয়া, জ্বলন্ত রশ্মির সহিত উদিত হইতেছেন।

(১) এই ঋকের অর্থ অতিশয় অপরিষ্কার। যথা মূলে "অরুষ" শব্দ আছে, সায়ণ তাহার অর্থ করিয়াছেন "হিংসক রহিত।"

পণ্ডিত মক্ষমূলর বলেন "অরুষের" আদি অর্থ লোহিতবর্ণ, এবং অরুষ বিশেষ্য হইয়া ব্যবহৃত হইলে সূর্য্যের একটী অশ্বের নাম। তিনি আরও বলেন এই সূর্য্যের লোহিত বর্ণ অশ্ব "অরুষ" গ্রীসদেশে রূপান্তর প্রাপ্ত হইয়া "Eros" নাম ধারণ করিয়া প্রেমের দেবতা বলিয়া পূজিত হইতেন!—*Chips from a German Workshop.* সূর্য্যের অশ্বগণের সাধারণ নাম হরিৎ, সেইজন্য সূর্য্যকে হরিদশ্ব কহে। মক্ষমূলর বিবেচনা করেন এই "হরিৎ" গণ গ্রীসদেশে রূপান্তর প্রাপ্ত হইয়া Charites নাম ধারণ করিয়া পরম রূপবতী ও কমনীয় দেবীরূপে পূজিত হইতেন।—*Science of Language.*

৪। তাহার পর মরুৎগণ (২) যজ্ঞার্হ নাম ধারণ করিয়া স্বীয় প্রকৃতি অনুসারে মেঘের মধ্যে জলের গর্ভাকার রচনা করিলেন।

৫। হে ইন্দ্র! দৃঢ় স্থানের ভেদকারী এবং বহনশীল মরুৎদিগের সহিত তুমি গুহায় লুক্কায়িত গাভী সমুদয় অন্বেষণ করিয়া উদ্ধার করিয়াছিলে (৩)।

৬। স্তোতাগণ দেবতা কামনা করিয়া ধনযুক্ত ও মহৎ ও বিখ্যাত মরুৎগণকে লক্ষ্য করিয়া সুমন্ত্রী ইন্দ্রের ন্যায় স্তুতি করে।

৭। হে মরুৎগণ! যেন তোমাদিগকে ভীতিরহিত ইন্দ্রের সহিত মিলিত দেখা যায়; তোমরা নিত্য প্রমুদিত ও তুল্যদীপ্তি বিশিষ্ট।

৮। দোষ রহিত, স্বর্গাভিগত ও কাময়িতব্য মরুৎগণের সহিত ইন্দ্রকে বল সম্পন্ন বলিয়া এই যজ্ঞ অর্চনা করিতেছে।

৯। হে চতুর্দ্দিকব্যাপী মরুৎগণ! ঐ অন্তরিক্ষ হইতে অথবা আকাশ হইতে, অথবা দীপ্যমান আদিত্যমণ্ডল হইতে আইস; এই যজ্ঞে ঋত্বিক সম্যক-রূপে স্তুতি সাধন করিতেছে।

---

(২) মরুৎগণ কে? মরুৎ শব্দ "মৃ" ধাতু হইতে উৎপন্ন, সে ধাতুর অর্থ আঘাত করা বা হনন করা। মরুৎগণ আঘাতকারী বা ধ্বংসকারী ঝড়বায়ু। ঐ ধাতু হইতে লাটিনদিগের যুদ্ধদেব Mars ঐ নাম পাইয়াছেন।

(৩) পণিঃ নামক অসুরেরা দেবলোক হইতে গাভী অপহরণ করিয়া অন্ধকারে রাখিয়াছিল, ইন্দ্র মরুৎদিগের সহিত তাহা উদ্ধার করিয়াছিলেন। গাভীর অন্বেষণার্থ সরমা নাম্নী এক দেব কুক্কুরীকে নিযুক্ত করিয়াছিলেন, এবং সরমা অসুরদিগের সহিত বন্ধুত্ব করিয়া গাভীর অনুসন্ধান পাইয়াছিল। সায়ণ। ইউরোপীয় পণ্ডিত মক্ষমূলর বিবেচনা করেন এই বৈদিক উপাখ্যানটী প্রাতঃকালের প্রকৃতি সম্বন্ধীয় একটী উপমা মাত্র। তিনি বলেন, সরমা উষার একটী নাম। দেবগণের গাভীগণ, অর্থাৎ সূর্য্যরশ্মি সমুদয় অন্ধকার দ্বারা অপহৃত হইয়াছে। দেবগণ ও মনুষ্যগণ তাহাদিগের উদ্ধারের জন্য ব্যস্ত হইয়াছেন। অবশেষে উষা দেখা দিলেন, তিনি বিদ্যুৎগতিতে, গন্ধ পাইয়া কুক্কুরী যেরূপ যায় সেইরূপ, ইতস্ততঃ ধাবমান হইতে লাগিলেন। তিনি সন্ধান লইয়া ফিরিয়া আসিলে আলোকদেব ইন্দ্র প্রকাশ হইয়া অন্ধকারের সহিত যুদ্ধ করিলেন, এবং তাহাদিগের দুর্গ হইতে সেই দেবগাভী উদ্ধার করিলেন। মক্ষমূলর আরও বিবেচনা করেন ট্রয়ের যুদ্ধের যে গল্প লইয়া চিরস্মরণীয় কবি হোমর গ্রীক ভাষায় মহাকাব্য লিখিয়াছেন, সে গল্প এই পণিঃ ও সরমার গল্পের রূপান্তর মাত্র। "The siege of Troy is but a repetition of the daily siege of the East, by the solar powers that every evening are robbed of their brightest treasures in the West."—*Science of Language.*

১০। এই পৃথিবী হইতে অথবা আকাশ হইতে অথবা মহৎ অন্তরীক্ষ হইতে ধন দানের জন্য ইন্দ্রের নিকট যাজ্ঞা করি।

---

৭ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিশ্বামিত্রের পুত্র মধুচ্ছন্দা ঋষি।

১। গাথাকারেরা বৃহৎ গাথা দ্বারা, অর্কীগণ অর্ক দ্বারা, বাণীকারেরা বাণীদ্বারা ইন্দ্রকে স্তুতি করিয়াছেন।

২। ইন্দ্র হরিদ্বয়কে বচনমাত্রে যোজিত করিয়া সকলের সহিত মিশিতেছেন, তিনি বজ্রযুক্ত ও হিরণ্ময়।

৩। ইন্দ্র বহুদূর দর্শনের জন্য আকাশে সূর্য্যকে আরোহণ করাইয়াছিলেন; সূর্য্য কিরণ দ্বারা পর্ব্বত আলোকিত করিয়াছেন।

৪। হে উগ্রইন্দ্র! তোমার অমোঘ রক্ষণাবেক্ষণ দ্বারা আহবে এবং (গজাশ্বাদি) লাভযুক্ত সহস্র মহাযুদ্ধে আমাদিগকে রক্ষা কর।

৫। ইন্দ্র আমাদিগের সহায় এবং শত্রুদিগের পক্ষে বজ্রধারী, আমরা মহাধনের জন্য এবং স্বল্প ধনের জন্যও ইন্দ্রকে আহ্বান করি।

৬। হে সর্ব্বফলদাতা, হে বৃষ্টিপ্রদ ইন্দ্র! তুমি আমাদিগের জন্য ঐ মেঘ উদ্ঘাটন করিয়া দাও; তুমি আমাদিগের যাজ্ঞা কখনও অগ্রাহ্য কর নাই।

৭। ভিন্ন ভিন্ন ফলদাতা ভিন্ন ভিন্ন দেবতা সম্বন্ধে যে স্তুতিবাক্য প্রয়োগ উৎকৃষ্ট হয়, সে সমস্ত স্তোমই বজ্রধারী ইন্দ্রের; তাঁহার যোগ্যস্তুতি আমি জানি না।

৮। যেরূপ বননীয়গতি বৃষভযূথকে বলপূর্ণ করে, অভীষ্টবর্ষী ইন্দ্র সেইরূপ মনুষ্যদিগকে বলপূর্ণ করেন; ইন্দ্র ক্ষমতাশালী ও যাজ্ঞা অগ্রাহ্য করেন না।

৯। যে ইন্দ্র একাকী মনুষ্যদিগের, ধন সমূহের এবং পঞ্চক্ষিতির (১) উপর শাসন করেন।

১০। সর্ব্বজনের উপরিস্থিত ইন্দ্রকে তোমাদিগের জন্য আহ্বান করি, তিনি কেবল আমাদিগেরই হউন।

---

(১) "পঞ্চক্ষিতি" সম্বন্ধে ৮৯ সূক্তের ১০ ঋকের টীকা দেখ।

৮ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিশ্বামিত্রের পুত্র মধুচ্ছন্দা ঋষি।

১। হে ইন্দ্র! আমাদিগের রক্ষণার্থে সম্ভোগযোগ্য, জয়শীল, সদা শত্রুবিজয়ী, ও প্রভূত ধন দাও।

২। যে ধনদ্বারা (নিযুক্ত সৈন্যদিগের) নিরন্তর মুষ্টিপ্রহার দ্বারা আমরা শত্রুকে নিবারণ করিব, অথবা তোমার দ্বারা রক্ষিত হইয়া অশ্ব দ্বারা শত্রুকে নিবারণ করিব।

৩। হে ইন্দ্র! তোমার দ্বারা রক্ষিত হইয়া আমরা কঠিন অস্ত্র ধারণ করি, যুদ্ধে স্পর্দ্ধাযুক্ত শত্রুকে জয় করিব।

৪। হে ইন্দ্র! তোমার সহায়তায় আমরা বীর অস্ত্রধারীদিগের সহিত সৈন্যসজ্জাযুক্ত শত্রুকেও পরাভব করিতে পারি।

৫। ইন্দ্র মহৎ এবং সর্ব্বোৎকৃষ্ট, বজ্রধারী ইন্দ্রে মহত্ব অবস্থিতি করুক; তাঁহার সৈন্য আকাশের ন্যায় প্রভূত।

৬। যে পুরুষেরা সংগ্রামে লিপ্ত হয়েন, অথবা পুত্র লাভ ইচ্ছা করেন, অথবা যে বিজ্ঞ লোকেরা জ্ঞানাকাঙ্ক্ষায় নিযুক্ত থাকেন (তাঁহারা সকলেই ইন্দ্রের স্তুতি দ্বারা সিদ্ধি লাভ করেন।)

৭। ইন্দ্রের যে উদরদেশ অতিশয় সোমরসপানে তৎপর, সে উদর সমুদ্রের ন্যায় স্ফীত হয়, মুখের প্রচুর জলের ন্যায় (কখনও শুষ্ক হয় না।)

৮। ইন্দ্রের সুনৃত বাক্য প্রকৃতই সুনৃত এবং বিবিধ (মিষ্ট) বচনযুক্ত, সে বাক্য মহৎ এবং গাভীদান করে; এবং হব্যদাতার পক্ষে সে বাক্য পরিপক্ক ফলপূর্ণ শাখার ন্যায়।

৯। হে ইন্দ্র! তোমার ঐশ্বর্য্য প্রকৃতই এইরূপ, এবং মাদৃশ হব্যদাতার রক্ষণের হেতু, এবং তৎক্ষণফলদায়ী।

১০। তাঁহার স্তোম ও উক্থ প্রকৃতই এইরূপ, অর্থাৎ কাম্য, এবং ইন্দ্রের সোমপানের জন্য কথনীয়।

---

৯ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিশ্বামিত্রের পুত্র মধুচ্ছন্দা ঋষি।

১। হে ইন্দ্র! আইস, সোমরসরূপ খাদ্য সমূহে হৃষ্ট হও; মহাবল হইয়া শত্রুদিগের পরাজয়ী হও।

২। হর্ষজনক ও কার্য্যকরণে উত্তেজক সোমরস প্রস্তুত হইলে হর্ষযুক্ত ও সর্ব্বকর্ম্মকারক ইন্দ্রকে উৎসর্গ কর।

৩। হে সুশিপ্র ইন্দ্র! সর্ব্বমনুষ্যের অধীশ্বর! হর্ষজনক স্তুতি সমূহদ্বারা হর্ষযুক্ত হও; দেবগণের সহিত এই সবন সমূহে আইস।

৪। হে ইন্দ্র! আমি তোমার স্তুতি রচনা করিয়াছি; তুমি অভীষ্টবর্ষী ও পালনকারী, সেই স্তুতি তোমাকে প্রাপ্ত হইয়াছে, সেই স্তুতি তুমি গ্রহণ করিয়াছ।

৫। হে ইন্দ্র! শ্রেষ্ঠ ও বহুবিধ ধন আমাদিগের অভিমুখে প্রেরণ কর; পর্য্যাপ্ত ও প্রভূত ধন তোমারই আছে।

৬। হে প্রভূতধনশালী ইন্দ্র! ধন সিদ্ধির জন্য আমাদিগকে এই কর্ম্মে নিযুক্ত কর; আমরা উদ্যোগবান্ ও কীর্ত্তিমান্।

৭। হে ইন্দ্র! গাভীযুক্ত, অন্নযুক্ত, প্রভূত ও বৃহৎ, সমস্ত আয়ুর কারণ ও বিনাশ রহিত ধন আমাদিগকে প্রদান কর।

৮। হে ইন্দ্র! আমাদিগকে মহৎ কীর্ত্তি এবং সহস্রদানযুক্ত ধন এবং বহু রথপূর্ণ সেই অন্ন দান কর।

৯। ধনরক্ষার্থ আমরা স্তুতি দ্বারা স্তব করিতে করিতে ইন্দ্রকে আহ্বান করি, তিনি ধনপালক, ঋক্প্রিয়, এবং যজ্ঞে গমন করেন।

১০। প্রত্যেক সবনে যজমানগণ নিত্যনিবাস ও প্রৌঢ় ইন্দ্রের বৃহৎ পরাক্রমের প্রশংসা করে।

---

১০ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিশ্বামিত্রের পুত্র মধুচ্ছন্দা ঋষি।

১। হে শতক্রতু! গায়কেরা তোমার উদ্দেশে গান করে, অর্চ্চকেরা অর্চ্চনীয় ইন্দ্রকে অর্চ্চনা করে; নর্ত্তকেরা যেরূপ বংশখণ্ডকে উন্নত করে, স্তুতিকারেরা (১) তোমাকে সেইরূপ উন্নত করে।

২। যজমান সোমলতা আহরণার্থ যখন সানু হইতে অপর সানুতে আরোহণ করে, এবং প্রভূত কর্ম্ম উপক্রম করে, তখন ইন্দ্র যজমানের প্রয়োজন জানিতে পারেন, এবং অভীষ্টবর্ষণে উৎসুক হইয়া মরুৎদলের সহিত যজ্ঞস্থানে আগমনার্থ উদ্যত হয়েন।

---

(১) মূলে "ব্রহ্মাণঃ" আছে। ঋগ্বেদে "ব্রহ্ম" অর্থে স্তুতি, এবং "ব্রহ্মা" অর্থে স্তুতিকারী পুরোহিত। ১১ সূক্তের ৪ ঋক্ ও ১০ সূক্তের ১ ঋক্ দেখ

৩। তোমার কেশরযুক্ত, পরাক্রান্ত এবং পুষ্টাঙ্গ অশ্বদ্বয় সংযোজিত কর; তাহার পর হে সোমপায়ী ইন্দ্র! আমাদিগের স্তুতি শ্রবণার্থ নিকটে আইস।

৪। হে নিবাসকারণভূত ইন্দ্র! আইস, আমাদের স্তুতির প্রশংসা কর, অনুমোদন কর ও শব্দদ্বারা আনন্দ প্রকাশ কর; আমাদিগের অন্ন ও যজ্ঞ এককালে বর্দ্ধন কর।

৫। বহু শত্রুনিষেধকারী ইন্দ্রের উদ্দেশে বর্দ্ধনকারী উক্‌থ গীত হইবে; যেন সেই ক্ষমতাশালী ইন্দ্র আমাদিগের পুত্র ও বন্ধুদিগের মধ্যে মহানাদ করেন।

৬। আমরা মিত্রতার জন্য, ধনের জন্য, সুবীর্য্যের জন্য তাঁহার নিকট যাই; সেই ক্ষমতাশালী ইন্দ্র আমাদিগকে ধন দান করিয়া আমাদিগের রক্ষণসমর্থ হইয়াছেন।

৭। হে ইন্দ্র! তোমার প্রদত্ত অন্ন সর্ব্বত্র প্রসারিত এবং সুখপ্রাপ্য, হে বজ্রধারী ইন্দ্র! গাভীর নিবাসস্থান খুলিয়া দাও, ধন সম্পাদন কর।

৮। হে ইন্দ্র! শত্রুবধ কালে এই উভয় জগৎ তোমাকে ধারণ করিতে পারে না; তুমি স্বর্গীয় জল জয় কর, আমাদিগকে সম্যক্‌রূপে গাভী প্রেরণ কর।

৯। হে ইন্দ্র! তোমার কর্ণ চারিদিক হইতে শুনিতে পায়, আমাদিগের আহ্বান শীঘ্র শ্রবণ কর; আমার স্তুতি ধারণ কর, আমার এই স্তোত্র ও আমার সখার স্তোত্র আপনার নিকটে ধারণ কর।

১০। আমরা তোমাকে জানি; তুমি প্রভূতরূপে অভীষ্ট বর্ষণ কর, তুমি সংগ্রামে আমাদিগের আহ্বান শ্রবণ কর; আমরা সম্যগভীষ্টবর্ষীর সহস্রধনপ্রদ আশ্রয় প্রার্থনা করি।

১১। হে ইন্দ্র! শীঘ্র আমাদিগের নিকটে আইস; হে কুশিকপুত্র (২) হৃষ্ট হইয়া অভিষুত সোম পান কর; নব্য আয়ুঃ সম্যক্‌রূপে বর্দ্ধন কর, এই ঋষিকে সহস্রধনোপেত কর।

১২। হে স্তুতিভাজন ইন্দ্র! চারিদিক হইতে এই স্তুতি তোমার নিকট উপনীত হউক; তুমি দীর্ঘায়ুঃ, তোমাকে অনুসরণ করিয়া সেই স্তুতি বৃদ্ধি প্রাপ্ত হউক; তোমার প্রীতি সাধন করিয়া সেই স্তুতি আমাদিগের প্রীতিকর হউক।

(২) "যদ্যপি বিশ্বামিত্রঃ কুশিকস্য পুত্রস্তথাপি তদ্রূপেণ ইন্দ্রস্যোৎপন্নত্বাৎ কুশিকপুত্রত্বমবিরুদ্ধম্।" "কুশিকস্ত্বৈষীরথিরিন্দ্রতুল্যং পুত্রমিচ্ছন্ ব্রহ্মচর্য্যং চচার। তস্যেন্দ্র এব গাথীপুত্রো যজ্ঞে।" সায়ণ।

১১ সূক্ত।

ইন্দ্র দেবতা। মধুচ্ছন্দার পুত্র জেতৃ ঋষি।

১। সমুদ্রবৎ ব্যাপ্তিবিশিষ্ট, রথীদিগের মধ্যে রথিশ্রেষ্ঠ, অন্নপতি ও সজ্জনপালক ইন্দ্রকে আমাদিগের সমস্ত স্তুতি বর্দ্ধন করিয়াছে।

২। হে বলপতি ইন্দ্র! তোমার মিত্রতায় অন্নবান্ হইয়া আমরা যেন না ভয় করি; তুমি জয়শীল ও অপরাজিত, তোমাকে আমরা স্তুতি করি।

৩। ইন্দ্রের ধনদান পূর্ব্বকাল সিদ্ধ; যদি তিনি স্তোতাদিগকে গাভীযুক্ত ও অন্নযুক্ত ধন দান করেন, তাহা হইলে তাঁহার রক্ষণাবেক্ষণ ক্ষান্ত হইবে না।

৪। যুবা, মেধাবী, প্রভূতবলসম্পন্ন, সকল কর্ম্মের ধর্ত্তা, বজ্রযুক্ত ও বহু স্তুতিভাজন ইন্দ্র (অসুরদিগের) নগর বিদারকরূপে জন্মগ্রহণ করিয়াছিলেন।

৫। হে বজ্রযুক্ত ইন্দ্র! তুমি গাভী হরণকারী বলনামক শত্রুর গহ্বর উদ্ঘাটিত করিয়াছিলে (১); তখন বলাসুরনিপীড়িত দেবতাগণ ভয়শূন্য হইয়া তোমাকে প্রাপ্ত হইয়াছিলেন।

৬। হে বীর ইন্দ্র! আমি স্যন্দমান্ সোমরসের গুণ সর্ব্বত্র ব্যক্ত করিয়া তোমার ধন দানে আকৃষ্ট হইয়া প্রত্যাগত হইয়াছি। হে স্তুতিভাজন ইন্দ্র! পূর্ব্ব যজ্ঞকর্ত্তাগণ তোমার নিকট উপনীত হইত, এবং তোমার বদান্যতা জানিয়াছিল।

৭। হে ইন্দ্র! তুমি মায়াবী শুষ্ণ (২) (নামক অসুরকে) মায়াদ্বারা বধ

(১) বলনামক কোন এক অসুর দেবতাগণের গাভী অপহরণ করিয়া কোন এক গহ্বরে গোপন করিয়া রাখিয়াছিল। তখন ইন্দ্র স্বসৈন্যে সেই গহ্বর বেষ্টন করিয়া সেই গহ্বর হইতে গাভী বাহির করিয়াছিলেন। সায়ণ। চতুর্থ মণ্ডলের ৫০ সূক্ত এবং অন্যান্য সূক্ত পাঠ করিলে বুঝা যায় যে বল অসুরের উপাখ্যান একটী উপমা মাত্র, মেঘই বলের গাভী, ইন্দ্র তাহাদিগকে উদ্ধার করিয়া দোহন করেন, অর্থাৎ বৃষ্টি দান করেন। এই নৈসর্গিক ব্যাপার সম্বন্ধে আর একটী উপমা হইতে বৃত্রের উপাখ্যান উৎপন্ন হইয়াছে; ৩২ সূক্ত দেখ। ডাক্তার কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় আসিরীয় ইতিহাসের বাবিলনাধিপতি "বল" দিগের সহিত বৈদিক "বলের" ঐক্য সাধন করেন। এবং তিনি আসিরীয় "অসরের" সহিত "অসুরের" ঐক্য সাধনে উৎসুক। তাঁহার প্রণীত ঋগ্বেদের প্রথম দুই অধ্যায়ের ভূমিকা দেখ। এবং তাঁহার প্রণীত Aryan Witness দেখ।

(২) "শুষ্ণং ভূতানাং শোষণহেতুং এতন্নামকং অসুরং।" সায়ণ। অর্থাৎ অনাবৃষ্টিরূপ অকল্যাণ। শুষ্ণের উপাখ্যান বৃষ্টিপাতের আর একটী উপমা। ইন্দ্র

করিয়াছিলে; মেধাবিগণ তোমার (মহিমা) জানে, তাহাদিগের অন্ন বর্দ্ধন কর।

৮। বলপ্রভাবে জগতের নিয়ন্তা ইন্দ্রকে স্তোতাগণ স্তুতি করিয়াছিল; তাঁহার ধনদান সহস্রসঙ্খ্যাক অথবা তাহা অপেক্ষাও অধিক।

১২ সূক্ত।

অগ্নি দেবতা। কণ্বের পুত্র মেধাতিথি ঋষি।

১। অগ্নি দেবদূত ও দেবগণের আহ্বানকারী, তিনি সর্ব্বধনযুক্ত এবং এই যজ্ঞের সুনিষ্পাদক, আমরা অগ্নিকে বরণ করি।

২। প্রজাপালক, হব্যবাহী, এবং বহু লোকের প্রিয় অগ্নিকে যজ্ঞের অনুষ্ঠাতাগণ নিরন্তর আহ্বান মন্ত্রদ্বারা আহ্বান করিয়া থাকে।

৩। হে কাষ্ঠোৎপন্ন অগ্নি! এই ছিন্নকুশযুক্ত যজ্ঞস্থলে দেবতাদিগকে আনয়ন কর; তুমি আমাদিগের স্তুতিভাজন ও দেবতাদিগের আহ্বানকারী।

৪। হে অগ্নি! যেহেতু তুমি দেবতাদিগের দূতকর্ম্ম প্রাপ্ত হইয়াছ অতএব হব্যাকাঙ্ক্ষী দেবগণকে জাগরিত কর; দেবগণের সহিত এই কুশযুক্ত যজ্ঞস্থলে উপবেশন কর।

৫। হে অগ্নি! তুমি ঘৃতের দ্বারা আহূত ও দীপ্যমান; আমাদিগের বিদ্বেষিগণ রাক্ষসের সহিত যুক্ত হইয়াছে, তুমি তাহাদিগকে দহন কর।

৬। অগ্নি অগ্নিদ্বারা প্রজ্বলিত হয়েন, তিনি মেধাবী, গৃহপালক, যুবা (১), হব্যবাহী ও জুহূ মুখ (২)।

শুষ্ণকে হনন করিলেন, অর্থাৎ অনাবৃষ্টি প্রতিরোধ করিয়া বৃষ্টি দান করিলেন। বৃত্র, অহি, শুষ্ণ, নমুচি, পিপ্রু, শম্বর, উরণ, কুযব, বর্চী, অর্ব্বুদ, প্রভৃতি দনুপুত্রদিগের সহিত ইন্দ্রের যুদ্ধের এই আদিম অর্থ। ৩২ সূক্ত দেখ।

(১) অগ্নিকে অনেক স্থানে "যুবা" বলিয়া বর্ণনা করা হইয়াছে, তিনি সকল দেবগণের মধ্যে "যবিষ্ঠ।" এই মণ্ডলের ২২.১০, ২৬.২, ১৪১।৪ প্রভৃতি ঋক্ দেখ। গ্রীকদিগের বিশ্বকর্ম্মার নাম Hephaistos, এবং পণ্ডিতগণ বিবেচনা করেন, এই "Hephaistos" নাম "যবিষ্ঠ" নামের রূপান্তর মাত্র। দুইটী কাষ্ঠ ঘর্ষণ বা মন্থন করিলে অগ্নি উৎপন্ন হয় সেই জন্য অগ্নিকে "প্রমন্থ" নাম দেওয়া যায়। গ্রীকদিগের ধর্ম্মে যে দেব মনুষ্যের হিতার্থ স্বর্গ হইতে অগ্নি চুরি করিয়া আনিয়াছিলেন, পণ্ডিতদিগের মতে সেই Prometheus দেবের নাম "প্রমন্থের" রূপান্তর মাত্র। অগ্নির আর একটী নাম "ভরণ্য," পণ্ডিতেরা বলেন তাহারই রূপান্তর গ্রীকদিগের অগ্নিদাতা ও সদাচার

৭। মেধাবী, সত্যধর্ম্মা, শত্রুনাশক, দেব অগ্নির নিকটে আসিয়া যজ্ঞ কর্ম্মে তাঁহার স্তুতি কর।

৮। হে দেব অগ্নি! তুমি দেবদূত, যে হবিষ্পতি তোমার পরিচর্য্যা করে তুমি তাহার সম্যক রক্ষক হও।

৯। যে হবিষ্পতি দেবগণের হব্যভক্ষণার্থ অগ্নির নিকটে আসিয়া সম্যক পরিচর্য্যা করে, হে পাবক! তাহাকে সুখী কর।

১০। হে দীপ্যমান্ পাবক অগ্নি! তুমি আমাদিগের জন্য দেবতাগণকে এখানে লইয়া আইস, এবং আমাদিগের যজ্ঞ ও হব্য দেবসমীপে লইয়া যাও।

১১। হে অগ্নি! নূতন গায়ত্রীচ্ছন্দের মন্ত্র দ্বারা স্তুত হইয়া আমাদিগের জন্য ধন ও বীরযুক্ত অন্ন প্রদান কর।

১২। হে অগ্নি! তুমি শুভ্র দীপ্তিযুক্ত ও দেবগণের আহ্বানসমর্থ স্তোত্র-সমন্বিত; তুমি আমাদিগের এই স্তোত্র গ্রহণ কর।

---

১৩ সূক্ত।

অগ্নি দেবতা। কণ্বের পুত্র মেধাতিথি ঋষি।

১। হে সুসমিদ্ধ (১) নামক অগ্নি! আমাদিগের যজমানের নিকট দেবগণকে আনয়ন কর; হে পাবক! হে দেবগণের আহ্বানকারী! তুমি যজ্ঞ সম্পাদন কর।

নিয়ন্তা "Phoroneus." এবং পণ্ডিতগণ আরও বিবেচনা করেন রোমকদিগের, "Vulcan" "উল্কার" রূপান্তর মাত্র। "In this name Yavishtha, which is never given to any other Vedic god, we may recognize the Hellenic Hephaistos. *Note.*—Thus with the exception of Agni all the names of the fire and the fire god were carried away by the western Aryans; and we have Prometheus answering to Pramantha, Phoroneus to Bharanyu, and the Latin Vulcanus to the Sanscrit Ulka."—Cox's *Mythology of the Aryan Nations*.

(২) জুহূ কাষ্ঠ নির্ম্মিত হাতা যজ্ঞকালে ব্যবহার হইয়া থাকে। সেই হাতাই অগ্নির মুখস্বরূপ, কেন না তদ্দ্বারা অগ্নিকে ঘৃত ভোজন করান যায়।

(১) এই সূক্তটী আপ্রী সূক্ত, অর্থাৎ পশুযজ্ঞে ইহার নিয়োগ হইত। এই সূক্তের ১২টী ঋকে অগ্নিকে ১২টী ভিন্ন নামে স্তুতি করা হইয়াছে, ভিন্ন ভিন্ন ঋষি গোত্রের ভিন্ন

২। হে মেধাবী তনূনপাৎ (২) নামক অগ্নি! আমাদিগের রসবৎ যজ্ঞ অন্ন ভক্ষণার্থ দেবগণের নিকট লইয়া যাও।

৩। এই যজনদেশে, এই যজ্ঞে, প্রিয়, মধুজিহ্ব, হব্যনিষ্পাদক, নরাশংস (৩) নামক অগ্নিকে আহ্বান করি।

৪। হে ঈলিত (৪) অগ্নি! সুখতমরথে দেবগণকে লইয়া আইস; মনুষ্যদ্বারা তুমি দেবগণের আহ্বানকারী রূপে প্রতিষ্ঠিত হইয়াছ।

৫। হে বুদ্ধিমান ঋত্বিকগণ! পরস্পরসংসক্ত এবং ঘৃতাচ্ছাদিত বর্হি (৫) কুশ বিস্তার কর, সেই কুশের উপর ঘৃত দৃষ্ট হয়।

৬। দেবী দ্বার (৬) উদ্ঘাটিত হউক; সে দ্বার যজ্ঞের বর্দ্ধন সাধক, দ্যুতি-মান, এবং এতদিন জনশূন্য ছিল; অদ্য অবশ্যই যজ্ঞ সাধন করিতে হইবে।

৭। শোভনরূপযুক্ত নক্ত ও উষাকে (৭) এই আমাদিগের কুশে বসিবার জন্য এই যজ্ঞে আহ্বান করিতেছি।

৮। ঐ সুজিহ্ব, মেধাবী, হোতা দেবদ্বয়কে (৮) আহ্বান করিতেছি; তাঁহারা আমাদিগের এই যজ্ঞ সম্পাদন করুন।

ভিন্ন আপ্রী সূক্ত ছিল। মেধাতিথি, দীর্ঘতমা প্রভৃতি ঋষিদিগের আপ্রীসূক্তে "নরাশংস" ও "তনূনপাৎ," এ উভয় নামেরই উল্লেখ আছে। গৃৎসমদদিগের আপ্রীসূক্তে নরাশংসের উল্লেখ আছে, তনূনপাতের উল্লেখ নাই। অন্য ঋষি গোত্রের আপ্রীসূক্তে তনুন পাতের উল্লেখ আছে, নরাশংসের উল্লেখ নাই। ঋগ্বেদে সর্ব্বশুদ্ধ ১০টী আপ্রীসূক্ত আছে, যথা,— ১মণ্ডলের ১৩, ১৪২, ও ১৮৮ সূক্ত। ২মণ্ডলের ৩সূক্ত। ৩মণ্ডলের ৪ সূক্ত। ৫ মণ্ডলের ৫ সূক্ত। ৭ মণ্ডলের ২ সূক্ত। ৯ মণ্ডলের ৫ সূক্ত। ১০ মণ্ডলের ৭০ ও ১১০সূক্ত।

(২) তনু+উন=তনূন, অর্থাৎ দুর্ব্বলকলেবর।

তনূন+প=তনূনপ, অর্থাৎ দুর্ব্বলাকারের পালক, অর্থাৎ ঘৃত।

তনূনপ+অৎ="তনূনপাৎ" অর্থাৎ ঘৃতভোক্তা অগ্নি।

(৩) "নরাশংস" অর্থ মানবপ্রশংসিত। এই "নরাশংস নামের রূপান্তর জেন্দ অবেস্থা গ্রন্থে পাওয়া যায়।

(৪) "ঈলিত" অর্থাৎ স্তুত। অগ্নির একটী নাম "ইল," সেই নাম সূচনার্থ ঈলিত বিশেষণ প্রয়োগ হইয়াছে। সায়ণ।

(৫) "বর্হিঃ" অগ্নির একটী নাম, সেই নাম সূচনার্থ এই শব্দ প্রয়োগ হইয়াছে।

(৬) "দেবীদ্বার" শব্দদ্বারা অগ্নির একটী নাম সূচিত হইতেছে। সায়ণ।

(৭) "নক্ত ও উষা" অর্থে রাত্রি ও প্রাতঃকাল, কিন্তু এখানে এই দুই শব্দ তত্তৎকাল-সম্ভূত অগ্নি বুঝাইতেছে। সায়ণ।

(৮) মূলে "হোতারা দৈব্যা" আছে এই দুই শব্দদ্বারা অগ্নি সূচিত হইতেছে। সায়ণ।

৯। সুখপ্রদ ও ক্ষয়রহিত, ইলা, সরস্বতী ও মহী (৯) এই দেবীত্রয় এই কুশে উপবেশন করুন।

১০। শ্রেষ্ঠ ও বহুবিধ রূপসম্পন্ন ত্বষ্টাকে (১০) এই যজ্ঞে আহ্বান করিতেছি; তিনি কেবল আমাদিগের পক্ষেই থাকুন।

১১। হে দেব বনস্পতি (১১)! দেবতাদিগকে হব্য সমর্পণ কর; হব্য দাতার যেন পরম জ্ঞান জন্মে।

১২। ইন্দ্রের জন্য যজমানের গৃহে স্বাহা (১২) দ্বারা যজ্ঞ সম্পন্ন কর; সেই যজ্ঞে দেবগণকে আহ্বান করিতেছি।

১৪ সূক্ত।

অগ্নি দেবতা। কণ্বের পুত্র মেধাতিথি ঋষি।

১। হে অগ্নি! এই বিশ্বদেবগণের সহিত সোমপানার্থ আমাদিগের পরিচর্য্যা ও স্তুতি গ্রহণ করিতে আইস, আমাদিগের যজ্ঞ সম্পাদন কর।

২। হে মেধাবী অগ্নি! কণ্বপুত্রেরা তোমাকে আহ্বান করিতেছে, এবং তোমার কর্ম্ম সমূহ প্রশংসা করিতেছে; তুমি দেবগণের সহিত আইস।

৩। ইন্দ্র ও বায়ু, বৃহস্পতি, মিত্র ও অগ্নি, পূষা ও ভগ এবং আদিত্য সমূহ ও মরুৎগণকে যজ্ঞভাগ দান কর। (১)

(৯) তিনটী দেবীর নাম, এখানে অগ্নি বুঝাইতেছে। সায়ণ।

(১০) এখানে "ত্বষ্টা" শব্দদ্বারা অগ্নি বুঝাইতেছে। সায়ণ।

(১১) অর্থাৎ "বনস্পতি" নামক অগ্নি। সায়ণ।

(১২) সু+আ+হ্বে। যজ্ঞে হব্য প্রদানের সময় "স্বাহা" শব্দ উচ্চারণ করিতে হয়, এখানে এই শব্দ অগ্নি বুঝাইতেছে। সায়ণ।

(১) আদিত্যগণ অদিতির সন্তান। ঋগ্বেদে ২ মণ্ডলের ২৭ সূক্তে কেবল ছয় জন আদিত্য এইরূপ লিখা আছে. যথা মিত্র, অর্য্যমা, ভগ, বরুণ, দক্ষ এবং অংশ। ৯ মণ্ডলের ১১৪ সূক্তে ৭জন আদিত্য এইরূপ লিখা আছে, ১০মণ্ডলের ৭২ সূক্তে আছে যে অদিতির আট পুত্র অতএব ঋগ্বেদ অনুসারে আদিত্যের সংখ্যা ছয় কিম্বা সাত, কিম্বা আট। তৈত্তিরীয় ব্রাহ্মণে আদিত্য আটজন এইরূপ লিখিত আছে, যথা ধাতা, অর্য্যমা, মিত্র, বরুণ, অংশ, ভগ, ইন্দ্র, ও বিবস্বান্। শতপথ ব্রাহ্মণে দ্বাদশ আদিত্যের কথা লিখা আছে, এবং সে দ্বাদশ আদিত্য দ্বাদশ মাস (অথবা দ্বাদশ মাসের সূর্য্য।) "কতমে আদিত্যা ইতি। দ্বাদশ মাসাঃ সম্বৎসরস্য এতে আদিত্যাঃ।" শতপথ ব্রাহ্মণ। ১১। ৬। ৩। ৮।

৪। তোমাদিগের জন্য তৃপ্তিকর, হর্ষকর, বিন্দুরূপ, মধুর ও পাত্রস্থিত সোমরস সমূহ প্রস্তুত হইতেছে।

৫। হে অগ্নি! হব্যযুক্ত এবং অলঙ্কৃত কণ্বপুত্রেরা কুশ ছিন্ন করিয়া তোমার রক্ষণ কামনায় তোমার স্তুতি করে।

৬। হে অগ্নি! সঙ্কল্প মাত্রেই রথে সংযোজনীয় যে ঘৃতপৃষ্ঠ বাহকগণ তোমাকে বহন করে, তদ্দ্বারা দেবগণকে সোমপানার্থে আনয়ন কর।

৭। হে অগ্নি! সেই যজনীয় যজ্ঞবৰ্দ্ধক দেবগণকে পত্নীযুক্ত কর। হে সুজিহ্ব! দেবগণকে মধুর সোমরস পান করাও।

৮। যে দেবগণ যজনীয়, যে দেবগণ স্তুতিভাজন, হে অগ্নি! তাঁহারা বষট্‌কার কালে তোমার জিহ্বা দ্বারা মধুর সোমরস পান করুন।

৯। মেধাবী ও দেবগণের আহ্বানকারী অগ্নি উষাকালে জাগরিত সমস্ত দেবগণকে সূর্য্যদীপ্ত স্বর্গলোক হইতে এই স্থানে নিঃসন্দেহরূপে আনয়ন করুন।

১০। হে অগ্নি! তুমি সমস্ত দেবগণের সহিত, ইন্দ্র ও বায়ুর সহিত, ও মিত্রের তেজসমূহের সহিত সোমমধু পান কর।

১১। হে অগ্নি! তুমি মনুষ্যনিযুক্ত দেবগণের আহ্বানকারী যজ্ঞে উপবেশন কর; তুমি আমাদিগের এই যজ্ঞ সম্পাদন কর।

১২। হে দেব অগ্নি! অরুষী, হরিৎ ও রোহিত অশ্বী (২) দিগকে রথে যোগ কর; তদ্দ্বারা দেবগণকে এই যজ্ঞে আনয়ন কর।

অদিতির অর্থ কি? দিত ধাতু বন্ধনে বা খণ্ডনে বা ছেদনে। যাহা অখণ্ড, অচ্ছিন্ন, অসীম, তাহাই অদিতি। অতএব অদিতি অর্থে অনন্ত আকাশ বা অনন্ত প্রকৃতি, সুতরাং অদিতি সকল দেবের জনয়িত্রী এবং যাস্ক তাঁহাকে "আদিমা দেবমাতা" কহিয়াছেন।

"Aditi, an ancient god or goddess, is in reality the earliest name invented to express the Infinite."—Max Muller.

"Aditi, eternity or the eternal." "This eternal and inviolable principle ...is the celestial light."—Roth.

(২) মূলে "অরুষী হরিতঃ রোহিতঃ" আছে। সায়ণ "রোহিতঃ" অগ্নির অশ্বের নাম করিয়াছেন, এবং "অরুষী" অর্থে গতিশীল ও "হরিতঃ" অর্থে বহনসমর্থ করিয়াছেন। মক্ষমূলর "অরুষী" অর্থে অগ্নির রক্তবর্ণ অশ্ব করিয়াছেন এবং "হরিতঃ" ও "রোহিতঃ" দুটী বিশেষণ করিয়াছেন। "অরুষ" ও "হরিৎ" সম্বন্ধে ৬ সূক্তের ১ঋকের টীকা দেখ।

১৫ সূক্ত।

ঋতু প্রভৃতি দেবতা। কণ্বের পুত্র মেধাতিথি ঋষি।

১। হে ইন্দ্র! ঋতুর (১) সহিত সোম পান কর; তৃপ্তিকর ও ত্বদবস্থিত সোমরস তোমাতে প্রবেশ করুক।

২। হে মরুৎগণ! ঋতুর সহিত পোতৃ নামক ঋত্বিকের পাত্র হইতে সোম পান কর, আমাদিগের যজ্ঞ পবিত্র কর; তোমরা প্রকৃতই দানশীল।

৩। হে পত্নীযুক্ত নেষ্টা (২) দেবগণের সমীপে আমাদিগের যজ্ঞের প্রশংসা কর; ঋতুর সহিত সোমপান কর; কেন না তুমি রত্নদাতা।

৪। হে অগ্নি! দেবগণকে এই স্থানে আনয়ন কর, তিনটী যজ্ঞ-স্থানে তাঁহাদিগকে উপবেশন করাও, তাঁহাদিগকে অলঙ্কৃত কর, তুমি ঋতুর সহিত সোম পান কর।

৫। হে ইন্দ্র! স্তুতিকারের (৩) ধনযুক্ত পাত্র হইতে ঋতুদিগের পর তুমি সোম পান কর, যেহেতু তোমার মিত্রতা অবিচ্ছিন্ন।

৬। হে ধৃতব্রত মিত্র ও বরুণ! তোমরা ঋতুর সহিত আমাদিগের এই প্রবৃদ্ধ ও অদহনীয় যজ্ঞে ব্যাপ্ত হও।

৭। অধ্বরে এবং যজ্ঞ সমূহে ধনার্থী ঋত্বিকেরা সোমরস প্রস্তুত করিবার প্রস্তর হস্তে করিয়া ধনপ্রদ অগ্নিদেবকে স্তুতি করে।

৮। যে সমস্ত ধনের কথা শুনা যায়, দ্রবিণোদা আমাদিগকে সেই ধন দান করুন, সেই ধন দেবগণের যজ্ঞের জন্য আমরা গ্রহণ করিব।

৯। দ্রবিণোদা ঋতুদিগের সহিত নেষ্টার পাত্র হইতে সোমপান করিতে ইচ্ছা করেন; হে ঋত্বিক্‌গণ! (যজ্ঞস্থানে) গমন কর, হোম কর, পরে প্রস্থান কর।

১০। হে দ্রবিণোদা! যেহেতু ঋতুদিগের সহিত তোমাকে চতুর্থ বার অর্চ্চনা করিতেছি, অতএব তুমি নিঃসন্দেহরূপে আমাদিগকে ধন প্রদান কর।

১১। হে দ্যুতিমান্ অগ্নিযুক্ত বিশুদ্ধকর্ম্মা অশ্বিদ্বয়! মধুর সোমপান কর; তোমরাই ঋতুর সহিত যজ্ঞ নির্ব্বাহক।

---

(১) বৎসরের ঋতুগণ দেবরূপে উপাসিত হইয়াছেন।

(২) "নেষ্টৃশব্দোহত্র ত্বষ্টারং দেবমাহ।" সায়ণ। ত্বষ্টাসম্বন্ধে ২০ সূক্তের ৬ ঋকের টীকা দেখ।

(৩) মূলে "ব্রহ্মা শব্দ আছে। ১০ সূক্তের ১ঋকের টীকা দেখ।

১২। হে গৃহপতি, রূপযুক্ত, ফলপ্রদ অগ্নি! তুমি ঋতুর সহিত যজ্ঞের নির্ব্বাহক; দেবাকাঙ্ক্ষী যজমানের জন্য দেবগণকে অর্চনা কর।

১৬ সূক্ত।

ইন্দ্র দেবতা। কণ্বের পুত্র মেধাতিথি ঋষি।

১। হে অভীষ্টবর্ষী ইন্দ্র! তোমার অশ্বগণ তোমাকে সোমপানার্থ এই স্থানে লইয়া আইসুক; সূর্য্যের ন্যায় প্রকাশযুক্ত বাহকগণ তোমাকে লইয়া আইসুক।

২। যেন হরি নামক অশ্বদ্বয় এই ঘৃতস্রাবী ধান্যের নিকট সুখতম রথে ইন্দ্রকে লইয়া আইসে।

৩। প্রাতঃকালে ইন্দ্রকে আহ্বান করি, যজ্ঞ সম্পাদনকালে ইন্দ্রকে আহ্বান করি এবং যজ্ঞ সমাপন সময়ে সোমপানার্থ আমি ইন্দ্রকে আহ্বান করি।

৪। হে ইন্দ্র! কেশরযুক্ত অশ্বগণের সহিত তুমি আমাদিগের অভিষুত সোমরস সমীপে আইস; সোমরস অভিষুত হইলে আমরা তোমাকে আহ্বান করি।

৫। হে ইন্দ্র! তুমি আমাদিগের এই স্তুতি গ্রহণ করিতে আইস, যেহেতু যজ্ঞসবন অভিষুত হইয়াছে, তৃষিত গৌর মৃগের ন্যায় পান কর।

৬। এই তরল সোমরস সমূহ আস্তীর্ণ কুশের উপর প্রচুর পরিমাণে অভিষুত হইয়াছে; হে ইন্দ্র! বলের জন্য সেই সোম পান কর।

৭। হে ইন্দ্র! এই স্তুতি শ্রেষ্ঠ, ইহা তোমার হৃদয়স্পর্শী ও সুখকর হউক; পরে অভিষুত সোম পান কর।

৮। বৃত্রহা ইন্দ্র সোমপানার্থ ও হর্ষের নিমিত্ত সকল অভিষুত সবনে গমন করেন।

৯। হে শতক্রতু! গাভী ও অশ্বসমূহ দ্বারা তুমি আমাদিগের অভিলাষ সর্ব্বতোভাবে পূরণ কর; আমরা ধ্যানযুক্ত হইয়া তোমার স্তুতি করি।

১৭ সূক্ত।

ইন্দ্র ও বরুণ দেবতা। কণ্বের পুত্র মেধাতিথি ঋষি।

১। আমি সম্রাট ইন্দ্র ও বরুণের নিকট রক্ষণের জন্য যাচ্ঞা করি, এইরূপে প্রার্থনা করিলে তাঁহারা উভয়ে আমাদিগকে সুখী করেন।

২। তোমরা মাদৃশ ঋত্বিকের রক্ষণার্থ আমার আহ্বান গ্রহণ কর; তোমরা মনুষ্যের অধিপতি।

৩। হে ইন্দ্র ও বরুণ! আমাদিগের কামনা অনুসারে ধন দিয়া আমাদিগকে তৃপ্ত কর; তোমরা সমীপে থাক এই ইচ্ছা করি।

৪। যেহেতু আমাদিগের যজ্ঞের হব্য মিশ্রিত হইয়াছে এবং ঋত্বিকদিগের স্তোত্রও মিশ্রিত, যেন আমরা যজ্ঞান্নদাতাদিগের মধ্যে মুখ্য হই।

৫। সহস্র ধনপ্রদদিগের মধ্যে ইন্দ্র ধনদাতা, স্তুতিভাজনদিগের মধ্যে বরুণ স্তুত্য।

৬। তাঁহাদিগের রক্ষণদ্বারা আমরা ধন সম্ভোগ করি, ও (ধন) সঞ্চয় করি, এবং তদ্ব্যতীত প্রচুর ধন হউক।

৭। হে ইন্দ্র ও বরুণ! বিবিধ ধনের জন্য আমি তোমাদিগকে আহ্বান করি, আমাদিগকে সম্যকরূপে জয়যুক্ত কর।

৮। হে ইন্দ্র ও বরুণ! আমাদিগের বুদ্ধি তোমাদিগের সম্যক্ সেবা করিতে ইচ্ছুক হইয়াছে, আমাদিগকে শীঘ্র সুখ দান কর।

৯। হে ইন্দ্র ও বরুণ! যে স্তুতি দ্বারা আমি তোমাদিগকে আহ্বান করিতেছি, তোমাদের উভয়ের সম্বন্ধীয় যে স্তুতি তোমরা বর্দ্ধন করিতেছ, যেন সেই শোভনীয় স্তুতি তোমাদিগকে প্রাপ্ত হয়।

---

১৮ সূক্ত।

ব্রহ্মণস্পতি প্রভৃতি দেবতা। কণ্বের পুত্র মেধাতিথি ঋষি।

১। হে ব্রহ্মণস্পতি (১)! সোমরসদাতাকে (অর্থাৎ আমাকে) উশিজ্-পুত্র কক্ষীবানের (২) ন্যায় দেবগণের নিকট প্রসিদ্ধ কর।

---

(১) ১০ সূক্তের ১ ঋকের টীকায় ও ১৫সূক্তের ৫ঋকের টীকায় আমরা বলিয়াছি "ব্রহ্মা" অর্থে স্তুতিকারী ঋত্বিক। ঋগ্বেদে "ব্রহ্ম" অর্থে স্তুতি বা প্রার্থনা। সায়ণ এই অর্থ করিয়াছেন, এবং ইউরোপীয় পণ্ডিতগণও ঐ অর্থ করেন। পণ্ডিতবর রোথ "ব্রহ্ম" শব্দের সাতটী অর্থ দিয়াছেন, যথা প্রার্থনা, মন্ত্র, পবিত্রবাক্য, জ্ঞান, সতত্তা, পরমাত্মা, এবং পুরোহিত। মক্ষমূলর বিবেচনা করেন বৃহ ধাতুর একটী অর্থ বর্দ্ধন, আর একটী অর্থ বাক্য; এবং ঐ ধাতু হইতে "বৃহস্পতি" ও "ব্রহ্মণস্পতি" উৎপন্ন হইয়াছে। *Origin and Growth of Religion* (1882) *PP.* 366, 367, note. ব্রহ্মণস্পতি বা বৃহস্পতি স্তুতিদেব।

(২) মহাভারতে, মৎস্যপুরাণে ও বায়ুপুরাণে কক্ষীবানের গল্প আছে। ঋগ্বেদে কক্ষীবান্ একজন ঋষি, এই মণ্ডলের ১১৫ হইতে ১২৫ সূক্ত তাঁহার রচিত। কলিঙ্গরাজ সন্তান আকাঙ্ক্ষায় তাঁহার রাজ্ঞীকে দীর্ঘতমা মুনির সহিত সহবাসের আদেশ দিয়াছিলেন।

২। যিনি ধনবান্, রোগহন্তা, ধনদাতা, পুষ্টিবর্দ্ধক, ও শীঘ্রফলপ্রদ, সেই ব্রহ্মণস্পতি আমাদিগকে অনুগ্রহ করুন।

৩। উপদ্রবকারী মনুষ্যের হিংসাযুক্ত নিন্দা আমাদিগকে যেন স্পর্শ না করে, হে ব্রহ্মণস্পতি! আমাদিগকে রক্ষা কর।

৪। যে মনুষ্যকে ইন্দ্র ও ব্রহ্মণস্পতি ও সোম বর্দ্ধন করেন সে বীর বিনাশ প্রাপ্ত হয় না।

৫। হে ব্রহ্মণস্পতি! তুমি ও সোম ও ইন্দ্র ও দক্ষিণা (৩) সেই মনুষ্যকে পাপ হইতে রক্ষা কর।

৬। বিস্ময়কর, ইন্দ্রপ্রিয়, কমনীয় ও ধনদাতা সদসস্পতির (৪) নিকট মেধাশক্তি যাচ্ঞা করিয়াছি।

৭। যাঁহার প্রসাদ ব্যতীত জ্ঞানবানেরও যজ্ঞ সিদ্ধ হয় না, সেই সদসস্পতি আমাদিগের মানসিক প্রবৃত্তি সমূহের যোগ ব্যাপিয়া আছেন।

৮। পরে তিনি হব্যসম্পাদক যজমানকে বর্দ্ধন করেন, যজ্ঞ সম্যকরূপে সমাপন করেন, (তাঁহার প্রসাদে) আমাদিগের স্তুতি দেবগণকে প্রাপ্ত হয়।

৯। বিক্রমশালী সুবিখ্যাত ও আকাশের ন্যায় প্রাপ্ততেজা নরাশংসকে আমি দেখিয়াছি।

১৯ সূক্ত।

অগ্নি ও মরুৎগণ দেবতা। কণ্বের পুত্র মেধাতিথি ঋষি।

১। হে অগ্নি! এই চারু যজ্ঞে সোমপানার্থ (১) তুমি আহূত হইতেছ, অতএব মরুৎগণের সহিত আইস।

২। হে অগ্নি! তুমি মহৎ, তোমার যজ্ঞ উল্লঙ্ঘন করিতে পারে এরূপ উৎকৃষ্টতর দেব বা মনুষ্য নাই, মরুৎগণের সহিত আইস।

রাজ্ঞী স্বয়ং না যাইয়া দাসী উশিজকে পাঠাইয়া দিলেন। মুনি ইহা বুঝিতে পারিলেন, এবং উশিজের দ্বারা কক্ষীবান নামক সন্তান উৎপাদন করিলেন। এগল্প আধুনিক। প্রকৃত কক্ষীবান্ একজন বৈদিক ঋষি। এই ঋগ্বেদের প্রথম মণ্ডলের ১১৬ হইতে ১২৫ সূক্তের ঋষি কক্ষীবান।

(৩) যজ্ঞান্তে দানই দক্ষিণা, এখানে দেবী বলিয়া আহূত হইয়াছেন।

(৪) অগ্নির নাম বিশেষ।

(১) মূলে "গোপীথায়" আছে। "সোমপানায়।" সায়ণ। কিন্তু মক্ষমূলর অনুবাদ করিয়াছেন "For a draught of milk."

৩। হে অগ্নি! যে দ্যুতিমান্ ও হিংসারহিত মরুৎগণ মহাবৃষ্টি বর্ষণ করিতে জানেন, সেই মরুৎগণের সহিত আইস।

৪। যে উগ্র ও অধৃষ্টবলসম্পন্ন মরুৎগণ জল বর্ষণ করিয়াছিলেন, (২) হে অগ্নি! সেই মরুৎগণের সহিত আইস।

৫। যাঁহারা শোভমান্ উগ্ররূপধারী, প্রভূতবলসম্পন্ন ও শত্রুবিনাশক, হে অগ্নি! সেই মরুৎগণের সহিত আইস।

৬। আকাশের উপরি দীপ্যমান, স্বর্গে যে দীপ্যমান্ মরুতেরা বাস করেন, হে অগ্নি! সেই মরুৎগণের সহিত আইস।

৭। যাঁহারা মেঘ সমূহকে সঞ্চালন করেন, জলরাশি সমুদ্রকে উৎক্ষিপ্ত করেন, হে অগ্নি! সেই মরুৎগণের সহিত আইস।

৮। যাঁহারা সূর্য্যকিরণের সহিত (সমগ্র আকাশে) ব্যাপ্ত হয়েন, যাঁহারা বলদ্বারা সমুদ্রকে উৎক্ষিপ্ত করেন, হে অগ্নি! সেই মরুৎগণের সহিত আইস।

৯। হে অগ্নি। তোমার প্রথম পানার্থে সোম মধু প্রদান করিতেছি, হে অগ্নি! মরুৎগণের সহিত আইস।

---

২০ সূক্ত।

ঋভুগণ দেবতা। কণ্বের পুত্র মেধাতিথি ঋষি।

১। যে ঋভুগণ (১) জন্ম গ্রহণ করিয়াছিলেন সেই দেবগণের উদ্দেশে মেধাবী ঋত্বিকগণ এই প্রভূত ধনপ্রদ স্তোত্র নিজ মুখে রচনা করিয়াছেন।

(২) মূলে "অর্কং আনৃচুঃ" আছে। "বর্ষণেন সম্পাদিতবন্তঃ।" সায়ণ কিন্তু মক্ষমূলর অনুবাদ করিয়াছেন Who sing their song.

(১) "ঋভবো হি মনুষ্যাঃ সন্ত স্তপসা দেবত্বং প্রাপ্তাঃ।" সায়ণ।

অঙ্গিরার পুত্র সুধন্বা, তাঁহার ঋভু, বিভু ও বাজ নামে তিন পুত্র ছিল। তাঁহারা নিজ কর্ম্মদ্বারা দেবত্ব লাভ করিয়াছিলেন এবং সূর্য্যলোকে বাস করেন এইরূপ আখ্যান। ১১০ এর ২ ও ৩ ঋক দেখ।

প্রকৃত ঋভুগণ কে? সায়ণ, ১১০ সূক্তের ৬ঋকের ব্যাখ্যায় একটী বচন উদ্ধৃত করিয়াছেন যথা "আদিত্যরশ্ময়োঽপি ঋভব উচ্যন্তে।" অর্থাৎ ঋভুগণ সূর্য্যরশ্মি।

গ্রীকদিগের মধ্যে গল্প আছে যে Orpheus নামক এক গায়কের স্ত্রীর কাল হইলে তিনি তাঁহার গীত দ্বারা মৃত্যুরাজকে তুষ্ট করিয়া স্ত্রীকে ফিরিয়া পাইলেন, কিন্তু পথে তিনি উৎস্-

২। আজ্ঞামাত্র যে হরি নামক অশ্বদ্বয় রথে সংযোজিত হয় সেই অশ্বদ্বয় ইন্দ্রের জন্য যাঁহারা মানসিক বলে সৃষ্টি করিয়াছিলেন, সেই ঋভুগণ গ্রহ চমসাদি উপকরণ দ্রব্যের সহিত আমাদিগের যজ্ঞ ব্যাপিয়া রহিয়াছেন।

৩। তাঁহারা নাসত্যদ্বয়ের জন্য সর্ব্বতোগামী ও সুখকর একখানি রথ নির্ম্মাণ করিয়াছিলেন, এবং একটী ক্ষীরদোগ্ধ্রী গাভী উৎপন্ন করিয়াছিলেন।

৪। ঋজুতাপ্রিয় ও সর্ব্বকর্ম্মে ব্যাপ্ত ঋভুগণের মন্ত্র বিফল হয় না; তাঁহারা পিতা মাতাকে পুনরায় যৌবনসম্পন্ন করিয়াছিলেন।

৫। হে ঋভুগণ! মরুৎগণ সমভিব্যাহারে ইন্দ্রের সহিত, ও দীপ্যমান্ আদিত্যদিগের সহিত, তোমাদিগকে একত্রে হর্ষদায়ক সোমরস প্রদান করা যায়।

৬। ত্বষ্টাদেবের(২) নূতন সেই চমস নিঃশেষিতরূপে নির্ম্মিত হইয়াছিল, ঋভুগণ সেই চমস পুনরায় চারিখানি করিয়াছিলেন।

৭। হে ঋভুগণ! তোমরা আমাদিগের শোভনীয় স্তুতি প্রাপ্ত হইয়া অভিষবকারীকে তিন গুণ সপ্ত প্রকার রত্ন এক এক করিয়া প্রদান কর।

৮। যজ্ঞের বাহক ঋভুগণ অবিনশ্বর আয়ুঃ ধারণ করেন; সুকৃতি দ্বারা দেবগণের মধ্যে যজ্ঞের ভাগ সেবন করেন।

২১ সূক্ত।

ইন্দ্র ও অগ্নি দেবতা। কণ্বের পুত্র মেধাতিথি ঋষি।

১। এই যজ্ঞে ইন্দ্র ও অগ্নিকে আহ্বান করিতেছি, তাঁহাদিগেরই স্তোত্র কামনা করি, সেই বহু সোমপায়ী দ্বয় সোমপান করুন।

২। হে মনুষ্যগণ! সেই ইন্দ্র ও অগ্নিকে এই যজ্ঞে প্রশংসা কর ও শোভিত কর, গায়ত্রীচ্ছন্দের মন্ত্রে তাহাদিগের উদ্দেশে গান কর।

ক্যের সহিত স্ত্রীর দিকে চাহাতে তাঁহার স্ত্রী পুনরায় অদৃশ্য হইলেন। মক্ষমূলর বলেন "Orpheus" "ঋভু বা অর্ভুর" রূপান্তর মাত্র, এবং গল্পের মূল অর্থ এই যে সূর্য্য উষারদিকে চাহিলেই অর্থাৎ উদয় হইলেই উষা অদৃশ্য হইয়া যান। তিনি আরও বলেন উর্ব্বশী ও পুরূরবার যে গল্প বেদে ও হিন্দুসাহিত্যে পাওয়া যায় তাহারও এই মূল অর্থ; উর্ব্বশীর আদি অর্থ উষা।

(২) ত্বষ্টা দেবগণের অস্ত্রাদি নির্ম্মাতা, পুরাণের বিশ্বকর্ম্মা। তিনি ইন্দ্রের বজ্র নির্ম্মাণ করেন। ৩২ সূক্ত দেখ। ঋভুগণ ত্বষ্টার শিষ্য। সায়ণ।

৩। আমার অনুষ্ঠাতার প্রশংসার জন্য আমরা ইন্দ্র ও অগ্নিকে আহ্বান করি, সেই সোমপায়িদ্বয়কে সোমপানার্থ আহ্বান করি।

৪। উগ্রদেবদ্বয়কে এই অভিষবযুক্ত যজ্ঞের সমীপে অহ্বান করি, ইন্দ্র ও অগ্নি এই যজ্ঞে আগমন করুন।

৫। সেই মহৎ ও সভাপালক ইন্দ্র ও অগ্নি রাক্ষসজাতিকে ক্রূরতাশূন্য করুন, ভক্ষক রাক্ষসগণ সন্ততিশূন্য হউক।

৬। হে ইন্দ্র ও অগ্নি! এই যজ্ঞহেতু তোমরা চৈতন্যালোকে জাগরিত হও, আমাদিগকে সুখদান কর।

---

২২ সূক্ত।

অশ্বিদ্বয় প্রভৃতি দেবতা। কণ্বের পুত্র মেধাতিথি ঋষি।

১। প্রাতঃকালে সংযুক্ত অশ্বিদ্বয়কে জাগরিত কর, তাঁহারা সোমপানার্থ এই যজ্ঞে আইসুন।

২। যে দেব অশ্বিদ্বয় শোভনীয় রথযুক্ত, রথিশ্রেষ্ঠ ও স্বর্গবাসী, তাঁহাদিগকে আহ্বান করি।

৩। হে অশ্বিদ্বয়! তোমাদিগের যে অশ্বস্বেদযুক্ত ও সুধ্বনিযুক্ত চাবুক আছে তাহার সহিত আসিয়া এ যজ্ঞ সোমরসে সিক্ত কর।

৪। হে অশ্বিদ্বয়! সোমদাতা যজমানের যে গৃহের দিকে রথে গমন করিতেছ, সে গৃহ দূরে নহে।

৫। হিরণ্যপাণি সবিতাকে (১) আমি রক্ষণার্থ আহ্বান করি, সেই দেব যজমানের প্রাপ্য পদ জানাইয়া দিবেন।

---

(১) সূর্য্য আদিম আর্য্যদিগের উপাস্য দেব ছিলেন, সুতরাং সেই আর্য্য জাতির ভিন্ন ভিন্ন শাখায় তাঁহার উপাসনা দেখিতে পাওয়া যায়। গ্রীকদিগের "Helios" শব্দ "সূর্য্য শব্দের রূপান্তর মাত্র, এবং গ্রীকদিগকে যে "Helenes" বলিত তাহার আদি অর্থ সূর্য্যের শিষ্য। লাটিনদিগের "Sol" ও টিউটনদিগের "Tyr" ও "সূর্য্য" শব্দের রূপান্তর মাত্র। প্রাচীন ইরাণীয়দিগের "খোর সেদ" ও সূর্য্যের রূপান্তর মাত্র।

উপরিউক্ত ঋকে সবিতা বা সূর্য্যকে "হিরণ্যপাণি" বলিয়া বর্ণনা করিয়াছে। সায়ণ তাহার এইরূপ অর্থ করিয়াছেন। "যজমানায় দাতুং হস্তে সুবর্ণধারিণং।" আবার সূর্য্যের বাহুই সুবর্ণগঠিত এরূপ আখ্যান আছে। এ আখ্যানের প্রকৃত কারণ অনুভব করা সহজ। স্বর্ণের ন্যায় কিরণসম্পন্ন সূর্য্যকে প্রথম কবিগণ উপমাচ্ছলে সুবর্ণপাণি কহিত,

৬। জলশোষক সবিতাকে রক্ষণার্থ স্তুতি কর; আমরা তাঁহার যজ্ঞ কামনা করি।

৭। নিবাসহেতুভূত, বহুবিধ ধনের বিভক্তা, ও মনুষ্যদিগের প্রকাশকারী সবিতাকে আমরা আহ্বান করি।

৮। হে সখাগণ! চারিদিকে উপবেশন কর, সবিতাকে আমাদের শীঘ্র স্তুতি করিতে হইবে, ধনদাতা সবিতা শোভা পাইতেছেন।

৯। হে অগ্নি! দেবগণের আকাঙ্ক্ষিণী পত্নীদিগকে এই যজ্ঞে আনয়ন কর, ত্বষ্টাকে সোমপানার্থ সমীপে আনয়ন কর।

১০। হে অগ্নি! আমাদিগের রক্ষার্থে দেবপত্নীদিগকে এই যজ্ঞে আনয়ন কর। হে যবিষ্ঠ! হোত্রা, ভারতী, ও বরণীয়া ধিষণাকে (২) আনয়ন কর।

১১। অচ্ছিন্নপক্ষা (৩) মনুষ্যপালয়িত্রী দেবীগণ রক্ষণ ও মহৎ সুখদান দ্বারা আমাদিগের প্রতি প্রসন্না হউন।

১২। আমাদিগের মঙ্গলের নিমিত্ত ও সোমপানার্থ ইন্দ্রাণী বরুণানী ও অগ্নায়ীকে আহ্বান করি।

১৩। মহৎ দ্যোঃ ও পৃথিবী (৪) আমাদিগের এই যজ্ঞ রসে সিক্ত করুন, এবং পুষ্টি দ্বারা আমাদিগকে পূর্ণ করুন।

ক্রমে লোকে এই উপমাটী ভুলিয়া গেল, এই সুন্দর কল্পনাগঠিত বিশেষণ হইতে একটী আখ্যান সৃষ্ট হইল! কেবল আমরাই যে মূল উপমা ভুলিয়া একটী আখ্যান সৃষ্টি করিয়াছি তাহা নহে, জর্ম্মান জাতিদিগের মধ্যেও সেইরূপ ঘটিয়াছিল। তবে আমাদিগের পুরোহিতেরা যজ্ঞে সূর্য্যের হস্ত বিনাশের গল্প সৃষ্টি করিলেন, মৃগয়াপ্রিয় জর্ম্মানগণ কল্পনা করিলেন যে তাঁহাদিগের Tyr দেব ব্যাঘ্রের মুখে হস্ত স্থাপন করায় ব্যাঘ্র সেই হস্ত দংশন করিয়া ফেলে। See Max Muller's *Science of Language.*

সূর্য্য ও সবিতা সম্বন্ধে আমাদের আর একটী কথা বলিবার আছে। যাস্ক বলেন আকাশ হইতে যখন অন্ধকার যায়, কিরণ বিস্তৃত হয়, সেই সবিতার কাল। সায়ণ বলেন সূর্য্যের উদয়ের পূর্ব্বে যে মূর্ত্তি তাহাই সবিতা, উদয় হইতে অস্ত পর্য্যন্ত যে মূর্ত্তি সেই সূর্য্য।

(২) "হোত্রাং হোমনিষ্পাদকাগ্নিপত্নীং।" সায়ণ।

"ভারতীং ভরতনামকস্য আদিত্যস্য পত্নীং।" সায়ণ।

"বরূত্রীং বরণীয়াং ধিষণাং বাগ্দেবীং।" সায়ণ

(৩) "নহি পক্ষিরূপাণাং দেবপত্নীনাং পক্ষাঃ কেনচিৎ ছিদ্যন্তে।" সায়ণ।

(৪) মূলে "দ্যৌঃ পৃথিবী চ" আছে। দ্যৌঃ আর্য্যদিগের প্রাচীন আকাশ দেব। গ্রীক দিগের Zeus, লাটিন দিগের Ju (-piter), জার্মানদিগের Tiu ও Zio, এই "দ্যু"

১৪। মেধাবীরা নিজ কর্ম্মগুণে সেই দ্যোঃ ও পৃথিবীর মধ্যে গন্ধর্ব্বের নিবাস স্থানে অর্থাৎ অন্তরীক্ষে ঘৃতবৎ জল লেহন করেন।

১৫। হে পৃথিবী! বিস্তীর্ণা, কণ্টকরহিতা, ও নিবাসভূতা হও; আমাদিগকে প্রচুর সুখ দাও।

১৬। বিষ্ণু (৫) সপ্তকিরণের সহিত যে ভূপ্রদেশ হইতে পরিক্রম করিয়াছিলেন সেই প্রদেশ হইতে দেবগণ আমাদিগকে রক্ষা করুন।

১৭। বিষ্ণু এই জগৎ পরিক্রম করিয়াছিলেন, তিন প্রকার পদবিক্ষেপ করিয়াছিলেন, তাঁহার ধূলিযুক্ত পদে জগৎ আবৃত হইয়াছিল।

১৮। বিষ্ণু রক্ষক, তাঁহাকে কেহ আঘাত করিতে পারে না, তিনি ধর্ম্ম সমুদয় ধারণ করিয়া তিন পদ পরিক্রম করিয়াছিলেন।

১৯। বিষ্ণুর যে কর্ম্মবলে যজমান ব্রত সমুদয় অনুষ্ঠান করেন সেই কর্ম্ম সকল অবলোকন কর, বিষ্ণু ইন্দ্রের উপযুক্ত সখা।

২০। আকাশে সর্ব্বতো বিচারী চক্ষু যেরূপ দৃষ্টি করে, বিদ্বানেরা বিষ্ণুর পরমপদ সেইরূপ সর্ব্বদা দৃষ্টি করেন।

২১। স্তুতিবাদক ও সদাজাগরুক মেধাবী লোকেরা সেই বিষ্ণুর পরমপদ প্রদীপ্ত করেন।

শব্দের রূপান্তর মাত্র। দ্যোঃ ও পৃথিবী অনেক স্থলে সকল দেবের পিতামাতা স্বরূপ বর্ণিত হইয়াছে।

(৫) এই স্থান হইতে ক্রমান্বয়ে ৬ ঋকে বিষ্ণুর উপাসনা আছে। বেদে উল্লিখিত বিষ্ণু কে? তাঁহার তিন প্রকার পদবিক্ষেপ কি?

যাস্ক বলেন, "যদিদং কিঞ্চ তদ্বিক্রমতে বিষ্ণুঃ। ত্রিধা নিধত্তে পদং। ত্রেধা ভাবায় পৃথিব্যাং অন্তরীক্ষে দিবি ইতি শাকপূণিঃ। সমারোহণে বিষ্ণুপদে গয়শিরসি ইতি ঔর্ণবাভঃ।" নিরুক্ত ১২। ১৯

টীকাকার দুর্গাচার্য্য বলেন, "বিষ্ণুরাদিত্যঃ। কথমিতি যত আহ ত্রেধা নিদধে পদং নিধত্তে পদং নিধানং পদৈঃ। ক তৎ তাবৎ। পৃথিব্যাং অন্তরীক্ষে দিবি ইতি শাকপূণিঃ। পার্থিবোঽগ্নির্ভূত্বা পৃথিব্যাং যৎকিঞ্চিদস্তি তদ্বিক্রমতে তদধিতিষ্ঠতি। অন্তরীক্ষে বৈদ্যুতাত্মনা। দিবি সূর্য্যাত্মনা যদুক্তং তমু অক্রিণ্বন ত্রেধা ভুবে কমিতি। সমারোহণে উদয়গিরৌ উদ্যন্ পদমেকং নিধত্তে। বিষ্ণুপদে মধ্যন্দিনেঽন্তরীক্ষে। গয়শিরস্যস্তং গিরৌ ইতি ঔর্ণবাভ আচার্য্যো মন্যতে।"

অতএব স্পষ্টই প্রতীয়মান হইতেছে যে সূর্য্যের উদয়গিরিতে আরোহণ, মধ্য আকাশে স্থিতি, এবং অস্তাচলে অস্তগমন, এই তিনটী বিষ্ণুর তিন পদবিক্ষেপ বলিয়া বর্ণিত হইয়াছে। এই উপমা হইতে পরে কত পৌরাণিক গল্পের সৃষ্টি হইয়াছে।

২৩ সূক্ত।

বায়ু প্রভৃতি দেবতা। কণ্বের পুত্র মেধাতিথি ঋষি।

১। হে বায়ু! এই তীব্র ও সুপাক বিশিষ্ট সোমরস সমূহ অভিষুত হইয়াছে, তুমি আইস; সেই সোমরস আনীত হইয়াছে, পান কর।

২। আকাশবাসী ইন্দ্র ও বায়ু উভয় দেবকে এই সোম পানার্থ আমি আহ্বান করি।

৩। যজ্ঞপালক ইন্দ্র ও বায়ু মনের ন্যায় বেগসম্পন্ন ও সহস্রাক্ষ [১], মেধাবী লোকে রক্ষণার্থ তাঁহাদিগকে আহ্বান করেন।

৪। মিত্র ও বরুণ শুদ্ধবল ও যজ্ঞদেশে প্রাদুর্ভূত হন, আমরা তাঁহাদের সোমপানার্থ আহ্বান করি।

৫। যে মিত্র ও বরুণ সত্য দ্বারা যজ্ঞ বৃদ্ধি করেন ও যজ্ঞের জ্যোতি পালন করেন, তাঁহাদিগকে আমি আহ্বান করি।

৬। বরুণ ও মিত্র সকল প্রকার রক্ষণ কার্য্যদ্বারা আমাদিগকে রক্ষা করুন, তাঁহারা আমাদিগকে প্রভূত ধনযুক্ত করুন।

৭। মরুৎগণের সহিত ইন্দ্রকে সোমপানার্থ আহ্বান করি, তিনি মরুৎ-গণের সহিত তৃপ্ত হউন।

৮। হে দেব মরুৎগণ! ইন্দ্র তোমাদের মুখ্য, পূষা [২] তোমাদিগের দাতা, আমার আহ্বান সকলে শ্রবণ কর।

৯। হে দানশীল মরুৎগণ! বলবান ও তোমাদের সহায়ভূত ইন্দ্রের সহিত শত্রুকে বিনাশ কর, যেন সেই দুর্মুখ আমাদিগের উপর আধিপত্য না পায়।

১০। সমস্ত মরুৎ দেবগণকে সোমপানার্থ আহ্বান করি, তাঁহারা উগ্র ও পৃশ্নির [৩] সন্তান।

---

(১) যদিও উভয় বিশেষণই উভয় দেব সম্বন্ধে প্রয়োগ হইয়াছে, তথাপি "মনের ন্যায় বেগসম্পন্ন" বায়ুর সম্বন্ধেও "সহস্রাক্ষ" ইন্দ্রের সম্বন্ধে খাটে। ইন্দ্রকে সহস্রাক্ষ বলে কেন? আকাশ বিস্তীর্ণ, অথবা বহুনক্ষত্র বিভূষিত, এই জন্য তাঁহাকে সহস্রাক্ষ বলা হইয়াছে। এই উপমা হইতে ইন্দ্রের সহস্রাক্ষ সম্বন্ধীয় পৌরাণিক আখ্যান সৃষ্ট হয়।

(২) পূষা সম্বন্ধে ৪২ সূক্তের ১ ঋকের টীকা দেখ।

(৩) "পৃশ্নি" অর্থ নানা বর্ণযুক্ত। নানা বর্ণযুক্তা মরুৎগণের মাতা কে? সায়ণের মতে পৃশ্নি অর্থ পৃথিবী। কিন্তু নিঘণ্টু নামক প্রাচীন সংস্কৃত অভিধানে পৃশ্নি অর্থ আকাশ। রোথ প্রভৃতি ইউরোপীয় পণ্ডিতগণ পৃশ্নি অর্থে মেঘ করিয়াছেন।

১১। হে নেতৃগণ! যখন তোমরা শোভনীয় (যজ্ঞকার্য্য) প্রাপ্ত হও তখন বিজয়ীদিগের নাদের ন্যায় মরুৎগণের সদর্প রব আইসে।

১২। দীপ্তিকর বিদ্যুৎ হইতে উৎপন্ন মরুৎগণ আমাদিগকে রক্ষা করুন ও সুখী করুন।

১৩। হে দীপ্তিযুক্ত শীঘ্রগামী পূষা! পশু হারাইয়া গেলে লোকে যেরূপ তাহাকে (অন্বেষণ করিয়া) আনয়ন করে, তুমি সেইরূপ আকাশ হইতে বিচিত্র কুশসংযুক্ত যজ্ঞধারক সোম আনয়ন কর।

১৪। দীপ্তিযুক্ত পূষা গুহাস্থিত ও লুক্কায়িত বিচিত্র কুশসংযুক্ত দীপ্যমান্ সোম পাইলেন।

১৫। এবং সেই পূষা আমার জন্য সোমের সহিত ছয় ঋতু ক্রমান্বয়ে বার বার আনিয়াছিলেন, কৃষক যেরূপ গরুদ্বারা বার২ যব চাষ করে।

১৬। আমরা যজ্ঞ কামনা করি, আমাদিগের মাতৃস্থানীয় জল যজ্ঞ পথ দিয়া যাইতেছে; সেই জল আমাদিগের হিতকারী বন্ধু এবং দুগ্ধকে মিষ্ট করিতেছে।

১৭। এই যে সমস্ত জল সূর্য্যের সমীপে আছে, অথবা সূর্য্য যে সমস্ত জলের সহিত আছেন, সেই সমস্ত জল আমাদিগের যজ্ঞ প্রীতিকর করুক।

১৮। যে জল আমাদিগের গাভী সকল পান করে, সেই জলদেবীকে আহ্বান করি, যে জল নদীরূপে বহিয়া যাইতেছে, তাহাদিগের হব্য দেওয়া কর্ত্তব্য।

১৯। জলের ভিতর অমৃত আছে, জলে ঔষধি আছে, হে ঋষিগণ! সেই জলের প্রশংসায় উৎসাহী হও।

২০। সোম আমাকে বলিয়াছেন জলের মধ্যে সকল ঔষধি আছে, এবং জগতের সুখকর অগ্নি আছে, এবং সকল প্রকার ভেষজ আছে।

২১। হে জল! আমার শরীরের জন্য রোগনিবারক ঔষধি পরিপুষ্ট কর, যেন আমরা বহুকাল সূর্য্যকে দেখিতে পাই।

২২। আমাতে যাহা কিছু দুষ্কৃত আছে, আমি যে কিছু অন্যায়াচরণ করিয়াছি, আমি যে শাপ দিয়াছি, আমি যে অসত্য কহিয়াছি, হে জল! সে সমস্ত ধৌত কর।

২৩। অদ্য স্নান হেতু জলে প্রবেশ করিতেছি, জলরসে সঙ্গত হইয়াছি; হে জলস্থিত অগ্নি! আইস, আমাকে তেজঃপূর্ণ কর।

২৪। হে অগ্নি! আমাকে তেজ ও সন্ততি ও পরমায়ু দান কর; যেন দেবগণ আমার (অনুষ্ঠান) জানিতে পারেন, যেন ইন্দ্র ও ঋষিগণ জানিতে পারেন।

---

২৪ সূক্ত।

অগ্নি প্রভৃতি দেবতা। অজীগর্তের পুত্র শুনঃশেপ ঋষি।

১। দেবগণের মধ্যে কোন্ শ্রেণীর কোন্ দেবের চারু নাম উচ্চারণ করিব? কে আমাকে এই মহতী পৃথিবীতে আবার ছাড়িয়া দিবেন? (১) যে আমি পিতা ও মাতাকে দর্শন করিতে পারি?

২। দেবগণের মধ্যে প্রথম অগ্নিদেবের চারুনাম উচ্চারণ করি; তিনি আমাকে এই মহতী পৃথিবীতে ছাড়িয়া দিন, যেন আমি পিতাকে ও মাতাকে দর্শন করিতে পারি।

৩। হে সদা রক্ষণশীল সবিতা! তুমি বরণীয় ধনের ঈশ্বর, তোমার নিকট সম্ভোগযোগ্য ধন যাক্ঞা করি।

৪। যে প্রশংসিত, অনিন্দিত, দ্বেষরহিত, ও সম্ভোগযোগ্য ধন তুমি হস্তদ্বয়ে ধারণ করিয়া রহিয়াছ।

৫। হে সবিতা! তুমি ধনযুক্ত, তোমার রক্ষণ দ্বারা ধনের উৎকর্ষ লাভ করিতে ব্যাপৃত থাকি।

৬। হে বরুণ! এই উড্ডীয়মান পক্ষিগণ তোমার ন্যায় বল, তোমার ন্যায় পরাক্রম, তোমার ন্যায় ক্রোধ প্রাপ্ত হয় নাই; এই অনিমিষ-বিচারী জল ও বায়ুর গতি তোমার বেগ অতিক্রম করে না।

---

(১) শুনঃশেপকে বলি দিবার কথা ঐতরেয়ব্রাহ্মণ, রামায়ণ ও পুরাণাদি অনেক গ্রন্থে পাওয়া যায়। কিন্তু ঋগ্বেদে শুনঃশেপকে বলি দিবে এরূপ কথা কি স্পষ্ট করিয়া লিখা আছে? নরবলি প্রথা কি প্রচলিত ছিল? ঋগ্বেদের অন্য কোনও স্থানে নরবলির স্পষ্ট উল্লেখ নাই, শুনঃশেপের এই চতুর্বিংশ সূক্তেও তাঁহাকে বলি দিবার স্পষ্ট কোন কথা নাই, অতএব পণ্ডিতবর রোসেন বিবেচনা করেন নরবলি প্রথা প্রচলিত ছিল না। কিন্তু পণ্ডিতাগ্রগণ্য রাজেন্দ্রলাল মিত্র বিবেচনা করেন নরবলি প্রথা প্রচলিত ছিল।

ঋগ্বেদের সময় নরবলিপ্রথা ছিল আমাদের বোধ হয় না, কেন না যে গ্রন্থে সোম অভিষবের ও ঘৃত অভিষবের কথা শত বার বলা হইয়াছে, নরবলি প্রথা সে সময়ে প্রচলিত থাকিলে সে গ্রন্থে তাহার বিশেষ উল্লেখ নাই কেন?

৭। বিশুদ্ধবল রাজা বরুণ মূলরোহিত অন্তরীক্ষে থাকিয়া বর্ণনীয় তেজঃ পুঞ্জ উর্দ্ধে ধারণ করেন; সে রশ্মিপুঞ্জ অধোমুখ কিন্তু তাহাদিগের মূল উর্দ্ধে; তদ্দ্বারা যেন আমাদিগের মধ্যে প্রাণ নিহিত থাকে।

৮। রাজা বরুণ সূর্য্যের ক্রমান্বয়ে গমনার্থ পথ বিস্তীর্ণ করিয়াছেন; পদরহিত অন্তরীক্ষে সূর্য্যের পদবিক্ষেপের জন্য পথ করিয়াছেন; তিনি আমার হৃদয়বিদ্ধকারী শত্রুকে তিরস্কার করুন।

৯। হে বরুণরাজ! তোমার শত ও সহস্র ঔষধি আছে, তোমার সুমতি বিস্তীর্ণ ও গভীর হউক; নির্ঋতিকে (২) পরাঙ্মুখ করিয়া দূরে রাখ, আমাদিগের কৃত পাপ হইতে আমাদিগকে মুক্ত কর।

১০। ঐ যে সপ্তর্ষি নক্ষত্র (৩) যাহা উচ্চে স্থাপিত রহিয়াছে এবং রাত্রিযোগে দৃষ্ট হয়, দিবাযোগে কোথায় চলিয়া যায়? বরুণের কর্ম্মসমূহ অপ্রতিহত, তাঁহার আজ্ঞায় রাত্রিযোগে চন্দ্র দীপ্যমান্ হয়।

(২) মূলে "নির্ঋতিং" আছে। "অস্মদনিষ্টকারিণীং নির্ঋতিং পাপদেবতাং।" সায়ণ। ঋত অর্থে নিয়ম বা সত্য বা যজ্ঞ। নির্ঋত অর্থে অনিয়ম বা অসত্য বা পাপ। তাহা হইতে পাপ দেবীর নাম নির্ঋতি হইল। "*Nirriti* was conceived, it would seem, as going away from the path of right, the German Vergehen. *Nirriti* was personified as a power of evil or destruction."—Max Muller's *Rig Veda*, vol. I.

(৩) "ঋক্ষাঃ" মূলে আছে। "ঋক্ষাঃ সপ্ত ঋষয়ঃ।" "যদ্বা ঋক্ষাঃ সর্ব্বেঽপি নক্ষত্র-বিশেষাঃ।" সায়ণ। সপ্তর্ষি নক্ষত্রকে ঋক্ষ (ভল্লুক) এবং ইউরোপীয় ভাষায় Great bear বলে কেন? ইহার একটি অতি রহস্যজনক কারণ আছে। ঋচ্ বা অর্চ্ ধাতুর অর্থ উজ্জ্বল হওয়া বা অর্চনা করা। উজ্জ্বল হওয়া অর্থে এই ধাতু হইতে উজ্জ্বল লোমধারী ভল্লুকের নাম ঋক্ষ হয়, এবং উজ্জ্বল সপ্তর্ষি নক্ষত্রের নামও ঋক্ষ হয়। কালক্রমে লোকে ঋক্ষ শব্দের নক্ষত্র অর্থটী ভুলিয়া গেল, এবং যে সপ্তর্ষি নক্ষত্রকে ঋক্ষ কহিত তাহার অর্থ ভল্লুক নক্ষত্র করিল।

"Riksha in the sense of bright has become the name of the bear, so called either from his bright eyes or from his brilliant tawny fur. . . . The same nam · in the sense of the bright ones had been applied by the Vedic poets to the stars in general, and more particularly to that constellation which in northern parts of India was the most prominent. . . . And thus it happened that when the Greeks had left their central home and

১১। আমি স্তোত্র দ্বারা স্তব করিয়া তোমার নিকট সেই পরমায়ু বাঞ্ছা করি, যজমান হব্যদ্বারা তাহাই প্রার্থনা করে। হে বরুণ! তুমি এ বিষয়ে অনাদর না করিয়া মনোযোগ কর, তুমি বহুলোকের স্তুতিভাজন, আমার আয়ু লইও না।

১২। রাত্রিতে ও দিবাযোগে লোকে আমাকে ইহাই কহিয়াছে, আমার হৃদয়স্থ জ্ঞানও এইরূপ প্রকাশ করিতেছে, আবদ্ধ হইয়া শুনঃশেপ যে বরুণকে আহ্বান করিয়াছে সেই রাজা আমাদিগকে মুক্তি দান করুন।

১৩। শুনঃশেপ ধৃত হইয়া ও তিন পদ কাষ্ঠে বদ্ধ হইয়া অদিতির পুত্র বরুণকে আহ্বান করিয়াছিল; অতএব বিদ্বান্ ও অহিংসিত বরুণ তাহাকে মুক্তি দিন, তাহার বন্ধন মোচন করিয়া দিন।

১৪। হে বরুণ! নমস্কার করিয়া তোমার ক্রোধ অপনয়ন করি, যজ্ঞের হব্যদান করিয়া তোমার ক্রোধ অপনয়ন করি। হে অসুর (১)! হে প্রচেতঃ! হে রাজন্! আমাদিগের জন্য এই যজ্ঞে নিবাস করিয়া আমাদের কৃত পাপ শিথিল কর।

১৫। হে বরুণ! আমার উপরের পাশ উপর দিয়া খুলিয়া দাও, আমার নীচের পাশ নীচে দিয়া খুলিয়া দাও, মধ্যের পাশ খুলিয়া শিথিল করিয়া দাও।

---

settled in Europe, they retained the name of *Arktos* for the same unchanging stars. . . . Thus the name of the Arctic regions rests on a misunderstanding of a name framed thousands of years ago in central Asia; and the surprise with which many a thoughtful observer has looked at these seven bright stars, wondering why they were ever called the Bear, is removed by a reference to the early annals of human speech"—Max Muller's *Science of Language.*

(১) অস্ ধাতু অর্থ ক্ষেপণ, অতএব সায়ণ "অসুর" অর্থ "অনিষ্টক্ষেপণশীল করিয়াছেন। কিন্তু বরুণকে "অসুর" বলিবার ইহা অপেক্ষা গূঢ় কারণ আছে।

আদিম আর্য্যগণ উপাস্যদিগকে "অসুর" বা দেব বলিতেন। পরে সেই আর্য্যদিগের মধ্যে একটী বিবাদ ও বিচ্ছেদ হইয়া দুইটী দল হইল এবং একদলের লোক অন্য দলের উপাস্যদিগকে নিন্দা করিতে লাগিল। সেই দুই দলের এক দল ভারতবর্ষে আসিলেন, তাঁহারা প্রাচীন হিন্দুগণ, অন্য দলে প্রাচীন ইরানীয় গণ। ইরানীয়গণ উপাস্যদিগের সাধারণ নাম "অহুর" দিলেন এবং হিন্দুদিগের উপাস্য "দেব" গণকে নিন্দা করিতে লাগিলেন। এবং হিন্দুগণ উপাস্যদিগের নাম "দেব" দিলেন এবং ইরানীয়দিগের উপাস্য "অসুর"দিগকে নিন্দা করিতে লাগিলেন। ২৪ সূক্তের ৩ ঋকের টীকা দেখ।

তৎপরে হে অদিতিপুত্র! আমরা তোমার ব্রত খণ্ডন না করিয়া পাপরহিত হইয়া থাকিব।

২৫ সূক্ত।

বরুণ দেবতা। অজীগর্ত্তের পুত্র শুনঃশেপ ঋষি।

১। যেমন লোকে ভ্রম করে সেইরূপ আমরাও দিনে দিনে তোমার ব্রত সাধনে ভ্রম করিয়া থাকি।

২। হে বরুণ! অনাদর করিয়া, হননকারী হইয়া তুমি আমাদিগকে বধ করিও না, ক্রুদ্ধ হইয়া আমাদিগের উপর ক্রোধ প্রকাশ করিও না।

৩। হে বরুণ! রথস্বামী যেরূপ শ্রান্ত অশ্বকে (পরিতৃপ্ত করে), আমরা সুখের জন্য সেইরূপ স্তুতিদ্বারা তোমার মন প্রসন্ন করি।

৪। পক্ষিগণ যেরূপ নিবাস স্থানের দিকে ধাবমান হয়, আমার ক্রোধ-রহিত চিন্তা সমূহ সেইরূপ ধন প্রাপ্তির জন্য ধাবিত হইতেছে।

৫। বরুণ বলবান্, নেতা ও বহু লোককে দর্শন করেন, কবে আমরা সুখের জন্য তাঁহাকে (এই যজ্ঞে) আনিতে পারিব?

৬। যজ্ঞানুষ্ঠাতা হব্যদাতার প্রতি প্রসন্ন হইয়া (মিত্র ও বরুণ) এই সাধা-রণ হব্য গ্রহণ করিতেছেন, অগ্রাহ্য করেন না।

৭। যিনি অন্তরীক্ষগামী পক্ষীদিগের পথ জানেন, যিনি সমুদ্রে নৌকা সমূহের পথ জানেন।

৮। যিনি ধৃতব্রত হইয়া স্ব স্ব ফলোৎপাদী দ্বাদশ মাস জানেন, এবং যে ত্রয়োদশ মাস উৎপন্ন হয় (১) তাহাও জানেন।

৯। যিনি বিস্তীর্ণ, কমনীয়, ও মহৎ, বায়ুর পথ জানেন, উপরে যাঁহারা বাস করেন তাঁহাদেরও জানেন।

(১) সূর্য্যের চতুর্দ্দিকে পৃথিবীর গতিদ্বারা যে বৎসর গণনা করা যায়, দ্বাদশ অমাবস্যা গণনা করিলে তাহা অপেক্ষা কয়েকদিন কম হইয়া পড়ে; এই জন্য সৌরবৎসর ও চান্দ্র-বৎসরের মধ্যে ঐক্য বিধান করিবার জন্য চান্দ্রবৎসরের প্রতি তৃতীয় বৎসরে একটি অধিক মাস, (মলিম্লুচ বা মলমাস) ধরিতে হয়: এ ঋক হইতে প্রতীয়মান হইতেছে যে প্রাচীন বৈদিক হিন্দুগণ উভয় বৎসরের গণনা জানিতেন, এবং উভয়বৎসরের মধ্যে ঐক্য বিধান করিতেও জানিতেন।

১০। ধৃতব্রত ও শোভনকর্ম্মা বরুণ স্বর্গীয় সন্ততিদিগের মধ্যে সাম্রাজ্য-সিদ্ধির জন্য আসিয়া উপবেশন করিয়াছেন।

১১। জ্ঞানবান লোকে তাঁহার প্রসাদে সকল অদ্ভুত ঘটনা, যাহা সম্পাদিত হইয়াছে বা হইবে, সমস্তই দেখিতে পান।

১২। সেই শোভনকর্ম্মা অদিতিপুত্র আমাদিগকে সকল দিনই সুপথগামী করুন, আমাদিগের আয়ু বর্দ্ধন করুন।

১৩। বরুণ সুবর্ণের পরিচ্ছদ ধারণ করিয়া আপন পুষ্ট শরীর আচ্ছাদন করেন, হিরণ্যস্পর্শী রশ্মি চারিদিকে বিস্তৃত হয়।

১৪। বৈরগণ যাঁহার প্রতি বৈরতা করিতে পারে না, মনুষ্যপীড়কগণ যাঁহাকে পীড়া দিতে পারে না, পাপীরা যে দেবের প্রতি পাপাচরণ করিতে পারে না।

১৫। যিনি মনুষ্যদিগের জন্য, আমাদিগের উদরের জন্য, যথেষ্ট অন্ন প্রস্তুত করিয়াছেন।

১৬। বরুণ বহুলোক দ্বারা দৃষ্ট; গাভী যেরূপ গোষ্ঠের দিকে যায়, আমার চিন্তা নিবৃত্তিরহিত হইয়া তাঁহার দিকে যাইতেছে।

১৭। হে বরুণ! যে হেতু আমার মধুর হব্য প্রস্তুত হইয়াছে, হোতার ন্যায় তুমি সেই প্রিয় হব্য ভক্ষণ কর; পরে আমরা উভয়ে আলাপ করিব।

১৮। সকলের দর্শনীয় বরুণকে আমি দৃষ্ট করিয়াছি, ভূমিতে তাঁহার রথ বিশেষ করিয়া দেখিয়াছি, আমার স্তুতি তিনি গ্রহণ করিয়াছেন।

১৯। হে বরুণ! আমার এই আহ্বান শ্রবণ কর, অদ্য আমাকে সুখী কর, তোমার রক্ষণাকাঙ্ক্ষী হইয়া আমি ডাকিতেছি।

২০। হে মেধাবী বরুণ! তুমি দ্যুঃলোকে ও ভূলোকে ও সমস্ত জগতে দীপ্যমান রহিয়াছ,আমাদিগের ক্ষেমপ্রাপ্তির জন্য প্রার্থনা শ্রবণানন্তর তুমি উত্তর দান কর।

২১। আমাদিগের উপরের পাশ উপর দিয়া খুলিয়া দাও, মধ্যের পাশ খুলিয়া দাও, নীচের পাশ খুলিয়া দাও, যেন আমরা জীবিত থাকি।

২৬ সূক্ত।

অগ্নি দেবতা। অজীগর্তের পুত্র শুনঃশেপ ঋষি।

১। হে যজ্ঞভাজন অন্নপালক অগ্নি! স্বকীয় তেজ গ্রহণ কর আমাদিগের এই যজ্ঞ সম্পাদন কর।

২। হে অগ্নি! তুমি সর্ব্বদা যবিষ্ঠ, বরণীয়, ও তেজঃসম্পন্ন, আমাদিগের হোমনিষ্পাদক হইয়া, দীপ্তিমান্ বাক্য দ্বারা স্তুত হইয়া উপবেশন কর।

৩। হে বরণীয় অগ্নি! পিতা পুত্রের প্রতি যেরূপ, বন্ধু বন্ধুর প্রতি যেরূপ, সখা সখার প্রতি যেরূপ, তুমি আমার প্রতি সেইরূপ দানশীল হও।

৪। শত্রুবিনাশক বরুণ মিত্র ও অর্য্যমা যেরূপ মনুর যজ্ঞে উপবেশন করিয়াছিলেন, সেইরূপ আমাদিগের যজ্ঞের কুশে উপবেশন করুন।

৫। হে পুরাতন হোমনিষ্পাদক! আমাদিগের এই যজ্ঞে ও মিত্রতায় তুমি হৃষ্ট হও, এই স্তুতি বাক্য শ্রবণ কর।

৬। নিত্য ও বিস্তীর্ণ হব্য দ্বারা অন্যান্য দেবকে আমরা যে যজ্ঞ করি সে হব্য তোমাকেই প্রদত্ত হয়।

৭। সর্ব্ব প্রজাপালক, হোমনিষ্পাদক, হর্ষযুক্ত, ও বরণীয় অগ্নি আমাদি-গের প্রিয় হউন, আমরাও যেন শোভনীয় অগ্নিযুক্ত হইয়া তোমার প্রিয় হই।

৮। যে হেতু শোভনীয় অগ্নিযুক্ত দীপ্যমান্ দেবগণ আমাদের বরণীয় হব্য ধারণ করিয়াছেন, অতএব আমরা শোভনীয় অগ্নিযুক্ত হইয়া যাচ্ঞা করি।

৯। হে অগ্নি! তুমি অমর, আমরা মর্ত্য মনুষ্য, আইস আমাদিগের পর-স্পর প্রশংসা করি।

১০। হে বলের পুত্র অগ্নি! তুমি সমস্ত অগ্নিসমূহের সহিত এই যজ্ঞ ও স্তোত্র গ্রহণ করিয়া অন্ন প্রদান কর।

২৭ সূক্ত।

অগ্নি দেবতা। অজীগর্ত্তের পুত্র শুনঃশেপ ঋষি।

১। হে অগ্নি! তুমি পুচ্ছযুক্ত অশ্বসদৃশ, এবং যজ্ঞের সম্রাট্; আমরা স্তুতি দ্বারা তোমার বন্দনা করিতে (প্রবৃত্ত হইয়াছি।)

২। অগ্নি বলের পুত্র ও পৃথুগমন, তিনি আমাদিগের প্রতি প্রসন্ন হউন, আমাদিগের অভীষ্ট বস্তু বর্ষণ করুন।

৩। হে সর্ব্বত্রগামী অগ্নি! তুমি দূরে ও আসন্ন দেশে পাপাচারী মনুষ্য হইতে আমাদিগকে সর্ব্বদা রক্ষা কর।

৪। হে অগ্নি! তুমি আমাদিগের এই হব্যের কথা এবং এই নূতন গায়ত্রীচ্ছন্দে রচিত স্তোত্র দেবগণের নিকটে বলিও।

৫। পরম অন্ন ও মধ্যম অন্ন আমাদিগকে প্রদান কর, অন্তিকস্থ ধন প্রদান কর।

৬। হে বিচিত্ররশ্মি অগ্নি! সিন্ধুর সমীপে ঊর্ম্মির ন্যায় তুমি ধনের বিভাগ কর্ত্তা; হব্যদাতাকে তুমি সদ্যঃ কর্ম্মফল বর্ষণ কর।

৭। হে অগ্নি! সংগ্রামে তুমি যে মনুষ্যকে রক্ষা কর, যাহাকে তুমি সংগ্রামে প্রেরণ কর, সে নিত্য অন্ন লাভ করিবেক।

৮। হে শত্রুপরাজয়ী অগ্নি! তোমার ভক্তকে কেহ আক্রমণ করিতে পারে না, কেন না তাহার প্রসিদ্ধ বল আছে।

৯। সর্ব্ব মনুষ্যপূজিত সেই অগ্নি অশ্ব দ্বারা আমাদিগকে যুদ্ধে পার করাইয়া দিন; মেধাবী ঋত্বিকগণের কর্ম্মে (পরিতুষ্ট হইয়া) ফলদাতা হউন।

১০। হে অগ্নি! তুমি স্তুতি দ্বারা জাগরিত হও; ভিন্ন ভিন্ন যজমানকে অনুগ্রহ করিয়া যজ্ঞানুষ্ঠানার্থ যজ্ঞে প্রবেশ কর। তুমি রুদ্র (১) তোমাকে সু্ন্দর স্তোত্রে স্তুতি করিতেছি।

১১। অগ্নি মহৎ, পরিমাণরহিত, ধূমরূপ কেতুবিশিষ্ট ও বহুদীপ্তি সম্পন্ন; অগ্নি আমাদিগের যজ্ঞে ও অন্নে প্রীত হউন।

১২। অগ্নি প্রজাপালক, দেবগণের হোতা, দেবদূত, স্তোত্রভাজন ও প্রৌঢ়রশ্মিসম্পন্ন; তিনি ধনবান্ লোকের ন্যায় আমাদিগের স্তুতি শ্রবণ করুন।

১৩। মহৎ দেবগণকে নমস্কার, অর্ভক দেবদিগকে নমস্কার, যুবা দেবগণকে নমস্কার, বৃদ্ধ দেবগণকে নমস্কার; যদি সাধ্য থাকে দেবগণকে অর্চ্চনা করিব; হে দেবগণ! যেন বৃদ্ধদেবের স্তুতি না ছাড়িয়া দিই।

২৮ সূক্ত।

ইন্দ্র প্রভৃতি দেব। অজীগর্ত্তের পুত্র শুনঃশেপ ঋষি।

১। যে যজ্ঞে সোমরসের অভিষবার্থ স্থূলমূল প্রস্তর উন্নত করা হয়, হে ইন্দ্র! সেই যজ্ঞে উলূখল দ্বারা অভিষুত সোমরস আপনার জানিয়া পান কর।

২। যে যজ্ঞে দুই জঘনের ন্যায় অভিষব ফলকদ্বয় বিস্তৃত হয়, হে ইন্দ্র! সেই যজ্ঞে উলূখল দ্বারা অভিষুত সোমরস আপনার জানিয়া পান কর।

(১) রুদ্র সম্বন্ধে ৪৩ সূক্তের ১ ঋকের টীকা।

৩। যে যজ্ঞে নারী যজ্ঞশালায় প্রবেশ ও তথা হইতে বহির্গমন অভ্যাস করে (১), হে ইন্দ্র সেই যজ্ঞে উলূখল দ্বারা অভিষুত সোমরস আপনার জানিয়া পান কর।

৪। যে যজ্ঞে সংযমরজ্জুর ন্যায় রজ্জুদ্বারা মথনদণ্ডকে বাঁধা যায় হে ইন্দ্র! সেই যজ্ঞে উলূখল দ্বারা অভিষুত সোমরস আপনার জানিয়া পান কর।

৫। হে উলূখল! যদিও তুমি গৃহে গৃহে ব্যবহৃত হও? তথাপি এই যজ্ঞে তুমি বিজয়ীদিগের দুন্দুভির ন্যায় প্রভূত ধ্বনিযুক্ত শব্দ কর।

৬। হে উলূখল রূপ বনস্পতি (২)! তোমার সম্মুখে বায়ু বহিতেছে; অতএব হে উলূখল! ইন্দ্রের পানার্থ সোমরস অভিষব কর।

৭। হে অন্নপ্রদ যজ্ঞের উপকরণদ্বয় (৩)! খাদ্য চর্ব্বণকালে ইন্দ্রের অশ্বদ্বয় যেরূপ ধ্বনি করে, সেইরূপ প্রৌঢ় ধ্বনিযুক্ত হইয়া তোমরা পুনঃ পুনঃ বিহার কর।

৮। হে দর্শনীয় বনস্পতিদ্বয়! দর্শনীয় অভিষব যন্ত্র দ্বারা তোমরা অদ্য ইন্দ্রের জন্য মধুর সোমরস প্রস্তুত কর।

৯। হে ঋত্বিক্! অভিষব ফলকদ্বয় হইতে অবশিষ্ট সোম উঠাও, পবিত্রে রাখ, গোচর্ম্মে স্থাপন কর।

---

২৯ সূক্ত।

ইন্দ্র দেবতা। অজীগর্ত্তের পুত্র শুনঃশেপ ঋষি।

১। হে সোমপায়ী সত্যবাদী ইন্দ্র! যদিও আমরা প্রসিদ্ধ না হইয়া থাকি তথাপি হে বহুধনশালী ইন্দ্র! শোভনীয় ও সহস্র গো ও অশ্বদ্বারা আমাদিগকে প্রশংসনীয় কর।

২। হে শক্তিমান্ সুশিপ্র অন্নপালক ইন্দ্র! তোমার অনুগ্রহ চিরস্থায়ী! হে বহুধনশালী ইন্দ্র! শোভনীয় ও সহস্র গো ও অশ্ব দ্বারা আমাদিগকে প্রশংসনীয় কর।

---

(১) "নারী অপচ্যবম্ উপচ্যবম্ চ শিক্ষতে" মূলে এইরূপ আছে। "The scholiast explains the terms *Apachyava* and *Upachyava*, going in and going out of the hall (Sala); but it would perhaps rather be moving up and down with reference to the action of the pestle."—*Wilson*.

(২) উলূখল কাষ্ঠ নির্ম্মিত, এই জন্য বনস্পতি শব্দের প্রয়োগ।

(৩) মূলে "আয়জী" আছে। 'হে উলূখলমুষলে আয়জী সর্ব্বতো যজ্ঞ সাধনে। সায়ণ।"

৩। যে (যমদূতী দ্বয়) পরস্পর পরস্পরকে দেখে তাহাদিগকে সুপ্ত কর, তাহারা যেন অচেতন হইয়া থাকে। হে বহুধনশালী ইন্দ্র! শোভনীয় ও সহস্র গো ও অশ্ব দ্বারা আমাদিগকে প্রশংসনীয় কর।

৪। হে শূর! আমাদিগের অরাতিগণ সুপ্ত থাকুক, বন্ধুগণ জাগরিত থাকুক। হে বহুধনশালী ইন্দ্র! শোভনীয় ও সহস্র গো ও অশ্বদ্বারা আমাদিগকে প্রশংসনীয় কর।

৫। হে ইন্দ্র! ঐ গর্দ্দভ পাপ বচনদ্বারা তোমার নিন্দা করিতেছে, উহাকে বধ কর। হে বহুধনশালী ইন্দ্র! শোভনীয় ও সহস্র গো ও অশ্ব দ্বারা আমাদিগকে প্রশংসনীয় কর।

৬। প্রতিকূল বায়ু কুটিল গতির সহিত বন হইতেও দূরে পড়ুক। হে বহুধনশালী ইন্দ্র! শোভনীয় ও সহস্র গো ও অশ্বদ্বারা আমাদিগকে প্রশংসনীয় কর।

৭। সমস্ত আক্রোশকারীকে হনন কর, হিংসাকারীদিগকে বিনাশ কর। বহুধনশালী ইন্দ্র! শোভনীয় ও সহস্র গো ও অশ্বদ্বারা আমাদিগকে প্রশংসনীয় কর।

৩০ সূক্ত।

ইন্দ্র দেবতা। অজীগর্ত্তের পুত্র শুনঃশেপ ঋষি।

১। লোকে যেরূপ কূপকে (জলপূর্ণ করে), আমরা অন্নাকাঙ্ক্ষী হইয়া সেইরূপ তোমাদের শতক্রতু বিশিষ্ট ও অতি প্রবৃদ্ধ ইন্দ্রকে সোম রসের দ্বারা সেচন করি।

২। তিনি শতবিশুদ্ধসোমরসের নিকট এবং আশীর নামক সহস্র শ্রপণ দ্রব্য মিশ্রিত সোমরসের নিকট আইসেন, যেরূপ (জল) নিম্নভূমিতে যায়।

৩। এই (শত বা সহস্র সোম) বলবান্ ইন্দ্রের হর্ষের জন্য একত্রিত হয়, ইহার দ্বারা ইন্দ্রের উদর সমুদ্রের ন্যায় ব্যাপ্ত হয়।

৪। যেরূপ কপোত গর্ভধারিণী কপোতীকে গ্রহণ করে, হে ইন্দ্র! এই (সোম) তোমার, তুমিও সেইরূপ ইহা গ্রহণ কর ; ও সেই কারণে আমাদিগের বচন গ্রহণ কর।

৫। হে ধনপালক স্তুতিভাজন বীর! তোমার এইরূপ স্তোত্র ; তোমার বিভূতি প্রিয় ও সত্য হউক।

৬। হে শতক্রতু! এই সংগ্রামে আমাদের রক্ষার্থে উৎসুক হও;; অন্য কার্য্যের বিষয় (তুমি ও আমি) মিলিত হইয়া বিচার করিব।

৭। ভিন্ন ভিন্ন কর্ম্মের উপক্রমে, ভিন্ন ভিন্ন যুদ্ধে আমরা অতিশয় বলবান্ ইন্দ্রকে রক্ষার জন্য সখার ন্যায় আহ্বান করি।

৮। যদি ইন্দ্র আমাদিগের আহ্বান শ্রবণ করেন তবে নিশ্চয়ই সহস্র রক্ষণ কার্য্যের সহিত ও অন্নের সহিত নিকটে আইসুন।

৯। ইন্দ্র বহুলোকের নিকট গমন করেন, পুরাতন আবাস হইতে (১) আমি সেই পুরুষকে আহ্বান করি, যাঁহাকে পিতা পূর্ব্বে আহ্বান করিয়াছিলেন।

১০। হে ইন্দ্র! তুমি সকলের বরণীয় ও বহুলোকদ্বারা আহূত, তুমি সখা ও নিবাসহেতু, তোমার স্তোতৃদিগের প্রতি অনুগ্রহার্থ তোমার নিকট প্রার্থনা করি।

১১। হে সোমপায়ী, সখা, বজ্রধারী ইন্দ্র! আমরা ও তোমার সখা ও সোমপায়ী; আমাদের দীর্ঘ নাসিক (গাভীদল বৃদ্ধি হউক।)

১২। হে সোমপায়ী, সখা, বজ্রধারী! এইরূপই হউক, তুমি এইরূপ আচরণ কর, যেন আমরা মঙ্গলার্থ তোমার (অনুগ্রহ) কামনা করি।

১৩। ইন্দ্র আমাদিগের প্রতি হৃষ্ট হইলে আমাদিগের (গাভীগণ) দুগ্ধবতী ও প্রভূত বলশালিনী হইবে, (সে গাভী) হইতে খাদ্য পাইয়া আমরা হৃষ্ট হইব।

১৪। হে সাহসী ইন্দ্র! তোমার ন্যায় দেব স্বয়ং হৃষ্ট হইয়া, আমাদিগের দ্বারা যাচিত হইয়া স্তোতৃদিগকে অভীষ্ট অর্থ অবশ্যই আনিয়া দিবেন; চক্রদ্বয় যেরূপ অক্ষকে (ফিরাইয়া) আনে।

১৫। হে শতক্রতু! যেরূপ শকটের গতি অক্ষকে ফিরায়, তুমি সেইরূপ স্তোতৃদিগের প্রার্থিত ধন তাহাদিগের কামনা অনুসারে অর্পণ কর।

১৬। ইন্দ্রের যে অশ্বগণ আহারের পর পর্য্যাপ্তিসূচক শব্দ করে, হ্রেষারব করে, ও ঘন ঘন শ্বাস নিক্ষেপ করে সেই অশ্বগণ দ্বারা ইন্দ্র সর্ব্বদাই ধন জয় করিয়াছেন; কর্ম্মবান্ ও দানশীল ইন্দ্র আমাদিগের গ্রহণার্থ হিরণ্ময় রথ দিয়াছেন।

---

(১) কাহার পুরাতন আবাস হইতে? "পুরাতনস্য ওকসঃ স্থানস্য স্বর্গরূপস্য সকাশাৎ" সায়ণ। কিন্তু কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় অর্থ করিয়াছেন "*From the site of our* ancient home."

১৭। হে অশ্বিদ্বয়! বহু অশ্বের দ্বারা প্রেরিত অন্নের সহিত আইস; হে শত্রুবিনাশক! (আমাদিগের গৃহ) গাভীযুক্ত ও হিরণ্যযুক্ত (হউক।)

১৮। হে শত্রুবিনাশক! তোমাদের উভয়ের জন্য সংযোজিত রথ বিনাশরহিত; ইহা অন্তরীক্ষে গমন করে।

১৯। তোমরা রথের এক চক্র বিনাশরহিত পর্ব্বতের উপর স্থির করিয়াছ, অন্য চক্র আকাশের চারি দিকে ভ্রমণ করিতেছে।

২০। হে স্তুতিপ্রিয়া অমর ঊষা! কোন মনুষ্য তোমার সম্ভোগের জন্য! হে প্রভাবযুক্ত! তুমি কাহাকে প্রাপ্ত হও?

২১। হে ব্যাপনশীল বিচিত্র দীপ্যমান ঊষা! আমরা নিকট হইতে অথবা দূর হইতে তোমাকে বুঝিতে পারি না।

২২। হে স্বর্গদুহিতে! সেই অন্নের সহিত তুমি আগমন কর, আমাদিগকে ধন প্রদান কর (২)।

---

(২) ঊষা আর্য্যদিগের এক অতি প্রাচীন উপাস্য দেব ছিলেন, সুতরাং আর্য্য জাতির ভিন্ন ২ শাখার মধ্যে তাঁহার নাম ও উপাসনা দেখা যায়। Her names in the Rig Veda are Arjuni, Brisaya, Dahana, Ushas, Sarama, and Saranyu, and all these names reappear among the Greeks as Argynoris, Briseis, Daphne, Eos, Helen, and Erinys."—Rajendra Lal Mitra's *Indo-Aryans*.

কিন্তু কেবল যে নামে সাদৃশ্য আছে তাহা নহে, ঊষা সম্বন্ধে এক প্রকারই কয়েকটী গল্প হিন্দু ও গ্রীকদিগের মধ্যে পাওয়া যায়। ২০ সূক্তের ৬ ঋকের টীকায় সরণ্যুর কথা দেখ। ১১৫ সূক্তের ২ ঋকে সূর্য্য ঊষার পশ্চাৎ ধাবমান্ হইতেছেন এরূপ কথা আছে; গ্রীকদিগের মধ্যেও প্রসিদ্ধ গল্প আছে যে Apollo (সূর্য্য) Daphne (অর্থাৎ "দহনা") দেবীর পশ্চাৎধাবন্ করিয়াছিলেন এবং তাঁহাকে ধরিবা মাত্র Daphne বিনাশ প্রাপ্ত হইলেন। এ গল্পের অর্থও সরল, সূর্য্য উদয় হইলেই ঊষা শেষ হয়। আবার ঋগ্বেদে ঊষাকে এক স্থানে "অহনা" নাম দেওয়া হইয়াছে; গ্রীকদিগের সুবুদ্ধির দেবী Athena, এই "অহনার" রূপান্তর মাত্র। অতএব Athenians অর্থ ঊষার সন্তানগণ।

বেদে হ্রস্ব "উ" দিয়া উষা লিখা আছে, কিন্তু বাঙ্গালা ভাষার রীতি অনুসারে আমরা দীর্ঘ "ঊ" ব্যবহার করিলাম।

৩১ সূক্ত।

অগ্নি দেবতা। অঙ্গিরার পুত্র হিরণ্যস্তূপ ঋষি।

১। হে অগ্নি! তুমি অঙ্গিরা ঋষিদিগের আদি ঋষি ছিলে (১) দেব হইয়া দেবগণের মঙ্গলময় সখা হইয়াছ; তোমার কর্ম্মে মেধাবী, জ্ঞাতকর্ম্মা ও উজ্জ্বলায়ুধ মরুৎগণ জন্মগ্রহণ করিয়াছিলেন।

২। হে অগ্নি! তুমি অঙ্গিরাদিগের মধ্যে প্রথম ও সর্ব্বোত্তম; তুমি মেধাবী, এবং দেবগণের যজ্ঞভূষিত কর; তুমি সমস্ত জগতের বিভু; তুমি মেধাবান্ ও দ্বিমাতৃ (২); তুমি মনুষ্যের উপকারার্থ ভিন্ন২ রূপে সকল স্থানেই বর্ত্তমান আছ।

৩। হে অগ্নি! তুমি মাতরিশ্বার অগ্রগামী (৩), তুমি শোভনীয় যজ্ঞের ইচ্ছায় পরিচর্য্যাকারী যজমানের নিকট আবির্ভূত হও; তোমার সামর্থ্য দেখিয়া আকাশ ও পৃথিবী কম্পিত হয়; তোমাকে হোতারূপে বরণ করাতে তুমি যজ্ঞে সে ভার বহন করিয়াছ; হে নিবাসহেতু! তুমি পূজ্য দেবগণের যজ্ঞ সম্পাদন করিয়াছ।

৪। হে অগ্নি! তুমি মনুকে স্বর্গলোকের কথা বলিয়াছিলে (৪); পুরুরবা রাজা সুকৃতি করিলে তুমি তাঁহার প্রতি অধিকতর ফল দান করিয়াছিলে (৫); যখন তোমার পিতৃরূপ কাষ্ঠদ্বয়ের ঘর্ষণে উৎপন্ন হও, তখন তোমাকে বেদির পূর্ব্বদেশে আনে, পরে পশ্চিম দিকে লইয়া যায়।

(১ "অঙ্গিরসানাং ঋষীনাং সর্ব্বেষাং জনকত্বাৎ।" সায়ণ। অঙ্গিরাগণ কাহারা? যাস্ক বলেন অঙ্গিরা অঙ্গার মাত্র। ঐতরেয় ব্রাহ্মণ অনুসারে ও অঙ্গিরাঋষিগণ প্রথমে যজ্ঞাগ্নির অঙ্গার মাত্র ছিলেন। কিন্তু অঙ্গিরার কথা সমস্তই উপমা এরূপ বোধ হয় না। অঙ্গিরা নামে প্রকৃত একটী প্রাচীন ঋষিবংশ ছিল, এবং সেই ঋষিগণ ভারতবর্ষে অগ্নির পূজা অনেকটা প্রচার করিয়া ছিলেন। ৭১ সূক্তের ৩ ঋকের টীকা দেখ।

(২) দুই কাষ্ঠের ঘর্ষণে উৎপন্ন এই জন্য। "দ্বয়োররণ্যোরুৎপন্নঃ।" সায়ণ।

(৩) "অগ্নির্বায়ুরাদিত্য" এই বচনে বায়ুর পূর্ব্বে অগ্নির নাম আছে। সায়ণ। কিন্তু ঋগ্বেদে মাতরিশ্বা অর্থে বায়ু নহে, মাতরিশ্বা অগ্নির রূপ বিশেষ। ৬০ সূক্তের ১ ঋকের টীকা দেখ।

(৪) পুণ্য কর্ম্মদ্বারা স্বর্গ পাওয়া যায় একথা অগ্নি মনুকে বলিয়াছিলেন। সায়ণ। মনু বিবস্বানের পুত্র ও সবর্ণার গর্ভে জাত। যাস্ক।

(৫) পুরূরবা রাজা ঘর্ষণ দ্বারা অগ্নি উৎপন্ন করিয়া তাহা হইতে তিন প্রকার যজ্ঞ অগ্নি প্রস্তুত করিয়াছিলেন, এইরূপ আখ্যান বিষ্ণুপুরাণে আছে।

৫। হে অগ্নি! তুমি অভীষ্টবর্ষী ও পুষ্টিবর্দ্ধক; যজমান স্রুচ উন্নত করিবার সময় তোমার যশ কীর্ত্তন করে; যে যজমান বষট্ শব্দ উচ্চারণ করিয়া আহুতি সমর্পণ করে, হে একমাত্র অন্নদাতা অগ্নি! তুমি প্রথমে তাহাকে, তৎপর সকল লোককে আলোক দান কর।

৬। হে বিশিষ্ট জ্ঞানযুক্ত অগ্নি! তুমি বিপথগামী পুরুষকে তাহার উদ্ধার যোগ্য কার্য্যে নিযুক্ত কর; যুদ্ধ চতুর্দ্দিকে বিস্তৃত হইয়া সম্যক্‌রূপে আরম্ভ হইলে তুমি অল্প সংখ্যক বীরত্বরহিত পুরুষদিগের দ্বারা প্রধান ২ বীরদিগকেও হনন কর।

৭। হে অগ্নি! তুমি সেই মনুষ্যকে দিনে ২ অন্নের জন্য উৎকৃষ্ট ও মরণ রহিত পদে ধারণ কর; যে উভয়রূপ জন্মের জন্য অতিশয় তৃষাযুক্ত হয়, সেই অভিজ্ঞ যজমানকে সুখ ও অন্ন দান কর।

৮। হে অগ্নি! আমরা ধন দানের জন্য তোমাকে স্তুতি করি, তুমি যশোযুক্ত ও যজ্ঞসম্পাদক পুত্র দান কর; নূতন পুত্রদ্বারা যজ্ঞ কর্ম্ম বৃদ্ধি করিব। হে দ্যু ও পৃথিবী, দেবগণের সহিত আমাদিগকে সম্যক্‌রূপে রক্ষা কর।

৯। হে দোষরহিত অগ্নি! তুমি সকল দেবগণের মধ্যে জাগরূক; তোমার মাতা পিতার সমীপে বর্ত্তমান থাকিয়া আমাদিগকে পুত্র দান করিয়া অনুগ্রহ কর; যজ্ঞ কর্ত্তার প্রতি প্রসন্নমতি হও; হে কল্যাণ রূপ অগ্নি! তুমি সকল ধন বপন করিয়াছ।

১০। হে অগ্নি! তুমি আমাদিগের প্রতি প্রসন্নমতি, তুমি আমাদিগের পিতাস্বরূপ, তুমি পরমায়ু দাতা, আমরা তোমার বন্ধু। হে অহিংসনীয় অগ্নি! তুমি শোভনপুরুষযুক্ত ও ব্রতপালক, শত ও সহস্র ধন তোমাকে প্রাপ্ত হয়।

১১। হে অগ্নি! দেবগণ প্রথমে তোমাকে নহুষের (৬) মনুষ্যরূপধারী সেনাপতি করিয়াছিলেন, এবং ইলাকে (৭) মনুর ধর্ম্মোপদেষ্ট্রী করিয়াছিলেন। পুত্র যেন পিতৃতুল্য হয়।

---

(৬) পুরূরবার পৌত্র নহুষ দর্পের জন্য স্বর্গচ্যুত হইয়াছিলেন এরূপ বিষ্ণুপুরাণে লিখিত আছে, কিন্তু অগ্নি নহুষের সেনাপতি হইয়াছিলেন এরূপ কথা দেখা যায় না।

(৭) ইলা মনুর কন্যা বলিয়া পুরাণে বর্ণিত। ফরাসী পণ্ডিত বর্ণুফ এই ঋকে ইলা অর্থে বাক্য এবং মনু অর্থে মনুষ্য করিয়াছেন তাঁহার অনুবাদ এই "Les dieux ont fait de la parole l'institutrice de l'homme" কিন্তু অনেক স্থলে "ইলা" অর্থে পৃথিবী বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে ৩ মণ্ডলের ২৪ সূক্ত ৪ ঋক্ ও ২৭ সূক্তের ১০ ঋক্ দেখ।

১২। হে বন্দনীয় অগ্নি! আমরা ধনযুক্ত, তুমি পালনকার্য্য সমূহ দ্বারা আমাদিগকে রক্ষা কর, এবং পুত্রদিগের দেহও রক্ষা কর। আমার পুত্রের পুত্র তোমার ব্রতে নিরন্তর নিযুক্ত আছে, তুমি তাহার গাভী সমূহ রক্ষা করিতেছ।

১৩। হে অগ্নি! তুমি যজমানের পালক, যজ্ঞ বাধাশূন্য করিবার জন্য সমীপে থাকিয়া চতুরক্ষ রূপে দীপ্যমান রহিয়াছ; তুমি অহিংসক ও পোষক, তোমাকে যে হব্য দান করে সেই স্তোতার মন্ত্র তুমি মনের সহিত গ্রহণ কর।

১৪। হে অগ্নি! স্তুতিবাদক ঋত্বিক্ যাহাতে স্পৃহণীয় ও পরমধন লাভ করে তুমি তাহা ইচ্ছা কর। পোষণীয় যজমানের প্রতি তুমি প্রসন্নমতি পিতাস্বরূপ, এইরূপ লোকে বলিয়া থাকে। তুমি অতিশয় অভিজ্ঞ, অর্ভক যজমানকে শিক্ষা দাও, এবং দিক সকল নির্ণয় করিয়া দাও।

১৫। হে অগ্নি! যে যজমান ঋত্বিক্‌দিগকে দক্ষিণা দান করিয়াছে, তুমি সেই পুরুষকে স্যূত বর্ম্মের ন্যায় সম্পূর্ণরূপে রক্ষা কর। যে যজমান সুস্বাদু অন্ন দ্বারা অতিথিদিগকে সুখী করিয়া স্বগৃহে পশুবলিযুক্ত যজ্ঞ অনুষ্ঠান করে, সে স্বর্গের উপমা স্থল হয়।

১৬। হে অগ্নি! আমাদের এই যজ্ঞ কার্য্যে ভ্রম ক্ষমা কর, এবং অনেক দূর হইতে এই বিপথে আসিয়া পড়িয়াছি তাহা ক্ষমা কর। সোমাভিষবকারী মনুষ্যদিগের প্রতি তুমি সহজে অধিগম্য ও পিতাস্বরূপ, প্রসন্নমতি ও কর্ম্ম-নির্ব্বাহক, এবং তাহাদিগকে প্রত্যক্ষ দর্শন দাও।

১৭। হে বিশুদ্ধ অগ্নি! হে অঙ্গিরা! মনু ও অঙ্গিরা এবং যযাতি ও অন্যান্য পূর্ব্ব পুরুষের ন্যায় তুমি সম্মুখবর্ত্তী হইয়া (যজ্ঞ) দেশে গমন কর, দেবসমূহকে আনয়ন কর, ও কুশের উপর উপবেশন করাও, এবং অভীষ্ট হব্যদান কর।

১৮। হে অগ্নি! এই মন্ত্র দ্বারা বৃদ্ধি প্রাপ্ত হও, আমাদিগের শক্তি ও জ্ঞান অনুসারে আমরা ইহা রচনা করিলাম; ইহা দ্বারা আমাদিগকে বিশেষ ধন প্রদান কর, এবং আমাদিগকে অন্নযুক্ত শোভনীয় বুদ্ধি প্রদান কর॥

---

৩২ সূক্ত।

ইন্দ্র দেবতা। আঙ্গিরার পুত্র হিরণ্যস্তূপ ঋষি।

১। বজ্রধারী ইন্দ্র প্রথমে যে পরাক্রমের কর্ম্ম সম্পাদন করিয়াছিলেন, তাঁহার সেই কর্ম্ম সমূহ বর্ণনা করি। তিনি অহিকে (মেঘকে) হনন করিয়া-

ছিলেন, তৎপর বৃষ্টি বর্ষণ করিয়াছিলেন, বহনশীল পর্ব্বতীয় নদী সমূহের (পথ) ভেদ করিয়া দিয়াছিলেন (১)।

২। ইন্দ্র পর্ব্বতাশ্রিত অহিকে (২) হনন করিয়াছিলেন; ত্বষ্টা ইন্দ্রের জন্য সুদূরপাতী বজ্র নির্ম্মাণ করিয়াছিলেন; তৎপর যেরূপ গাভী সবেগে বৎসের দিকে যায়, ধারাবাহী জল সেইরূপ সবেগে সমুদ্রাভিমুখে গমন করিয়াছিল।

৩। ইন্দ্র বৃষের ন্যায় বেগের সহিত সোম গ্রহণ করিয়াছিলেন; তিন প্রকার যজ্ঞে অভিযুত সোম পান করিয়াছিলেন; মঘবান্ সায়ক বজ্র গ্রহণ করিয়াছিলেন; ও তদ্দ্বারা অহিদিগের মধ্যে প্রথম জাতকে হনন করিয়াছিলেন।

৪। যখন তুমি অহিদিগের মধ্যে প্রথম জাতকে হনন করিলে, তখন তুমি মায়াবীদিগের মায়া বিনাশ করিলে পর, সূর্য্য ও উষাকাল ও আকাশকে প্রকাশ করিয়া আর শত্রু রাখিলে না।

৫। জগতের আবরণকারী বৃত্রকে ইন্দ্র মহাধ্বংসকারী বজ্র দ্বারা ছিন্নবাহু করিয়া বিনাশ করিলেন, কুঠারছিন্ন বৃক্ষস্কন্ধের ন্যায় অহি পৃথিবী স্পর্শ করিয়া পড়িয়া আছে।

---

(১) পুরাণে যে বৃত্র নামক অসুরের সহিত ইন্দ্রের যুদ্ধ সম্বন্ধীয় আখ্যান আছে, তাহার উৎপত্তি আমরা এই সূক্তে পাই। মেঘের নাম বৃত্র বা অহি, ইন্দ্র মেঘকে বজ্র দ্বারা আঘাত করিয়া বৃষ্টি বর্ষণ করিতেছেন এইরূপ উপলব্ধি করিয়া ঋগ্বেদের ঋষিগণ উপমা ও কল্পনাপূর্ণ কবিতা লিখিয়াছেন, তাহা হইতে পৌরাণিক বৃত্র অসুরের গল্প উৎপন্ন।

বৃত্রের সহিত বৃত্রহন্তার যুদ্ধের গল্প প্রাচীন আর্য্যদিগের মধ্যে প্রচলিত ছিল, সুতরাং হিন্দু ভিন্ন অন্যান্য আর্য্যজাতির মধ্যেও এই গল্প দেখা যায়। ইরানীয়দিগের "অবস্থায়" বৃত্রহন্তার অনেক উপাসনা আছে। আবার গ্রীকদিগের মধ্যেও সেইরূপ পাওয়া যায়।

"Ahi reappears in the Greek Echis, Echidna, the dragon which crushes its victim with its coil."—Cox's *Introduction to Mythology and Folklore*, p. 34, note. "But besides Kerberos there is another dog conquered by Hercules, and he (like Kerberos) is born of Typhaon and Echidna. . . . The second dog is known by the name of Orthros, the exact copy, I believe, of the Vedic Vritra. That the Vedic Vritra should reappear in Greece in the shape of a dog need not surprise us. . . . Thus we discover in Hercules the victor of Orthros, a real Vritrahan."
—Max Muller's *Chips from a German Workshop*.

(২) "অহিং মেঘং।" সায়ণ। অহি ও বৃত্র একই, ৫ ঋক্ দেখ।"

৬। দর্পযুক্ত বৃত্র আপনার সমতুল যোদ্ধা নাই মনে করিয়া মহাবীর ও বহু-বিনাশী ও শত্রুবিজয়ী ইন্দ্রকে যুদ্ধে আহ্বান করিয়াছিল। ইন্দ্রের বিনাশকার্য্য হইতে রক্ষা পাইল না। ইন্দ্রশত্রু বৃত্র নদীতে পতিত হইয়া নদী সমুদয় পিষিয়া ফেলিল।

৭। হস্ত-পদ-শূন্য বৃত্র ইন্দ্রকে যুদ্ধে আহ্বান করিল, ইন্দ্র তাহার সানু তুল্য প্রৌঢ় স্কন্ধে বজ্র আঘাত করিলেন; যেরূপ পুরুষত্বহীন ব্যক্তি পুরুষত্ব সম্পন্ন ব্যক্তির সাদৃশ্য লাভ করিতে বৃথা যত্ন করে, বৃত্রও সেইরূপ বৃথা যত্ন করিল; বহুস্থানে ক্ষত হইয়া বৃত্র ভূমিতে পড়িল।

৮। ভগ্নকূলকে অতিক্রম করিয়া নদ যেরূপ বহিয়া যায়, মনোহর জল সেইরূপ পতিত বৃত্রদেহকে অতিক্রম করিয়া যাইতেছে; বৃত্র জীবদ্দশায় নিজ মহিমাদ্বারা যে জলকে বদ্ধ করিয়া রাখিয়াছিল, অহি এখন সেই জলের পদের নীচে শয়ন করিল।

৯। বৃত্রের মাতা তির্য্যক্‌ভাবে রহিল, তখন ইন্দ্র তাহার অধোভাগে অস্ত্রাঘাত করিলেন, তখন মাতা উপরে ও পুত্র নীচে রহিল, তৎপর বৎসের সহিত ধেনুর ন্যায় বৃত্রের মাতা দনু শুইয়া পড়িল।

১০। স্থিতি রহিত, বিশ্রাম রহিত জলের মধ্যে নিহিত, নাম শূন্য শরীরের উপর দিয়া জল বহিয়া যাইতেছে; ইন্দ্র শত্রু দীর্ঘ নিদ্রায় পতিত রহিয়াছে।

১১। পণিঃ দ্বারা গাভী সকল যেরূপ গুপ্ত ছিল, বৃত্রপত্নী সমূহ অহি রক্ষিত হইয়া সেইরূপ নিরুদ্ধ হইয়াছিল; জলের বহন দ্বার রুদ্ধ ছিল, বৃত্রকে হনন করিয়া ইন্দ্র সে দ্বার খুলিয়া দিয়াছেন।

১২। হে ইন্দ্র! যখন সেই এক দেব বৃত্র (৩) তোমার বজ্রের প্রতি আঘাত করিয়াছিল, তখন তুমি অশ্বপুচ্ছের ন্যায় হইয়া আঘাত নিবারণ করিয়াছিলে; তুমি গাভী জয় করিয়াছ, সোমরস জয় করিয়াছ এবং সপ্তসিন্ধু প্রবাহরূপে ছাড়িয়া দিয়াছ।

১৩। ইন্দ্র ও অহি যখন যুদ্ধ করিয়াছিলেন তখন অহি যে বিদ্যুৎ বা মেঘ গর্জ্জন, বা জলবর্ষণ বা বজ্র ইন্দ্রের প্রতি প্রয়োগ করিয়াছিল তাহা ইন্দ্রকে স্পর্শ করিল না; এবং ইন্দ্র অন্যান্য মায়াও জয় করিয়াছিলেন।

১৪। হে ইন্দ্র! অহিকে হনন করিবার সময় যখন তোমার হৃদয়ে ভয়

(৩) [illegible] এখানে "দেব" বলা হইয়াছে। ২৪ সূক্তের ১৪ ঋকের টীকা দেখ।

সঞ্চার হইয়াছিল, তখন তুমি অহির অন্য কোন্ হন্তার জন্য প্রতীক্ষা করিয়াছিলে, যে ভীত হইয়া শ্যেন পক্ষীর ন্যায় নবনবতি নদী ও জল ‥র হইয়া গিয়াছিলে ?

১৫। বজ্রবাহু ইন্দ্র স্থাবর ও জঙ্গমদিগের এবং শান্ত পশুগে ও শৃঙ্গী পশুদিগের রাজা হইলেন ; তিনি মনুষ্যদিগের রাজা হইয়া নিবাস করিতেছেন, এবং যেরূপ চক্রের নেমি মধ্যস্থ কাষ্ঠ সমূহকে ধারণ করে,সেইরূপ ইন্দ্র সকলকে আপনার মধ্যে ধারণ করিয়াছিলেন (৪)।

---

৩৩ সূক্ত।

ইন্দ্র দেবতা। অঙ্গিরার পুত্র হিরণ্যস্তূপ ঋষি।

১। আইস আমরা গাভী অভিলাষে ইন্দ্রের নিকট গমন করি ; তিনি হিংসারহিত, এবং আমাদিগের প্রকৃষ্ট বুদ্ধি বর্দ্ধন করেন ; অনন্তর তিনি এই গোরূপ ধন সম্বন্ধে আমাদিগকে উৎকৃষ্ট জ্ঞান প্রদান করেন।

২। শ্যেন পক্ষী যেরূপ পূর্ব্ব সেবিত নীড়ের দিকে ধাবিত হয়, সেইরূপ আমি উপমান স্থানীয় স্তোত্র দ্বারা পূজা করিয়া ধনপ্রদ ও অপ্রতিহত ইন্দ্রের দিকে ধাবমান হই ; ইন্দ্র যুদ্ধকালে স্তোতাদিগের আরাধ্য।

---

(৪) ইন্দ্র পণিকে জয় করিয়া দেবগণের গাভী উদ্ধার করেন এসম্বন্ধে যে বেদে গল্প আছে তাহা প্রাতঃকালে অন্ধকার বিনাশ ও আলোক প্রকাশ সম্বন্ধে উপমা ঘটিত গল্প মাত্র। ৬ সূক্তের ৫ ঋকের টীকা দেখ। ইন্দ্র বৃত্র বা অহিকে হনন করেন বলিয়া যে গল্প আছে তাহাও মেঘ হইতে বৃষ্টিপতন সম্বন্ধে উপমা ঘটিত গল্প। ইউরোপীয় দুই শ্রেণীর পণ্ডিতগণ বিবেচনা করেন বৃষ্টিপতন ও প্রাতঃকালে আলোক প্রকাশ এই দুইটী প্রকৃতির কার্য্য দেখিয়াই প্রথম আর্য্যগণ প্রথমে ধর্ম্মজ্ঞান লাভ করেন। সেই মতদ্বয়কে মক্ষমূলর "Solar Theory" এবং "Meteorological Theory" কহিয়াছেন। কিন্তু এ মতদ্বয় ইউরোপীয়গণ উদ্ভাবন করেন নাই। খৃষ্টের বহু শতাব্দি পূর্ব্বে যাস্ক তাঁহার নিরুক্তে বৈদিক উপাখ্যান গুলির এই মূল নির্দ্দেশ করিয়া গিয়াছেন। বৃত্র অর্থে জল অবরোধকারী মেঘ মাত্র,—নিরুক্ত ২।১৬ অশ্বিদ্বয় বৃকমুখ হইতে বর্ত্তিকা পক্ষীকে উদ্ধার করেন, তাহার অর্থ রাত্রির অন্ধকার হইতে আলোক প্রকাশ হয়,—নিরুক্ত ৫।২১।

৩। সমগ্র সেনানায়ক পৃষ্ঠভাগে ইষুধি সংযোজিত করিয়াছেন। আর্য্য (১) ইন্দ্র যাঁহাকে ইচ্ছা করেন তাঁহার নিকট গাভী প্রেরণ করেন। হে প্রকৃষ্টবৃদ্ধিযুক্ত ইন্দ্র! আমাদিগকে প্রভূত ধন দান করিয়া আমাদিগের নিকট ব্যাপারীর মত হইয়া মূল্য লইও না।

৪। হে ইন্দ্র! শক্তিমান্ মরুৎগণ সমীপে থাকিলেও তুমি একক ধনবান্ দস্যুকে কঠিন বজ্র দ্বারা বধ করিয়াছিলে। যজ্ঞবিরোধী সনকেরা তোমার ধনু হইতে বিনাশ উদ্দেশ করিয়া আগমন করত মরণ প্রাপ্ত হইয়াছিল।

৫। হে ইন্দ্র! সেই যজ্ঞরহিত ও যজ্ঞানুষ্ঠাতাদিগের বিরোধীগণ মস্তক ফিরাইয়া পলাইয়াছে। হে হর্য্যশ্বসম্পন্ন, পলায়ন রহিত, উগ্র ইন্দ্র! তুমি দিব্য-লোক হইতে এবং আকাশ ও পৃথিবী হইতে ব্রতরহিতদিগকে উঠাইয়া দিয়াছ।

৬। তাহারা দোষরহিত (ইন্দ্রের) সেনার সহিত যুদ্ধ ইচ্ছা করিয়াছিল; সচ্চরিত্র মনুষ্যেরা (ইন্দ্রকে) প্রোৎসাহিত করিয়াছিল। পুরুষের সহিত যুদ্ধে লিপ্ত হইয়া নপুংসকেরা যেরূপ পলায়ন করে, সেইরূপ তাহারা নিরাকৃত হইয়া আপনাদিগের শক্তিহীনতা জানিয়া ইন্দ্রের নিকট হইতে সহজ পথ দিয়া দূরে পলায়ন করিল।

৭। হে ইন্দ্র! তুমি সেই রোদনকারী বা হাস্যপরায়ণদিগকে অন্তরীক্ষের প্রান্তে যুদ্ধ দান করিয়াছ; দস্যুকে দিব্যলোক হইতে আনিয়া সম্পূর্ণরূপে দগ্ধ করিয়াছ, এবং সোমাভিষবকারী ও স্তুতিকারীর স্তুতিরক্ষা করিয়াছ।

৮। সেই বৃত্রের অনুচরেরা পৃথিবী আচ্ছাদন করিয়াছিল এবং হিরণ্য ও মণিদ্বারা শোভমান হইয়াছিল। কিন্তু সেই শত্রুগণ ইন্দ্রকে জয় করিতে পারিল না, ইন্দ্র সেই বাধকদিগকে সূর্য্য দ্বারা তিরোহিত করিলেন।

---

(১) ইন্দ্র সম্বন্ধে মূলে "অর্য্য" শব্দ ব্যবহৃত হইয়াছে; অর্থ "স্বামীরূপ।" সায়ণ। "ঋ" ধাতু অর্থ চাষ করা, অতএব "অর্য্য" বা "আর্য্য" শব্দের মূল অর্থ কৃষিব্যবসায়ী। প্রাচীন আর্য্যগণ হিন্দু, ইরাণীয়, গ্রীক, লাটীন, কেল্ট, টিউটন প্রভৃতি ভিন্ন ২ জাতিতে বিভক্ত হইবার পূর্ব্বেই "আর্য্য" নাম ধারণ করিয়াছিলেন। আর্য্যদিগের প্রতিবাসীগণ মেষপালন-রত ছিলেন, এবং এক স্থানে না থাকিয়া ইতস্ততঃ ভ্রমণ করিতেন; তাঁহারা নিজের ত্বরিত গতির গৌরব করিয়াই বোধ হয় "তুরাণীয়" নাম ধারণ করিয়াছিলেন। আর্য্যগণ ভিন্ন জাতিতে বিভক্ত হইলে পর যে যে স্থলে গিয়াছেন তাহাতে আর্য্য নামের নিদর্শন পাওয়া যায়। আচার্য্য মক্ষমূলর বিবেচনা করেন ইরান, আরমেনীয়, আলবেনীয়, ককেসসের উপত্যকায় আইরন, গ্রীসের উত্তরে আরীয়, জর্ম্মানদিগের মধ্যে আরিয়াই, এবং এরিন বা আয়র্লণ্ড, আর্য্যনামের পরিচয় দিতেছে। See *Science of Language.*

৯। হে ইন্দ্র! যেহেতু তুমি মহিমাদ্বারা দ্যুলোক ও ভূলোক সর্ব্বতোভাবে বেষ্টন করিয়া সমস্ত ভোগ করিয়াছ, অতএব তুমি মন্ত্র দ্বারা দস্যুকে নিঃসারিত করিয়াছ; সেই মন্ত্র-অর্থ গ্রহণে অক্ষম যজমানদিগকেও রক্ষা করিবার মানস কর।

১০। যখন জল দিব্যালোক হইতে পৃথিবীর অন্ত প্রাপ্ত হইল না. এবং ধনপ্রদ ভূমিকে উপকারী দ্রব্য দ্বারা পূর্ণ করিল না, তখন বর্ষণকারী ইন্দ্র হস্তে বজ্র ধারণ করিলেন, এবং দ্যুতিমান্ বজ্র দ্বারা অন্ধকার রূপ মেঘ হইতে পতনশীল জল নিঃশেষিতরূপে দোহন করিলেন।

১১। প্রকৃতি অনুসারে জল প্রবাহিত হইল; কিন্তু বৃত্র নৌকাগম্য নদী সমূহের মধ্যে বৃদ্ধি প্রাপ্ত হইল; তখন ইন্দ্র স্থিরসঙ্কল্প বৃত্রকে অতিবলযুক্ত প্রাণসংহারক আয়ুধদ্বারা কএক দিবসে হনন করিলেন।

১২। ইন্দ্র ইলীবিশের প্রবল সৈন্য বিদ্ধ করিয়াছিলেন, ও শৃঙ্গযুক্ত শুষ্ণকে বিবিধ প্রকারে তাড়না করিয়াছিলেন (২)। হে মঘবন্! তোমার যে পরিমাণ বেগ আছে, যে পরিমাণ বল আছে, তদ্দ্বারা যুদ্ধাকাঙ্ক্ষী শত্রুকে বজ্র দ্বারা হনন করিয়াছিলে।

১৩। ইন্দ্রের কার্য্যসাধনকারী বজ্র শত্রুকে লক্ষ্য করিয়া পতিত হইয়াছিল। ইন্দ্র তীক্ষ্ণ ও শ্রেষ্ঠ আয়ুধ দ্বারা বৃত্রের নগর সমূহ বিবিধরূপে ভেদ করিয়াছিলেন; তাহার পরে তিনি বজ্র দ্বারা বৃত্রকে আঘাত করিয়াছিলেন, এবং তাহাকে সংহার করিয়া আপন উৎসাহ সম্যকরূপে বৃদ্ধি করিয়াছিলেন।

১৪। হে ইন্দ্র! তুমি যে কুৎসের স্তুতি কামনা কর, সেই কুৎসকে রক্ষা করিয়াছ; তুমি যুদ্ধরত ও শ্রেষ্ঠ দশদ্যুকে রক্ষা করিয়াছ; তোমার অশ্বের খুর হইতে পতিত ধূলি দ্যুলোক স্পর্শ করে; শ্বৈত্রেয় মনুষ্যগণের অগ্রণী হইবেন বলিয়া উত্থিত হইয়াছিল (৩)।

(২) সায়ণ "ইলিবিশ" ও "শুষ্ণ" এ দুই টাই বৃত্রের বিশেষণ করিয়াছেন। "ইলীবিশস্ত ইলায়া ভূমের্ব্বিলে শয়ানস্ত বৃত্রস্ত।" "শুষ্ণং জগতঃ শোষকং বৃত্রং।"

(৩) কুৎস গোত্র প্রবর্ত্তক এক জন ঋষি। সায়ণ।

দশদ্যু দশদিকে দীপ্যমান ঋষি। সায়ণ।

শ্বৈত্রেয় শ্বিত্রা নামক নারীর পুত্র। সায়ণ।

১৫। হে মঘবন্! শমতা গুণবিশিষ্ট, শ্রেষ্ঠ ও জলনিমগ্ন শ্বিত্রাপুত্রকে ক্ষেত্র প্রাপ্তির জন্য তুমি রক্ষা করিয়াছিলে; যাহারা আমাদিগের সহিত বহুকাল যুদ্ধ করিতেছে, সেই শত্রুতাকাঙ্ক্ষীদিগকেও তুমি বেদনা ও দুঃখ প্রদান কর (৪)।

---

৩৪ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। অঙ্গিরার পুত্র হিরণ্যস্তূপ ঋষি।

১। হে মেধাবী অশ্বিদ্বয়! তোমরা অদ্য তিন বার আমাদিগের জন্য আইস। তোমাদিগের রথ বহুব্যাপী, তোমাদিগের দানও বহুব্যাপী। যেরূপ রশ্মিযুক্ত দিবস ও হিমযুক্ত রাত্রির মধ্যে পরস্পর নিয়মরূপ সম্বন্ধ আছে, সেই রূপ তোমাদের উভয়ের মধ্যেও আছে। তোমরা অনুগ্রহ করিয়া মেধাবী ঋত্বিকদিগের বশবর্ত্তী হও।

২। তোমাদের মধুর খাদ্যবাহী রথে তিনটী দৃঢ় চক্র আছে; তাহা সকল দেবগণ চন্দ্রের ভার্য্যা বেনার সহিত যাত্রা করিবার সময় জানিয়াছে (১); সেই রথের উপর অবলম্বনের জন্য তিনটী স্তম্ভ স্থাপিত আছে। হে অশ্বিদ্বয়! সেই রথে রাত্রিতে তিন বার ও দিবসে তিন বার গমন কর।

৩। হে অশ্বিদ্বয়! তোমরা এক দিনে তিন বার যজ্ঞানুষ্ঠানের দোষ সংশোধন কর; অদ্য তিন বার যজ্ঞের হব্য মধুররস দ্বারা সিক্ত কর। রাত্রি দিবসে তিন বার বলকারী অন্ন দ্বারা আমাদিগকে ভরণ কর।

৪। হে অশ্বিদ্বয়! আমাদিগের গৃহে তিন বার আইস; আমাদিগের অনুকূল ব্যাপারে নিযুক্ত জনের নিকট তিন বার আইস; তোমরা রক্ষণীয় জনের নিকট তিন বার আইস; আমাদিগকে তিন প্রকার শিক্ষা দাও; আমাদিগকে তিন বার আনন্দজনক ফল প্রদান কর; যেরূপ ইন্দ্র জল দান করেন সেইরূপ তিন বার আমাদিগকে অন্ন দাও।

---

(৪) ভারতবর্ষের উর্ব্বর ক্ষেত্র লইয়া আর্য্যদিগের সহিত আদিম জাতিদিগের অনেক শতাব্দ বিবাদ ও যুদ্ধ চলিয়াছিল; সেই যুদ্ধে বোধ হয় কুৎস, দশদ্যু, ও শ্বৈত্রেয় প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন। ৬৩ সূক্তের ৩ ঋকের টীকা দেখ।

(১) যখন সোমের বেনার সহিত বিবাহ হয় তখন নানাবিধ খাদ্যযুক্ত ও তিন চক্রযুক্ত প্রৌঢ়রথে আরোহণ করিয়া অশ্বিদ্বয় গিয়াছিলেন তাহা সকল দেব জানিয়াছেন। সায়ণ।

৫। হে অশ্বিদ্বয়! তিন বার আমাদিগকে ধন প্রদান কর; দেব যুক্ত কর্ম্মানুষ্ঠানে তিন বার আগমন কর; তিন বার আমাদিগের বুদ্ধি রক্ষা কর; তিন বার আমাদিগের সৌভাগ্য সম্পাদন কর; তিন বার আমাদিগকে অন্ন প্রদান কর; তোমাদিগের ত্রিচক্র রথে সূর্য্যের দুহিতা আরূঢ়া হইয়াছেন।

৬। হে অশ্বিদ্বয়! আমাদিগকে দিব্যলোকের ঔষধি তিন বার প্রদান কর; পার্থিব ঔষধি তিন বার প্রদান কর; অন্তরীক্ষ হইতে ঔষধি তিন বার প্রদান কর; শংযুর (২) ন্যায় আমার সন্তানকে সুখ দান কর। হে শোভনীয় ঔষধিপালক! তোমরা তিনটী ধাতু বিষয়ক (৩) সুখ প্রদান কর।

৭। হে অশ্বিদ্বয়! তোমরা আমাদিগের পূজনীয়, প্রতিদিন তিন বার পৃথিবীতে আগমন করিয়া তিনটী কক্ষাযুক্ত কুশোপরি শয়ন কর। হে নাসত্য রথীদ্বয়! আত্মারূপ বায়ু যেরূপ শরীর সমূহে আগমন করে তোমরা সেইরূপ তিনটী যজ্ঞ স্থানে আগমন কর (৪)।

৮। হে অশ্বিদ্বয়! সপ্ত মাতৃ জল দ্বারা (৫) তিনটী সোমাভিষব প্রস্তুত হইয়াছে। তিনটী কলস প্রস্তুত হইয়াছে. হব্য প্রস্তুত হইয়াছে। তোমরা তিন জগৎ হইতে ঊর্দ্ধে গমন করিয়া দিবারাত্রসমন্বিত আকাশের সূর্য্যকে রক্ষা করিয়াছিলে।

৯। হে নাসত্য অশ্বিদ্বয়! তোমার ত্রিকোণ রথের তিনটী চক্র কোথায়? তিনটী সনীড় বন্ধুর কোথায় (৬)? বলবান্ গর্দ্দভ কখন তোমাদের রথে যুক্ত হইয়া আমাদিগের যজ্ঞে আনয়ন করিবে?

১০। হে নাসত্য অশ্বিদ্বয়! আইস, হব্যদান করিতেছি; তোমাদিগের মধুপায়ী মুখ দ্বারা মধুর হব্য পান কর; ঊষাকালের পূর্ব্বেই সূর্য্য তোমাদিগের বিচিত্র ও ঘৃতবৎ রথ যজ্ঞে আগমনার্থ প্রেরণ করিয়াছেন।

---

(২) বৃহস্পতির পুত্র শংযুকে অশ্বিদ্বয় পালন করিয়াছিলেন। সায়ণ।

(৩) বাত, পিত্ত ও শ্লেষ্ম এই শরীরের তিনটি ধাতু। সায়ণ।

(৪) ঘৃত, পশু ও সোমরসরূপ তিনটী বেদী। সায়ণ।

(৫) সপ্ত সংখ্যকা। "গঙ্গাদ্যা নদ্যো মাতার উৎপাদিকা যেষাং জলবিশেষাণাং তে।" —সায়ণ।

(৬) "Where, Nasatyas, are the three wheels of your triangular car? Where, the three fastenings and props (of the awning)?"—*Wilson.*

১১। হে নাসত্য অশ্বিদ্বয়! ত্রিগুণ একাদশ দেব (৭) গণের সহিত মধুপানার্থ এখানে আইস, আমাদিগের আয়ু বর্দ্ধন কর; পাপ খণ্ডন কর; বিদ্বেষীদিগকে প্রতিষেধ কর; আমাদিগের সঙ্গে অবস্থান কর।

১২। হে অশ্বিদ্বয়! ত্রিকোণ রথ দ্বারা আমাদিগের সম্মুখে বীরযুক্ত ধন আনয়ন কর; রক্ষার জন্য আমি তোমাদের আহ্বান করিতেছি, তোমরা শ্রবণ করিতেছ, আমাদিগের বৃদ্ধি সাধন কর ও সংগ্রামে বল দান কর।

৩৫ সূক্ত।

১ দেং

সবিতা দেবতা।　অঙ্গিরার পুত্র হিরণ্যস্তূপ ঋষি।

১। রক্ষার জন্য অগ্নিকে প্রথমে আহ্বান করি, রক্ষার জন্য মিত্র ও বরুণকে এই স্থানে আহ্বান করি, জগতের বিশ্রামহেতুভূত রাত্রিকে আহ্বান করি, রক্ষার জন্য দেব সবিতাকে আহ্বান করি।

২। অন্ধকারপূর্ণ অন্তরীক্ষ দিয়া বার২ ভ্রমণ করিয়া, দেব ও মনুষ্যকে সচেতন করিয়া, দেব সবিতা হিরণ্ময় রথ দ্বারা ভুবন সমুদয় দেখিতে২ ভ্রমণ করিতেছেন।

৩। দেব সবিতা ঊর্দ্ধগামী ও অধোগামী পথ দিয়া গমন করেন; সেই অর্চনাভাজন দেব দুই শ্বেত অশ্ব দ্বারা গমন করেন; তিনি সমস্ত পাপ বিনাশ করিতে২ দূর দেশ হইতে আসিতেছেন।

(৭) এই ঋকে ও বেদের অন্যান্য স্থলে ৩৩ দেবের উল্লেখ আছে। এ ৩৩ জন বৈদিক দেব কে? "তৈত্তিরীয় সংহিতায়" লিখিত আছে যে আকাশে ১১, পৃথিবীতে ১১ এবং অন্তরীক্ষে ১১ জন দেব। তৈ, সং, ১।৪।১০।১। "শতপথ ব্রাহ্মণে বলে ৮ বসু, ১১ রুদ্র, ১২ আদিত্য দ্যু অর্থাৎ আকাশ এবং পৃথিবী এই ৩৩ জন দেবতা। শ, ব্রা, ৭। ৫। ৭। ২। "ঐতরেয় ব্রাহ্মণে" বলে যে ১১ প্রযাজ দেব, ১১ অনুযাজ দেব, ও ১১ উপযাজ দেব, এই ৩৩ দেবতা। ঐ, ব্রা, ২। ১৮। "বিষ্ণুপুরাণে" বলে ১১ রুদ্র, ১২ আদিত্য, ৮ বসু, এবং প্রজাপতি ও বষটকার এই ৩৩ জন দেবতা। যাস্কের মতে দেব ৩ জন মাত্র তাহা ১ সূক্তের ১ ঋকের টীকায় দেখান হইয়াছে। এই ৩৪ সূক্তের ১১ ঋকে ৩৩ জন দেবের উল্লেখ পাইলাম। পরে পুরাণাদি গ্রন্থে ৩৩ কোটি দেবের উল্লেখ পাওয়া যায়। ফলতঃ ভিন্ন ভিন্ন ঐশ্বরিক কার্য্য বা দৃশ্যকে ভিন্ন ভিন্ন নাম দিয়া দেবের সংখ্যা বৃদ্ধি করা হইয়াছে। এ কার্য্য সমূহের কর্ত্তা ও নিয়ন্তা যে কেবল এক ঈশ্বর তাহা ঋগ্বেদের দশম মণ্ডলের ৮২ সূক্ত, ১২১ সূক্ত, ১২৯ সূক্ত, এবং অন্যান্য স্থানে বর্ণিত হইয়াছে।

৪। যজনীয় ও বিচিত্ররশ্মি সবিতা জগৎ সমূহের অন্ধকার বিনাশার্থ তেজ ধারণ করিয়া নিকটস্থ সুবর্ণ বিচিত্রিত, সুবর্ণশঙ্কুযুক্ত বৃহৎ রথে আরোহণ করিলেন।

৫। শ্যাব নামক শ্বেত পদযুক্ত অশ্বগণ সুবর্ণযুগ বিশিষ্ট রথ বহন করিয়া জনসমূহের নিকট আলোক প্রকাশ করিতেছেন; দেব সবিতার সমীপে জনসমূহ ও জগৎসমূহ উপস্থিত আছে।

৬। দ্যুলোক প্রভৃতি, তিনটী লোক আছে, দুইটী, দ্যুলোক ও ভূলোক, সূর্য্যের সমীপস্থ, একটী (অন্তরীক্ষ) যমের ভবনে গমনকারীদিগের পথ। (১) রথ যেরূপ আণির উপর অবলম্বন করে, অমর চন্দ্র নক্ষত্রাদি সবিতাকে [illegible] অবলম্বন করিয়া আছে। যিনি সবিতাকে জানেন তিনি এই বিষয়ে বলুন।

৭। গভীর কম্পন বিশিষ্ট অসুর, সুপর্ণ রশ্মি (২) অন্তরীক্ষাদি (তিন লোক) ব্যাপ্ত করিয়াছে। এক্ষণে সূর্য্য কোথায় কে জানে? কোন্ দিব্য লোকে তাঁহার রশ্মি বিস্তৃত হইয়াছে?

৮। সবিতা পৃথিবীর অষ্ট দিক প্রকাশিত করিয়াছেন, এবং প্রাণীদিগের তিন জগৎ ও সপ্তসিন্ধু প্রকাশিত করিয়াছেন। সেই হিরণ্ময় চক্ষু বিশিষ্ট সবিতা হব্যদাতা যজমানকে বরণীয় দ্রব্য দান করিয়া এই স্থানে আইসুন।

---

(১) প্রেতপুরুষগণ অন্তরীক্ষ দিয়া যমলোকে গমন করে। সায়ণ।

পুরাণে "যম" অর্থ কি তাহা আমরা সকলেই জানি, কিন্তু ঋগ্বেদে প্রথমে কাহাকে "যম" বলিত? বিবস্বানের দ্বারা সরণ্যুর গর্ভে অশ্বিদ্বয়ের জন্ম হয়, এবং যম ও তাঁহার ভগ্নী যমীরও জন্ম হয়। বিবস্বান্ অর্থে আকাশ, সরণ্যু অর্থে ঊষাকাল; তাহাদের যমজ সন্তান কাহারা?

আচার্য্য মক্ষ মূলরের মতে দিবা ও রাত্রিকে প্রথম ঋষিগণ যম ও যমী নাম দিয়াছিলেন। ঋষিগণ, যেরূপ পূর্ব্বদিককে জীবনের উৎপত্তি স্থল মনে করিতেন, পশ্চিম দিককে সেইরূপ জীবনের অবসান মনে করিতেন। সূর্য্য পূর্ব্বদিকে উদিত হইয়া পশ্চিম দিকে অন্তর্হিত হইতেন, অর্থাৎ জীবনের পথভ্রমণ করিয়া পরলোকের পথ দেখাইতেন। এই রূপে যম পরলোকের রাজা, এই অনুভব উদয় হইল। *Science of Language.*

(২) সায়ণ "অসুর" অর্থে প্রাণদায়ী ও "সুপর্ণ" অর্থে সূর্য্যরশ্মি করিয়াছেন। কিন্তু অসুর সম্বন্ধে ২৪ সূক্তের ১৪ ঋকের টীকা দেখ।

৯। হিরণ্যপাণি বিবিধদর্শনযুক্ত সবিতা উভয় লোকের মধ্যে গমন করিতেছেন, রোগাদি নিরাকরণ করিতেছেন, সূর্য্যের নিকট যাইতেছেন (৩) এবং তমোনাশক তেজ দ্বারা আকাশ ব্যাপ্ত করিতেছেন।

১০। হিরণ্যহস্ত অসুর, সুনেতা, হর্ষদাতা, ও ধনবান্ সবিতা অভিমুখ হইয়া আইসুন ; সেই দেব রাক্ষস ও যাতুধান (৪) দিগকে নিরাকরণ করিয়া প্রতিরাত্রি স্তুতি প্রাপ্ত হইয়া অবস্থান করেন।

১১। হে সবিতা ! তোমার পথ পূর্ব্বসিদ্ধ, ধুলি রহিত ও অন্তরীক্ষে সুনির্ম্মিত ; সেই সুগম পথ সমূহ দ্বারা আসিয়া অদ্য আমাদিগকে রক্ষা কর ; হে দেব ! আমাদিগের কথা (দেবতাগণের নিকট) অধিক করিয়া বল।

৩৬ সূক্ত।

অগ্নি দেবতা। ঘোর পুত্র কণ্ব ঋষি।

১। তোমরা বহু সংখ্যক প্রজা, তোমরা দেবতা কামনা করিতেছ তোমাদের জন্য মহৎ অগ্নিকে সূক্ত বাক্য দ্বারা প্রার্থনা করি, অন্য (ঋষিগণও) সেই অগ্নির স্তব করিয়া থাকেন।

২। লোকে বলবর্দ্ধনকারী অগ্নিকে অবলম্বন করিয়াছে ; হে অগ্নি ! আমরা হব্য লইয়া তোমার পরিচর্য্যা করি ; তুমি অন্ন দানে তৎপর হইয়া অদ্য এই কর্ম্মে আমাদিগের প্রতি প্রসন্নমনা হও, এবং আমাদিগের রক্ষক হও।

৩। হে অগ্নি ! তুমি দেবগণের হোতা এবং সর্ব্বজ্ঞ, আমরা তোমাকে বরণ করি। তুমি মহৎ এবং নিত্য, তোমার দীপ্তি বিস্তৃত হইতেছে, তোমার রশ্মি আকাশ স্পর্শ করিতেছে।

৪। হে অগ্নি! তুমি পুরাতন দূত। বরুণ ও মিত্র ও অর্য্যমা, তোমাকে সম্যকরূপে দীপ্তিমান্ করিতেছেন। যে মনুষ্য তোমাকে (হব্য) দান করে সে তোমার সহায়তায় সমস্ত ধন জয় করে।

---

(৩) সায়ণ বলেন সূর্য্য ও সবিতা এক দেব হইলেও ভিন্ন ২ রূপ, সুতরাং একে অন্যের নিকট গমন করিতে পারেন। ২২ সূক্তের ৫ ঋকের টীকা দেখ।

(৪) বেদের "যাতুধান" একপ্রকার মায়াবী পাপমতি জীব, ইরানীয়দিগের জেন্দ অবস্থায় তাঁহাদিগের নাম "যাতুমান।"

৫। হে অগ্নি! তুমি হর্ষদাতা তুমি দেবগণকে আহ্বান কর; তুমি প্রজাদিগের গৃহপতি, তুমি দেবগণের দূত। দেবগণ যে সকল অমোঘ ব্রত সম্পাদন করেন তাহা সমস্তই তোমাতে মিলিত হয়।

৬। হে যুবা অগ্নি! তুমি সৌভাগ্যসম্পন্ন; তোমাকে লক্ষ্য করিয়া সমস্ত হব্য প্রক্ষেপ করা হয়। তুমি আমাদিগের প্রতি প্রসন্নমনা হইয়া অদ্যই বা অন্য সময়ে শোভনীয় বীর্য্যশালী দেবগণকে অর্চনা কর।

৭। যজমানেরা নমস্কারপূর্ব্বক সেই স্বয়ং দীপ্তিমান্ অগ্নিকে এইরূপে উপাসনা করেন। শত্রু বিজিগীষু মনুষ্যেরা হোত্রদিগের দ্বারা (১) অগ্নিকে প্রদীপ্ত করে।

৮। দেবগণ প্রহার করিয়া বৃত্রকে হনন করিয়াছেন, উভয় জগৎ এবং অন্তরীক্ষ নিবাসার্থ বিস্তৃত করিয়াছেন। অগ্নি ধনবান্, তিনি গোজয়ার্থ যুদ্ধে শব্দায়মান অশ্বের ন্যায় সর্ব্বতোভাবে আহূত হইয়া কণ্বকে অভীষ্ট দ্রব্য বর্ষণ করুণ।

৯। হে প্রশস্ত অগ্নি! উপবেশন কর, তুমি মহৎ এবং দেবতাদগকে অতিশয় কামনা কর, তুমি দীপ্তিপূর্ণ হও। হে মেধাবী উৎকৃষ্ট অগ্নি! গমনশীল ও দর্শনীয় ধূম উৎপাদন কর।

১০। হে হব্যবাহী অগ্নি। তুমি অতিশয় পূজাভাজন, সকল দেবগণ মনুর জন্য তোমাকে এই যজ্ঞস্থানে ধারণ করিয়াছিলেন; তুমি ধন দ্বারা প্রীতি সম্পাদন কর, অর্চনাভাজন অতিথি সমেত কণ্ব তোমাকে ধারণ করিয়াছেন, বর্ষণকারী ইন্দ্র তোমাকে ধারণ করিয়াছেন, অন্য স্তোতাও তোমাকে ধারণ করিয়াছেন।

১১। অর্চনাভাজন অতিথিপ্রিয় কণ্ব অগ্নিকে আদিত্য হইতেও অধিক দীপ্তিমান্ করিয়াছেন। সেই অগ্নির গমনশীল রশ্মি দীপ্তিমান্ রহিয়াছে। এই ঋক্‌সমূহ সেই অগ্নিকে বর্দ্ধন করে, আমরাও বর্দ্ধন করি।

(১) সে হোত্রগণ কাহারা? "সপ্ত হোত্রা প্রাচী বষট্ কুর্ব্বন্তি।" সায়ণ। সে সাত জন ঋত্বিক বা পুরোহিত এই, যথা (১) যজমান, যিনি যজ্ঞের অনুষ্ঠান করেন, (২) হোতা, যিনি মন্ত্র পাঠ করেন, (৩) উদ্গাতা, যিনি মন্ত্র গান করেন, (৪) পোতা যিনি হব্য প্রস্তুত করেন, (৫) নেষ্টা, যিনি হব্য অগ্নিতে প্রক্ষেপ করেন, (৬) ব্রহ্মা যিনি সমুদায় তত্ত্বাবধারণ করেন, (৭) রক্ষ যিনি দ্বার রক্ষা করেন।

১২। হে অন্নবান্ অগ্নি! আমাদিগের ধন পূরণ কর। তোমার দ্বারা দেবগণকে প্রাপ্ত হওয়া যায়, তুমি প্রসিদ্ধ অন্নের ঈশ্বর, তুমি মহৎ, আমাদিগকে সুখী কর।

১৩। সবিতা দেবের ন্যায় আমাদিগের রক্ষণের জন্য উন্নত হও, উন্নত হইয়া অন্নদাতা হও, কেন না বিচিত্র যজ্ঞ সম্পাদকদিগের দ্বারা আমরা তোমাকে আহ্বান করিতেছি।

১৪। উন্নত হইয়া আমাদিগকে জ্ঞান দ্বারা পাপ হইতে রক্ষা কর; সকল রাক্ষস দহন কর; আমাদিগকে উন্নত কর যেন আমরা জগতে বিচরণ করিতে পারি; এবং আমাদিগের হব্যরূপ ধন দেবগণের সদনে বহন কর, যেন আমরা জীবিত থাকিতে পারি।

১৫। হে বৃহৎরশ্মি যুবা অগ্নি! আমাদিগকে রাক্ষস হইতে রক্ষা কর; যে ধন দান করে না এরূপ ধূর্ত্ত লোক হইতে রক্ষা কর; হিংসক পশু হইতে রক্ষা কর; এবং জিঘাংসাপরায়ণ শত্রু হইতে রক্ষা কর।

১৬। হে তপ্তরশ্মিযুক্ত অগ্নি! যেরূপ কঠিন দণ্ড দ্বারা লোকে (ভাণ্ডাদি) নষ্ট করে, সেইরূপ যাহারা ধন দান করে না তাহাদিগকে সর্ব্বদা সংহার কর। অন্য যে রিপু আমাদের বিরুদ্ধাচারী, অন্য যে মনুষ্য আয়ুধ দ্বারা আমাদিগকে প্রহার করে, তাহারা যেন আমাদিগের প্রভু না হয়।

১৭। শোভনীয় বীর্য্যের জন্য অগ্নিকে যাচ্ঞা করা হইয়াছে; অগ্নি কণ্বকে সৌভাগ্য দান করিয়াছেন; অগ্নি আমার মিত্রদিগকে রক্ষা করিয়াছেন; অর্চনাভাজন অতিথি বিশিষ্ট ঋষিকে রক্ষা করিয়াছেন; এবং ধনাদি দানার্থ অন্য যে কেহ অগ্নির স্তুতি করিয়াছে তাহাকে রক্ষা করিয়াছেন।

১৮। দস্যুদমনকারী অগ্নির সহিত তুর্ব্বশু ও যদু উগ্রাদেবকে দূরদেশ হইতে আহ্বান করি; অগ্নি নববাস্ত্ব ও বৃহদ্রথ ও তুর্ব্বীতিকে এই স্থানে আনয়ন করুন (২)।

১৯। হে অগ্নি! তুমি জ্যোতিরূপ; বিবিধ জাতীয় মনুষ্যের জন্য মনু তোমাকে স্থাপন করিয়াছিলেন; হে অগ্নি! তুমি যজ্ঞের জন্য উৎপন্ন হইয়া, হব্য দ্বারা তৃপ্ত হইয়া, কণ্বের প্রতি দীপ্তিমান হইয়াছ; মনুষ্যেরা তোমাকে নমস্কার করে।

---

(২) এই ছয় জনকে সায়ণ "রাজর্ষি" বলিয়া বর্ণনা করিয়াছেন। পুরাণে যদু ও তুর্ব্বশু যযাতি নরপতির পুত্রদ্বয়। তুর্ব্বীতি সম্বন্ধে ৬১ সূক্তের ১১ ঋকের টীকা দেখ।

২০। অগ্নির অর্চিঃ প্রদীপ্ত, বলবান্ ও ভয়ঙ্কর, এবং তাহাকে প্রত্যয় করা যায় না। হে অগ্নি! রাক্ষসদিগকে, যাতুধানদিগকে এবং বিশ্বভক্ষক শত্রুকে দহন কর।

---

৩৭ সূক্ত।

মরুৎগণ দেবতা। ঘোর পুত্র কণ্ব ঋষি।

১। হে কণ্বগোত্রোদ্ভব ঋষিগণ, ক্রীড়াশীল ও শত্রুরহিত মরুৎসমূহের উদ্দেশে গাও; তাঁহারা রথে শোভা পাইতেছেন।

২। তাঁহারা স্বকীয় দীপ্তিযুক্ত হইয়া, এবং বিন্দুচিহ্নিত মৃগরূপ বাহনের সহিত ও যুদ্ধ গর্জ্জন ও আয়ুধ ও নানারূপ অলঙ্কারের সহিত জন্ম গ্রহণ করিয়াছেন।

৩। তাঁহাদিগের হস্তস্থিত কশা যে শব্দ করিতেছে তাহা শুনিতে পাইতেছি; সে কশা যুদ্ধে বল বৃদ্ধি করে।

৪। যাঁহারা তোমাকে বল সমর্থন করেন, শত্রুবর্ষণ করেন, যাঁহারা দীপ্যমান যশঃপূর্ণ ও বলবান্, সেই মরুৎগণকে হবির উদ্দেশে স্তব কর।

৫। যে মরুৎগণ পৃশ্নিরূপ ধেনুর মধ্যে অবস্থিত, তাঁহাদের বিনাশরহিত, ক্রীড়াশীল, ও প্রসহনশীল তেজ প্রশংসা কর; বৃষ্টি আস্বাদনে সেই তেজ বৃদ্ধি পাইয়াছে।

৬। দ্যুলোক ও ভূলোকের কম্পনকারী হে বীরগণ! তোমাদিগের মধ্যে জ্যেষ্ঠ কে? তোমরা বৃক্ষাগ্রের ন্যায় চারি দিক পরিচালিত কর।

৭। হে মরুৎগণ! তোমাদের উগ্র ও ভীষণ গতির ভয়ে মনুষ্যগণ অবনত হইয়াছে, কেন না তোমাদিগের গতিতে বহু পর্ব্বযুক্ত গিরিও চালিত হয়।

৮। তাঁহাদিগের গতিক্রমে পদার্থ সমূহ বিক্ষিপ্ত হইতে লাগিল; পৃথিবীও বৃদ্ধ ও জীর্ণ নরপতির ন্যায় ভয়ে কম্পিত হয়।

৯। তাঁহাদিগের জন্মস্থান আকাশ অবিচলিত; তাঁহাদের জননী স্বরূপ আকাশ হইতে বল নির্গত হইতে পারে; যে হেতু তাঁহাদিগের বল উভয় লোক ব্যাপিয়া সর্ব্বত্র বর্ত্তমান আছে।

১০। তাঁহারা শব্দের উৎপাদক, তাঁহারা গমন কালে জল বিস্তার করেন, এবং গাভীদিগকে হম্বারবপূর্ব্বক জানু পর্য্যন্ত সেই জলে প্রেরণ করেন।

১১। যে মেঘ প্রসিদ্ধ, দীর্ঘ ও পৃথু, এবং জল বর্ষণ করে না, ও কাহারও দ্বারা হিংসনীয় নহে, তাহাকেও মরুৎগণ স্বকীয় গতি দ্বারা চালিত করেন।

১২। হে মরুৎগণ! যে হেতু তোমাদের বল আছে, মনুষ্যদিগকে নত করিয়াছ, মেঘদিগকেও নত করিয়াছ।

১৩। যখন মরুৎগণ গমন করেন, তখনই মার্গে সর্ব্বতোভাবে ধ্বনি করেন, তাঁহাদিগের ধ্বনি সকলেই শুনিতে পায়।

১৪। বেগবান্ বাহন দ্বারা শীঘ্র আইস, কণ্বেরা তোমাদের পরিচর্য্যা প্রস্তুত করিয়াছে; তাহাদিগের প্রতি তৃপ্ত হও।

১৫। তোমাদের তৃপ্তির জন্য হব্য রহিয়াছে, আমরা সমস্ত পরমায়ু জীবিত থাকিবার জন্য তোমাদের ভৃত্য হইয়া আছি।

৩৮ সূক্ত।

মরুৎগণ দেবতা। ঘোর পুত্র কণ্ ঋষি।

১। হে মরুৎগণ! তোমরা স্তুতিপ্রিয়, এবং তোমাদের জন্য কুশ ছিন্ন হইয়াছে। পিতা পুত্রকে যেরূপ দুই হস্ত দ্বারা ধারণ করে, আমাদিগকে সেইরূপ ধারণ করিবে?

২। তোমারা এখন কোথায়? কখন তোমরা আগমন করিবে? আকাশ হইতে আইস, পৃথিবী হইতে যাইও না; যজমানের গাভীসমূহের ন্যায় তোমাকে কোথায় ডাকিতেছে?

৩। তোমাদের নূতন ধন কোথায়? তোমাদের শোভনীয় দ্রব্য কোথায়? তোমাদের সমস্ত সৌভাগ্য কোথায়?

৪। হে পৃশ্নি পুত্রগণ! যদি তোমরা মনুষ্য হইতে ও তোমাদিগের স্তোতা অমর হইত।

৫। তৃণের মধ্যে মৃগ যেরূপ সেবা রহিত হয় না, তোমার স্তোতাও সেইরূপ তোমার সেবা রহিত হইত না, কদাচ যমের পথে যাইত না।

৬। নিঃঋতি (১) অতিশয় বলবতী, এবং তাহাকে বিনাশ করা যায় না। যেন সেই নিঃঋতি আমাদিগকে না বধ করে; যেন সে আমাদিগের তৃষ্ণার সহিত বিলুপ্ত হয়।

(১) অর্থাৎ পাপ। ২৪ সূক্তের ৯ ঋকের টীকা দেখ।

৭। দীপ্তিমান্ ও বলবান্ রুদ্রীয়গণ সত্যই (২) মরুভূমিতেও বায়ুরহিত বৃষ্টি দান করেন।

৮। প্রসূত স্তনবতী ধেনুর ন্যায় বিদ্যুৎ গর্জ্জন করিতেছে; গাভী যেরূপ বৎসের সেবা করে, বিদ্যুৎ সেইরূপ মরুৎগণের সেবা করিতেছে, সুতরাং মরুৎগণ বৃষ্টি দান করিলেন।

৯। মরুৎগণ উদকধারী পর্জ্জন্য (৩) দ্বারা দিবাকালেও অন্ধকার করিতেছেন, পৃথিবী জলসিক্ত করিতেছেন।

১০। মরুৎগণের গর্জ্জনে সমস্ত পৃথিবীর গৃহাদি সমন্তাৎ কম্পিতা হয়, মনুষ্যগণ কম্পিত হয়।

১১। হে মরুৎগণ! দৃঢ় পদ অশ্ব দ্বারা বিচিত্র তটযুক্ত নদী তীর দিয়া অপ্রতিহত গতিতে গমন কর।

১২। তোমাদিগের রথের নেমি সমুদয় দৃঢ় হউক, রথ ও অশ্বগণও দৃঢ় হউক, তোমাদিগের বল্গা দৃঢ় হউক।

১৩। ব্রহ্মণস্পতি (৪) ও অগ্নি ও দর্শনীয় মিত্রের স্তুতির জন্য দেবতাস্বরূপ প্রকাশকারী বাক্য দ্বারা আমাদিগের সম্মুখে তাঁহাদের বর্ণন কর।

১৪। মুখে শ্লোক রচনা কর, পর্জন্যের ন্যায় তাহা বিস্তার কর; উক্থস্তুতি বিশিষ্ট গায়ত্রীচ্ছন্দে রচিত (সূক্ত) পাঠ কর।

১৫। দীপ্তিমান্ স্তুতিযোগ্য এবং অর্চনোপেত মরুৎগণকে বন্দনা কর; আমাদিগের এই কার্য্যে যেন তাঁহারা বর্দ্ধনশীল হয়েন।

৩৯ সূক্ত।

মরুৎগণ দেবতা। ঘোর পুত্র কণ্ব ঋষি।

১। হে কম্পনকারী মরুৎগণ! যখন দূর হইতে আলোকের ন্যায় তোমাদের মাননীয় তেজ এই স্থানে নিক্ষেপ কর, তখন তোমরা কাহার যজ্ঞ দ্বারা, কাহার স্তোত্র দ্বারা আকৃষ্ট হও, কোথায় কোন যজমানের নিকট গমন কর?

---

(২) রুদ্র সম্বন্ধে ৪৩ সূক্তের ১ ঋকের টীকা দেখ।

(৩) "পর্জ্জন্য" অর্থে "মেঘ।" সায়ণ। ইহার পর ৮৩ ও অন্যান্য সূক্তে পর্জ্জন্যকে দেব বলিয়া স্তুতি করা হইয়াছে।

(৪) ব্রহ্মণস্পতি সম্বন্ধে ১৮ সূক্তের ১ ঋকের টীকা দেখ।

২। তোমাদিগের আয়ুধ সমূহ শত্রুদিগের অপনোদনার্থ দৃঢ় হউক; শত্রুদিগের প্রতিরোধার্থ কঠিন হউক; তোমাদিগের বল স্তুতিভাজন হউক; আমাদের নিকট ছদ্মচারী মনুষ্যের বল যেন স্তুতিভাজন না হয়।

৩। হে নর সমূহ! যখন স্থির বস্তুকে তোমরা ভগ্ন কর, গুরু বস্তুকে যখন পরিচালিত কর, তখন পৃথিবীর বন বৃক্ষের মধ্য দিয়া ও পর্ব্বতের পার্শ্ব দিয়া তোমরা গমন কর।

৪। হে শত্রুহিংসক মরুৎগণ! দ্যুলোকে তোমাদিগের শত্রু নাই পৃথিবীতেও নাই। হে রুদ্রপুত্রগণ (১)! তোমরা একত্রিত হও, (শত্রুদিগের) ধর্ষণার্থ তোমাদিগের বল শীঘ্র বিস্তৃত হউক।

৫। মরুৎগণ পর্ব্বতসমূহকে বিশেষরূপে কম্পিত করিতেছেন, বনস্পতিদিগকে বিযুক্ত করিতেছেন। হে দেব মরুৎগণ! সমস্ত দলের সহিত তোমরা উন্মত্তের ন্যায় সর্ব্ব স্থানে গমন কর।

৬। তোমরা বিন্দু চিহ্নিত মৃগ রথে সংযুক্ত করিয়াছ। লোহিত মৃগ প্রষ্টি (২) হইয়া রথ বহন করিতেছে। পৃথিবী তোমাদের আগমন শ্রবণ করিয়াছে, মনুষ্যেরা ভীত হইয়াছে।

৭। হে রুদ্র পুত্র মরুৎগণ! পুত্রের জন্য শীঘ্র তোমাদের রক্ষণাবেক্ষণ প্রার্থনা করি। পূর্ব্বে আমাদিগের রক্ষণের জন্য যেরূপ আসিয়াছিলে, সেই রূপ ভীতিযুক্ত কণ্বের নিকট শীঘ্র আইস।

৮। যে কোন শত্রু তোমাদিগের দ্বারা কিম্বা মনুষ্য কর্ত্তৃক উত্তেজিত হইয়া আমাদিগের সম্মুখীন হয়, তাহার খাদ্য এবং বল হরণ কর, তোমাদের সহায়তা হরণ কর।

৯। হে মরুৎগণ! তোমরা সম্পূর্ণরূপে যজ্ঞভাজন এবং প্রকৃষ্ট জ্ঞানযুক্ত, তোমরা কণ্বকে ধারণ কর, বিদ্যুৎ যেরূপ বৃষ্টি লইয়া আইসে, তোমরাও সম্পূর্ণ রক্ষণাবেক্ষণের সহিত আমাদিগের নিকট আইস।

১০। হে শোভনীয় দানসম্পন্ন মরুৎগণ! তোমরা সম্পূর্ণ তেজ ধারণ

---

(১) মূলে "রুদ্রাসঃ" শব্দ আছে অর্থ "রুদ্রপুত্রা মরুতঃ।" সায়ণ। রুদ্র সম্বন্ধে ৪৩ সূক্তের ১ ঋকের টীকা দেখ।

(২) "বাহনত্রয় মধ্যবর্ত্তী যুগবিশেষঃ" সায়ণ। মক্ষমূলর প্রষ্টি অর্থ "Leader" করিয়াছেন।

কর; কম্পনকারীগণ! তোমরা সম্পূর্ণ বল ধারণ কর; ঋষিদ্বেষী ক্রোধপরবশ শত্রুর প্রতি ইষুর ন্যায় তোমার ক্রোধ প্রেরণ কর।

---

৪০ সূক্ত।

ব্রহ্মণস্পতি দেবতা। ঘোর পুত্র কণ্ব ঋষি।

১। হে ব্রহ্মণস্পতি! উত্থান কর; দেবতা কামনা করিয়া আমরা তোমাকে যাচ্ঞা করিতেছি। শোভনীয় দানযুক্ত মরুৎগণ নিকট দিয়া গমন করুন, হে ইন্দ্র! তুমি সঙ্গে থাকিয়া সোমরস সেবন কর।

২। হে বলপুত্র! (শত্রুদিগের মধ্যে) প্রক্ষিপ্ত ধনের জন্য মনুষ্য তোমা-কেই স্তুতি করে; হে মরুৎগণ! যে মনুষ্য তোমাদের স্তুতি করে সে শোভনীয় অশ্বযুক্ত ও শোভনীয় বীর্য্যযুক্ত ধন লাভ করে।

৩। ব্রহ্মণস্পতি আমাদিগের নিকট আইসুন, সুনৃতা দেবী (১) আইসুন; দেবগণ শত্রুকে দূরে প্রেরণ করুন, আমাদিগকে হিতকারী ও হব্যযুক্ত যজ্ঞে লইয়া যান।

৪। যে মনুষ্য ঋত্বিককে গ্রহণ যোগ্য ধন দান করে সে ক্ষয় রহিত অন্ন লাভ করে; তাঁহার জন্য আমরা ইলার নিকট যাচ্ঞা করিব। ইলা সুবীরা, তিনি শত্রুকে হনন করেন, তাঁহাকে কেহ হনন করিতে পারে না।

৫। ব্রহ্মণস্পতি নিঃসন্দেহই পবিত্র মন্ত্র উচ্চারণ করেন (২)। সেই মন্ত্রে ইন্দ্র, বরুণ, মিত্র, ও অর্য্যমা দেবগণ অবস্থিতি করেন।

৬। হে দেবগণ! সুখের উৎপত্তি হেতু, এবং হিংসা দোষ রহিত সেই মন্ত্র আমরা যজ্ঞে উচ্চারণ করি। হে নেতৃগণ! যদি তোমরা এই বাক্য কামনা কর, তাহা হইলে সকল রমনীয় বাক্য তোমাদিগের নিকট উপনীত হইবে।

৭। যিনি দেবগণকে কামনা করেন, তাঁহার নিকট ব্রহ্মণস্পতি ভিন্ন কে আইসে? যিনি যজ্ঞের জন্য কুশ ছিন্ন করেন, তাঁহার নিকট ব্রহ্মণস্পতি ভিন্ন কে আইসে? হব্যদাতা যজমান ঋত্বিক দিগের সহিত যজ্ঞ স্থানে প্রস্থান করিয়াছেন, অন্তঃস্থিত বহু ধনোপেত গৃহে গমন করিয়াছেন।

---

(১) "সুনৃতা দেবী প্রিয়সত্যরূপা বাগ্দেবতা।" সায়ণ।

(২) ব্রহ্ম অর্থ প্রার্থনা বা মন্ত্র, এবং ব্রহ্মণস্পতি প্রার্থনা স্বরূপ দেব তাহা এই সূক্তে স্পষ্ট প্রতীয়মান হইতেছে। ১৮ সূক্তের ১ ঋকের টীকা দেখ।

৮। ব্রহ্মণস্পতি আপন শরীরে বল সংগ্রহ করুন, রাজগণের সহিত তিনি শত্রু হনন করেন, ভয়ের সময় তিনি স্বস্থানে স্থির থাকেন। তিনি বজ্রধারী, মহা যুদ্ধে কিম্বা স্বল্প যুদ্ধে তাঁহাকে প্রোৎসাহ অথবা নিরুৎসাহ করে এরূপ কেহ নাই।

---

৪১ সূক্ত।

বরুণ প্রভৃতি দেবতা। ঘোর পুত্র কণ্ব ঋষি।

১। প্রকৃষ্ট জ্ঞানযুক্ত বরুণ ও মিত্র ও অর্য্যমা (১) যাহাকে রক্ষা করেন কেহ তাহার হিংসা করিতে পারে না।

২। তাঁহারা যে লোককে নিজের হস্ত দ্বারা ধনপূর্ণ করেন ও হিংসক হইতে রক্ষা করেন, সেই লোক কাহারও দ্বারা হিংসিত না হইয়া বৃদ্ধি প্রাপ্ত হয়।

৩। বরুণাদি রাজগণ সেই লোকদিগের জন্য শত্রুদিগের দুর্গ বিনাশ করেন, শত্রুদিগকেও বিনাশ করেন; পরে সেই লোকদিগের পাপ সমূহ অপনয়ন করেন।

৪। হে আদিত্যগণ! তোমাদিগের যজ্ঞে আসিবার পথ সুখগম্য ও কণ্টকরহিত; এই যজ্ঞে তোমাদিগের জন্য মন্দ খাদ্য প্রস্তুত হয় নাই।

৫। হে নেতা আদিত্যগণ! যে যজ্ঞে তোমরা ঋজুপথ দিয়া আইস সেই যজ্ঞে তোমাদের উপভোগ হউক।

৬। হে আদিত্যগণ! সেই (তোমাদের অনুগৃহীত) মনুষ্য কাহারও দ্বারা হিংসিত না হইয়া সমস্ত রমণীয় ধন সম্মুখেই প্রাপ্ত হয় এবং নিজের সদৃশ অপত্য প্রাপ্ত হয়।

৭। হে সখাগণ! মিত্র ও অর্য্যমা ও বরুণের মহত্বের অনুরূপ স্তোত্র কি প্রকারে সাধন করিব?

৮। হে মিত্রাদিদেবগণ! দেবাকাঙ্ক্ষী যজমানকে যে হনন করে, এবং যে কটু কহে, তাহার বিরুদ্ধে আমি তোমাদিগের নিকট অভিযোগ করি না; আমি ধন দ্বারা তোমাদিগকে পরিতৃপ্ত করি।

---

(১) মিত্র ও বরুণ সম্বন্ধে ২ সূক্তের ৭ ঋকের টীকা দেখ। বরুণ ও মিত্রের সহিত [অর]্য্যমাকে অনেক স্থানে স্তুতি করা হয়। অর্য্যমা কে? ৯০ সূক্তের ১ ঋকের টীকায় সায়ণ [বলে]ন "অর্য্যমা অহোরাত্রবিভাগস্য কর্ত্তা সূর্য্যঃ।" অন্য এক স্থানে সায়ণ লিখিয়াছেন যে [মিত্র] ও বরুণ দিবা ও রাত্রি। "অর্য্যমা উত্তরোর্মধ্যস্থো দেবঃ। ১৫ সূক্তের ৩ ঋকের টীকা দেখ।

৯। অক্ষক্রীড়ায় যে লোক চারি কপর্দ্দক হস্তে ধারণ করে, সেই কপর্দ্দক ক্ষেপণ পর্য্যন্ত যেরূপ তাহাকে অপর পক্ষ ভয় করে, সেই রূপ যজমান পরের নিন্দা করিতে ভয় করে।

৪২ সূক্ত।

পূষা দেবতা। ঘোর পুত্র কণ্ব ঋষি।

১। হে পূষা (১) পথ পার করাইয়া দাও, পাপ বিনাশ কর; হে মেঘ পুত্র দেব! আমাদিগের অগ্রে যাও।

২। হে পূষা! আঘাতকারী, অপহরণকারী ও দুষ্টাচারী যে কেহ আমাদিগকে (বিপরীত পথ) দেখাইয়া দেয়, তাহাকে পথ হইতে দূর করিয়া দাও।

৩। সেই মার্গ প্রতিবন্ধক, তস্কর কুটিলাচারীকে পথ হইতে দূরে তাড়াইয়া দাও।

৪। যে কেহ প্রত্যক্ষ ও পরোক্ষ উভয়ই হরণ করে, এবং অনিষ্টসাধন ইচ্ছা করে; হে পূষা! তাহার পরসন্তাপক দেহ তোমার পদের দ্বারা দলিত কর।

৫। হে শত্রুবিনাশী ও জ্ঞানবান্ পূষা! যেরূপ রক্ষণাদ্বারা পিতৃগণকে উৎসাহিত করিয়াছিলে, তোমার সেই রক্ষণা প্রার্থনা করিতেছি।

৬। হে সর্ব্বধনসম্পন্ন, অনেক সুবর্ণায়ুধযুক্ত, লোকগণের মধ্যে শ্রেষ্ঠ পূষা! তুমি অনন্তর ধনসমূহ দানে পরিণত কর।

৭। বিঘ্নকারী শত্রুদিগকে অতিক্রম করিয়া আমাদিগকে লইয়া যাও, সুখগম্য শোভনীয় পথদ্বারা আমাদিগকে লইয়া যাও; হে পূষা! তুমি এই পথে আমাদিগের রক্ষণের উপায় কর।

৮। শোভনীয় তৃণযুক্ত দেশে আমাদিগকে লইয়া যাও, পথে যেন নূতন সন্তাপ না হয়। হে পূষা! তুমি এই (পথে) আমাদিগের রক্ষণের উপায় কর।

৯। (আমাদিগকে অনুগ্রহ করিতে) সক্ষম হও, আমাদিগের গৃহ ধনে

---

(১) সায়ন বলেন "পূষা" অর্থে "জগৎ পোষকপৃথিব্যাভিমানিদেবঃ।" এটী সায়ণের ভ্রম। যাস্ক নিরুক্তে লিখিয়াছেন 'সর্ব্বেষাং ভূতানাং গোপায়িতা আদিত্যঃ।" অর্থাৎ পূষা সূর্য্য। এই অর্থই সঙ্গত এবং সকল পণ্ডিতদিগের সম্মত। "The sun as viewed by shephards. Max Muller. (মেঘ হইতে অনেক সময় সূর্য্য বাহির হয়েন, এই জন্য পূষাকে মেঘ পুত্র বলা হইয়াছে।

পরিপূর্ণ কর, অভীষ্টবস্তু দান কর আমাদিগকে তীক্ষ্ণ তেজা কর, আমাদিগের উদর পূরণ কর; হে পূষা! তুমি এই পথে আমাদিগের রক্ষণের উপায় কর।

১০। আমরা পূষাকে নিন্দা করি না, সূক্ত দ্বারা স্তুতি করি, আমরা দর্শনীয় পূষার নিকট ধন যাচ্ঞা করি (২)।

---

৪৩ সূক্ত।

রুদ্র প্রভৃতি দেবতা। ঘোর পুত্র কণ্ব ঋষি।

১। প্রকৃষ্ট জ্ঞান যুক্ত অভীষ্ট বর্ষণকারী ও অতিশয় মহৎ রুদ্র (১)

---

(২) এই সূক্তের কোন২ ঋক, বিশেষ ৮ ঋক হইতে প্রতীয়মান হয় যে সে সময়ের হিন্দু আর্য্যদিগের মধ্যে কোন২ অংশ মেষপালক ব্যবসায় অবলম্বন করিয়া সুন্দর তৃণ অন্বেষণে স্থানে২ ভ্রমণ করিত। পূষা বিশেষরূপে তাহাদিগেরই রক্ষক, অতএব তিনি ভ্রমণে পথদর্শক। সে কালে ভ্রমণে কি রূপ বিপদ আপদ ছিল তাহাও এই সূক্ত হইতে কতক২ জানা যায়।

(১) ২৭ সূক্তের ১০ ঋকে রুদ্রকে অগ্নির রূপ বলিয়া বর্ণিত হইয়াছে, পাঠক তাহা দেখিয়াছেন। সেই ঋক সম্বন্ধে যাস্ক নিরুক্তে বলেন "অগ্নিরপি রুদ্র উচ্যতে।" সায়ণ বলেন "রুদ্রায় ক্রূরায় অগ্নয়ে।" অতএব উভয় যাস্ক ও সায়ণের মতে রুদ্র শব্দের অর্থ অগ্নি। ৩৮ সূক্তের ৪ ঋকে মরুৎগণকে "রুদ্রাসঃ" বলিয়া বর্ণনা করা হইয়াছে তাহাও পাঠক দেখিয়াছেন। সায়ণ "রুদ্রাসঃ" অর্থে "রুদ্রপুত্রা মরুতঃ" করিয়াছেন। অতএব রুদ্র মরুৎগণের পিতা। রুদ্ ধাতুর একটী অর্থ শব্দ করা অথবা গর্জ্জন করা বা রোদন করা অতএব রুদ্র অগ্নিরূপী ঝড়ের পিতা শব্দায়মান দেব। ইহা হইতে স্পষ্টই প্রতীয়মান হইতেছে যে রুদ্রের আদিম অর্থ বজ্র বা বজ্রধারী দেব।

এক্ষণে আমরা ব্রহ্মা, বিষ্ণু ও রুদ্রের আদিম বৈদিক অর্থ পাইলাম। ঋগ্বেদে ব্রহ্মণস্পতি অর্থে স্তুতি দেব ১৮ সূক্ত দেখ বিষ্ণু অর্থে সূর্য্য দেব ২২ সূক্ত দেখ রুদ্র অর্থে বজ্রদেব সকল ঐশ্বরিক কার্য্যের এক ঈশ্বরকে ঋগ্বেদে বিশ্বকর্ম্মা বা হিরণ্যগর্ভ নাম দেওয়া হইয়াছে —১০ মণ্ডলের ৮২ ও ১২১ সূক্ত দেখ।

ঋগ্বেদ রচনার বহুকাল পর এই এক ঈশ্বরের সৃষ্টি, পালন, ও বিনাশ এই তিনটী কার্য্য পৃথক পৃথক নির্দ্দেশ করিবার জন্য ঋষিগণ তিনটী নামের অন্বেষণ করিলেন। তাঁহারা নূতন নাম উদ্ভাবন না করিয়া প্রাচীন বৈদিক গ্রহণ করিলেন। স্তুতি দেব ব্রহ্মণস্পতির নাম লইয়া ঈশ্বরের সৃষ্টি কার্য্যকে ব্রহ্মা নাম দিলেন। সূর্য্যদেব বিষ্ণুর নাম লইয়া ঈশ্বরের পালন কার্য্যকে বিষ্ণুর নাম দিলেন। বজ্রদেব রুদ্রের নাম লইয়া ঈশ্বরের বিনাশ কার্য্যকে রুদ্রনাম দিলেন।

আমাদিগের হৃদয়ে অধিষ্ঠান করিতেছেন; কবে তাঁহার উদ্দেশে সুখকর স্তোত্র পাঠ করিব?

২। যদ্দ্বারা অদিতি আমাদিগের জন্য, পশুর জন্য মনুষ্যের জন্য গাভীর জন্য, এবং আমাদিগের অপত্যের জন্য রুদ্রীয় প্রদান করেন।

৩। যদ্দ্বারা মিত্র ও বরুণ ও রুদ্র ও সমান প্রীতিযুক্ত সকল দেবগণ আমাদিগকে অনুগ্রহ করেন।

৪। রুদ্র স্তুতিপালক, যজ্ঞপালক, এবং উদকরূপ ঔষধিযুক্ত; তাঁহার নিকট আমরা (বৃহস্পতি পুত্র) শংযুর ন্যায় সুখ যাচ্ঞা করি।

৫। যে রুদ্র সূর্য্যের ন্যায় দীপ্তিমান্ ও হিরণ্যের ন্যায় উজ্জ্বল, যিনি দেবগণের মধ্যে শ্রেষ্ঠ, ও নিবাসের হেতু।

৬। আমাদিগের অশ্ব, মেষ, মেষী, পুরুষ, স্ত্রী, ও গোজাতিকে সুগম্য সুখ প্রদান করেন।

৭। হে সোম! আমাদিগকে প্রচুর পরিমাণে শত মনুষ্যের ধন দান কর; এবং মহৎ ও প্রভূত বলযুক্ত অন্ন দান কর।

৮। সোমপ্রতিবন্ধকেরা ও শত্রুগণ আমাদিগকে যেন হিংসা না করে; হে সোম! আমাদিগকে অন্ন দান কর।

৯। হে সোম! তুমি অমর ও উত্তম স্থান প্রাপ্ত, তুমি শিরঃ স্থানীয় হইয়া যজ্ঞ গৃহে তোমার প্রজা দিগকে কামনা কর; যে প্রজাগণ তোমাকে বিভূষিত করে, তুমি তাহাদিগকে জান।

৪৪ সূক্ত!

অগ্নি দেবতা। কণ্বের পুত্র প্রস্কণ্ব ঋষি।

১। হে অগ্নি! তুমি অমর, এবং সর্ব্ব ভূতজ্ঞ তুমি উষার নিকট হইতে নিবাসযুক্ত ও বিচিত্র ধন হব্যদাতা যজমানকে আনিয়া দাও; অদ্য উষাকালে জাগরিত দেবগণকে লইয়া আইস।

২। হে অগ্নি! তুমি দেবগণের সেবিত দূত, তুমি হব্য বহন কর, তুমি যজ্ঞের রথী; তুমি অশ্বিদ্বয় ও উষার সহিত শোভনীয়বীর্য্যযুক্ত ও প্রভূত ধন আমাদিগকে দান কর।

৩। অগ্নি দূত, নিবাসের হেতু, অনেকের প্রিয়, ধূমরূপ ধ্বজাযুক্ত প্রসিদ্ধ জ্যোতি দ্বারা অলঙ্কৃত, এবং উষাকালে যজমানদিগের যজ্ঞ সেবন করেন; সেই অগ্নিকে অদ্য আমরা বরণ করি।

৪। অগ্নি শ্রেষ্ঠ, যবিষ্ঠ, সদা অতিথি, সকলের আহূত, হব্যদাতার প্রতি প্রীত, এবং সর্ব্বভূতজ্ঞ; উষাকালে দেবগণের অভিমুখে গমনার্থ আমি তাঁহাকে স্তুতি করি।

৫। হে অমর বিশ্বপালক, হব্যবাহী ও যজ্ঞার্হ অগ্নি! তুমি বিশ্বের ত্রাণকর্ত্তা, মরণরহিত, ও যজ্ঞনির্ব্বাহক; আমি তোমাকে স্তুতি করিব।

৬। হে যুবতম অগ্নি! তুমি স্তোতার স্তুতিভাজন ও তোমার শিখা আনন্দদায়ী, তুমি আহুত হইয়া আমাদিগের অভিপ্রায় উপলব্ধি কর। প্রস্কণ্ব জীবিত থাকে এ জন্য তাহার আয়ুঃ বৃদ্ধি করিয়া দাও, সেই দেবপরায়ণ জনকে সম্মান কর।

৭। তুমি হোমনিষ্পাদক ও সর্ব্বজ্ঞ, তোমাকে লোকে দীপ্তিমান্ করে; হে অগ্নি! তুমি অনেকের আহূত, প্রকৃষ্ট জ্ঞানযুক্ত দেবগণকে শীঘ্র এই যজ্ঞে লইয়া আইস।

৮। হে শোভনীয় যজ্ঞযুক্ত অগ্নি! রাত্রির প্রভাতে সবিতা উষা অশ্বিদ্বয় ভগ ও অগ্নিকে লইয়া আইস; হব্যবাহী, কণ্বেরা সোম অভিষব করিয়া তোমাকে জ্বালাইতেছে।

৯। হে অগ্নি! তুমি লোকদিগের যজ্ঞের পালক, তুমি দেবগণের দূত, উষাকালে জাগরিত সূর্য্যদর্শী দেবগণকে অদ্য সোমপানার্থ লইয়া আইস।

১০। হে প্রভাসম্পন্ন ধনবান্ অগ্নি! তুমি সকলের দর্শনীয়, তুমি পূর্ব্বগামী উষার পর দীপ্ত হও; তুমি গ্রামসমূহে রক্ষক, যজ্ঞসমূহে পুরোহিত, ও বেদীর পূর্ব্বে মনুষ্য।

১১। হে অগ্নি! তুমি যজ্ঞের সাধন, তুমি দেবগণের আহ্বানকারী ঋত্বিক্, তুমি প্রকৃষ্ট জ্ঞানযুক্ত এবং শত্রুদিগের আয়ুঃক্ষয়কারী, তুমি দেবগণের দূত ও অমর, আমরা মনুর ন্যায় তোমাকে যজ্ঞস্থানে স্থাপন করি।

১২। মিত্রদিগের পূজক হে অগ্নি! যখন যজ্ঞমধ্যে পুরোহিত রূপে তুমি দেবগণের দূতের কর্ম্ম সম্পাদন কর, তখন তোমার সমুদ্রের প্রকৃষ্টধ্বনিযুক্ত ঊর্ম্মি সমূহের ন্যায় অর্চিঃসমূহ দীপ্তিমান্ হয়।

১৩। হে অগ্নি! তোমার কর্ণ শ্রবণসমর্থ, আমাদিগের বচন শ্রবণ কর; মিত্র ও অর্য্যমা ও অন্য যে দেবগণ প্রাতঃকালে দেবযজ্ঞে গমন করেন, তোমার সহগামী সেই হব্যবাহী দেবগণের সহিত এই যজ্ঞ লক্ষ্য করিয়া কুশে উপবেশন করুন।

১৪। মরুৎগণ দানশীল, অগ্নিজিহ্ব এবং যজ্ঞবর্দ্ধন করেন, তাঁহারা আমাদিগের স্তোত্র শ্রবণ করুন; ধৃতব্রত বরুণ অশ্বিদ্বয় ও উষার সহিত সোমপান করুন।

---

৪৫ সূক্ত।

অগ্নি দেবতা। কণ্বের পুত্র প্রস্কণ্ব ঋষি।

১। হে অগ্নি! তুমি এই যজ্ঞে বসুদিগকে, রুদ্রদিগকে, এবং আদিত্যদিগকে অর্চনা কর; এবং শোভনীয় যজ্ঞযুক্ত ও জলসেককারী মনুজাত জনকেও অর্চনা কর।

২। হে অগ্নি! বিশিষ্ট প্রজ্ঞাসম্পন্ন দেবগণ হব্যদাতাকে ফলদান করেন; হে অগ্নি! তোমার রোহিত নামক অশ্ব আছে, এবং তুমি স্তুতিভাজন, তুমি সেই ত্রয়স্ত্রিংশ (১) দেবগণকে এই স্থানে লইয়া আইস।

৩। হে অগ্নি! তুমি প্রভূতকর্ম্মা এবং সর্ব্বভূতজ্ঞ। প্রিয়মেধা অত্রি বিরূপ ও অঙ্গিরা নামক ঋষিদের আহ্বান যেরূপ শ্রবণ করিয়াছিলে সেইরূপ প্রস্কণ্বের আহ্বান শ্রবণ কর।

৪। অগ্নি যজ্ঞ সমূহের মধ্যে বিশুদ্ধ আলোক দ্বারা দীপ্যমান্ হন প্রৌঢ়কর্ম্মা প্রিয়মেধাগণ রক্ষার জন্য অগ্নিকে আহ্বান করিয়াছিলেন।

৫। কণ্বের পুত্রেরা যে স্তুতি দ্বারা রক্ষার জন্য তোমাকে আহ্বান করিতেছেন, হে ঘৃতাহুত ফলপ্রদ অগ্নি! সেই স্তুতি সমূহ শ্রবণ কর।

৬। হে অগ্নি! তুমি প্রভূত ও বিবিধ অন্নযুক্ত এবং বহুলোকের প্রিয়; তোমার দীপ্তিরূপ কেশ আছে; মনুষ্যেরা তোমাকে হব্যবহনের জন্য আহ্বান করে।

৭। হে অগ্নি! তুমি আহ্বানকারী ঋত্বিক্, এবং বহুধন দাতা, তোমার কর্ণ শ্রবণ সমর্থ, তোমার খ্যাতি বহু বিস্তৃত; মেধাবীগণ তোমাকে যজ্ঞে স্থাপন করিয়াছেন।

---

(১) ৩৪ সূক্তের ১১ ঋকের টীকা দেখ।

৮। হে অগ্নি! হব্যদাতার জন্য হব্য ধারণ করিয়া মেধাবী ঋত্বিকেরা সোম অভিষুত করিয়া অন্নের নিকট তোমাকে আহ্বান করিতেছে; তুমি মহান্ ও প্রভাসম্পন্ন।

৯। হে অগ্নি! তুমি বল দ্বারা উৎপন্ন তুমি ফলদাতা এবং নিবাস হেতু; অদ্য এই স্থানে প্রাতে আগমনকারী দেবগণকে ও দৈব্য জনকে সোম পানার্থ কুশের উপর আনয়ন কর।

১০। হে অগ্নি! সম্মুখস্থ দৈব্য জনকে (২) দেবগণের সহিত সমান আহ্বান দ্বারা অর্চনা কর; হে দানশীল দেবগণ! এই সোম তোমাদিগের জন্য কল্য প্রস্তুত হইয়াছে, ইহা পান কর।

---

৪৬ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। কণ্বের পুত্র প্রস্কণ্ব ঋষি।

১। প্রিয় উষা ইহার পূর্ব্বে দেখা দেন নাই, ঐ তিনি আকাশ হইতে অন্ধকার দূর করিতেছেন। হে অশ্বিদ্বয়! তোমাদের প্রভূত স্তুতি করি।

২। যে দর্শনীয় সমুদ্রপুত্র দেবদ্বয় মনের দ্বারা ধন দান করেন, এবং আমরা যজ্ঞ সম্পাদন করিলে নিবাসস্থান প্রদান করেন।

৩। হে অশ্বিদ্বয়! তোমাদিগের রথ যখন প্রশংসিত স্বর্গলোকে অশ্বগণ দ্বারা নীত হয়, তখন আমরা তোমাদের স্তুতি উচ্চারণ করি।

৪। হে নরদ্বয়! পূরণকারী, পালনকারী, যজ্ঞদর্শী, ও জলশোষক সূর্য্য আমাদিগের হব্য দ্বারা দেবগণকে পূরণ করেন।

৫। হে নাসত্যদ্বয়! আমাদিগের প্রিয় স্তুতি গ্রহণ করিয়া তোমাদিগের বুদ্ধি পরিচালক যে তীব্র সোম আছে তাহা পান কর।

৬। হে অশ্বিদ্বয়! যে জ্যোতির্ম্ময় অন্ন অন্ধকার বিনাশ করিয়া আমাদিগকে তৃপ্তি দান করে; সেই অন্ন আমাদিগকে প্রদান কর।

৭। হে অশ্বিদ্বয়! স্তুতি সমূহের পারে গমনার্থ নৌকারূপে আইস, আমাদিগের অভিমুখে তোমাদিগের রথ সংযোজিত কর।

(২) প্রথম, নবম ও দশম ঋকে যে মনুজাত দেবতারূপ প্রাণির উল্লেখ আছে, তাহারা কে? সম্ভবতঃ ৩ ঋকে উল্লিখিত ঋষিগণ।

৮। তোমাদের আকাশ অপেক্ষাও বিস্তীর্ণ যান সমুদ্রের ঘাটে রহিয়াছে, ভূমিতে রথ রহিয়াছে ; সোমরস তোমাদের যজ্ঞ কর্ম্মে মিশ্রিত হইয়াছে।

৯। হে কণ্বগণ! অশ্বিদ্বয়কে জিজ্ঞাসা কর, দিব্যলোক হইতে সূর্য্যরশ্মি আইসে, বৃষ্টির উৎপত্তি স্থানে অর্থাৎ অন্তরীক্ষে আমাদিগের নিবাস হেতু জ্যোতিঃ আবির্ভূত হয় ; হে অশ্বিদ্বয়! তোমাদের রূপ ইহার-মধ্যে কোন স্থানে রাখিতে ইচ্ছা কর ?

১০। সূর্য্যের প্রভা ঊষাকালের আলোক উৎপন্ন করিয়াছিল, সূর্য্য উদিত হইয়া হিরণ্যের ন্যায় হইয়াছিলেন, অগ্নি কৃষ্ণবর্ণ হইয়া আপন জিহ্বা দ্বারা প্রকাশ পাইয়াছিলেন।

১১। রাত্রির পারে গমনার্থ সূর্য্যের সুন্দর পথ নির্ম্মিত হইয়াছিল, সূর্য্যের বিস্তৃত দীপ্তি দৃষ্ট হইয়াছিল।

১২। অশ্বিদ্বয় হর্ষ নিমিত্ত সোমপান করেন। স্তুতিকারক তাঁহাদের পুনঃ পুনঃ রক্ষণ কার্য্য বিভূষিত করেন।

১৩। হে সুখদাতা অশ্বিদ্বয়! তোমরা যেরূপ মনুতে নিবাস করিয়াছিলে, সেই রূপ নিবাস করিয়া সোমপান নিমিত্ত এবং স্তুতির জন্য আগমন কর।

১৪। হে অশ্বিদ্বয়! তোমরা চতুর্দ্দিকবিচারী; তোমাদিগের শোভা অনুসরণ করিয়া ঊষা আগমন করুন; রাত্রিতে সম্পাদিত যজ্ঞের হব্য তোমরা গ্রহণ কর।

১৫। হে অশ্বিদ্বয়! তোমরা উভয়ে পান কর, উভয়েই প্রশস্ত রক্ষণ কার্য্য দ্বারা আমাদিগকে সুখ দান কর।

---

৪৭ সূক্ত

অশ্বিদ্বয় দেবতা। কণ্বের পুত্র প্রস্কণ্ব ঋষি।

১। হে যজ্ঞবর্দ্ধয়িতা অশ্বিদ্বয়! এই অতিশয় মধুর সোম তোমাদিগের জন্য অভিযুত হইয়াছে; ইহা কল্য প্রস্তুত হইয়াছে, পান কর এবং হব্যদাতা যজমানকে রমণীয় ধন দান কর।

২। হে অশ্বিদ্বয়! তোমাদিগের ত্রিবন্ধন যুক্ত ও ত্রিকোণ ও সুরূপ রথে আগমন কর; কণ্বপুত্রেরা যজ্ঞে তোমাদিগের স্তোত্র পাঠ করিতেছে, তাহাদিগের আহ্বান সাদরে শ্রবণ কর।

৩। হে যজ্ঞবর্দ্ধয়িতা অশ্বিদ্বয়! অতিশয় মধুর সোম পান কর; তাহার পর হে দস্রদ্বয়! অদ্য রথে ধন লইয়া হব্যদাতার নিকট গমন কর।

৪। হে সর্ব্বজ্ঞ অশ্বিদ্বয়! কক্ষ্যাত্রয়ে স্থিত যজ্ঞকুশে থাকিয়া মধুর রস দ্বারা যজ্ঞ সিক্ত কর; হে অশ্বিদ্বয়! দীপ্তিমান্ কণ্বপুত্রেরা সোম অভিষব করিয়া তোমাদিগকে আহ্বান করিতেছে।

৫। হে অশ্বিদ্বয়! তোমরা উভয়ে যে অভীষ্ট রক্ষণকার্য্য দ্বারা কণ্বকে রক্ষা করিয়াছিলে, হে শোভনকর্ম্মপালক! সেই রক্ষণকার্য্যদ্বারা আমাদিগকে রক্ষা কর; হে যজ্ঞবর্দ্ধক! সোম পান কর।

৬। হে দস্রদ্বয়! তোমরা রথে ধন লইয়া সুদাসকে (১) অন্ন আনিয়া দিয়াছিলে, সেইরূপ অন্তরীক্ষ হইতে অথবা দ্যুলোক হইতে অনেকের বাঞ্ছিত ধন আমাদিগকে দান কর।

৭। হে নাসত্যদ্বয়! তোমরা দূরেই থাক অথবা নিকটেই থাক, সূর্য্যোদয় কালে সূর্য্যরশ্মির সহিত নিজ সুনির্ম্মিত রথে আমাদিগের নিকট আইস।

৮। তোমরা সর্ব্বদা যাগসেবী; তোমাদের সপ্ত অশ্ব তোমাদিগকে নিকটে আনিয়া সবনাভিমুখে লইয়া যাউক; হে নরদ্বয়! শুভকর্ম্মকারী ও দানশীল যজমানকে অন্ন দান করিয়া তোমরা কুশে উপবেশন কর।

৯। হে নাসত্যদ্বয়! তোমরা যে রথে ধন লইয়া হব্যদাতাকে সর্ব্বদা দান করিয়াছ, সেই সূর্য্যরশ্মিপরিবেষ্টিত রথে মধুর সোমপানার্থ আগমন কর।

১০। আমরা রক্ষার জন্য উক্থ দ্বারা ও স্তোত্রদ্বারা প্রভূতধনশালী অশ্বিদ্বয়কে আমাদিগের অভিমুখে আহ্বান করিতেছি; হে অশ্বিদ্বয়! কণ্বপুত্রদিগের প্রিয় সদনে তোমরা সর্ব্বদাই সোম পান করিয়াছ।

---

(১) "সুদাসে শোভনদানযুক্তায় রাজ্ঞে পিজবনপুত্রায়।" সায়ণ। সুদাস পিজবন রাজার পুত্র এবং ঋগ্বেদে উল্লিখিত সকল রাজগণের মধ্যে সুদাসই প্রসিদ্ধ। ভারত আদি দশ জাতি তাঁহাকে আক্রমণ করিয়াছিল, কিন্তু সুদাস তাহাদিগকে পরাস্ত করেন। ১ মণ্ডলের ৩৩ সূক্ত এবং ৭ মণ্ডলের ১৮ ও ৮৩ সূক্ত দেখ। সেই ভারত জাতি কি পরে আবার কুরুক্ষেত্রে যুঝিয়াছিল? না সুদাসের ভারতদিগের সহিত যুদ্ধই বহুকাল পরে কুরুক্ষেত্রের যুদ্ধ বলিয়া মহাভারতে বর্ণিত হইয়াছে।

৪৮ সূক্ত।

উষা দেবতা। কণ্বের পুত্র প্রস্কণ্ব ঋষি।

১। হে দেবদুহিতা উষা! আমাদিগকে ধন দান করিয়া প্রভাত কর; হে বিভাবরি! প্রভূত অন্ন দান করিয়া প্রভাত কর; হে দেবি! দানশীল হইয়া ধনদান করিয়া প্রভাত কর।

২। উষা অশ্বযুক্তা গোসম্পন্না এবং সকল ধনপ্রদাত্রী; প্রজাদিগের নিবাসের জন্য তাঁহার অনেক সম্পত্তি আছে; হে উষা! আমাকে সুনৃত বাক্য, বল, এবং ধনবান্‌দিগের ধন দাও।

৩। উষা পুরাকালে প্রভাত করিতেন, অদ্যও প্রভাত করিতেছেন; ধনলুব্ধ লোক যেরূপ সমুদ্রে নৌকা প্রেরণ করে, উষার আগমনে যে রথসমূহ সজ্জীকৃত হয়, উষা তাহা সেইরূপে প্রেরণ করেন।

৪। হে উষা! তোমার আগমন হইলে বিদ্বান্ লোকে দানে মনোনিবেশ করে, এবং অতিশয় মেধাবী কণ্বঋষি দানশীল মনুষ্যদিগের প্রসিদ্ধ নাম উষা-কালেই উচ্চারণ করেন।

৫। উষা গৃহকার্য্যনেত্রী গৃহিণীর ন্যায় সকলকে পালন করিয়া আগমন করেন; তিনি জঙ্গম প্রাণীদিগের (১) জাগরিত করেন, পদযুক্ত প্রাণীদিগকে গমন করান, এবং পক্ষীদিগকে উড়াইয়া দেন।

৬। তুমি সমীচীন চেষ্টাবান্ পুরুষকে কার্য্যে প্রেরণ কর, তুমি ভিক্ষুক-দিগকেও প্রেরণ কর, তুমি নীহারবর্ষী এবং অধিকক্ষণ অবস্থান কর না; হে অন্নযুক্ত যজ্ঞসম্পন্না উষা! তুমি প্রভাত হইলে, উড্ডীয়মান পক্ষীগণ আর কুলায়ে অবস্থান করে না।

৭। তিনি রথ যোজিত করিয়াছেন; এই সৌভাগ্যবতী উষা দূর হইতে সূর্য্যের উদয় স্থানের উপরস্থ দিব্যলোক হইতে শত রথ দ্বারা মনুষ্যগণের নিকট আসিতেছেন।

---

(১) মূলে "জরয়ন্তী বৃজনং" আছে, অর্থ "গমনশীলং জঙ্গমং প্রাণিজাতং জরয়ন্তী জরাং প্রাপয়ন্তী।" সায়ণ। কিন্তু পণ্ডিতবর বেন্‌ফে এবং বলেনসন্ এই স্থানে "জরয়ন্তী" অর্থ জাগরিত করেন ইহা স্থির করিয়াছেন, এবং তদনুসারে মিউয়ার অনুবাদ করিয়াছেন "She hastens on arousing footed creatures."

৮। তাঁহার প্রকাশ হইবার জন্য সকল প্রাণী নমস্কার করিতেছে; কেন না সেই নেত্রী জ্যোতিঃ প্রকাশ করেন, এবং সেই ধনবতী স্বর্গদুহিতা বিদ্বেষীদিগকে এবং শোষণকারীদিগকে দূর করেন।

৯। হে স্বর্গদুহিতে! আহ্লাদকর জ্যোতির সহিত প্রকাশিত হও, দিবসে দিবসে আমাদিগকে প্রভূত সৌভাগ্য আনিয়া দাও, এবং অন্ধকার দূর কর।

১০। হে নেত্রী উষা! সমস্ত প্রাণীর চেষ্টিত ও জীবন তোমাতেই আছে, কেন না তুমি অন্ধকার দূর কর। হে বিভাবরি! তুমি বৃহৎ রথে আইস; হে বিচিত্র ধনযুক্তে! আমাদিগের আহ্বান শ্রবণ কর।

১১। হে উষা! মনুষ্যের যে বিচিত্র অন্ন আছে তাহা তুমি গ্রহণ কর; এবং যে যজ্ঞনির্ব্বাহকেরা তোমাকে স্তুতি করে সেই শুভকর্ম্মাদিগকে হিংসারহিত যজ্ঞে আনয়ন কর।

১২। হে উষা! তুমি অন্তরীক্ষ হইতে সকল দেবগণকে সোমপানার্থ আনয়ন কর। হে উষা! তুমি আমাদিগকে অ[illegible] করিয়া আমরা [illegible] ; তিনিই উৎকৃষ্ট জ্যোতিঃ। ও বীর্য্যসম্পন্ন অন্ন প্রদান কর।

১৩। যে উষার জ্যোতি শত্রুদিন[illegible] অদ্য উদয় হইয়া, এবং উন্নত আকাশে তিনি আমাদিগকে সকলের ব[illegible] এবং হরিমাণ রোগ নাশ কর।

১৪। হে পূ[illegible]আমাদের হরিমাণ রোগ শুক ও শারিকা পক্ষীতে স্থাপন আহ্বান করি[illegible] হরিমাণ হরিদ্রায় স্থাপন করি।

স্তুতিতে [illegible] এই আদিত্য সমস্ত তেজের সহিত উত্থিত হইয়াছেন, তিনি [illegible]র অনিষ্টকারী রোগ বিনাশ করিয়াছেন. আমি সে অনিষ্টকারীকে দিয়া[illegible] করি না। (৪)

গো[illegible]

এব[illegible]

দা[illegible]

([illegible]২) মূলে "বরুণ" শব্দ আছে, অর্থ অনিষ্টনিবারক সূর্য্য। সায়ণ। "অত্র বরুণশব্দেন [illegible]তা এব উচ্যতে।" সায়ণ।

(৩) ৮ ও ৯ ঋকে সূর্য্যের সাতটী অশ্বের কথা আছে, তাহার অর্থ বোধ হয় সূর্য্যালোকে [illegible]ত সপ্তবর্ণ রশ্মি।

(৪) ১১, ১২ ও ১৩ ঋক একটী "চিত্র" পীড়া আরোগ্যের জন্য সূর্য্যের উদ্দেশে এই [illegible]ন্ত্রগুলি পড়িতে হয়; কথিত আছে যে সূর্য্য প্রস্কণ্ব মুনি দ্বারা এইরূপে স্তুত হইয়া সেই [illegible]নির শ্বেতি রোগ ভাল করিয়া দিয়াছিলেন।

---

৪৯ সূক্ত।

উষা দেবতা। কণ্বের পুত্র প্রস্কণ্ব ঋষি।

১। হে উষা! দীপ্যমান আকাশের উপর হইতে শোভনীয় মার্গ দ্বারা আগমন কর; অরুণবর্ণ গাভীসমূহ (১) তোমাকে সোমযুক্ত যজমানের গৃহে লইয়া আইসুক।

২। হে উষা! তুমি যে সুরূপ সুখকর রথে অধিষ্ঠান কর, হে স্বর্গদুহিতে! তদ্দ্বারা অদ্য হব্য দাতা যজমানের নিকট আইস।

৩। হে অর্জ্জুনি (২) উষা! তোমার আগমনের সময় দ্বিপদ ও চতুষ্পদ ও পক্ষযুক্ত পক্ষীগণ আকাশ প্রান্তের উপরিভাগে গমন করে।

৪। হে উষা! তুমি অন্ধকার বিনাশ করিয়া রশ্মিদ্বারা জগৎকে প্রকাশ কর; কণ্বপুত্রগণ ধনপ্রার্থী হইয়া তোমাকে স্তুতি বচন দ্বারা স্তব করিয়াছে।

---

৫০ সূক্ত।

...ণের পুত্র প্রস্কণ্ব ঋষি।

৫। উষা গৃহকার্য্যনেত্রী গৃহিণীর ন্যায় ...ক জানেন, তাঁর অশ্বগণ (১) করেন; তিনি জঙ্গম প্রাণীদিগের (১) জাগরিত করেন, গমন করান, এবং পক্ষীদিগকে উড়াইয়া দেন।

৬। তুমি সমীচীন চেষ্টাবান্ পুরুষকে কার্য্যে প্রেরণ কর, তুমি তস্করের ন্যায় দিগকেও প্রেরণ কর, তুমি নীহারবর্ষী এবং অধিকক্ষণ অবস্থান কর না; ... অন্নযুক্ত বস্ত্রসম্পন্না উষা! তুমি প্রভাত হইলে, উড্ডীয়মান পক্ষীগণ আর কুলায়ে অবস্থান করে না।

৭। তিনি রথ যোজিত করিয়াছেন; এই সৌভাগ্যবতী উষা দূর হইতে ...লের সূর্য্যের উদয় স্থানের উপরস্থ দিব্যলোক হইতে শত রথ দ্বারা মনুষ্যগণের নিকট ...য়া আসিতেছেন।

---

(১) মূলে "জরয়ন্তী বৃজনং" আছে, অর্থ "গমনশীলং জঙ্গমং প্রাণিজাতং, জরয়ন্তী জরাং প্রাপয়ন্তী।" সায়ণ। কিন্তু পণ্ডিতবর বেন্‌ফে এবং বলেনসন্ এই স্থানে "জরয়ন্তী" অর্থ জাগরিত করেন ইহা স্থির করিয়াছেন, এবং তদনুসারে মিউয়ার অনুবাদ করিয়াছেন "She hastens on arousing footed creatures."

৪। হে সূর্য্য! তুমি মহৎপথ ভ্রমণ কর, তুমি সকল প্রাণীদিগের দর্শনীয়, তুমি জ্যোতির কারণ, তুমি সমস্ত দীপ্যমান অন্তরীক্ষে প্রভা বিকাশ করিতেছ।

৫। তুমি দেবলোকগণের সম্মুখে উদয় হও, মনুষ্যদিগের সম্মুখে উদয় হও, তুমি সমস্ত স্বর্গলোকের দৃষ্টির জন্য উদয় হও।

৬। হে শোধনকারী অনিষ্টনিবারক (২)! তুমি যে আলোক দ্বারা প্রাণী-গণের পোষণকারীরূপে জগৎকে দৃষ্টি কর।

৭। সেই আলোক দ্বারা রাত্রির সহিত দিবসকে উৎপাদন করিয়া এবং প্রাণীদিগকে অবলোকন করিয়া, তুমি বিস্তীর্ণ দিব্যলোক ভ্রমণ কর।

৮। হে দীপ্তিমান্ সর্ব্বপ্রকাশক সূর্য্য! হরিৎ নামক সপ্ত অশ্ব রথে তোমাকে বহন করে, জ্যোতিই তোমার কেশ।

৯। সূর্য্য রথবাহক সাতটী অশ্বীকে যোজিত করিলেন, সেই স্বয়ংযুক্ত অশ্বীদিগের দ্বারা তিনি গমন করিতেছেন। (৩)

১০। অন্ধকারের উপর উত্থিত জ্যোতি দৃষ্টি করিয়া আমরা সমস্ত দেবগণের মধ্যে দ্যুতিমান্ সূর্য্যের নিকট গমন করি; তিনিই উৎকৃষ্ট জ্যোতিঃ।

১১। হে অনুকূল দীপ্তিযুক্ত সূর্য্য! অদ্য উদয় হইয়া, এবং উন্নত আকাশে আরোহণ করিয়া আমার হৃদ্‌রোগ এবং হরিমাণ রোগ নাশ কর।

১২। আমরা আমাদের হরিমাণ রোগ শুক ও শারিকা পক্ষীতে স্থাপন করি, আমাদের হরিমাণ হরিদ্রায় স্থাপন করি।

১৩। এই আদিত্য সমস্ত তেজের সহিত উত্থিত হইয়াছেন, তিনি আমার অনিষ্টকারী রোগ বিনাশ করিয়াছেন. আমি সে অনিষ্টকারীকে বিনাশ করি না। (৪)

(২) মূলে "বরুণ" শব্দ আছে, অর্থ অনিষ্টনিবারক সূর্য্য। সায়ণ। "অত্র বরুণশব্দেন আদিত্য এব উচ্যতে।" সায়ণ।

(৩) ৮ ও ৯ ঋকে সূর্য্যের সাতটী অশ্বের কথা আছে, তাহার অর্থ বোধ হয় সূর্য্যালোকে নিহিত সপ্তবর্ণ রশ্মি।

(৪) ১১, ১২ ও ১৩ ঋক একটী "চিত্র" পীড়া আরোগ্যের জন্য সূর্য্যের উদ্দেশে এই মন্ত্রগুলি পড়িতে হয়। কথিত আছে যে সূর্য্য প্রস্কণ্ব মুনি দ্বারা এইরূপে স্তুত হইয়া সেই মুনির শ্বেতি রোগ ভাল করিয়া দিয়াছিলেন।

৫১ সূক্ত।

ইন্দ্র দেবতা। অঙ্গিরার পুত্র সব্য ঋষি।

১। যাঁহাকে অনেকে আহ্বান করে, যিনি স্তুতিভাজন এবং ধনের অর্ণব, সেই মেষ (১) ইন্দ্রকে স্তুতি দ্বারা হৃষ্ট কর। যাঁহার কর্ম্ম সূর্য্যরশ্মির ন্যায় মনুষ্যদিগের হিতসাধন করে সেই, ক্ষমতাপন্ন ও মেধাবী ইন্দ্রকে ধন সম্ভোগার্থ অর্চ্চনা কর।

২। ইন্দ্রের আগমন শোভাবিশিষ্ট; তিনি অন্তরীক্ষ পূরণ করেন; তিনি বলসম্পন্ন, দর্পহারী, ও শতক্রতু। ঋভুগণ রক্ষণে ও বর্দ্ধনে তৎপর হইয়া তাঁহার সম্মুখে আসিয়া সহায়তা করিয়াছিলেন, এবং উৎসাহ বাক্যদ্বারা প্রোৎসাহিত করিয়াছিলেন (২)।

৩। তুমি অঙ্গিরাঋষিদিগের জন্য মেঘ খুলিয়া দিয়াছ; শতদ্বার যন্ত্রে প্রক্ষিপ্ত অত্রিকে তুমিই পথ দেখাইয়াছিলে। তুমি বিমদ ঋষিকে অন্নযুক্ত ধন দিয়াছিলে; (৩) এবং যুদ্ধে বর্ত্তমান স্তোতার জন্য তুমি আপন বজ্র চালন করিয়া তাহাকে রক্ষা করিয়াছিলে।

৪। তুমি জলধারী মেঘ খুলিয়া দিয়াছ, তুমি পর্ব্বতে বৃত্রাদি দানবদিগের ধন অপহরণ করিয়া রাখিয়াছ। হে ইন্দ্র! তুমি হত্যাকারী বৃত্রকে বধ করিয়াছিলে, এবং তৎপর সূর্য্যকে লোকের দর্শনার্থ আকাশে আরোহণ করাইয়া দিয়াছিলে।

৫। যাহারা যজ্ঞ অন্ন আপনাদিগের মুখে স্থাপন করিয়াছিল, (৪) হে ইন্দ্র! সেই মায়াবীদিগকে তুমি মায়া দ্বারা পরাস্ত করিয়াছিলে। তুমি

---

(১) "মেষঃ শত্রুভিঃ স্পর্ধমানঃ।" সায়ণ।

(২) ঋভুদিগের সম্বন্ধে ২০ সূক্তের ১ ঋকের টীকা দেখ। কিন্তু সায়ণের মতে এখানে ঋভুগণ অর্থ মরুৎগণ।

(৩) বিমদ ঋষি সম্বন্ধে ১১৬ সূক্তের ১ ঋকের টীকা দেখ। অত্রি সম্বন্ধে ১১২ সূক্তের ৭ ঋকের টীকা দেখ ও ১১৬ সূক্তের ৮ ঋক দেখ। অঙ্গিরা ঋষি সম্বন্ধে ৩১ সূক্তের ১ ঋকের টীকা দেখ।

(৪) কৌশিতকী শাখাধারীরা বলেন অসুরগণ অগ্নিকে অবহেলা করিয়া আপন মুখে হব্য দিয়াছিল। বাজসনেয়ীরা বলেন দেবগণের সঙ্গে অসুরদিগের বিদ্বেষ হওয়ার অসুরগণ বলিল আমরা কাহাকেও হব্য দিব না এই বলিয়া তাহারা আপন মুখে হব্য দান করিল।

মনুষ্যদিগের প্রতি প্রসন্নমনা; তুমি পিপ্রু নগর ধ্বংস করিয়াছিলে এবং ঋজিশ্বান্ নামক (৫) স্তোতাকে দস্যুদিগের হস্তে হত্যা হইতে সম্যকরূপে রক্ষা করিয়াছিলে।

৬। তুমি শুষ্ণ (অসুরের) সহিত যুদ্ধে কুৎস ঋষিকে রক্ষা করিয়াছিলে, তুমি অতিথিগ্বের রক্ষার্থ শম্বরকে হনন করিয়াছিলে। তুমি মহান্ অর্বুদকে পদ দ্বারা আক্রমণ করিয়াছিলে; (৬) অতএব তুমি দস্যু হত্যার জন্যই জন্মগ্রহণ করিয়াছ।

৭। তোমাতে সমস্ত বল নিঃসংশয়রূপে নিহিত আছে। তোমার মন সোমপানে হৃষ্ট হয়। তোমার হস্তদ্বয়ে বজ্র আছে তাহা আমরা জানি, অতএব শত্রুর সমস্ত বীর্য্য ছেদন কর।

৮। হে ইন্দ্র! কাহারা আর্য্য এবং কাহারা দস্যু তাহা অবগত হও। কুশযুক্ত যজ্ঞের বিরোধীদিগকে শাসন করিয়া বশীভূত কর (৭)। তুমি শক্তিমান্, অতএব যজ্ঞসম্পাদকদিগের সহায় হও। আমি তোমার হর্ষজনক যজ্ঞে তোমার সেই সমস্ত কর্ম্ম প্রশংসা করিতে ইচ্ছা করি।

৯। ইন্দ্র যজ্ঞবিমুখদিগকে যজ্ঞপ্রিয় যজমানদিগের বশীভূত করিয়া ও অভিমুখস্তোতাদিগের দ্বারা স্তুতি পরাঙ্মুখদিগকে ধ্বংস করিয়া অবস্থিতি করেন। বম্র ঋষি বর্দ্ধনশীল ও স্বর্গব্যাপী ইন্দ্রের স্তুতি করিতে করিতে সঞ্চিত যজ্ঞদ্রব্যসমূহ লইয়া গিয়াছিলেন (৮)।

১০। হে ইন্দ্র! যখন উশনার (৯) বলদ্বারা তোমার বল তীক্ষ্ণ হইয়াছিল

(৫) ১১ সূক্তের ৭ ঋকের টীকা এবং ৫৩ সূক্তের ৮ ঋকের টীকা দেখ।

(৬) সায়ণ অতিথিগ্ব অর্থ করেন অতিথিবৎসল দিবোদাস রাজা। ১১২ সূক্তের ১৪ ঋকের টীকা দেখ। শম্বর ও শুষ্ণ ও অর্বুদ সম্বন্ধে ১১ সূক্তের ৭ ঋকের টীকা দেখ। কুৎস সম্বন্ধে ৩৩ সূক্তের ১৪ঋকের টীকা ও ৬৩ সূক্তের ৩ ঋকের টীকা ও ১০৬ সূক্তের ৬ ঋকের টীকা দেখ।

(৭) এই ঋকে "আর্য্য" ও "দস্যু" উভয় শব্দই ব্যবহৃত হইয়াছে। আর্য্যগণ দেবগণের যজ্ঞ করিত, দস্যুগণ ভারতবর্ষের আদিম অসভ্য জাতিগণ যজ্ঞ করিত না।

(৮) ১১২ সূক্তের ১৫ ঋকের টীকা দেখ।

(৯) উশনা বা শুক্রাচার্য্য পুরাণমতে অসুরদিগের দূত বা গুরু। তৈত্তিরীয় সংহিতায় আছে "অগ্নির্দেবানাং দূত আসীৎ উশনা কাব্যোঽসুরাণাং" কিন্তু ঋগ্বেদে উশনা ইন্দ্রের হিতকারী, ইন্দ্রকে বজ্র দান করিয়াছিলেন। ১২১ সূক্তের ১২ ঋক দেখ।

তখন তোমার বল বিশুদ্ধতীক্ষ্ণতা দ্বারা দ্যু ও পৃথিবীকে ভীত করিয়াছিল। হে ইন্দ্র! তোমার মন মনুষ্যের প্রতি প্রসন্ন, তুমি এইরূপ বলপূর্ণ হইলে তোমার ইচ্ছামাত্রে সংযোজিত ও বায়ুর ন্যায় বেগবিশিষ্ট অশ্বগণ তোমাকে আমাদিগের যজ্ঞের অন্নের অভিমুখে লইয়া আইসুক।

১১। যখন ইন্দ্র কমনীয় উশনার সহিত স্তুত হয়েন তখন তিনি বক্রগতি অশ্বদ্বয়ে অধিষ্ঠান করেন। উগ্র ইন্দ্র গমনশীল মেঘসমূহ হইতে প্রবাহরূপে জল নির্গত করিয়াছেন, এবং শুষ্ণের বিস্তীর্ণ নগর সমূহ ধ্বংস করিয়াছেন।

১২। হে ইন্দ্র! তুমি সোমপানার্থ রথে আরোহণ করিয়া গমন কর। যে সোমে তুমি হৃষ্ট হও, শার্য্যাত (১০) সেই সোম প্রস্তুত করিয়াছেন; অতএব অন্য যজ্ঞে তুমি যেরূপ অভিষুত সোম কামনা কর, সেইরূপ শার্য্যাতের সোমও কামনা কর তাহা হইলে দিবালোকে অবিচল যশ প্রাপ্ত হইবে।

১৩। হে ইন্দ্র! তুমি অভিষবকারী ও স্তুত্যাকাঙ্ক্ষী বৃদ্ধ কক্ষীবান্ (রাজাকে) যুবতী বৃচয়া নাম্নী স্ত্রী প্রদান করিয়াছিলে (১১) হে শোভন কর্ম্মা ইন্দ্র তুমি বৃষণশ্চ রাজার মেনা নাম্নী কন্যা হইয়াছিলে (১২)। এই সকল বিষয় অভিষবণ কালে বর্ণনা করা কর্ত্তব্য।

১৪। শোভনকর্ম্মা লোকদিগকে নির্ধনতায় (রক্ষা করিবার জন্য) ইন্দ্রকে সেবা করা হইয়াছে; পজ্রদিগের (১৩) স্তোত্র দ্বারস্থিত যূপের ন্যায় অচল। ধনদাতা ইন্দ্র (যজমানদিগের জন্য) অশ্ব ইচ্ছা করেন, গো ইচ্ছা করেন, রথ ইচ্ছা করেন, এবং অন্য ধন ইচ্ছা করিয়া অবস্থিতি করেন।

---

(১০) কৌশিতকীয় ইতিহাসে বলে, ভৃগুবংশীয় চ্যবন ঋষি শর্য্যাতি রাজর্ষির কন্যার পাণি গ্রহণ করেন। তদুপলক্ষে একটী যজ্ঞ হয় এবং তথায় ইন্দ্র ও অশ্বিদ্বয় উপস্থিত ছিলেন। চ্যবনঋষি অশ্বিদ্বয়ের গ্রহণীয় দ্রব্য নিজে গ্রহণ করিয়াছিলেন। তাহা দেখিয়া ইন্দ্র ক্রুদ্ধ হইয়াছিলেন, তাহাতে ইন্দ্রকে বিনয় করিয়া তাঁহাকে পুনরায় সোম দেওয়া হইয়াছিল।

(১১) কক্ষীবান রাজার জন্ম সম্বন্ধে ১৮ সূক্তের ১ ঋকের দ্বিতীয় টীকা দেখ। সেই রাজা অনেকবিধ রাজসূয় যজ্ঞ করেন এবং তাঁহার কৃত যজ্ঞে পরিতুষ্ট হইয়া ইন্দ্র তাঁহাকে বৃচয়া নাম্নী তরুণী স্ত্রী প্রদান করেন সায়ণ।

(১২) সায়ণ "ব্রাহ্মণ" হইতে এই গল্পটী উদ্ধৃত করিয়াছেন। যথা, ইন্দ্র বৃষণশ্চ রাজার কন্যা মেনা হইয়াছিলেন, পরে মেনাকে প্রাপ্তযৌবনা দেখিয়া ইন্দ্র স্বয়ং তাহার সহিত সহবাস অভিলাষ করিয়াছিলেন। পৌরাণিক মেনা হিমালয়ের পত্নী।

(১৩) "পজ্রা ইতি অঙ্গিরসাং আখ্যা।" সায়ণ।

১৫। হে ইন্দ্র! তুমি বৃষ্টিদান কর, তুমি নিজ তেজে বিরাজ করিতেছ, তুমি প্রকৃত বলসম্পন্ন ও অতিশয় মহৎ, আমরা তোমাকে এই স্তুতি বাক্য প্রয়োগ করিয়াছি। যেন আমরা এই সংগ্রামে সমস্ত বীরগণদ্বারা যুক্ত হইয়া তোমার দত্ত শোভনীয় গৃহে বিদ্বান পুত্রাদির সহিত বাস করি।

৫২ সূক্ত।

ইন্দ্র দেবতা। অঙ্গিরার পুত্র সব্য ঋষি।

১। শত স্তোতা একেবারে যাঁহার স্তুতি কার্য্যে প্রবৃত্ত হয়, যিনি স্বর্গ জানাইয়া দেন, সেই মেষ ইন্দ্রকে সম্যকরূপে পূজা কর। তাঁহার রথ গমনশীল অশ্বের ন্যায় বেগে যজ্ঞের দিকে গমন করে, আমি রক্ষার হেতু ইন্দ্রকে সেই রথে উঠিবার জন্য অনেক স্তুতি দ্বারা অনুরোধ করিতেছি।

২। যখন যজ্ঞান্নপ্রিয় ইন্দ্র জল বর্ষণ করিয়া নদী প্রতিরোধকারী বৃত্রকে হত করিলেন তখন তিনি ধারাবাহী জলের মধ্যে পর্ব্বতের ন্যায় অচল হইয়া লোকদিগকে সহস্ররূপে রক্ষা করিয়া প্রভূত বলপ্রাপ্ত হইয়াছিলেন।

৩। তিনি আবরণকারী শত্রুদিগকে জয় করেন, তিনি জলবৎ অন্তরীক্ষে ব্যাপ্ত আছেন, তিনি সকলের আহ্লাদের মূল, এবং সোমপানে বর্দ্ধিত হইয়াছেন; আমি মনীষী ঋত্বিক্‌দিগের সহিত সেই প্রবৃদ্ধ ধনসম্পন্ন ইন্দ্রকে শোভন কর্ম্মযোগ্য অন্তঃকরণের সহিত আহ্বান করিতেছি, কেননা তিনি অন্ন পূরণ করেন।

৪। সমুদ্রের আত্মীয়ভূত ও অভিমুখগামী নদীসমূহ যেরূপ সমুদ্রকে পূরণ করে, সেইরূপ কুশস্থিত সোমরস দিব্যলোকে ইন্দ্রকে পূরণ করে; শত্রুশোষণকারী ও অপ্রতিহত ও শোভনরূপ মরুৎগণ বৃত্রহনন সময়ে সেই ইন্দ্রের সহায় হইয়া নিকটে উপস্থিত ছিলেন।

৫। গমনশীল জল যেরূপ নিম্নদেশে যায়, ইন্দ্রের সহায়ভূত মরুৎগণ হৃষ্ট হইয়া সেইরূপ যুদ্ধে লিপ্ত ইন্দ্রের সম্মুখে বৃষ্টিযুক্ত বৃত্রের অভিমুখে যাইলেন।

ত্রিত (১) যেরূপ পরিধি সমুদয় ভেদ করিয়াছিলেন, ইন্দ্র সেইরূপ যজ্ঞের অন্ন দ্বারা প্রোৎসাহিত হইয়া বলকে ভেদ করেন।

৬। জল রুদ্ধ করিয়া যে বৃত্র অন্তরীক্ষের উপরিপ্রদেশে শয়ান ছিল এবং অন্তরীক্ষে যাহার ব্যাপ্তি অসীম, হে ইন্দ্র! যখন তুমি সেই বৃত্রের হনু দ্বয় শব্দায়মান্ বজ্র দ্বারা আঘাত করিয়াছিলে তখন তোমার শত্রুবিজয়িনী দীপ্তি বিস্তৃত হইয়াছিল এবং তোমার বল প্রদীপ্ত হইয়াছিল।

৭। ঊর্ম্মিসমূহ যেরূপ হ্রদপ্রাপ্ত হয় সেইরূপ যে স্তোত্রসমূহ তোমাকে বর্দ্ধন করে সে সমস্ত তোমাকে প্রাপ্ত হয়। ত্বষ্টা তোমার যোগ্য বল বৃদ্ধি করিয়াছেন. এবং তাঁহার পরাভবকারী বল দ্বারা বজ্র তীক্ষ্ণ করিয়াছেন।

---

(১) সায়ণ তৈত্তিরীয় সংহিতা অনুসারে ত্রিত সম্বন্ধে এইরূপ লিখিয়াছেন, দেবগণের হবোর চিহ্ন বিমোচনার্থ অগ্নি জল হইতে একত, দ্বিত, ও ত্রিত নামে তিন জন পুরুষ সৃষ্টি করেন। ** ত্রিত উদক পানে প্রবৃত্ত হইয়া কূপে পড়িয়াছিলেন, অসুরেরা তাঁহাকে প্রতিরোধ করিবার জন্য পরিধি অর্থাৎ কূপের আচ্ছাদন, সৃষ্টি করিল, ত্রিত তাহা ভেদ করিয়াছিলেন।

ইন্দ্র যেরূপ অহি বা বৃত্রের সহিত যুদ্ধ করিয়াছিলেন, ত্রৈতন বা ত্রিতও সেইরূপ করিয়াছিলেন তাহা ঋগ্বেদের স্থানে২ পাওয়া যায়। ত্রিত বা ত্রৈতন যে আর্য্যদিগের অতি পুরাতন দেব তাহা ইরানীয় "অবস্থায়" দেখা যায়। ঋগ্বেদে অহিহন্তা ইন্দ্র যেরূপ উপাস্য "অবস্থায়" "অজি" হন্তা "থ্রেতন" সেইরূপ উপাস্য। ঋগ্বেদের "ত্রিত" "আপ্ত্য" বংশীয় (১০৫ সূক্তের ৯ ঋক দেখ) অবস্থার "থ্রেতন" ও "আথ্য" বংশীয়।

আবার ইরানীয়দিগের জেন্দ অবস্থা রচনার প্রায় দুই সহস্র বৎসর পর এই ত্রৈতনের গল্প ইরানীয়দিগের ইতিহাসে প্রবেশ করিল। পারসীদিগের প্রধানকবি ফের্দৌসী নিজ শাহনামা নামক কাব্যে লিখিয়াছেন যে জোহক নামে পারস্যদেশের ত্রিমস্তক সম্পন্ন রাজা ছিলেন, এবং ফেরুদীন তাঁহাকে বিজয় করেন। এই "জোহক" জেন্দ অবস্থার "অজি দহক" এবং বেদের "অহি" এবং এই "ফেরুদীন" জেন্দ অবস্থার "থ্রেতন" এবং বেদের "ত্রৈতন।" উপাখ্যানের উৎপত্তি কি বিস্ময়কর!

গ্রীকদিগের ধর্ম্মোপাখ্যানেও প্রাচীন আর্য্য ত্রিত দেবের পরিচয় পাওয়া যায় গ্রীকদিগের প্রধান দেব Zeus, এবং তাঁহার কন্যা Athene (সংস্কৃত "অহনা") কখন২ ত্রিত কন্যা (Tritogeneia) নামে বর্ণিত হইতেন।

অতএব প্রতীয়মান হইতেছে যে আপ্ত্যবংশীয় অহি হন্তা ত্রিত বা ত্রৈতন আর্য্যদিগের অতি প্রাচীন উপাস্য দেব ছিলেন, পরে হিন্দুগণ যখন ইন্দ্রকেই অহিহন্তা বলিয়া অধিক উপাসনা করিতে লাগিলেন, তখন ত্রিত কেবল একজন বীর মনুষ্য বলিয়া পরিগণিত হইলেন। ১০৬ সূক্তের ৬ ঋকের টীকা এবং ১৫৮ সূক্তের ৫ ঋকের টীকা দেখ।

৮। হে সিদ্ধকর্ম্মা ইন্দ্র! তুমি অশ্বযুক্ত হইয়া মনুষ্যের নিকট অগমনার্থে বৃত্রকে হত করিয়াছ, বৃষ্টি বর্ষণ করিয়াছ, হস্তদ্বয়ে লৌহ বজ্র গ্রহণ করিয়াছ, এবং আমাদিগের দর্শনার্থ আকাশে সূর্য্য স্থাপন করিয়াছ।

৯। স্তোতৃগণ বৃত্রের ভয়ে স্তোত্র রচনা করিয়াছে, সে স্তোত্র বৃহৎ আহ্লাদজনক, বলযুক্ত এবং স্বর্গের সোপান স্বরূপ; তখন স্বর্গরক্ষক মরুৎগণ মনুষ্যদিগের জন্য যুদ্ধ করিয়া এবং মনুষ্যগণকে পালন করিয়া ইন্দ্রকে প্রোৎসাহিত করিয়াছিলেন।

১০। হে ইন্দ্র! তুমি অভিষুত সোমপান করিয়া হৃষ্ট হইলে যখন তোমার বজ্র দ্যু ও পৃথিবীর বাধনকারী বৃত্রের মস্তক বেগে ছিন্ন করিয়া ছিল, তখন বলবান্ আকাশও সেই অহির শব্দ ভয়ে কম্পিত হইয়াছিল।

১১। যদি পৃথিবী দশগুণ হইত যদি মনুষ্য সকল নিত্য কাল জীবিত থাকিত, হে মঘবন্! তাহা হইলেই তোমার ক্ষমতা প্রকৃত রূপে প্রসিদ্ধ হইত; তোমার বলসাধিতক্রিয়া আকাশের ন্যায় মহৎ।

১২। হে শত্রুবিনাশক ইন্দ্র এই ব্যাপ্ত অন্তরীক্ষের উপরে থাকিয়া তুমি নিজ ভূজবলে আমাদিগের রক্ষার জন্য ভূলোক সৃষ্টি করিয়াছ; তুমি বলের পরিমাণ স্বরূপ; তুমি সুগন্তব্য অন্তরীক্ষ ও স্বর্গ ব্যাপ্ত করিয়া আছ।

১৩। তুমি বিস্তীর্ণ পৃথিবীর পরিমাণ স্বরূপ; তুমি দর্শনীয় দেবগণের বৃহৎ স্বর্গের পালনকারী; তুমি প্রকৃতই নিজ মহত্ত্ব দ্বারা সমস্ত অন্তরীক্ষ ব্যাপ্ত করিয়া আছ; অতএব তোমার সদৃশ অন্য কেহ নাই।

১৪। দ্যু ও পৃথিবী যে ইন্দ্রের ব্যাপ্তি প্রাপ্ত হয় নাই, অন্তরীক্ষের উপরস্থ প্রবাহ যাঁহার তেজের অন্ত পায় নাই, হে ইন্দ্র! তুমি একাই অন্য সমস্ত ভূতজাতকে তোমার অধীন করিয়াছ।

১৫। মরুৎগণ এই সংগ্রামে তোমাকে অর্চ্চনা করিয়াছিলেন; যখন তুমি অশ্রিযুক্ত বজ্র দ্বারা বৃত্রের মুখের উপর আঘাত করিয়াছিলে তখন সকল দেবগণ যুদ্ধে তোমাকে আনন্দিত দেখিয়া আনন্দিত হইয়াছিলেন।

৫৩ সূক্ত।

ইন্দ্র দেবতা। অঙ্গিরার পুত্র সব্যঋষি।

১। আমরা মহাত্মা ইন্দ্রের উদ্দেশে শোভনীয় বাক্য প্রয়োগ করি। এবং পরিচর্য্যারত যজমানের গৃহে শোভনীয় স্তুতি প্রয়োগ করি।

ইন্দ্র সুপ্ত ব্যক্তিদিগের ধনের ন্যায় শত্রুর ধন অতি সত্বর অধিকার করিয়াছেন, ধনদাতাদিগের প্রতি অসমীচীন স্তুতি শোভা পায় না।

২। হে ইন্দ্র! তুমি অশ্ব দান কর, গো দান কর, যবাদি ধান্যদান কর, এবং তুমি নিবাস হেতুভূত ধনের প্রভু ও পালক। তুমি শিক্ষার নেতা, তুমি বহুদিনের পুরাতন দেব, তুমি কামনা ব্যর্থ কর না, তুমি সখাদিগের মধ্যে সখা। তাঁহারই উদ্দেশে আমরা এই স্তুতি পাঠ করি।

৩। হে প্রজ্ঞাবান্, প্রভূতকর্ম্মা ও অতিশয় দীপ্তিমান্ ইন্দ্র! সকল দিকে যে ধন আছে তাহা তোমারই তাহা আমরা জানি। হে শত্রুদিগের পরাভবকারী ইন্দ্র! সেই ধন গ্রহণ করিয়া আমাদিগকে দান কর; যে স্তোতৃগণ তোমাকে কামনা করে, তাহাদিগের অভিলাষ ব্যর্থ করিও না।

৪। হে ইন্দ্র! এই দীপ্ত হব্য সমূহ ও এই সোমরসসমূহে তুষ্ট হইয়া গো এবং অশ্বযুক্ত ধন দান করিয়া আমাদিগের দারিদ্র্য দূর করিয়া প্রসন্নমনা হও। এই সোমরসে তুষ্ট ইন্দ্রের সাহায্যে আমরা দস্যুকে ধ্বংস করিয়া এবং শত্রু হইতে মুক্তি লাভ করিয়া সম্যকরূপে অন্ন ভোগ করিব।

৫। হে ইন্দ্র! আমরা যেন ধন পাই, অন্ন পাই, এবং অনেকের আহ্লাদকর ও দীপ্তিমান বল পাই। যেন তোমার দীপ্তিমান্ সুমতি আমাদিগের সহায় হয়, সেই সুমতি বীর শত্রুদিগকে শোষণ করে, স্তোতৃদিগকে গো আদি পশু দান করে, এবং অন্ন দান করে।

৬। হে সজ্জনপালক ইন্দ্র! বৃত্রহননের সময় তোমার আনন্দদায়ী সহায় মরুৎগণ তোমাকে হৃষ্ট করিয়াছিল; হে বর্ষনকারী ইন্দ্র! সেই হব্য সমুদয় ও সোমরস সমুদয় তোমাকে হৃষ্ট করিয়াছিল, যে সময়ে তুমি শত্রুদিগের দ্বারা অপ্রতিহত হইয়া স্তুতিকারক ও হব্যদাতা যজমানের জন্য দশ সহস্র উপদ্রব বিনাশ করিয়াছিলে।

৭। হে ইন্দ্র! তুমি শত্রুবর্ষণকারীরূপে যুদ্ধ হইতে যুদ্ধান্তরে গমন কর, বলদ্বারা নগরের পর নগর ধ্বংস কর। হে ইন্দ্র! তুমি নমী ঋষির সহায়ে (১) দূর দেশে নমুচি নামক মায়াবীকে বধ করিয়াছিলে।

(১) মূলে "নম্যা সখ্যা" আছে। "শত্রূন্ নমনশীলেন সখ্যা সহায়ভূতেন বজ্রেণ।" সায়ণ। কিন্তু বেদার্থযত্ন এবং রমানাথ সরস্বতী অর্থ করিয়াছেন নমী নামক ঋষির সাহায্যে। এই অর্থই প্রকৃত, কেননা ঋগ্বেদের ৬ মণ্ডলের ২০ সূক্তের ৬ ঋকে এবং ১০ মণ্ডলের ৪৮ সূক্তের ৯ ঋকে দেখা যায় যে ইন্দ্র নমী ঋষির হিতার্থ নমুচি নামক অসুরকে বিনাশ করিয়াছিলেন। নমুচি সম্বন্ধে ১১ সূক্তের ৭ ঋকের টীকা দেখ।

৮। তুমি অতিথিগ্ব নামক রাজার জন্য করঞ্জ ও পর্ণয় নামক শত্রু দ্বয়কে তেজস্বী বর্ত্তনী দ্বারা বধ করিয়াছ; তৎপর তুমি অনুচর রহিত হইয়া ঋজিশ্বান নামক রাজার দ্বারা চারিদিকে বেষ্টিত বঙ্গৃদ নামক শত্রুর শত নগর ভেদ করিয়াছিলে (২)।

৯। সহায় রহিত সুশ্রবা নামক রাজার সহিত যুদ্ধ করিবার জন্য যে বিংশ নরপতি ও ৬০,০৯৯ অনুচর আসিয়াছিল, হে প্রসিদ্ধ ইন্দ্র! তুমি শত্রুদিগের অলঙ্ঘ্য রথচক্র দ্বারা তাহাদিগকে পরাজয় করিয়াছিলে (৩)।

১০। হে ইন্দ্র! তুমি তোমার রক্ষাসমূহ দ্বারা সুশ্রবা রাজাকে রক্ষা করিয়াছিলে, তূর্বযান রাজাকে তোমার পরিত্রাণ সাধন সমূহ দ্বারা রক্ষা করিয়াছিলে; তুমি কুৎস ও অতিথিগ্ব ও আয়ুকে এই মহৎ যুবক রাজার অধীন করিয়াছিলে (৪)।

১১। হে ইন্দ্র! আমরা তোমার সখা স্বরূপ যজ্ঞ সমাপ্তিতে বর্ত্তমান আছি, ও দেবগণের দ্বারা পালিত হইতেছি; আমাদের সকলই মঙ্গল। আমরা তোমার স্তুতি করি, এবং তোমার প্রসাদে শোভনীয় পুত্র পাই ও প্রকৃষ্টরূপে দীর্ঘ জীবন ধারণ করি।

৫৪ সূক্ত।

ইন্দ্র দেবতা। অঙ্গিরার পুত্র সব্য ঋষি।

১। হে মঘবন্! এই পাপে এই যুদ্ধসমূহে আমাদিগকে প্রক্ষেপ করিও না, কেন না তোমার বলের অন্ত পরিমাণ করা যায় না। তুমি অন্তরীক্ষে থাকিয়া অতিশয় শব্দ করিয়া নদীর জলকে শব্দিত করিতেছ। পৃথিবী কেন না ভয় প্রাপ্ত হইবে?

---

(২) অতিথিগ্ব সম্বন্ধে ৫১ সূক্তের ৬ ঋকের টীকা দেখ। ঐ সূক্তের ৫ ঋকের ঋজিশ্বানের উল্লেখ দেখ। করঞ্জ ও পর্ণয় ও বঙ্গৃদকে সায়ণ অসুর বলিয়া বর্ণনা করিয়াছেন, আর কোনও পরিচয় দেন নাই।

(৩) এ ঘটনা সম্বন্ধে সায়ণের টীকায় কোনও বিবরণ নাই। বায়ু পুরাণে সুশ্রবা একজন প্রজাপতি।

(৪) কুৎস সম্বন্ধে ৬৩ সূক্তের ৩ ঋকের ও ১০৩ সূক্তের ৬ ঋকের টীকা দেখ। পুরাণে পুরুরবার পুত্র আয়ুঃ; এই ঋকে "আয়ু" নাম আছে, বিসর্গ নাই। তূর্বয়ান সম্বন্ধে সায়ণ এখানে কিছু বলেন নাই, কিন্তু ৬ মণ্ডলের ১৮ সূক্তের ২৩ ঋকের টীকায় সায়ণ বলিয়াছেন যে তূর্বয়ান দিবোদাস হইতে পারে।

২। শক্তিসম্পন্ন ও প্রজ্ঞাবান্ ইন্দ্রকে অর্চনা কর; তিনি স্তুতি শ্রবণ করেন তাঁহাকে পূজা করিয়া স্তুতি কর। যিনি শত্রুবিজয়ী বল দ্বারা দ্যু ও পৃথিবী উভয়কে অলঙ্কৃত করেন, তিনি বর্ষণকারী, সেই বর্ষণসামর্থদ্বারা বৃষ্টি দান করেন।

৩। যিনি শত্রুবিজয়ী ও নিজ বলে দৃঢ়মনা, সেই দীপ্তিমান্ ও মহৎ ইন্দ্রের উদ্দেশে সুখকর স্তুতিবাক্য উচ্চারণ কর। কেননা তিনি প্রভূতযশশালী ও অসুর(১) এবং শত্রুদিগকে দূর করেন; তিনি অশ্বদ্বয় দ্বারা সেবিত, অভীষ্টবর্ষী এবং বেগবান্।

---

(১) মূলে "অসুরঃ" শব্দ আছে সায়ণ তাহার তিন প্রকার অর্থ করিয়াছেন "অসুরঃ শত্রুণাং নিরসিতা।" "যদ্বা অসুঃ প্রাণো বলং বা তদ্বান্।" অথবা অসবঃ প্রাণাঃ তেন চাপঃ লক্ষ্যন্তে * * তান্ রাতি দদাতি ইতি অসুরঃ।" অর্থাৎ অসুর অর্থ শত্রু বিনাশক, অথবা বলবান্ অথবা বৃষ্টিদাতা। অসুর সম্বন্ধে ২৪ সূক্তের ১৪ ঋকের টীকা দেখ। আমরা সেই টীকায় বলিয়াছি যে প্রথমে আর্য্যগণ উপাস্যদিগকে "দেব" ও "অসুর" উভয় নামেই সম্বোধন করিতেন, পরে আর্য্যগণ দুই ভাগে বিভক্ত হইলে, ইরানীয় আর্য্যগণ উপাস্যগণকে অহুর বলিয়া পূজা করিতেন ও পাপমতি জীবদিগকে দেব বলিয়া ঘৃণা করিতেন; এবং হিন্দু আর্য্যগণ উপাস্যদিগকে দেব বলিয়া পূজা করিতেন, এবং পাপমতি দানব প্রভৃতিকে অসুর বলিয়া ঘৃণা করিতেন। ঋগ্বেদে অনেক স্থলে দেখিতে পাই দেবগণকে অসুর বলিয়া সম্বোধন করা হইয়াছে কেন না তখনও দেব ও অসুর এই দুই শব্দের সম্পূর্ণরূপ ভিন্ন অর্থ হয় নাই, হিন্দুগণ "অসুর" অর্থে দেবশত্রু করেন নাই। এমন কি ঋগ্বেদের প্রারম্ভে অসুর শব্দ কেবল দেবগণের সম্বন্ধেই প্রয়োগ হইয়াছে, দানবদিগের সম্বন্ধে প্রয়োগ হয় নাই; ঋগ্বেদের মধ্যে ও শেষভাগে অসুর শব্দ কখন দেবগণের সম্বন্ধে কখন দানবদিগের সম্বন্ধে প্রয়োগ হইয়াছে। প্রথম মণ্ডলে অসুর শব্দ কেবল দ্বাদশ বার প্রয়োগ হইয়াছে, এবং সে সকল স্থলেই দেব বা পুরোহিতদিগের সম্বন্ধে, কোনও এক স্থলেও দানবদিগের সম্বন্ধে এ শব্দের প্রয়োগ নাই।

২৪	সূক্তের	১৪	ঋকে	অসুর	শব্দ	বরুণ	সম্বন্ধে	প্রয়োগ	হইয়াছে।
৩৫	"	৭	"	"	"	সূর্য্যরশ্মি	"	"	"
৩৫	"	১০	"	"	"	সবিতা	"	"	"
৫৪	"	৩	"	"	"	ইন্দ্র	"	"	"
৬৪	"	২	"	"	"	মরুদ্গণ	"	"	"
১০৮	"	৬	"	"	"	ঋত্বিকদিগের	"	"	"
১১০	"	৩	"	"	"	ত্বষ্টা	"	"	"
১২২	"	১	"	"	"	রুদ্র	"	"	"
১২৬	"	২	"	"	"	ভাবয়ব্য রাজা	"	"	"
১৩১	"	১	"	"	"	স্বর্গলোক	"	"	"
১৫১	"	৪	"	"	"	মিত্র ও বরুণ	"	"	"
১৭৪	"	১	"	"	"	ইন্দ্র	"	"	"

৪। হে ইন্দ্র! তুমি মহৎ আকাশের উপরি প্রদেশ কম্পিত করিয়াছ। তুমি নিজের শত্রুবিনাশী ক্ষমতা দ্বারা শম্বরকে স্বয়ং বধ করিয়াছ; তুমি হৃষ্ট উল্লাসিত মনে তীক্ষ্ণ ও রশ্মিযুক্ত বজ্র দলবদ্ধ মায়াবীদিগের বিরুদ্ধে প্রেরণ করিয়াছ।

৫। হে ইন্দ্র! তুমি শব্দ করিয়া বায়ুর উপর এবং শোষক ও পরিপাককারী সূর্য্যের মস্তকে জল বর্ষণ করিয়াছ। তোমার মন পরিবর্ত্তন রহিত এবং শত্রুবিনাশে রত, তুমি অদ্য যে কার্য্য সম্পাদন করিলে তাহাতে কে তোমার উপরে আছে?

৬। তুমি নর্য্য তুর্বশ যদু নামক রাজাদিগকে রক্ষা করিয়াছ; হে শতক্রতু! তুমি বর্য্য কুলের তুর্বীতি নামক রাজাকে রক্ষা করিয়াছ; তুমি আবশ্যকীয় ধন নিমিত্ত যুদ্ধে তাহাদিগের রথ ও অশ্ব (২) রক্ষা করিয়াছ; তুমি শম্বরের নবনবতি নগর ধ্বংস করিয়াছ।

৭। যিনি ইন্দ্রকে হব্য দান করিয়া ইন্দ্রের স্তুতি প্রচার করেন, অথবা হব্যের সহিত উক্‌থ পাঠ করেন, তিনিই বিরাজ করেন, তিনি সাধুগণকে পালন করেন এবং আপনাকে বর্দ্ধন করেন; ফলদাতা ইন্দ্র তাঁহার জন্য আকাশ হইতে মেঘের জল বর্ষণ করেন।

৮। ইন্দ্রের বল অতুল, তাঁহার বুদ্ধিও অতুল। হে ইন্দ্র! যাহারা তোমাকে হব্যদান করিয়া তোমার মহৎ বল এবং স্থূল পৌরুষ বৃদ্ধি করে সেই সোমপায়ীগণ যজ্ঞকর্ম্মদ্বারা প্রবৃদ্ধ হউক।

৯। এই সোমরসসমূহ প্রস্তর দ্বারা অভিষুত, ও পাত্রে স্থাপিত, এবং ইন্দ্রের পানের যোগ্য; হে ইন্দ্র! এ সকল তোমারই জন্য হইয়াছে, তুমি ইহা গ্রহণ কর, অভিলাষ তৃপ্তি কর, এবং তৎপরে আমাদিগকে ধন প্রদান করিতে মনোনিবেশ কর।

১০। অন্ধকার বৃষ্টির ধারা রোধ করিয়াছিল, বৃত্রের জঠরের ভিতর মেঘ ছিল; বৃত্রের দ্বারা নিহিত হইয়া যে জল সমুদয় ক্রমান্বয়ে অবস্থিত ছিল, ইন্দ্র তাহা নিম্ন ভূপ্রদেশে প্রেরণ করিলেন।

---

(২) মূলে "রথমেতশং" আছে। অর্থ রথ ও অশ্ব, অথবা "রথ" ও "এতশ" নামক দুই জন মুনি। সায়ণ। পুরাণে তুর্বশু ও যদু, যযাতি রাজার পুত্র; নর্য্য ও তুর্বীতির উল্লেখ নাই। তুর্বীতি সম্বন্ধে ৬১ সূক্তের ১১ ঋকের টীকা দেখ। এতশ সম্বন্ধে ৬১ সূক্তের ১৫ ঋকের টীকা দেখ।

১১। হে ইন্দ্র! আমাদিগকে বর্দ্ধনশীল যশ দান কর, মহৎ শত্রু-পরাজয়ী প্রভূত বল দান কর, আমাদিগকে ধনবান্ করিয়া রক্ষা কর, বিদ্বান্‌দিগকে পালন কর, এবং আমাদিগকে ধন ও শোভনীয় অপত্য ও অন্ন দান কর।

---

৫৫ সূক্ত।

ইন্দ্র দেবতা। অঙ্গিরার পুত্র সব্য ঋষি।

১। ইন্দ্রের প্রভাব আকাশ অপেক্ষাও বিস্তীর্ণ হইয়াছিল, পৃথিবী ও মহত্ব বিষয়ে ইন্দ্রের সমতুল্য হইতে পারে নাই। ভয়ঙ্কর ও বলবান্ ইন্দ্র মনুষ্য-দিগের জন্য শত্রুকে দগ্ধ করেন; বৃষ যেরূপ শৃঙ্গ ঘর্ষণ করে, ইন্দ্র সেইরূপ তীক্ষ্ণতার জন্য তাঁহার বজ্র ঘর্ষণ করিতেছেন।

২। অন্তরীক্ষব্যাপী ইন্দ্র সমুদ্রের ন্যায় স্বীয় বিস্তীর্ণতা দ্বারা বহুব্যাপী জল সমুদয় গ্রহণ করেন। তিনি সোমপানার্থ বৃষের ন্যায় বেগে ধাবমান হয়েন, এবং সেই যোদ্ধা পুরাকাল হইতে আপন বীরত্বের প্রশংসা ইচ্ছা করেন।

৩। হে ইন্দ্র! তুমি নিজের সম্ভোগার্থ মেঘ বিভিন্ন কর নাই; তুমি মহৎ ধনপতিদিগের উপর আধিপত্য কর। সেই দেব ইন্দ্র নিজ বীর্য্য দ্বারা বিশেষরূপে পরিচিত হইয়াছেন, সমস্ত দেবগণ উগ্র ইন্দ্রকে তাঁহার কর্ম্মের জন্য সম্মুখে স্থান দিয়াছেন।

৪। সেই ইন্দ্রই অরণ্যে স্তুতিকারী ঋষিদিগের দ্বারা স্তুত হয়েন; তিনি লোকদিগের মধ্যে স্বীয় বীর্য্য প্রকটিত করিয়া চারুভাবে অবস্থিতি করেন। যখন হব্যদাতা ধনবান্ যজমান ইন্দ্রদ্বারা রক্ষিত হইয়া স্তুতি বাক্য উচ্চারণ করে, তখন সেই অভীষ্টবর্ষী ইন্দ্র যজ্ঞেচ্ছুকে যজ্ঞে রত করেন।

৫। সেই যোদ্ধা ইন্দ্র মনুষ্যদিগের জন্য সর্ব্ববিশুদ্ধকারী বল দ্বারা মহৎ সংগ্রামসমূহে লিপ্ত হয়েন। যখন তিনি হননসাধন বজ্র ক্ষেপণ করেন, তখন দীপ্তিমান ইন্দ্রকে সকলে বলবান্ বলিয়া শ্রদ্ধা করে।

৬। শোভনকর্ম্মা ইন্দ্র যশ কামনা করিয়া, সুনির্ম্মিত (অসুর) গৃহ

সকল বলদ্বারা বিনাশ করিয়া পৃথিবীর সমান বৃদ্ধি প্রাপ্ত হইয়া, জ্যোতিষ্ক-দিগকে আবরণ রহিত করিয়া, যজমানের উপকারার্থ বহনশীল বৃষ্টিজল দান করেন।

৭। হে সোমপায়ী ইন্দ্র! তোমার মন দানে রত হউক। হে স্তুতি-প্রিয়! তোমার হরিনামক অশ্বদ্বয়কে আমাদিগের যজ্ঞের অভিমুখী কর। হে ইন্দ্র! তোমার সারথিগণ অশ্বসংযমে অতিশয় পটু, এজন্য তোমার প্রতি-কূলমনা শত্রুগণ আয়ুধ লইয়া তোমাকে পরাজয় করিতে পারে না।

৮। হে ইন্দ্র! তুমি হস্তদ্বয়ে অনন্ত ধন ধারণ কর, তুমি যশস্বী ও শরীরে অপরাজিত বল ধারণ কর। কূপ সমুদয় যেরূপ জলার্থী লোক দ্বারা বেষ্টিত থাকে, তোমার অঙ্গ সমুদয় বীরত্বের কর্ম্মসমূহদ্বারা বেষ্টিত; তোমার শরীরে বহু কর্ম্ম বিদ্যমান রহিয়াছে।

---

৫৬ সূক্ত।

ইন্দ্র দেবতা। অঙ্গিরার পুত্র সব্য ঋষি।

১। অশ্ব যেরূপ অশ্বীর দিকে বেগে ধাবমান হয় সেইরূপ প্রভূতাহারী ইন্দ্র সেই যজমানের প্রভূত পাত্রস্থিত খাদ্যের দিকে ধাবমান হইয়াছেন। তিনি সুবর্ণময় অশ্বযুক্ত ও রশ্মিযুক্ত রথ থামাইয়া পান করিতেছেন, তিনি মহৎ কার্য্যে সুদক্ষ।

২। ধনার্থী বণিকেরা যেরূপ সকলদিকে সঞ্চরণ করিয়া সমুদ্র ব্যাপিয়া থাকে, হব্যবাহী স্তোতাগণ সেইরূপ সেই ইন্দ্রকে সকল দিকে ব্যাপিয়া রহিয়াছে। নারীগণ যেরূপ (পুষ্পচয়নার্থ) পর্ব্বত আরোহণ করে, হে স্তোতা! তুমিও প্রবৃদ্ধ যজ্ঞের প্রতিপালক বলবান্ ইন্দ্রের নিকট একটী তেজঃ পূর্ণ স্তোত্রদ্বারা সেইরূপ শীঘ্র আরোহণ কর।

৩। ইন্দ্র ক্ষিপ্রকারী ও মহান্; তাঁহার দোষশূন্য ও শত্রুবিনাশক বল পুরুষোচিত সংগ্রামে গিরির শৃঙ্গের ন্যায় দীপ্তিমান্ হয়। শত্রুদমনকারী ও লৌহধারী ইন্দ্র (সোমপানে) হৃষ্ট হইলে সেই বল দ্বারা মায়াবী শুষ্ণকে কারাগৃহে নিগড়বদ্ধ করিয়া রাখিয়াছিলেন।

৪। যেরূপে সূর্য্য উষাকে সেবা করেন, দীপ্তিমান্ রল সেইরূপে তোমার রক্ষণের জন্য তোমার স্তোত্র দ্বারা বর্দ্ধিত ইন্দ্রকে সেবা করে। সেই ইন্দ্র পরাভবকারী বলদ্বারা অন্ধকাররূপ বৃত্রকে দমন করেন, এবং শত্রুদিগকে ক্রন্দন করাইয়া বিশেষরূপে ধ্বংস করেন।

৫। হে শত্রু হন্তা ইন্দ্র! যখন তুমি বৃত্র দ্বারা অবরুদ্ধ জীবনধারক ও বিনাশরহিত জল আকাশ হইতে সকল দিকে বিতরণ করিলে, তখন তুমি হৃষ্ট হইয়া সংগ্রামে বৃত্রকে হনন করিয়াছিলে, এবং জলের সমুদ্রের ন্যায় মেঘকে নিম্নমুখ করিয়া দিয়াছিলে।

৬। হে ইন্দ্র! তুমি মহান্, তুমি বল দ্বারা আকাশ হইতে পৃথিবীর প্রদেশ সমূহে জীবনধারক বৃষ্টি দান কর; তুমি হৃষ্ট হইয়া মেঘ হইতে জল বাহির করিয়া দিয়াছ, এবং গুরু পাষাণ দ্বারা বৃত্রকে ধ্বংস করিয়াছ।

---

৫৭ সূক্ত।

ইন্দ্র দেবতা। অঙ্গিরার পুত্র সব্য ঋষি।

১। অতিশয় দানশীল ও মহৎ ও প্রভূতধনযুক্ত ও অমোঘ বলসম্পন্ন ও প্রকাণ্ড দেহ বিশিষ্ট ইন্দ্রের উদ্দেশে আমি মননীয় স্তুতি সম্পাদন করিতেছি। নিম্ন প্রদেশাভিমুখ জলরাশির ন্যায় তাঁহার বল কেহ ধারণ করিতে পারে না, তিনি স্তোতৃদিগের বল সাধনের জন্য সর্ব্বব্যাপী সম্পদ প্রকাশ করেন।

২। হে ইন্দ্র! এই বিশ্বজগৎ তোমার যজ্ঞে রত ছিল; জল যেরূপ নিম্নে যায়, হব্যদাতাদিগের অভিষুত সোমরসসমূহ তোমার দিকে বহিয়াছিল। ইন্দ্রের শোভনীয় সুবর্ণময় ও হননশীল বজ্র পর্ব্বতে নিদ্রিত ছিল না।

৩। হে শুভ্র উষা! ভয়ঙ্কর ও অতিশয় স্তুতিভাজন ইন্দ্রকে এই যজ্ঞে এক্ষণে যজ্ঞান্ন প্রদান কর। তাঁহারা বিশ্বধারক, প্রসিদ্ধ ও ইন্দ্রত্ব-চিহ্নযুক্ত জ্যোতি অশ্বের ন্যায় তাঁহাকে যজ্ঞান্ন প্রাপ্তির জন্য ইতস্ততঃ বহন করিতেছে।

৪। হে প্রভূতধনশালী ও বহু লোকের স্তুত ইন্দ্র! আমরা তোমাকে অবলম্বন করিয়া যজ্ঞ সম্পাদন করিতেছি, আমরা তোমারই। হে স্তুতিভাজন! তুমি ভিন্ন অন্য কেহ স্তুতি পায় না; পৃথিবী যেরূপ (স্বকীয় প্রাণীদিগকে ধারণ করেন) তুমিও সেইরূপ আমাদিগের সেই স্তুতি বাক্য গ্রহণ কর।

৫। হে ইন্দ্র! তোমার বীর্য্য মহৎ, আমরা তোমারই। হে মঘবন্ এই স্তোতার কামনা পূর্ণ কর। বৃহৎ আকাশ তোমার বীর্য্য মানিয়াছে এই পৃথিবীও তোমার বলে নত হইয়াছে।

৬। হে বজ্রযুক্ত ইন্দ্র! তুমি সেই বিস্তীর্ণ মেঘকে বজ্র দ্বারা পর্ব্বে পর্ব্বে কাটিয়াছ; সেই মেঘে আবৃত জল বহিয়া যাইবার জন্য নিম্ন দিকে ছাড়িয়া দিয়াছ; কেবল তুমিই বিশ্বব্যাপী বল ধারণ কর।

---

৫৮ সূক্ত।

অগ্নি দেবতা। গোতমের পুত্র নোধা ঋষি।

১। মহাবলে জাত (১) ও মরণ রহিত অগ্নি শীঘ্রই ব্যথাদান করেন। দেবগণের আহ্বানকারী অগ্নি যখন যজমানের হব্যবাহক দূত হইয়াছিলেন, তখন সমীচীন পথ দ্বারা যাইয়া অন্তরীক্ষ নির্ম্মাণ করিয়াছিলেন (২); তিনি যজ্ঞে হব্য দ্বারা দেবগণের পরিচর্য্যা করেন।

২। জরারহিত অগ্নি তৃণ গুল্মাদিরূপ আপন খাদ্য মিশ্রিত ও ভক্ষণ করিয়া শীঘ্রই কাষ্ঠে আরোহণ করেন। দহনার্থ ইতস্ততঃ গামী অগ্নির পৃষ্ঠদেশ-স্থিত জ্বালা অশ্বের ন্যায় শোভা পায়, এবং আকাশের উন্নত শব্দায়মান মেঘের ন্যায় শব্দ করে।

৩। অগ্নি হব্য বহন করেন, এবং রুদ্র ও বসুদিগের সম্মুখে স্থান পাইয়াছেন। তিনি দেবগণের আহ্বানকারী এবং যজ্ঞস্থানে উপস্থিত থাকেন। তিনি ধন জয় করেন এবং মরণ রহিত। দীপ্তিমান্ অগ্নি যজমানদিগের স্তুতি লাভ করিয়া রথের ন্যায় গমন করত প্রজাদিগের গৃহে বার বার বরণীয় ধন প্রদান করেন।

৪। অগ্নি বায়ু দ্বারা প্রেরিত হইয়া মহা শব্দের সহিত এবং জ্বলন্ত জিহ্বা ও প্রসারিত তেজের সহিত অনায়াসে বৃক্ষসমূহে স্থান পায়; হে অগ্নি! যখন তুমি বন বৃক্ষ সমূহ শীঘ্র দগ্ধ করিবার জন্য বৃষের ন্যায় ব্যগ্র হও, হে দীপ্তিজ্বাল জরারহিত অগ্নি! তখন তোমার গমনমার্গ কৃষ্ণবর্ণ হয়।

---

(১) অর্থাৎ কাষ্ঠদ্বয় বলদ্বারা ঘর্ষণ করিলে অগ্নি জন্মায়। সায়ণ।

(২) অন্তরীক্ষ পূর্ব্ব অবধিই ছিল। কিন্তু অন্ধকারে অপ্রকাশ ছিল; এখন অগ্নির তেজে প্রকাশ পাইয়া যেন নূতন সৃষ্ট হইল। সায়ণ।

৫। অগ্নি বাহু দ্বারা প্রেরিত হইয়া, শিখারূপ অস্ত্র ধারণ করিয়া মহা তেজের সহিত অশোষিত বৃক্ষ রস আক্রমণ করিয়া, গোযুথের মধ্যে বৃষের ন্যায় সমস্ত পরাজয় করিয়া, চারিদিকে বিস্তৃত হয়েন; স্থাবর ও জঙ্গম সকলে বহু বিচারী অগ্নিকে ভয় করে।

৬। হে অগ্নি! মনুষ্যদিগের মধ্যে ভৃগু গণ দিব্য জন্ম প্রাপ্তির জন্য তোমাকে শোভনীয় ধনের ন্যায় ধারণ করিয়াছিলেন। তুমি সহজে লোকের আহ্বান শ্রবণ কর এবং (দেবগণেক) আহ্বান কর। তুমি যজ্ঞস্থানে অতিথি স্বরূপ এবং বরণীয় মিত্রের ন্যায় সুখদাতা।

৭। সাত জন আহ্বানকারী ঋত্বিক্ যজ্ঞ সমূহে যে পরম যজ্ঞার্হ এবং দেবগণের আহ্বানকারী অগ্নিকে বরণ করেন, সেই সর্ব্বধন দাতা অগ্নিকে আমি যজ্ঞান্নের দ্বারা পরিচর্য্যা করি, এবং তাঁহার নিকট রমণীয় ধন যাজ্ঞা করি।

৮। হে বলপুত্র! হে অনুকূলদীপ্তিযুক্ত অগ্নি! অদ্য আমাদিগকে নিরবচ্ছিন্ন সুখদান কর। হে অন্নপুত্র! তোমার স্তুতিকারককে লৌহের ন্যায় দৃঢ়রূপে রক্ষা করতঃ পাপ হইতে রক্ষা কর।

৯। হে প্রভাযুক্ত অগ্নি. তুমি স্তুতিকারকের গৃহস্বরূপ হও। হে ধনবান্ অগ্নি! ধনবান্ যজমানদিগের প্রতি কল্যাণ স্বরূপ হও। হে অগ্নি স্তুতিকারকদিগকে পাপ হইতে রক্ষা কর। প্রজ্ঞাধনসম্পন্ন অগ্নি এই প্রাতে শীঘ্র আগমন করুন।

---

৫৯ সূক্ত।

অগ্নি দেবতা। গোতমের পুত্র নোধা ঋষি।

১। হে অগ্নি! অন্য অগ্নিসমূহ তোমার শাখামাত্র, তোমাতে সকল অমরগণ হৃষ্ট হয়েন; হে বৈশ্বানর! তুমি মনুষ্যদিগের নাভিস্বরূপ, তুমি নিখাত স্তম্ভের ন্যায় লোকদিগকে ধারণ কর।

২। অগ্নি স্বর্গে মস্তক, পৃথিবীর নাভি, এবং দ্যু ও পৃথিবীর অধিপতি

হইয়াছিলেন। হে বৈশ্বানর! তুমি দেব, দেবগণ আর্য্যের জন্য তোমাকে জ্যোতিঃরূপে উৎপন্ন করিয়াছিলেন।

৩। সূর্য্যে যেরূপ ধ্রুব রশ্মিসমূহ স্থাপিত আছে, বৈশ্বানর অগ্নিতে সেইরূপ ধনসমুদয় স্থাপিত হইয়াছিল। পর্ব্বতসমূহে, ওষধিসমূহে, জলসমূহে, ও সকল মনুষ্যে যে (ধন) আছে তুমি তাহার রাজা।

৪। উভয় পৃথিবী পুত্র বৈশ্বানর দ্বারা যেন বৃহৎ হইয়া উঠিল। বন্দী যেরূপ প্রচুর স্তুতি করে, সেইরূপ এই সুদক্ষ হোতা শোভনগতি যুক্ত, প্রকৃত বলসম্পন্ন এবং নেতৃশ্রেষ্ঠ বৈশ্বানরের উদ্দেশে বহুবিধ মহৎ স্তুতিবাক্য প্রয়োগ করিয়াছে।

৫। হে বৈশ্বানর! তুমি সমুৎপন্ন সকল প্রাণীকেই জান, তোমার মাহাত্ম্য মহৎ আকাশ হইতেও অধিক; তুমি মানব প্রজাদিগের রাজা; তুমি যুদ্ধ দ্বারা দেবগণের জন্য ধন উদ্ধার করিয়াছ।

৬। মনুষ্যেরা যে বৃত্রহন্তা বৈশ্বানরকে বৃষ্টির জন্য অর্চ্চনা করে সেই জলবর্ষী বৈশ্বানরের মাহাত্ম্য আমি শীঘ্র বলিতেছি। বৈশ্বানর অগ্নি দস্যুকে হনন করিয়াছেন, বৃষ্টির জল নীচে প্রেরণ করিয়াছেন এবং শম্বরকে ভেদ মি করিয়াছেন। তবাক্য

৭। বৈশ্বানর মাহাত্ম্য দ্বারা সকল মনুষ্যের অধিপতি ও পুষ্টিকর যজ্ঞে যজনীয়. তিনি প্রভাযুক্ত এবং সুনৃতবাক্যসম্পন্ন। শতবনি পুত্র পুরুণী প্তির রাজা বহু স্তুতির সহিত সেই অগ্নিকে স্তব করেন।

---

৬০ সূক্ত।

অগ্নি দেবতা। গোতমের পুত্র নোধা ঋষি।

১। অগ্নি হব্যবাহক ও যশস্বী, যজ্ঞপ্রকাশক এবং সম্যক্ রক্ষণাশীল, তিনি দেবগণের দূত এবং সদাই দেবগণের নিকট হব্য লইয়া গমন

---

(১) শতবনি অর্থে যিনি শত যজ্ঞ সম্পাদন করিয়াছেন, পুরুণীথ অর্থে অনেকের নেতা। সায়ণ। এই রাজাদের ইতিহাস সম্বন্ধে সায়ণ কিছু বলেন নাই।

করেন, তিনি দুই কাষ্ঠ হইতে জাত এবং ধনের ন্যায় প্রশংসিত; মাতারিশ্বা (১) এই অগ্নিকে মিত্রের ন্যায় ভৃগুবংশীয়দিগের নিকট আনিলেন।

২। উভয় দেব ও মনুষ্যগণ এই শাসনকর্ত্তাকে সেবা করে, হব্যগ্রাহী দেবগণ এবং মনুষ্যেরা ইহাঁর সেবা করে। কেন না এই পূজ্য প্রজাপালক, এবং ফলদাতা আহ্বানকারী অগ্নি সূর্য্যের পূর্ব্বে উষাকালে বর্ত্তমান থাকিয়া যজমানদিগের মধ্যে স্থাপিত হইয়াছেন।

৩। আমাদিগের নূতন স্তুতি হৃদয়জাত ও মিষ্টজিহ্ব অগ্নির সম্মুখে ব্যাপ্ত হউক; মনুর সন্তান মনুষ্যগণ যথাকালে যজ্ঞ সম্পাদন করিয়া ও যজ্ঞান্ন প্রদান করিয়া সেই অগ্নিকে সংগ্রামকালে উৎপন্ন করে।

৪। অগ্নি কামনার পাত্র এবং বিশুদ্ধকারী, তিনি নিবাস হেতু এবং বরণীয়, ও দেবগণের আহ্বানকারী; যজ্ঞগৃহে প্রবিষ্ট মনুষ্যদিগের মধ্যে তাঁহাকে স্থাপন করা হইয়াছে। তিনি শত্রুদিগের দমনে কৃতসঙ্কল্প হইয়া এবং আমাদিগের গৃহসমূহের পালনকর্ত্তা হইয়া যজ্ঞগৃহে ধনাধিপতি হউন।

---

(১) যাস্ক মাতরিশ্বা অর্থে বায়ু করিয়াছেন, সায়ণও বলেন "মাতরি অন্তরীক্ষে শ্বসিতি প্রাণিতি বর্ত্ততে ইতি যাবৎ ইতি মাতরিশ্বা বায়ুঃ।" কিন্তু আধুনিক পণ্ডিতগণ এ অর্থ গ্রহণে অসম্মত। আচার্য্য বোটলিং এবং রোথ তাঁহাদিগের জগদ্বিখ্যাত অভিধানে বলেন যে মাতরিশ্বার দুইটী অর্থ বেদে দেখা যায়। প্রথম, মাতরিশ্বা এক জন দেব যিনি বিবস্বানের দূতরূপে আকাশ হইতে অগ্নি আনিয়া ভৃগুবংশীয় দিগকে দেন। দ্বিতীয় মাতরিশ্বা অগ্নিরই একটি গুপ্ত নাম। তাঁহারা আরও বলেন যে, মাতরিশ্বা বায়ু অর্থে বেদের কুত্রাপি ব্যবহৃত হয় নাই।

মাতরিশ্বা যে বেদে অগ্নির একটি নাম তাহা ৩ মণ্ডলের ২৬ সূক্তের ২ ঋকে স্পষ্ট প্রতীয়মান হয়, সে ঋক্‌টী এই,—"তং শুভ্রং অগ্নিং অবসে হবামহে বৈশ্বানরং মাতরিশ্বানাং উক্‌থ্যাং।" অবার এই ১ মণ্ডলের ৯৬ সূক্তের ৪ ঋক্ ও টীকা দেখ। মাতরিশ্বা অর্থে অগ্নি তাহা সায়ণ সেই ঋকের ব্যাখ্যায় স্বীকার করিয়াছেন। এবং ৩ মণ্ডলের ২৬ সূক্তের ২ ঋকের টীকা দেখ।

যদি মাতরিশ্বা ঋগ্বেদে প্রকৃতই অগ্নির একটী নাম হয়, তবে এই মাতরিশ্বা কর্ত্তৃক-স্বর্গ হইতে অগ্নি আনার আখ্যান হইতে কি গ্রীকদিগের Prometheus দেবের গল্প উৎপন্ন হইয়াছে? আর ভৃগুবংশীয় দিগের নিকট মাতরিশ্বা অগ্নিকে আনিয়া দিয়াছিলেন ইহারই বা অর্থ কি? পণ্ডিতবর মিউয়র বিবেচনা করেন ভারতবর্ষে ভৃগু, মনু, অঙ্গিরা প্রভৃতি কয়েকটী ঋষিবংশদ্বারা অগ্নির পূজা প্রচার হইয়াছিল।

৫। হে অগ্নি! আমরা গৌতম গোত্রীয়; তুমি ধনপতি, রক্ষণশীল ও যজ্ঞান্নের কর্ত্তা। আরোহী যেরূপ অশ্বকে হস্ত দ্বারা মার্জ্জিত করে আমরা তোমাকে সেইরূপে মার্জ্জিত করিয়া মননীয় স্তোত্র দ্বারা প্রশংসা করিব। অগ্নি প্রজ্ঞা দ্বারা ধন প্রাপ্ত হইয়াছেন, এই প্রাতঃকালে শীঘ্র আইসুন।

৬১ সূক্ত।

ইন্দ্র দেবতা। গোতমের পুত্র নোধা ঋষি।

১। ইন্দ্র বলবান্, ত্বরান্বিত, ও গুণ দ্বারা মহৎ স্তুতির উপযুক্ত এবং অপ্রতিহতগতি। বুভুক্ষিতকে যেরূপ অন্নদান করে, আমি ইন্দ্রকে তাঁহার গ্রহণ যোগ্য স্তুতি এবং পূর্ব্ববর্ত্তী যজমানপ্রদত্ত যজ্ঞান্ন প্রদান করি।

২। তাঁহাকে অন্নের ন্যায় হব্য দান করিতেছি, শত্রু পরাজয় সাধনস্বরূপ স্তুতিশব্দ সম্পাদন করিয়াছি। অন্য স্তোতাগণও সেই পুরাতন স্বামীকে হৃদয়ের সহিত, মনের সহিত এবং জ্ঞানদ্বারা স্তুতি সম্পাদন করে।

৩। সেই উপমানভূত বরণীয় ধনদাতা ও বিজ্ঞ ইন্দ্রকে বর্দ্ধন করিবার জন্য আমি মুখ দ্বারা উৎকৃষ্ট ও নির্ম্মল স্তুতিবচনযুক্ত অতি মহৎ শব্দ করিতেছি।

৪। যেরূপ রথ নির্ম্মাণকর্ত্তা রথস্বামীর নিকট রথ চালায় সেইরূপ আমি ইন্দ্রের উদ্দেশে স্তোত্র প্রেরণ করি; স্তুতিভাজন ইন্দ্রকে শোভনীয় স্তুতিবাক্য প্রেরণ করি; মেধাবী ইন্দ্রকে বিশ্বব্যাপী হব্য প্রেরণ করি।

৫। অশ্বকে যেরূপ রথে সংযোজিত করে আমি সেইরূপ অন্ন প্রাপ্তির ইচ্ছায় স্তুতিরূপ মন্ত্র বাগিন্দ্রিয়ে ধারণ করি; সেই বীর, দানশীল অন্নবিশিষ্ট এবং নগরবিদারী ইন্দ্রকে বন্দনা করিতে প্রবৃত্ত হই।

৬। ত্বষ্টা ইন্দ্রের জন্য যুদ্ধার্থে শোভনকর্ম্মা ও সুপ্রেরণীয় বজ্র নির্ম্মাণ করিয়াছিলেন, ঐশ্বর্য্যবান্ ও অপরিমিত বলবান্ ইন্দ্র শত্রুবিনাশে উদ্যত হইয়া সেই হননকারী বজ্র দ্বারা বৃত্রের মর্ম্ম ভেদ করিয়াছিলেন।

৭। জগতের নির্ম্মাণকর্ত্তা ইন্দ্রের এই মহৎ যজ্ঞে যে অভিষব দেওয়া হইয়াছে, ইন্দ্র তাহাতে সোমরূপ অন্ন সদ্যই পান করিয়াছেন, এবং শোভনীয় হব্যরূপ অন্ন ভক্ষণ করিয়াছেন। তিনি বিষ্ণু (১) শত্রুর পরিপক্ক ধন অপহরণ-কারী, শত্রুপরাজয়ী ও বজ্রক্ষেপক; তিনি বরাহকে, অর্থাৎ মেঘকে, প্রাপ্ত হইয়া তাঁহাকে ভেদ করিয়াছিলেন।

(১) মূলে "বিষ্ণু" আছে। "জগতো ব্যাপকঃ।" সায়ণ।

৮। ইন্দ্র অহিকে হনন করিলে গমনশীল দেবপত্নীগণও তাঁহাকে স্তুতি করিয়াছিলেন। ইন্দ্র বিস্তৃত আকাশ ও পৃথিবী অতিক্রম করিয়াছিলেন তাহারা ইন্দ্রের মহিমা অতিক্রম করিতে পারে না।

৯। ইন্দ্রের মাহাত্ম্য দ্যুলোক ও ভূলোক ও অন্তরীক্ষ অপেক্ষাও অধিক। তিনি নিজ আবাসে স্বকীয় তেজে বিরাজ করেন, সকল কার্য্যে সমর্থ হয়েন। তাঁহার শত্রু সুযোগ্য, তিনি যুদ্ধগমনে নিপুণ, এবং মেঘরূপ শত্রুদিগকে যুদ্ধে আহ্বান করেন।

১০। ইন্দ্র স্বকীয় বলদ্বারা জলশোষক বৃত্রকে বজ্র দ্বারা ছেদন করিয়াছিলেন; এবং গাভীসমূহের ন্যায় বৃত্রদ্বারা অবরুদ্ধ জগতের রক্ষণশীল জলসমুদয় ছাড়িয়া দিয়াছিলেন। তিনি হব্যদাতাকে তাহার অভিলাষানুসারে অন্ন দান করেন।

১১। ইন্দ্রের ক্ষমতাহেতু সমুদ্র ও নদী সকল শোভা পাইতেছে, কেননা ইন্দ্র বজ্র দ্বারা তাহাদিগের সীমা নির্দ্দেশ করিয়া দিয়াছেন। আপনাকে ঐশ্বর্য্যবান্ করিয়া এবং হব্যদাতাকে ফল প্রদান করিয়া, ইন্দ্র ত্বরান্বিত হইয়া তুর্ব্বীতি ঋষির জন্য একটী অবস্থানযোগ্য স্থান সৃষ্টি করিলেন (২)।

১২। ইন্দ্র ক্ষিপ্রকারী, সকলের ঈশ্বর, এবং অপরিমিত বলশালী। হে ইন্দ্র! তুমি এই বৃত্রকেই বজ্র প্রহার কর, গরুর ন্যায় বৃত্রের শরীরের সন্ধি গুলি তির্য্যক অবস্থিত বজ্র দ্বারা কর্ত্তন কর (৩), যেন বৃষ্টি এবং জল বিচরণ করিতে পারে।

১৩। যিনি মন্ত্রদ্বারা স্তুত্য সেই ক্ষিপ্রগামী ইন্দ্রের পূর্ব্ব কর্ম্ম সকল বর্ণনা কর। তিনি যুদ্ধের জন্য অস্ত্র সকল নিক্ষেপ করিয়া, শত্রুদিগকে হনন করিয়া তাহাদের সম্মুখে গমন করেন।

---

(২) তুর্ব্বীত ঋষি জলমগ্ন হইতেছিলেন, ইন্দ্র তাহাকে উদ্ধার করিয়া ভূমিতে স্থাপন করিয়াছিলেন। সায়ণ।

(৩) মূলে "গোঃ ন পর্ব বিরদ।" আছে। যথা মাংসস্য বিকর্ত্তারঃ লৌকিকাঃ পুরুষাঃ পশোরবয়বান্ ইতস্ততো বিভজন্তি তদ্বৎ।" সায়ণ। "বৃত্রাসুরের শরীরের সন্ধি সকল তির্য্যকভাবে বজ্রদ্বারা ছেদন করুন, যেরূপ মাংসচ্ছেদক ব্যক্তিরা গোপশুর অবয়ব সকল ছেদন করিয়া পৃথক করে।" রমানাথ সরস্বতী।

১৪। এই ইন্দ্রের ভয়ে পর্ব্বতগণ নিশ্চল হইয়া থাকে, ইন্দ্র প্রাদুর্ভূত হইলে আকাশ ও পৃথিবী কম্পিত হয়। নোধাঋষি সেই কমনীয় ইন্দ্রের রক্ষণকার্য্য অনেক সূক্ত দ্বারা বার বার প্রার্থনা করিয়া সদ্যই বীর্য্য লাভ করিয়াছিলেন।

১৫। তিনি একাকী বহুবিধ ধনের স্বামী। তিনি যে স্তোত্র এই স্তোতৃদিগের নিকট যাচ্ঞা করিয়াছেন সেই স্তোত্র তাঁহাকে দাও। স্বশ্বপুত্র সূর্য্যের যুদ্ধের সময় সোমভিষবকারী এতশ ঋষিকে ইন্দ্র রক্ষা করিয়াছিলেন (৪)।

১৬। হে অশ্বযুক্ত রথেশ্বর ইন্দ্র! গোতমগণ তোমাকে যজ্ঞে উপস্থিত করিবার জন্য স্তুতিরূপ মন্ত্রসমূহ রচনা করিয়াছে; সেই স্তোতৃদিগকে বহুবিধ বুদ্ধি প্রদান কর। যিনি বুদ্ধি দ্বারা ধন পাইয়াছেন, সেই ইন্দ্র প্রাতে শীঘ্র আগমন করুন।

৬২ সূক্ত।

ইন্দ্র দেবতা। গোতমের পুত্র নোধা ঋষি।

১। বলবান্ ও স্তুতিভাজন ইন্দ্রের উদ্দেশে আমরা অঙ্গিরার ন্যায় সুখকর স্তোত্র মনে ধারণা করি। তিনি শোভনীয় স্তোত্র দ্বারা স্তুতিকারী ঋষির অর্চ্চনাভাজন। সেই প্রখ্যাত নেতাকে আমরা স্তোত্র দ্বারা পূজা করি।

২। যে স্তোত্র উচ্চৈঃস্বরে গীত হইতে পারে এরূপ মহৎ স্তোত্র তোমরা সেই মহান্ ও বলবান্ ইন্দ্রের উদ্দেশে অর্পণ কর। তাঁহার সহায়তায় আমাদের পূর্ব্বপুরুষ অঙ্গিরাগণ, পদচিহ্ন দেখিয়া পূজা করতঃ পণি অসুর দ্বারা অপহৃত গাভী উদ্ধার করিয়াছিলেন।

(৪) স্বশ্ব নামে এক রাজা পুত্রকামনা করিয়া সূর্য্যকে উপাসনা করিয়াছিলেন সূর্য্য স্বয়ং তাঁহার পুত্ররূপে জন্মগ্রহণ করেন; এবং তাঁহার সহিত এতশ নামক মহর্ষির যুদ্ধ হয়। সায়ণ।

৩। ইন্দ্র ও অঙ্গিরা গাভী অন্বেষণ করিলে পর সরমা স্বীয় তনয়ের নিমিত্ত অন্ন প্রাপ্ত হইয়াছিল (১)। তখন বৃহস্পতি ইন্দ্র (২) অসুরকে বধ করিলেন ও গাভী উদ্ধার করিলেন। দেবগণও গাভী সকলের সহিত হর্ষসূচক শব্দ করিতে লাগিল।

৪। হে শক্তিমান্ ইন্দ্র! সপ্ত সংখ্যক ও সদ্গতি অভিলাষী নবগ্ব ও দশগ্ব (৩) মেধাবীগণের সুখশ্রাব্য স্বরযুক্ত স্তোত্র দ্বারা তুমি স্তুত হইবে। তোমার স্বরে পর্ব্বত ভীত হয়, এবং শস্যোৎপাদক মেঘও ভীত হয়।

৫। হে দর্শনীয় ইন্দ্র! তুমি অঙ্গিরাগণের দ্বারা স্তুত হইয়া উষা ও সূর্য্যের কিরণ দ্বারা অন্ধকার বিনাশ করিয়াছ। হে ইন্দ্র! তুমি পৃথিবীর সানুপ্রদেশ সমতল করিয়াছ এবং অন্তরীক্ষের মূল প্রদেশ দৃঢ় করিয়াছে।

৬। ইন্দ্র পৃথিবীর উপরে স্থাপিত মধুর উদকপূর্ণ যে চারিটী নদী জলপূর্ণ করিয়াছেন তাহা সেই দর্শনীয় ইন্দ্রের অতিশয় পূজ্য ও সুন্দর কর্ম্ম।

৭। যে ইন্দ্রকে (যুদ্ধরূপ) প্রযত্ন দ্বারা প্রাপ্ত হওয়া যায় না কিন্তু স্তোতার স্তুতিদ্বারা পাওয়া যায়, সেই ইন্দ্র একত্র সংলগ্ন দ্যাবা পৃথিবীকে দ্বিধা করিয়া স্থাপন করিয়াছেন, এবং সেই শোভনকর্ম্মা ইন্দ্র সুন্দর ও উৎকৃষ্ট নভস্থলে সূর্য্যের ন্যায় এই দ্যাবা পৃথিবীকে ধারণ করিয়াছেন।

৮। বিভিন্নরূপা, নিত্যজাতা ও যুবতীর রজনী ও উষা দ্যারা পৃথিবীতে বহুকাল হইতে পরম্পরাক্রমে আগমন করতঃ বিচরণ করিতেছেন; রাত্রি কৃষ্ণবর্ণ ও উষা দীপ্তিমান্ শরীরযুক্তা।

---

(১) সরমা দেবকুক্কুরী। পণি গাভী সকল অপহরণ করিলে পর ব্যাধ যেরূপ মৃগের অন্বেষণে কুক্কুর পাঠায় সেইরূপ ইন্দ্র সরমাকে গাভীর উদ্দেশে পাঠাইলেন সরমা কহিল "ইন্দ্র! যদি আমাদের শিশুকে সেই গাভীর দুগ্ধ দাও তবে যাইব।" ইন্দ্র সম্মত হইলেন। পরে সরমা যাইয়া সেই গাভীর অনুসন্ধান করিলে ইন্দ্র তাহা উদ্ধার করিলেন। সায়ণ। ৬ সূক্তের ৫ ঋকের টীকা দেখ।

(২) মূলে "বৃহস্পতিঃ" আছে। এখানে অর্থ "বৃহতাং দেবানাং অধিপতিরিন্দ্রঃ।" সায়ণ।

(৩) মূলে "নবগ্বৈঃ" ও "দশগ্বৈঃ" শব্দ আছে। "যে নবভিঃ মাসৈঃ সমাপ্য গতা স্তে নবগ্বাঃ" "যে তু দশভির্মাসৈঃ সমাপ্য জগ্মু স্তে দশগ্বাঃ" সায়ণ।

৯। যে ইন্দ্র শোভনীয় কর্ম্ম সম্পাদন করেন, যিনি বলের পুত্র এবং উৎকৃষ্ট কর্ম্মযুক্ত, তিনি যজমানদিগের পুরাতন বন্ধুত্ব পোষণ করেন। হে ইন্দ্র! তুমি অপরিপক্ক গাভীগণ মধ্যেও পক্ক দুগ্ধ দান করিয়াছ, এবং গাভী কৃষ্ণবর্ণ বা লোহিত বর্ণ হইলেও তন্মধ্যে শুক্লবর্ণ দুগ্ধ দান করিয়াছ।

১০। যে স্থির অঙ্গুলী সকল চিরকাল সন্নদ্ধ হইয়া অবস্থান করিয়াও আলস্য রহিত হইয়া স্বীয় বলদ্বারা বহুসহস্র ব্রত পালন করিয়াছে; সেই সেবা পরায়ণ ভগ্নীগণ দেবপত্নীর ন্যায় বীতলজ্জ ইন্দ্রের সেবা করে (৪)।

১১। হে দর্শনীয় ইন্দ্র! তুমি মন্ত্র ও নমস্কার দ্বারা স্তুত হও। যে মেধাবীগণ সনাতন কর্ম্ম বা ধন কামনা করে তাহারা বহু প্রয়াসে তোমাকে প্রাপ্ত হয়। হে বলবান্ ইন্দ্র, যেরূপ আকাঙ্ক্ষিণী পত্নী আকাঙ্ক্ষী পতিকে প্রাপ্ত হয় সেইরূপ স্তুতি তোমাকে স্পর্শ করে।

১২। হে দর্শনীয় ইন্দ্র! চিরকাল হইতে যে ধন তোমার হস্তে আছে তাহা কখন নাশ বা ক্ষয় প্রাপ্ত হয় না। হে ইন্দ্র! তুমি বুদ্ধিমান্, দীপ্তিমান এবং বজ্রবিশিষ্ট। হে কর্ম্মবান্ ইন্দ্র! তোমার কর্ম্ম দ্বারা আমাদিগকে ধন দাও।

১৩। হে ইন্দ্র! তুমি সকলের আদি; হে সুনেত্র বলবান্ ইন্দ্র! তুমি রথে অশ্ব যোজনা কর; গোতম ঋষির পুত্র নোধা আমাদের নিমিত্ত তোমার এই নূতন স্তোত্র রচনা করিয়াছেন। অতএব যিনি কর্ম্ম দ্বারা ধন প্রাপ্ত হইয়াছেন, সেই ইন্দ্র প্রাতঃকালে শীঘ্র আগমন করুন।

---

৬৩ সূক্ত।

ইন্দ্র দেবতা। গোতমের পুত্র নোধা ঋষি।

১। হে ইন্দ্র! তুমি সর্ব্বাগ্রগণ্য; ভয়ের সময়ে তোমার শত্রু শোষণ কারী বল দ্বারা তুমি দ্যাবা পৃথিবী ধারণ করিয়াছিলে। বিশ্বের সমস্ত ভূত ও পর্ব্বতসমূহ এবং অন্য যে সমস্ত মহৎ ও দৃঢ় পদার্থ আছে, তাহারাও নভঃস্থলে সূর্য্যরশ্মির ন্যায় তোমার ভয়ে কম্পিত হইয়াছিল।

---

(৪). মূলে "অহ্রযাণাং" আছে তাহার অর্থ প্রশস্তগতি অথবা লজ্জারহিত হয়। সায়ণ। অঙ্গুলিরূপ ভগ্নীগণ পত্নীর ন্যায় ইন্দ্রকে সেবা করিতেছে অতএব লজ্জারহিত অর্থটা ভাল হয়।

২। হে ইন্দ্র! তুমি যখন তোমার বিবিধ গতিযুক্ত অশ্ব রথে সংযোজিত কর, তখন স্তোতা তোমার হস্তে বজ্র স্থাপন করে; তুমি সেই বজ্র দ্বারা শত্রুর অনভীপ্সিত কর্ম্ম করিয়া শত্রুদিগকে বিনাশ কর। হে বহু লোকের আহুত ইন্দ্র! তুমি তদ্দ্বারা অনেক নগর ধ্বংস কর।

৩। হে ইন্দ্র তুমিই সত্য, তুমি এই সকল শত্রুর ধর্ষণকারী; তুমি ঋভুগণের অধিপতি, নরের হিতকারী; ও শত্রুহন্তা। সাংঘাতিক ও তুমুল সংগ্রামে তুমি দীপ্তিমান্ তরুণ কুৎসের (১) সহায় হইয়া শুষ্ণকে বধ করিয়াছিলে।

৪। হে বৃষ্টি-বর্ষণকারী, বজ্রী ইন্দ্র! তুমি যখন শত্রুকে বধ করিয়াছিলে; হে শূর, অভীষ্ট বর্ষণাভিলাষী, ও শত্রুবিজয়ী ইন্দ্র! তুমি যখন সংগ্রামে দস্যুদিগকে পরাঙ্মুখ করতঃ ধ্বংস করিয়াছিলে, তখন তুমি কুৎসের সহায় হইয়া তাহাকে প্রসিদ্ধ যশ প্রেরণ করিয়াছিলে।

৫। হে ইন্দ্র! তুমি কোন দৃঢ় ব্যক্তির হানি করিতে ইচ্ছা কর না; তথাপি মনুষ্যগণ শত্রুদিগের দ্বারা উপদ্রুত হইলে তুমি তাহাদিগের অশ্ব বিচরণের জন্য চারিদিক খুলিয়া দাও, এবং হে বজ্রী! কঠিন বজ্র দ্বারা শত্রুদিগকে বিনাশ কর।

৬। হে ইন্দ্র! যে সংগ্রামে যোদ্ধাগণ লাভ ও ধনপ্রাপ্ত হয় তাহাতে মনুষ্যেরা তোমাকে (সহায়ার্থ) আহ্বান করে। হে বলবান্ ইন্দ্র! সংগ্রামে তোমার এই রক্ষণকার্য্য আমাদের দিকে প্রসারিত হউক, যেহেতু যোদ্ধাগণ তোমার রক্ষণ ভাজন।

৭। হে বজ্রিন্! তুমি পুরুকুৎসের সহায় হইয়া যুদ্ধ করতঃ সেই সপ্ত নগর ধ্বংস করিয়াছ তুমি সুদাস নামক রাজার নিমিত্ত অংহ নামক শত্রুর ধন, যজ্ঞ কুশের ন্যায় অনায়াসে কর্ত্তন করিয়াছ। পরে হে রাজন্ সেই হব্যদাতা সুদাসকে সেই ধন দিয়াছ (২)।

---

(১) কুৎস সম্বন্ধে ৩৩ সূক্তের ১৪ ঋকের টীকা দেখ। কিন্তু এখানে কুৎস একজন যোদ্ধা বলিয়া বর্ণিত হইয়াছেন। "The Dasyus are described as the enemies of *Kutsa*. Agreeably to the apparent sense of Dasyu,—'barbarian' or 'one not Hindu,'—*Kutsa* would be a prince who bore an active part in the subjugation of the original tribes of India."—*Wilson.*

(২) সুদাস সম্বন্ধে ৪৭ সূক্তের ৬ ঋকের টীকা দেখ। পুরুকুৎস রাজা মান্ধাতার পুত্র এইরূপ পুরাণে দেখা যায়।

৮। হে দেব! তুমি আমাদের বিচিত্র অন্ন সমস্ত ভূমিতে জলের ন্যায় বর্দ্ধিত কর। হে শূর! সকল দিকে যেমন জল ক্ষরিত হইতে দিয়াছ, সেইরূপ সেই অন্ন দ্বারা আমাদিগকে জীবন প্রদান করিয়াছ।

৯। হে ইন্দ্র! তুমি অশ্বযুক্ত; গোতমগণ তোমার উদ্দেশে ভক্তি পূর্ব্বক মন্ত্রসমূহ উচ্চারণ করিয়াছে; তুমি আমাদিগকে বহুবিধ অন্ন প্রদান কর। যিনি কর্ম্মদ্বারা ধন প্রাপ্ত হইয়াছেন সেই ইন্দ্র প্রাতঃকালে শীঘ্র আগমন করুন।

---

৬৪ সূক্ত।

মরুৎগণ দেবতা। গোতমের পুত্র নোধা ঋষি।

১। হে নোধা! বর্ষণকারী, শোভনযজ্ঞ ও ফলসাধক মরুৎগণের উদ্দেশে সুন্দর স্তোত্র প্রেরণ কর। যে বাক্যদ্বারা বৃষ্টিধারার ন্যায় যজ্ঞস্থলে দেবগণকে অভিমুখ করা যায়, আমি ধীর ও কৃতাঞ্জলি হইয়া মনের সহিত সেই বাক্যসমূহ প্রয়োগ করি।

২। মরুৎগণ অন্তরীক্ষ হইতে উৎপন্ন হইয়াছেন; তাঁহার দর্শনীয়, পৌষেসম্পন্ন, এবং রুদ্রের পুত্র; তাঁহারা শত্রুবিজয়ী, পাপরহিত সকলের শোধক, সূর্য্যের ন্যায় দীপ্ত, সত্বসমূহের ন্যায় বলপরাক্রমশালী, বৃষ্টিবিন্দুযুক্ত ও ঘোররূপ।

৩। রুদ্রের পুত্রগণ যুবা ও জরারহিত, এবং যাঁহারা দেবগণকে হব্য দেন না (১) তাঁহাদিগের হন্তা; তাঁহারা অপ্রতিহতগতি এবং পর্ব্বতের ন্যায় দৃঢ়াঙ্গ। তাঁহারা স্তোতৃগণকে অভীষ্ট দিতে ইচ্ছা করেন। পৃথিবীর ও দিব্যলোকের সমস্ত বস্তু দৃঢ় হইলেও মরুৎগণ স্বকীয় বলে তাহা প্রচালিত করেন।

৪। শোভার নিমিত্ত মরুৎগণ নানাবিধ অলঙ্কার দ্বারা স্বশরীর অলঙ্কৃত

(১) *মূলে "অভোগ্ঘনঃ" আছে। "যে দেবান্ হবির্ভিন্ ভোজয়ন্তি তেষাং হন্তারঃ।" সায়ণ। কিন্তু আচার্য্য মক্ষমূলর এই রূপ লিখিয়াছেন "Abhog, 'not nurturing,' is a name of the rainless cloud."

করেন, শোভার নিমিত্ত বক্ষে সুন্দর হার ধারণ করেন এবং অংশদেশে আয়ুধসমূহ ধারণ করেন। নেতা মরুৎগণ অন্তরীক্ষ হইতে স্বকীয় বলের সহিত প্রাদুর্ভূত হইয়াছেন।

৫। স্তোতৃগণকে ধনাধিপতি করিয়া, মেঘাদিকে কম্পিত করিয়া, হিংসককে বিনাশ করিয়া মরুৎগণ স্বকীয় বলে বায়ু ও বিদ্যুৎ সৃষ্টি করেন; পরে মরুৎগণ সকলদিকে গমন করিয়া ও সকলকে কম্পিত করিয়া দ্যুলোকের উধঃ অর্থাৎ মেঘ দোহন করেন, এবং জল দ্বারা ভূমি সিঞ্চন করেন।

৬। যেরূপ ঋত্বিক্‌গণ যজ্ঞে ঘৃত সিঞ্চন করেন, সেইরূপ দানশীল মরুৎগণ সারবান্ জল সিঞ্চন করেন; তাঁহারা অশ্বের ন্যায় বেগবান্ মেঘকে বর্ষণের নিমিত্ত বিনীত করেন এবং গর্জ্জনকারী ও অক্ষয় মেঘকে দোহন করেন।

৭। হে মরুৎগণ! তোমরা মহৎ, প্রাজ্ঞ, সুন্দর দীপ্তিসম্পন্ন পর্ব্বতের ন্যায় বলবান্, এবং শীঘ্রগতি; তোমরা করযুক্ত গজের ন্যায় বন ভক্ষণ কর, যেহেতু তোমরা অরুণ বর্ণ শিখায় প্রচণ্ড বল ধারণ করিয়াছ।

৮। প্রকৃষ্ট জ্ঞানসম্পন্ন মরুৎগণ সিংহের ন্যায় নিনাদ করেন; সর্ব্বজ্ঞ মরুৎগণ হরিণের ন্যায় সুন্দর; তাঁহারা শত্রুর বিনাশকারী, স্তোতার প্রীতি-কারী, এবং অহির ন্যায় ক্রোধযুক্ত, এতাদৃশ মরুৎগণ তাহাদের বাহন মৃগের সহিত (২) এবং আয়ুধের সহিত শত্রুপীড়িত যজমানদিগকে রক্ষা করিতে যুগপৎ আসিতেছেন।

৯। হে দলবদ্ধ, মনুষ্যের হিতকারী, এবং শৌর্য্যশালী মরুৎগণ! তোমরা বলদ্বারা বিনাশক্ষম কোপযুক্ত হইয়া আকাশ ও পৃথিবী শব্দপূর্ণ কর। হে মরুৎগণ! তোমাদের তেজঃ, নির্ম্মল রূপের ন্যায় অথবা দর্শনীয় বিদ্যুতের ন্যায় রথের সারথি স্থানে অবস্থিতি করে।

১০। সর্ব্বজ্ঞ, ধনাধিপতি, বলযুক্ত, মহৎ, শত্রুবিনাশকারী, অনন্তশক্তি-ধারী, বৃহৎ খাদিযুক্ত, নেতা মরুৎগণ বাহুতে ইষু ধারণ করেন।

১১। বৃষ্টি বর্দ্ধনকারী মরুৎগণ সুবর্ণময় রথচক্র দ্বারা পথিস্থিত মেঘ

(২) মূলে "পৃষতীভিঃ" আছে, অর্থ মরুৎগণের বাহন বিচিত্রকায় হরিণরূপ মেঘ। "পৃষত্য ইতি মরুতাং বাহনস্য আখ্যা। পৃষতঃ শ্বেতবিন্দ্বঙ্কিতা মৃগা ইতি ঐতিহাসিকাঃ। নানাবর্ণা মেঘমালা ইতি নৈরুক্তাঃ।" সায়ণ।

সকলকে স্থান হইতে উত্তোলিত করেন; তাঁহারা যজ্ঞবান্ দেবতাদিগের যজ্ঞস্থলে গমন করেন, স্বয়ংই শত্রুদিগের আক্রমণ করেন; নিশ্চল পদার্থ সঞ্চালন করেন; অন্যের অসাধ্য দ্রব্য এবং দীপ্তিমান্ আয়ুধ ধারণ করেন।

১২। শত্রুক্ষয়কারী, সকল বস্তুর শোধক, বৃষ্টিপ্রদ, এবং সর্ব্বদর্শী রুদ্রের পুত্র মরুৎগণকে আমরা স্তোত্র দ্বারা স্তুতি করি। ধূলিপ্রেরক ক্ষমতাশালী, ঋজীষ সোমপায়ী এবং অভীষ্টবর্ষী মরুৎগণের নিকট ধনের জন্য গমন কর।

১৩। হে মরুৎগণ! তোমরা যাহাকে আশ্রয় প্রদান করতঃ রক্ষা কর, সেই পুরুষ বলে সকলকে অতিক্রম করে; সে অশ্ব দ্বারা অন্ন ও মনুষ্য দ্বারা ধন প্রাপ্ত হয়; সে সুন্দর যজ্ঞ করে ও ঐশ্বর্য্যশালী হয়।

১৪। হে মরুৎগণ! তোমরা যজমানদিগকে সর্ব্বকর্ম্মকুশল, সংগ্রামে অজেয়, দীপ্তিমান্, শত্রুবিনাশকারী, ধনবান্, প্রশংসাভাজন, এবং সর্ব্বজ্ঞ পুত্র প্রদান কর! এরূপ পুত্র ও পৌত্রকে আমরা শত বৎসর পোষিত করি।

১৫। হে মরুৎগণ! আমাদিগকে স্থায়ী, বীর্য্যযুক্ত ও শত্রুবিজয়ী ধন দাও। এইরূপ শতসহস্র ধনযুক্ত হইলে আমাদের রক্ষার নিমিত্ত যাহারা কর্ম্মের দ্বারা ধন প্রাপ্ত হইয়াছেন এতাদৃশ মরুৎগণ আগমন করুন।

৬৫ সূক্ত।

অগ্নি দেবতা। শক্তির পুত্র পরাশর ঋষি।

১। হে অগ্নি! পশু অপহরণকারী চৌরের ন্যায় তুমিও গুহায় অবস্থান কর; মেধাবী ও সমান প্রীতিযুক্ত দেবগণ তোমার পদচিহ্ন লক্ষ্য করিয়া অনুসরণ করিয়াছিলেন; তুমি স্বয়ং হব্য সেবা কর ও দেবতাদের নিমিত্ত হব্য বহন কর; যজনীয় সমস্ত দেবগণ তোমার নিকট আগমন করিয়াছিলেন।

২। দেবগণ পলায়িত অগ্নির পলায়ন কার্য্যাদি অন্বেষণ করিতে লাগিলেন, পরে সকল দিকে অন্বেষণ হইল; ভূমি স্বর্গের ন্যায় হইল। অগ্নি যজ্ঞের কারণস্বরূপ, উদকগর্ভে প্রাদুর্ভূত এবং স্তোত্রদ্বারা প্রবর্দ্ধিত; উদকসমূহ সেই অগ্নিকে গোপন করিবার জন্য বর্দ্ধিত হইল।

৩। অগ্নি (অভিমত ফলের) পুষ্টির ন্যায় রমণীয়, ক্ষিতির ন্যায় বিস্তীর্ণ,

পর্ব্বতের ন্যায় সকলের ভোজয়িতা, জলের ন্যায় সুখকর। তিনি সংগ্রামে পরিচালিত অশ্বের ন্যায় ও সিন্ধুর ন্যায় শীঘ্রগামী। এতাদৃশ অগ্নিকে কে নিবারণ করিতে সমর্থ?

৪। ভ্রাতা যেরূপ ভগ্নীর হিতকর, সেইরূপ অগ্নি সিন্ধুর বন্ধু; রাজা যেরূপ শত্রুকে নাশ করে, সেইরূপ অগ্নি বন ভক্ষণ করেন; বায়ুচালিত হইয়া অগ্নি যখন বন দগ্ধ করিতে প্রবৃত্ত হয়েন, তখন ভূমির সমস্ত (ওষধিরূপ) লোম ছেদন করেন।

৫। জল মধ্যে উপবিষ্ট হংসের ন্যায় অগ্নি জলের ভিতর প্রাণধারণ করেন, উষা কালে জাগরিত হইয়া আলোক দ্বারা সকলকে চেতনা প্রদান করেন, এবং সোমের ন্যায় সকল ওষধি বৰ্দ্ধিত করেন। তিনি শয়ান পশুর ন্যায় জলের মধ্যে সংকুচিত হইয়া ছিলেন, পরে প্রবর্দ্ধিত হইলে তাঁহার প্রভা সুদূর বিস্তৃত হইল।

৬৬ সূক্ত।

অগ্নি দেবতা। শক্তির পুত্র পরাশর ঋষি।

১। অগ্নি ধনের ন্যায় বিচিত্র, সূর্য্যের ন্যায় সকল বস্তুর দর্শয়িতা, প্রাণ বায়ুর ন্যায় জীবনরক্ষক ও পুত্রের ন্যায় হিতকারী; অগ্নি অশ্বের ন্যায় লোককে ধারণ করেন, ও দুগ্ধবতী গাভীর ন্যায় উপকারী। দীপ্ত ও আলোক যুক্ত অগ্নি বন দগ্ধ করেন।

২। অগ্নি রমণীয় গৃহের ন্যায় ধন রক্ষণে সমর্থ, পক্ক যবের ন্যায় লোকবিজয়ী, ঋষীর ন্যায় দেবগণের স্তোতা এবং লোকের প্রশংসনীয়, এবং অশ্বের ন্যায় হর্ষযুক্ত। এতাদৃশ অগ্নি আমাদিগকে অন্ন প্রদান করুন।

৩। দুষ্প্রাপ্যতেজা অগ্নি যজ্ঞকারীর ন্যায় ধ্রুব, ও গৃহস্থিত জায়ার ন্যায় গৃহের ভূষণ। যখন অগ্নি বিচিত্র দীপ্তিমান্ হইয়া প্রজ্জলিত হয়েন তখন তিনি শুভ্রবর্ণ আদিত্যের ন্যায়। তিনি প্রজাগণের মধ্যে রথের ন্যায় দীপ্তিযুক্ত ও সংগ্রামে প্রভাযুক্ত।

৪। প্রেরিত সেনার ন্যায় অথবা ধানুকীর দীপ্তিমুখ ইষুর ন্যায় অগ্নি শক্রগণের ভয় সঞ্চার করেন; যাহা জন্মিয়াছে ও যাহা জন্মিবে সে সমস্তই অগ্নি (১); অগ্নি কুমারীগণের প্রণয়ী ও বিবাহিতা স্ত্রীর পতি (২)।

৫। গাভীগণ যেরূপ গৃহে গমন করে সেইরূপ আমরা জঙ্গম ও স্থাবর অর্থাৎ পশু ও ব্রীহি আদি উপহারের সহিত প্রদীপ্ত অগ্নির নিকট গমন করি। অগ্নি জল প্রবাহের ন্যায় ইতস্ততঃ জ্বালা প্রেরণ করেন, ও নভস্তলে দর্শনীয় অগ্নির রশ্মি মিলিত হয়।

৬৭ সূক্ত।

অগ্নি দেবতা। শক্তির পুত্র পরাশর ঋষি।

১। রাজা যেরূপ জরা রহিত ব্যক্তিকে আদর করেন সেইরূপ অরণ্য-জাত ও নরের সুহৃৎ অগ্নি যজমানকে অনুগ্রহ করেন। অগ্নি রক্ষকের ন্যায় কার্য্যসাধক, কর্ম্মীর ন্যায় ভদ্র, দেবগণের আহ্বানকারী ও হব্যের বহন-কারী; তিনি শোভনকর্ম্মা হউন।

২। অগ্নি সমস্ত হব্য রূপ ধন স্বীয় হস্তে ধারণ করত গুহা মধ্যে লুক্কায়িত হইলে দেবগণ ভীত হইয়াছিলেন; নেতা এবং কর্ম্মধারয়িতা দেবগণ যখন হৃদয়ের কৃত মন্ত্র দ্বারা অগ্নির স্তুতি করিলেন, তখন তাঁহারা অগ্নিকে পাইলেন।

৩। অগ্নি অজাত পুরুষের ন্যায় পৃথিবী ও অন্তরীক্ষ ধারণ করিয়া আছেন; এবং সত্য মন্ত্র দ্বারা আকাশ ধারণ করিতেছেন। হে বিশ্বায়ু অগ্নি! পশুদিগের প্রিয় (বিচরণ) ভূমি রক্ষা কর, এবং সঞ্চরণের অযোগ্য গুহাতে গমন কর।

---

(১) মূলে "যমঃ" আছে, অর্থ অগ্নি। "যমোঽগ্নিরুচ্যতে।" সায়ণ। অথবা ইন্দ্র ও অগ্নি একেবারে উৎপন্ন হইয়াছিলেন সেই জন্য অগ্নিকে যম (অর্থাৎ যমজ) বলা হইয়াছে। সায়ণ।

(২) কেন না বিবাহ সময়ে লাজাদি দ্রব্য দ্বারা অগ্নির হোম নিষ্পন্ন হইলেই কন্যা আর কন্যা থাকে না, বিবাহিতা হয়। সায়ণ। বিবাহিতা নারী অগ্নির অর্চনা ও সেবার সহায়তা করেন এই জন্য বোধ হয় অগ্নিকে বিবাহিত নারীর পতি বলা হইয়াছে।

৪। যে পুরুষ গুহাস্থিত অগ্নিকে জানে, এবং যে যজ্ঞের ধারয়িতা অগ্নির নিকট উপস্থিত হয়, এবং যাহারা যজ্ঞ সম্পাদন করতঃ অগ্নির স্তুতি করে, অগ্নি তাহাদিগকে শীঘ্রই ধনের কথা কহিয়া দেন।

৫। যে অগ্নি ওষধিগণ মধ্যে তাহাদের নিজ নিজ গুণ নিহিত করিয়াছেন ও মাতৃস্থানীয় ওষধিগণ মধ্যে উৎপন্ন পুষ্পফলাদি স্থাপিত করিয়াছেন, ধীরগণ জল মধ্যস্থিত এবং জ্ঞানদাতা সেই বিশ্বায়ু অগ্নিকে গৃহের ন্যায় পূজা করিয়া কর্ম্ম করে।

৬৮ সূক্ত।

অগ্নি দেবতা। শক্তির পুত্র পরাশর ঋষি।

১। হব্যবাহক অগ্নি হব্য মিশ্রিত করিয়া আকাশে উপস্থিত হয়েন, ও স্থাবর জঙ্গম বস্তুকে ও রাত্রিকে স্বীয় প্রভা দ্বারা প্রকাশিত করেন। অগ্নি সমস্ত দেবগণ মধ্যে দ্যুতিমান্ এবং স্থাবর জঙ্গমাদিতে ব্যাপ্ত আছেন।

২। হে দেব অগ্নি! তুমি শুষ্ক কাষ্ঠ হইতে জ্বলন্ত হইয়া প্রাদুর্ভূত হইলে সকল যজমানগণ তোমার কর্ম্ম অনুষ্ঠান করে। তুমি অমর, স্তোত্র দ্বারা তোমাকে সেবা করতঃ তাহারা সকলে প্রকৃত দেবত্ব লাভ করে।

৩। অগ্নি যজ্ঞস্থলে আগত হইলে তাঁহার স্তুতি ও যজ্ঞ করা হয়; অগ্নি বিশ্বায়ু সকল (যজমানগণ) তাঁহার যজ্ঞ সম্পাদন করে। হে অগ্নি! যে তোমাকে হব্য দান করে বা যে তোমার কর্ম্ম করিতে শিক্ষা করে তুমি তৎকৃত অনুষ্ঠান অবগত হইয়া তাহাকে ধন প্রদান কর।

৪। হে অগ্নি! তুমি মনুর অপত্যগণের মধ্যে দেবগণের আহ্বানকারীরূপে অবস্থিতি কর; তুমিই তাহাদের ধনের স্বামী, তাহারা স্বীয় শরীরে পুত্রোৎপাদনার্থ শক্তি ইচ্ছা করিয়াছিল এবং মোহ ত্যাগ করিয়া পুত্রগণের সহিত চিরকাল জীবিত থাকে।

৫। পুত্র যেরূপ পিতার আজ্ঞা পালন করে, যজমানগণ সত্বর হইয়া সেইরূপ অগ্নির শাসন শ্রবণ করে, ও তাঁহার আদিষ্ট কর্ম্ম করে। প্রভূত অন্নযুক্ত অগ্নি যজমানদিগকে যজ্ঞের দ্বারভূত ধন প্রদান করেন। অগ্নি যজ্ঞরত গৃহে আসক্ত এবং আকাশকে নক্ষত্রযুক্ত করিয়াছেন।

৬৯ সূক্ত ।

অগ্নি দেবতা । শক্তির পুত্র পরাশর ঋষি ।

১ । শুভ্রবর্ণ অগ্নি উষার প্রণয়ী সূর্য্যের ন্যায় সকল পদার্থে প্রকাশক ; এবং দ্যুতিমান্ সূর্য্যের জ্যোতির ন্যায় স্বতেজে (দ্যাবা পৃথিবী) একত্রে পরিপূরিত করেন । হে অগ্নি! তুমি প্রাদুর্ভূত হইয়া কর্ম্ম দ্বারা সমস্ত জগত পরিব্যাপ্ত কর ; তুমি দেবগণের পুত্র হইয়াও তাহাদের পিতা ।

২ । মেধাবী, দর্পরহিত ও কর্ত্তব্যাকর্ত্তব্য জ্ঞানযুক্ত অগ্নি গাভীর স্তনের ন্যায় সমস্ত অন্ন সুস্বাদু করেন । জনপদে লোকহিতকর পুরুষের ন্যায় অগ্নি যজ্ঞে আহূত হইয়া এবং যজ্ঞস্থলে উপবেশন করতঃ প্রীতি দান করেন ।

৩ । অগ্নি পুত্রের ন্যায় জন্মাইয়া গৃহে আনন্দ বিকাশ করেন, এবং অশ্বের ন্যায় হর্ষযুক্ত হইয়া সংগ্রামে শত্রুগণকে অতিক্রম করেন । যখন মনুষ্যদিগের সহিত আমি একস্থানানবাসী দেবতাগণকে আহ্বান করি, তখন হে অগ্নি ! তুমি সকল দেবের দেবত্ব প্রাপ্ত হও ।

৪ । কেহ তোমার ব্রতাদি ধ্বংস করে না; যে হেতু তুমি সেই সকল ব্রতের যজমানগণকে যজ্ঞফলরূপ সুখ প্রদান কর । যদি কেহ তোমার ব্রত নাশ করে, তাহা হইলে সদৃশ নেতা মরুৎগণের সহিত তুমি সেই বাধকগণকে পলায়িত কর ।

৫ । অগ্নি উষার প্রণয়ী সূর্য্যের ন্যায় আলোকবিশিষ্ট, ও নিবাস হেতু, এবং তাঁহার রূপ লোকের পরিচিত ; তিনি এই (উপাসককে) অবগত হউন । তাঁহার রশ্মি স্বয়ং হব্য বহন করতঃ যজ্ঞ গৃহদ্বারে ব্যাপ্ত হয়, পরে দর্শনীয় নভস্তলে গমন করে ।

৭০ সূক্ত ।

অগ্নি দেবতা । শক্তির পুত্র পরাশর ঋষি ।

১ । যে শোভনীয় দীপ্তিযুক্ত অগ্নি জ্ঞান দ্বারা প্রাপ্তব্য, যিনি সমস্ত দেবকার্য্য ও মনুষ্যের জন্মরূপ কর্ম্মের বিষয় অবগত থাকিয়া সকল কার্য্যে ব্যাপ্ত আছেন, তাঁহার নিকট প্রভূত অন্ন বাঞ্ছা করি ।

২। যে অগ্নি জলের মধ্যে ও বনের মধ্যে ও স্থাবর পদার্থের মধ্যে ও জঙ্গমের মধ্যে অবস্থান করেন, তাঁহাকে কি যজ্ঞ গৃহে, কি পর্ব্বতের উপর, লোকে হব্য প্রদান করে। প্রজাবৎসল রাজা যেরূপ প্রজার হিতকর কার্য্য করেন, অমর অগ্নিও তদ্রূপ আমাদিগের হিতকর কার্য্য সম্পাদন করেন।

৩। যে যজমান্ মন্ত্র দ্বারা অগ্নির পর্য্যাপ্ত স্তুতি করে, নিশায় প্রদীপ্ত অগ্নি তাহাকে ধন প্রদান করেন; হে সর্ব্বজ্ঞ অগ্নি! তুমি দেবতাগণের ও মনুষ্যগণের জন্ম অবগত আছ, অতএব সমস্ত ভূতজাতকে পালন কর।

৪। উষা ও রাত্রি ভিন্নরূপ হইয়াও অগ্নিকে বর্দ্ধন করেন; স্থাবর ও জঙ্গম পদার্থ যজ্ঞ বেষ্টিত অগ্নিকে বর্দ্ধন করে। দেবগণের আহ্বানকারী সেই অগ্নি দেবযজন স্থানে উপবিষ্ট হইয়া সকল যজ্ঞকর্ম্ম সত্য ফলযুক্ত করিয়া আরাধিত হয়েন।

৫। হে অগ্নি! আমাদিগের ব্যবহারযোগ্য গোসমূহকে উৎকৃষ্ট কর; সকল লোক আমাদিগের জন্য গ্রহণযোগ্য উপায়নরূপ ধন আরহণ করুক। মনুষ্যগণ বহু দেবযজন স্থানে তোমার বিবিধ পূজা করে এবং বৃদ্ধ পিতার নিকট হইতে পুত্রের ন্যায় তোমার নিকট হইতে ধন প্রাপ্ত হয়।

৬। অগ্নি সফলকর্ম্মা লোকের ন্যায় ধন অধিকার করেন, ধানুকীর ন্যায় শূর, শত্রুর ন্যায় ভয়ঙ্কর, এবং সংগ্রামে প্রজ্জ্বলিত।

---

৭১ সূক্ত।

অগ্নি দেবতা। শক্তির পুত্র পরাশর ঋষি।

১। স্ত্রী যেরূপ স্বামীকে প্রীত করে সেইরূপ একস্থানবর্ত্তিনী ও আকাঙ্ক্ষিণী ভগিনীরূপ অঙ্গুলীগণ আকাঙ্ক্ষী অগ্নিকে হব্য প্রদান দ্বারা প্রীত করে। উষা প্রথমে কৃষ্ণবর্ণ ও তৎপরে শুভ্রবর্ণ; সেই উষাকে রশ্মিগণ যেরূপ সেবা করে সেই রূপ অঙ্গুলী সকল অগ্নির সেবা করে।

২। অঙ্গিরা নামক আমাদের পিতৃগণ মন্ত্র দ্বারা অগ্নির স্তুতি করিয়া বলবান্ ও দৃঢ়াঙ্গ পণি (নামক অসুরকে) স্তুতি শব্দ দ্বারাই বিনাশ করিয়াছিলেন; এবং আমাদের নিমিত্ত মহৎ দ্যুলোকের পথ করিয়াছিলেন। পরে তাঁহারা সুখকর দিবস, আদিত্য ও গো-সমূহ প্রাপ্ত হইয়াছিলেন।

৩। অঙ্গিরা মহর্ষিগণ যজ্ঞ স্বরূপ অগ্নিকে ধনের ন্যায় ধারণ করিয়াছিলেন। পরে যে সকল যজমানের ধন আছে এবং যাঁহারা অন্য বিষয়াভিলাষ ত্যাগ করতঃ অগ্নিকে ধারণ করেন ও অগ্নি সেবায় রত থাকেন, তাঁহারা হব্য দ্বারা দেব ও মনুষ্যগণের শ্রীবৃদ্ধি সম্পাদন করত অগ্নির অভিমুখে গমন করেন (১)।

৪। মাতরিশ্বা (২) মথিত অগ্নি শুভ্রবর্ণ হইয়া সকল যজ্ঞগৃহে প্রাদুর্ভূত হয়েন; তখন সুহৃৎ রাজা প্রবল রাজার নিকটে যেরূপ স্বীয় লোককে দূত কর্ম্মে নিয়োজিত করে, সেইরূপ ভৃগু ঋষির ন্যায় যজ্ঞসম্পাদক যজমান্ অগ্নিকে দূত কর্ম্মে নিযুক্ত করেন।

৫। যজমান্ যখন মহান্ ও পালনকারী দেবকে হব্যরূপ রস প্রদান করেন, তখন হে অগ্নি! স্পর্শনকুশল শত্রুগণ তাহা জানিয়া পলায়ন করে। ইষুবিক্ষেপী অগ্নি পলায়মান্ রাক্ষসগণের প্রতি তাঁহার শত্রুবিনাশক ধনু হইতে দীপ্তিমান্ বাণ নিক্ষেপ করেন; এবং দীপ্যমান অগ্নি স্বীয় দুহিতা উষাতে (৩) স্বীয় দীপ্তিস্থাপন করেন।

৬। হে অগ্নি! স্বীয় যজ্ঞগৃহে যে যজমান্ মর্য্যাদার সহিত তোমাকে সমন্তাৎ প্রজ্বলিত করে এবং অনুদিন কামনা করতঃ তোমাকে অন্ন প্রদান করে, হে দ্বিবর্হা (৪) অগ্নি; তুমি তাহার অন্ন বর্দ্ধিত কর। যুদ্ধার্থী যে পুরুষকে রথের সহিত যুদ্ধে প্রেরণ কর, সে ধন প্রাপ্ত হউক।

(১) "This and the preceding stanza are corroborative of the share borne by the *Angirasas* in the organisation, if not in the origination of the worship of fire."—*Wilson*. পণ্ডিতবর মিউয়র ও বিবেচনা করেন যে, মনু, অঙ্গিরা ভৃগু, অথর্ব্বা, দধীচি প্রভৃতি কয়েকটি ঋষিবংশ দ্বারা ভারতবর্ষে অগ্নিহোত্রাদি অনেকটা বিস্তারিত হইয়াছিল।

(২) মূলে মাতরিশ্বা আছে। "ব্যানবৃত্তিরূপেণ অবস্থিতো মুখ্যপ্রাণঃ"। সায়ণ। কিন্তু মাতরিশ্বা সম্বন্ধে ৬০ সূক্তের ১ ঋকের টীকা দেখ।

(৩) "দুহিতরি দুহিতৃবৎ সমনন্তরভাবিনাং।" সায়ণ। রাত্রি অগ্নির সময় উষা রাত্রির পর উৎপন্ন, এই জন্য উষাকে অগ্নির দুহিতা বলা হইয়াছে। ১১৩ সূক্তের ১ ও ২ ঋকে এইরূপ উপমা দেখ।

(৪) "দ্বিবর্হা দ্বয়োর্ম্মধ্যমোত্তমস্থানয়োর্ব্বৃংহিতো বর্দ্ধিতঃ।" সায়ণ।

৭। যে রূপ মহতী সপ্ত নদী (৫) সমুদ্র অভিমুখে প্রধাবিত হয়, সেই রূপ হব্যের অন্ন অগ্নিকে প্রাপ্ত হয়। আমাদিগের জ্ঞাতি আমাদিগের অন্নের ভাগ পান না (অর্থাৎ আমাদিগের প্রচুর অন্ন নাই); অতএব হে অগ্নি! তুমি প্রকৃষ্ট ধন জানিয়া দেবগণকে জ্ঞাপিত কর।

৮। অগ্নির বিশুদ্ধ ও দীপ্তিমান্ তেজ অন্নলাভার্থ নৃপতিকে প্রাপ্ত হউক; অগ্নি গর্ভনিষিক্ত রেতঃ হইতে বলবান্ অনিন্দনীয় যুবা ও শোভনকর্ম্মা পুত্র উৎপন্ন করুন, ও যাগাদি কর্ম্মে প্রেরণ করুন।

৯। মনের ন্যায় শীঘ্রগামী যে সূর্য্য স্বর্গীয় মার্গে একাকী গমন করেন, তিনি সদ্যই অনেক ধন প্রাপ্ত হন; শোভমান এবং সুবাহু মিত্র ও বরুণ আমাদের গাভীগণের প্রীতিকর অমৃতবৎ দুগ্ধ রক্ষা করতঃ অবস্থান করেন।

১০। হে অগ্নি! আমাদের পৈতৃক সৌহৃদ্য বিনাশ করিও না, যে হেতু তুমি অতীতদর্শী এবং বর্ত্তমান বিষয়ও জান। সূর্য্যরশ্মি যেরূপ অন্তরীক্ষকে আচ্ছাদিত করে, সেইরূপ জরা আমাকে বিনাশ করিতেছে; বিনাশহেতু জরা যাহাতে না আসিতে পারে সেইরূপ কর।

৭২ সূক্ত।

অগ্নি দেবতা। শক্তির পুত্র পরাশর ঋষি।

১। জ্ঞানী ও নিত্য অগ্নির মন্ত্র আরম্ভ কর; তিনি নরের হিতসাধক ধন হস্তে ধারণ করেন। অগ্নি স্তোতৃগণকে অমৃত প্রদান করিয়া থাকেন; অগ্নিই সর্ব্বোৎকৃষ্ট ধনের অধিপতি।

২। সকল অমর দেবগণ মোহশূন্য মরুৎগণ অনেক কামনা করিয়াও আমাদের প্রিয় ও সর্ব্বস্থানব্যাপী অগ্নিকে প্রাপ্ত হন নাই; পদব্রজে গমন করিতে২ শ্রান্ত হইয়া এবং অগ্নির কার্য্য সমূহ লক্ষ্য করিয়া তাঁহারা অবশেষে অগ্নির সদনে উপস্থিত হইলেন।

---

(৫) ঋগ্বেদে স্থানে স্থানে সপ্তনদীর উল্লেখ পাওয়া যায়, যেগুলি সিন্ধুনদী ও তাহার ছয়টী শাখা। ঋগ্বেদের দশম মণ্ডলের ৭৫ সূক্তের ৫ ঋকে দশটী নদীর নাম আছে যথা—গঙ্গা, যমুনা, সরস্বতী, শতুদ্রী, পরুষ্ণী, মরুদ্বৃধা, অসিক্নী, বিতস্তা, আর্জ্জীকীয়া ও সুষোমা। এই তালিকার শতুদ্রী আদি ছয়টী নদী সিন্ধু নদীর শাখা, এবং সুষোমা সিন্ধু নদীর আর একটী নাম মাত্র।

৩। হে দীপ্তিমান্ অগ্নি! দীপ্তিমান্ মরুৎগণ তিন বৎসর তোমাকে ঘৃতের দ্বারা পূজা করিয়াছিলেন; পরে মরুৎগণ যজ্ঞ প্রয়োগযোগ্য নাম ধারণ করিলেন ও উৎকৃষ্ট জন্ম গ্রহণ করিয়া (অমর) শরীর ধারণ করিলেন।

৪। যজ্ঞার্হ দেবগণ বৃহৎ দ্যুলোকে ও পৃথিবীতে বর্ত্তমান থাকিয়া রুদ্রের উপযুক্ত স্তোত্র করিয়াছিলেন; মরুৎগণ ইন্দ্রের সহিত উত্তম স্থানে নিহিত অগ্নিকে জানিয়া তাঁহাকে লাভ করিয়াছিলেন।

৫। হে অগ্নি! দেবগণ তোমাকে সম্যক জ্ঞাত হইয়া উপবিষ্ট হইলেন, এবং পত্নীদিগের সহিত সম্মুখস্থ জানুযুক্ত অগ্নির (১) পূজা করিলেন; পরে সুহৃৎ অগ্নিকে দর্শন করিয়া তোমার দ্বারা রক্ষিত হইয়া সুহৃৎ দেবগণ আপনাদিগের শরীর শোষণ করতঃ যজ্ঞ করিলেন।

৬। যজমানগণ তোমাতে নিহিত এক' বিংশতি নিগূঢ় পদ জানিয়াছে, এবং এতদ্দ্বারা তোমাকে অর্চনা করে; তুমিও যজমানগণের প্রতি সেইরূপ স্নেহযুক্ত হইয়া তাহাদিগের পশু ও স্থাবর জঙ্গম রক্ষা কর।

৭। হে অগ্নি! সমস্ত জ্ঞাতব্য বিষয় অবগত হইয়া প্রজাগণের জীবন ধারণার্থে ক্ষুন্নিবৃত্তি কর; আকাশ ও পৃথিবীর মধ্যে যে মার্গে দেবগণ গমন করেন তাহা অবগত হইয়া তুমি অনলস হইয়া দূতরূপে হব্য বহন কর।

৮। শোভন কর্ম্মযুক্তা মহতী সপ্ত নদী তোমার প্রসাদে দ্যুলোক হইতে নির্গত হইয়াছে। যজ্ঞবিৎ অঙ্গিরাগণ ধনের গমনপথ তোমার নিকট জানিয়াছিলেন। তোমার প্রসাদে সরমা তাঁহাদের নিকট হইতে প্রচুর গোদুগ্ধ লাভ করিয়াছিল, তদ্দ্বারা মনুষ্যগণ পালিত হয়।

৯। আদিত্যগণ অমরত্বসিদ্ধির জন্য উপায় উদ্ভাবন করতঃ পতন-প্রতিরোধের জন্য যে সমস্ত কার্য্য সংস্থাপিত করিয়াছেন, অদিতিরূপ জননী পৃথিবী, সমস্ত জগৎ ধারণের নিমিত্ত সেই মহানুভব পুত্রগণের সহিত যে বিশেষ মহত্বপ্রকাশ পাইয়াছিলেন, হে অগ্নি! তুমি হব্য ভক্ষণ করিয়াছিলে ইহাই তাহার কারণ।

১০। এই অগ্নিতে (যজমানগণ) সুন্দর যজ্ঞসম্পদ্ স্থাপন করিয়াছেন, এবং যজ্ঞের চক্ষুরূপ ঘৃত দিয়াছেন। পরে অমরগণ আগমন করেন, তদ্দৃষ্টে

(১) "জানুযুক্তং ত্বাং নমস্যন্ অপূজয়ন।" সায়ণ। কিন্তু পণ্ডিতবর উইলসন্ অনুবাদ করিয়াছেন "The gods * * with their wives paid reverential adoration to thee upon their knees."

হে অগ্নি! তোমার উজ্জ্বল শিখা বেগবতী নদীর ন্যায় সকল দিকে প্রসারিত হয় এবং দেবগণও তাহা জানিতে পারেন।

---

৭৩ সূক্ত।

অগ্নি দেবতা। শক্তির পুত্র পরাশর ঋষি।

১। পৈত্রিক ধনের ন্যায় অগ্নি অন্নদাতা; শাস্ত্রাভিজ্ঞ ব্যক্তির শাসনের ন্যায় অগ্নি নেতা; উপবিষ্ট অতিথির ন্যায় প্রীতিভাজন; এবং হোতার ন্যায় যজমানের গৃহ বর্দ্ধিত করেন।

২। দ্যুতিমান্ সূর্য্যের ন্যায় যথার্থদর্শী অগ্নি স্বীয় কর্ম্ম দ্বারা সমস্ত সংগ্রাম হইতে রক্ষা করেন; যজমানগণের প্রশংসিত অগ্নি প্রকৃতির স্বরূপের ন্যায় পরিবর্ত্তন রহিত; আত্মার ন্যায় সুখকর; এতাদৃশ অগ্নি যজমানগণ-কর্ত্তৃক ধারণীয়।

৩। দ্যুতিমান্ সূর্য্যের ন্যায় অগ্নি সমস্ত জগৎ ধারণ করেন; অনুকূলমিত্র বিশিষ্ট রাজার ন্যায় অগ্নি পৃথিবীতে বাস করেন; লোকে অগ্নির সম্মুখে পিতার গৃহে পুত্রের ন্যায় উপবেশন করে; অগ্নি পতিসেবিতা এবং অনিন্দ-নীয়া নারীর ন্যায় শুদ্ধ।

৪। হে অগ্নি! লোকে নিরুপদ্রব স্থানে স্বীয় গৃহে অনবরত কাষ্ঠ দ্বারা প্রজ্বলিত করিয়া তোমাকে সেবা করে; বহু যজ্ঞে অন্ন প্রদান করে; তুমি বিশ্বায়ু হইয়া আমাদিগকে ধন প্রদান কর।

৫। হে অগ্নি! ধনযুক্ত যজমানগণ অন্ন লাভ করুক; যে বিদ্বানগণ তোমার স্তব করে ও হব্যদান করে, তাহারা দীর্ঘ আয়ু প্রাপ্ত হউক। আমরা সংগ্রামে যেন শত্রুর অন্ন প্রাপ্ত হই, পরে যশের জন্য দেবগণকে তাঁহাদিগের অংশ অর্পণ করি।

৬। নিত্যদুগ্ধা ও তেজস্বিনী গাভীগণ অগ্নিকে কামনা করিয়া যজ্ঞস্থানে অগ্নিকে দুগ্ধ পান করায়। প্রবাহিনী নদী সকল অগ্নির নিকট অনুগ্রহ যাচ্ঞা করিয়া পর্ব্বতসমীপে দূরদেশ হইতে প্রবাহিত হয়।

৭। হে দ্যুতিমান্ অগ্নি! যজ্ঞার্হ সমস্ত দেবগণ তোমার অনুগ্রহ যাচ্ঞা করিয়া তোমার উপর হব্য স্থাপন করিয়াছেন; পরে (ভিন্ন ভিন্ন অনুষ্ঠানের জন্য) উষা ও রাত্রিকে ভিন্নরূপ করিয়াছেন; রাত্রিকে কৃষ্ণবর্ণ ও উষাকে অরুণ বর্ণ করিলেন।

৮। তুমি যে মনুষ্যদিগকে অর্থলাভার্থ যজ্ঞকর্ম্মে প্রেরণ কর, তাহারা ও আমরা ধনী হইব। তুমি আকাশ ও পৃথিবী ও অন্তরীক্ষ পরিপূরিত করিয়াছ; এবং সমস্ত জগৎ ছায়ার ন্যায় রক্ষা করিতেছ।

৯। হে অগ্নি! তোমার দ্বারা রক্ষিত হইয়া আমরা আমাদের অশ্ব দ্বারা শত্রুর অশ্ব বধ করিব; আমাদের যোদ্ধা দ্বারা শত্রুর যোদ্ধা ও আমাদের বীরগণদ্বারা শত্রুর বীরগণকে বধ করিব; আমাদের বিদ্বান্ পুত্রগণ পৈত্রিক ধনের স্বামী হইয়া শত বৎসর জীবন ভোগ করুক্।

১০। হে মেধাবী অগ্নি! আমাদের স্তোত্র সকল তোমার মনের ও অন্তঃকরণের প্রিয় হউক। দেবগণের সম্ভজনীয় অন্ন তোমাতে স্থাপন করতঃ আমরা যেন তোমার দারিদ্র্যবিনাশী ধন রক্ষা করিতে পারি।

৭৪ সূক্ত।

অগ্নি দেবতা। রহূগণের পুত্র গোতম ঋষি।

১। যে অগ্নি দূরে থাকিয়াও আমাদের স্তুতি শ্রবণ করেন, তাঁহাকে আমরা যজ্ঞে আগমনপূর্ব্বক স্তুতি করি।

২। বিনাশকারী শত্রুগণ সঙ্গত হইলে চিরন্তন অগ্নি হব্যদাতা যজমানের নিমিত্ত ধন রক্ষা করেন।

৩। অগ্নি উৎপন্ন হইলেই সকল লোকে তাঁহার স্তব করুক; অগ্নি শত্রুহন্তা ও যুদ্ধে শত্রুধন জয় করেন।

৪। হে অগ্নি! যে যজমানের যজ্ঞগৃহে তুমি দেবগণের দূত হইয়া তাহাদের ভোজনার্থ হব্য বহন কর এবং যজ্ঞ শোভনীয় কর।

৫। হে বলের পুত্র অঙ্গিরা! মনুষ্য সকল সেই যজমানকেই শোভন দেবযুক্ত, শোভন হব্যযুক্ত ও শোভন যজ্ঞযুক্ত কহিয়া থাকে।

৬। হে জ্যোতির্ম্ময় অগ্নি! তুমি দেবগণকে এই যজ্ঞে স্তুতি গ্রহণার্থ আমাদের সমীপে আনয়ন কর ও ভোজন করিবার নিমিত্ত হব্য প্রদান কর।

৭। হে অগ্নি! যখন তুমি দেবগণের দূতরূপে গমন কর, তখন তোমার গমনশীল রথে অশ্বের শব্দ শ্রুত হয় না।

৮। যে পুরুষ পূর্ব্বে হইতে নিকৃষ্ট, সে তোমাকে হব্য দান করিয়া তোমার দ্বারা রক্ষিত ও অন্নযুক্ত হইয়া লজ্জারহিত (অর্থাৎ ঐশ্বর্য্যশালী) হয়।

৯। হে দ্যুতিমান্ অগ্নি, যে যজমান দেবগণকে হব্য প্রদান করে, তাহাকে বহুল দীপ্ত ও উত্তম বীর্য্যযুক্ত ধন দান কর।

৭৫ সূক্ত।

অগ্নি দেবতা। রহূগণের পুত্র গোতম ঋষি।

১। হে অগ্নি! মুখে হব্য গ্রহণ করিয়া দেবগণের অতিশয় প্রীতি কর ও অতি বিস্তীর্ণ অস্মদীয় স্তোত্র গ্রহণ কর।

২। হে অঙ্গিরাশ্রেষ্ঠ এবং মেধাবীশ্রেষ্ঠ! আমরা তোমার প্রীতিকর ও গ্রহণযোগ্য স্তুতি সম্পাদন করি।

৩। হে অগ্নি! মনুষ্যের মধ্যে কে তোমার (যোগ্য) বন্ধু? কে তোমার যজ্ঞ করিতে সমর্থ? তুমি কে? কোন স্থানে অবস্থান কর?

৪। হে অগ্নি! তুমি সকল লোকের বন্ধু, তুমি প্রিয়মিত্র। তুমি সখাগণের স্তুতিভাজন সখা।

৫। হে অগ্নি! আমাদের নিমিত্ত মিত্র ও বরুণকে অর্চনা কর; ও দেবগণকে পূজা কর; বৃহৎ যজ্ঞ সম্পাদন কর, ও স্বকীয় (যজ্ঞ) গৃহে গমন কর।

---

৭৬ সূক্ত।

অগ্নি দেবতা। রহূগণের পুত্র গোতম ঋষি।

১। হে অগ্নি! তোমার মনস্তুষ্টি করিবার কি উপায় আছে? তোমার সুখকর স্তুতিই বা কীদৃশ? তোমার ক্ষমতার পর্য্যাপ্ত যজ্ঞ কে করিতে পারে? কীদৃশ বুদ্ধি দ্বারাই বা তোমাকে হব্য প্রদান করিব?

২। হে অগ্নি! এই যজ্ঞে আগমন কর; দেবগণকে আহ্বান করত উপবেশন কর; তুমি আমাদের পুরোগামী হও, কেন না তোমাকে কেহ হিংসা করিতে পারে না; সমস্ত আকাশ ও পৃথিবী তোমাকে রক্ষা করুক; এবং তুমি দেবগণকে অত্যন্ত প্রীত করিবার জন্য পূজা কর।

৩। হে অগ্নি! সমস্ত রাক্ষসগণকে দহন কর; এবং হিংসকগণ হইতে যজ্ঞ রক্ষা কর। সোমপালক ইন্দ্রকে তদীয় হরি নামক অশ্বদ্বয়ের সহিত এই যজ্ঞে আনয়ন কর; আমরা সুফলদাতা ইন্দ্রকে আতিথ্য প্রদর্শন করিব।

৪। যে অগ্নি মুখ দ্বারা হব্য বহন করেন, তাঁহাকে অপত্যাদিফলযুক্ত স্তোত্র দ্বারা আহ্বান করি। হে অগ্নি! তুমি অন্য দেবগণের সহিত উপবেশন কর; এবং হে যজনীয় অগ্নি! তুমি হোতার ও পোতার কর্ম্ম নির্ব্বাহ কর; তুমি ধনের নিয়ন্তা ও জনয়িতা হইয়া আমাদিগকে প্রবুদ্ধ কর।

৫। তুমি মেধাবীগণের মধ্যে মেধাবী হইয়া যেরূপ মেধাবী মনুর যজ্ঞে হব্য দ্বারা দেবগণের পূজা করিয়াছিলে, সেইরূপ হে হোমনিষ্পাদক সত্য অগ্নি! তুমি এই যজ্ঞে দেবগণকে আনন্দকারী জুহূ দ্বারা পূজা কর।

৭৭ সূক্ত।

অগ্নি দেবতা। রহূগণের পুত্র গোতম ঋষি।

১। যে অগ্নি অমর, সত্যবান্, দেবগণের আহ্বানকারী, ও যজ্ঞসম্পাদক, ও যিনি মনুষ্যগণের মধ্যে বর্ত্তমান থাকিয়া দেবগণকে হবির্যুক্ত করেন, সেই অগ্নির অনুরূপ হব্য কি প্রকারে প্রদান করিব? তেজস্বী অগ্নিকে সকল দেবগণের উপযুক্ত কি স্তুতি করিব।

২। যে অগ্নি যজ্ঞে অত্যন্ত সুখকারী ও যথার্থদর্শী ও দেবগণের আহ্বানকারী, তাঁহাকেই স্তোত্র দ্বারা আমাদিগের অভিমুখ কর। যখন অগ্নি মনুষ্যের নিমিত্ত দেবগণের নিকট গমন করেন, তখন তিনি দেবগণকে অবগত হয়েন ও মনের সহিত পূজা করেন।

৩। অগ্নি যজ্ঞের কর্ত্তা; অগ্নি বিশ্বের উপসংহর্ত্তা এবং উৎপাদয়িতা; অগ্নি সখার ন্যায় অলব্ধ ধন প্রদান করেন। দেবাভিলাষী প্রজাগণ সেই দর্শনীয় অগ্নির নিকট গমন করিয়া অগ্নিকেই যজ্ঞের প্রথম দেব বলিয়া স্তুতি করে।

৪। অগ্নি নেতৃদিগের মধ্যে উৎকৃষ্ট নেতা ও শত্রুগণের বিনাশকারী; অগ্নি আমাদের স্তুতি ও অন্নযুক্ত যজ্ঞ কামনা করুন; এবং যে ধনশালী ও বলশালী যজমানগণ অন্ন প্রদান করিয়া অগ্নির মননীয় স্তোত্র ইচ্ছা করে, অগ্নি তাঁহাদিগেরও স্তুতি কামনা করুন।

৫। যজ্ঞসম্পন্ন ও সর্ব্বজ্ঞ অগ্নি এই প্রকারে মেধাবী গোতমাদি ঋষিগণ কর্ত্তৃক স্তুত হইয়াছিলেন; অগ্নি তাঁহাদিগকে দ্যুতিমান্ সোমরস পান করাইয়াছেন, ও অন্ন ভোজন করাইয়াছেন; অগ্নি আমাদের সেবা জ্ঞাত হইয়া পুষ্টি প্রাপ্ত হয়েন।

৭৮ সূক্ত।

অগ্নি দেবতা। রহূগণের পুত্র গোতম ঋষি।

১। হে প্রজ্ঞাযুক্ত ও সর্ব্বদর্শী অগ্নি! গোতম বংশীয়গণ তোমাকে স্তুতি করিয়াছে। দ্যুতিমান্ স্তোত্র দ্বারা আমরা তোমার স্তুতি করি।

২। ধনাকাঙ্ক্ষী হইয়া গোতম স্তুতি দ্বারা যে অগ্নির সেবা করেন, সেই অগ্নিকে দ্যুতিমান্ স্তোত্র দ্বারা পুনঃ পুনঃ স্তুতি করি।

৩। অঙ্গিরার ন্যায় সর্ব্বাপেক্ষা অধিকতর অন্নদাতা অগ্নিকে আহ্বান করি ও দ্যুতিমান্ স্তোত্র দ্বারা স্তুতি করি।

৪। হে অগ্নি! তুমি দস্যুগণকে স্থান ভ্রষ্ট কর, তুমি সর্ব্বাপেক্ষা শত্রুহন্তা, তোমাকে দ্যুতিমান্ স্তোত্র দ্বারা স্তুতি করি।

৫। আমরা রহূগণ বংশীয়, আমরা অগ্নিকে মাধুর্য্যযুক্ত বাক্য প্রয়োগ করি, ও দ্যুতিমান্ স্তোত্র দ্বারা স্তুতি করি।

৭৯ সূক্ত।

অগ্নি দেবতা। রহূগণের পুত্র গোতম ঋষি।

(প্রথমা তৃচ্ অর্থাৎ তিনটী ঋক বিদ্যুৎরূপ অগ্নিসম্বন্ধে।)

১। সুবর্ণকেশ-বিশিষ্ট অগ্নি (বিদ্যুতরূপে) হননশীল মেঘকে কম্পিত করেন, ও বায়ুর ন্যায় শীঘ্রগামী; তিনি সুন্দর দীপ্তিযুক্ত হইয়া মেঘ হইতে বারি বর্ষণ করিতে জানেন। উষা সেটী জানেনা, উষা অন্ন সম্পন্ন সরল নিজকর্ম্মরত প্রজার ন্যায় (১)।

২। হে অগ্নি! তোমার সুন্দর পতনশীল রশ্মি মরুৎগণের সহিত মেঘকে তাড়িত করে; কৃষ্ণবর্ণ বর্ষণশীল মেঘ ও গর্জ্জন করিয়াছে, এবং সুখকর ও হাস্যযুক্ত বৃষ্টি বিন্দুর সহিত আগমন করিতেছে। বৃষ্টি পতিত হইতেছে, মেঘ গর্জ্জন করিতেছে।

---

(১) উষার সহিত তুলনা করিয়া অগ্নির অধিকতর সুখ্যাতি করাই কবির উদ্দেশ্য। উষার নিন্দা করা উদ্দেশ্য নহে। সায়ণ। বেদার্থযত্ন এ অংশটী এইরূপ অনুবাদ করিয়াছেন, যথা "Like the daily Ushas (he is) pure in his brightness, endowed with knowledge, glorious, full of energy, (and) truthful."

৩। যখন অগ্নি জগৎকে বৃষ্টির জল দ্বারা পুষ্ট করেন, এবং জলের ব্যবহারের সরল উপায় সমূহ দেখাইয়া দেন, তখন অর্যমা, মিত্র, বরুণ ও সকল দিকগামী মরুৎগণ মেঘের উদকোৎপত্তি স্থানের আচ্ছাদন উদ্ঘাটিত করেন।

৪। হে বলের পুত্র অগ্নি! তুমি বহু গোযুক্ত অন্নের ঈশ্বর; হে সর্ব্বভূতজ্ঞ! তুমি আমাদিগকে প্রভূত অন্ন দাও।

৫। দীপ্তিযুক্ত নিবাসস্থানদাতা ও মেধাবী অগ্নি স্তোত্রদ্বারা প্রশংসনীয়। হে বহুমুখ অগ্নি! আমাদিগের যাহাতে ধনযুক্ত অন্ন হয়, সেইরূপে দীপ্তি প্রকাশ কর।

৬। হে উজ্জ্বল অগ্নি! দিনে ও রাত্রিতে, স্বয়ং অথবা লোকদ্বারা রাক্ষস প্রভৃতিকে তাড়াইয়া দাও। হে তীক্ষ্ণমুখ অগ্নি! রাক্ষসকে দহন কর।

৭। হে অগ্নি! তুমি সকল যজ্ঞে স্তুতিভাজন, আমাদিগের গায়ত্রী দ্বারা তুষ্ট হইয়া আমাদিগকে রক্ষণকার্য্য দ্বারা পালন কর।

৮। হে অগ্নি! আমাদিগকে দারিদ্র্যনাশক, সকলের বরণীয়, এবং সকল সংগ্রামে দুস্তর ধন প্রদান কর।

৯। হে অগ্নি! আমাদের জীবন ধারণের জন্য সুন্দর জ্ঞানযুক্ত, ও সুখহেতুভূত এবং সকল আয়ুর পুষ্টিকারক ধন প্রদান কর।

১০। হে ধনাভিলাষী গোতম! তীক্ষ্ণজ্বালাযুক্ত অগ্নিকে বিশুদ্ধ স্তুতি সম্পাদন কর।

১১। হে অগ্নি! যে শত্রু আমাদের সমীপে বা দূরে থাকিয়া আমাদিগের হানি করে, সে বিনষ্ট হউক; তুমি আমাদের বর্দ্ধন কর।

১২। সহস্রাক্ষ সর্ব্বদর্শী অগ্নি রাক্ষসগণকে তাড়িত করেন; আমাদিগের কর্তৃক স্তুত হইয়া দেবগণের আহ্বানকারী অগ্নি তাহাদিগের স্তুতি করেন।

---

৮০ সূক্ত।

ইন্দ্র দেবতা। রহূগণের পুত্র গোতম ঋষি।

১। হে বলশালী ও বজ্রযুক্ত ইন্দ্র! তুমি এই হর্ষকর সোমরস পান করিলে স্তোতা (১) তোমার বৃদ্ধিকর স্তুতি করিয়াছিল; তুমি বলদ্বারা পৃথিবীর

(১) মূলে "ব্রহ্মা" আছে। ব্রহ্মা যজ্ঞের একজন স্তোতা। ১০ সূক্তের ১ ঋকের টীকা ও ১৫ সূক্তের ৫ ঋকের টীকা দেখ। এবং ১৮ সূক্তের ১ ঋকের টীকা ও ৩৬ সূক্তের ৭ ঋকের টীকা দেখ।

নিকট হইতে অহিকে তাড়িত করিয়াছিলে এবং স্বীয় প্রভুত্ব প্রকটিত করিয়াছিলে।

২। হে ইন্দ্র! সেচনযুক্ত, হর্ষকর এবং শ্যেনপক্ষীর আনীত (২) অভিষুত সোমরস তোমাকে হর্ষযুক্ত করিয়াছে; হে বজ্রিন্! তুমি সেই বল দ্বারা অন্তরীক্ষের নিকট হইতে বৃত্রকে বিনাশ করিয়াছিলে, এবং স্বীয় প্রভুত্ব প্রকটিত করিয়াছিলে।

৩। হে ইন্দ্র! গমন কর, শত্রুগণের অভিমুখী হও, ও তাহাদিগকে পরাভূত কর, তোমার বজ্র অপ্রতিহতগতি; তোমার বল পুরুষবিজয়ী; অতএব, তুমি বৃত্রকে বধ কর; তন্নিরুদ্ধ জল লাভ কর এবং স্বীয় প্রভুত্ব প্রকটিত কর।

৪। হে ইন্দ্র! তুমি ভূলোকে বৃত্রকে বধ করিয়াছ দ্যুলোকেও বধ করিয়াছ। মরুৎগণ কর্ত্তৃক সংযুক্ত ও জীবগণের তৃপ্তিকর বৃষ্টির জল পাতিত করিয়া স্বীয় প্রভুত্ব প্রকটিত কর।

৫। ক্রুদ্ধ ইন্দ্র অভিমুখ হইয়া কম্পমান্ বৃত্রের উন্নত হনুপ্রদেশে প্রহার করিলেন, বৃষ্টির জল বহিতে দিলেন এবং স্বীয় প্রভুত্ব প্রকটিত করিলেন।

৬। ইন্দ্র শতধারাযুক্ত বজ্র দ্বারা বৃত্রের কপোলদেশে আঘাত করিলেন, তিনি হৃষ্ট হইয়া স্তোতৃগণকে অন্নের উপায় যোগাইতে ইচ্ছা করিলেন, এবং স্বীয় প্রভুত্ব প্রকটিত করিলেন।

৭। হে মেঘবাহন বজ্রযুক্ত ইন্দ্র! শত্রুগণ তোমার বীর্য্য তিরস্কার করিতে পারে না, কেন না তুমি মায়াবী মায়াদ্বারা মৃগরূপধারী বৃত্রকে বধ করিয়াছ, এবং স্বীয় প্রভুত্ব প্রকটিত করিয়াছ।

৮। হে ইন্দ্র! তোমার বজ্রসমূহ নবতিসংখ্যক নদীর উপর বিস্তৃত হইয়াছিল। হে ইন্দ্র! তোমার বীর্য্য প্রভূত; ও তোমার বাহু প্রভূত বলশালী, তুমি স্বীয় প্রভুত্ব প্রকটিত কর।

৯। সহস্র মনুষ্য যুগপৎ ইন্দ্রকে অর্চ্চনা করিয়াছিল; বিংশ মনুষ্য

---

(২) শ্যেন পক্ষী সোম আনিয়াছিল তাহা ঋগ্বেদের তৃতীয় মণ্ডলের ৪৩ সূক্তে, চতুর্থ মণ্ডলের ২৩ সূক্তে, এবং অষ্টম মণ্ডলের ৭১, ৮৪ ও ৮৯ সূক্তে পাওয়া যায়।

সায়ণ শ্যেন অর্থে গায়ত্রী করিয়াছেন। কিন্তু শ্যেন পক্ষী যে গায়ত্রী, ঋগ্বেদে তাহার কোনও উল্লেখ নাই। এটী অপেক্ষাকৃত আধুনিক কালের কল্পনা।

তাঁহার স্তুতি করিয়াছিল; শতসংখ্যক ঋষি পুনঃ পুনঃ ইন্দ্রের স্তব করিয়াছিল। ইন্দ্রের নিমিত্ত হব্য অন্ন ঊর্দ্ধে ধৃত হইয়াছিল; ইন্দ্র স্বীয় প্রভুত্ব প্রকটিত করিয়াছিলেন।

১০। ইন্দ্র বৃত্রের বল স্বীয় বল দ্বারা নাশ করিয়াছিলেন; অভিভব-সাধন আয়ুধদ্বারা বৃত্রের আয়ুধ নাশ করিয়াছিলেন। এই ইন্দ্রের প্রভূত বল, যে হেতু তিনি বৃত্রকে বধ করিয়া তন্নিরুদ্ধ বারি নির্গত করাইয়াছিলেন, এবং স্বীয় প্রভুত্ব প্রকটিত করিয়াছিলেন।

১১। হে বজ্রযুক্ত ইন্দ্র! তোমার কোপভয়ে এই আকাশ ও পৃথিবী কম্পিত হইয়াছিল; যেহেতু তুমি মরুৎগণের সহিত মিলিত হইয়া বৃত্রকে বধ করিয়া স্বীয় প্রভুত্ব প্রকটিত করিয়াছিলে।

১২। বৃত্র স্বীয় কম্পন বা গর্জ্জনের দ্বারা ইন্দ্রকে ভীত করে নাই; ইন্দ্রের লৌহময়, ও সহস্র ধারাযুক্ত বজ্র, বৃত্রকে আক্রমণ করিল; ইন্দ্র স্বীয় প্রভুত্ব প্রকটিত করিলেন।

১৩। হে ইন্দ্র! যখন তুমি বৃত্রকে প্রহার করিয়াছিলে ও তাহার বজ্রকে প্রহার করিয়াছিলে, তখন তুমি অহির বধে কৃতসঙ্কল্প হইলে, তোমার বল আকাশে ব্যাপ্ত হইয়াছিল; তুমি স্বীয় প্রভুত্ব প্রকটিত করিয়াছিলে।

১৪। হে বজ্রযুক্ত ইন্দ্র! তুমি গর্জ্জন করিলে স্থাবর ও জঙ্গম কম্পিত হয়; বজ্র নির্ম্মাতা ত্বষ্টাও তোমার কোপভয়ে কম্পিত হয়; তুমি স্বীয় প্রভুত্ব প্রকটিত করিয়াছ।

১৫। সর্ব্বব্যাপী ইন্দ্রকে আমরা অবগত হইতে পারি না; স্বীয় সামর্থ্যের সহিত অতিদূরে অবস্থিত ইন্দ্রকে (কে জানিতে পারে)? যেহেতু সেই ইন্দ্রে দেবগণ ধন, বীর্য্য ও বল স্থাপন করিয়াছিলেন; তিনি স্বীয় প্রভুত্ব প্রকটিত করিয়াছেন।

১৬। অথর্বা ঋষি ও পিতা মনু ও (অথর্বার পুত্র) দধ্যঙ্ ঋষি যে যে যজ্ঞ করিয়াছিলেন, সেই সেই যজ্ঞে প্রযুক্ত হব্য অন্ন ও স্তোত্রসমূহ পূর্ব্বতন যজ্ঞের ন্যায় ইন্দ্রতেই প্রাপ্ত হইয়াছিল; ইন্দ্র স্বীয় প্রভুত্ব প্রকটিত করিয়াছিলেন।

৮১ সূক্ত।

ইন্দ্র দেবতা। রহূগণের পুত্র গোতম ঋষি।

১। বৃত্রহন্তা ইন্দ্র মনুষ্যদিগের স্তুতি দ্বারা বলে ও হর্ষে প্রবর্দ্ধিত হইয়াছেন। সেই ইন্দ্রকে আমরা মহৎ ও ক্ষুদ্র সংগ্রামে আহ্বান করি; তিনি আমাদিগকে সংগ্রামে রক্ষা করুন।

২। হে বীর! তুমি একাকী হইলেও সেনাসদৃশ; তুমি প্রভূত শত্রুগণের ধন দান কর; তুমি ক্ষুদ্রকেও বর্দ্ধন কর, সোমরসদাতা যজমান্‌কে তুমি ধন প্রাদান কর, কেন না তোমার অক্ষয় ধন আছে।

৩। যখন যুদ্ধ হয়, তখন শত্রুগণের জেতাই ধন প্রাপ্ত হয়। হে ইন্দ্র! তুমি শত্রুগণের গর্ব্বনাশকারী অশ্ব রথে সংযোজিত কর, কাহাকেও বিনাশ কর, কাহাকেও ধন দান কর; হে ইন্দ্র তুমি আমাদিগকে ধনশালী কর (১)।

৪। ইন্দ্র যজ্ঞ দ্বারা মহান্ ও ভয়ঙ্কর, এবং সোমপান দ্বারা আপন বল বর্দ্ধন করিয়াছেন। তিনি সুদর্শন সুন্দর নাসিকাযুক্ত ও হরিনামক অশ্বযুক্ত; তিনি আমাদিগের সম্পদের জন্য দৃঢ়বদ্ধ হস্তে লৌহময় বজ্র স্থাপন করিলেন।

৫। ইন্দ্র স্বীয় তেজের দ্বারা পৃথিবী ও অন্তরীক্ষ পরিপূরিত করিয়াছেন; দ্যুলোকে উজ্জ্বল নক্ষত্র সকল স্থাপিত করিয়াছেন; হে ইন্দ্র! তোমার ন্যায় কেহ উৎপন্ন হয় নাই ও হইবে না; তুমি বিশেষরূপে সমস্ত জগৎ ধারণ কর।

৬। যে পালনকারী ইন্দ্র! যজমানকে মনুষ্যের অন্ন প্রদান করেন তিনি আমাদিগকে সেইরূপ অন্ন প্রাদান করুন; হে ইন্দ্র! আমাদিগকে ধন বিভাগ করিয়া দাও কারণ তোমার অসংখ্য ধন, যাহাতে আমি তাহার একাংশ প্রাপ্ত হইতে পারি।

৭। সরলকর্ম্মা ইন্দ্র সোমপানে হৃষ্ট হইলে আমাদিগকে গোযুথ প্রদান করেন। হে ইন্দ্র! তুমি বহু শতসংখ্যক ধন আমাদিগকে দিবার নিমিত্ত উভয় হস্তে গ্রহণ কর; আমাদিগকে তীক্ষ্ণবুদ্ধিযুক্ত কর ও ধন প্রদান কর।

৮। হে শূর! তুমি আমাদের বলের ও ধনের নিমিত্ত আমাদিগের সঙ্গে সোমরস পান করতঃ তৃপ্ত হও। তোমাকে প্রভূত ধনশালী বলিয়া জানি এজন্য আমাদের অভিলাষ জ্ঞাত করাই; তুমি আমাদিগকে রক্ষা কর।

---

(১) রহূগণের পুত্র গোতম কুরু, ও সৃঞ্জয় রাজাদিগের পুরোহিত ছিলেন। সেই রাজাদিগের শত্রুগণের সহিত যুদ্ধ হইলে গোতম ঋষি এই সূক্ত দ্বারা ইন্দ্রকে স্তুতি করিয়া আপন পক্ষের জয় প্রার্থনা করিয়াছিলেন। সায়ণ।

৯। হে ইন্দ্র! এই তোমারই লোকসমূহ সকলের বরণীয় হব্য বর্দ্ধন করে। যে সকল লোক হব্য প্রদান করে না, হে অখিলপতি, হে ইন্দ্র! তাহাদের ধন তুমি দর্শন কর, হে ইন্দ্র! তাহাদের ধন আমাদিগকে প্রদান কর।

---

৮২ সূক্ত।

ইন্দ্র দেবতা। রহূগণের পুত্র গৌতম ঋষি।

১। হে ধনবান্ ইন্দ্র! নিকটে আসিয়া আমাদের স্তুতি শ্রবণ কর; তুমি এখন পূর্ব্ব হইতে ভিন্ন প্রকৃতি হইও না; তুমিই আমাদিগকে প্রিয় ও সত্য বাক্‌যুক্ত করিয়াছ; সেই বাক্য দ্বারা তোমাকে যাচ্ঞা করি; অতএব তোমার অশ্ব শীঘ্র যোজিত কর।

২। তোমার প্রদত্ত অন্ন ভোজন করিয়া লোকে পরিতৃপ্ত হইয়াছে এবং নিজ নিজ প্রিয় শরীর কম্পিত করিয়াছে; দীপ্তিমান্ মেধাবীগণ সর্ব্বোৎকৃষ্ট স্তুতি দ্বারা তোমার স্তুতি করিয়াছে; হে ইন্দ্র! তোমার অশ্ব শীঘ্র যোজিত কর।

৩। হে মঘবন্! তুমি সকলকে অনুগ্রহ দৃষ্টিতে দর্শন কর; তোমার স্তুতি করি, তুমি স্তুত হইয়া, রথ ধনে পূরিত করিয়া তোমাকে যাহারা কামনা করিতেছে তাহাদিগের নিকট যাও; হে ইন্দ্র! তোমার অশ্ব শীঘ্র যোজিত কর।

৪। যে রথ অভীষ্ট বস্তু বর্ষণ করে, ও গাভী প্রদান করে, ও ধান্য মিশ্রিত পূর্ণপাত্র প্রদান করে, ইন্দ্র সেই রথে আরোহণ করুন; তোমার অশ্ব শীঘ্র যোজিত কর।

৫। হে শতক্রতু! তোমার রথের দক্ষিণ পার্শ্বস্থ ও বাম পার্শ্বস্থ অশ্ব সংযুক্ত হউক তুমি সোমপানে হৃষ্ট হইয়া সেই রথ দ্বারা তোমার প্রিয়া জায়ার (১) নিকট গমন কর। তোমার অশ্বদ্বয় শীঘ্র যোজিত কর।

---

(১) এইরূপে ইন্দ্রের স্তুতিতে ইন্দ্রের জায়ার কোন কোন স্থানে উল্লেখ আছে ২২ সূক্তের ১২ ঋকে ইন্দ্রের জায়াকে ইন্দ্রাণী বলা হইয়াছে। কিন্তু ইহা ব্যতীত ঋগ্বেদ সংহিতায় ইন্দ্রের স্ত্রীর বিশেষ কোনও পরিচয় নাই। যেখানে ইন্দ্রকে শচীপতি বলা হইয়াছে, তথায় সে শব্দের অর্থ যজ্ঞের পালনকর্ত্তা; শচী ইন্দ্রের পত্নী এরূপ কথা ঋগ্বেদ সংহিতায় দেখা যায় না। পৌরাণিক সময়ে এই বৈদিক "শচীপতি" শব্দ হইতে ইন্দ্রের পত্নী শচী এই কথা সৃষ্ট হইয়াছিল, এবং শচীর অনেক বর্ণনা ও আখ্যান সৃষ্ট হইয়াছিল।

৬। তোমার কেশযুক্ত অশ্বদ্বয়কে আমি স্তোত্র দ্বারা (রথে) সংযোজিত করি, বাহুদ্বয়ে অশ্ববন্ধক রশ্মি ধারণ করিয়া গৃহে গমন কর; এই অভিষুত তীব্র সোমরস তোমাকে হৃষ্ট করিয়াছে; হে বজ্রিন্! তুমি (সোম পান জনিত) তুষ্টিযুক্ত হইয়া পত্নীর সহিত সম্যক্ হর্ষলাভ কর।

---

৮৩ সূক্ত।

ইন্দ্র দেবতা। রহূগণের পুত্র গোতম ঋষি।

১। হে ইন্দ্র! যে মনুষ্য তোমার রক্ষণের দ্বারা রক্ষিত, সে অশ্ব যুক্ত গৃহে বাস করিয়া সর্ব্ব প্রথমেই গাভী প্রাপ্ত হয়; নদীসমূহ যেরূপ সকলদিকে বহিয়া স্বভাবতই সমুদ্রকে পরিপূরিত করে, তুমিও সেইরূপ তোমার রক্ষিত মনুষ্যকে প্রভূত ধনে পূর্ণ কর।

২। যেরূপ দ্যুতিমান্ জল যজ্ঞপাত্রে গমন করে, সেইরূপ উপরিস্থিত দেবগণ যজ্ঞপাত্র দর্শন করেন; তাঁহাদের দৃষ্টি কিরণের ন্যায় বিতত। অনেক পুরুষ যেরূপ একটী কন্যাকে বিবাহের জন্য অভিলাষ করে, দেবগণ সেইরূপ সোমপূর্ণ দেবাভিলাষী পাত্রকে অভিলাষ করে।

৩। যে হব্য ও ধান্য যজ্ঞপাত্রে তোমাকে অর্পিত হইয়াছে, হে ইন্দ্র! তুমি তাহাতে মন্ত্রবচন সংযুক্ত করিয়াছ। যজমান্ যুদ্ধে গমন না করিয়া তোমার কার্য্যে রত থাকে এবং পুষ্টি লাভ করে, কেননা সোমাভিষবদাতা উৎকৃষ্ট বল লাভ করে।

৪। অঙ্গিরাগণ অগ্রে ইন্দ্রের নিমিত্ত অন্ন সম্পাদিত করিয়াছিলেন, পরে অগ্নি প্রজ্বলিত করিয়া সুন্দর যাগ দ্বারা ইন্দ্রের পূজা করিয়াছিলেন; যজ্ঞের নেতা অঙ্গিরাগণ অশ্বযুক্ত ও গাভীযুক্ত ও অন্য পশুযুক্ত সমস্ত ধন লাভ করিয়াছিলেন।

৫। অথর্বা ঋষি যজ্ঞ দ্বারা প্রথমে অপহৃত গাভীগণের পথ বাহির করিয়াছিলেন; পরে ব্রতপালনকারী কমনীয় সূর্য্য রূপ ইন্দ্র দৃষ্ট হইয়াছিলেন; অথর্বা ঐ গাভী সকল প্রাপ্ত হইলেন; কবির পুত্র উশনা (১) ইন্দ্রের সহায় হইয়াছিলেন। আমরা শত্রু দমনের নিমিত্ত সমুৎপন্ন এবং অমর ইন্দ্রের পূজা করি।

(১) "কবেঃ পুত্র উশনা ভৃগুঃ।" সায়ণ।

৬। সুন্দর ফলযুক্ত যজ্ঞের জন্য যখন কুশচ্ছেদন হয়, যখন স্তোত্রনিষ্পাদক হোতা দ্যুতিমান্ যজ্ঞে স্তুতি ঘোষিত করে, যখন সোমনিস্যন্দী প্রস্তর শাস্ত্রীয় স্তুতিকারী স্তোতার ন্যায় শব্দ করে, তখন ইন্দ্র হর্ষযুক্ত হয়েন।

---

৮৪ সূক্ত।

ইন্দ্র দেবতা। রহূগণের পুত্র গোতম ঋষি।

১। হে ইন্দ্র! তোমার জন্য সোমরস অভিষুত হইয়াছে; হে বলবান্ শত্রুদিগের ধর্ষণকারী ইন্দ্র! আগমন কর। সূর্য্য যেরূপ অন্তরীক্ষকে কিরণ দ্বারা পূরিত করেন, সেইরূপ প্রভূত সামর্থ্য তোমাকে পূরিত করুক।

২। ইন্দ্রের অশ্বদ্বয় অহিংসিত বল ইন্দ্রকে ঋষিবানের ও অন্যান্য লোকের স্তুতি ও যজ্ঞের সমীপে বহন করুক।

৩। হে বৃত্রহন্তা! রথে আরোহণ কর, যে হেতু তোমার অশ্বদ্বয় মন্ত্র দ্বারা রথে সংযোজিত হইয়াছে। সোমনিস্যন্দি প্রস্তর শব্দের দ্বারা তোমার মন আমাদের অভিমুখী করুক।

৪। হে ইন্দ্র! তুমি এই অতিশয় প্রশংসনীয়, হর্ষকর ও অমর সোমপান কর। যজ্ঞগৃহে এই দীপ্তিমান্ সোমধারা তোমারই দিকে বহিতেছে।

৫। শীঘ্র ইন্দ্রের পূজা কর; তাঁহার স্তুতি কর; অভিষুত সোমরস তাঁহাকে হৃষ্ট করুক; প্রশংসনীয় ও বলবান ইন্দ্রকে নমস্কার কর।

৬। হে ইন্দ্র! যখন তুমি অশ্বদ্বয় রথে যোজিত কর, তখন তোমার অপেক্ষা উৎকৃষ্ট রথী আর নাই। তোমার সদৃশ বলসম্পন্ন কেহ নাই, তোমার ন্যায় শোভনীয় অশ্বযুক্ত কেহ নাই।

৭। যে ইন্দ্রই কেবল হব্যদাতা যজমান্‌কে ধন প্রদান করেন, তিনি সমস্ত জগতের নির্বিরোধী স্বামী।

৮। যে হব্য প্রদান করে না, তাহাকে মণ্ডলাকার সর্পের ন্যায় ইন্দ্র কখন পাদের দ্বারা দলন করিবেন? ইন্দ্র, কখন আমাদের স্তুতি শ্রবণ করিবেন?

৯। হে ইন্দ্র! যে অভিষুত সোম দ্বারা তোমার সেবা করে, তুমি তাহাকে ধন দান কর।

১০। সৌবর্ণ গাভী সকল সুস্বাদু এবং এই প্রকারে সর্ব্ব যজ্ঞে ব্যাপ্ত

মধুর সোমরস পান করে। সে গাভীগণ শোভার নিমিত্ত অভীষ্টদাতা ইন্দ্রের সহিত গমন করতঃ হর্ষ প্রাপ্ত হয়। ঐ গাভী সকল ইন্দ্রের রাজত্ব লক্ষ্য করিয়া অবস্থিতি করে।

১১। ইন্দ্রের স্পর্শাভিলাষী উক্ত নানাবর্ণের গাভী সকল সোমের সহিত তাহাদিগের দুগ্ধ মিশ্রিত করে। ইন্দ্রের প্রিয় ধেনু সকল শত্রুবিনাশী বজ্রকে শত্রুগণ মধ্যে প্রেরণ করে। ঐ গাভী সকল ইন্দ্রের রাজত্ব লক্ষ্য করিয়া অবস্থিতি করে।

১২। এই প্রকৃষ্ট জ্ঞানযুক্ত গাভী সকল স্বীয় দুগ্ধরূপ অন্নদ্বারা ইন্দ্রের বলের পূজা করে। তাহারা (যুদ্ধাভিলাষী শত্রুগণের) পূর্ব্ব হইতে অবগতির জন্য ইন্দ্রের শত্রুবধাদি বহু কার্য্য ঘোষিত করে। ঐ গাভী সকল ইন্দ্রের রাজত্ব লক্ষ্য করিয়া অবস্থিতি করে।

১৩। অপ্রতিদ্বন্দ্বী ইন্দ্র দধীচি ঋষির অস্থি দ্বারা বৃত্রগণকে নবগুণ নবতি বার বধ করিয়াছিলেন (১)।

১৪। ইন্দ্র পর্ব্বতে লুক্কায়িত দধীচির অশ্বমস্তক পাইবার ইচ্ছা করিয়া সেই মস্তক শর্য্যণাবৎ সরোবরে (২) প্রাপ্ত হইয়াছিলেন।

১৫। এইরূপে আদিত্যরশ্মি এই গমনশীল চন্দ্রমণ্ডলের অন্তর্হিত ত্বষ্টৃতেজ পাইয়াছির (৩)।

১৬। অদ্য কে ইন্দ্রের গমনশীল রথে বীর্য্যযুক্ত, তেজোময় দুঃসহক্রোধযুক্ত অশ্ব সংযোজনা করিতে পারে? সে অশ্বগণের মুখে বাণ আবদ্ধ আছে, তাহারা শত্রুদিগের হৃদয়ে পাদক্ষেপ করে ও মিত্রদিগকে সুখ প্রদান করে। যে এই অশ্বগণের ক্রিয়া প্রশংসা করে, তাহারা দীর্ঘ জীবন প্রাপ্ত হয়।

১৭। শত্রুভয়ে কে নির্গত হয়? কে শত্রুদ্বারায় নষ্ট হয়? কে ভীত হয়? রক্ষকরূপে সমীপস্থিত ইন্দ্রকে কে জানে? কে বা পুত্রের নিমিত্ত,

(১) দধীচির অস্থি লইয়া ত্বষ্টা বজ্র নির্ম্মাণ করিলে, সেই বজ্র দ্বারা ইন্দ্র অসুরদিগকে নাশ করেন, এইরূপ পৌরাণিক গল্প আছে। দধীচির অস্থি দ্বারা ইন্দ্র বৃত্রদিগকে হনন করিয়াছেন, তাহা বেদে আমরা এই স্থলে পাইলাম। ১১৬ সূক্তের ১২ ঋকের টীকা দেখ।

(২) "শর্য্যণাবদ্ধ বৈ নাম কুরুক্ষেত্রস্য জঘনার্দ্ধে সরঃ।" সায়ণ।

(৩) ত্বষ্টৃতেজ অর্থাৎ সূর্য্যতেজ। "তদেতেন উপেক্ষিতব্যং আদিত্যতঃ অস্য দীপ্তির্ভবতি।" নিরুক্ত ২।৬। অতএব সূর্য্য কিরণ চন্দ্রে প্রতিফলিত হইয়া চন্দ্রের আলোক হয় এ কথা ঋগ্বেদের সময় অথবা যাস্কের সময় জানা ছিল।

নিজের নিমিত্ত, ধনের নিমিত্ত, শরীর রক্ষার নিমিত্ত, বা পরিজন রক্ষার নিমিত্ত ইন্দ্রের নিকটে প্রার্থনা করে (৪)?

১৮। কে অগ্নির স্তুতি করে? কে নিত্য ঋতু উপলক্ষ করিয়া পাত্রস্থিত হব্যঘৃত দ্বারা পূজা করে? ইন্দ্র ভিন্ন অন্য দেবগণ কোন্ যজমানকে প্রশংসনীয় ধন শীঘ্র প্রদান করেন? যজ্ঞরত এবং দেবপ্রসাদযুক্ত কোন যজমান্ ইন্দ্রকে সম্যক্ জানে?

১৯। হে বলবান্ দেব ইন্দ্র! তুমি স্তুতিরত মনুষ্যকে প্রশংসা কর। হে মঘবন্! তোমা ভিন্ন আর কেহ সুখদাতা নাই; অতএব তোমার স্তুতি করি।

২০। হে নিবাসস্থানদাতা ইন্দ্র! তোমার ভূতগণ ও সহায়স্বরূপ মরুৎগণ আমাদিগকে যেন কখন বিনাশ না করে। হে মনুষ্যের হিতকারী ইন্দ্র! আমরা মন্ত্র জানি, তুমি আমাদিগকে ধন আনিয়া দাও।

৮৫ সূক্ত।

মরুৎগণ দেবতা। রহূগণের পুত্র গোতম ঋষি।

১। মরুৎগণ গমন কালে স্বীয় শরীর স্ত্রীলোকের ন্যায় অলঙ্কৃত করেন; তাঁহারা গমনশীল রুদ্রের পুত্র; এবং হিতকর কার্য্য দ্বারা আকাশ ও পৃথিবীর বর্দ্ধন সাধন করেন। বীর ও বর্ষণশীল মরুৎগণ যজ্ঞে হব্য প্রাপ্ত হন।

২। ঐ মরুৎগণ দেবগণের দ্বারা অভিষিক্ত হইয়া মহত্ত্ব প্রাপ্ত হইয়াছেন। রুদ্রপুত্রগণ আকাশে স্থান পাইয়াছেন; অর্চ্চনীয় ইন্দ্রের অর্চ্চনা করিয়া ও ইন্দ্রকে বীর্য্যশালী করিয়া পৃশ্নিপুত্র মরুৎগণ ঐশ্বর্য্য প্রাপ্ত হইয়াছিল।

৩। গাভীর পুত্র মরুৎগণ (১) তখন অলঙ্কারের দ্বারা আপনাদিগকে শোভাযুক্ত করেন, তখন দীপ্ত মরুৎগণ স্বীয় শরীরে উজ্জ্বল অলঙ্কার ধারণ করেন, তাঁহারা সমস্ত শত্রু নাশ করেন, এবং তাঁহাদের মার্গ অনুসরণ করিয়া বৃষ্টি বহে।

৪। অর্থাৎ ইন্দ্র স্বয়ংই এ সমস্ত আমাদিগকে দেন। এখানেও "কঃ" অর্থে প্রজাপতি করিয়া সায়ণ দ্বিতীয় একটী ব্যাখ্যা করিয়াছেন।

(১) ২ ঋকে মরুৎগণকে "পৃশ্নিমাতরঃ" অর্থাৎ পৃশ্নির পুত্র এবং ৩ ঋকে তাহাদিগকে গোমাতরঃ অর্থাৎ গাভীর পুত্র বলা হইয়াছে, এই গোশব্দ দ্বারা পৃশ্নিই বুঝাইতেছে। সায়ণ উভয় পৃশ্নি ও গো অর্থে পৃথিবী করিয়াছেন। কিন্তু ২৩ সূক্তে ১০ ঋকের টীকায় পৃশ্নির অর্থ দেখ।

৪। সুন্দর যজ্ঞযুক্ত মরুৎগণ আয়ুধের দ্বারা বিশেষরূপে দীপ্তিমান্ হইয়াছেন; তাঁহারা স্বয়ং অবিচলিত হইয়া পর্ব্বতাদিকেও উৎপাটিত করেন; যখন তোমরা রথে বিন্দুচিহ্নিত মৃগ সংযোজিত কর, তখন হে মরুৎগণ! তোমরা মনের ন্যায় বেগগামী এবং বৃষ্টিসেচনব্রতে নিযুক্ত হও।

৫। অন্নের জন্য মেঘকে বর্ষণার্থ প্রেরণ করিয়া যখন বিন্দুচিহ্নিত মৃগ রথে সংযোজিত কর, তখন উজ্জ্বল অরুষের নিকট হইতে বারিধারা (২) বিমুক্ত হয়, এবং চর্ম্ম আধারের জলের ন্যায় জলদ্বারা সমস্ত ভূমি আর্দ্র হয়।

৬। হে মরুৎগণ! তোমাদের বেগবান্ ও লঘুগামী অশ্ব তোমাদিগকে এই যজ্ঞে বহন করুক; তোমরা শীঘ্রগামী, হস্তে (ধন লইয়া) আইস। হে মরুৎগণ! বিস্তীর্ণ কুশের উপর উপবেশন কর; এবং মধুর সোমরস পান করিয়া তৃপ্ত হও।

৭। মরুৎগণ নিজ বলে নির্ভর করিয়া বৃদ্ধি প্রাপ্ত হইয়াছেন, মহিমা দ্বারা স্বর্গে স্থান পাইয়াছেন, এবং বিস্তীর্ণ বাসস্থান করিয়াছেন। যাঁহাদের জন্য বিষ্ণু সোমরস রক্ষা করেন, সেই মরুৎগণ পক্ষীর ন্যায় শীঘ্র আগমন করিয়া এই প্রীতিকর কুশে উপবেশন করুন।

৮। শূরদিগের ন্যায়, যুদ্ধার্থীদিগের ন্যায়, যশঃপ্রিয় পুরুষদিগের ন্যায় শীঘ্রগামী মরুৎগণ সংগ্রামে লিপ্ত হইয়াছেন; বিশ্বভুবন সেই মরুৎগণকে ভয় করে, তাঁহারা নেতা ও রাজার ন্যায় উগ্ররূপ।

৯। শোভনকর্ম্মা ত্বষ্টা যে সুনির্ম্মিত, হিরণ্ময় ও অনেক ধারাযুক্ত বজ্র ইন্দ্রকে দিয়াছিলেন, ইন্দ্র সেই বজ্র সংগ্রামে কার্য্যসাধন করিবার জন্য ধারণ করিয়া বৃত্রবধ করিয়াছিলেন এবং বারিরাশি বর্ষিত করিয়াছিলেন।

১০। মরুৎগণ স্বীয় বলদ্বারা কূপ উপরে উঠাইয়া (৩) পথনিরোধক পর্ব্বতকে বিভেদ করিয়াছিলেন। শোভনদানশীল মরুৎগণ বীণা বাজাইয়া (৪) সোমপানে হৃষ্ট হইয়া রমণীয় ধন দিয়াছিলেন।

(২) মূলে "অরুষস্য" আছে, অর্থ "আরোচমানস্য সূর্য্যস্য বৈদ্যুতাগ্নের্ব্বা।" সায়ণ। আচার্য্য মক্ষমূলর রক্তবর্ণ মেঘ অর্থ করিয়াছেন। ৬ সূক্তের ১ ঋকের টীকা দেখ।

(৩) "অবতং কূপং।" সায়ণ। গোতম ঋষি পিপাসিত হইয়া জল চাহিয়াছিলেন, মরুৎগণ দূরস্থ একটী কূপ উঠাইয়া গোতম ঋষির নিকটে লইয়া গিয়াছিলেন। সায়ণ। কূপ উঠাইয়া গোতম ঋষিকে জল দেওয়া সম্বন্ধে ১১৬ সূক্তের ৯ ঋক দেখ।

(৪) মূলে "ধমন্তো বাণং" আছে। "বীণা বিশেষং ধমন্তো বাদয়ন্তঃ।" সায়ণ। কিন্তু মক্ষমূলর "বাণ" অর্থে "voice" করিয়াছেন।

"There is no authority for *vána* meaning either lyre or flute in the Vedas."—*Max Muller.*

১১। মরুৎগণ সেই গোতমের দিকে যূপ বক্রভাবে প্রেরণ করিলেন; এবং তৃষিত গোতম ঋষির জন্য জল সিঞ্চন করিলেন। বিচিত্র দীপ্তিযুক্ত মরুৎগণ রক্ষণের জন্য আগমন করেন, এবং জীবনোপায় জলদ্বারা মেধাবী গোতমের তৃপ্তি সাধন করিয়াছিলেন।

১২। হে মরুৎগণ! তোমাদের স্তোতাকে দেয় যে সুখ তিন জগতে আছে, তোমরা তাহা হব্যদাতাকে প্রদান কর; সেই সমস্ত আমাদিগকে দাও; হে অভীষ্টপ্রদ! আমাদিগকে বীরযুক্ত ধন দাও।

---

৮৬ সূক্ত।

মরুৎগণ দেবতা। রহুগণের পুত্র গোতম ঋষি।

১। হে উজ্জ্বল মরুৎগণ! অন্তরীক্ষ হইতে আগমন করিয়া তোমরা যাহার গৃহে সোমপান কর, সেই জন অতিশয় সুরক্ষক সম্পন্ন।

২। হে যজ্ঞবাহী মরুৎগণ! যজ্ঞরত যজমানের স্তুতি অথবা মেধাবীর (১) আহ্বান শ্রবণ কর।

৩। যে যজমানের ঋত্বিক্‌গণ (২) মরুৎগণকে (হব্য প্রদান দ্বারা) উৎসাহিত করিয়াছে, সেই যজমান্ বহুগাভীযুক্ত গোষ্ঠে গমন করেন।

৪। যজ্ঞের দিবসে বীর মরুৎগণের নিমিত্ত যজ্ঞে সোম অভিষুত হয়, এবং মরুৎগণের হর্ষের নিমিত্ত স্তোত্র উচ্চারিত হয়।

৫। সর্ব্বশত্রুবিজয়ী মরুৎগণ স্তোতার স্তুতি শ্রবণ করুন্; এবং স্তোতা প্রভূত অন্ন প্রাপ্ত হউন।

৬। হে মরুৎগণ! আমরা, সর্ব্বজ্ঞ মরুৎগণ কর্ত্তৃক রক্ষিত হইয়া, তোমাদিগকে বহুবৎসর হব্য প্রদান করিতেছি।

৭। হে যজনীয় মরুৎগণ! যাহার হব্য তোমরা গ্রহণ কর, সে সৌভাগ্যশালী হউক।

৮। হে প্রকৃত বলসম্পন্ন নেতা মরুৎগণ! তোমাদের স্তুতিপরায়ণ ও শ্রমের দ্বারা স্বেদযুক্ত এবং তোমাদিগের অভিলাষী স্তোতৃগণের অভিলাষ অবগত হও।

(১) মূলে "বিপ্রস্য বা" আছে। "অযজমানস্য মেধাবিনঃ।" সায়ণ।

(২) মূলে "বাজিনঃ" আছে। "হবির্লক্ষণান্নোপেতা ঋত্বিজঃ।" সায়ণ।

৯। হে প্রকৃত বলসম্পন্ন মরুৎগণ! তোমরা উজ্জ্বল মাহাত্ম্য প্রকাশ কর, এবং তদ্দ্বারা রাক্ষসাদিকে তাড়িত কর।

১০। সর্ব্বব্যাপী অন্ধকারকে নিবারণ কর; রাক্ষসাদি সকল ভক্ষককে বিদূরিত কর; অভিলষিত যে জ্যোতি আমরা কামনা করি তাহা প্রকাশিত কর।

৮৭ সূক্ত।

মরুৎগণ দেবতা। রহূগণের পুত্র গোতম ঋষি।

১। মরুৎগণ শত্রুঘাতী প্রকৃষ্ট বলসম্পন্ন, জয়ঘোষযুক্ত, আনতিরহিত, অবিযুক্ত, ঋজীষী, ও যজমানের সেবিত, এবং মেঘাদির নেতা মরুৎগণ আভরণ দ্বারা নক্ষত্রপূর্ণ আকাশের ন্যায় প্রকাশিত হইলেন।

২। হে মরুৎগণ! পক্ষীর ন্যায় কোনও পথ দিয়া শীঘ্র ধাবমান্ হইয়া সন্নিকৃষ্ট নভঃ প্রদেশে যখন তোমরা গমনশীল মেঘসমূহকে সমবেত কর, তখন তোমাদের মেঘ সকল তোমাদের রথে সংশ্লিষ্ট হইয়া বারিবর্ষণ করে; অতএব, তোমরা পূজকের উপর মধুসদৃশ স্বচ্ছ বারি সিঞ্চন কর।

৩। যখন মরুৎগণ শুভপ্রদ বৃষ্টির জন্য মেঘ সকলকে সজ্জীভূত করেন, তখন মরুৎগণ মেঘ সকলকে উৎক্ষিপ্ত করিয়া নিয়মিত করিতেছে দেখিয়া পৃথিবী বিরহিতা স্ত্রীর ন্যায় (১) কম্পিত হয়েন; তাদৃশ বিহারশীল, গমনশীল ও দীপ্তায়ুধ মরুৎগণ পার্ব্বতাদি কম্পিত করিয়া স্বকীয় মহিমা প্রকটিত করেন।

৪। মরুৎগণ স্বয়ং পরিচালিত, এবং বিন্দুচিহ্নিত মৃগ তাঁহাদিগের অশ্ব; তাঁহারা তরুণ, বীর্য্যশালী এবং ক্ষমতাপন্ন, তোমরা সত্য, ঋণ হইতে মুক্তিদাতা, অনিন্দিত, এবং জলবর্ষণকারী; তোমরা আমাদের যজ্ঞের রক্ষক।

৫। আমাদের পুরাতন পিতা রহূগণ কর্ত্তৃক উপদিষ্ট হইয়া আমরা কহিতেছি যে সোমের আহুতির সহিত স্তুতিবাক্য মরুৎগণকে প্রাপ্ত হয়; তাঁহারা ইন্দ্রের স্তুতি করতঃ বৃত্র হনন কার্য্যে উপস্থিত ছিলেন, এবং যজ্ঞার্হ নাম ধারণ করিয়াছেন।

---

(১) মূলে "বিথুরা ইব।" "ভর্ত্রা বিযুক্তা জায়া।" সায়ণ। কিন্তু মক্ষমূলর অনুবাদ করিয়াছেন "as if broken." "There is no authority for Sayan's explanation of Vithura-iva, the earth trembles like a widow. Vithura occurs several times in the Rig Veda, but never in the sense of widow."—*Max Muller.*

৬। ঐ মরুৎগণ প্রাণীগণের উপভোগের নিমিত্ত দীপ্তিমান্ সূর্য্যকিরণের সহিত বৃষ্টিবারি সিঞ্চন করিতে ইচ্ছা করেন; তাঁহারা স্তুতিমান্ ঋত্বিক্‌গণের সহিত সুখকর হব্য ভক্ষণ করেন; স্তুতিযুক্ত বেগগামী ও নির্ভীক মরুৎগণ সর্ব্বপ্রিয় মরুৎসম্বন্ধীয় স্থান প্রাপ্ত হইয়াছেন।

---

৮৮ সূক্ত।

মরুৎগণ দেবতা। রহূগণের পুত্র গোতম ঋষি।

১। হে মরুৎগণ। তোমরা বিদ্যুৎযুক্ত, শোভন গমন বিশিষ্ট, আয়ুধ সম্পন্ন ও অশ্বসংযুক্ত মেঘে আরোহণ করিয়া আগমন কর। হে শোভনকর্ম্মা মরুৎগণ! প্রভূত অন্নের সহিত পক্ষীর ন্যায় আমাদের নিকট আগমন কর।

২। মরুৎগণ অরুণ ও পিঙ্গল রথবাহক অশ্ব দ্বারা দেবগণের কোন স্তোতার নিকট শুভ সম্পাদনার্থ আগমন করিতেছেন? সুবর্ণের ন্যায় দীপ্তিমান্ আয়ুধযুক্ত মরুৎগণ রথ চক্র দ্বারায় ভূমি ক্ষত করিতেছেন।

৩। হে মরুৎগণ! ঐশ্বর্য্য লাভার্থ তোমাদের শরীরে শত্রুগণের আক্রোশকারী আয়ুধ আছে মরুৎগণ বন বৃক্ষ সমূহের ন্যায় যজ্ঞ ঊর্দ্ধ করেন। হে সুজাত মরুৎগণ! তোমাদের নিমিত্ত প্রভূত ধনশালী যজমানগণ (সোম-নিস্যন্দী) প্রস্তর ধন যুক্ত করে।

৪। হে গৃধ্র সদৃশ মরুৎগণ! তোমাদের দিবস আগত হইয়াছে, এবং উদকনিষ্পাদ্য যজ্ঞকে দ্যুতিমান্ করিয়াছে। গোতম ঋষিগণ স্তোত্রের সহিত হব্য দান করিয়া পানের নিমিত্ত কূপ উন্নমিত করিয়াছেন।

৫। মরুৎগণ লৌহদ্রংষ্ট্রা, ইতস্ততঃ ধাবমান বরাহ সদৃশ! সেই মরুৎগণকে দেখিয়া গোতম ঋষি যে স্তোত্র উচ্চারিত করিয়াছিলেন, এ সেই স্তুতি (১)।

৬। হে মরুৎগণ! যোগ্য স্তুতি তোমাদিগের প্রত্যেককে স্তুতি করে, ঋত্বিক্‌গণের বাণী এক্ষণে অনায়াসে এই ঋক্‌সমূহ দ্বারা তোমাদের স্তুতি করিয়াছে, কেন না তোমরা আমাদের হস্তে বহুবিধ অন্ন স্থাপিত করিয়াছ।

(১) ৪ ও ৫ ঋকে মরুৎগণকে গৃধ্রের সহিত ও বরাহের সহিত তুলনা করা হইয়াছে। সায়ণ এ উপমার সম্মত নহেন। তিনি ঋক্‌দ্বয়ের অন্য অর্থ করিয়াছেন।

৮৯ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। রহূগণের পুত্র গোতম ঋষি।

১। কল্যাণকর, অহিংসিত, অপ্রতিরুদ্ধ ও শত্রুবিনাশকারী যজ্ঞ সকল সর্ব্বদিক হইতে আগমন করুক; যাঁহারা আমাদের পরিত্যাগ না করিয়া প্রতিদিন রক্ষা করেন, সেই দেবগণ সর্ব্বদা আমাদের বর্দ্ধিত করুন।

২। ঋজু লোকপ্রিয় দেবগণের কল্যাণকর অনুগ্রহ আমাদের অভিমুখে আগমন করুক, এবং তাঁহাদের দান আমাদের অভিমুখে আগমন করুক; আমরা যেন সেই দেবগণের বন্ধুত্ব প্রাপ্ত হই, তাঁহারা আমাদের জীবন বর্দ্ধন করুন।

৩। তাঁহাদিগকে পূর্ব্বের বাক্যের দ্বারা আহ্বান করি; ভগ, মিত্র, অদিতি, দক্ষ, অস্রিধ (১), অর্যম, বরুণ, সোম, এবং অশ্বিদ্বয়কে আহ্বান করি; সৌভাগ্যশালিনী সরস্বতী আমাদের সুখ সম্পাদিত করুন।

৪। বায়ু আমাদের নিকট সুখোৎপাদক ভেষজ আনয়ন করুন; জননী পৃথিবী ও পিতা দ্যুলোকও আনয়ন করুন; সোমনিস্যন্দী সুখোৎপাদক প্রস্তরও সেই ভেষজ আনয়ন করুক; ধ্যান দ্বারা প্রাপ্তব্য, হে অশ্বিদ্বয়! তোমরা আমাদের যাচ্ঞা শ্রবণ কর।

৫। আমরা সেই ঐশ্বর্য্যশালী, স্থাবর জঙ্গমের অধিপতি যজ্ঞতোষ ইন্দ্রকে আমাদের রক্ষার নিমিত্ত আহ্বান করি; পূষা যেরূপ আমাদের ধন বর্দ্ধনের জন্য রক্ষক আছেন, অহিংসিত পূষা সেইরূপ আমাদের মঙ্গলের জন্য রক্ষক হউন।

৬। প্রভূত স্তুতিভাজন ইন্দ্র ও সর্ব্বজ্ঞ পূষা আমাদিগকে মঙ্গল প্রদান করুন; তৃক্ষের পুত্র (২) অরিষ্টনেমি এবং বৃহস্পতি আমাদিগকে মঙ্গল প্রদান করুন।

(১) অস্রিধং শোষণরহিতং সর্ব্বদৈকরূপেণ বর্ত্তমানং মরুদ্গণং। সায়ণ।

(২) মূলে "তার্ক্ষ্যঃ অরিষ্টনেমিঃ" আছে। সায়ণ অর্থ করিয়াছেন অহিংসিত রথনেমি-যুক্ত গরুড়। কিন্তু বিষ্ণুর বাহন গরুড় ঋগ্বেদের সময় কল্পিত হয় নাই, এবং গরুড়কে নেমিযুক্ত বলিয়া কেন বর্ণনা করিবে বুঝা যায় না। পুরাণে কোন কোন স্থলে কশ্যপ বা প্রজাপতির নাম অরিষ্টনেমি এরূপ দেখা যায়; এই স্থানেও "তার্ক্ষ্যঃ অরিষ্টনেমিঃ" অর্থে তৃক্ষের পুত্র কশ্যপ হওয়া সম্ভব।

৭। মরুৎগণ বিন্দুচিহ্নিত মৃগযুক্ত, পৃশ্নিপুত্র, শোভনীয় গতিযুক্ত, যজ্ঞগামী ও অগ্নিজিহ্বায় অবস্থিত (৩), বুদ্ধিসম্পন্ন ও সূর্য্যের ন্যায় দীপ্তিমান্ মরুৎ দেবগণ আমাদের রক্ষার জন্য এই স্থানে আগমন করুন।

৮। হে দেবগণ! আমরা যেন কর্ণে কল্যাণকর বাক্য শ্রবণ করিতে সমর্থ হই; হে যজনীয় দেবগণ! আমরা চক্ষে যেন কল্যাণকর বস্তু দেখিতে সমর্থ হই; আমরা যেন দৃঢ়াঙ্গশরীরযুক্ত হইয়া তোমাদের স্তুতি করতঃ দেবগণ দ্বারা নির্দ্দিষ্ট আয়ু প্রাপ্ত হই।

৯। হে দেবগণ! মনুষ্যের পক্ষে শত বৎসরই আয়ু কল্পিত হইয়াছে; ঐ সময়ে তোমরা শরীরের জরা উৎপাদন করিয়া থাক, ঐ সময় পুত্রগণ পিতা হন। সেই নির্দ্দিষ্ট আয়ুর মধ্যে আমাদিগকে বিনাশ করিও না।

১০। অদিতি আকাশ; অদিতি অন্তরীক্ষ; অদিতি মাতা; তিনি পিতা; তিনি পুত্র; অদিতি সকল দেব; অদিতি পঞ্চ লোক (৪), অদিতি জন্ম ও জন্মের কারণ।

---

৯০ সূক্ত।

বহুদেবতা দেবতা। রহূগণের পুত্র গোতম ঋষি।

১। বরুণ ও মিত্র (উত্তম পথ) অবগত হইয়া আমাদিগকে অকুটিল গতিতে লইয়া যান; এবং দেবগণের সহিত সমান প্রীতিযুক্ত অর্য্যমাও (আমাদিগকে) লইয়া যান।

২। তাঁহারা ধন বিতরণ করেন, তাহারা মূঢ়তাশূন্য হইয়া স্বীয় তেজের দ্বারা সকল দিন স্বীয় কার্য্য পালন করেন।

৩। সেই অমরগণ আমাদের শত্রু বিনাশ করিয়া আমাদিগকে সুখ প্রদান করুন; আমরা মরণশীল মনুষ্য।

(৩) সকল দেবগণই হব্য প্রাপ্তির জন্য অগ্নির জিহ্বায় অবস্থান করেন। সায়ণ।

(৪) মূলে "অদিতিঃ পঞ্চজনাঃ" আছে এই পঞ্চজন কে, তাহা সায়ণ এইরূপ লিখিয়াছেন "পঞ্চজনা নিষাদপঞ্চমাশ্চত্বারো বর্ণাঃ। যদ্বা গন্ধর্ব্বাঃ পিতরো দেবা অসুরা রক্ষাংসি।" যাস্ক বলিয়াছেন "গন্ধর্ব্বাঃ পিতরো দেবা অসুরা রক্ষাংসীত্যেতে চত্বারো বর্ণা নিষাদপঞ্চম ইত্যৌপমন্যবঃ। নিরুক্ত ৩। ৭। এ অর্থ সঙ্গত বলিয়া বোধ হয় না। ঋগ্বেদে অনেক স্থানে "পঞ্চক্ষিতি" বা "পঞ্চকৃষ্টি" বা "পঞ্চজন" শব্দ ব্যবহৃত হইয়াছে, তাহার অর্থ পঞ্জাব প্রদেশ ও পঞ্চনদকূলবাসী সমস্ত আর্য্য জাতি। প্রথম মণ্ডলের ৭ সূক্তের ৯ ঋক্ ও দ্বিতীয় মণ্ডলের ২ সূক্তের ১০ ঋকের টীকা দেখ।

৪। স্বর্গীয় ইন্দ্র, মরুৎগণ, পূষা ও ভগ দেবগণ উৎকৃষ্ট ফল প্রাপ্তির জন্য আমাদের পথ দেখাইয়া দিন।

৫। হে পূষা, বিষ্ণু ও মরুৎগণ! তোমরা আমাদের যজ্ঞ পশুপ্রাপক কর এবং আমাদিগকে বিনাশ রহিত কর।

৬। বায়ু সকল যজমানের জন্য মধু বর্ষণ করে, নদীসমূহ মধুক্ষরণ করে; ওষধি সকলও মাধুর্য্যযুক্ত হউক।

৭। আমাদের রাত্রি ও উষা মধুর হউক; পার্থিব জনপদ মাধুর্য্য বিশিষ্ট হউক; যে আকাশ সকলের পালয়িতা সে আকাশও মধুযুক্ত হউক।

৮। বনস্পতি আমাদের প্রতি মধুর হউক; সূর্য্যও মধুর হউক; ধেনুসকল মধুর হউক।

৯। মিত্র, বরুণ, অর্য্যমা, বৃহস্পতি, ইন্দ্র ও বিস্তীর্ণপাদক্ষেপী বিষ্ণু আমাদের সুখকর হউন।

৯১ সূক্ত।

সোম দেবতা। রহূগণের পুত্র গোতম ঋষি।

১। হে সোম! আমরা বুদ্ধিদ্বারা তোমাকে বিশেষরূপে অবগত আছি, তুমি আমাদিগকে সরল পথে লইয়া যাও; হে ইন্দ্র! (অর্থাৎ হে সোম!) তোমা কর্ত্তৃক নীত হইয়া আমাদের পিতৃগণ দেবগণ মধ্যে রত্ন প্রাপ্ত হইয়াছিলেন।

২। হে সোম! তুমি স্বীয় যজ্ঞ দ্বারা শোভনীয় যজ্ঞযুক্ত, স্বীয় বল দ্বারা শোভনীয় বলযুক্ত, তুমি সর্ব্বজ্ঞ। তুমি অভীষ্ট ফল বর্ষণ দ্বারা বর্ষণকারী, এবং তুমি মহিমায় মহান্ যজমানের অভিমত ফল প্রদর্শন করতঃ যজমানদত্ত অন্ন দ্বারা প্রভূতান্নযুক্ত।

৩। হে সোম! রাজা বরুণের কার্য্য সমুদয় তোমারই; তোমার তেজ বিস্তীর্ণ ও গভীর; প্রিয় মিত্রের ন্যায় তুমি সকলের সংশোধক; অর্য্যমার ন্যায় তুমি সকলের বর্দ্ধক।

৪। হে সোম! তোমার যে তেজ দ্যুলোকে, পৃথিবীতে, পর্ব্বতে, ওষধিতে এবং জলে আছে, সেই তেজযুক্ত হইয়া, হে সুমনা এবং ক্রোধহীন রাজন্! আমাদের হব্য গ্রহণ কর।

৫। হে সোম! তুমি সৎলোকের অধিপতি; তুমি রাজা, তুমি বৃত্রহন্তা, তুমিই শোভনীয় যজ্ঞ।

৬। স্তোত্রপ্রিয় এবং ওষধি সকলের পালয়িতা সোম! যদি তুমি আমাদের জীবনৌষধ কামনা কর, তাহা হইলে আমরা মরিব না।

৭। হে সোম! তুমি যজ্ঞকারী বৃদ্ধ বা তরুণ যজ্ঞকারীর জীবনের জন্য উপভোগযোগ্য ধন দাও।

৮। হে রাজন্ সোম! আমাদের দুঃখদানে অভিলাষী সকল লোক হইতে রক্ষা কর; ত্বৎসদৃশ ব্যক্তির সখা কখন বিনাশপ্রাপ্ত হয় না।

৯। হে সোম! যজমানের সুখজনক তোমার যে সকল রক্ষণ আছে তদ্দ্বারা আমাদিগকে রক্ষা কর।

১০। হে সোম! তুমি আমাদের এই যজ্ঞ ও এই স্তুতি গ্রহণ করিয়া আগমন কর এবং আমাদের বর্দ্ধন কর।

১১। হে সোম! আমরা স্তুতিজ্ঞ, স্তুতিদ্বারা তোমাকে বর্দ্ধিত করি; তুমি সুখদ হইয়া আগমন কর।

১২। হে সোম! তুমি আমাদের ধনবর্দ্ধক, রোগহন্তা, ধনদাতা, সম্পদ-বর্দ্ধক ও সুমিত্রযুক্ত হও।

১৩। হে সোম! গাভী যেরূপ সুন্দর তৃণে তৃপ্ত হয়, মনুষ্য যেরূপ স্বীয় গৃহে তৃপ্ত হয়, সেই রূপ তুমি আমাদের হৃদয়ে তৃপ্ত হইয়া অবস্থান কর।

১৪। হে দেব সোম! যে মনুষ্য বন্ধুত্ব প্রযুক্ত তোমার স্তুতি করে, হে অতীতজ্ঞ ও দক্ষ সোম! তুমি তাহাকে অনুগ্রহ কর।

১৫। হে সোম! আমাদিগকে অভিশাপ হইতে রক্ষা কর, ও পাপ হইতে রক্ষা কর, আমাদিগকে সুখ দান করিয়া আমাদিগের হিতকারী হও।

১৬। হে সোম! তুমি বর্দ্ধিত হও, তোমার বীর্য্য সকল দিক হইতে ত্বৎসংযুক্ত হউক; তুমি আমাদের অন্নদাতা হও।

১৭। অত্যন্ত মদযুক্ত, হে সোম! সমস্ত লতাবয়ব দ্বারা বর্দ্ধিত হও; শোভন অন্নযুক্ত হইয়া তুমি আমাদের সখা হও।

১৮। হে সোম! তুমি শত্রুহন্তা, তোমাতে রস ও যজ্ঞের অন্নও বীর্য্য সংযুক্ত হউক; তুমি বর্দ্ধিত হইয়া আমাদের অমরত্বের জন্য স্বর্গে উৎকৃষ্ট অন্ন ধারণ কর।

১৯। যজমানগণ তোমার হব্যদ্বারা যে তেজের পূজা করে, সেই সমস্ত তেজ আমাদের যজ্ঞকে ব্যাপ্ত করুক। ধনবর্দ্ধক, পাপত্রাতা, বীর যুক্ত ও পুত্রগণের রক্ষাকর্ত্তা সোম! তুমি আমাদের গৃহে আগমন কর।

২০। যে সোমকে হব্য প্রদান করে, সোম তাহাকে গাভী, শীঘ্রগামী অশ্ব প্রদান করেন, এবং লৌকিক কার্য্যকুশল, গৃহকার্য্যকুশল, যাগানুষ্ঠান পর, মাতার আদৃত এবং পিতৃনাম উজ্জ্বলকারী পুত্র প্রদান করেন।

২১। হে সোম! তুমি যুদ্ধে অজেয়, সেনার মধ্যে জয়শীল, স্বর্গের প্রাপয়িতা, বৃষ্টিদাতা, বলের রক্ষক, যজ্ঞে অবস্থাতা, সুন্দর নিবাসযুক্ত সুন্দর যশযুক্ত এবং জয়শীল তোমাকে চিন্তা করিয়া হর্ষযুক্ত হই।

২২। সে সোম! তুমি এই সমস্ত ওষধি উৎপাদিত করিয়াছ, ও বৃষ্টির জল সৃষ্টি করিয়াছ, তুমি সমস্ত গাভী সৃষ্টি করিয়াছ। তুমি এই বিস্তীর্ণ অন্তরীক্ষকে বিস্তীর্ণ করিয়াছ, ও তাহার অন্ধকার জ্যোতি দ্বারা বিনষ্ট করিয়াছ।

২৩। হে বলবান্ সোম দেব! তোমার কান্তিযুক্ত বুদ্ধি দ্বারা আমাদিগকে ধনের অংশ প্রদান কর; কোন শত্রু তোমার হিংসা না করুক; যুধ্যমান দুই পক্ষ মধ্যে তুমি বলিষ্ঠ, সংগ্রামে আমাদিগকে দৌরাত্ম্য হইতে রক্ষা কর।

৯২ সূক্ত।

উষা ও শেষ তৃচে অশ্বিদ্বয় দেবতা। রহূগণের পুত্র গোতম ঋষি।

১। উষা দেবতাগণ আলোকে প্রকাশ করিয়াছেন; এবং অন্তরীক্ষের পূর্ব্ব দিকে জ্যোতি প্রকাশিত করেন; যোদ্ধাগণ যেরূপ আয়ুধ সকলের সংস্কার করে, সেইরূপ স্বীয় দীপ্তি দ্বারা জগতের সংস্কার করিয়া গমনশীল, দীপ্তিমান্ এবং মাতৃগণ প্রতিদিবস গমন করেন।

২। অরুণ ভানুকিরণ অনায়াসে উদিত হইল, পরে রথ যোজনযোগ্য শুভ্রবর্ণ গাভী সকলকে উষা দেবতাগণ রথে যোজিত করিলেন, এবং পূর্ব্বের ন্যায় সমস্ত প্রাণীকে জ্ঞানযুক্ত করিলেন; তৎপরে দীপ্তিযুক্ত উষা দেবতা সকল শুভ্রবর্ণ সূর্য্যকে আশ্রয় করিলেন।

৩। নেত্রী উষা দেবতাগণ উজ্জ্বল অস্ত্রধারী যোদ্ধাদিগের ন্যায়; এবং উদ্যোগদ্বারাই দূরদেশ পর্য্যন্ত স্বীয় তেজের দ্বারা ব্যাপ্ত করেন। তাঁহারা শোভন কর্ম্মকারী, সোমদায়ী, (দক্ষিণা) দাতা যজমানকে সকল অন্ন প্রদান করেন।

৪। উষা নর্ত্তকীর ন্যায় রূপ প্রকাশ করিতেছেন, এবং গাভী যেরূপ

(দোহনকালে) স্বীয় উধঃ প্রকাশিত করে, সেইরূপ উষাও স্বীয় বক্ষ প্রকাশিত করিতেছেন। গাভী যেরূপ গোষ্ঠে শীঘ্র গমন করে, সেইরূপ উষাও পূর্ব্বদিকে গমন করিয়া বিশ্ব ভুবন প্রকাশ করতঃ অন্ধকার বিশ্লিষ্ট করিতেছেন।

৫। উষার উজ্জ্বল তেজ প্রথমে পূর্ব্বদিকে দৃষ্ট হয় পরে সকল দিকে ব্যাপ্ত হয় এবং বিপুল অন্ধকার অপসারিত করে। পুরোহিত যেরূপ যজ্ঞে আজ্যদ্বারা যূপকাষ্ঠ অঞ্জিত করে, সেইরূপ উষা স্বীয় রূপ প্রকাশ করিতেছেন; স্বর্গদুহিতা উষা দীপ্তিমান্ সূর্য্যের সেবা করিতেছেন।

৬। আমরা নৈশ অন্ধকারের পারে আসিয়াছি; উষা সমস্ত প্রাণীকে চৈতন্যযুক্ত করিয়াছেন। দীপ্তিমতী উষা তোষামোদকারীর ন্যায় প্রীতি পাইবার জন্য (স্বীয় দীপ্তি দ্বারাই) যেন হাসিতেছেন; আলোক-বিকসিতাঙ্গী উষা আমাদিগের সুখের জন্য অন্ধকার বিনাশ করিয়াছেন।

৭। গোতমবংশীয়গণ দীপ্তিমতী এবং সুনৃত বাক্যের উৎপাদয়িত্রী আকাশ-দুহিতার স্তুতি করেন। হে উষা! তুমি আমাদিগকে পুত্রপৌত্রাদিযুক্ত, দাসপরিজনযুক্ত, অশ্বযুক্ত এবং গাভীযুক্ত অন্ন প্রদান কর।

৮। হে উষা! আমি যেন যশোযুক্ত বীরযুক্ত দাসবিশিষ্ট এবং অশ্বযুক্ত ধন প্রাপ্ত হই। হে সুভগে! তুমি সুন্দর যজ্ঞে স্তোত্র দ্বারা প্রীত হইয়া আমা-দিগকে অন্ন দান করিয়া সেই প্রভূত ধন প্রকাশিত কর।

৯। উজ্জ্বল উষা সমস্ত ভুবন প্রকাশিত করিয়া, আলোক দ্বারা পশ্চিম-দিকে বিস্তৃত হইয়া প্রকাশিত হইতেছেন; এবং সমস্ত জীবকে স্ব স্ব ব্যাপারে প্রবর্ত্তিত করিবার জন্য জাগরিত করেন; তিনি ধীশক্তি সম্পন্ন প্রাণীদিগের বাক্য শ্রবণ করেন।

১০। ব্যাধ পত্নী যেরূপে চলনশীল পক্ষীর পক্ষ ছেদন করিয়া হিংসা করে, সেইরূপ পুনঃ পুনঃ আবির্ভূত, নিত্য, এবং একরূপধারিণী উষা দেবী (দিনে দিনে) সমস্ত প্রাণীর জীবন হ্রাস করেন।

১১। উষা আকাশপ্রান্তকে (অন্ধকার হইতে) বিযুক্ত করিয়া সকলের নিকট বিদিত হয়েন, এবং ভগিনী নিশাকে অন্তর্হিত করেন। প্রণয়ী সূর্য্যের স্ত্রী উষা দেবী, মনুষ্যগণের আয়ু (দিনে দিনে) হ্রাস করিয়া বিশেষরূপে প্রকাশিত হয়েন।

১২। (পশুপালক) যেরূপ পশু বিচরণ করায়, সুভগা এবং পূজনীয়া উষা সেইরূপ (তেজ) বিস্তার করিতেছেন এবং তেজ বিস্তার করিয়া নদীর

ন্যায় মহতী উষা (সমস্ত জগৎ) ব্যাপ্ত করিতেছেন। তিনি দেবগণের যজ্ঞের অনুষ্ঠান করাইয়া সূর্য্যকিরণের সহিত দৃষ্ট হয়েন।

১৩। হে অন্নযুক্ত উষা! আমাদিগকে বিচিত্র ধন প্রদান কর, যে ধনের দ্বারা আমরা পুত্র ও পৌত্রকে পালন করিতে পারি।

১৪। হে গাভীযুক্ত, অশ্বযুক্ত, দ্যুতিমান এবং সুনৃত বাক্যযুক্ত উষা! অদ্য এই স্থানে ধনযুক্ত (যজ্ঞ অনুষ্ঠানার্থে) আমাদিগের জন্য উদয় হও।

১৫। হে অন্নযুক্ত উষা! অদ্য অরুণ বর্ণ অশ্বসংযোজনা কর এবং আমাদের জন্য সমস্ত সৌভাগ্য আনয়ন কর।

১৬। হে দস্র অশ্বিদ্বয়! আমাদের গৃহ গাভীপূর্ণ ও রমণীয় ধনপূর্ণ করিবার জন্য সমান মনোযোগী হইয়া তোমাদের রথ আমাদের গৃহাভিমুখে প্রবর্ত্তিত কর।

১৭। হে অশ্বিদ্বয়! তোমরা আকাশ হইতে প্রশংসনীয় জ্যোতি প্রেরণ করিয়াছ তোমরা আমাদের জন্য বলপ্রদ অন্ন আনয়ন কর।

১৮। দ্যুতিমান্ আরোগ্যপ্রদ সুবর্ণ রথযুক্ত এবং দস্র অশ্বিদ্বয়কে সোমপান করিবার জন্য অশ্বগণ উষাকালে জাগরিত হইয়া এস্থলে আনয়ন করুক।

৯৩ সূক্ত।

অগ্নি ও সোম দেবতা। রহূগণের পুত্র গোতম ঋষি।

১। হে অভীষ্টবর্ষী অগ্নি ও সোম! আমাদের এই আহ্বান শ্রবণ কর, স্তুতি গ্রহণ কর এবং হব্যদাতাকে সুখ প্রদান কর।

২। হে অগ্নি ও সোম! যে তোমাদিগকে স্তুতি অর্পণ করিতেছে, তাহাকে বলবান্ গো ও সুন্দর অশ্ব দান কর।

৩। হে অগ্নি ও সোম! যে তোমাদিগকে আহুতি ও হব্য প্রদান করে, সে পুত্রপৌত্রাদির সহিত বীর্য্যযুক্ত সমস্ত আয়ু প্রাপ্ত হউক।

৪। হে অগ্নি ও সোম! তোমাদের যে বীর্য্যের দ্বারা পণির নিকট হইতে গোরূপ অন্ন অপহৃত করিয়াছিলে যে বীর্য্যদ্বারা বৃষয়ের পুত্রকে (১)

---

(১) মূলে "বৃষয়স্য শেষঃ।" আছে। সায়ণ "বৃসয়" অর্থে ত্বষ্টা অসুর করিয়াছেন, "শেষ" অর্থে পুত্র, "বৃসয়স্য শেষঃ" অর্থে ত্বষ্টা অসুরের পুত্র বৃত্র। যাঁহারা গ্রীক্ ইলিয়ড, বেদের পণির গল্পের রূপান্তর মনে করেন, তাঁহারা ইলিয়ডের "Brises" নাম বেদের বৃসয়

বধ করিয়া, সকলের উপকারের জন্য একমাত্র জ্যোতিপূর্ণ সূর্য্যকে প্রাপ্ত হইয়াছ, তাহা আমাদের বিদিত আছে।

৫। হে অগ্নি ও সোম! তোমরা সমানকর্ম্মযুক্ত হইয়া আকাশে এই উজ্জ্বল নক্ষত্রগ্রহাদি ধারণ করিয়াছ; তোমরা দোষাক্রান্ত নদী সকলকে প্রকটিত দোষ হইতে মুক্ত করিয়াছ।

৬। হে অগ্নি ও সোম! তোমাদের মধ্যে একজন (অর্থাৎ অগ্নিকে) মাতরিশ্বা আকাশ হইতে আনয়ন করিয়াছে (২) এবং আর এক জনকে (অর্থাৎ সোমকে) অদ্রির উপর হইতে শ্যেনপক্ষী বলপূর্ব্বক আহরণ করিয়াছিল (৩) তোমরা স্তোত্রের দ্বারা বর্দ্ধিত হইয়া যজ্ঞের নিমিত্ত ভূমি বিস্তীর্ণ করিয়াছ।

৭। হে অগ্নি ও সোম! প্রদত্ত হব্য ভক্ষণ কর; আমাদিগের প্রতি অনুগ্রহ কর; হে অভীষ্টবর্ষী! আমাদের সেবা গ্রহণ কর; আমাদের প্রতি সুখপ্রদ এবং রক্ষণযুক্ত হও এবং যজমানের রোগ ও ভয় নিবারণ কর।

৮। হে অগ্নি ও সোম! যে যজমান্ দেবপরায়ণ অন্তঃকরণের সহিত হব্যদ্বারা অগ্নি ও সোমের পূজা করে, তাহার ব্রত রক্ষা কর; ও তাহাকে পাপ হইতে রক্ষা কর; এবং সেই যাগ রত ব্যক্তিকে প্রভূত সুখ দাও।

৯। হে অগ্নি ও সোম! তোমরা সকল দেবগণমধ্যে প্রশংসনীয় তোমরা সমানধনযুক্ত এবং একত্র আহ্বানযোগ্য, তোমরা আমাদের স্তুতি গ্রহণ কর।

১০। হে অগ্নি ও সোম! যে তোমাদিগকে ঘৃত প্রদান করে, তাহাকে প্রভূত ধন দাও।

১১। হে অগ্নি ও সোম! আমাদের এই হব্য গ্রহণ কর, এবং একত্রে আগমন কর।

১২। হে অগ্নি ও সোম! আমাদের অশ্ব পালন কর; ক্ষীরাদি হব্যের জনয়িত্রী আমাদের গাভী সকল বর্দ্ধিত হউক; আমরা ধনযুক্ত, আমাদের ফল প্রদান কর; এবং আমাদের যজ্ঞ ধনযুক্ত কর।

নামের প্রতিরূপ মনে করেন। "In the Veda, before the bright powers reconquer the light that had been stolen by Pani, they are said to have conquered the offspring of *Brisaya*. That daughter of *Brises* is restored to Achilles when his glory begins to set, just as all the first loves of solar heroes return to them in the last moments of their earthly career."—Max Muller's *Science of Language*.

(২) ৬০ সূক্তের ১ ঋকের টীকা দেখ।

(৩) ৮০ সূক্তের ২ ঋকের টীকা দেখ।

৯৪ সুক্ত।

অগ্নি দেবতা। অঙ্গিরার পুত্র কুৎস ঋষি।

১। আমরা বুদ্ধিদ্বারা পূজনীয় সর্ব্বভূতজ্ঞ অগ্নির রথের ন্যায় এই স্তুতি প্রস্তুত করি; অগ্নিভজনে আমাদের বুদ্ধি উৎকৃষ্ট হয়; হে অগ্নি! তুমি আমাদের বন্ধু থাকিলে আমরা হিংসিত হইব না।

২। হে অগ্নি! যাহার নিমিত্ত তুমি যজ্ঞ কর, তাহার অভিলাষ পূর্ণ হয়; সে উৎপীড়িত না হইয়া বাস করে, মহাবীর্য্য ধারণ করে এবং বর্দ্ধিত হয়; দারিদ্র্য তাহাকে প্রাপ্ত হইতে পারে না। হে অগ্নি! তুমি বন্ধু থাকিলে আমরা হিংসিত হইব না।

৩। হে অগ্নি! আমরা যেন তোমাকে সম্যক্ প্রজ্বলিত করিতে সমর্থ হই; তুমি আমাদের যজ্ঞ সাধিত কর; যেহেতু দেবগণ (তোমাতে) প্রক্ষিপ্ত হব্য ভক্ষণ করেন। তুমি আদিত্যগণকে আনয়ন কর, তাঁহাদিগকে আমরা কামনা করি। হে অগ্নি! তুমি বন্ধু থাকিলে আমরা হিংসিত হইব না।

৪। হে অগ্নি! আমরা ইন্ধন সংগ্রহ করি; তোমাকে জানাইয়া হব্য প্রদান করি; তুমি আমাদের আয়ু বৃদ্ধির জন্য যজ্ঞ নিষ্পাদিত কর। হে অগ্নি! তুমি বন্ধু থাকিলে আমরা হিংসিত হইব না।

৫। তাঁহার রশ্মি সকল প্রাণীগণকে রক্ষা করিয়া বিচরণ করে; দ্বিপদ ও চতুষ্পদ জন্তুগণ তাঁহার কিরণে বিচরণ করে; তুমি বিচিত্র দীপ্তিযুক্ত এবং সকল বস্তু প্রদর্শন কর; তুমি উষা হইতেও মহৎ। হে অগ্নি! তুমি বন্ধু থাকিলে, আমরা হিংসিত হইব না।

৬। হে অগ্নি! তুমি অধ্বর্য্যু, তুমি মুখ্য হোতা, তুমি প্রশাস্তা পোতা, তুমি জন্ম হইতেই পুরোহিত (১)। ঋত্বিকের সমস্ত কার্য্য তুমি অবগত আছ, অতএব তুমি যজ্ঞ সম্পূর্ণ কর। হে অগ্নি তুমি বন্ধু থাকিলে, আমরা হিংসিত হইব না।

৭। হে অগ্নি! তুমি সুন্দর তথাপি সকলদিকেই সদৃশ; তুমি দূরস্থ

(১) যজ্ঞের প্রধান কয়েক জন পুরোহিতের নাম এ ঋকে পাওয়া যায়। "অধ্বর্য্যু" হব্য দান করিতেন, হোতা দেবগণকে আহ্বান করিতেন, পোতা যজ্ঞ শোধন করেন দোষাদি হইলে তাহার নিবারণ করেন। ৩৬ সূক্তের ৭ ঋকের টীকা দেখ।

তথাপি নিকটে দীপ্যমান্ হও। হে দেব অগ্নি! তুমি রাত্রির অন্ধকার ভেদ করিয়া প্রকাশিত হও, হে অগ্নি! তুমি বন্ধু থাকিলে আমরা হিংসিত হইব না।

৮। হে দেবগণ (২) সোমাভিষবকারী যজমানের রথ সর্ব্বাগ্রবর্ত্তী কর; আমাদের অভিশাপ শত্রুগণকে অভিভূত করুক; আমাদের এই বাক্য অবগত হও এবং পূর্ণ কর, হে অগ্নি! তুমি আমাদের বন্ধু থাকিলে আমরা হিংসিত হইব না।

৯। তোমার সাংঘাতিক অস্ত্র দ্বারা দুষ্ট ও দুর্বুদ্ধি লোকদিগকে বিনাশ কর; দূরবর্ত্তী বা নিকটবর্ত্তী শত্রুগণকে বিনাশ কর; অনন্তর তোমার স্তুতিকারী যজমানের জন্য সুগম পথ করিয়া যাও। হে অগ্নি! তুমি বন্ধু থাকিলে আমরা হিংসিত হইব না।

১০। হে অগ্নি! যখন তোমার দীপ্যমান্ লোহিত বর্ণ, এবং বায়ুগতি অশ্বদ্বয় রথে সংযোজিত কর, তখন তুমি বৃষভের ন্যায় রব কর, এবং বনের বৃক্ষসকলকে ধূমরূপ কেতু দ্বারা ব্যাপ্ত কর। হে অগ্নি! তুমি বন্ধু থাকিলে আমরা হিংসিত হইব না।

১১। পক্ষীগণও তোমার শব্দ শ্রবণ করিয়া ভীত হয়; তোমার কতকগুলি শিখা তৃণদগ্ধ করিয়া যখন সকল দিকে বিস্তৃত হয়, তখন সমস্ত অরণ্য তোমার ও তোমার রথের সুগম হয়। হে অগ্নি! তুমি বন্ধু থাকিলে আমরা হিংসিত হইব না।

১২। মিত্র ও বরুণ এই স্তোতাকে ধারণ করুন; অন্তরীক্ষচারী মরুৎগণের ক্রোধ অত্যন্ত অধিক। আমাদের সুখী কর ও এই মরুৎগণের মন পুনরায় প্রসন্ন হউক। হে অগ্নি! তুমি বন্ধু থাকিলে আমরা হিংসিত হইব না।

১৩। হে দ্যুতিমান্ অগ্নি! তুমি সকল দেবগণের পরম বন্ধু; তুমি শোভনীয় এবং যজ্ঞে সকল ধনের নিবাস স্থান; তোমার বিস্তীর্ণ যজ্ঞ গৃহে আমরা যেন অবস্থান করি। হে অগ্নি! তুমি আমাদের বন্ধু থাকিলে, আমরা যেন হিংসিত না হই।

১৪। স্বকীয় স্থানে প্রজ্বলিত সোমরস দ্বারা আহূত হইয়া যখন তুমি পূজিত হও তখন তুমি সুখ সম্ভোগ কর; তুমি আমাদের সুখকর হইয়া

(২) মূলে "দেবাঃ" আছে। "দেবা অগ্ন্যাবয়বভূতাঃ সর্ব্বে দেবাঃ।" সায়ণ।

হব্যদাতাকে রমণীয় ফল ও ধন দান কর, হে অগ্নি! তুমি আমাদের বন্ধু থাকিলে, আমরা হিংসিত হইব না।

১৫। হে শোভন ধনযুক্ত, অখণ্ডনীয় অগ্নি! যে সর্ব্ব যজ্ঞে বর্ত্তমান যজমানকে তুমি পাপ হইতে নিষ্কৃতি প্রদান কর, এবং কল্যাণকর বল প্রদান কর, (সেই সমৃদ্ধ হয়)। আমরা তোমার স্তোতা, আমরাও যেন পুত্র-পৌত্রাদির সহিত তোমার ধনযুক্ত হই।

১৬। হে দেব অগ্নি! তুমি সৌভাগ্য অবগত আছ; এই কার্য্যে তুমি আমাদের আয়ু বর্দ্ধিত কর। মিত্র, বরুণ, অদিতি, সিন্ধু, পৃথিবী এবং দ্যোঃ আমাদের রক্ষা করুন (৩)।

---

৯৫ সূক্ত।

অগ্নি দেবতা। অঙ্গিরার পুত্র কুৎস ঋষি।

১। বিভিন্নরূপ বিশিষ্ট দিবা ও রাত্রি শোভনীয় প্রয়োজন বশতঃ বিচরণ করিতেছে, তাহারা পরস্পরে পরস্পরের বৎসকে পালন করে (১)। সূর্য্য একের নিকট হইতে অন্ন প্রাপ্ত হয়েন, অগ্নি অপরের নিকট শোভনীয় দীপ্তি-যুক্ত হইয়া প্রকাশ হয়েন।

২। দশ অঙ্গুলি একত্র হইয়া অবিরত কাষ্ঠ ঘর্ষণ করিয়া ত্বষ্টার গর্ভস্বরূপ ও সর্ব্বভূতে বর্ত্তমান (২) অগ্নিকে উৎপন্ন করে; সে অগ্নি তীক্ষ্ণতেজা, যশস্বী ও সকল জনপদে দীপ্যমান। এই অগ্নিকে সকল স্থানে লইয়া যায়।

৩। সেই অগ্নির তিনটী জন্ম স্থান অলঙ্কৃত করে; সমুদ্রে এক, আকাশে

---

(৩) ৯৪, ৯৫, ৯৬, ৯৮, ১০০, ১০১, ১০২, ১০৩, এবং ১০৫ হইতে ১১৫ সূক্ত পর্য্যন্ত প্রত্যেক সূক্তের শেষে এই কথাগুলি আছে, যথা—

"তন্মো মিত্রো বরুণো মামহন্তাং অদিতিঃ সিন্ধুঃ পৃথিবী উত দ্যোঃ।"

(১) সূর্য্য রাত্রির গর্ভে অন্তর্হিত থাকিয়া রাত্রির চরম ভাগে প্রকাশ পায় অতএব সূর্য্য রাত্রির পুত্র। অগ্নি দিবাভাগে বর্ত্তমান থাকিলেও জ্যোতি রহিত অতএব অন্তর্হিতের ন্যায় থাকে, দিবার শেষে মুক্ত হইয়া নিজ জ্যোতি প্রাপ্ত হয়, অতএব অগ্নি দিবার পুত্র। সায়ণ।

রাত্রির যাহা কর্ত্তব্য, অর্থাৎ স্বপুত্র সূর্য্যকে রস পান করান, তাহা দিবা করে এবং দিবার যাহা কর্ত্তব্য অর্থাৎ স্বপুত্র অগ্নিকে রস পান করান, তাহা রাত্রি করে। সায়ণ।

(২) সায়ণ ত্বষ্টৃ অর্থ বায়ু করিয়াছেন।

এক, এবং অন্তরীক্ষে এক (৩); তিনি (সূর্য্য রূপে) ঋতুগণ বিভাগ করিয়া পৃথিবীর সকল প্রাণীর হিতার্থ পূর্ব্ব প্রদেশ যথাক্রমে সম্পাদন করিয়াছেন (৪)।

৪। অন্তর্হিত অগ্নিকে তোমাদিগের মধ্যে কে জানে? সে অগ্নি পুত্র হইয়াও হব্যদ্বারা তাঁহার মাতাদিগকে জন্মদান করেন (৫)। মহৎ ও মেধাবী ও হব্যযুক্ত অগ্নি অনেক জলের গর্ভরূপ, এবং সমুদ্র হইতে নির্গত হয়েন (৬)।

৫। কুটিল মেঘের পার্শ্বদেশে যশস্বী বিদ্যুতাগ্নি, ঊর্দ্ধে জ্বলিয়া শোভনীয় দীপ্তির সহিত প্রকাশ পাইয়া বৃদ্ধি প্রাপ্ত হয়েন; অগ্নি ত্বষ্টার সহিত (৭) উৎপন্ন হইলে উভয় পৃথিবী ভীত হয়েন, এবং সেই সিংহের অভিমুখে আসিয়া তাঁহাকে সেবা করেন।

৬। উভয় পৃথিবী (৮) সুন্দরী স্ত্রীর ন্যায় তাঁহাকে সেবা করে, এবং শব্দায়মান গাভীর ন্যায় নিকটে থাকিয়া তাঁহাকে বৎসের ন্যায় যত্ন করেন। দক্ষিণ ভাগে অবস্থিত ঋত্বিকগণ যে অগ্নিকে হব্য দ্বারা সেচন করেন, তিনি সকল বলের মধ্যে বলাধিপতি হইয়াছিলেন।

৭। তিনি সবিতার ন্যায় তাঁহার রশ্মিরূপ উভয় বাহু বারংবার বিস্তার করেন এবং সেই ভয়ঙ্কর অগ্নি উভয় পৃথিবীকে অলঙ্কৃত করিয়া কর্ম্ম সাধন করেন। তিনি সকল বস্তু হইতে দীপ্ত ও সারভূত রস ঊর্দ্ধে আকর্ষণ করেন এবং মাতৃদিগের নিকট হইতে আচ্ছাদক নূতন বসন সৃষ্টি করেন (৯)।

---

(৩) অর্থাৎ সমুদ্রে বাড়বানলের জন্ম, আকাশে সূর্য্য রূপ অগ্নির জন্ম এবং অন্তরীক্ষে বিদ্যুৎরূপ অগ্নির জন্ম। সায়ণ।

(৪) দিক ও কালের স্বভাবতঃ কোন ভেদ নাই, পূর্ব্বাদি দিক নির্ণয় এবং বসন্তাদি কাল নির্ণয় সূর্য্যের গতি দ্বারাই নিষ্পন্ন হয়, অতএব সূর্য্যই সেই দিক ও কাল ভেদের কর্ত্তা। সায়ণ।

(৫) বিদ্যুৎরূপ অগ্নি মেঘস্থ জলের পুত্র স্থানীয়, অথচ অগ্নি হব্য দ্বারা সেই মাতারূপ বৃষ্টির জলকে জন্ম দেন। সায়ণ।

(৬) অর্থাৎ বিদ্যুৎরূপ অগ্নি মেঘস্থ অনেক জলের গর্ভ অর্থাৎ সন্তান স্থানীয়, আবার সূর্য্যরূপ অগ্নি সমুদ্র হইতে নির্গত হয়েন। সায়ণ।

(৭) মূলে "ত্বষ্টুঃ" আছে, সায়ণ অর্থ করিয়াছেন "দীপ্তাৎ"।

(৮) অথবা দিবা ও রাত্রি উভয় কাষ্ঠ যাহার ঘর্ষণে অগ্নি উৎপন্ন হয়। সায়ণ।

(৯) অর্থাৎ মাতৃস্থানীয় বৃষ্টিজলের নিকট হইতে নূতন বসন দ্বারা সমস্ত জগতের আচ্ছাদক তেজ সৃষ্টি করেন। সায়ণ।

৮। যখন তিনি অন্তরীক্ষে গমনশীল জলধারা সংযুক্ত হইয়া দীপ্ত ও উৎকৃষ্ট রূপ ধারণ করেন, তখন সেই মেধাবী সর্ব্বলোকধারক অগ্নি সকল জলের মূলভূত অন্তরীক্ষ তেজদ্বারা আচ্ছাদন করেন। উজ্জ্বল অগ্নি দ্বারা বিস্তারিত সেই দীপ্তি তেজঃসংহতি রূপ হইয়াছিল।

৯। তুমি মহৎ, তোমার সর্ব্ব পরাজয়ী দীপ্যমান ও বিস্তীর্ণ তেজ অন্তরীক্ষ ব্যাপিয়া রহিয়াছে। হে অগ্নি! তুমি আমাদিগের দ্বারা প্রজ্বালিত হইয়া তোমার নিজের সমস্ত অহিংসিত ও পালনক্ষম তেজদ্বারা আমাদিগকে পালন কর।

১০। অগ্নি আকাশগামী উর্ম্মিসমূহ প্রবাহরূপে চালিয়া দেন, এবং সেই নির্ম্মল উর্ম্মিসমূহ দ্বারা পৃথিবী ব্যাপ্ত করিয়া দেন। তিনি জঠরে সকল অন্ন ধারণ করেন, এবং সেই জন্য সেই বৃষ্টিজাত নূতন শস্যের মধ্যে বাস করেন।

১১। হে বিশুদ্ধকারী অগ্নি! তুমি কাষ্ঠে বৃদ্ধি পাইয়া আমাদিগকে ধনযুক্ত অন্ন দানার্থ দীপ্তিমান্ হও। মিত্র, বরুণ, অদিতি, সিন্ধু, পৃথিবী ও দ্যোঃ আমাদিগের রক্ষা করুন।

---

৯৬ সূক্ত।

অগ্নি দেবতা। অঙ্গিরার পুত্র কুৎস ঋষি।

১। অগ্নি বলদ্বারা (কাষ্ঠ ঘর্ষণে) উৎপন্ন হইয়া তৎক্ষণাৎ পুরাতনের ন্যায় প্রকৃতই সকল মেধাবীর যজ্ঞ গ্রহণ করেন; মেঘের জল ও শব্দ সেই বিদ্যুৎরূপ অগ্নিকে মিত্র বলিয়া গ্রহণ করেন। দেবগণ সেই ধনদাতা অগ্নিকে (দূতরূপে) নিয়োগ করিয়াছেন।

২। তিনি অয়ুর পুরাতন স্তুতিগর্ভ উক্থে তুষ্ট হইয়া মনুদিগের সন্ততি সৃষ্টি করিয়াছিলেন। তিনি আচ্ছাদনকারী তেজদ্বারা আকাশ ও অন্তরীক্ষ ব্যাপ্ত করিয়াছেন। দেবগণ সেই ধনদাতা অগ্নিকে দূতরূপে নিয়োগ করিয়াছেন।

৩। হে মনুষ্যগণ! স্বামীর (অগ্নির) নিকট যাইয়া সকলে তাঁহার স্তুতি কর; তিনি দেবগণের মধ্যে মুখ্য, যজ্ঞের সাধনকর্ত্তা, হব্যদ্বারা আহূত এবং

স্তোত্রদ্বারা তুষ্ট হয়েন ; তিনি অন্নের পুত্র, প্রজাদিগের ভরণকারী, এবং দানশীল। দেবগণ সেই ধনদাতা অগ্নিকে দূতরূপে নিয়োগ করিয়াছেন।

৪। সেই অন্তরীক্ষস্থ মাতরিশ্বা (১) অনেক বরণীয় পুষ্টি দান করেন, তিনি স্বর্গদাতা, সকল লোকের রক্ষক, এবং দ্যাবা পৃথিবীর উৎপাদক ; অগ্নি আমার তনয়কে গমনের পথ দেখাইয়া দিন। দেবগণ সেই ধনদাতাকে (অগ্নিকে) দূতরূপে নিয়োগ করিয়াছেন।

৫। রাত্রি ও দিবস পরস্পরের বর্ণ পরস্পরে পুনঃ পুনঃ বিনাশ করিয়াও ঐক্যভাবে একই শিশুকে পুষ্টি দান করে ; সেই দীপ্তিমান্ অগ্নি আকাশ ও পৃথিবীর মধ্যে প্রভা বিকাশ করেন। দেবগণ সেই ধনদাতা অগ্নিকে দূতরূপে নিয়োগ করিয়াছেন।

৬। অগ্নি ধনের মূল, নিবাসহেতু, অর্থের দাতা, যজ্ঞের কেতু, এবং উপাসকের অভিলাষ সম্পাদক। অমরত্বভাজী দেবগণ এই ধনদাতা অগ্নিকে দূতরূপে নিয়োগ করিয়াছেন।

৭। অগ্নি পূর্ব্বকালে এবং বর্ত্তমানকালে সকল ধনের আবাস স্থান, যাহা কিছু জন্মিয়াছে বা জন্মিবে তাহার নিবাস স্থান, যাহা কিছু বিদ্যমান্ আছে এবং ভবিষ্যতে যে ভূরি ভূরি পদার্থ উৎপন্ন হইবে তাহার রক্ষক। দেবগণ সেই ধনদাতা অগ্নিকে দূতরূপে নিয়োগ করিয়াছেন।

৮। ধনদাতা অগ্নি জঙ্গম ধনের অংশ আমাদিগকে দান করুন ; ধনদাতা স্থাবর ধনের অংশ আমাদিগকে দান করুন ; ধনদাতা আমাদিগকে বীরযুক্ত অন্ন দান করুন, ধনদাতা আমাদিগকে দীর্ঘ আয়ু দান করুন।

৯। হে বিশুদ্ধকারি অগ্নি! এইরূপে কাষ্ঠে বৃদ্ধি প্রাপ্ত হইয়া তুমি আমাদিগকে ধনযুক্ত অন্ন দিবার জন্য প্রভা বিকাশ কর। মিত্র, বরুণ, অদিতি, সিন্ধু, পৃথিবী ও দ্যোঃ আমাদিগের রক্ষা করুন।

---

(১) মূলে "মাতরিশ্বা" আছে। "মাতরি সর্ব্বস্য জগতো নির্মাতর্য্যন্তরীক্ষে শ্বসন্ বর্ত্তমানঃ।" সায়ণ। এস্থানে মাতরিশ্বা অর্থে বায়ু নহে, মাতরিশ্বা অগ্নির বিশেষণ, তাহা সায়ণ স্বীকার করেন। ৬০ সূক্তের ১ ঋকের মাতরিশ্বা সম্বন্ধে টীকা দেখ।

৯৭ সূক্ত।

অগ্নি দেবতা। অঙ্গিরার পুত্র কুৎস ঋষি।

১। হে অগ্নি! আমাদিগের পাপ বিনষ্ট হউক, আমাদিগের ধন প্রকাশ কর; আমাদিগের পাপ বিনষ্ট হউক।

২। শোভনীয় ক্ষেত্রের জন্য, শোভনীয় মার্গের জন্য, এবং ধনের জন্য তোমাকে অর্চনা করি; আমাদিগের পাপ বিনষ্ট হউক।

৩। এই স্তোতৃদিগের মধ্যে কুৎস যেরূপ উৎকৃষ্ট স্তোতা, সেইরূপ আমাদিগের স্তোতৃগণও উৎকৃষ্ট; আমাদিগের পাপ বিনষ্ট হউক।

৪। হে অগ্নি! যেহেতু তোমার স্তোতৃগণ পুত্রপৌত্রাদি লাভ করে, অতএব আমরাও (তোমার স্তুতি করিয়া) পুত্রপৌত্রাদি লাভ করিব; আমাদিগের পাপ বিনষ্ট হউক।

৫। যেহেতু শত্রুবিজয়ী অগ্নির দীপ্তিসমূহ সর্ব্বত্র গমন করে, অতএব আমাদিগের পাপ বিনষ্ট হউক।

৬। হে অগ্নি! তোমার মুখস্বরূপ শিখা সকল দিকে, তুমি আমাদিগের রক্ষক হও; আমাদিগের পাপ বিনষ্ট হউক।

৭। হে সর্ব্বতোমুখ অগ্নি! নৌকায় যেরূপ নদী পার করে, সেইরূপ আমাদিগকে শত্রুসমূহ হইতে পার করিয়া দাও; আমাদিগের পাপ বিনষ্ট হউক।

৮। নৌকার দ্বারা যেরূপ নদী পার করিয়া দেয়, আমাদিগের কল্যাণের জন্য তুমি সেইরূপ আমাদিগকে শত্রু হইতে পার করাইয়া পালন কর; আমাদিগের পাপ বিনষ্ট হউক।

---

৯৮ সূক্ত।

অগ্নি দেবতা। অঙ্গিরার পুত্র কুৎস ঋষি।

১। আমরা যেন বৈশ্বানরের অনুগ্রহে থাকি, তিনি ভুবনসমূহের সেবিতব্য রাজা। বৈশ্বানর এই (কাষ্ঠদ্বয়) হইতে জন্মগ্রহণ করিয়াই এই বিশ্ব অবলোকন করেন, এবং সূর্য্যের সহিত একত্রে গমন করেন।

২। অগ্নি আকাশে (সূর্য্যরূপে) বর্ত্তমান, পৃথিবীতে (গার্হপত্যাদি অগ্নি-রূপে) বর্ত্তমান, এবং সমস্ত শস্যে বর্ত্তমান থাকিয়া (তাহা পরিপক্ক করিবার জন্য) তাহাতে প্রবেশ করিয়াছেন। সেই বলযুক্ত বৈশ্বানর অগ্নি দিবা এবং রাত্রিতে আমাদিগকে শত্রু হইতে রক্ষা করুন।

৩। হে বৈশ্বানর! তোমার সম্বন্ধে এই (যজ্ঞ) সফল হউক; আমরা যেন বহু মূল্য ধন প্রাপ্ত হই; মিত্র, বরুণ, অদিতি, সিন্ধু, পৃথিবী ও দ্যোঃ আমাদিগের সেই ধন রক্ষা করুন।

---

৯৯ সূক্ত।

অগ্নি দেবতা। মরীচির পুত্র কশ্যপ ঋষি।

১। আমরা সর্ব্বভূতজ্ঞ অগ্নির উদ্দেশে সোম অভিষব করি। যাহারা আমাদিগের প্রতি শত্রুর ন্যায় আচরণ করে, তিনি তাহাদিগের ধন দহন করুন। যেরূপ নৌকাদ্বারা নদী পার করা হয়, সেইরূপ তিনি আমাদিগকে সমস্ত দুঃখ পার করাইয়া দিন; অগ্নি আমাদিগকে পাপসমূহ পার করাইয়া দিন।

১০০ সূক্ত।

ইন্দ্র দেবতা। ঋজ্রাশ্ব, অম্বরীষ, সহদেব, ভয়মান ও সুরাধা নামক বৃষাগিরের পুত্রগণ ঋষি।

১। যে ইন্দ্র, অভীষ্টদাতা ও বীর্য্যযুক্ত, এবং দিব্যলোক ও পৃথিবীর সম্রাট্, যিনি বৃষ্টিদান করেন এবং সংগ্রামে আহ্বানের যোগ্য, তিনি মরুৎগণের সহিত আমাদিগের রক্ষণে তৎপর হউন।

২। সূর্য্যের ন্যায় যাঁহার গতি অন্যের অপ্রাপ্য, যিনি সংগ্রামে শত্রুহন্তা ও রিপুশোষক, যিনি স্বকীয় গমনশীল সখা (মরুৎগণের) সহিত অভীষ্ট দ্রব্য প্রভূতরূপে দান করেন, তিনি মরুৎগণের সহিত আমাদিগের রক্ষণে তৎপর হউন।

৩। সূর্য্যের কিরণের ন্যায় যাঁহার সতেজ ও দুষ্প্রাপণীয় কিরণ সমূহ বৃষ্টি জল দোহন করিয়া চারিদিকে প্রসারিত হয়, সেই শত্রু পরাজয়ী এবং স্বপৌরুষে লব্ধবিজয় ইন্দ্র মরুৎগণের সহিত আমাদিগের রক্ষণে তৎপর হউন।

৪। তিনি অঙ্গিরাদিগের মধ্যে শ্রেষ্ঠ অঙ্গিরা, অভীষ্টদাতাদিগের মধ্যে প্রধান অভীষ্টদাতা, সখাদিগের মধ্যে উৎকৃষ্ট সখা হইয়া, অর্চনীয়দিগের মধ্যে বিশেষ অর্চনাভাজন এবং স্তুতিভাজনদিগের মধ্যে শ্রেষ্ঠ স্তুতিভাজন হইয়াছেন। তিনি মরুৎগণের সহিত আমাদিগের রক্ষণে তৎপর হউন।

৫। ইন্দ্র রুদ্রদিগের সহায়তায় বলিষ্ঠ হইয়া, মনুষ্যের সংগ্রামে শত্রুদিগকে পরাস্ত করিয়া, তাঁহার সহবাসী মরুৎগণের সহিত অন্নোৎপাদক বৃষ্টি প্রেরণ করিয়া, মরুৎগণের সহিত আমাদিগের রক্ষণে তৎপর হউন।

৬। শত্রুহন্তা, সংগ্রামকর্ত্তা, সৎলোকের অধিপতি, এবং বহু লোকের আহূত (১) ইন্দ্র অদ্য আমাদিগের লোকদিগকে সূর্য্যের আলোক ভোগ করিতে দিন (২); তিনি মরুৎগণের সহিত আমাদিগের রক্ষণে তৎপর হউন।

৭। সহায়ভূত মরুৎগণ তাঁহাকে সংগ্রামে শব্দ দ্বারা উত্তেজিত করেন, মনুষ্যগণ তাঁহাকে ধনের রক্ষক করুন, তিনি সকল ফলদায়ী কর্ম্মের ঈশ্বর। তিনি মরুৎগণের সহিত আমাদিগের রক্ষণে তৎপর হউন।

৮। নেতৃগণ যুদ্ধে রক্ষার্থ এবং ধন লাভার্থ সেই নেতা ইন্দ্রের শরণ গ্রহণ করে, কেন না ইন্দ্র দৃষ্টি প্রতিবন্ধক অন্ধকারে আলোক প্রদান করেন। তিনি মরুৎগণের সহিত আমাদিগের রক্ষণে তৎপর হউন।

৯। তিনি বাম হস্তদ্বারা হিংসকদিগকে নিবারণ করেন এবং দক্ষিণ হস্তদ্বারা যজমানদত্ত হব্য গ্রহণ করেন; তিনি স্তোতৃদ্বারা স্তুত হইয়া ধন প্রদান করেন। তিনি মরুৎগণের সহিত আমাদিগের রক্ষণে তৎপর হউন।

১০। তিনি সহায় মরুৎগণের সহিত ধন দান করেন; তিনি অদ্য সকল মনুষ্য কর্ত্তৃক তাঁহার রথদ্বারা পরিচিত হইতেছেন। তিনি নিজ বল দ্বারা অশংসনীয় শত্রুদিগকে অভিভূত করিয়াছেন। তিনি মরুৎগণের সহিত আমাদিগের রক্ষণে তৎপর হউন।

১১। তিনি অনেকের দ্বারা আহূত হইয়া, বন্ধুদিগের সহিত মিলিত হইয়া, অথবা যাহারা বন্ধু নহে তাহাদিগের লইয়াই সংগ্রামে গমন করেন, এবং সেই

---

(১) শত্রুগণ গো অপহরণ করিলে পর ঋজ্রাশ্বাদি ঋষিগণ তাহাদিগের সহিত যুদ্ধার্থ নির্গত হইয়া এই সূক্ত দ্বারা ইন্দ্রকে স্তব করিয়াছিলেন। সায়ণ।

(২) অর্থাৎ ইন্দ্র অদ্য আমাদিগের লোককে সূর্য্যের আলোক দান করুন এবং শত্রুদিগের দৃষ্টিতে অন্ধকার সংযোগ করুন। সায়ণ।

শরণাগত পুরুষদিগের ও তাহাদিগের পুত্র ও পৌত্রের জয় সাধন করেন। তিনি মরুৎগণের সহিত আমাদিগের রক্ষণে তৎপর হউন।

১২। তিনি বজ্রধারী, দস্যুহন্তা, ভীম, উগ্র, সহস্রজ্ঞানযুক্ত, বহু স্তুতি-ভাজন এবং মহৎ; তিনি সোমরসের ন্যায় পঞ্চশ্রেণীর বলদাতা রক্ষক (৩)। তিনি মরুৎগণের সহিত আমাদিগের রক্ষণে তৎপর হউন।

১৩। তাঁহার বজ্র অতিশয় শব্দ করে, তিনি শোভনীয় জল দান করেন, তিনি সূর্য্যের ন্যায় দীপ্তিমান্, তিনি গর্জ্জন করেন, তিনি সদয় কর্ম্মে রত; ধন ও ধনদান তাঁহাকে সেবা করে। তিনি মরুৎগণেরর সহিত আমাদিগের রক্ষণে তৎপর হউন।

১৪। সকল বলের পরিমাণস্বরূপ যাঁহার বল উভয় পৃথিবীকে সকল সময়ে সকল দিকে পালন করিতেছে, তিনি আমাদিগের যজ্ঞ দ্বারা পরিতুষ্ট হইয়া আমাদিগকে পার করাইয়া দিন। তিনি মরুৎগণের সহিত আমাদিগের রক্ষণে তৎপর হউন।

১৫। দেবগণ বা মনুষ্য বা জলসমূহ যে দেবের বলের অন্ত পায় নাই, তিনি নিজ বল দ্বারা পৃথিবী ও আকাশ হইতেও অতিরিক্ত হইয়াছেন। তিনি মরুৎগণের সহিত আমাদিগের রক্ষণে তৎপর হউন।

১৬। দীর্ঘাবয়ব, অলঙ্কারধারী ও আকাশবাসী রোহিতবর্ণ ও শ্যামবর্ণ অশ্বদ্বয় ঋজ্রাশ্ব নামক রাজর্ষিকে ধন প্রদানের জন্য অভীষ্টদাতা ইন্দ্রের যুক্ত রথাগ্র ধারণ করিয়া হর্ষযুক্ত নহুষের প্রজাদিগের (৪) মধ্যে প্রকাশিত হইতেছে।

১৭। হে কামবর্ষী ইন্দ্র! বৃষাগিরের পুত্র ঋজ্রাশ্ব, অম্বরীষ, সহদেব,

---

(৩) মূলে "শবসা পাঞ্চজনাঃ" আছে, অর্থাৎ বলের দ্বারা পঞ্চ শ্রেণীর রক্ষক। সায়ণ। সে পঞ্চশ্রেণি কি? সায়ণ দুইরূপ অর্থ করিয়াছেন যথা "গন্ধর্ব্বা অপ্সরসো দেবা অসুরা রক্ষাংসি পঞ্চজনাঃ।" "নিষাদপঞ্চমাশ্চত্বারো বর্ণা বা।" এ দুইটীর কোনও অর্থই ঠিক নহে। পঞ্চজন অর্থে পঞ্জাব নিবাসী সমস্ত আর্য্যজাতি সমূহ। ৮৯ সূক্তের ১০ ঋকের টীকা দেখ।

(৪) মূলে "নাহুষীষু বিক্ষু" আছে। শব্দের অর্থ নহুষ সম্বন্ধীয় প্রজা। সায়ণ। "নহুষাঃ" অর্থ "মনুষ্যাঃ" করিয়াছেন এবং "বিক্ষু" অর্থ "সেনালক্ষণাসু প্রজাসু" করিয়াছেন। অতএব তিনি ঋকের ভাব এইরূপ করিয়াছেন যে অশ্ব যুক্ত হইয়া সংগ্রামে আসিতেছেন মনুষ্য সৈন্যেরা তাহা দেখিতেছে। কিন্তু নহুষ একজন রাজার নাম ৩১ সূক্তের ১১ ঋক্ দেখ।

ভযমান ও সুরাধা (৫) তোমার প্রীতিহেতু এই তোমার স্তোত্র উচ্চারণ করিতেছে।

১৮। তিনি, অনেকের দ্বারা আহূত হইয়া এবং গমনশীল মরুৎগণের দ্বারা যুক্ত হইয়া পৃথিবী নিবাসী দস্যু ও শিম্যুদিগকে প্রহার করিয়া হননকারী বজ্রদ্বারা বধ করিলেন; পরে আপন শেতবর্ণ মিত্রদিগের সহিত ক্ষেত্র ভাগ করিয়া লইলেন (৬), শোভনীয় বজ্রযুক্ত ইন্দ্র সূর্য্য এবং জল সমুদয় প্রাপ্ত হইলেন।

১৯। সর্ব্বকালে বর্ত্তমান ইন্দ্র আমাদের পক্ষে হইয়া বলুন, আমরাও অকুটিল গতি বিশিষ্ট হইয়া অন্ন ভোগ করি। মিত্র, বরুণ, অদিতি, সিন্ধু, পৃথিবী ও দ্যোঃ আমাদের রক্ষা করুন।

---

১০১ সূক্ত।

ইন্দ্র দেবতা। অঙ্গিরার পুত্র কুৎস ঋষি।

১। যিনি ঋজিশ্বন রাজার সহিত কৃষ্ণের (১) গর্ভবতী ভার্য্যাদিগকে হত করিয়াছিলেন, সেই হৃষ্ট ইন্দ্রের উদ্দেশে অন্নের সহিত স্তুতি অর্পণ কর। আমরা রক্ষণেচ্ছায় সেই অভীষ্টদাতা, দক্ষিণ হস্তে বজ্রধারী ইন্দ্রকে মরুৎগণের সহিত আমাদিগের সখা হইবার জন্য আহ্বান করি।

২। যে ইন্দ্র প্রবৃদ্ধ কোপের সহিত বিগতভুজ বৃত্রকে হত করিয়াছিলেন, যিনি শম্বরকেও যজ্ঞরহিত পিপ্রুকে বধ করিয়াছিলেন, যিনি দুর্জ্জয় শুষ্ণকে সমূলে হত করিয়াছিলেন, সেই ইন্দ্রকে মরুৎগণের সহিত আমাদিগের সখা হইবার জন্য আহ্বান করি।

---

(৫) এই সূক্তের ঋষিগণ।

(৬) সায়ণ "দস্যু" অর্থ শত্রু, "শিম্যু" অর্থ রাক্ষস, এবং "শ্বেতবর্ণ মিত্র" অর্থ অলঙ্কার দ্বারা দীপ্তাঙ্গ মরুৎগণ এইরূপ ব্যাখ্যা করিয়াছেন। কিন্তু এই ঋকে "শ্বেতবর্ণ" আর্য্যদিগের সহিত "দস্যু" আদিম জাতিদিগের সহিত যুদ্ধের উল্লেখ আছে তাহাতে কোনও সন্দেহ নাই। সেই আদিম জাতিদিগকে পরাস্ত করিয়া আর্য্যগণ তাহাদিগের ক্ষেত্র কাড়িয়া লইয়া আপনাদিগের মধ্যে ভাগ করিয়া লইয়াছিলেন।

(১) কৃষ্ণ বোধ হয় আদিম জাতীয় কৃষ্ণবর্ণ কোন যোদ্ধা। আবার কৃষ্ণনামক একজন ঋষি ছিলেন, সে বিষয়ে ১১৬ সূক্তের ২৩ ঋক ও টীকা দেখ।

৩। দ্যাবা পৃথিবী যাঁহার বিপুল বল অনুধাবন করে, বরুণ ও সূর্য্য যাঁহার নিয়মে চলিতেছেন, নদীসমূহ যাঁহার নিয়ম অনুসারে বহিয়া যায়, সেই ইন্দ্রকে মরুৎগণের সহিত আমাদিগের সখা হইবার জন্য আহ্বান করি।

৪। যিনি অশ্বসমূহের অধিপতি, যিনি গোপসমূহের অধিপতি, যিনি স্বাধীন, যিনি স্তুতি প্রাপ্ত হইয়া সকল কর্ম্মে স্থির, যিনি অভিষব রহিত দুর্দ্ধর্ষ শত্রুদিগেরও হন্তা, সেই ইন্দ্রকে মরুৎগণের সহিত আমাদিগের সখা হইবার জন্য আহ্বান করি।

৫। যিনি গমনশীল ও নিশ্বাসযুক্ত সকল জীবের অধিপতি, যিনি স্তোতৃদিগের জন্য গো সকলের প্রথমে উদ্ধার করিয়াছিলেন, যিনি দস্যুদিগকে নিকৃষ্ট করিয়া বধ করিয়াছিলেন, সেই ইন্দ্রকে মরুৎগণের সহিত আমাদিগের সখা হইবার জন্য আহ্বান করি।

৬। যিনি শূরদিগের এবং ভীরুদিগেরও আহ্বান যোগ্য, যাঁহাকে পলায়মান লোক এবং বিজয়ী লোকও আহ্বান করে। যাঁহাকে সকল জীব নিজ নিজ কার্য্যে সম্মুখে স্থাপন করে, সেই ইন্দ্রকে মরুৎগণের সহিত আমাদিগের সখা হইবার জন্য আহ্বান করি।

৭। আলোকময় ইন্দ্র রুদ্রদিগকে গ্রহণ করিয়া উদিত হয়েন, এবং সেই রুদ্রদিগের দ্বারা বাক্য বেগযুক্ত হইয়া বিস্তারিত হয়। প্রসিদ্ধ ইন্দ্রকে স্তুতি লক্ষণ বাক্য পূজা করে। আমরা তাঁহাকে মরুৎগণের সহিত আমাদের সখা হইবার জন্য আহ্বান করি।

৮। হে মরুৎযুক্ত ইন্দ্র! তুমি উৎকৃষ্ট গৃহেই হৃষ্ট হও অথবা সামান্য বাসস্থানেই হৃষ্ট হও, আমাদিগের যজ্ঞ অভিমুখে আগমন কর। হে সত্যধন! তোমার জন্য উৎসুক হইয়া আমরা হব্য প্রদান করিতেছি।

৯। হে শোভনীয় বলযুক্ত ইন্দ্র! আমরা তোমার জন্য উৎসুক হইয়া সোম অভিষব করিতেছি। তোমাকে স্তুতি দ্বারা পাওয়া যায়, আমরা তোমার উদ্দেশে হব্য প্রদান করিতেছি। হে অশ্বযুক্ত ইন্দ্র! মরুৎগণের সহিত দলবদ্ধ হইয়া এই যজ্ঞের কুশের উপর বসিয়া হৃষ্ট হও।

১০। হে ইন্দ্র! তোমার অশ্বগণের সহিত হৃষ্ট হও, তোমার শিপ্র দুইটা [illegible], সোম পানার্থ তোমার জিহ্বা ও উপজিহ্বা প্রসারণ কর। হে সুশিপ্র! [illegible]মাকে অশ্বগণ এখানে আনয়ন করুক, তুমি আমাদিগের প্রতি তুষ্ট হইয়া [illegible]দিগের হব্য গ্রহণ কর।

১১। যাঁহার স্তোত্র মরুৎগণের সহিত এক, সেই শত্রুহন্তা ইন্দ্রদ্বারা রক্ষিত হইয়া আমরা যেন তাঁহার নিকট হইতে অন্ন প্রাপ্ত হই। মিত্র, বরুণ, অদিতি, সিন্ধু, পৃথিবী ও দ্যোঃ আমাদিগের রক্ষা করুন।

---

১০২ সূক্ত।

ইন্দ্র দেবতা। আঙ্গিরার পুত্র কুৎস ঋষি।

১। তুমি মহৎ, আমি তোমার উদ্দেশে এই মহতী স্তুতি সম্পাদন করিতেছি, কেন না তোমার অনুগ্রহ আমার স্তুতির উপর নির্ভর করে। ঋত্বিক্‌গণ সমৃদ্ধি ও ধনলাভার্থ সেই শত্রুবিজয়ী ইন্দ্রকে স্তুতিবল দ্বারা হৃষ্ট করিয়াছেন।

২। সপ্ত নদী তাঁহার যশ ধারণ করিতেছে, আকাশ, পৃথিবী ও অন্তরীক্ষ তাঁহার দর্শনীয় বপু ধারণ করিতেছে; হে ইন্দ্র! সূর্য্য ও চন্দ্র আমাদিগের সম্মুখে আলোক বিতরণার্থ এবং আমাদিগের বিশ্বাস উৎপাদনার্থ পুনঃ পুনঃ একের পর অন্য বিচরণ করিতেছে।

৩। হে মঘবন্! হে ইন্দ্র! আমরা মনের সহিত তোমাকে বহু স্তুতি করি। তোমার যে জয়শীল রথ শত্রুসঙ্কুল যুদ্ধে দেখিয়া আমরা হৃষ্ট হই, সেই রথ আমাদিগের ধনলাভার্থ প্রেরণ কর। হে মঘবন্! আমরা তোমাকে কামনা করি, আমাদিগকে সুখ প্রদান কর।

৪। তোমাকে সহায় পাইয়া আমরা অবরোধকারী শত্রুদিগকে পরাস্ত করিব, সংগ্রামে আমাদিগের অংশ রক্ষা কর; হে ইন্দ্র! সহজে ধন পাই এরূপ করিয়া দাও; হে মঘবন্! শত্রুদিগের বীর্য্য ভাঙ্গিয়া দাও।

৫। হে ধনাধিপতি! যাহারা রক্ষণের জন্য তোমার স্তুতি করিতেছে ও তোমাকে আহ্বান করিতেছে, ইহারা নানা প্রকার। (সে সকল লোকের মধ্যে) আমাদিগকেই ধন দিবার জন্য রথে আরোহণ কর; হে ইন্দ্র! তোমার মন ব্যাকুলতারহিত এবং জয়শীল।

৬। তোমার বাহুদ্বয় গোজয় করিয়াছে; তোমার জ্ঞান অপরিমিত; তুমি শ্রেষ্ঠ, এবং কর্ম্মে কর্ম্মে শত রক্ষণকার্য্য সম্পন্ন কর। ইন্দ্র যুদ্ধকর্ত্তা স্বতন্ত্র, এবং সকল প্রাণীর বলের পরিমাণস্বরূপ; এই জন্যই ধনলাভার্থী লোকে তাঁহাকে বিবিধ প্রকারে আহ্বান করে।

৭। হে মঘবন্! তুমি মনুষ্যদিগকে যে অন্ন দান কর তাহা শত হইতেও অধিক, অথবা তাহা হইতেও অধিক, অথবা সহস্র হইতেও অধিক। তুমি

পরিমাণরহিত, আমাদিগের স্তুতি বাক্য তোমাকে দীপ্ত করিয়াছে; হে পুরন্দর, তুমি শত্রুদিগকে হনন করিয়াছ।

৮। হে নরপালক! তুমি ত্রিগুণিত রজ্জুর ন্যায় (১) সকল প্রাণীর বলের পরিমাণস্বরূপ; তুমি তিন লোকে তিন প্রকার তেজ (২) এবং এই বিশ্বভুবন বহন করিতে অতিশয় সক্ষম, কেননা হে ইন্দ্র! তুমি বহুকাল হইতে, জন্ম অবধি শত্রু রহিত।

৯। তুমি দেবগণের মধ্যে প্রথম, তুমি সংগ্রামে শত্রুবিজয়ী, আমরা তোমাকে আহ্বান করিতেছি। সেই ইন্দ্র আমাদিগের যুদ্ধযোগ্য তেজযুক্ত এবং বিভেদকারী রথকে সংগ্রামে (অন্য রথের) পুরোবর্ত্তী করিয়া দিন।

১০। তুমি জয় লাভ কর, এবং (বিজিত) ধন অবরুদ্ধ করিয়া রাখ না। হে মঘবন্! তুমি উগ্র, ক্ষুদ্র যুদ্ধে এবং মহৎ যুদ্ধেও আমরা রক্ষণার্থ তোমাকে স্তোত্র দ্বারা তীক্ষ্ণ করি; অতএব হে ইন্দ্র! আমাদিগকে যুদ্ধের আহ্বান সমূহে উত্তেজিত কর।

১১। সর্ব্বকালে বর্ত্তমান ইন্দ্র আমাদের পক্ষ হইয়া বলুন, আমরাও অকুটিল গতি বিশিষ্ট হইয়া অন্নভোগ করি। মিত্র, বরুণ, অদিতি, সিন্ধু, পৃথিবী ও দ্যোঃ আমাদের রক্ষা করতঃ তাহা পূজিত করুন।

---

১০৩ সূক্ত।

ইন্দ্র দেবতা। অঙ্গিরার পুত্র কুৎস ঋষি।

১। হে ইন্দ্র! পুরাকালে মেধাবীগণ তোমার এই প্রসিদ্ধ পরম বল সাক্ষাৎ ধারণ করিয়াছে। তাঁহার অগ্নিরূপ এক জ্যোতি পৃথিবীতে, সূর্য্যরূপ অন্য জ্যোতি আকাশে। যুদ্ধে যেরূপ উভয় পক্ষের ধ্বজ মিলিত হয়, সেইরূপ উক্ত উভয় জ্যোতি পরস্পরে সংযুক্ত আছে (১)।

---

(১) মূলে "ত্রিবিষ্টি ধাতু" আছে। যথা ত্রিবিষ্টত্রিগুণিতা রজ্জুর্দ্রঢীয়সী। এবং ইন্দ্রোঽপি দৃঢ় ইত্যর্থঃ। সায়ণ।

(২) আকাশে সূর্য্য, অন্তরীক্ষে বিদ্যুৎ এবং পৃথিবীতে অগ্নি। সায়ণ।

(১) রাত্রিতে সূর্য্য অগ্নির সহিত সংযুক্ত হয়, দিনে অগ্নি সূর্য্যের সহিত সংযুক্ত হয়। সায়ণ।

২। ইন্দ্র পৃথিবীকে ধারণ করিয়াছেন এবং বিস্তৃত করিয়াছেন; বজ্র দ্বারা বৃত্রকে হত করিয়া বৃষ্টি জল বাহির করিয়াছেন; অহিকে হত করিয়াছেন; রৌহীণকে বিদারিত করিয়াছেন; মঘবান্ স্বকীয় কার্য্যদ্বারা বিগতভুজ বৃত্রকে হত করিয়াছেন।

৩। তিনি বজ্ররূপ অস্ত্র লইয়া, বীরকার্য্যে উৎসাহ পূর্ণ হইয়া, দস্যুদিগের নগরসমূহ বিনাশ করিয়া বিচরণ করিয়াছিলেন। হে বজ্রধারিন্! আমাদিগের স্তুতি অবগত হইয়া দস্যুর প্রতি অস্ত্র নিক্ষেপ কর; হে ইন্দ্র! আর্য্যগণের বল ও যশ বর্দ্ধন কর (২)।

৪। বজ্রবান্ এবং শত্রু বিনাশী ইন্দ্র, দস্যু বিনাশের জন্য নির্গত হইয়া যে বল যশের নিমিত্ত ধারণ করিয়াছিলেন. কীর্ত্তনযোগ্য সেই বল ধারণ করিয়া মঘবান্ ইন্দ্র, স্তুতিকারী যজমানের নিমিত্ত মনুষ্যগণের যুগ সকল সূর্য্যরূপে সম্পাদন অর্থাৎ পরিমাণ করেন।

৫। তাঁহার এই প্রবৃদ্ধ ও বিস্তীর্ণ বীর্য্য অবলোকন কর; তাঁহার বীর্য্যে শ্রদ্ধা কর। তিনি গো এবং অশ্ব লাভ করিয়াছেন, তিনি শস্যসমূহ, ও জল সমূহ, এবং বনসমূহ (৩) লাভ করিয়াছেন।

৬। ভূরিকর্ম্মা, দেবশ্রেষ্ঠ, অভীষ্টদাতা, সত্যবল, ইন্দ্রের উদ্দেশে আমরা সোম অভিষব করি; পথনিরোধক চোর যেরূপ পথিকের নিকট হইতে ধন কড়িয়া লয়, শূর ইন্দ্র সেইরূপ ধনের আদর করিয়া যজ্ঞবিহীন লোকদিগের নিকট হইতে সেই ধন ভাগ করিয়া লইয়া যজ্ঞপরায়ণদিগের নিকট তাঁহা দান করিতে গমন করেন।

৭। হে ইন্দ্র! তুমি সেই প্রখ্যাত বীর কর্ম্ম করিয়াছিলে যে, নিদ্রিত অহিকে বজ্রদ্বারা জাগরিত করিয়াছিলে। তখন দেবপত্নীগণ তোমাকে হৃষ্ট দেখিয়া হৃষ্ট হইয়াছিলেন।

৮। হে ইন্দ্র! তুমি শুষ্ণ, পিপ্রু, কুযব ও বৃত্রকে বধ করিয়াছ এবং

(২) এ ঋকে দস্যু ও আর্য্য উভয় শব্দেরই ব্যবহার আছে।

(৩) সায়ণ গো ও অশ্ব অর্থে পণিদিগের অপহৃত গো ও অশ্ব করিয়াছেন। এবং জল সমূহ অর্থে বৃত্র দ্বারা অপরুদ্ধ বৃষ্টিজল করিয়াছেন। এবং বন সমূহ অর্থে ধন করিয়াছেন। কিন্তু ইন্দ্র আর্য্যদিগকে গো, অশ্ব, শস্য, জল বা নদী ও অরণ্য দিয়াছেন এইরূপ সহজ অর্থই আমাদের মনে লাগে। ইহার পরের ঋকেও যজ্ঞরত আর্য্য ও যজ্ঞবিহীন অনার্য্যদিগের কথা আছে।

শম্বরের নগর সমুদায় বিনাশ করিয়াছ, অতএব মিত্র, বরুণ, অদিতি, সিন্ধু, পৃথিবী ও দ্যোঃ আমাদিগের রক্ষা করুন।

১০৪ সূক্ত।

ইন্দ্র দেবতা। অঙ্গিরার পুত্র কুৎস ঋষি।

১। হে ইন্দ্র! তোমার বসিবার জন্য যে বেদি প্রস্তুত হইয়াছে, শব্দায়মান অশ্বের ন্যায় তথায় উপবেশন কর। অশ্ববন্ধন রশ্মিবিমোচন করিয়া অশ্বদিগকে মুক্ত করিয়া দাও, সে অশ্ব যজ্ঞকাল সমাগত হইলে দিবা রাত্রি তোমাকে বহন করে।

২। এই মনুষ্যেরা রক্ষণের জন্য ইন্দ্রের নিকট আসিয়াছে, তিনি শীঘ্র, সদ্যই তাহাদিগকে (অনুষ্ঠান) মার্গে গমন করিতে দিন। দেবগণ দাসদিগের (১) ক্রোধ বিনাশ করুন এবং আমাদিগের সুখের জন্য আমাদের বর্ণকে বৃদ্ধি করুন (২)।

৩। কুযব (৩) পরের ধন জানিতে পারিয়া স্বয়ং অপহরণ করে, জলে বর্ত্তমান থাকিয়া স্বয়ং ফেনযুক্ত জল অপহরণ করে; কুযবের দুই ভার্য্যা সেই জলে স্নান করে, তাহারা যেন শিফানদীর গভীর নিম্নভাগে হত হয়।

৪। অয়ু (৪) জল মধ্যে অবস্থান করে এবং তাহার বাসস্থান গুপ্ত ছিল; সেই শূর পূর্ব্ব অপহৃত জলের সহিত বৃদ্ধি প্রাপ্ত হয় এবং বিরাজ করে। অঞ্জসী, কুলিশী, ও বীরপত্নী নদীত্রয় (৫) স্বকীয় জল দ্বারা তাহাকে প্রীত করিয়া জল দ্বারা তাহাকে ধারণ করে।

---

(১) মূলে "দাসস্য" আছে।

(২) মূলে "বর্ণং" আছে। সায়ণ তাহার অর্থ ইন্দ্র করিয়াছেন। কিন্তু বোধ হয় বর্ণ অর্থে আর্য্য জাতি।

"Bring additions to our race."—বেদার্থযত্ন।

(৩) "কুযবনামাসুরঃ।" সায়ণ। সায়ণ এই অসুর সম্বন্ধে আর কোন বৃত্তান্ত লিখেন নাই। পরের দুইটী ঋক্ হইতে বোধ হয়, কুযব নামে কোন প্রসিদ্ধ আদিম জাতীয় যোদ্ধা আর্য্যদিগের প্রতি অনেক উপদ্রব করিয়াছিল।

(৪) "অয়ু" বোধ হয় অন্য একজন আদিম জাতীয় যোদ্ধা।

(৫) শিফা, অঞ্জসী, কুলিশী ও বীরপত্নী এ নদীগুলি কোথায়?

৫। বৎসপ্রিয় গরু যে রূপ গোষ্ঠের পথ জানে আমরা সেই রূপ সেই শত্রুর গৃহের পথ জানি। হে মঘবন্! সেই শত্রুর পুনঃ২ কৃত উপদ্রব হইতে আমাদিগকে রক্ষা কর; কামুক (যেরূপ ধনত্যাগ করে); আমাদিগকে সেইরূপ পরিত্যাগ করিও না।

৬। হে ইন্দ্র! আমাদিগকে সূর্য্যের প্রতি ও জলসমূহের প্রতি ভক্তিপূর্ণ কর, যাঁহারা পাপশূন্যতার জন্য জীব মাত্রের প্রশংসনীয় তাঁহাদিগের প্রতি ভক্তিপূর্ণ কর। গর্ভস্থিত আমাদিগের সন্ততিকে হিংসা করিও না, আমরা তোমার মহৎ বল শ্রদ্ধা করি।

৭। তোমাকে আমি মনের সহিত জানি, তোমার সেই বলে আমরা শ্রদ্ধা স্থাপন করিয়াছি। তুমি অভীষ্টদাতা, আমাদিগকে মহৎ ধন প্রদান কর। হে ইন্দ্র! তুমি বহু লোকদ্বারা আহুত, তুমি আমাদিগকে ধনশূন্য গৃহে রাখিও না, বুভুক্ষিতদিগকে অন্ন ও পানীয় দান কর।

৮। হে ইন্দ্র! আমাদিগকে বধ করিও না, আমাদিগকে পরিত্যাগ করিও না, আমাদিগের প্রিয় আহার উপভোগাদি কাড়িয়া লইও না। হে মঘবন্ শক্র! গর্ভস্থিত আমাদিগের অপত্যদিগকে নষ্ট করিও না, যাহারা জানুদ্বারা চলে এরূপ গমনসমর্থ আপত্যদিগকে নষ্ট করিও না।

৯। আমাদিগের অভিমুখে আইস, লোকে তোমাকে সোমপ্রিয় কহিয়াছেন, এই সোম অভিষুত হইয়াছে, ইহা পান করিয়া হৃষ্ট হও। বিস্তীর্ণাবয়ব হইয়া জঠরে সোমরস বর্ষণ কর; পিতা যে রূপ পুত্রের বাক্য শুনে, আমাদিগের দ্বারা আহূত হইয়া সেইরূপ আমাদিগের বাক্য শ্রবণ কর।

১০৫ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। আপ্ত্য ত্রিত অথবা তাঁহার জন্য অঙ্গিরার পুত্র কুৎস এই সূক্তের ঋষি।

১। উদকময় অন্তরীক্ষে বর্ত্তমান চন্দ্র সুন্দর কিরণের সহিত আকাশে ধাবমান হইতেছে। হে সুবর্ণনেমি রশ্মিসমূহ! আমার ইন্দ্রিয়গণ তোমার পদ জানে না (১); হে দ্যাবা পৃথিবী! আমার এই স্তোত্র অবগত হও।

(১) সায়ণ ইহার মর্ম্ম এইরূপ ব্যাখ্যা করিয়াছেন যে ত্রিত কূপে পতিত হইয়া বলিতেছেন "আমার ইন্দ্রিয় সকল কূপে আবৃত হওয়ায় তোমাকে পায় না; ইহা উচিত নহে, অতএব আমাকে কূপ হইতে উদ্ধার কর।" ত্রিত সম্বন্ধে ৫২ সূক্তের ৫ ঋকের টীকা দেখ।

২। যাহারা অর্থ অনুসন্ধান করে তাহারা অর্থ প্রাপ্ত হয়। জায়া পতিকে প্রাপ্ত হয়, এবং তাহাদের সহবাসে গর্ভে সন্তান উৎপন্ন হয়। হে দ্যাবা পৃথিবী! আমার এ দুঃখ অবগত হও (২)।

৩। হে দেবগণ! স্বর্গস্থ আমার পূর্ব্ব পুরুষগণ যেন স্বর্গচ্যুত না হয়েন, আমরা যেন কদাচন সোমপায়ী পিতৃগণের সুখহেতু পুত্র হইতে নৈরাশ প্রাপ্ত না হই। হে দ্যাবা পৃথিবী! আমার বিষয় অবগত হও (৩)।

৪। দেবগণের প্রথম যজ্ঞার্হ অগ্নিকে আমি যাচ্ঞা করিতেছি, তিনি দূতরূপে আমার যাচ্ঞা দেবগণকে জানাইবেন। হে অগ্নি! তোমার পূর্ব্বের সে বদান্যতা কোথায় গিয়াছে? নূতন কোন পুরুষ তাহা এক্ষণে ধারণ করেন? হে দ্যাবা পৃথিবী! আমার বিষয় অবগত হও।

৫। সূর্য্যদীপ্ত তিন লোকে এই যে সকল দেব বাস করেন, হে দেবগণ! তোমাদের সত্য কোথায় অসত্যই বা কোথায়, তোমাদের সম্বন্ধীয় পুরাতন আহুতি কোথায়? হে দ্যাবা পৃথিবী! আমার বিষয় অবগত হও।

৬। তোমাদের সত্য পালন কোথায়? বরুণের অনুগ্রহ দৃষ্টি কোথায়? মহৎ অর্যমার সে পথ কোথায়? যদ্দ্বারা আমরা পাপমতিদিগকে অতিক্রম করিতে পারি? হে দ্যাবা পৃথিবী! আমার বিষয় অবগত হও।

৭। পূর্ব্বে সোম অভিষুত হইলে যে কতকগুলি (স্তোত্র) উচ্চারণ করিতে পারে, আমি সেই। তৃষার্থ মৃগকে ব্যাঘ্র যেরূপ ভক্ষণ করে, দুঃখ সেইরূপ আমাকে ভক্ষণ করিতেছে। হে দ্যাবা পৃথিবী! আমার বিষয় অবগত হও।

৮। সপত্নীদ্বয় স্বামীর উভয় পার্শ্বে থাকিয়া যেরূপ তাহাকে সন্তাপ দেয়, এই পার্শ্বস্থ কূপের ভিত্তি সকল আমাকে সেইরূপ সন্তাপ দিতেছে। মূষিক যেরূপ সূত্র দংশন করে, হে শতক্রতো! আমি তোমার স্তোতা, দুঃখ আমাকে সেই রূপ দংশন করিতেছে। হে দ্যাবা পৃথিবী! আমার বিষয় অবগত হও।

---

(২) অর্থাৎ আমি অর্থ পাই না, আমার স্ত্রী আমাকে নিকটে পায় না, আমার পুত্র জন্মায় না, এই দুঃখ। সায়ণ।

(৩) পুত্র না হইলে স্বর্গলোক পাওয়া যায় না, ত্রিতের পুত্র না হইলে তাঁহার পিতৃগণ স্বর্গচ্যুত হইবে, ত্রিত এইরূপ আশঙ্কা করিতেছেন, সায়ণের এই প্রকার অর্থ। কিন্তু ঋকে পূর্ব্ব পুরুষ বা পিতৃগণ বা পুত্রসূচক কোন শব্দই নাই, এগুলি সায়ণ উহ্য করিয়া লইয়াছেন।

৯। এই যে সূর্য্যের সপ্ত রশ্মি এই কূপে (৪) পতিত হইয়াছে, আপ্ত্য ত্রিত তাহা জানে, এবং কূপ হইতে নির্গত হইবার জন্য সেইরশ্মি সমূহকে স্তুতি করিতেছে। হে দ্যাবা পৃথিবী! আমার বিষয় অবগত হও।

১০। এই যে পঞ্চ অভীষ্টদাতা বিস্তীর্ণ আকাশে আছেন (৫), তাঁহারা আমার এই প্রসংশনীয় স্তোত্র শীঘ্র দেবগণের নিকট লইয়া গিয়া প্রত্যাবর্ত্তন করুন। হে দ্যাবা পৃথিবী! আমার বিষয় অবগত হও।

১১। সূর্য্যরশ্মিসমূহ সর্ব্বব্যাপী আকাশে আছে; ব্যাঘ্র মহৎ জল রাশি পার হইবার সময়, পথে সূর্য্যরশ্মিসমূহ তাহাকে নিবারণ করে (৬)। হে দ্যাবা পৃথিবী! আমার বিষয় অবগত হও।

১২। হে দেবগণ! সেই নব্য প্রশংসনীয় ও সুবাচ্য বল তোমাদিগের মধ্যে নিহিত আছে; তদ্দ্বারা বহনশীল নদীগণ সর্ব্বদাই জল চালনা করিতেছে, এবং সূর্য্য সর্ব্বদা তাঁহার বিদ্যমান আলোক বিস্তার করিতেছেন। হে দ্যাবা পৃথিবী! আমার বিষয় অবগত হও।

১৩। হে অগ্নি! দেবগণের সহিত তোমার সেই বন্ধুত্ব প্রশংসনীয়; তুমি অতিশয় বিদ্বান্, মনুর যজ্ঞের ন্যায় আমাদিগের যজ্ঞে উপবেশন করিয়া দেবগণের যজ্ঞ কর। হে দ্যাবা পৃথিবী! আমার বিষয় অবগত হও।

১৪। দেবগণের আহ্বানকারী, অতিশয় বিদ্বান্ এবং দেবগণের মধ্যে মেধাবী অগ্নিদেব, মনুর যজ্ঞের ন্যায় আমাদিগের যজ্ঞে উপবেশন করিয়া দেবগণকে আমাদিগের হব্যের অভিমুখে শাস্ত্রানুসারে প্রেরণ করুন। হে দ্যাবা পৃথিবী! আমার বিষয় অবগত হও।

---

(৪) মূলে "বাতি" শব্দ আছে। রোসেন ও লাংলোয়া তাহার অর্থ করিয়াছেন আবাস স্থান কূপ। সেই অর্থই আমি গ্রহণ করিয়াছি।

(৫) ইন্দ্র, বরুণ, অগ্নি, অর্য্যমা ও সবিতা। অথবা অগ্নি, বায়ু, সূর্য্য, চন্দ্র ও বিদ্যুৎ অথবা পৃথিবীতে অগ্নি, অন্তরীক্ষে বায়ু, আকাশে সূর্য্য, নক্ষত্রজগতে চন্দ্র, মেঘে বিদ্যুৎ। তৈত্তিরীয় অনুসারে পৃথিবীতে অগ্নি, অন্তরীক্ষে বায়ু, আকাশে সূর্য্য, দিকে চন্দ্র এবং স্বর্গে নক্ষত্র। সায়ণ।

(৬) ত্রিত কূপে পড়িবার পূর্ব্বে তাহাকে দেখিয়া একটা অরণ্য কুকুর (বৃক) তাহাকে খাইবার জন্য বড় নদী পার হইয়া আসিতেছিল; কিন্তু পথে সূর্য্যরশ্মি দেখিয়া এখন অবসর নয় ভাবিয়া নিবৃত্ত হইল। সায়ণ। কিন্তু যাস্ক বলেন জল (আপ) অর্থে অন্তরীক্ষ, বৃক অর্থাৎ চন্দ্র সেই অন্তরীক্ষ পার হইয়া আইসে, কিন্তু সূর্য্য কিরণ সেই চন্দ্রকে নিবারণ (বিলুপ্ত) করে।

১৫। বরুণ রক্ষণ কার্য্য সম্পাদন করেন, সেই পথদর্শকের নিকট আমারা যাচ্ঞা করি। স্তোতা হৃদয়ের সহিত তাঁহার উদ্দেশে মননীয় স্তুতি প্রচার করিতেছে, আমার বিষয় অবগত হও।

১৬। এই যে সূর্য্য আকাশে সর্ব্বাসক্ত পথস্বরূপ হইয়াছে; হে দেবগণ! তোমরা তাঁহাকে অতিক্রম করিতে পার না; হে মনুষ্যগণ! তোমরা তাঁহাকে জান না। হে দ্যাবা পৃথিবী! আমার বিষয় অবগত হও।

১৭। ত্রিত কূপে পতিত হইয়া রক্ষার জন্য দেবগণকে আহ্বান করিতেছে; বৃহস্পতি তাহাকে পাপরূপ কূপ হইতে উদ্ধার করিয়া তাহার আহ্বান শ্রবণ করিয়াছিলেন। হে দ্যাবা পৃথিবী! আমার বিষয় অবগত হও।

১৮। অরুণবর্ণ ব্যাঘ্র একবার আমাকে পথে গমন করিতে দেখিয়াছিল (৭); সূত্রধার নিজ কর্ম্ম করিতে করিতে পৃষ্ঠদেশে বেদনা হইলে যেরূপ উঠিয়া দাঁড়ায়, ব্যাঘ্র সেইরূপ আমাকে দেখিয়া উদ্গত হইয়াছিল। হে দ্যাবা পৃথিবী! আমার বিষয় অবগত হও।

১৯। এই ঘোষণযোগ্য স্তোত্রদ্বারা ইন্দ্রকে পাইয়া আমরা সকলে বীরদিগের সহিত মিলিত হইয়া সংগ্রামে শত্রুদিগকে পরাস্ত করিব। মিত্র, বরুণ, অদিতি, সিন্ধু, পৃথিবী, ও দ্যোঃ আমাদিগের রক্ষা করুন।

---

১০৬ সূক্ত।

সকল দেবগণ দেবতা। আঙ্গিরার পুত্র কুৎস অথবা আপ্ত্য ত্রিত ঋষি।

১। আমরা রক্ষার জন্য ইন্দ্র, মিত্র, বরুণ, অগ্নি, এবং মরুৎগণও অদিতিকে আহ্বান করি। লোকে দুর্গম পথ হইতে যেরূপ রথকে উদ্ধার করিয়া আনে, সেইরূপ দানশীল ও বাসগৃহদাতা দেবগণ সকল পাপ হইতে আমাদিগকে উদ্ধার করিয়া পালন করুন।

২। হে আদিত্যগণ, তোমরা যুদ্ধে আমাদিগের সাহায্যার্থ আগমন কর এবং যুদ্ধে আমাদিগের জয়ের কারণ হও। লোকে দুর্গম পথ হইতে যেরূপ রথকে উদ্ধার করিয়া আনে, সেইরূপ দানশীল ও বাসগৃহদাতা দেবগণ সকল পাপ হইতে আমাদিগকে উদ্ধার করিয়া পালন করুন।

৩। যাঁহাদিগের স্তুতি সুখসাধ্য সেই পিতৃগণ আমাদিগকে রক্ষা করুন,

(৭) যাস্ক এইরূপ অর্থ করিয়াছেন "অরুণ বর্ণ অর্দ্ধ মাসের কর্ত্তা চন্দ্র নক্ষত্রগণকে পথে যাইতে দেখিয়াছিলেন।" ইত্যাদি নিরুক্ত ৫। ২০।

এবং দেবগণের পিতা মাতাস্বরূপ যজ্ঞবর্দ্ধয়িতা দ্যাবা পৃথিবী আমাদিগকে রক্ষা করুন। লোকে দুর্গম পথ হইতে যেরূপ রথকে উদ্ধার করিয়া আনে, সেইরূপ দানশীল ও বাসগৃহদাতা দেবগণ সকল পাপ হইতে আমাদিগকে উদ্ধার করিয়া পালন করুন।

৪। অন্নবান্ নরাশংস অগ্নিকে (১) প্রজ্বলিত করিয়া এক্ষণে স্তুতি করি; বীরবিজয়ী পূষার নিকট সুখকর স্তোত্র দ্বারা যাচ্ঞা করি। লোকে দুর্গম পথ হইতে রথকে যেরূপ উদ্ধার করিয়া আনে, সেইরূপ দানশীল ও বাসগৃহদাতা দেবগণ সকল পাপ হইতে আমাদিগকে উদ্ধার করিয়া পালন করুন।

৫। হে বৃহস্পতি! আমাদিগকে সর্ব্বদা সুখ প্রদান কর; মনুষ্যাদিগের উপকারী যে রোগের উপশম ও ভয়ের দূরীকরণ ক্ষমতা তোমাতে স্থাপিত হইয়াছে, তাহাও যাচ্ঞা করি। লোকে দুর্গম পথ হইতে যেরূপ রথকে উদ্ধার করিয়া আনে, সেইরূপ দানশীল ও বাসগৃহদাতা দেবগণ সকল পাপ হইতে আমাদিগকে উদ্ধার করিয়া পালন করুন।

৬। কূপে নিপতিত কুৎস নিজ রক্ষার (২) জন্য বৃত্রহন্তা ও যজ্ঞপ্রতিপালক (৩) ইন্দ্রকে আহ্বান করিয়াছে। লোক দুর্গম পথ হইতে যেরূপ রথকে উদ্ধার করিয়া আনে, সেইরূপ দানশীল ও বাসগৃহদাতা দেবগণ সকল পাপ হইতে আমাদিগকে উদ্ধার করিয়া পালন করুন।

৭। দেবী অদিতি দেবগণের সহিত আমাদিগকে পালন করুন। সকলের রক্ষক দীপ্যমান্ সবিতা জাগরূক হইয়া আমাদিগকে রক্ষা করুন। মিত্র, বরুণ, অদিতি, সিন্ধু, পৃথিবী ও দ্যৌঃ আমাদিগের রক্ষা করুন।

---

(১) নরাশংস সম্বন্ধে ১৩ সূক্তের ৩ ঋকের টীকা দেখ।

(২) পূর্ব্বে ত্রিত কূপে পড়িয়াছিলেন এরূপ দেখা গিয়াছে, এখানে দেখা যাইতেছে কুৎস ঋষি কূপে পড়িয়াছিলেন। ১০৫ ও ১০৬ সূক্তের ঋষি কুৎস অথবা ত্রিত। অতএব কুৎস ত্রিত একই তাহা অনুভব হয়। আমরা পূর্ব্বে বলিয়াছি আপ্ত্য অর্থাৎ জলসম্ভূত ত্রিত আর্য্যদিগের একজন পুরাতন দেব ছিলেন। অনুভব হয় তাঁহার কথা জলনিপতিত কুৎস ঋষির বিবরণের সহিত কোনরূপে জড়িত হইয়া গিয়াছে। ৫২ সূক্তের ৫ ঋকের টীকা দেখ।

(৩) মূলে "শচীপতিং" আছে। "শচীতি কর্ম্মনাম। সর্ব্বেষাং কর্ম্মণাং পালয়িতারং। যদ্বা শচ্যা দেব্যা ভর্ত্তারং।" সায়ণ। ঋগ্বেদে শচী শব্দ কর্ম্ম বা যজ্ঞ অর্থেই ব্যবহার হইয়াছে। ইন্দ্র যজ্ঞের পতি, সুতরাং শচীপতি। পরে ইহা হইতে ইন্দ্রের স্ত্রী শচীর পৌরাণিক উপাখ্যান সৃষ্ট হয়।

১০৭ সূক্ত।

সকল দেবগণ দেবতা। অঙ্গিরার পুত্র কুৎস ঋষি।

১। আমাদিগের যজ্ঞ দেবগণকে সুখী করুক। হে আদিত্যগণ! তুষ্ট হও। তোমাদের অনুগ্রহ আমাদিগের অভিমুখে প্রেরিত হউক, এবং সেই অনুগ্রহ দরিদ্র জনের পক্ষে প্রভূত ধনের কারণ হউক।

২। দেবগণ অঙ্গিরাদিগের গীতমন্ত্র (১) দ্বারা স্তুত হইয়া রক্ষণার্থে আমাদিগের নিকট আগমন করুন। ইন্দ্র নিজগণের সহিত, মরুৎগণ নিজ দলের সহিত, এবং অদিতি আদিত্যদিগকে লইয়া আমাদিগকে সুখ দান করুন।

৩। যে অন্ন (আমরা যাজ্ঞা করি) ইন্দ্র, বরুণ, অগ্নি, অর্য্যমা, ও সবিতা যেন আমাদিগকে তাহা দান করেন। মিত্র, বরুণ, অদিতি, সিন্ধু, পৃথিবী ও দ্যোঃ যেন আমাদিগের রক্ষা করেন।

১০৮ সূক্ত।

ইন্দ্র ও অগ্নি দেবতা। অঙ্গিরার পুত্র কুৎস ঋষি।

১। হে ইন্দ্র ও অগ্নি! তোমাদিগের যে অতিশয় বিচিত্র রথ বিশ্বভুবন উজ্জ্বল করিয়াছে, সেই রথে একত্রে বসিয়া আইস, অভিষুত সোম পান কর।

২। এই বহুব্যাপী ও আত্মগুরুত্বে গভীর বিশ্বভুবনের যে পরিমাণ, হে ইন্দ্র ও অগ্নি! তোমাদিগের পানীয় এই সোমের সেইরূপ পরিমাণ হউক এবং তোমাদের অভিলাষ পর্য্যাপ্তরূপে পূরণ করুক।

৩। তোমাদিগের কল্যাণকর নামদ্বয় একত্রিত করিয়াছ; হে বৃত্রহন্তৃদ্বয়! তোমরা বৃত্রবধের জন্য সঙ্গত হইয়াছিলে (১)। হে অভীষ্টদাতা ইন্দ্র ও অগ্নি! তোমরা একত্র হইয়া উপবেশন করিয়া অভিষিক্ত সোম আপনাদিগের উদরে সেচন কর।

৪। অগ্নি সমুদয় প্রজ্বলিত হইলে পর অধ্বর্য্যুদ্বয় পাত্র হইতে ঘৃত সেচন

(১) মূলে "সামভিঃ" আছে। "প্রগীতৈর্মন্ত্রৈঃ।" সায়ণ।

(১) ইন্দ্রই বৃত্রহন্তা। তবে বেদে দুই দেব যখন একত্রে অর্চিত হয়েন, তখন উভয়েই এক গুণবিশিষ্ট বলিয়া বর্ণিত হয়েন। সুতরাং ইন্দ্র ও অগ্নিকে বিত্রহন্তা বলা হইয়াছে।

করিয়া কুশ বিস্তার করিয়াছে ; হে ইন্দ্র ও অগ্নি! চারিদিকে অভিষিক্ত তীব্র সোমরসদ্বারা আকৃষ্ট হইয়া অনুগ্রহার্থ আমাদিগের অভিমুখে আইস।

৫। হে ইন্দ্র ও অগ্নি! তোমরা যে কিছু বীর কর্ম্ম করিয়াছ, যে কিছু রূপ বিশিষ্ট জীব সৃষ্টি করিয়াছ, যে কিছু বৃষ্টি বর্ষণ করিয়াছ, এবং তোমাদের যে কিছু পুরাতন কল্যাণকর বন্ধুত্ব আছে, সে সমস্ত লইয়া আসিয়া অভিষুত সোম পান কর।

৬। প্রথমেই তোমাদের দুই জনকে বরণ করিতেছি, আমার অকপট শ্রদ্ধা লক্ষ্য করিয়া আইস; অভিষুত সোমপান কর। এই সোম আমাদিগের ঋত্বিক্‌গণের (২) বিশেষ আহুতি যোগ্য হউক।

৭। হে যজ্ঞ ভাজন ইন্দ্র ও অগ্নি! যদি নিজ গৃহে হৃষ্ট হইয়া থাক, যদি পূজকের প্রতি বা রাজার প্রতি (৩) তুষ্ট হইয়া থাক, তবে হে অভীষ্ট-দাতৃদ্বয়! এই সমস্ত স্থান হইতে আইস, অভিষুত সোম পান কর।

৮। হে ইন্দ্র ও অগ্নি! যদি তোমরা তুর্বশদিগের মধ্যে, দ্রুহ্যুদিগের মধ্যে, অনুদিগের মধ্যে, অথবা পুরুষদিগের মধ্যে অবস্থান করিয়া থাক তবে হে অভীষ্ট দাতৃদ্বয়! সেই সমস্ত স্থান হইতে আইস, অভিষুত সোম পান কর।

৯। হে ইন্দ্র ও অগ্নি! তোমরা যদি নিম্ন পৃথিবীতে বা মধ্যম পৃথিবীতে অন্তরীক্ষে বা আকাশে অবস্থান করিয়া থাক, তবে হে অভীষ্ট দাতৃদ্বয়! সেই সমস্ত স্থান হইতে আইস, অভিষুত সোম পান কর।

১০। হে ইন্দ্র ও অগ্নি! তোমরা যদি উচ্চ পৃথিবীতে (আকাশে) বা মধ্যম পৃথিবীতে (অন্তরীক্ষে) বা নিম্ন পৃথিবীতে অবস্থান করিয়া থাক, তবে হে অভীষ্ট দাতৃদ্বয়! সেই সমস্ত স্থান হইতে আইস, অভিষুত সোম পান কর।

১১। হে ইন্দ্র ও অগ্নি! যদি তোমরা আকাশে বা পৃথিবীতে বা পর্ব্বতে শস্যে বা জলে অবস্থান কর, তবে হে অভীষ্ট দাতৃদ্বয়! সেই সমস্ত স্থান হইতে আইস, অভিষুত সোমপান কর।

১২। হে ইন্দ্র ও অগ্নি! সূর্য্য উদিত হইলে দীপ্তিমান্ অন্তরীক্ষে যদি

(২) মূলে "অসুরৈঃ" আছে। "হবিষাং প্রক্ষেপকৈঃ ঋত্বিগ্‌ভিঃ।" সায়ণ।

(৩) "যদ্ ব্রহ্মণি রাজনি বা" মূলে এই রূপ আছে সায়ণ এই দুই শব্দের অর্থ ব্রাহ্মণ ও ক্ষত্রিয় করিয়াছেন। কিন্তু রাজন্ অর্থ রাজামাত্র, ও ব্রহ্মা শব্দের অর্থ স্তুতিকার মাত্র, তাহা পূর্ব্বে বলা হইয়াছে। ১০ সূক্তের ৩১ ঋক্, ১৫ সূক্তের ৫ ঋক্ এবং ১৮ সূক্তের ১ ঋক্ দেখ।

তোমরা নিজ তেজে হৃষ্ট হও [illegible] অভীষ্টবর্ষী! সেই সমস্ত স্থান হইতে আইস, অভিষুত সোমপান কর।

১৩। হে ইন্দ্র ও অগ্নি! [illegible] অভিষুত সোমপান করিয়া আমাদিগকে সমস্ত ধন দান কর। [illegible] মিত্র, বরুণ, অদিতি, সিন্ধু, পৃথিবী ও দ্যৌঃ যেন আমাদিগের রক্ষা করেন।

১০৯ সূক্ত।

ইন্দ্র ও অগ্নি দেবতা। অঙ্গিরার পুত্র কুৎস ঋষি।

১। হে ইন্দ্র ও অগ্নি! আমি ধন ইচ্ছা করিয়া তোমাদিগকে জ্ঞাতি বা বন্ধুর ন্যায় মনে করি। আমার প্রকৃষ্ট বুদ্ধি তোমরাই দিয়াছ, অন্য কেহ নহে, অতএব আমি এই ধ্যাননিষ্পন্ন, অন্নের ইচ্ছা সূচক, স্তুতি তোমাদের উদ্দেশে রচনা করিয়াছি।

২। হে ইন্দ্র ও অগ্নি! তোমরা অযোগ্য জামাতা (১) অথবা শ্যালক (২) অপেক্ষাও অধিক বহুবিধ ধন দান কর, এইরূপ শুনিয়াছি; অতএব হে ইন্দ্র ও অগ্নি! আমি তোমাদিগের সোমপ্রদানকালে পঠনীয় একটী নূতন স্তোত্র রচনা করিতেছি।

৩। আমরা পুত্র পৌত্রাদিরূপ রজ্জু যেন কখনও ছেদন না করি, এইরূপ প্রার্থনা করিয়া এবং পিতৃগণের ন্যায় শক্তিমান্ পুত্রাদি উৎপাদন করিয়া উৎপাদন সমর্থ যজমানগণ) ইন্দ্র ও অগ্নিকে সুখে স্তুতি করেন; শত্রুহিংসক ইন্দ্র ও অগ্নি স্তুতির নিকট উপস্থিত থাকেন।

৪। হে ইন্দ্র ও অগ্নি! দীপ্তিমান্ প্রার্থনা তোমাদিগকে কামনা করিয়া তোমাদিগের হর্ষের জন্য সোমরস অভিসব করিতেছে; তোমরা অশ্বযুক্ত,

(১) মূলে "বিজামাতুঃ" শব্দ আছে। গুণহীন জামাতা কন্যা লাভের জন্য কন্যা কর্ত্তাকে অনেক ধন দান করে, ইন্দ্র ও অগ্নি তাহা হইতেও অধিক দান করেন। সায়ণ। জামাতা,—জা অর্থে অপত্য, তাহার নির্ম্মাতা। যাস্ক। নিরুক্ত ৬। ৯।

(২) মূলে "স্যালাৎ" আছে। স্যাল অর্থ কন্যার ভ্রাতা; সে যেরূপ ভগিনীকে ভাল বাসিয়া অনেক ধন দেয়, ইন্দ্র ও অগ্নি তাহা অপেক্ষাও অধিক দেন। সায়ণ। স্যাল— স্যা অর্থে শূর্প বা কুলো, লাজ অর্থে খৈ। যাস্ক নিরুক্ত ৬। ৯। বিবাহের সময় স্যালক শূর্প দ্বারা খৈ ছড়ায়।

শোভনীয় বাহুযুক্ত ও সুপাণি; তোমরা শীঘ্র আসিয়া উদকস্থ মাধুর্য্য দ্বারা আমাদিগের সোমরস সংপৃক্ত কর।

৫। হে ইন্দ্র ও অগ্নি! তোমরা (স্তোতাদিগের মধ্যে) ধন বিভাগে রত থাকিয়া বৃত্রহননে অতিশয় বল প্রকাশ করিয়াছিলে, তাহা শুনিয়াছি; হে সর্ব্বদর্শিদ্বয়! তোমরা আমাদিগের এই যজ্ঞে কুশে উপবেশন করিয়া অভিষুত সোমপান করিয়া হৃষ্ট হও।

৬। হে ইন্দ্র ও অগ্নি! যুদ্ধের সময় আহ্বান করিলে তোমরা আসিয়া স্বকীয় মহত্ব দ্বারা সকল মনুষ্য অপেক্ষা বড় হও, পৃথিবী অপেক্ষা, আকাশ অপেক্ষা, নদী ও পর্ব্বতসমূহ অপেক্ষা বড় হও; তোমরা অন্য সকল ভুবন অপেক্ষা বড়।

৭। হে বজ্রহস্ত ইন্দ্র ও অগ্নি! ধন আহরণ কর, আমাদিগকে প্রদান কর, কর্ম্মদ্বারা আমাদিগকে রক্ষা কর। সূর্য্যের যে রশ্মিসমূহ দ্বারা আমাদিগের পূর্ব্বপুরুষগণ সমবেত হইয়াছিলেন, সে এই।

৮। হে বজ্রহস্ত নগরবিদারক (৩) ইন্দ্র ও অগ্নি! আমাদিগকে ধন দান কর, সংগ্রামে আমাদিগকে রক্ষা কর। মিত্র, বরুণ, অদিতি, সিন্ধু, পৃথিবী ও দ্যৌঃ আমাদিগের রক্ষা করুন।

১১০ সূক্ত।

ঋভুগণ দেবতা। অঙ্গিরার পুত্র কুৎস ঋষি।

১। হে ঋভুগণ! আমি পূর্ব্বে বার২ যজ্ঞকর্ম্ম অনুষ্ঠান করিয়াছি, এক্ষণে আবার অনুষ্ঠান করিতেছি, এবং তথায় তোমাদের প্রশংসার জন্য অতিশয় সুমিষ্ট স্তুতি পঠিত হইতেছে। এখানে সকল দেবগণের জন্য এই সোমরস (১) প্রস্তুত হইয়াছে, স্বাহা শব্দ উচ্চারণপূর্ব্বক অগ্নিতে সেই রস অর্পিত হইলে, তাহা পান করিয়া তৃপ্ত হও।

২। হে ঋভুগণ! তোমরা আমার জ্ঞাতি, তোমাদের জ্ঞান যখন অপরিপক্ক ছিল, সেই পূর্ব্বকালে তোমরা উপভোগ্য সোমরস ইচ্ছা করিয়া গিয়াছিলে।

(৩) পুরন্দর শব্দ প্রায় ইন্দ্র সম্বন্ধেই ব্যবহৃত হয়, এখানে ইন্দ্র ও অগ্নি উভয়ের সম্বন্ধেই ব্যবহৃত হইয়াছে। "পুরন্দরৌ অসুরপুরাণাং দারয়িতারৌ।" সায়ণ।

(১) মূলে "সমুদ্রঃ" আছে, সায়ণ তাহার অর্থ করিয়াছেন "সমুদ্রন-শীলোঽয়ং সোমরসঃ।"

হে সুধন্বার (২) পুত্রগণ! তখন তোমাদের কর্ম্মের মহত্ত্ব দ্বারা দানশীল সবিতার গৃহে আসিয়াছিলে।

৩। যখন তোমরা প্রকাশমান সবিতাকে তোমাদের (সোমপানের) ইচ্ছা জানাইয়া আসিয়াছিলে, এবং অসুর ত্বষ্টার নির্ম্মিত সেই একটী সোমপাত্রকে চারখানী করিয়াছিলে, তখন সবিতা তোমাদিগকে অমরত্ব দান করিয়াছিলেন।

৪। তাঁহারা শীঘ্র কর্ম্ম সাধন করিয়াছেন বলিয়া, এবং ঋত্বিকদিগের সহিত মিলিত হইয়াছিলেন বলিয়া, মনুষ্য হইয়াও অমরত্ব প্রাপ্ত হইয়াছিলেন। তখন সুধন্বার পুত্র ঋভুগণ সূর্য্যের ন্যায় দীপ্তিমান্ হইয়া সাংবৎসরিক যজ্ঞসমূহের হব্য ভাজন হইলেন।

৫। ঋভুগণ নিকটস্থদিগের স্তুতিভাজন হইয়া, উৎকৃষ্ট সোমরস আকাঙ্ক্ষা করিয়া, দেবগণের মধ্যে হব্য কামনা করিয়া, মানদণ্ড দিয়া যেরূপ ক্ষেত্র পরিমাণ করে সেইরূপ তীক্ষ্ণ অস্ত্রদ্বারা একটী যজ্ঞপাত্র চারিটী ভাগ করিয়াছিলেন।

৬। আমরা অন্তরীক্ষের নেতা ঋভুগণকে পাত্রস্থিত ঘৃত অর্পণ করিতেছি, এবং জ্ঞানদ্বারা স্তুতি করিতেছি; তাঁহারা জগৎপালক সূর্য্যের শীঘ্রতা প্রাপ্ত হইয়াছিলেন, তাঁহারা দিব্য লোকের যজ্ঞ অন্ন প্রাপ্ত হইয়াছিলেন।

৭। নববলসম্পন্ন ঋভু আমাদিগের রক্ষক (৩) অন্ন ও বাসগৃহদাতা ঋভু আমাদিগের নিবাস হেতু, অতএব তিনি আমাদিগকে তাহা দান করুন। হে ঋভু আদি দেবগণ! আমরা যেন তোমাদের রক্ষা প্রাপ্ত হইয়া অনুকূল দিবসে অভিষববিহীন শত্রুদিগের সেনাকে পরাস্ত করি।

৮। ঋভুগণ তুমি গাভীকে চর্ম্মদ্বারা আচ্ছাদন করিয়াছিলে, এবং সেই গাভীকে পুনরায় বৎসের সহিত যোগ করিয়া দিয়াছিলে (৪)। হে সুধন্বার

(২) ঋভু, বিভু ও বাজ এই তিন জন সুধন্বা নামক অঙ্গীরার পুত্র। যাস্ক। নিরুক্ত ১১। ১৬। এই সূক্তের ঋষি কুৎস ও অঙ্গিরা বংশীয় অতএব ঋভুগণ তাঁহার জ্ঞাতি। ২০ সূক্তের ১ ঋকের টীকা দেখ।

(৩) মূলে "ইন্দ্র" আছে। অর্থ "রক্ষকঃ।" সায়ণ।

(৪) পূর্ব্বে কোনও ঋষির ধেনু মরিয়াছিল, ঋষি বৎসটীকে দেখিয়া ঋভুকে স্তুতি করিয়াছিলেন। ঋভুগণ তাহার সদৃশ আর একটী ধেনু নির্ম্মাণ করিয়া মৃত ধেনুর চর্ম্ম দ্বারা তাহা আচ্ছাদন করিয়া তাহাই বৎসের সহিত যোগ করিয়া দিয়াছিলেন। সায়ণ।

পুত্র! যজ্ঞের নেতৃগণ! তোমরা শোভনীয় কর্ম্মদ্বারা বৃদ্ধ পিতা মাতাকে পুনরায় যুবা করিয়া দিয়াছিলে।

৯। হে ইন্দ্র! তুমি ঋভুদিগের সহিত মিলিত হইয়া অন্নদানের সময় আমাদিগকে অন্নদান কর, বিচিত্র ধন দান কর। মিত্র, বরুণ, অদিতি, সিন্ধু, পৃথিবী ও দ্যৌঃ যেন আমাদিগের রক্ষা করেন।

---

১১১ সূক্ত।

ঋভুগণ দেবতা। আঙ্গিরার পুত্র কুৎস ঋষি।

১। উৎকৃষ্টজ্ঞানসম্পন্ন শিল্পী ঋভুগণ (অশ্বদ্বয়ের জন্য) সুনির্ম্মিত রথ প্রস্তুত করিয়াছিলেন, এবং ইন্দ্রের বাহক হরিনামক বলবান্ অশ্বদ্বয় নির্ম্মাণ করিয়াছিলেন। তাঁহাদের পিতামাতাকে যৌবন দান করিয়াছিলেন, এবং বৎসকে তাহার সহচর গাভী দান করিয়াছিলেন।

২। আমাদিগের যজ্ঞের জন্য উজ্জ্বল অন্ন প্রস্তুত কর, এবং আমাদিগের ক্রতুর জন্য ও বলের জন্য সন্তানের হেতুভূত অন্ন প্রস্তুত কর. যেন আমরা সমস্ত বীর সন্তানদিগের সহিত সুখে বাস করিতে পারি। আমাদিগের বলের জন্য এইরূপ ধন দাও।

৩। হে নেতা ঋভুগণ! আমাদিগের জন্য অন্ন প্রস্তুত কর, আমাদিগের রথের জন্য ধন প্রস্তুত কর, আমাদিগের অশ্বের জন্য অন্ন প্রস্তুত কর। প্রতিদিন লোকে যেন আমাদিগের জয়শীল ধন পূজা করে, এবং আমরা যেন সংগ্রামে আমাদের মধ্যে জাত হউক বা নাই হউক, সকল শত্রুকে পরাস্ত করিতে পারি।

৪। রক্ষণের জন্য মহৎ ইন্দ্রকে এবং ঋভু, বিভু ও বাজকে ও মরুৎগণকে সোমপানার্থ আহ্বান করি; মিত্র ও বরুণ এবং অশ্বিদ্বয়কে আহ্বান করি। তাঁহারা আমাদিগের ধন ও যজ্ঞকর্ম্ম ও বিজয় সাধন করিয়া দিবেন।

৫। ঋভু আমাদিগের সংগ্রামের জন্য ধন প্রদান করুন, সমরবিজয়ী বাজ আমাদিগকে রক্ষা করুন। মিত্র. বরুণ, অদিতি, সিন্ধু, পৃথিবী ও দ্যৌঃ আমাদিগের রক্ষা করুন।

নিজের নিমিত্ত, ধনের নিমিত্ত, শরীর রক্ষার নিমিত্ত, বা পরিজন রক্ষার নিমিত্ত ইন্দ্রের নিকটে প্রার্থনা করে (৪) ?

১৮। কে অগ্নির স্তুতি করে? কে নিত্য ঋতু উপলক্ষ করিয়া পাত্রস্থিত হব্যঘৃত দ্বারা পূজা করে? ইন্দ্র ভিন্ন অন্য দেবগণ কোন্ যজমানকে প্রশংসনীয় ধন শীঘ্র প্রদান করেন? যজ্ঞরত এবং দেবপ্রসাদযুক্ত কোন যজমান্ ইন্দ্রকে সম্যক্ জানে?

১৯। হে বলবান্ দেব ইন্দ্র! তুমি স্তুতিরত মনুষ্যকে প্রশংসা কর। হে মঘবন্! তোমা ভিন্ন আর কেহ সুখদাতা নাই; অতএব তোমার স্তুতি করি।

২০। হে নিবাসস্থানদাতা ইন্দ্র! তোমার ভূতগণ ও সহায়স্বরূপ মরুৎগণ আমাদিগকে যেন কখন বিনাশ না করে। হে মনুষ্যের হিতকারী ইন্দ্র! আমরা মন্ত্র জানি, তুমি আমাদিগকে ধন আনিয়া দাও।

৮৫ সূক্ত।

মরুৎগণ দেবতা। রহুগণের পুত্র গোতম ঋষি।

১। মরুৎগণ গমন কালে স্বীয় শরীর স্ত্রীলোকের ন্যায় অলঙ্কৃত করেন; তাঁহারা গমনশীল রুদ্রের পুত্র; এবং হিতকর কার্য্য দ্বারা আকাশ ও পৃথিবীর বর্দ্ধন সাধন করেন। বীর ও বর্ষণশীল মরুৎগণ যজ্ঞে হব্য প্রাপ্ত হন।

২। ঐ মরুৎগণ দেবগণের দ্বারা অভিষিক্ত হইয়া মহত্ত্ব প্রাপ্ত হইয়াছেন। রুদ্রপুত্রগণ আকাশে স্থান পাইয়াছেন; অর্চ্চনীয় ইন্দ্রের অর্চ্চনা করিয়া ও ইন্দ্রকে বীর্য্যশালী করিয়া পৃশ্নিপুত্র মরুৎগণ ঐশ্বর্য্য প্রাপ্ত হইয়াছিল।

৩। গাভীর পুত্র মরুৎগণ (১) তখন অলংকারের দ্বারা আপনাদিগকে শোভাযুক্ত করেন, তখন দীপ্ত মরুৎগণ স্বীয় শরীরে উজ্জ্বল অলঙ্কার ধারণ করেন, তাঁহারা সমস্ত শত্রু নাশ করেন, এবং তাঁহাদের মার্গ অনুসরণ করিয়া বৃষ্টি বহে।

৪। অর্থাৎ ইন্দ্র স্বয়ংই এ সমস্ত আমাদিগকে দেন। এখানেও "কঃ" অর্থে প্রজাপতি করিয়া সায়ণ দ্বিতীয় একটী ব্যাখ্যা করিয়াছেন।

(১) ২ ঋকে মরুৎগণকে "পৃশ্নিমাতরঃ" অর্থাৎ পৃশ্নির পুত্র এবং ৩ ঋকে তাহাদিগকে গোমাতরঃ অর্থাৎ গাভীর পুত্র বলা হইয়াছে, এই গোশব্দ দ্বারা পৃশ্নিই বুঝাইতেছে। সায়ণ উভয় পৃশ্নি ও গো অর্থে পৃথিবী করিয়াছেন। কিন্তু ২৩ সূক্তে ১০ ঋকের টীকায় পৃশ্নির অর্থ দেখ।

৪। সুন্দর যজ্ঞযুক্ত মরুৎগণ আয়ুধের দ্বারা বিশেষরূপে দীপ্তিমান্ হইয়াছেন; তাঁহারা স্বয়ং অবিচলিত হইয়া পর্ব্বতাদিকেও উৎপাটিত করেন; যখন তোমরা রথে বিন্দুচিহ্নিত মৃগ সংযোজিত কর, তখন হে মরুৎগণ! তোমরা মনের ন্যায় বেগগামী এবং বৃষ্টিসেচনব্রতে নিযুক্ত হও।

৫। অন্নের জন্য মেঘকে বর্ষণার্থ প্রেরণ করিয়া যখন বিন্দুচিহ্নিত মৃগ রথে সংযোজিত কর, তখন উজ্জ্বল অরুষের নিকট হইতে বারিধারা (২) বিমুক্ত হয়, এবং চর্ম্ম আধারের জলের ন্যায় জলদ্বারা সমস্ত ভূমি আর্দ্র হয়।

৬। হে মরুৎগণ! তোমাদের বেগবান্ ও লঘুগামী অশ্ব তোমাদিগকে এই যজ্ঞে বহন করুক; তোমরা শীঘ্রগামী; হস্তে (ধন লইয়া) আইস। হে মরুৎগণ! বিস্তীর্ণ কুশের উপর উপবেশন কর; এবং মধুর সোমরস পান করিয়া তৃপ্ত হও।

৭। মরুৎগণ নিজ বলে নির্ভর করিয়া বৃদ্ধি প্রাপ্ত হইয়াছেন, মহিমা দ্বারা স্বর্গে স্থান পাইয়াছেন, এবং বিস্তীর্ণ বাসস্থান করিয়াছেন। যাঁহাদের জন্য বিষ্ণু সোমরস রক্ষা করেন, সেই মরুৎগণ পক্ষীর ন্যায় শীঘ্র আগমন করিয়া এই প্রীতিকর কুশে উপবেশন করুন।

৮। শূরদিগের ন্যায়, যুদ্ধার্থীদিগের ন্যায়, যশঃপ্রিয় পুরুষদিগের ন্যায় শীঘ্রগামী মরুৎগণ সংগ্রামে লিপ্ত হইয়াছেন; বিশ্বভুবন সেই মরুৎগণকে ভয় করে, তাঁহারা নেতা ও রাজার ন্যায় উগ্ররূপ।

৯। শোভনকর্ম্মা ত্বষ্টা যে সুনির্ম্মিত, হিরণ্ময় ও অনেক ধারযুক্ত বজ্র ইন্দ্রকে দিয়াছিলেন, ইন্দ্র সেই বজ্র সংগ্রামে কার্য্যসাধন করিবার জন্য ধারণ করিয়া বৃত্রবধ করিয়াছিলেন এবং বারিরাশি বর্ষিত করিয়াছিলেন।

১০। মরুৎগণ স্বীয় বলদ্বারা কূপ উপরে উঠাইয়া (৩) পথনিরোধক পর্ব্বতকে বিভেদ করিয়াছিলেন। শোভনদানশীল মরুৎগণ বীণা বাজাইয়া (৪) সোমপানে হৃষ্ট হইয়া রমণীয় ধন দিয়াছিলেন।

(২) মূলে "অরুষস্য" আছে, অর্থ "আরোচমানস্য সূর্য্যাস্য বৈদ্যুতাগ্নের্বা।" সায়ণ। আচার্য্য মক্ষমূলর রক্তবর্ণ মেঘ অর্থ করিয়াছেন। ৬ সূক্তের ১ ঋকের টীকা দেখ।

(৩) "অবতঃ কূপঃ।" সায়ণ। গোতম ঋষি পিপাসিত হইয়া জল চাহিয়াছিলেন, মরুৎগণ দূরস্থ একটা কূপ উঠাইয়া গোতম ঋষির নিকটে লইয়া গিয়াছিলেন। সায়ণ। কূপ উঠাইয়া গোতম ঋষিকে জল দেওয়া সম্বন্ধে ১১৬ সূক্তের ৯ ঋক দেখ।

(৪) মূলে "ধমন্তো বাণং" আছে। "বীণা বিশেষং ধমন্তো বাদয়ন্তঃ।" সায়ণ। কিন্তু মক্ষমূলর "বাণ" অর্থে "voice" করিয়াছেন।

"There is no authority for *vâna* meaning either lyre or flute in the Vedas."—*Max Muller.*

১১। মরুৎগণ সেই গোতমের দিকে যূপ বক্রভাবে প্রেরণ করিলেন; এবং তৃষিত গোতম ঋষির জন্য জল সিঞ্চন করিলেন। বিচিত্র দীপ্তিযুক্ত মরুৎগণ রক্ষণের জন্য আগমন করেন, এবং জীবনোপায় জলদ্বারা মেধাবী গোতমের তৃপ্তি সাধন করিয়াছিলেন।

১২। হে মরুৎগণ! তোমাদের স্তোতাকে দেয় যে সুখ তিন জগতে আছে, তোমরা তাহা হব্যদাতাকে প্রদান কর। সেই সমস্ত আমাদিগকে দাও; হে অভীষ্টপ্রদ! আমাদিগকে বীরযুক্ত ধন দাও।

৮৬ সূক্ত।

মরুৎগণ দেবতা। রহুগণের পুত্র গোতম ঋষি।

১। হে উজ্জ্বল মরুৎগণ! অন্তরীক্ষ হইতে আগমন করিয়া তোমরা যাহার গৃহে সোমপান কর, সেই জন অতিশয় সুরক্ষক সম্পন্ন।

২। হে যজ্ঞবাহী মরুৎগণ! যজ্ঞরত যজমানের স্তুতি অথবা মেধাবীর (১) আহ্বান শ্রবণ কর।

৩। যে যজমানের ঋত্বিক্‌গণ (২) মরুৎগণকে (হব্য প্রদান দ্বারা) উৎসাহিত করিয়াছে, সেই যজমান্ বহুগাভীযুক্ত গোষ্ঠে গমন করেন।

৪। যজ্ঞের দিবসে বীর মরুৎগণের নিমিত্ত যজ্ঞে সোম অভিষুত হয়, এবং মরুৎগণের হর্ষের নিমিত্ত স্তোত্র উচ্চারিত হয়।

৫। সর্ব্বশত্রুবিজয়ী মরুৎগণ স্তোতার স্তুতি শ্রবণ করুন্; এবং স্তোতা প্রভূত অন্ন প্রাপ্ত হউন।

৬। হে মরুৎগণ! আমরা, সর্ব্বজ্ঞ মরুৎগণ কর্ত্তৃক রক্ষিত হইয়া, তোমাদিগকে বহুবৎসর হব্য প্রদান করিতেছি।

৭। হে যজনীয় মরুৎগণ! যাহার হব্য তোমরা গ্রহণ কর, সে সৌভাগ্যশালী হউক।

৮। হে প্রকৃত বলসম্পন্ন নেতা মরুৎগণ! তোমাদের স্তুতিপরায়ণ ও শ্রমের দ্বারা স্বেদযুক্ত এবং তোমাদিগের অভিলাষী স্তোতৃগণের অভিলাষ অবগত হও।

(১) মূলে "বিপ্রস্য বা" আছে। "অযজমানস্য মেধাবিনঃ।" সায়ণ।

(২) মূলে "বাজিনঃ" আছে। "হবির্লক্ষণান্নোপেতা ঋত্বিজঃ।" সায়ণ।

৯। হে প্রকৃত বলসম্পন্ন মরুৎগণ! তোমরা উজ্জ্বল মাহাত্ম্য প্রকাশ কর, এবং তদ্দ্বারা রাক্ষসাদিকে তাড়িত কর।

১০। সর্ব্বব্যাপী অন্ধকারকে নিবারণ কর; রাক্ষসাদি সকল ভক্ষককে বিদূরিত কর; অভিলষিত যে জ্যোতি আমরা কামনা করি তাহা প্রকাশিত কর।

---

৮৭ সূক্ত।

মরুৎগণ দেবতা। রহুগণের পুত্র গোতম ঋষি।

১। মরুৎগণ শত্রুঘাতী প্রকৃষ্ট বলসম্পন্ন, জয়ঘোষযুক্ত, আনতিরহিত, অবিযুক্ত, ঋজীষী, ও যজমানের সেবিত, এবং মেঘাদির নেতা মরুৎগণ আভরণ দ্বারা নক্ষত্রপূর্ণ আকাশের ন্যায় প্রকাশিত হইলেন।

২। হে মরুৎগণ! পক্ষীর ন্যায় কোনও পথ দিয়া শীঘ্র ধাবমান্ হইয়া সন্নিকৃষ্ট নভঃ প্রদেশে যখন তোমরা গমনশীল মেঘসমূহকে সমবেত কর, তখন তোমাদের মেঘ সকল তোমাদের রথে সংশ্লিষ্ট হইয়া বারিবর্ষণ করে; অতএব, তোমরা পূজকের উপর মধুসদৃশ স্বচ্ছ বারি সিঞ্চন কর।

৩। যখন মরুৎগণ শুভপ্রদ বৃষ্টির জন্য মেঘ সকলকে সজ্জীভূত করেন, তখন মরুৎগণ মেঘ সকলকে উৎক্ষিপ্ত করিয়া নিয়মিত করিতেছে দেখিয়া পৃথিবী বিরহিতা স্ত্রীর ন্যায় (১) কম্পিত হয়েন; তাদৃশ বিহারশীল, গমনশীল ও দীপ্তায়ুধ মরুৎগণ পার্ব্বতাদি কম্পিত করিয়া স্বকীয় মহিমা প্রকটিত করেন।

৪। মরুৎগণ স্বয়ং পরিচালিত, এবং বিন্দুচিহ্নিত মৃগ তাঁহাদিগের অশ্ব; তাঁহারা তরুণ, বীর্য্যশালী এবং ক্ষমতাপন্ন, তোমরা সত্য, ঋণ হইতে মুক্তিদাতা, অনিন্দিত, এবং জলবর্ষণকারী; তোমরা আমাদের যজ্ঞের রক্ষক।

৫। আমাদের পুরাতন পিতা রহুগণ কর্ত্তৃক উপদিষ্ট হইয়া আমরা কহিতেছি যে সোমের আহুতির সহিত স্তুতিবাক্য মরুৎগণকে প্রাপ্ত হয়; তাঁহারা ইন্দ্রের স্তুতি করতঃ বৃত্র হনন কার্য্যে উপস্থিত ছিলেন, এবং যজ্ঞার্হ নাম ধারণ করিয়াছেন।

---

(১) মূলে "বিথুরা ইব।" "ভর্ত্রা বিযুক্তা জায়া।" সায়ণ। কিন্তু মক্ষমূলর অনুবাদ করিয়াছেন "as if broken." "There is no authority for Sayan's explanation of Vithura-iva, the earth trembles like a widow. Vithura occurs several times in the Rig Veda, but never in the sense of widow."—*Max Muller.*

৬। ঐ মরুৎগণ প্রাণীগণের উপভোগের নিমিত্ত দীপ্তিমান্ সূর্য্যকিরণের সহিত বৃষ্টিবারি সিঞ্চন করিতে ইচ্ছা করেন; তাঁহারা স্তুতিমান্ ঋত্বিক্‌গণের সহিত সুখকর হব্য ভক্ষণ করেন; স্তুতিযুক্ত বেগগামী ও নির্ভীক মরুৎগণ সর্ব্বপ্রিয় মরুৎসম্বন্ধীয় স্থান প্রাপ্ত হইয়াছেন।

---

৮৮ সূক্ত।

মরুৎগণ দেবতা। রহুগণের পুত্র গোতম ঋষি।

১। হে মরুৎগণ! তোমরা বিদ্যুৎযুক্ত, শোভন গমন বিশিষ্ট, আয়ুধ সম্পন্ন ও অশ্বসংযুক্ত মেঘে আরোহণ করিয়া আগমন কর। হে শোভনকর্ম্মা মরুৎগণ! প্রভূত অন্নের সহিত পক্ষীর ন্যায় আমাদের নিকট আগমন কর।

২। মরুৎগণ অরুণ ও পিঙ্গল রথবাহক অশ্ব দ্বারা দেবগণের কোন স্তোতার নিকট শুভ সম্পাদনার্থ আগমন করিতেছেন? সুবর্ণের ন্যায় দীপ্তিমান্ আয়ুধযুক্ত মরুৎগণ রথ চক্র দ্বারায় ভূমি ক্ষত করিতেছেন।

৩। হে মরুৎগণ! ঐশ্বর্য্য লাভার্থ তোমাদের শরীরে শত্রুগণের আক্রোশকারী আয়ুধ আছে মরুৎগণ বন বৃক্ষ সমূহের ন্যায় যজ্ঞ ঊর্দ্ধ করেন। হে সুজাত মরুৎগণ! তোমাদের নিমিত্ত প্রভূত ধনশালী যজমানগণ (সোম-নিস্যন্দী) প্রস্তর ধন যুক্ত করে।

৪। হে গৃধ্র সদৃশ মরুৎগণ! তোমাদের দিবস আগত হইয়াছে, এবং উদকনিষ্পাদ্য যজ্ঞকে দ্যুতিমান্ করিয়াছে। গোতম ঋষিগণ স্তোত্রের সহিত হব্য দান করিয়া পানের নিমিত্ত কূপ উন্নমিত করিয়াছেন।

৫। মরুৎগণ লৌহদ্রংষ্ট্রা, ইতস্ততঃ ধাবমান বরাহ সদৃশ! সেই মরুৎগণকে দেখিয়া গোতম ঋষি যে স্তোত্র উচ্চারিত করিয়াছিলেন, এ সেই স্তুতি (১)।

৬। হে মরুৎগণ! যোগ্য স্তুতি তোমাদিগের প্রত্যেককে স্তুতি করে, ঋত্বিক্‌গণের বাণী এক্ষণে অনায়াসে এই ঋক্‌সমূহ দ্বারা তোমাদের স্তুতি করিয়াছে, কেন না তোমরা আমাদের হস্তে বহুবিধ অন্ন স্থাপিত করিয়াছ।

---

(১) ৪ ও ৫ ঋকে মরুৎগণকে গৃধ্রের সহিত ও বরাহের সহিত তুলনা করা হইয়াছে। সায়ণ এ উপমায় সম্মত নহেন। তিনি ঋক্‌দ্বয়ের অন্য অর্থ করিয়াছেন।

৮৯ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। রহূগণের পুত্র গোতম ঋষি।

১। কল্যাণকর, অহিংসিত, অপ্রতিরুদ্ধ ও শত্রুবিনাশকারী যজ্ঞ সকল সর্ব্বদিক হইতে আগমন করুক; যাঁহারা আমাদের পরিত্যাগ না করিয়া প্রতিদিন রক্ষা করেন, সেই দেবগণ সর্ব্বদা আমাদের বর্দ্ধিত করুন।

২। ঋজু লোকপ্রিয় দেবগণের কল্যাণকর অনুগ্রহ আমাদের অভিমুখে আগমন করুক, এবং তাঁহাদের দান আমাদের অভিমুখে আগমন করুক; আমরা যেন সেই দেবগণের বন্ধুত্ব প্রাপ্ত হই, তাঁহারা আমাদের জীবন বর্দ্ধন করুন।

৩। তাঁহাদিগকে পূর্ব্বের বাক্যের দ্বারা আহ্বান করি; ভগ, মিত্র, অদিতি, দক্ষ, অস্রিধ (১), অর্য্যম, বরুণ, সোম, এবং অশ্বিদ্বয়কে আহ্বান করি; সৌভাগ্যশালিনী সরস্বতী আমাদের সুখ সম্পাদিত করুন।

৪। বায়ু আমাদের নিকট সুখোৎপাদক ভেষজ আনয়ন করুন; জননী পৃথিবী ও পিতা দ্যুলোকও আনয়ন করুন; সোমনিস্যন্দী সুখোৎপাদক প্রস্তরও সেই ভেষজ আনয়ন করুক; ধ্যান দ্বারা প্রাপ্তব্য, হে অশ্বিদ্বয়! তোমরা আমাদের যাচ্ঞা শ্রবণ কর।

৫। আমরা সেই ঐশ্বর্য্যশালী, স্থাবর জঙ্গমের অধিপতি যজ্ঞতোষ ইন্দ্রকে আমাদের রক্ষার নিমিত্ত আহ্বান করি; পূষা যেরূপ আমাদের ধন বর্দ্ধনের জন্য রক্ষক আছেন, অহিংসিত পূষা সেইরূপ আমাদের মঙ্গলের জন্য রক্ষক হউন।

৬। প্রভূত স্তুতিভাজন ইন্দ্র ও সর্ব্বজ্ঞ পূষা আমাদিগকে মঙ্গল প্রদান করুন; তৃক্ষের পুত্র (২) অরিষ্টনেমি এবং বৃহস্পতি আমাদিগকে মঙ্গল প্রদান করুন।

(১) অস্রিধং শোষণরহিতং সর্ব্বদৈকরূপেণ বর্ত্তমানং মরুদ্গণং। সায়ণ।

(২) মূলে "তার্ক্ষ্যঃ অরিষ্টনেমিঃ" আছে। সায়ণ অর্থ করিয়াছেন অহিংসিত রথনেমি-যুক্ত গরুড়। কিন্তু বিষ্ণুর বাহন গরুড় ঋগ্বেদের সময় কল্পিত হয় নাই, এবং গরুড়কে নেমিযুক্ত বলিয়া কেন বর্ণনা করিবে বুঝা যায় না। পুরাণে কোন কোন স্থলে কশ্যপ না প্রজাপতির নাম অরিষ্টনেমি এরূপ দেখা যায়; এই স্থানেও "তার্ক্ষ্যঃ অরিষ্টনেমিঃ" অর্থে তৃক্ষের পুত্র কশ্যপ হওয়া সম্ভব।

৭। মরুৎগণ বিন্দুচিহ্নিত মৃগযুক্ত, পৃশ্নিপুত্র, শোভনীয় গতিযুক্ত, যজ্ঞগামী ও অগ্নিজিহ্বায় অবস্থিত (৩), বুদ্ধিসম্পন্ন ও সূর্য্যের ন্যায় দীপ্তিমান্ মরুৎ দেবগণ আমাদের রক্ষার জন্য এই স্থানে আগমন করুন।

৮। হে দেবগণ! আমরা যেন কর্ণে কল্যাণকর বাক্য শ্রবণ করিতে সমর্থ হই; হে যজনীয় দেবগণ! আমরা চক্ষে যেন কল্যাণকর বস্তু দেখিতে সমর্থ হই; আমরা যেন দৃঢ়াঙ্গশরীরযুক্ত হইয়া তোমাদের স্তুতি করতঃ দেবগণ দ্বারা নির্দ্দিষ্ট আয়ু প্রাপ্ত হই।

৯। হে দেবগণ! মনুষ্যের পক্ষে শত বৎসরই আয়ু কল্পিত হইয়াছে; ঐ সময়ে তোমরা শরীরের জরা উৎপাদন করিয়া থাক, ঐ সময় পুত্রগণ পিতা হন। সেই নির্দ্দিষ্ট আয়ুর মধ্যে আমাদিগকে বিনাশ করিও না।

১০। অদিতি আকাশ; অদিতি অন্তরীক্ষ; অদিতি মাতা; তিনি পিতা; তিনি পুত্র; অদিতি সকল দেব; অদিতি পঞ্চ লোক (৪); অদিতি জন্ম ও জন্মের কারণ।

---

৯০ সূক্ত।

বহুদেবতা দেবতা। রহূগণের পুত্র গোতম ঋষি।

১। বরুণ ও মিত্র (উত্তম পথ) অবগত হইয়া আমাদিগকে অকুটিল গতিতে লইয়া যান; এবং দেবগণের সহিত সমান প্রীতিযুক্ত অর্য্যমাও (আমাদিগকে) লইয়া যান।

২। তাঁহারা ধন বিতরণ করেন, তাহারা মূঢ়তাশূন্য হইয়া স্বীয় তেজের দ্বারা সকল দিন স্বীয় কার্য্য পালন করেন।

৩। সেই অমরগণ আমাদের শত্রু বিনাশ করিয়া আমাদিগকে সুখ প্রদান করুন; আমরা মরণশীল মনুষ্য।

(৩) সকল দেবগণই হব্য প্রাপ্তির জন্য অগ্নির জিহ্বায় অবস্থান করেন। সায়ণ।

(৪) মূলে "অদিতিঃ পঞ্চজনাঃ" আছে এই পঞ্চজন কে, তাহা সায়ণ এইরূপ লিখিয়াছেন "পঞ্চজনা নিষাদপঞ্চমাশ্চত্বারো বর্ণাঃ। যদ্বা গন্ধর্ব্বাঃ পিতরো দেবা অসুরা রক্ষাংসি।" যাস্ক বলিয়াছেন "গন্ধর্ব্বাঃ পিতরো দেবা অসুরা রক্ষাংসীত্যেতে চত্বারো বর্ণা নিষাদপঞ্চম ইত্যৌপমন্যবঃ। নিরুক্ত ৩।৭। এ অর্থ সঙ্গত বলিয়া বোধ হয় না। ঋগ্বেদে অনেক স্থানে "পঞ্চক্ষিতি" বা "পঞ্চকৃষ্টি" বা "পঞ্চজন" শব্দ ব্যবহৃত হইয়াছে, তাহার অর্থ পঞ্জাব প্রদেশ ও পঞ্চনদকূলবাসী সমস্ত আর্য্য জাতি। প্রথম মণ্ডলের ৭ সূক্তের ৯ ঋক্ ও দ্বিতীয় মণ্ডলের ২ সূক্তের ১০ ঋকের টীকা দেখ।

৪। স্বর্গীয় ইন্দ্র, মরুৎগণ, পূষা ও ভগ দেবগণ উৎকৃষ্ট ফল প্রাপ্তির জন্য আমাদের পথ দেখাইয়া দিন।

৫। হে পূষা, বিষ্ণু ও মরুৎগণ! তোমরা আমাদের যজ্ঞ পশুপ্রাপক কর এবং আমাদিগকে বিনাশ রহিত কর।

৬। বায়ু সকল যজমানের জন্য মধু বর্ষণ করে, নদীসমূহ মধুক্ষরণ করে; ওষধি সকলও মাধুর্য্যযুক্ত হউক।

৭। আমাদের রাত্রি ও উষা মধুর হউক; পার্থিব জনপদ মাধুর্য্য বিশিষ্ট হউক; যে আকাশ সকলের পালয়িতা সে আকাশও মধুযুক্ত হউক।

৮। বনস্পতি আমাদের প্রতি মধুর হউক; সূর্য্যও মধুর হউক; ধেনুসকল মধুর হউক।

৯। মিত্র, বরুণ, অর্য্যমা, বৃহস্পতি, ইন্দ্র ও বিস্তীর্ণপাদক্ষেপী বিষ্ণু আমাদের সুখকর হউন।

---

৯১ সূক্ত।

সোম দেবতা। রহূগণের পুত্র গোতম ঋষি।

১। হে সোম! আমরা বুদ্ধিদ্বারা তোমাকে বিশেষরূপে অবগত আছি, তুমি আমাদিগকে সরল পথে লইয়া যাও; হে ইন্দ্র! (অর্থাৎ হে সোম!) তোমা কর্ত্তৃক নীত হইয়া আমাদের পিতৃগণ দেবগণ মধ্যে রত্ন প্রাপ্ত হইয়াছিলেন।

২। হে সোম! তুমি স্বীয় যজ্ঞ দ্বারা শোভনীয় যজ্ঞযুক্ত, স্বীয় বল দ্বারা শোভনীয় বলযুক্ত, তুমি সর্ব্বজ্ঞ। তুমি অভীষ্ট ফল বর্ষণ দ্বারা বর্ষণকারী, এবং তুমি মহিমায় মহান্ যজমানের অভিমত ফল প্রদর্শন করতঃ যজমানদত্ত অন্ন দ্বারা প্রভূতান্নযুক্ত।

৩। হে সোম! রাজা বরুণের কার্য্য সমুদয় তোমারই; তোমার তেজ বিস্তীর্ণ ও গভীর; প্রিয় মিত্রের ন্যায় তুমি সকলের সংশোধক; অর্য্যমার ন্যায় তুমি সকলের বর্দ্ধক।

৪। হে সোম! তোমার যে তেজ দ্যুলোকে, পৃথিবীতে, পর্ব্বতে, ওষধিতে এবং জলে আছে, সেই তেজযুক্ত হইয়া, হে সুমনা এবং ক্রোধহীন রাজন্! আমাদের হব্য গ্রহণ কর।

৫। হে সোম! তুমি সৎলোকের অধিপতি; তুমি রাজা, তুমি বৃত্রহন্তা, তুমিই শোভনীয় যজ্ঞ।

১৪। উষা আকাশের বিস্তীর্ণ দিক সকল আলোকপূর্ণ তেজদ্বারা দীপ্তিমান্ করিতেছেন, উষাদেবী রাত্রিকৃত কৃষ্ণরূপ দূর করিয়াছেন। সুপ্ত প্রাণীদিগকে জাগরিত করিয়া উষা অরুণ অশ্বযুক্ত রথে আগমন করিতেছেন।

১৫। তিনি পোষণসমর্থ বরণীয় ধন আনয়ন করিয়া এবং সকলকে চৈতন্য দান করিয়া বিচিত্র রশ্মি প্রকাশ করিতেছেন। তিনি পূর্ব্বগত অনেক উষার উপমাস্বরূপ এবং আগামী প্রভাযুক্ত উষাসমূহের প্রারম্ভস্বরূপ। তিনি রশ্মি বিকাশ করিতেছেন।

১৬। হে মনুষ্যগণ! উঠ, আমাদিগের (শরীর) পরিচালক জীবন আসিয়াছে, অন্ধকার গিয়াছে, আলোক আসিয়াছে। (উষা) সূর্য্যের গমনের জন্য পথ করিয়া দিয়াছেন; যেখানে অন্ন দান করিয়া বর্দ্ধন করিতেছে, তথায় যাইব।

১৭। স্তুতিবাহক স্তোতা প্রভাযুক্ত উষাকে স্তব করিয়া সুগ্রথিত বাক্য সমূহ উচ্চারণ করিতেছে। হে ধনবতী উষা! অদ্য সেই স্তোতার অন্ধকার বিনাশ কর, এবং তাহাকে সন্ততিযুক্ত অন্ন দান কর।

১৮। যে গাভীসম্পন্ন ও সকল বীরযুক্ত উষাসমূহ বায়ুর ন্যায় (শীঘ্র) সুনৃত স্তুতি শেষ হইলে হব্যদাতা মনুষ্যের অন্ধকার বিনাশ করেন, সেই অশ্বদাতা উষাগণ সোম অভিষবকারীর প্রতি প্রসন্ন হউন।

১৯। হে উষা! তুমি দেবগণের মাতা (৩) অদিতির প্রতিস্পর্দ্ধিনী, তুমি যজ্ঞ প্রকাশ কর, বিস্তীর্ণ হইয়া কিরণ দান কর। আমাদিগের স্তোত্র প্রশংসা করিয়া আমাদিগের উপর উদয় হও; হে সকলের বরণীয়ে! আমাদিগকে জনপদে প্রাদুর্ভূত কর।

২০। উষাগণ যে কিছু বিচিত্র গ্রহণযোগ্য ধন আনয়ন করেন, তাহা যজ্ঞসম্পাদক স্তোতার কল্যাণস্বরূপ। মিত্র, বরুণ, অদিতি, সিন্ধু, পৃথিবী ও দ্যৌ আমাদিগের রক্ষা করুন।

---

(৩) উষাকালে সকল দেবগণ স্তুতি দ্বারা জাগরিত হয়েন, অতএব উষাকে তাঁহাদের জননী বলিয়া বর্ণনা করা হইয়াছে। অতএব তিনি দেবগণের মাতা অদিতির প্রতিস্পর্দ্ধিনী। সায়ণ।

১১৪ সূক্ত।

রুদ্র দেবতা। অঙ্গিরার পুত্র কুৎস ঋষি।

১। মহৎ কপর্দ্দী (১) বীরনাশী রুদ্রকে আমরা এই মাননীয় (স্তুতিসমূহ) অর্পণ করিতেছি, যেন দ্বিপদ ও চতুষ্পদগণ সুস্থ থাকে, যেন আমাদের এই গ্রামে সকলে পুষ্ট ও রোগশূন্য হইয়া থাকে।

২। হে রুদ্র! তুমি সুখী হও, আমাদিগকে সুখী কর; তুমি বীরদিগের ক্ষয়কারী, আমরা নমস্কারের সহিত তোমার পরিচর্য্যা করি। পিতা মনু যে রোগসমূহ হইতে উপশম ও ভয়সমূহ হইতে উদ্ধার পাইয়াছিলেন, হে রুদ্র! তোমার উপদেশ হইতে যেন আমরা তাহা পাই।

৩। হে অভীষ্টদাতা রুদ্র! তুমি বীরদিগের ক্ষয়কারী। আমরা দেব যজ্ঞ দ্বারা যেন তোমার অনুগ্রহ প্রাপ্ত হই; তুমি আমাদের সন্তানদিগের সুখ কামনা করিয়া তাহাদিগের নিকট আইস; আমরাও সন্তানগণের কুশল দেখিয়া তোমাকে হব্য দান করিব।

৪। আমরা রক্ষার জন্য দীপ্তিমান্ ও যজ্ঞসাধক ও কুটিলগতি ও মেধাবী রুদ্রকে আহ্বান করি, তিনি আমাদিগের নিকট হইতে তাঁহার ক্রোধ দূরে প্রেরণ করুন, আমরা তাঁহার অনুগ্রহ প্রার্থনা করি।

৫। সেই উৎকৃষ্ট স্বর্গীয় বরাহকে (২) সেই অরুণবর্ণ, কপর্দ্দী দীপ্তিমান্ উজ্জ্বলরূপধারীকে আমরা নমস্কার দ্বারা আহ্বান করি। তিনি হস্তে বরণীয় ভৈষজ ধারণ করিয়া আমাদিগকে সুখ বর্ম্ম ও গৃহ প্রদান করুন।

৬। মধু হইতেও অধিক মধুর এই স্তুতি বাক্য মরুৎগণের পিতা রুদ্রের উদ্দেশে উচ্চারিত হইতেছে, ইহাতে (স্তোতার) বৃদ্ধি সাধন হয়। হে মরণ-রহিত রুদ্র! মনুষ্যদিগের ভোজনরূপ অন্ন আমাদিগকে প্রদান কর, এবং আমাকে, আমার পুত্রকে ও তাহার তনয়কে সুখ দান কর।

---

(১) রুদ্র শব্দের আদিম অর্থ বজ্র অথবা অগ্নির রূপ বিশেষ। ৪৩ সূক্তের ১ ঋকের টীকা দেখ। কপর্দ্দী অর্থ "জটিল" অথবা জটাধারী। সায়ণ। অগ্নির জটা কি? ধূমধূম বা মেঘ পুঞ্জই অগ্নির জটা এইরূপ অনুমিত হয়।

(২) মূলে "বরাহং" আছে। "বরাহারং উৎকৃষ্টভোজনং যদ্বা বরাহবৎ দৃঢ়াঙ্গং।" সায়ণ। "[illegible] the Sky."—*Max Muller.*

৭। হে রুদ্র! আমাদিগের মধ্যে বৃদ্ধকে [illegible] না, বালককে বধ করিও না, সন্তান জনয়িতাকে বধ করিও না, [illegible]কে বধ করিও না; আমাদিগের পিতাকে বধ করিও না, মাতাকে [illegible]না, আমাদিগের প্রিয় শরীরে আঘাত করিও না।

৮। হে রুদ্র! আমাদিগের পুত্রকে হিং[illegible]না, তাহার পুত্রকে হিংসা করিও না, আমাদিগের অন্য মনুষ্যকে হিংসা [illegible] না, আমাদিগের গো ও অশ্ব হিংসা করিও না। হে রুদ্র! ক্রুদ্ধ হইয়া আমাদিগের বীরদিগকে হিংসা করিও না, কেননা আমরা হব্য লইয়া সর্ব্বদাই তোমাকে আহ্বান করি।

৯। পশুপালক যেরূপ সায়ংকালে পশুস্বামীদিগকে তাহাদের পশু ফিরাইয়া দেয়, হে রুদ্র! আমি সেইরূপ তোমার স্তোত্র তোমাকে অর্পণ করিতেছি। হে মরুৎগণের পিতা! আমাদিগকে সুখ দান কর, তোমার অনুগ্রহ অতিশয় সুখকর এবং কল্যাণকর, আমরা তোমার রক্ষণ প্রার্থনা করি।

১০। হে বীরগণের ক্ষয়কারক! তোমার কৃত গোহত্যা ও মনুষ্যহত্যা দূরে থাকুক, আমরা যেন তোমার দত্ত সুখ পাই। আমাদিগকে সুখী কর, হে দীপ্তিমান্ রুদ্র! আমাদের পক্ষ হইয়া কহিও, তুমি উভয় পৃথিবীর স্বামী, আমাদিগকে সুখ দাও।

১১। আমরা রক্ষণ বাঞ্ছা করিয়া কহিয়াছি, সেই রুদ্রকে নমস্কার। রুদ্র মরুৎগণের সহিত আমাদিগের আহ্বান শ্রবণ করুন। মিত্র, বরুণ, অদিতি, সিন্ধু, পৃথিবী ও দ্যু আমাদিগের রক্ষা করুন।

১১৫ সূক্ত।

সূর্য্য দেবতা। অঙ্গিরার পুত্র কুৎস ঋষি।

১। বিচিত্র তেজঃপুঞ্জরূপ, মিত্র, বরুণ ও অগ্নির চক্ষু স্বরূপ সূর্য্য উদয় হইয়াছেন; দ্যাবা পৃথিবী ও অন্তরীক্ষ স্বীয় কিরণে পরিপূর্ণ করিয়াছেন; সূর্য্য জঙ্গম ও স্থাবর সকলের আত্মাস্বরূপ।

২। মনুষ্য যেরূপ নারীর পশ্চাৎ গমন করে, সূর্য্য সেইরূপ দীপ্তিমান্ ঊষার পশ্চাতে আসিতেছেন (১); এই সময়ে দেবতাকাঙ্ক্ষী মনুষ্যগণ

(১) ৩০ সূক্তের ২২ ঋকের টীকায় গ্রীকদিগের শাস্ত্রের ও Apollo Daphne সম্বন্ধে গল্প দেখ।

বহুযুগ প্রচলিত যজ্ঞকর্ম বিস্তার করেন, সুফলার্থ কল্যাণ কর্ম্ম সম্পন্ন করেন।

৩। সূর্য্যের কল্যাণরূপ হরিৎ নামক বিচিত্র অশ্বগণ এই পথ দিয়া গমন করে, তাহারা সকলের স্তুতিভাজন; আমরা সেই অশ্বদিগকে অর্চনা করিতেছি; তাহারা আকাশ পৃষ্ঠে উঠিয়াছে, এবং একবারেই দ্যাবা পৃথিবী ব্যাপ্ত করিতেছে।

৪। সূর্য্যের এরূপ দেবত্ব, এরূপ মাহাত্ম্য যে মনুষ্যদিগের কর্ম্ম অসমাপ্ত থাকিতেই তিনি তাঁহার বিস্তীর্ণ রশ্মিজাল সম্বরণ করেন। যখন তিনি রথ হইতে হরিৎ নামক অশ্বগণ বিযুক্ত করেন, তখন রাত্রি সর্ব্বলোকে অন্ধকাররূপ আবরণ বিস্তার করেন।

৫। মিত্র ও বরুণের দর্শনার্থ আকাশের মধ্যভাগে সূর্য্য স্বীয় জ্যোতির্ম্ময়রূপ প্রকাশ করিতেছেন; তাঁহার হরিৎ নামক অশ্বগণ একদিকে তাঁহার অনন্ত দীপ্তিমান্ বল ধারণ করে, অন্য দিকে কৃষ্ণবর্ণ (অন্ধকার) নিষ্পাদন করে।

৬। হে দেবগণ! অদ্য সূর্য্যের উদয়ে আমাদিগকে পাপ হইতে মুক্ত কর। মিত্র, বরুণ, অদিতি, সিন্ধু, পৃথিবী ও দ্যু আমাদের রক্ষা করুন।

---

১১৬ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। দীর্ঘতমার পুত্র কক্ষীবান্ ঋষি।

১। যেরূপ যজমান যজ্ঞার্থ কুশ বিস্তার করে, যেরূপ বায়ু মেঘকে (নানাদিকে প্রেরণ করে) সেইরূপ আমি নাসত্যদ্বয়কে প্রচুর স্তোত্র প্রেরণ করিতেছি; তাঁহারা শত্রুসেনা পশ্চাৎ ফেলিয়া রথদ্বারা যুবক বিমদ রাজর্ষির স্ত্রীকে তাঁহার নিকট পঁহুছিয়া দিয়াছিলেন (১)।

---

(২) মূলে "যুগানি" আছে। "যুগশব্দঃ কালবাচী। তেন চ তত্র কর্ত্তব্যানি কর্ম্মাণি লক্ষ্যন্তে।" সায়ণ।

(১) বিমদনামক রাজর্ষি স্বয়ম্বরে কন্যালাভ করিলে পর অন্যান্য রাজগণ পথে তাঁহাকে আক্রমণ করেন। অশ্বিদ্বয় সেই সময় বিমদকে সহায়তা করেন এবং আপনাদিগের রথে করিয়া বিমদের স্ত্রীকে বিমদের সদনে পহুছিয়া দিলেন। সায়ণ।

২। হে নাসত্যদ্বয়! তোমরা বলবান্ ও শীঘ্রগতি অশ্বদ্বারা ... ও দেবগণের উৎসাহে উৎসাহিত হইয়াছিলে; তোমাদের রথবাহক গর্দ্দভ যমের প্রিয় সহস্রযুদ্ধে জয় করিয়াছিল।

৩। কোন ম্রিয়মাণ মনুষ্য যেরূপ ধন ত্যাগ করে, সেইরূপ তুগ্র অতিকষ্টে তাঁহার পুত্র ভুজ্যুকে সমুদ্রে পাঠাইলেন (২)। হে অশ্বিদ্বয়! তোমরা আপনাদিগের নৌকাসমূহ দ্বারা তাহাকে ফিরিয়া আনিয়াছিলে। সে নৌকা জলে ভাসিয়া যায় তাহাতে জল প্রবেশ করে না।

৪। হে নাসত্যদ্বয়! তোমরা তিনবা বৃকেরগামী শতচক্রবিশিষ্ট ষট্ অশ্বযুক্ত রথে ভুজ্যুকে বহন করিয়াছিলে, সে রথ তিন দিন রাত্রি ব্যাপিয়া আর্দ্র সমুদ্রের জলশূন্য পারে চলিয়াছিল। ... দিয়াছ।

৫। হে অশ্বিদ্বয়! তোমরা অবলম্বন রহিত দিয়া প্রদেশ রহিত, গ্রহণীয় বস্তু রহিত, সমুদ্রে এই কর্ম্ম করিয়াছিলে; শতদাঁড়যুক্ত নৌকায় ভুজ্যুকে রাখিয়া তাহার গৃহে আনিয়াছিলে।

৬। হে অশ্বিদ্বয়! অহন্তব্য অশ্বের পতি পেদু নামক রাজর্ষিকে তোমরা যে শ্বেতবর্ণ অশ্ব দিয়াছিলে, সে অশ্ব তাহার নিত্য নিত্য জয়রূপ মঙ্গল সাধন করিয়াছিল (৩); তোমাদের সেই দান মহৎ ও কীর্ত্তনীয় হইয়াছিল; পেদুর সেই উৎকৃষ্ট অশ্ব আমাদিগের সর্ব্বদাই পূজনীয়।

৭। হে নেতৃদ্বয়! প্রজ্রকুলে (৪) জাত কক্ষীবান্ তোমাদের স্তুতি করাতে তোমরা তাহাকে প্রভূত বুদ্ধি দান করিয়াছিলে। সুরার আধার হইতে যেরূপ সুরা নির্গত করে, সেইরূপ তোমাদের সেচনসমর্থ অশ্বের খুর হইতে তোমরা শত কুম্ভ সুরা সিঞ্চন করিয়াছিলে।

---

(২) তুগ্র নামে অশ্বিদিগের প্রিয় একজন রাজর্ষি ছিলেন। তিনি দ্বীপান্তরবর্ত্তী শত্রুদিগের উপদ্রবে ক্লিষ্ট হইয়া তাহাদিগকে জয় করিবার জন্য আপন পুত্র ভুজ্যুকে সেনার সহিত নৌকায় প্রেরণ করেন। সমুদ্রে অনেক দূর গিয়া সে নৌকা ভাঙ্গিয়া যায়। ভুজ্যু অশ্বিদ্বয়কে স্তুতি করিলেন, তাঁহারা ভুজ্যুকে সসৈন্যে আপনাদিগের পোতে আরোহণ করাইয়া তিন দিন তিন রাত্রিতে তাহাদিগকে তুগ্রের নিকট পঁহুছিয়া দিলেন। সায়ণ।

(৩) পেদু নামক একজন অশ্বিদ্বয়কে স্তুতি করিয়াছিল। অশ্বিদ্বয় প্রীত হইয়া তাহাকে একটী শ্বেতবর্ণ অশ্ব দিয়াছিলেন। সেই অশ্ব তাহার অনেক জয় লাভের কারণ হইয়াছিল। সায়ণ।

(৪) অর্থাৎ অঙ্গিরা কুল। সায়ণ।

বহুযুগ প্রাচ্যান্বয়া ছিল যারা অত্রির চতুর্দ্দিকস্থ দীপ্যমান্ অগ্নি নিবারণ করেন।) ; এবং তাহাকে অন্নযুক্ত বলপ্রদ খাদ্য দিয়াছিলে ; হে অশ্বিদ্বয় !

৩। সূর্যে থ যে আলোক শূন্য পীড়াযন্ত্র গৃহে প্রক্ষিপ্ত হইয়াছিল, তোমরা করে, তাহারার সমভিব্যাহারিগণের সহিত সুখে তথা হইতে উঠাইয়াছিলে। তেছি ; তাহা নাসত্যদ্বয় তোমরা গোতম ঋষির নিকটে কূপ আনিয়াছিলে, করিতেছে। তলদ্বয় ঊর্দ্ধ এবং মুখ নীচে করিয়াছিলে (৬) ; এবং সেই কূপ

৪। সূর্য্যের তমেয়্য ! এবং সহস্র ধন লাভার্থ জল নির্গত হইয়াছিল। থাকিতেই তিনি নাসত্যদ্বয় শরীর রের আবরণ (যেরূপ খুলিয়া ফেলে), হইতে হারুৎ নমিন সেই পুত্র ব্যাপ্ত জরা সেইরূপ খুলিয়া ফেলিয়াছিলে (৭)। হে দস্রগণ বিস্তার কননে কন্যা দিত্যক্ত ঋষির জীবন বৃদ্ধি করিয়া দিয়াছিলে, এবং তৎপরে মিত্র ও বরুণের সমূহের পতি করিয়া দিয়াছিলে।

১১। হে নেতৃদ্বয় নাসত্যদ্বয় ! তোমাদের সেই ইষ্ট বরণীয় কার্য্যটী আমাদের প্রশংসনীয় ও আরাধ্য, যে তোমরা জানিতে পারিয়া সেই গুপ্ত ধনের ন্যায় লুকায়িত বন্দন ঋষিকে পিপাসিত পথিকদিগের দ্রষ্টব্য কূপ হইতে উঠাইয়াছিলে (৮)।

১২। হে নেতৃদ্বয় ! যেমন মেঘগর্জ্জন আসন্ন বৃষ্টি প্রকটিত করে, আমি ধন লাভার্থ তোমাদের সেই উগ্র কর্ম্ম সেইরূপে প্রকটিত করিতেছি

---

(৫) অসুরেরা অত্রি ঋষিকে শতদ্বার পীড়া যন্ত্রগৃহে প্রবেশ করাইয়া তুষের আগুন জ্বালাইয়াছিল। তখন সেই ঋষি অশ্বিদ্বয়কে স্তুতি করিলেন, এবং অশ্বিদ্বয় জলধারা সে অগ্নি নিবাইয়া সেই পীড়াগৃহ হইতে অবিকলেন্দ্রিয় অত্রিকে বাহির করিলেন। সায়ণ।

(৬) একদা গোতম ঋষি যখন মরুভূমিতে ছিলেন, অশ্বিদ্বয় অন্য দেশের একটি কূপ উঠাইয়া তাহার নিকট আনিয়া দিয়াছিলেন, এবং গোতমের স্নান পানাদির সুবিধার জন্য সেই কূপের মুখ নীচে করিয়া ও তলদেশ উচ্চ করিয়া ধরিয়াছিলেন। সায়ণ। ৮৫ সূক্তের ১১ ঋকের টীকা দেখ।

(৭) বলিপলিতযুক্ত জীর্ণাঙ্গ ও পুত্রদিগের দ্বারা পরিত্যক্ত চ্যবন নামক ঋষি অশ্বিদ্বয়কে স্তুতি করিয়াছিলেন। অশ্বিদ্বয় সেই ঋষির জরা দূর করিয়া তাঁহাকে পুনরায় যৌবন দান করিয়াছিলেন। সায়ণ।

(৮) বন্দন নামে একজন ঋষি ছিলেন। তিনি অসুরদিগের কর্তৃক একটী কূপে নিক্ষিপ্ত হইয়া তথা হইতে উঠিতে না পারিয়া অশ্বিদ্বয়কে স্তুতি করিলেন। অশ্বিদ্বয় তাঁহাকে উঠাইয়াছিলেন। সায়ণ।

অথর্ব্বার পুত্র দধীচি ঋষি অশ্বমস্তক ধারণ করিয়া তোমাদিগকে এই (১৭) বিদ্যা শিখাইয়াছিল (৯)।

১৩। হে বহু লোকের পালক নাসত্যদ্বয়! তোমরা অভিমত ফল প্রদানের কর্ত্তা; বুদ্ধিসম্পন্না বধ্রিমতী পূজনীয় স্তোত্রদ্বারা তোমাদিগকে বার বার ডাকিয়াছিল; শিষ্য যেরূপ শিক্ষকের কথা শুনে, তোমরা সেইরূপ বধ্রিমতীর সেই আহ্বান শুনিয়াছিলে। হে অশ্বিদ্বয়! তাহাকে হিরণ্যহস্ত নামক পুত্র দিয়াছিলে (১০)।

১৪। হে নেতৃ নাসত্যদ্বয়! তোমরা বৃকের মুখ হইতে বর্ত্তিকাকে ছাড়াইয়া দিয়াছিলে (১১)। হে বহু লোকের পালক! তোমরা স্তোত্রপরায়ণ মেধাবীকে (প্রকৃত জ্ঞান) দর্শন করিতে দিয়াছ।

---

(৯) ইন্দ্র দধীচিকে প্রবর্গ্যবিদ্যা ও মধুবিদ্যা উপদেশ দিয়া বলিয়া দিয়াছিলেন "যদি এই বিদ্যা অন্য কাহাকেও বল তবে তোমার শিরশ্ছেদন করিব।" অশ্বিদ্বয় দধীচের মস্তক ছেদন করিয়া তাহা অন্য স্থানে রাখিয়া তাহাকে অশ্বের মাথা পরাইয়া দিলেন। এইরূপে অশ্বিদ্বয় প্রবর্গ্য বিষয় অর্থাৎ ঋক সাম যজুঃ এবং মধুবিদ্যা অর্থাৎ প্রতিপাদক ব্রাহ্মণ অধ্যয়ন করিয়াছিলেন। ইন্দ্র এই বিষয় জানিতে পারিয়া তাহার সেই অশ্বের মাথা বজ্রদ্বারা কাটিয়া ফেলিলেন। অশ্বিদ্বয় তাহাকে পুনরায় তাহার নিজের মানুষের মাথা পরাইয়া দিলেন। সায়ণ। ৮৪ সূক্তের ১৩ ঋকের টীকা দেখ।

(১০) কোন এক রাজর্ষির বধ্রিমতী নাম্নী পুত্রী ছিল, তাহার স্বামী নপুংসক। বধ্রিমতী পুত্র লাভের জন্য অশ্বিদ্বয়কে আহ্বান করিয়াছিলেন, এবং অশ্বিদ্বয় সেই আহ্বান শুনিয়া আসিয়া তাহাকে হিরণ্যহস্ত নামক পুত্র প্রদান করেন। সায়ণ।

(১১) সায়ণ এই ঋকের শেষার্দ্ধের অর্থ করেন নাই। বর্ত্তিকা চড়াই পাখী সদৃশ পক্ষীর স্ত্রী। পুরাকালে অরণ্যের একটী বৃক বর্ত্তিকাকে ধরিয়াছিল অশ্বিদ্বয় তাহাকে ছাড়াইয়া দিয়াছিলেন। সায়ণ। কিন্তু যাস্ক ইহার অন্য অর্থ করেন। যে বার বার প্রত্যাবর্ত্তন করে সেই "বর্ত্তিকা" অর্থাৎ ঊষা। যে আলোক দ্বারা জগৎকে আবরণ করে সেই "বৃক" অর্থাৎ সূর্য্য। সেই সূর্য্য ঊষার পশ্চাতে আসিয়া ঊষাকে ধরেন। অশ্বিদ্বয় উঁহাকে ছাড়াইয়া দেন। আচার্য্য মক্ষমূলর যাস্কের অর্থ গ্রহণ করিয়াছেন, এবং গ্রীক ধর্ম্মাখ্যানে এই গল্প ও এই বর্ত্তিকার নাম দেখাইয়া দিয়াছেন। "*Ortygia*, though localised afterwards in different places, is the dawn or the dawn land. Ortygia is derived from *ortyx*, a quail. The quail in Sanskrit is called *Vartika*, *i. e.*, the returning bird, one of the first birds which return with the return of the spring. The same name is given in the Veda to one of the many beings delivered or revived by the Asvins, *i. e.*, by day and night. ... I believe Vartika, the returning, is again one of the many names of the dawn."—*Science of Language* (1882), vol. II, p. 553.

...খেলের স্ত্রী বিশ্‌পলার একটী পা, পক্ষীর একটী পাখার ন্যায় ছিন্ন হইয়াছিল (১২); হে অশ্বিদ্বয়! তোমরা রাত্রি যোগে সদ্যই বিশ্‌পলাকে গমনের জন্য এবং শত্রু স্থিত ধন লাভার্থে লৌহময় জঙ্ঘা পরাইয়া দিয়াছিলে।

১৬। ঋজ্রাশ্ব বৃকীকে শত মেষ খণ্ড করিয়া দিয়াছিলেন, তাহাকে তাহার পিতা ... হীন করিয়াছিল (১৩); হে ভিষজ দস্রনাসত্যদ্বয়! তাহার চক্ষুদ্বয় দ... অসমর্থ হইয়াছিল, তোমরা তাহার সেই চক্ষুদ্বয় দর্শনসমর্থ ... তিনি

১৭। হে অশ্বিদ্বয়! তোমাদের শীঘ্রগামী অশ্ব থাকায় সূর্য্যের দুহিতা বিজিত হইয়া তোমাদের রথে আরোহণ করিলেন (১৪); যে রথ কার্ম্মের ন্যায় (১৫); সকল দেবগণ হৃদয়ের সহিত ইহা অনুমোদন করিলেন; হে নাসত্যদ্বয়! তোমরা সম্পদ প্রাপ্ত হইলে।

১৮। হে অশ্বিদ্বয়! দিবোদাস নামক রাজর্ষি (১৬), হব্যের অন্ন প্রদান করিয়া তোমাকে আহ্বান করিলে যখন তোমরা তাহার গৃহে গিয়াছিলে, তখন

(১২) খেল নামক এক রাজা ছিলেন, তাঁহার পুরোহিত অগস্ত্য। খেলের স্ত্রী বিশ্‌পলা; কোন যুদ্ধে শত্রুদিগের দ্বারা সেই বিশ্‌পলার একটী পা ছিন্ন হইয়াছিল। অগস্ত্য অশ্বিদ্বয়ের স্তুতি করাতে অশ্বিদ্বয় রাত্রিতে আসিয়া বিশ্‌পলাকে লৌহের পা করিয়া দিলেন। সায়ণ।

(১৩) বৃষাগিরের পুত্র ঋজ্রাশ্ব নামক একজন রাজর্ষি ছিলেন। অশ্বিদ্বয়ের বাহন গর্দ্দভ তাঁহার নিকট বৃকী হইয়াছিল। ঋজ্রাশ্ব তাহাকে আহারার্থে ১০১ পৌরজনের মেষ খণ্ড খণ্ড করিয়া দিয়াছিলেন। পৌরজনের এইরূপ অপকার করাতে ঋজ্রাশ্বের পিতা তাঁহাকে নেত্রহীন করিলেন। তিনি অশ্বিদ্বয়কে স্তুতি করিলেন, এবং তাঁহারা নিজের বাহনের জন্য ঋজ্রাশ্বের অন্ধতা হইয়াছে জানিয়া তাঁহাকে পুনরায় চক্ষুদান করিলেন। সায়ণ।

(১৪) সবিতা সূর্য্যা নাম্নী আপন দুহিতাকে সোম রাজাকে প্রদান করিতে ইচ্ছা করিয়াছিলেন। সকল দেবই সেই সূর্য্যাকে অভিলাষ করিয়াছিলেন এবং তাঁহারা পরস্পর বলিলেন আমরা আদিত্য পর্য্যন্ত দৌড়াইব। আমাদিগের মধ্যে যে জয়লাভ করিবেন, সূর্য্যা তাঁহারই হইবেন। অশ্বিদ্বয় জয় লাভ করিলেন এবং তাঁহারাই সূর্য্যাকে জয় করিয়া রথে উঠাইলেন। সায়ণ।

(১৫) মূলে "কার্ম্মেব" আছে। "কার্ম্ম শব্দঃ কাষ্ঠবাচী। যথা কাষ্ঠং আজিধাবনস্য অবধিতয়া নির্দ্দিষ্টং লক্ষং আশুগামী কশ্চিৎ সর্ব্বেভ্যঃ ধাবদ্ভ্যঃ পূর্ব্বং প্রাপ্নোতি।" সায়ণ। ঘোড়দৌড়ের সময় যে নির্দ্দিষ্ট কাষ্ঠ ... সর্ব্বাগ্রে ... পারিলে জয় হয়, সেই নির্দ্দিষ্ট কাষ্ঠ খণ্ডের নাম কার্ম্ম।

(১৬) দিবোদাস সম্বন্ধে ... দেখ।

তোমাদের সেব্য রথ ধনযুক্ত অন্ন লইয়া গিয়াছিল, বৃষভ এবং গ্রাহ (১৭) সেই রথে যোগ করিয়াছিলে।

১৯। হে নাসত্যদ্বয়! তোমরা শোভনীয় বলযুক্ত ধন এবং শোভনীয় অপত্য ও বীর্য্যযুক্ত অন্ন লইয়া সমান প্রীতিযুক্ত হইয়া জহ্নু (১৮) নামক মহর্ষির সন্তানদিগের নিকট আসিয়াছিলে। তাহারা হব্যের অন্ন প্রদান করিয়াছিল, এবং দৈনিক সোমাভিষবের প্রাতঃ সবনাদি তিনটী ভাগ ধারণ করিয়াছিল।

২০। হে নাসত্যদ্বয়! তোমরা জরারহিত। জাহুষ রাজা (১৯) সকল দিকে শত্রুদিগের দ্বারা বেষ্টিত হইলে, তোমরা স্বকীয় সর্ব্বভেদকারী রথে রাত্রিযোগে তাহাকে সুগম্য পথ দিয়া বাহির করিয়া লইয়া গিয়াছিলে এবং শত্রু-দুরারোহ পর্ব্বত সমূহে গমন করিয়াছিলে।

২১। হে অশ্বিদ্বয়! তোমরা বশ নামক ঋষিকে একদিনে সহস্র রমণীয় ধন প্রাপ্তির জন্য রক্ষা করিয়াছ। হে অভীষ্টবর্ষীদ্বয়! তোমরা ইন্দ্রের সহিত যুক্ত হইয়া পৃথুশ্রবার (২০) ক্লেশদায়ী শত্রুদিগকে হত করিয়াছিলে।

২২। ঋচৎকের পুত্র শর নামক স্তোতার পানের জন্য তোমরা কূপের নিম্নদেশ হইতে জল উচ্চে উঠাইয়াছিলে। হে নাসত্যদ্বয়! তোমরা স্বকীয় কার্য্য দ্বারা শ্রান্ত শয়ু নামক ঋষির জন্য প্রসবশূন্য গাভিকে দুগ্ধবতী করিয়াছিলে।

২৩। হে নাসত্যদ্বয়! কৃষ্ণের পুত্র ঋজুতাপরায়ণ বিশ্বকায় নামক ঋষি রক্ষণ ইচ্ছায় তোমাদিগের স্তুতি করিলে তোমরা স্বকীয় কার্য্য দ্বারা নষ্ট পশুর ন্যায় তাহার বিষ্ণাপু নামক (২১) বিনষ্ট পুত্রকে পুনরায় দেখিতে দিয়াছিলে।

২৪। রেভ রজ্জু দ্বারা বদ্ধ হইয়া এবং শত্রুদ্বারা হিংসিত হইয়া দশ রাত্রি

---

(১৭) মূলে "শিংশুমারঃ" আছে। অর্থ "গ্রাহঃ"। বৃষভ ও গ্রাহ পরস্পর বিরোধী হইলেও অশ্বিদ্বয় নিজের সামর্থ প্রদর্শনার্থ তাহাদিগকে একত্রে যোগ করিয়াছিলেন। সায়ণ।

(১৮) পুরাণে জহ্নু একজন চন্দ্রবংশীয় রাজা তাহা সকলেই জানেন।

(১৯) জাহুষ নামে একজন রাজা ছিলেন। সায়ণ।

(২০) সায়ণ বলেন পৃথুশ্রবা নামে একজন কানীন রাজা ছিলেন।

(২১) শ্রীকৃষ্ণ ও তৎপুত্র বিশ্বকায় ও তাহার পুত্র বিষ্ণাপু কে, তাহার টীকায় কোন বিবরণ নাই। কেবল তাঁহারা ঋষি ছিলেন এইটুকু জানা যায়।

নয় দিন জলের মধ্যে থাকিয়া জলে বিপ্লুত ও ব্যথাদ্বারা সন্তপ্ত হইলে তোমরা তাহাকে, হাতা দ্বারা যেরূপ সোমরস উঠায়, সেইরূপে উঠাইয়াছিলে (২২)।

২৫। হে অশ্বিদ্বয়! তোমাদের (পূর্ব্ব কৃত) কর্ম্ম সকল বর্ণনা করিলাম; আমি যেন শোভনীয় গো ও শোভনীয় বীরযুক্ত হইয়া এ রাষ্ট্রের অধিপতি হই; এবং গৃহস্বামী যেরূপ (নিষ্কণ্টকে) গৃহে প্রবেশ করে, আমিও যেন চক্ষুতে স্পষ্ট দেখিয়া দীর্ঘ আয়ু ভোগ করিয়া বার্দ্ধক্য প্রাপ্ত হই।

---

১১৭ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। দীর্ঘতমার পুত্র কক্ষীবান্ ঋষি।

১। হে অশ্বিদ্বয়! তোমাদের চিরন্তন হোতা তোমাদের হর্ষার্থে মধুর সোমের সহিত তোমাদিগের অর্চ্চনা করিতেছে; কুশের উপর হব্য স্থাপন করা হইয়াছে, ঋত্বিকদিগের দ্বারা স্তুতি ও প্রস্তুত হইয়াছে; হে নাসত্যদ্বয়! অন্ন ও বল লইয়া নিকটে আইস।

২। হে অশ্বিদ্বয়! তোমাদের যে মনের অপেক্ষাও বেগবান্ ও শোভনীয় অশ্বযুক্ত রথ সমস্ত প্রজাবর্গের সম্মুখে গমন করে, এবং যে রথে তোমরা শুভ কর্ম্মা লোকের গৃহে গমন কর, হে নেতৃদ্বয়! সেই রথে আমাদিগের গৃহে আইস।

৩। হে নেতৃদ্বয়! হে অভীষ্টবর্ষীদ্বয়! তোমরা শত্রুদিগকে হিংসা করিয়া এবং সেই ক্লেশদায়ি দস্যুর মায়া আনুপূর্ব্বিক নিবারণ করিয়া পঞ্চজন পূজিত অত্রি ঋষিকে পাপ তুষানল হইতে সন্তানাদির সহিত মুক্ত করিয়াছিলে (১)।

৪। হে নেতৃদ্বয়! হে অভীষ্টবর্ষী অশ্বিদ্বয়! দুর্দ্দমনীয় শত্রুদিগের দ্বারা জলে নিগূঢ় রেভ ঋষিকে তোমরা উঠাইয়া পীড়িত অশ্বের ন্যায় তাহার বিনষ্ট

(২২) পূর্ব্বকালে অসুরেরা রেভ ঋষিকে দড়ী দ্বারা বাঁধিয়া একদিন সায়ংকালে কূপে নিক্ষেপ করিয়াছিল। তিনি দশ রাত্রি নয় দিবস অশ্বিদ্বয়কে স্তব করিয়া কূপের মধ্যে সেইরূপেই ছিলেন। দশমদিনের প্রাতে অশ্বিদ্বয় তাঁহাকে কূপ হইতে উঠাইয়াছিলেন। সায়ণ।

(১) অত্রি সম্বন্ধে ১১৬ সূক্তের ৮ ঋকের টীকা দেখ। মূলে "গণেন" শব্দ আছে তাহার অর্থ "ইন্দ্রিয়বর্গেণ পুত্রপৌত্রাদিগণেন বা।" সায়ণ।

অবয়ব তোমাদের ভৈষজ কর্ম্মদ্বারা শোধন করিয়াছিলে (২); তোমাদের পূর্ব্বের কর্ম্ম সমূহ জীর্ণ হয় নাই।

৫। হে দস্র অশ্বিদ্বয় পাপে পতিত মনুষ্যের ন্যায় অন্ধকারে ক্ষয় প্রাপ্ত, সূর্য্যের ন্যায় শোভনীয়, দীপ্তিমান্ আভরণের ন্যায় দর্শনীয়, সেই কূপে প্রক্ষিপ্ত, বন্দন ঋষিকে তোমরা উঠাইয়াছিলে (৩)।

৬। হে নেতৃ নাসত্যদ্বয়! আমি প্রজ্র কুলোদ্ভব কক্ষীবান্ অভীষ্ট দ্রব্যের প্রাপ্তির জন্য তোমাদের সেই কর্ম্ম ঘোষণা করিব, যে হেতু তোমরা শীঘ্র-গামী অশ্বের খুর হইতে নির্গত মধু দ্বারা লোকের শত কুম্ভ পূরণ করিয়া দিয়াছিলে (৪)।

৭। হে নেতৃদ্বয়! কৃষ্ণের পুত্র বিশ্বকায় তোমাদিগকে স্তব করিলে তোমরা তাহাকে তাহার বিনষ্ট পুত্র বিষ্ণাপুকে আনিয়া দিয়াছিলে (৫)। হে অশ্বিদ্বয়! গৃহে পিতৃসমীপে নিষণ্ণা জরাগ্রস্তা ঘোষাকে তোমরা পতি প্রদান করিয়াছিল (৬)।

৮। হে অশ্বিদ্বয়! তোমরা শ্যাবকে (৭) দীপ্তিমতী স্ত্রী দিয়াছিলে; কণ্ব দৃষ্টি না থাকাতে চলিতে পারিতেন না, তোমরা তাঁহাকে চক্ষু দিয়াছিলে (৮); হে অভীষ্টবর্ষীদ্বয়! তোমাদের সেই কার্য্য প্রশংসনীয় যে তোমরা নৃষদ-পুত্রকে শ্রবণেন্দ্রিয় দান করিয়াছিলে (৯)।

৯। হে বহুরূপধারী অশ্বিদ্বয়! তোমরা পেদুকে শীঘ্রগামী অশ্ব দিয়াছিলে;

---

(২) রেভ ঋষি সম্বন্ধে ১১৬ সূক্তের ২৪ ঋকের টীকা দেখ।

(৩) বন্দন ঋষি সম্বন্ধে ১১৬ সূক্তের ১১ ঋকের টীকা দেখ।

(৪) ১১৬ সূক্তের ৭ ঋক্ দেখ।

(৫) কৃষ্ণ সম্বন্ধে ১১৬ সূক্তের ২৩ ঋকের টীকা দেখ।

(৬) ঘোষা নাম্নী কক্ষীবানের দুহিতা ছিলেন। তিনি কুষ্ঠরোগগ্রস্তা হওয়াতে তাঁহাকে কাহারও সহিত বিবাহ না দিয়া পিতৃগৃহেই বার্দ্ধক্য পর্য্যন্ত রাখা হইয়াছিল। পরে অশ্বিদ্বয়ের অনুগ্রহে তিনি কুষ্ঠরোগ হইতে আরোগ্য লাভ করিয়া পতি লাভ করিয়াছিলেন। সায়ণ।

(৭) "শ্যাবায় কুষ্ঠরোগেণ শ্যামবর্ণায় ঋষয়ে।" সায়ণ। অশ্বিদ্বয় তাহার কুষ্ঠরোগ আরোগ্য করিয়া দেন সুতরাং তাহার বিবাহ হইল।

(৮) কণ্ব ঋষির অন্ধতা সম্বন্ধে ১১৮ সূক্তের ৭ ঋকের টীকা দেখ।

(৯) নৃষদপুত্র একজন বধির ঋষি ছিলেন। তাঁহার আর কোনও বিবরণ টীকায় নাই।

যে অশ্ব সহস্রধন দান করিত, বলবান্ শত্রুদ্বারা অপ্রতিহত, শত্রুদিগের হন্তা, স্তুতি ভাজন, এবং বিপদে ত্রাণকারী (১০)।

১০। হে দানশীল অশ্বিদ্বয়! তোমাদের এই বীর কীর্ত্তিগুলি সকলের জানা উচিত। তোমরা দ্যাবা পৃথিবী রূপে বর্ত্তমান, তোমাদের আহ্লাদকর ঘোষণীয় মন্ত্র (নিষ্পন্ন হইয়াছে)। হে অশ্বিদ্বয়! যখন পজ্রকুলের যজমানেরা তোমাকে আহ্বান করে তখন অন্ন লইয়া আইস, এবং বিদ্বান্‌কে (অর্থাৎ আমাকে) বল দাও।

১১। হে পোষণকারী নাসত্যদ্বয়! তোমরা কুম্ভপুত্র অগস্ত্য (১১) দ্বারা স্তুত হইয়া মেধাবী ভরদ্বাজ ঋষিকে (১২) অন্নদান করিয়া, অগস্ত্যের দ্বারা মন্ত্রে বর্দ্ধিত হইয়া, বিশ্‌পলাকে আরোগ্য দান করিয়াছিলে (১৩)।

১২। হে আকাশের পুত্রদ্বয়! অভীষ্টবর্ষীদ্বয়! কাব্যের স্তুতি শুনিবার জন্য তাহার গৃহাভিমুখে কোথায় যাইতেছ? হিরণ্যপূর্ণ কলসের ন্যায় কূপে নিখাত রেভকে তোমরা দশম দিনে উঠাইয়াছিলে (১৪)।

১৩। হে অশ্বিদ্বয়! তোমরা কার্য্যদ্বারা বৃদ্ধ চ্যবনকে পুনরায় যুবা করিয়াছিলে; হে নাসত্যদ্বয়! সূর্য্যের দুহিতা কান্তির সহিত তোমাদিগকে রথে আরোহণ করিয়াছিলেন (১৫)।

১৪। হে দুঃখহারী দ্বয়! তুগ্র তোমাদিগকে পূর্ব্বের স্তোত্র দ্বারা যেরূপ স্তুতি করিত, পরে পুনরায় তোমাদিগকে সেইরূপ অর্চনা করিত, কারণ তোমরা তাহার পুত্র ভুজ্যুকে বিক্ষিপ্ত সমুদ্র হইতে গমনশীল নৌকা ও শীঘ্রগতি অশ্বদ্বারা আনিয়া দিয়াছিলে (১৬)।

---

(১০) পেদু সম্বন্ধে ১১৬ সূক্তের ৬ ঋকের টীকা দেখ।

(১১) মূলে "সুনোর্মানেন গৃণানা" আছে। "কুম্ভাৎ প্রসূতস্য অগস্ত্যস্য * * * মানেন স্তুতস্য পরিচ্ছেদকেন স্তোত্রেণ গৃণানা স্তূয়মানৌ।" সায়ণ।

(১২) মূলে কেবল "বিপ্রায়" আছে। "বিপ্রায় মেধাবিনে ভরদ্বাজায় ঋষয়ে।" সায়ণ।

(১৩) বিশ্‌পলা সম্বন্ধে ১১৬ সূক্তের ১৫ ঋকের টীকা দেখ।

(১৪) পূর্ব্বকালে উশনার স্তুতি শুনিতে যাইবার সময় অশ্বিদ্বয় পথে কূপে পতিত রেভকে দেখিয়া তাহাকে কূপ হইতে উদ্ধার করিয়াছিলেন। সায়ণ। রেভ সম্বন্ধে ১১৬ সূক্তের ২৪ ঋকের টীকা দেখ।

(১৫) চ্যবন সম্বন্ধে ১১৬ সূক্তের ১০ ঋকের টীকা দেখ। সূর্য্য দুহিতা সম্বন্ধে ১১৬ সূক্তের ১৭ ঋকের টীকা দেখ।

(১৬) ভুজ্যু সম্বন্ধে ১১৬ সূক্তের ৩ ঋকের টীকা দেখ।

১৫। হে অশ্বিদ্বয়! তোমরা তুগ্রের পুত্রকে আনিলে পর সে বিনা-ব্যথায় ও বিনা আয়াসে সমুদ্র পার হইয়া তোমাদিগকে আহ্বান করিয়াছিল; হে মনোবেগসম্পন্ন অভীষ্টবর্ষীদ্বয়! তোমরা উৎকৃষ্ট অশ্ব যুক্ত রথে তাহাকে নিরাপদে আনিয়াছিলে।

১৬। হে অশ্বিদ্বয়! যখন তোমরা বর্তিকাকে বৃকের মুখ হইতে ছাড়াইয়া দিয়াছিলে, তখন সে তোমাদিগকে আহ্বান করিয়াছিল (১৭)। তোমরা জয়শীল রথদ্বারা জাহুষ রাজাকে (১৮) পর্ব্বতের সানুতে লইয়া গিয়াছিলে। তোমরা মেষের জল জীব জন্তুকে প্রদান করিয়াছিলে।

১৭। ঋজ্রাশ্ব বৃকীকে শত মেষ দেওয়ায় তাহার ক্রুদ্ধ পিতা তাহাকে অন্ধ করিলে পর অশ্বিদ্বয় তাহাকে চক্ষু দিয়াছিলেন; তোমরা দেখিবার জন্য অন্ধকে চক্ষু দিয়াছিলে (১৯)।

১৮। সেই অন্ধকে চক্ষু দ্বারা নিষ্পাদ্য সুখ দিবার মানসে বৃকী আহ্বান করিল, "হে অশ্বিদ্বয়! হে অভীষ্টবর্ষিদ্বয়! নেতৃদ্বয়! ঋজ্রাশ্ব, তরুণ প্রণয়ীর ন্যায় অমিতব্যয়ী হইয়া, এক শত এক মেষ খণ্ড২ করিয়া দিয়াছে।"

১৯। হে অশ্বিদ্বয়! তোমাদিগের রক্ষণকার্য্য সুখের কারণ; হে স্তুতি-ভাজন! তোমরা ব্যাধিগ্রস্তকে সঙ্গতাবয়ব করিয়াছ; অতএব বহু বুদ্ধিমতী ঘোষা (২০) তোমাদিগকে রোগাপনয়নার্থ ডাকিয়াছিল। হে অভীষ্টবর্ষীদ্বয়! তোমাদের রক্ষণকার্য্য সমূহের সহিত আইস।

২০। হে দস্রদ্বয়! তোমরা কৃশ, প্রসব শূন্য, দুগ্ধশূন্য গাভীকে শয়ু ঋষির জন্য দুগ্ধপূর্ণ করিয়াছিলে। তোমরা নিজকর্ম্ম দ্বারা পুরুমিত্র রাজার কুমারীকে বিমদ ঋষিকে স্ত্রীরূপে প্রদান করিয়াছিলে (২১)।

২১। হে অশ্বিদ্বয়! তোমরা আর্য্যদিগের জন্য লাঙ্গল দ্বারা চাষ করাইয়া যব বপন করাইয়া, ও অন্নের জন্য বৃষ্টি বর্ষণ করিয়া, এবং

---

(১৭) ১১৬ সূক্তের ১৪ ঋকের টীকা দেখ।

(১৮) ১৬ সূক্তের ২০ ঋকের টীকা দেখ।

(১৯) ১১৬ সূক্তের ১৬ ঋকের টীকা দেখ।

(২০) এই সূক্তের ৭ ঋকের টীকা দেখ।

(২১) ১১৬ সূক্তের ১ ঋকের টীকা দেখ। মূলে "পুরুমিত্রস্য যোষাং" আছে, "যোষাং কুমারীং।" সায়ণ।

বজ্রদ্বারা দস্যুকে বধ করিয়া, তাহারা(২২) প্রতি বিস্তীর্ণ জ্যোতি প্রকাশ করিয়াছ।

২২। হে অশ্বিদ্বয়! তোমরা অথর্ব্ব ঋষির পুত্র দধীচি ঋষির স্কন্ধে অশ্বের মস্তক যোজনা করিয়া দিয়াছিলে, তিনিও সত্য পালন করিয়া ত্বষ্টার নিকট হইতে লব্ধ মধুবিদ্যা তোমাদিগকে শিখাইয়াছিলেন (২৩)। হে দস্রদ্বয়! সেই বিদ্যা তোমাদিগের অপিকক্ষ্য (২৪) রূপ হইয়াছিল।

২৩। হে মেধাবীদ্বয়! আমি সর্ব্বদা তোমাদের অনুগ্রহ প্রার্থনা করি, তোমরা আমার সমস্ত কর্ম্ম রক্ষা কর। হে নাসত্যদ্বয়! আমাদিগকে বৃহৎ ও অপত্য সমবেত ও প্রশংসনীয় ধন দাও।

২৪। হে দানশীল ও নেতা অশ্বিদ্বয়! তোমরা বধ্রিমতিকে হিরণ্যহস্তা নামক পুত্র দিয়াছিলে (২৫)। হে দানশীল অশ্বিদ্বয়! তোমরা তিন ভাগে বিচ্ছিন্ন শ্যাব ঋষিকে জীবিত করিয়াছিলে।

২৫। হে অশ্বিদ্বয়! তোমাদের এই পুরাতন কার্য্যসমূহ মনুষ্যেরা কহিয়া গিয়াছে; হে অভীষ্টদাতৃদ্বয়! আমরাও তোমাদের স্তোত্র সম্পাদন করিয়া বীর পুত্রাদির দ্বারা যুক্ত হইয়া যজ্ঞ সম্পন্ন করিতেছি।

১১৮ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। দীর্ঘতমার পুত্র কক্ষীবান্ ঋষি।

১। হে অশ্বিদ্বয়! তোমাদের শ্যেন পক্ষীর ন্যায় শীঘ্রগামী, সুখকর, ও ধনযুক্ত রথ আমাদিগের অভিমুখে আগমন করুক; হে অভীষ্টবর্ষিদ্বয়! তোমাদের সেই রথ মনুষ্যের মনের ন্যায় বেগবান্, ত্রিবন্ধুর এবং বায়ুবেগী।

---

(২২) যব বপনদ্বারা ও দস্যু অর্থাৎ অসভ্য জাতিদিগের বিনাশ দ্বারা ভারতবর্ষের প্রথম আর্য্যগণ বিশেষ উন্নতি লাভ করিয়াছিলেন।

(২৩) ১১৬ সূক্তের ১২ ঋকের টীকা দেখ। সে ঋকে ইন্দ্র বিদ্যা দিয়াছিলেন, এখানে ত্বষ্টা তাহা দিয়াছিলেন, অতএব সায়ণ এই ঋকে ত্বষ্টা অর্থে ইন্দ্র করিয়াছেন।

(২৪) মূলে "অপিকক্ষ্যং" আছে। সায়ণ তাহার অর্থ করিয়াছেন "ছিন্নস্য যজ্ঞশিরসঃ কক্ষপ্রদেশেন পুনঃ সন্ধানভূতং প্রবর্গ্যবিদ্যাখ্যং রহস্যং।" কিন্তু প্রবর্গ্যবিদ্যার কথা মূলে এঋকেও নাই, ১১৬ সূক্তের ১২ ঋকেও নাই। পণ্ডিতবর উইলসন "অপিকক্ষ্যং" অর্থ "Ligature of the waist." করিয়াছেন।

(২৫) ১১৬ সূক্তের ৩১ ঋকের টীকা দেখ।

২। তোমাদের ত্রিবন্ধুর, ত্রিবৃত, ত্রিচক্র, ও শোভনীয়গতি রথে আমাদিগের অভিমুখে আইস। হে অশ্বিদ্বয়! আমাদিগের গাভীদিগকে দুগ্ধপূর্ণ কর, আমাদিগের অশ্বদিগকে প্রীত কর, আমাদিগের বীর পুত্রদিগকে বর্দ্ধন কর।

৩। হে দস্রদ্বয়! তোমাদের শীঘ্রগামী শোভনীয় গতিযুক্ত রথদ্বারা আসিয়া পরিচর্য্যারত স্তোতার এই শ্লোক শ্রবণ কর। হে অশ্বিদ্বয়! পূর্ব্বের মেধাবীগণ কি বলেন না যে তোমরা স্তোতৃদিগের দারিদ্র পরিহারার্থে সর্ব্বদাই গমন কর?

৪। হে অশ্বিদ্বয়! তোমাদের রথে যুক্ত, শীঘ্রগামী, লম্ফপ্রদানসমর্থ, এবং শ্যেনপক্ষীসদৃশ অশ্বগণ তোমাদিগকে লইয়া আইসুক; হে নাসত্যদ্বয়! জলের ন্যায় শীঘ্রগতি অথবা আকাশবিচারী গৃধ্রের ন্যায় সেই অশ্বগণ তোমাদিগকে হব্যের অন্নের অভিমুখে আনিতেছে।

৫। হে নেতৃদ্বয়! সূর্য্যের যুবতী দুহিতা প্রীত হইয়া তোমাদের এই রথে উঠিয়াছিলেন। তোমাদের পুষ্টাঙ্গ লম্ফপ্রদানসমর্থ, শীঘ্রগামী এবং দীপ্তিমান্ অশ্বসমূহ তোমাদিগকে আমাদের গ্রহের দিকে লইয়া আগমন করুক।

৬। তোমরা স্বকীয় কার্য্যদ্বারা বন্দন ঋষিকে উঠাইয়া ছিলে; হে কামবর্ষিদ্বয়! তোমরা স্বকীয় কার্য্য দ্বারা রেভ ঋষিকে উঠাইয়াছিলে। তোমরা তুগ্রের পুত্রকে সমুদ্র পার করাইয়া দিয়াছিলে, এবং চ্যবন ঋষিকে পুনরায় যুবা করিয়া দিয়াছিলে।

৭। হে অশ্বিদ্বয়! তোমরা অবরুদ্ধ অত্রির তপ্ত অগ্নি নিবারণ করিয়াছিলে, এবং তাহাকে রসবৎ অন্ন দান করিয়াছিলে। তোমরা স্তুতি গ্রহণ করিয়া অন্ধকারে প্রবিষ্ট কণ্ব ঋষিকে (১) চক্ষু দান করিয়াছিলে।

৮। হে অশ্বিদ্বয়! পুরাতন শয়ু ঋষি তোমাদিগকে যাচ্ঞা করিলে তোমরা তাহার দুগ্ধশূন্য গাভী দুগ্ধে পূর্ণ করিয়া দিয়াছিলে, তোমরা বর্ত্তিকাকে বৃকরূপ

---

(১) অসুরগণ কণ্বকে একটা অন্ধকার গৃহে প্রবেশ করাইয়া কহিয়াছিল, "এই স্থানে বসিয়া উষা উদিতা হইয়াছেন তাহা উপলব্ধি কর।" উষা উদয় হইয়াছে, অশ্বিগণ তাহা কণ্বকে জানাইবার জন্য বীণাশব্দ করিয়াছিলেন। অথবা পটল দ্বারা পিহিত দৃষ্টি কণ্বকে চক্ষু দান করিয়াছিলেন।

পাপ হইতে মুক্ত করিয়া দিয়াছিলে, এবং তোমরা বিশ্‌পলাকে একটী জঙ্ঘা নির্ম্মাণ করিয়া দিয়াছিলে।

৯। হে অশ্বিদ্বয়! তোমরা পেদু রাজাকে শ্বেতবর্ণ অশ্ব দিয়াছিলে, সে অশ্ব ইন্দ্রদত্ত, শত্রুহন্তা, ও সংগ্রামে শব্দ করে, এবং শত্রু পরাজয়ী, উগ্র, ও সহস্র ধনদাতা; সে অশ্ব সেচনসমর্থ ও দৃঢ়াঙ্গ।

১০। হে নেতা, শোভনজন্মা অশ্বিদ্বয়! আমরা ধন যাচ্ঞা করিয়া রক্ষণার্থ তোমাদিগকে আহ্বান করিতেছি; আমাদিগের স্তুতি গ্রহণ করিয়া তোমরা ধনযুক্ত রথে আমাদিগকে সুখদানার্থ আমাদিগের নিকট আইস।

১১। হে নাসত্যদ্বয়! সমান প্রীতিযুক্ত হইয়া শ্যেন পক্ষীর নূতন বেগের সহিত আমাদিগের নিকট আইস। হে অশ্বিদ্বয়! হব্য লইয়া আমি নিত্য ঊষার উদয় কালে তোমাদিগকে আহ্বান করি।

---

১১৯ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। দীর্ঘতমার পুত্র কক্ষীবান্ ঋষি।

১। হে অশ্বিদ্বয়! জীবন ধারণার্থ অন্নের জন্য আমি তোমাদিগের রথকে আহ্বান করি, সে রথ বহুবিধ গতিযুক্ত, মনের ন্যায় শীঘ্রগামী, বেগবান্ অশ্বযুক্ত, যজ্ঞভাজন, সহস্র কেতু বিশিষ্ট, বৃষ্টিদাতা, শতধনযুক্ত, সুখকর, এবং ধনদাতা।

২। সেই রথ গমন করাতে অশ্বিদ্বয়ের প্রশংসায় আমাদিগের মন ঊর্দ্ধে আরোহণ করিয়াছে; আমাদিগের স্তুতিসমূহ অশ্বিদ্বয়কে প্রাপ্ত হইয়াছে; আমি হব্য মধুর করিতেছি; আমার সহায়ভূত (ঋত্বিকগণ) আসিতেছে। হে অশ্বিদ্বয়! সূর্য্যদুহিতা ঊর্জানী তোমাদিগের রথে আরোহণ করিয়াছেন।

৩। যখন যজ্ঞপরায়ণ অসংখ্য জয়শীল মনুষ্য সংগ্রামে ধনের জন্য পরস্পর স্পর্দ্ধা করিয়া একত্র হয়; তখন হে অশ্বিদ্বয়! তোমাদের রথ ভূমীর অভিমুখে আইসে তাহা জানা যায়, সেই রথে তোমরা স্তোতার জন্য শ্রেষ্ঠধন আনয়ন কর।

৪। হে অভীষ্টবর্ষীদ্বয়! যে ভুজ্যু নিজ অশ্বসমূহ দ্বারা নীত হইয়া সমুদ্রে নিমগ্ন হইয়াছিল, তাহাকে তোমরা স্বয়ং সংযোজিত অশ্ব দ্বারা বহন করিয়া

তাহার পিত্রাদির নিকট তাহার দূরস্থ গৃহে আনিয়াছিলে। দিবোদাসকেও তোমরা যে মহৎ রক্ষণ প্রদান করিয়াছিলে তাহা আমরা জানি।

৫। হে অশ্বিদ্বয়! তোমাদের প্রশংসনীয় অশ্বদ্বয় তোমাদিগের সংযোজিত রথকে তাহার সীমাভূত আদিত্য পর্য্যন্ত সকল দেবগণের পূর্ব্বেই লইয়া গিয়াছিল; কুমারী সূর্য্যা এইরূপে বিজিত হইয়া সখ্যতা হেতু আসিয়া "তোমরা আমার পতি" এই বলিয়া তোমাদের পতিত্ব স্বীকার করিলেন।

৬। তোমরা রেভকে চতুর্দ্দিকস্থ উপদ্রব হইতে রক্ষা করিয়াছিলে; তোমরা অত্রির জন্য হিমদ্বারা অগ্নি নিবারণ করিয়াছিলে; তোমরা শযুর গাভীতে দুগ্ধ দিয়াছিলে, তোমরা বন্দনকে দীর্ঘ অয়ুদ্বারা বর্দ্ধিত করিয়াছিলে।

৭। জীর্ণ রথকে শিল্পী যেরূপ নূতন করে, হে নিপুণ দস্রদ্বয়! তোমরা সেইরূপ বার্দ্ধক্য পীড়িত বন্দনকে পুনরায় যুবা করিয়াছিলে। গর্ভস্থ বামদেব (১) তোমাদিগকে স্তুতি করিলে সেই মেধাবীকে গর্ভ হইতে জন্মদান করিয়াছিলে। তোমাদিগের রক্ষণকার্য্য এই পরিচার্য্যারত যজমানের সম্বন্ধে পরিণত হউক।

৮। ভুজ্যুর নিজ পিতা তাহাকে পরিত্যাগ করিলে সে দূর দেশে পীড়িত হইয়া তোমাদের কৃপা প্রার্থনা করিলে তোমরা তাহার নিকট গিয়াছিলে, সুতরাং তোমাদের শোভনীয় গতি ও বিচিত্র রক্ষণ কার্য্য সকলেই নিকটে পাইতে ইচ্ছা করে।

৯। তোমরা মধুযুক্ত; সেই মক্ষিকা তোমাদিগের স্তুতি করিয়াছে, উশিজপুত্র (অর্থাৎ আমি কক্ষীবান্) তোমাদিগকে সোমপানে হর্ষলাভার্থ আহ্বান করিতেছি। তোমরা দধীচি ঋষির মন তুষ্ট করিয়াছিলে, তাহার অশ্বের মস্তক তোমাদিগকে (মধুবিদ্যা) প্রদান করিয়াছিল।

১০। হে অশ্বিদ্বয়! তোমরা পেদুকে বহুলোকের বাঞ্ছিত এবং স্পর্দ্ধীদিগের পরাজয়ী শুভ্রবর্ণ অশ্ব দিয়াছিলে; সে অশ্ব যুদ্ধপরায়ণ, দীপ্তিমান্, যুদ্ধে অপরাজিত, সকল কার্য্যে সংযোজ্য, এবং ইন্দ্রের ন্যায় মনুষ্য বিজয়ী।

---

(১) গর্ভস্থ বামদেব অশ্বিদ্বয়কে স্তুতি করিয়াছিল, তাহাতে অশ্বিদ্বয় তাহাকে জন্ম দিয়াছিলেন, ইহা ভিন্ন আর কোনও বিবরণ সায়ণের ব্যাখ্যায় নাই। বামদেব বংশীয়গণ ঋগ্বেদের চতুর্থ মণ্ডলের ঋষি।

১২০ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। দীর্ঘতমার পুত্র কক্ষীবান্ ঋষি।

১। হে অশ্বিদ্বয়! কোন্ স্তুতি তোমাদিগকে পরিতুষ্ট করিতে সমর্থ? কে তোমাদের উভয়কে প্রীত করিতে সমর্থ? অনভিজ্ঞ এক জন কিরূপে তোমাদিগের পরিচর্য্যা করিবে?

২। এই রূপে অজ্ঞ লোক সেই সর্ব্বজ্ঞদ্বয়কে পথ জিজ্ঞাসা করে; অশ্বিদ্বয় ভিন্ন সকলেই অজ্ঞ। শত্রু দ্বারা অনাক্রান্ত সেই অশ্বিদ্বয় শীঘ্রই মনুষ্যকে অনুগ্রহ প্রদর্শন করেন।

৩। হে সর্ব্বজ্ঞদ্বয়! আমি তোমাদিগকে আহ্বান করি; তোমরা অভিজ্ঞ, আমাদিগকে অদ্য মননীয় স্তোত্র উপদেশ কর। আমরা তাহাই সংযোগ করিয়া হব্য প্রদান করিয়া স্তুতি করি।

৪। আমি তোমাদিগকেই জিজ্ঞাসা করি, অপরিপক্বমতিদিগকে জিজ্ঞাসা করি না। হে দস্রদ্বয়! বষট্কারের (১) সহিত অগ্নিতে প্রদত্ত এবং অদ্ভুত ও পুষ্টিকর সোমরস পান কর; আমাদিগকে প্রৌঢ় বল প্রদান কর।

৫। তোমাদের যে স্তুতি ঘোষার পুত্র সুহস্তি ঋষি ও ভৃগু দ্বারা উচ্চারিত হইয়া শোভা পাইয়াছিল, সেই স্তুতি দ্বারা পজ্র বংশীয় ঋষি, আমি কক্ষীবান্, তোমাদিগের অর্চ্চনা করিতেছি। অতএব এই স্তুতিজ্ঞ আমি কক্ষীবান্ অন্ন কামনায় যেন সফলযত্ন হই।

৬। খলদাতি ঋষির (অর্থাৎ অন্ধ ঋজ্রাশ্বের) স্তোত্র শ্রবণ কর। হে শোভনীয় কর্ম্মের প্রতিপালকদ্বয়! সে আমার ন্যায় স্তুতি করিয়া চক্ষুদ্বয় পাইয়াছিল; অতএব আমাকেও অভিমত ফল দাও।

৭। তোমরা মহৎ ধন দান করিয়াছ, এবং তাহা পুনরায় লোপ করিয়াছ। হে গৃহদাতৃদ্বয়! তোমরা আমাদিগের রক্ষক হও, পাপ বৃক তস্কর হইতে আমাদিগকে রক্ষা কর।

৮। কোনও শত্রুর অভিমুখে আমাদিগকে অর্পণ করিও না; আমাদিগের গৃহ হইতে দুগ্ধবতী গাভীসমূহ যেন বৎস হইতে পৃথক হইয়া কোন অগম্য স্থানে যায় না।

৯। যাহারা তোমাদের উদ্দেশে স্তুতি সংযোগ করে তাহারা মিত্রদিগের

(১) যজ্ঞের শেষে বষট্ শব্দ উচ্চারণ করিতে হয়।

ধারণার্থ ধন প্রাপ্ত হয়। আমাদিগকেও অন্নযুক্ত ধন প্রদান কর, এবং ধেনুযুক্ত অন্ন প্রদান কর।

১০। আমি অন্নদাতা অশ্বিদ্বয়ের অশ্ব রহিত রথ পাইয়াছি; তাহা দ্বারা আমি অনেক লাভ কামনা করি।

১১। হে ধনপূর্ণ রথ! আমি এই সম্মুখে আছি, আমাকে সমৃদ্ধ কর। অশ্বিদ্বয় সেই সুখকর রথ স্তোতৃদিগের সোমপান স্থানে লইয়া যান।

১২। আমি স্বপ্ন ঘৃণা করি; যে ধনবান্ লোক পরকে প্রতিপালন করে না, তাহাকেও ঘৃণা করি; উভয়ই শীঘ্র নাশ প্রাপ্ত হয়।

---

১২১ সূক্ত।

ইন্দ্র দেবতা। দীর্ঘতমার পুত্র কক্ষীবান্ ঋষি।

১। মনুষ্যদিগের পালন কর্ত্তা ও গাভীরূপ ধনদাতা ইন্দ্র, কবে দেবাকাঙ্ক্ষী অঙ্গিরাদিগের এই স্তুতিসমূহ শ্রবণ করিবেন? যখন তিনি গৃহপতির লোক-দিগকে সম্মুখে দেখেন, তখন যজ্ঞে যজনীয় হইয়া তিনি প্রভূত উৎসাহ পূর্ণ হয়েন।

২। তিনি আকাশকে স্থিরভাবে ধারণ করিয়াছেন, তিনি গো সমূহের নেতা, তিনি বিস্তীর্ণ প্রভাযুক্ত হইয়া (১) সেবনীয় এবং জীবনধারক বৃষ্টিজল খাদ্যের জন্য প্রেরণ করেন। মহৎ সূর্য্যরূপ ইন্দ্র আপন দুহিতা উষার পর প্রকাশ হয়েন। তিনি অশ্বের স্ত্রীকে গোর মাতা করিয়াছিলেন (২)।

৩। তিনি অরুণ বর্ণ উষাকে রঞ্জিত করিয়া পুরাতন আহ্বান মন্ত্র শ্রবণ করুন; তিনি প্রতিদিন অঙ্গিরা-গোত্রোৎপন্ন মনুষ্যদিগকে ধন প্রেরণ করেন। তিনি হননশীল বজ্র নির্ম্মাণ করিয়াছেন, এবং মনুষ্যদিগের ও চতুষ্পদ ও দ্বিপদদিগের হিতের জন্য আকাশ স্থির ভাবে ধারণ করেন।

---

(১) মূলে "ঋভু" শব্দ আছে। "সূর্য্যাত্মনা উরু বিস্তীর্ণং ভাসমানঃ।" সায়ণ এই স্থানে ইন্দ্রকে সূর্য্যরূপে স্তুতি করা হইয়াছে। সূর্য্য বা সূর্য্যকিরণকেই ঋভু বলিয়া উপাসনা করা হইত তাহা আমরা ২০ সূক্তের ১ ঋকের টীকায় দেখিয়াছি।

(২) একদা ইন্দ্র লীলা খেলার জন্য অশ্বী হইতে গাভী উৎপন্ন করিয়াছিলেন। সায়ণ। এ গল্পের প্রকৃত মূল কি? কিরণকে অশ্ব ও গো উভয়ের সহিতই বেদে সর্ব্বদা তুলনা করা হইয়াছে, তাহা হইতেই বোধ হয় এই গল্পের উৎপত্তি। বেদের অনেক প্রকৃতি সম্বন্ধে সরল উপমা হইতে পুরাণের অনেক গল্পের সৃষ্টি হইয়াছে।

৪। এই সোমপানে হৃষ্ট হইয়া তুমি স্তুতিভাজন ও লুক্কায়িত গাভীদল যজ্ঞার্থ দান করিয়াছিলে; যখন ত্রিলোকের শ্রেষ্ঠ ইন্দ্র যুদ্ধে রত হয়েন, তখন তিনি মনুষ্যদিগের জন্য ক্লেশদাতা পণির দ্বার খুলিয়া দেন।

৫। তুমি ক্ষিপ্রকারী যখন জগতের পোষক কর্ত্তা, তোমার পিতা মাতা দ্যৌও পৃথিবী তোমাকে সমৃদ্ধিকর ও উৎপাদনশক্তিযুক্ত দুগ্ধ আনিয়া দিয়াছিলেন, যখন তাঁহারা দুগ্ধবতী গাভীসমূহের বিশুদ্ধ ধনবৎ দুগ্ধ তোমার সম্মুখে দিয়াছিলেন, তখন তুমি পণির দ্বার খুলিয়া দিয়াছিলে।

৬। এখন তিনি প্রাদুর্ভূত হইয়াছেন; এবং তিনি উষার সূর্য্যের ন্যায় দীপ্তিমান্ হইয়াছেন। সেই শত্রুবিজয়ী ইন্দ্র আমাদিগকে হৃষ্ট করুন আমরাও হব্য অর্পণ করিয়া স্তুতিভাজন সোমরসকে পাত্রদ্বারা যজ্ঞস্থানে সেচন করিয়া সেই সোম পান করি।

৭। যখন সূর্য্য কিরণদ্বারা দীপ্ত মেঘমালা জল বর্ষণ করিতে প্রস্তুত হয়, তখন প্রেরণকারী ইন্দ্র যজ্ঞের নিমিত্ত বৃষ্টির অবরোধ নিবারণ করেন। হে ইন্দ্র! তুমি সূর্য্যরূপে যখন কর্ম্মের দিনে কিরণ দান কর, তখন শকটবান্ ও পশুপালক ও ক্ষিপ্রগামী নিজ নিজ কার্য্যে সিদ্ধি লাভ করে।

৮। যখন ঋত্বিকগণ তোমার বর্দ্ধনার্থ মনোহর হর্ষকর বলদায়ী এবং তোমার উপভোগ্য সোম হইতে প্রস্তর দ্বারা রস বাহির করে, তখন হর্ষকর সোমরসের উপভোক্তা তোমার হরিনামক অশ্বদ্বয়কে এই যজ্ঞে সোমপান করাও। তুমি যুদ্ধনিপুণ, আমাদিগের ধনাপহারী শত্রুকে দমন কর।

৯। ঋভু দ্বারা আকাশ হইতে আনীত, শীঘ্রগামী, লৌহময় বজ্র, তুমি ত্বরিতগতি শুষ্ণের প্রতি নিক্ষেপ করিয়াছিলে; হে বহুলোকের অর্চনাভাজন! তখন কুৎস ঋষির জন্য তুমি শুষ্ণকে অসংখ্য হননশীল অস্ত্র দ্বারা আঘাত করিয়া বেষ্টন করিয়াছিলে।

১০। যখন সূর্য্য অন্ধকারের সহিত সংগ্রাম হইতে মুক্ত হইলেন, তখন হে বজ্রধারী! তুমি তাহার মেঘরূপ শত্রুকে বিনাশ করিয়াছিলে, এবং সেই শুষ্ণের যে বল সূর্য্যকে আচ্ছাদন করিয়াছিল, এবং সূর্য্যের উপর গ্রথিত হইয়াছিল, তুমি সেই বল ভগ্ন করিয়াছিলে (৩)।

(৩) অতএব শুষ্ণ অর্থে মেঘ, যে মেঘ জল দেয় না, জগৎকে শোষণ করে সেই মেঘ। ইন্দ্র সেই আবরণকারী মেঘকে ভগ্ন করিয়া বৃষ্টি দান করেন, এবং আকাশে সূর্য্যকে পুনরায় প্রকাশ করিয়া দেন। ৩২ সূক্তের ১ ঋকের টীকা দেখ।

১১। হে ইন্দ্র! মহৎ বলবান্, ও সর্ব্বত্র ব্যাপ্ত দ্যাবাপৃথিবী তোমাকে উৎসাহিত করিয়াছিলেন; তুমি সেই সর্ব্বত্র বর্ত্তমান ও সর্ব্বভুক্ বৃত্রকে মহৎ বজ্রদ্বারা বহনশীল জলে নিক্ষেপ করিয়াছিলে।

১২। হে ইন্দ্র! তুমি মনুষ্যের বন্ধু, তুমি যে অশ্বগণকে রক্ষা কর, সেই বায়ু তুল্য সুসংযুক্ত ও বহনকারী অশ্বে আরোহণ কর। কবির পুত্র উশনা (৪) যে হর্ষকর বজ্র তোমাকে দিয়াছেন, তুমি সেই বৃত্রধ্বংসকারী শত্রুবিনাশী বজ্র তীক্ষ্ণ করিয়াছ।

১৩। হে সূর্য্যরূপ ইন্দ্র! হরিৎ নামক অশ্বগণকে থামাও! ইন্দ্রের এতশ নামক অশ্ব রথের চক্র টানিতেছে। তুমি নবতি নদীর পারে পঁহুছিয়া তথায় যজ্ঞবিহীনদিগকে কর্ত্তব্য কর্ম্ম করাও।

১৪। হে বজ্রধারী ইন্দ্র! তুমি আমাদিগকে এই দুর্দ্দমনীয় দারিদ্র্য হইতে উদ্ধার কর, সমীপবর্ত্তী সংগ্রামে পাপ হইতে রক্ষা কর, এবং উন্নত কীর্ত্তি ও সত্যের জন্য আমাদিগকে রথযুক্ত ও অশ্ব প্রমুখ ধন দান কর।

১৫। ধনের জন্য পূজনীয়, হে ইন্দ্র! তোমার অনুগ্রহ আমাদিগের নিকট হইতে উঠাইয়া লইও না; অন্ন আমাদিগকে পুষ্ট করুক। হে মঘবন্! তুমি ধনপতি, আমাদিগকে গো দাও; আমরা তোমার অর্চনায় রত, যেন আমরা পুত্র পৌত্রাদির সহিত সুখ প্রাপ্ত হই।

---

১২২ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। দীর্ঘতমার অপত্য কক্ষীবান্ ঋষি।

১। হে ক্রোধরহিত ঋত্বিকগণ! তোমরা কর্ম্মফলদাতা রুদ্রকে পালনশীল ও যজ্ঞসম্পাদক অন্ন অর্পণ কর। আমিও সেই দ্যুলোকের (১) অসুরকে এবং তাঁহার অনুচরস্বরূপ স্বর্গ ও পৃথিবীর মধ্যস্থলবাসী মরুদগণকে স্তব করি। লোকে যেরূপ তূণীরদ্বারা শত্রুগণকে নিরস্ত করে তিনিও সেইরূপ বীর মরুদগণ দ্বারা শত্রু নিরস্ত করেন।

২। পত্নী যেমন স্বামীর প্রথম আহ্বানে ত্বরান্বিতা হইয়া আইসেন সেইরূপ অহোরাত্র নানা প্রকার স্তোত্রদ্বারা প্রকাশিত হইয়া আমাদিগের

---

(৪) উশনা সম্বন্ধে ৫১ সূক্তের ১০ ঋকের টীকা দেখ।

(১) মূলে "দিবঃ অসুরস্ত" আছে। ৫৪ সূক্তের ৩ ঋকের টীকা দেখ।

প্রথম আহ্বানে ত্বরান্বিত হইয়াছেন। শত্রুনাশক আদিত্যের ন্যায় উষাদেবী হিরণ্যবর্ণ কিরণযুক্ত ও বিস্তৃত রূপ ধারণ করিয়া সূর্য্যের শোভায় শোভিত হইয়াছেন।

৩। বসনার্হ সর্ব্বতোগামী আদিত্য আমাদিগের আমোদ বর্দ্ধন করুন, জলবর্ষক বায়ু আমাদিগের আনন্দ বর্দ্ধন করুন। হে ইন্দ্র ও পর্জ্জন্যদেব! আমাদের বুদ্ধি তীক্ষ্ণ কর। হে বিশ্বদেবগণ! আমাদিগকে প্রভূত অন্ন প্রদান করিতে ইচ্ছা কর।

৪। আমি উশিজের পুত্র। হে ঋত্বিকগণ! আমার উদ্দেশে অন্নভক্ষক ও স্তুতিভাজন অশ্বিদ্বয়কে জগৎ শুভ্রকারিণী উষার কালে, আহ্বান কর। উদকের নপ্তৃ অগ্নিদেবকে স্তব কর এবং মাদৃশ স্তবকারী মনুষ্যের মাতৃস্থানীয় (অহোরাত্র দেবতাকেও) স্তব কর।

৫। হে দেবগণ! আমি উশিজের পুত্র; আমি তোমাদিগের সম্বন্ধে শব্দোচার্য্য স্তোত্র আহ্বানের জন্য পাঠ করি। হে অশ্বিদ্বয় তোমাদিগকে ঘোষা (২) যেরূপ ধবল নামক চর্ম্মরোগের বিনাশার্থ স্তব করিয়াছিল, (আমিও সেইরূপ করিতেছি)। হে দেবগণ! ফলদাতা পূষাকেও আহ্বান করিতেছি, এবং অগ্নি সম্বন্ধীয় ধনকেও স্তব করিতেছি।

৬। হে মিত্রাবরুণ! আমাদিগের আহ্বান শ্রবণ কর। যাগগৃহে সমস্ত আহ্বান শ্রবণ কর। প্রসিদ্ধ ধনবান্ জলদেব ক্ষেত্রসমূহে জলবর্ষণ করিয়া আমাদিগের আহ্বান শ্রবণ করুন।

৭। হে মিত্র হে বরুণ! আমি তোমাদিগকে স্তব করি। যে স্তোত্রে অন্ন নিয়মিত হয় সেই স্তোত্র পাঠ করা হইয়াছে, অতএব কক্ষীবান্‌কে তোমাদের প্রসিদ্ধ গো দান কর। প্রসিদ্ধ ও সুন্দর রথবিশিষ্ট কক্ষীবানের প্রতি প্রীতি বিশিষ্ট হইয়া তোমরা আগমন কর ও আগমন করিয়া আমার পুষ্টি সাধন কর।

৮। মহাধনোপেত দেবদিগের ধনকে স্তব করি। আমরা মনুষ্য, বহুবীর পুত্রপৌত্র বিশিষ্ট হইয়া আমরা এই ধন সম্ভোগ করিব। যে দেব অঙ্গিরা গোত্রোৎপন্ন কক্ষীবানের নিমিত্ত অন্ন প্রদান করেন, অশ্ব ও রথ প্রেরণ করেন, তাঁহাদিগকে স্তব করি।

৯। হে মিত্রাবরুণ! যে ব্যক্তি তোমাদিগের দ্রোহকারী, যে কোন

(২) ১১৭ সূক্তের ৭ ঋকের টীকা দেখ।

প্রকারেও তোমাদিগের দ্রোহ করে, যে তোমাদিগের জন্য সোমরসের অভিষব করে না, সে আপন হৃদয়ে যক্ষ্মা রোগ নিধান করে। যে ব্যক্তি যজ্ঞ করে, সে স্তুতি বাক্যে সোমরস প্রাপ্ত হয়।

১০। সে ব্যক্তি শান্ত অশ্ব প্রাপ্ত হয়, মনুষ্যদিগের পরাভব করে, সমকক্ষ লোকের মধ্যে অন্নের জন্য প্রসিদ্ধ হয়, অতিথিগণকে ধন দান করে, এবং সমস্ত যুদ্ধে হিংসক মনুষ্যের দিকে অশঙ্কিতভাবে সর্ব্বদা গমন করে।

১১। হে সর্ব্বাধিপতি! হে আনন্দবর্দ্ধক! তোমরা মরণ রহিত স্তোত্র-কারী মনুষ্যের, অর্থাৎ আমার আহ্বান শ্রবণ কর ও আগমন কর। তোমরা আকাশব্যাপী, তোমরা অন্তরক্ষকরহিত রথবিশিষ্ট যজমানের সমৃদ্ধিসাধন হব্যের প্রশংসা করিতে ভাল বাস।

১২। যে যজমানের দশটী পাত্রস্থিত অন্ন প্রাপ্তির জন্য আমরা আহূত হইয়াছি, তাহাকে এই মনুষ্যাভিভাবী বল (দিলাম), দেবতারা এই কথা বলিলেন। এই দেবগণের দ্যোতমান অন্ন ও ধন অতিশয় শোভা পায়। প্রকৃষ্ট যজ্ঞে দেবগণ অন্ন দান করুন।

১৩। যেহেতু অন্ন দশবিধ, অতএব ঋত্বিকগণ দশটী পাত্রে অন্ন ধারণ করিয়া গমন করিতেছেন। আমরা বিশ্বদেবগণকে স্তব করি। ইষ্টাশ্ব ইষ্টরশ্মি (৩) শত্রুতারক নেতাদিগের কি করিতে পারে?

১৪। বিশ্বদেবগণ আমাদিগকে হিরণ্যকর্ণ, মণিগ্রীব, রূপবান্ (পুত্র) প্রদান করুন। আর্য্য বিশ্বদেবগণ সদ্যনির্গত স্তুতি ও হব্য ও আকাঙ্ক্ষা করুন।

১৫। মশর্শার নামক রাজার চারিটী শিশুপুত্র, জয়শীল অযবস নামক রাজার তিন পুত্র আমাকে বাধা দিতেছে (৪)। হে মিত্রাবরুণ! তোমাদের অতি বিস্তৃত ও শোভন দীপ্তিশালী রথ সূর্য্যের ন্যায় দ্যুতিলাভ করিয়াছে।

---

(৩) সায়ণ বলেন ইষ্টাশ্ব ও ইষ্টরশ্মি দুই জন রাজার নাম। পণ্ডিতবর কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় বলেন এই ইষ্টাশ্বই জেন্দ ধর্ম্ম প্রচারক বিষ্টাস্প, এবং পারসীকগণ তাঁহাকে গুষ্টাস্প বা কুষ্টাস্প বলিত। See preface to Rig Veda Sanhita, pp. 14—17.

(৪) সায়ণ এই দুই রাজার সম্বন্ধে কোনও বিবরণ দেন নাই।

১২৩ সূক্ত।

উষা দেবতা। দীর্ঘতমার অপত্য কক্ষীবান্ ঋষি।

১। দক্ষিণা উষার রথ সংযোজিত হইয়াছে। মরণরহিত দেবগণ এই রথে আরোহণ করিলেন। কৃষ্ণবর্ণ অন্ধকার হইতে পূজনীয়া, বিচিত্র-গতিমতী, ও মনুষ্য আবাসের রোগনাশিনী উষা উদয় হইলেন।

২। সমস্ত ভূতগণের পূর্ব্বেই উষা জাগরিত হইলেন। তিনি অন্নদায়িনী, মহতী ও জগতের সুখদায়িনী; তিনি যুবতী এবং পুনঃ পুনঃ আবির্ভূত হয়েন; ঊর্দ্ধস্থিতা উষাদেবী আমাদের আহ্বানে প্রথমেই আগমন করেন।

৩। হে সুজাতা উষা! তুমি মনুষ্যগণের পালয়িত্রী, তুমি অদ্য মনুষ্য-দিগকে যে আলোকভাব প্রদান কর, দানশীল সবিতা, সূর্য্যের আগমনার্থ সেই আলোক দান করিয়া আমাদিগকে পাপ রহিত বলিয়া স্বীকার করুন।

৪। অহনা (১) নম্রভাবে প্রত্যহ প্রতিগৃহ অভিমুখে গমন করেন, ভোগে-চ্ছাশালিনী দ্যুতিমতী প্রত্যহ আগমন করেন এবং (হব্যরূপ) ধনের শ্রেষ্ঠ ভাগ গ্রহণ করেন।

৫। হে সুনৃতা উষা! তুমি ভগের ভগিনী এবং বরুণের ভগিনী, তুমি প্রথমা, তোমাকে সকলে স্তব করুক। পশ্চাৎ যে দুঃখের উৎপাদক সে আসুক। তোমার সহায়তা পাইয়া তাহাকে রথদ্বারা জয় করিব।

৬। সুনৃত বাক্য উচ্চারিত হউক। প্রজ্ঞা উন্মিষিত হউক। অত্যন্ত দীপ্যমান্ অগ্নিসমূহ প্রজ্বলিত হউক। যেহেতু বিচিত্র প্রভাবতী উষা অন্ধ-কারাবৃত স্পৃহণীয় বস্তু আবিষ্কার করিতেছেন।

৭। বিচিত্র রূপবতী অহোরাত্র দেবতাদ্বয় ব্যবধানরহিতভাবে চলিতে-ছেন। একজন গমন করেন, আর একজন আইসেন। পর্য্যায়গামিনী দেবতাদ্বয়ের মধ্যে একজন পদার্থসমূহ গোপন করেন, অন্য জন অর্থাৎ উষা অত্যন্ত দীপ্তিমান্ রথদ্বারা তাহা প্রকাশিত করেন।

৮। অদ্যও যেরূপ কল্যও সেইরূপ, উষাদেবীগণ অনবদ্য। প্রতিদিন

---

(১) "অহনা" উষার একটি নাম (যাস্ক)। গ্রীকদিগের Athena এই অহনা শব্দের প্রতিরূপ। ৩০ সূক্তের ২২ ঋকের টীকা দেখ।

তাঁহারা বরুণের অবস্থিতিস্থান . গী হইয়া ... অগ্রে অবস্থিতি হয়েন (২)। এক এক উষা উদয়কালেই গমনাগমনরূপ কর্ম্ম নির্ব্বাহ করেন।

৯। উষা দিনের প্রথম অংশের আগমনের সময় জানেন। তিনি স্বতোদীপ্তা ও শ্বেতবর্ণা, কৃষ্ণবর্ণ হইতে তাঁহার উদ্ভব। তিনি আদিত্যের ধামে মিশ্রিত হয়েন, কিন্তু তাহা হ্রাস করেন না, বরং তাহার শোভা সম্পাদন করেন।

১০। দেবি! কন্যার ন্যায় শরীরাবয়ব বিকাশ করিয়া তুমি দানশীল ও দীপ্তিমান্ সূর্য্যের নিকট গমন কর। যুবতীর ন্যায় অত্যন্ত দীপ্তিবিশিষ্টা হইয়া ঈষৎ হাস্যকরতঃ তাঁহার সম্মুখে বক্ষোদেশ অনাবৃত কর।

১১। মাতা দেহমার্জ্জন করিয়া দিলে কন্যার শরীর যেরূপ উজ্জ্বল হয়, তুমিও সেইরূপ হইয়া দর্শনার্থ আপন শরীর প্রকাশ কর। তুমি ভদ্রা, তুমি অন্ধকারকে দূর করিয়া দাও; অন্য উষা তোমার কার্য্য ব্যাপ্ত করিবে না।

১২। অশ্ববিশিষ্টা, গোবিশিষ্টা, সর্ব্বকালীনা, ও সূর্য্যরশ্মির সহিত একত্রে প্রষতবতী উষাদেবীগণ কল্যাণকর নাম ধারণ করিয়া নিবৃত্ত হয়েন, আবার আগমন করেন।

১৩। সূর্য্যের রশ্মির অনুগমন করতঃ (আমাদিগকে) কল্যাণকর প্রজ্ঞা প্রদান কর, আমরা তোমাকে আহ্বান করিতেছি। অন্ধকার নিবারণ কর, আমরা (হবির্লক্ষণ) ধনযুক্ত, আমাদিগের ধন হউক।

---

(২) বরুণ অর্থে এখানে সূর্য্য। সায়ণ। সায়ণ বলেন সূর্য্য প্রত্যহ ৫০৫৯ যোজন ভ্রমণ করেন। তাহা হইলে সূর্য্য প্রত্যেক দণ্ডে ৭৯ যোজন ভ্রমণ করেন। অতএব উষা যদি সূর্য্যের ৩০ যোজন পূর্ব্বগামী হয়েন তাহা হইলে সূর্য্যোদয়ের প্রায় অর্দ্ধ দণ্ড ($\frac{৩}{৮}$ দণ্ড) পূর্ব্বে উষার উদয়। সূর্য্যের দৈনিক গতি সম্বন্ধে পণ্ডিতবর বেণ্টলী এইরূপ লিখিয়াছেন। "The reckoning of the sun's daily journey, cited by Sayana, perhaps from some text of the Vedas, in much nearer the truth than that of the *Puranas*, being something more than 20,000 miles, and being in fact the equatorial circumference of the earth." Bentley—*Hindu Astronomy*.

১২৪ সূক্ত।

উষাদেবতা। দীর্ঘতমার অপত্য কক্ষীবান্ ঋষি।

১। অগ্নি সমিধ্যমান হইলে উষা অন্ধকার নিবারণ করতঃ সূর্য্যোদয়ের ন্যায় বহুল জ্যোতিঃ প্রকাশ করেন। সবিতা আমাদিগকে ব্যবহারের জন্য দ্বিপদ ও চতুষ্পদবিশিষ্ট ধন প্রদান করুন।

২। উষা দৈবব্রতের অবিঘ্নকারিণী, মনুষ্যের আয়ুঃকাল ক্ষয়কারিণী, অতীত ও নিত্য উষাগণের সদৃশী, এবং আগামিনী উষাগণের প্রথমা। উষা দ্যুতি লাভ করিয়াছেন।

৩। উষা স্বর্গের দুহিতা। তিনি জ্যোতিদ্বারা আচ্ছাদিত হইয়া পূর্ব্বদিকে ক্রমে দেখা দেন। সূর্য্যের অভিপ্রায় জানিয়াই যেন তাঁহার পথে সম্যকরূপে পরিভ্রমণ করেন এবং কখনও দিক সমূহের হিংসা করেন না।

৪। সূর্য্য যেমন নিজ বক্ষঃ আবিষ্কার করেন, এবং নোধাঋষি যেমন আপনার প্রিয়বস্তু আবিষ্কার করিয়াছিলেন, সেইরূপ উষা আপনাকে আবিষ্কার করিয়াছেন। গৃহিণী জাগরিতা হইয়া যেমন সকলকে জাগরিত করেন, উষাও জগতীজনকে সেইরূপ জাগরিত করেন, উষা অভিসারিকাগণের মধ্যে সর্ব্বাপেক্ষা অধিকবার আগমন করেন।

৫। উষা বিস্তৃত অন্তরীক্ষের পূর্ব্বভাগে উৎপন্ন হইয়া দিকসমূহের চৈতন্য সম্পাদন করেন। ইনি পিতৃস্থানীয় স্বর্গ ও পৃথিবীর উৎসঙ্গে থাকিয়া আত্মতেজোদ্বারা উভয়কে পরিপূর্ণ করিয়া বিস্তীর্ণ ও বিশিষ্টরূপে প্রথিত হইয়াছেন।

৬। এই প্রকারেই উষা অত্যন্ত বিস্তৃত হইয়া সুখে দর্শন করিবার জন্য বিজাতীয় এবং স্বজাতীয় কাহাকেও পরিত্যাগ করেন না। প্রকাশবতী উষা নির্ম্মল শরীরে ক্রমে স্পষ্টতর হইয়া ক্ষুদ্র বা বৃহৎ কিছু হইতেই পরাবৃত্ত হয়েন না।

৭। ভ্রাতৃরহিতা নারী যেমন অভিমুখী হইয়া পুরুষের নিকট গমন করে; গতভর্ত্তৃকা যেমন ধনলাভার্থ গৃহে আরোহণ করে (১), উষাও সেইরূপ করেন।

(১) মূলে "গর্ত্তারুগিব সনয়ে ধনানাং" আছে। অর্থাৎ ধনলাভার্থ গৃহে আরোহণকারীর ন্যায়। গর্ত্তা অর্থে গৃহ। কিন্তু নিরুক্ত অনুসারে গর্ত্তা অর্থে দ্যূতক্রীড়ার স্থান; পতিহীন নারী কখন কখন দ্যূতক্রীড়ার দ্বারা অর্থলাভ করিত।

জায়া যেরূপ পতি অভিলাষিণী হইয়া সুবস্ত্র পরিধান করতঃ হাস্যদ্বারা দন্ত প্রকাশ করে, উষাও সেইরূপ করে।

৮। স্বসা রাত্রি জ্যেষ্ঠ স্বসাকে উষাকে উৎপত্তি স্থান (অপর রাত্ররূপ) প্রদান করিয়াছেন, এবং উষাকে জানাইয়া স্বয়ং চলিয়া যাইতেছেন। উষা সূর্য্যকিরণ দ্বারা অন্ধকার বিদূরিত করিয়া বিদ্যুৎরাশির ন্যায় জগৎ প্রকাশ করিতেছেন।

৯। এই সকল স্বসৃভাবাপন্ন পুরাতনী উষাগণের মধ্যে প্রথমা অপরার পশ্চাৎ প্রত্যহ গমন করেন। নবীয়সী উষা পুরাতনী উষাসমূহের ন্যায় সুদিন আনয়ন করতঃ আমাদিগকে বহু ধনবিশিষ্ট করিয়া প্রকাশ করুন।

১০। হে ধনবতী উষা! হবিঃপ্রদগণকে জাগরিত কর। পণিগণ অপ্রবুদ্ধ হইয়া নিদ্রা যাউক। হে ধনবতী! ধনবান্ যজমানগণকে সমৃদ্ধি প্রদান কর। হে সূনৃতে! তুমি সর্ব্বপ্রাণিগণকে ক্ষীণ কর, তুমি যজমানকে সমৃদ্ধি প্রদান কর।

১১। যুবতী উষা পূর্ব্বদিক হইতে আগমন করিতেছেন, অরুণবর্ণ অশ্বগণকে রথে যোজনা করিতেছেন। দিবসের সূচনা করিয়া রূপরহিত অন্তরীক্ষে অন্ধকার নিবারণ করিতেছেন। অগ্নি গৃহে গৃহে প্রদীপ্ত হইতেছে।

১২। হে উষা! তোমার উদয় হইলে পক্ষীগণ বসতিস্থান হইতে ঊর্দ্ধে উৎপতিত হইতেছে। অন্ন চেষ্টায় ব্যাপৃত মনুষ্যগণ উন্মুখ হইয়া গমন করিতেছে। হে দেবি! যেখানে গৃহে অবস্থিত হব্যদাতা মনুষ্যের জন্য বহুধন আনয়ন কর।

১৩। হে স্তোমার্হ উষাগণ! তোমরা আমার মন্ত্রদ্বারা স্তুত হও। আমার সমৃদ্ধি কামনা করিয়া আমাদিগকে বর্দ্ধিত কর। হে দেবীগণ! তোমার রক্ষালাভ করিয়া আমরা সহস্রসংখ্যক ও শতসংখ্যক ধন লাভ করিব।

---

১২৫ সূক্ত।

দানদেবতা। দীর্ঘতমার অপত্য কক্ষীবান্ ঋষি।

১। স্বনয় রাজা প্রাতঃকালে আসিয়া প্রাতঃকালেই রত্ন আনিয়া রাখিলেন। কক্ষীবান্ চেতনা পাইয়া রত্ন গ্রহণ করিয়া স্থাপন করিলেন।

সুবীর দীর্ঘতমা সেই রত্নদ্বারা প্রজাও আয়ুবর্দ্ধন করিয়া ধনবৃদ্ধি প্রাপ্ত হইলেন (১)।

২। তাঁহার অনেক গোধন হউক। তিনি বহু সুবর্ণবান্ ও বহু অশ্ববান্ হউন। ইন্দ্র তাঁহাকে প্রভূত অন্ন প্রদান করুন। লোকে যেমন বন্ধন রজ্জুদ্বারা পশুপক্ষ্যাদি বদ্ধ করে তিনিও সেইরূপ প্রাতঃকালে আসিয়া পদব্রজে আগমনকারীকে ধনদ্বারা আবদ্ধ করিয়াছেন।

৩। আমি যজ্ঞের ত্রাতা শোভন কর্ম্মকারীকে দেখিবার ইচ্ছা করিয়া সমৃদ্ধরথে আরোহণ করতঃ অদ্য উপস্থিত হইয়াছি। দীপ্তিশালী মাদক সোমের অভিষুত রস পান কর। বহু বীরপুত্রাদিবিশিষ্টকে প্রিয় ও সত্যবাক্যদ্বারা সমৃদ্ধ কর।

৪। প্রকৃত পয়োধারা, সুখপ্রদা ধেনুগণ যজমান এবং যজ্ঞ সংকল্পকারীর নিকটে গিয়া দুগ্ধ প্রদান করিতেছে। সমৃদ্ধির হেতুভূত ঘৃতধারা, তর্পণকারী ও হিতকারী পুরুষের নিকট চারিদিক হইতে উপস্থিত হইতেছে।

৫। যে ব্যক্তি দেবতাদিগকে প্রীত করে সে স্বর্গের পৃষ্ঠদেশে অবস্থান করে, এবং দেবতাদিগের মধ্যে গমন করে। স্যন্দনশীল জল তাহার নিকট তেজোবিশিষ্ট সার প্রদান করে। ভূমিও শস্যাদি ফল সম্পাদনক্ষম হইয়া তাহার সন্তোষ সাধন করে।

৬। যে ব্যক্তি দক্ষিণা প্রদান করে, এই বিচিত্র বস্তু সকল তাহারই হয়। দক্ষিণাপ্রদাতার জন্য দ্যুলোকে সূর্য্য বিদ্যমান রহিয়াছে। দক্ষিণা প্রদাতৃগণই জরা মরণ রহিত স্থান প্রাপ্ত হয়। দক্ষিণা প্রদাতৃগণ দীর্ঘ আয়ু লাভ করে।

৭। যাহারা দেবতাদিগকে প্রীত করে, তাহারা দুঃখ এবং পাপপ্রাপ্ত হয় না। শোভন ব্রতশালী স্তোতৃগণও জরাগ্রস্ত হয় না। দেবতাদিগের প্রীতি-

---

(১) কক্ষীবান্ অধ্যয়ন সমাপ্ত করিয়া গৃহে গমনকালে পথপার্শ্বে নিদ্রিত হইয়া পড়িলেন। স্বনয় রাজা অনুচরবর্গের সহিত তথায় আসিয়া কক্ষীবানের রূপ দেখিয়া তুষ্ট হইয়া তাঁহাকে নিজ গৃহে লইয়া গেলেন এবং আপন দশ কন্যার সহিত তাঁহার বিবাহ দিয়া তাঁহাকে ১০০ নিষ্ক সুবর্ণ, ১০০ অশ্ব, ১০০ বৃষ, ১০৬০ গাভী ও ১১ রথ প্রদান করিলেন। কক্ষীবান্ গৃহে আসিয়া এই অর্থ সমুদয় পিতাকে অর্পণ করিলেন। সায়ণ। অতএব স্বনয় রাজার দানই এই সূক্তের দেবতা, অর্থাৎ সেই দান সম্বন্ধে এই সূক্ত রচিত হইয়াছে।

প্রদ ও স্তুতিকারী ভিন্ন অন্য লোককে পাপ আশ্রয় করুক। যাহারা দেবতা-দিগকে প্রীত না করে শোক তাহাদিগকে প্রাপ্ত হউক।

---

১২৬ সূক্ত।

১ হইতে ৫ ঋক্। কক্ষীবান্ ঋষি, রাজা ভাবয়ব্যের উপলক্ষে।

৬ ঋক্। উক্ত রাজা ঋষি, তাঁহার স্ত্রী লোমশার উপলক্ষে।

৭ ঋক্। লোমশা ঋষি, তাঁহার স্বামীর উপলক্ষে।

১। সিন্ধুনিবাসী ভাবয়ব্যের জন্য (১) নিজ বুদ্ধিবলে বহুসংখ্যক স্তোম সম্পাদন করি। হিংসারহিত রাজা, কীর্ত্তিলাভ কামনায়, আমার জন্য সহস্র সোম যাগের অনুষ্ঠান করিয়াছেন।

২। অসুর রাজা গ্রহণের জন্য আমাকে যাচ্ঞা করিবামাত্র আমি কক্ষীবান্ তাঁহার নিকট শত নিস্ক (২), শত লক্ষণযুক্ত অশ্ব, ও শত বলীবর্দ্ধ গ্রহণ করিলাম। রাজা স্বর্গলোকে শাশ্বতী কীর্ত্তি বিস্তার করিবেন।

৩। স্বনয় কর্ত্তৃক প্রদত্ত শ্যাববর্ণ অশ্বযুক্ত বধূসমন্বিত দশখানি রথ আমার নিকট উপস্থিত হইল। এক সহস্র ষষ্টিসংখ্যক গাভী উপস্থিত হইল। কক্ষী-বান্ গ্রহণ করিয়া পর দিনেই তাহা আপনার পিতাকে দান করিলেন।

৪। গো সহস্রের সম্মুখে দশখানি রথের চত্বারিংশৎ শোণঘোটক শ্রেণী-বদ্ধ হইয়া চলিতে লাগিল। কক্ষীবানের অনুচরেরা ঘাসাদি খাদ্য সংগ্রহ করতঃ মদস্রাবী সুবর্ণময় আভরণ বিশিষ্ট সতত গতিশীল অশ্বদিগকে মার্জ্জন করিতে লাগিল।

৫। হে বন্ধুগণ! পূর্ব্বের দান স্মরণ করিয়া তোমাদিগের জন্য একাদশ সংযুক্ত রথ গ্রহণ করিয়াছি। এবং বহুমূল্য গো গ্রহণ করিয়াছি। প্রজা-সমূহের ন্যায় পরস্পর অনুরাগবিশিষ্ট হইয়া আঙ্গিরাগণ শকটবিশিষ্ট হইয়া কীর্ত্তিলাভের চেষ্টা করুক।

৬। এই সম্ভোগযোগ্যা রমণী বিশেষরূপে আলিঙ্গিতা হইয়া মৃতবৎসা

---

(১) তৎপুত্রস্য স্বনয়স্য ইত্যর্থঃ। সায়ণ। মূলে "সিন্ধাব অধি" আছে। "Either the river Indus or the seashore."—*Wilson.*

(২) মূলে "নিষ্ক" শব্দ আছে। সায়ণ তাহার দুই অর্থ করিয়াছেন। (১) আভরণ, (২) সুবর্ণ। প্রাচীন কালে ক্ষুদ্র ক্ষুদ্র সুবর্ণ খণ্ড, অর্থাৎ নিষ্ক, মুদ্রারূপে প্রচলিত ছিল, এবং তাহা কণ্ঠের আভরণ রূপেও ব্যবহৃত হইত।

নকুলীর ন্যায় চিরকাল রমণ করে। বহু তেজোযুক্তা হইয়া রমণী আমাকে শতবার ভোগ প্রদান করিতেছে।

৭। নিকটে আসিয়া বিশেষরূপে স্পর্শ কর। আমার অঙ্গে লোম অল্প মনে করিও না, আমি গান্ধার দেশীয় মেষীর ন্যায় লোমপূর্ণা ও পূর্ণাবয়বা।(৩)।

---

১২৭ সূক্ত।

অগ্নিদেবতা। দিবোদাসের অপত্য পরুচ্ছেদ ঋষি।

১। কৃতবিদ্য বিপ্রের ন্যায় প্রজ্ঞাবিশিষ্ট, বলের পুত্রস্বরূপ, সকলের নিবাস ভূমিস্বরূপ, এবং অত্যন্ত দানশীল অগ্নিকে আমি হোতা বলিয়া সম্মান করি। যজ্ঞনির্ব্বাহকারী অগ্নি উৎকৃষ্ট দেব পূজা সমর্থ হইয়া, চতুর্দ্দিকে প্রসৃত ঘৃতের দীপ্তি অনুসরণ করিয়া, নিজ শিখাদ্বারা তাহা প্রার্থনা করিতেছেন।

২। হে মেধাবী শুভ্রদীপ্তি অগ্নি! আমরা যজমান, আমরা মনুষ্যদিগের উপকারার্থ মনন সাধন, অত্যন্ত প্রীতিপ্রদ মন্ত্রদ্বারা আঙ্গিরাগণের জ্যেষ্ঠস্বরূপ তোমাকে আহ্বান করি। সর্ব্বতোগামী সূর্য্যের ন্যায় তুমি যজমানদিগের জন্য দেবতাদিগকে আহ্বান করিয়া থাক। তুমি কেশবৎ আয়ত জ্বালা-বিশিষ্ট ও অভীষ্টবর্ষী। যজমানগণ অভিমত ফলপ্রাপ্তির জন্য তোমাকে প্রীত করুক।

৩। অগ্নি বিশেষ দীপ্তিবিশিষ্ট জ্বালাদ্বারা বিশেষরূপে দীপ্যমান; তিনি বিদ্রোহীদিগের ছেদনার্থে পরশুর ন্যায় বিনাশে অমোঘ; তাঁহার সহিত মিলিত হইলে দৃঢ় ও স্থির বস্তুও জলের ন্যায় শীর্ণ হয়। শত্রু পরাভবকারী ধনুর্দ্ধর যেরূপ পলায়ন করে না, অগ্নিও সেইরূপ শত্রুদিগের অভিভব কার্য্য হইতে বিরত হয়েন না।

৪। যেমন বিদ্বান ব্যক্তিকে অর্থদান করা যায়, সেইরূপ অগ্নিকে সার-বান্ (হব্য) মন্ত্রানুক্রমে প্রদান করিতেছে। অগ্নি তেজোযুক্ত যজ্ঞাদিদ্বারা আমাদিগের রক্ষার্থ ধন প্রদান করেন। যজমানও রক্ষার্থে অগ্নিকে হব্য

---

(৩) এক্ষণকার পেশাওয়র প্রদেশকে পূর্ব্বকালে গান্ধার দেশ বলিত। পেশাওয়র, লাহোর, কাশ্মীর, সমুতলস প্রভৃতি প্রদেশ সমূহ অদ্যাপি লোমপূর্ণ মেষ ও ছাগ এবং উত্তম শাল ও পশমী বস্ত্রাদির জন্য প্রসিদ্ধ।

প্রদান করেন। অগ্নি (যজমানদত্ত হব্যে) প্রবেশ করিয়া শিখাদ্বারা উহা বনের ন্যায় দহন করেন। অগ্নি কঠিন অন্নাদি নিজশিখাদ্বারা পাক করেন এবং তেজোদ্বারা স্থির দ্রব্য বিনষ্ট করেন।

৫। অগ্নি রাত্রিকালে দিবস হইতেও অধিক দর্শনীয়; অগ্নি দিবসে সম্যক আয়ু শূন্য; আমরা অগ্নির উদ্দেশে বেদিসমীপে হব্য দান করি। পিতার নিকট পুত্র যেমন দৃঢ় ও সুখসাধন গৃহ লাভ করে সেইরূপ অগ্নিও অন্ন গ্রহণ করেন। অগ্নি ভক্ত ও অভক্ত বুঝিয়াও উভয়কেই রক্ষা করেন। অগ্নি হব্য ভক্ষণ করিয়া অজর হয়েন।

৬। স্তুত্য অগ্নি মরুৎ বলের ন্যায় প্রভূত ধ্বনিযুক্ত। কর্ম্মবিশিষ্ট উর্ব্বরা ভূমিতে অগ্নির যাগ করা উচিত, সৈন্য বিজয়ের জন্য অগ্নির যাগ করা উচিত। অগ্নি হব্য ভক্ষণ করেন; অগ্নি সর্ব্বত্র দানশীল ও যজ্ঞের কেতুস্বরূপ, এবং সর্ব্বত্র পূজনীয়। যজমানদিগের হর্ষদায়ী ও হর্ষযুক্ত অগ্নির পথ নির্ভয় রাজপথের ন্যায় সুখপ্রাপ্তির জন্য সকল মনুষ্য সেবা করে।

৭। উভয় প্রকার অগ্নির গুণকীর্ত্তনকারী, দীপ্তিশালী, নমস্কার কুশল, ও হব্যদাতা ভৃগু গোত্রোৎপন্ন মহর্ষিগণ হবির্দানার্থ অরণি দ্বারা অগ্নিমন্থন করিতেছেন এবং স্তব করিতেছেন। প্রদীপ্ত অগ্নি সমস্ত ধনের অধীশ্বর। অগ্নি যজ্ঞবান্, এবং পর্য্যাপ্তরূপে প্রিয়হব্য ভোগ করেন, তিনি মেধাবী এবং অন্য দেবতাকেও ভাগ দেন।

৮। সমস্ত যজমানের রক্ষক, একরূপেই সমস্ত লোকের গৃহ পালক, অবিসংবাদি ফলবিশিষ্ট, স্তুতির বাহক এবং অতিথিবৎ মনুষ্যদিগের পূজনীয় অগ্নিকে ভোগের জন্য আমরা আহ্বান করি। পুত্রগণ যেমন পিতার নিকট গমন করে, সেইরূপ এই সমস্ত দেবগণ হব্যের উদ্দেশে অগ্নির নিকট আগমন করেন, ঋত্বিক্‌গণও দেবগণের যাগকালে অগ্নিকে হব্য প্রদান করেন।

৯। ধন যেমন দেবযজ্ঞার্থে উৎপন্ন হয় সেইরূপ হে অগ্নি! তুমিও দেব-যজ্ঞার্থে উৎপন্ন হও। তুমি নিজবলে শত্রুদিগের অভিভবিতা এবং অত্যন্ত তেজস্বী। তোমার আনন্দ অত্যন্ত বলপ্রদ, তোমার ক্রতু অত্যন্ত যশঃপ্রদ। হে অজর, হে ভক্তগণের জরানিবারক অগ্নি! এই জন্যই যজমানেরা দূতের ন্যায় তোমার পরিচর্য্যা করে।

১০। হে স্তোতৃগণ! যেহেতু হবিষ্মান্ যজমান এই অগ্নির উদ্দেশে সমস্ত বেদি ভূমিতে বার বার গমন করিতেছেন অতএব তোমাদের স্তোত্র সেই

পূজ্য, শত্রুপরাভবকারী, প্রাতঃকালে জাগরণশীল, এবং পশুপ্রদ অগ্নির প্রীতি উৎপাদনে সমর্থ হউক। ধনবানের নিকট বন্দী যেমন স্তব করে, সেইরূপ হোতা অগ্রে দেবগণের মধ্যে শ্রেষ্ঠ অগ্নিকে স্তব করেন।

১১। হে অগ্নি! যদিও তোমাকে নিকটে দীপ্তরূপে দেখিতে পাই, তথাপি তুমি দেবতাদিগের সহিত আহার কর। তুমি শোভন অন্তঃকরণে তোমার অধীনের প্রতি অনুগ্রহ করিয়া পূজনীয় ধন আহরণ কর। হে বলবান্ অগ্নি! আমাদের জন্য প্রভূত অন্ন প্রদান কর, যেন পৃথিবী দর্শন ও ভোগ করিতে পারি। হে মঘবন্ অগ্নি! স্তোতৃদিগের জন্য সুবীর্য্যবৎ ধন প্রদান কর। প্রভূত বলবিশিষ্ট হইয়া ক্রূর ব্যক্তি যেরূপ শত্রু নাশ করে, সেইরূপ আমাদের শত্রু বিনাশ কর।

---

১২৮ সূক্ত।

অগ্নি দেবতা। দিবোদাসের অপত্য পরুচ্ছেপ ঋষি।

১। দেবতাদিগের আহ্বাতা এবং অত্যন্ত জাগশীল এই অগ্নি ফলপ্রার্থীদিগের ব্রত ও আপনার ব্রত (হবির্ভোজন) উদ্দেশে মনুষ্য হইতেই উৎপন্ন হয়েন; সমস্ত বিষয় কর্ম্মবান্ অগ্নি বন্ধুকামী ও অন্নাভীলাষী (যজমানের) ধনস্থানীয়। ভূমিপদে সারভূত বেদিতে, ইলার বিহিত স্থানে (১) অহিংসিত হোমনিষ্পাদক, ঋত্বিগ্‌শ্রেষ্ঠ, অগ্নি উপবিষ্ট রহিয়াছেন।

২। আমরা যজ্ঞানুষ্ঠান ও আজ্যাদিবিশিষ্ট নমস্কারোপলক্ষিত স্তোত্রদ্বারা বহু হব্য বিশিষ্ট এবং দেবযজ্ঞে যজ্ঞসাধক অগ্নিকে পরিতোষপূর্ব্বক সেবা করি। সেই অগ্নি আমাদের হব্যরূপ অন্ন গ্রহণের জন্য ক্ষমবান্ হইয়া নাশপ্রাপ্ত হইবেন না। মাতরিশ্বা মনুর জন্য দূর হইতে অগ্নিকে আনিয়া দীপ্ত করিয়াছিলেন (২), সেইরূপ দূর হইতে আমাদের যজ্ঞশালায় তিনি আইসুন।

৩। সর্ব্বদা গীয়মান, হবিষ্মান্, অভীষ্টবর্ষী ও সামর্থবান্ অগ্নি শব্দ করিয়া

---

(১) ৩১ সূক্তের ১ ঋকের টীকা দেখ।

(২) মাতরিশ্বা ভৃগুদিগের জন্য অগ্নিকে আনয়ন করিয়াছিলেন, তৎ সম্বন্ধে ৬০ সূক্তের ১ ঋকের টীকা দেখ। আবার এস্থলে আমরা দেখিতেছি যে মাতরিশ্বা মনুর জন্য অগ্নি আনিয়াছিলেন। ভৃগু, মনু, অঙ্গিরা প্রভৃতি ঋষিগণ ভারতবর্ষে অগ্নি পূজা বিশেষরূপে প্রচার করিয়াছিলেন তাহা এই সকল ঋক্ হইতে প্রতীয়মান হইতেছে। ৭১ সূক্তের ৩ ঋকের টীকা দেখ।

গমন করত সদ্য পার্থিব বেদির চতুর্দ্দিকে শব্দ করিয়া আগমন করিতেছেন। অগ্নিদেব স্তোত্র গ্রহণ করিয়া অঙ্কস্থানীয় শিখাদ্বারা চতুর্দ্দিকে প্রকাশমান হইতেছেন। সমুচ্ছ্রিত স্থানীয় অগ্নি উৎকৃষ্ট যজ্ঞে সদ্য আগমন করেন।

৪। শোভনকর্ম্মা ও পুরোহিত অগ্নি প্রতি যজমান গৃহে নাশরহিত যজ্ঞ জানিতে পারেন; তিনি ক্রতুদ্বারা যজ্ঞ জানিতে পারেন। তিনি কর্ম্মদ্বারা বিবিধ ফলদাতা হইয়া যজমানার্থ অন্ন ইচ্ছা করেন। তিনি হব্যঃ প্রভৃতি স্পর্শ করেন কেন না তিনি ঘৃতভক্ষক অতিথিরূপে উৎপন্ন হইয়াছেন। অগ্নি প্রবৃদ্ধ হইলে হব্যদাতা বিবিধ ফলপ্রাপ্ত হয়েন।

৫। মরুৎগণ যেরূপ ভক্ষ্যদ্রব্য মিশ্রিত করেন, এই অগ্নিকে যেরূপ ভক্ষ্য-দ্রব্য দেওয়া যায়, সেইরূপ যজমানগণ কর্ম্মদ্বারা অগ্নির প্রবল শিখাতে তৃপ্তির জন্য ভক্ষ্যদ্রব্য মিশ্রিত করে। যজমান নিজ ধন অনুসারে হব্যদান করে। পাপ আমাদিগকে হরণ করিতেছে, অগ্নি আমাদিগকে হরণকারী দুঃখ ও হিংসক পাপ হইতে রক্ষা করুন।

৬। বিশ্বাত্মক মহান্ ও বিরামরহিত অগ্নি সূর্য্যের ন্যায় দক্ষিণ হস্তে ধন ধারণ করেন (২), তাঁহার সে হস্ত যজ্ঞকারীর জন্য শ্লথ হয়। কেবল হবিঃপ্রাপ্তির আশায় অগ্নি তাহা ত্যাগ করেন না। হে অগ্নি! সমস্ত হবিষ্কামী দেবতাদিগের জন্য তুমি হব্য বহন কর। অগ্নি সমস্ত সৎকার্য্যকারীর জন্য বরণীয় ধন প্রদান করেন ও স্বর্গের দ্বার উন্মুক্ত করেন।

৭। মনুষ্যের পাপ নিমিত্তক যজ্ঞে অগ্নি বিশেষ হিতকারী। অগ্নি যজ্ঞস্থলে জয়শীল রাজার ন্যায় মনুষ্যের পালক ও প্রিয়। অগ্নি যজমান-গণের বেদিতে সম্পাদিত হব্যের উদ্দেশে আগমন করেন। অগ্নি আমা-দিগকে হিংসক বরুণের ভয় হইতে, সেই মহৎ দেবের হিংসা হইতে উদ্ধার করেন (৩)।

(২) সূর্য্য হস্তে ধন ধারণ করেন সে বিষয়ে ২২ সূক্তের ৫ ঋকের টীকা দেখ।

(৩) মূলে আছে "নঃ ত্রাসতে বরুণস্য ধূর্তেঃ মহো দেবস্য ধূর্তেঃ।" সায়ণ "বরুণস্য" অর্থ করিয়াছেন "বারকস্য" অর্থাৎ যে যজ্ঞকার্য্যে বাধা দেয়। "যদ্বা বরুণস্য পাপ দেবস্য।" সায়ণ। বরুণ পাপের দণ্ডদাতা তাহা ঋগ্বেদের অনেক সূক্তে দেখা যায় ৭ মণ্ডলের ৮৬ সূক্ত ও ৮৯ সূক্ত দেখ।

৮। ধনধারক, সকলের প্রিয়, সুবুদ্ধিযুক্ত ও বিরামরহিত অগ্নিকে ঋত্বিকগণ স্তব করিতেছে ও তাঁহাকে সম্পূর্ণরূপে প্রাপ্ত হইয়াছে। হব্যবাহী, প্রাণীদিগের জীবনস্বরূপ, সর্ব্ব প্রজ্ঞাবিশিষ্ট, দেবতাদিগের আহ্বানকর্ত্তা, যজনীয় ও মেধাবী অগ্নিকে তাহারা সম্পূর্ণরূপে প্রাপ্ত হইয়াছে। ঋত্বিক্‌গণ অর্থকামী হইয়া অগ্নিকে হব্যরূপ অন্ন দিবার কামনা করতঃ আশ্রয়লাভার্থ রমণীয় ও শব্দকারী অগ্নিকে প্রাপ্ত হইয়াছে।

---

১২৯ সূক্ত।

ইন্দ্র দেবতা। দিবোদাসের অপত্য পরুচ্ছেপ ঋষি।

১। হে হর্ষযুক্ত যজ্ঞগামী ইন্দ্র! তুমি যজ্ঞলাভের জন্য রথে আরোহণ করিয়া যে প্রভূত জ্ঞানসম্পন্ন যজমানের নিকট গমন কর, এবং যাহাকে ধন ও বিদ্যায় উন্নত কর, তাহাকে তৎক্ষণাৎ সকল মনোরথ এবং হব্যবিশিষ্ট করিয়া দাও। হে হর্ষযুক্ত ইন্দ্র! আমরা মেধাগণের মধ্যেও মেধা; আমরা স্তুতি করিলে তুমি ত্বরান্বিত হইয়া আমাদের স্তুতি ও হব্য গ্রহণ কর।

২। হে ইন্দ্র! তুমি যুদ্ধের নেতা; তুমি মরুৎগণের সহিত প্রধান প্রধান যুদ্ধে স্পর্দ্ধাপূর্ব্বক শত্রুসংহারে সমর্থ; তুমি শূরগণের সহিত স্বয়ং সংগ্রাম সুখ অনুভব কর। ঋত্বিক্‌গণ স্তব করিলে তুমি তাহাদিগকে অন্ন প্রদান কর; আমাদিগের স্তুতিশ্রবণ কর। অভ্যর্থনা সমর্থ ঋত্বিক্‌গণ গমনশীল অন্নবান্ ইন্দ্রকে অশ্বের ন্যায় সেবা করে।

৩। হে ইন্দ্র! তুমি শত্রুক্ষয়কারক; বৃষ্টি পূর্ণ ত্বক্‌রূপ মেঘকে ভেদ করিয়া জল সেচন কর; এবং মর্ত্ত্যের ন্যায় গমনশীল মেঘকে ধরিয়া বৃষ্টি শূন্য করিয়া ছাড়িয়া দাও। হে ইন্দ্র! তোমার এই কার্য্য আমরা তোমার নিকট, দ্যুর নিকট, যশোযুক্ত রুদ্রের নিকট, ও প্রজাদিগের সুখদায়ী মিত্র ও বরুণের নিকট বলিব।

৪। হে ঋত্বিক্‌গণ! আমাদিগের যজ্ঞে ইন্দ্রকে কামনা করি। ইন্দ্র আমাদিগের সখা, সর্ব্বযজ্ঞগামী, শত্রুদিগের অভিভবকারী, এবং আমাদিগের সহায়ভূত; তিনি যজ্ঞবিঘ্নকারীদিগের পরাভব করেন, এবং মরুৎগণের সহিত মিলিত। হে ইন্দ্র! তুমি আমাদের পালনার্থ আমাদের (কার্য্য) রক্ষা কর।

সংগ্রামে শত্রু তোমার বিরুদ্ধে দাঁড়াইতে পারে না। তুমিই সমস্ত শত্রুকে নিবারণ কর।

৫। হে উগ্র ইন্দ্র! তোমার ভক্ত যজমানের বিরুদ্ধকারীকে উগ্র রক্ষণ-কার্য্যরূপ তেজোময় উপায় সমূহদ্বারা অবনত করিয়া দেও। তুমি পূর্ব্বকালে যেরূপ আমাদিগের পূর্ব্বপুরুষদিগকে পথ দেখাইয়া লইয়া গিয়াছিলে আমাদিগকেও সেইরূপ লইয়া যাও। তোমাকে লোকে নিষ্পাপ বলিয়া জানে। হে ইন্দ্র! তুমি জগৎপালক হইয়া মনুষ্যের সমস্ত পাপ দূর কর। আমাদিগের অভিমুখে যজ্ঞফল বহন করিয়া অনিষ্ট বিনাশ কর।

৬। ভবনশীল ইন্দুর জন্য (১) আমরা এই স্তোত্র পাঠ করি, ইন্দু আগ্রহ সহকারে আমাদিগের কর্ম্মের উদ্দেশে, রক্ষোবিঘাতী আহ্বানযোগ্য (ইন্দ্রের) ন্যায়, আগমন করিতেছেন। তিনি নিজেই আমাদের নিন্দাকারী দুর্ম্মতির বধের উপায় উদ্ভাবন করিয়া তাহাকে দূর করিয়া দিবেন। চোর যেন অত্যন্ত নিকৃষ্টভাবে ক্ষুদ্র জলের ন্যায় অধঃপতিত হয়।

৭। হে ইন্দ্র! স্তোত্রদ্বারা তোমার গুণকীর্ত্তন করিয়া তোমাকে ভজনা করি। হে ধনবান্ ইন্দ্র! আমরা সামর্থদায়ী, রমণীয়, নিত্য পুত্রভৃত্যাদিবিশিষ্ট ধন উপভোগ করিব। হে ইন্দ্র! তোমার মহিমা দুর্জ্ঞেয়; আমরা যেন উত্তম স্তোত্র ও অন্ন প্রাপ্ত হই। আমরা যেন যাগনিষ্পাদক ইন্দ্রকে অবিসংবাদী ও দ্যুম্নহূতি (২) অন্নবিশিষ্ট আহ্বানদ্বারা প্রাপ্ত হইতে পারি।

৮। হে ঋত্বিক্‌গণ! তোমাদিগের ও আমাদিগের জন্য ইন্দ্র যশস্কর আশ্রয়দান দ্বারা দুর্ম্মতিদিগের বিনাশ কর সংগ্রামে প্রবৃদ্ধ হয়েন, এবং দুর্ম্মতিদিগকে বিদীর্ণ করেন। আমাদের ভক্ষক শত্রুরা আমাদের বিরুদ্ধে আমাদের নাশের জন্য যে বেগবতী সেনা পাঠাইয়াছিল সে সেনা স্বয়ং হত হইয়াছে আমাদের নিকটও আসে না, শত্রুদের নিকটও আসে না।

৯। হে ইন্দ্র! তুমি রাক্ষসশূন্য, পাপরহিত পথে, প্রচুর ধন লইয়া আমাদের নিকট আইস। হে ইন্দ্র! তুমি দূরদেশ হইতে ও নিকট হইতে আসিয়া আমাদের সহিত মিলিত হও। তুমি দূরদেশ হইতে ও নিকট হইতে

(১) সায়ণ "ইন্দু" শব্দের চন্দ্র অর্থ করিয়াছেন। উইলসন ও লাংলোয়া সোমরস অর্থ করিয়াছেন।

(২) দ্যুম্নহূতি শব্দে আহ্বান বিশেষ বুঝায়।

যাগ নির্ব্বাহের অভিপ্রায়ে আমাদিগকে রক্ষা কর। যজ্ঞ নির্ব্বাহ করিয়া সর্ব্বথা আমাদিগকে পালন কর।

১০। হে ইন্দ্র! তুমি যে ধনে আমাদের আপদ উদ্ধার হয় সেই ধনদ্বারা আমাদের উদ্ধার কর। তুমি উগ্ররূপী। মিত্রের যেরূপ মহিমা, আমাদিগের রক্ষার জন্য তোমারও সেইরূপ মহিমা হউক। হে বলবত্তম, অস্মৎপালক, ত্রাতা, মরণ রহিত ইন্দ্র! তুমি যে কোন রথে চড়িয়া আইস। হে শত্রুভক্ষক! আমরা ভিন্ন অন্য সকলকেই বাধা দেও। হে শত্রুভক্ষক! অত্যন্ত কুৎসিত শত্রুকে বাধা দেও।

১১। হে শোভনস্তুতিবিশিষ্ট ইন্দ্র! তুমি দুঃখ হইতে আমাদিগকে রক্ষা কর। যেহেতু তুমি সর্ব্বদা দুর্ম্মতিদিগকে অবনত কর। তুমি আমাদের স্তুতিতে হৃষ্ট হইয়া যজ্ঞ বিঘ্নকারীদিগের দমন কর। তুমি পাপরাক্ষসের হন্তা এবং মৎসদৃশ মেধাবীগণের রক্ষক। হে জগন্নিবাস ইন্দ্র! জনিতা এই হেতু তোমাকে উৎপন্ন করিয়াছেন (৩)। হে বাসপ্রদ! রাক্ষস নাশের জন্য তোমার উৎপত্তি হইয়াছে।

১৩০ সূক্ত।

ইন্দ্র দেবতা। দিবোদাসের অপত্য পরুচ্ছেপ ঋষি।

১। হে ইন্দ্র! ঋত্বিগ্‌গণের পতি যজমান যেরূপ যজ্ঞশালায় আসেন এবং নক্ষত্রদিগের পতি চন্দ্র যেরূপ অস্তাচলে গমন করেন (১) তুমি সেইরূপ পুরোবর্ত্তী সোমের ন্যায় স্বর্গ হইতে আমাদিগের নিকট আগমন কর। আমরা অন্নবিশিষ্ট হইয়া, পুত্রগণ যেমন অন্নভক্ষণের জন্য পিতাকে আহ্বান করে, সেইরূপ তোমাকে সোমাভিষবে আহ্বান করিতেছি। আমরা ঋত্বিগ্‌গণের সহিত হব্য গ্রহণের জন্য মহত্তম ইন্দ্রকে আহ্বান করিতেছি।

---

(৩) মূলে "ত্বা জনিতাজীজনৎ বসো" আছে। অর্থ, হে বসু, জনিতা তোমাকে জন্ম দিয়াছেন। সে জনিতা কে? ৪র্থ মণ্ডলের ১৭ সূক্তের ৪ ঋকে আছে "দ্যুঃ ইন্দ্রস্য কর্ত্তা" ঋগ্বেদের অন্যান্য স্থানেও এইরূপ আছে। সায়ণ "জনিতা" অর্থ করিয়াছেন "সর্ব্বস্য আদিকর্ত্তা পরমেশ্বরঃ।"

(১) মূলে "সৎপতিঃ" শব্দ দুইবার ব্যবহৃত হইয়াছে। সায়ণ উহার এক অর্থ যজমান এবং অন্য অর্থ চন্দ্র করিয়াছেন।

২। রমণীয় গতি বৃষভ তৃষ্ণার্ত্ত হইয়া যেমন কূপোদক পান করে, হে রমণীয়গতি ইন্দ্র! তৃপ্তি ও বিক্রম ও মহত্ত্ব ও আনন্দোৎপত্তির জন্য তুমি প্রস্তরদ্বারা অভিষুত ও দশাপবিত্রদ্বারা শোধিত সোমরস সেইরূপ পান কর। হরিৎগণ যেরূপ সূর্য্যকে আনয়ন করে, ত্বদীয় অশ্বগণ সেইরূপ প্রতিদিবস তোমাকে আনয়ন করুক।

৩। পক্ষীগণ যেরূপ (দুর্গম স্থানে শাবক রক্ষা করিয়া) তাহা প্রাপ্ত হয়, সেইরূপ ইন্দ্র অতি গোপনীয় স্থানে স্থাপিত, এবং অনন্ত ও অতিমহান্ প্রস্তর রাশিতে পরিবেষ্টিত সোমরস স্বর্গ হইতে লাভ করিলেন। অঙ্গিরাগণের অগ্রগণ্য বজ্রধারী ইন্দ্র সোমপানের অভিলাষে পূর্ব্বে যেরূপ গোব্রজকে প্রাপ্ত হইয়াছিলেন, সেইরূপ সোমরস প্রাপ্ত হইলেন। ইন্দ্র, চতুর্দ্দিকে মেঘাবৃত ও অন্নের হেতুভূত (উদকের) দ্বার সকল উদ্ঘাটন করতঃ চতুর্দ্দিকে অন্ন বিস্তার করিলেন।

৪। ইন্দ্র বাহুদ্বয়ে দৃঢ়রূপে বজ্র ধারণ করিয়া শত্রুর প্রতি নিক্ষেপ করিবার জন্য উহা তীক্ষ্ণ হইলেও, মন্ত্র সংস্কারদ্বারা জল যেমন তীক্ষ্ণ হয়, সেইরূপ আরও তীক্ষ্ণ করিতেছেন, বৃত্রকে নাশ করিবার জন্য আরও তীক্ষ্ণ করিতেছেন। হে ইন্দ্র! বৃক্ষচ্ছেদক যেরূপ বনবৃক্ষকে ছেদন করে সেইরূপ তুমি আপন শক্তি ও তেজ ও শরীর বলে বর্দ্ধিত হইয়া আমাদিগের শত্রুদিগকে ছেদন করিতেছ, যেন পরশুদ্বারা ছেদন করিতেছ।

৫। হে ইন্দ্র! তুমি সমুদ্রাভিমুখে গমন করিবার জন্য নদীদিগকে গমনশীল রথের ন্যায় অনায়াসে সৃজন করিয়াছ। সংগ্রামকামীগণ যেরূপ রথ সৃজন করে সেরূপ তুমিও করিয়াছ। মনুর জন্য ধেনুগণ যেমন সর্ব্বার্থপ্রদ হয় এবং সমর্থ মনুষ্যের জন্য ধেনুগণ যেরূপ সর্ব্ব ক্ষীরপ্রদ হয় সেইরূপ অস্মদা-ভিমুখী নদী সকল একই প্রয়োজনে জল সংগ্রহ করে।

৬। কর্ম্মকুশল ও ধীরব্যক্তি যেরূপ রথ নির্ম্মাণ করে সেইরূপ, ধনাভিলাষী মনুষ্য তোমার এই স্তুতি সম্পাদন করিয়াছে। তাহারা আপন মঙ্গলের জন্য তোমাকে প্রীত করিয়াছে। লোকে যেরূপ দিগ্বিজয়ীকে প্রশংসা করে, হে মেধাবী দুর্দ্ধর্ষ ইন্দ্র! তাহারা সেইরূপ তোমার প্রশংসা করিয়াছে। যুদ্ধে যেমন অশ্বের প্রশংসা হয়, সেইরূপ বল, ধনরক্ষা ও সমস্ত মঙ্গল লাভের জন্য তোমার প্রশংসা হয়।

৭। হে যুদ্ধকালে নৃত্যকারী ইন্দ্র! তুমি হবিঃপ্রদায়ী, পুরু অতিথিগ্ব রাজার জন্য নবতী সংখ্যক নগরী নষ্ট করিয়া-

ছিলেন (২)। হে নৃত্যশীল ইন্দ্র! বজ্র দ্বারা নষ্ট করিয়াছিলে। হে উগ্র ইন্দ্র! তুমি অথিতি সেবক দিবোদাস রাজার জন্য পর্ব্বত হইতে শম্বরকে নিম্নে নিক্ষেপ করিয়াছিলে, এবং রাজা দিবোদাসকে স্বীয় শক্তিদ্বারা অগাধ ধনদান করিয়াছিলে, এমন কি সমস্ত ধন দান করিয়াছিলে।

৮। ইন্দ্র যুদ্ধে আর্য্য যজমানকে রক্ষা করেন। অসংখ্যবার রক্ষাকারী ইন্দ্র সমস্ত যুদ্ধে তাহাকে রক্ষা করেন। সুখপ্রদ সংগ্রামে তাহাকে রক্ষা করেন। ইন্দ্র মনুষ্যের জন্য ব্রতরহিত ব্যক্তিদিগকে শাসন করেন। তিনি কৃষ্ণের কৃষ্ণত্বক্ উন্মোচন করিয়া তাহাকে বধ করেন (৩)। তিনি উহাকে ভস্মীভূত করেন। তিনি সমস্ত হিংসকদিগকে দগ্ধ করেন। এবং সমস্ত নিষ্ঠুর ব্যক্তিদিগকে দগ্ধ করেন।

৯। ইন্দ্র সূর্য্যের রথচক্র গ্রহণ করিলে তাঁহার শরীরে বলবৃদ্ধি হইল, তিনি সেই চক্র নিক্ষেপ করিলেন। এবং অরুণবর্ণরূপ ধারণ করিয়া শত্রুদিগের নিকট গমন করতঃ তাহাদের বাক্য হরণ করিলেন, ঈশান ইন্দ্র তাহাদিগের বাক্য হরণ করিলেন। হে কবি ইন্দ্র! তুমি উশনার রক্ষার্থে যেরূপ দূরবর্ত্তী স্বর্গস্থান হইতে আসিয়াছিলে সেইরূপ আমাদিগের সমস্ত সুখসাধন ধনের সহিত আমাদিগের নিকট দ্রুতপদে আইস। তুমি অন্য অন্য লোকের নিকটও এইরূপে আসিয়া থাক। তুমি আমাদিগের নিকট প্রত্যহই আইস।

১০। হে জলবর্ষণকারী, নগরবিদারক ইন্দ্র! তুমি আমাদিগের নূতন উকেথ তুষ্ট হইয়া বিবিধ প্রকারে রক্ষা ও সুখদান করতঃ আমাদিগকে প্রতি-পালন কর। আমরা দিবোদাস গোত্রোৎপন্ন, আমরা তোমার স্তব করি, তুমি দিবসে সূর্য্যের ন্যায় প্রবৃদ্ধ হও।

---

(২) সায়ণাচার্য্য, "পুরু" শব্দের অর্থ অভিমতসাধক এবং "অতিথিগ্ব" শব্দের অর্থ অতিথির প্রতি গমনকারী করিয়াছেন। কিন্তু ৫১ সূক্তের ৬ ঋকের টীকায় এবং ১১২ সূক্তের ১৪ ঋকের টীকায় পাঠক দেখিবেন যে "অতিথিগ্ব" শব্দটী দিবোদাসের একটী নামান্তর হইয়া দাঁড়াইয়াছিল। দিবোদাসের অপত্য পরুচ্ছেপ এই সূক্তের রচয়িতা, অতএব দিবো-দাসের বিষয় তিনি উল্লেখ করিয়াছেন।

(৩) প্রবাদ আছে যে, অংশুমতী নদীর তীরে কৃষ্ণনামে এক কৃষ্ণবর্ণ অসুর ছিল। তাহার দশসহস্র অনুচর লোকের প্রতি অত্যন্ত উৎপীড়ন করিত। বৃহস্পতি মরুৎগণের সহিত ইন্দ্রকে তাহার বধের জন্য প্রেরণ করেন, ইন্দ্রও সাহচর কৃষ্ণাসুরকে বধ করিয়া [illegible] নিপাতিত করেন। সায়ণ। ১০১ সূক্তের ১ ঋকের টীকা দেখ।

১৩১ সূক্ত।

ইন্দ্র দেবতা। দিবোদাসের অপত্য পরুচ্ছেপ ঋষি।

১। অসুর দ্যৌঃ (১) স্বয়ং ইন্দ্রের নিকট নত হইয়াছে। সুবিস্তৃতা পৃথিবী বরণীয় স্তুতি দ্বারা ইন্দ্রের নিকট নত হইয়াছে। অন্নের নিমিত্ত (যজমানগণ) বরণীয় হব্য দ্বারা নত হইয়াছে। সমস্ত দেবগণ একমতে ইন্দ্রকে অগ্রণী করিয়াছেন। মনুষ্যদিগের সমস্ত যজ্ঞ এবং মনুষ্যদিগের সমস্ত দানাদি ইন্দ্রের সুখের জন্য হউক।

২। হে ইন্দ্র! তোমার নিকট অভিমত ফললাভ করিবার আশায় যজমানগণ প্রত্যেক সবনে তোমাকে হব্য প্রদান করে। তুমি সকলের প্রতি একরূপ। স্বর্গলাভার্থ তোমাকেই পৃথক করিয়া হব্য প্রদান করে। পার হইবার সময় যেরূপ নৌকা স্থাপন করে, আমরা সেনাগণের অগ্রদেশে সেইরূপ তোমাকে স্থাপন করিব। মনুষ্যগণ যজ্ঞদ্বারা ইন্দ্রকেই চিন্তা করে। মনুষ্যগণ স্তুতিদ্বারা ইন্দ্রকে চিন্তা করে।

৩। হে ইন্দ্র! তোমার সেবক এবং পাপদ্বেষী যজমান দম্পতী (২) তোমার তৃপ্তির অভিলাষে অধিক পরিমাণে হব্যদান করতঃ তোমার উদ্দেশে বহুসংখ্যক গোধন লাভের জন্য যজ্ঞ বিস্তার করিতেছে। তাহারা গোধন ইচ্ছা করে, এবং স্বর্গগমনে উৎসুক, তুমিই তাহাদিগের অভীষ্ট প্রদান কর। হে ইন্দ্র! তুমি অভীষ্টবর্ষী, তুমি তোমার সহজন্মা এবং চিরসহচর বজ্রকে আবিষ্কার করিয়া রহিয়াছ।

৪। হে ইন্দ্র, মনুষ্যেরা তোমার বীর্য্য জানিত। তুমি যে শত্রুদিগের শারদীপুরী (৩) সমূহ নষ্ট করিয়াছিলে, উহাদিগকে পরাজিত করিয়া নষ্ট করিয়াছিলে সে কথা মনুষ্যেরা জানিত। হে বলপতি ইন্দ্র! তুমি যজ্ঞবিঘাতী মনুষ্যকে শাসন করিয়াছিলে, তুমি সুবিস্তৃত পৃথিবী এবং

---

(১) মূলে "দ্যৌঃ অসুরঃ" আছে। ২২ সূক্তের ১৩ ঋকের টীকা ও ৫৪ সূক্তের ৩ ঋকের টীকা দেখ।

(২) ইহা হইতে প্রতীয়মান হয় যে স্ত্রী পুরুষে একত্রে যজ্ঞ সম্পাদন করিতেন।

(৩) "শারদীসংবৎসর সম্বন্ধিনী সংবৎসর পর্য্যন্ত প্রাকার পরিখাদিভির্দৃঢ়ীকৃতা" সায়ণঃ। "Perennial."—*Wilson.* "Les villes (celestes) de l'automne."—*Langlois*

জলরাশিকে জয় করিয়াছিলে, তুমি আনন্দ সহকারে জল কাড়িয়া লইয়াছিলে।

৫। হে ইন্দ্র! সোম পানে হৃষ্ট হইলে তুমি অভীষ্টবর্ষী হও; যে হেতু তুমি যজমানদিগকে রক্ষা করিয়া থাক; তোমার বন্ধুতাভিলাষী যজমানদিগকে রক্ষা করিয়া থাক; অতএব তাহারা তোমার বীর্য্য বৃদ্ধির জন্য পুনঃ পুনঃ হব্য প্রদান করিতেছে। তুমি যুদ্ধ সুখ ভোগের জন্য সিংহনাদ করিয়াছিলে। তাহারা তোমার নিকট নানাবিধ ভোগ্য বস্তু প্রাপ্ত হয়। অন্নার্থী হইয়া তোমার নিকট প্রাপ্ত হয়।

৬। ইন্দ্র আমাদিগের প্রাতঃকালের যজ্ঞ সেবা করিবেন কি? হে ইন্দ্র! আহ্বান মন্ত্রদ্বারা প্রদত্ত পূজার্থ হব্য অবগত হও। আহ্বান মন্ত্রদ্বারা আহুত হইয়া সুখ ভোগের স্থানে উপস্থিত হও। হে বজ্রযুক্ত ইন্দ্র! নিন্দুকদিগের নাশের জন্য অভীষ্টবর্ষী হইয়া প্রবুদ্ধ হও। হে ইন্দ্র! আমি মেধাবী ও নূতন লোক, আমি স্তুতিমান্, আমার মনোহর স্তোত্র শ্রবণ কর।

৭। হে বহুগুণান্বিত ইন্দ্র! হে শূর! তুমি আমাদের স্তুতিদ্বারা বৃদ্ধি প্রাপ্ত হইয়াছ এবং আমাদিগের প্রতি সন্তুষ্ট আছ। যে ব্যক্তি আমাদিগের প্রতি শত্রুতাচরণ করে এবং যে আমাদিগের দুঃখ ইচ্ছা করে, বজ্রদ্বারা তাহাকে বিনাশ কর। হে শ্রবণোৎসুক! শ্রবণ কর। হে ইন্দ্র! পথে পরিশ্রান্ত ব্যক্তিকে যে দুর্ম্মতিগণ পীড়া দেয় সেরূপ সমস্ত দুর্ম্মতিগণ (৪) আমাদিগের নিকট হইতে দূর হউক, দূর হউক।

---

১৩২ সূক্ত।

ইন্দ্র দেবতা। দিবোদাসের অপত্য পরুচ্ছেপ ঋষি।

১। হে মঘবন্ ইন্দ্র! আমরা তোমার দ্বারা রক্ষিত হইয়া প্রবল সেনাযুক্ত শত্রুদিগকে পরাভব করিব। প্রহারোদ্যত শত্রুকে প্রহার করিব। হে ইন্দ্র! পূর্ব্ব ধনবিশিষ্ট এই যজ্ঞ নিকটবর্ত্তী, অতএব অদ্য সবনকারী যজমানের উৎসাহ বর্দ্ধনার্থ কথা কও। হে ইন্দ্র! তুমি যুদ্ধজয়ী, আমরা তোমার উদ্দেশে হব্য আহরণ করি। তুমি যুদ্ধজয়ী।

---

(৪) সে সময় আর্য্য গ্রামপ্রান্তে ও ভ্রমণ পথে অনেক অনার্য্য দস্যু বাস করিত, এবং সুবিধা অনুসারে আর্য্যদিগের প্রতি অহিতাচরণ করিত, তাহা ঋগ্বেদের অনেক স্থলেই দেখা যায়।

২। শক্র বধের জন্য ইতস্ততঃ ধাবমান বীরপুরুষের স্বর্গসাধন এবং কপটাদি রহিত পথস্বরূপ সংগ্রামের অগ্রভাগে ইন্দ্র প্রাতঃকালে প্রবুদ্ধ যাজ্ঞিকদিগের শক্রগণকে নাশ করেন। ইন্দ্রকে সর্ব্বজ্ঞের ন্যায় অবনত মস্তকে স্তব করা সকলের কর্ত্তব্য। হে ইন্দ্র! তোমার প্রদত্ত ধন একযোগে আমাদেরই হউক। তুমি ভদ্র তোমার প্রদত্ত ধন অবিচলিত হউক।

৩। হে ইন্দ্র! পূর্ব্বের ন্যায় এখনও অতি দীপ্ত প্রসিদ্ধ হব্যরূপ অন্ন তোমারই হইতে হইবে। তুমি যজ্ঞের নিবাসস্থানস্বরূপ। ঋত্বিক্‌গণ যে অন্নদ্বারা স্থান সুশোভিত করে, সে অন্ন তোমারই হইবে। তুমি (যজ্ঞের) কথা বল, তাহা হইলে লোকে আকাশ ও পৃথিবীর মধ্যে সূর্য্য কিরণদ্বারা দেখিতে পায়। ইন্দ্র জলান্বেষণে তৎপর। তিনি স্বীয় বন্ধু যজমানদিগের জন্য গো অন্বেষণ করেন। তিনি উক্ত ক্রমে সকল কথা জানেন।

৪। হে ইন্দ্র! তোমার কর্ম্ম পূর্ব্বকালের ন্যায় এখনও সকলের স্তুতির যোগ্য। তুমি অঙ্গিরাগণের জন্য মেঘ উদ্‌ঘাটন করিয়াছিলে, তুমি অপহৃত গোধন উদ্ধার করিয়া তাহাদিগকে অর্পণ করিয়াছিলে। হে ইন্দ্র! তুমি উক্ত ঋষিদিগের ন্যায় আমাদিগের জন্য যুদ্ধ কর এবং জয় লাভ কর। যাহারা অভিষবন করে তাহাদিগের জন্য যজ্ঞ বিঘ্নকারীদিগকে অবনত কর। যে যজ্ঞবিঘ্নকারীগণ রোষ প্রকাশ করে তাহাদিগকে (অবনত কর)।

৫। যেহেতু শূর ইন্দ্র কর্ম্মদ্বারা মনুষ্যদিগের বিষয়ে যথার্থ বিচার করেন, তজ্জন্য অন্নাভিলাষী যজমানগণ, অভিমত ধন লাভ করিয়া শক্রদিগকে বিনাশ করে। অন্নাভিলাষী হইয়া তাহারা বিশেষরূপে যজ্ঞ করে। ইন্দ্রের উদ্দেশে প্রদত্ত অন্ন পুত্রাদিলাভের কারণ। নিজ বলে শক্র নিবারণার্থ লোকে ইন্দ্রের পূজা করে। যজ্ঞকারীগণ ইন্দ্রের সমীপে বাসস্থান প্রাপ্ত হয়, যজ্ঞকারীগণ যেন দেবতাগণের সম্মুখেই থাকে।

৬। হে ইন্দ্র ও পর্জ্জন্য! তোমরা দুই জনে অগ্রগামী হইয়া যে শক্র আমাদিগের বিরুদ্ধে সেনা সংগ্রহ করে তাহাদিগের সকলকেই বিনাশ কর। বজ্র প্রহারদ্বারা তাহাদিগের সকলকে বিনাশ কর। এই বজ্র অতিদূরগামী শক্রকেও বিনাশ করিতে ইচ্ছা করে, এবং অতি গহন স্থানেও ব্যাপ্ত হয়। হে শূর ইন্দ্র! তুমি আমাদিগের সমস্ত শক্রদিগকে বিবিধ উপায় বিদীর্ণ কর। শক্র বিদারক বজ্র বিবিধ উপায়ে বিদীর্ণ করে।

১৩৩ সূক্ত।

ইন্দ্র দেবতা। দিবোদাসের অপত্য পরুচ্ছেপ ঋষি।

১। আমি যজ্ঞদ্বারা আকাশ ও পৃথিবী উভয়কে পবিত্র করি। ইন্দ্রশূন্যা বিদ্রোহিনী পৃথিবীকে (পৃথিবীর যে অংশে ইন্দ্রের পূজা না হয়) সন্দগ্ধ করি। শত্রুরা যেখানেই একত্রিত হইয়াছিল সেই খানেই হত হইয়াছে। সম্পূর্ণরূপে বিনষ্ট হইয়া উহারা শ্মশানের চারিদিকে পড়িয়া আছে।

২। হে শত্রু ভক্ষক ইন্দ্র! তুমি হিংসাবতী সেনার মস্তক একত্র করিয়া তোমার বিস্তৃত পদদ্বারা ছেদন কর। তোমার পদ মহা বিস্তীর্ণ।

৩। হে মঘবন্! এই হিংসাবতী সেনার বল চূর্ণ কর। এবং কুৎসিত শ্মশানে অথবা মহা শ্মশানে নিক্ষেপ কর।

৪। হে ইন্দ্র! তুমি এরূপ ত্রিগুণিত পঞ্চাশৎ সংখ্যক সেনা নাশ করিয়াছ। লোকে তোমার এই কার্য্যকে অত্যন্ত ভাল বলিয়া মনে করে। কিন্তু তোমার একার্য্য সামান্য।

৫। হে ইন্দ্র! তুমি ঈষৎ রক্তবর্ণ অতি ভয়ঙ্কর শব্দকারী পিশাচকে বিনাশ কর। এবং সমস্ত রাক্ষসগণকে নিঃশেষ কর।

৬। হে ইন্দ্র! তুমি প্রকাণ্ড মেঘকে নিম্নমুখ করিয়া বিদীর্ণ কর। আমাদিগের কথা শ্রবণ কর। হে মেঘবিশিষ্ট ইন্দ্র! পৃথিবী যেরূপ ভয়ে শোক করিতেছে স্বর্গও সেইরূপ শোক করিতেছে। হে মেঘবিশিষ্ট ইন্দ্র! তাহাদের ভয় ঘৃণের ভয়ের ন্যায় (১)। হে ইন্দ্র! তুমি নিজবলে মহা বলবান্ এইজন্য তুমি অতীব ক্রুর বধোপায় অবলম্বন করিয়া যাইতেছ। তুমি যজমানদিগের বিনাশ কর না, তুমি শূর, প্রাণিগণ তোমাকে আক্রমণ করিতে পারে না। তুমি একবিংশতি অনুচরযুক্ত।

৭। হে ইন্দ্র! অভিষবকারী যজমান গৃহ লাভ করে, সোমযাগকারী চতুর্দ্দিকের শত্রুদিগকে বিনাশ করে, দেবতাদিগের শত্রুগণকেও বিনাশ করে। অন্নবান্ ও শত্রুর আক্রমণশূন্য অভিষবকারী অপরিমিত (ধন) লাভ করে।

---

(১) সায়ণ বলেন "ঘৃণ" দীপ্ত অগ্নির মূর্ত্তি বিশেষ দ্বষ্টা, পূর্ব্বকাল জগৎ মহান্ধকারে আবৃত হইলে অগ্নি ঘষ্টরূপে পৃথিবী ও আকাশের অন্ধকার বিনাশ করিয়াছিলেন।

ইন্দ্র সোমযাগকারী যজমানকে চতুর্দ্দিকে উৎপন্ন ও অতি সমৃদ্ধ ধন প্রদান করেন (২)।

১৩৪ সূক্ত।

বায়ু দেবতা। দিবোদাসের অপত্য পরুচ্ছেপ ঋষি।

১। হে বায়ু! শীঘ্রগামী বলবান্ অশ্বগণ তোমাকে অন্নের উদ্দেশে ও দেবতাদিগের মধ্যে প্রথমেই সোমপানার্থ এই যজ্ঞে আনয়ন করুক। আমাদিগের প্রিয় সত্য ও উন্নত স্তুতি তোমার গুণ বিশেষরূপে ব্যাখ্যা করে, উহা তোমার অভিমত হউক। হে বায়ু! যজ্ঞের হব্য স্বীকারার্থ এবং আমাদিগের অভীষ্টদানার্থ তুমি নিযুৎযোজিত (১) রথে আগমন কর।

২। হে বায়ু! মত্ততাজনক, হর্ষোৎপাদক, সম্যক্ প্রস্তুত, উজ্জ্বল, এবং মন্ত্রদ্বারা হূয়মান সোমবিন্দু সকল তোমার অভিমুখে গমন করিয়া হর্ষ উৎপাদন করুক। যেহেতু স্বকর্ম্মকুশল, প্রীতিযুক্ত, তোমার নিরন্তর সহগামী নিযুৎগণ তোমার উৎসাহ দেখিয়া হব্যস্বীকারের জন্য তোমাকে যজ্ঞভূমিতে আনয়নার্থ মিলিত হইতেছে। বুদ্ধিমান যজমানগণ তোমার নিকটে আসিয়া মনোগত ভাব ব্যক্ত করিতেছে।

৩। বায়ু লোহিতবর্ণ অশ্ব ভারবহনার্থ যোজনা করেন। বায়ু অরুণ অশ্ব যোজনা করেন। বায়ু অজিরবর্ণ অশ্ব (২) যোজনা করেন। কারণ তাহারা ভারবহনে অত্যন্ত সমর্থ। জার ঈষৎ নিদ্রাযুক্ত রমণীকে যেরূপ প্রবোধিত করে সেইরূপ তুমি বহুপ্রজ্ঞ যজমানকে প্রবোধিত কর। আকাশ ও পৃথিবীকে প্রকাশ কর। উষাকে স্থাপন কর। হব্যস্বীকারার্থ উষাকে স্থাপন কর।

---

(২) ১২৯ হইতে এই ১৩৩ পাঁচটী সূক্তে আর্য্যদিগের সহিত ভারতবর্ষের আদিমবাসী অনার্য্য বর্ব্বরদিগের যুদ্ধ ও বৈরতার অনেক উল্লেখ দেখা যায়। অনার্য্যদিগের কথার সহিত পিশাচ ও রাক্ষসদিগের কথা মিশ্রিত আছে।

(১) বায়ুর অশ্বের নাম নিযুৎ।

(২) "অজিরা অজিরৌ গমনশীলৌ বর্ণবিশেষ যুক্তৌ বা এতন্নামকৌ সপ্তাশ্চ।" সায়ণ।

৪। দীপ্তিযুক্ত উষাগণ দূরদেশে তোমারই জন্ম গৃহাচ্ছাদক রশ্মিসমূহে কল্যাণকর বস্ত্র বিস্তার করিতেছেন, নূতন রশ্মিতে বিচিত্র বস্ত্র বিস্তার করিতেছেন। অমৃত নিস্যন্দিনী গাভী সকল তোমারই জন্য সমস্ত ধন দান করে। তুমি বৃষ্টি ও নদীদিগের উৎপাদনার্থ অন্তরীক্ষ হইতে মরুৎগণকে উৎপাদন করিয়াছ।

৫। দীপ্ত, শুদ্ধ, উগ্র, প্রবাহবিশিষ্ট সোম তোমার আনন্দের নিমিত্ত আহবনীয় অগ্নির নিকট যাইতেছে, এবং জলভারবাহী মেঘকে আকাঙ্ক্ষা করিতেছে। হে বায়ু! যজমান অত্যন্ত ভীত ও ক্ষীণকায় হইয়া তস্করেরা যাহাতে অন্যত্র গমন করে তজ্জন্য তোমার পূজা করিতেছে। আমাদিগের ধর্ম্মহেতু আমাদিগকে সমস্ত ভুবন হইতে রক্ষা কর। আমাদিগের ধর্ম্ম হেতু অসূর্য্য (৩ হইতে রক্ষা কর।

৬। হে বায়ু! তোমার পূর্ব্বে কেহ পান করে না, তুমিই প্রথমে আমাদিগের এই সোমপান করিবার যোগ্য; অভিষুত সোমপান করিবার যোগ্য। তুমিই হোমবান্ পাপত্যাগী লোকের (হব্য স্বীকার কর)। সমস্ত ধেনুগণ তোমার জন্য দুগ্ধ প্রদান করে এবং তোমার জন্য ঘৃত প্রাদান করে।

১৩৫ সূক্ত।

বায়ু দেবতা। দিবোদাসের অপত্য পরুচ্ছেপ ঋষি।

১। হে নিযুৎবান্ বায়ু! তুমি সহস্র নিযুতে আরোহণ করিয়া তোমার জন্য প্রস্তুত হব্যভক্ষণার্থ আমাদিগের আস্তীর্ণ কুশোপরি অগমন কর! অসংখ্য নিযুতে আরোহণ করিয়া আগমন কর। তুমি নিযুৎবান্, তুমিই পূর্ব্বে পান করিবে বলিয়া অন্য দেবগণ সংযত হইয়া আছে। অভিষুত মধুর সোম তোমার আনন্দের জন্য অবস্থিতি করিতেছে। যজ্ঞসিদ্ধির জন্য অবস্থিতি করিতেছে।

২। হে বায়ু! তোমার জন্য প্রস্তরে পরিশোধিত ও স্পৃহণীয় তেজোবিশিষ্ট সোম, স্বীয় পাত্রে গমন করিতেছে, এবং শুক্রতেজোবিশিষ্ট হইয়া তোমার নিকট গমন করিতেছে। এই সুন্দর সোম মনুষ্যগণ দেবতাদিগের মধ্যে

(৩) মূলে "অহুর্য্যাৎ" আছে। "অসুর সম্বন্ধিনো ভয়াৎ।" সায়ণ। কিন্তু "অহুর্য্য" সম্বন্ধে ১৬৭ সূক্তের ৫ ঋকের টীকা ও ১৬৮ সূক্তের ৭ ঋক্ দেখ।

তোমার জন্য প্রদান করে। হে বায়ু! তুমি আমাদিগের জন্য নিযুৎদিগকে যোজনা কর, এবং প্রস্থান কর, আমাদিগের প্রতি অনুগ্রহ করিয়া প্রীত হইয়া প্রস্থান কর।

৩। হে বায়ু! তুমি শত ও সহস্র-সংখ্যক নিযুতে আরোহণ করিয়া অভিমত সিদ্ধির জন্য এবং হবি ভক্ষণের জন্য আমাদিগের যজ্ঞে উপস্থিত হও। এই তোমার প্রাপ্যভাগ, ইহা সূর্য্যের তেজে তেজোবান। ঋত্বিক্ হস্তস্থিত সোম প্রস্তুত হইয়াছে। হে বায়ু! পবিত্র সোম প্রস্তুত হইয়াছে।

৪। আমাদিগের রক্ষার্থ আমাদিগের সুগৃহীত অন্নভক্ষণের নিমিত্ত এবং আমাদিগের হব্য সেবার্থ, হে বায়ু, নিযুৎ-যোজিত রথ তোমাদিগের দুই জনকে অর্থাৎ ইন্দ্র ও বায়ুকে, আনয়ন করুক। তোমরা দুই জনে মধুর সোম পান কর। অগ্রে পান করাই তোমাদিগের উপযুক্ত। হে বায়ু! তুমি মনোহর ধনের সহিত আগমন কর। ইন্দ্রও ধনের সহিত আগমন করুন।

৫। হে ইন্দ্র! হে বায়ু! আমাদিগের স্তোত্রাদি তোমাদিগকে যজ্ঞস্থলে আসিবার জন্য প্রবর্ত্তিত করিতেছে। আশুগামী অশ্বকে যেরূপ মার্জ্জনা করে সেইরূপ কলস হইতে আনীত সোমকে ঋত্বিক্‌গণ মার্জ্জনা করিতেছে। অধ্বর্য্যু-দিগের সোম পান কর, আমাদিগের রক্ষার্থ যজ্ঞে আগমন কর। আমাদিগের প্রতি প্রসন্ন হইয়া আনন্দের জন্য প্রস্তর খণ্ডে অভিষুত সোম পান কর, কারণ তোমরা উভয়েই অন্নদাতা।

৬। আমাদিগের এই যজ্ঞ কার্য্যে অভিষুত অধ্বর্য্যুগণের গৃহীত সোম নিশ্চয়ই তোমাদিগের দুই জনের। এই দীপ্ত সোম নিশ্চয়ই তোমাদিগের, এই প্রভূত সোম নিশ্চয়ই তোমাদিগের জন্য ঊর্ণাময় পবিত্রে পরিষ্কৃত হইয়াছে। তোমাদিগের সোম অছিন্ন লোম অতিক্রম করিয়া প্রচুর পরিমাণে গমন করিতেছে (১)।

৭। হে বায়ু! তুমি নিদ্রালু যজমানদিগকে অতিক্রম করিয়া যে গৃহে প্রস্তর শব্দ হইতেছে তথায় গমন কর। ইন্দ্রও সেই গৃহে গমন করুন। যে গৃহে প্রিয় ও সত্য স্তুতি উচ্চারিত হইতেছে, যে গৃহে ঘৃত গমন করিতেছে পুষ্টাঙ্গ নিযুৎগণের সহিত সেই অধ্বরস্থানে গমন কর, ইন্দ্র! সেই স্থানে গমন কর।

(১) "পবিত্র" শব্দ শ্রাদ্ধাদিতে ব্যবহার হয়, পবিত্র বলিলে প্রাদেশ পরিমিত দুইটি কুশ বুঝায়। "পবিত্র" অর্থে এই স্থলে সোম পরিষ্কারক ঊর্ণা নির্মিত কোন বস্ত্র filter বা strainer হইবে।

৮। হে ইন্দ্র ! হে বায়ু ! তোমরা এই যজ্ঞে মধু সদৃশ আহুতি ধারণ কর, যে আহুতির জন্য জেতৃ যজমানেরা পর্ব্বতাদি প্রদেশে গমন করেন। আমাদিগের জেতৃগণ যজ্ঞ নির্ব্বাহে সমর্থ হউক। হে ইন্দ্র ! হে বায়ু ! ধেনুগণ যুগপৎ দুগ্ধ দান করিতেছে, এবং যব নির্ম্মিত হব্য প্রস্তুত হইতেছে। এই ধেনুগণ ক্ষীণ হইবে না এবং নষ্ট হইবে না।

৯। হে বায়ু ! এই যে তোমার বলশালী, অল্পবয়স্ক, বৃষসদৃশ অতিশয় হৃষ্টপুষ্ট অশ্বগণ আছে, ইহারা স্বর্গ ও পৃথিবীর মধ্যে তোমাকে বহন করিতেছে, ইহারা অন্তরীক্ষে বিলম্ব করে না, ইহারা অত্যন্ত ক্ষিপ্রাগতি, ভর্ৎসনায় ইহাদিগের গতি রোধ হয় না, সূর্য্য কিরণের ন্যায় ইহাদিগের গতি রোধ করা দুঃসাধ্য, হস্তদ্বারা ইহাদিগের গতি রোধ করা দুঃসাধ্য।

---

১৩৬ সূক্ত।

মিত্রাবরুণ দেবতা। দিবোদাসের অপত্য পরুচ্ছেপ ঋষি।

১। হে ঋত্বিক্‌গণ ! চিরন্তন মিত্রাবরুণের উদ্দেশে প্রশংসনীয় ও প্রবৃদ্ধ পরিচর্য্যা কর, এবং হব্য প্রদানে কৃতনিশ্চয় হও। মিত্রাবরুণ যজমানদিগের সুখদানের কারণ এবং সুস্বাদু হব্যঃ ভক্ষণ করেন। ইঁহারা সম্রাট্, ইঁহাদিগের জন্য ঘৃত গৃহীত হয়। প্রতি যজ্ঞেই ইঁহাদিগের স্তব হয়। ইঁহাদিগের শক্তি কেহ অতিক্রম করিতে পারে না এবং ইঁহাদিগের দেবত্বে কেহ সন্দেহ করে না।

২। বরিয়সী উষা বিস্তীর্ণ যাগাভিমুখে গমন করিতেছেন, দৃষ্ট হইল। দ্রুতগতি আদিত্যের পথ আলোকে ব্যাপ্ত হইল। ভগের কিরণে মনুষ্যের চক্ষুঃ উন্মীলিত হইল। মিত্র অর্য্যমা এবং বরুণের উজ্জ্বল গৃহ আলোকে পরিপূর্ণ হইল, অতএব তোমরা দুইজনে স্তুতিযোগ্য প্রভূত অন্ন ধারণ কর। প্রশংসনীয় এবং প্রভূত অন্ন ধারণ কর।

৩। যজমান জ্যোতিষ্মতী সম্পূর্ণলক্ষণা স্বর্গপ্রদায়িনী বেদি প্রস্তুত করিয়াছেন। তোমরা সর্ব্বদা জাগরূক থাকিয়া প্রতিদিন তথায় উপস্থিত হইয়া তেজঃ ও বললাভ কর। তোমরা অদিতির পুত্র এবং সর্ব্বপ্রকার দানের কর্ত্তা। মিত্র এবং বরুণ লোকদিগকে স্ব স্ব ব্যাপারে নিয়োজিত করেন। অর্য্যমাও স্ব স্ব ব্যাপারে লোকদিগকে নিয়োজিত করেন।

৪। এই সোম, মিত্র ও বরুণের প্রীতিপ্রদ হউক। মিত্রাবরুণ নিম্নমুখ হইয়া ইহা পান করুন। দীপ্যমান সোম, দেবগণের সেবার উপযুক্ত। সমস্ত দেবগণ অত্যন্ত প্রীতিযুক্ত হইয়া ইহা পান করুন। হে দীপ্তিযুক্ত মিত্রাবরুণ! আমরা যেরূপ প্রার্থনা করি, তোমরা সেইরূপ কর। তোমরা সত্যবাদী যাহা প্রার্থনা করি তাহা কর।

৫। যে ব্যক্তি মিত্র ও বরুণের পরিচর্য্যা করে তাহাকে তোমরা পাপ হইতে রক্ষা কর। দ্বেষ রহিত হব্যদাতা মর্ত্ত্যকে সমস্ত পাপ হইতে রক্ষা কর। ঋজুস্বভাব সেই ব্যক্তিকে তাহার ব্রতের উদ্দেশে অর্য্যমা রক্ষা করেন। সেই যজমান উক্থদ্বারা মিত্র ও বরুণের ব্রত গ্রহণ করেন এবং স্তোমের দ্বারা তাহা রক্ষা করেন।

৬। আমি দ্যুতিমান মহান্ সূর্য্যকে নমস্কার করি, পৃথিবী ও আকাশকে নমস্কার করি, মিত্র ও বরুণকে এবং রুদ্রকে নমস্কার করি। ইঁহারা সকলেই অভিমত ফলদায়ী এবং সুখদায়ী। ইন্দ্র, অগ্নি, দীপ্তিমান্ অর্য্যমা ও ভগকে স্তব কর। বহুকাল জীবন ধারণ করিয়া আমরা প্রজা কর্ত্তৃক পরিবেষ্টিত হইব। এবং সোম কর্ত্তৃক রক্ষিত হইব।

৭। আমরা ইন্দ্রকে প্রাপ্ত হইয়াছি, মরুৎগণ আমাদিগকে (অনুগ্রহ করেন), দেবতারা যেন আমাদিগকে রক্ষা করেন। ইন্দ্র, অগ্নি, মিত্র ও বরুণ আমাদিগের সুখপ্রদ হউন, আমরা অন্নবান্ হইয়া সেই সুখ ভোগ করি।

---

১৩৭ সূক্ত।

মিত্রাবরুণ দেবতা। দিবোদাসের অপত্য পরুচ্ছেপ ঋষি।

১। আমরা প্রস্তরখণ্ডে সোমের অভিষব করিতেছি, হে মিত্রাবরুণ! আগমন কর। দুগ্ধমিশ্রিত তৃপ্তিকারক সোম এই সম্মুখে রহিয়াছে। এ সোম তৃপ্তিকারক। তোমরা রাজা, স্বর্গবাসী, ও আমাদিগের রক্ষক, আমাদিগের যজ্ঞে আগমন কর। তোমাদিগের জন্য এই সোম দুগ্ধের সহিত মিশ্রিত হইয়াছে। দুগ্ধমিশ্রিত সোম পবিত্র।

২। হে মিত্রাবরুণ! আগমন কর। এই তরল সোমরস দধির সহিত মিশ্রিত হইয়াছে। অভিষুত সোমরস দধির সহিত মিশ্রিত হইয়াছে। উষার

উদয়কালেই হউক অথবা সূর্য্যরশ্মির সহিতই হউক তোমাদিগের জন্য সোম অভিষুত হইয়াছে। এই চারু সোমরস মিত্রের ও বরুণের পানার্থ, যজ্ঞস্থল তাঁহাদিগের পানার্থ।

৩। তোমাদিগের জন্য বহু নির্যাসবতী সোমলতাকে পয়স্বিনী গাভীর ন্যায় প্রস্তরখণ্ডদ্বারা দোহন করিতেছে। তাহারা প্রস্তরখণ্ডদ্বারা সোম দোহন করিতেছে। তোমরা আমাদিগের রক্ষক। তোমরা সোম পানার্থ আমাদিগের অভিমুখে আমাদিগের নিকট উপস্থিত হও। হে মিত্রাবরুণ! নেতৃগণ তোমাদিগের জন্য সোম অভিষব করিয়াছেন, সম্পূর্ণ পানের জন্য অভিষব করিয়াছেন।

১৩৮ সূক্ত।

পূষা দেবতা। দিবোদাসের অপত্য পরুচ্ছেপ ঋষি।

১। বহুজন পূজিত পূষার শক্তির মহিমা সর্ব্বত্র প্রশংসিত হয়। কেহ তাঁহার হিংসা করে না। পূষার স্তোত্রের বিরাম নাই। আমি সুখলাভের ইচ্ছায় পূষার পূজা করি, তিনি শীঘ্রই আশ্রয় দান করেন ও সুখ উৎপাদন করেন। পূষা যজ্ঞবান্, তিনি সমস্ত লোকের মনের সহিত মিশ্রিত হয়েন।

২। শীঘ্রগমনে অশ্বের যেরূপ প্রশংসা হয়, সেইরূপ হে পূষা! স্তোমমন্ত্রদ্বারা তোমার প্রশংসা করি। তুমি যুদ্ধে যাও এই উদ্দেশে তোমার প্রশংসা করি। তুমি উষ্ট্রের ন্যায় আমাদিগকে যুদ্ধে পার কর। তুমি সুখোৎপাদক দেবতা, আমি মর্ত্ত্য, সখ্যলাভের জন্য তোমাকে আহ্বান করি। আমার আহ্বানসমূহকে দ্যুতিমান্ কর, এবং সংগ্রামে জয়শীল কর।

৩। হে পূষা! তোমার সখ্যলাভ করিয়া বিশেষ ক্রতুদ্বারা তোমার প্রীতি উৎপাদন করতঃ স্তোত্রশীল যজমানগণ তোমাকর্ত্তৃক রক্ষিত হইয়া নানা ভোগ উপভোগ করে। নূতন আশ্রয় লাভ করিয়া তোমার নিকট অসংখ্য ধন প্রার্থনা করি। হে বহুজন স্তুত্য পূষা! অনাদর না করিয়া আমাদিগের অভিগম্য হও, যুদ্ধকালে আমাদিগের অগ্রগামী হও।

৪। হে অজাশ্ব (১) পূষা! আমাদিগের লাভ বিষয়ে অনাদর না করিয়া, দানশীল হইয়া সমীপস্থ হও। হে অজাশ্ব! আমরা অন্নাভিলাষী, আমাদিগের সমীপস্থ হও। হে শত্রুনাশক পূষা! তোমারই চতুর্দ্দিকে আমরা স্তোম পাঠ করতঃ অবস্থিতি করি। হে বৃষ্টিপ্রদ পূষা! তোমার কথনও অপমান করি না এবং তোমার সখ্যের কথনও অপলাপ করি না।

১৩৯ সূক্ত।

বিশ্ব দেবগণ দেবতা। দিবোদাসের অপত্য পরুচ্ছেপ ঋষি।

১। আমি ভক্তিপূর্ব্বক অগ্নিকে সম্মুখে স্থাপন করিয়াছি, তাঁহার স্বর্গীয় শক্তি বরণ করি। ইন্দ্র ও বায়ুকে বরণ করি। যেহেতু পৃথিবীর দীপ্তিমান্ নাভির, (যজ্ঞস্থানের), উদ্দেশে অর্থবতী নূতন স্তুতি রচিত হইয়াছে অতএব অগ্নি তাহা শ্রবণ করুন। অনন্তর আমাদিগের ক্রিয়াকর্ম্ম, যেরূপ অন্যান্য দেবতাগণের নিকট গমন করে, সেইরূপ তোমাদিগের, অর্থাৎ ইন্দ্র ও বায়ুর নিকটও গমন করুক।

২। হে কর্ম্মদক্ষ মিত্র! হে বরুণ! তোমরা নিজ শক্তি দ্বারা সূর্য্যের নিকট হইতে যে নশ্বর জল লাভ কর, তাহা আমাদিগকে প্রচুর পরিমাণে প্রদান কর; অতএব আমরা ক্রিয়া, কর্ম্ম, জ্ঞান, ও সোমরসে (আসক্ত) ইন্দ্রিয়ের সাহায্যে যজ্ঞশালায় তোমাদিগের কিরণময় রূপ দর্শন করি।

৩। হে অশ্বিদ্বয়! স্তুতি দ্বারা তোমাদিগকে আপনার দেবতা করিবার ইচ্ছায় যজমানগণ শ্লোক শুনাইতেছে; এবং হব্য লইয়া তোমাদিগের অভিমুখে গমন করিতেছে। হে সর্ব্বধনসম্পন্ন অশ্বিদ্বয়! তাহারা সর্ব্বপ্রকার ধন ধান্যাদি ও অন্ন তোমাদিগের প্রসাদে প্রাপ্ত হইতেছে। হে দস্র! তোমার হিরণ্ময় রথের নেমি সকল মধুক্ষরণ করে। সেই রথে হব্য গ্রহণ কর।

৪। হে দস্রদ্বয়! তোমাদের (মনোগত ভাব) সকলে জানে, তোমরা স্বর্গে যাইতে চাও। তোমাদিগের সারথিরা স্বর্গপথে রথযোজনা করে। অশ্ব-

(১) অর্থাৎ অজই যাঁহার বাহন। "অজাশ্বেতি পূষণমাহ।" যাস্ক। পূষা সম্বন্ধে ৪২ সূক্তের ১ ঋকের টীকা দেখ। সূর্য্যকে পশুপালকগণ যেরূপ ভাবে দর্শন করিত ও পূজা করিত সেই সূর্য্যই পূষা।

পথ রথ নষ্ট করে না। হে মরুদ্গণ! আমরা তোমাদিগকে বন্ধুর যুক্ত (১) হিরণ্ময় রথে স্থাপন করিয়াছি। তোমরা সুখগম্য পথে স্বর্গে গমন করিতেছ। তোমরা শত্রুদিগকে পরাভূত কর এবং বিশেষরূপে বৃষ্টির ব্যবস্থা কর।

৫। আমাদিগের ক্রিয়াকর্ম্মই তোমাদিগের ধন। আমাদিগের ক্রিয়া কর্ম্মের জন্য দিবারাত্রি অভীষ্ট প্রদান কর। তোমাদিগের দান যেন বন্ধ হয় না, আমাদিগের দানও যেন বন্ধ না হয়।

৬। হে অভীষ্টবর্ষী ইন্দ্র! এই সোম অভীষ্টবর্ষীর পানার্থ অভিষুত হইয়াছে, প্রস্তরখণ্ডদ্বারা অভিষুত হইয়াছে। সোমসকল পর্ব্বতে উৎপন্ন হইয়াছে, উহা তোমার জন্য অভিষুত হইয়াছে। বহুবিধ বিচিত্র লাভের জন্য যজ্ঞস্থানে প্রদত্ত সোম, তোমার তৃপ্তি সাধন করুক। হে স্তুতিযোগ্য! আমরা তোমার স্তুতি করি, তুমি আইস, আমাদিগের প্রতি তুষ্ট হইয়া আইস।

৭। হে অগ্নি! তোমাকে স্তুতি করি, তুমি আমাদিগের স্তুতি শ্রবণ কর। দীপ্যমান্ যজ্ঞার্হ দেবগণের নিকট যজমানের কথা বলিও, যেহেতু দেবগণ অঙ্গিরাদিগকে প্রসিদ্ধ ধেনু দিয়াছিলেন। অর্য্যমা, দেবতাগণের সহিত সেই ধেনু সর্ব্বোৎপাদক অগ্নির জন্য দোহন করেন। অর্য্যমা জানেন সে ধেনু আমাদিগের সহিত সমবেত।

৮। হে মরুৎগণ! তোমাদিগের নিত্য, প্রসিদ্ধ বল যেন আমাদিগকে পরাভূত না করে। আমাদিগের ধন যেন ক্ষীণ না হয়, আমাদিগের নগর যেন ক্ষীণ না হয়। তোমাদিগের নূতন, বিচিত্র, মনুষ্য দুর্লভ, শব্দায়মান, যাহা কিছু আছে তাহা যুগে যুগে আমাদিগের হউক। তোমরা যে দুর্লভ ধন ধারণ কর, তাহা আমাদিগেরই হউক। শত্রুরা যে ধন নষ্ট করিতে পারে না তাহা আমাদিগেরই হউক।

৯। প্রাচীন দধীচি, অঙ্গিরা, প্রিয়মেধ কণ্ব, অত্রি এবং মনু আমার জন্ম কথা জানেন। এই পূর্ব্বকালীন ঋষিগণ ও মনু আমার পূর্ব্বপুরুষগণকে জানেন। কারণ মহর্ষিগণের (২) মধ্যে তাঁহারা দীর্ঘায়ুঃ এবং আমার জীবনের

(১) মূলে "বন্ধুরে রথে" আছে। "যুগবন্ধনাধার কাষ্ঠবিশেষঃ বন্ধুরং।" সায়ণ। ৩৪ সূক্তের ৯ ঋকের টীকা দেখ।

(২) মূলে "দেবেষু" আছে। "দেবেষু দীব্যৎসু মহর্ষিষু।" সায়ণ। এই ঋষিগণ বেদ রচনার সময় ও "পূর্ব্বকালীন ঋষি" ও "দেব" বলিয়া বর্ণিত হইয়াছেন। ভারতবর্ষে যজ্ঞ পদ্ধতি তাঁহারাই অনেকটা প্রচার করিয়াছিলেন, তাহা অন্য স্থানে বলা যাইয়াছে।

সহিত তাঁহাদের সম্বন্ধ আছে। আমি তাঁহাদিগের মহৎপদ হেতু তাঁহাদিগকে স্তুতি করি ও নমস্কার করি। আমি ইন্দ্র ও অগ্নিকে স্তুতি করি ও নমস্কার করি।

১০। হোতা যজ্ঞ করুন, হব্য লাভেচ্ছু দেবগণ বরণীয় সোম গ্রহণ করুন। বৃহস্পতি নিজে ইচ্ছা করিয়া প্রভূত, বরণীয় সোমদ্বারা যাগ করিতেছেন। আমরা দূরদেশে প্রস্তর খণ্ডের ধ্বনি শ্রবণ করিলাম। সুক্রতু যজমান নিজে জল ধারণ করেন এবং বহু বাসযোগ্য গৃহ ধারণ করেন।

১১। যে দেবগণ, স্বর্গে একাদশ, পৃথিবীর উপরেও একাদশ, যখন অন্তরীক্ষে বাস করেন তখনও একাদশ (৩), তাঁহারা নিজ মহিমায় যজ্ঞ সেবা করেন।

---

১৪০ সূক্ত।

অগ্নি দেবতা। উচথ্যের অপত্য দীর্ঘতমা ঋষি।

১। হে অধ্বর্য্যু! বেদিতে আসীন, নিজ প্রিয়ধামে প্রীতিযুক্ত, এবং দ্যোতমান্ অগ্নির উদ্দেশে তুমি অন্নবৎ স্থান প্রস্তুত কর। সেই পবিত্র জ্যোতিবিশিষ্ট, দীপ্তবর্ণ, তমোবিনাশক স্থানের উপর বস্ত্রের ন্যায় মনোহর কুশ বিস্তার কর।

২। দ্বিজন্মা (১) অগ্নি তিন প্রকার অন্ন (২) সম্মুখে আনিয়া ভক্ষণ করিতেছেন। অগ্নির ভক্ষিত বস্তু, অর্থাৎ ধনধান্যাদি, সম্বৎসরের মধ্যে আবার বৃদ্ধি প্রাপ্ত হয়। অভীষ্টবর্ষী অগ্নি, একই রূপ ধারণ করিয়া মুখ ও জিহ্বার সাহায্যে প্রবৃদ্ধ হয়েন, এবং অন্যরূপ ধারণ করিয়া সকলকে নিবারণ করিয়া বনবৃক্ষ সকলকে দগ্ধ করেন।

৩। অগ্নির মাতৃদ্বয়, (কাষ্ঠদ্বয়) চলিতেছে। উহারা কৃষ্ণবর্ণ হইয়া, দুইজনেই এক কার্য্য করিতেছে এবং শিশু অগ্নিকে প্রাপ্ত হইতেছে। এই

---

(৩) এই ৩৩ দেব সম্বন্ধে ৩৪ সূক্তের ১১ ঋকের টীকা দেখ।

(১) যে দুইখানি কাষ্ঠ ঘর্ষণ করিয়া অগ্নি উৎপাদন করা যায়, সেই জন্য অগ্নিকে দ্বিজন্মা বলে।

(২) "আজ্যপুরোডাশসোমরূপেণ ত্রিপ্রকারং।" সায়ণ।

শিশুর শিখারূপ জিহ্বা পূর্ব্বাভিমুখী। ইনি তমো নিবারণ করেন, শীঘ্র উৎপন্ন হয়েন, অন্নে অন্ন মিলিত হয়েন। অতি যত্নে ইহাকে রক্ষা করিতে হয়। ইনি পালকের সমৃদ্ধি সাধন করেন।

৪। অগ্নির শিখাগণ লঘুগতি, কৃষ্ণপন্থা, শীঘ্রকারী, অস্থির চিত্ত, গমনশীল, স্পন্দমান, বায়ুচালিত, ব্যাপ্তিবিশিষ্ট, ও মোক্ষপ্রদ, এবং মনস্বী যজমানের উপযোগী।

৫। যে সময়ে অগ্নি গর্জ্জন করিয়া, শ্বাস প্রক্ষেপ করিয়া, বারম্বার বিস্তীর্ণ পৃথিবীকে স্পর্শ করিয়া শব্দ করে, সেই সময়ে অগ্নির স্ফুলিঙ্গ সকল, যুগপৎ চারিদিকে গমন করে; অন্ধকার ধ্বংস করিয়া চারিদিকে গমন করে; ও কৃষ্ণবর্ণ পথে উজ্জ্বল রূপ প্রকাশ করে।

৬। অগ্নি, পিঙ্গলবর্ণ ওষধিদিগকে ভূষিত করিয়া তন্মধ্যে অবতরণ করিতেছেন। বৃষভ যেরূপ পত্নিদিগের দিকে ধাবন করে, সেইরূপ শব্দকরতঃ অগ্নি ধাবিত হইতেছেন; ক্রমে অধিকতর তেজস্বী হইয়া স্বশরীর দীপ্ত করিতেছেন; দুর্দ্ধর্ষ রূপ ধারণ করিয়া ভয়ঙ্কর পশুর ন্যায় শৃঙ্গ চালন করিতেছেন।

৭। অগ্নি কখন প্রচ্ছন্ন কখন বিস্তীর্ণ হইয়া ওষধিসমূহে ব্যাপ্ত হয়েন; যজমানের অভিপ্রায় জানিয়াই যেন অভিপ্রায়জ্ঞ শিখাকে আশ্রয় করেন। শিখাগণ পুনরায় বর্দ্ধিত হইয়া যাগযোগ্য অগ্নিকে প্রাপ্ত হয়েন, এবং সকলে মিলিত হইয়া পিতৃস্থানীয়া স্বর্গ ও পৃথিবীর অপূর্ব্ব রূপ বিস্তার করেন।

৮। কেশস্থানীয় অগ্রেস্থিত শিখাগণ অগ্নিকে আলিঙ্গন করিতেছে; অগ্নি আসিতেছেন দেখিয়া মৃতপ্রায় হইলেও উর্দ্ধমুখ হইয়া প্রত্যুদ্গমন করিতেছে। অগ্নি তাহাদিগের জরা মোচন করিয়া উৎকৃষ্ট সামর্থ ও অখণ্ড জীবন প্রদান করতঃ গর্জ্জন করিতে করিতে আসিতেছেন।

৯। অগ্নি মাতার পৃথিবীর উপরিভাগের আচ্ছাদন তৃণগুল্মাদি লেহন করিতে করিতে প্রভূত শব্দকারী প্রাণীগণের সহিত বেগে গমন করিতেছেন; পাদবিশিষ্ট পশুদিগকে আহার প্রদান করিতেছেন; সর্ব্বদা লেহন করিতেছেন এবং ক্রমশঃ যে পথে যাইতেছেন তাহা কৃষ্ণবর্ণ করিয়া যাইতেছেন।

১০। হে অগ্নি! তুমি অভীষ্টবর্ষী ও দানশীল হইয়া শ্বাস প্রক্ষেপ করতঃ আমাদিগের ধনাঢ্য গৃহে দীপ্ত হও; শিশুমতি ত্যাগ করিয়া যুদ্ধকালে বর্ম্মের ন্যায় বারম্বার (শত্রুদিগকে) দূর করিয়া দিয়া জ্বলিয়া উঠ।

১১। হে অগ্নি! এই যে কঠিন কাষ্ঠোপরি যত্নপূর্ব্বক হব্য স্থাপিত হইয়াছে, ইহা তোমার মনোমত প্রিয়বস্তু হইতেও প্রিয়তর হউক। তোমার শরীরের শিখা হইতে যে নির্ম্মল ও দীপ্ত তেজঃ নির্গত হইতেছে তাহার সহিত তুমি আমাদিগকে রত্ন প্রদান কর।

১২। হে অগ্নি! আমাদিগের রথ ও গৃহের জন্য দৃঢ় দাঁড় ও পাদ বিশিষ্ট নৌকা প্রদান কর। উহা আমাদিগের বীরগণকে, ধনবাহীদিগকে, ও অন্য লোকদিগকে পার করিবে, এবং আমাদিগকে সুখে রাখিবে।

১৩। হে অগ্নি! আমাদিগের উকৃথ মন্ত্রের উৎসাহ বর্দ্ধন কর। দ্যাবাপৃথিবী, ও স্বয়ং গামিনী নদী সকল, আমাদিগকে গব্য ও শস্য প্রদান করিয়া উৎসাহ বর্দ্ধন করুক। অরুণবর্ণ উষাগণ, সর্ব্বকাল লভ্য বরণীয় অন্নাদি প্রদান করুন।

---

১৪১ সূক্ত।

অগ্নি দেবতা। উচথ্যের অপত্য দীর্ঘতমা ঋষি।

১। দ্যুতিমান্ অগ্নির দর্শনীয় তেজঃ সত্যই এইরূপে শরীরের জন্য লোকে ধারণ করে; উহা শারীর বলে উৎপন্ন হইয়াছে (১)। আমার জ্ঞান অগ্নির তেজকে আশ্রয় করিয়া তদ্দ্বারা স্বীয় অভীষ্ট সিদ্ধি করিতে পারে, অতএব সেই অগ্নির উদ্দেশে স্তুতি ও হব্য অর্পণ করা যায়।

২। প্রথমতঃ অন্নসাধক, বাপুষ্মান্ ও নিত্য অগ্নি রহিয়াছেন; দ্বিতীয়তঃ শুভকরী সপ্তমাতৃকাতে রহিয়াছেন; তৃতীয়তঃ এই অভীষ্টবর্ষীর দোহনার্থ রহিয়াছেন। পরস্পর সংসক্ত দশদিক দশদিকেই পূজ্য অগ্নিকে উৎপন্ন করিতেছেন (২)।

৩। যেহেতু মহাযজ্ঞের মূল হইতে যজ্ঞের রূপসিদ্ধি করণে সমর্থ ঋত্বিক্গণ বলপ্রয়োগদ্বারা অগ্নিকে উৎপন্ন করিতেছেন, এবং অনাদিকাল হইতে সুন্দররূপে প্রক্ষেপ করিবার নিমিত্ত গুহাস্থিত অগ্নিকে মাতরিশ্বা চালন করিতেছেন।

---

(১) অর্থাৎ অরণি ঘর্ষণে।

(২) এই ঋকের অর্থ অতিশয় অস্পষ্ট; সায়ণ এইরূপ অর্থ করিয়াছেন, যথা প্রথমাগ্নির স্থান পৃথিবী। দ্বিতীয়াগ্নির স্থান অন্তরীক্ষ যেখানে মাতৃস্থানীয় বৃষ্টি আছে, এই অগ্নির নাম বৈদ্যুতাগ্নি; ইনি অভীষ্টবর্ষী। ইঁহাকে দোহনের জন্য আদিত্য রশ্মিরূপ তৃতীয় স্থানে অগ্নির আবরক হয়ে তিনিই তৃতীয়াগ্নি।

৪। যেহেতু অন্নের উৎকৃষ্টতা লাভের জন্য অগ্নি প্রদীপ্ত হয়, যেহেতু, আহারের জন্য অভিলষিত লতাসকল উঁহার দন্তে আরোহণ করে, যেহেতু অধ্বর্য্যু এবং যজমান উভয়েই অগ্নির যাহাতে উৎপত্তি হয় তাহার চেষ্টা করে, অতএব পবিত্র অগ্নি যজমানের প্রতি অনুগ্রহ পুরঃসর বর্দ্ধিষ্ঠ হইলেন।

৫। যে মাতৃস্থানীয় দিক সমূহ মধ্যে অগ্নি অহিংসিত হইয়া বর্দ্ধিত হইতেছেন, এক্ষণে প্রদীপ্ত হইয়া তাহারই মধ্যে প্রবেশ করিতেছেন। স্থাপনকালে প্রথমতঃ যে সকল ওষধি প্রক্ষিপ্ত হইয়াছিল, অগ্নি তাহার উপরে আরোহণ করিয়াছেন, এক্ষণে নূতন ও নিকৃষ্ট ওষধির প্রতি ধাবিত হইতেছেন।

৬। হবিঃসম্পর্ককারী যজমান দ্যুলোকবাসীদিগের প্রীতির নিমিত্ত হোম নিষ্পাদক অগ্নিকে বরণ করিতেছেন এবং রাজার ন্যায় তাঁহার প্রসাধন করিতেছেন। যেহেতু অগ্নি বহুলোকের স্তুত্য ও বিশ্বাত্মক; তিনি ক্রতু সম্পন্ন ও বলযুক্ত; দেবগণ এবং স্তুতিযোগ্য মর্ত্ত্য যজমান উভয়কেই অন্নের জন্য কামনা করেন।

৭। বাচাল বিদূষকাদি যেরূপ অবাধে তোষামোদ করিতে থাকে, সেইরূপ বায়ু কর্ত্তৃক তাড়িত হইয়া যজনীয় অগ্নি চারিদিকে ব্যাপ্ত হয়েন। অগ্নি দাহকারী, তাঁহার জন্ম পবিত্র, তাঁহার পথ কৃষ্ণবর্ণ, এবং তাঁহার পথের কিছুই স্থিরতা নাই। অতএব তাঁহার মার্গে অন্তরীক্ষ অবস্থিত আছে।

৮। অগ্নি রজ্জুবদ্ধ রথের ন্যায় স্বীয় চঞ্চল অঙ্গের সাহায্যে স্বর্গে গমন করেন। তাঁহার পথ কৃষ্ণবর্ণ হয়, তিনি কাষ্ঠ দহন করেন। বীরের ন্যায় অগ্নির প্রদীপ্ত তেজের সম্মুখ হইতে পক্ষীগণ পলায়ন করে।

৯। হে অগ্নি! তোমার সাহায্যে বরুণ স্বীয় ব্রত ধারণ করিয়াছেন, মিত্র অন্ধকার নাশ করেন, এবং অর্যমা দানশীল হয়েন। রথের নেমি যেরূপ অরসমূহকে ব্যাপ্ত করিয়া থাকে, তুমি যজ্ঞকার্য্যদ্বারা সেইরূপ বিশ্বাত্মক, সর্ব্বব্যাপি, ও সকলের পরাভবকারী হইয়া জন্ম গ্রহণ করিয়াছ।

১০। হে তরুণ অগ্নি! যিনি তোমার স্তব করেন এবং তোমার জন্য অভিষব করেন, তুমি তাহার রমণীয় হব্য লইয়া দেবতাগণের নিকট বিস্তার করিয়া দাও। হে তরুণ, মহাধন, বলপুত্র! তুমি স্তুত্য ও হবির্যুক্ত, আমরা স্তোত্র সমূহে রাজার ন্যায় তোমাকে স্থাপন করি।

১১। হে অগ্নি! তুমি যেমন আমাদিগকে অত্যন্ত প্রশংসনীয় এবং উপাভ্যধন প্রদান কর সেইরূপ উৎসাহশীল, জনপ্রিয়, [illegible] পুরুষ

ধূম্র প্রদান কর। অগ্নি যেমন আপনার কিরণসমূহকে বিস্তার করেন সেইরূপ আপনার জন্মাধার (আকাশ পৃথিবীকে) বিস্তার করিয়া থাকেন। সুক্রতু অগ্নি আমাদিগের যজ্ঞে দেবতাগণের স্তুতি বিস্তার করিয়া থাকেন।

১২। অগ্নি অত্যন্ত দ্যুতিশীল, দ্রুতগামী অশ্ববিশিষ্ট, হোতা, আনন্দময়, সুবর্ণ রথবিশিষ্ট, অক্ষুণ্ণ বল, ও প্রসন্ন স্বভাব। তিনি কি আমাদিগের আহ্বান শ্রবণ করিবেন। তিনি কি আমাদিগকে সিদ্ধিপ্রদ কর্ম্মদ্বারা অনায়াস লভ্য ও অভিলষিত স্বর্গ অভিমুখে লইয়া যাইবেন?

১৩। আমরা অগ্নিকে হব্য প্রদানাদি কর্ম্ম ও অর্চ্চনা সাধন মন্ত্র দ্বারা স্তব করিয়াছি। অগ্নি প্রকৃষ্টরূপে দীপ্তি যুক্ত হইয়াছেন। উপস্থিত সকলে এবং আমরা, সূর্য্য যেমন, মেঘের শব্দ উৎপন্ন করেন, সেইরূপ (অগ্নির উদ্দেশে) শব্দ করি।

---

১৪২ সূক্ত।

আপ্রী(১) দেবতা। উচথ্যের অপত্য দীর্ঘতমা ঋষি।

১। হে সমিদ্ধ নামক অগ্নি! যে যজমান স্রুক্ উন্নত করিয়া রহিয়াছেন তাঁহার জন্য তুমি অদ্য দেবগণকে আহ্বান কর। যে হব্যপ্রদায়ী যজমান হোমাভিষব করিয়াছেন, তাঁহার উপকারার্থ পূর্ব্বকালীন যজ্ঞ বিস্তার কর।

২। হে তনূনপাৎ নামক অগ্নি! মৎসদৃশ হব্যপ্রদায়ী, ও মেধাবী, যে যজমান তোমাকে স্তব করে তাহার ঘৃতমধুরসবিশিষ্ট যজ্ঞে উপস্থিত হইয়া যজ্ঞ সমাপ্তি পর্য্যন্ত অবস্থিতি কর।

৩। দেবগণের মধ্যে শুচি, পাবক, অদ্ভুত, দ্রুতিমান্, যজ্ঞসম্পাদক নরাশংস নামক অগ্নি দ্যুলোক হইতে আগমন করিয়া তিনবার আমাদিগের যজ্ঞ মধুর সহিত মিশ্রিত করুন।

---

(১) ১৩ সূক্তের ন্যায় এই ১৪২ সূক্ত ও আপ্রীসূক্ত। কাত্থক্য বলেন যে সমিৎ, তনূনপাৎ প্রভৃতি শব্দ যজ্ঞের অবয়ব বাচী, অতএব এই সূক্তের দেবতা যজ্ঞই হওয়া উচিত। শাকপূণি বলেন উঁহারা অগ্নির রূপান্তর, অতএব অগ্নিই এই সূক্তের দেবতা। ১৩ সূক্তের ঋক্গুলিতে অগ্নির যে ১২টী রূপের স্তুতি করা হইয়াছে এই সূক্তের প্রথম ১২টী ঋকেও সেই সমস্ত রূপের স্তুতি করা হইয়াছে।

৪। হে ইলিত অগ্নি! তুমি বিচিত্র ও প্রিয় ইন্দ্রকে এইখানে লইয়া আইস। হে সুজিহ্ব! তোমার উদ্দেশে আমি স্তোত্র পাঠ করিতেছি।

৫। স্রুক্‌ধারী ঋত্বিক্‌গণ এই যজ্ঞে অগ্নিরূপ বর্হি বিস্তারকরতঃ ইন্দ্রের জন্য বিস্তীর্ণ সুখসাধন গৃহ সম্পাদন করিতেছেন; এই গৃহে দেবগণ সর্ব্বদা যাতায়াত করিবেন।

৬। অগ্নিরূপ দেবী দ্বার খুলিয়া দাও, দেবতাগণের আগমনের জন্য যজ্ঞের দ্বার খুলিয়া দাও। দ্বারগুলি যজ্ঞের বর্দ্ধক, যজ্ঞের শোধক, বহুলোকের স্পৃহণীয়, এবং পরস্পর সংলগ্ন নহে।

৭। সকল লোকের স্তুতির যোগ্য, পরস্পর সন্নিহিত, সুন্দর রূপবিশিষ্ট, মহান্, যজ্ঞের নির্ম্মাতা অগ্নিরূপ নক্ত এবং উষা স্বয়ং আসিয়া বিস্তৃত কুশে উপবেশন করুন।

৮। দেবতাগণের উন্মাদক শিক্ষাবিশিষ্ট, সর্ব্বদা স্তুতিশীল যজমানগণের মিত্র, মেধাবী, অগ্নিরূপ দৈব্য হোতৃদ্বয় আমাদিগের এই সিদ্ধিপ্রদ স্বর্গস্পর্শী যাগের অনুষ্ঠান করুন।

৯। শুচি এবং দেবগণের মধ্যস্থা, হোমনিষ্পাদিকা ভারতী ইলা, এবং সরস্বতী (২) (অগ্নির মূর্ত্তিত্রয়) যজ্ঞের উপযুক্তা হইয়া কুশের উপর উপবেশন করুন।

১০। ত্বষ্টা (অগ্নিমূর্ত্তি বিশেষ) আমাদিগের মিত্র। তিনি স্বয়ং বহু প্রকারে আমাদিগের পুষ্টি ও সমৃদ্ধির জন্য (মেঘের) নাভিস্থিত ব্যাপ্ত, অদ্ভুত, এবং বহুসংখ্যক প্রাণির হিতকারী (জল) প্রেরণ করুন।

১১। হে অগ্নিরূপ বনস্পতি! ঋত্বিক্‌গণকে ইচ্ছানুসারে প্রেরণ করিয়া নিজেই দেবগণের যাগ কর। দ্যুতিমান্, মেধাবান্ অগ্নি দেবগণের মধ্যে হব্য প্রেরণ করেন।

১২। উষা, ও মরুৎবিশিষ্ট বিশ্বদেবগণ, বায়ু, ও গায়ত্র্যাশরীর ইন্দ্রের উদ্দেশে হব্য প্রদানার্থ অগ্নিরূপ স্বাহা শব্দ উচ্চারণ কর।

১৩। হে ইন্দ্র! আমাদিগের স্বাহাকার বিশিষ্ট হব্য ভক্ষণের জন্য আগমন কর। যজ্ঞে ঋত্বিক্‌গণ তোমাকে আহ্বান করিতেছে।

---

(২) "ভারতী" স্বর্গস্থ বাক্, "ইলা" পৃথিবীস্থ বাক্, "সরস্বতী" অন্তরীক্ষস্থ বাক্। সায়ণ।

১৪৩ সূক্ত।

অগ্নি দেবতা। উচথ্যের অপত্য দীর্ঘতমা ঋষি।

১। অগ্নি বলের পুত্র, জলের নপ্তা, যজমানের প্রিয়তম ও হোমনিষ্পাদক, এবং যথাকালে ধনের সহিত বেদিতে উপবেশন করেন; তাঁহার উদ্দেশে আমি এই নূতন এবং শুভফলবর্দ্ধক যজ্ঞ আরম্ভ করি ও স্তব পাঠ করি।

২। অগ্নি, পরম ব্যোম প্রদেশে উৎপন্ন হইয়া প্রথম মাতরিশ্বার (১) নিকট আবির্ভূত হইলেন। পরে ইন্ধনদ্বারা বৃদ্ধি প্রাপ্ত হইলে প্রবল ক্রিয়াদ্বারা তাঁহার দীপ্তি দ্বাবা পৃথিবীকে প্রদীপ্ত করিয়া রহিল।

৩। অগ্নির দীপ্তি সকলের নাশ নাই, সুদর্শন অগ্নির বিস্ফুলিঙ্গ সকল সর্ব্বতঃ দ্যোতমান্ ও বিলক্ষণ বলশালী। নৈশ অন্ধকার নষ্ট করিয়া সর্ব্বদা জাগরূক ও জরারহিত অগ্নিশিখাগণ কদাচ কম্পিত হয় না।

৪। ভৃগুবংশোৎপন্ন যজমানগণ, ভূতসমূহের বলের নিমিত্ত বেদির নাভি-প্রদেশে যে সর্ব্ব ধনবান্ অগ্নিকে আপনাদিগের অভিমুখে স্থাপন করিয়াছেন, তাঁহাকে আপন গৃহে লইয়া স্তব কর। তিনি মুখ্য এবং বরুণের ন্যায় সমস্ত ধনের ঈশ্বর।

৫। যেমন বায়ুর শব্দ, প্রবল রাজার সেনা, এবং দ্যুলোকোৎপন্ন অশনি কেহ নিবারণ করিতে পারে না; সেইরূপ যে অগ্নিকে কেহ নিবারণ করিতে পারে না সেই অগ্নি যোধদিগের ন্যায় তীক্ষ্ণীভূত দন্তদ্বারা শত্রুদিগকে ভক্ষণ করেন ও বিনাশ করেন এবং বনসমূহকে দহন করেন।

৬। অগ্নি বারম্বার আমাদিগের উক্ত স্তোত্র শুনিতে ইচ্ছা করুন ধনস্থানীয় অগ্নি ধনদ্বারা বারম্বার আমাদিগের অভিলাষ পূর্ণ করুন। যজ্ঞপ্রবর্ত্তক অগ্নি যজ্ঞলাভের জন্য বারম্বার আমাদিগকে ত্বরান্বিত করুন, আমি এইরূপ স্তুতিদ্বারা সুদর্শন অগ্নিকে স্তব করি।

৭। তোমাদিগের যজ্ঞনির্ব্বাহক প্রদীপ্ত অগ্নিকে মিত্রের ন্যায় দীপ্ত করিয়া অলঙ্কৃত করিতেছে। সম্যক্ দীপ্যমান জ্বালাবিশিষ্ট অগ্নি যজ্ঞস্থলে স্বয়ং প্রদীপ্ত হইয়া আমাদিগের শুভ্রবর্ণ যাগাদিবিষয়ক প্রজ্ঞাকে উন্মীলিত করিতেছে।

(১) মাতরিশ্বা সম্বন্ধে ৬০ সূক্তের ১ ঋকের টীকা দেখ।

৮। হে অগ্নি! আমাদিগের প্রতি অনুগ্রহে বিরত না হইয়া সর্ব্বদা অবহিত, মঙ্গলকর ও সুখকর আশ্রয় প্রদান দ্বারা আমাদিগকে রক্ষা কর। হে সর্ব্বজন বাঞ্ছনীয় অগ্নি! তুমি উৎপন্ন হইয়া হিংসারহিত, অপরিভূত ও নিমেষ রহিতভাবে আমাদিগকে সম্যক্‌রূপে পালন কর।

---

১৪৪ সূক্ত।

অগ্নি দেবতা। উচথ্যের অপত্য দীর্ঘতমা ঋষি।

১। বহুদর্শী হোতা উন্নত এবং অনবদ্য প্রজ্ঞাবলে অগ্নির উপচর্য্যার জন্য গমন করিতেছেন, ও প্রদক্ষিণ করিয়া স্রুক্ ধারণ করিতেছেন। এই সকল স্রুক্ অগ্নিতে প্রথমাহুতি প্রদান করে।

২। সূর্য্যকিরণে সর্ব্বতো ব্যাপ্ত জলের ধারা তাহাদিগের উৎপত্তিস্থান আদিত্যলোকে আবার নূতন হইয়া জন্মিতেছে। অগ্নি যখন জলের ক্রোড়ে আদরের সহিত বাস করে সেই সময়ে লোকে অমৃতময় জলপান করে, এবং অগ্নি তাহার সহিত মিলিত হয়।

৩। সমান বয়স্ক দুই জনে (১) এক প্রয়োজন সাধনের উদ্দেশে পরস্পরকে সাহায্য করিয়া অগ্নির শরীরে নিজ নিজ কার্য্য সম্পাদন করিতেছে, অনন্তর ভগ যেরূপ রশ্মি বিস্তার করেন, অথবা সারথি যেরূপ রশ্মি গ্রহণ করে, আহবনীয় অগ্নি সেইরূপ আমাদিগের রশ্মি অর্থাৎ প্রদত্ত ঘৃত ধারা গ্রহণ করেন (২)।

৪। সমান বয়স্ক, এক যজ্ঞে বর্ত্তমান এবং এক কার্য্যে নিযুক্ত দুই জন যে অগ্নিকে দিবারাত্রি পূজা করে, সেই অগ্নি পলিতই হউন বা যুবাই হউন মনুষ্য যুগ্মের হব্য ভক্ষণ করতঃ অজর হইয়াছেন।

৫। দশ অঙ্গুলি পরস্পর বিশ্লিষ্ট হইয়া সেই দ্যোতমান্ অগ্নিকে প্রীত করে। আমরা মনুষ্য, রক্ষালাভার্থ অগ্নিকে আহ্বান করি। ধনুক হইতে যেরূপ বাণ বহির্গত হয়, অগ্নি সেইরূপ রশ্মি প্রেরণ করেন। অগ্নি চতুর্দ্দিকবর্ত্তী যজমানগণের নূতন স্তুতি ধারণ করেন।

---

(১) হোতা ও অধ্বর্য্যু। অথবা এই স্থলে সমান বয়স্ক এবং এক উদ্দেশ্যে পরিশ্রমকারী পরস্পর সংলগ্ন জায়া ও পতিও বুঝাইতে পারে।

(২) রশ্মি শব্দের তিন অর্থ, যথা কিরণ, লাগাম, এবং ঘৃত ধারা।

৬। হে অগ্নি! তুমি পশুপালকের ন্যায় নিজ সামর্থে স্বর্গীয়দিগের ঈশ্বর, এবং পার্থিবদিগের ঈশ্বর, এইজন্য মহত্তী ঐশ্বর্য্যবতী, হিরণ্ময়ী, মঙ্গল শব্দকারিণী, শুভ্রবর্ণা ও প্রসন্না দ্যাবা পৃথিবী তোমার যজ্ঞে উপস্থিত হয়েন।

৭। হে অগ্নি! তুমি হব্য সেবা কর, তোমার স্তোত্র শ্রবণ করিতে ইচ্ছা কর। হে স্বত্য, অন্নবান্ যজ্ঞার্থ উৎপন্ন. সুক্রতু অগ্নি! তুমি সমস্ত জগতের অনুকূল, সকলের দর্শনীয়, তুমি আনন্দোৎপাদক, এবং প্রভূত অন্নবান্ ব্যক্তির ন্যায় সকলের আশ্রয় স্থান।

---

১৪৫ সূক্ত।

অগ্নি দেবতা। উচথ্যের অপত্য দীর্ঘতমা ঋষি।

১। অগ্নিকে জিজ্ঞাসা কর তিনিই জানেন, তিনিই গিয়াছিলেন, তাঁহারই চৈতন্য আছে, তিনিই যান, তাঁহারই গতি দ্রুত, শাসন ক্ষমতা তাঁহারই আছে, ইষ্ট বস্তুও তাঁহাতেই আছে। তিনিই অন্ন, বল, এবং বলবানের পালক।

২। তাঁহাকেই সকল লোকে জিজ্ঞাসা করে, অন্যায় জিজ্ঞাসা করে না। ধীরব্যক্তি নিজের মনে যাহা স্থির করে তাহার পূর্ব্বেও কথা সহ্য করিতে পারে না, পরেও কথা সহ্য করিতে পারে না; এই জন্যই দাম্ভিকতাশূন্য লোক অগ্নির আশ্রয় প্রাপ্ত হয়।

৩। জুহূসমূহ তাঁহারই উদ্দেশে গমন করে, স্তুতিও তাঁহারই জন্য; এক অগ্নি আমার সমস্ত স্তুতি শ্রবণ করেন। তিনি অনেকের প্রবর্ত্তক, তারয়িতা, ও যজ্ঞের সাধনভূত, তাঁহার রক্ষা ছিদ্রশূন্য; তিনি শিশুর ন্যায় (শান্ত) এবং যজ্ঞাদির অনুষ্ঠান কর্ত্তা।

৪। যখনই যজমান অগ্নি উৎপন্ন করিবার চেষ্টা করে তখনিই অগ্নি আবির্ভূত হয়েন, উৎপন্ন হইয়াই সদ্য যুজ্য বস্তুর সহিত মিলিত হয়েন। তাঁহার আনন্দজনক কর্ম্ম শ্রান্ত যজমানের সন্তোষের জন্য অভিমত ফল প্রদান করেন।

৫। অন্বেষণশীল, অধিগম্য, বনগামী অগ্নি, ত্বকের ন্যায় ইন্ধনের মধ্যে স্থাপিত হইয়াছেন। বিদ্বান্ যাগাভিজ্ঞ, যথার্থবাদী অগ্নি মর্ত্ত্যদিগকে বিশেষ করিয়া জ্ঞান প্রদান করিয়াছেন।

১৪৬ সূক্ত।

অগ্নি দেবতা। উচথ্যের অপত্য দীর্ঘতমা ঋষি।

১। পিতা মাতার (দ্যাবাপৃথিবী) ক্রোড়স্থিত, মস্তকত্রয়যুক্ত, সপ্ত-রশ্মিবিশিষ্ট (১), ও বিকলতারহিত অগ্নিকে স্তব কর। সর্ব্বত্রগামী, অবিচলিত, দ্যোতমান্ এবং অভীষ্টবর্ষী অগ্নির তেজ চতুর্দ্দিকে ব্যাপ্ত হইতেছে।

২। ফলপ্রদাতা অগ্নি নিজ মহিমায় দ্যাবাপৃথিবীকে ব্যাপ্ত করিয়া রহিয়াছেন, জরারহিত, পূজনীয় অগ্নি আমাদিগকে রক্ষা করিয়া অবস্থিতি করিতেছেন, বিস্তৃত পৃথিবীর সানুপ্রদেশে বেদিতে পদক্ষেপ করিতেছেন। তাঁহার উজ্জ্বল জ্যোতিঃ ঊর্দ্ধ অন্তরীক্ষ লেহন করিতেছে।

৩। যজমান ও তৎ পত্নী সেবাকার্য্যকুশল দুইটি ধেনুর ন্যায় একটি বৎসরূপ অগ্নির অভিমুখে সঞ্চরণ করিতেছেন। তাঁহারা গর্হিত বিষয়শূন্য পথ নির্ম্মাণ করিতেছেন এবং সর্ব্বপ্রকার প্রজ্ঞা অধিক পরিমাণে ধারণ করিতেছেন।

৪। অভিজ্ঞ মেধাবীগণ অজেয় অগ্নিকে স্বীয়স্থানে স্থাপন করিতেছেন বুদ্ধিবলে নানা উপায়ে তাঁহার রক্ষা করিতেছেন, যজ্ঞফলভোগেচ্ছায় ফলদায়ী অগ্নির শুশ্রূষা করিতেছেন। অগ্নি সূর্য্যরূপে তাঁহাদিগের নিকট অবির্ভূত হইতেছেন।

৫। অগ্নি ইচ্ছা করেন, যে দশদিকে তাঁহাকে দেখিতে পায়। তিনি সর্ব্বদা জয়শীল এবং স্তুতিযোগ্য, ক্ষুদ্র ও বৃহৎ সকলেরই জীবনস্বরূপ। ধনবান্ এবং সকলের দর্শনীয়, অগ্নি অনেক স্থানে শিশুতুল্য যজমানগণের পিতারূপ।

---

১৪৭ সূক্ত।

অগ্নি দেবতা। উচথ্যের অপত্য দীর্ঘতমা ঋষি।

১। হে অগ্নি! তোমার উজ্জ্বল ও শোষক রশ্মিগণ কি প্রকারে অন্নের সহিত আয়ুঃ প্রদান করে, যে পুত্র ও পৌত্রাদির জন্য অন্ন ও আয়ুঃ প্রাপ্ত হইয়া [illegible] যজ্ঞসম্বন্ধীয় সামগান করিতে পারে?

(১) তিনটি সবন অগ্নির মূর্দ্ধা, সাতটি ছন্দ উঁহার রশ্মি। সায়ণ।

২। হে তরুণ অন্নবান্ অগ্নি! আমার অতিশয় পূজনীয় ও উত্তমরূপে সম্পাদিত স্তুতি গ্রহণ কর। একজন তোমাকে হিংসা করে আর একজন তোমার পূজা করে। আমি তোমার উপাসক, আমি তোমার মূর্ত্তিকে পূজা করি।

৩। হে অগ্নি! তোমার যে প্রসিদ্ধ পালনশীল রশ্মিগণ মমতার পুত্র দীর্ঘতমাকে অন্ধ দেখিয়া তাহাকে অন্ধত্ব হইতে রক্ষা করিয়াছিল তুমি সর্ব্ব-প্রজ্ঞাযুক্ত, তুমি সেই সুখকর রশ্মিগণকে রক্ষা কর। বিনাশেচ্ছু শত্রুগণ যেন হিংসা না করে।

৪। হে অগ্নি! যে আমাদিগের পাপ ইচ্ছা করে, নিজে দান করে না মানসিক ও বাচনিক দুই প্রকার মন্ত্র দ্বারা আমাদিগের নিন্দা করে, তাহা-দিগের একমন্ত্র (মানস) তাহাদিগেরই পক্ষে গুরুভাব হউক, এবং তাহারা দুর্বাক্যদ্বারা আপনাদিগেরই শরীর নষ্ট করুক।

৫। হে বলের পুত্র অগ্নি! যে মনুষ্য জানিয়া শুনিয়া দ্বিপ্রকার মন্ত্র দ্বারা মনুষ্যের নিন্দা করে, হে স্তূয়মান অগ্নি! আমি স্তব করিতেছি, তাহার হস্ত হইতে আমাকে রক্ষা কর এবং আমাদিগকে পাপে নিক্ষেপ করিও না।

---

১৪৮ সূক্ত।

অগ্নি দেবতা। উচথ্যের অপত্য দীর্ঘতমা ঋষি।

১। মাতরিশ্বা প্রবেশ করিয়া নানা রূপবিশিষ্ট সর্ব্বদেবকার্য্যকুশল দেব-গণের আহ্বানকর্ত্তা অগ্নিকে প্রবৃদ্ধ করিয়াছেন। পূর্ব্বে দেবগণ ইহাকে বিচিত্র দ্যুতিমান্ সূর্য্যের ন্যায় মনুষ্য ও ঋত্বিক্‌গণের যজ্ঞ সমাধার জন্য স্থাপন করিয়াছিলেন।

২। অগ্নিকে সন্তোষকর হব্য প্রদান করিলেই শত্রুগণ আমাকে নাশ করিতে পারিবে না, যেহেতু অগ্নি মৎপ্রদত্ত বরণীয় (স্তোত্রাদির) অভিলাষী। স্তোতা যখন অগ্নির সম্বন্ধে স্তুতি করেন, তখন সমস্ত দেবগণ তৎপ্রদত্ত সমস্ত হব্য প্রাপ্ত হয়েন।

৩। যজ্ঞকারীগণ যে অগ্নিকে নিত্য অগ্নিগৃহে লইয়া যান এবং স্তুতি-সহকারে স্থাপন করেন, ঋত্বিক্‌গণ দ্রুতগামী রথনিবদ্ধ অশ্বের ন্যায় সেই অগ্নিকে যজ্ঞার্থ প্রণয়ন করেন।

৪। বিনাশক অগ্নি, সর্ব্বপ্রকার বৃক্ষাদি দন্তদ্বারা নষ্ট করেন, অনন্তর বনে নানাবর্ণে শোভা প্রাপ্ত হয়েন। তদনন্তর যেমন ধানুকীর নিকট হইতে তীর বেগে গমন করে সেইরূপ বায়ু প্রতিদিন শিখার অনুকূল হইয়া বহিতে থাকে।

৫। অরণি গর্ভে অবস্থিত যে অগ্নিকে শত্রুগণ অথবা অন্য হিংসকগণ দুঃখ দিতে পারে না, অন্ধ, দৃষ্টিশক্তিরহিত লোকে যে অগ্নির মাহাত্ম্য নষ্ট করিতে পারে না, অবিচলিত ভক্তি বিশিষ্ট যজমানগণ বিশেষরূপে তৃপ্তিসাধন করিয়া তাঁহাকেই রক্ষা করে।

---

১৪৯ সূক্ত।

অগ্নি দেবতা। উচথ্যের অপত্য দীর্ঘতমা ঋষি।

১। মহাধনের স্বামী অগ্নি অভীষ্ট প্রদান করতঃ আমাদিগের অভিমুখে গমন করিতেছেন। প্রভুর প্রভু অগ্নি ধনাস্পদ বেদি আশ্রয় করিতেছেন। *প্রস্তর হস্ত যজমানগণ আগত অগ্নির সেবা করিতেছেন।*

২। যে অগ্নি মনুষ্যদিগের ন্যায় দ্যাবাপৃথিবীরও উৎপাদক, তিনি যশোযুক্ত হইয়া বর্ত্তমান আছেন, এবং তাঁহা হইতেই জীবগণ সৃষ্টির আস্বাদন প্রাপ্ত হয়। তিনি গর্ভাশয়ে প্রবিষ্ট হইয়া (সমস্ত জীবের) সৃষ্টি করেন।

৩। অগ্নি মেধাবী, তিনি অন্তরীক্ষচারী বায়ুর ন্যায় নানাস্থানে গমন করেন। তিনি এই সুন্দর স্থান দীপ্ত করিয়াছেন, নানারূপ অগ্নি সূর্য্যের ন্যায় শোভা পাইতেছেন।

৪। দ্বিজন্মা অগ্নি দীপ্যমান লোকত্রয়কে প্রকাশ করেন এবং সমস্ত রঞ্জনাত্মক লোকও প্রকাশ করেন। তিনি দেবতাগণের আহ্বান কর্ত্তা এবং যে স্থলে জল সংগৃহীত হয় তথায় বর্ত্তমান আছেন।

৫। যে অগ্নি দ্বিজন্মা, তিনিই হোতা, তিনি হব্যলাভের ইচ্ছায় সমস্ত বরণীয় ধন ধারণ করেন। যে মর্ত্ত্য অগ্নিকে হব্য দান করে, তাহার উত্তম পুত্র হয়।

১৫০ সূক্ত।

অগ্নি দেবতা। উচথ্যের অপত্য দীর্ঘতমা ঋষি।

১। হে অগ্নি! যেহেতু আমি হব্য দান করি, অতএব তোমার নিকট অনেক প্রার্থনা করি। হে অগ্নি! আমি তোমারই সেবক। হে অগ্নি! মহৎ প্রভুর গৃহে যেরূপ সেবক থাকে আমি তোমার নিকট সেইরূপ।

২। হে অগ্নি! যে ধনবান্ ব্যক্তি তোমাকে স্বামী বলিয়া মানে না, বা উত্তমরূপ হোমের জন্য দক্ষিণা দেয় না, এবং যে ব্যক্তি দেবতাগণকে স্তব করে না সেই দেবশূন্য লোকদ্বয়কে ধন দান করিও না।

৩। হে মেধাবী অগ্নি! যে ব্যক্তি তোমার যজ্ঞ করে, সে স্বর্গে চন্দ্রের ন্যায় সকলের আনন্দকর হয়, প্রধানদিগের মধ্যেও প্রধান হয়। (অতএব) আমরা বিশেষরূপে তোমারই সেবক হইব।

১৫১ সূক্ত।

মিত্রাবরুণ দেবতা। উচথ্যের অপত্য দীর্ঘতমা ঋষি।

১। গোধনাভিলাষী, স্বাধ্যায়সম্পন্ন যজমানগণ, গোধনলাভের ও মনুষ্য-গণের রক্ষার নিমিত্ত, মিত্রের ন্যায় প্রিয় ও যজনীয় যে অগ্নিকে অন্তরীক্ষভব জলমধ্যে ক্রিয়াদ্বারা উৎপন্ন করিয়াছেন তাঁহার বল ও শব্দে দ্যাবাপৃথিবী কম্পিত হইতেছে।

২। যেহেতু মিত্রভূত ঋত্বিক্‌গণ তোমাদিগের জন্য অভীষ্টপ্রদায়ী স্বকর্ম্ম-ক্ষম সোমরস ধারণ করিয়া রহিয়াছেন অতএব অর্চ্চকের গৃহে আগমন কর। তোমরা অভীষ্টবর্ষী, তোমরা গৃহপতির আহ্বান শ্রবণ কর।

৩। হে অভীষ্টবর্ষী মিত্রাবরুণ! মহাবল লাভের জন্য মনুষ্যগণ দ্যাবা-পৃথিবী হইতে তোমার প্রশংসনীয় জন্মের কীর্ত্তন করিতেছে; যেহেতু তুমি যজমানের যজ্ঞ ফলস্বরূপ অভীষ্ট প্রদান কর, এবং স্তুতি এবং হব্যযুক্ত যজ্ঞ গ্রহণ কর।

৪। হে প্রভূত বলবান্ মিত্রাবরুণ! যে যজ্ঞভূমি তোমাদিগের প্রিয়তর তাহা উত্তমরূপে সম্পাদিত হইয়াছে। হে সত্যবাদী মিত্রাবরুণ! তোমরা

আমাদিগের বৃহৎ যজ্ঞের প্রশংসা কর। দুগ্ধাদির দ্বারা শরীরের বল প্রদানে সমর্থ ধেনুর ন্যায়, তোমরা উভয়ে বৃহৎ দ্যুলোকের অগ্রভাগে দেবতাগণের আনন্দোৎপাদনে সমর্থ, এবং নানাস্থানে আরব্ধ কর্ম্ম উপভোগ কর।

৫। হে মিত্রাবরুণ! তোমরা নিজ মহিমায় যে ধেনুগণকে বরণীয় প্রদেশে লইয়া যাও, তাহাদিগকে কেহ নষ্ট করিতে পারে না। তাহারা ক্ষীর প্রদান করে এবং গোষ্ঠে ফিরিয়া আইসে। চৌরধারী ব্যক্তিগণের ন্যায় উক্ত গাভীগণ প্রাতঃকালে ও সায়ংকালে উপরিস্থিত সূর্য্যের দিকে চীৎকার করে।

৬। হে মিত্র! হে বরুণ! তোমরা যে যজ্ঞে যজ্ঞভূমিকে সম্মানিত কর তথায় কেশের ন্যায় অগ্নির শিখা যজ্ঞার্থ তোমাদিগকে পূজা করে। তোমরা নিম্নমুখে বৃষ্টি প্রদান কর, এবং আমাদিগের কর্ম্ম সম্পন্ন কর। তোমরাই মেধাবী যজমানের মনোহর স্তুতির ঈশ্বর।

৭। যে মেধাবী হোমনিষ্পাদক, মনোহর যজ্ঞোপকরণবিশিষ্ট যজমান যজ্ঞের নিমিত্ত তোমাদিগের উদ্দেশে স্তবকরতঃ হব্য প্রদান করে, সেই প্রজ্ঞাবান্ যজমানের উদ্দেশে গমন কর, এবং যজ্ঞের কামনা কর। আমাদিগকে অনুগ্রহ করিবার অভিলাষে আমাদিগের স্তুতি স্বীকার কর।

৮। যেমন ইন্দ্রিয়ের প্রয়োগ করিতে হইলে প্রথমে মনের প্রয়োগ করিতে হয়, হে সত্যবাদী মিত্র ও বরুণ! সেইরূপ তোমাদিগকেই যজমানেরা প্রথমে গব্য দ্বারা অর্চনা করে। যজমানেরা তোমাদিগকে আসক্ত চিত্তে স্তুতি করিতেছে, তোমরা মনে দর্প না করিয়া আমাদিগের সমৃদ্ধ কার্য্যে উপস্থিত হও।

৯। হে মিত্র ও বরুণ! তোমরা ধনবিশিষ্ট অন্ন ধারণ কর, আমাদিগকে ধনবিশিষ্ট প্রদান কর। উহা প্রচুর, ও তোমার বুদ্ধিবলে রক্ষিত। দিবস বা রাত্রি তোমার দেবত্ব প্রাপ্ত হয় নাই। নদীগণও তোমার দেবত্ব প্রাপ্ত হয় নাই, পণিরাও প্রাপ্ত হয় নাই, তাহারা তোমার দানও প্রাপ্ত হয় নাই।

১৫২ সূক্ত।

মিত্রাবরুণ দেবতা। উচথ্যের অপত্য দীর্ঘতমা ঋষি।

১। হে স্থূল মিত্র ও বরুণ! তোমরা (তেজোরূপ) বস্ত্র ধারণ কর, তোমাদিগের সৃষ্টি সুন্দর ও দোষ রহিত। তোমরা সমস্ত অনৃত বিনাশ কর এবং ঋতের সহিত যুক্ত হও।

২। এই উভয়ের (মিত্র ও বরুণের) প্রত্যেকেই কর্ম্ম অনুষ্ঠান করেন। তিনি সত্যবাদী, মন্ত্রণাকুশল, কবিগণের স্তুত্য ও শত্রুহিংসক। তিনি উগ্ররূপে চতুর্গুণ অস্ত্রবিশিষ্ট হইয়া ত্রিগুণ অস্ত্রবিশিষ্টগণকে নাশ করেন। দেবনিন্দুকেরা তাঁহার প্রভাবে প্রথমতঃই জীর্ণ হইয়া যায়।

৩। পদবিশিষ্ট মনুষ্যদিগের অগ্রে পদরহিতা উষা আগমন করেন, হে মিত্রাবরুণ! ইহা যে তোমাদিগেরই কর্ম্ম তাহা কে জানে? তোমাদিগের সন্তান আদিত্য ঋতের পূরণ ও অনৃতের বিনাশ করিয়া সমস্ত জগতের ভার বহন করেন (১)।

৪। আমরা দেখিতেছি যে কন্যার উষার প্রণয়ী আদিত্য ক্রমাগতই চলিতেছেন, কখনই বসিতেছেন না। বিস্তৃত তেজে আচ্ছাদিত আদিত্য মিত্রাবরুণের প্রিয়পাত্র।

৫। আদিত্যের অশ্ব নাই, প্রগ্রহ নাই, তথাপি তিনি শীঘ্র গমনশীল ও অত্যন্ত শব্দকারী; তিনি ক্রমেই উর্দ্ধে আরোহণ করিতেছেন। লোকে এই সকল অচিন্তনীয় বৃহৎ কর্ম্ম মিত্র ও বরুণের প্রতি আরোপ করিয়া তাঁহাদের স্তব করিতেছে ও সেবা করিতেছে।

৬। প্রীতিজনক ধেনুগণ বৃহৎ কর্ম্মপ্রিয় মমতার পুত্রকে (অর্থাৎ আমাকে) আপনার স্তনজাত দুগ্ধ দ্বারা প্রীত করুক। তিনি যজ্ঞানুষ্ঠান অবগত হইয়া যজ্ঞাবশিষ্ট অন্ন, মুখদ্বারা আহারার্থ ভিক্ষা করুন, এবং মিত্রাবরুণের পরিচর্য্যা করিয়া যজ্ঞ অখণ্ডিতরূপে সম্পূর্ণ করুন।

৭। হে দেব মিত্রাবরুণ! আমি রক্ষার নিমিত্ত নমস্কার ও স্তোত্র করত তোমাদের হব্য সেবার উদ্যোগ করিব। আমাদিগের বৃহৎ কর্ম্ম যেন যুদ্ধের সময় শত্রুদিগকে অভিভব করিতে পারে। স্বর্গীয় বৃষ্টি যেন আমাদিগের উদ্ধার করে।

১৫৩ সূক্ত।

মিত্রাবরুণ দেবতা। উচথ্যের অপত্য দীর্ঘতমা ঋষি।

১। হে ঘৃতস্রাবী, মহান্ মিত্রাবরুণ! যেহেতু আমাদিগের অধ্বর্য্যুগণ স্বীয় কার্য্যদ্বারা তোমাদিগকে পোষণ করে, অতএব আমরা সমান প্রীতিযুক্ত হইয়া হব্য ঘৃত ও নমস্কারদ্বারা তোমাদিগকে পূজা করি।

---

(১) মিত্র ও বরুণ দিবা ও রাত্রি। সূর্য্য ঐ দুই কালের মধ্যকালে উদয় হয়েন এই জন্য মিত্রাবরুণের "গর্ভ," অর্থাৎ শিশু বলিয়া বর্ণিত হইয়াছে। সায়ণ।

২। হে মিত্রাবরুণ! তোমাদিগের উদ্দেশে কেবল যাগের প্রস্তাবই প্রকৃত যাগ নহে কিন্তু তদ্বারাই আমি তোমাদিগের তেজঃ প্রাপ্ত হই। কারণ সুধী হোতা যখন তোমাদিগের উদ্দেশে যজ্ঞ করিবার নিমিত্ত আগমন করেন, হে অভিষ্টবর্ষীদ্বয়! তখন তিনি সুখ লাভ করেন।

৩। হে মিত্রাবরুণ! রাতহব্য নামক রাজা মনুষ্য যজমানের হোতার ন্যায় যজ্ঞে সপর্য্যাদ্বারা তোমাকে প্রীত করিলে তদীয় ধেনু যেরূপ দুগ্ধবতী হইয়াছিল, তোমার যজ্ঞে যে যজমান হব্য প্রদান করে, তাহার ধেনু সকল সেইরূপ বহু দুগ্ধবতী হইয়া আনন্দ বর্দ্ধন করুক।

৪। হে মিত্রাবরুণ! দিব্য ধেনুগণ এবং অন্ন ও উদক তোমাদের ভক্ত যজমানগণের নিমিত্ত তোমাদিগকে প্রীত করুক। আমাদের যজমানের পূর্ব্ব-পালক অগ্নি দানশীল হউন এবং তোমরা ক্ষীরস্রাবিনী ধেনুর দুগ্ধ পান কর।

---

১৫৪ সূক্ত।

বিষ্ণু দেবতা। উচথ্যের অপত্য দীর্ঘতমা ঋষি।

১। আমি বিষ্ণুর বীর কর্ম্ম শীঘ্রই কীর্ত্তন করি। তিনি পার্থিব লোক পরিমাপ করিয়াছেন। তিনি উপরিস্থ জগৎ স্তম্ভিত করিয়াছেন। তিনি তিনবার পদক্ষেপ করিয়াছেন। লোকে তাঁহার প্রভূত স্তুতি করে (১)।

২। যেহেতু বিষ্ণুর তিনপদক্ষেপে সমস্ত ভুবন অবস্থিতি করে, অতএব ভয়ঙ্কর, হিংস্র, গিরিশায়ী আরণ্য জন্তুর ন্যায় বিষ্ণুর বিক্রম লোকে প্রশংসা করে।

৩। উন্নত প্রদেশনিবাসী, অভীষ্টবর্ষী, ও সর্ব্বলোকপ্রশংসিত বিষ্ণুকে মহাবল ও স্তোত্র সমূহ আশ্রয় করুক। তিনি এককই এই একত্রা-বস্থিত অতি বিস্তীর্ণ নিয়ত ভুবন তিনবার পদক্ষেপদ্বারা পরিমাপ করি-য়াছেন।

(১) বিষ্ণুর তিন পাদবিক্ষেপ সম্বন্ধে ২২ সূক্তের ১৭ ঋকের টীকা দেখ।

৪। যাঁহার অক্ষীণ, অমৃত পূর্ণ, ত্রিসংখ্যক পদক্ষেপ অন্নদ্বারা হর্ষ উৎপাদন করে; যিনি এককই ধাতুত্রয় ও পৃথিবী, দ্যুলোক, ও সমস্ত ভুবন ধারণ করিয়া আছেন (২)।

৫। দেবাকাঙ্ক্ষী মনুষ্যগণ যে প্রিয় পথ প্রাপ্ত হইয়া হৃষ্ট হয়েন, আমি সেই পথ যেন প্রাপ্ত হই। উরুবিক্রমী বিষ্ণুর পরমপদে মধুর উৎস আছে, তিনি প্রকৃতই বন্ধু।

৬। যে সকল সুখের স্থানে ভূরিশৃঙ্গবিশিষ্ট ও ক্ষিপ্রগামী গোসমূহ বিচরণ করে, সেই সকল স্থানে গমনার্থ তোমাদের উভয়ের প্রার্থনা করি। এই সকল স্থানে বহুলোকের স্তুতিযোগ্য, অভীষ্টবর্ষী বিষ্ণুর পরম পদ স্ফূর্ত্তি প্রাপ্ত হইতেছে।

---

১৫৫ সূক্ত।

ইন্দ্র ও বিষ্ণু দেবতা। উচথ্যের অপত্য দীর্ঘতমা ঋষি।

১। হে অধ্বর্য্যুগণ! তোমরা স্তুতিপ্রিয় মহাবীর ইন্দ্রের নিমিত্ত এবং বিষ্ণুর জন্য পানীয় সোমরস যত্নপূর্ব্বক প্রস্তুত কর। তাঁহারা উভয়ে দুর্দ্ধর্ষ, ও মহীয়ান্। তাঁহারা মেঘের উপর ভ্রমণ করেন, যেন সুশিক্ষিত অশ্বের উপর আরোহণ করিয়া ভ্রমণ করিতেছেন।

২। হে ইন্দ্র ও বিষ্ণু! তোমরা ইষ্টপ্রদ; অতএব হুতাবশিষ্ট সোমপায়ী যজমান তোমাদিগের দীপ্তিপূর্ণ আগমন প্রশংসা করিতেছে। তোমরা মর্ত্ত্য-দিগের জন্য শত্রুবিমর্দ্দক অগ্নির নিকট হইতে প্রদেয় অন্ন নিরন্তর প্রেরণ কর।

৩। প্রসিদ্ধ আহুতি সকল ইন্দ্রের মহৎ পৌরুষ বৃদ্ধি করিতেছে। ইন্দ্র, সকলের মাতৃস্থানীয় দ্যাবাপৃথিবীকে রেতঃ এবং উপভোগের জন্য সেই সামর্থ্য

---

(২) সায়ণ ধাতুত্রয়ের তিনপ্রকার অর্থ অনুমান করিয়াছেন। (১) পৃথিবী, জল ও তেজঃ। (২) কালত্রয়। [illegible]য়। "Three Elements."—*Wilson.* "Triple Universe." —*Muir.* "[illegible]oses"—*Langlois.*

প্রদান করেন। পুত্র নিকৃষ্ট নাম ধারণ করেন, উৎকৃষ্ট নাম পিতার, তৃতীয় নাম দ্যুলোকের দীপ্তমান্ প্রদেশে আছে (১)।

৪। আমরা সকলের স্বামী, পালন কর্ত্তা, শত্রু রহিত, ও সেচন সমর্থ বিষ্ণুর পৌরুষের স্তুতি করি। তিনি প্রশংসনীয় লোক রক্ষার নিমিত্ত ত্রিসংখ্যক পদবিক্ষেপদ্বারা পার্থিব লোক সকল বিস্তীর্ণরূপে পরিক্রম করিয়াছিলেন।

৫। মনুষ্যগণ স্বর্গদর্শী বিষ্ণুর দুই পাদক্ষেপ কীর্ত্তনকরতঃ প্রাপ্ত হয়। তাঁহার তৃতীয় পাদক্ষেপ, মনুষ্য ধারণা করিতে পারে না, উড্ডীয়মান পক্ষবিশিষ্ট পক্ষীগণও প্রাপ্ত হয় না।

৬। বিষ্ণু গতিবিশেষ দ্বারা বৎসরের চতুর্নবতি দিবস চক্রের ন্যায় বৃত্তাকারে চালিত করিয়াছেন (২)। বিষ্ণু বৃহৎ শরীর বিশিষ্ট, ও স্তুতিদ্বারা পরিমেয়; তিনি নিত্য তরুণ ও অকুমার, তিনি আহবে গমন করেন।

---

১৫৬ সূক্ত।

বিষ্ণু দেবতা। উচথ্যের অপত্য দীর্ঘতমা ঋষি।

১। হে বিষ্ণু! তুমি মিত্রের ন্যায় আমাদিগের সুখপ্রদ, ঘৃতাহুতিভাজন, প্রভূত অন্নবান্, রক্ষণশীল ও পৃথুব্যাপী হও। তোমার স্তোম বিদ্বান্ যজমান কর্ত্তৃক পুনঃপুনঃ উচ্চার্য্য, এবং তোমার যজ্ঞ হবিষ্মান্ যজমানের আরাধনীয়।

---

(১) এই ঋকের শেষার্দ্ধটী এই আছে, যথা "দধাতি পুত্রঃ অবরং পরং পিতুঃ নাম তৃতীয়ং অধিরোচনে দিবঃ।" ইহার শব্দের অর্থগুলি অনুবাদে দিয়াছি তাৎপর্য্য বুঝিতে পারি নাই। সায়ণ এইরূপ তাৎপর্য্য লিখিয়াছেন অগ্নিতে প্রদত্ত আহুতি সকল সূর্য্য লোকে গমন করতঃ দ্বাদশ আদিত্যের মধ্যে ইন্দ্র ও বিষ্ণুর পুষ্টি বর্দ্ধন করে। ইন্দ্র ও বিষ্ণু পৃথিবীতে জল প্রেরণ করেন তাহাতে পৃথিবী শস্যান্বিতা হয় এবং মনুষ্যদিগের জীবনযাত্রা নির্ব্বাহ হয়। এই প্রকারে পিতা, পুত্র, ও পৌত্রের উৎপত্তি হয়।

(২) মূলে "কেবল চতুর্ভিঃ সাকং নবতিং" আছে। তাহার অর্থে সায়ণ ৯৪ কালাবয়ব নির্দ্দেশ করিয়াছেন, যথা সম্বৎসর (১), অয়নদ্বয় (২), পঞ্চ ঋতু (৫), দ্বাদশ মাস (১২), চতুর্বিংশতি অর্দ্ধমাস (২৪), ত্রিংসৎ অহোরাত্র (৩০), অষ্টপ্রহর (৮), দ্বাদশ রাশি (১২)। পণ্ডিতবর [illegible] "চতুর্ভিঃ নবতিং" অর্থে চারগুণ নব্বই অর্থাৎ বৎসরের ৩৬০ দিন বুঝিয়াছেন। আমরা এই দ্বিতীয় অর্থ গ্রহণ করিয়াছি।

২। যে মনুষ্য প্রাচীন, মেধাবী, নিত্য নূতন, ও সুমজ্জানি বিষ্ণুকে হব্য প্রদান করেন ; যিনি মহানুভাব বিষ্ণুর পূজনীয় জন্ম (কথা) কীর্ত্তন করেন, তিনিই দ্যুম্ন (স্থান) প্রাপ্ত হয়েন।

৩। হে স্তোতৃগণ! প্রাচীন যজ্ঞের গর্ভভূত বিষ্ণুকে যেরূপ জান সেই রূপেই স্তোত্রাদিদ্বারা তাঁহার প্রীতি সাধন কর। বিষ্ণুর নাম জানিয়া কীর্ত্তন কর। হে বিষ্ণু! তুমি মহানুভব, তোমার সুমতি আমরা ভজনা করি।

৪। রাজা বরুণ ও অশ্বিদ্বয় মরুৎবান্ বিধাতার সেই যজ্ঞে মিলিত হউন। অশ্বিদ্বয় এবং বিষ্ণু সখাবিশিষ্ট হইয়া উত্তম অহর্বিদ বলধারণ করেন এবং মেঘের আবরণ উন্মোচন করেন।

৫। যে স্বর্গীয়, অতিশয় শোভনকর্ম্মা বিষ্ণু শোভনকর্ম্মা ইন্দ্রের সহিত মিলিত হইয়া আইসেন, সেই মেধাবী ত্রিজগৎবিক্রমী আর্য্যকে প্রীত করিয়াছেন এবং যজমানকে যজ্ঞের ভাগ প্রদান করিয়াছেন।

---

১৫৭ সুক্ত।

অশ্বিদ্বয় দেবতা। উচথ্যের অপত্য দীর্ঘতমা ঋষি।

১। ভূমির উপর অগ্নি জাগরিত হইলেন, সূর্য্য উদিত হইলেন, মহতী উষা তেজঃদ্বারা সকলকে আহ্লাদিত করিয়া (তমঃ) দূরীকৃত করিতেছেন। হে অশ্বিদ্বয়! আগমনের জন্য তোমাদের রথ যোজিত কর সবিতা সমস্ত জগৎকে (স্বস্ব কর্ম্ম করণে) নিয়োজিত করুন।

২। হে অশ্বিদ্বয়! তোমরা যখন বৃষ্টিপ্রদ রথ যোজনা করিতেছ, তখন মধুর জলদ্বারা আমাদিগের বল বর্দ্ধিত কর, এবং আমাদিগের লোকজনকে অন্নদ্বারা প্রীত কর। আমরা যেন বীর যুদ্ধে ধনপ্রাপ্ত হই।

৩। অশ্বিদ্বয়ের চক্রত্রয়বিশিষ্ট, মধুপূর্ণ, শীঘ্রগামী অশ্ববিশিষ্ট, প্রশংসিত, ত্রিবন্ধুর, ধনপূর্ণ, সর্ব্ব সৌভাগ্যসম্পন্ন রথ আমাদিগের অভিমুখে আগমন করুক এবং আমাদিগের দ্বিপদ (পুত্রাদির) ও চতুষ্পদ (গবাদির) সুখ সম্পাদন করুক।

৪। হে অশ্বিদ্বয়! তোমরা উত্তরে আমাদিগকে বল প্রদান কর, তোমাদিগের মধুমতী কষাদ্বারা আমাদিগের প্রীতি উৎপাদন কর। আমাদিগের

আয়ুঃ বৃদ্ধি কর, পাপ শোধন কর, দ্বেষকারীদিগকে বিনাশ কর, সকল কর্ম্মে আমাদিগের সহচর হও।

৫। হে অশ্বিদ্বয়! তোমরা উভয়ে গমনশীল গোসমূহ মধ্যে এবং সমস্ত জগতের (প্রাণী সমূহের) অন্তঃস্থিত গর্ভ রক্ষা কর। হে অভীষ্টবর্ষিদ্বয়! তোমরা উভয়ে, অগ্নি, জল ও বনস্পতিদিগকে প্রবর্ত্তিত কর।

৬। হে অশ্বিদ্বয়! তোমরা উভয়ে ঔষধ (জ্ঞানদ্বারা) ভিষক্ হইয়াছ, রথবাহক অশ্বদ্বারা রথবান্ হইয়াছ। তোমাদিগের বল অত্যন্ত অধিক, অতএব হে উগ্র অশ্বিদ্বয়! যে তোমাদিগকে (আসক্তচিত্তে) হব্য প্রদান করে, তাহাকে রক্ষা কর।

১৫৮ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। উচথ্যের অপত্য দীর্ঘতমা ঋষি।

১। হে অভীষ্টবর্ষী, নিবাসপ্রদ, পাপনাশক, বহুজ্ঞানী, স্তুতিদ্বারা বর্দ্ধমান, পূজিত, অশ্বিদ্বয়! আমাদিগকে অভিমত ফলপ্রদান কর। যেহেতু উচথ্যপুত্র দীর্ঘতমা তোমাদের নিকট ধন প্রার্থনা করিতেছে এবং তোমরা অকুৎসিতভাবে আশ্রয় প্রদান করিয়া থাক।

২। হে নিবাসপ্রদ অশ্বিদ্বয়! তোমাদিগের এই অনুগ্রহের জন্য, কে তোমাদিগকে হব্য প্রদান করিতে পারে? যেহেতু বেদিপদে তোমরা অন্নের সহিত বহুতর ধন দান করিতে ইচ্ছা কর। শরীরপুষ্টিকরী, শব্দায়মানা, বহু দুগ্ধবতী ধেনুসমূহ প্রদান কর। তোমরা যজমানের অভিলাষ পূরণে যেন কৃতসংকল্প হইয়া বিচরণ করিতেছ।

৩। হে অশ্বিদ্বয়! তোমাদিগের উদ্ধারকুশল, অশ্বযুক্ত রথ তৌগ্র্যরাজার নিমিত্ত বল প্রয়োগদ্বারা উত্তীর্ণ হইয়া সমুদ্র মধ্যে স্থাপিত হইয়াছিল (১)। অতএব যেমন যুদ্ধজেতা বীর, দ্রুতগামী অশ্বে স্বগৃহে প্রত্যাবর্ত্তন করে, সেইরূপ আমি তোমার আশ্রয়ার্থ শরণাগত হইয়াছি।

৪। হে অশ্বিদ্বয়! তোমাদিগের স্তুতি, উচথ্য তনয়কে রক্ষা করুক। নিত্য প্রত্যাবর্ত্তনশীল অহোরাত্র যেন আমাকে শীর্ণ করিতে না পারে, দশবার

(১) ১১৬ সূক্তের ৩ ঋক্ ও টীকা দেখ।

প্রজ্বলিত অগ্নি যেন আমাকে দগ্ধ করিতে না পারে, কারণ তোমার আশ্রিত এই ব্যক্তি, পাশ বদ্ধ হইয়া ভূমিতে লুণ্ঠিত হইতেছে।

৫। মাতৃস্থানীয় নদী জল আমাকে যেন গ্রাস না করে, দাসেরা এই সঙ্কুচিতাঙ্গ বৃদ্ধকে নিম্নমুখে প্রক্ষেপ করিয়াছে। ত্রৈতন ইহার মস্তক ছেদন করিয়াছে, দাস স্বয়ং বক্ষঃস্থল ও অংশদ্বয়ে আঘাত করিয়াছে (২)।

৬। মমতার পুত্র দীর্ঘতমা, দশমযুগ অতীত হইলে জীর্ণ হইয়াছিল। যে সকল লোক কর্ম্মফল পাইতে বাসনা করে, তিনি তাহাদিগের নেতা এবং সারথি।

---

১৫৯ সূক্ত।

দ্যাবাপৃথিবী দেবতা। উচথ্যের অপত্য দীর্ঘতমা ঋষি।

১। যজ্ঞের বর্দ্ধক, মহান্, যজ্ঞকার্য্যের চৈতন্যকারী, দ্যাবাপৃথিবীকে আমি বিশেষরূপে স্তব করি। যজমানেরা তাঁহাদের পুত্রস্বরূপ, তাঁহাদের কর্ম্ম সুন্দর, তাঁহারা অনুগ্রহ করতঃ যজমানগণকে বরণীয় ধন প্রদান করেন।

২। আমি দ্রোহ রহিত পিতৃস্থানীয় দ্যুলোকের উদার এবং সদয় মন, আহ্বান মন্ত্রদ্বারা জানিয়াছি। মাতৃস্থানীয় পৃথিবীর মনও জানিয়াছি! পিতা মাতা দ্যাবাপৃথিবী নিজ সামর্থ্য দ্বারা পুত্রগণকে বিশেষরূপে রক্ষা করতঃ প্রভূত, বিস্তীর্ণ অমৃত প্রদান করেন।

৩। তোমাদিগের পুত্র, সুকর্ম্মা, সুদর্শন প্রজাগণ, তোমাদিগের পূর্ব্ব অনুগ্রহ স্মরণ করিয়া, তোমাদিগকে মহৎ ও মাতা বলিয়া জানেন। পুত্রভূত স্থাবর ও জঙ্গমগণ দ্যাবাপৃথিবী ভিন্ন আর কাহাকেও জানে না, তোমরা তাহাদিগের রক্ষার নিমিত্ত অবাধ স্থান প্রদান কর।

৪। দ্যাবাপৃথিবী, সহোদরা ভগিনী, এবং একস্থান স্থিতা মিথুন। প্রজ্ঞাবিশিষ্ট চৈতন্যকারী। রশ্মিগণ তাঁহাদিগকে পরিচ্ছেদ করিতেছে। স্বব্যাপারনিরত, সুদীপ্ত রশ্মিগণ, দ্যোতমান অন্তরীক্ষ মধ্যে নূতন নূতন তন্তু বিস্তার করিতেছে।

২। মূলে "দাসাঃ" শব্দ আছে। সায়ণ তাহার অর্থ গর্ভদাস করিয়াছেন, কিন্তু বেদের অন্যস্থলে যেরূপ এস্থলেও সেইরূপ দাস অর্থে অনার্য্য দস্যু হইতে পারে। ত্রৈতন সম্বন্ধে ৫২ সূক্তের ৫ ঋকের টীকা দেখ। ঋগ্বেদে "ত্রিত" নাম বারম্বার ব্যবহৃত হইয়াছে, কিন্তু "ত্রৈতন" নামের এই একবার মাত্র উল্লেখ আছে।

৫। আমরা অদ্য সবিতার অনুমতি অনুসারে সেই বরণীয় ধন প্রার্থনা করি। দ্যাবাপৃথিবী আমাদিগের প্রতি অনুগ্রহ করিয়া গৃহাদি বিশিষ্ট এবং শত শত গোবিশিষ্ট ধন প্রদান করুন।

১৬০ সূক্ত।

দ্যাবাপৃথিবী দেবতা। উচথ্যের অপত্য দীর্ঘতমা ঋষি।

১। দ্যাবা পৃথিবী জগতের সুখদায়িনী, যজ্ঞবতী, উদকোৎপাদনার্থ প্রযত্নবতী ওসুজাতা, নিজকার্য্যে প্রগল্ভা। দ্যোতমানা শুচি, দিপ্যমান সবিতা দ্যাবাপৃথিবীর অন্তরালে স্বকার্য্যে সর্ব্বদা গমন করেন।

২। বিস্তীর্ণা ও মহতী ও পরস্পর বিযুক্তা পিতা মাতা (দ্যাবাপৃথিবী) ভূতসমূহকে রক্ষা করিতেছেন। দ্যাবাপৃথিবী শরীরীদিগের মঙ্গলের জন্যই যেন সযত্না, কারণ পিতা সমুদয় পদার্থকে রূপ প্রদান করিতেছেন।

৩। আদিত্য পিতা মাতা স্বরূপ দ্যাবাপৃথিবীর পুত্র। তিনি ধীর, এবং ফলপ্রদায়ী; তিনি স্বীয় প্রজ্ঞাদ্বারা সমস্ত ভূতগণকে প্রকাশ করিতেছেন। তিনি পৃশ্নি (১) ধেনু ও সেচন সমর্থ বৃষকে প্রকাশ করিতেছেন, ও দ্যুলোক হইতে নির্ম্মল জল দোহন করিতেছেন।

৪। তিনি দেবতাগণের মধ্যে দেবতম, কর্ম্মবান্‌গণের মধ্যে কর্ম্মবত্তম। তিনি সর্ব্বসুখপ্রদ দ্যাবাপৃথিবীকে উৎপন্ন করিয়াছেন, এবং প্রাণীগণের সুখের জন্য দ্যাবাপৃথিবীকে পরিচ্ছেদ করিয়াছেন। তিনি দৃঢ়তর শঙ্কু দ্বারা ইহাদিগকে স্থির করিয়া রাখিয়াছেন।

৫। হে দ্যাবাপৃথিবী! আমরা তোমাদিগের স্তব করি। তোমরা মহৎ, আমাদিগকে প্রভূত অন্ন ও বল প্রদান কর, যদ্দ্বারা আমরা সর্ব্বকালেই (পুত্রাদি) প্রজা বিস্তার করিব। আমাদিগের শরীরে প্রশংসনীয় বল বৃদ্ধি করিয়া দাও।

---

(১) মূলে "পৃশ্নি" শব্দ আছে, সায়ণ তাহার অর্থ শুক্লবর্ণা করিয়াছেন। কিন্তু পৃশ্নি ধেনুর প্রকৃত অর্থ নানা বর্ণযুক্ত বৃষ্টিদাত্রী মেঘ বা আকাশ, মরুৎগণের মাতা। এ বিষয়ে ২৩ সূক্তের ১০ ঋকের টীকা দেখ।

১৬১ সূক্ত।

ঋভু দেবতা। উচথ্যের অপত্য দীর্ঘতমা ঋষি।

১। যিনি আমাদের নিকট আসিয়াছেন, ইনি কি আমাদের বয়োজ্যেষ্ঠ না বয়ঃকনিষ্ঠ (১); ইনি কি দেবতাগণের দৌত্যকার্য্যে আসিয়াছেন? ইঁহাকে কি বলিতে হইবে, কেমন করিয়া জানিব? হে ভ্রাতঃ অগ্নি! আমরা চমসের নিন্দা করিব না। কারণ উহা মহাকুলে উৎপন্ন, আমরা দারুময় চমসের ভূতি ব্যাখ্যা করিব।

২। হে সুধন্বার পুত্রগণ! তোমরা একখানি চমসকে চারিখানি কর;(২) একথা দেবতারা তোমাদিগকে বলিয়া পাঠাইয়াছেন। আমি তোমাদিগকে বলিতে আসিয়াছি। তোমরা যদ্যপি এই কার্য্য সম্পাদন করিতে পার, তাহা হইলে দেবতাগণের সহিত যজ্ঞাংশভাগী হইবে।

৩। হে দেব অগ্নি (৩)! দেবগণ দূত অগ্নির প্রতি যে যে কার্য্যের কথা বলিয়াছেন, তাহাতে কি অশ্ব নির্ম্মাণ করিতে হইবে, কি রথ নির্ম্মাণ করিতে হইবে, কি ধেনু নির্ম্মাণ করিতে হইবে, কিম্বা পিতা মাতাকে পুনরায় যুবা করিতে হইবে? হে ভ্রাতঃ, তোমাদিগের সেই সকল কার্য্য করিয়া পশ্চাৎ কর্ম্মফলে তোমাদিগের নিকট যাইব।

৪। হে ঋভুগণ (৪)! তোমরা এই কার্য্য সম্পন্ন করিয়া জিজ্ঞাসা করিলে, এই যে দূত আমাদিগের নিকট আসিয়াছিলেন, তিনি কোথায় গেলেন? যখন ত্বষ্টা দেখিলেন চমস চারিখানি হইল, তখনি তিনি লজ্জায় স্ত্রীলোকদিগের মধ্যে লুক্কায়িত হইলেন।

---

(১) সুধন্বার তিন পুত্র, তাহারা মনুষ্য হইয়াও নিজ কর্ম্মফলে দেবত্ব প্রাপ্ত হন। একদা তাঁহারা সোমপানে প্রবৃত্ত হইলে, দেবতারা অগ্নিকে তাঁহাদিগের নিকট প্রেরণ করিলেন। অগ্নি দেখিলেন, যে ইঁহাদের তিনজনেরই সমান রূপ। তদ্দৃষ্টে তিনিও তাঁহাদিগের রূপ ধারণ করিয়া সোমপানে প্রবৃত্ত হইলেন। ঋভুগণ আপনাদিগের সমান-রূপবিশিষ্ট আর একজনকে দেখিয়া সন্দেহ করিতেছেন। সায়ণ।

(২) অগ্নি এইরূপে উত্তর দিতেছেন।

(৩) ঋভুগণ পুনরায় উত্তর দিতেছেন। এই ঋকে যে কার্য্যগুলির উল্লেখ আছে তাহা ঋভুগণ সম্পন্ন করিয়াছিলেন। ২০ সূক্তের ২, ৩, ৪, ঋক দেখ।

(৪) সূক্তের রচয়িতা ঋষি এই কথা বলিতেছেন।

৫। ত্বষ্টা যখন বলিলেন, যাঁহারা দেবতাগণের পানপাত্র চমসের অবমাননা করিয়াছে, তাহাদিগকে বধ করিতে হইবে। তখন অবধি ভয়ে ঋভুগণ সোম প্রস্তুত হইলে অন্য নাম গ্রহণ করেন, এবং কন্যা সেই নাম ধরিয়াই তাঁহাদিগকে প্রীত করেন (৫)।

৬। ইন্দ্র তাঁহার অশ্বদিগকে সজ্জিত করিয়াছেন, অশ্বিদ্বয় রথ যোজনা করিয়াছেন, বৃহস্পতি বিশ্বরূপা গো স্বীকার করিয়াছেন। অতএব হে ঋভু, বিভ্বু ও বাজ! তোমরা দেবতাগণের নিকট গমন কর। হে পুণ্যকর্ম্মকারি-গণ, তোমরা যজ্ঞভাগ গ্রহণ কর (৬)।

৭। হে সুধন্বাতনয়গণ! তোমরা আশ্চর্য্য কৌশলদ্বারা মৃত ধেনুর শরীর হইতে গৃহীত চর্ম্ম হইতে ধেনু উৎপন্ন করিয়াছ, যে পিতামাতা বৃদ্ধ ছিলেন তাঁহাদিগকে পুনরায় আবার যুবা করিয়াছ, এক অশ্ব হইতে অন্য অশ্ব উৎপন্ন করিয়াছ, অতএব রথ যোজনা করতঃ দেবতাগণের অভিমুখে গমন কর।

৮। হে দেবগণ! তোমরা বলিয়াছিলে "হে সুধন্বাতনয়গণ! তোমরা এই সোমরস পান কর, অথবা মুঞ্জতৃণ-শোধিত সোমরস পান কর। যদি এই উভয়েই তোমাদিগের অভিলাষ না থাকে তবে তৃতীয় সবনে সোমরস পান করিয়া অত্যন্ত তৃপ্ত হও।"

৯। ঋভুগণের মধ্যে এক জন বলিলেন জলই সর্ব্বশ্রেষ্ঠ, আর এক জন বলিলেন অগ্নিই সর্ব্বশ্রেষ্ঠ, আর একজন পৃথিবীই সর্ব্বশ্রেষ্ঠ বলিয়া সকলের নিকট প্রকাশ করিলেন। সত্য কথা বলিয়াই তাঁহারা চমস চতুষ্টয় নির্ম্মাণ করিলেন।

১০। একজন, লোহিতবর্ণ রক্ত বাহ্য ভূমিতে রাখিতেছেন, একজন ছুরিকাদ্বারা কর্ত্তিত মাংস স্থাপিত করিতেছেন। আর একজন ছিন্ন মাংস হইতে মলাদি পৃথক্ করিতেছেন। কিরূপে পিতা মাতা পুত্রদিগের উপকার করিতে পারে (৭)?

---

(৫) কন্যা কে, তাহা বুঝা যায় না। সায়ণ বলেন ঋভুগণের মাতা।

(৬) ঋভুগণের দেবত্বপ্রাপ্তির যে উপাখ্যান আছে তাহাই এই সূক্তে বর্ণিত হইয়াছে। ২০ সূক্তের ১ ঋকের টীকা দেখ।

(৭) পুত্র বলিতে ঋত্বিকরূপ ঋভুগণ বুঝাইতেছে, এবং পিতা মাতা বলিতে যজ্ঞের অনুষ্ঠাতা যজমান ও যজমানপত্নী বুঝাইতেছে। সায়ণ।

১১। হে প্রভূত দীপ্তিযুক্ত ঋভুগণ! তোমরা নেতা। তোমরা প্রাণিগণের উপকারার্থ উন্নত প্রদেশে তৃণ উৎপাদন কর, এবং সৎকর্ম্ম করিবার অভিলাষে নিম্ন প্রদেশে জল উৎপন্ন কর। তোমরা আদিত্য মণ্ডলে এতক্ষণ নিহিত ছিলে, এক্ষণে সেইরূপ করিও না, নিজ কার্য্য সাধন কর (৮)।

১২। হে ঋভুগণ! তোমরা যখন জলধরে ভূতজাতকে সংমিলিত করিয়া চারিদিকে গমন কর, তৎকালে জগতের পিতা মাতা (৯) কোথায় থাকেন? যে তোমাদিগের হস্ত ধারণ করিয়া রোধ করে তাহাদিগকে অভিসম্পাত কর; যে বাক্যদ্বারা তোমাদিগের রোধ করে, তাহাদিগকে র্ভৎসনা কর।

১৩। হে ঋভুগণ! তোমরা আদিত্য মণ্ডলে শয়ন করিয়া তাঁহাকে জিজ্ঞাসা কর, হে আদিত্য, কে আমাদিগকে কর্ম্মে জাগরিত করেন। আদিত্য বলিবেন বায়ু তোমাদিগকে জাগরিত করেন। সম্বৎসর অতিবাহিত হইয়াছে এক্ষণে আবার তোমরা জগৎ প্রকাশ কর।

১৪। হে বলের নপ্তা ঋভুগণ! তোমাদিগের দর্শনাভিলাষে মরুৎগণ দ্যুলোক হইতে আগমন করিতেছেন; অগ্নি পৃথিবী হইতে আগমন করিতেছেন; বায়ু, আকাশ হইতে আগমন করিতেছেন; এবং বরুণ সমুদ্র জলের সহিত আগমন করিতেছেন।

---

১৬২ সূক্ত।

অশ্ব দেবতা। উচথ্যের অপত্য দীর্ঘতমা ঋষি।

১। যেহেতু আমরা যজ্ঞে দেবজাত দ্রুতগতি অশ্বের বীরকর্ম্ম কীর্ত্তন করিতেছি; অতএব মিত্র, বরুণ, অর্য্যমা, আয়ু, ইন্দ্র, ঋভুক্ষা এবং মরুৎগণ যেন আমাদিগের নিন্দা না করেন (১)।

---

(৮) এই ঋক হইতে আবার ঋভুগণ সূর্য্য রশ্মি রূপে বর্ণিত হইতেছেন।

(৯) চন্দ্র, সূর্য্য। সায়ণ।

(১) সায়ণ "আয়ু" অর্থে বায়ু করিয়াছেন এবং "ঋভুক্ষা" অর্থে দেবগণের নিবাসভূত প্রজাপতি করিয়াছেন। সিন্ধুতীরে প্রথম আর্য্যগণ আসিয়া উপনিবেশ করিলে পর তাঁহাদিগের মধ্যে যেরূপ অশ্বযজ্ঞ প্রচলিত ছিল তাহা এই সূক্তে স্পষ্ট রূপে বর্ণিত হইয়াছে। পরে এই বেদবর্ণিত অশ্বযজ্ঞ রূপান্তরিত ও বর্দ্ধিতাবয়ব হইয়া ভারতবর্ষের রাজাদিগের যে প্রসিদ্ধ অশ্বমেধ যজ্ঞ হইল তাহা মহাভারতাদিশাস্ত্রে বর্ণিত আছে

২। সুন্দর স্বর্ণাভরণে বিভূষিত অশ্বের সম্মুখে (ঋত্বিক্‌গণ) উৎসর্গার্থ ছাগ ধরিয়া লইয়া যাইতেছেন। বিবিধ বর্ণ ছাগ শব্দ করতঃ তদভিমুখে গমন করিতেছে, উহা ইন্দ্র ও পূষার প্রিয় অন্ন হউক।

৩। সকল দেবতার উপযুক্ত ছাগ পূষারই ভাগে পড়ে, উহাকে দ্রুতগতি অশ্বের সহিত সম্মুখে আনা হইতেছে। অতএব ত্বষ্টা দেবতাগণের সুভোজনের নিমিত্ত অশ্বের সহিত ঐ অজ হইতে সুখাদ্য পুরোডাশ প্রস্তুত করুন।

৪। যখন ঋত্বিক্‌গণ দেবতাগণের লভ্য হবির্যোগ্য অশ্বকে প্রতি ঋতুতে তিনবার অগ্নির নিকট লইয়া যায়, সেই সময় পূষার প্রথমভাগের ছাগ দেবতাগণকে যজ্ঞের কথা প্রচার করিয়া অগ্রে গমন করে।

৫। হোতা, অধ্বর্য্যু, আবয়া, অগ্নিমিন্ধ, গ্রাবগ্রাভ, শংস্তা, ও মেধাবী ব্রহ্মা ইঁহারা সকলে (২) প্রসিদ্ধ, অলঙ্কৃত, সুন্দর যজ্ঞদ্বারা নদী সকল পরিপূর্ণ করুন।

৬। যাহারা যূপবৃক্ষ ছেদন করে, যাহারা যূপবৃক্ষ বহন করে, যাহারা অশ্বযূপের জন্য চষাল প্রস্তুত করে (৩), যাহারা অশ্বের জন্য পাকপাত্র সংগ্রহ করে, আমাদিগের সংকল্পই যেন তাহাদেরও সংকল্প হয়।

৭। আমার মনোরথ আপনিই সিদ্ধ হউক, মনোহর পৃষ্ঠবিশিষ্ট অশ্ব দেবতাগণের আশা পূরণার্থ আগমন করুক। দেবতাগণের পুষ্টির জন্য আমরা উহাকে উত্তমরূপে বন্ধন করিব, মেধাবী ঋত্বিক্‌গণ আনন্দিত হউন।

৮। যে রজ্জুদ্বারা অশ্বের গ্রীবা বদ্ধ হয়, যাহার দ্বারা উহার পদ বদ্ধ হয়, যে রজ্জু উহার মস্তকে বদ্ধ থাকে, সেই রজ্জু সকল, এবং উহার মুখে যে ঘাস নিক্ষেপ করা হয়, সে সমস্তই দেবগণের নিকট গমন করুক।

৯। অশ্বের অপক্ক মাংসের যে অংশ মক্ষিকা ভক্ষণ করে, ছেদন কালে বা পরিষ্কার করিবার সময় ছেদন ও পরিষ্কার সাধন অস্ত্রে যাহা লিপ্ত হয়, ছেদকের হস্তদ্বয়ে এবং নখে যাহা লিপ্ত থাকে, সে সমস্তই দেবগণের নিকট গমন করুক।

(২) এখানে কয়েকজন ঋত্বিকের কার্য্যের পরিচয় পাওয়া যায়। হোতা দেবগণকে আহ্বান করেন, অধ্বর্য্যু যজ্ঞের নেতা, আবয়া হব্যদান করেন, অগ্নিমিন্ধ অগ্নি প্রজ্বলিত করেন, গ্রাবগ্রাভ প্রস্তর দ্বারা সোম ছেঁচিয়া রস প্রস্তুত করেন, শংস্তা নিয়মানুসারে কর্ম্মের অনুষ্ঠান করেন, এবং ব্রহ্মা সমস্ত যজ্ঞকার্য্যের প্রধান সম্পাদনকারী।

(৩) "যূপস্য উপরিস্থাপ্যং যূপাগ্রস্থাগং চষালমাহুঃ।" সায়ণ। "Who fasten the ring on the top of the post to which the horse is bound."—*Wilson.*

১০। উদরের যে অজীর্ণ তৃণ বাহির হইয়া যায়, অপক্ক মাংসের যে লেশ মাত্র থাকে, ছেদনকর্ত্তা তাহা নির্দ্দোষ করুন, এবং পবিত্র মাংস, দেবতাগণের উপযোগী করিয়া পাক করুন।

১১। হে অশ্ব! অগ্নিতে পাক করিবার সময়, তোমার গাত্র হইতে যে রস বাহির হয়, এবং যে অংশ শূলে আবদ্ধ থাকে, তাহা যেন ভূমিতে পড়িয়া না থাকে, এবং তৃণের সহিত মিশ্রিত না হয়। দেবতারা লালায়িত হইয়াছেন, সমস্তই তাঁহাদিগকে প্রদান করা হউক।

১২। যাহারা চারিদিক হইতে অশ্বের পাক দর্শন করে; যাহারা বলে উহার গন্ধ মনোহর হইয়াছে, এখন নামাও, এবং যাহারা মাংস ভিক্ষার জন্য অপেক্ষা করে, তাহাদিগের সংকল্প আমাদিগের সংকল্প হউক।

১৩। যে কাষ্ঠদণ্ড মাংস পাক পরীক্ষার্থ ভাণ্ডে দেওয়া হয় (৪), যে সকল পাত্রে রস (ঝোল) রক্ষিত হয়, যে সকল আচ্ছাদন দ্বারা উষ্ণতা রক্ষিত হয়, যে বেতস শাখাদ্বারা অশ্বের অবয়ব প্রথমে চিহ্নিত করা হয়, এবং যে ছুরিকা-দ্বারা (পরে ঐ চিহ্ন অনুসারে অবয়ব কর্ত্তিত হয়), ইহারা সকলেই অশ্বের মাংস প্রস্তুত করিতেছে।

১৪। যে স্থানে অশ্ব গমন করিয়াছিল, যে স্থানে উপবেশন করিয়াছিল, যে স্থানে লুণ্ঠন করিয়াছিল, যাহাদ্বারা উহার পদ বদ্ধ হইয়াছিল, যাহা সে পান করিয়াছিল, এবং যে ঘাস আহার করিয়াছিল, সে সমস্তই দেবতাগণের নিকট গমন করুক।

১৫। হে অশ্বগণ! ধূমগন্ধী অগ্নি যেন তোমাকে শব্দ করাইতে না পারে, অত্যন্ত অগ্নিসংযোগে প্রতপ্ত সুগন্ধী ভাণ্ড যেন চলিত না হয়। যজ্ঞের জন্য অভিপ্রেত, হোমের জন্য আনীত, সম্মুখে প্রদত্ত, এবং বষট্‌কারদ্বারা শোভিত অশ্বকে দেবগণ গ্রহণ করুন।

১৬। যে আচ্ছাদনযোগ্য বস্ত্রদ্বারা অশ্বকে আচ্ছাদিত করা যায়, উহাকে যে হিরণ্ময় আভরণ সকল প্রদান করা যায়, যদ্দ্বারা উহার মস্তক ও পাদ বন্ধন করা যায়, এই সকল বস্তু দেবতাগণের প্রিয়। ঋত্বিক্‌গণ দেবগণকে এই সকল প্রদান করিতেছেন।

---

(৪) ১১ ঋকে আছে যে অশ্ব মাংস শূলে বিদ্ধ হয় ও তাহা পাক হইবার সময় রস নির্গত হয়। আবার ১৩ ঋকে আছে যে মাংস ভাণ্ডে করিয়া রন্ধন হয়, সিদ্ধ হইয়াছে কি না কাঠি দিয়া পরীক্ষা করা হয়। অতএব roasting, এবং boiling, অশ্ব মাংসের উভয় প্রকার রন্ধনই প্রচলিত ছিল।

১৭। হে অশ্ব! তুমি সবলে নাসাধ্বনি করতঃ গমনে বিরত হইলে। কশাঘাতদ্বারা অথবা তোমার পার্ষ্ণিদেশ পদাঘাতদ্বারা যে ব্যাথা উৎপন্ন হইয়াছিল, যজ্ঞে স্রুকদ্বারা যেরূপ হব্য প্রদত্ত হয়, সেইরূপ মন্ত্রদ্বারা তোমার সেই সমস্ত ব্যথা আহুতি প্রদান করি।

১৮। দেবতাগণের বন্ধুস্বরূপ অশ্বের বক্রভূত চতুস্ত্রিংশৎ পার্শ্বাস্থি চ্ছেদনের জন্য খড়্গ গমন করিতেছে। হে অশ্বচ্ছেদক! এরূপ বুদ্ধি প্রকাশ কর যেন ভিন্ন২ অঙ্গগুলি ছিন্ন হইয়া না যায়; শব্দ করিয়া ও দেখিয়া২ পর্ব্বে২ চ্ছেদন কর (৫)।

১৯। ঋভুই তেজঃপুঞ্জ অশ্বের এক মাত্র বিনাশকর্ত্তা এবং দুই জন তাহাকে ধারণ করে। হে অশ্ব! তোমার শরীরের যে অবয়ব সকল যথা কালে কর্ত্তন করি, তাহা পিণ্ডাকারে অগ্নিতে প্রদান করি।

২০। হে অশ্ব! তুমি যখন দেবতাগণের নিকট গমন কর, তখন তোমার প্রিয় দেহ যেন তোমাকে ক্লেশ না দেয়, খড়্গ তোমার অঙ্গে যেন অধিক ক্ষণ না থাকে। মাংসলোলুপ ও অনভিজ্ঞ ছেদক অস্ত্রদ্বারা ভিন্ন২ অঙ্গগুলি অতিক্রম করিয়া তোমার গাত্র যেন বৃথা ছিন্ন না করে।

২১। হে অশ্ব! তুমি মরিতেছ না; অথবা লোকে তোমার হিংসা করিতেছে না; তুমি উত্তম পথে দেবতাগণের নিকট গমন করিতেছ। ইন্দ্রের হরিনামক অশ্বদ্বয়, এবং মরুৎগণের পৃষতীনামক বাহনদ্বয়, তোমার রথে যোজিত হইবে; অশ্বিদ্বয়ের বাহন রাসভের পরিবর্ত্তে কোন দ্রুতগতি অশ্ব তোমার রথে সংযুক্ত হইবে।

২২। এই অশ্ব, আমাদিগকে গো ও অশ্ববিশিষ্ট জগৎপোষক ধন প্রদান করুক, আমাদিগকে পুরুষ অপত্য প্রদান করুক। তেজস্বী অশ্ব আমাদিগকে পাপ হইতে বিরত করুক। হবির্ভূত অশ্ব আমাদিগকে শারীরিক বল প্রদান করুক।

---

১৬৩ সূক্ত।

অশ্ব দেবতা। উচথ্যের অপত্য দীর্ঘতমা ঋষি।

১। হে অশ্ব! তোমার মহৎজন্ম সকলের স্তুতির যোগ্য, তুমি অন্তরীক্ষ হইতে অথবা জল হইতে প্রথম উৎপন্ন হইয়া যজমানের অনুগ্রহার্থ মহৎ

---

(৫) গোহননের সময় ও পর্ব্বে২ ছেদন করার রীতি ছিল। ৬১ সূক্তের ১২ ঋক্ টীকা দেখ।

শব্দ কর। শ্যেন পক্ষীর পক্ষের ন্যায় তোমার পক্ষ আছে, এবং হরিণের পদের ন্যায় তোমার পদ আছে।

২। যম অশ্ব প্রদান করিয়াছিলেন, ত্রিত তাহা রথে যোজিত করিলেন, ইন্দ্র প্রথম উহাতে আরোহণ করিলেন, এবং গন্ধর্ব্ব বল্‌গা ধারণ করিলেন। বসুগণ সূর্য্য হইতে অশ্বকে নির্ম্মাণ করিলেন (১)।

৩। হে অশ্ব! তুমি যম, তুমি আদিত্য, তুমি গোপনীয় ব্রতধারী ত্রিত, তুমি সোমের সহিত মিলিত। (পুরাবিৎগণ) বলেন, যে দ্যুলোকে তোমার তিনটি বন্ধন স্থান আছে (২)।

৪। হে অশ্ব! দ্যুলোকে তোমার তিনটি বন্ধন আছে, জলমধ্যে (অর্থাৎ পৃথিবীতে) তোমার তিনটি বন্ধন আছে, এবং অন্তরীক্ষে তোমার তিনটি বন্ধন আছে (৩)। তুমিই বরুণ, পুরাবিদেরা যে সকল স্থানে তোমার পরম জন্মের নির্দ্দেশ করিয়াছেন, তুমি আমাদিগকে তাহা বলিতেছ।

৫। হে অশ্ব! আমি দেখিয়াছি, এই সকল স্থান তোমার অঙ্গশোধক। তুমি যখন যজ্ঞাংশ ভোজন কর তোমার পদচিহ্ন এই স্থানে পড়ে, তোমার যে ফলপ্রদ বল্‌গা সত্যভূত যজ্ঞ রক্ষা করে, তাহাও এই স্থানে দেখিয়াছি।

৬। হে অশ্ব! আমি মনেরদ্বারা দূর হইতে তোমার শরীর চিনিতে পারিয়াছি, তুমি নিম্ন হইতে অন্তরীক্ষ পথে সূর্য্যে উঠিতেছ। আমি দেখিতেছি, তোমার মস্তক ধূলি রহিত সুখকর পথে দ্রুতবেগে ক্রমেই উপরে উঠিতেছে।

৭। আমি দেখিতেছি, তোমার উৎকৃষ্ট রূপ পৃথিবীস্থানে চতুর্দ্দিকে অন্নার্থ আগমন করিতেছে। হে অশ্ব! মনুষ্য যখন ভোগ লইয়া তোমার নিকটে গমন করে, তখন তুমি গ্রাসযোগ্য তৃণাদি ভক্ষণ কর।

---

(১) সায়ণ "যম" শব্দের অর্থে অগ্নি বলিয়াছেন, এবং "ত্রিত" অর্থ লিখেন "পৃথিব্যাদিষু ত্রিষু স্থানেষু বর্ত্তমানঃ তীর্ণতমো বা বায়ুঃ।" কিন্তু যম ও ত্রিত সম্বন্ধে ৩৫ সূক্তের ৬ ঋকের টীকা ও ৫২ সূক্তের ৫ ঋকের টীকা দেখ।

(২) "বন্ধনানি" "উৎপত্তিকরণানি।" সায়ণ। মহীধর বলেন এখানে অশ্ব সূর্য্যরূপী তিন লোকে উত্তাপ প্রদান করেন।

(৩) দ্যুলোকে তিনটী বন্ধন, বসুগণ, আদিত্য ও দ্যুঃস্থান। পৃথিবীর বন্ধন অন্ন, স্থান, ও বীজ। অন্তরীক্ষে তিনটী বন্ধন, মেঘ, বিদ্যুত ও স্তনিত। সায়ণ। মহীধর বলেন পৃথিবীর তিনটী বন্ধন কৃষিকার্য্য বৃষ্টি ও বীজ।

৮। হে অশ্ব! রথ তোমার পশ্চাৎ পশ্চাৎ গমন করে, মনুষ্য তোমার পশ্চাৎ গমন করে, স্ত্রীলোকদিগের সৌভাগ্য(৪) তোমার পশ্চাৎ গমন করে। ব্রাতগণ (৫) অনুসরণ করিয়া তোমার বন্ধুত্বলাভ করিয়াছে; দেবগণ তোমার বীরকর্ম্ম প্রশংসা করিতেছে।

৯। অশ্বের কেশর সুবর্ণময়, উহার পদদ্বয় লৌহময় ও মনের ন্যায় বেগশালী। ইন্দ্রও ইহা হইতে বেগ বিষয়ে নিকৃষ্ট। দেবগণ অশ্বের হব্য ভক্ষণার্থ আগমন করিয়াছেন। ইন্দ্রই প্রথমে আরোহণ করিয়াছিলেন।

১০। যখন অশ্ব স্বর্গীয় পথে গমন করে, তখন নিবিড় জঘনবিশিষ্ট, ক্ষীণ কটিযুক্ত, বিক্রমশালী স্বর্গীয় অশ্বগণ দলে দলে হংসের ন্যায় শ্রেণীবদ্ধ হইয়া তাহার সহিত গমন করে।

১১। হে অশ্ব! তোমার শরীর শীঘ্রগামী, তোমার চিত্ত বায়ুর ন্যায় শীঘ্র গমনশীল, তোমার কেশরসমূহ নানাস্থানে নানাভাবে অবস্থিত, এবং অরণ্য মধ্যে নানাস্থানে ভ্রমণ করে।

১২। এই দ্রুতগামী অশ্ব, দেবগণের প্রতি আসক্তচিত্তে ধ্যান করতঃ বধ্যস্থানে গমন করিতেছে। উহার বন্ধুভূত ছাগকে উহার অগ্রে লইয়া যাওয়া হইতেছে; কবি স্তোতৃগণ পশ্চাৎ পশ্চাৎ গমন করিতেছে।

১৩। দ্রুতগামী অশ্ব, পিতা ও মাতাকে প্রাপ্ত হইবার নিমিত্ত উৎকৃষ্ট একত্র নিবাসযোগ্য স্থানে গমন করিতেছে। হে অশ্ব! অদ্য অত্যন্ত প্রীত হইয়া দেবগণের নিকট গমন কর, যেন হব্যদাতা বরণীয় ধন প্রাপ্ত হয়।

---

(৪) "ভগঃ কনীনাং।" "কন্যকানাং স্ত্রীণাং ভগো ভাগ্যং সৌন্দর্য্যং।" সায়ণ।

(৫) "ব্রাতাসঃ।" "ব্রাতাঃ সংঘাতকাঃ অন্যে অশ্বসমূহাঃ ঋত্বাদিদেবগণাঃ বা।" সায়ণ।

১৬৪ সূক্ত।

১ হইতে ৪১ ঋক পর্য্যন্ত বিশ্ব দেবগণ।
৪২ ঋকের প্রথমার্দ্ধের দেবতা বাক্।
ঐ ঋকের দ্বিতীয়ার্দ্ধের দেবতা অপ্।
৪৩ ঋকের প্রথমার্দ্ধের দেবতা শকধূম।
ঐ ঋকের দ্বিতীয়ার্দ্ধের দেবতা সোম।
৪৪ ঋকের দেবতা অগ্নি, সূর্য্য ও বায়ু।
৪৫ ঋকের দেবতা বাক্।
৪৬ এবং ৪৭ ঋকের দেবতা সূর্য্য।
৪৮ ঋকের দেবতা সম্বৎসররূপ কাল।
৪৯ " " সরস্বতী।
৫০ " " সাধ্যায়।
৫১ " " সূর্য্য, প্রজাপতি কিম্বা অগ্নি।
৫২ " " সূর্য্য।

উচথ্যের অপত্য দীর্ঘতমা ঋষি।

১। সকলের সেবনীয়, জগৎপালক হোতার (১) মধ্যম ভ্রাতা (২) সর্ব্বত্র ব্যাপ্ত আছেন। উহাঁর তৃতীয় ভ্রাতা (৩) আহুতি ধারণ করেন। ভ্রাতৃগণের মধ্যে সপ্তপুত্রবিশিষ্ট বিশ্পতিকে দেখিলাম (৪)।

২। সূর্য্যের এক চক্ররথে সপ্ত অশ্ব যোজিত হইয়াছে, এক অশ্বই সপ্তনামে রথ বহন করিতেছে। চক্রের তিন নাভি, উহা কখনও শিথিল হয় না, কখনও জীর্ণ হয় না, এবং সমস্ত জগৎ ইহাকে আশ্রয় করিয়া আছে।

৩। যে সপ্ত এই সপ্তচক্র রথে অধিষ্ঠান করে, তাহারাই সপ্ত অশ্ব এবং তাহারাই এই রথ বহন করে। সাত ভগিনী, এই রথাভিমুখে আগমন করে (৫) এবং ইহাতে সপ্ত গো (৬) নিহিত আছে।

---

(১) সায়ণ "হোতা" শব্দের আদিত্য অর্থ করিয়াছেন।

(২) "মধ্যম ভ্রাতা" বায়ু। সায়ণ।

(৩) তৃতীয় ভ্রাতা অগ্নি। সায়ণ।

(৪) অর্থাৎ আদিত্যের সপ্তরশ্মি, অথবা অদিতির সপ্ত সন্তান। "অদিতিঃ পুত্রকামেতি প্রস্তুতে মিত্রাবরুণাদিষু অদিতিপুত্রেষু অস্ত আদিত্যস্ত সপ্তমপুত্রত্বম্।" সায়ণ। আবার সায়ণ "বিশ্পতি" অর্থে পরমেশ্বর করিয়া এই ঋকের দ্বিতীয় এক প্রকার অর্থ করিয়াছেন; তিনি বলেন এই সূক্তের প্রত্যেক ঋকেরই এইরূপ একটী করিয়া আধ্যাত্মিক অর্থ করা যায়।

(৫) সপ্ত ঋতু বা সপ্ত রশ্মি। সায়ণ। সপ্ত রশ্মিই সূর্য্যের সপ্ত অশ্বরূপে বর্ণিত হয়। ৫০ সূক্তের ৯ ঋকের টীকা দেখ।

(৬) সায়ণ "গবাং" অর্থে সপ্তস্বর বা সপ্তনদী করিয়াছেন। কিন্তু গো শব্দ রশ্মি অর্থে বেদে অনেক স্থানে ব্যবহার হইয়াছে।

৪। প্রথম জাতকে কে দেখিয়াছিল, যখন অস্থিরহিতা অস্থিযুক্তকে ধারণ করিল? ভূমি হইতে প্রাণ ও শোণিত, কিন্তু আত্মা কোথা হইতে? কে বিদ্বানের নিকট এ বিষয় জিজ্ঞাসা করিতে যায়?

৫। আমি অপক্কমতি মনে কিছু বুঝিতে না পারিয়া জিজ্ঞাসা করিতেছি। এই সকল সন্দেহ পদ দেবতাগণের নিকটেও নিগূঢ়। এক বৎসরের গোবৎসকে পরিবেষ্টনার্থ মেধাবীগণ যে সপ্ত তন্তু পাতিয়াছেন (৭) তাহা কি?

৬। আমি অজ্ঞান কিছু না জানিয়াই জ্ঞানী মেধাবীগণের নিকট জানিবার জন্য জিজ্ঞাসা করিতেছি। যিনি এই ছয় লোক স্তম্ভন করিয়াছেন, যিনি জন্ম রহিতরূপে নিবাস করেন তিনি কি সেই এক (৮)?

৭। গমনশীল, সুন্দর আদিত্যের স্বরূপ অতি নিগূঢ়। তিনি সকলের মস্তকস্বরূপ, তাঁহার রশ্মিগণ ক্ষীর দোহন করে, এবং অতি বিস্তৃত তেজো-বিশিষ্ট হইয়া সেই প্রকারেই আবার উদক পান করে। যিনি এই সকল কথা জানেন, তিনি বলুন।

৮। মাতা পৃথিবী বৃষ্টির জন্য পিতা দ্যুলোককে কর্ম্মদ্বারা ভজনা করেন। তাহার পূর্ব্বেই পিতা, মনে মনে উঁহার সহিত সঙ্গত হইয়াছিলেন। মাতা গর্ভধারণেচ্ছায় গর্ভরসে নিবিদ্ধ হইয়াছিলেন। এবং বিবিধ শস্য উৎপাদন হেতু পরস্পর কথাবার্ত্তা কহিয়াছিলেন।

৯। মাতা দ্যুলোক অভিলাষ পূরণ সমর্থা পৃথিবীর ভার বহনে নিযুক্ত ছিলেন। গর্ভভূত জলরাশি মেঘপঙ্ক্তির মধ্যে ছিল। বৎস শব্দ করিল, এবং তিনের যোগে বিশ্বরূপী গাভীকে দেখিল (৯)।

---

(৭) এ অংশের মর্ম্ম বুঝিতে পারিলাম না। সায়ণ বলেন বৎস সূর্য্য এবং সপ্ত তন্তু সপ্তপ্রকার সোম যজ্ঞ।

(৮) ৪, ৫, ও ৬ ঋক্ বিশেষ করিয়া অধ্যয়ন করিলে উপলব্ধি হইবে যে এই সূক্ত-রচয়িতা ঋষি আদিত্যের স্তুতি করিতেং "প্রথম জাত" "জন্ম রহিত" সর্ব্ব জগতের সৃষ্টিকর্ত্তার উল্লেখ করিয়াছেন। ষষ্ঠ ঋকের দ্বিতীয় অর্দ্ধ এই যথা, "বি যঃ তস্তম্ভ ষট্ ইমা রজাংসি অজস্য রূপে কিমপি স্বিৎ একং।" এই ঋক্ রচয়িতা ঋষি এক আদিত্যের চিন্তা হইতে জগতের এক সৃষ্টিকর্ত্তার চিন্তা অনুভব করিতেছিলেন, তাঁহার জলন্ত ভাবায় তাহা প্রতীয়মান হয়। এরূপ চিন্তা দশম মণ্ডলে আরও স্পষ্ট লক্ষিত হয়। ১০ মণ্ডলের ৮২, ও ১২১ ও ১২৯ সূক্ত দেখ।

(৯) অর্থাৎ বৃষ্টি জল শব্দ করিয়া পড়িল, এবং তিনের যোগে, অর্থাৎ মেঘ বায়ু ও কিরণের যোগে, গাভীরূপী পৃথিবী বিশ্বরূপী হইল অর্থাৎ নানা শস্যাচ্ছাদিতা হইল। সায়ণ।

১০। একমাত্র আদিত্য, তিনমাতা ও তিন পিতাকে (১০) ধারণ করতঃ উন্নত হইয়া রহিয়াছেন, ইহাতে তাঁহার ক্লান্তি হইতেছে না। দ্যুলোকের পৃষ্ঠদেশে দেবগণ আদিত্যের সম্বন্ধে কথোপকথন করেন। সেকথা সকলের নিকট পৌঁছে না, কিন্তু তাহাতে সকলেরই কথা আছে।

১১। সত্যাত্মক আদিত্যের দ্বাদশ অরবিশিষ্ট চক্র স্বর্গের চারিদিকে পুনঃ পুনঃ ভ্রমণ করিতেছে ও কদাচিৎ জরাগ্রস্ত হয় না। হে অগ্নি! এই চক্রে পুত্ররূপ সপ্তশত বিংশতি মিথুন বাস করে (১১)।

১২। পঞ্চপাদ ও দ্বাদশ আকৃতিবিশিষ্ট (১২) আদিত্য যখন দ্যুলোকের উৎকৃষ্ট অর্দ্ধে থাকেন, কেহ২ তাঁহাকে পুরীষী কহে (১৩) অপর কেহ কেহ ছয় অরবিশিষ্ট সপ্ত চক্রবিশিষ্ট রথে দ্যোতমান্ আদিত্যকে অর্পিত কহে, যখন তিনি দ্যুলোকের অপর অর্দ্ধে অবস্থিত (১৪)।

১৩। নিয়ত পরিবর্ত্তমান পঞ্চ (১৫) অরবিশিষ্টচক্রে সমস্ত ভুবন বিলীন রহিয়াছে; উহার অক্ষ প্রভূত ভার বহনেও ক্লান্ত হয় না, এবং উহার নাভি চিরদিনই সমান থাকে, কখন শীর্ণ হয় না।

১৪। সমান নেমিবিশিষ্ট জরারহিত কালচক্র নিরন্তর ঘুরিতেছে। দশ জন (১৬) একযোগে উর্দ্ধদেশে মিলিত হইয়া পৃথিবী ধারণ করিতেছে। সূর্য্যের চক্ষুরূপ মণ্ডল বৃষ্টি জলে আবৃত্ত হইল, সমস্ত প্রাণীজগৎ উহাতে অর্পিত হইল।

১৫। আদিত্যের সহজন্মা ঋতুগণের মধ্যে সপ্তম কেবল একক; অন্য

(১০) তিন লোক, পৃথিবী অন্তরীক্ষ ও আকাশ, এবং তাহাদের অধিষ্ঠাতা তিন দেব, অগ্নি বায়ু ও সূর্য্য। সায়ণ।

(১১) বৎসরের ৩৬০ দিন ও ৩৬০ রাত্রি। সায়ণ। মেষাদি দ্বাদশ রাশিই দ্বাদশ অর। কিন্তু আমাদের বোধ হয় দ্বাদশ মাসকে দ্বাদশ অর বলিয়া বর্ণিত হইয়াছে। রাশি বৈদিক কালে ভারতবর্ষে নির্ণীত হয় নাই।

(১২) যদিও ঋতু ছয়, তথাপি হেমন্ত ও শিশির এক বলিয়া পঞ্চঋতু বলা হইয়াছে এবং দ্বাদশ মাস দ্বাদশ রূপ। সায়ণ।

(১৩) পুরীষ অর্থে জল, পুরীষী অর্থে বৃষ্টিকর্ত্তা সূর্য্য। সায়ণ।

(১৪) সপ্তরশ্মিই সপ্তচক্র; ছয় ঋতুই ছয় অর। এই ঋকের শেষাংশে সূর্য্যের উত্তরায়ণ ও দক্ষিণায়ণ গমন উল্লিখিত হইয়াছে।

(১৫) পঞ্চ ঋতু। সায়ণ।

(১৬) সায়ণ বলেন ইন্দ্রাদি পঞ্চ লোকপাল এবং ব্রাহ্মণ ক্ষত্রিয়, বৈশ্য শূদ্র ও নিষাদ এই পঞ্চ জাতি। "Perhaps the ten regions of space would be more appropriate"—*Wilson.*

ছয় ঋতু যুগ্ম, গমনশীল ও দেব হইতে উৎপন্ন (১৭)। এই ঋতুগণ সকলের ইষ্ট, স্থানভেদে পৃথক্ পৃথক্ স্থাপিত, এবং রূপভেদে বিবিধ আকৃতি বিশিষ্ট। উহারা আপনার অধিষ্ঠাতার জন্য পুনঃ পুনঃ ঘুরিতেছে।

১৬। রশ্মি সমূহকে স্ত্রী হইলেও পুরুষ বলে (১৮) যাহাদের চক্ষু আছে, তাহারাই ইহা দেখিতে পায়, যাহারা স্থূলদৃষ্টি, তাহারা ইহা দেখিতে পায় না। যে পুত্র মেধাবী তিনিই ইহা বুঝিতে পারেন। যিনি এই সকল কথা বুঝিতে পারেন, তিনিই পিতার পিতা (১৯)।

১৭। গাভী বৎসের পশ্চাৎভাগ সম্মুখের পদদ্বারা এবং সম্মুখভাগ পশ্চাতের পদদ্বারা ধারণ করতঃ ঊর্দ্ধমুখে যাইতেছেন। তিনি কোথায় যাইতেছেন? কাহার জন্য অর্দ্ধপথ হইতে ফিরিয়া আসিলেন? কোথায় প্রসব করেন? যূথের মধ্যে প্রসব করেন না (২০)।

১৮। যিনি, অধঃস্থিত লোকপালককে ঊর্দ্ধস্থিতের সহিত, এবং ঊর্দ্ধ-স্থিতকে অধঃস্থিতের সহিত উপাসনা করেন (২১), তাদৃশ পুরুষ মেধাবীর ন্যায় আচরণ করেন। কে এই সকল কথা বলিয়াছেন? কোথা হইতে এই অলৌকিক মন উৎপন্ন হইয়াছে?

১৯। বিজ্ঞগণ যাহাকে অধোমুখ বলেন তাহাদিগকে ঊর্দ্ধমুখও বলেন এবং যাহাকে ঊর্দ্ধমুখ বলেন, তাহাদিগকে অধোমুখও বলেন। হে সোম! তুমি ও ইন্দ্র যে মণ্ডল করিয়াছিলে, তাহা যুগযুক্ত অশ্বাদির ন্যায় বিশ্বের ভার বহন করিতেছে (২২)।

---

(১৭) বারমাসে বৎসর হয় কিন্তু সময়ে সময়ে ১৩ মাসেও বৎসর হইয়া থাকে। ত্রয়োদশ মাস একমাসেই ঋতু হয় সুতরাং সে একক। ত্রয়োদশ মাস সম্বন্ধে ২৫ সূক্ত ৮ ঋক্ ও টীকা দেখ।

(১৮) যোষিতের ন্যায় উদকরূপ গর্ভ ধারণ করে বলিয়া স্ত্রী। প্রচুর পরিমাণে বৃষ্টির জল সেচন করে বলিয়া পুরুষ। সায়ণ।

(১৯) সায়ণ এইরূপ অর্থ করিয়াছেন। যথা সূর্য্য রশ্মিগণের পিতা এবং রশ্মি বৃষ্টিদান বশতঃ জগতের পিতা, ইত্যাদি।

(২০) ইহার অর্থ বুঝিলাম না। সায়ণ বলেন গাভী অর্থে আহুতি, বৎস অর্থে অগ্নি তিনি আরও বলেন এই ঋকে গো শব্দের অর্থ আদিত্যরশ্মি, এবং বৎস শব্দে যজমান বুঝাইতে পারে।

(২১) ঊর্দ্ধস্থিত আদিত্য এবং অধঃস্থিত অগ্নি একই। সায়ণ।

(২২) সেই মণ্ডলদ্বয় চন্দ্র ও সূর্য্য, তাহাদিগের কিরণ অধোমুখ ও ঊর্দ্ধমুখ। সায়ণ।

২০। দুইটি পক্ষী বন্ধুভাবে একবৃক্ষে বাস করে। তাহাদিগের মধ্যে একটি স্বাদু পিপ্পল ভক্ষণ করে; অন্য ভক্ষণ করে না, কেবলমাত্র অবলোকন করে (২৩)।

২১। যেস্থলে সুন্দরগতি রশ্মিগণ কর্ত্তব্যবোধে অমৃতের অংশ গ্রহণ করিয়া অনবরত গমন করে, তথায় যিনি ধীরভাবে সমস্ত ভুবনের রক্ষা করেন, আমি অপকবুদ্ধি হইলেও তিনি আমাকে স্থাপিত করিলেন (২৪)।

২২। যে আদিত্যরূপ বৃক্ষে উদকগ্রাহী রশ্মিসকল রাত্রিকালে প্রবেশ করে, এবং জগতের উপরে প্রাতঃকালে আলোক প্রকাশ করে, বিজ্ঞগণ তাহার ফললাভ করেন। যে ব্যক্তি পিতাকে জানে না (২৫) সে ঐ ফল প্রাপ্ত হয় না।

২৩। যাঁহারা পৃথিবীকে অগ্নির স্থান বলিয়া জানেন; যাঁহারা জানেন যে অন্তরীক্ষ দেশে বায়ু উৎপন্ন হইয়াছেন; এবং যাঁহারা দ্যুলোককে আদিত্যের পদ বলিয়া জানেন; তাঁহারা অমৃতত্ব প্রাপ্ত হন।

২৪। তিনি গায়ত্রী ছন্দদ্বারা অর্ক অর্থাৎ অর্চ্চনামন্ত্র রচনা করেন; অর্কদ্বারা সাম রচনা করেন; ত্রিষ্টুভদ্বারা বাক্ নির্ম্মাণ করেন; দ্বিপাদ ও চতুষ্পাদ বাক্‌দ্বারা অনুবাক রচনা করেন; এবং তাঁহারা অক্ষরযোজনাদ্বারা সপ্তছন্দ রচনা করেন।

২৫। তিনি জগতীছন্দদ্বারা দ্যুলোকে বৃষ্টিকে স্তম্ভিত করিয়া রাখিয়াছেন; রথন্তর মন্ত্রে সূর্য্যকে দর্শন করিয়াছেন। পণ্ডিতেরা বলেন গায়ত্রীর তিন পদ, অতএব গায়ত্রী, মাহাত্ম্য ও ওজস্বিতায় অন্য সকলকে অতিক্রম করে।

২৬। আমি, দুগ্ধবতী এই ধেনুকে আহ্বান করি, দোহন কুশল গোধুক উহাকে দোহন করে। সবিতা আমাদিগের সোমের শ্রেষ্ঠ অংশ গ্রহণ করুন, কারণ উহাতে তাঁহার তেজঃ প্রবৃদ্ধ হইবে। এই জন্যই আমি তাঁহাকে আহ্বান করিতেছি (২৬)।

---

(২৩) সায়ণ অর্থ করিয়াছেন, দুই পক্ষী জীবাত্মা ও পরমাত্মা। জীবাত্মা কর্ম্মফল ভোগ করে পরমাত্মা কেবল মাত্র অবলোকন করে। দিবারাত্র বা পূর্ব্বোক্ত চন্দ্র সূর্য্যকেই দুই পক্ষী বলিয়া বর্ণনা করা অসম্ভব নহে।

(২৪) অর্থাৎ আদিত্য আমাকে স্বকীয় মণ্ডলে স্থান দিয়াছেন।

(২৫) সায়ণ পিতা অর্থে পালক সূর্য্য অথবা পরমেশ্বর করিয়াছেন।

(২৬) সায়ণ এই ঋকের আর এক প্রকার অর্থ করিয়াছেন, তাহাতে ধেনু শব্দের অর্থ মেঘ গোধুক শব্দের অর্থ বায়ু বা আদিত্য। এই উপমা অনুসারে ইহার পরের তিন ঋকে বৎস অর্থে প্রাণী জগৎ। প্রাণীগণ দুগ্ধরূপ বৃষ্টি আকাঙ্ক্ষা করে।

২৭। ধনবতী ধেনু মনে মনে বৎসের জন্য ব্যগ্র হইয়া হম্বারব করতঃ আগমন করিতেছেন। ইনি অশ্বিদ্বয়ের জন্য দুগ্ধ প্রদান করুন, এবং মহাসৌভাগ্যলাভের জন্য প্রবৃদ্ধ হউন।

২৮। ধেনু নিমীলিতাক্ষ বৎসের জন্য হাম্বারব করিতেছে, উহার মস্তক অবলেহন করিবার জন্য হাম্বারব করিতেছে। বৎসের ওষ্ঠপ্রান্তে ফেন অবলোকন করিয়া ধেনু হাম্বারব করিতেছে, এবং প্রভূত দুগ্ধ দানদ্বারা উহাকে পরিপুষ্ট করিতেছে।

২৯। বৎস ধেনুর চতুর্দ্দিকে পরিভ্রমণ করিয়া অব্যক্ত শব্দ করে, এবং গোচারণ স্থানে অবস্থিত গাভী হম্বারব করে। ধেনু, পশু জ্ঞানদ্বারা মনুষ্যদিগকে লজ্জিত করে, এবং দ্যোতমান্ হইয়া আপনার রূপ প্রকাশ করিতেছে।

৩০। চঞ্চল, শ্বাসপ্রশ্বাসশীল ও নিজ কার্য্যসাধনে ব্যগ্র জীব শয়ান থাকিয়া গৃহমধ্যে অবিচালিত ভাবে অবস্থিত হইলেন। মর্ত্ত্যের সঙ্গে একত্র উৎপন্ন মর্ত্ত্যের অমর জীব স্বধাভক্ষণ করতঃ চিরকাল বিচরণ করে (২৭)।

৩১। আমি এই রক্ষণশীল অবিষণ্ণ আদিত্যকে অন্তরীক্ষে আগমন ও প্রত্যাগমন করিতে দেখি। আদিত্য সহগামী ও সর্ব্বত্রগামী কিরণমালায় আচ্ছাদিত হইয়া, ভুবনসমূহে পুনঃ পুনঃ আবর্ত্তন করিতেছে।

৩২। যিনি গর্ভ উৎপাদন করিয়াছেন তিনি ও উহার তত্ত্ব জানেন না, যিনি গর্ভ দেখিয়াছেন উহা তাঁহার ও নিকট অন্তর্হিত। মাতৃযোনি দ্বারা বেষ্টিত হইয়া সেই গর্ভ বহু সন্ততিবান্ এবং কলুষিত হয় (২৮)।

৩৩। স্বর্গ আমার পিতা; যজ্ঞস্থান আমার বন্ধু; বিস্তীর্ণা পৃথিবী আমার মাতা। উত্তান পাত্রদ্বয়ের মধ্যে যোনি আছে, তথায় পিতা দুহিতার গর্ভ উৎপাদন করেন (২৯)।

৩৪। আমি তোমাকে জিজ্ঞাসা করি পৃথিবীর শেষ অন্ত কোথায়? আমি তোমাকে জিজ্ঞাসা করি ভূত জগতের নাভি কোথায়? আমি তোমাকে

(২৭) দেহ ধ্বংশ হইলেও জীবাত্মা অমর এই বিশ্বাস এই ঋকে লক্ষিত হইতেছে।

(২৮) নিরুক্তকারেরা মাতা অর্থে অন্তরীক্ষ ও পুত্র অর্থে বৃষ্টি করিয়া এই ঋকের ব্যাখ্যা করিয়াছেন। সায়ণের মতে এ ঋকে মনুষ্য জন্মের কথা বর্ণিত হইয়াছে।

(২৯) অর্থাৎ আকাশ ও পৃথিবীর মধ্যে অন্তরিক্ষ আছে, তথায় পিতা অর্থাৎ দ্যৌঃ বা ইন্দ্র, দুহিতা পৃথিবীর জন্য বৃষ্টি উৎপাদন করেন। সায়ণ।

জিজ্ঞাসা করি সেচনশীল অশ্বের রেতঃ কি পদার্থ? আমি তোমাকে জিজ্ঞাসা করি সমস্ত বাক্যের পরম স্থান কোথায়?

৩৫। এই বেদিই পৃথিবীর শেষ অন্ত, এই যজ্ঞই জগতের নাভিস্থান, এই সোমই সেচনশীল অশ্বের রেতঃ, এবং এই স্তুতিকারই পরম স্থান।

৩৬। সপ্ত রশ্মি অর্দ্ধ বৎসর পর্য্যন্ত গর্ভ ধারণ করিয়া (অর্থাৎ বৃষ্টি উৎপাদন করিয়া) এবং ভুবনে রেতঃস্বরূপ হইয়া (অর্থাৎ বৃষ্টি প্রদান করিয়া) বিষ্ণুর কার্য্যে নিযুক্ত রহিয়াছে। উহা বিপশ্চিৎ ও সর্ব্বতোব্যাপি। উহারা প্রজ্ঞাদ্বারা মনে মনে সমস্ত জগৎ ব্যাপ্ত করিয়াছে (৩০)।

৩৭। আমি এই কি না, তাহা আমি জানি না। কারণ আমি মূঢ়চিত্ত হইয়া বিচরণ করি। জ্ঞানের যখন প্রথম উন্মেষ হয়, তখনই আমি বাক্যের অর্থ বুঝিতে পারি।

৩৮। নিত্য অনিত্যের সহিত একস্থানে অবস্থিতি করে, অন্নময় শরীর প্রাপ্ত হইয়া উহা কখন অধোদেশে কখন উর্দ্ধদেশে গমন করে। উহারা সর্ব্বদাই একত্র অবস্থিতি করে, ইহলোকে সর্ব্বত্র একত্রে গমন করে, পরলোকেও সর্ব্বত্র একত্রে গমন করে। লোকে ইহাদিগের একটীকে চিনিতে পারে অপরটিকে পারে না (৩১)।

৩৯। সকল দেবগণ পরম ব্যোমসদৃশ ঋকের অক্ষরে উপবেশন করিয়াছেন। এ কথা যে না জানে, ঋকদ্বারা সে কি করিবে? একথা যাহারা জানে তাহারা সুখে অবস্থান করে।

৪০। হে অহননীয়া গাভী! তুমি শোভন শস্য তৃণাদি ভক্ষণ কর এবং প্রভূত দুগ্ধবতী হয়। তাহা হইলে আমরাও প্রভূত ধনবান্ হইব। সর্ব্বকাল ধরিয়া তৃণ ভক্ষণ কর এবং সর্ব্বত্র গমন করতঃ নির্ম্মল জল পান কর।

৪১। মেঘগর্জ্জনরূপ অন্তরিক্ষচারিণী বাক্ বৃষ্টি জল সৃজন করতঃ শব্দ করিতেছেন। তিনি কখন একপদী, কখন দ্বিপদী, কখন চতুষ্পদী, কখন

(৩০) সায়ণাচার্য্য সাংখ্যমতে এই মন্ত্রের ব্যাখ্যা করিয়াছেন।

(৩১) দেহত্রয় ব্যতিরেকে আত্মাকে কেহ জানে না। সায়ণ।

অষ্টাপদী, কখন নবপদী হন, এবং কখন সহস্রাক্ষর পরিমিত হইয়া অন্তরীক্ষের উপরিভাগে থাকিয়া শব্দ করেন (৩২)।

৪২। তাঁহার নিকট হইতে মেঘ সকল বর্ষণ করে, তাঁহা হইতে চতুর্দ্দিক আশ্রিত ভূতজাত রক্ষা হয়। তাঁহা হইতে জল উৎপন্ন হয়, জল হইতে সমস্ত জীব প্রাণ ধারণ করে।

৪৩। আমি নাতিদূরে শুষ্ক গোময়সম্ভূত ধূম দেখিলাম। চতুর্দ্দিকে ব্যাপ্ত নিকৃষ্ট ধূমের পর অগ্নিকে দেখিলাম। বীরগণ শুক্লবর্ণ বৃষকে পাক করিতেছেন (৩৩) তাহাদিগের এই অনুষ্ঠানই প্রথম।

৪৪। কেশ বিশিষ্ট তিনজন সম্বৎসরের মধ্যে যথা সময়ে ভূমি পরিদর্শন করে। উহাদিগের মধ্যে একজন পৃথিবীকে কামাইয়া দেন, একজন নিজ কর্ম্মদ্বারা পরিদর্শন করেন, আর একজনের রূপ দৃষ্ট হয় না, কেবল গতি দৃষ্ট হয় (৩৪)।

৪৫। বাক্ চারি প্রকার। মেধাবী ঋত্বিকেরা তাহা জানেন। উহার মধ্যে তিনটী গুহায় নিহত, প্রকাশিত হয় না। চতুর্থ প্রকার বাক্ মনুষ্যেরা কহিয়া থাকেন।

৪৬। এই আদিত্যকে মেধাবীগণ, ইন্দ্র, মিত্র বরুণ ও অগ্নি বলিয়া থাকেন। ইনি স্বর্গীয়, পক্ষ বিশিষ্ট ও সুন্দর গমনশীল (৩৫)। ইনি এক হইলেও ইহাকে বহু বলিয়া বর্ণনা করে। ইহাকে অগ্নি, যম ও মাতরিশ্বা বলে।

---

(৩২) মূলে "গৌরী" শব্দ আছে, সায়ণ তাহার অর্থ করিয়াছেন দেবগর্জ্জনরূপ বাক্ বা শব্দ। কেহ বলেন গৌরী অর্থে ব্রহ্মাত্মক বাক্য। যখন কেবল মেঘে অধিষ্ঠান করেন তখন একপদী, যখন মেঘ ও অন্তরীক্ষে অবস্থিতি করেন তখন দ্বিপদী, যখন দিক্ চতুষ্টয়ে অধিষ্ঠান করেন তখন চতুষ্পদী, এবং যখন চতুর্দ্দিক ও চতুষ্কোণে অবস্থিতি করেন তখন অষ্টাপদী, ইহার সহিত ঊর্দ্ধ্ দিক্ মিলিত হইলে নবপদী।

(৩৩) মূলে "উক্ষাণং পৃশ্নিং অপচন্ত বীরাঃ" আছে। সায়ণ "বীরাঃ" অর্থে ঋত্বিকগণ করিয়াছেন, "উক্ষাণং" অর্থে ফল প্রদান সমর্থ, এবং "পৃশ্নি" অর্থে শুক্লবর্ণ অথবা সোম করিয়াছেন।

(৩৪) অগ্নি আদিত্য ও বায়ু এই তিন জন। সায়ণ।

(৩৫) মূলে "সুপর্ণঃ গরুৎমান্" আছে। "সুপর্ণঃ সুপতনঃ গরুৎমান্ গরণবান্ পক্ষবান্, বা" । সায়ণ। বিষ্ণুর গরুড়পক্ষী বাহন, এই যে পৌরাণিক কথা আছে, তাহা এইরূপ বৈদিক উপমা হইতে বোধ হয় উৎপন্ন হইয়াছে।

৪৭। সুন্দর গতিবিশিষ্ট জলহারী সূর্য্যরশ্মি সকল কৃষ্ণবর্ণ ও নিয়মিতগতি মেঘকে জলপূর্ণ করতঃ দ্যুলোকে গমন করিতেছে। উহারা বৃষ্টির স্থান হইতে নিম্নমুখে আগমন করে, এবং তদনন্তর পৃথিবীকে জলদ্বারা বিশেষরূপে ক্লিন্ন করে।

৪৮। দ্বাদশ পরিধি, এক চক্র ও তিন নাভি। একথা কে জানে? ঐ চক্রে ত্রিশত ষষ্টি সংখ্যক চলাচল অর সন্নিবিষ্ট আছে (৩৬)।

৪৯। হে সরস্বতি! তোমার দেহে বর্ত্তমান যে গুণ লোকের সুখের কারণ, যাহাদ্বারা সমস্ত বরণীয় ধন রক্ষা কর, যে গুণ বহুরত্নের আধার ও সমস্ত ধন লাভ করিয়াছে এবং কল্যাণকর, আমাদিগের পানের জন্য এই সময় তাহা প্রকাশ কর।

৫০। দেবগণ যজ্ঞ দ্বারা যজ্ঞ করিয়াছেন, কারণ উহাই প্রথম ধর্ম্ম। সেই মাহাত্ম্য আকাশে একত্রিত হয়, যথায় সাধনীয় দেবগণ পূর্ব্ব হইতে আছেন।

৫১। উদক একই প্রকার, কএক দিন উপরে গমন করে, কএক দিন নিম্নে নামিয়া আসে। প্রীতিকর মেঘগণ ভূমিকে প্রীত করে, এবং অগ্নি দ্যুলোককে প্রীত করে।

৫২। সূর্য্যদেব স্বর্গীয়, সুন্দরগতিবিশিষ্ট, গমনশীল, প্রকাণ্ড, জলের গর্ভ-সমুৎপাদক, এবং ওষধি সমূহের প্রকাশক। তিনি বৃষ্টি দ্বারা জলাশয়কে তৃপ্ত করেন এবং নদীকে পালন করেন। রক্ষার্থ তাঁহাকে আহ্বান করি।

---

১৬৫ সূক্ত।

ইন্দ্র দেবতা। অগস্ত্য ঋষি।

এই সূক্তে ইন্দ্র, মরুৎ ও অগস্ত্যের কথোপকথন বর্ণিত হইয়াছে। ইহার তৃতীয়া পঞ্চমী, সপ্তমী ও নবমী ঋক্ মরুৎবাক্য, অতএব মরুৎই ইহাদের ঋষি। শেষ তিনটীর অগস্ত্য ঋষি। অবশিষ্টের ইন্দ্র ঋষি।

(ইন্দ্র)।

১। সমানবয়স্ক, একস্থাননিবাসী, মরুৎগণ কোন সর্ব্বসাধারণ দুর্জ্ঞেয় শোভায় শোভাবিশিষ্ট হইয়া পৃথিবী সিঞ্চন করিতেছেন। উহারা কি মনে

(৩৬) পরিধি দ্বাদশ মাস। চক্র বৎসর। নাভি গ্রীষ্ম, বর্ষা ও হেমন্ত নামক তিন ঋতু। শঙ্কু বৎসরের তিন শত ষষ্টি দিবস। সায়ণ।

করিয়া কোন্ দেশ হইতে আসিয়াছেন? এবং আসিয়া জলবর্ষীগণ ধনলাভেচ্ছায় বলের অর্চ্চনা করিতেছেন?

২। তরুণ বয়স্ক মরুৎগণ কাহার হব্য গ্রহণ করেন? উঁহারা অন্তরীক্ষগামী শ্যেনপক্ষীর ন্যায়। কে উঁহাদিগকে যজ্ঞে নিবৃত্ত করিতে পারে? কি প্রকার মহাস্তোত্র দ্বারা আমরা উঁহাদিগকে আনন্দিত করিতে পারি?

(মরুৎগণ)।

৩। হে সাধুপালক পূজনীয় ইন্দ্র! তুমি একাকী কোথায় যাও? তুমি কি এইরূপই? তুমি আমাদিগের সহিত মিলিত হইয়া ঠিক জিজ্ঞাসা করিয়াছ। হে হরিবাহন! আমাদিগের প্রতি যাহা বক্তব্য আছে, তাহা মিষ্ট বাক্যে বল।

(ইন্দ্র)।

৪। সমস্ত হব্য আমার, সমস্ত স্তুতি আমার সুখকর, অভিষুত সোম আমার। আমার বলবান্ বজ্র ক্ষিপ্ত হইলে অব্যর্থ হয়, যজমানগণ আমাকেই প্রার্থনা করে, উক্‌থগণ আমারই কামনা করে। এই হরিনামক অশ্বদ্বয় হব্য লাভের জন্য আমাকে বহন করিতেছে।

(মরুৎগণ)।

৫। এই জন্য আমরা মহাতেজে আত্মশরীর অলঙ্কৃত করিয়া নিকটবর্ত্তী ও বলবান্ অশ্বযুক্ত হইয়া যজ্ঞস্থানে গমনের জন্য শীঘ্রই প্রস্তুত হইয়াছি। তুমি রীতি অনুসারে আমাদের সঙ্গেই থাক।

(ইন্দ্র)।

৬। হে মরুৎগণ! আমি একাকী অহি হনন করিবার সময়, তোমাদের আমার সঙ্গে থাকার রীতি কোথায় ছিল? আমি উগ্র বলবান্ মাহাত্ম্য-বিশিষ্ট, অতএব আমি সমস্ত শত্রুকে বধদ্বারা অবনত করিয়াছি।

(মরুৎগণ)।

৭। হে অভীষ্ট বর্ষী ইন্দ্র! আমরা সমান পৌরুষযুক্ত, আমাদিগের সহিত মিলিত হইয়া তুমি অনেক করিয়াছ। হে বলবত্তম ইন্দ্র! আমরাও প্রচুর কর্ম্ম করিয়াছি। আমরা মরুৎ, অতএব আমরা কর্ম্ম দ্বারা বৃষ্টি আদি কামনা করি।

(ইন্দ্র)।

৮। হে মরুৎগণ! আমি ক্রোধকালে বিপুল পরাক্রান্ত হইয়া, নিজ বাহুবলে বৃত্রকে বিনাশ করিয়াছি। আমি বজ্রবাহু। আমি মনুষ্যের জন্য সকলের আহ্লাদকর, সুন্দর বৃষ্টি করিয়া থাকি।

(মরুৎগণ)।

৯। হে মঘবন্! তোমার কিছুই অনুত্তম নহে, তোমার ন্যায় বিদ্বান্ দেবতা নাই। হে অতিবলবান্ ইন্দ্র, তুমি যে সকল কর্ত্তব্য কার্য্য সমাধা করিয়াছ, জায়মান অথবা জাত কেহই তাহা করিতে পারে না।

(ইন্দ্র)।

১০। আমি একাকী, আমারই বল সর্ব্বত্র ব্যাপ্ত হউক। আমি যাহা মনে ধারণা করি, তাহা যেন শীঘ্র সম্পন্ন করিতে পারি। কারণ হে মরুৎগণ! আমি উগ্র ও বিদ্বান্ এবং আমি যে সকল বস্তু অবগত আছি আমিই সে সকলের অধিপতি।

১১। হে মরুৎগণ! এই বিষয়ে তোমরা আমার যে প্রসিদ্ধ স্তোত্র করিয়াছ, তাহা আমাকে আনন্দিত করে। আমি ঐশ্বর্য্যযুক্ত, অভীষ্টবর্ষী, নানারূপবিশিষ্ট ও তোমাদের যোগ্য সখা।

১২। হে মরুৎগণ! তোমরা সুবর্ণবর্ণ; আমার প্রতি অত্যন্ত প্রীত হইয়া, দূরস্থিত কীর্ত্তি ও অন্নধারণ করতঃ আমাকে সম্যক্‌রূপে প্রকাশ ও তেজোদ্বারা আচ্ছাদিত করিয়াছ। আমাকে আচ্ছাদিত কর।

(অগস্ত্য)।

১৩। হে মরুৎগণ! তোমাদিগকে কোন্ মর্ত্ত পূজা করিতেছে? তোমরা সকলের সখা, তোমরা সখা যজমানের অভিমুখে আইস। হে বিচিত্র মরুৎগণ! তোমরা মনোহর ধন প্রাপ্তির উপায়ভূত হও, এবং অভিমত কর্ম্ম অবগত হও।

১৪। হে মরুৎগণ! স্তোত্র দ্বারা পরিচরণ সমর্থ, স্তুতিকুশল মান ঋত্বিকের বুদ্ধি তোমাদের পরিচর্য্যার জন্য আমাদিগের অভিমুখে আগমন করে। হে মরুৎগণ! আমি মেধাবী, আমার অভিমুখে আগমন কর। তোমার প্রসিদ্ধ কর্ম্মের উদ্দেশে স্তোতা তোমার অর্চ্চনা করিতেছেন।

১৫। হে মরুৎগণ! এই স্তোম, এই স্তুতি, মান্য মান্দার্য্য (১) কবির। ইহা শরীর পুষ্টির জন্য তোমাদিগের নিকট যাইতেছে। আমরা যেন অন্ন বল ও দীর্ঘ আয়ুঃ পাই।

---

১৬৬ সূক্ত।

মরুৎগণ দেবতা। অগস্ত্য ঋষি।

১। ফলবর্ষী যজ্ঞের সুসম্পাদনার্থ মরুৎগণের ত্বরান্বিত হইয়া উপস্থিত হইবার জন্য তাঁহাদিগের প্রসিদ্ধ পূর্ব্ব মাহাত্ম্য কীর্ত্তন করিতেছি। হে প্রভূতধ্বনিযুক্ত, সর্ব্বকার্য্যক্ষম, মরুৎগণ! তোমরা যজ্ঞগমনে প্রস্তুত হওয়ায় সমিধ্ যেমন তেজে আবৃত হয় সেইরূপ তোমরা যেন যুদ্ধে যাইবার জন্য প্রভূত বল ধারণ কর।

২। ঔরসপুত্রের ন্যায়, প্রিয় মধুর হব্য ধারণ করিয়া ধর্ষণকারী মরুৎগণ যজ্ঞে প্রমুদিত চিত্তে ক্রীড়া করেন। রুদ্রগণ নমস্কারকারী (যজমানকে) রক্ষাদানার্থ প্রাপ্ত হয়েন, তাঁহাদিগের বল নিজের অধীন, তাঁহারা যজমানকে কখন ক্লেশ দেন না।

৩। যে হবিঃপ্রদায়ী যজমানের আহুতিতে প্রীত হইয়া, সর্ব্বরক্ষক, মরণরহিত এবং সুখোৎপাদক মরুৎগণ প্রভূত ধনপ্রদান করেন, সেই যজমানেরই হিতকারী সখার ন্যায় তোমরা সমস্ত লোক প্রভূত জলে সিক্ত কর।

৪। হে মরুৎগণ! তোমাদিগের যে অশ্বগণ, নিজ বলে সমস্ত লোক ভ্রমণ করে, তাহারা নিজেই রথে যুক্ত হইয়া গমন করে। তোমাদিগের গমন অতীব আশ্চর্য্য, লোকে আয়ুধ উত্তোলিত করিলে যেরূপ ভীত হয়, সমস্ত ভুবন ও অট্টালিকা, তোমাদিগের গমন কালে সেইরূপ ভীত হয়।

৫। মরুৎগণের গমন অতি প্রদীপ্ত। তাঁহারা যখন গিরিগহ্বর ধ্বনিত করেন, অথবা মনুষ্যদিগের হিতের জন্য অন্তরীক্ষের উপরিভাগে

---

(১) সায়ণ মান্য অর্থে মাননীয় ও মান্দার্য্য অর্থে স্তুতি দ্বারা প্রীতিকারী এই রূপ করিয়াছেন। কিন্তু আচার্য্য মক্ষমূলর ইহা একজনের নাম বলিয়া সিদ্ধান্ত করিয়াছেন। "Mandarya, the son of Mana." "I translate Manya, the son of Mana, because the poet so called in I. 189-8 is in all probability the same as our Mandarya Manya."—*Max Muller.*

আরোহণ করেন, তখন তাঁহাদিগের পথে সমস্ত বনস্পতিগণ ভয়ে ব্যাকুল হয়, এবং রথারূঢ়া স্ত্রীর ন্যায় ওষধিসকল একস্থান হইতে অন্য স্থানে নীত হয়।

৬। হে উগ্র মরুৎগণ! সুবুদ্ধির সহিত তোমরা অহিংসিত দল হইয়া আমাদিগকে সুবুদ্ধি প্রদান কর। যখন তোমাদিগের বিক্ষেপণশীল দন্তবিশিষ্ট বিদ্যুৎ দংশন করে, তখন সুলক্ষিত হেতির ন্যায় পশুসমূহ নষ্ট করে।

৭। যাঁহাদিগের দান অবিরত, যাঁহাদিগের ধন ভ্রংশরহিত, যাঁহাদিগের শত্রুবধ পর্য্যাপ্ত, এবং যাঁহাদিগের স্তুতি সুগীত, এবম্ভূত মরুৎগণ সোমের পানার্থ স্তুতি গাইতেছেন। কারণ তাঁহারাই ইন্দ্রের প্রথম বীরকীর্ত্তি অবগত আছেন।

৮। হে মরুৎগণ! তোমরা যে ব্যাক্তকে কুটিলস্বভাব পাপ হইতে রক্ষা করিয়াছ, হে উগ্র, বলবান্ মরুৎগণ! তোমরা যে লোককে পুত্রাদির পুষ্টি সাধনদ্বারা নিন্দা হইতে রক্ষা করিয়াছ, তাঁহাকে সংখ্যারহিত ভোগ্য বস্তুদ্বারা প্রতিপালন কর।

৯। হে মরুৎগণ! সমস্ত কল্যাণকর পদার্থ তোমাদিগের রথে স্থাপিত আছে। তোমাদিগের স্কন্ধদেশে পরস্পর স্পর্দ্ধাকারী আয়ুধ সকল রহিয়াছে। ভ্রমণকালে তোমাদিগের বাহুতে বলয় শোভা পাইতেছে। তোমাদের চক্র সকল অক্ষের সমীপে আবর্ত্তন করিতেছে।

১০। মনুষ্যদিগের হিতকর বাহুতে মরুৎগণ প্রভূত কল্যাণ সাধন দ্রব্য ধারণ করিতেছেন; বক্ষঃস্থলে কান্তিযুক্ত, সুস্পষ্টরূপবিশিষ্ট, সুবর্ণের আভরণ ধারণ করিতেছেন; অংসদেশে শ্বেতবর্ণ মালা ধারণ করিতেছেন; বজ্রসদৃশ আয়ুধে ক্ষুর ধারণ করিতেছেন। পক্ষীরা যেরূপ পক্ষধারণ করে, সেইরূপ মরুৎগণ শ্রীধারণ করিতেছেন।

১১। যে মরুৎগণ, মহান্, মহিমান্বিত, বিভূতিবান্, আকাশস্থ নক্ষত্রের ন্যায় দূরে প্রকাশিত, যাঁহারা প্রমুদিত, যাঁহাদিগের জিহ্বা সুন্দর, যাঁহাদিগের মুখে শব্দ হইতেছে, যাঁহারা ইন্দ্রের সহায়, এবং যাঁহারা স্তুতিযুক্ত, তাঁহারা আমাদিগের যজ্ঞস্থালে আগমন করুন।

১২। হে সুজাত মরুৎগণ! তোমাদিগের মাহাত্ম্য প্রসিদ্ধ, তোমাদিগের দান অদিতির ব্রতের ন্যায় অবিচ্ছিন্ন। তোমরা সুকৃতি সম্পন্ন যজমানকে যাহা প্রদান কর, ইন্দ্র তাহার প্রতি কৌটিল্য করেন না।

১৩। হে মরুৎগণ! তোমাদিগের বন্ধুত্ব প্রসিদ্ধ ও বহুকালব্যাপী। যেহেতু তোমরা অমর হইয়া প্রভূত পরিমাণে আমাদিগের স্তুতি রক্ষা কর;

এবং অনুগ্রহ পূর্ব্বক মনুষ্যের জন্ত স্তুতি রক্ষাকরতঃ তাহাদিগের সহিত মিলিত হইয়া তাহাদিগের নেতৃত্ব স্বীকার করিয়া কর্ম্মদ্বারা সর্ব্বত্র অবগত হও।

১৪। হে বেগবান্ মরুৎগণ! তোমাদিগের মহৎ আগমনে আমরা দীর্ঘ যজ্ঞকর্ম্মকে বর্দ্ধিত করি। উহাদ্বারা মনুষ্য যুদ্ধে জয়লাভ করে। এই সকল যজ্ঞদ্বারা আমি যেন তোমাদিগের আগমন লাভ করিতে পারি।

১৫। হে মরুৎগণ! কবি মান্য মান্দার্য্যের (১) এই স্তোম তোমাদিগের জন্য, এই স্তুতি তোমাদিগের জন্য, ইচ্ছানুসারে তাঁহার শরীর পুষ্টির নিমিত্ত তোমাদিগের নিকট আসিতেছে। আমরাও যেন অন্ন, বল ও দীর্ঘায়ু লাভ করি।

---

১৬৭ সূক্ত।

১ম ঋকের দেবতা ইন্দ্র, অবশিষ্টের মরুৎ। অগস্ত্য ঋষি।

১। হে ইন্দ্র! তুমি সহস্র প্রকারে রক্ষা কর; তোমার রক্ষা সকল আমাদিগের নিকট আগমন করুক। হে হরিনামক অশ্বযুক্ত ইন্দ্র! তোমার সহস্রপ্রকার প্রশংসনীয় অন্ন আছে; তাহারা আমাদিগের নিকট আগমন করুক। হে ইন্দ্র! তোমার সহস্রপ্রকার ধন আছে; আমাদিগের তৃপ্তি সাধনের জন্য তাহারা আমাদিগের নিকট আগমন করুক। সহস্র চতুষ্পদ, আমাদিগের নিকট আগমন করুক।

২। মরুৎগণ আশ্রয়দানের নিমিত্ত আমাদিগের নিকট আগমন করুক। সুবুদ্ধি মরুৎগণ প্রশস্ততম ও মহাদীপ্তিযুক্ত ধনের সহিত আমাদিগের নিকট আগমন করুন। যেহেতু নিযুৎনামক (১) তাঁহাদের উৎকৃষ্ট অশ্বসকল সমুদ্রের পরপারেও ধনধারণ করিতেছে।

৩। সুনিহিত, উদকস্রাবী, সুবর্ণবর্ণা বিদ্যুৎ, মালার ন্যায়, অথবা নিগূঢ় স্থানে লুক্কায়িত মনুষ্যের পত্নীর ন্যায়, অথবা সভাস্থলে উচ্চারিতা যজ্ঞীয় বাণীর ন্যায়, এই মরুৎগণের সহিত মিলিত হয়।

---

(১) পূর্ব্ব সূক্তের শেষ ঋক্ দেখ।

(১) বায়ুর অশ্বের নাম নিযুৎ। ১৩৫ সূক্তের ১ ঋক্ দেখ। মরুদ্গণের বাহন পৃষতী অর্থাৎ বিন্দুচিহ্নিত মৃগ। ৩৯ সূক্তের ৬ ঋক্ দেখ।

৪। সাধারণী স্ত্রীর ন্যায় আলিঙ্গন পরায়ণ বিদ্যুতের সহিত শুভ্রবর্ণ, অভিগমনশীল, উৎকৃষ্ট মরুৎগণ মিশ্রিত হইতেছে। ভয়ঙ্কর মরুৎগণ, দ্যাবা-পৃথিবীকে অপনোদন করেন না। দেবগণ, সখ্যতাপ্রযুক্ত উঁহাদিগের সমৃদ্ধি সাধন করেন।

৫। অসুর মরুৎগণের স্বকীয়া পত্নী রোদসী আলুলায়িত কেশে ও অনুরক্তমনে মরুৎগণকে সঙ্গমমার্থ সেবা করিতেছেন। সূর্য্যা যেরূপ অশ্বি-দ্বয়ের রথে আরোহণ করিয়াছিলেন; দীপ্তাবয়বা রোদসী সেইরূপ চঞ্চল মরুৎগণের রথে উঠিয়া শীঘ্র আসিতেছেন (২)।

৬। যজ্ঞ আরম্ভ হইলে বৃষ্টিদান জন্য তরুণবয়স্ক মরুৎগণ, তরুণী রোদসীকে রথে স্থাপিত করিতেছেন। বলশালিনী রোদসী, নিয়মক্রমে তাঁহাদিগের সহিত মিলিত হয়েন (৩)। সেই সময় অর্চ্চন মন্ত্রবিশিষ্ট হব্যপ্রদায়ী, সোমাভিষবকারী যজমান মরুৎগণের পরিচর্য্যা করতঃ স্তব পাঠ করিতেছে।

৭। মরুৎগণের মহিমা সকলের প্রশংসনীয় ও অমোঘ; আমি তাহা বর্ণনা করিতেছি। তাঁহাদিগের রোদসী বর্ষণাভিলাষিণী, অহঙ্কারবতী, ও অবিনশ্বরা; ইনি সৌভাগ্যবিশিষ্ট উৎপত্তিশীল প্রজা ধারণ করেন।

৮। মিত্রাবরুণ ও আর্য্যমা, এই যজ্ঞকে নিন্দা হইতে রক্ষা করেন, এবং ইহার অপ্রশস্ত পদার্থকে নাশ করেন। হে মরুৎগণ! তোমাদিগের জল প্রদানের সময় যখন উপস্থিত হয়, তখন তাঁহারা মেঘমধ্যস্থিত অক্ষরিত জলক্ষরণ করেন।

৯। হে মরুৎগণ! আমাদিগের মধ্যে কেহই অত্যন্ত দূর হইতেও তোমার বলের অন্ত পায় নাই। মরুৎগণ পরাভিভব সমর্থ বলদ্বারা বর্দ্ধমান হইয়া জলরাশির ন্যায় নিজ সামর্থে শত্রুদিগকে অভিভব করিতেছেন।

---

(২) এই ঋকে মরুৎগণকে "অসূর্য্যা" বলিয়া বর্ণনা করা হইয়াছে, অর্থাৎ বলশালী সূর্য্যাও অশ্বিদ্বয় সম্বন্ধে ১১৬ সূক্তের ১৭ ঋকের টীকা দেখ।

(৩) "রোদসী" শব্দের সচরাচর অর্থ দ্যাবাপৃথিবী। ইহারই পরের সূক্তের ১ ঋকের টীকা দেখ। আবার ঋগ্বেদে রুদ্রের পত্নী অর্থাৎ মরুৎগণের মাতার নাম ও রোদসী। যথা—সায়ণ ৫ মণ্ডলের ৫৬ সূক্তের ৮ ঋকের টীকায় লিখিয়াছেন "রোদসী রুদ্রস্য পত্নী মরুতাং মাতা।" কিন্তু এই সূক্তে রোদসী মরুৎগণের স্ত্রীরূপে বর্ণিত হইয়াছেন, এবং ৫ ঋকের টীকায় সায়ণ লিখিয়াছেন "মরুৎপত্নী বিদ্যুৎ বা।"

১০। আমরা অদ্য ইন্দ্রের প্রিয়তম হইব; কল্য যজ্ঞে তাঁহার মাহাত্ম্য কীর্ত্তন করিব। আমরা পূর্ব্বে মাহাত্ম্য কীর্ত্তন করিয়াছি, এবং প্রতিদিন করিতেছি; অতএব মহান্ ইন্দ্র, মনুষ্যদিগের মধ্যে আমাদিগের প্রতি অনুকূল হউন।

১১। হে মরুৎগণ! কবি মান্য মান্দার্য্যের এই স্তুতি তোমাদিগের জন্য ইচ্ছানুসারে তাঁহার শরীরপুষ্টির জন্য তোমাদিগের নিকট আসিতেছে। আমরাও যেন অন্ন, বল ও দীর্ঘায়ু লাভ করি।

---

১৬৮ সূক্ত।

মরুৎগণ দেবতা। অগস্ত্য ঋষি।

১। হে মরুৎগণ! সমস্ত যজ্ঞেই তোমাদিগের আগ্রহ একরূপ। তোমার সমস্ত কর্ম্ম, দেবতাগণের নিকট বহনার্থ ধারণ কর, অতএব দ্যাবাপৃথিবীর (১) উত্তমরূপ রক্ষাপ্রাপ্তির জন্য উৎকৃষ্ট স্তোত্রদ্বারা তোমাদিগকে আমাদিগের অভিমুখে আগমনের জন্য আহ্বান করিতেছি।

২। স্বয়ং উৎপন্ন, স্বাধীনবল, কম্পনশীল, মরুৎগণ যেন মূর্ত্তিমান্ হইয়া অন্ন ও স্বর্গের জন্য প্রাদুর্ভূত হইতেছেন। অসংখ্য এবং প্রশংসনীয় ধেনু যেরূপ দুগ্ধদান করে, জলোর্ম্মির ন্যায় তাঁহারা সেইরূপ উপস্থিত হইয়া জলদান করেন।

৩। সুসংস্কৃত শাখাবিশিষ্ট সোমলতা, অভিষুত ও পীত হইয়া, যেরূপ হৃদয়মধ্যে পরিচারিকার ন্যায় কার্য্য করে, মরুৎগণও ধ্যায়মান হইলে সেইরূপ করিয়া থাকেন। তাঁহাদের অংসদেশে আয়ুধ সকল যোষিতের ন্যায় আলিঙ্গন করিতেছে, এবং তাঁহাদের হস্তে হস্তত্রাণ ও কর্ত্তন রহিয়াছে (২)।

৪। পরস্পর মিলিত মরুৎগণ, অনায়াসে স্বর্গলোক হইতে আগমন করিতেছেন। হে মরণরহিত মরুৎগণ! তোমরা আপনারাই বাক্যদ্বারা আমাদের উৎসাহ বর্দ্ধন কর। পাপরহিত, বহু যজ্ঞে প্রাদুর্ভূত, ও দীপ্তহেতিবিশিষ্ট মরুৎগণ দৃঢ় পর্ব্বতগণকেও চালিত করিতেছেন।

---

(১) এখানে রোদসী অর্থে দ্যোঃ ও পৃথিবী। "রোদস্যাঃ দ্যাবাপৃথিব্যোঃ।" সায়ণ।

(২) মূলে "খাদিশ্চ কৃতিশ্চ" আছে। "A guard and sword".—*Wilson.* ১৬৬ সূক্তের ৯ ঋকে "খাদয়ঃ" অর্থে আমরা বলয় করিয়াছি। "Rings—*Max Muller.*

৫। হে হেতিসমূহে সুশোভিত মরুৎগণ! জিহ্বা যেমন হনুদ্বয়কে চালিত করে, সেইরূপ তোমাদিগের মধ্যে থাকিয়া কে তোমাদিগকে পরিচালিত করিতেছে? তোমরা আপনিই পরিচালিত হইতেছ। উদকস্রাবী মেঘ যেরূপ পরিচালিত হয়, দিবসে অশ্ব যেরূপ চালিত হয়, বহু ফলেচ্ছু যজমান অন্নপ্রাপ্তির নিমিত্ত তোমাদিগকে পরিচালিত করেন।

৬। হে মরুৎগণ! যে জলের জন্য তোমরা আগমন কর, সেই প্রকাণ্ড বৃষ্টিজলের আদিই বা কোথায় এবং অন্তই বা কোথায়? তোমরা যখন শিথিল তৃণের ন্যায়, রাশিকৃত জল স্বস্থান হইতে বিচ্যুত কর, তখন বজ্রদ্বারা দীপ্তমান্ মেঘকে বিদীর্ণ কর।

৭। হে মরুৎগণ! তোমাদিগের ধন যেরূপ, দানও সেইরূপ। দান-বিষয়ে ইন্দ্র তোমাদিগের সহায়; উহাতে সুখ ও দীপ্তি আছে। উহার ফল পরিপক্ব, উহাতে কৃষিকার্য্য ও মঙ্গল হয়। উহা দাতার দক্ষিণার ন্যায় শীঘ্র ফলপ্রদায়ী এবং অসুর্য্যের (৩) জয়শীল শক্তির ন্যায়।

৮। যখন বজ্রগণ, মেঘসম্ভূত শব্দ উচ্চারিত করেন, তখন উহাদ্বারা ক্ষরণ-শীল জল পরিচালিত হয়; যখন মরুৎগণ পৃথিবীতে জলসেচন করেন, তখন বিদ্যুৎগণ নিম্নমুখে পৃথিবীতে প্রকাশ হয়।

৯। পৃশ্নি, মহাসংগ্রামের জন্য প্রদীপ্তগমনবিশিষ্ট মরুৎগণকে প্রসব করিয়াছেন। সমানরূপবিশিষ্ট মরুৎগণ জল উৎপন্ন করিয়াছেন, অনন্তর লোকে অভিলষিত অন্নাদি লাভ করিয়াছে।

১০। হে মরুৎগণ! কবি মান্য মান্দার্য্যের এই স্তোম, তোমাদিগের জন্য, এই স্তুতি তোমাদিগের জন্য, তাঁহার শরীর পুষ্টির নিমিত্ত তোমাদিগের নিকট আসিতেছে। আমরাও যেন অন্ন, বল ও দীর্ঘায়ু লাভ করি।

১৬৯ সূক্ত।

ইন্দ্র দেবতা। অগস্ত্য ঋষি।

১। হে ইন্দ্র! তুমি নিশ্চয়ই মহান্। কারণ তুমি রক্ষক, এবং মহান্ মরুৎগণকে পরিত্যাগ কর নাই। হে মরুৎগণের বিধাতা! তুমি আমাদিগের

---

(৩) মূলে "অসুর্য্যা ইব" আছে। "অসুরস্য বভূতা।" সায়ণ। কিন্তু ১৬৭ সূক্তের ৫ ঋকের টীকা দেখ।

প্রতি অনুগ্রহ করিয়া, আমাদিগকে সুখ প্রদান কর, সেই সুখ অতিশয় প্রিয়তম।

২। হে ইন্দ্র! সর্ব্বজনবিশিষ্ট, মনুষ্যদিগের জন্য জলসেককারী, বিদ্বান্ মরুৎগণ তোমার সহিত মিলিত হইলেন। মরুৎগণের সেনা, সুখের উপায়ভূত সংগ্রামে জয় লাভের জন্য সর্ব্বদা হর্ষযুক্ত হইয়াছে।

৩। হে ইন্দ্র! তোমার প্রসিদ্ধ হেতি, আমাদিগের জন্য মেঘ সমীপে গমন করিতেছে। মরুৎগণ চিরসঞ্চিত বারি বর্ষণ করিতেছেন, এবং বিস্তৃত যজ্ঞের জন্য অগ্নি প্রদীপ্ত রহিয়াছে। জল যেমন দ্বীপকে ধারণ করে, সেইরূপ অগ্নি হব্য ধারণ করিতেছেন।

৪। হে ইন্দ্র! তুমি তোমার দানযোগ্য ধন দান কর। তুমি দাতা, আমরা প্রচুর দক্ষিণাদ্বারা তোমাকে প্রীত করিব। তুমি বায়ু (১), স্তোতৃগণ তোমার স্তুতি কামনা করিতেছে। মধুর দুগ্ধের জন্য নারীর স্তনকে যেরূপ লোকে পুষ্ট করে, সেইরূপ আমরাও তোমাকে অন্নাদিদ্বারা পুষ্ট করিতেছি।

৫। হে ইন্দ্র! তোমার ধন অতিশয় প্রীতিপদ এবং যজমানের যজ্ঞনির্ব্বাহকারী। যে মরুৎগণ প্রথমেই যজ্ঞে যাইবার জন্য উৎসাহ করেন, তাঁহারাই আমাদিগকে সুখী করুন।

৬। হে ইন্দ্র! তুমি, উদকসেচক, পৌরুষ বিশিষ্ট প্রকাণ্ড মেঘের অভিমুখে গমন কর; অন্তরীক্ষপ্রদেশে থাকিয়া চেষ্টা কর। যুদ্ধক্ষেত্রে শত্রুদিগের পৌরুষের ন্যায় মরুৎগণের বিস্তীর্ণ পদ অশ্বগণ মেঘদিগকে আক্রমণ করিতেছে।

৭। হে ইন্দ্র! ভয়ঙ্কর, কৃষ্ণবর্ণ, গমনশীল মরুৎগণের আগমন শব্দ শ্রুতিগোচর হইতেছে। অধম বৈরিকে যেরূপ বিনাশ করে, মনুষ্যের রক্ষার জন্য মরুৎগণ, সেইরূপ প্রহরণদ্বারা সেনাবলসমন্বিত শত্রুনিগকে বিনাশ করেন।

৮। হে ইন্দ্র! সমস্ত প্রাণী তোমা হইতে উৎপন্ন হইয়াছে। তুমি স্বীয় সম্মানার্থ মরুৎগণের সহিত দুঃখনাশক, উদকধারী মেঘপংক্তিকে বিদীর্ণ কর। হে দেব! স্তূয়মান দেবগণ তোমার স্তব করিতেছে, তুমি আমাদিগকে অন্ন, বল ও দীর্ঘায়ু প্রদান কর।

(১) "বায়ু" শব্দের অর্থ সায়ণ এখানে "শীঘ্র বরপ্রদ" করিয়াছেন।

১৭০ সূক্ত।

ইন্দ্র দেবতা। অগস্ত্য ঋষি।

(প্রথম, তৃতীয় ও চতুর্থ ঋকের বক্তা ইন্দ্র, অবশিষ্টের বক্তা অগস্ত্য।)

(ইন্দ্র)।

১। অদ্যতন বা কল্যতন কিছুই নাই। অদ্ভুত কার্য্যের কথা কে বলিতে পারে? অন্য লোকের মন অত্যন্ত চঞ্চ , যাহা উত্তমরূপে পাঠ করা যায় তাহাও ভুলিয়া যাওয়া যায়।

(অগস্ত্য)।

২। হে ইন্দ্র! তুমি কি আমাকে হনন করিতে ইচ্ছা কর? মরুৎগণ তোমার ভ্রাতা; উহাদিগের সহিত সুখে যজ্ঞভাগ সেবা কর। যুদ্ধকালে আমাদিগকে বিনাশ করিও না।

(ইন্দ্র)।

৩। হে ভ্রাতঃ অগস্ত্য! তুমি সখা হইয়া কেন আমাদিগকে অপলাপ করিতেছ? আমরা নিশ্চয়ই তোমার মনের কথা জানি। তুমি আমাদিগকে দিতে ইচ্ছুক নহ।

৪। ঋত্বিগ্‌গণ তোমরা বেদি অলঙ্কৃত কর, এবং সম্মুখে অগ্নি প্রজ্বালিত কর। পরে উহাতে তুমি ও আমি অমৃতের প্রজ্ঞাপক যজ্ঞ বিস্তার করিব (১)।

(অগস্ত্য)।

৫। হে ধনের ধনপতি! হে মিত্রগণের মিত্রপতি! তুমি ঈশ্বর, তুমি সকলের আশ্রয়স্বরূপ; তুমি মরুৎগণের সহিত বল যে, আমাদিগের যজ্ঞ সম্পন্ন হইয়াছে, এবং যথাসময়ে অর্পিত হব্য ভক্ষণ কর।

---

১৭১ সূক্ত।

মরুৎগণ দেবতা। অগস্ত্য ঋষি।

১। হে মরুৎগণ! আমি নমস্কার করতঃ স্তুতি করতঃ তোমাদিগের নিকট আগমন করিতেছি। হে বেগবান্ মরুৎগণ ! তোমাদিগের অনুগ্রহ প্রার্থনা করি। হে মরুৎগণ! স্তুতিদ্বারা আনন্দিত চিত্তে ক্রোধ পরিত্যাগ কর, এবং রথ হইতে অশ্ব বিযোজিত কর।

---

(১) কেহ কেহ বলেন এই ঋকের ঋষি অগস্ত্য।

২। হে মরুৎগণ! তোমাদিগের এই স্তোমে অন্ন আছে। হে দেবগণ! এই স্তোম তোমাদিগের উদ্দেশে হৃদয় হইতে সম্পাদিত হইয়াছে, অনুগ্রহ করিয়া উহা চিত্তে ধারণ কর। সাদরে উহাকে স্বীকার করতঃ আগমন কর, তোমরা হব্যরূপ অন্নের বর্দ্ধয়িতা।

৩। মরুৎগণ! স্তুত হইয়া আমাদিগকে সুখী কর। ইন্দ্র স্তুত হইয়া আমাদিগকে সর্ব্বাপেক্ষা সুখী করুন। হে মরুৎগণ! আমরা যতদিন বাঁচিব, যেন আমাদিগের সে সমস্ত দিন, উৎকৃষ্ট, স্পৃহণীয় ও ভোগযোগ্য হয়।

৪। হে মরুৎগণ! আমরা এই বেগবান্ ইন্দ্রের নিকট হইতে ভয়ে পলায়ন করত কাঁপিতে ছিলাম। তোমাদিগের জন্য, যে হব্য সংস্কৃত করিয়াছিলাম, তাহা দূরে করিয়াছি (১)। আমাদিগকে সুখী কর।

৫। হে ইন্দ্র! তুমি বলস্বরূপ, তোমার মাননীয় রশ্মিগণ, নিত্য নিত্য ঊষার উদয়কালে প্রাণীদিগকে চৈতন্য দান করে। হে অভীষ্টবর্ষী, উগ্র, বলপ্রদায়ী, পুরাতন ইন্দ্র! তুমি, উগ্র মরুৎগণের সহিত অন্নধারণ কর।

৬। হে ইন্দ্র! প্রভূতবলশালী নেতৃগণকে (মরুৎগণকে) রক্ষা কর, মরুৎগণের প্রতি অপগতমন্যু হও। মরুৎগণ উত্তমপ্রজ্ঞাবিশিষ্ট, তাঁহাদিগের সহিত শত্রুগণের অভিভবিতা হও, এবং আমাদিগকে রক্ষা কর। আমরাও যেন অন্ন, বল ও দীর্ঘায়ু লাভ করি।

১৭২ সূক্ত।

মরুৎগণ দেবতা। অগস্ত্য ঋষি।

১। হে মরুৎগণ! তোমাদিগের যজ্ঞে আগমন বিচিত্র হউক। হে দানশীল অহীন দীপ্তিবিশিষ্ট, মরুৎগণ! তোমাদিগের আগমন আমাদিগকে রক্ষা করুক।

২। হে দানশীল মরুৎগণ! তোমাদিগের দীপ্যমান প্রাণিবধ কুশল অস্ত্রসমূহ আমাদিগের নিকট হইতে দূর হউক। তোমরা যে অশ্ম নামক অস্ত্র প্রক্ষেপ কর, তাহাও আমাদিগের নিকট হইতে দূর হউক।

৩। হে দানশীল মরুৎগণ! তৃণবৎ নীচ হইলেও আমার প্রজাগণকে রক্ষা করিও, আমাদিগকে উন্নত কর, যেন আমরা বাঁচিতে পারি।

(১) ১৬৫, ১৭০ ও ১৭১ সূক্তের কোন২ স্থান পাঠ করিলে বোধ হয় যে, দেব শ্রেষ্ঠ ইন্দ্রের সহিত মরুৎগণের একত্রে অর্চ্চনা হওয়ায় প্রথমে আপত্তি ছিল, অথবা কোন২ ইন্দ্রভক্ত ঋষি সম্প্রদায় এরূপ একত্র অর্চ্চনায় আপত্তি করিতেন।

১৭৩ সূক্ত।

ইন্দ্র দেবতা। অগস্ত্য ঋষি।

১। হে ইন্দ্র! উদ্গাতা এরূপে নভোব্যাপী সামগান করিতেছে, যে তুমি তাহা জানিতে পার। আমরা সেই বর্দ্ধমান ও স্বর্গপ্রদায়ী স্তোত্র অর্চ্চনা করি। হে স্বর্গীয় ইন্দ্র! দুগ্ধবতী, হিংসারহিতা ধেনুগণ, যাহাতে কুশাসনে উপবেশন কালে তোমার পরিচর্য্যা করে, সেইরূপে অর্চ্চনা করি।

২। হব্যপ্রদায়ী যজমান হব্যপ্রদায়ী অধ্বর্য্যু প্রভৃতির সহিত ইন্দ্রকে স্বপ্রদত্ত হব্যদ্বারা অর্চ্চনা করেন, ইন্দ্র তৃষিত মৃগের ন্যায় দ্রুতবেগে যজ্ঞস্থলে উপস্থিত হইবেন। হে উগ্র ইন্দ্র! মর্ত্ত্য হোতা, স্তোত্রাভিলাষী দেবতাগণকে স্তবকরতঃ স্ত্রীপুরুষে যজ্ঞ নিষ্পন্ন করিতেছেন।

৩। হোমনিষ্পাদক অগ্নি পরিমিত স্থানে চতুর্দ্দিক ব্যাপিয়া রহিয়াছেন, এবং শরৎকালের ও পৃথিবীর গর্ভ স্থানীয় অন্ন গ্রহণ করিতেছেন। অশ্বের ন্যায় শব্দ করিয়া, বৃষভের ন্যায় শব্দ করিয়া, অন্ন লইয়া আকাশ ও পৃথিবীর মধ্যে দূতস্বরূপ কথা কহিতেছেন।

৪। আমরা ইন্দ্রের উদ্দেশে প্রভূত ব্যাপ্তিশীল হব্য প্রদান করিব। দেবাভিলাষী যজমানগণ দৃঢ়স্তোত্র সম্পন্ন করিতেছেন। দর্শনীয় তেজোবিশিষ্ট অশ্বিদ্বয়ের ন্যায় অভিগম্য এবং রথে অবস্থিত ইন্দ্র আমাদিগের স্তোত্র সেবা করুন।

৫। হে হোতা! যে ইন্দ্র প্রভূত বলবিশিষ্ট, যিনি শৌর্য্যবান্, বলবান্, রথাবস্থিত, সম্মুখ যোদ্ধাগণের মধ্যে শ্রেষ্ঠ যোদ্ধা, বজ্রাদিবিশিষ্ঠ, ও মেঘাদির বিনাশক, তাঁহাকে স্তব কর।

৬। ইন্দ্র স্বীয় মহিমায় কর্ম্মনির্ব্বাহক যজমানগণকে ফলদানে সমর্থ; দ্যাবাপৃথিবী তাঁহার কক্ষপূরণে পর্য্যাপ্ত নহে। অন্তরীক্ষ যেমন পৃথিবীকে বেষ্টন করিয়া থাকে, সেইরূপ তিনিও নিজ দীপ্তিতে লোকত্রয় ব্যাপ্ত করিতেছেন। বৃষভ যেরূপ অনায়াসে শৃঙ্গ ধারণ করে, অন্নবান্ ইন্দ্র সেইরূপ স্বর্গকে অনায়াসে ধারণ করিতেছেন।

৭। হে শূর ইন্দ্র! তুমি যুদ্ধক্ষেত্রে সাধুগণের বলপ্রদ উৎকৃষ্ট মার্গস্বরূপ; মরুৎগণ তোমাকে স্বামী করিয়া আনন্দিত হয়। তাহারা তোমার পরিজন, তোমার আনন্দার্থ সকলে সমান আনন্দিত হইয়া তোমাকে ভূষিত করিবার চেষ্টা করিতেছেন।

৮। যদি অন্তরীক্ষস্থিত দ্যোতমান্ উদক্ প্রজাদিগের নিমিত্ত তোমাকে সুখী করে, যদি সমস্ত স্তোত্রাদি তোমার প্রীতি সমুৎপাদন করে, যদি তুমি বৃষ্টি প্রদানাদি কর্ম্মদ্বারা স্তোতৃদিগকে কামনা কর, তাহা হইলে তোমার সবন সুখকর হয়।

৯। হে ইন্দ্র! যেন আমরা তোমার সখা হইতে পারি এবং স্তুতি দ্বারা রাজগণের ন্যায় তোমার নিকট হইতে অভীষ্ট লাভ করিতে পারি। ইন্দ্র! আমাদিগের স্তুতি কালে উপস্থিত থাকিয়া ত্বরাসহকারে আমাদের যজ্ঞ, উক্ত স্তুতির সহিত লইয়া যাও।

১০। স্তুতি দ্বারা মনুষ্যদিগের মধ্যে স্পর্দ্ধাকারী ব্যক্তিদিগকে যেরূপ সদয় করা যায়, আমরা ইন্দ্রকে সেইরূপ করিব। ইন্দ্র কেবল আমাদিগেরই হইবেন। হিতৈষিগণ যেমন সুশাসক নগরপতির পূজা করে, সেইরূপ আমাদিগের মধ্যে অবস্থানাভিলাষী অধ্বর্য্যুগণ হব্য প্রভৃতি দ্বারা ইন্দ্রের পূজা করিতেছেন।

১১। যজ্ঞপরায়ণ ব্যক্তি, যজ্ঞদ্বারা ইন্দ্রকে বৃদ্ধি করিতেছে; কুটিলগতি ব্যক্তি মনে মনে চারিদিক চিন্তা করিতেছে; যেমন তীর্থপথে সম্মুখস্থিত জল (১) অবিলম্বে প্রীত করে, কিন্তু দীর্ঘপথ পিপাসিত ব্যক্তিকে নিরাশ করে।

১২। হে ইন্দ্র! তুমি যুদ্ধকালে মরুৎগণের সহিত আমাদিগকে ত্যাগ করিও না। কারণ হে বলবান্ ইন্দ্র! তোমার জন্য যজ্ঞে ভাগ স্বতন্ত্র আছে। আমার ফলযুক্ত স্তুতি, মহান্, হবিষ্মান্ ও জলসেচনকারী মরুৎগণকে বন্দনা করে।

১৩। হে ইন্দ্র! এই স্তোম তোমারই। হে হরিবাহন! এই স্তোত্র-দ্বারা তুমি আমাদিগের দেবযজনপথ জানিয়া লও, এবং সুখে আগমনের জন্য আমাদিগের নিকট আইস।

১৭৪ সূক্ত।

ইন্দ্র দেবতা। অগস্ত্য ঋষি।

১। হে ইন্দ্র! যে সকল দেবতা আছেন, তুমি তাঁহাদিগের রাজা। তুমি মনুষ্যদিগকে রক্ষা কর; হে অসুর! তুমি আমাদিগকে রক্ষা কর। তুমি

(১) মূলে "ওক:" আছে তাহার সচরাচর অর্থ বাসস্থান। কিন্তু সায়ণ করিয়াছেন "পানাধারিকং সবনং।"

সাধুদিগের পালক, ধনবান্ ও আমাদিগের উদ্ধারকর্ত্তা। তুমি সত্য, বলদাতা ও নিজের তেজে সমস্ত আচ্ছাদন করিয়াছ।

২। হে ইন্দ্র! তুমি যখন সাতটি শারদীপুরী ভেদ করিয়াছিলে, তখন প্রজাগণকে সংযতবাক্য করিয়া সুখে দমন করিয়াছিলে (১)। হে অনবদ্য! তুমি চলনশীল জল প্রবর্ত্তিত করিয়াছিলে, তুমি তরুণবয়স্ক পুরুকুৎস রাজার জন্য বৃত্রকে বধ করিয়াছিলে।

৩। হে ইন্দ্র! তুমি শত্রুদিগের নগরে গমন কর (২), এবং তথা হইতে হে পুরুহূত! অনুচর সহিত স্বর্গে গমন কর। তথায় অশোষক, ক্ষিপ্রগামী অগ্নিকে সিংহের ন্যায় রক্ষা কর, যেন উহা নিজগৃহে নিজ কর্ত্তব্য সাধন করিতে পারে।

৪। হে ইন্দ্র! তোমার শত্রুগণ (মেঘগণ) কুলিশের মহিমায় তোমার ক্ষমতা খ্যাপন করত নিজ জন্মস্থানে শীঘ্র শয়ন করুক। তুমি যখন আয়ুধ লইয়া গমন কর, তখন নিম্নমুখে জল প্রেরণ কর, ও হরিগণের উপর আরোহণ কর। তুমি নিজ সামর্থ্যে শস্যাদি প্রবর্দ্ধিত কর।

৫। হে ইন্দ্র! তুমি যে যজ্ঞে কুৎস ঋষিকে কামনা কর, তথায় তোমার বশীভূত ঋজুগামী, বায়ুসদৃশ বেগশালী অশ্বদিগকে চালিত কর। তজ্জন্য সূর্য্য তাঁহার রথচক্রকে নিকটে আনয়ন করুন, এবং বজ্রবাহু ইন্দ্র সংগ্রামকারী শত্রুদিগের অভিমুখে আগমন করুন।

৬। হে হরিবাহন ইন্দ্র! তুমি স্তোত্রদ্বারা প্রবৃদ্ধ হইয়া দানরহিত ও যজমানগণের বিঘ্নকারীদিগকে বিনাশ করিয়াছ। যাহারা তোমাকে আশ্রয়দাতা বলিয়া দেখিয়াছে, এবং যাহারা হব্যপ্রদানের জন্য মিলিত হইয়াছে, তাহারা তোমার নিকট সন্তান লাভ করে।

৭। হে ইন্দ্র! অর্চ্চনীয় অন্ন লাভের জন্য কবি তোমার স্তব করিতেছে, তুমি পৃথিবীকে দাসের শয্যা করিয়া দিয়াছ। মঘবা তিন ভূমিকে দানদ্বারা বিচিত্র করিয়াছেন, এবং দুর্য্যোণি রাজার জন্য কুযবাচকে হনন করিয়াছ।

(১) যাস্ক এই অংশের ব্যাখ্যা করিয়াছেন, "দমো বিশঃ ইন্দ্র মৃধবাচঃ" অর্থাৎ দানশীল লোকদিগকে মৃদুভাষী কর।

(২) মূলে "শূরপত্নীঃ" আছে। সায়ণ অর্থ করিয়াছেন "রক্ষোভিঃ পালয়িতাঃ" এবং "বৃত্তঃ" অর্থ করিয়াছেন "পুরীঃ"। এই অর্থ অনুবাদে দিয়াছি, কিন্তু সঙ্গত বোধ হয় না।

৮। হে ইন্দ্র! নব্য ঋষিগণ তোমার সনাতন প্রসিদ্ধ বীরকর্ম্মের স্তুতি করে, তুমি অনেক হিংসকদিগকে সংগ্রাম নিবারণের জন্য বিনাশ করিয়াছ। তুমি দেবরহিত বিপক্ষ নগরসকল ভেদ করিয়াছ এবং দেবরহিত শত্রুর অস্ত্র নত করিয়াছ (৩)।

৯। হে ইন্দ্র! তুমি শত্রুদিগের হৃৎকম্পোৎপাদক, তজ্জন্যই তুমি প্রবাহমানা সিরানদীর ন্যায় তরঙ্গবিশিষ্ট জল ভূমিতে পাতিত কর। হে শূর! যখন তুমি সমুদ্রকে পরিপূর্ণ কর, তখন তুমি তুর্ব্বসু ও যদুর মঙ্গলার্থ তাহাদিগকে পালন করিয়াছ।

১০। হে ইন্দ্র! তুমি সর্ব্বকালে আমাদিগের শ্রেষ্ঠ রক্ষক হও এবং প্রজাদিগকে পালন কর। তুমি, আমাদিগের সৈন্যদিগকে বল প্রদান কর যেন আমরা অন্ন, বল ও দীর্ঘায়ু লাভ করিতে পারি।

১৭৫ সূক্ত।

ইন্দ্র দেবতা। অগস্ত্য ঋষি।

১। হে হরিবাহন ইন্দ্র! হর্ষকর, অভীষ্টবর্ষী, আহ্লাদকারী, অন্নবান্, এবং অপরিমিত দানবিশিষ্ট ও মহানুভাব সোম যেরূপ পাত্রে স্থাপিত হয়, তুমিও সেইরূপ হইয়া পান করিয়া (ধারণ কর), এবং অত্যন্ত হর্ষিত হও।

২। হে ইন্দ্র! হর্ষকর, অভীষ্টবর্ষী, তর্পয়িতা, বরণীয়, সহায়বান্ শত্রুসৈন্যবিনাশক, অবিনাশী, সোম তোমার নিকট আগমন করুক।

৩। হে ইন্দ্র! তুমি শূর, তুমি দাতা; আমি মনুষ্য, আমার মনোরথ পূর্ণ কর। তুমি সহায়বান্, অগ্নি যেমন শিখাদ্বারা পাত্রকে দগ্ধ করে, তুমি সেইরূপ ব্রতরহিত দস্যুকে দগ্ধ কর।

৪। হে মেধাবী ইন্দ্র! তুমি ঈশান, তুমি নিজ সামর্থ্যে সূর্য্যের একখানি চক্র হরণ করিয়াছ (১)। শুষ্ণকে বধ করিবার জন্য কর্ত্তনসাধন বজ্র লইয়া, বায়ুবৎ বেগশালী অশ্বের সহিত আগমন কর।

(৩) ৬, ৭ ও ৮ ঋকে অনার্য্য আদিমবাসী শত্রুদিগের কথা উল্লিখিত হইয়াছে।

(১) পূর্ব্বে সূর্য্যের রথে দুইখানি চক্র ছিল, ইন্দ্র তাহার একখানি হরণ করিয়াছিলেন। সায়ণ।

৫। হে ইন্দ্র! তোমার হর্ষ সর্ব্বাপেক্ষা বলবিশিষ্ট এবং তোমার ক্রতু সর্ব্বাপেক্ষা অন্নবান্। হে বহু-অশ্বদাতা ইন্দ্র! তোমার বৃত্রঘাতী, ধনদায়ী হর্ষ ও ক্রতু অনুমোদন কর।

৬। হে ইন্দ্র! তুমি প্রাচীন স্তোতৃদিগের প্রতি, তৃষ্ণার্ত্তের নিকট জলের ন্যায় হইয়াছিলে, অতএব আমরা বারম্বার তোমার স্তুতি করিতেছি। যেন অন্ন বল ও দীর্ঘায়ু লাভ করিতে পারি।

১৭৬ সূক্ত।

ইন্দ্র দেবতা। অগস্ত্য ঋষি।

১। হে সোম! তুমি ধনপ্রাপ্তির জন্য ইন্দ্রকে আনন্দিত কর। তুমি অভীষ্টবর্ষী ইন্দ্রের মধ্যে প্রবেশ কর। তুমি প্রীত হইয়া শত্রুদিগকে বিনাশ করতঃ ক্রমেই ব্যাপ্ত হও, অতএব নিকটে কোন শত্রুকে আসিতে দাও না।

২। ইন্দ্র মনুষ্যদিগের এক অধীশ্বর। তিনি রীতি অনুসারে যবফসলের ন্যায় আমাদিগের অভীষ্ট সার্থক করেন।

৩। যে ইন্দ্রের হস্তদ্বয়ে পঞ্চক্ষিতির সর্ব্বপ্রকার ধন আছে; সেই ইন্দ্র, যে আমাদিগকে দ্রোহ করে, তাহাকে দিব্য অশনির ন্যায় বিনাশ করুন।

৪। হে ইন্দ্র! যে সকল লোকে সোমাভিষব করে না, এবং যাহাদিগকে নাশ করা দুঃসাধ্য, তাহাদিগকে হত্যা কর, যেহেতু তাহারা তোমার সুখের হেতু নহে। উহাদিগের ধন আমাদিগকে প্রদান কর, তোমার স্তোতাই ধন প্রাপ্ত হয় (১)।

৫। হে সোম! যে দ্বিবিধ কর্ম্মকারী যজমানের অর্চ্চন সাধনমন্ত্রে তুমি সর্ব্বদা অবস্থিতি কর, তাহাকেই তুমি রক্ষা কর। হে সোম! ইন্দ্রের সংগ্রামে অন্নের জন্য অন্নবান্ ইন্দ্রকে রক্ষা কর।

৬। হে ইন্দ্র! তুমি প্রাচীণ স্তোতৃদিগের প্রতি, তৃষ্ণার্ত্তের নিকট জলের ন্যায় হইয়াছিলে, অতএব আমরা বারম্বার তোমার সুখকর, প্রসিদ্ধ স্তুতি করিতেছি। যেন অন্ন, বল ও দীর্ঘায়ু লাভ করিতে পারি।

(১) ১, ৩, ৪, ঋকে অনার্য্য আদিমবাসীগণের কথা।

১৭৭ সূক্ত।

ইন্দ্র দেবতা। অগস্ত্য ঋষি।

১। মনুষ্যদিগের প্রীতিপদ, সকল লোকের অভীষ্টবর্ষী, মনুষ্যগণের স্বামী, বহু লোকের আহূত ইন্দ্র আমাদিগের নিকট আগমন করুন। হে ইন্দ্র! আমাদিগের স্তুতি গ্রহণ করিয়া যুবা হরিৎ-দ্বয়কে রথে যোজনা করতঃ হব্য গ্রহণের জন্য ও রক্ষার্থ আমাদিগের অভিমুখে আগমন কর।

২। হে ইন্দ্র! তোমার যে যুবা, উৎকৃষ্ট, ও মন্ত্রদ্বারা রথে যোজনীয় এবং বর্ষণকারী রথবিশিষ্ট অশ্ব আছে, তাহাতে আরোহণ কর, এবং তাহাদিগের সহিত আমাদিগের অভিমুখে আগমন কর। হে ইন্দ্র! সোমাভিষবে আমরা তোমাকে আহ্বান করিতেছি।

৩। হে ইন্দ্র! তুমি, অভীষ্টবর্ষী রথে আরোহণ কর। কারণ তোমার জন্য অভীষ্টবর্ষী সোম অভিষুত হইয়াছে, এবং মধুর ঘৃতাদি প্রস্তুত আছে। হে অভীষ্টবর্ষী ইন্দ্র! তুমি অভীষ্টবর্ষী হরিদ্বয়কে যোজনা করতঃ যজমানগণের অনুগ্রহার্থ বেগবান্ রথে আমাদিগের অভিমুখে আগমন কর।

৪। হে ইন্দ্র! এই যজ্ঞ দেবগণের উদ্দেশে গমন করিতেছে। এই যজ্ঞীয় পশু, এই সকল মন্ত্র, এই সুত সোম, ও এই আস্তীর্ণ বর্হি (তোমারই জন্য সম্পাদিত হইয়াছে)। তুমি শীঘ্র আগমন কর, উপবেশন করতঃ সোমপান কর, যজ্ঞস্থলে হরিদ্বয়কে ছাড়িয়া দাও।

৫। হে ইন্দ্র! আমাদিগের কর্ত্তৃক সম্যক্ প্রকারে স্তুত হইয়া মাননীয় স্তোতার মন্ত্র উপলক্ষ করিয়া আমাদিগের অভিমুখে আগমন কর। আমরা স্তুতি করতঃ তোমার আশ্রয় প্রাপ্ত হইয়া সুখে বাসস্থান এবং অন্ন, বল ও দীর্ঘায়ু লাভ করিব।

---

১৭৮ সূক্ত।

ইন্দ্র দেবতা। অগস্ত্য ঋষি।

১। হে ইন্দ্র! যাহা দ্বারা তুমি স্তোতৃগণের রক্ষায় সমর্থ হও, তোমার সেই সমৃদ্ধি সর্ব্বত্র প্রসিদ্ধ আছে। তুমি আমাদিগের মহৎ করিবার অভিলাষটী নষ্ট করিও না। তোমার যে প্রাপ্তব্য, ভোগ্য বস্তু আছে, সমস্তই যেন প্রাপ্ত হই।

২। পরস্পর ভগিনীস্বরূপ অহোরাত্রি স্বীয় জন্মস্থানে যে বৃষ্টিরূপ কর্ম্ম করিতেছেন, রাজা ইন্দ্র যেন আমাদিগের সেই কর্ম্ম নাশ না করেন। বলের হেতুভূত হব্য ইন্দ্রের জন্য ব্যাপ্ত হইতেছে, ইন্দ্র আমাদিগকে সখ্য ও অন্ন প্রদান করুন।

৩। বিক্রমশালী ইন্দ্র, যুদ্ধনেতা যুদ্ধে জয়লাভকরতঃ, অনুগ্রহপ্রার্থী স্তোতার আহ্বান শ্রবণ করেন। যখন নিজেই স্তুতিবাক্য স্বীকারে অভিলাষী হয়েন, তখন হব্যপ্রদায়ী যজমানের নিকটে রথ লইয়া যান।

৪। ইন্দ্র উত্তম অন্নলাভেচ্ছায় যজমানপ্রদত্ত অন্ন প্রচুর পরিমাণে আহার করেন, এবং সহায়বান্ যজমানের শত্রুদিগকে পরাজিত করেন। বিবিধ আহ্বানধ্বনিযুক্ত সংগ্রামে সত্যপালক ইন্দ্র যজমানের কর্ম্ম খ্যাপন করতঃ হব্য স্বীকার করিতেছেন।

৫। হে ইন্দ্র! আমরা তোমাকে সহায় লাভ করিয়া, যে শত্রুগণ আপনাদিগকে অবধ্য বলিয়া বিবেচনা করিতেছে, তাহাদিগকে বিনাশ করিব। তুমি আমাদিগের ত্রাতা এবং তুমি আমাদিগের ধনবর্দ্ধক হও। যেন আমরা অন্ন, বল ও দীর্ঘায়ু লাভ করিতে পারি।

১৭৯ সূক্ত।

(এই সূক্ত কোনও দেবতা সম্বন্ধে রচিত হয় নাই। অগস্ত্য ও তাঁহার স্ত্রী ও শিষ্যের মধ্যে কথোপকথন মাত্র। অতএব তাঁহারাই এই সূক্তের ঋষি। কথোপকথনের বিষয় অনুসারে রতি অর্থাৎ সম্ভোগই ইহার দেবতা বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে।

(লোপামুদ্রা)

১। বহু সম্বৎসর অবধি, আমি রাত্রিদিন ও জরাসমুৎপাদক উষাতে তোমার সেবা করিয়া শ্রান্ত হইয়াছি। জরা শরীরের সৌন্দর্য্য নাশ করিতেছে। এক্ষণে কি? পুরুষ স্ত্রীর নিকট গমন করুক।

২। যে সকল পুরাতন সত্যপালক ঋষিগণ দেবতাগণের সহিত সত্য কথা বলিতেন, তাঁহারাও প্রণয় সুখ সম্ভোগ করিয়াছেন, অন্ত পান নাই। পুরুষ স্ত্রীর নিকটে গমন করুক।

(অগস্ত্য)

৩। আমরা বৃথা শ্রান্ত হই নাই, যেহেতু, দেবতারা রক্ষা করিতেছেন।

আমরা সমস্ত ভোগই উপভোগ করিতে পারি। যদি আমরা উভয়ে চেষ্টান্বিত হই, এই জগতে আমরা শত ভোগপ্রাপ্তিসাধন লাভ করিতে পারিব।

৪। যদিও আমি জপ ও সংযমে নিযুক্ত, তথাপি এই কারণেই হউক, বা অন্য কারণেই হউক আমার প্রণয়ের উদ্রেক হইয়াছে। লোপামুদ্রা সমর্থ পতিতে সঙ্গত হউন, অধীরা যোষিৎ, ধীর ও মহাপ্রাণ পুরুষকে উপভোগ করুক।

(শিষ্য) (১)।

৫। হৃদয় মধ্যে পীত এই সোমের নিকট একান্ত প্রার্থনা করিতেছি, যে সোম আমাকে সুখী করুন। মর্ত্ত্য বহুকামনাবান।

৬। সেই উগ্রঋষি অগস্ত্য উপযুক্ত উপায় অবলম্বন করিয়া বহু পুত্র ও বল কামনা করিয়া, প্রণয়সুখসম্ভোগ এবং তপ জপ সাধন, এই উভয় ধর্ম্মই পোষণ করিয়াছিলেন; এবং দেবগণের নিকট সত্য আশীর্ব্বাদ প্রাপ্ত হইয়াছিলেন।

১৮০ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। অগস্ত্য ঋষি।

১। হে অশ্বিদ্বয়! তোমাদিগের শোভনগামী অশ্বগণ যখন তোমাদিগকে লইয়া অভিমত প্রদেশে গমন করে, তখন তোমাদিগের হিরণ্ময় রথের নেমি সকল অভিমত প্রদান করে। অতএব তোমরা উষাকালে সোমপানকরতঃ যজ্ঞে আসিয়া মিলিত হও।

২। হে সর্ব্বস্তুত্য অশ্বিদ্বয়! যখন তোমাদিগের ভগিনীস্থানীয় (উষা) প্রস্তুত হয়েন, হে মধুপায়ী অশ্বিদ্বয়! যখন বল ও অন্নের জন্য যজমান তোমাদিগকে স্তব করে, তখন তোমাদিগের সতত সঞ্চারী বিচিত্রগতিবিশিষ্ট মনুষ্যদিগের হিতকর, ও বিশিষ্টরূপে পূজনীয় রথ নিম্নাভিমুখে প্রেরণ কর।

৩। হে অশ্বিদ্বয়! তোমরা ধেনুসমূহে দুগ্ধস্থাপন করিয়াছ। তোমরা ধেনুগণের উধোদেশে পূর্ব্ববর্ত্তী পক্কদুগ্ধ স্থাপিত করিয়াছ। হে সত্যরূপ অশ্বিদ্বয়! বনবৃক্ষসমূহমধ্যে চৌরের ন্যায় (সর্ব্বদা জাগরূক,) বিশুদ্ধ স্বভাব, হবিধ্মান যজমান, হবির্ব্বিশিষ্ট যজ্ঞে তোমাদিগের স্তুতি করিতেছেন।

---

(১) অগস্ত্য ও লোপামুদ্রার সম্ভোগসংলাপ শ্রবণ করিয়া শিষ্য পরের দুইটী ঋক পাঠ করিয়াছিলেন।

৪। হে অশ্বিদ্বয়! তোমরা সাহায্যাভিলাষী অত্রি মুনির জন্য, দীপ্ত পয়ঃ ও ঘৃতকে জলপ্রবাহের ন্যায় করিয়াছিলে। অতএব হে নরাকার অশ্বিদ্বয়! তোমাদিগের জন্য অগ্নিতে যাগ করা যাইতেছে, এবং নিম্ন-প্রদেশে রথচক্রের ন্যায়, সোমরস তোমাদিগের প্রতি আগমন করিতেছে।

৫। হে দস্রদ্বয়! জীর্ণ তুগ্র রাজার পুত্রের ন্যায় আমি স্তুতিসাধন দ্বারা অভিমত লাভের জন্য তোমাকে যাগাদেশে আনয়ন করিব। তোমাদিগের মহিমায় দ্যাবাপৃথিবী পরস্পর মিলিত হইয়াছে। হে যজনীয় অশ্বিদ্বয়! জরাজীর্ণ এই ঋষি যেন পাপ হইতে মুক্ত হইয়া দীর্ঘ জীবন লাভ করিতে পারে।

৬। হে শোভন দানযুক্ত অশ্বিদ্বয়! যখন তোমরা নিযুৎ অশ্বদিগকে (১) যোজনা কর, তখন অন্নদ্বারা পৃথিবী পরিপূর্ণ কর। অতএব স্তোতা বায়ুর ন্যায় শীঘ্র তোমাদিগের দুইজনকে তৃপ্ত ও ব্যাপ্ত করুন। প্রশস্ত কর্ম্মবান্ ব্যক্তির ন্যায় স্তোতা আপনার মহত্বের জন্য অন্ন স্বীকার করিতেছেন।

৭। আমরাও তোমাদিগের স্তোতা ও সত্যপ্রতিজ্ঞ হইয়া বিবিধ স্তব করিতেছি। দ্রোণ কলশ স্থাপিত হইয়াছে। হে অনিন্দনীয় অভীষ্টবর্ষী অশ্বিদ্বয়! দেবতাগণের সমীপে সোমপান কর।

৮। হে অশ্বিদ্বয়! কর্ম্মনির্ব্বাহক লোকদিগের মধ্যে শ্রেষ্ঠ অগস্ত্য ঋষি গ্রীষ্ম দুঃখনিবারক প্রস্রবণ লাভের জন্য শব্দোৎপাদক শঙ্খাদির ন্যায় সহস্র পরিমিত স্তুতিদ্বারা তোমাদিগকে প্রতিদিবস প্রবোধিত করিতেছেন।

৯। হে অশ্বিদ্বয়! তোমরা রথের মহিমায় যজ্ঞ ধারণ কর, হে গমনশীল অশ্বিদ্বয়! যজমানের হোতার ন্যায়, তোমরা গমনাগমন কর, স্তোতৃদিগকে ফল প্রদান কর, উত্তম অশ্বসমূহ প্রদান কর। অতএব হে নাসত্যদ্বয়! আমরা ধনলাভ করিব।

১০। হে অশ্বিদ্বয়! তোমাদিগের স্তুতিযোগ্য, নব্য, আকাশবিহারী, অভগ্ন চক্রবিশিষ্ট রথলাভের জন্য স্তোত্রদ্বারা উহাকে আহ্বান করিতেছি। যেন আমরা অন্ন, বল ও দীর্ঘায়ু লাভ করিতে পারি।

(১) ১৬৭ সূক্তের ২ ঋকের টীকা দেখ।

১৮১ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। অগস্ত্য ঋষি।

১। হে প্রিয়তম অশ্বিদ্বয়! তোমরা কবে অন্ন ও ধন উপরিদেশে লইয়া যাইবে? যে যজ্ঞ সমাপন করিবার ইচ্ছা করতঃ জল নিম্নে পাতিত করিতে পারিবে? হে ধনধারী ও মনুষ্যের আশ্রয়দাতা অশ্বিদ্বয়! এই যজ্ঞে তোমাদিগেরই প্রশংসা করিতেছে।

২। হে অশ্বিদ্বয়! তোমাদের দীপ্তিবিশিষ্ট, বৃষ্টিপানকারী, বায়ুবৎ-বেগবিশিষ্ট, স্বর্গীয়, গমনশীল, মনের ন্যায় বেগবান্, তরুণবয়স্ক, ও কমনীয়-পৃষ্ঠযুক্ত অশ্বগণ তোমাদিগকে এই যজ্ঞে আনয়ন করুন।

৩। হে উন্নতস্থানার্হ ও রথাধিষ্ঠিত অশ্বিদ্বয়! ভূমির ন্যায় অত্যন্ত বিস্তৃত, উৎকৃষ্টবন্ধুরযুক্ত, বর্ষণসমর্থ, মনের ন্যায় বেগশালী, অহঙ্কারবিশিষ্ট, ও যজনীয়, রথ যজ্ঞে আগমন করুক।

৪। হে অশ্বিদ্বয়! তোমরা এই এই স্থানে জন্মিয়াছ (১) এবং পাপশূন্য। তোমাদিগের শরীরসৌন্দর্য্য এবং নাম মহিমাহেতু আমি পুনঃপুনঃ তোমাদিগের স্তব করিতেছি। তোমাদিগের মধ্যে একজন যজ্ঞ প্রবর্ত্তক হইয়া জগৎ ধারণ করিতেছেন, আর একজন দ্যুলোকের পুত্র স্থানীয় হইয়া বিবিধ রশ্মি ধারণ করতঃ জগৎ ধারণ করিতেছেন।

৫। হে অশ্বিদ্বয়! তোমাদিগের মধ্যে একজনের শ্রেষ্ঠ পিশঙ্গবর্ণ রথ ইচ্ছানুসারে আমাদিগের যাগগৃহে গমন করুক। আর একজনের হরিনামক অশ্বদ্বয়কে মনুষ্যেরা মথননিষ্পাদিত খাদ্য ও স্তুতিদ্বারা প্রীত করুক।

৬। হে অশ্বিদ্বয়! তোমাদিগের মধ্যে একজন মেঘগণকে বিদীর্ণ করেন; তিনি ইন্দ্রের ন্যায় শত্রুদিগকে নিঃসারিত করতঃ হব্য অভিলাষে বহু অন্নদানের জন্য গমন করেন। অন্যের গমনের জন্য (যজমানগণ) হব্যদ্বারা তাঁহাকে প্রীত করে। তাঁহার প্রেরিতা ব্যাপ্তিমতী, তীরলঙ্ঘিনী, নদীগণ আমাদিগের নিকট আগমন করিতেছে।

৭। হে বিধাতা অশ্বিদ্বয়! তোমাদিগের স্থিরতা প্রাপ্তির নিমিত্ত অত্যন্ত স্থিরা স্তুতি সৃষ্ট হইতেছে। তাহারা তিনপ্রকারে তোমাদিগের নিকট গমন

(১) "ইহেহজাতা"। সায়ণ ইহার অর্থ করিয়াছেন মধ্যম ও উত্তম স্থানে জন্মিয়াছ, অর্থাৎ চন্দ্র ও সূর্য্যরূপে জন্মগ্রহণ করিয়াছ।

করিতেছে; তোমরা প্রশংসিত হইয়া যাচমান যজমানকে রক্ষা কর; গমন করিয়া অথবা স্থির হইয়া তাঁহার আহ্বান শ্রবণ কর।

৮। হে অশ্বিদ্বয়! তোমাদিগের দীপ্তরূপের স্তুতি কুশত্রয়বিশিষ্ট যজ্ঞসাধনে যজমানদিগকে প্রীত করুক। হে অভীষ্টবর্ষিদ্বয়! তোমাদিগের মেঘ, জলবর্ষণ করতঃ উদকসেকের ন্যায় মনুষ্যদিগকে ধনদান করতঃ প্রীত করুক।

৯। হে অশ্বিদ্বয়! পূষার ন্যায় বহুপ্রজ্ঞাশালী হবিষ্মান্ যজমান, অগ্নি ও উষার ন্যায় তোমাদিগকে স্তব করিতেছে। যখন পরিচর্য্যারত স্তোতা স্তব করেন, তখন যজমানও স্তব করেন। যেন আমরা অন্ন, বল ও দীর্ঘায়ু লাভ করিতে পারি।

---

১৮২ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। অগস্ত্য ঋষি।

১। হে মনীষী ঋত্বিক্‌গণ! আমাদিগের এইরূপ সংস্কার হইয়েছে, যে অশ্বিদ্বয়ের অভীষ্টবর্ষী রথ উপস্থিত। তাঁহাদিগের অভিমুখে গমন কর, ও তাঁহাদিগকে সম্ভাবনা কর। তাঁহারা সুকৃতকারীর কর্ম্ম সম্পাদন করেন, তাঁহারা স্তুতিযোগ্য, তাঁহারা বিশ্‌পলার উপকার করিয়াছিলেন, তাঁহারা স্বর্গের নপ্তা, এবং তাঁহাদিগের কর্ম্ম শুচি।

২। হে অশ্বিদ্বয়! তোমরা নিশ্চয়ই ইন্দ্রশ্রেষ্ঠ, স্তুতিযোগ্য, মরুৎশ্রেষ্ঠ, শত্রুনাশক, উৎকৃষ্ট কর্ম্মকারী, রথবান্, এবং রথিগণের মধ্যে শ্রেষ্ঠ। তোমরা মধুপূর্ণ, সমন্তাৎ সম্বদ্ধ রথ বহন কর। সেই রথে অনুগ্রহ করিয়া হব্য প্রদাতার নিকট গমন কর।

৩। হে অশ্বিদ্বয়! এখানে কি করিতেছ? এখানে কেন রহিয়াছ? হব্যশূন্য যে কোন ব্যক্তি পূজনীয় হইয়াছে, তাহাকে পরাভব কর। পণির (১) প্রাণবিনাশ কর। আমি মেধাবী ও তোমার স্তুতি অভিলাষী, আমাকে জ্যোতিঃ প্রদান কর।

৪। হে অশ্বিদ্বয়! জঘন্য শব্দকরতঃ কুকুরের ন্যায় যাহারা আমাদিগকে বিনাশ করিতে আসিতেছে, তাহাদিগকে বিনাশ কর; তাহারা সংগ্রাম করিতে

---

(১) সায়ণ এখানে পণি শব্দের অর্থ বণিক, লুব্ধক, অযষ্টা করিয়াছেন।

চাহে; তাহাদিগকে মারিয়া ফেল। তাহাদিগকে মারিবার উপায় তোমরা জান (২)। তোমাদিগকে যাহারা স্তুতি করে, তাহাদিগের প্রত্যেক কথা রত্নবতী কর। হে নাসত্যদ্বয়! তোমরা উভয়ে আমার স্তুতি রক্ষা কর।

৫। হে অশ্বিদ্বয়! তোমরা তুগ্রনামক রাজার পুত্রের জন্য সমুদ্রজলে প্রসিদ্ধ, দৃঢ়, পক্ষবিশিষ্ট, নৌকা নির্ম্মাণ করিয়াছিলে। এই নৌকাদ্বারা দেবগণের মধ্যে তোমরাই অনুগ্রহ করতঃ তাহাকে উত্তোলন করিয়াছিলে, এবং অনায়াসে আসিয়া মহাসমুদ্র হইতে উদ্ধার করিয়াছিলে।

৬। জলমধ্যে নিম্নমুখে পাতিত তুগ্রপুত্র অবলম্বনরহিত অন্ধকার মধ্যে অত্যন্ত পীড়িত হইয়াছিলেন। অশ্বিদ্বয়ের প্রেরিত, জলমধ্যে প্রবিষ্ট, চারিখানি নৌকা তাঁহাকে প্রাপ্ত হইয়াছিল।

৭। তুগ্রপুত্র, যাচমান হইয়া জলমধ্যে যে নিশ্চল বৃক্ষকে আলিঙ্গন করিয়াছিলেন, সে বৃক্ষটী কি? হে অশ্বিদ্বয়! তোমরা তাহাকে নিরাপদে উত্তোলন করিয়া বিপুল কীর্ত্তিলাভ করিয়াছ।

৮। হে নরাকার অশ্বিদ্বয়! তোমার পূজাকারীরা যে স্তব করিয়াছে, তাহা তুমি গ্রহণ কর। হে অশ্বিদ্বয়! অদ্য যজ্ঞসম্বন্ধীয় সোমযাগ সম্পাদক স্তোত্রে প্রীত হও, যেন আমরা অন্ন, বল ও দীর্ঘায়ু লাভ করিতে পারি।

১৮৩ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। অগস্ত্য ঋষি।

১। হে অভীষ্টবর্ষী অশ্বিদ্বয়! যে রথ মনের অপেক্ষাও বেগশালী যাহার তিনটী বন্ধুর ও তিনখানি চক্র আছে, যাহা অভীষ্টবর্ষী ও ধাতুত্রয়বিশিষ্ট, যে রথে আরোহণ করিয়া, পক্ষী যেরূপ পক্ষবলে গমন করে, সেইরূপ তোমরা সুকৃতকারীর গৃহে গমন কর, সে রথ যোজনা কর।

২। হে অশ্বিদ্বয়! তোমরা সঙ্কল্পবান্ হইয়া হব্যের নিমিত্ত যে রথে আরোহণ কর, তোমাদিগের সুন্দররূপে আবর্ত্তনকারী সেই রথ দেবযজন ভূমির অভিমুখে গমন করিতেছে। তোমাদিগের শরীরের হিতকর স্তুতি তোমাদিগের সহিত মিলিত হউক, তোমরা দ্যুলোকের দুহিতা উষার সহিত সঙ্গত হও।

(২) ৩, ৪, ঋকে যজ্ঞবিরোধী অনার্য্যদিগের কথা।

৩। হে অশ্বিদ্বয়! যে রথ হবিষ্মান্ যজমানের কর্ম্ম লক্ষ্য করিয়া গমন করে; হে বলশালী নাসত্যদ্বয়! তোমরা যে রথে যজ্ঞশালায় যাইতে ইচ্ছা কর, সুন্দররূপে আবর্ত্তনকারী সেই রথে আরোহণ করতঃ যজমানের পুত্রলাভ ও আপনার হিতলাভের জন্য যজ্ঞগৃহে গমন কর।

৪। হে অশ্বিদ্বয়! তোমাদিগের অনুগ্রহে বৃকগণ ও বৃকীগণ আমাকে যেন ধর্ষণা না করে। তোমরা আমাকে ত্যাগ করিয়া অন্যকে দান করিও না। হে অশ্বিদ্বয়! এই তোমাদের হব্য ভাগ রহিয়াছে, এই তোমাদের স্তুতি হইতেছে, এই তোমাদের জন্য সোমরসের পাত্র রহিয়াছে।

৫। হে দস্রদ্বয়! যেমন পথিক গন্তব্য পথের জন্য পথপ্রদর্শক ব্যক্তিকে আহ্বান করে, সেইরূপ গোতম, পুরুমীঢ়, ও অত্রি হব্য গ্রহণ করতঃ তৃপ্ত করিবার জন্য তোমাদিগকে আহ্বান করিতেছে। হে অশ্বিদ্বয়! আমার আহ্বানের অভিমুখে আগমন কর।

৬। হে অশ্বিদ্বয়! তোমাদের অনুগ্রহে আমরা তমঃ পারে উত্তীর্ণ হইব, তোমাদিগের উদ্দেশে এই স্তব রচিত হইয়াছে। দেবতাগণের গন্তব্য পথে যজ্ঞে আগমন কর, তাহা হইলে আমরা অন্ন, বল ও দীর্ঘায়ু লাভ করিতে পারি।

---

১৮৪ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। অগস্ত্য ঋষি।

১। উষা তমোবিনাশ করিতে আগমন করিলে, আমরা অদ্যকার যাগে এবং অপর যাগে তোমাদিগের দুই জনকে আহ্বান করি। হে নাসত্যদ্বয়! তোমরা অসত্যরহিত ও দ্যুলোকের নপ্তা। তোমরা যে কোন স্থানেই থাক, আর্য্যস্তুতিকারক উক্থ মন্ত্রদ্বারা বিশিষ্ট দানশীল যজমানের জন্য তোমায় স্তুতি করিতেছে।

২। হে অভীষ্টবর্ষী অশ্বিদ্বয়! তোমরা সোমরসে হৃষ্ট হইয়া আমাদিগের তৃপ্তি উৎপাদন কর, এবং পণিগণকে সমূলে বিনাশ কর। হে নেতৃদ্বয়! তোমাদিগকে অভিমুখী করণার্থ, আমি যে তৃপ্তিপ্রদ স্তুতি করিতেছি তাহা শ্রবণ কর, কারণ তোমরা স্তুতির অন্বেষক ও সঞ্চয়কর্ত্তা।

৩। হে নাসত্যদ্বয়! হে পূষা! তোমরা শ্রেয়োলাভের জন্য তীরের ন্যায় শীঘ্রগামী হইয়া সূর্য্যতনয়াকে লইয়া যাও। যজ্ঞকালে সম্পাদিত স্তুতি পূর্ব্ব যুগের ন্যায় মহৎ বরুণের তুষ্টির নিমিত্ত তোমাদিগকে স্তব করিতেছে।

৪। হে মধুপাত্রযুক্ত অশ্বিদ্বয়! তোমরা কবি মান্যের স্তুতি স্বীকার কর, এবং তোমাদিগের দান আমাদিগের উদ্দেশেই প্রদত্ত হউক। হে শুভ-ফলপ্রদায়ী অশ্বিদ্বয়! মনুষ্যেরা অন্নের ইচ্ছায় এবং বীর্য্যশালী যজমানের হিতার্থ, তোমাদিগের সহিত হর্ষযুক্ত হউক।

৫। হে অন্নবান্ অশ্বিদ্বয়! তোমাদিগের জন্য হব্যের সহিত এই পাপ-বিনাশক স্তোম রচিত হইয়াছে। হে নাসত্যদ্বয়! তোমরা অগস্ত্যের প্রতি তুষ্ট হইয়া যজমানের পুত্রাদি ও আপনার সুখভোগের নিমিত্ত যজ্ঞভূমিতে আগমন কর।

৬। হে অশ্বিদ্বয়! তোমাদিগের অনুগ্রহে আমরা তমঃপারে উত্তীর্ণ হইব, তোমাদিগের উদ্দেশে এই স্তব রচিত হইয়াছে। দেবতাগণের গন্তব্যপথে যজ্ঞে আগমন কর, যেন আমরা অন্ন, বল ও দীর্ঘায়ুঃ লাভ করিতে পারি।

---

১৮৫ সূক্ত।

দ্যাবা পৃথিবী দেবতা। অগস্ত্য ঋষি। [illegible]

১। দ্যু ও পৃথিবী ইহাদিগের মধ্যে কে প্রথম উ[illegible]ছেন; কে পরে উৎপন্ন হইয়াছেন; কি নিমিত্ত উৎপন্ন হইয়াছেন; [illegible] একথা কে জানে? উহারা অন্যের উপর নির্ভর না করিয়া সমস্ত জগৎ ধারণ করেন, এবং দিবা ও রাত্রির ন্যায় চক্রবৎ পরিবর্ত্তিত হইতেছেন।

২। পাদরহিতা, অবিচলা দ্যাবাপৃথিবী সচল ও পাদযুক্ত গর্ভ[illegible]ত (প্রাণী সমূহকে) পিতামাতার ক্রোড়ে পুত্রের ন্যায় ধারণ করিতেছেন। [illegible] পৃথিবী! আমাদিগকে মহাপাপ হইতে রক্ষা কর।

৩। আমি অদিতির নিকট পাপরহিত, অক্ষীণ, হিংসারহিত, অন্নবিশিষ্ট স্বর্গতুল্য ধন প্রার্থনা করি। হে দ্যাবাপৃথিবী! তোমরা স্তবকারী (যজমানের জন্য) সেই ধন উৎপাদন কর। হে দ্যাবাপৃথিবী! আমাদিগকে মহাপাপ হইতে রক্ষা কর।

৪। আমরা দ্যোতমান দিবা ও রাত্রি সম্বন্ধীয় উভয়বিধ ধনের জন্য দুঃখ রহিতা ও অন্নের দ্বারা তৃপ্তকারী দ্যাবাপৃথিবীর যেন অনুগত হইতে পারি; সমস্ত দেবগণ তাঁহাদিগের পুত্র। হে দ্যাবাপৃথিবী! আমাদিগকে মহাপাপ হইতে রক্ষা কর।

৫। পরস্পর সংযুক্ত, সদা তরুণ, সমান সীমাবিশিষ্ট, ভগিনীভূত, বন্ধুসদৃশ দ্যাবাপৃথিবী, পিতা মাতার ক্রোড়স্থিত এবং ভূতসমূহের নাভিস্বরূপ জল ঘ্রাণ করতঃ, আমাদিগকে মহাপাপ হইতে রক্ষা করুন।

৬। আমি দেবগণের প্রীতির নিমিত্ত বিস্তীর্ণ নিবাসভূত ও মহানুভাব ও শস্যাদি সমুৎপাদক দ্যাবাপৃথিবীকে যজ্ঞের জন্য আহ্বান করি। ইহাদিগের রূপ আশ্চর্য্য, ইহারা জলধারণ করেন। হে দ্যাব্যাপৃথিবী! আমাদিগকে মহাপাপ হইতে রক্ষা করুন।

৭। মহৎ, পৃথু, বহু আকার বিশিষ্ট ও অনন্ত দ্যাবাপৃথিবীকে আমি যজ্ঞস্থলে নমস্কার মন্ত্রদ্বারা স্তব করি। হে সৌভাগ্যবতী উদ্ধারকুশলা দ্যাবা-পৃথিবী! তোমরা বিশ্বধারণ কর, এবং আমাদিগকে মহাপাপ হইতে রক্ষা কর।

৮। আমরা দেবতাগণের নিকট সর্ব্বদাই যে সকল অপরাধ করিয়া থাকি, বন্ধু ও জামাতার প্রতি যে সকল অপরাধ করিয়া থাকি, আমাদিগের এই যজ্ঞ সেই সকল পাপ অপনোদন করিতে সমর্থ হউক।

৯। স্তুতিযোগ্য ও মনুষ্যদিগের হিতকর দ্যাবাপৃথিবী আমাকে আশ্রয় প্রদান করুন। আশ্রয়দাতা দ্যাবাপৃথিবী আশ্রয় দিবার জন্য আমার সহিত মিলিত হউন। হে দেবগণ! আমরা তোমাদিগের স্তোতা; অন্নদ্বারা তোমাদিগের তৃপ্তিসাধন করতঃ প্রচুর দানার্থ প্রচুর অন্ন ইচ্ছা করি।

১০। আমি প্রজ্ঞাবান্ আমি দ্যাবাপৃথিবী [illegible] দিগকে প্রণামের জন্য অতি উৎকৃষ্ট স্তোত্র করিয়াছি। পিতা মাতা নিন্দনীয় পাপ হইতে আমাকে রক্ষা করুন, এবং আমাদিগকে সর্ব্বদা নিকটে রাখিয়া তৃপ্তিকর বল দ্বারা পালন করুন।

১১। হে পিতঃ! হে মাতঃ! এই যজ্ঞে তোমাদিগের উদ্দেশে যে স্তোত্র উচ্চারণ করিতেছি, হে দ্যাবাপৃথিবী! তাহা সার্থক হউক। আশ্রয়দান দ্বারা তোমরা স্তোতৃগণের সমীপবর্ত্তী হও; যেন আমরা অন্ন, বল ও দীর্ঘায়ুঃ লাভ করিতে পারি।

---

১৮৬ সূক্ত।

বিশ্ব দেবগণ দেবতা। অগস্ত্য ঋষি।

১। বিশ্বানর সবিতা আমাদিগের স্তুতিহেতু ইলাদিগের সহিত যজ্ঞস্থলে

আগমন করুন (১)। হে যুবাগণ! আমাদিগের যজ্ঞে ইচ্ছাপূর্ব্বক আগমন করতঃ সমস্ত জগতের স্থায় আমাদিগকেও হৃষ্ট কর।

২। শত্রুদিগের আক্রমণকারী মিত্র, বরুণ ও অর্য্যমা এই সকলের সমান প্রীতিযুক্ত হইয়া আগমন করুন। সকলে আমাদিগের বর্দ্ধয়িতা হউন এবং শত্রুদিগকে অভিভব করতঃ আমাদিগের অন্ন যাহাতে হীন না হয়, তাহা করুন।

৩। হে দেবগণ! আমি ত্বরমান ও তোমাদিগের স্থায় প্রীতিযুক্ত হইয়া তোমাদিগের শ্রেষ্ঠ অতিথি অগ্নিকে স্বস্তিমন্ত্রদ্বারা স্তব করি। উত্তম কীর্ত্তিযুক্ত স্ত্রী বরুণ আমাদিগেরই হউন, ও শত্রুদিগের প্রতি হুঙ্কারকরতঃ আমাদিগকে অন্নদ্বারা পরিপূর্ণ করুন।

৪। হে দেবগণ! আমরা দিবারাত্রি নমস্কার করতঃ পাপজয়ের জন্য দোহবতী ধেনুর স্থায় তোমাদিগের নিকট উপস্থিত হইতেছি। আমরা যথা-সময়ে একমাত্র উধঃ হইতে উৎপন্ন নানারূপ খাদ্যদ্রব্য মিশ্রিত করিয়া আনিয়াছি।

৫। অহির্বুধ্ন্য (২) আমাদিগকে সুখ প্রদান করুন। সিন্ধু বৎসের স্থায় আমাদিগকে প্রীত করুন; আমরা জলের নপ্তা (অগ্নি দেবকে) স্তুতিকরতঃ প্রাপ্ত হইতেছি। মনের স্থায় বেগশালী মেঘসকল তাঁহাকে বহন করিতেছে।

৬। [illegible] দিগের অভিমুখে [illegible] গমন করুন। যজ্ঞের নিমিত্ত [illegible] স্তোতৃগণের সহিত সমান প্রীতিযুক্ত হউন। অতিমহান্ বৃত্রঘাতী, মনুষ্য-গণের অভীষ্টপূরক ইন্দ্র আমাদিগের যজ্ঞস্থলে উপস্থিত হউন।

৭। ধেনুগণ যেমন বৎসের গাত্রলেহন করে, সেইরূপ অশ্বতুল্য আমা-দিগের মন তরুণ ইন্দ্রকে স্তুতি করিতেছে। পত্নীগণ যেরূপ পতিকে প্রাপ্ত হইয়া সন্তান প্রসব করে, সেইরূপ আমাদিগের স্তুতি অতিশয় যশোযুক্ত ইন্দ্রকে প্রাপ্ত হইয়া ফল উৎপন্ন করে।

৮। অত্যন্ত বলশালী, সমান প্রীতিযুক্ত, পৃষৎনামক অশ্বযুক্ত, অবনত-স্বভাব, শত্রুভক্ষক, মরুৎগণমৈত্রীযুক্ত ঋত্বিগ্‌গণের স্থায় দ্যাবাপৃথিবীর সকাশ হইতে একত্রে আমাদিগের এই যজ্ঞস্থলে আগমন করুন।

---

(১) ইলা সম্বন্ধে ৩১ সূক্তের ১১ ঋকের টীকা দেখ।

(২) "অহিরন্তরীক্ষগামী * * * এতন্নামকো দেবঃ। সএব বুধ্ন্যঃ। সায়ণ।

৯। মরুৎগণের মহিমা প্রসিদ্ধ, যেহেতু তাঁহারা স্তুতির প্রয়োগ অবগত আছেন। অনন্তর, সুদিনে অন্ধকারবিনাশক আলোক যেমন জগৎ ব্যাপ্ত করে, সেইরূপ তাঁহাদিগের বৃষ্টিপ্রদ সেনা সমস্ত অনুর্ব্বর দেশকে উৎপাদিকা-শক্তিবিশিষ্ট করে।

১০। হে ঋত্বিক্‌গণ! আমাদিগের রক্ষার জন্য অশ্বিদ্বয়কে ও পূষাকে স্তুতি কর। দ্বেষরহিত বিষ্ণু, বায়ু ঋভুক্ষা (৩) নামক স্বাধীনবলবিশিষ্ট দেবগণকে স্তব কর। আমি সুখের নিমিত্ত সমস্ত দেবগণকে অভিমুখে আনয়ন করিব।

১১। যজনীয় দেবগণ! তোমাদিগের প্রসিদ্ধ দীধিতি আমাদিগের প্রাণপ্রদ ও নিবাসপ্রদ হউক। তোমাদিগের বসুমতী দীধিতি দেবগণকে প্রকাশ করুক। যেন আমরা অন্ন, বল ও দীর্ঘায়ুঃ লাভ করিতে পারি।

---

১৮৭ সূক্ত।

পিতু দেবতা। অগস্ত্য ঋষি।

১। আমি ত্বরান্বিত হইয়া মহান্, সকলের ধারক ও বলাত্মক পিতুকে (১) স্তব করি। তাঁহারই সামর্থ্যে ত্রিত [illegible] সন্ধিচ্ছেদ করিয়া বধ করিয়াছিলেন! [illegible]

২। হে স্বাদু পিতু! হে মধুর পিতু! আমরা তোমার সেবা করি, তুমি আমাদিগের রক্ষা কর।

৩। হে পিতু! তুমি মঙ্গলময়, তুমি কল্যাণকর আশ্রয়দানদ্বারা আমাদিগের নিকট আগমন করতঃ আমাদিগের সুখ উৎপাদন কর। তোমার রস যেন আমাদিগের অপ্রিয় না হয়; তুমি আমাদিগের সখা ও অদ্বিতীয় সুখকর হও।

৪। হে পিতু! বায়ু যেরূপ অন্তরীক্ষ আশ্রয় করিয়া আছে, সেইরূপ তোমার রস সমস্ত জগতের অনুকূলে ব্যাপ্ত রহিয়াছে।

---

(৩) "ঋভুক্ষাঃ পতিরিন্দ্রঃ।" সায়ণ।

(১) "পিতু" অর্থে অন্ন। "পিতুং পালকং অন্নং।"

(২) সায়ণ "ত্রিত" অর্থ করিয়াছেন "ত্রিষু স্থিতাদিস্থানেষু ব্যাপ্যমানোহপি ইন্দ্রঃ।" কিন্তু ত্রিত ইন্দ্র হইতেও পুরাতন "আর্য্যদিগের দেব।" ৫২ সূক্তের ৫ ঋকের টীকা দেখ।

৫। হে স্বাদুতম পিতু! যে সকল লোক তোমাকে প্রার্থনা করে, তাহারা ভোক্তা। হে পিতু! তোমার অনুগ্রহে তাহারা তোমাকে দান করে। তোমার রসাস্বাদী ব্যক্তিগণের গ্রীবা উন্নত হয়।

৬। হে পিতু! মহৎ দেবগণ তোমাতেই মন নিহিত করিয়াছেন। হে পিতু! তোমার চারু প্রজ্ঞা ও আশ্রয়দ্বারাই অহিকে বধ করিয়াছিলে।

৭। হে পিতু! যখন মেঘগণের প্রসিদ্ধ উদক আগমন করে, তখন হে মধুর পিতু! তুমি আমাদিগের সম্পূর্ণরূপে ভোজনের জন্য সন্নিহিত হও।

৮। যেহেতু আমরা প্রভূত জল ও ওষধি ভক্ষণ করি; অতএব হে শরীর! তুমি স্থূল হও।

৯। হে সোম! তোমার দুগ্ধাদি মিশ্রিত ও যবাদি মিশ্রিত অংশ ভক্ষণ করি; অতএব হে শরীর! তুমি স্থূল হও।

১০। হে করম্ভ ওষধি (৩)! তুমি স্থূলতাসম্পাদক, রোগনিবারক ও ইন্দ্রিয়োদ্দীপক হও। হে শরীর! তুমি স্থূল হও।

১১। হে পিতু! ধেনুগণের নিকট যেরূপ হব্য গৃহীত হয়, সেইরূপ তোমার নিকট আমরা স্তুতিদ্বারা রস গ্রহণ করি। ঐ রস কেবল দেবতাগণের নহে, আমাদিগকেও হৃষ্ট করে।

---

১৮৮ সূক্ত।

আপ্রী (১) দেবতা। অগস্ত্য ঋষি।

১। হে অগ্নি! ঋত্বিগ্‌গণ কর্তৃক সম্যক্‌রূপে সমিদ্ধ নামক অগ্নি হইয়া অদ্য শোভা পাইতেছ। হে সহস্রজিৎ দেব! তুমি কবি ও দূত, তুমি হব্য বহন কর।

২। পূজনীয় তনূনপাৎ (নামক অগ্নি) সহস্র প্রকার অন্ন ধারণ করতঃ যজমানের জন্য মধুর রসোপেত দ্রব্যে মিলিত হইতেছেন।

---

(৩) "করম্ভাদিরূপঃ সক্তুপিণ্ডঃ অস্তি।" সায়ণ। "Cake of fried meal."—*Wilson.*

(১) এ সূক্তটীও আপ্রী সূক্ত। এই মণ্ডলের পূর্ব্বের দুইটি আপ্রী সূক্তের অর্থাৎ ১৩ ও ১৪২ সূক্তের টীকা দেখ। এ আপ্রী সূক্তের ঋষি অগস্ত্য, সুতরাং ইহাকে তনূনপাতের উল্লেখ আছে, নরাশংসের উল্লেখ নাই।

৩। হে ঈড্যনামক অগ্নি! তুমি আমাদিগের কর্তৃক আহূত হইয়া আমাদিগের জন্য যজ্ঞভাক্ দেবগণকে আনয়ন কর। হে অগ্নি! তুমি অপরিমিত ধনদাতা।

৪। সহস্র বীরবিশিষ্ট, পূর্ব্বাভিমুখে অগ্রভাগ যুক্ত, যে অগ্নিরূপ বর্হিতে আদিত্যগণ বিরাজিত আছেন, তাঁহাকে ঋষিগণ মন্ত্রপ্রভাবে আচ্ছাদিত করিতেছেন।

৫। যজ্ঞশালার বিরাট্, সম্রাট্, বিভু, প্রভু, বহু, ও ভূয়ান্ (অগ্নিরূপ) দ্বারা জল ক্ষরণ করিতেছে।

৬। দীপ্ত আভরণযুক্ত ও সুন্দররূপবিশিষ্ট (অগ্নিরূপ) উষাদ্বয় (২) অত্যন্ত শোভাশালী হইয়া বিরাজ করিতেছেন। তাঁহারা এই স্থলে উপবেশন করুন।

৭। এই অতি উৎকৃষ্ট, প্রিয়ভাষী, (অগ্নিরূপ) দৈবহোতা ও দিব্য কবিদ্বয় আমাদিগের যজ্ঞে উপস্থিত হউন।

৮। হে (অগ্নিরূপ) ভারতী, সরস্বতী ও ইলা। আমি তোমাদিগের সকলকে, আহ্বান করিতেছি, যাহাতে সম্পত্তিশালী হইতে পারি, তাহা কর।

৯। (অগ্নিরূপ) ত্বষ্টা রূপবিধানে সমর্থ, তিনি সমস্ত পশুগণের রূপ ব্যক্ত করেন। হে ত্বষ্টা! আমাদিগকে অধিক পরিমাণে পশু প্রদান কর।

১০। হে (অগ্নিরূপ) বনস্পতি! তুমি দেবতাগণের পশুরূপ অন্ন উৎপাদন কর। অগ্নি হব্যসকল স্বাদু করুন।

১১। দেবগণের অগ্রগামী অগ্নি গায়ত্রীচ্ছন্দে লক্ষিত হইয়া থাকেন, (অগ্নিরূপ) স্বাহাপ্রদানের সময় তিনি দীপ্ত হন।

---

১৮৯ সূক্ত।

অগ্নি দেবতা। অগস্ত্য ঋষি।

১। হে দীপ্তিবিশিষ্ট অগ্নি! তুমি সকল প্রকার প্রজ্ঞান অবগত আছ; অতএব আমাদিগকে সুপথে ধনেরদিকে লইয়া যাও। তুমি কুটিল-

---

(২) অর্থাৎ অহোরাত্রি। মূলে "উষাসৌ" আছে। "উষঃ শব্দঃ দিবসস্য উপলক্ষকঃ। রাত্রিঃ উষা চ।" সায়ণ।

কারী পাপকে আমাদিগের নিকট হইতে লইয়া যাও, আমরা বারম্বার তোমাকে নমস্কার করি।

২। হে অগ্নি! তুমি নূতন; তুমি আমাদিগকে স্তুতিদ্বারা সমস্ত দুর্গম পাপ হইতে উদ্ধার কর। আমাদিগের নগরী অত্যন্ত প্রশস্ত হউক; আমাদিগের ভূমিও প্রশস্ত হউক; তুমি আমাদিগের পুত্র ও অপত্য সকলকে সুখপ্রদান কর।

৩। হে অগ্নি! তুমি আমাদিগের নিকট হইতে রোগ সকলকে দূর কর; এবং যে সকল মনুষ্যকে অগ্নি রক্ষা করেন না, ও যাহারা আমাদিগের বিরুদ্ধাচরণ করে, তাহাদিগকেও দূর করিয়া দাও। হে দেব! তুমি আমাদিগকে শোভন-ফলদানের জন্য সমস্ত মরণরহিত দেবগণের সহিত যজ্ঞশালায় আগমন কর।

৪। হে অগ্নি! তুমি অজস্র আশ্রয়দান দ্বারা আমাদিগকে পালন কর, আমাদিগের প্রিয় যাগগৃহে সমন্তাৎ দীপ্তিযুক্ত হও। হে যুবা অগ্নি! আমি তোমার স্তোতা, আমার যেন অদ্য ভয় না হয়, অন্তকালেও যেন আমার ভয় না হয়।

৫। হে অগ্নি! আমাদিগকে হিংসক, অন্নগ্রাসী, শুভনাশী রিপুর হস্তে সমর্পণ করিও না; আমাদিগকে দন্তবিশিষ্ট, দংশনকারীর (১) হস্তে সমর্পণ করিও না; দন্তরহিতের (২) হস্তে সমর্পন করিও না। হে বলবান্ অগ্নি। হিংসকদিগের (৩) হস্তে আমাদিগকে সমর্পণ করিও না।

৬। হে যজ্ঞোৎপন্ন অগ্নি! তুমি বরণীয়। শরীর পুষ্টির জন্য স্তব করতঃ লোকে তোমাকে প্রাপ্ত হইয়া সমস্ত হিংসক ও নিন্দাকারী ব্যক্তির হস্ত হইতে আপনাকে মুক্ত করে। হে অগ্নি! যাহারা সম্মুখে কুটিলাচরণ করে, তুমি এরূপ শত্রুকে দমন কর।

৭। হে যজনীয় অগ্নি! তুমি যষ্টা ও অযষ্টা উভয়বিধ লোককে বিশেষরূপে জানিয়া যষ্টাগণকে কামনা কর। হে আক্রমণকারী অগ্নি! পবিত্রতাভিলাষী যজমান যেমন ঋত্বিক্‌গণের শিক্ষণীয় হয়, তুমিও যথাকালে, সেইরূপ মনুষ্য যজমানের শিক্ষণীয় হও।

(১) সর্পাদি।

(২) বৃষাদি বিশিষ্ট পশু।

(৩) তস্কর, রাক্ষসাদি।

৮। মানের পুত্র (৪) এই শত্রুনাশক অগ্নি সম্বন্ধে এই স্তোত্র বচনসমূহ রচনা করিয়াছেন। আমরা এই অতীন্দ্রিয় প্রকাশক মন্ত্রদ্বারা সহস্র ধনলাভ করিব; যেন অন্ন, বল ও দীর্ঘায়ুঃ লাভ করিতে পারি।

১৯০ সূক্ত।

বৃহস্পতি দেবতা। অগস্ত্য ঋষি।

১। হে হোতা! অভীষ্টবর্ষী, মিষ্টজিহ্বা ও স্তুতিযোগ্য বৃহস্পতিকে (১) অর্চনাসাধন মন্ত্রদ্বারা বর্দ্ধিত কর। তিনি স্তোতাকে ত্যাগ করেন না। দীপ্তিযুক্ত, স্তূয়মান বৃহস্পতিকে গাথাপাঠক দেবগণ ও মনুষ্যগণ স্তব শ্রবণ করাইতেছেন।

২। ঋতুসম্বন্ধীয় স্তুতিসকল সৃজনকর্ত্তারূপ বৃহস্পতির নিকট গমন করে। তিনি দেবকামিগণকে ফলপ্রদান করেন, তিনি সমস্ত জগৎ ব্যক্ত করেন, তিনি স্বর্গব্যাপী মাতরিশ্বার ন্যায় বরণীয় ফল উৎপাদন করতঃ যজ্ঞের জন্য সম্ভূত হইয়াছেন।

৩। সবিতা যেরূপ কিরণ প্রকাশ করিতে যত্ন করেন, সেইরূপ বৃহস্পতি যজমানগণের স্তুতি, অন্ন, দান, ও মন্ত্রসমূহ স্বীকারার্থ যত্ন করিতেছেন। রাক্ষস শত্রুশূন্য বৃহস্পতির সামর্থ্যে দিবসকালীন সূর্য্য ভয়ঙ্কর শ্বাপদের ন্যায় বলশালী হইয়া ভ্রমণ করিতেছেন।

৪। বৃহস্পতির কীর্ত্তি দ্যুলোক ও ভূলোকে ব্যাপ্ত হইতেছে। বৃহস্পতি সূর্য্যের ন্যায় পূজিত হব্য ধারণ করেন, প্রাণীদিগের চৈতন্য সমুৎপাদন করেন, ও ফল প্রদান করেন। বৃহস্পতির আয়ুধ মৃগয়াশীলগণের আয়ুধের ন্যায় গমন করে, ও মায়াচারীদিগের অভিমুখে প্রত্যহ ধাবিত হয়।

৫। হে বৃহস্পতি! যে সকল পাপবুদ্ধি লোক, কল্যাণকর বৃহস্পতিকে

---

(৪) মূলে "মানস্য সূনুঃ" আছে। সায়ণ এটি অগ্নির বিশেষণ করিয়া এইরূপ ব্যাখ্যা করিয়াছেন, যথা "মীয়তে ইতি মানো যজ্ঞঃ। তস্য সূনুঃ অগ্নিঃ।" এ ব্যাখ্যা সঙ্গত বোধ হয় না। ১৬৫ সূক্তের ১৫ ঋকের টীকা দেখ।

(১) "বৃহস্পতিং মন্ত্রস্য পালয়িতারং এতন্নামকং দেবং।" সায়ণ। ১৮ সূক্তের ১ ঋকের টীকা দেখ।

জীর্ণ বৃষভ মনে করিয়া থাকে, তাহাদিগকে বরণীয় ধন প্রদান করিও না। হে বৃহস্পতি! যে সোমযজ্ঞ করে, তাহাকে নিশ্চয়ই অনুগ্রহ করিয়া থাক।

৬। হে বৃহস্পতি! তুমি, সুখগামী ও সুখাদ্যবিশিষ্ট যজমানের পথস্বরূপ এবং দুষ্টদমনকারী রাজার বন্ধু। যে সকল ব্যক্তি আমাদিগকে নিন্দা করে, তাহাদিগকে রক্ষাশূন্য কর।

৭। মনুষ্য যেরূপ রাজার সহিত মিলিত হয়, কূলদ্বয়ে সীমাবদ্ধ নদী যেরূপ সমুদ্রে মিলিত হয়, সেইরূপ সমস্ত স্তুতি বৃহস্পতিতে মিলিত হয়। তিনি বিদ্বান্; আকাশবিচারী পক্ষীর ন্যায় বৃহস্পতি মধ্যে থাকিয়া উভয় জল এবং পার হইবার ঘাট দেখিতে পান।

৮। এইরূপেই বৃহস্পতি মহান্, বলবান্, অভীষ্টবর্ষী ও দীপ্তিমান্ এবং বহু লোকের উপকারার্থ উৎপন্ন হইয়াছেন। তাঁহার স্তব করিলে, তিনি আমাদিগকে বীরবিশিষ্ট করুন। যেন আমরা অন্ন, বল ও দীর্ঘায়ুঃ লাভ করিতে পারি।

---

১৯১ সূক্ত।

জল, তৃণ, ও সূর্য্য দেবতা। অগস্ত্য ঋষি।

১। অল্পবিষপ্রাণী, মহাবিষপ্রাণী, জলচর অল্পবিষপ্রাণী (১) দুই প্রকার দাহকরপ্রাণী, এবং অদৃশ্যরূপপ্রাণী, আমাকে বিষদ্বারা সম্পূর্ণরূপে লিপ্ত করিয়াছে।

২। যে ঔষধ আসিতেছে, তাহা অদৃশ্যরূপ বিষধর প্রাণীকে নাশ করে, ও প্রত্যাবর্তনকালে তাহাকে নাশ করে। বিনষ্ট হইবার সময় নাশ করে, এবং পিষ্ট হইবার সময় পেষণ করে।

৩। শর, কুশর, দর্ভ, সৈর্য্য, মুঞ্জ, বীরণ প্রভৃতি অদৃষ্টরূপে অবস্থিত বিষধরগণ সকলে মিলিত হইয়া আমাকে লিপ্ত করিতেছে।

৪। যখন ধেনুগণ গোষ্ঠে উপবেশন করিয়া আছে, যখন মৃগসকল নিজ নিজ স্থানে বিশ্রাম করিতেছে, যখন মনুষ্যের চৈতন্য অপগত হইয়াছে, তখন অদৃশ্যরূপ বিষধর আমাকে লিপ্ত করিয়াছে।

---

(১) কঙ্কত, নকঙ্কত; সতীনকঙ্কত, মূলে এই তিন শব্দ আছে।

৫। তস্করের ন্যায় এই সকলকে রাত্রিকালে দেখা যায়। উহারা নিজে অদৃশ্য হইলেও সমস্ত জগৎ দর্শন করে অতএব মনুষ্যগণ সাবধান হও।

৬। স্বর্গ পিতা, পৃথিবী মাতা, সোম ভ্রাতা, অদিতি ভগিনী। অদৃষ্ট সর্ব্বদর্শীগণ! তোমরা নিজ নিজ স্থানে অবস্থিতি কর, এবং যথাসুখে গমন কর।

৭। যাহারা স্কন্ধবিশিষ্ট, যাহারা অঙ্গবিশিষ্ট (২) যাহারা সূচিবিশিষ্ট (৩) যাহারা অত্যন্ত বিষযুক্ত, অদৃষ্টগণ! তোমাদিগের এখানে কি আছে? তোমরা সকলে মিলিয়া আমাদিগের নিকট হইতে চলিয়া যাও।

৮। পূর্ব্বদিকে সূর্য্যদেব উদিত হইতেছেন। তিনি সমস্ত বিশ্ব দর্শন করেন এবং অদৃষ্টদিগকে বিনাশ করেন। তিনি সমস্ত অদৃষ্টদিগকে ও যাতুধানী (৪) দিগকে বিনাশ করেন।

৯। সূর্য্য প্রচুর পরিমাণে সমস্ত বিষ নাশ করতঃ উদয় হইতেছেন। সর্ব্বদর্শী, অদৃশ্যদিগের বিনাশক, আদিত্য জীবলোকের মঙ্গলের জন্য উদিত হইতেছেন।

১০। শৌণ্ডিক গৃহে চর্ম্মময় সুরাপাত্রের ন্যায়, আমি সূর্য্যমণ্ডলে বিষ নিক্ষেপ করিতেছি। পূজনীয় সূর্য্যদেব যেমন প্রাণত্যাগ করেন না, সেইরূপ আমরাও প্রাণত্যাগ করিব না। সূর্য্যদেব অশ্বদ্বারা চালিত হইয়া দূরস্থিত বিষকে অপনয়ন করেন। হে বিষ! মধুবিদ্যা তোমাকে অমৃতে পরিণত করে।

১১। ক্ষুদ্র শকুন্তিকা পক্ষী তোমার বিষ খাইয়া ফেলিয়াছিল, সে যেমন প্রাণত্যাগ করে না, আমরাও প্রাণত্যাগ করিব না। সূর্য্যদেব অশ্বদ্বারা চালিত হইয়া দূরস্থিত বিষকে অপনয়ন করেন। হে বিষ! মধুবিদ্যা তোমাকে অমৃতে পরিণত করে।

১২। একবিংশতি অগ্নিস্ফুলিঙ্গ (৫) বিষের পুষ্টি বিনাশ করুক। তাহারা

---

(২) মূলে "[illegible]" আছে। ইহাদ্বারা সর্প বুঝাইতেছে।

(৩) বৃশ্চিকাদি।

(৪) সায়ণ "যাতুধানী" অর্থে লিখিয়াছেন "[illegible] বা।" [illegible] ঋকের টীকা দেখ।

(৫) অগ্নির সাতটি জিহ্বা আছে, প্রত্যেক জিহ্বা হইতে শ্বেত, লোহিত ও কৃষ্ণবর্ণ তিন প্রকার বিস্ফুলিঙ্গ বহির্গত হয়। এইরূপে, অগ্নির একবিংশতি [illegible] বলা [illegible] অথবা বিস্ফুলিঙ্গ [illegible] ২১ প্রকার পক্ষী। সায়ণ।

কখন প্রাণত্যাগ করে না, তাহাদিগের ন্যায় আমরাও প্রাণত্যাগ করিব না। সূর্য্যদেব অশ্বদ্বারা চালিত হইয়া দূরস্থিত বিষকে অপনয়ন করেন। হে বিষ! মধুবিদ্যা তোমাকে অমৃতে পরিণত করে।

১৩। আমি সমস্ত বিষনাশক নবনবতি সংখ্যক নদীর নাম কীর্ত্তন করি। সূর্য্যদেব অশ্বদ্বারা চালিত হইয়া দূরস্থিত বিষকে অপনয়ন করেন। হে বিষ! মধুবিদ্যা তোমাকে অমৃতে পরিণত করে।

১৪। রমণীগণ কুম্ভ করিয়া যেরূপ জল লইয়া যায়, হে দেহ! একবিংশতি সংখ্যক ময়ূরী ও সপ্তনরী সেইরূপ তোমার বিষ হরণ করুক।

১৫। হে দেহ! অতিক্ষুদ্র নকুল তোমার বিষ হরণ করুক; যদ্যপি না করে, আমি ঐ কুৎসিত (জন্তুকে) লোষ্ট্রদ্বারা আঘাত করিব। বিষ আমার দেহ হইতে দূর হউক এবং দূরদেশে গমন করুক।

১৬। নকুল, যখন পর্ব্বত হইতে আগমন করতঃ বলিল, বৃশ্চিকের বিষ রসশূন্য। হে বৃশ্চিক! তোমার বিষ রসশূন্য (৬)।

---

(৬) এই সূক্ত হইতে প্রকাশ হয় যে এক্ষণকার ন্যায় পূর্ব্বকালেও ভারতবর্ষে সর্প বৃশ্চিকাদির অত্যাচার ছিল। শেষ সাতটী ঋকে ঋষি বিষ অপনয়নের জন্য সর্পশত্রু, সূর্য্য, শকুন, অগ্নি, নদী, ময়ূর ও নকুলকে স্মরণ করিতেছেন। এইরূপ ওঝার মন্ত্র বঙ্গদেশে অনেকই দেখা যায়, অথর্ব্ববেদে এরূপ মন্ত্র বিস্তর আছে।

দ্বিতীয় মণ্ডল।

১ সূক্ত।

অগ্নি দেবতা। গৃৎসমদ ঋষি (১)।

১। হে মনুষ্যদিগের নরপতি অগ্নি! তুমি যজ্ঞদিনে উৎপন্ন হও; তুমি দীপ্তিশালী হইয়া উৎপন্ন হও; তুমি শুচি হইয়া উৎপন্ন হও; তুমি জল হইতে উৎপন্ন হও; তুমি প্রস্তর হইতে উৎপন্ন হও; তুমি বন হইতে উৎপন্ন হও; তুমি ওষধি হইতে উৎপন্ন হও।

২। হে অগ্নি! হোতার কর্ম্ম তোমারই, পোতার কর্ম্ম তোমারই, ঋত্বিকের কর্ম্ম তোমারই, নেষ্টার কর্ম্ম তোমারই। তুমি অগ্নীধ্র, তুমি যখন যজ্ঞ কামনা কর, তখন প্রশাস্তার কর্ম্ম তোমারই। তুমিই অধ্বর্য্যু, তুমিই ব্রহ্মানামক ঋত্বিক্, এবং তুমি আমাদিগের গৃহে গৃহপতি (২)।

৩। হে অগ্নি! তুমি সাধুদিগের অভীষ্টবর্ষী, [illegible] বিষ্ণু, তুমি বহুলোকের স্তুত্য তুমি নমস্কার যোগ্য [illegible] ধনবান্ স্তুতির অধিপতি! তুমিই ব্রহ্মা (৩) তুমি বিবিধ পদার্থ সৃষ্টি কর, ও বহু প্রকার বুদ্ধিতে অবস্থিতি কর।

---

(১) গৃৎসমদ বা তদ্বংশীয়গণ দ্বিতীয় মণ্ডলের সমস্ত সূক্তের ঋষি। প্রবাদ আছে তিনি আঙ্গিরা বংশীয় শুনহোত্রের পুত্র ছিলেন, পরে গৃৎসমদ নাম ধরিয়া ভৃগুবংশীয় শুনকের পুত্র শৌনক বলিয়া অভিহিত হইলেন। সায়ণ বেদের অনুক্রমণিকা হইতে এই বচন উদ্ধৃত করিয়াছেন, যথা,—"য আঙ্গিরসঃ শৌনহোত্রো ভূত্বা ভার্গবঃ শৌনকোঽভবৎ স গৃৎসমদো দ্বিতীয়ং মণ্ডলং অপশ্যৎ।" আরও প্রবাদ আছে যে বেদের অনুক্রমণিকার রচয়িতা কাত্যায়ণ এই শৌনক গৃৎসমদের শিষ্য ছিলেন।

(২) যজ্ঞের কয়েক জন ঋত্বিকের নাম এখানে পাওয়া যায়। সে বিষয়ে ১ মণ্ডলের ৩৬ সূক্তের ৭ ঋকের টীকা দেখ।

[এক্ষণে আমরা দ্বিতীয় মণ্ডলে আসিয়া পড়িলাম, এক্ষণে কোনও সূক্তের উল্লেখ করিতে হইলে কেবল সূক্তের সংখ্যা দিলে হইবে না, মণ্ডলের সংখ্যাও দিতে হইবে। সংক্ষেপের জন্য আমরা ১ মণ্ডল, ৩৬ সূক্ত ৭ ঋক্ এরূপ না লিখিয়া ১।৩৬।৭ এইরূপ লিখিব।]

(৩) মূলে "ত্বং ব্রহ্মা রয়িবিৎ ব্রহ্মণস্পতে" আছে। "ব্রহ্মণস্পতে" অর্থে সায়ণ লিখিয়াছেন "কর্ম্মণো মন্ত্রস্য বা পালয়িতুঃ।" অতএব "ব্রহ্মা" অর্থে এস্থলে বো[illegible] স্তুতিদেব "ব্রহ্মণস্পতি"। ১।১৮।১ টীকা দেখ।

৪। হে অগ্নি! তুমি ধৃতব্রত, অতএব তুমি রাজা বরুণ। তুমি শত্রুদিগের বিনাশক ও স্তুতিযোগ্য, অতএব তুমি মিত্র। তুমি সাধুগণের পালক, অতএব তুমি অর্য্যমা। অর্য্যমার দান সর্ব্বব্যাপী। তুমি অংশ (৪) হে দেব! তুমি আমাদিগের যজ্ঞে ফল দান কর।

৫। হে অগ্নি! তুমি ত্বষ্টা, তুমি পরিচর্য্যাকারীর বীর্য্যস্বরূপ, স্তুতিবাক্য সকল তোমারই, তোমার তেজঃ হিতকারী, তুমি আমাদিগের বন্ধু, তুমি শীঘ্র উৎসাহিত কর, তুমি আমাদিগের উত্তম অশ্ববিশিষ্ট ধন প্রদান কর। তোমার ধন প্রভূত, তুমি মনুষ্যগণের বলস্বরূপ।

৬। হে অগ্নি! তুমি মহৎ আকাশের অসুর রুদ্র,(৫) তুমি মরুৎগণের বলস্বরূপ, তুমি অন্নের ঈশ্বর। তুমি সুখের আধার স্বরূপ, তুমি লোহিতবর্ণ বায়ু সদৃশ অশ্বে গমন কর। তুমি পূষা, তুমি আপনিই অনুগ্রহ করিয়া পরিচালক ব্যক্তিদিগকে রক্ষা কর।

৭। হে অগ্নি! তুমি অলঙ্কারকারী যজমানের পক্ষে স্বর্ণদাতা। তুমি দ্যোতমান সবিতা, রত্নের আধার স্বরূপ। হে নৃপতি! তুমিই ধনদাতা ভগ। যে যজমান যজ্ঞগৃহে তোমার পরিচর্য্যা করে, তুমি তাহাকে পালন কর।

৮। হে অগ্নি! লোকে নিজ নিজ গৃহে তোমাকে প্রাপ্ত হয় ও তোমাকে ভূষিত করে। তুমি মনুষ্যগণের পালক, দীপ্তিমান্ এবং আমাদিগের প্রতি অনুগ্রহসম্পন্ন। তোমার সেনা অতি উত্তম, তুমি সমস্ত হব্যের ঈশ্বর, তুমি সহস্র, শত, দশ, ফল দান কর।

৯। হে অগ্নি! লোকে যজ্ঞদ্বারা তোমাকে তৃপ্ত করে, যেহেতু তুমি পিতা। তোমার সৌভ্রাত্র লাভের জন্য কর্ম্মদ্বারা তোমাকে তৃপ্ত করে, তুমি তাহাদিগের শরীর দীপ্ত করিয়া দাও। যে তোমার পরিচর্য্যা করে তুমি তাহার পুত্র হও। তুমি সখা, শুভকারী ও শত্রুনিবারক হইয়া পালন কর।

---

(৪) বরুণ, মিত্র, অর্য্যমা ও অংশ ইঁহারা সকলেই আদিত্য। ১।১৪।৩ ঋকের টীকা দেখ।

(৫) দ্বিতীয় মণ্ডলে "অসুর শব্দ দেবগণের সম্বন্ধে তিনবার ব্যবহার হইয়াছে, যথা,—

১ সূক্তের ৬ ঋকে রুদ্র সম্বন্ধে।
২৭ ,, ১০ ,, বরুণ ,,
২৮ ,, ৭ ,, বরুণ ,,
৩০ ,, ৪ ,, বলবান্ বৃত্রবধ সম্বন্ধে।
৫৪ সূক্তের ৩ ঋকের টীকা দেখ।

১০। হে অগ্নি! তুমি ঋভু, তুমি প্রত্যক্ষ স্তুতিযোগ্য, তুমি সর্ব্বত্র বিশ্রুত ধন ও অন্নের স্বামী। তুমি অতিশয় উজ্জ্বল, তুমি অন্ধকার ছেদনের জন্য ক্রমে ক্রমে কাষ্ঠাদি দাহ কর। তুমি বিশেষরূপে যজ্ঞ নির্ব্বাহ কর এবং তাহার ফল বিস্তার কর।

১১। হে দেব অগ্নি! তুমি হব্যদাতার পক্ষে অদিতি। তুমি হোত্রা, ভারতী, তুমি স্তুতিদ্বারা বৃদ্ধিপ্রাপ্ত হও। তুমি শত বৎসরের ইলা (৬) তুমি দান সমর্থ। হে ধনপালক। তুমি বৃত্রহন্তা, তুমি সরস্বতী।

১২। হে অগ্নি! উত্তমরূপে পোষিত হইলে তুমিই উত্তম অন্ন। তোমার স্পৃহণীয় এবং উত্তম বর্ণে ঐশ্বর্য্য অবস্থিতি করে। তুমিই অন্নস্বরূপ, তুমিই ত্রাণ কর, তুমিই বৃহৎ, তুমি ধনরূপ, তুমি বহুল ও সর্ব্বত্র বিস্তীর্ণ।

১৩। হে অগ্নি! আদিত্যগণ তোমাকে মুখ করিয়াছেন; হে কবি! শুচি দেবগণ তোমাকে জিহ্বা করিয়াছেন। দানকালে সমবেত দেবগণ যজ্ঞে তোমার অপেক্ষা করেন, এবং তোমাতেই আহুতিরূপে প্রদত্ত হব্য ভক্ষণ করেন।

১৪। হে অগ্নি! সমস্ত অমর ও দ্রোহরহিত দেবগণ তোমার আস্য হেতু আহুতিরূপে প্রদত্ত হব্য ভক্ষণ করেন। মর্ত্ত্যগণও তোমার দ্বারা অন্নাদি আস্বাদ প্রাপ্ত হয়। তুমি লতাদির গর্ভরূপ তুমি শুচি হইয়া জন্মিয়াছ।

১৫। হে অগ্নি! তুমি বলদ্বারা প্রসিদ্ধ দেবগণের সহিত মিলিত হও এবং তাঁহাদিগের হইতে পৃথক হও। হে সুজাত দেব! তুমি তাহাদিগের অপেক্ষা প্রবল হও, কারণ তোমারই মহিমায় এই যজ্ঞস্থিত অন্ন শব্দায়মান দ্যাবাপৃথিবীর (৭) মধ্যে ব্যাপ্ত হয়।

১৬। হে অগ্নি! যে মেধাবিগণ স্তোতৃগণকে গো ও অশ্ব প্রভৃতি ধন প্রদান করে, তাহাদিগকে এবং আমাদিগকে শ্রেষ্ঠ স্থানে লইয়া চল। আমরা বীর বিশিষ্ট হইয়া যজ্ঞে বৃহৎমন্ত্র উচ্চারণ করিব।

---

(৬) হোত্রা ও ভারতী সম্বন্ধে ১।১৩।৯ ঋকের টীকা ও ১।২২।১০ ঋকের টীকা দেখ। মূলে "ত্বং ইলা শতহিমা অসি" আছে। "শতহিমা" অর্থে "অপরিমিতকালা বিদ্যা" সায়ণ। Of a hundred winters.—*Wilson*.

(৭) মূলে "দ্যাবাপৃথিবী রোদসী" আছে। "রোদসী" অর্থই দ্যাবাপৃথিবী কিন্তু এখানে বিশেষরূপে ব্যবহৃত হইয়াছে। অর্থ শব্দায়মান।

ইলা সম্বন্ধে ১।৩১।১১ ঋকের টীকা দেখ।

২ সূক্ত।

অগ্নি দেবতা। গৃৎসমদ ঋষি।

১। অগ্নি দীপ্তিমান্, শোভন অন্নবিশিষ্ট, স্বর্গপ্রাপক, উদ্দীপ্ত, হোম-নিষ্পাদক এবং বলপ্রদাতা; সেই সর্ব্বভূতজ্ঞ অগ্নিকে যজ্ঞদ্বারা বর্দ্ধিত কর, এবং হব্য ও বিস্তৃত স্তুতি দ্বারা পূজা কর।

২। হে অগ্নি! দিবাকালে ধেনুগণ যেরূপ বৎসরের জন্য আকাঙ্ক্ষা করে, সেইরূপ যজমানগণ তোমাকে রাত্রি ও দিনে আকাঙ্ক্ষা করিতেছে। হে বহুলোকের বরণীয় অগ্নি! তুমি সংযত হইয়া দ্যুলোকের ন্যায় ব্যাপ্ত, এবং মনুষ্যদিগের সকল সময়ের যজ্ঞে বর্ত্তমান আছ, এবং রাত্রিতে প্রদীপ্ত হও।

৩। অগ্নি সুদর্শন, দ্যাবাপৃথিবীর ঈশ্বর, ধনপূর্ণ রথের ন্যায়, দীপ্তবর্ণ, শাখাস্বরূপ, ও কার্য্যসাধক, এবং যাগভূমিতে প্রশংসিত। দেবগণ সেই অগ্নিকে জগতের মূলদেশে স্থাপিত করিতেছেন।

৪। মনুষ্যগণ যজ্ঞগৃহে অগ্নি অন্তরীক্ষে বৃষ্টিজল সেচনকারী, চন্দ্রের ন্যায় দীপ্তিবিশিষ্ট, অন্তরীক্ষগামী শিখাদ্বারা লোকের চৈতন্য উৎপাদক, জলের ন্যায় রক্ষক, এবং সকলের জনয়িত্রী দ্যাবাপৃথিবীর পরিব্যাপক। সেই অগ্নিকে তাঁহার বিজন গৃহে স্থাপন করিয়াছেন।

৫। অগ্নি হোমনিষ্পাদক হইয়া সমস্ত যজ্ঞ ব্যাপ্ত করুন। মনুষ্যেরা হব্য ও স্তুতিদ্বারা তাঁহাকে অলঙ্কৃত করিয়াছেন। দাহকারী হনুবিশিষ্ট অগ্নি প্রবর্দ্ধমান ওষধির মধ্যে প্রজ্বালিত হইয়া, নক্ষত্র যেরূপ অন্তরীক্ষকে দ্যোতিত করে, সেইরূপ দ্যাবাপৃথিবীকে দ্যোতিত করিতেছে।

৬। হে অগ্নি! তুমি আমাদিগের মঙ্গলের জন্য ক্রমাগত বর্দ্ধিত ধন প্রদান করতঃ প্রজ্বালিত হইয়া দেদীপ্যমান হও। হে অগ্নি! দ্যাবাপৃথিবীতে আমাদিগকে ফলপ্রদ কর, মনুষ্য প্রদত্ত হব্য দেবগণের ভক্ষণার্থ নীত হউক।

৭। হে অগ্নি! আমাদিগকে প্রভূত ও সহস্রসংখ্যক বস্তু দান কর। কীর্ত্তির জন্য অন্ন ও অন্নের দ্বার উদ্মোচন কর। দ্যাবাপৃথিবীকে উৎকৃষ্ট যজ্ঞদ্বারা আমাদিগের অনুকূল কর, উষাগণ তোমাকে আদিত্যের ন্যায় বিদ্যোতিত করিতেছে।

৮। রমণীয় উষার অগ্নি প্রজ্বালিত হইয়া আদিত্যের ন্যায় উজ্জ্বল কিরণে দেদীপ্যমান হইতেছেন। মনুষ্যের হোমসাধন, স্তুতিদ্বারা স্তূয়মান, উত্তম

যাগবিশিষ্ট, ও প্রজাগণের অধিপতি অগ্নি, যজমানের নিকট প্রিয় অতিথির ন্যায় আগমন করিতেছেন।

৯। হে অগ্নি! তুমি প্রভূত দ্যুতিমান্। দেবগণের পূর্ব্ববর্ত্তী মনুষ্যের স্তুতি তোমাকে আপ্যায়িত করিতেছে। ঐ স্তুতি দুগ্ধবতী ধেনুর ন্যায় যজ্ঞস্থিত স্তোতার নিমিত্ত আপনিই অপরিমিত ও বিবিধ প্রকার ধন প্রদান করে।

১০। হে অগ্নি! আমরা তোমার প্রদত্ত অশ্ব ও অন্নদ্বারা প্রভূত সামর্থ্য লাভ করতঃ সমস্ত লোককে অতিক্রম করিয়া উঠিব; এবং আমাদিগের অতিপ্রভূত ও অন্যের অপ্রাপ্য ধনরাশি সূর্য্যের ন্যায় পঞ্চ কৃষ্টির উপরে দীপ্যমান্ হইবে (১)।

১১। হে শত্রুপরাজয়কারী অগ্নি! তুমি আমাদিগের স্তুতিযোগ্য। তুমি আমাদিগের স্তোত্র শ্রবণ কর; সুজাত স্তোতাগণ তোমারই উদ্দেশে স্তুতি করে। হে অগ্নি! ঔরস পুত্রলাভের আশায় হব্যবিশিষ্ট যজমানের যাগগৃহে দীপ্যমান, যজনীয় অগ্নির উপচর্য্যা করে।

১২। হে সর্ব্বভূতজ্ঞ অগ্নি! তোমার স্তোতা, ও মেধাবী যজমান, আমরা উভয়ে সুখলাভের আশায় তোমারই হইব। তুমি আমাদিগকে নিবাস হেতু অতিশয় আহ্লাদপ্রদ, প্রভূত, ভৃত্য ও পুত্রাদিবিশিষ্ট ধন প্রদান কর।

১৩। হে অগ্নি! যে মেধাবিগণ স্তোতৃগণকে গো ও অশ্ব প্রভৃতি ধন প্রদান করে তাহাদিগকে এবং আমাদিগকে শ্রেষ্ঠ স্থানে লইয়া চল। আমরা বীরবিশিষ্ট হইয়া যজ্ঞে বৃহৎমন্ত্র উচ্চারণ করিব।

---

৩ সূক্ত।

আপ্রী দেবতা। গৃৎসমদ ঋষি (১)।

১। বেদিভূমিতে নিহিত সমিদ্ধনামক অগ্নি সমস্ত ভুবন অভিমুখে অবস্থিত রহিয়াছে। হোমনিষ্পাদক, পবিত্রকারী, পুরাতন, প্রজ্ঞাবিশিষ্ট দ্যোতমান ও পূজাযোগ্য অগ্নি দেবগণের পূজা করুন।

---

(১) মূলে "পঞ্চকৃষ্টিষু" আছে। সায়ণ অর্থ করিয়াছেন "নিষাদপঞ্চমেষু চতুর্ষু বর্ণেষু" কিন্তু এ অর্থ ঠিক নহে, ১৮৩০৯ ঋকের টীকা দেখ। কৃষ্ ধাতু অর্থে কর্ষণ করা বা চাষ করা, কৃষ্টি অর্থে চাষ কার্য্য, অতএব পঞ্চ কৃষ্টি অর্থে পাঁচটী কৃষি [illegible] অন্যান্য স্থানে "পঞ্চক্ষিতি" বা "পঞ্চজন" শব্দ আছে।

(১) প্রথম মণ্ডলে ১৩ ও ১৪২ সূক্তের টীকা দেখ। এ সূক্তের ঋষি গৃৎসমদ [illegible] ইহাতে নরাশংসের উল্লেখ আছে, তনূনপাতের উল্লেখ নাই।

২। নরাশংস নামক অগ্নি সুন্দর শিখাবিশিষ্ট হইয়া নিজ মহিমায় প্রত্যেক আহুতিস্থান দীপ্যমান লোকত্রয় ব্যক্ত করতঃ ঘৃত বর্ষণেচ্ছায় হব্য সিক্ত করিয়া যজ্ঞের মুখভাগে দেবগণকে প্রকাশিত করুন।

৩। হে ইলিত নামক অগ্নি! আমাদিগের প্রতি অনুরক্তমনে যাগ কর্ম্মের যোগ্য হইয়া অদ্য আমাদের জন্য মনুষ্যের পূর্ব্ববর্ত্তী হইয়া দেবগণের যজ্ঞ কর। তুমি মরুৎগণ ও অচ্যুত ইন্দ্রকে সম্বোধন কর। হে ঋত্বিক্‌গণ! কুশোপবিষ্ট ইন্দ্রের যাগ কর।

৪। হে দেববর্হি স্বরূপ অগ্নি! তুমি আমাদিগের ধনলাভার্থ এই বেদিতে সম্পূর্ণরূপে বিস্তৃত হও। তুমি সর্ব্বদা বর্দ্ধমান এবং বীরপ্রদ। হে বসুগণ! হে বিশ্বদেবগণ! হে যজ্ঞার্হ আদিত্য গণ! তোমরা ঘৃতাক্ত বর্হিতে উপবেশন কর।

৫। হে দেবীদ্বাররূপ অগ্নি! তোমরা উদ্‌ঘাটিত হও, তোমরা মহান্, লোকে নমস্কার করতঃ তোমাদের হোম করে এবং সুখে তোমাদের নিকট গমন করে। তোমরা ব্যাপ্তিমান, অহিংসনীয়, বীরবিশিষ্ট, যশোযুক্ত, এবং বর্ণনীয়রূপের সম্পাদক। তোমরা বিশেষরূপে প্রখ্যাত হও।

৬। আমাদিগের সাধু কর্ম্মফলের চিরপ্রদায়ী উষা ও নক্ত রূপ অগ্নি, বয়নকুশল রমণীদ্বয়ের ন্যায় (২) পরস্পর সাহায্যার্থ গমনাগমন করতঃ যজ্ঞের রূপ নির্ম্মাণার্থ পরস্পরকে আনুকূল্য করিয়া বিস্তৃত তন্তু বয়ন করিতেছেন। তাঁহারা অত্যন্ত ফলপ্রদ এবং উদকবিশিষ্ট।

৭। দৈব্য হোতাদ্বয় রূপ অগ্নি প্রথমেই যজ্ঞার্হ। তাঁহারা সর্ব্বাপেক্ষা বিদ্বান্ ও বিশাল শরীরবিশিষ্ট, তাঁহারা মন্ত্রদ্বারা যথাযথরূপে পূজা করেন, ও যথাকালে দেবগণের উদ্দেশে যাগ করেন, এবং পৃথিবী নাভি স্বরূপ উন্নত স্থানত্রয়ে (৩) গমন করেন।

৮। আমাদিগের যজ্ঞ নিষ্পাদিকা অগ্নিরূপ সরস্বতী, ইলা এবং

---

(২) মূলে "বয্যেব রণ্বিতে" আছে। "বানকুশলে ইব ** পরস্পরং গচ্ছন্তৌ", সায়ণ। এই ঋক্ হইতে অনুমিত হয় যে তৎকালে দুইজন নারীতে "টানা ও পোড়েন" সঞ্চালন করিয়া বস্ত্র প্রস্তুত করিত। দিবা ও রাত্রি সেইরূপ গমনাগমন ও পরস্পরের আনুকূল্য করিয়া যজ্ঞ প্রস্তুত করেন, এই উপমার মর্ম্ম।

(৩) অর্থাৎ পৃথিবীর নাভিরূপ উত্তর বেদিতে গার্হপত্যাদি তিন প্রকার অগ্নিতে গমন করেন। সায়ণ।

সর্ব্বব্যাপিকা ভারতীদেবী তিন জনে যাগগৃহ আশ্রয় করতঃ হব্য লাভের জন্য নির্দ্দোষরূপে আমাদের যজ্ঞ পালন করুন।

৯। অগ্নিরূপ ত্বষ্টার অনুগ্রহে পিশঙ্গরূপ, যাগকারী, অন্নদাতা, ক্ষিপ্রকারী, দেবাভিলাষী, বীরপুত্র উৎপন্ন হউক। ত্বষ্টা আমাদিগকে কুলরক্ষক সন্তান প্রদান করুন, এবং দেবগণের অন্ন আমাদিগের নিকট আগমন করুক।

১০। বনস্পতি রূপ অগ্নি আমাদিগের কর্ম্ম অবগত হইয়া আমাদিগের নিকট অবস্থিতি করুন। অগ্নি বিশেষরূপ কর্ম্মদ্বারা সম্যকরূপে হব্য পাক করিতেছেন। দৈব্য শমিতা (৪) তিন প্রকারে সম্যক্‌রূপে সিক্ত হব্য গ্রহণ করিয়া দেবগণের নিকট লইয়া যাউন।

১১। আমি অগ্নিতে ঘৃত সিঞ্চন করি, ঘৃতই তাঁহার জন্মভূমি, ঘৃতই তাঁহার আশ্রয় স্থান, ঘৃতই তাঁহার দীপ্তি। হে অভীষ্টবর্ষী অগ্নি। তুমি হব্য দিবার সময় দেবগণকে আহ্বানকরতঃ তাঁহাদের প্রীতি উৎপাদন কর, এবং (অগ্নিরূপ) স্বাহাকারে প্রদত্ত হব্য বহন কর।

৪ সূক্ত।

অগ্নি দেবতা। ভৃগুর অপত্য সোমাহুতি ঋষি।

১। হে যজমানগণ, আমি তোমাদিগের জন্য অত্যন্ত দীপ্তিবিশিষ্ট, পাপবর্জ্জিত, যজমানগণের অতিথিস্বরূপ, হব্যযুক্ত অগ্নিকে আহ্বান করি। তিনি সর্ব্বভূতজ্ঞ ও মনুষ্য হইতে দেব পর্য্যন্ত সকলের ধারণ কর্ত্তা।

২। ভৃগুগণ অগ্নির পরিচর্য্যা করিয়া জলের নিবাস স্থানে অন্তরিক্ষে এবং মনুষ্যের সন্ততিগণের মধ্যে স্থাপন করিয়াছিলেন। দ্রুতগামী অশ্ববিশিষ্ট এবং দেবগণের ঈশ্বর অগ্নি আমাদের বিরোধী সমস্ত ভূতজাতকে পরাভূত করুন।

৩। দেবগণ স্বর্গ গমনকালে মিত্রের ন্যায় অগ্নিকে মনুষ্যগণের মধ্যে স্থাপন করিয়াছিলেন। সেই অগ্নি হব্যপ্রদায়ী যজমানের জন্য তাঁহার যোগ্যগৃহে স্থাপিত হইয়া, যে রাত্রিগণ তাঁহাকে কামনা করে, সেই রাত্রিতে দীপ্ত হয়েন।

(৪) "দৈব্যঃ শমিতা এতন্নামকোঽগ্নিঃ। অগ্নির্বৈ দেবানাং শমিতা ইতি শ্রুতেঃ।" সায়ণ।

৪। নিজের শরীর পুষ্টিকরণের ন্যায় অগ্নির শরীর পুষ্টি কার্য্যও রমণীয়। অগ্নি যখন চারিদিকে ব্যাপ্ত হয়েন এবং কাষ্ঠ দহন করেন, তখন তাঁহার শরীর অতিশয় সুন্দর হয়। রথে অশ্ব যেরূপ পুচ্ছ বারংবার কম্পিত করে, অগ্নিও কাষ্ঠসমূহে সেইরূপ নিজশিখা কম্পিত করিতেছেন।

৫। আমার সহযোগী স্তোতাগণ, যে অগ্নির মহত্বের স্তুতি করিতেছেন, তিনি আগ্রহবিশিষ্ট ঋত্বিকগণের নিকট স্বীয়রূপ প্রকাশ করিতেছেন। তিনি রমণীয় হব্যের জন্য বিচিত্র কিরণমালায় প্রকাশিত হইতেছেন। তিনি জীর্ণ হইয়াও বারংবার তৎক্ষণাৎ যুবা হইতে পারেন।

৬। যে অগ্নি তৃষিতের ন্যায় বনসমূহকে দগ্ধ করেন, জলের ন্যায় ইতস্ততঃ গমন করেন, রথবাহী অশ্বের ন্যায় শব্দ করেন, তিনি কৃষ্ণবর্ত্মা ও তাপক হইলেও নভোমণ্ডল পরিশোভিত দ্যুলোকের ন্যায় রমণীয়।

৭। যে অগ্নি বিশ্ব ব্যাপ্ত করেন, যে অগ্নি বিস্তৃত পৃথিবীতে প্রবর্দ্ধমান হয়েন, যে অগ্নি রক্ষকরহিত পশুর ন্যায় স্বেচ্ছায় গমন করিয়া বিচরণ করেন, সেই দীপ্তিমান্ অগ্নি শুষ্ক বৃক্ষাদি দহন করিয়া ব্যথাকারী (কণ্টকাদিকে) রুষ্ট করিয়া, প্রচুর রূপে রসাস্বাদন করিতেছেন।

৮। হে অগ্নি! তুমি পূর্ব্বে প্রথম সবনে যে রক্ষা করিয়াছিলে. আমরা তাহা স্মরণ করিয়া অদ্যাপি তৃতীয় সবনে মনোহর স্তোত্র উচ্চারণ করিতেছি। হে অগ্নি! তুমি আমাদিগকে বীরবিশিষ্ট মহান্ কীর্ত্তিমান্ অন্ন এবং সুন্দর অপত্য ও ধন প্রদান কর।

৯। হে অগ্নি! গৃৎসমদ ঋষিগণ তোমাকে রক্ষক পাইয়া ছন্দঃ পাঠ করতঃ গুহায় অবস্থিত উৎকৃষ্ট স্থানে বর্ত্তমান ধন বিশেষ লাভ করিবে। এবং উত্তম পুত্রাদি লাভ করিয়া শত্রুদিগের অভিভব সাধন করিবে। মেধাবী ও স্তুতিকারী যজমানগণকে অতিপ্রভূত ও প্রসিদ্ধ অন্ন প্রদান কর।

---

৫ সুক্ত।

অগ্নি দেবতা। সোমাহুতি ঋষি।

১। চৈতন্য স্বরূপ, পিতা স্বরূপ, হোতা অগ্নি (১) পিতৃদিগের রক্ষার্থ উৎপন্ন

---

(১) এই সূক্তে অগ্নিকে হোতা নেতা পোতা প্রভৃতি ঋত্বিগ্‌গণের সহিত তুলনা করা হইয়াছে।

হইলেন। আমরাও হব্যবিশিষ্ট হইয়া অত্যন্ত পূজনীয়, শ্রেষ্ঠ ও রক্ষিতব্য ধন লাভ করিতে সমর্থ হইব।

২। যে যজ্ঞের নেতা অগ্নি সপ্ত সংখ্যক রশ্মি ধারণ করেন, দেবগণের পোতাসদৃশ অগ্নি মনুষ্য পোতার ন্যায় সেই যজ্ঞের অষ্টম স্থানীয় হইয়া ব্যাপ্ত হইতেছেন।

৩। অথবা যজ্ঞে ঋত্বিক্‌গণ যে হব্যাদি ধারণ করেন, যে মন্ত্রাদি উচ্চারণ করেন, ব্রহ্মাস্বরূপ অগ্নি তাহা সমস্তই জানেন। নেমি যেরূপ চক্রকে ব্যাপ্ত করিয়া থাকে, সেইরূপ অগ্নি ঋত্বিকের সমস্ত কর্ম্মই ব্যাপ্ত করিয়া আছেন।

৪। পবিত্র প্রশাস্তা অগ্নি পুণ্য ক্রতুর সহিত উৎপন্ন হইয়াছেন। লোকে যেরূপ শাখা হইতে শাখান্তরে ফলাহরণার্থ গমন করে, সেইরূপ যজমান অগ্নির যজ্ঞ অবশ্য ফলদায়ী জানিয়া একটির পর অন্যটী অনুষ্ঠান করে।

৫। যে অঙ্গুলীগণ এই কার্য্যে ব্যাপৃত রহিয়াছে, তাহারা এই নেষ্টা অগ্নির ধেনুস্বরূপ ও একত্রে তাঁহার বর্ণ সেবা করে; এবং ভগিনীরূপে তাঁহার গার্হপত্যাদি তিন উৎকৃষ্ট রূপের পরিচর্য্যা করে।

৬। যখন জুহূ মাতাস্বরূপ বেদিভূমির নিকটে ভগিনী সদৃশ ঘৃতপূর্ণ হইয়া স্থাপিত হয়, তখন যব যেরূপ বৃষ্টিতে হৃষ্ট হয়, অধ্বর্য্যুরূপ অগ্নিও সেই রূপ হৃষ্ট হয়েন।

৭। এই ঋত্বিক্‌রূপ অগ্নি আপনার কর্ম্মের জন্য ঋত্বিকের কর্ম্ম সমাধান করুন। আমরাও তদনন্তর স্তোম ও যজ্ঞ করিব এবং হব্য প্রদান করিব।

৮। হে অগ্নি তোমার মহিমাভিজ্ঞ যজমান যেরূপ সমস্ত দেবগণের পর্য্যাপ্ত রূপে তৃপ্তি করিতে সমর্থ হয়, তাহা কর। আমরা যে যজ্ঞ নির্ব্বাহ করিব, হে অগ্নি! তাহাও তোমারই।

৬ সূক্ত।

অগ্নি দেবতা। সোমাহুতি ঋষি।

১। হে অগ্নি! তুমি আমার এই সমিৎ ও এই আহুতি সম্ভোগ কর, আমার এই স্তুতি শ্রবণ কর।

২। হে অগ্নি! আমরা এই আহুতি দ্বারা তোমার পরিচর্য্যা করিব। হে বলের পৌত্র! হে বিস্তীর্ণ যজ্ঞশালী সুজাত অগ্নি! এই স্তোত্র দ্বারা তোমাকে প্রীত করিব।

৩। হে ধনদাতা অগ্নি! তুমি স্তুতিযোগ্য, এবং হব্যাভিলাষী। আমরা তোমার পরিচারক। তোমাকে স্তোত্রদ্বারা পরিচর্য্যা করিব।

৪। হে অগ্নি! তুমি অন্নবান্, বিদ্বান্, ধনবান্ এবং ধনদাতা, তুমি জাগরিত হও এবং আমাদের শত্রুদিগকে দূর করিয়া দাও।

৫। সেই অগ্নি আমাদিগের জন্য অন্তরীক্ষ হইতে বৃষ্টি প্রদান করেন। তিনি আমাদিগকে অনম্র বল ও অপরিমিত প্রকার অন্ন প্রদান করুন।

৬। হে তরুণতম দেবদূত! অতিশয় যজনীয় অগ্নি! আমি স্তুতি করিয়াছি; অতএব তুমি আগমন কর। আমি তোমার পূজয়িতা এবং তোমার আশ্রয় অভিলাষ করি।

৭। হে মেধাবী অগ্নি! তুমি মনুষ্যদিগের হৃদয় জান, তুমি উভয়রূপ জন্ম জান, তুমি লোকের ও বন্ধুবর্গের হিতকারী দূতরূপ।

৮। হে অগ্নি! তুমি বিদ্বান্, তুমি আমাদের মনস্কামনা পূর্ণ কর। তুমি চৈতন্যবান্, তুমি যথাক্রমে দেবগণের যজ্ঞ কর এবং কুশোপরি উপবেশন কর।

---

৭ সূক্ত।

অগ্নি দেবতা। সোমাহুতি ঋষি।

১। হে যুবাতম ব্যাপ্তরূপ ভারত (১) অগ্নি! অতিশয় প্রশংসনীয় দীপ্তিমান্, বহুলোকবাঞ্ছিত ধন আহরণ কর।

২। হে অগ্নি! দেবতা বা মনুষ্যকৃত শত্রুত্ব যেন আমাদিগকে পরাভব না করে, আমাদিগকে উভয়বিধ শত্রু হইতে রক্ষা কর।

৩। হে অগ্নি! আমরা সমস্ত শত্রুদিগকে জলধারার ন্যায় আপনিই অতিক্রম করিয়া যাইব।

৪। হে অগ্নি! তুমি শুচি, পাবক ও বন্দনীয়; তুমি ঘৃতদ্বারা আহুত হইয়া অতিশয় দীপ্ত হইয়াছ।

---

(১) মূলে "ভারত" শব্দ আছে। সায়ণ তাহার অর্থ করিয়াছেন "ভরতাঃ ঋত্বিজঃ তেষাং সম্বন্ধী ভারতঃ তে অধ্বর্য্যাদিভিঃ সমৃদ্ধহবিঃস্তোত্রাদিনা ব্যাপ্তিমত্ত্বাৎ।" "Descendant of Bharata"—*Wilson.*

৫। হে ভারত অগ্নি! তুমি আমাদিগের। তুমি বন্ধ্যাগাভী ও বৃষ ও গর্ভিনী গাভীসকলের দ্বারা আহুত হইয়াছ (২)।

৬। সমিৎ যাহার অন্ন, যাহাতে সর্পিঃসিক্ত হয়, সেই পুরাতন, হোম-নিষ্পাদক, বরণীয়, বলের পুত্র অগ্নি অতি রমণীয়।

---

৮ সূক্ত।

অগ্নি দেবতা। গৃৎসমদ ঋষি।

১। হে হোতা! অন্নাভিলাষী পুরুষের স্থায় প্রভূত যশোবিশিষ্ট অভীষ্ট-প্রদ অগ্নির অশ্ব সমূহকে স্তুতি কর।

২। সুনেতা, জরারহিত, এবং মনোহর গতিবিশিষ্ট অগ্নি হবিঃপ্রদায়ী যজমানের শত্রু বিনাশের জন্য আহুত হইয়াছেন।

৩। সুন্দর শিখাযুক্ত যে অগ্নি গৃহে আগমন করতঃ দিবসে ও রাত্রিতে স্তুত হন, তাঁহার ব্রত কখনও ক্ষীণ হয় না।

৪। কিরণদ্বারা সূর্য্য যেরূপ প্রকাশিত হয়েন, বিচিত্র অগ্নিও জরারহিত শিখাসমূহদ্বারা চারিদিক প্রকাশিত করিয়া সেইরূপ রশ্মিসমূহদ্বারা প্রকাশিত হয়েন।

৫। শত্রুদিগের বিনাশক এবং স্বয়ং শোভমান অগ্নির উদ্দেশে উক্থ সকল বর্দ্ধিত হইতেছে। অগ্নি সমস্ত শোভা ধারণ করিয়াছেন।

৬। আমরা অগ্নি, ইন্দ্র, সোম ও অন্যান্য দেবগণের আশ্রয় প্রাপ্ত করিয়াছি। আমাদের কেহ অনিষ্ট করিতে পারে না। আমরা শত্রুদিগকে পরাভব করিব।

---

৯ সূক্ত।

অগ্নি দেবতা। গৃৎসমদ ঋষি।

১। অগ্নি দেবগণের হোতা, বিদ্বান্, প্রজ্বলিত, দীপ্তিমান্, প্রকৃষ্ট বলশালী,

---

(২) মূলে "বশাভিঃ উক্ষভিঃ অষ্টাপদীভিঃ আহুতঃ" আছে। "বশাভির্ বন্ধ্যাভির্গোভিঃ উক্ষভিঃ সেক্তৃভিঃ বলীবর্দৈঃ অষ্টাপদীভিঃ গর্ভিণীভিশ্চ আহুতঃ আরাধিতোঽসি।" সায়ন। It is remarkable that these animals should be spoken of as burnt offerings."—*Wilson*.

অপ্রতিহত, অনুগ্রহবিশিষ্ট, নিবাসপ্রদ, সকলের ভরণকর্ত্তা ও পবিত্র শিখা-বিশিষ্ট। অগ্নি হোতৃসদনে সুখে উপবেশন করুন।

২। হে অভীষ্টবর্ষী অগ্নি! তুমি আমাদিগের দূত হও। আমাদিগকে আপদ্ হইতে রক্ষা কর। আমাদিগের নিকট ধন প্রেরণ কর। তুমি প্রমাদ-রহিত ও দীপ্তিবিশিষ্ট হইয়া আমাদের ও আমাদিগের পুত্রের রক্ষক হও ও জাগরিত হও।

৩। হে অগ্নি! আমরা তোমার উৎকৃষ্ট জন্মস্থানে তোমার পরিচর্য্যা করিব, তাহার অধঃস্থিত জন্মস্থানে স্তোত্রদ্বারা তোমার পরিচর্য্যা করিব, এবং যে স্থান হইতে তুমি উদ্গত হইয়াছ তাহারও পূজা করিব। তথায় তুমি প্রজ্বলিত হইলে অধ্বর্য্যুগণ তোমার উদ্দেশে হব্য প্রদান করে।

৪। হে অগ্নি! তুমি যাজ্ঞিকদিগের মধ্যে শ্রেষ্ঠ, তুমি হব্যদ্বারা, যজ্ঞ কর। তুমি তৎপর হইয়া দেবগণের নিকট আমাদিগের প্রদেয় অন্নের প্রশংসা কর। তুমি ধনের মধ্যে উৎকৃষ্ট ধনের পতি। তুমি আমাদিগের দীপ্ত স্তোত্র অবগত হও।

৫। হে দর্শনীয় অগ্নি! তুমি প্রতিদিন উৎপন্ন হও। তোমার দিব্য ও পার্থিব বসু ক্ষয় হয় না। অতএব তুমি স্তোত্রকারী যজমানকে অন্নবান্ কর এবং সুন্দর অপত্যযুক্ত ধনের স্বামী কর।

৬। হে অগ্নি! তুমি আপনার দলের সহিত আমাদিগের প্রতি অনুগ্রহ কর। তুমি দেবগণের যাজক, সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট যজ্ঞকারী, দেবগণের রক্ষক ও আমাদিগের পালক; কেহ তোমাকে হিংসা করিতে পারে না। তুমি ধনযুক্ত ও কান্তিযুক্ত হইয়া চারিদিকে দেদীপ্যমান হও।

১০ সূক্ত।

অগ্নি দেবতা। গৃৎসমদ ঋষি।

১। অগ্নি সকলের হোতব্য ও প্রথম এবং পিতার ন্যায়। তিনি মনুষ্য-কর্ত্তৃক ইলস্পদে (১) প্রজ্বলিত হইয়াছেন। তিনি দীপ্তিপূর্ণ মরণরহিত, বিবিধ প্রজ্ঞাবান্, অন্নবান্, ও বলবান্। তিনি সকলের পরিচরণীয়।

(১) মূলে "ইলস্পদে" আছে ১.৩১১১ ঋকের টীকা দেখ।

২। মরণরহিত, বিশিষ্টপ্রজ্ঞাযুক্ত, বিচিত্র দীপ্তিযুক্ত সেই অগ্নি, আমার সমস্ত স্তুতিযুক্ত আহ্বান শ্রবণ করুন। শ্যামবর্ণ বা রোহিত অথবা অরুণ অশ্বদ্বয় অগ্নির রথ বহন করিতেছে, তিনি নানা স্থানে নীত হইতেছেন।

৩। অধ্বর্য্যুগণ ঊর্দ্ধমুখ অরণিতে সুপ্রেরিত অগ্নিকে উৎপন্ন করিয়াছেন। অগ্নি বহুরূপ ওষধিসমূহ মধ্যে গর্ভরূপে অবস্থিত আছেন। রাত্রিকালে উৎকৃষ্ট জ্ঞানযুক্ত অগ্নি মহাদীপ্তি সমন্বিত হইয়া বাস করেন। অন্ধকার তাঁহাকে আবৃত করিতে পারে না।

৪। সমস্ত ভুবনের অধিষ্ঠাতা, মহান্, সর্ব্বত্রগামী, শরীরবিশিষ্ট, প্রবৃদ্ধ হব্যদ্বারা ব্যাপ্ত, বলবান্ ও সকলের দৃশ্যমান্ অগ্নিকে হব্য ঘৃতদ্বারা অর্চ্চনা করি।

৫। সর্ব্বব্যাপী, ও যজ্ঞাভিমুখে আগমনোৎসুক অগ্নিকে ঘৃতদ্বারা সিক্ত করিতেছি, তিনি নিরুদ্বেগ মনে সেই ঘৃত সেবা করুন। মনুষ্যদিগের ভজনীয়, ও স্পৃহণীয় বর্ণবিশিষ্ট অগ্নি দীপ্তিতে পূর্ণ হইলে কেহ তাঁহাকে স্পর্শ করিতে পারে না।

৬। স্বীয় তেজোবলে শত্রুদিগের পরাভব করিবার সময়, হে অগ্নি! তুমি আমাদিগের সম্ভোগযোগ্য স্তুতি অবগত হও। তোমার আশ্রয় পাইয়া আমরা মনুর ন্যায় স্তব করি। সেই অনূন মধুস্পর্শী ধনপ্রদ অগ্নিকে আমি জুহু ও স্তুতি দ্বারা আহ্বান করি।

১১ সূক্ত।

ইন্দ্র দেবতা। গৃৎসমদ ঋষি।

১। হে ইন্দ্র! তুমি আমার স্তব শ্রবণ কর, অবজ্ঞা করিও না। আমরা তোমার ধনদানের পাত্রস্বরূপ হইব। নদীর ন্যায় প্রবাহবিশিষ্ট এই হব্য যজমানের জন্য ধনকামনা করিতেছে। উহারা তোমার বর্দ্ধিত করুক।

২। হে শূর ইন্দ্র! তুমি যে জল বর্দ্ধিত করিয়াছ, অহি সেই প্রভূত জল আক্রমণ করিয়াছিল, তুমি সেই প্রভূত জল ছাড়িয়া দিয়াছ। সে দাস

তাহাকে অমর মনে করিয়াছিল; তুমি স্তোত্রদ্বারা বর্দ্ধিত হইয়া তাহাকে নিম্নমুখে পাতিত করিয়াছিলে।

৩। হে শূর ইন্দ্র! যে রুদ্রীয় উক্থ ও স্তোমে তুমি স্তুতি কামনা কর, ও যাহাতে তোমার আনন্দ হয়, সেই সকল শুভ্র দীপ্যমান স্তুতি বায়ুরূপ তোমার জন্য প্রস্তুত হইতেছে।

৪। হে ইন্দ্র! আমরা স্তোত্রদ্বারা তোমার সুখকর বল বর্দ্ধিত করিতেছি, এবং তোমার হস্তদ্বয়ে দীপ্ত বজ্র অর্পণ করিতেছি। তুমি বর্দ্ধিত ও তেজোযুক্ত হইয়া দাস লোকদিগকে দীপ্ত আয়ুধ দ্বারা পরাভূত কর।

৫। হে শূর ইন্দ্র! গুহায় অবস্থিত, অপ্রকাশ্য, লুকায়িত, তিরোহিত, ও জলে অবস্থিত যে মায়াবী অহি নিজসামর্থে অন্তরীক্ষ ও দ্যুলোককে স্তম্ভিত করিয়াছিল, তুমি বজ্রদ্বারা তাঁহাকে বিনাশ করিয়াছ।

৬। হে ইন্দ্র! আমরা তোমার পুরাতন মহৎকীর্ত্তি সমূহের এবং তোমার অধুনাতন কৃতকর্ম্ম সমূহের স্তুতি করি। তোমার বাহুদ্বয়ে দীপ্যমান্ বজ্রের স্তুতি। করি, তুমি সূর্য্যাত্মা, তোমার কেতুস্বরূপ হরিনামক অশ্বদ্বয়ের স্তুতি করি।

৭। হে ইন্দ্র! তোমার শীঘ্রগামী অশ্বদ্বয় জলবর্ষী মেঘধ্বনি করিতেছে। সমস্ত পৃথিবী (মেঘগর্জ্জন শ্রবণে) প্রীত হইল; মেঘও ইতস্ততঃ গমন করিয়া শোভা পাইল।

৮। প্রমাদরহিত মেঘ (অন্তরীক্ষে) নিষণ্ণ হইল; মাতৃভূত জলের সহিত শব্দকরতঃ ইতস্ততঃ সঞ্চরণ করিতে লাগিল। মরুৎগণ অতি দূরে অন্তরীক্ষে অবস্থিত শব্দ বর্দ্ধিত করতঃ ইন্দ্রপ্রেরিত সেই শব্দ চারিদিকে প্রসৃত করিয়া দিল।

৯। বলবান্ ইন্দ্র, ইতস্ততঃ সঞ্চারী মেঘে অবস্থিত, মায়াবী বৃত্রকে নিহত করিয়াছেন। জলবর্ষণকারী ইন্দ্রের বজ্র স্তনিত শব্দ হইতে ভয়প্রাপ্ত হইয়া দ্যাবাপৃথিবী কম্পিত হইল।

১০। যখন মনুষ্যদিগের হিতকারী ইন্দ্র মনুষ্যদিগের শত্রু বৃত্রকে বিনাশ করিতে ইচ্ছা করিয়াছিলেন, তখন অভীষ্টবর্ষী ইন্দ্রের বজ্র বারংবার গর্জ্জন করিতে লাগিল। ইন্দ্র অভিষুত সোমপান করিয়া মায়াবী দানবের মায়া সকল নিপাতিত করিয়াছিলেন।

১১। হে ইন্দ্র! তুমি অভিষুত সোম পান কর। [illegible] সোমরস

তোমাকে আমোদিত করুক, সোমরস তোমার কুক্ষিদেশ পরিপূর্ণ করতঃ তোমাকে প্রীত করুক। এই প্রকারে উদর পূরক সোমরস ইন্দ্রকে তৃপ্ত করুক।

১২। হে ইন্দ্র! আমরা মেধাবী, আমরা তোমাতে স্থান প্রাপ্ত হইব; আমরা কর্ম্মফল কামনায় তোমার পরিচর্য্যা করতঃ তোমার যাগ করিব; তোমার আশ্রয় লাভের অভিলাষে আমরা তোমার প্রশস্তির ধ্যান করি। আমরা যেন এক্ষণে তোমার ধনদানের পাত্র হইতে পারি।

১৩। হে ইন্দ্র! তোমার আশ্রয়লাভের অভিলাষে যাহারা তোমার হব্য বর্দ্ধিত করে, আমরা যেন তাহাদের ন্যায় তোমার অধীন হইতে পারি। হে দ্যুতিমান্ ইন্দ্র! আমরা যে ধনকামনা করি, তুমি আমাদিগকে সর্ব্বাপেক্ষা বলবান্ ও বীর পুত্রবিশিষ্ট সেই ধন প্রদান কর।

১৪। হে ইন্দ্র! তুমি আমাদিগকে গৃহ প্রদান কর; তুমি আমাদিগকে বন্ধু প্রদান কর; তুমি আমাদিগকে মরুৎগণের ন্যায় বীর্য্য প্রদান কর। যে সমান প্রীতিযুক্ত বায়ুগণ অত্যন্ত আনন্দিত হইয়া অগ্রে নীত সোমপান করেন।

১৫। হে ইন্দ্র! যে মরুৎগণ, (তোমার সহায় হইলে) তুমি হৃষ্ট হও, তাঁহারা শীঘ্র সোমপান করুন; তুমিও আপনাকে দৃঢ় করতঃ তৃপ্তি কর এবং সোম পান কর। হে শত্রুনাশক ইন্দ্র! বলবান্ অর্চ্চনীয় মরুৎগণের সহিত তুমি যুদ্ধে আমাদিগকে বর্দ্ধিত কর এবং দ্যুলোককেও বর্দ্ধিত কর।

১৬। হে অনিষ্টনিবারক ইন্দ্র! তুমি সুখপ্রদ। যে পুরুষেরা উক্থ দ্বারা তোমার পরিচর্য্যা করে তাহারা শীঘ্রই মহান্ হইয়া উঠে। যাহারা কুশ বিস্তার করতঃ তোমার পরিচর্য্যা করে তাহারা তোমার আশ্রয় লাভ করিয়া গৃহের সহিত অন্নলাভ করে।

১৭। হে শূর ইন্দ্র! তুমি উগ্র ত্রিকদ্রুকে অত্যন্ত হৃষ্ট হইয়া সোম পান কর। অনন্তর প্রীত হইয়া তোমার শ্মশ্রুলিপ্ত সোম ঝাড়িয়া ফেলিয়া, সোমপানার্থ হরি নামক অশ্বে আরোহণ করতঃ গমন কর।

১৮। হে ইন্দ্র! যে বলদ্বারা তুমি দনুর পুত্র বৃত্রকে ঊর্ণনাভির ন্যায় বিনাশ করিয়াছিলে, সেই বল ধারণ কর। তুমি আর্য্যের জন্য জ্যোতিঃ প্রকাশ করিয়াছ, দস্যু তোমার বামে বসিয়াছে।

১৯। হে ইন্দ্র! যে সকল লোক তোমার আশ্রয় লাভ করিয়া সমস্ত গর্ব্বকারী মনুষ্যকে অতিক্রম করে, এবং আর্য্যদিগের দ্বারা দস্যুদিগকে অতিক্রম

করে, আমরা তাহাদিগকে ভজনা করি। তুমি ত্রিতের বন্ধুত্বের জন্ত ত্বষ্টার পুত্র বিশ্বরূপকে বধ করিয়াছিলে, আমাদিগের জন্তও সেইরূপ কর (১)।

২০। এই হর্ষযুক্ত সুবান ত্রিতদ্বারা বর্দ্ধিত হইয়া ইন্দ্র অর্ব্বুদকে বিনাশ করিয়াছিলেন। সূর্য্য যেরূপ রথচক্র ঘূর্ণিত করেন, সেইরূপ ইন্দ্র অঙ্গিরাগণের সাহায্য লাভ করিয়া বজ্র ঘূর্ণিত করিয়াছিলেন এবং বলকে বিনাশ করিয়াছিলেন।

২১। হে ইন্দ্র! তোমার যে ধনবতী দক্ষিণা স্তুতিকারীর অভিমত সকল প্রদান করে, তুমি সেই দক্ষিণা আমাদিগকে প্রদান কর। তুমি ভজনীয়। আমাদিগকে অতিক্রম করিয়া আর কাহাকেও প্রদান করিও না। আমরা পুত্রপৌত্র বিশিষ্ট হইয়া এই যজ্ঞে প্রভূত স্তুতি করিব।

---

১২ সূক্ত।

ইন্দ্র দেবতা। গৃৎসমদ ঋষি।

১। হে মনুষ্যগণ! যিনি দ্যোতমান, যিনি জন্ম গ্রহণ মাত্রেই দেবগণের প্রধান ও মনুষ্যগণের অগ্রগণ্য হইয়া বীরকর্ম্মদ্বারা সমস্ত দেবগণকে ভূষিত করিয়াছিলেন, যাঁহার শরীরবলে দ্যাবাপৃথিবী ভীত হইয়াছিল, যিনি মহতী সেনার নায়ক, তিনিই ইন্দ্র।

২। হে মনুষ্যগণ! যিনি ব্যথিত পৃথিবীকে দৃঢ় করিয়াছেন, যিনি প্রকুপিত পর্ব্বতসমূহকে নিয়মিত করিয়াছেন, যিনি প্রকাণ্ড অন্তরীক্ষ নির্ম্মাণ করিয়াছেন, যিনি দ্যুলোককে স্তম্ভিত করিয়াছেন, তিনিই ইন্দ্র।

৩। হে মনুষ্যগণ! যিনি অহিকে বিনাশ করিয়া সপ্তসংখ্যক নদী প্রবাহিত করিয়াছিলেন, যিনি বল কর্ত্তৃক নিরুদ্ধ গোসমূহকে উদ্ধার করিয়াছিলেন, যিনি মেঘদ্বয়ের মধ্যে অগ্নি উৎপাদন করেন এবং যুদ্ধকালে শত্রুগণকে বিনাশ করেন, তিনিই ইন্দ্র।

---

(১) ত্রিত বা ইন্দ্র কর্ত্তৃক ত্বষ্টার পুত্র বিশ্বরূপের হনন সম্বন্ধে একটী বৈদিক আখ্যান আছে। ১০।৮।৮ ও ৯ ঋকে লিখিত আছে। "আপ্ত্যত্রিত ইন্দ্রকর্ত্তৃক উৎসাহিত হইয়া পৈত্রিক অস্ত্রদ্বারা ত্রিমস্তক ও সপ্তকিরণযুক্ত শত্রুর সহিত যুদ্ধ করিয়া তাহাকে বধ করিলেন এবং ত্বষ্টার পুত্রের গাভী লইয়া গেলেন। সৎপালক ইন্দ্র বলদর্পীকে ভেদ করিলেন এবং ত্বষ্টার পুত্র বিশ্বরূপের তিনটী মস্তক ছেদন করিলেন।" ত্রিত সম্বন্ধে ১।১০৫।৫ দেখ।

৪। হে মনুষ্যগণ! যিনি এই সমস্ত নশ্বর বিশ্ব নির্ম্মাণ করিয়াছেন, যিনি দাসবর্ণকে নিকৃষ্ট এবং গূঢ়স্থানে অবস্থাপিত করিয়াছেন, যিনি লক্ষ্য জয় করিয়া ব্যাধের ন্যায় শত্রুর সমস্ত ধন গ্রহণ করেন, তিনিই ইন্দ্র।

৫। হে মনুষ্যগণ! যে ভয়ঙ্কর দেব সম্বন্ধে লোকে জিজ্ঞাসা করে, তিনি কোথায়? এবং যাঁহার সম্বন্ধে লোকে বলে তিনি নাই (১), যিনি শাস্তিদাতার ন্যায় শত্রুগণের সমস্ত ধন বিনাশ করেন, তাঁহাতে বিশ্বাস কর, তিনিই ইন্দ্র।

৬। হে মনুষ্যগণ! যিনি সমৃদ্ধ ধন প্রদান করেন, যিনি দরিদ্রকে এবং যাচক ও স্তুতিকারী ঋত্বিক্‌কে ধন প্রদান করেন, যিনি শোভন হনুবিশিষ্ট হইয়া সোমাভিষবকারী ও হস্তে প্রস্তরবিশিষ্ট যজমানের রক্ষক, তিনিই ইন্দ্র।

৭। হে মনুষ্যগণ! অশ্বসমূহ, গোসমূহ, গ্রামসমূহ এবং রথসমূহ যাঁহার আজ্ঞাধীন, যিনি সূর্য্য এবং উষা উৎপাদিত করিয়াছেন, যিনি জল প্রেরণ করেন, তিনিই ইন্দ্র।

৮। হে মনুষ্যগণ! প্রতিদ্বন্দী দুই সেনা দলে পরস্পর সঙ্গত হইয়া যাঁহাকে আহ্বান করে, উত্তম ও অধম উভয়বিধ শত্রুগণ যাঁহাকে আহ্বান করে, একবিধ রথারূঢ় দুইজনই যাঁহাকে নানা প্রকারে আহ্বান করে, তিনিই ইন্দ্র।

৯। হে মনুষ্যগণ! যিনি না হইলে লোকে জয়লাভ করিতে পারে না, যুদ্ধকালে লোকে রক্ষার জন্য যাঁহাকে আহ্বান করে, যিনি সমস্ত জগতের প্রতিনিধি ও যিনি ক্ষয় রহিত পর্ব্বতাদিও ক্ষয় করেন, তিনিই ইন্দ্র।

১০। হে মনুষ্যগণ! যিনি বজ্রদ্বারা বহুসংখ্যক মহাপাপী অপূজককে বিনাশ করিয়াছেন, যিনি গর্ব্বকারী মনুষ্যকে সিদ্ধি প্রদান করেন না, যিনি দস্যুগণের হন্তা, তিনিই ইন্দ্র।

১১। হে মনুষ্যগণ! যিনি পর্ব্বতে লুকায়িত শম্বরকে ৪০ বৎসর অন্বেষণ করিয়া প্রাপ্ত হইয়াছিলেন, যিনি বল প্রকাশকারী অহিনামক শয়ান দানবকে বিনাশ করিয়াছিলেন, তিনিই ইন্দ্র।

---

(১) ইন্দ্রের প্রতি অবিচলিত বিশ্বাস আর নাই, ইন্দ্রের অস্তিত্বে লোকের সন্দেহ হইয়াছে, তাহারা জিজ্ঞাসা করে "তিনি কোথায়? তিনি নাই।" ঋষি সেই সন্দিগ্ধমনা লোকদিগের নিকট ইন্দ্রের অস্তিত্ব প্রকটিত করিতেছেন, এবং ইন্দ্রের মাহাত্ম্য বর্ণনা করিতে২ জগতের সৃষ্টিকর্তা এক ঈশ্বরের মাহাত্ম্য প্রকটিত করিতেছেন। ১।১৬৪।৪৬ ঋকের টীকা দেখ।

১২। হে মনুষ্যগণ! যিনি সপ্তরশ্মিবিশিষ্ট, অভীষ্টবর্ষী ও বলবান্, যিনি সাতটী নদীকে প্রবাহিত করিয়া দিয়াছিলেন, যিনি বজ্রবাহু হইয়া স্বর্গারোহণোদ্যত রৌহিনকে বিনাশ করিয়াছিলেন, তিনিই ইন্দ্র।

১৩। হে মনুষ্যগণ! দ্যাবাপৃথিবী তাঁহাকে নমস্কার করে, পর্ব্বতগণ তাঁহার বলে ভীত হয়, যিনি সোমপা, দৃঢ়াঙ্গ, বজ্রবাহু, ও বজ্রযুক্ত, তিনিই ইন্দ্র।

১৪। হে মনুষ্যগণ! যিনি সোমাভিষবকারী যজমানকে রক্ষা করেন, যিনি পাককারী স্তুতিপাঠকারী এবং স্তোত্রকারী যজমানকে রক্ষা করেন, স্তোত্র যাঁহার বৃদ্ধিকর, সোম যাঁহার বৃদ্ধিকর এবং আমাদিগের অন্ন যাঁহার বৃদ্ধিকর, তিনিই ইন্দ্র।

১৫। হে ইন্দ্র! তুমি দুর্দ্ধর্ষ হইয়া সোমাভিষবকারী, পাককারী যজমানকে অন্ন প্রদান কর, অতএব তুমিই সত্য। আমরা প্রিয় ও বীরপুত্র পৌত্রাদি বিশিষ্ট হইয়া চিরকাল তোমার স্তোত্র পাঠ করিব।

---

১৩ সূক্ত।

ইন্দ্র দেবতা। গৃৎসমদ ঋষি।

১। বর্ষা ঋতু সোমের জননী, সোম উৎপন্ন হইয়াই জলের মধ্যে বৃদ্ধি প্রাপ্ত হয়েন বলিয়া, তাহাতেই প্রবেশ করেন। যে সোমলতা জলের সারভূত হইয়া বৃদ্ধি প্রাপ্ত হয়েন, তিনি অভিষবের উপযুক্ত, সেই সোমলতার পীযূষ ইন্দ্রের প্রশংসনীয় হব্য।

২। পরস্পর সম্মিলিতা, উদকবাহিনী, এই সকল নদী চারিদিকে প্রবাহিতা হইতেছেন এবং সমস্ত জলের আশ্রয়ভূত সমুদ্রকে ভোজন প্রদান করিতেছেন। নিম্নগামী জলের গন্তব্য পথ একই। হে ইন্দ্র! তুমি পূর্ব্বে এই সকল কর্ম্ম করিয়াছ অতএব তুমি স্তুতিযোগ্য।

৩। এক যজমান যাহা দান করেন অন্যে তাহার অনুবাদ করেন। একজন পশু হিংসা করতঃ হিংসাকারী হইয়া গমন করিতেছেন, একজন সমস্ত কর্ম্ম বৈগুণ্যের শোধন করিতেছেন। হে ইন্দ্র! তুমি পূর্ব্বে এই সকল কর্ম্ম করিয়াছ অতএব তুমি স্তুতিযোগ্য।

৪। হে ইন্দ্র! গৃহস্থগণ অভ্যাগত অতিথিকে যেরূপ প্রচুর ধন প্রদান করে, সেইরূপ ত্বদ্দত্ত ধন প্রজাগণমধ্যে বিভাগকরতঃ বাস করিতেছি। কর্ম্মকারী লোকগণ পিতৃদত্ত ভোজন দন্তদ্বারা ভক্ষণ করে। হে ইন্দ্র! তুমি পূর্ব্বে এই সকল কর্ম্ম করিয়াছ, অতএব তুমি স্তুতি যোগ্য।

৫। হে ইন্দ্র! তুমি আকাশের জন্য পৃথিবীকে দর্শনীয়া করিয়াছ, তুমি প্রবাহিত নদী সকলের পথ গমনযোগ্য করিয়াছ। হে অহিহন্তা ইন্দ্র! জলদ্বারা যেরূপ অশ্বকে তৃপ্ত করে, সেইরূপ স্তোতাগণ স্তোত্রদ্বারা তোমাকে তৃপ্ত করিতেছে।

৬। হে ইন্দ্র! তুমি ভোজন এবং বৃদ্ধিকর ধন দান কর, এবং আর্দ্র কাণ্ড হইতে শুষ্ক এবং মধুর রসবিশিষ্ট শস্যাদি দোহন কর; তুমি পরিচর্য্যা-কারী যজমানকে ধনসকল প্রদান কর। তুমি জগতের মধ্যে অদ্বিতীয়। হে ইন্দ্র! তুমি স্তুতিযোগ্য।

৭। হে ইন্দ্র! তুমি কর্ম্মদ্বারা ক্ষেত্রে পুষ্প ও ফলবতী ওষধি রক্ষা করিয়াছ, দ্যোতমান সূর্য্যের নানাপ্রকার দীপ্তি উৎপন্ন করিয়াছ, এবং মহৎ হইয়া চারিদিকে মহৎপ্রাণীদিগকে উৎপন্ন করিয়াছ, তুমি স্তুতিযোগ্য।

৮। হে বহুকর্ম্মকর্ত্তা ইন্দ্র! তুমি হব্যলাভ ও দাসদিগের নাশের উদ্দেশে নৃমরের পুত্র সহবসুকে বিনাশ করিবার জন্য বলবতী বজ্রধারার নির্ম্মল মুখ প্রদেশে উহাকে প্রদান করিয়াছ, তুমি স্তুতিযোগ্য।

৯। হে ইন্দ্র! তুমি এক, তোমার সুখের জন্য দশশত অশ্ব আছে, তুমি দভীতির জন্য (১) রজ্জুরহিত দস্যুদিগকে নাশ করিয়াছ। তুমি সকলের সুপ্রাপ্য অতএব তুমি স্তুতিযোগ্য।

১০। সমস্ত বোধবতী নদীগণ ইন্দ্রের বীর্য্যের অনুবর্ত্তন করে। যজমানগণ ইন্দ্রকে অন্ন প্রদান করে এবং সকল লোকই কর্ম্মকারী ইন্দ্রের জন্য ধন ধারণ করে। তুমি বিস্তীর্ণ ছয়লোককে নিয়মিত করিয়াছ, এবং তুমি পঞ্চজনের পালয়িতা। হে ইন্দ্র, তুমি সকলের স্তুতিযোগ্য।

১১। হে ইন্দ্র! তোমার বীর্য্য সকলের শ্লাঘনীয়, তুমি এক কর্ম্মদ্বারা শত্রুদিগের ধন লাভ করিয়াছ, তুমি বলবান্ যাতুষ্ঠিরকে অন্ন প্রদান করিয়াছ। যেহেতু তুমি এই সকল কর্ম্ম করিয়াছ অতএব তুমি সকলের স্তুতিযোগ্য।

১২। হে ইন্দ্র! তুমি তুর্ব্বীতি ও বয্য যাহাতে সুখে পারাপারণীয় জল

(১) ২।১৫।৪ ঋকের টীকা দেখ।

পার হইতে পারে তাহার পথ করিয়া দিয়াছ, তুমি অন্ধ ও পঙ্গু পরাবৃজ্‌কে জল হইতে উদ্ধার করিয়া আপনাকে কীর্ত্তিমান্ করিয়াছ। অতএব তুমি স্তুতিযোগ্য।

১৩। হে নিবাসপ্রদ ইন্দ্র! আমাদিগকে ভোগের জন্য ধদ দাও। তোমার সেই ধন প্রভূত ও বাসের যোগ্য এবং বিচিত্র। আমরা প্রতিদিন সেই ধন ভোগ করিতে ইচ্ছা করি। আমরা উত্তম পুত্রপৌত্র লাভ করিয়া এই যজ্ঞে প্রভূত স্তোত্র পাঠ করিব।

১৪ সূক্ত।

ইন্দ্র দেবতা। গৃৎসমদ ঋষি।

১। হে অধ্বর্য্যুগণ! ইন্দ্রের জন্য সোম আহরণ কর, চমসের দ্বারা মাদক অন্ন অগ্নিতে প্রক্ষেপ কর। বীর ইন্দ্র সর্ব্বদা সোমপানাভিলাষী। অভীষ্টবর্ষী ইন্দ্রের জন্য সোম প্রদান কর, ইন্দ্র উহা কামনা করেন।

২। হে অধ্বর্য্যুগণ! যে ইন্দ্র জলাবরণকারী বৃত্রকে অশনি দ্বারা বৃক্ষের ন্যায় বিনাশ করিয়াছিলেন, সেই সোমাভিলাষী ইন্দ্রের জন্য সোম আহরণ কর, ইন্দ্র সোমপানে উপযুক্ত।

৩। হে অধ্বর্য্যুগণ! যে ইন্দ্র দৃভীককে বিনাশ করিয়াছিলেন, যিনি বলকর্ত্তৃক অবরুদ্ধ গাভী সকল উদ্ধার করিয়া তাহাকে বধ করিয়াছিলেন, সেই ইন্দ্রের জন্য বায়ু যেরূপ অন্তরীক্ষে ব্যাপ্ত, সেইরূপ সোমকে সর্ব্বত্র ব্যাপ্ত কর। জীর্ণকে যেরূপ বস্ত্রদ্বারা আচ্ছাদিত করা যায়, ইন্দ্রকে সেইরূপ সোমদ্বারা আচ্ছাদিত কর।

৪। হে অধ্বর্য্যুগণ! যে ইন্দ্র নবনবতি বাহু প্রদর্শনকারী উরণকে বিনাশ করিয়াছিলেন এবং অর্ব্বুদকে অধোমুখ করিয়া বিনাশ করিয়াছিলেন, সোম সম্পাদিত হইলে সেই ইন্দ্রকে প্রীত কর।

৫। হে অধ্বর্য্যুগণ! যে ইন্দ্র সুখে অশ্নকে বিনাশ করিয়াছিলেন, যিনি অশোষণীয় শুষ্ণকে স্কন্ধহীন করিয়া হত্যা করিয়াছিলেন, যিনি পিপ্রু নমুচি, ও রুধিক্রাকে বিনাশ করিয়াছিলেন, সেই ইন্দ্রের জন্য অন্ন প্রদান কর।

৬। হে অধ্বর্য্যুগণ! যে ইন্দ্র, প্রস্তরের ন্যায় বজ্রদ্বারা শম্বরের অতি পুরাতন একশত পুরী ভেদ করিয়াছিলেন এবং যিনি বর্চীর শত সহস্র পুত্রকে ভূমিতে পাতিত করিয়াছিলেন, সেই ইন্দ্রের জন্য সোম আহরণ কর।

৭। হে অধ্বর্য্যুগণ! শত্রুহননকারী যে ইন্দ্র ভূমির ক্রোড়ে শত সহস্র অসুরকে পাতিত করিয়াছিলেন, এব যে ইন্দ্র কুৎস, আয়ু ও অতিথিগের প্রতিদ্বন্দিগণকে বধ করিয়াছিলেন, সেই ইন্দ্রের জন সোম আহরণ কর।

৮। হে নেতা অধ্বর্য্যুগণ! তোমরা যাহা কামনা কর, ইন্দ্রকে সোম প্রদান করিলে তাহা শীঘ্রই প্রাপ্ত হইবে। প্রসিদ্ধ ইন্দ্রের জন্য হস্তদ্বারা শোধিত সোম আহরণ কর। হে যাজ্ঞিকগণ! ইন্দ্রের জন্য উহা প্রদান কর।

৯। হে অধ্বর্য্যুগণ! ইন্দ্রের জন্য সুখকর সোমপ্রস্তুত কর। সম্ভোগযোগ্য জলে শোধিত সোম ঊর্দ্ধে আনয়ন কর। ইন্দ্র প্রীত হইয়া তোমাদিগের হস্তদ্বারা অভিষুত সোম কামনা করিতেছেন। তোমরা ইন্দ্রের উদ্দেশে মদকর সোম প্রদান কর।

১০। হে অধ্বর্য্যুগণ! গাভীর উধঃ যেরূপ দুগ্ধে পূর্ণ থাকে, সেইরূপ এই ফলদাতা ইন্দ্রকে সোমদ্বারা পূর্ণ কর। সোমের গূঢ়স্বভাব, ইহা জানি। যজনীয় ইন্দ্র, সোমপ্রদ যজমানকে বিশেষরূপে অবগত আছেন।

১১। হে অধ্বর্য্যুগণ! ইন্দ্র স্বর্গীয় ও অন্তরিক্ষস্থ এবং পৃথিবীস্থ ধনের রাজা। যবদ্বারা যেরূপ শস্য রাখিবার স্থান পূর্ণ করে, ইন্দ্রকে সোম দ্বার সেইরূপ পূর্ণ কর। সেই কার্য্য তোমাদিগের দ্বারা সম্পূর্ণ হউক।

১২। হে নিবাসপ্রদ ইন্দ্র! আমাদিগকে ভোগের জন্য ধন দাও। তোমার সেই ধন প্রভূত ও বাসের যোগ্য এবং বিচিত্র। আমরা প্রতিদিন সেই ধন ভোগ করিতে ইচ্ছা করি। আমরা উত্তম পুত্রপৌত্র লাভ করিয়া এই যজ্ঞে প্রভূত স্তোত্র পাঠ করিব।

---

১৫ সূক্ত।

ইন্দ্র দেবতা। গৃৎসমদ ঋষি।

১। আমি বলবান্ সত্যসংকল্প ইন্দ্রের যথার্থ ও মহৎকীর্ত্তিসমূহ বর্ণনা করিব। ইন্দ্র ত্রিকদ্রুক যজ্ঞে সোমপান করিয়াছেন। সোম জনিত হর্ষ জন্মিলে ইন্দ্র অহিকে বধ করিলেন।

২। ইন্দ্র আকাশে দ্যুলোককে স্তম্ভিত করিয়াছেন, দ্যাবাপৃথিবী ও অন্তরীক্ষকে আপনার তেজে পরিপূরিত করিয়াছেন। বিস্তীর্ণা পৃথিবীকে

ধারণ করিয়াছেন, ও তাহাকে প্রথিত করিয়াছেন। সোমজনিত হর্ষ উৎপন্ন হইলে ইন্দ্র এই সকল কর্ম্ম করিয়াছিলেন।

৩। তিনি যজ্ঞগৃহের ন্যায় পরিমাণ করতঃ লোক সকলকে প্রাঙ্মুখ করিয়া নির্ম্মাণ করেন, তিনি বজ্রদ্বারা নদীর নির্গমন দ্বার সকল খুলিয়া দেন, তিনি অনায়াসে দীর্ঘকাল গন্তব্য পথে নদী সকলকে প্রেরণ করেন, সোমজনিত হর্ষ উপস্থিত হইলে ইন্দ্র এই সকল কর্ম্ম করিয়াছিলেন।

৪। যাহারা দভীতিকে (১) বহন করিতেছিল, ইন্দ্র পথিমধ্যে উপস্থিত হইয়া তাহাদের সমস্ত আয়ুধ দীপমান অগ্নিতে দগ্ধ করিলেন। পরে দভীতিকে বহুসংখ্যক গো অশ্ব ও রথ প্রদান করিলেন। ইন্দ্র সোমজনিত হর্ষ উপস্থিত হইলে এই সকল কার্য্য করয়াছিলেন।

৫। সেই ইন্দ্র ধুনি নামক মহানদীকে (২) পার গমনার্থ উপশমিত করিয়াছিলেন। অসক্তগণকে নিরাপদে পার করাইয়াছিলেন। তাহারা নদী উত্তীর্ণ হইয়া ধন লক্ষ করিয়া গমন করিয়াছিল। সোমজনিত হর্ষ উপস্থিত হইলে ইন্দ্র এই সকল কর্ম্ম করিয়াছিলেন।

৬। ইন্দ্র নিজ মহিমায় সিন্ধুকে উত্তরবাহিনী করিয়াছেন (৩), বেগবান সেনাদ্বারা দুর্ব্বল সেনা ভেদ করতঃ বজ্রের দ্বারায় উষার রথ চূর্ণ করিয়াছেন। সোমজনিত হর্ষ উপস্থিত হইলে ইন্দ্র এই সকল কর্ম্ম করিয়াছিলেন।

৭। কন্যাগণের পলায়ণ অবগত হইয়া পরাবৃজ ঋষি সকলের প্রত্যক্ষে উঠিয়া দাঁড়াইলেন; পঙ্গু হইলেও কন্যাগণের প্রতি ধাবমান হইলেন। চক্ষুহীন হইলেও দেখিতে পাইলেন (৪)। ইন্দ্র, সোমপান জনিত হর্ষ উৎপন্ন হইলে এই সকল কর্ম্ম করিয়াছিলেন।

৮। অঙ্গিরাগণ স্তব করিলে ইন্দ্র বলকে বিদীর্ণ করিয়াছিলেন। পর্ব্বতের দৃঢ়ীকৃত দ্বারা উদ্‌ঘাটিত করিয়াছিলেন। ইহাদিগের কৃত্রিম রোধ সকলও

(১) পূর্ব্বকালে চুমুরি, ধুনি প্রভৃতি অসুরগণ দভীতি নামক ঋষির নগর অবরোধ করিয়া দভীতিকে লইয়া নগর হইতে বাহির হইয়াছিল। সায়ণ।

(২) অর্থাৎ পরুষ্ণী নদী। সায়ণ। ১।৭১।৭ ঋকের টীকা দেখ।

(৩) কাশ্মীরে সিন্ধু নদী উত্তরপশ্চিম-প্রবাহিনী।

(৪) পূর্ব্বকালে চক্ষুহীন ও পাদহীন পরাবৃজ ঋষি কতকগুলি কন্যা বিবাহ করিতে চাহিয়াছিলেন। কন্যাগণ ঋষিকে দেখিয়াই পলায়ন করে। ঋষি ইন্দ্রকে স্তব করিয়া চক্ষু ও পদ লাভ করিয়াছিল। সায়ণ। ১।১১২।৮ দেখ।

উন্মাটিত করিয়াছিলেন। ইন্দ্র সোমজনিত হর্ষ উৎপন্ন হইলে এই সকল কর্ম্ম করিয়াছিলেন।

৯। হে ইন্দ্র! তুমি চুমুরি ও ধুনির দীর্ঘ নিদ্রা প্রথিত করিয়া উহাদিগকে বিনাশ করিয়াছিলে, দভীতিনামক রাজর্ষিকে রক্ষা করিয়াছিলে। উহার বেত্রধারী দৌবারিকও শত্রুর হিরণ্য লাভ করিয়াছিল। ইন্দ্র সোমজনিত হর্ষ উৎপন্ন হইলে এই সকল কর্ম্ম করিয়াছিলেন।

১০। হে ইন্দ্র! তোমার যে ধনবতী দক্ষিণা স্তুতিকারীর অভিমত সকল প্রদান করে, তুমি সেই দক্ষিণা আমাদিগকে প্রদান কর। তুমি ভজনীয়, আমাদিগকে অতিক্রম করিয়া আর কাহাকেও প্রদান করিও না। আমরা পুত্রপৌত্রবিশিষ্ট হইয়া এই যজ্ঞে প্রভূত স্তুতি করিব।

১৬ সূক্ত।

ইন্দ্র দেবতা। গৃৎসমদ ঋষি।

১। তোমাদের উপকারার্থ দেবগণের জ্যেষ্ঠতম ইন্দ্রের জন্য দীপ্যমান অগ্নিতে হব্য প্রদান করিতেছি। পরে তাঁহার মনোহর স্তুতি করিতেছি। আমাদিগের রক্ষার জন্য স্বয়ং জরারহিত সমস্ত জগতের জরা প্রদানকারী, সোমসিক্ত, সনাতন, তরুণবয়স্ক, ইন্দ্রকে আহ্বান করিতেছি।

২। বৃহৎ ইন্দ্র বিনা জগৎ নাই। যে ইন্দ্রে সমস্ত সামর্থ্য সম্ভূত হইয়াছে, সেই ইন্দ্র উদরে সোমরস ধারণ করেন, তাঁহার শরীরে বল ও তেজ আছে, তাঁহার হস্তে বজ্র ও মস্তকে জ্ঞান আছে।

৩। হে ইন্দ্র! তুমি যখন শীঘ্রগামী অশ্বে আরোহণ করতঃ বহুযোজন গমন কর, তখন দ্যাবাপৃথিবী তোমার বল পরিভব করিতে পারে না। সমুদ্র ও পর্ব্বত তোমার রথ পরিভব করিতে পারে না, কোনও ব্যক্তি তোমার বজ্র পরিভব করিতে পারে না।

৪। সকলে যজনীয়, শত্রুনাশক, অভীষ্টবর্ষী, সদা সজ্জিত, ইন্দ্রের যজ্ঞ করিতেছে; তুমি সোমদাতা ও বিদ্বান্, তুমিও ইন্দ্রের জন্য যাগ কর। হে ইন্দ্র! অভীষ্টবর্ষী দীপ্যমান অগ্নির সহিত সোমপান কর।

৫। অভীষ্টবর্ষী মদকর সোমরস, অনুষ্ঠাতাগণের উত্তেজক হইয়া বলপ্রদ,

অন্নবিশিষ্ট, অভীষ্টবর্ষী ইন্দ্রের পানার্থ গমন করিতেছে। সোমরসপ্রদ অধ্বর্য্যুদ্বয় এবং অভীষ্টবর্ষী অভিষব-প্রস্তরগণ অভীষ্টবর্ষী সোমকে তোমার জন্য অভিষবণ করিতেছে, তুমিও অভীষ্টবর্ষী (১)।

৬। হে অভীষ্টবর্ষী ইন্দ্র! তোমার বজ্র অভীষ্টবর্ষী, তোমার রথ অভীষ্টবর্ষী, তোমার হরিনামক অশ্বদ্বয় অভীষ্টবর্ষী, তোমার আয়ুধ সকলও অভীষ্টবর্ষী। তুমিই মদকর অভীষ্টবর্ষী সোমের অধিকারী। হে ইন্দ্র! অভীষ্টবর্ষী সোমে তুমি তৃপ্ত হও।

৭। তুমি শত্রুবিনাশক, তুমি সংগ্রামে স্তোত্রাভিলাষী ও নৌকার ন্যায় বিপদ্ উদ্ধারক, আমি যজ্ঞকালে স্তোত্র করিতে করিতে তোমার নিকট গমন করিতেছি। ইন্দ্র আমাদিগের এই স্তুতিবাক্য বিশেষরূপে অবগত হউন। আমরা কূপের ন্যায় দানাধার ইন্দ্রকে সিক্ত করিব।

৮। তৃণ ভক্ষণে তৃপ্ত গাভী যেমন বৎসকে পরাবর্ত্তিত করে, সেইরূপ হে ইন্দ্র! আমাদিগকে অনিষ্ট হইতে অগ্রেই পরাবর্ত্তিত কর। হে শতক্রতু! পত্নীগণ যেরূপ যুবাকে ব্যাপ্ত করে, সেইরূপ আমরা সুন্দর স্তোত্রদ্বারা একবার তোমাকে ব্যাপ্ত করিব।

৯। হে ইন্দ্র! তোমার যে ধনবতী দক্ষিণা স্তুতিকারীর অভিমত সকল প্রদান করে, তুমি সেই দক্ষিণা আমাদিগকে প্রদান কর। তুমি ভজনীয়, আমাদিগকে অতিক্রম করিয়া আর কাহাকেও প্রদান করিও না। আমরা পুত্রপৌত্রবিশিষ্ট হইয়া এই যজ্ঞে প্রভূত স্তুতি করিব।

---

১৭ সূক্ত।

ইন্দ্র দেবতা। গৃৎসমদ ঋষি।

১। হে স্তোতাগণ তোমরা অঙ্গিরাগণের ন্যায় নূতন স্তুতি দ্বারা ইন্দ্রকে উপাসনা কর। যেহেতু ইন্দ্রের শোষক তেজঃ পূর্ব্ব কালের ন্যায় উদিত হইতেছে। যেহেতু সোম জনিত হর্ষ উৎপন্ন হইলে ইন্দ্র বৃত্রকর্ত্তৃক আক্রান্ত সমস্ত মেঘরাশি উদ্ঘাটিত করিয়াছিলেন।

২। যে ইন্দ্র বল প্রকাশ করতঃ প্রথম সোমপানের জন্য আপন মহিমা বর্দ্ধিত করিয়াছেন। যে শত্রু বিনাশক ইন্দ্র যুদ্ধকালে স্বীয় শরীর পরিবীত

(১) এই ঋকে ও ইহার পরের ঋকে "বৃষ" শব্দের বারবার ব্যবহারই উদ্দেশ্য।

করিয়াছিলেন, সেই ইন্দ্র প্রীত হউন। তিনি স্বীয় মহিমায় আপন মস্তকে দ্যুলোক ধারণ করিয়াছেন।

৩। সে ইন্দ্র! তুমিও তোমার মহাবীর্য্য প্রকাশ করিয়াছ; কারণ স্তোত্র দ্বারা প্রীত হইয়া তুমি শত্রু বিনাশক বল প্রকটিত করিয়াছ। অনিষ্টকারীগণ তোমার রথস্থিত হরিনামক অশ্ব কর্ত্তৃক স্বস্থান বিচ্যুত হইয়া কতক একত্রে ও কতক পৃথক্ হইয়া পলায়ন করিয়াছে।

৪। প্রভূত অন্নবিশিষ্ট ইন্দ্র নিজ বলে সমস্ত ভুবন অভিভব করতঃ আপনাকে সকলের অধিপতি করিয়া বর্দ্ধিত হইয়াছেন। অনন্তর জগতের বাহক ইন্দ্র নিজতেজে দ্যাবাপৃথিবী ব্যাপ্ত করিয়াছেন এবং দুঃস্থিত তমোরাশি চারিদিকে নিক্ষেপ করতঃ জগৎ ব্যাপ্ত করিয়াছেন।

৫। ইন্দ্র ইতস্ততঃ গমনকারী পর্ব্বত সমূহকে নিজ বলে অচল করিয়াছেন। মেঘস্থিত জলরাশি অধোমুখ প্রেরণ করিয়াছেন। তিনি বিশ্বধাত্রী পৃথিবীকে স্বীয় বলে ধারণ করিয়াছেন, এবং প্রজ্ঞাবলে দ্যুলোককে পতন হইতে রক্ষা করিয়াছেন।

৬। ইন্দ্র এই জগতের পক্ষে পর্য্যাপ্ত হইয়াছেন। তিনি সকলের রক্ষক। তিনি সর্ব্বজীবের অপেক্ষা উৎকৃষ্ট জ্ঞান বলে নিজহস্তে জগৎ নির্ম্মাণ করিয়াছেন। বহু কীর্ত্তিমান্ ইন্দ্র এই জ্ঞানদ্বারা ক্রিধিকে বজ্রদ্বারা আঘাত করতঃ পৃথিবীতে শয়ন করিয়া থাকিবার জন্য বিনাশ করিয়াছেন।

৭। হে ইন্দ্র! যাবজ্জীবন পিতামাতার সহিত অবস্থিতা দুহিতা যেমন আপনার পিতৃকুল হইতেই ভাগ প্রার্থনা করে (১), সেইরূপ আমি তোমার নিকট ধন যাচ্ঞা করি। সেই ধন তুমি সকলের নিকট প্রকাশিত কর, এবং সেই ধনের পরিমাণ কর ও তাহা সম্পাদন কর। আমার শরীরের ভোগযোগ্য ধন প্রদান কর, এই ধনে তুমি স্তোতাগণকে সম্মানিত কর।

৮। হে ইন্দ্র! তুমি পালয়িতা; আমরা তোমাকে আহ্বান করি। তুমি কর্ম্ম ও অন্নের দাতা। তুমি নানা প্রকারে আশ্রয় প্রদান করিয়া আমাদিগকে রক্ষা কর। হে অভীষ্টবর্ষী ইন্দ্র! তুমি আমাদিগকে অত্যন্ত ধনবান্ কর।

---

(১) "পতিং অলভমানা সতী দুহিতা সমানাৎ আত্মনঃ পিত্রোশ্চ সাধারণাৎ সদসঃ গৃহাৎ * * যথাভাগং যাচতে।" সায়ণ। ইহা হইতে প্রতীয়মান্ হয়, তৎকালে অবিবাহিতা কন্যা পিতৃ সম্পত্তির অংশ পাইতেন এরূপ রীতি ছিল। বোধ হয় অনেক কন্যা অবিবাহিতা থাকিতেন, নচেৎ তাঁহাদিগের সম্পত্তির অংশ পাওয়ার একটি বিধি হওয়ার সম্ভব নহে।

৯। হে ইন্দ্র! তোমার যে ধনবতী দক্ষিণা স্তুতিকারীর অভিমত সকল প্রদান করে, তুমি সেই দক্ষিণা আমাদিগকে প্রদান কর। তুমি ভজনীয়, আমাদিগকে অতিক্রম করিয়া আর কাহাকেও প্রদান করিও না। আমরা পুত্রপৌত্রবিশিষ্ট হইয়া এই যজ্ঞে প্রভূত স্তুতি করিব।

---

১৮ সূক্ত।

ইন্দ্র দেবতা। গৃৎসমদ ঋষি।

১। স্তুতিযোগ্য ও বিশুদ্ধ যজ্ঞ প্রাতঃকালে আরব্ধ হইয়াছে; এই যজ্ঞে চারিখানি প্রস্তর, তিন প্রকার স্বর, সপ্ত প্রকার ছন্দঃ ও দশ প্রকার পাত্র আছে। ইহা মনুষ্যদিগের হিতকর ও স্বর্গদাতা। ইহা মনোহর স্তুতি ও যাগাদিদ্বারা প্রথিত হইবে।

২। ঐ যজ্ঞ এই ইন্দ্রের জন্য প্রথম, দ্বিতীয় ও তৃতীয় সবনে পর্য্যাপ্ত হইল। ইহা মনুষ্যদিগের জন্য শুভ ফল আনয়ন করে। অন্য ঋত্বিকগণ অন্য প্রসিদ্ধ বাক্যের গর্ভ উৎপাদন করিতেছেন। অভীষ্টবর্ষী জয়শীল যজ্ঞ অন্য দেবগণের সহিত মিলিত হইতেছে।

৩। ইন্দ্রের রথে নূতন স্তোত্র দ্বারা শীঘ্র গমনার্থ হরিনামক অশ্ব যোজনা করি। এই যজ্ঞে বহুসংখ্যক মেধাবী স্তোতা আছেন, অন্য যজমানগণ তোমাকে সম্যক্ তৃপ্ত করিতে পারে না।

৪। হে ইন্দ্র! তুমি আহূত হইয়া দুই চারি, অথবা ছয় অথবা আট অথবা দশ সংখ্যক হরিনামক অশ্বের সাহায্যে সোমপানার্থ আগমন কর। হে শোভন ধনবিশিষ্ট ইন্দ্র! এই সোম তোমার জন্য অভিষুত হইয়াছে তুমি উহাকে হিংসা করিও না।

৫। হে ইন্দ্র! তুমি উত্তম গতিবিশিষ্ট, বিংশতি, ত্রিংশৎ, চত্বারিংশৎ, পঞ্চাশৎ, ষষ্টি, অথবা সপ্ততি সংখ্যক অশ্বের যোগে আমাদের অভিমুখে সোম-পানার্থ আগমন কর।

৬। হে ইন্দ্র! অশীতি নবতি বা শত সংখ্যক অশ্বদ্বারা বাহিত হইয়া আমাদের অভিমুখে আগমন কর। হে ইন্দ্র! যে হেতু, তোমার আনন্দের জন্য তোমার জন্য পাত্রে সোম পরিষিক্ত হইতেছে।

৭। হে ইন্দ্র! আমার স্তুতির অভিমুখে আগমন কর। জগদ্ব্যাপী

অশ্বদ্বয়কে রথের অগ্রভাগে সংযোজিত কর। বহুসংখ্যক যজমান তোমাকে আহ্বান করে। হে শূর! তুমি এই যজ্ঞে হৃষ্ট হও।

৮। ইন্দ্রের সহিত আমার সখ্য যেন বিযুক্ত না হয়। এই ইন্দ্রের দক্ষিণা আমাদিগকে অভিমত ফলপ্রদান করুক। আমরা যেন ইন্দ্রের প্রশংসনীয় ও আপদনিবারক হস্তদ্বয়ের সমীপে অবস্থিত করি, এবং প্রতিযুদ্ধে আমরা জয় লাভ করি।

৯। হে ইন্দ্র! তোমার যে ধনবতী দক্ষিণা স্তুতিকারীর অভিমত সকল প্রদান করে তুমি সেই দক্ষিণা আমাদিগকে প্রদান কর। তুমি ভজনীয় আমাদিগকে অতিক্রম করিয়া আর কাহাকেও প্রদান করিও না। আমরা পুত্র ও পৌত্রবিশিষ্ট হইয়া এই যজ্ঞে প্রভূত স্তুতি করিব।

---

১৯ সূক্ত।

ইন্দ্র দেবতা। গৃৎসমদ ঋষি।

১। সোমাভিষবকারী মনীষী যজমানের মদকর অন্ন ইন্দ্র আনন্দের জন্য ভক্ষণ করুক। এই পুরাণ অন্নে বর্দ্ধমান হইয়া ইন্দ্র উহাতে বাস করিয়াছেন। ইন্দ্রের স্তোত্রাভিলাষী ঋত্বিক্‌গণও উহাতে বাস করিয়াছেন।

২। এই মদকর সোমে আনন্দিত হইয়া, ইন্দ্র হস্তে বজ্রধারণ করতঃ জলের আবরক অহিকে ছেদন করিয়াছিলেন। তখন প্রীতিকর জলরাশি পক্ষীগণ যেরূপ কুলায়াভিমুখে গমন করে, সেইরূপ সমুদ্র অভিমুখে গমন করিতে লাগিল।

৩। অহিহন্তা পূজনীয় ইন্দ্র জলপ্রবাহকে সমুদ্রাভিমুখে প্রেরণ করিলেন। তিনি সূর্য্যকে উৎপাদন করতঃ গোসমূহ লাভ করিলেন। এবং তেজোবলে দিবসসমূহ প্রকাশ করিলেন।

৪। ইন্দ্র হব্যদায়ী মনুষ্য যজমানের জন্য বহুসংখ্যক উৎকৃষ্ট ধন দান করিয়াছেন। বৃত্রকে বিনাশ করিয়াছেন। তিনি সূর্য্য লাভের জন্য স্তোতৃগণের মধ্যে বিরোধ উপস্থিত হইলে সে সময়ে সকলের আশ্রয়ভাজন হইয়াছিলেন।

৫। (এতশ ঋষি) ইন্দ্রের স্তব করিলে স্তোতমান ইন্দ্র সোমাভিষবকারী

মনুষ্য এতশকে(১) সূর্য্য আনাইয়া দিয়াছিলেন। যেহেতু পিতা যেরূপ (পুত্রকে) ধন প্রদান করেন, এতশ সেইরূপ যজ্ঞকালে ইন্দ্রকে প্রচ্ছন্ন ও অমূল্য সোমরস প্রদান করিয়াছিলেন।

৬। দীপ্তিযুক্ত ইন্দ্র অপনার সারথ্যকারী কুৎস রাজর্ষির জন্য শুষ্ম অশুষ, এবং কুযবকে বশীভূত করিয়াছিলেন, এবং দিবোদাসের জন্য শম্বরের নবনবতি পুরী বিদারণ করিয়াছিলেন।

৭। হে ইন্দ্র! আমরা অন্নাভিলাষে তোমাকে বলবান্ করতঃ তোমার স্তুতি সম্পাদন করিতেছি। তোমাকে প্রাপ্ত হইয়া আমরা সপ্তপদী সখ্যতা লাভ করি। দেহরহিত পীয়ুর বিরুদ্ধে তোমার বজ্র ক্ষেপণ কর।

৮। হে বলবান্ ইন্দ্র! গমনাভিলাষী লোক যেরূপ পথ প্রস্তুত করে সেইরূপ গৃৎসমদগণ তোমার জন্য মনোহর স্তুতি রচনা করিতেছে। তুমি সর্ব্বাপেক্ষা নূতন, তোমার স্তোত্রাভিলাষী গৃৎসমদগণ যেন অন্ন বল গৃহ ও সুখ প্রাপ্ত হয়।

৯। হে ইন্দ্র! তোমার যে ধনবতী দক্ষিণা স্তুতিকারীর অভিমত সকল প্রদান করে, তুমি সেই দক্ষিণা আমাদিগকে প্রদান কর। তুমি ভজনীয়, আমাদিগকে অতিক্রম করিয়া আর কাহাকেও প্রদান করিও না। আমরা পুত্র ও পৌত্রবিশিষ্ট হইয়া এই যজ্ঞে প্রভূত স্তুতি করিব।

---

২০ সূক্ত।

ইন্দ্র দেবতা। গৃৎসমদ ঋষি।

১। হে ইন্দ্র! অন্নাভিলাষী ব্যক্তি যেরূপ রথ প্রস্তুত করে, সেইরূপ আমরাও তোমার জন্য অন্ন প্রস্তুত করি। তুমি আমাদিগকে ভাল করিয়া জান। আমরা স্তুতিদ্বারা তোমাকে দীপ্যমান করিতেছি। আমরা তোমার ন্যায় লোকের নিকট সুখ যাচ্ঞা করি।

২। হে ইন্দ্র! তুমি আমাদিগকে পালন করতঃ আমাদিগের (রক্ষা কর)। যাহারা তোমাকে কামনা করে তুমি তাহাদিগকে শত্রু হইতে রক্ষা কর। তুমি হব্যদাতা যজমানের ঈশ্বর, ও তাহার শত্রুনিবারক। যে তোমায় হব্যদ্বারা পরিচর্য্যা করে, তাহার জন্য তুমি এই সকল কর্ম্ম করিয়া থাক।

---

(১) ১,১৬,১৫ ঋকের টীকা দেখ।

৩। আমরা যজ্ঞকার্য্য করিতেছি, তরুণবয়স্ক, আহ্বানযোগ্য, সখাতুল্য, সুখকর ইন্দ্র আমাদিগকে পালন করুন। যে স্তোত্র উচ্চারণ করে, ক্রিয়া সমাধান করে, হব্য পাক করে ও স্তুতি করে, ইন্দ্র আশ্রয় দান করিয়া তাহাদিগকে কর্ম্মের পারে লইয়া যান।

৪। আমি সেই ইন্দ্রের স্তুতি করি, তাঁহার প্রশংসা করি। তাঁহার স্তোতাগণ পূর্ব্বে বর্দ্ধিত হইয়াছিলেন এবং শত্রুদিগকে হিংসা করিয়াছিলেন। ইন্দ্রের নিকট প্রার্থনা করায় ইন্দ্র যেন স্তোত্রাভিলাষী নূতন যজমানের ধনেচ্ছা পূরণ করেন।

৫। অঙ্গিরাগণের উক্থ সমূহে প্রীত হইয়া ইন্দ্র তাহাদিগের (গো-আনয়নের) পথ দেখাইয়া দিলেন ও তাহাদিগের স্তোত্র পূর্ণ করিলেন। স্তোতাগণ স্তব করিলে ইন্দ্র সূর্য্য দ্বারা উষাকে অপহরণ করতঃ অশ্বের পুরাতন নগর সমূহ বিনাশ করিয়াছিলেন।

৬। দ্যুতিমান্, কীর্ত্তিমান্, অতিশয় দর্শনীয় ইন্দ্র মনুষ্যের জন্য উন্মুখ হইয়া আছেন, শত্রুনাশক বলবান্ ইন্দ্র যেন লোক অনিষ্টকারী দাসের প্রিয়মস্তক নিম্নে নিক্ষেপ করেন।

৭। বৃত্রহা, পুরনাশন ইন্দ্র কৃষ্ণযোনি দাস সেনাকে(১) বিনাশ করিয়াছেন, মনুর জন্য পৃথিবী ও জল সৃষ্টি করিয়াছেন। তিনি যেন যজমানের উচ্চ অভিলাষ পূরণ করেন।

৮। স্তোতাগণ উদকলাভের নিমিত্ত সেই ইন্দ্রের উদ্দেশে সতত অনুক্রমে বলবর্দ্ধক অন্ন প্রদান করিয়াছেন; যখন তাঁহার হস্তে বজ্র প্রদত্ত হইয়াছিল তখন তিনি তদ্দ্বারা দস্যুদিগকে হনন করত তাহাদিগের লৌহময় পুরী ধ্বংস করিয়াছিলেন।

৯। হে ইন্দ্র! তোমার ধনবতী দক্ষিণা স্তুতিকারীর অভিমত সকল প্রদান করে, তুমি সেই দক্ষিণা আমাদিগকে প্রদান কর। তুমি ভজনীয়, তুমি আমাদিগকে অতিক্রম করিয়া আর কাহাকেও প্রদান করিও না। আমরা পুত্রপৌত্রবিশিষ্ট হইয়া এই যজ্ঞে প্রভূত স্তুতি করিব।

---

(১) মূলে "কৃষ্ণ যোনীঃ দাসীঃ" আছে। এতদ্দ্বারা কৃষ্ণবর্ণ অনার্য্য জাতিদিগের উল্লেখ করা হইয়াছে। ইহার পূর্ব্বের ঋকেও তাহাদিগের উল্লেখ আছে।

২১ সূক্ত।

ইন্দ্র দেবতা। গৃৎসমদ ঋষি।

১। ধনজয়ী, স্বর্গজয়ী, সদাজয়ী, মনুষ্যজয়ী, উর্ব্বরা ভূমি বিজয়ী, অশ্ববিজয়ী, গোজয়ী, জলবিজয়ী, অতএব সর্ব্ববিজয়ী যজনীয় ইন্দ্রের উদ্দেশে স্পৃহণীয় সোম আহরণ কর।

২। সকলের অভিভবকারী, বিমর্দ্দক, ভোগকারী অনভিভবযোগ্য, সর্ব্বসহ, পূর্ণগ্রীব, সর্ব্ববিধাতা, সর্ব্ববোঢ়া, অন্যের দুর্দ্ধর্ষ; ও সর্ব্বদা জয়শীল ইন্দ্রের উদ্দেশে নমঃ শব্দ উচ্চারণ পূর্ব্বক স্তুতি কর।

৩। বহুলোকের পরাজয়কারী, লোকের ভজনীয়, বলবানগণের পরাভবকারী, শত্রু নিবারক, যোদ্ধা, প্রীতিকর সোমসিক্ত, শত্রু হিংসক, শত্রুগণের অভিভবকারী এবং প্রজাপালক ইন্দ্রের উৎকৃষ্ট বীরকর্ম্ম সকল কীর্ত্তন করি।

৪। অতুল দানযুক্ত, অভীষ্টবর্ষী, হিংসকদিগের বধকারী, গাম্ভীর্য্যোপেত, দর্শনীয়, কর্ম্মবিষয়ে অপরিভবনীয়, সমৃদ্ধ লোকের উৎসাহদাতা, শত্রুদিগের কর্ত্তনকারী, দৃঢ়াঙ্গ, জগৎব্যাপী, সুন্দর যজ্ঞবিশিষ্ট ইন্দ্র উষা হইতে সূর্য্যকে উৎপন্ন করিয়াছেন।

৫। ইন্দ্রের স্তুতিকারী, ইন্দ্রাভিলাষী, মনীষী অঙ্গিরাগণ যজ্ঞদ্বারা জল প্রেরক ইন্দ্রের নিকট পথ অবগত হইয়াছেন। পরে রক্ষাভিলাষী ইন্দ্রের স্তুতিকারী অঙ্গিরাগণ স্তোত্র ও পূজাদ্বারা গোধন লাভ করিয়াছিল।

৬। হে ইন্দ্র! তুমি আমাদিগকে উত্তম ধন প্রদান কর। আমাদিগকে দক্ষতার সুখ্যাতি প্রদান কর। আমাদিগকে সৌভাগ্য দান কর। আমাদিগের ধন বৃদ্ধি করিয়া দাও। আমাদিগের শরীর রক্ষা কর, কথায় মিষ্টতা প্রদান কর, দিবসকে সুদিন কর।

---

২২ সূক্ত।

ইন্দ্র দেবতা। গৃৎসমদ ঋষি।

১। পূজনীয়, বহুবলশালী, তৃপ্তিযুক্ত ইন্দ্র পূর্ব্বে যেরূপ অভিলাষ করিয়াছিলেন, সেইরূপ ত্রিকদ্রুকে যবমিশ্রিত অভিষুত সোম বিষ্ণুর সহিত

পান করুন। মহৎ সোম তেজোবিশিষ্ট ইন্দ্রকে মহৎকার্য্য সাধনার্থ হর্ষযুক্ত করিয়াছিল। সত্য ও দীপ্যমান্ সোম সত্য ও দ্যোতমান ইন্দ্রকে ব্যাপ্ত করুক।

২। পরে দীপ্তিমান ইন্দ্র নিজবলে ক্রিবিকে যুদ্ধদ্বারা অভিভব করিয়াছিলেন, তিনি নিজ তেজোদ্বারা দ্যাবাপৃথিবীকে সমন্তাৎ পূর্ণ করিয়াছিলেন। সোমের বলে বিশেষরূপে বৃদ্ধিপ্রাপ্ত হইয়াছেন। ইন্দ্র একভাগ নিজ জঠরে ধারণ করিয়া অন্য ভাগ দেবগণকে প্রদান করিলেন, সত্য ও দীপ্যমান সোম, সত্য ও দ্যোতমান ইন্দ্রকে ব্যাপ্ত করুক।

৩। হে ইন্দ্র! তুমি যজ্ঞের সহিত, বলের সহিত উৎপন্ন হইয়াছ। তুমি সমস্ত বহন করিতে ইচ্ছা কর। তুমি পরাক্রমের সহিত প্রবৃদ্ধ হইয়া হিংসকদিগকে অভিভব করিয়াছ; তুমি বিচারক। তুমি স্তুতিকারীকে কর্ম্মসাধক বাঞ্ছনীয় ধন প্রদান কর। সত্য ও দীপ্যমান সোম সত্য ও দ্যোতমান্ ইন্দ্রকে ব্যাপ্ত করুক।

৪। হে ইন্দ্র! তুমি সকলের নর্ত্তয়িতা। তুমি মনুষ্যদিগের হিতকর যে বিখ্যাত কর্ম্ম পূর্ব্বকালে সম্পাদন করিয়াছিলে তাহা দ্যুলোকে শ্লাঘনীয় হইয়াছে। তুমি নিজ পরাক্রমে দেবের প্রাণ হিংসা করতঃ তন্নিরুদ্ধ জল ছাড়িয়া দিয়াছিলে। ইন্দ্র নিজবলে সমস্ত অদেব অভিভব করেন (১)। শতক্রতু যেন বল অবগত হয়েন, এবং অন্ন অবগত হয়েন।

---

২৩ সূক্ত।

ব্রহ্মণস্পতি দেবতা। গৃৎসমদ ঋষি।

১। হে ব্রহ্মণস্পতি! তুমি দেবগণের মধ্যে গণপতি; কবিগণের মধ্যে কবি, তোমার অন্ন সর্ব্বোৎকৃষ্ট ও উপমানভূত। তুমি প্রশংসনীয়দিগের মধ্যে রাজা এবং মন্ত্রসমূহের স্বামী। আমরা তোমাকে আহ্বান করি, তুমি আমাদের স্তুতি শ্রবণ করিয়া আশ্রয় প্রদানার্থ যজ্ঞগৃহে উপবেশন কর।

২। হে অসুর্য্য (১) প্রকৃষ্ট জ্ঞান সম্পন্ন বৃহস্পতি! দেবগণ তোমার

---

(১) সায়ণ "বিশ্বং অদেবং" অর্থে "ব্যাপ্তং তমোরূপং অসুরং" অর্থাৎ বৃত্র করিয়াছেন। উইলসন্ "বিশ্বং অদেবং" শব্দের অর্থ করিয়াছেন "All that is godless.

(১) সায়ণ এস্থানে অসুর্য্য অর্থে অসুর হন্তা করিয়াছেন। কিন্তু ১। ১৩৪। ৫, ও ১। ১৬৭। ৫, এবং ১। ১৬৮। ৭ দেখ।

যজ্ঞীয় ভাগ প্রাপ্ত হইয়াছেন। জ্যোতিঃদ্বারা পূজনীয় সূর্য্য যেরূপ কিরণ উৎপাদন করেন, সেইরূপ তুমি সমস্ত মন্ত্র উৎপাদন কর।

৩। হে বৃহস্পতি! চারিদিকে নিন্দকদিগকে এবং অন্ধকার সমূহকে দূরীকৃত করিয়া তুমি জ্যোঃতিবিশিষ্ট, যজ্ঞ প্রাপক, ভয়ানক, শত্রু হিংসক রাক্ষসনাশক, মেঘভেদক, এবং স্বর্গ প্রদায়ক রথে আরোহণ করিয়াছ।

৪। হে বৃহস্পতি! যে জন তোমাকে হব্য প্রদান করে, তুমি তাহাকে সৎপথে লইয়া যাও এবং তাহাকে রক্ষা কর, পাপ তাহাকে প্রাপ্ত হয় না। তুমি মন্ত্রদ্বেষীদিগের সন্তাপক, এবং ক্রোধের হিংসক, তোমার এইরূপ প্রভূত মাহাত্ম্য আছে।

৫। হে সুরক্ষক ব্রহ্মণস্পতি! তুমি যাহাকে রক্ষা কর দুঃখ তাহাকে কষ্ট দিতে পারে না, দুরিত তাহাকে কষ্ট দিতে পারে না, অরাতিগণ কোন দিকে তাহাকে হিংসা করিতে পারে না, বঞ্চকগণ তাহাকে ক্লেশ দিতে পারে না। তুমি তাহার জন্য সমস্ত হিংসকদিগকে দূর করিয়া দাও।

৬। হে বৃহস্পতি! তুমি আমাদের রক্ষক, সৎপথদাতা, ও বিচক্ষণ। তোমার যজ্ঞের জন্য আমরা স্তোত্রদ্বারা স্তুতি করি, যে ব্যক্তি আমাদের প্রতি কুটিলাচরণ করে, স্বীয় দুর্বুদ্ধি বেগবতী হইয়া তাহাকে শীঘ্র বিনাশ করুক।

৭। হে বৃহস্পতি! যে গর্ব্বিত এবং সর্ব্বগ্রাসী ব্যক্তি আমাদের অভিমুখে আগমন করতঃ আমাদিগকে হিংসা করে সেই ব্যক্তিকে সুপথ হইতে দূর করিয়া দাও এবং যজ্ঞের জন্য আমাদের পথ সুগম করিয়া দাও।

৮। হে বৃহস্পতি! তুমি লোক সকলকে উপদ্রব হইতে রক্ষা কর, তুমি আমাদের পুত্রাদিকে পালন কর, আমাদিগের প্রতি মিষ্টবাক্য প্রয়োগ কর, এবং আমাদিগের প্রতি প্রসন্ন হও। আমরা তোমাকে আহ্বান করি, তুমি দেবনিন্দকদিগকে বিনাশ কর, দুর্বুদ্ধিগণ যেন উৎকৃষ্ট সুখ লাভ করিতে না পারে।

৯। হে ব্রহ্মণস্পতি! তুমি আমাদিগকে বর্দ্ধিত করিলে আমরা যেন মনুষ্যগণের নিকট হইতে স্পৃহণীয় ধন প্রাপ্ত হই। দূরে বা নিকটে আমাদের যে সকল শত্রু আমাদিগকে অভিভব করে সেই যজ্ঞহীন শত্রুদিগকে বিনাশ কর।

১০। হে বৃহস্পতি! তুমি অভিলাষ পূরক ও পবিত্র, আমারা তোমার

সহায়তা লাভ করিয়া উৎকৃষ্ট অন্ন লাভ করিব। যে দুরাত্মা আমাদিগকে পরাভব করিতে ইচ্ছা করে, সে যেন আমাদিগের অধিপতি না হয়, আমরা উৎকৃষ্ট স্তুতিদ্বারা পুণ্যবান্ হইয়া যেন উন্নতি লাভ করি।

১১। হে ব্রহ্মণস্পতি! তোমার দানের উপমা নাই, তুমি অভীষ্টবর্ষী, তুমি যুদ্ধে গমন করিয়া শত্রুদিগকে সন্তাপ প্রদান কর, এবং সংগ্রামে তাহাদিগকে বিনাশ কর। তোমার পরাক্রমই সত্য, তুমি ঋণ পরিশোধ কর, তুমি উগ্র, এবং মদোন্মত্ত ব্যক্তিদিগকে দমন কর।

১২। যে ব্যক্তি দেবশূন্য মনে আমাদিগকে হিংসা করে, যে উগ্র আত্মাভিমানী আমাদিগকে বধ করিতে ইচ্ছা করে, হে বৃহস্পতি! তাহাদের আয়ুধ যেন আমাদিগকে স্পর্শ না করে। আমরা যেন সেই বলবান্ দুষ্ট শত্রুর ক্রোধ নাশ করিতে সমর্থ হই।

১৩। বৃহস্পতি যুদ্ধকালে আহ্বানযোগ্য এবং নমস্কার পূর্ব্বক উপাসনাযোগ্য, তিনি যুদ্ধে গমন করেন এবং সর্ব্ব ধন প্রদান করেন। সকলের অধিপতি বৃহস্পতি অভিভবেচ্ছা বিশিষ্ট সমস্ত হিংসক সেনাদিগকে রথের ন্যায় নিহত ও বিধ্বস্ত করেন।

১৪। হে বৃহস্পতি! অতিশয় তীক্ষ্ণ, সন্তাপপ্রদ অস্ত্রদ্বারা শত্রুদিগকে সন্তাপ প্রদান কর, ঐ রাক্ষসেরা তোমার পরাক্রম প্রভূত হইলেও তোমাকে নিন্দা করিয়াছিল। পূর্ব্বকালে তোমার যে প্রশংসনীয় বীর্য্য ছিল এক্ষণে তাহা আবিষ্কার কর এবং তদ্দ্বারা নিন্দকদিগকে বিনাশ কর।

১৫। হে যজ্ঞজাত বৃহস্পতি! যে ধন আর্য্যগণ পূজা করে, যে দীপ্তিযুক্ত ও ক্রতুযুক্ত ধন লোকের মধ্যে শোভা পায়, যে ধন নিজ তেজে দীপ্যমান্ হয়, সেই বিচিত্র ধন আমাদিগকে প্রদান কর।

১৬। হে বৃহস্পতি! যে চোরেরা দ্রোহ কার্য্যে হৃষ্ট হয়, যাহারা শত্রু এবং সর্ব্বদা পরের অন্ন আকাঙ্ক্ষা করে, যাহারা নিজের হৃদয়ে দেবগণকে সম্পূর্ণরূপে বর্জন করিতে অভিলাষ করে, এবং পরম সামস্তুতি জানে না, তাহাদিগের হস্তে আমাদিগকে অর্পণ করিও না।

১৭। হে ব্রহ্মণস্পতি। ত্বষ্টা তোমাকে সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট করিয়া উৎপন্ন করিয়াছেন, অতএব তুমি সমস্ত সামের উচ্চারক। যজমান মহাযজ্ঞ আরম্ভ করিলে ব্রহ্মণস্পতি তাঁহার ঋণ স্বীকার করেন ও সেই ঋণ পরিশোধ করেন, এবং দ্রোহকারীকে বিনাশ করেন।

১৮। হে অঙ্গিরা বংশীয় বৃহস্পতি। পর্ব্বত গোসমূহ আবরণ করিয়াছিল। তোমার সম্পদের জন্ত যখন তাহা উদ্‌ঘাটিত হইল এবং তুমি গোসমূহকে বাহির করিয়া দিলে, তখন ইন্দ্রকে সহায় পাইয়া তুমি বৃত্রকর্ত্তৃক আক্রান্ত জলের আধারভূত জলরাশিকে অধোমুখ করিয়াছিলে।

১৯। হে ব্রহ্মণস্পতি! তুমি এই জগতের নিয়ন্তা, তুমি এই সূক্ত অব-গত হও, তুমি আমাদিগের সন্তানসন্ততিকে প্রীত কর; দেবগণ যাহা রক্ষা করেন তাহা সম্যকরূপে কল্যাণ কর; আমরা পুত্র ও পৌত্রবিশিষ্ট হইয়া যজ্ঞে প্রভূত স্তুতি করিব। (২)

---

২৪ সূক্ত।

ব্রহ্মণস্পতি দেবতা। গৃৎসমদ ঋষি।

১। হে ব্রহ্মণস্পতি! তুমি সমস্ত জগতের ঈশ্বর, তুমি আমাদিগের উৎকৃষ্টরূপে সম্পাদিত এই স্তুতি গ্রহণ কর। আমরা তোমাকে এই নূতন মহতী স্তুতিদ্বারা পরিচর্য্যা করিতেছি। তুমি আমাদিগের অভিমত ফল প্রদান কর, যেহেতু, হে বৃহস্পতি! তোমার বন্ধু আমাদের এই স্তুতিকারী, তোমার স্তব করিতেছি।

২। যে ব্রহ্মণস্পতি স্বীয় বলে অবমানযোগ্যগণকে অবমানিত করিয়া-ছিলেন, যিনি ক্রোধপরবশ হইয়া শম্বরকে বিদারিত করিয়াছিলেন, নিশ্চল জলকে চালিত করিয়াছিলেন, এবং গোধনপূর্ণ পর্ব্বতে প্রবেশ করিয়াছিলেন।

৩। দেবগণের মধ্যে সর্ব্বোৎকৃষ্ট দেবতা সেই ব্রহ্মণস্পতির কার্য্যদ্বারা দৃঢ় পর্ব্বত শ্রথিত হইয়াছিল, ও সংস্তম্ভিত বৃক্ষাদি ভগ্ন হইয়াছিল, তিনি গোসকলকে উদ্ধার করিয়াছিলেন, মন্ত্রের দ্বারা বলকে ভেদ করিয়াছিলেন, অন্ধকারকে অদৃশ্য করিয়াছিলেন, এবং আদিত্যকে প্রকাশ করিয়াছিলেন।

৪। যে প্রস্তরবৎ দৃঢ়মুখ বিশিষ্ট, মধুর জল পূর্ণ, নিম্নবিলম্বিত মেঘকে ব্রহ্মণস্পতি বল প্রয়োগদ্বারা বধ করিয়াছিলেন, আদিত্যরশ্মি সকল তাহা পান করিয়াছে। এবং তাহারাই আবার জলধারাময় বৃষ্টিসেক করিয়াছেন।

৫। ঋত্বিক্‌গণ! তোমাদিগের জন্য ব্রহ্মণস্পতির সনাতন ও বিচিত্র প্রজ্ঞান, মাসে মাসে ও বৎসরে বৎসরে ভবিষ্যৎ বৃষ্টিরদ্বারা উদঘাটিত

(২) এই সূক্তের ৩ হইতে ১৭ ঋকে, অনার্য্য বর্ব্বর জাতিদিগের বৈরভাব ও উপদ্রবের উল্লেখ পাওয়া যায়।

করিয়াছে। ব্রহ্মণস্পতি এই সকল প্রজ্ঞান মন্ত্রবিষয়ক করিয়াছেন। দ্যাবা-পৃথিবী যত্ন ব্যতিরেকে পরস্পরের সুখ বর্দ্ধন করেন।

৬। বিদ্বান্ অঙ্গিরাগণ চারিদিকে অন্বেষণ করতঃ পণিদিগের দুর্গমধ্যে লুক্কায়িত পরম ধন প্রাপ্ত হইয়াছিলেন। তাঁহারা মায়া দর্শন করিয়া যে স্থান হইতে গমন করিয়াছিলেন, পুনর্ব্বার সেই স্থানে গমন করিলেন।

৭। সত্যবাদী, সর্ব্বজ্ঞ, অঙ্গিরাগণ মায়া দর্শন করিয়া পুনরায় প্রধান পথ দিয়া তদভিমুখে গমন করিলেন। তাঁহারা হস্তদ্বারা প্রজ্বালিত অগ্নি পর্ব্বতে নিক্ষেপ করিলেন, পূর্ব্বে সে ধ্বংসকারী অগ্নি তথায় ছিল না।

৮। ব্রহ্মণস্পতি বাণক্ষেপী, সত্যরূপ জ্যাবিশিষ্ট, ধনুর্দ্বারা যাহা কিছু কামনা করেন, তাহাই প্রাপ্ত হন। তিনি যে বাণ নিক্ষেপ করেন, তাহা কার্য্য সাধন কুশল। সে বাণগুলি দর্শনার্থ উৎপন্ন, এবং কর্ণই তাহাদিগের উৎপত্তি স্থান (১)।

৯। ব্রহ্মণস্পতি পুরোহিত, তিনি পদার্থ সকল একত্রিত ও পৃথক্‌কৃত করেন, তাঁহাকে সকলে স্তব করে, তিনি যুদ্ধে আবির্ভূত হয়েন। সর্ব্বদর্শী ব্রহ্মণস্পতি যখন অন্ন ও ধন ধারণ করেন তখনই সূর্য্য অনায়াসে দীপ্ত হয়েন।

১০। বৃষ্টিপ্রদ বৃহস্পতির ধন চারিদিকে ব্যাপ্ত, প্রাপ্তিযোগ্য, প্রভূত এবং উৎকৃষ্ট। কমনীয়, অন্নবান্ ব্রহ্মণস্পতি ঐ সকল ধন দান করিয়াছেন। উভয় প্রকার লোকেই (২) এই ধন নিবিষ্টচিত্তে উপভোগ করে।

১১। সর্ব্বতোব্যাপ্ত, স্তোতব্য ব্রহ্মণস্পতি অতি দুর্ব্বল এবং মহাবল (উভয় প্রকার স্তোতাকেই) নিজবলে রক্ষা করিয়া থাকেন। দানাদি-গুণযুক্ত ব্রহ্মণস্পতি দেবতাগণের প্রতিনিধি বলিয়া সর্ব্বত্র অত্যন্ত বিখ্যাত হইয়াছেন, এবং এই জন্য সমস্ত প্রাণিসমূহের অধিপতি হইয়াছেন।

১২। হে ইন্দ্র ও ব্রহ্মণস্পতি! তোমরা ধনবান্। সমস্ত সত্যই তোমা-দের। জল তোমাদের ব্রত হিংসা করিতে পারে না। রথে যোজিত অশ্বদ্বয় যেরূপ খাদ্যাভিমুখে ধাবিত হয়, তোমরা সেইরূপ আমাদের হব্যাভিমুখে ধাবিত হও।

---

(১) অভিবধ এবং মন্ত্রই ব্রহ্মণস্পতির বাণ, অভিবধ দর্শনীয় এবং মন্ত্র শ্রবণীয়।

(২) যজমান ও স্তোতা অথবা দেবগণ ও মনুষ্যগণ।

১৩। ব্রহ্মণস্পতির দ্রুতগামী অশ্বগণ আমাদের স্তোত্র শ্রবণ করিতেছেন। মেধাবী সভ্য অধ্বর্য্যু মনোহর স্তোত্রদ্বারা তাঁহাকে হব্য প্রদান করিতেছেন। পরাক্রান্তদিগের দমনকারী ব্রহ্মণস্পতি আমাদের নিকট অভিলাষানুসারে ঋণ স্বীকার করুন। অন্নবান্ ব্রহ্মণস্পতি যুদ্ধে হব্য গ্রহণ করুন।

১৪। ব্রহ্মণস্পতি যখন কোন মহৎকর্ম্মে প্রবৃত্ত হয়েন, তখন তাঁহার মন্ত্র তাঁহার অভিলাষানুসারে সফল হয়। যিনি গোসমূহকে বাহির করিয়া দিয়াছিলেন, তিনি দ্যুলোকের জন্য উহাদিগকে ভাগ করিয়া দিয়াছিলেন; গোসমূহ মহা স্রোতের ন্যায় নিজবলে পৃথক্ পৃথক্ গমন করিয়াছিল।

১৫। হে ব্রহ্মণস্পতি! আমরা যেন সকল সময়েই উত্তম নিয়মবিশিষ্ট অন্নযুক্ত ধনের অধিপতি হই। তুমি আমাদের বীরপুত্রের পুত্র উৎপাদন কর, যেহেতু তুমি সকলের ঈশ্বর এবং আমাদের স্তুতি ও অন্ন কামনা কর।

১৬। হে ব্রহ্মণস্পতি! তুমি এই জগতের নিয়ন্তা, তুমি এই সূক্ত অবগত হও, তুমি আমাদিগের সন্তানসন্ততিকে প্রীত কর। দেবগণ যাহা রক্ষা করেন তাহা মঙ্গলময়। আমরা পুত্র ও পৌত্রবিশিষ্ট হইয়া এই যজ্ঞে প্রভূত স্তুতি করিব।

---

২৫ সূক্ত।

ব্রহ্মণস্পতি দেবতা। গৃৎসমদ ঋষি।

১। যজমান ব্রহ্মণস্পতির জন্য অগ্নি প্রজ্বালিত করতঃ যেন শত্রুদিগকে হিংসা করিতে পারেন। স্তোত্র উচ্চারণ ও হব্য দানকরতঃ তিনি যেন সমৃদ্ধি লাভ করিতে পারেন। ব্রহ্মণস্পতি যে যজমানকে সখা বলিয়া গ্রহণ করেন, তিনি পুত্রের ও পুত্রকে অতিক্রম করিয়া জীবিত থাকেন।

২। যজমান যেন বীরদ্বারা শত্রু বীরগণকে হিংসা করিতে পারেন। তিনি গোধনের জন্য বিখ্যাত হইয়াছেন এবং নিজেই সমস্ত বুঝিতে পারেন। ব্রহ্মণস্পতি যে যজমানকে সখা বলিয়া গ্রহণ করেন তাঁহার পুত্র এবং পুত্রের পুত্রও সমৃদ্ধি লাভ করে।

৩। নদী যেরূপ কূল ভেদ করে, বৃষ যেরূপ বলীবর্দ্দকে পরাভূত করে, সেইরূপ ব্রহ্মণস্পতির পরিচর্য্যাপরায়ণ যজমান নিজ সামর্থ্যে শত্রুগণকে পরাভব করেন। অগ্নিশিখাকে যেরূপ নিবারণ করা যায় না, সেইরূপ

ব্রহ্মণস্পতি যে যজমানকে সখা বলিয়া গ্রহণ করেন, তাঁহাকেও নিবারণ করা যায় না।

৪। যে যজমানকে ব্রহ্মণস্পতি সখা বলিয়া গ্রহণ করেন, স্বর্গীয় জলে অপ্রতিহত-প্রসর হইয়া তাঁহার নিকট আগমন করে, পরিচর্য্যাকারীদিগের মধ্যে সকলের পূর্ব্বে তিনিই গোধন লাভ করেন, তাঁহার বল অনিবার্য্য, তিনি বলদ্বারা শত্রুগণকে বিনাশ করেন।

৫। ব্রহ্মণস্পতি যে যজমানকে সখা বলিয়া গ্রহণ করেন, সমস্ত নদী তদভিমুখে প্রবাহিত হয়, তিনি অনবরত নানা সুখ উপভোগ করেন। তিনি সৌভাগ্যশালী ও দেবদত্তসুখ লাভ করিয়া সমৃদ্ধি প্রাপ্ত হন।

---

২৬ সূক্ত।

ব্রহ্মণস্পতি দেবতা। গৃৎসমদ ঋষি।

১। ব্রহ্মণস্পতির ঋজু স্তোতা যেন শত্রুগণকে বিনাশ করিতে পারে। দেবাকাঙ্ক্ষী যেন অদেবাকাঙ্ক্ষীকে পরাভব করিতে পারে। যিনি ব্রহ্মণস্পতিকে উত্তমরূপে তৃপ্ত করেন, তিনি যেন যুদ্ধে দুর্দ্ধর্ষ শত্রুদিগকে বিনাশ করিতে পারেন। যজ্ঞপরায়ণ যেন অযজ্বার ধন উপভোগ করে।

২। হে বীর! তুমি ব্রহ্মণস্পতির স্তুতি কর, অভিমানী শত্রুদিগের বিরুদ্ধে যাত্রা কর, শত্রুদিগের সহিত সংগ্রামে মনকে দৃঢ় কর। ব্রহ্মণস্পতির জন্য হব্য সম্পাদন কর, তাহা হইলে তুমি উত্তম ধন পাইবে। আমরা ব্রহ্মণস্পতির নিকট রক্ষা ইচ্ছা করি।

৩। যে যজমান শ্রদ্ধাযুক্ত হইয়া দেবগণের পিতা ব্রহ্মণস্পতিকে হব্যদ্বারা পরিচর্য্যা করেন, তিনি আপনার লোক ও আত্মীয়, আপনার পুত্র এবং অন্যান্য পরিচারকের সহিত অন্ন ও ধন লাভ করেন।

৪। যিনি ব্রহ্মণস্পতিকে ঘৃতবিশিষ্ট হব্যদ্বারা পরিচর্য্যা করেন, ব্রহ্মণস্পতি তাঁহাকে প্রাচীন পথে লইয়া যান, তাঁহাকে পাপ হইতে রক্ষা করেন, শত্রু হইতে রক্ষা করেন, দারিদ্র্য হইতে রক্ষা করেন। আশ্চর্য্যরূপ ব্রহ্মণস্পতি তাঁহার মহোপকার সাধন করেন।

---

২৭ সূক্ত।

আদিত্যগণ দেবতা। গৃৎসমদ অথবা তৎপুত্র কূর্ম্ম ঋষি।

১। আমি জুহ্বারা সর্ব্বদা শোভমান আদিত্যগণের উদ্দেশে ঘৃতস্রাবী স্তুতি অর্পণ করিতেছি। মিত্র, অর্য্যমা, ভগ, বহুব্যাপি বরুণ, দক্ষ, ও অংশ আমার স্তুতি শ্রবণ করুন (১)।

২। দীপ্তিমান্, বৃষ্টিপূত, অনুগ্রহপরায়ণ, অনিন্দনীয়, হিংসারহিত ও একবিধ কর্ম্মকারী মিত্র, অর্য্যমা, ও বরুণ নামক আদিত্যগণ অদ্য আমার এই স্তোত্র উপভোগ করুন।

৩। মহান্, গাম্ভীর্য্যবিশিষ্ট, দুর্দ্দমনীয়, দমনকারী ও বহুদৃষ্টিযুক্ত আদিত্যগণ প্রাণিগণের অন্তঃকরণ দেখিতে পান। দূরদেশস্থিত পদার্থও আদিত্যগণের পক্ষে নিকট।

৪। আদিত্যগণ স্থাবর ও জঙ্গমকে অবস্থাপিত করেন, সমস্ত ভুবনকে রক্ষা করেন। তাঁহারা বহু যজ্ঞবিশিষ্ট, ও অসুর্য্যকে (২) রক্ষা করেন, তাঁহারা সত্যবান্ এবং ঋণ পরিশোধ করেন।

৫। হে আদিত্যগণ! আমরা যেন তোমাদের আশ্রয় লাভ করিতে পারি। ভয় উপস্থিত হইলে তোমাদের আশ্রয় সুখ প্রদান কর। হে অর্য্যমা! হে মিত্র! হে বরুণ! তোমাদিগকে অনুসরণ করিয়া আমি যেন গর্ত্তের ন্যায় পাপ সকল পরিহার করিতে পারি।

৬। হে অর্য্যমা! হে মিত্র! হে বরুণ! তোমাদিগের পথ সুগম, কণ্টক রহিত, এবং সুন্দর, হে আদিত্যগণ! সেই পথে তোমরা আমাদিগকে লইয়া যাও, মিষ্ট বাক্য প্রয়োগ কর এবং বিনাশরহিত সুখ প্রদান কর।

৭। রাজমাতা অদিতি শত্রুগণকে অতিক্রম করিয়া আমাদিগকে অন্য দেশে লইয়া যাউন, অর্য্যমা সুগমপথে আমাদিগকে লইয়া যাউন। আমরা বহুবীরবিশিষ্ট এবং হিংসারহিত হইয়া মিত্র ও বরুণের সুখ লাভ করিব।

---

(১) এই ঋকে ছয় জন আদিত্যের নাম পাওয়া যায়। ৯মণ্ডলের ১১৪ সূক্তে দেখা যায় যে আদিত্য সাত জন মাত্র। এবং ১০ মণ্ডলের ৭২ সূক্তে দেখা যায় যে অদিতির আট সন্তান। পরে আদিত্যের সংখ্যা বৃদ্ধি হইল, এবং শতপথ ব্রাহ্মণে এবং পুরাণ ও মহাভারতে দ্বাদশ আদিত্যের নাম আছে। ১। ১৪। ৩ ঋকের টীকা দেখ।

(২) সায়ণ এস্থানে "অসুর্য্য" অর্থে অসু অর্থাৎ প্রাণের হেতুভূত জল করিয়াছেন। ১। ১৩৪। ৫ এবং ২। ২৩। ২ দেখ।

৮। ইহারা তিন ভূমি (৩) এবং তিন দ্যুলোক (৪) ধারণ করেন, ইহাদিগের যজ্ঞের মধ্যে তিন ব্রত আছে (৫)। হে আদিত্যগণ! যজ্ঞদ্বারা তোমাদের মহিমা উৎকৃষ্ট হইয়াছে। হে অর্য্যমা, মিত্র ও বরুণ! সে মহত্ত্ব অতিচারু।

৯। স্বর্ণালঙ্কারভূষিত, দীপ্তিমান্, বৃষ্টিপূত, নিদ্রারহিত, অনিমেষনয়ন, হিংসারহিত, ও সকলের স্তুতিযোগ্য আদিত্যগণ সরলস্বভাব লোকের জন্য তিন প্রকার স্বর্গীয় তেজ ধারণ করেন (৬)।

১০। হে অসুর বরুণ! তুমি, দেবতাই হও বা মনুষ্যই হও, তুমি সকলের রাজা। আমাদিগকে শতবর্ষ অবলোকন করিতে দাও, যেন আমরা প্রাচীনগণের উপভুক্ত আয়ুঃলাভ করিতে পারি (৭)।

১১। হে বাসপ্রদ আদিত্যগণ! আমরা দক্ষিণদিকও জানি না, বামদিকও জানি না, সম্মুখও জানি না, পশ্চাৎও জানি না। আমি অপরিপক্ক বুদ্ধি ও অতিশয় কাতর। তোমরা আমাকে লইয়া গেলে আমি ভয়রহিত জ্যোতি লাভ করিতে পারিব।

১২। যজ্ঞের নায়ক ও রাজা আদিত্যগণকে যিনি হব্য প্রদান করেন, নিত্য অনুগ্রহ যাঁহার পুষ্টি বর্দ্ধন করে, সেই ব্যক্তি ধনবান্, বিখ্যাত, বদান্য ও প্রশংসিত হইয়া রথে আরোহণ করিয়া যজ্ঞস্থলে গমন করেন।

১৩। তিনি দীপ্তিমান্, হিংসারহিত, প্রচুর অন্নবিশিষ্ট, সুপুত্রযুক্ত হইয়া উত্তম শস্যপ্রদ জলসমীপে বাস করেন। যিনি আদিত্যগণকে অনুসরণ করেন, দূরবর্ত্তী বা নিকটবর্ত্তী শত্রু তাঁহাকে বধ করিতে পারে না।

---

(৩) পৃথিবী, অন্তরিক্ষ ও স্বর্গ। সায়ণ।

(৪) দ্যুলোকের উপরিস্থ মহোর্লোক, জনলোক ও সত্যলোক। অথবা অগ্নি, বায়ু ও সূর্য্য। সায়ণ।

(৫) অর্থাৎ যজ্ঞের সবনত্রয়। অথবা আদিত্যগণের রসাদান, জলধারণ ও বৃষ্টিবর্ষণ রূপ তিনটি কার্য্য। সায়ণ।

(৬) অগ্নি প্রভৃতি তিনটি তেজঃ। সায়ণ। "The three bright heavenly regions for the sake of the upright man"—*Wilson.*

(৭) ঋগ্বেদের ঋষিগণ এই স্থানে ও অন্যান্য স্থানে এক শত বৎসরই মনুষ্য পরমায়ুর সীমা বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। সহস্র বৎসর জীবী ঋষি ও রাজাদিগের পৌরাণিক উপন্যাসগুলি তখনও সৃষ্ট হয় নাই। এই ঋকে ও ইহার পরের সূক্তের ৭ ঋকে বরুণকে "অসুর" বলিয়া আহ্বান করা হইয়াছে। ২।১৬ ঋকের টীকা দেখ।

১৪। হে অদিতি! হে মিত্র! হে বরুণ! আমরা যদি তোমাদের নিকট কোন অপরাধ করিয়া থাকি, সদয় হইয়া মার্জ্জনা কর। হে ইন্দ্র! আমরা যেন বিস্তীর্ণ, ভয়রহিত জ্যোতিঃ লাভ করিতে পারি, দীর্ঘ তমিস্রা যেন আমাদিগকে আচ্ছন্ন করিতে না পারে।

১৫। যিনি আদিত্যগণের অনুসরণ করেন, দ্যাবাপৃথিবী উভয়ে একত্রিত হইয়া তাঁহার পুষ্টি বর্দ্ধন করে। তিনি সৌভাগ্যবান্, এবং স্বর্গীয় জল প্রাপ্ত হইয়া সমৃদ্ধি লাভ করেন। তিনি যুদ্ধকালে শত্রুদিগকে পরাভূত করিয়া উভয়নিবাসস্থানে গমন করেন। জগতের উভয়ার্দ্ধই তাঁহার মঙ্গলকর হয়।

১৬। হে যজনীয় আদিত্যগণ! তোমাদের যে মায়া দ্রোহকারীর জন্য নির্ম্মিত হইয়াছে, এবং যে পাশ শত্রুর জন্য গ্রথিত হইয়াছে, আমি যেন অশ্বারোহী পুরুষের ন্যায় তাহা অনায়াসে অতিক্রম করিয়া যাইতে পারি। আমরা যেন হিংসারহিত হইয়া পরম সুখে বাস করিতে পারি।

১৭। হে বরুণ! আমাকে যেন কোন ধনী এবং প্রভূত দানশীল ব্যক্তির নিকট জ্ঞাতির দারিদ্র্যের কথা বলিতে না হয়। হে রাজন্! আমার যেন নিয়মিত ধনের অভাব না হয়। আমরা পুত্র ও পৌত্রবিশিষ্ট হইয়া এই যজ্ঞে প্রভূত স্তুতি করিব।

---

২৮ সূক্ত।

বরুণ দেবতা। কূর্ম্ম বা গৃৎসমদ ঋষি।

১। কবি এবং স্বয়ং শোভমান্ আদিত্য বরুণের জন্য এই হব্য। তিনি স্বীয় মহিমাদ্বারা সমস্ত ভূতকে অভিভব করেন। দ্যুতিমান্ স্বামী বরুণ যজমানের হর্ষ উৎপন্ন করেন, আমি তাঁহার স্তুতি, যাচ্ঞা করি।

২। হে বরুণ! আমরা যেন উত্তমরূপে তোমার ধ্যান, স্তুতি, এবং পরিচর্য্যা করতঃ সৌভাগ্যশালী হইতে পারি। কিরণবিশিষ্ট উষা আগমন করিলে অগ্নির ন্যায় আমরা যেন প্রতিদিন তোমার স্তুতি করতঃ দীপ্তিমান্ হই।

৩। হে জগতের নায়ক বরুণ! তুমি অনেক বীরবিশিষ্ট, বহুলোকে তোমার স্তুতি করে, আমরা যেন তোমার গৃহে বাস করিতে পারি। হে হিংসারহিত দীপ্তিমান্ অদিতি পুত্রগণ! তোমরা আমাদের সখ্যের নিমিত্ত আমাদের অপরাধ মার্জ্জনা কর।

৪। জগতের ধারক অদিতির পুত্র বরুণ প্রকৃষ্টরূপে জল সৃষ্টি করিয়াছেন। বরুণের মহিমায় নদী সকল প্রবাহিত হয়, উহারা বিশ্রাম করে না, নিবৃত্ত হয় না। ইহারা পক্ষীদিগের ন্যায় বেগে ভূমিতে গমন করে।

৫। হে বরুণ! আমার পাপ রজ্জুর ন্যায় আমাকে বাঁধিয়াছে। তাহা মোচন কর। আমরা যেন তোমার জলপূর্ণ নদী প্রাপ্ত হই। (যজ্ঞ) বয়ন কালে আমাদের তন্তু যেন ছিন্ন না হয়, যজ্ঞের মাত্রা আমার যেন বিকল না হয়।

৬। হে বরুণ! আমার নিকট হইতে ভয় দূর করিয়া দাও, হে সম্রাট্ ও সত্যবান্! আমার প্রতি অনুগ্রহ কর। বৎস হইতে বন্ধন রজ্জুর ন্যায় আমা হইতে পাপ মোচন কর, কারণ তোমা হইতে পৃথক হইয়া কেহ এক নিমিষের জন্যও আধিপত্য করিতে পারে না।

৭। হে অসুর বরুণ! তোমার যজ্ঞে যাহারা অপরাধ করে, তাহাদিগকে যে আয়ুধ সকল হিংসা করে, আমাদিগকে যেন সে আয়ুধ হিংসা না করে। আমরা যেন আলোক হইতে নির্ব্বাসিত না হই, আমাদের জীবনের জন্য হিংসককে বিশ্লিষ্ট কর।

৮। হে বহুস্থানোৎপন্ন বরুণ! আমরা অতীত বর্ত্তমান ও ভবিষ্যৎ কালে তোমার উদ্দেশে নমঃ শব্দ উচ্চারণ করিব, যেহেতু হে অহিংসনীয় বরুণ! পর্ব্বতের ন্যায় তোমাতে অচ্যুত কর্ম্ম সকল আশ্রয় করিয়া থাকে।

৯। হে বরুণ! পূর্ব্ব পুরুষেরা যে ঋণ করিয়াছিলেন, তাহা পরিশোধ কর, এবং সম্প্রতি আমিও যে ঋণ করিতেছি, তাহাও পরিশোধ কর। হে বরুণ! আমাকে যেন অন্যের উপার্জ্জিত ধন ভোগ করিতে না হয়। অনেক উষা যেন উদিতই হয় নাই। হে বরুণ! আমরা যেন সেই সকল উষায় জীবিত থাকিতে পারি এরূপ আজ্ঞা কর (১)।

১০। হে রাজা বরুণ! আমি ভীরু, আমাকে বন্ধু অথবা জ্ঞাতি, স্বপ্নদৃষ্ট যে ভয়ঙ্কর কথা বলে তাহা হইতে রক্ষা কর। তস্কর বা বৃক আমাকে বধ করিতে চাহে, তাহাদিগের হইতে আমাকে রক্ষা কর।

১১। হে বরুণ! আমাকে যেন কোন ধনী ও প্রভূত দানশীল ব্যক্তির নিকট জ্ঞাতির দারিদ্র্যের কথা বলিতে না হয়। হে রাজন্! আমায় যেন

---

(১) ঋণ থাকিলে তাহার পক্ষে উষা উদয় ও অনুদয় প্রায়ই এক, অতএব ঋষি বলিয়াছেন অনেক উষাই উদিত হয় নাই। সায়ণ।

নিয়মিত ধনের অভাব না হয়। আমরা পুত্র ও পৌত্রবিশিষ্ট হইয়া এই যজ্ঞে প্রভূত স্তুতি করিব (২)।

---

২৯ সূক্ত।

বিশ্বদেব দেবতা। কূর্ম্ম বা গৃৎসমদ ঋষি।

১। হে ব্রতকারী, শীঘ্রগমনশীল, সকলের প্রার্থনীয় আদিত্যগণ! গুপ্ত প্রসবিনীর গর্ভের ন্যায় আমার অপরাধ দূরদেশে নিক্ষেপ কর (১)। হে মিত্র ও বরুণ! তোমাদের মঙ্গলকার্য্য আমি অবগত হইয়া রক্ষার্থ তোমাদিগকে আহ্বান করিতেছি, তোমরা আমাদের স্তুতি শ্রবণ কর।

২। হে দেবগণ! তোমরা অনুগ্রহকারী ও তোমরাই বল, তোমরা দ্বেষকারিদিগকে আমাদের নিকট হইতে পৃথক্ কর, তোমরা শত্রুহিংসক শত্রুদিগকে পরাভব কর। বর্ত্তমান এবং ভবিষ্যৎকালে আমাদিগকে সুখী কর।

৩। হে দেবগণ! এক্ষণে অথবা পরে আমরা তোমাদের কি কার্য্যসাধন করিতে পারি। হে বসুগণ! সনাতন প্রাপ্তব্য কার্য্যদ্বারা আমরা তোমাদের কি কার্য্যসাধন করিতে পারি। হে মিত্রাবরুণ! হে অদিতি! হে ইন্দ্র ও মরুৎগণ! তোমরা আমাদের মঙ্গল কর।

৪। হে দেবগণ! তোমরাই আমাদের বন্ধু, আমি তোমাদের নিকট প্রার্থনা করিতেছি, আমার প্রতি সদয় হও। তোমাদের রথ আমাদের যজ্ঞে আসিতে যেন মন্দগতি না হয়। তোমাদের ন্যায় বন্ধু পাইয়া আমরা যেন শ্রান্ত না হই।

৫। হে দেবগণ! তোমাদের মধ্যে একজন হইয়া আমি অনেক পাপ নষ্ট করিয়াছি। পিতা যেরূপ অপথগামী পুত্রকে উপদেশ দান করেন, সেইরূপ তোমরা আমাকে উপদেশ দান করিয়াছ। হে দেবগণ! তোমাদের পাশ সকল ও পাপ

(২) ২৭ ও ২৮ ও ২৯ সূক্তে অনেকগুলি পবিত্র চিন্তা এবং পাপক্ষয়ের জন্য অনেক হৃদয়গ্রাহী স্তুতি লক্ষিত হয়। বরুণের অনেক স্তুতিতেই এইরূপ লক্ষিত হয়। এই ২৮ সূক্তের ৭ ঋকে এবং ২৭ সূক্তের ১০ ঋকে বরুণকে "অসুর" বলিয়া সম্বোধন করা হইয়াছে। ২।১।৬ ঋকের টীকা দেখ।

(১) মূলে "রহসূঃ ইব" আছে। "রহসি অন্যৈরজ্ঞাতে প্রদেশে সূয়তে ইতি রহসূঃ ব্যাভিচারিণী। সা যথা গর্ভং পাতয়িত্বা দূরদেশে পরিত্যজতি তদ্বৎ।" সায়ণ।

সকল দূরে অবস্থিত হউক। ব্যাধ যেরূপ শাবকের সম্মুখে পক্ষীকে হিংসা করে, সেইরূপে আমাকে হিংসা করিও না।

৬। হে পূজনীয় দেবগণ! অদ্য আমাদের অভিমুখে আগমন কর। আমি ভীত হইয়া তোমাদের হৃদয়াবস্থিত আশ্রয় লাভ করিব। হে দেবগণ! বৃকের হস্তে বধ হইতে আমাদের রক্ষা কর। হে পূজনীয়গণ! যে আমাদিগকে আপদে ফেলিয়া দেয়, তাহার হস্ত হইতে আমাদিগকে রক্ষা কর।

৭। হে বরুণ! আমাকে যেন কোন ধনী এবং প্রভূতদানশীল ব্যক্তির নিকট জ্ঞাতির দারিদ্র্যের কথা বলিতে না হয়। হে রাজন্! আমার যেন নিয়মিত ধনের অভাব না হয়। আমরা পুত্র ও পৌত্রবিশিষ্ট হইয়া এই যজ্ঞে প্রভূত স্তুতি করিব।

---

৩০ সূক্ত।

দেবতা (১ ঋক্ হইতে ৫ পর্য্যন্ত) ইন্দ্র। (৬) সোম ও ইন্দ্র। (৭) ইন্দ্র। (৮) সরস্বতী ও ইন্দ্র। (৯) বৃহস্পতি। (১০) ইন্দ্র। (১১) মরুৎগণ। গৃৎসমদ ঋষি।

১। বৃষ্টিকারী দ্যুতিমান্, সকলের প্রেরক, অহিবিনাশক ইন্দ্রের যাগার্থ জল কখনও বিরত হয় না, তাহাদের স্রোত প্রত্যহ চলিতেছে। কোন সময় তাহাদের প্রথম সৃষ্টি হইয়াছিল?

২। জননী অদিতি অভিজ্ঞ ইন্দ্রকে, যে ব্যক্তি বৃত্রের উদ্দেশে অন্নপ্রদান করিয়াছিল, তাহার কথা বলিয়া দিয়াছিলেন। ইন্দ্রের ইচ্ছানুসারে নদীসমূহ তাহাদের পথ খনন করিতে করিতে প্রতিদিন সমুদ্রের অভিমুখে গমন করে।

৩। যেহেতু বৃত্র অন্তরীক্ষে উন্নত হইয়া সমুদয় পদার্থকে ব্যাপ্ত করিয়াছিল, অতএব ইন্দ্র তাহার প্রতি বজ্র নিক্ষেপ করিলেন। বৃত্র বৃষ্টিপ্রদ মেঘে আচ্ছাদিত হইয়া ইন্দ্রের অভিমুখে প্রধাবিত হইল; তখন তীক্ষ্ণায়ুধধারী ইন্দ্র শত্রুকে জয় করিলেন।

৪। হে বৃহস্পতি! বজ্রের ন্যায় দীপ্ত অস্ত্রদ্বারা বলবান্ বৃকদ্বরের (১) পুত্রদিগকে বিদ্ধ কর। হে ইন্দ্র! পূর্ব্বকালে তুমি যেমন বলদ্বারা শত্রুদিগকে জয় করিয়াছিলে, এক্ষণে সেইরূপ আমাদের শত্রুদিগকে বিনাশ কর।

৫। হে ইন্দ্র! তুমি উর্দ্ধে অবস্থিত, স্তোতাগণ তোমার স্তব করিলে তুমি

---

(১) মূলে "বৃকদ্বরসঃ অসুরস্য" আছে। অর্থাৎ বলবান্ বৃকদ্বর।

যাহাদ্বারা শত্রুদিগকে বিনাশ করিয়াছিলে, সেই প্রস্তরবৎ কঠিন বজ্র দ্যুলোক হইতে নিম্নাভিমুখে ক্ষেপ কর। আমরা যাহাতে প্রভূত পুত্র, পৌত্র ও গোধন লাভ করিতে পারি, তুমি সেইরূপ আমাদিগের সমৃদ্ধি সম্পাদন কর।

৬। হে ইন্দ্র ও সোম! তোমরা যাহাকে হিংসা কর, সেই দ্বেষকারীকে উন্মূলিত কর; তোমরা যজমানদিগকে শত্রুগণের বিরুদ্ধে প্রেরণ কর। হে ইন্দ্র ও সোম! তোমরা আমাকে রক্ষা কর, এই ভয়স্থানে ভয়শূন্য স্থান নির্ম্মাণ কর।

৭। ইন্দ্র যেন আমাকে ক্লেশ দান না করেন, শ্রান্ত না করেন, আলস্যযুক্ত না করেন। আমরা যেন কখন বলি না, যে সোমাভিষব করিও না। ইন্দ্র আমার অভিলাষ পূরণ করেন, অভীষ্ট দান করেন, যজ্ঞ অবগত হয়েন, তিনি গোসমূহ লইয়া অভিষবকারীর নিকট উপস্থিত হয়েন।

৮। হে সরস্বতী! তুমি আমাদিগকে রক্ষা কর, মরুৎগণের সহিত একত্রিত হইয়া দৃঢ়তা সহকারে শত্রুদিগকে জয় কর। ইন্দ্র শূরাভিমানী স্পর্দ্ধাবান্ শণ্ডিকদিগের (২) প্রধানকে হনন করিয়াছিলেন।

৯। হে বৃহস্পতি! যে অন্তর্হিত দেশে লুক্কায়িত হইয়া আমাদিগের প্রাণনাশ করিতে অভিলাষী, তাহাকে অন্বেষণ করতঃ তীক্ষ্ণাস্ত্রদ্বারা বিদ্ধ কর, আয়ুধদ্বারা আমাদের শত্রুদিগকে জয় কর। হে রাজা বৃহস্পতি! দ্রোহকারীর বিরুদ্ধে প্রাণনাশক বজ্র চারিদিকে নিক্ষেপ কর।

১০। হে শূর ইন্দ্র! আমাদের শত্রুনাশক শূরগণের সহিত তোমার সম্পাদ্য বীরকার্য্য সকল সম্পন্ন কর। আমাদের শত্রুরা বহুদিন গর্ব্বপূর্ণ হইয়া রহিয়াছে, তাহাদিগকে বিনাশ করিয়া তাহাদের ধন আমাদিগকে প্রদান কর।

১১। হে মরুৎগণ! আমরা সুখাভিলাষে স্তুতি ও নমস্কার দ্বারা তোমাদের দৈব ও প্রাদুর্ভূত ও একীকৃত বলের স্তুতি করি। যেন আমরা তদ্দ্বারা প্রত্যহ বীরবিশিষ্ট অপত্য সমন্বিত প্রশংসনীয় ধন উপভোগ করিতে পারি।

---

(২) শণ্ডিকগণ কাহারা? বোধ হয় আর্য্যগণের কোন শত্রু জাতি হইবে। ইহার পরের দুইটী ঋকেও সেই অনার্য্য শত্রুদিগের কথা বলা হইতেছে। সায়ণ লিখিয়াছেন শণ্ডামর্কৌ অসুরপুরোহিতৌ।" কিন্তু অসুর পুরোহিত শণ্ডামর্কের পৌরাণিক গল্প ঋগ্বেদ রচনার সময় কল্পিত হয় নাই, এবং শণ্ডামর্কের নাম সমস্ত ঋগ্বেদ সংহিতার মধ্যে কোনও স্থানেই নাই।

৩১ সূক্ত।

বিশ্বদেব দেবতা। গৃৎসমদ ঋষি।

১। যখন আমাদের রথ অন্নাভিলাষী, মদমত্ত, বননিষণ্ণ পক্ষিগণের ন্যায় নিবাসস্থান হইতে অন্য স্থানে গমন করে, তখন হে মিত্র ও বরুণ! তোমরা আদিত্য রুদ্র ও বসুগণের সহিত মিলিত হইয়া উহা রক্ষা কর।

২। হে সমান প্রীতিযুক্ত দেবগণ! এক্ষণে আমাদের রথ রক্ষা কর, উহা অন্ন অন্বেষণে জনপদে গমন করিয়াছে। ঐ রথে যোজিত অশ্বসকল পাদক্ষেপ দ্বারা পথ অতিক্রম করিতেছে, এবং বিস্তীর্ণ ভূমির উন্নত প্রদেশ আঘাত করিতেছে।

৩। অথবা সর্ব্বদর্শী ইন্দ্র মরুৎগণের পরাক্রমে উক্ত কর্ম্ম সম্পন্ন করতঃ স্বর্গলোক হইতে আগমন করতঃ হিংসারহিত আশ্রয় দান দ্বারা মহাধন ও অন্নলাভের জন্য আমাদের রথের অনুকূল হউন।

৪। অথবা ভুবনের সেবনীয় সেই ত্বষ্টাদেব দেবপত্নীগণের সহিত প্রীতিযুক্ত হইয়া আমাদের রথ চালিত করুন। ইলা, মহাদীপ্তি ভগ, দ্যাবাপৃথিবী, বহুধী পূষা ও সূর্য্যোর দুই স্বামী অশ্বিদ্বয় (১) আমাদের এই রথ চালিত করুন।

৫। অথবা প্রসিদ্ধা, দ্যুতিমতী, সুভগা, পরস্পর দর্শিনী ও জীবগণের প্রেরণকর্ত্রী উষা ও নক্ত আমাদের রথ চালিত করুন। হে আকাশ ও পৃথিবী! তোমাদের দুইজনকে নূতন স্তুতিদ্বারা স্তব করিতেছি, স্থাবর অন্ন প্রদান করিতেছি, আমার তিন প্রকার অন্ন আছে (২)।

৬। হে দেবগণ! তোমরা আমাদের স্তুতিকামনা কর, আমরা তোমাদের স্তুতি করিতে ইচ্ছা করি। অহির্বুধ্ন্য, অজ একপাৎ, ত্রিত, ঋভুক্ষা ও সবিতা(৩) আমাদিগকে অন্ন প্রদান করুন। শীঘ্রগামী জলের নপ্তা আমাদের স্তুতি দ্বারা প্রীত হউন।

---

(১) সূর্য্যোর সহিত অশ্বিদ্বয়ের বিবাহ সম্বন্ধে ১।১১৬.১৭ দেখ।

(২) ওষধি, পশু, ও সোম এই তিন প্রকার। সায়ণ। স্থাবর অন্ন অর্থাৎ "ব্রীহ্যাদেঃ সম্বন্ধি বয়ঃ অন্নং।" সায়ণ। "Standing Corn."—*Wilson.*

(৩) সায়ণাচার্য্যের মতে 'বুধ্ন' শব্দের অর্থ অন্তরিক্ষে জাত, "অহির্বুধ্ন্য" শব্দের অর্থ অন্তরীক্ষেজাত অহিনামক দেবতা। তিনি বলেন অজ একপাৎ অর্থে সূর্য্য। পণ্ডিতবর রোথ ও বোট্‌লিং তাঁহাদিগের জগদ্বিখ্যাত অভিধানে বলেন "অহির্বুধ্ন্য" অন্তরীক্ষবাসী অহি, এবং "অজ একপাত" এক পদ বিশিষ্ট বাত্যা দেব। ত্রিত সম্বন্ধে ১।৫২।৫ ঋকের টীকা দেখ। সায়ণ ত্রিত শব্দটী বিশেষণ বিবেচনা করিয়াছেন এবং ঋভুক্ষা অর্থে উরুনিবাস ইন্দ্র করিয়াছেন।

৭। হে যজনীয় বিশ্বদেবগণ! আমি তোমাদের স্তুতি উচ্চারণ করিতে বাসনা করি। তোমরা সর্ব্বাপেক্ষা স্তুতিযোগ্য। অন্ন ও বলাভিলাষী মনুষ্যগণ তোমাদের জন্য স্তুতি রচনা করিয়াছে। রথে অশ্বের ন্যায়, তোমাদের দল আমাদের জন্য আগমন করুক।

৩২ সূক্ত।

দেবতা (১) প্রথমের দ্যাবাপৃথিবী। (২ ও ৩) ইন্দ্র। (৪ ও ৫) রাকা। (৬.ও ৭) সিনী বালী। (৮) ছয় জন দেবী। গৃৎসমদ ঋষি।

১। হে দ্যাবাপৃথিবী! যে স্তোতা যজ্ঞ করিতে ও তোমাদিগকে প্রীত করিতে ইচ্ছা করে, তোমরা তাহাদের আশ্রয়স্বরূপ হও। তোমাদের অন্ন সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট। দ্যাবাপৃথিবীকে সকলে স্তব করে, আমি অন্নকাম হইয়া মহা স্তোত্রদ্বারা তোমাদের স্তব করিব।

২। হে ইন্দ্র! শত্রুর গুপ্ত মায়া আমাদিগকে যেন দিবসে অথবা রাত্রিতে হিংসা করিতে না পারে, আমাদিগকে কষ্টদায়ক শত্রুসেনার বশীভূত করিও না, আমাদিগের বন্ধুতা বিযুক্ত করিও না, মনে মনে আমাদের সুখ আকাঙ্ক্ষা করতঃ আমাদের সখ্যের কথা মনে করিও, আমরা তোমার নিকট এই যাচ্ঞা করি।

৩। হে ইন্দ্র! ক্রোধরহিত মনে সুখকরী, দুগ্ধবতী, স্থূলকলেবরা দুগ্ধদী ধেনুকে লইয়া আইস। হে ইন্দ্র! তোমাকে সকলে আহ্বান করে, তুমি পদব্রজে দ্রুতগামী, এবং দ্রুতভাষী। আমি রাত্রিদিন তোমার স্তব করি।

৪। আমি উৎকৃষ্ট স্তুতিদ্বারা আহ্বান যোগ্য রাকা (১) দেবীকে আহ্বান করি। তিনি সুভগা, আমাদের আহ্বান শ্রবণ করুন, এবং নিজেই আমাদের অভিপ্রায় অবগত হইয়া অচ্ছিদ্যমান সূচিদ্বারা আমাদের কর্ম্ম ব্যয়ন করুন, এবং বিক্রান্ত, বহুধনবিশিষ্ট ও বীর্য্যবান্ পুত্র দান করুন (২)।

(১) "সম্পূর্ণচন্দ্রা পৌর্ণমাসী রাকা।" সায়ণ। পূর্ণিমা রাত্রির নাম রাকা।

(২) "She is however, closely connected with parturition, as she is asked to 'sew the work' (apparently the formation of the embryo) 'with an unfailing needle', and to bestow a son with abundant wealth.—Muir's *Sanskrit Text* vol. V (1884), p. 346.

৫। হে রাকা দেবি! তোমার যে সুন্দর অনুগ্রহদ্বারা তুমি হব্য দাতাকে ধন দান কর, অদ্য প্রসন্নমনে সেই অনুগ্রহের সহিত আগমন কর। হে শোভনভাগ্যবতি! তুমি সহস্র প্রকারে আমাদের পুষ্টিবর্দ্ধন করিয়া থাক।

৬। হে পৃথুজঘনা সিনীবালী (৩)! তুমি দেবগণের ভগিনী, প্রদত্ত হব্য সেবা কর, এবং আমাদের অপত্য উপচিত কর।

৭। সিনীবালী সুবাহু, সুন্দর অঙ্গুলিবিশিষ্ট, সুপ্রসবিনী, এবং বহু প্রসবিত্রী, সেই লোকপালিকা সিনীবালীর উদ্দেশে হব্য প্রদান কর।

৮। যিনি গুঙ্গু (৪) যিনি সিনীবালী, যিনি রাকা, এবং যিনি সরস্বতী, তাঁহাদিগকে আহ্বান করি। আমি আশ্রয়ের জন্য ইন্দ্রাণীকে এবং সুখের জন্য বরুণানীকে আহ্বান করি।

---

৩৩ সূক্ত।

রুদ্র দেবতা। গৃৎসমদ ঋষি।

১। হে মরুৎগণের পিতা (রুদ্র)! তোমার প্রদত্ত সুখ আমাদের নিকট আগমন করুক, তুমি সূর্য্য দর্শন হইতে আমাদিগকে পৃথক্ করিও না, আমাদের বীর পুত্রগণ শত্রুদিগকে অভিভূত করুক। হে রুদ্র! আমরা যেন পুত্র পৌত্রাদিতে অনেক হইয়া উঠি।

২। হে রুদ্র! আমরা যেন তোমার দত্ত সুখকর ঔষধিদ্বারা শতবর্ষ জীবিত থাকিতে পারি। তুমি আমাদের শত্রুগণকে বিনাশ কর, আমার পাপ একেবারে বিদূরিত কর, এবং সর্ব্বশরীরব্যাপী ব্যাধিপুঞ্জকেও বিদূরিত কর।

৩। হে রুদ্র! তুমি ঐশ্বর্য্যে সকলের শ্রেষ্ঠ। হে বজ্রবাহু! প্রবৃদ্ধগণের মধ্যে তুমি অতিশয় প্রবৃদ্ধ, তুমি আমাদিগকে পাপের পরতীরে লইয়া যাও, পাপ যেন আমাদের নিকট না যায়।

৪। হে অভীষ্টবর্ষী রুদ্র! আমরা যেন অন্যায় নমস্কারদ্বারা অথবা অন্যায়

(৩) "দৃষ্টচন্দ্রামাবস্যা সিনীবালী।" সায়ণ। নৈরুক্তগণ বলেন সিনীবালী ও কুহূ দুই জন দেবপত্নী। যাজ্ঞিকগণ বলেন তাহারা দুই আমাবস্যা। নিরুক্ত ১১।৩১। "Sinivali is, however, also connected with parturition."—Muir's *Sanskrit Text*, vol. V. (1884), p. 346.

(৪) এখানে "গুঙ্গু" শব্দদ্বারা রাকা ও সিনীবালীর সহচরী "কুহূ" বুঝাইতেছে। সায়ণ। কুহূ সম্বন্ধে উপরের টীকা দেখ; কুহূর নাম ঋগ্বেদে কোনও স্থানে নাই।

স্তুতিদ্বারা অথবা বিসদৃশ দেবগণের সহিত আহ্বানদ্বারা তোমাকে ক্রুদ্ধ না করি। তুমি আমাদের পুত্রগণকে ওষধিদ্বারা পরিপুষ্ট কর, আমি শুনিয়াছি, তুমি ভিষক্‌গণের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ।

৫। যে রুদ্র হব্য সম্বলিত আহ্বানদ্বারা আহূত হয়েন, আমি স্তোত্রদ্বারা তাঁহাকে অপগতক্রোধ করিব। কোমলদর, শোভন আহ্বানবিশিষ্ট বভ্রুবর্ণ, ও সুনাসিক রুদ্র আমাদিগকে যেন তাঁহার জিঘাংসাবৃত্তির বিষয়ীভূত না করেন।

৬। আমি প্রার্থনা করিতেছি, অভীষ্টবর্ষী মরুৎবিশিষ্ট রুদ্র আমাকে দীপ্ত অন্নদ্বারা তৃপ্ত করুন। রৌদ্রতপ্ত ব্যক্তি যেরূপ ছায়া লাভ করে, আমি সেইরূপ পাপশূন্য হইয়া রুদ্রদত্ত সুখ লাভ করিব এবং রুদ্রের পরিচর্য্যা করিব।

৭। হে রুদ্র! তোমার সেই সুখপ্রদ হস্ত কোথায়, যে হস্তে তুমি ভৈষজ প্রস্তুত করিয়া সকলকে সুখী কর। হে অভীষ্টবর্ষী রুদ্র! তুমি দৈবপাপের বিনাশক হইয়া আমাকে শীঘ্রই ক্ষমা কর।

৮। বভ্রুবর্ণ, অভীষ্টবর্ষী, শ্বেত আভাযুক্ত রুদ্রের উদ্দেশে অতি মহৎ স্তুতি উচ্চারণ করি। হে স্তোতা! তেজোবিশিষ্ট রুদ্রকে নমস্কার দ্বারা পূজা কর, আমরা তাঁহার উজ্জ্বলনাম সংকীর্ত্তন করি।

৯। দৃঢ়াঙ্গ, বহুরূপ, উগ্রও বভ্রুবর্ণ রুদ্র দীপ্ত হিরণ্ময় অলঙ্কারে শোভিত হইতেছেন। রুদ্র সমস্ত ভুবনের অধিপতি এবং ভর্ত্তা, তাঁহার বল পৃথক্‌কৃত হয় না।

১০। হে অর্চনার্হ! তুমি ধনুর্ব্বাণধারী; হে অর্চনার্হ! তুমি নানারূপ-বিশিষ্ট ও পূজনীয় নিষ্ক ধারণ করিয়াছ; হে অর্চনার্হ! তুমি সমস্ত বিস্তীর্ণ জগৎকে রক্ষা করিতেছ, তোমা অপেক্ষা অধিক বলবান্ আর কেহ নাই।

১১। হে স্তোতা! প্রখ্যাত, রথস্থিত, যুবা, পশুর ন্যায় ভয়ঙ্কর ও শত্রু-দিগের বিনাশক, উগ্র রুদ্রকে স্তব কর। হে রুদ্র! আমরা স্তব করিলে তুমি আমাদিগকে সুখী কর, তোমার সেনা শত্রুকে বিনাশ করুক।

১২। পিতা আশীর্ব্বাদ করিবার সময় পুত্র যেরূপ তাঁহাকে নমস্কার করে; সেইরূপ হে রুদ্র! তুমি আসিবার সময় আমরা তোমাকে নমস্কার করিতেছি। হে রুদ্র! তুমি বহুধনদাতা এবং সাধুলোকের পালক, আমরা স্তব করিলে আমাদিগকে ঔষধ প্রদান কর।

১৩। হে মরুৎগণ! তোমাদের যে নির্ম্মল ঔষধ আছে, হে অভীষ্টবর্ষিগণ, তোমাদের যে ঔষধ অত্যন্ত সুখকর ও সুখপ্রদ, যে ঔষধ আমাদের পিতা মনু

মনোনীত করিয়াছিলেন, রুদ্রের সেই সুখকর, ভয়হারী ঔষধ আমরা কামনা করিতেছি।

১৪। রুদ্রের হেতি আমাদের পরিত্যাগ করিয়া যাউক। দীপ্তরুদ্রের মহতী দুর্মতিও আমাদিগকে পরিত্যাগ করিয়া যাউক। হে সেচনসমর্থ রুদ্র! ধনবান্ যজমানগণের প্রতি তোমার ধনুর জ্যা শিথিল কর, এবং আমাদের পুত্র ও পৌত্রদিগকে সুখী কর।

১৫। হে অভীষ্টবর্ষী. বভ্রুবর্ণ, দীপ্তিমান্, সর্ব্বজ্ঞ ও আমাদের আহ্বান শ্রবণকারী রুদ্র! তুমি আমাদের সম্বন্ধে এস্থলে এইরূপ বিবেচনা করিও, যেন আমাদের প্রতি ক্রুদ্ধ না হও, এবং আমাদিগকে বিনাশ না কর, আমরা পুত্র পৌত্রবিশিষ্ট হইয়া যজ্ঞে প্রভূত স্তুতি করিব।

---

৩৪ সূক্ত।

মরুৎগণ দেবতা। গৃৎসমদ ঋষি।

১। মরুৎগণ জল ধারায় অন্তরীক্ষ আবৃত করেন। তাঁহাদের বল অন্যকে পরাজিত করে, তাঁহারা পশুর ন্যায় ভয়ঙ্কর ও বলদ্বারা জগৎ ব্যাপ্ত করেন, তাঁহারা বহ্নির ন্যায় দীপ্তিমান্ এবং জলে পরিপূর্ণ, তাঁহারা ভ্রমণকারী মেঘকে ইতস্ততঃ প্রেরণ করতঃ জল অপাবৃত করেন।

২। হে সুবর্ণবক্ষ মরুৎগণ! যেহেতু সেচন সমর্থ রুদ্র পৃশ্নীর নির্ম্মল উদরে তোমাদিগকে উৎপন্ন করিয়াছেন (১); অতএব আকাশ যেরূপ নক্ষত্রে শোভিত হয়. তোমরা সেইরূপ স্বীয় আভরণে শোভিত হও। তোমরা শত্রুভক্ষক ও জলপ্রেরক, তোমরা মেঘস্থ বিদ্যুতের ন্যায় শোভিত হও।

৩। যুদ্ধে তুরঙ্গের ন্যায় মরুৎগণ বিশাল ভুবনকে সিক্ত করিতেছেন। তাঁহারা অশ্বে আরোহণ করতঃ শব্দায়মান (মেঘের) কর্ণের নিকট দিয়া দ্রুতবেগে গমন করেন। হে মরুৎগণ! তোমরা হিরণ্য সিপ্র(২) ও সমান ক্রোধ-

(১) পৃশ্নি সম্বন্ধে ১।২৩।১০ দেখ।

(২) "সিপ্র" অর্থে সায়ণ অন্যান্য স্থানে নাসিকা বা হনু করিয়াছেন, কিন্তু এস্থানে শিরস্ত্রাণ অর্থ করিয়াছেন। ৫।৫৪।১১ এবং ৮।৭।২৫ ঋক পড়িলে স্পষ্টই দেখা যায় যে শিরস্ত্রাণ অর্থে "সিপ্র" শব্দ স্থানে২ ব্যবহৃত হইয়াছে। পণ্ডিত আউফ্রেক্ট বলেন "Visor" নামক শিরস্ত্রাণ হনুদ্বয়ের ন্যায় খোলা যায় এবং বন্ধ করা যায়, সেই জন্য সিপ্র শব্দ এইরূপ শিরস্ত্রাণও বুঝায়।

যুক্ত; তোমরা বৃক্ষাদি কম্পিত করিতেছ, তোমরা পৃষতী মৃগ (৩) আরোহণ করিয়া অন্নার্থে গমন কর।

৪। মরুৎগণ মিত্রের ন্যায় হব্যযুক্ত যজমানের জন্য সর্ব্বদা সমস্ত জল বহন করিতেছেন। তাঁহারা দানশীল, পৃষতীযুক্ত, অক্ষয়, অন্নযুক্ত এবং অকুটিলগামী অশ্বের ন্যায় পথবাহীদিগের অগ্রে গমন করেন।

৫। হে সমানক্রোধবিশিষ্ট, দীপ্তিমান্ আয়ুধযুক্ত মরুৎগণ! হংস যেরূপ নিজ নিবাসস্থানে গমন করে, সেইরূপ তোমরা দীপ্তিমান্ মহোধঃবিশিষ্ট ধেনুযুক্ত হইয়া (৪) বিঘ্নরহিত পথে মধুর হর্ষলাভের জন্য আগমন কর।

৬। হে সমানক্রোধবিশিষ্ট মরুৎগণ! তোমরা স্তোত্রে যেরূপ আইস, সেইরূপ আমাদিগের অভিষুত অন্নের নিকট আগমন কর, অশ্বীর ন্যায় ধেনুর উধঃ পুষ্টকর এবং যজমানের যজ্ঞ অন্নযুক্ত কর।

৭। হে মরুৎগণ! তোমরা আমাদিগকে অন্নবিশিষ্ট পুত্র প্রদান কর; সে তোমাদের আগমন সময়ে প্রত্যহ তোমাদের গুণকীর্ত্তন করিবে। তোমরা স্তোতৃগণকে অন্নপ্রদান কর এবং যুদ্ধকালে স্তোত্রকারীকে দানশীলতা, যুদ্ধকৌশল, জ্ঞান, এবং অক্ষয় ও অতুল বল প্রদান কর।

৮। মরুৎগণের বক্ষঃস্থলে দীপ্ত আভরণ আছে, এবং তাঁহাদের দান সকলের সুখকর। তাঁহারা যখনই রথের অগ্রভাগে অশ্ব যোজিত করেন, তখনই ধেনু যেরূপ বৎসের জন্য দুগ্ধ দান করে, সেইরূপ তাহারা হব্যদায়ী যজমানের জন্য তাহার গৃহে প্রচুর অন্ন দান করে।

৯। হে মরুৎগণ! যে মনুষ্য বৃকের ন্যায় আমাদের শত্রুতাচরণ করে, হে বসুগণ! সেই হিংসকের হস্ত হইতে আমাদিগকে রক্ষা কর; তাহাকে তাপপ্রদ চক্র দ্বারা চারিদিকে প্রতিনিবর্ত্তিত কর। হে রুদ্রগণ! তোমরা তাহার অস্ত্রসকল দূরে নিক্ষেপ করিয়া বিনাশ কর।

১০। হে মরুৎগণ! তোমরা যখন পৃশ্নির উধঃ দোহন করিয়াছিলে, যখন স্তুতিকারীর নিন্দুককে হিংসা করিয়াছিলে, এবং ত্রিতের শত্রুদিগকে বধ

(৩) পৃষতী মরুৎগণের বাহন। পৃষতী অর্থে সায়ণ কখন বিন্দুচিহ্নিত মৃগ এবং কখন বিন্দুচিহ্নিত অশ্ব করিয়াছেন। আচার্য্য রোথ এবং মক্ষমুলর উভয়েই ঋষিগণ মৃগ ও অশ্ব উভয় অর্থেই এই শব্দ ব্যবহার করিয়াছেন।

(৪) অর্থাৎ মহাজলস্রোত বিশিষ্ট মেঘগণের সহিত। সায়ণ।

করিয়াছিলে, হে অহিংসনীয় রুদ্রপুত্রগণ! সে সময়ে তোমাদিগের বিচিত্র ক্ষমতা সকলেই জানিয়াছিল।

১১। হে মহানুভব মরুৎগণ! তোমরা সর্ব্বদা যজ্ঞস্থলে গমন কর। আমরা প্রভূত ও প্রার্থনীয় সোম সম্পাদিত হইলে তোমাদিগকে আহ্বান করি, এবং স্তব করতঃ ও স্রুক্ উত্তোলন করিয়া স্বর্ণবর্ণ সর্ব্বশ্রেষ্ঠ স্তুতিযোগ্য মরুৎগণের নিকট প্রশংসনীয় ধন যাচ্ঞা করি।

১২। সেই দশগ্বগণ (৫) প্রথমে যজ্ঞ বহন করিয়াছিলেন। উষা প্রভাত হইলে মরুৎগণ আমাদিগকে প্রবর্ত্তিত করুন। উষা যেরূপ অরুণবর্ণ কিরণ জালে কৃষ্ণবর্ণ রাত্রিকে অপসারিত করেন, সেইরূপ মরুৎগণ বৃহৎ, দীপ্তিমান্, জলস্রাবী জ্যোতিঃদ্বারা অন্ধকার অপসারিত করেন।

১৩। রুদ্রপুত্র মরুৎগণ ক্ষোণী (৬) এবং অরুণবর্ণ অলঙ্কার সমন্বিত হইয়া জলের নিবাসভূত মেঘে বর্দ্ধিত হইয়াছেন। সর্বত্র প্রভাববিশিষ্ট বলদ্বারা মেঘ হইতে জলাকর্ষণ করতঃ মরুৎগণ প্রীতিকর এবং মনোহর লাবণ্য ধারণ করিতেছেন।

১৪। আমরা রক্ষার্থ মরুৎগণের নিকট মহৎ বরণীয় ধন যাচ্ঞা করতঃ এই স্তোত্রদ্বারা তাঁহাদের স্তব করিতেছি। ত্রিত অভীষ্টসিদ্ধির জন্য চক্র দ্বারা সেই মুখ্য পঞ্চ হোতৃগণকে আবর্ত্তিত করিয়াছেন (৭)।

১৫। হে মরুৎগণ! তোমরা যে আশ্রয়দান দ্বারা আরাধনাকারী যজমানকে পাপ হইতে রক্ষা কর, যাহাদ্বারা তোতাকে শত্রুর হস্ত হইতে মুক্ত কর, হে মরুৎগণ! তোমাদের সেই আশ্রয় আমাদের অভিমুখে আগমন করুক। তোমাদের অনুগ্রহ হাম্বারবকারিণী ধেনুর ন্যায় আমাদের অভিমুখে আগমন করুক।

৩৫ সূক্ত।

অপাং নপাৎ দেবতা। গৃৎসমদ ঋষি।

১। আমি অন্নাভিলাষে এই স্তুতি উচ্চারণ করিতেছি। শব্দকারী

(৫) দশগ্ব সম্বন্ধে ১।৬২।৪ ঋকের টীকা দেখ। সায়ণ বলেন পূর্ব্বকালে আদিত্যগণ ও অঙ্গিরাগণ সর্ব্বপ্রথমে কে স্বর্গে যাইবেন এই বিষয় লইয়া বিবাদ করায় অঙ্গিরাগণ জয়লাভ করেন; এ ঋকের দশগ্ব সেই অঙ্গিরারূপী মরুৎগণ।

(৬) "বীণাবিশেষৈঃ।" সায়ণ।

(৭) সায়ণের মতে পঞ্চ মরুৎ শব্দে প্রাণ, অপান, সমান, ব্যান, উদান বুঝায়।

শীঘ্রগামী অপাং নপাৎ নামক দেবতা (১) আমাদিগকে প্রচুর অন্ন দান করুন, ও সুন্দররূপবিশিষ্ট করুন, আমি তাঁহার স্তুতি করিতেছি, তিনি স্তুতি ভাল বাসেন।

২। আমরা তাঁহার জন্য হৃদয় হইতে সুরচিত এই মন্ত্র উত্তমরূপে উচ্চারণ করিব, তিনি তাহা বারম্বার অবগত হউন। স্বামী অপাং নপাৎ নিজবল মহিমায় (২) সমস্ত ভুবনকে উৎপন্ন করিয়াছেন।

৩। কোন কোন জল একত্র মিলিত হয়, অন্য জল তাহাদের সহিত মিলিত হয়; উহারা সকলে নদী হইয়া অনলকে প্রীত করে। বিশুদ্ধ জলসমূহ নির্ম্মল, দীপ্তিমান্, অপাং নপাৎ নামক দেবতার চারিদিকে বেষ্টন করিয়া থাকে।

৪। দর্পরহিতা যুবতী জলসংহতি যুবার ন্যায় অপাং নপাৎ নামক দেবতাকে অলঙ্কৃত ও পরিবেষ্টিত করেন। ইন্ধন রহিত, ঘৃতপূত অপাং নপাৎ আমাদের ধনযুক্ত অন্নের উৎপত্তির জন্য জলমধ্যে নির্ম্মল তেজোবলে দীপ্ত আছেন।

৫। ইলা, সরস্বতী ও ভারতী নামক দেবীত্রয়, দুঃখরহিত অপাং নপাৎ দেবতার জন্য অন্ন ধারণ করেন। তাঁহারা জলমধ্যে উৎপন্ন পদার্থের ন্যায় প্রসারিত হয়েন। সেই অপাং নপাৎ নামক দেবতা সর্ব্বাগ্রে উৎপন্ন জলের সারভূত সোম পান করেন।

৬। এই স্থানে অশ্বের জন্ম এবং এই বরণীয়ের জন্ম। হে অপাং নপাৎ নামক দেব! তুমি অপহর্ত্তা ও হিংসকের সম্পর্ক হইতে স্তোতৃগণকে রক্ষা কর। দানশূন্য ও অসত্যাচারী লোকে অপরিপক্ক অথবা পরিপাকযোগ্য জলে বর্ত্তমান থাকিয়াও এই অহিংসনীয় দেবতাকে প্রাপ্ত হয় না।

৭। যিনি স্বকীয় গৃহে আছেন, এবং যাঁহার ধেনু সুখে দোহন করা যায়, সেই অপাং নপাৎ নামক দেবতা বৃষ্টির জল বর্দ্ধিত করেন, এবং উৎকৃষ্ট অন্ন

---

(১) অর্থাৎ জলের পৌত্র অগ্নি। জল হইতে শস্য বৃক্ষাদি জন্মায় এবং তাহা হইতে অগ্নি জন্মায়, এই জন্য অগ্নি জলের পৌত্র। সায়ণ ১।২২।৬ ঋকে সায়ণ এই শব্দের অন্যরূপ ব্যাখ্যা করিয়াছেন, এবং তদনুসারে আমি সেই স্থানে "অপাং নপাৎ" অর্থে "জল পোষক সবিতা" এইরূপ অনুবাদ করিয়াছি।

(২) মূলে "অসূর্য্যস্য মহ্না" আছে। সায়ণ এখানে "অসূর্য্য" অর্থে শত্রুক্ষেপণকারী বল করিয়াছেন, ৩।১৩৮।৫ ও ২।২৩।২ ও ২।২৭।৪ দেখ।

ভক্ষণ করেন। তিনি জলমধ্যে প্রবল হইয়া যজমানকে ধনদানার্থ বিশেষরূপে দীপ্তিযুক্ত হয়েন।

৮। হে অপাং নপাৎ সত্যবান্, সর্ব্বদা একরূপে বর্ত্তমান, এবং অত্যন্ত বিস্তীর্ণ, যিনি জলমধ্যে পবিত্র দৈব তেজো দ্বারা প্রকাশ পান, সমস্ত ভূতজাত তাঁহার শাখা মাত্র। পুষ্পফলাদির সহিত ওষধি সকল তাঁহা হইতেই উৎপন্ন হয়।

৯। অপাং নপাৎ কুটিলগতি মেঘের মধ্যে স্বয়ং উর্দ্ধভাবে অবস্থিত হইয়াও বিদ্যুৎ পরিধান করিয়া অন্তরীক্ষে আরোহণ করিয়াছেন। তাঁহার উৎকৃষ্ট মাহাত্ম্য সর্ব্বত্র কীর্ত্তন করতঃ মহতী হিরণ্যবর্ণা নদী সকল প্রবাহিত হইতেছে।

১০। সেই অপাং নপাৎ হিরণ্যরূপ, হিরণ্যাকৃতি, ও হিরণ্যবর্ণ; তিনি হিরণ্ময় স্থানের উপর উপবেশন করতঃ শোভা পান; হিরণ্যদাতাগণ তাঁহাকে অন্ন প্রদান করেন।

১১। অপাং নপাতের রশ্মিসমূহরূপ শরীর সুন্দর, এবং নামও সুন্দর, এবং উভয়ই গূঢ় হইলেও বৃদ্ধি প্রাপ্ত হয়। যুবতী জলসংহতি, সেই হিরণ্য-বর্ণকে অন্তরীক্ষে সম্যক্‌রূপে দীপ্তিযুক্ত করে, কেন না জলই তাঁহার অন্ন।

১২। আমরা, যজ্ঞ, হব্য ও নমস্কার দ্বারা বহুদেবতার আদি, আমাদের মিত্র এই অপাং নপাৎকে পরিচর্য্যা করিব। আমি তাঁহার উন্নতপ্রদেশকে সম্যক্‌রূপে অলঙ্কৃত করিব। আমি কাষ্ঠদ্বারা তাঁহাকে ধারণ করি, অন্নদ্বারা তাঁহাকে ধারণ করি, এবং মন্ত্রদ্বারা তাঁহার স্তব করি।

১৩। সেচনসমর্থ সেই অপাং নপাৎ ঐ সমস্ত জলমধ্যে গর্ভ উৎপন্ন করিয়াছেন। তিনিই আবার পুত্রস্বরূপ হইয়া জল পান করেন, জলসমূহ তাঁহাকেই লেহন করে। দীপ্তিযুক্ত সেই অপাং নপাৎ এই পৃথিবীতে অন্য শরীরে ব্যাপ্ত হইয়াছেন(৩)।

১৪। অপাং নপাৎ দেবতা উৎকৃষ্টস্থানে অবস্থিত। তিনি তেজোদ্বারা প্রতিদিবস দীপ্তিযুক্ত। মহৎ জলসমূহ তাঁহার জন্য অন্নবহন করতঃ সতত গতি দ্বারা তাঁহাকে বেষ্টন করিয়া আছে।

১৫। হে অগ্নি! তুমি শোভনীয় নিবাস। আমি পুত্রলাভের জন্য তোমার নিকট আসিয়াছি। যজমানের হিতার্থে সুরচিত স্তুতি লইয়া আসিয়াছি। সমুদয় দেবগণ যে সমস্ত কল্যাণ সাধন করেন, সে সমুদয় আমাদের হউক। আমরা যেন পুত্রপৌত্রবিশিষ্ট হইয়া এই যজ্ঞে প্রভূত স্তুতি করিতে পারি।

---

(৩) অর্থাৎ স্বর্গীয় অগ্নি পার্থিব অগ্নিরূপে যজ্ঞাদি নির্ব্বাহার্থ পৃথিবীতে ব্যাপ্ত হইয়াছেন।

৩৬ সূক্ত।

দেবতা (১ ঋকের) ইন্দ্র ও মধু। (২) মরুৎগণ ও মাধব। (৩) ত্বষ্টা ও শুক্র। (৪) অগ্নি ও শুচি। (৫) ইন্দ্র ও নভঃ। (৬) মিত্রাবরুণ ও নভস্য (১)।

গৃৎসমদ ঋষি।

১। হে ইন্দ্র! তোমার উদ্দেশে প্রেরিত এই সোম গব্য ও জলসংযুক্ত। যজ্ঞের নেতাগণ, ঐ সোমকে প্রস্তরখণ্ড দ্বারা অভিষুত করিয়া মেষলোমময় দশাপর্ব্বদ্বারা সংস্কৃত করিতেছেন (২)। হে ইন্দ্র! তুমি সমস্ত জগতের ঈশ্বর, তুমি সমস্ত দেবগণের প্রথমে স্বাহাকারে অগ্নিতে প্রক্ষিপ্ত ও বষট্কার দ্বারা ত্যক্ত সোম, হোতার নিকট হইতে পান কর।

২। যজ্ঞের সহিত সংযুক্ত, পৃষতীযোজিত রথে অবস্থিত, স্বকীয় আয়ুধ দ্বারা শোভিত, এবং আভরণপ্রিয় ভরতের পুত্র(৩)। হে অন্তরীক্ষের নেতা মরুৎগণ! তোমরা কুশে উপবেশন করতঃ পোতার নিকট হইতে সোম পান কর।

৩। হে শোভনাহ্বানযুক্ত দেবগণ! তোমরা আমাদের সহিত আগমন কর, কুশে উপবেশন কর, এবং বিহার কর। অনন্তর হে ত্বষ্টা! তুমি দেব ও দেবপত্নীগণের শোভনীয় দলের সহিত অন্ন সেবা করতঃ তৃপ্তি লাভ কর।

৪। হে মেধাবী অগ্নি! তুমি এই যজ্ঞে দেবতাগণকে আহ্বান কর, ও তাঁহাদিগের যজ্ঞ কর। হে দেবতাগণের আহ্বানকারী অগ্নি! তুমি আমাদের হব্য অভিলাষী হইয়া স্থানত্রয়ে উপবেশন কর, সোমাত্মক মধু স্বীকার কর, অগ্নীধ্রের নিকট হইতে সোমপান কর, এবং স্বীয় অংশে তৃপ্ত হও।

৫। হে ধনবান্ ইন্দ্র! তুমি পুরাণ। যে সোমদ্বারা তোমার হস্তে শত্রুর অভিভবক্ষম সামর্থ্য ও বল নিহিত হয়, তাহা তোমার জন্য অভিষুত ও আহৃত হইয়াছে। তুমি তৃপ্ত হইয়া ব্রাহ্মণনামক ঋত্বিকের নিকট হইতে এই সোম পান কর।

(১) "Each (god) is associated with a deified mouth after the nomenclature of the old kalendar, or Indra with *Madhu*, the Maruts with *Madhabu* Twashtri with *Sukra*, Agni with *Suchi*, Indra with *Nabha*, and Mitra and Varuna with *Nabasya*."—*Wilson*.

(২) ১। ১৩৫। ৬ ঋকের টীকা দেখ।

(৩) মূলে "ভরতস্য সূনবঃ" আছে। "সর্ব্বস্য জগতঃ ভর্ত্তুরুদ্রস্য।" সায়ণ।

৬। হে মিত্রাবরুণ! তোমরা আমার যজ্ঞ সেবা কর। হোতা উপবিষ্ট হইয়া চিরন্তনী স্তুতি উচ্চারণ করিতেছে, তোমরা আমার আহ্বান শ্রবণ কর। তোমরা শোভমান। ঋত্বিক্ পরিবেষ্টিত অন্ন তোমাদের অভিমুখে রহিয়াছে, তোমরা ঐ মধুর সোমরস প্রশাস্তার নিকট হইতে পান কর (৪)।

---

৩৭ সূক্ত।

১ হইতে ৪ ঋক্ পর্য্যন্ত দ্রবিণোদা দেবতা। (৫) অশ্বিদ্বয়। (৬) অগ্নি।
গৃৎসমদ ঋষি।

১। হে দ্রবিণোদা (১)! তুমি হোতৃকৃত যাগে অন্ন গ্রহণ করিয়া প্রীত ও হৃষ্ট হও। হে অধ্বর্য্যুগণ! দ্রবিণোদা পূর্ণাহুতি কামনা করিতেছেন, অতএব তাঁহার জন্য এই সোম প্রদান কর। সোমাভিলাষী দ্রাবিণোদা অভীষ্ট ফলদাতা। হে দ্রবিণোদা! হোতার যজ্ঞে ঋতুগণের সহিত সোম পান কর।

২। আমরা পূর্ব্বে যাঁহাকে আহ্বান করিয়াছি, সম্প্রতি তাঁহাকেই আহ্বান করিতেছি। তিনিই আহ্বানযোগ্য, কারণ তিনি দাতা ও সকলের অধিপতি। তাঁহার জন্য সোমাত্মক মধু অধ্বর্য্যুগণ কর্ত্তৃক প্রস্তুত হইয়াছে। হে দ্রবিণোদা! পোতার যজ্ঞে ঋতুগণের সহিত সোমপান কর।

৩। হে দ্রোবিণোদা! তুমি যে অশ্বে গমন কর তাহারা তৃপ্ত হউক; হে বনস্পতি! কাহারও হিংসা না করিয়া দৃঢ় হও। হে ধর্ষণকারী! তুমি আগমন করতঃ নেষ্টার যজ্ঞে ঋতুগণের সহিত সোম পান কর।

৪। হে দ্রোবিণোদা! যিনি হোতার যজ্ঞে সোম পান করিয়াছেন, যিনি পোতার যজ্ঞে হৃষ্ট হইয়াছেন, যিনি নেষ্টার যজ্ঞে প্রদত্ত অন্ন ভক্ষণ করিয়াছেন সেই দ্রোবিণোদা সুবর্ণদাতা ঋত্বিকের অশোধিত ও মৃত্যুনিবারক চতুর্থ সোমপাত্র পান করুন।

৫। হে অশ্বিদ্বয়! যে রথ শীঘ্রগামী, তোমাদের বাহনস্বরূপ, এবং তোমাদিগকে যথাস্থানে নামাইয়া দেয়, অদ্য সেই রথ এই যজ্ঞে আমাদের অভিমুখে যোজিত কর। আমাদের হব্য সুস্বাদু কর ও আগমন কর; হে অন্নবিশিষ্ট অশ্বিদ্বয়! আমাদের সোম পান কর।

(৪) এই সূক্তের ১, ২, ৪, ৫ ও ৬ ঋকে ক্রমান্বয়ে পাঁচজন ঋত্বিকের নাম লক্ষিত হয়।

(১) ১।১৫।৭ ঋকের টীকায় সায়ন "দ্রবিণোদা" শব্দের অর্থ "ধনপ্রদঃ অগ্নি" করিয়াছেন।

৬। হে অগ্নি! তুমি সমিধে তুষ্ট হও, আহুতিতে তুষ্ট হও, লোকের হিতকর স্তোত্রে তুষ্ট হও, এবং সুন্দর স্তুতিতে তুষ্ট হও। তুমি সকলের আবাসপ্রদ, ও আমাদের হব্য অভিলাষী। তুমি আমাদের হব্য অভিলাষী সমস্ত মহানুভব দেবগণকে ঋতু ও বিশ্বদেবগণের সহিত সোম পান করাও।

---

৩৮ সূক্ত।

সবিতা দেবতা। গৃৎসমদ ঋষি।

১। দ্যুতিমান্ জগৎবাহক সবিতা জগৎ প্রসবের জন্য প্রতিদিন উদয় হয়েন; ইহাই তাঁহার কর্ম্ম। তিনি স্তোতাগণকে রত্ন প্রদান করেন, এবং সুন্দর যজ্ঞবিশিষ্ট যজমানকে মঙ্গলভাগী করেন।

২। বিস্তীর্ণ হস্তবিশিষ্ট দ্যুতিমান্ সবিতা জগতের আনন্দের জন্য উদিত হইয়া বাহু প্রসারিত করেন। তাঁহার কর্ম্মের জন্য অত্যন্ত পাবন জলসমূহ প্রবাহিত হয় এবং এই বায়ুও সর্ব্বতোব্যাপী অন্তরিক্ষে বিহার করে।

৩। গমন করিতে করিতে সবিতা যখন শীঘ্রগামী রশ্মি কর্ত্তৃক বিমুক্ত হয়েন, তখন তিনি নিরন্তর পথগামী ব্যক্তিকেও গমন হইতে বিরত করেন। যাহারা শত্রুর বিরুদ্ধে গমন করে, তাহাদের ও গমনেচ্ছা নিবৃত্ত করেন। সবিতার কর্ম্মের পর রাত্রি আগমন করেন।

৪। বস্ত্রবয়নকারিণী রমণীর ন্যায়(১) রাত্রি পুনর্ব্বার আলোককে সম্যক্‌-রূপে বেষ্টন করিতেছেন, প্রজ্ঞাবান্ লোক যে কর্ম্ম করিতেছিল, তাহা করিতে সক্ষম হইলেও মধ্যস্থলে রাখিয়া দিতেছে। বিরামরহিত ও ঋতুর বিভাগকর্ত্তা দ্যোতমান সবিতা যখন পুনরায় উদিত হয়েন, তখন লোকে শয্যা ত্যাগ করিয়া উঠে।

৫। অগ্নির গৃহস্থিত এবং প্রভূত. তেজঃ যজমানদের ভিন্ন ভিন্ন গৃহে ও সমস্ত অন্নে অধিষ্ঠিত আছে। মাতা উষা সবিতাকর্ত্তৃক প্রেরিত প্রজ্ঞাপক যজ্ঞের শ্রেষ্ঠভাগ পুত্র অগ্নিকে দান করিয়াছেন।

৬। স্বর্গীয় সবিতার ব্রত সমাপ্ত হইলে জয়াভিলাষী রাজা যুদ্ধযাত্রা করিলেও প্রত্যাবৃত্ত হয়েন। সমস্ত জঙ্গম পদার্থ গৃহের প্রতি অভিলাষ করে; সর্ব্বদা কর্ম্মরত ব্যক্তি অর্দ্ধকৃত কর্ম্ম ত্যাগ করিয়া গৃহে প্রত্যাগত হয়।

৭। হে সবিতা! তুমি অন্তরিক্ষে যে জলভাগ নিহিত করিয়াছ, জলা-

(১) এখানেও বস্ত্রবয়নকারিণী রমণীদিগের উল্লেখ আছে।

ন্বেষণকারীগণ চতুর্দ্দিকে তাহা প্রাপ্ত হয়। তুমি পক্ষিদিগকে বৃক্ষসমূহ বিভাগ করিয়া দিয়াছ, কেহই সবিতার কর্ম্ম হিংসা করিতে পারে না।

৮। সবিতা অস্তগত হইলে, সর্ব্বদা গমনশীল বরুণ জঙ্গম পদার্থ সকলকে সুখকর, বাঞ্ছনীয় এবং সুগম বাসস্থান প্রদান করেন। সবিতা যখন ভূত-জাতকে স্থানে স্থানে পৃথক্ করিয়া দেন, তখন পশুপক্ষিগণ আপন আপন স্থানে গমন করে।

৯। যাঁহার ব্রত ইন্দ্র হিংসা করেন না, বরুণ মিত্র, অর্য্যমা বা রুদ্র হিংসা করেন না, শত্রুরাও হিংসা করে না, সেই দ্যুতিমান্ সবিতাকে কল্যাণের জন্য এই প্রকারে নমস্কার দ্বারা আহ্বান করিতেছি।

১০। যাঁহাকে মনুষ্যসকলে স্তুতি করে, যিনি দেবপত্নীগণের রক্ষক, সেই সবিতা আমাদিগকে রক্ষা করুন। আমরা ভজনীয়, বহুপ্রজ্ঞ, ধ্যানযোগ্য সবিতাকে বলবান্ করি। আমরা যেন ধন ও পশু উপার্জ্জনে ও সঞ্চয় বিষয়ে সবিতার প্রিয় হইতে পারি।

১১। হে সবিতা! তুমি আমাদিগকে যে প্রসিদ্ধ কমনীয় ধন প্রদান করিয়াছ, তাহা দ্যুলোক, ভূলোক ও অন্তরিক্ষলোক হইতে আমাদের নিকট আগমন করুক। যে ধন স্তোতৃবংশীয়দের পক্ষে শুভকর, আমি অনেক স্তুতি করিতেছি, আমাকে সেই ধন প্রদান করুন।

---

৩৯ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। গৃৎসমদ ঋষি.

১। হে অশ্বিদ্বয়! তোমরা শত্রুর প্রতি প্রেরিত পাষাণ খণ্ডদ্বয়ের ন্যায় শত্রুকে বাধা দাও. পক্ষিদ্বয় যেরূপ বৃক্ষে আগমন করে সেইরূপ তোমরা যজমানের নিকট আগমন কর। উক্থ উচ্চারণকারী ব্রহ্মানামক ঋত্বিক্-দ্বয়ের ন্যায় ও জনপদে দূতদ্বয়ের ন্যায় তোমরা বহু পুরুষের আহ্বান যোগ্য।

২। হে অশ্বিদ্বয়! তোমরা প্রাতঃকালে গমনকারী রথিদ্বয়ের ন্যায় বীর ছাগদ্বয়ের ন্যায়, যমজ নারীদ্বয়ের ন্যায়, সুন্দর শরীরবিশিষ্ট দম্পতিরন্যায় সংগত, এবং জন সকলের কর্ম্মবেত্তা। তোমরা দুইজনে ভক্তের নিকট আগমন কর।

৩। দেবগণের প্রথম অশ্বিদ্বয়! তোমরা পশুর শৃঙ্গদ্বয়ের ন্যায় বা অশ্বাদির খুরদ্বয়ের ন্যায় বেগবিশিষ্ট হইয়া আমাদের অভিমুখে আগমন কর।

হে শত্রুচ্ছেদকারী স্বকর্ম্মক্ষম অশ্বিদ্বয়! চক্রবাকদ্বয় (১) যেরূপ দিবসে আইসে, অথবা রথিদ্বয় যেরূপ আইসে, সেইরূপ তোমরা আমাদের অভিমুখে আগমন কর।

৪। হে অশ্বিদ্বয়! নৌকার ন্যায় তোমরা আমাদিগকে পার কর। রথের যুগের ন্যায়, রথচক্রের নাভিফলকের ন্যায়, তৎপার্শ্বস্থ ফলকের ন্যায় চক্রের বাহু দেশের বলয়ের ন্যায় (২) আমাদিগকে পার কর। দুইটি কুকুরের ন্যায় তোমরা আমাদের শরীরকে হিংসা হইতে রক্ষা কর। দুইটি বর্ম্মের (৩) ন্যায় তোমরা আমাদের জরা হইতে রক্ষা কর।

৫। হে অশ্বিদ্বয়! তোমরা বায়ুদ্বয়ের ন্যায় অক্ষয়, নদীদ্বয়ের ন্যায় শীঘ্র-গামী, চক্ষুদ্বয়ের ন্যায় দর্শনশক্তিমান্। তোমরা আমাদের অভিমুখে আগমন কর। তোমরা হস্তদ্বয় ও পাদদ্বয়ের ন্যায় শরীরের সুখকর। তোমরা আমা-দিগকে শ্রেষ্ঠধনের অভিমুখে লইয়া যাও।

৬। হে অশ্বিদ্বয়! তোমরা ওষ্ঠদ্বয়ের ন্যায় মধুরবাক্য উচ্চারণ কর, স্তনদ্বয়ের ন্যায় আমাদের জীবন ধারণের জন্য পান করাও, নাসিকাদ্বয়ের ন্যায় আমাদের শরীরের রক্ষক হও, কর্ণদ্বয়ের ন্যায় আমাদের শ্রোতা হও।

৭। হে অশ্বিদ্বয়! হস্তদ্বয়ের ন্যায় আমাদিগকে সামর্থ্য প্রদান কর, দ্যাবাপৃথিবীর ন্যায় আমাদিগকে উদক প্রেরণ কর। হে অশ্বিদ্বয়! এই সকল স্তুতি তোমাদিগকে কামনা করিতেছে, তোমরা শাণযন্ত্রদ্বারা অসির ন্যায় উহাদিগকে তীক্ষ্ণ কর।

৮। হে অশ্বিদ্বয়! গৃৎসমদ ঋষি, তোমাদের বৃদ্ধিসাধনার্থ এই সকল মন্ত্র, ও স্তোত্র রচনা করিয়াছেন। তোমরা নেতা ও অত্যন্ত প্রীতিযুক্ত। তোমাদিগের নিকট এই সকল স্তুতি আগমন করুক। আমরা যেন পুত্র পৌত্র বিশিষ্ট হইয়া এই যজ্ঞে প্রভূত স্তুতি করিতে পারি।

---

(১) চক্রবাক মিথুন লইয়া আধুনিক সংস্কৃত কবিগণের এত উপমান বটা, তাহার এই প্রথম উল্লেখ।

(২) মূলে আছে "যুগা ইব নভ্যা ইব উপধী ইব প্রধী ইব" "Like the poles of a car, the axles, the spokes, the felloes."—*Wilson.*

(৩) মূলে "পৃগলা ইব" আছে "তনুত্রাণে।" সায়ণ।

৪০ সূক্ত।

সোম ও পূষা দেবতা। গৃৎসমদ ঋষি।

১। হে সোম ও পূষা! তোমরা ধনের জনক, দ্যুলোকের জনক, ও পৃথিবীর জনক। তোমরা জন্মিয়াই সমুদয় জগতের রক্ষক হইয়াছ, দেবগণ তোমাদিগকে অমরত্বের হেতুভূত করিয়াছেন।

২। দ্যুতিমান্ এই সোম ও পূষা জন্মাইলেই দেবগণ ইঁহাদিগকে সেবা করিয়াছিলেন। ইহারা অপ্রিয় তমঃ নাশ করেন, এবং ইঁহাদের সহিত ইন্দ্র তরুণী ধেনু সকলের উধঃ প্রদেশে পক্ক পয়ঃ উৎপাদন করেন।

৩। হে অভীষ্টবর্ষী সোম ও পূষা! তোমরা জগতের পরিচ্ছেদক, সপ্ত চক্রবিশিষ্ট (১), বিশ্বকর্তৃক অপরিচ্ছেদ্য, সর্ব্বত্র বর্ত্তমান, পঞ্চরশ্মিবিশিষ্ট (২), এবং ইচ্ছা মাত্রেই যোজিত রথ আমাদের অভিমুখে প্রেরণ কর।

৪। তোমাদের মধ্যে একজন পূষা উন্নত দ্যুলোকে বাস করেন। অন্য সোম পৃথিবীতে ও অন্তরিক্ষে বাস করেন(৩)। তোমরা দুইজনে আমাদিগকে বহুলোকের বরণীয়, বহুকীর্ত্তিসম্পন্ন, ও আমাদের ভাগের হেতুভুক্ত পশুরূপধন প্রদান কর।

৫। হে সোম ও পূষা! তোমাদের মধ্যে একজন সোম সমস্ত ভূত জাত উৎপন্ন করিয়াছেন, অন্য পূষা সমস্ত জগৎ পর্য্যবেক্ষণ করিয়া যান। হে সোম ও পূষা! তোমরা আমাদের কর্ম্ম রক্ষা কর, আমরা যেন তোমাদের দ্বারা সমস্ত শত্রুসেনা জয় করিতে পারি।

৬। জগতের প্রীতিদায়ক পূষা আমাদের কর্ম্মে তৃপ্তিলাভ করুন। ধনপতি সোম আমাদিগকে ধনদান করুন। দ্যুতিমতী, শত্রুরহিতা অদিতি আমাদিগকে রক্ষা করুন। আমরা যেন পুত্রপৌত্রবিশিষ্ট হইয়া এই যজ্ঞে প্রভূত স্তুতি করিতে পারি।

৪১ সূক্ত।

(১, ২, ৩) ঋকের দেবতা বায়ু ও ইন্দ্র বায়ু। (৪, ৫, ৬) মিত্রাবরুণ। (৭, ৮, ৯) অশ্বিদ্বয়। (১০, ১১, ১২) ইন্দ্র। (১৩, ১৪, ১৫) বিশ্বদেবগণ। (১৬, ১৭, ১৮) সরস্বতী। (১৯, ২০, ২১) দ্যাবাপৃথিবী। গৃৎসমদ ঋষি।

১। হে বায়ু! তোমার যে সহস্রসংখ্যক রথ আছে তদ্দ্বারা তুমি নিযুৎগণে যুক্ত হইয়া সোমপানের জন্য আগমন কর।

(১) সপ্তঋতুরূপ সপ্তচক্র। ত্রয়োদশ মাসকে সপ্তম ঋতু বলে। সায়ণ।
(২) পঞ্চ ঋতুরূপ পঞ্চরশ্মি। হেমন্ত ও শীত ঋতু একত্রিত হইয়া পাঁচঋতু। সায়ণ।
(৩) অর্থাৎ ওষধিরূপে ও চন্দ্ররূপে। সায়ণ।

২। হে বায়ু! নিযুৎগণে যুক্ত হইয়া তুমি আগমন কর। তুমি দীপ্তিমান্ সোম গ্রহণ করিয়াছ, সোমাভিষবকারী যজমানের গৃহে তুমি গমন করিয়া থাক।

৩। হে নেতা ইন্দ্র ও বায়ু! তোমরা অদ্য নিযুৎগণে যুক্ত হইয়া সোমার্থ আগমন করতঃ গব্য মিশ্রিত সোম পান কর।

৪। হে মিত্রাবরুণ! তোমাদের জন্য এই সোম অভিষুত হইয়াছে, হে সত্যবর্দ্ধক! তোমরা আমার আহ্বান শ্রবণ কর।

৫। শত্রুতাশূন্য রাজা মিত্রাবরুণ স্থির, উৎকৃষ্ট, সহস্রস্তম্ভবিশিষ্ট এই স্থানে উপবেশন করুন (১)।

৬। সম্রাট্, ঘৃতান্নভোজী, অদিতির পুত্র, দাতা মিত্রাবরুণ অকুটিলাচারী যজমানকে সেবা করেন।

৭। হে অশ্বিদ্বয়! হে নাসত্যদ্বয়! হে রুদ্রদ্বয়! যজ্ঞের নেতারা যে সোম পান করিবে, সেই সোম ধেনুযুক্ত ও অশ্বযুক্ত করতঃ তোমরা রথে করিয়া আগমন কর।

৮। হে ধনবর্ষী অশ্বিদ্বয়! দূরস্থিত বা সমীপবর্ত্তী মন্দভাষী মর্ত্ত্য রিপু যে ধন অপহরণ করিতে পারে না, সেই ধন আমাদিগকে প্রদান কর।

৯। হে ধিষণার্হ অশ্বিদ্বয়! তোমরা আমাদের নিকট পিশঙ্গ সদৃশ এবং ধনপ্রাপক ধন আনয়ন কর।

১০। ইন্দ্র অধিক ও অভিভবকারী ভয় দূর করুন, তিনি স্থির ও প্রজ্ঞাবান্।

১১। যদি ইন্দ্র আমাদিগকে সুখী করেন, পাপ আমাদের পশ্চাতে আসিবে না, কল্যাণ আমাদের সম্মুখে উপস্থিত হইবে।

১২। প্রজ্ঞাবান্ শত্রুজেতা ইন্দ্র সকল দিক হইতে আমাদিগকে ভয়রহিত করুন।

১৩। হে বিশ্বদেবগণ! এই স্থলে আগমন কর, আমার আহ্বান শ্রবণ কর, এই কুশোপরি উপবেশন কর।

১৪। হে বিশ্বদেবগণ! তীব্রমদযুক্ত, রসবান্, হর্ষকর এই সোম তোমাদের জন্য শুনহোত্রগণের (২) নিকট রহিয়াছে, তোমরা এই কমনীয় সোম পান কর।

---

(১) স্তম্ভবিশিষ্ট অট্টালিকার উল্লেখ।

(২) "শুনহোত্রেষু গৃৎসমদেষু।" সায়ণ। এই মণ্ডলের প্রথম সূক্তের প্রথম টীকা দেখ।

১৫। ইন্দ্র যে মরুৎগণের শ্রেষ্ঠ, পূষা যাঁহাদের দাতা, সেই দেবগণ আমার আহ্বান শ্রবণ কর।

১৬। মাতৃগণের মধ্যে শ্রেষ্ঠ, নদীগণের মধ্যে শ্রেষ্ঠ, দেবীগণের মধ্যে শ্রেষ্ঠ হে সরস্বতি! আমরা অসমৃদ্ধের ন্যায় রহিয়াছি, আমাদিগকে সমৃদ্ধিশালী কর।

১৭। হে সরস্বতি! তুমি দ্যুতিমতী, অন্ন তোমায় আশ্রয় করিয়াছে। তুমি শুনহোত্রগণের সোমপান করিয়া তৃপ্ত হও। হে দেবি! তুমি আমাদিগকে পুত্র দান কর।

১৮। হে অন্নবতি ও উদকবতী সরস্বতি! তুমি এই হব্য স্বীকার কর। ইহা মননীয় ও দেবতাগণের প্রিয়। গৃৎসমদগণ তোমাকে ইহা অর্পণ করিতেছে।

১৯। হে যজ্ঞের সুখসম্পাদক (দ্যাবাপৃথিবী)! তোমরা আগমন কর, আমরা তোমাদিগকে প্রার্থনা করিতেছি। আমরা হব্যবাহন (অগ্নিকেও) প্রার্থনা করিতেছি।

২০। দ্যাবাপৃথিবী স্বর্গাদির সাধকরূপ, ও দেবগণের অভিমুখে গমনশীল আমাদের এই যজ্ঞ দেবতাগণের নিকট বহন করুন।

২১। হে শত্রুতাশূন্য দ্যাবাপৃথিবি! যজ্ঞার্হ দেবগণ সোমপানের জন্য অদ্য তোমাদের সমীপে উপবেশন করুন।

৪২ সূক্ত।

কপিঞ্জলরূপী ইন্দ্র দেবতা। গৃৎসমদ ঋষি।

১। বারংবার শব্দায়মান, ভবিষ্যৎ বিষয়ের বক্তা (কপিঞ্জল), কর্ণধার যেরূপ নৌকাকে পরিচালিত করে, সেইরূপ বাক্যকে প্রেরণ করিতেছেন। হে শকুনি! তুমি কল্যাণসূচক হও, কোন দিক্ হইতে যেন কোন অভিভব তোমার নিকট উপস্থিত না হয়।

২। হে শকুনি! তোমাকে যেন শ্যেনপক্ষী বধ না করে, যেন সুপর্ণ পক্ষীও বধ না করে, এবং বলবান্ বীর ধনুর্দ্ধারী হইয়া যেন তোমাকে না

প্রাপ্ত হয়। দক্ষিণ দিকে বারংবার শব্দকরতঃ সুমঙ্গলশংসী হইয়া তুমি আমাদের প্রিয়বাদী হও।

৩। হে শকুন্ত! তুমি সুমঙ্গলসূচক ও প্রিয়বাদী হইয়া গৃহের দক্ষিণ দিকে শব্দ কর। তস্কর যেন আমার উপর প্রভুত্ব না করে, দুষ্ট ব্যক্তিও যেন আমার উপর প্রভুত্ব না করে। আমরা যেন পুত্রপৌত্রবিশিষ্ট হইয়া এই যজ্ঞে প্রভূত স্তুতি করিতে পারি।

৪৩ সূক্ত।

কপিঞ্জলরূপী ইন্দ্র দেবতা। গৃৎসমদ ঋষি।

১। শকুনিগণ কালে কালে অন্নান্বেষণ করতঃ স্তোতাদের ন্যায় প্রদক্ষিণ করিয়া শব্দ করুক। সামগানকারী যেরূপ গায়ত্রী ও ত্রিষ্টুভ উভয় সামই উচ্চারণ করে, সেইরূপ (কপিঞ্জল) উভয় বাক্যই উচ্চারণ করে ও স্তোতাদিগকে অনুরক্ত করে।

২। হে শকুনি! উদ্গাতা যেরূপ সামগান করে, সেইরূপ তুমি গান কর। যজ্ঞে ব্রহ্মপুত্রের (১) ন্যায় তুমি শব্দ কর। সেচনসমর্থ অশ্ব যেরূপ অশ্বীর নিকট গমন করতঃ শব্দ করে, তুমি সেই শব্দ কর। হে শকুনি! তুমি সর্ব্বত্র আমাদের মঙ্গলসূচক শব্দ কর, সর্ব্বত্র আমাদের পুণ্যজনক শব্দ কর।

৩। হে শকুনি। যখন তুমি শব্দ কর, তখন আমাদের মঙ্গল সূচনা কর। যখন তূষ্ণীভাবে উপবেশন করিয়া থাক, তখন আমাদের প্রতি সুপ্রসন্ন হও। তুমি উড্ডীয়মানকালে কর্করির (২) ন্যায় শব্দ করিয়া থাক। আমরা যেন পুত্রপৌত্রবিশিষ্ট হইয়া এই যজ্ঞে প্রভূত স্তুতি করিতে পারি (৩)।

---

(১) ১৬ জন ঋত্বিকের মধ্যে "ব্রহ্মণাচ্ছংসী" নামক যজ্ঞের একজন ঋত্বিক্। সায়ণ।

(২) বাদ্যবিশেষ। সায়ণ।

(৩) অনুক্রমণিকা অনুসারে ইন্দ্ররূপী কপিঞ্জল এই ৪২ ও ৪৩ সূক্তের দেবতা, কিন্তু এই সূক্ত দ্বয়ে ইন্দ্র বা কপিঞ্জলের কোনও উল্লেখ নাই। কেবল "শকুনির উল্লেখ আছে। শকুনি অর্থে পক্ষী বিশেষ, Francoline partridge—*Wilson.* পক্ষীদিগের অমঙ্গল ধ্বনি শ্রবণ করিলে এই দুই সূক্ত জপ করিতে হয়। সায়ণ।

তৃতীয় মণ্ডল।

১ সূক্ত।

অগ্নি দেবতা। বিশ্বামিত্র ঋষি।(১)

১। হে অগ্নি! তুমি যজ্ঞ করিবার নিমিত্ত আমাকে সোমের বাহক করিয়াছ, অতএব আমাকে বলবান্ কর। হে অগ্নি! আমি দীপ্যমান হইয়া দেবতাগণের উদ্দেশে অভিষবণের জন্য প্রস্তর খণ্ড গ্রহণ করিতেছি ও স্তব করিতেছি। হে অগ্নি! তুমি আমার শরীররক্ষা কর।

২। হে অগ্নি! আমরা সম্যক্‌রূপে যজ্ঞ করিয়াছি, আমাদের স্তুতি বর্দ্ধিত হউক। সমিধ ও হব্যদ্বারা অগ্নিকে লোকে পরিচর্য্যা করুক। (দেবগণ) দ্যুলোক হইতে আসিয়া স্তোতাদিগকে স্তোত্র শিখাইয়াছেন। স্তোতাগণ স্তুতিযোগ্য ও প্রবৃদ্ধ অগ্নিকে স্তব করিতে অভিলাষ করে।

৩। যিনি মেধাবী, বিশুদ্ধ বলশালী, জন্মিবামাত্রেই উৎকৃষ্ট বন্ধু, যিনি দ্যুলোক ও পৃথিবীর সুখবিধান করেন, সেই দর্শনীয় অগ্নিকে দেবগণ যজ্ঞকার্য্যের জন্য ভগিনীরূপ (নদী সকলের) জলের মধ্যে প্রাপ্ত হইয়াছেন।

৪। শোভনধনযুক্ত, শুভ্র, ও নিজমাহাত্ম্যে দীপ্তিশালী অগ্নি উৎপন্ন হইলেই সপ্ত মহতী নদী তাঁহাকে বর্দ্ধিত করিয়াছিলেন। অশ্বী যেরূপ নবজাত শিশুর নিকট গমন করে, সেইরূপ নদীসকল নবজাত অগ্নির নিকট গমন করিয়াছিলেন। অগ্নি উৎপন্ন হইলেই তাঁহাকে দেবগণ দীপ্তিমান্ করিয়াছেন।

৫। অগ্নি শুভ্রবর্ণ তেজোদ্বারা অন্তরিক্ষ ব্যাপ্তকরতঃ যজমানকে স্তবনীয় ও পবিত্র তেজঃদ্বারা পরিশোধিত করেন; এবং দীপ্তি পরিধান করিয়া যজমানকে অন্ন এবং প্রভূত ও সম্পূর্ণ সম্পত্তি দান করেন।

৬। অগ্নি জলের চতুর্দ্দিকে গমন করিতেছেন, সে জল অগ্নিকে নির্ব্বাণ

---

(১) বিশ্বামিত্র ঋষি অথবা তদ্বংশীয়গণ তৃতীয় মণ্ডলের ঋষি। বিশ্বামিত্র বোধ হয় তৎকালের অনেক ঋষিগণের ন্যায় যুদ্ধকালে যোদ্ধা শ্রেষ্ঠ ছিলেন। সুতরাং যখন বহুকাল পরে ভারতবর্ষে জাতিবিভাগ স্থিরীকৃত হইল, তখন একটি উপাখ্যান কল্পিত হইল যে, বিশ্বামিত্র প্রথমে ক্ষত্রিয় ছিলেন পরে ব্রাহ্মণ হইলেন। ঋগ্বেদে এ উপাখ্যানের কোনও উল্লেখ নাই, এবং ঋগ্বেদের সময় ব্রাহ্মণ ও ক্ষত্রিয় এই দুইটী ভিন্ন ভিন্ন জাতিও সৃষ্ট হয় নাই।

করিতেছে না, অথবা অগ্নিদ্বারা শোষিত হইতেছে না। অন্তরিক্ষের অপত্যভূত অগ্নি বস্ত্রদ্বারা আচ্ছাদিত নহেন, অথচ জলবেষ্টিত হওয়ায় উলঙ্গও নহেন। সনাতনী নিত্যতরুণা, ও একস্থান হইতে উৎপন্না সপ্তনদী এক অগ্নিকে গর্ভে ধারণ করেন।

৭। জলবর্ষণ হইলে পর উদকের গর্ভস্বরূপও অন্তরিক্ষে পুঞ্জীভূত নানাবর্ণ অগ্নির রশ্মি সকল বিদ্যমান থাকে। এই অগ্নিতে জলরূপ পীনা ধেনুসকল সকলের প্রীতিদায়িনী হয়। সুন্দর মহৎ দ্যাবাপৃথিবী দর্শনীয় অগ্নির পিতামাতা।

৮। হে বলের পুত্র! সকলে তোমাকে ধারণ করিলে তুমি উজ্জ্বল ও বেগবান্ রশ্মি ধারণ করতঃ দ্যোতিত হও। যখন অগ্নি যজমানের স্তোত্রদ্বারা বৃদ্ধি প্রাপ্ত হয় তখন মধুর জলধারা পতিত হয়।

৯। অগ্নি জন্মিবামাত্রেই পিতা অন্তরিক্ষের উধ, উধঃস্বরূপ জল প্রদেশ জানিয়াছেন, এবং ঐ উধঃ সম্বন্ধিনী ধারা বৃষ্টি ও অন্তরিক্ষচারী শব্দ বজ্র পাতিত করিয়াছিলেন। অগ্নি শুভকারী বন্ধু (বায়ু প্রভৃতির) সহিত অবস্থান করেন, ও অন্তরিক্ষের অপত্যভূত জলের সহিত গুহাতে বর্ত্তমান থাকেন, এই অগ্নিকে কেহই প্রাপ্ত হয় না।

১০। অগ্নি পিতার অন্তরিক্ষের ও জনয়িতার গর্ভধারণ করেন, এক অগ্নি বহুতর বৃদ্ধি প্রাপ্ত ওষধি ভক্ষণ করেন। সপত্নী (২) ও মনুষ্যদিগের হিতকারিণী দ্যাবাপৃথিবী উভয়েই অভীষ্টবর্ষী অগ্নির বন্ধু। হে অগ্নি! তুমি দ্যাবাপৃথিবীকে বিশেষরূপে রক্ষা কর।

১১। মহান্ অগ্নি অসম্বাধ ও বিস্তীর্ণ অন্তরিক্ষে বর্দ্ধিত হয়েন, কারণ বহু অন্নবান্ জল তাঁহাকে সম্যক্‌রূপে বর্দ্ধিত করে। জলের জন্মস্থানে অন্তরিক্ষে, স্থির অগ্নি ভগিনী স্থানীয়া স্রোতস্বিনীগণের জলে প্রশান্তমনে শয়ন করেন।

১২। যে অগ্নি সমস্ত লোকের জনক, উদকের গর্ভভূত, মনুষ্যদের বিশেষ-রূপে রক্ষক, মহৎশত্রুর আক্রমণকারী, সংগ্রামে মহৎ স্বীয় সেনাগণের রক্ষক, সকলের দর্শনীয়, এবং . দীপ্তিদ্বারা প্রকাশমান, তিনি যজমানের জন্য জল উৎপন্ন করিয়াছেন;

১৩। সৌভাগ্যযুক্ত অরণি, দর্শনীয়, নানারূপবিশিষ্ট, এবং জল ও ওষধি সকলের গর্ভভূত অগ্নিকে উৎপাদন করিয়াছেন। সমুদয় দেবগণও স্তবনীয়, প্রবৃদ্ধ, সদ্যজাত অগ্নির নিকট স্তুতিযুক্ত হইয়া গমন করিয়াছিলেন ও তাঁহার পরিচর্য্যা করিয়াছিলেন।

(২) সূর্য্যদেব, স্বর্গ ও পৃথিবীর পতি, এই জন্য স্বর্গ ও পৃথিবী সপত্নী। সায়ণ।

১৪। দীপ্তিমান্ বিদ্যুৎ সদৃশ মহৎ সূর্য্যগণ অগাধ সমুদ্র মধ্যে অমৃত দোহন করতঃ গুহার ন্যায় স্বকীয় সদনে অন্তরিক্ষে প্রবৃদ্ধ এবং প্রভাদ্বারা দীপ্তিমান্ অগ্নিকে আশ্রয় করেন।

১৫। যজমান আমি হব্যদ্বারা তোমার স্তুতি করিতেছি, ধর্ম্মবিষয়ে বুদ্ধি লাভ করিবার অভিলাষে তোমার সহিত বন্ধুত্ব প্রার্থনা করিতেছি। তুমি দেবতাগণের সহিত স্তুতিকারী আমার পশু প্রভৃতি রক্ষা কর, ও দুর্দ্দমনীয় তেজোদ্বারা আমাদিগকে রক্ষা কর।

১৬। হে সুনেতা অগ্নি! আমরা তোমার আশ্রয় গ্রহণ করি, সমস্ত ধন প্রাপ্তির হেতুভূত কর্ম্ম করি, ও হব্য প্রদান করি। আমরা যেন তোমাকে সুবীর্য্যকর অন্ন প্রদান করিয়া অদেবগণকে, ও অনিষ্টকারী শত্রুদিগকে জয় করিতে পারি।

১৭। হে অগ্নি! তুমি দেবগণের স্তবনীয় দূত, তুমি সমস্ত স্তোত্র জান, তুমি মর্ত্ত্যগণকে নিজ নিজ গৃহে বাস করাও, তুমি রথী. তুমি দেবতাগণের কার্য্যসাধন করিয়া তাহাদিগের পশ্চাৎ পশ্চাৎ গমন কর।

১৮। নিত্য রাজা অগ্নি যজ্ঞ সাধন করতঃ মর্ত্ত্যগণের গৃহে উপবেশন করেন। অগ্নি সমস্ত স্তোত্র জানেন, অগ্নির অবয়ব ঘৃতের দ্বারা দীপ্তিযুক্ত। বিস্তীর্ণ অগ্নি বিদ্যোতিত হইতেছেন।

১৯। হে গমনেচ্ছু মহান্ অগ্নি! তুমি মঙ্গলকর সখ্য ও মহৎ রক্ষার সহিত আমাদের নিকট আগমন কর, এবং আমাদিগকে বহুল, উপদ্রবশূন্য, শোভনস্তুতিযুক্ত ও কীর্ত্তিযুক্ত ধন প্রদান কর।

২০। হে অগ্নি! তুমি পুরাতন, তোমার উদ্দেশে আমি এই সকল সনাতন ও নূতন স্তোত্র পাঠ করিতেছি। সর্ব্বভূতজ্ঞ অগ্নি মনুষ্যদের মধ্যে নিহিত আছেন। সেই অভীষ্টবর্ষী অগ্নির উদ্দেশে আমরা এই সকল সবন করিয়াছি।

২১। সমস্তমনুষ্যে নিহিত সর্ব্বভূতজ্ঞ অগ্নি বিশ্বামিত্র কর্ত্তৃক অনবরত প্রদীপ্ত হয়েন। আমরা যেন তাঁহার অনুগ্রহ প্রাপ্ত হইয়া যজ্ঞার্হ অগ্নির অভিলষণীয় অনুগ্রহ লাভ করিতে পারি।

২২। হে বলবান্ শোভনকর্ম্মবিশিষ্ট অগ্নি! তুমি সর্ব্বদা বিহার করিতে করিতে আমাদের যজ্ঞ দেবগণের নিকট বহন কর। হে দেবগণের আহ্বানকারী! তুমি আমাদিগকে অন্ন দান কর। হে অগ্নি! তুমি আমাদিগকে মহৎ ধন দান কর।

২৩। হে অগ্নি! তুমি স্তোতাকে বহু কর্ম্মের হেতুভূত ও ধেনুপ্রদাত্রী ভূমি (৩) চিরকাল প্রদান কর। আমাদিগের বংশ বিস্তারকারী এবং সন্ততি জনয়িতা একটী পুত্র হউক। হে অগ্নি! আমাদের প্রতি তোমার অনুগ্রহ হউক।

২ সূক্ত।

বৈশ্বানর অগ্নি দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। আমরা যজ্ঞবর্দ্ধক বৈশ্বানরের উদ্দেশে বিশুদ্ধ ঘৃতের ন্যায় প্রীতিজনক স্তুতি করিব। কুঠার যেরূপ রথকে সংস্কার করে, সেইরূপ মনুষ্য ও ঋত্বিক্‌গণ দেবতাগণের আহ্বানকারী গার্হপত্য ও আহবনীয় দুই প্রকার রূপবিশিষ্ট অগ্নিকে সংস্কার করে।

২। তিনি জন্মিবামাত্রেই দ্যাবাপৃথিবী উভয়কেই প্রকাশিত করেন। তিনি পিতা মাতার প্রশংসার যোগ্য পুত্র হইয়াছিলেন। হব্যবাহী, জরারহিত, অন্নদাতা, অহিংসিত, ও প্রভাধন অগ্নি মনুষ্যদের অতিথির ন্যায় পূজ্য হয়েন।

৩। জ্ঞানবান্ দেবগণ বিপদ্ হইতে উদ্ধারক বল দ্বারা যজ্ঞে অগ্নিকে উৎপাদন করেন। তারসহ অশ্বের যেরূপ স্তুতি করি, সেইরূপ আমি অন্নাভিলাষী হইয়া দীপ্তিমান্ তেজোদ্বারা প্রকাশমান মহান্ অগ্নিকে স্তুতি করিতেছি।

৪। আমরা স্তুতিযোগ্য বৈশ্বানরের শ্রেষ্ঠ, অলজ্জাবহ, প্রশংসনীয় অন্নের অভিলাষী হইয়া ভৃগু ঋষিগণের অভিলাষপ্রদ, অভিলষণীয়, প্রজ্ঞাবান্, এবং স্বর্গীয় দীপ্তিদ্বারা শোভমান অগ্নিকে ভজনা করিতেছি।

৫। ঋত্বিক্‌গণ সুখলাভের জন্য কুশ বিস্তার করিয়া ও স্রুক্ উত্তোলন করিয়া অন্নদাতা, অত্যন্ত দীপ্তিমান্, সমস্ত দেবগণের হিতকারী, দুঃখনাশক এবং যজমানগণের যজ্ঞসাধক অগ্নিকে যজ্ঞে স্তব করে।

৬। হে পবিত্র দীপ্তিবিশিষ্ট, দেবতাগণের আহ্বানকারী অগ্নি! তোমার

(৩) মূলে "ইলাং পুরুদংসং সনিং গোঃ" আছে। "পুরুদংসং বহুকর্ম্মাণং গোঃ গবাং সনিং প্রদাত্রীং "ইলাং ভূমিং।" সায়ণ। কিন্তু ১।৩১।১১ ঋকের এবং ১।১৪২।" ঋকের টীকায় "ইলা" শব্দের অন্য অর্থ দেখ।

পরিচর্য্যাভিলাষী যজমানগণ যজ্ঞে কুশবিস্তার করতঃ তোমার যোগ্য যাগগৃহ সেবা করে। তাহাদিগকে ধন দান কর।

৭। তিনি দ্যাবাপৃথিবীকে পরিপূর্ণ করিয়াছিলেন, বিস্তীর্ণ অন্তরিক্ষকেও পরিপূর্ণ করিয়াছিলেন। যজমানগণ নবজাত এই অগ্নি ধারণ করিয়াছিলেন ; সর্ব্বত্র ব্যাপ্ত অন্নদাতা এই অগ্নি অশ্বের ন্যায় অন্নলাভের জন্য আনীত হয়েন।

৮। নেতা ও মহৎযজ্ঞের দর্শক যে অগ্নি দেবতাগণের সম্মুখে স্থাপিত হইয়াছিলেন, সেই হব্যদাতা, শোভনযজ্ঞবিশিষ্ট, গৃহের হিতকর, সর্ব্বভূতজ্ঞ অগ্নিকে পূজা কর ও তাঁহার পরিচর্য্যা কর।

৯। মৃত্যুরহিত দেবগণ অগ্নিকে অভিলাষ করিয়া মহান্ জগৎব্যাপক অগ্নির পার্থিব, বৈদ্যুত, ও সূর্য্যরূপ তিনটি মূর্ত্তিকে শোধিত করিয়াছেন। তাঁহারা উহাদের মধ্যে জগৎপালিকা পার্থিবমূর্ত্তিকে মর্ত্ত্যলোকে রাখিয়াছেন অন্য দুইটি অন্তরিক্ষে গমন করিয়াছে।

১০। ধনাভিলাষী প্রজাগণ প্রজাগণের প্রভু মেধাবী অগ্নিকে অসির ন্যায় তীক্ষ্ণ করিবার জন্য সংস্কৃত করিয়াছিলেন। তিনি উন্নত ও নিম্নপ্রদেশ সকল ব্যাপ্ত করিয়া গমন করেন, তিনি সমস্ত ভুবনে গর্ভ ধারণ করেন।

১১। নবজাত অভীষ্টবর্ষী বৈশ্বানর নানাস্থানে সিংহের ন্যায় শব্দকরতঃ নানা জঠরে বর্দ্ধিত হয়েন। তিনি অত্যন্ত তেজোবিশিষ্ট ও মরণরহিত। তিনি যজমানকে রমণীয় বস্তু প্রদান করেন।

১২। স্তোতৃগণ কর্ত্তৃক স্তূয়মান বৈশ্বানর চিরন্তনের ন্যায় অন্তরিক্ষের পৃষ্ঠভূত স্বর্গে আরোহণ করেন। তিনি পুরাতন ঋষিগণের ন্যায় যজমানগণকেও ধন দান করতঃ জাগরূক হইয়া দেবগণের সাধারণ পথে সূর্য্যরূপে ভ্রমণ করেন।

১৩। বলবান্, যজ্ঞার্হ, মেধাবী, স্তুতিযোগ্য, দ্যুলোকবাসী যে অগ্নিকে মাতরিশ্বা দ্যুলোক হইতে আনয়ন করতঃ পৃথিবীতে সংস্থাপিত করিয়াছেন (১) আমরা সেই নানাবিধ গমনবিশিষ্ট, পিঙ্গলবর্ণ কিরণযুক্ত, দীপ্তিমান্ অগ্নির নিকট নূতন ধন যাজ্ঞা করি।

১৪। দীপ্ত, যজ্ঞে গমনকারী, সমস্ত পদার্থের জ্ঞানযুক্ত, দ্যুলোকের কেতুস্বরূপ, সূর্য্যে অবস্থিত, ঊষাকালে জাগরূক, অন্নবান্, মহান্ অগ্নিকে স্তোত্রদ্বারা যাজ্ঞা করি।

(১) ১।৬০।১ ঋকের দ্বিতীয় টীকা দেখ।

১৫। স্তুতিযোগ্য দেবতাগণের আহ্বানকারী, সর্ব্বদা শুদ্ধ, কুটিলতা-রহিত, দানশীল, শ্রেষ্ঠ, বিশ্বদর্শী, রথের ন্যায় নানাবর্ণবিশিষ্ট, দর্শনীয়াকৃতিসম্পন্ন ও সর্ব্বদা মনুষ্যগণের কল্যাণকারী সেই অগ্নির নিকট আমরা ধন যাচ্ঞা করিতেছি।

৩ সূক্ত।

বৈশ্বানর অগ্নি দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। মেধাবী স্তোতাগণ সৎপথলাভের জন্য বহুবলশালী বৈশ্বানরের উদ্দেশে যজ্ঞে রমণীয় স্তোত্র সকল পাঠ করে। মরণরহিত অগ্নি হব্যপ্রদান দ্বারা দেবতাগণের পরিচর্য্যা করেন, অতএব কেহ সনাতন যজ্ঞকে দূষিত করিতে পারে না।

২। দর্শনীয় হোতা অগ্নি দেবগণের দূত হইয়া দ্যাবাপৃথিবীর মধ্যে গমন করেন। দেবগণ কর্ত্তৃক প্রেরিত ধীমান্ অগ্নি যজমানের সম্মুখে স্থাপিত ও উপবিষ্ট হইয়া মহৎ যজ্ঞগৃহকে অলঙ্কৃত করেন।

৩। মেধাবীগণ যজ্ঞের কেতুস্বরূপ ও যজ্ঞের সাধনভূত অগ্নিকে স্বীয় স্বীয় কর্ম্ম দ্বারা পূজা করেন। স্তোতাগণ যে অগ্নিতে স্বীয় স্বীয় অনুষ্ঠেয় কর্ম্ম সকল অর্পণ করে, যজমান সেই অগ্নিতে সুখের আশা করে।

৪। যজ্ঞের পিতা, স্তোতৃগণের অসুর (১), ঋত্বিক্গণের জ্ঞান হেতু ও যজ্ঞাদি কর্ম্মের সাধনভূত অগ্নি পার্থিব ও বৈদ্যুতাদি রূপদ্বারা দ্যাবাপৃথিবীতে প্রবেশ করেন। অত্যন্তপ্রিয়, তেজোবিশিষ্ট অগ্নি যজমান কর্ত্তৃক স্তুত হইতেছেন।

(১) তৃতীয় মণ্ডলে "অসুর শব্দ ছয় বার ব্যবহৃত হইয়াছে। যথা,—

৩ সূক্তের ৪ ঋকে অগ্নি সম্বন্ধে।
২৯ ,, ১৪ ,, অরণিকাষ্ঠ ,,
৩৮ ,, ৪ ,, ইন্দ্র ,,
৫৩ ,, ৭ ,, আকাশ ,,
৫৫ ,, সকল ,, বল বা ক্ষমতা ,,
৫৬ ,, ৮ ,, সম্বৎসর ,,

দেবশত্রু অর্থে "অসুর" শব্দ একবারও ব্যবহৃত হয় নাই। ১।২৪।১৪ ঋকের টীকা দেখ।

৫। আহ্লাদকর, ও আহ্লাদজনক রথবিশিষ্ট, পিঙ্গলবর্ণ, জলমধ্যে নিবাসী, সর্ব্বজ্ঞ, সর্ব্বত্র ব্যাপ্ত, শীঘ্রগামী, বলোপেত, ভর্ত্তা, দীপ্তিমান্ বৈশ্বানরকে দেবগণ ইহলোকে স্থাপিত করিয়াছেন।

৬। যিনি যজ্ঞসাধক দেবগণ ও ঋত্বিকগণের সহিত কর্ম্মদ্বারা যজমানের নানাবিধ যজ্ঞ সম্পাদন করেন, যিনি নেতা, শীঘ্রগামী, দানশীল এবং শত্রুগণের নাশক, সেই অগ্নি দ্যাবাপৃথিবীর মধ্যে গমন করেন।

৭। হে অগ্নি! আমরা সুপুত্র ও দীর্ঘায়ুঃ লাভ করিতে পারিব বলিয়া তুমি দেবগণকে স্তব কর, অন্নদ্বারা তাঁহাদিগকে প্রীত কর, আমাদের শস্যের জন্য বৃষ্টিকে সমকৃরূপে দীপ্ত কর, ও অন্ন দান কর। হে সর্ব্বদা জাগরণশীল অগ্নি! তুমি মহান্ যজমানকে অন্নদান কর, কারণ তুমি সুকর্ম্মা ও দেবগণের প্রিয়।

৮। মনুষ্যগণের পতি, মহান্, অতিথিভূত, বুদ্ধির নিয়ন্তা, ঋত্বিক্‌গণের প্রিয়, যজ্ঞের জ্ঞাপক, বেগযুক্ত, সর্ব্বভূতজ্ঞ অগ্নিকে নেতাগণ সমৃদ্ধির জন্য নমস্কার ও স্তুতিদ্বারা প্রশংসা করিতেছে।

৯। দীপ্তিমান্, স্তূয়মান, কমনীয়, সুন্দর রথবিশিষ্ট অগ্নি বলদ্বারা সমস্ত প্রজাদিগকে ব্যাপ্ত করেন। আমরা অনেকের পালয়িতা ও যজ্ঞগৃহে বাসকারী অগ্নির কর্ম্মসকল সুন্দর স্তোত্রদ্বারা প্রকাশ করিব।

১০। হে বিজ্ঞ বৈশ্বানর! তুমি যে তেজঃদ্বারা সর্ব্ববেত্তা হইয়াছ, আমি তোমার সেই তেজকে স্তব করি। তুমি জন্মিবামাত্রই সমস্ত ভূতসমূহে ও দ্যাবা-পৃথিবীতে ব্যাপ্ত হইয়া থাক। হে অগ্নি! তুমি আপনি সমস্ত ভূতজাতকে ব্যাপ্ত করিয়া থাক।

১১। বৈশ্বানরের সন্তোষজনক কর্ম্ম হইতে মহৎ ধন হয়। কারণ তিনি সুন্দর যজ্ঞাদি কর্ম্মের ইচ্ছায় যজমানগণকে ধন দান করেন। তিনি প্রভূত রেতোবিশিষ্ট, পিতা মাতা দ্যাবাপৃথিবী উভয়কেই পূজা করতঃ উৎপন্ন হইয়াছেন।

৪ সূক্ত।

আপ্রী দেবতা (১)। বিশ্বামিত্র ঋষি।

১। হে সমিদ্ধ অগ্নি! অনুকূলমনে জাগরিত হও, তুমি অত্যন্ত প্রসর্পক

(১) ১।১৩ সূক্তের টীকা দেখ। এই আপ্রী সূক্তের ঋষি বিশ্বামিত্র, সুতরাং ইহাতে নরাশংসের উল্লেখ নাই, তনূনপাতের উল্লেখ আছে।

তেজোযুক্ত হইয়া আমাদিগকে ধন বিষয়ে অনুগ্রহ কর। হে দ্যোতমান অগ্নি! তুমি দেবতাগণকে যজ্ঞে আনয়ন কর। হে অগ্নি! তুমি দেবতাগণের সখা, তুমি অনুকূলমনে সখা (দেবতাগণের) যজ্ঞ কর।

২। বরুণ, মিত্র ও অগ্নি যে তনূনপাৎ নামক অগ্নিকে প্রতিদিবস দিনে তিনবার করিয়া যজ্ঞ করেন, সেই তনূনপাৎ উদকের কারণভূত আমাদিগের এই যজ্ঞকে বৃষ্টি প্রভৃতি ফলযুক্ত করুন।

৩। সর্ব্বজনপ্রিয় স্তুতি দেবতাগণের আহ্বানকারী অগ্নির নিকট গমন করুক। অগ্নিরূপ ইল প্রীতি উৎপাদন করিবার জন্য প্রধান, অত্যন্ত অভীষ্টবর্ষী, বন্দনাযোগ্য অগ্নির নিকট গমন করুন। যজ্ঞকর্ম্মে কুশল অগ্নি আমাদের কর্ত্তৃক প্রেরিত হইয়া যজ্ঞ করুন।

৪। অগ্নি ও বর্হিরূপ অগ্নির জন্য যজ্ঞে একটি উন্নত পথ করা হইয়াছে। দীপ্তিযুত হব্য ঊর্দ্ধে প্রস্থিত হইতেছে। হোতা দীপ্তিমান্ যাগ গৃহের নাভিদেশে উপবিষ্ট আছেন। আমরা দেবগণ কর্ত্তৃক ব্যাপ্ত বর্হি বিস্তৃত করিব।

৫। জলদ্বারা বিশ্বের প্রীতিপ্রদ দেবগণ সপ্ত যজ্ঞে গমন করেন; অকপট মনে যাচিত হইয়া অগ্নিরূপ যজ্ঞদ্বারদ্বয় প্রত্যক্ষ হইয়া আমাদের এই যজ্ঞে আগমন করুন।

৬। অগ্নিরূপ রাত্রি ও দিবা পরস্পর সঙ্গত হইয়া অথবা পৃথক্‌রূপে সশরীরে প্রকাশিত হইয়া আগমন করুন। মিত্র, বরুণ অথবা মরুৎযুক্ত ইন্দ্র আমাদের যেরূপে অনুগৃহীত করেন, ইঁহারাও তেজোদীপ্ত হইয়া সেইরূপ করুন।

৭। দিব্য ও প্রধান, অগ্নিরূপ দেব হোতাদ্বয়কে আমি প্রসন্ন করি। যজ্ঞাভিলাষী, সপ্ত, অন্নবান্ ঋত্বিকগণ অগ্নিকে হব্যদ্বারা প্রমত্ত করেন। ব্রতের রক্ষক, দীপ্তিমান্ ঋত্বিকগণ প্রত্যেক ব্রতে যজ্ঞরূপ অগ্নিকে এই কথা বলেন।

৮। ভারতীগণের (২) সহিত সংগতা অগ্নিরূপ ভারতী আগমন করুন। দেবতা ও মনুষ্যগণের সহিত অগ্নিরূপ ইলা আগমন করুন সারস্বতগণের (৩) সহিত অগ্নিরূপ সরস্বতীও আগমন করুন। দেবীত্রয় আগমন করিয়া সম্মুখে স্থিত এই কুশে উপবেশন করুন।

(২) "ভারতীভিঃ ভারতস্য সূর্য্যস্য সম্বন্ধিনীভিঃ।" সায়ণ।

(৩) "সরস্বতীসম্বন্ধিভিঃ মধ্যস্থানৈঃ।" সায়ণ। সায়ণ অনেক স্থানে ভারতী অর্থে স্বর্গীয় দেবী বা বাক্, সরস্বতী অর্থে মধ্যস্থানীয় অর্থাৎ অন্তরিক্ষের দেবী বা বাক্, এবং ইলা অর্থে পার্থিব দেবী বা বাক্ করিয়াছেন। ১।১৩২। ৯ ঋকের টীকা দেখ।

৯। হে দেব অগ্নিরূপ ত্বষ্টা! যদ্দ্বারা বীর কর্ম্মকুশল, বলশালী, ও সোমাভিষবের জন্য প্রস্তরহস্ত দেবাভিলাষী পুত্র উৎপন্ন হইতে পারে, তুমি সন্তুষ্ট হইয়া আমাদিগকে তাদৃশ ত্রাণকুশল ও পুষ্টিকারী বীর্য্য প্রদান কর।

১০। হে অগ্নিরূপ বনস্পতি! তুমি দেবতাগণকে সমীপে আনয়ন কর। পশুর সংস্কারক অগ্নি বনস্পতি দেবতাগণের উদ্দেশে হব্য প্রেরণ করুন। সেই যজ্ঞরূপ দেবতাগণের আহ্বানকারী অগ্নি যজ্ঞ করুন, কারণ তিনিই দেবতাগণের জন্ম জানেন।

১১। হে অগ্নি! তুমি দীপ্তিযুক্ত হইয়া ইন্দ্র ও ত্বরান্বিত দেবগণের সহিত একরথে আমাদের অভিমুখে আগমন কর। সুপুত্রবিশিষ্টা অদিতি আমাদের কুশে উপবেশন করুন। নিত্য দেবগণ অগ্নিরূপ স্বাহাকারযুক্ত হইয়া তৃপ্তিলাভ করুন।

৫ সূক্ত।

অগ্নি দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। অগ্নি উষাকে জানেন, মেধাবী অগ্নি প্রজ্ঞাবান্‌গণের পথে যাইবার জন্য জাগরিত হইতেছেন। অত্যন্ত তেজোবিশিষ্ট অগ্নি দেবাভিলাষী ব্যক্তিদিগের কর্ত্তৃক প্রদীপ্ত হইয়া অজ্ঞানের দ্বার উদ্ঘাটন করিতেছেন।

২। পূজ্য অগ্নি স্তোতাদের স্তোত্র, বাক্য, ও উক্‌থ দ্বারা বৃদ্ধি প্রাপ্ত হয়েন। দেবতাগণের দূত অগ্নি বহুযজ্ঞের দীপ্তি লাভ করিবার ইচ্ছায় প্রাতঃকালে দ্যোতিত হয়েন।

৩। যজমানদের মিত্র, যজ্ঞদ্বারা অভিলাষ পূরক, এবং জলের পুত্র অগ্নি মনুষ্য লোকের মধ্যে সংস্থাপিত হইয়াছেন। অগ্নি স্পৃহণীয় ও যজনীয়, তিনি উন্নত স্থানে অধিষ্ঠিত হইয়াছেন; প্রজ্ঞাবান্ অগ্নি স্তোতাদিগের স্তুতির যোগ্য হইয়াছেন।

৪। অগ্নি যখন সমিদ্ধ হয়েন, তখন মিত্র হয়েন। সেই মিত্রই হোতা এবং সর্ব্বভূতজ্ঞ বরুণ। সেই মিত্রই অধ্বর্য্যু ও দানশীল প্রেরক বায়ু (১), তিনি নদী ও পর্ব্বতসমূহের মিত্র।

---

(১) মূলে "মিত্রঃ অধ্বর্য্যুঃ ইষিরঃ দমূনা" আছে। সায়ণ দমূনা অর্থে "দানমনা দান্তমনা বা" করিয়া ঐটি অধ্বর্য্যুর বিশেষণ করিয়াছেন। "ইষিরঃ" অর্থে "প্রেরকো বায়ুঃ" করিয়াছেন। তিনি বলেন এই ঋকে অগ্নির সর্ব্বাত্মকত্বের স্তুতি করা হইয়াছে। "The purport of the stanza is the identity of Agni with Mitra, the sun, and of both with Varuna and Vayu."—*Wilson.*

৫। সুন্দর অগ্নি সর্ব্বব্যাপ্ত পৃথিবীর প্রিয় স্থান রক্ষা করেন। মহান্ অগ্নি সূর্য্যের বিচরণস্থল অন্তরিক্ষ রক্ষা করেন ও তাহার মরুৎগণকে রক্ষা করেন, তিনি দেবতাগণের হর্ষকর যজ্ঞ রক্ষা করেন।

৬। মহান্ ও সমস্ত জ্ঞাতব্যের বেত্তা অগ্নি প্রশংসনীয় ও চারু জল উৎপাদন করেন। অগ্নি নিদ্রিত হইলেও তাঁহার রূপ দীপ্তিমান্ থাকে; সেই অগ্নি অপ্রমত্ত হইয়া উহা রক্ষা করেন।

৭। দীপ্তিমান্, বিশেষরূপে স্তুত ও স্বস্থানপ্রিয়, অগ্নি অধিরূঢ় হইয়াছেন। দীপ্তিশালী, শুদ্ধ, মহান্, ও পাবক অগ্নি পিতামাতাকে দ্যাবাপৃথিবীকে পুনঃ পুনঃ নূতনতর করিতেছেন।

৮। অগ্নি জন্মিবামাত্রেই ওষধি সকল কর্ত্তৃক ধৃত হয়েন, তখন পথপ্রবাহিত জলের ন্যায় শোভমান ওষধি সকল জলদ্বারা বর্দ্ধিত হইয়া ফল প্রসব করে। অগ্নি পিতা মাতার দ্যাবাপৃথিবীর উৎসঙ্গে বর্দ্ধিত হইয়া আমাদের রক্ষা করুন।

৯। আমাদের কর্ত্তৃক স্তুত ও দীপ্তিদ্বারা মহান্ অগ্নি পৃথিবীর নাভিতে অর্থাৎ বেদিতে অবস্থান করিয়া অন্তরিক্ষ বিদ্যোতিত করিয়াছেন। সকলের মিত্র, স্তুতিযোগ্য মাতরিশ্বা দেবগণের দূত হইয়া যজ্ঞে দেবগণকে আনয়ন করেন।

১০। যখন মাতরিশ্বা ভৃগুদিগের জন্য গুহাস্থিত হব্যবাহক অগ্নিকে প্রজ্বলিত করিয়াছিলেন (২), তখন তেজঃপদার্থের মধ্যে উৎকৃষ্টতম মহান্ অগ্নি স্বর্গকে তেজোদ্বারা স্তম্ভিত করিয়াছিলেন।

১১। হে অগ্নি! তুমি স্তোতাকে সৎকর্ম্মের হেতুভূত ও ধেনুপ্রদাত্রী ভূমি চিরকাল প্রদান কর। আমাদিগের বংশবিস্তারকারী এবং সন্ততি জনয়িতা একটী পুত্র হউক। হে অগ্নি! আমাদের প্রতি তোমার অনুগ্রহ হউক।

---

৬ সূক্ত।

বিশ্বামিত্র ঋষি। অগ্নি দেবতা।

১। হে যজ্ঞ কর্ত্তাগণ! তোমরা দেবাভিলাষী, তোমরা মন্ত্রদ্বারা প্রেরিত

(২) সায়ণ ৯ ঋকে মাতরিশ্বা শব্দের অর্থ সূর্য্যরূপ বা অরণি প্রদীপ্ত অগ্নি করিয়াছেন, এবং ১০ ঋকে ঐ শব্দের অর্থ বায়ু করিয়াছেন, "ভৃগুভ্যঃ" অর্থ করিয়াছেন "আদিত্যস্য রশ্মিভ্যঃ। কিন্তু ১০ ঋকের সহজ অর্থ আমরা গ্রহণ করিয়াছি, যে মাতরিশ্বা ভৃগুদিগের জন্য অগ্নি প্রজ্বালিত করিয়াছিলেন। ১। ৬০। ১ ঋকে দেখ।

হইয়া দেবার্চ্চনা সাধক স্রুক্ আনয়ন কর। আহবনীয় অগ্নির দক্ষিণদিকে যাহাকে বহন করা হইতেছে, যাহাতে অন্ন আছে, যাহার অগ্রভাগ পূর্ব্বদিকে রহিয়াছে, যাহা অগ্নির জন্য হব্য ধারণ করিতেছে, সেই ঘৃতযুক্ত স্রুক্ গমন করিতেছে।

২। হে অগ্নি! তুমি জন্মিবামাত্রেই দ্যাবাপৃথিবীকে পরিপূর্ণ কর। হে যাগযোগ্য! তুমি মহিমা দ্বারা অন্তরিক্ষ ও পৃথিবী হইতে প্রকৃষ্টতর হও। তোমার অংশভূত সপ্ত জিহ্বা বিশিষ্ট বহ্নিসকল পূজিত হউক।

৩। হে অগ্নি! তুমি হোতা, যখন দেবাভিলাষী হব্যযুক্ত মনুষ্যলোক তোমার দীপ্ত তেজের স্তব করে, তখন অন্তরিক্ষ পৃথিবী ও যজ্ঞার্হ দেবগণ যজ্ঞ সম্পাদনের জন্য তোমার স্তব করেন।

৪। মহান্ ও যজমানদের প্রিয় অগ্নি দ্যাবাপৃথিবীর মধ্যে মহিমাযুক্ত স্বকীয় স্থানে অচলভাবে উপবিষ্ট আছেন। আক্রমণশীলা, স্বপত্নীভূতা, জরারহিতা, অহিংসিতা, ক্ষীরপ্রসবিনী দ্যাবাপৃথিবী অত্যন্ত গমনশীল অগ্নির ধেনু।

৫। হে অগ্নি! তুমি সর্ব্বোৎকৃষ্ট, তোমার কর্ম্ম মহৎ, তুমি ক্রতুদ্বারা দ্যাবাপৃথিবীকে বিস্তৃত করিয়াছ, তুমি দূত। হে অভীষ্টবর্ষী অগ্নি! তুমি জন্মিবামাত্রেই যজমানের নেতা হও।

৬। হে দ্যুতিমান্ অগ্নি! প্রশস্ত কেশবিশিষ্ট, রজ্জুযুক্ত, ঘৃতস্রাবী, রোহিত নামক অশ্বদ্বয়কে যজ্ঞের সম্মুখে যোজিত কর। অনন্তর তুমি সমস্ত দেবগণকে আনয়ন কর। হে সর্ব্বভূতজ্ঞ! তুমি তাহাদিগকে সুন্দর যজ্ঞযুক্ত কর।

৭। হে অগ্নি! তুমি যখন বনে জল শোষণ কর, তখন তোমার দীপ্তি সূর্য্যের হইতেও অধিক হয়। তুমি বিশেষরূপে প্রকাশমান পুরাতন উষার পশ্চাতে শোভিত হও। স্তোতাগণ স্তুতিযোগ্য হোতা অগ্নির স্তব করে।

৮। বিস্তীর্ণ অন্তরিক্ষে যে দেবগণ হৃষ্ট রহিয়াছেন, আকাশের দীপ্তিতে যে সকল দেবতা আছেন, ঊম (১) নামক যে যজনীয় পিতৃগণ উত্তমরূপে আহূত হইয়া আগমন করেন, রথী অগ্নির যে সকল অশ্ব আছে।

৯। হে অগ্নি! তুমি এই সকল দেবগণের সহিত একরথে অথবা নানা রথে আরোহণ করিয়া আমাদের অভিমুখে আগমন কর, যেহেতু তোমার অশ্বগণ সমর্থ। ৩৩ জন দেবতাকে (২) পত্নীগণের সহিত অন্নের জন্য আনয়ন কর ও হৃষ্ট কর।

(১) মূলে "ঊমঃ" আছে। "ঊম সংজ্ঞকাঃ পিতরঃ সন্তি।" সায়ণ।

(২) ৩৩ জন দেব সম্বন্ধে ১।৩৪।১১ ঋক; এবং ১।৪৫।২ ঋক্ দেখ।

১০। বিস্তীর্ণা দ্যাবাপৃথিবী প্রত্যেক যজ্ঞে সমৃদ্ধির জন্য যে অগ্নির প্রশংসা করে, তিনিই দেবগণের হোতা। সুরূপা উদকবতী সত্যস্বরূপা দ্যাবাপৃথিবী যজ্ঞের ন্যায়, সত্য হইতে জাত হোতা অগ্নির অনুকূল হইয়া থাকেন।

১১। হে অগ্নি! তুমি স্তোতাকে বহু কর্ম্মের হেতুভূত ও ধেনু প্রদাত্রী ভূমি চিরকাল প্রদান কর। আমাদিগের বংশ বিস্তারকারী এবং সন্ততিজনয়িতা একটী পুত্র হউক। হে অগ্নি! আমাদের প্রতি তোমার অনুগ্রহ হউক।

৭ সূক্ত।

অগ্নি দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। শ্বেত পৃষ্ঠবিশিষ্ট সকলের ধারক অগ্নির যে রশ্মি সকল প্রকর্ষরূপে উদ্গমন করে, তাহারা পিতৃমাতৃভূত দ্যাবাপৃথিবীতে চতুর্দ্দিকে প্রবিষ্ট হয়, সপ্ত নদীতেও প্রবিষ্ট হয়। চতুর্দ্দিকে বর্ত্তমান, পিতৃমাতৃভূত দ্যাবাপৃথিবী সম্যক্‌রূপে প্রসৃত হয়েন, এবং প্রকর্ষরূপে যজ্ঞ করিবার জন্য অগ্নির দীর্ঘ আয়ুঃ সম্পাদন করেন।

২। দ্যুলোকবাসী ধেনুই অভীষ্টবর্ষী অগ্নির অশ্ব। অগ্নি মধুর জল বাহিনী দ্যুতিমতী নদী সকলে অধিষ্ঠান করেন। তুমি ঋতের সদনে আবাস ইচ্ছা কর এবং জ্বালা প্রেরণ কর, একটী গো তোমাকে সেবা করিতেছে।

৩। ধনের মধ্যে শ্রেষ্ঠ ধনের স্বামী, জ্ঞানবান্, অধিপতি অগ্নি সুখে সংযমনীয় বড়বা আরোহণ করিলেন। নীল পৃষ্ঠবশিষ্ট ও চতুর্দ্দিকে প্রসৃত অগ্নি তাহাদিগকে সতত গমন করিবার জন্য ছাড়িয়া দিলেন।

৪। বলকারিণী, বহনশীলা নদীগণ অগ্নিকে ধারণ করে। তিনি মহান্, ত্বষ্টার পুত্র, জরারহিত, ও লোক সকলকে ধারণ করিতে অভিলাষী। (পুরুষ যেরূপ) একটী স্ত্রীর নিকট গমন করে, সেইরূপ তিনি জলের সমীপে দীপ্তাঙ্গ হইয়া দ্যাবাপৃথিবীতে প্রবেশ করেন।

৫। লোকে অভীষ্টবর্ষী হিংসা রহিত অগ্নির আশ্রয় জনিত সুখ জানে, এবং মহৎ অগ্নির আজ্ঞায় রত হয়। যে সকল মনুষ্যের মহৎ স্তুতিরূপ বাক্য গণনীয় হয়, তাঁহারা দ্যুলোকের দীপ্তিকারী ও শোভন দীপ্তিবিশিষ্ট ও দেদীপ্যমান হয়েন।

৬। মহান্ হইতেও মহত্তর পিতৃ মাতৃ স্থানীয় দ্যাবাপৃথিবীর অবগতির পর

উচ্চৈঃস্বরে স্তুতি জনিত সুখ অগ্নির নিকট নীত হয়। জলসেককারী অগ্নি রজনীর চতুর্দ্দিকে ব্যাপ্ত স্বকীয় তেজঃ স্তোতার নিকটে বহন করেন।

৭। পাচজন অধ্বর্য্যুর সহিত সাতজন হোতা গমনশীল অগ্নির প্রিয় স্থান রক্ষা করিতেছেন। সোমপানের জন্য পূর্ব্বমুখে গমনকারী, জরারহিত, সোমরসবর্ষী স্তোতাগণ হৃষ্ট হইতেছেন। কারণ দেবগণ, দেবতুল্য স্তোতার যজ্ঞে গমন করিয়াছিলেন।

৮। দৈব্য হোতাদ্বয়স্বরূপ মুখ্য অগ্নিদ্বয়কে আমি অলঙ্কৃত করিতেছি। সাত জন হোতা সোমদ্বারা হৃষ্ট হইতেছেন। স্তোত্রকারী, যজ্ঞরক্ষক, দীপ্তিযুক্ত হোতাগণ যজ্ঞে "অগ্নিই সত্য" এই কথা বলেন।

৯। হে দেদীপ্যমান ও দেবতাগণের আহ্বানকারী অগ্নি! তুমি মহৎ, সকলকে অতিক্রম করিয়া বর্ত্তমান, নানাবিধবর্ণবিশিষ্ট ও অভীষ্টবর্ষী। তোমার জন্য প্রভূত, অত্যন্ত বিস্তৃত ও সর্ব্বত্র ব্যাপ্ত জ্বালা সকল বৃষের ন্যায় আচরণ করিতেছে। তুমি মাদয়িতা ও জ্ঞানী, তুমি পূজ্য দেবগণকে ও দ্যাবাপৃথিবীকে এই কর্ম্মে আবাহন কর।

১০। হে সততগমনশীল অগ্নি! যে উষাকালে প্রকর্ষরূপে অন্নদ্বারা যাগ করিতে আরম্ভ করা হয়, যে উষাকালে শোভন বাক্যবিশিষ্ট ও পক্ষী ও মানবগণের শব্দদ্বারা সুচিহ্নিত, সেই উষাকাল সকল তোমাদের জন্য ধনযুক্ত হইয়া প্রকাশিত হইতেছে। হে অগ্নি! তুমি বিস্তীর্ণ মহিমাদ্বারা যজমানের কৃত পাপ নাশ কর।

১১। হে অগ্নি! তুমি স্তোতাকে বহুকর্ম্মের হেতুভূত ও ধেনুপ্রদাত্রী ভূমি চিরকাল প্রদান কর। আমাদিগের বংশবিস্তারকারী এবং সন্ততি জনয়িতা একটী পুত্র হউক। হে অগ্নি! আমাদের প্রতি তোমার অনুগ্রহ হউক।

---

৮ সূক্ত।

সমস্ত সূক্তের [illegible] দেবতা। ১১ ঋকের ছিন্নযূপের মূলভূত স্থাণু দেবতা। ৮ম ঋকের বিশ্বদেব [illegible] যূপ দেবতা। ষষ্ঠ হইতে সমস্ত ঋকগুলির বহু যূপ দেবতা। অবশিষ্টের এক যূপ দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। হে বনস্পতি! যজ্ঞে দেবতাগণের অভিলাষী অধ্বর্য্যুগণ দেব সম্বন্ধীয় মধুদ্বারা তোমাকে সিক্ত করিতেছে। তুমি উন্নতভাবেই থাক অথবা

মাতৃভূত পৃথিবীর উৎসঙ্গেই শয়ন করিয়া থাক, আমাদিগকে ধন দান কর।

২। হে যূপ! তুমি সমিদ্ধ আহবনীয়াখ্য অগ্নির পূর্ব্বদিকে বর্ত্তমান হইয়া জরারহিত ও সুন্দর ও অপত্যযুক্ত অন্নদান করতঃ এবং আমাদের পাপ দূরে অপনোদন করতঃ মহৎ সম্পত্তির জন্য উন্নত হও।

৩। হে বনস্পতি! তুমি পৃথিবীতে উৎকৃষ্ট যজ্ঞপ্রদেশে উন্নত হও। তুমি সুন্দর পরিমাণ দ্বারা পরিচ্ছিদ্যমান, তুমি যজ্ঞ নির্ব্বাহককে অন্ন দান কর।

৪। দৃঢ় ও সুন্দর রসনাযুক্ত ও রসনাদ্বারা পরিবেষ্টিত যূপ আগমন করিতেছে। সেই যূপই সমস্ত বনস্পতি অপেক্ষা উৎকৃষ্টরূপে জাত হয়। প্রাজ্ঞ মেধাবীগণ মনে মনে দেবতা অভিলাষ করিয়া সুন্দর ধ্যানের সহিত ইহাকে উন্নত করেন।

৫। পৃথিবীতে বৃক্ষরূপে জাত যূপ মনুষ্যগণের সহিত যজ্ঞে শোভমান হইয়া দিবস সমূহ বৃদ্ধি সুদিন করে। কর্ম্মবান্ প্রজ্ঞাবিশিষ্ট অধ্বর্য্যুগণ যথাবুদ্ধি সেই যূপকে প্রক্ষালন দ্বারা শুদ্ধ করেন। দেবগণের যাগকারী, মেধাবী হোতা বাক্য উচ্চারণ করেন।

৬। হে যূপ সকল! দেবাভিলাষী, কর্ম্মের নেতা অধ্বর্য্যু প্রভৃতিরা তোমাদিগকে গর্ত্তমধ্যে প্রক্ষেপ করিয়াছে, হে বনস্পতি! কুঠার তোমাদিগকে ছেদন করিয়াছে। তোমরা দীপ্তিমান্ ও কাষ্ঠখণ্ডবিশিষ্ট, আমাদিগকে অপত্যের সহিত উত্তম ধন দান কর।

৭। যাহারা পরশুদ্বারা ভূমিতে ছিন্ন হয়, যাহারা যত ক্রতু ঋত্বিক্‌গণ কর্ত্তৃক গর্ত্তমধ্যে প্রক্ষিপ্ত হয়, এবং যাহারা যজ্ঞের সাধক সেই যূপ সকল দেবতাগণের নিকট আমাদের হব্য লইয়া যাউক।

৮। সুনেতা আদিত্যগণ, রুদ্রগণ, বসুগণ, দ্যাবাপৃথিবী ও বিস্তীর্ণ অন্তরিক্ষ সকলে মিলিত হইয়া যজ্ঞ রক্ষা করুন, এবং যজ্ঞের ধ্বজভূত যূপকে উন্নত করুন।

৯। দীপ্ত বস্ত্রের দ্বারায় আচ্ছাদিত, হংসের ন্যায় শ্রেণীপূর্ব্বক গমনকারীও খণ্ডবিশিষ্ট যূপসকল আমাদের নিকট আগমন করুক। মেধাবী অধ্বর্য্যু প্রভৃতি কর্ত্তৃক যজ্ঞের পূর্ব্বভাগে উন্নীয়মান, ও দীপ্তিমান্ যূপ সকল দেবগণের পথ প্রাপ্ত হয়।

১০। স্বরুবিশিষ্ট এবং মুক্ত কণ্টক যূপ সকল পৃথিবীতে শৃঙ্গী পশুর শৃঙ্গের ন্যায় সম্যক্‌রূপে দৃষ্ট হয়। যজ্ঞে ঋত্বিক্‌গণের স্তুতি শ্রবণকারী যূপসকল যুদ্ধে আমাদিগকে রক্ষা করুন।

১১। হে ছিন্নমূল স্থাণু! তোমাকে এই নিশিতধার পরশু মহৎ সৌভাগ্য লাভ করাইয়াছে। তুমি শত শাখাবিশিষ্ট হইয়া বিশেষরূপে প্রাদুর্ভূত হও। আমরাও যেন সহস্র শাখাবিশিষ্ট হইয়া বিশেষরূপে প্রাদুর্ভূত হইতে পারি।

৯ সূক্ত।

অগ্নি দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। অগ্নি তুমি জলের নপ্তা, সুন্দর ধনযুক্ত, দীপ্তিমান্, ও উপদ্রব রহিত, এবং লোকের অধিগম্য। আমরা তোমার মিত্রভূত মর্ত্ত্য, আমরা রক্ষার নিমিত্ত তোমাকে বরণ করিতেছি।

২। হে অগ্নি! তুমি বন সকলকে কামনা করিয়া থাক, তুমি মাতৃভূত জলমধ্যে প্রবিষ্ট হইয়া শান্ত হও, তোমার শান্তভাব সহ্য করা যায় না। এই জন্য তুমি দূরে থাকিয়াও আমাদের কাষ্ঠ মধ্যে উৎপন্ন হও।

৩। হে অগ্নি! তুমি স্তোতার অভিলাষ অধিকরূপে বহন করিতে ইচ্ছা করিয়া থাক, এবং তুমি সন্তুষ্ট মনে থাক। তুমি যে ঋত্বিক্‌গণের সহিত বন্ধুত্বভাবে অবস্থিত থাক, তাহাদের মধ্যে কেহ কেহ বিশেষরূপে হোম করিবার জন্য গমন করেন, অন্যেরা চতুর্দ্দিকে উপবিষ্ট হইয়া থাকেন।

৪। গুহাস্থিত সিংহের ন্যায় জল মধ্যে লুক্কায়িত, এবং শত্রু ও বহু সেনার পরাভবকারী অগ্নিকে দ্রোহরহিত চিরন্তন বিশ্বদেবগণ প্রাপ্ত হইয়াছিলেন।

৫। পিতা যেরূপ স্বচ্ছন্দগামী পুত্রকে বলপূর্ব্বক আনয়ন করেন, সেইরূপ মাতরিশ্বা স্বেচ্ছাপূর্ব্বক তিরোহিত ও মন্থনদ্বারা নিষ্পাদিত এই অগ্নিকে দেবতাগণের জন্য আনয়ন করিয়াছিলেন।

৬। হে মনুষ্যদিগের হিতকারী, সদাতরুণ অগ্নি! তুমি তোমার মাহাত্ম্য দ্বারা সমস্ত যজ্ঞকে বিশেষরূপে পালন কর। অতএব, হে হব্যবাহন! মনুষ্যেরা তোমাকে দেবগণের জন্য গ্রহণ করিয়াছেন।

৭। হে অগ্নি! যেহেতু তুমি সায়ংকালে সমিদ্ধ হইলে তোমার নিকট পশু সকল উপবিষ্ট হয়, অতএব তোমার এই সুন্দর কর্ম্ম বালকের ন্যায় অজ্ঞকেও ফল প্রদান দ্বারা সন্তুষ্ট করে।

৮। পাবকদীপ্তিবিশিষ্ট, কাষ্ঠাদি মধ্যে শয়ান ও সুক্রতু অগ্নিকে হোম কর। বহু ব্যাপ্ত, দূতস্বরূপ, ক্ষিপ্রগামী, পুরাতন, স্তুতিযোগ্যও দীপ্তিমান্ অগ্নিকে সত্বর পূজা কর।

৯। তিন সহস্র তিন শত ত্রিংশৎ ও নব সংখ্যক দেবগণ (১) অগ্নিকে পূজা করিয়াছেন; ঘৃতদ্বারা সিক্ত করিয়াছেন এবং তাঁহার জন্য কুশ বিস্তৃত করিয়াছেন। তৎপরে তাঁহাকে হোতারূপে কুশোপরি উপবেশন করাইয়াছেন।

১০ সূক্ত।

অগ্নি দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। হে অগ্নি! তুমি প্রজাগণের অধিপতি ও দীপ্তিমান্, তোমাকে ধীমান্ মনুষ্যেরা যজ্ঞে উদ্দীপিত করেন।

২। হে অগ্নি! তুমি হোতা ও ঋত্বিক্, তোমাকে অধ্বর্য্যুগণ যজ্ঞে স্তব করেন। তুমি যজ্ঞের রক্ষক হইয়া স্বকীয় গৃহ যজ্ঞশালায় দীপ্ত হও।

৩। হে অগ্নি! তুমি জাতবেদা, তোমাকে যে যজমান সমিন্ধনকারী হব্য দান করেন, তিনি সুবীর্য্য পুত্র ধারণ করেন ও পশু পুত্রাদিদ্বারা সমিদ্ধ হন।

৪। যজ্ঞের প্রজ্ঞাপক সেই অগ্নি সপ্ত হোতা কর্ত্তৃক সিক্ত হইয়া যজমানের জন্য দেবগণের সহিত আগমন করুন।

৫। হে ঋত্বিক্‌গণ! তোমরা মেধাবী ব্যক্তিদিগের তেজঃ ধারণকারী, জগতের বিধানকর্ত্তা, দেবগণের আহ্বানকারী অগ্নির উদ্দেশে মহৎ, পুরাতন বাক্য সম্পাদন কর।

৬। অগ্নি মহৎ অন্ন ও ধনের জন্য দর্শনীয়। তিনি যে বাক্যদ্বারা অত্যন্ত প্রশংসনীয় হয়েন, আমাদের সেই স্তুতিরূপ বাক্য তাঁহাকে বর্দ্ধিত করুক।

৭। হে অগ্নি! তুমি যজ্ঞকারিগণের মধ্যে শ্রেষ্ঠ, তুমি যজ্ঞে যজমানদিগের জন্য দেবতাগণকে যাগ কর। হে অগ্নি! তুমি হোতা ও যজমানের হর্ষদাতা, তুমি শত্রুদিগকে পরিভূত করিয়া শোভা পাইতেছ।

৮। হে পাবক! তুমি, আমাদিগকে কান্তিযুক্ত ও শোভন সামর্থযুক্ত ধন দান কর, এবং স্তোতাগণের কল্যাণের জন্য তাহাদের অত্যন্ত সমীপবর্ত্তী হও।

৯। হে অগ্নি! তুমি, হব্যবাহক, মরণরহিত, ও (মথনরূপ) বলদ্বারা বর্দ্ধমান; প্রবুদ্ধ মেধাবী স্তোতাগণ তোমাকে সম্যক্‌রূপে উদ্দীপিত্র করেন।

(১) ৩৩৩৯ দেব সম্বন্ধে সায়ণ লিখিয়াছেন,—দেবতা ৩৩ জন; ৩৩৩৯ সংখ্যা তাঁহাদের মহিমা মাত্র। কিন্তু ১০।৫২।৬ ঋকের টীকা দেখ।

১১ সূক্ত।

অগ্নি দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। অগ্নি, হোতা পুরোহিত ও যজ্ঞের বিশেষরূপে দ্রষ্টা। তিনি যজ্ঞকে আনুপূর্ব্বিক জানেন।

২। হব্যবাহক, মরণরহিত ও হব্যাভিলাষী এবং দেবগণের দূত, অন্নপ্রিয় অগ্নি প্রজ্ঞাযুক্ত হইতেছেন।

৩। যজ্ঞের কেতুস্বরূপ পুরাতন অগ্নি প্রজ্ঞাবলে সমস্ত জানেন। এই অগ্নির তেজঃ অন্ধকার বিনাশ করে।

৪। বলের পুত্র, সনাতন বলিয়া প্রসিদ্ধ, ও জাতবেদা অগ্নিকে দেবগণ হব্যের বাহক করিয়াছেন।

৫। মনুষ্য লোকের নেতা, ত্বরাযুক্ত, রথসদৃশ, ও সর্ব্বদা নূতন, অগ্নিকে কেহ হিংসা করিতে পারে না।

৬। সমস্ত শত্রুসৈন্যের পরাভবকারী, শত্রুকর্ত্তৃক অহিংসিত, ও দেবগণের পোষক অগ্নি প্রচুর পরিমাণে বহুবিধ অন্নযুক্ত আছেন।

৭। হব্যদাতা মনুষ্য হব্যবাহক অগ্নিকর্ত্তৃক অন্ন সকল প্রাপ্ত হয় এবং পবিত্রকারক দীপ্তিবিশিষ্ট অগ্নির সকাশ হইতে গৃহ প্রাপ্ত হয়।

৮। মেধাবীগণ অর্থাৎ আমরা যেন জাতবেদা অগ্নি সম্বন্ধীয় স্তোত্রদ্বারা সমস্ত অভিলষিত ধন লাভ করিতে পারি।

৯। হে অগ্নি! আমরা যেন সমস্ত অভিলষণীয় ধন লাভ করিতে পারি। দেবগণ তোমাতেই প্রবিষ্ট হইয়াছেন।

১২ সূক্ত।

ইন্দ্র ও অগ্নি দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। হে ইন্দ্রাগ্নি! তোমরা স্তুতিদ্বারা আহুত হইয়া স্বর্গ হইতে অভিষুত ও বরণীয় এই সোমের উদ্দেশে আগমন কর। আমাদের ভক্তি হেতু আগত হইয়া এই সোম পান কর।

২। হে ইন্দ্রাগ্নি! স্তোতার সহায়ভূত, যজ্ঞের সাধনভূত, ইন্দ্রিয়ের প্রীতিকর সোম গমন করিতেছে, তোমরা এই অভিষুত সোম পান কর।

৩। আমি যজ্ঞের সাধনভূত সোম কর্তৃক প্রেরিত হইয়া স্তোতাগণের উপচ্ছন্দক ইন্দ্র ও অগ্নিকে ভজনা করিতেছি, তাঁহারা এই যজ্ঞে সোমপান দ্বারা তৃপ্ত হউন।

৪। আমি শত্রুনাশক, বৃত্রহন্তা, জয়শীল, অপরাজিত, ও প্রচুর পরিমাণে অন্নদাতা ইন্দ্রাগ্নিকে আহ্বান করিতেছি।

৫। হে ইন্দ্রাগ্নি! উক্থ বিশিষ্ট হোতাগণ তোমাদিগকে অর্চ্চনা করে। স্তোত্রাভিজ্ঞ স্তোতাগণ তোমাদিগকে অর্চ্চনা করে। আমি অন্নলাভের জন্য তোমাদের পূজা করিতেছি।

৬। হে ইন্দ্রাগ্নি! তোমরা এক উদ্যোগ দ্বারাই দাসগণের নবতিসংখ্যক পুরী যুগপৎ কম্পিত করিয়াছিলে।

৭। হে ইন্দ্রাগ্নি! স্তোতাগণ, যজ্ঞের মার্গ লক্ষ্য করিয়া আমাদের কর্ম্মের চতুর্দ্দিকে উপাগত হইতেছে।

৮। হে ইন্দ্রাগ্নি! তোমাদের বল ও অন্ন তোমাদের দুই জনের মধ্যে অবিযুক্তভাব আছে, এবং বৃষ্টি প্রেরণরূপ কার্য্য তোমাদের দুই জনেতেই নিহিত আছে।

৯। হে ইন্দ্রাগ্নি! তোমরা স্বর্গের প্রকাশক, তোমরা সংগ্রামে সর্ব্বত্র অলঙ্কৃত হও। তোমাদের সামর্থ্য, সেই সংগ্রাম বিজয়কে বিশেষরূপে জ্ঞাপন করিতেছে।

১৩ সূক্ত।

অগ্নি দেবতা। বিশ্বামিত্রের অপত্য ঋষভ ঋষি।

১। হে অধ্বর্য্যুগণ! অগ্নিদেবের উদ্দেশে প্রভূত স্তুতি উচ্চারণ কর, তিনি দেবগণের সহিত আমাদের নিকটে আগমন করুন, এবং যাজকশ্রেষ্ঠ অগ্নি কুশে উপবেশন করুন।

২। দ্যাবাপৃথিবী যাঁহার অধীন, দেবগণ যাঁহার বল সেবা করে, তাঁহার সংকল্প ব্যর্থ হয় না। হব্যবিশিষ্ট যজমানগণ ধনলাভে অভিলাষী হইয়া রক্ষার জন্য তাঁহাকে স্তুতি করে।

৩। মেধাবী সেই অগ্নি এই সকল যজমানের প্রবর্ত্তক, তিনি যজ্ঞের

প্রবর্ত্তক, এবং সকলের প্রবর্ত্তক, অগ্নি কর্ম্মফল দাতা ও ধনদাতা ; তোমরা সেই অগ্নির পরিচর্য্যা কর ।

৪। সেই অগ্নি আমাদের ভোগের জন্য অতিশয় সুখকর গৃহ প্রদান করুন। সমিদ্ধিবিশিষ্ট, পৃথিবী আকাশ ও স্বর্গলোকের ধন অগ্নির নিকট হইতে আমাদের নিকট আগমন করে।

৫। স্তোতাগণ দীপ্তিমান্, প্রতিক্ষণে নূতন, দেবগণের আহ্বানকারী, ও প্রজাগণের পালক অগ্নিকে প্রশস্ত স্তুতিদ্বারা উদ্দীপিত করিতেছে।

৬। হে অগ্নি! স্তোত্রকালে আমাদিগকে রক্ষা কর। তুমি দেবগণের প্রধান আহ্বানকারী, তুমি উক্‌থ কালে আমাদিগকে রক্ষা কর। তুমি সহস্র ধন দাতা, মরুৎগণ তোমাকে বর্দ্ধিত করে, তুমি আমাদের সুখবৃদ্ধি কর।

৭। হে অগ্নি! তুমি আমাদিগকে পুত্রবিশিষ্ট, পুষ্টিকারক, দীপ্তিমান্, সামর্থ্যবিশিষ্ট, অতিপ্রভূতও অক্ষয় সহস্র সংখ্যক ধন দান কর।

---

১৪ সূক্ত।

অগ্নি দেবতা। বিশ্বামিত্রের অপত্য ঋষভ ঋষি।

১। দেবগণের আহ্বানকারী, স্তোতৃগণের আনন্দবর্দ্ধক, সত্যপ্রতিজ্ঞ, যজ্ঞকারী, অত্যন্ত মেধাবী, ও জগতের বিধাতা অগ্নি আমাদের যজ্ঞে অবস্থিত করেন। তাঁহার রথ দ্যুতিমান্, শিখা তাঁহার কেশ, তিনি বলের পুত্র, তিনি পৃথিবীতে প্রভা বিকাশ করেন।

২। হে যজ্ঞবান্ অগ্নি! তোমার উদ্দেশে নমস্কার বাক্য উচ্চারণ করি, তুমি বলবান্ এবং কর্ম্মপ্রজ্ঞাপক, তোমার উদ্দেশে নমস্কার বাক্য উচ্চারিত হইতেছে, তুমি গ্রহণ কর। হে যজনীয়! তুমি বিদ্বান্, বিদ্বান্‌গণকে আনয়ন কর, আমাদিগকে আশ্রয়দানের জন্য কুশমধ্যে উপবেশন কর।

৩। অন্নসম্পাদিকা উষাদ্বয় (১), তোমার উদ্দেশে অভিগমন করিতেছে। হে অগ্নি! তুমি বায়ুর পথে তাহাদের অভিমুখে গমন কর, যেহেতু ঋত্বিক্‌গণ পুরাতন অগ্নিকে হব্যদ্বারা সর্ব্বতোভাবে সিক্ত করে যুগদ্বয়ের ন্যায় (পরস্পর

---

(১) অর্থাৎ উষা ও নক্ত। সায়ণ।

সংসক্ত, উষাও মরুত) আমাদিগের গৃহে বারম্বার আগমন করিয়া অবস্থিতি করুক।

৪। হে বলবান্ অগ্নি! মিত্র, বরুণ ও সমস্ত দেবগণ তোমার উদ্দেশে স্তোত্র উচ্চারণ করিতেছে। যেহেতু হে বলের পুত্র অগ্নি! তুমিই সূর্য্য, তুমি মনুষ্যদিগের পথপ্রদর্শকস্বরূপ আপন রশ্মি সকল বিস্তার করতঃ দীপ্তিতে সমান হইয়া রহিয়াছ।

৫। হে অগ্নি! আমরা হস্ত উত্তোলনকরতঃ অদ্য তোমার কমনীয় হব্য প্রদান করিব। তুমি মেধাবী, তুমি নমস্কারে প্রসন্ন হইয়া মনে মনে যাগাভিলাষ করতঃ প্রভূত স্তোত্রদ্বারা দেবগণের পূজা কর।

৬। হে বলের পুত্র অগ্নি! তোমার নিকট হইতে প্রভূত রক্ষা যজমানের নিকট গমন করিতেছে, অন্নও গমন করিতেছে। তুমি আমাদিগকে প্রিয় বচনদ্বারা অচল, সহস্র সংখ্যক ধন দান কর।

৭। হে সামর্থ্যবিশিষ্ট, সর্ব্বজ্ঞ, দীপ্তিমান্ অগ্নি! আমরা মর্ত্ত্য, আমরা তোমার উদ্দেশে যজ্ঞে এই যে হব্য ত্যাগ করিতেছি, হে অমর! তুমি সমস্ত যজমানগণকে রক্ষা করিবার জন্য জাগরিত হও এবং সেই সমস্ত হব্য আস্বাদন কর।

১৫ সূক্ত।

অগ্নি দেবতা। কত গোত্রোৎপন্ন উৎকীল ঋষি।

১। হে অগ্নি! তুমি বিস্তীর্ণ তেজঃদ্বারা অত্যন্ত দীপ্যমান্, তুমি শত্রুদিগকে এবং রোগরহিত রাক্ষসদিগকে বিনাশ কর। অগ্নি উৎকৃষ্ট, সুখপ্রদ, মহান্ এবং উত্তম আহ্বানযুক্ত। আমি তাঁহারই রক্ষণে থাকিব।

২। হে অগ্নি! তুমি, এই উষা প্রকাশিত হইলে এবং সূর্য্য উদিত হইলে, আমাদের রক্ষকভাবে জাগরিত হও। শরীরের সহিত সুজাত হইয়াছ; পিতা যেরূপ পুত্রকে গ্রহণ করে, সেইরূপ তুমি আমাদিগের স্তোত্র গ্রহণ কর।

৩। হে অভীষ্টবর্ষী অগ্নি! তুমি মনুষ্যদের দর্শনকারী, তুমি অন্ধকার রাত্রে অধিকতর দীপ্তিমান্। তুমি বহুতর আলা বিস্তার কর। হে নিরাসম্বিতা!

আমাদিগকে কর্ম্ম ফল প্রদান কর, আমাদের পাপ নিবারণ কর। হে যুবা অগ্নি! তুমি আমাদিগকে ধনাভিলাষী কর।

৪। হে অগ্নি! শত্রুরা তোমাকে পরাজিত করিতে পারে না, তুমি অভীষ্টবর্ষী, তুমি সমস্ত শত্রুপুরী ও ধন জয় করিয়া প্রদীপ্ত হও। হে সুপ্রণীত, জাতবেদা অগ্নি! তুমি, মহান্, আশ্রয় প্রদ, ও প্রথম যজ্ঞের নির্ব্বাহক হও।

৫। হে জগৎ জীর্ণকারী অগ্নি! তুমি সুমেধা ও দীপ্তিমান্। তুমি দেবগণের জন্য সমস্ত কর্ম্ম অচ্ছিদ্র কর। হে অগ্নি। তুমি এই খানেই নিরুদ্ধ থাকিয়া রথের ন্যায় দেবগণের উদ্দেশে আমাদের হব্য বহন কর। তুমি এই দ্যাবা-পৃথিবীকে উত্তমরূপবিশিষ্ট কর।

৬। হে অভীষ্টবর্ষী অগ্নি! তুমি আমাদিগকে বর্দ্ধিত কর, আমাদিগকে অন্ন প্রদান কর। হে দেব! তুমি সুন্দর দীপ্তি দ্বারা শোভমান হইয়া দেবগণের সহিত আমাদের এই দ্যাবাপৃথিবীকে দোহন যোগ্য কর। মর্ত্ত্যগণের দুর্ম্মতি যেন আমাদের নিকট আসিতে না পারে।

৭। হে অগ্নি! তুমি স্তোতাকে বহুকর্ম্মের হেতুভূত ও ধেনুপ্রদাত্রী ভূমি চিরকাল প্রদান কর। আমাদিগের বংশ বিস্তারকারী এবং সন্ততি জনয়িতা একটী পুত্র হউক। হে অগ্নি! আমাদের প্রতি তোমার অনুগ্রহ হউক।

---

১৬ সূক্ত।

অগ্নি দেবতা। উৎকীল ঋষি।

১। এই অগ্নি উৎকৃষ্ট সামর্থ্যবিশিষ্ট, মহাসৌভাগ্যের ঈশ্বর, গবাদিবিশিষ্ট ও অপত্যবিশিষ্ট ধনের ঈশ্বর, এবং বৃত্রহন্তাদিগের ঈশ্বর।

২। হে নেতা মরুৎগণ! তোমরা, সৌভাগ্য বর্দ্ধক অগ্নির সহিত মিলিত হও, অগ্নিতে সুখবর্দ্ধক ধন আছে। মরুৎগণ সেনাবিশিষ্ট সংগ্রামে শত্রুদিগকে অভিভব করেন ও সর্ব্বদাই শত্রুদিগকে হিংসা করেন।

৩। হে বহুধনযুক্ত অভিষ্টবর্ষী অগ্নি! তুমি আমাদিগকে প্রভূত, প্রজাবিশিষ্ট, আরোগ্য বল ও সামর্থ্যের হেতুভূত, ধন দান করিয়া তীক্ষ্ণ কর।

৪। যে অগ্নি জগতের কর্ত্তা, তিনি সমস্ত ভুবনে অনুপ্রবিষ্ট হইতেছেন। কর্ত্তা অগ্নি তায় সহ্য করিয়া দেবগণের নিকট হব্য আনয়ন করিতেছেন। অগ্নি

স্তোতৃগণের অভিমুখে আগমন করিতেছেন, যজ্ঞনেতাগণের স্তোত্রে আগমন করিতেছেন, এবং মনুষ্যগণের যুদ্ধে আগমন করিতেছেন।

৫। হে বলের পুত্র অগ্নি! তুমি আমাদিগকে শত্রুগ্রস্ত বা বীরশূন্য বা পশুহীন বা নিন্দার্হ করিও না। আমাদের প্রতি দ্বেষ ত্যাগ কর।

৬। হে সুভগ অগ্নি! তুমি যজ্ঞে প্রভূত, অপত্যবিশিষ্ট অন্নের ঈশ্বর। হে মহাধন! তুমি আমাদিগকে প্রভূত, সুখকর, যশস্কর ধন দান কর।

---

১৭ সূক্ত।

অগ্নি দেবতা। বিশ্বামিত্রের অপত্য কত ঋষি।

১। অগ্নি ধর্ম্মধারক, জ্বালারূপ কেশবিশিষ্ট, সকলের বরণীয় দীপ্তিরূপ, পাবক ও সুক্রতু। তিনি যজ্ঞের আরম্ভে ক্রমে প্রজ্বালিত হইয়া দেবগণের যজ্ঞের জন্য ঘৃতাদিদ্বারা সিক্ত হইতেছেন।

২। হে অগ্নি! তুমি পৃথিবীর হব্য যেমন প্রদান করিয়াছিলে, হে জাতবেদা! তুমি সর্ব্বজ্ঞ, তুমি দ্যুলোকের হব্য যেমন প্রদান করিয়াছিলে, সেইরূপ আমাদের হব্যদ্বারা দেবগণকে যাগ কর। মনুর যজ্ঞের ন্যায় অদ্য আমাদের এই যজ্ঞ পূর্ণ কর।

৩। হে জাতবেদা! তোমার অন্ন তিন প্রকার। হে অগ্নি! তিন উষা (১) তোমার মাতা। তুমি তাঁহাদিগের সহিত দেবগণকে হব্য দান কর। তুমি বিদ্বান্, তুমি যজমানের সুখহেতু ও কল্যাণহেতু হও।

৪। হে জাতবেদা! তুমি দীপ্তিবিশিষ্ট, সুদর্শন ও স্তুতিযোগ্য অগ্নি, আমরা তোমাকে নমস্কার করি। দেবগণ তোমাকে আসক্তিশূন্য হব্যবাহক দূত করিয়াছেন, অমৃতের নাভি করিয়াছেন।

৫। হে অগ্নি! তোমা হইতেও পূর্ব্বকালবর্ত্তী ও অধিক যাগকারী যে হোতা মধ্যম ও উত্তম এই দুই স্থানে স্বধার সহিত উপবিষ্ট হইয়া সুখকারী হইয়াছিলেন; হে সর্ব্বজ্ঞ অগ্নি! তাঁহার ধর্ম্মকে লক্ষ্য করিয়া বিশেষরূপে যাগ কর। অনন্তর, হে অগ্নি! দেবগণের প্রীতির জন্য আমাদের এই যজ্ঞ ধারণ কর।

---

(১) মূলে "তিস্রঃ আজানীঃ উষসঃ" আছে। একাহ, আহীন ও সত্রগত নামক তিন উষা দেবতা। অথবা একজন প্রজা রক্ষা করেন, একজন বল রক্ষা করেন ও আর একজন রাষ্ট্র রক্ষা করেন। সায়ণ।

১৮ সূক্ত।

অগ্নি দেবতা। বিশ্বামিত্রের অপত্য কত ঋষি।

১। হে অগ্নি! আমাদের অভিমুখে আগমন বিষয়ে অনুকূল হইয়া সখা যেরূপ সখার প্রতি ও পিতা মাতা যেরূপ পুত্রের প্রতি হিতকারী হয়, সেইরূপ হিতকারী হও। মনুষ্যগণ মনুষ্যের দ্রোহকারী, অতএব তুমি প্রতিকূলাচারী শক্রদিগকে ভস্মসাৎ কর।

২। হে অগ্নি! অভিভবকারী শক্রদিগকে উত্তমরূপে বাধা দাও, যে সকল শক্র হব্য দান করে না তাহাদের অভিলাষ ব্যর্থ কর। হে নিবাসপ্রদ, সর্ব্বজ্ঞ অগ্নি! তুমি অস্থিরচিত্ত লোকদিগকে সন্তপ্ত কর। অতএব তোমার রশ্মিসকল জররহিত ও প্রতিবন্ধকরহিত হউক।

৩। হে অগ্নি! আমি ধনাভিলাষী হইয়া তোমার বেগ ও বলের জন সমিধ ও ঘৃতের সহিত হব্য প্রদান করি। স্তোত্রদ্বারা তোমার স্তব করতঃ আমি যতক্ষণ বহিতে পারি, ততক্ষণ ধন দাও। তুমি এই স্তুতিকে অপরিমিত ধন দানের জন্য দীপ্ত কর।

৪। হে বলের পুত্র অগ্নি! তুমি আপনার দীপ্তিতে দীপ্তিমান্ হও' তুমি স্তুত হইয়া প্রশংসাকারী বিশ্বামিত্র বংশীয়গণকে ধনযুক্ত কর, প্রভূত অন্ন প্রদান কর, এবং আরোগ্য ও অভয় প্রদান কর। হে কর্ম্মকর্ত্তা! তোমার শরীর আমরা বারংবার মার্জ্জনা করিব।

৫। হে দাতা অগ্নি! তুমি ধনের মধ্যে উৎকৃষ্ট ধন প্রদান কর, তুমি যখন সমিদ্ধ হও তখনই সেইরূপ ধন দাতা হও। তুমি ভাগ্যবান্ স্তোতার গৃহের দিকে তোমার রূপবৎ বাহুদ্বয় ধন প্রদানার্থ প্রস্তৃত কর।

১৯ সূক্ত।

অগ্নি দেবতা। কুশিকের অপত্য গাথী ঋষি।

১। দেবগণের স্তুতিকারী, মেধাবী, সর্ব্বজ্ঞ, অমূঢ় অগ্নিকে এই যজ্ঞে হোতারূপে বরণ করিতেছি। সেই অগ্নি সর্ব্বাপেক্ষা অধিক যাগশীল হইয়া আমাদের জন্য দেবগণের যাগ করুন। তিনি ধন ও অন্নের জন্য আমাদের হব্য গ্রহণ করুন।

২। হে অগ্নি! আমি হব্যযুক্ত, তেজোবিশিষ্ট, হব্যদায়ী, ঘৃতান্বিত জুহূ তোমার অভিমুখে প্রদান করিতেছি। দেবগণের বহুমানকারী অগ্নি আমাদিগকে দেয় ধনের সহিত প্রদক্ষিণ করিয়া যজ্ঞে সঙ্গত হউন।

৩। হে অগ্নি! তুমি যাহাকে রক্ষা কর তাহার মন অত্যন্ত তেজস্বী হয়, তাহাকে উত্তম অপত্যবিশিষ্ট ধন প্রদান কর। হে ফলদানেচ্ছু অগ্নি! তুমি অত্যন্ত ধন দাতা, আমরা তোমার মহিমায় রক্ষিত হইব, এবং তোমার স্তুতি করতঃ ধনের অধিপতি হইব।

৪। হে দ্যুতিমান্ অগ্নি! যজ্ঞকারিগণ তোমাতে প্রভূত দীপ্তি বিধান করিয়াছেন। হে যুবতম অগ্নি! যেহেতু এই যজ্ঞে স্বর্গীয় তেজের পূজা করিতেছ, অতএব দেবগণকে আবাহন কর।

৫। হে অগ্নি! যেহেতু যজ্ঞের জন্য উপবিষ্ট, দীপ্তিশালী ঋত্বিক্‌গণ যজ্ঞে তোমাকে হোতা বলিয়া সিক্ত করিতেছে, অতএব তুমি আমাদের পালনার্থ জাগরিত হও, আমাদের পুত্রগণকে অধিক পরিমাণে অন্ন দান কর।

২০ সূক্ত।

অগ্নি দেবতা। গাথী ঋষি।

১। হব্যবাহী উষা অন্ধকার অপসারিত হইবার সময়ে অগ্নি উষা অশ্বিদ্বয় ও দধিক্রাকে (১) উক্‌থ দ্বারা আহ্বান করিতেছেন। সুন্দর দ্যুতিমান্ ও পরস্পর মিলিত দেবগণ আমাদের যজ্ঞকামনা করিয়া উহা শ্রবণ করুন।

২। হে অগ্নি! তোমার অন্ন তিন প্রকার, তোমার স্থান তিন প্রকার। হে যজ্ঞ সম্পাদক অগ্নি! তোমার দেবতাগণের উদর পূরক তিনটী জিহ্বা আছে। তোমার তিন প্রকার শরীর দেবগণের অভিলষিত; তুমি প্রমাদরহিত হইয়া সেই তিন শরীর দ্বারা আমাদের স্তুতি পালন কর।

৩। হে দ্যোতমান্, জাতবেদা, মরণরহিত, অন্নবান্ অগ্নি! দেবতাগণ তোমাকে অনেক তেজঃ প্রদান করিয়াছেন। হে বিশ্বের তৃপ্তিকারী, প্রার্থিত ফলদায়ী অগ্নি! মায়াবীগণের যে সকল মায়া দেবতারা তোমাকে প্রদান করিয়াছিলেন সে সমস্ত তোমাতেই আছে।

---

(১) "কশ্চিদ্দেবঃ।" সায়ণ। ৪ মণ্ডলের ৩৮ সূক্ত দেখ। যুদ্ধ অশ্বকে প্রথমে দধিক্রা নামে স্তুতি করা হইত। পরে অশ্বরূপী অগ্নির বা সূর্য্যের নাম দধিক্রা হইল।

৪। ঋতুকারী সূর্য্যের ন্যায় যে অগ্নি মনুষ্য ও দেবগণের নিয়ামক, যে অগ্নি সত্যকারী, বৃত্রহন্তা, সনাতন, সর্ব্বজ্ঞ ও দ্যুতিমান্, তিনি স্তুতিকারীকে সমস্ত দুরিত অতিক্রম করাইয়া পারে লইয়া যাউন।

৫। আমি দধিক্রা, অগ্নি দেবী উষা, বৃহস্পতি, দ্যুতিমান্ সবিতা অশ্বিদ্বয়, ভগ, বসু, রুদ্র ও আদিত্যদিগকে এই যজ্ঞে আহ্বান করি।

২১ সূক্ত।

অগ্নি দেবতা। গাথী ঋষি।

১। হে জাতবেদা অগ্নি! আমাদের এই যজ্ঞ অমরগণের নিকট সমর্পণ কর, আমাদের হব্য সেবা কর। হে হোতা! উপবিষ্ট হইয়া সকলের প্রথমে মেদ ও ঘৃতের বিন্দুসমূহ বিশেষরূপে ভক্ষণ কর।

২। হে পাবক! এই সাঙ্গ যজ্ঞে ঘৃতবিশিষ্ট মেদোবিন্দু সকল তোমার ও দেবগণের পানার্থ ক্ষরিত হইতেছে, অতএব আমাদিগকে শ্রেষ্ঠ ও বরণীয় ধন দান কর।

৩। হে ভজনীয় অগ্নি! তুমি মেধাবী, ঘৃতস্রাবী বিন্দু সকল তোমার জন্য; তুমি ঋষি ও শ্রেষ্ঠ, তুমি প্রজ্বলিত হইতেছ। তুমি যজ্ঞের পালক হও।

৪। হে সতত গমনশীল ও শক্তিমান্! তোমার জন্য মেদোরূপ হব্যের বিন্দুসকল ক্ষরিত হইতেছে। কবিরা তোমার স্তব করে, মহাতেজের সহিত আগমন কর, হে মেধাবী! আমাদের হব্য সেবা কর।

৫। হে অগ্নি! আমরা মধ্য হইতে অতিশয় সারযুক্ত মেদ পশুর মধ্যভাগ হইতে উত্তোলন করিয়া তোমাকে প্রদান করিব। হে নিবাসপ্রদ অগ্নি! চর্ম্মের উপর যে বিন্দুসকল তোমার জন্য ক্ষরিত হইতেছে, তাহা দেবতাদের প্রত্যেককে বিভাগ করিয়া দেও।

২২ সূক্ত।

অগ্নি দেবতা। গাথী ঋষি।

১। সোমাভিলাষী ইন্দ্র যে অগ্নিতে অভিষুত সোম আপন উদরে রাখিয়াছিলেন, এ সেই অগ্নি। হে সর্ব্বজ্ঞ অগ্নি! যে হব্য নানারূপ ও অশ্বের ন্যায় বেগশালী, তুমি তাহা সেবা কর; লোকে তোমার স্তব করে।

২। হে যজনীয় অগ্নি! তোমার যে তেজ দ্যুলোকে, পৃথিবীতে, ওষধিসমূহে ও জলে রহিয়াছে, যাহা দ্বারা তুমি অন্তরিক্ষ ব্যাপ্ত করিয়াছ, সে তেজ উজ্জ্বল, ও সমুদ্রের ন্যায় বিস্তীর্ণ এবং মনুষ্যগণের দর্শনকারী।

৩। হে অগ্নি! তুমি দ্যুলোকে জলের অভিমুখে গমন করিতেছ, ধিষ্ণ দেবগণকে (১) একত্র করিতেছ, সূর্য্যের উপরিস্থিত রোচন লোকে এবং সূর্য্যলোকের নীচে যে জল আছে তাহাদের উভয়কেই প্রেরণ করিতেছ।

৪। পুরীষ্য (২) অগ্নি অম্বের সহিত মিলিত হইয়া এই যাগ সেবা করুন, এবং দ্রোহ রহিত রোগাদি বর্জ্জিত মহৎ অন্ন আমাদিগকে দান করুন।

৫। হে অগ্নি! তুমি স্তোতাকে বহুকর্ম্মের হেতুভূত ও ধেনুপ্রদাত্রী ভূমি চিরকাল প্রদান কর। আমাদিগের বংশ বিস্তারকারী এবং সন্ততি জনয়িতা একটী পুত্র হউক। হে অগ্নি! আমাদের প্রতি তোমার অনুগ্রহ হউক।

২৩ সূক্ত।

অগ্নি দেবতা। ভরতের অপত্য দেবশ্রবা ও দেবরাত ঋষি।

১। যে অগ্নি নির্ম্মথিত, ও যজমান গৃহে স্থাপিত, যিনি যুবা সর্ব্বজ্ঞ, যজ্ঞের প্রণেতা, জাতবেদা এবং মহারণ্য নাশ করিয়াও স্বয়ং অজর, সেই অগ্নি এই যজ্ঞে অমৃত ধারণ করেন।

২। ভরতের পুত্র দেবশ্রবা ও দেবরাত সুদক্ষ ও ধনবান্ অগ্নিকে মন্থন দ্বারা উৎপন্ন করিতেছে। হে অগ্নি! তুমি প্রভূত ধনের সহিত আমাদের দিকে দেখ এবং প্রত্যহ আমাদের অন্ন আনয়ন কর।

৩। দশ অঙ্গুলি এই পুরাতন কমনীয় অগ্নিকে উৎপন্ন করিয়াছে। হে দেবশ্রবা! অরণিরূপ মাতৃগণের মধ্যে সুজাত ও প্রিয় ও দেবরাত কর্ত্তৃক উৎপাদিত অগ্নিকে স্তুতি কর; সেই অগ্নি লোকের বশবর্ত্তী হয়েন।

৪। হে অগ্নি! সুদিন লাভের জন্য ইলারূপ (১) পৃথিবীর উৎকৃষ্ট স্থানে

(১) মূলে "ধিষ্ণ্যা" আছে। ধিয়ং বুদ্ধ্যুপহিতং দেহং উক্ষন্তি উক্ষীকুর্ব্বন্তি ইতি ধিষ্ণ্যা প্রাণাভিমানিনো দেবতাঃ।" সায়ণ। "Vital airs"—*Wilson.*

(২) মূলে "পুরীষ্যাসঃ" আছে। "সিকতা সংমিশ্রা অগ্নয়শ্চিত্যা অগ্নয়ঃ।" সায়ণ। মহীধর বলেন "পশুভ্যো হিতাঃ।"

(১) মূলে "বরে পৃথিব্যা ইলায়াঃ পদে" আছে, ১।১৩।১১ ঋক দেখ।

তোমাকে স্থাপন করিতেছি। হে অগ্নি! তুমি দৃষদ্বতী, আপয়া, ও সরস্বতী তীরস্থিত মনুষ্যের গৃহে ধন বিশিষ্ট হইয়া দীপ্ত হও।

৫। হে অগ্নি! তুমি স্তোতাকে বহু কর্ম্মের হেতভূত ও ধেনুপ্রদাত্রী ভূমি চিরকাল প্রদান কর। আমাদিগের বংশ বিস্তারকারী এবং সন্ততিজনয়িতা একটী পুত্র হউক। হে অগ্নি! আমাদের প্রতি তোমার অনুগ্রহ হউক।

২৪ সূক্ত।

অগ্নি দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। হে অগ্নি! তুমি শত্রুসেনাকে পরাভব কর, বিঘ্নকারিদিগকে দূর করিয়া দাও। তোমাকে কেহ পরাজয় করিতে পারে না, তুমি শত্রুদিগকে জয় করিয়া যজমানকে অন্ন দান কর।

২। হে অগ্নি! তুমি যজ্ঞে প্রীতিমান্ ও মরণরহিত। তোমাকে উত্তর-বেদিতে প্রজ্বালিত করে। তুমি আমাদের যজ্ঞকে সুন্দররূপে সেবা কর।

৩। হে অগ্নি! তুমি আপনার তেজে সর্ব্বদা জাগরিত আছ, তুমি বলের পুত্র। আমি তোমাকে আহ্বান করিতেছি আমার এই কুশে উপবেশন কর।

৪। হে অগ্নি! যাহারা পূজক তাহাদের যজ্ঞে সমস্ত দ্যুতিমান্ অগ্নির সহিত স্তুতির সম্মান রক্ষা কর।

৫। হে অগ্নি! তুমি হব্যদায়ীকে বীর্য্যযুক্ত প্রভূত ধন দান কর। আমরা পুত্র পৌত্রবান্, আমাদিগকে তীক্ষ্ণ কর।

২৫ সূক্ত।

চতুর্থ ঋকের ইন্দ্রাগ্নি দেবতা অবশিষ্টের অগ্নি দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। হে অগ্নি! তুমি সর্ব্বজ্ঞ ও চিত্তবান্, তুমি দ্যুদেবতার পুত্র ও পৃথিবীর তনয়। হে চেতনাবান্ অগ্নি! তুমি দেবগণের এই যজ্ঞে পৃথক্ পৃথক্ যাগ কর।

২। বিদ্বান্ অগ্নি সামর্থ্য প্রদান করেন। অগ্নি আপনাকে ভূষিত করিয়া অমরগণকে অন্ন প্রদান করেন। হে বহুবিধ অন্নবিশিষ্ট অগ্নি! তুমি দেব-গণকে আমাদের জন্য এই যজ্ঞে আনয়ন কর।

৩। সর্ব্বজ্ঞ, জগৎপতি বহু দীপ্তিযুক্ত, বল ও অন্ন বিশিষ্ট অগ্নি জগতের জননী দ্যুতিমতী, মরণরহিতা দ্যাবাপৃথিবীকে প্রকাশিত করিতেছেন।

৪। হে অগ্নি! তুমি ও ইন্দ্র যজ্ঞ হিংসা না করিয়া অভিষবপ্রদায়ীর এই গৃহে সোমপানের জন্য আগমন কর।

৫। হে বলের পুত্র, নিত্য, সর্ব্বজ্ঞ অগ্নি! তুমি আশ্রয় দান দ্বারা জীব-লোক সকলকে অলঙ্কৃত করতঃ জলের স্থানভূত অন্তরিক্ষে শোভা পাইতেছ।

২৬ সূক্ত।

(১), (৩), ঋকের—বৈশ্বানর অগ্নি দেবতা। (৪), (৬), ঋকের—মরুৎগণ দেবতা। (৭), (৮), ঋকের—বৈশ্বানর অগ্নি বা ব্রহ্ম দেবতা। (৯), ঋকের—বিশ্বামিত্রের উপাধ্যায় দেবতা। বিশ্বামিত্র ঋষি। কেবল সপ্তম ঋকের ঋষি অগ্নি বা ব্রহ্ম।

১। আমরা কুশিক গোত্রোৎপন্ন, আমরা ধনাভিলাষে হব্য সংগ্রহ করতঃ মনে মনে বৈশ্বানর নামক অগ্নিকে অবগত হইয়া স্তুতিদ্বারা তাঁহাকে আহ্বান করিতেছি। তিনি সত্য দ্বারা অনুগত, স্বর্গের বিষয় জানেন ও যজ্ঞের ফলদান করেন; তাঁহার রথ আছে, তিনি যজ্ঞে আগমন করিতেছেন।

২। আমরা আশ্রয় প্রাপ্তির জন্য এবং যজমানের যজ্ঞের জন্য সেই শুভ্র, বৈশ্বানর মাতরিশ্বা (১), উকৃথযোগ্য যজ্ঞপতি, মেধাবী, শ্রোতা, অতিথি, ও ক্ষিপ্রগামী অগ্নিকে আহ্বান করি।

৩। হ্রেষারবকারী অশ্বশাবক যেমন জননী কর্ত্তৃক বর্দ্ধিত হয়, সেইরূপ বৈশ্বানর প্রতিদিন কৌশিকগণ কর্ত্তৃক বর্দ্ধিত হইতেছেন। অমরগণের মধ্যে জাগরূক অগ্নি আমাদিগকে উত্তম অশ্ব, উত্তম বীর্য্য ও উত্তম ধন প্রদান করুন।

৪। অগ্নিরূপ অশ্ব সকল গমন করুন, বলবান্ মরুৎগণের সহিত জলে মিলিত হইয়া পৃষতী নামক বাহনদিগকে সংযুক্ত করুন। সর্ব্বজ্ঞ, অহিংসনীয় মরুৎগণ, প্রভূত জলশালী পর্ব্বত সদৃশ মেঘকে কম্পিত করিতেছেন।

৫। মরুৎগণ অগ্নির আশ্রিত ও জগতের আকর্ষক, সেই মরুৎগণের দীপ্ত এবং উগ্র আশ্রয় আমরা সম্যক্‌রূপে যাচ্ঞা করি। বর্ষণরূপধারী হ্রেষারব-

(১) অন্তরিক্ষরূপ মাতৃক্রোড়ে বিদ্যুৎরূপে গমনাগমন করেন বলিয়া অগ্নির আর একটি নাম মাতরিশ্বা। সায়ণ। ১। ৬০। ১ ঋকের দ্বিতীয় টীকা দেখ।

কারী, ও সিংহের ন্যায় শব্দকারী রুদ্রপুত্র মরুৎগণ বিশেষরূপে জল দান করেন।

৬। আমরা দলে দলে এবং গণে গণে স্তুতিমন্ত্র দ্বারা অগ্নির তেজ ও মরুতের বল যাচ্ঞা করি। বিন্দুচিহ্নিত বাহনবিশিষ্ট (২), অক্ষয় ধনযুক্ত ধীর মরুৎগণ যজ্ঞে হব্যের উদ্দেশে গমন করিতেন।

৭। আমি অগ্নি, জন্ম হইতেই জাতবেদা, ঘৃত আমার চক্ষু, অমৃত আমার মুখে আছে, আমার প্রাণ ত্রিবিধ, আমি অন্তরিক্ষের পরিমাণকারী, আমি অক্ষয় উত্তাপ, আমি হব্যস্বরূপ।

৮। অগ্নি অন্তঃকরণ দ্বারা মনোহর জ্যোতিঃ বিশেষরূপে অবগত হইয়া তিন পবিত্র রূপদ্বারা (৩) অর্চ্চনীয় আত্মাকে পবিত্র করিয়াছেন। অগ্নি স্বীয় রূপসমূহদ্বারা উৎকৃষ্ট রত্ন করিয়াছিলেন এবং পরক্ষণেই দ্যাবাপৃথিবীকে অবলোকন করিয়াছিলেন।

৯। শতধারা উৎসের ন্যায় অবিচ্ছিন্ন প্রবাহ বিশিষ্ট, এবং বিপশ্চিৎ, পালক, বাক্যের মেলক, ও পিতা মাতার ক্রোড়ে হর্ষযুক্ত, এবং সত্যবাদীকে, হে দ্যাবাপৃথিবী! তোমরা পূর্ণ কর (৪)।

২৭ সূক্ত।

অগ্নি দেবতা। কেবল প্রথম ঋকটির ঋতু দেবতা অথবা অগ্নি দেবতা।
বিশ্বামিত্র ঋষি।

১। তোমার স্বর্গাভিমুখ, হবিষ্মান্, ঘৃতস্পৃষ্ট শিখা স্বরূপ অশ্বগণ সুখ কামনায় দেবগণের নিকট যাইতেছে।

২। মেধাবী, যজ্ঞনির্ব্বাহক, বেগবান্, ধনবান্ অগ্নিকে স্তুতি বাক্যদ্বারা পূজা করি।

---

(২) মূলে পৃষদশ্বাসঃ আছে। মরুৎগণের বাহনের নামই পৃষতী তাহা পূর্ব্বে বলা হইয়াছে।

(৩) "পবিত্রৈস্ত্রিভিঃ।" "অগ্নিবায়ুসূর্য্যৈঃ।" সায়ণ।

(৪) উৎসের ন্যায় প্রবাহ বিশিষ্ট, পিতা মাতার ক্রোড়স্থ, সত্যবাদী কে? পাঠক, সূক্তের গোড়ায় দেখিবেন বিশ্বামিত্রের উপাধ্যায়ই এই ঋকের দেবতা। কিন্তু বেদার্থযত্ন অগ্নিকে এই ঋকের দেবতা বলিয়া স্থির করিয়াছেন।

৩। হে দীপ্তিমান্ অগ্নি! আমরা হব্য প্রস্তুত করতঃ তোমাকে এই স্থানে রাখিতে সমর্থ হইব, এবং পাপ হইতে উত্তীর্ণ হইব।

৪। যজ্ঞকালে প্রজ্বালিত, জ্বালারূপ কেশবিশিষ্ট, পাবক ও পূজনীয় অগ্নির নিকট আমরা অভিলষিত ফল যাচ্ঞা করি।

৫। প্রভূত তেজোবিশিষ্ট, মরণরহিত, ঘৃতশোধনকারী ও সম্যক্ পূজিত অগ্নি যজ্ঞের হব্য বহন করেন।

৬। যজ্ঞবিঘ্ননাশক হব্যযুক্ত ঋত্বিক্‌গণ স্রুক্ সংযত করিয়া আশ্রয় লাভের জন্য এই প্রকার স্তুতিদ্বারা সেই অগ্নিকে আপনাদের অভিমুখ করিয়াছিল।

৭। হোমনিষ্পাদক, মরণরহিত, দ্যুতিমান্ অগ্নি যজ্ঞকার্য্যে লোককে উত্তেজিত করতঃ যজ্ঞকার্য্যের অভিজ্ঞতা সহকারে অগ্রগামী হইতেছেন।

৮। বলবান্ অগ্নি যুদ্ধে অগ্রভাগে স্থাপিত হয়েন, যজ্ঞকালে যথাস্থানে নিক্ষিপ্ত হয়েন। তিনি মেধাবী ও যজ্ঞ সম্পাদক।

৯। যে অগ্নি কর্ম্মদ্বারা বরণীয়, ভূত সমূহের গর্ভরূপে অবস্থিত, ও পিতা-স্বরূপ, দক্ষের তনয়া সেই অগ্নিকে ধারণ করেন।

১০। হে বল সম্পাদিত অগ্নি! তুমি উত্তম দীপ্তিযুক্ত, হব্যাভিলাষী ও বরণীয়। তোমাকে দক্ষের কন্যা ইলা ধারণ করিতেছে (১)।

১১। মেধাবী ভক্তগণ জগতের নিয়ন্তা ও জলের প্রেরক অগ্নিকে যজ্ঞ সম্পাদনার্থে অন্ন দ্বারা সম্যক্‌রূপে উদ্দীপ্ত করিতেছেন।

১২। অন্নের নপ্তা, অন্তরিক্ষের সমীপে দীপ্যমান ও সর্ব্বজ্ঞ অগ্নিকে যজ্ঞে স্তব করিতেছি।

১৩। পূজনীয়, নমস্কারযোগ্য, দর্শনীয়, অভীষ্টবর্ষী অগ্নি অন্ধকার দূর করতঃ প্রজ্বলিত হইতেছেন।

১৪। অভীষ্টবর্ষী এবং অশ্বের ন্যায় দেবগণের হব্যবাহক অগ্নি প্রজ্বলিত হইতেছেন। হবিষ্মান্ অগ্নিকে পূজা করিতেছেন।

(১) দক্ষের তনয়া অর্থে "বেদিরূপা ভূমি।" সায়ণ। ইলা অর্থে "ভূমি।" সায়ণ। সেই ভূমি অগ্নিকে ধারণ করে অর্থাৎ বেদিতে অগ্নি স্থাপিত হয়। বেদের রুদ্র অগ্নির একটি রূপ তাহাও আমরা জানি। পুরাণে সেই রুদ্রকে দক্ষের কন্যা উমা ধারণ করিলেন, অর্থাৎ হরগৌরীর বিবাহ হইল।

১৫। হে অভীষ্টবর্ষী অগ্নি! আমরা ঘৃতাদি সেক করি, তুমি জলসেক কর, আমরা তোমাকে দীপ্ত করিতেছি, তুমি দীপ্তিমান্ ও বৃহৎ।

---

২৮ সূক্ত।

অগ্নি দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। হে জাতবেদা অগ্নি! তোমার স্তোত্রই ধনপ্রদায়ক। তুমি প্রাতঃসবনে আমাদের পুরোডাশ ও হব্য সেবা কর।

২। হে যুবতম অগ্নি! তোমার জন্য পুরোডাশ পাক করা হইয়াছে ও সংস্কৃত করা হইয়াছে, তুমি তাহা সেবা কর।

৩। হে অগ্নি! দিবসের শেষে সম্যক্ প্রদত্ত পুরোডাশ ভক্ষণ কর। তুমি বলের পুত্র ও তুমি যজ্ঞে নিহিত হও।

৪। হে জাতবেদা, মেধাবী অগ্নি! এই মধ্যন্দিন সবনে পুরোডাশ সেবা কর। ধীর অধ্বর্য্যগণ যজ্ঞে তোমার ভাগ নষ্ট করে না, তুমি মহান্।

৫। হে বলের পুত্র অগ্নি! তৃতীয় সবনে প্রদত্ত পুরোডাশ তুমি বাঞ্ছা কর। অনন্তর অবিনাশী ও রত্নবান্ জাগরণকারী সোমকে স্তুতির সহিত মরণরহিত দেবগণের নিকট স্থাপন কর।

৬। হে জাতবেদা অগ্নি! তুমি দিবসের শেষে পুরোডাশরূপ আহুতি সেবা কর।

২৯ সূক্ত।

অগ্নি দেবতা বিশ্বামিত্র ঋষি।

১। এই মন্থনের উপকরণ, এই অগ্নি উৎপত্তির উপকরণ, লোকের পালয়িত্রী অরণিকে আহরণ কর। আমরা পূর্ব্বকালের ন্যায় অগ্নিকে মন্থন করিব।

২। গর্ভিণীতে সুসংস্থাপিত গর্ভের ন্যায় জাতবেদা অগ্নি অরণিদ্বয়ে নিহিত আছেন। অগ্নি স্বকর্ম্মে জাগরূক হবির্যুক্ত মনুষ্যাদিগের প্রতিদিন

৩। হে জ্ঞানবান্ অধ্বর্য্যু! তুমি ঊর্দ্ধমুখ অরণিতে অধোমুখ অরণি ধারণ কর। তৎক্ষণাৎ গর্ভবতী অরণি অভীষ্টবর্ষী অগ্নিকে উৎপন্ন করিল। অগ্নির দাহক তাহাতে রহিল। উজ্জ্বল তেজোবিশিষ্ট ইলার পুত্র অগ্নি অরণিতে উৎপন্ন হইলেন।

৪। হে জাতবেদা অগ্নি! আমরা তোমাকে পৃথিবীর উপরে উত্তর বেদির নাভিস্থলে হব্য বহন করিবার জন্য স্থাপন করিতেছি।

৫। হে নেতা অধ্বর্য্যুগণ! কবি, দ্বিধারহিত প্রকৃষ্ট জ্ঞানবান্, মরণরহিত ও সুন্দর শরীর বিশিষ্ট অগ্নিকে মন্থনদ্বারা উৎপন্ন কর। হে নেতা অধ্বর্য্যুগণ! যজ্ঞের সূচক, প্রথম, ও সুখকর অগ্নিকে কর্ম্মের প্রারম্ভে উৎপন্ন কর।

৬। যখন হস্তদ্বারা মন্থন করা যায়, তখন কাষ্ঠ হইতে অগ্নি অশ্বের-ন্যায় শোভমান হইয়া ও দ্রুতগামী অশ্বিদ্বয়ের বিচিত্র রথের ন্যায় শীঘ্র গমনশীল হইয়া শোভা পান। কেহ তাঁহার গমন রোধ করিতে পারে না। তিনি তৃণ ও উপল দগ্ধ করিয়া সে স্থান পরিত্যাগ করেন।

৭। জাত অগ্নিও সর্ব্বজ্ঞ, অপ্রতিহতগমন, কর্ম্মকুশল, অতএব মেধাবীরা তাঁহার স্তব করে। তিনি কর্ম্মফল প্রদান করিয়া শোভা পাইতেছেন। দেবগণ পূজনীয়, সর্ব্বজ্ঞ অগ্নিকে যজ্ঞে হব্যবাহক করিয়াছেন।

৮। হে হোমনিষ্পাদক অগ্নি! তুমি স্বস্থানে উপবেশন কর। তুমি সর্ব্বজ্ঞ, তুমি যজমানকে পুণ্যলোকে স্থাপন কর। তুমি দেবগণের রক্ষক, হব্যদ্বারা দেবগণের পূজা কর। আমি যজ্ঞ করিতেছি, আমাকে প্রভূত অন্ন প্রদান কর।

৯। হে অধ্বর্য্যুগণ! তোমরা অভিষ্টবর্ষী ধুম উৎপন্ন কর, তোমরা ক্ষীণ না হইয়া যুদ্ধের অভিমুখে গমন কর। এই অগ্নি বীরপ্রধান ও সেনাবিজয়ী, ইঁহার সাহায্যেই দেবগণ দস্যুদিগকে পরাজয় করিয়াছেন।

১০। হে অগ্নি! ঋতু কাষ্ঠ সম্পন্ন এই অরণি তোমার উৎপত্তির স্থান। ইহা হইতে উৎপন্ন হইয়া তুমি শোভা পাও। তুমি তাহা জানিয়া উপবেশন কর, আমাদের স্তুতি বর্দ্ধিত কর।

১১। গর্ভস্থ অগ্নিকে তনূনপাৎ বলে। অগ্নি যখন প্রত্যক্ষ হয়েন তখন

তিনি আসুর (১) নরাশংস হয়েন। যখন অন্তরিক্ষে তেজোবিকাশ করেন তখন মাতরিশ্বা হয়েন। (২)। অগ্নি প্রসূত হইলে বায়ুর উৎপত্তি হয়।

১২। হে অগ্নি! তুমি মেধাবী ও মন্থন দ্বারা উৎপন্ন, তোমাকে অতি উত্তম স্থানে স্থাপন করিয়াছে। তুমি আমাদের যজ্ঞ নির্ব্বিঘ্ন কর এবং দেবাভিলাষীর জন্য দেবগণকে পূজা কর।

১৩। মর্ত্ত্য ঋত্বিক্‌গণ মরণরহিত, ক্ষয়রহিত, দৃঢ় দন্তবিশিষ্ট পাপতারক অগ্নিকে উৎপন্ন করিয়াছে। পুত্রসন্তানের ন্যায় উৎপন্ন অগ্নির উদ্দেশে দশ ভগিনীরূপ অঙ্গুলি পরস্পর মিলিত হইয়া আনন্দসূচক শব্দ করিতেছে।

১৪। অগ্নি সনাতন, যখন সাতজনে তাঁহার হোম করে, তখন তিনি শোভা পান। যখন তিনি মাতার স্তনে ও ক্রোড়ে শোভা পান, তখন তিনি দেখিতে সুন্দর হয়েন। তিনি প্রতিদিন উন্মেষিত থাকেন, যেহেতু তিনি অসুরের জঠর হইতে উৎপন্ন হইয়াছেন।

১৫। মরুৎগণের ন্যায় শত্রুর সহিত যুদ্ধকারী ও মন্ত্র হইতে প্রথম উৎপন্ন, কুশিক গোত্রোৎপন্ন ঋষিগণ নিশ্চয়ই সমস্ত জগৎ জানেন। তাঁহারা অগ্নির উদ্দেশে হব্যযুক্ত স্তোত্র পাঠ করিতেছেন, এবং প্রত্যেকে আপন আপন গৃহে অগ্নিকে দীপ্ত করিতেছেন।

১৬। হে হোমনিষ্পাদক বিদ্বান্ সর্ব্বজ্ঞ অগ্নি! প্রবর্ত্তিত যজ্ঞে তোমাকে বরণ করিতেছি। অতএব তুমি এই যজ্ঞে দেবগণকে হব্য প্রদান কর, এবং নিত্য স্তব কর, সোমের বিষয় অবগত হইয়া উহার নিকট আগমন কর।

৩০ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। হে ইন্দ্র! সোমার্হ ঋত্বিক্‌গণ তোমাকে স্তব করিতে ইচ্ছা করিতেছেন। সখাগণ তোমার জন্য সোম অভিষবণ করিতেছেন, অন্যান্য হব্য ধারণ

(১) সায়ণ এখানে "আসুর" অর্থে অসুরহন্তা করিয়াছেন। কিন্তু এই সূক্তের ১৪ ঋকে "অসুর" শব্দের অর্থ সায়ণ অরণিরূপ কাষ্ঠ করিয়াছেন। এখানেও সেই অর্থ খাটে আসুর অর্থে অসুর পুত্র অর্থাৎ কাষ্ঠ হইতে উৎপন্ন। অথবা "আসুর" অর্থে কেবল বলবান্ বা বলের পুত্র হইতে পারে।

(২) অতএব মাতরিশ্বা অগ্নির নাম। ৩।২৯।১১ দেখ।

করিতেছেন, শত্রু লোকদিগের হিংসা সহ্য করিতেছেন। কে তোমা অপেক্ষা জগতে অধিক প্রখ্যাত আছে?

২। হে হরিবর্ণ অশ্ববিশিষ্ট ইন্দ্র! দূরবর্ত্তী স্থান সকলও তোমার পক্ষে দূরে নহে, তুমি হরিবর্ণ অশ্ব যুক্ত হইয়া শীঘ্র আগমন কর। তুমি দৃঢ়চিত্ত ও অভীষ্টবর্ষী। তোমার উদ্দেশে এই সকল সবন করা হইয়াছে, অগ্নি সমিদ্ধ হইলে পর সোমাভিষবের জন্য প্রস্তর খণ্ড সকল প্রযুক্ত হইয়াছে।

৩। হে অভীষ্টবর্ষী ইন্দ্র! তুমি পরমৈশ্বর্য্য সম্পন্ন, তোমার শিপ্র সুন্দর, তুমি ধনবান্, জেতা, মহান্ মরুৎগণ সম্পন্ন, ও সংগ্রামে নানাবিধ কর্ম্মকারী, এবং শত্রুহিংসক, ও ভয়ঙ্কর। তুমি সংগ্রামে বাধা পাইয়া মর্ত্যদিগের প্রতি যে বীর্য্য ধারণ করিয়াছিলে, তোমার সেই বীর্য্য কোথায়?

৪। হে ইন্দ্র! তুমি একাকীই, দৃঢ়মূল রাক্ষসগণকে স্বস্থান হইতে পাতিত করিয়াছ, বৃত্র সকলকে হিংসা করিয়াছ। তোমার আজ্ঞায় দ্যাবাপৃথিবী এবং পর্ব্বত সকল নিশ্চলের ন্যায় রহিয়াছে।

৫। হে ইন্দ্র! তুমি বহুলোকের আহূত ও বীর্য্যযুক্ত, তুমি একাকী বৃত্তকে বধ করিয়া দেবতাগণকে যে অভয় বাক্য দান করিয়াছিলে, তাহা সত্য। হে মঘবন্! তুমি অপার দ্যাবাপৃথিবীকে সংযোজিত করিতেছ। তোমার এই মহিমা প্রসিদ্ধ আছে।

৬। হে ইন্দ্র! তোমার অশ্বযুক্ত রথ শত্রুকে লক্ষ্য করিয়া নিম্নপথে শীঘ্র আগমন করুক, তোমার বজ্র শত্রুকে বধ করিতে করিতে আগমন করুক। তোমার সম্মুখে আগমনকারী শত্রুদিগকে বধ কর, অনুগমনকারী শত্রুদিগকে বধ কর, পলায়ন পর শত্রুদিগকে বধ কর, জগৎকে সত্যভূত যজ্ঞবিশিষ্ট কর। এইপ্রকার সামর্থ্য তোমাতে নিবিষ্ট হউক।

৭। হে ইন্দ্র! তুমি নিরন্তর ঐশ্বর্য্য ধারণ করিতেছ, তুমি যে মনুষ্যকে দান কর, সে পূর্ব্বে অলব্ধ গৃহসম্বন্ধীয় পশুসুবর্ণপ্রভৃতি ধন প্রাপ্ত হয়। হে বহুলোকের আহূত! তোমার অনুগ্রহ ঘৃতাদি হব্যযুক্ত হইয়া কল্যাণকর হয়, তোমার ধনদান শক্তি অপরিমিত।

৮। হে বহুলোকের আহূত ইন্দ্র! তুমি দানবীর সহিত বর্ত্তমান, বাধা জনক গর্জ্জনশীল বৃত্তকে হস্তহীন করতঃ বিচূর্ণিত করিয়া ফেল। হে ইন্দ্র! তুমি বর্ধমান, হিংস্র বৃত্তকে পাদহীন করতঃ বল দ্বারা বিনাশ করিয়াছিলে।

৯। হে ইন্দ্র! তুমি মহতী, অনন্ত, চলা পৃথিবীকে সমভাবাপন্ন করিয়া

স্বস্থানে নিবেশিত করিয়াছিলে। অভীষ্টবর্ষী ইন্দ্র দ্যুলোক ও অন্তরিক্ষ যাহাতে পতিত না হয় এরূপে ধারণ করিয়াছেন। হে ইন্দ্র! তোমার প্রেরিত জল পৃথিবীতে আগমন করুক।

১০। হে ইন্দ্র! বল নামক গোত্রজ (১) বজ্রপ্রহারের পূর্ব্বেই ভীত হইয়া বিশ্লিষ্ট হইয়াছিল। ইন্দ্র গাভীর নির্গমনের জন্য পথ সুগম করিয়াছিলেন, রমণীয় শব্দায়মান জল সকল, বহুলোকের আহূত ইন্দ্রের অভিমুখে আগমন করিয়াছিল।

১১। এক ইন্দ্রই পৃথিবী ও দ্যুলোক এই দুইকে পরস্পর সঙ্গত ও ধনযুক্ত করিয়া পরিপূর্ণ করিয়াছেন। হে শূর! তুমি রথবান্, তুমি আমাদের সমীপে অবস্থান করিতে অভিলাষী হইয়া যোজিত অশ্বগণকে অন্তরীক্ষ হইতে আমাদের অভিমুখে প্রেরণ কর।

১২। সূর্য্য, ইন্দ্র প্রেরিত, এবং তাঁহার গমনার্থে প্রকাশিত দিক্ সকলকে প্রতিদিবস অনুসরণ করেন। যখন তিনি অশ্বদ্বারা পথ গমন শেষ করেন, তখন অশ্বদিগকে ছাড়িয়া দেন, ইহাও ইন্দ্রের জন্য।

১৩। গমনশীল রাত্রির পর উষা গতঃ হইলে, সকলে মহৎ, চিত্র, সৌর, তেজঃ দর্শন করিতে ইচ্ছা করে। যখন উষাকাল বিগত হয়, সকলে অগ্নি হোত্রাদি কর্ম্ম কর্ত্তব্য বলিয়া বোধ করে। ইন্দ্রের সংকার্য্য অনেক।

১৪। ইন্দ্র নদী সকলে মহৎ তেজোযুক্ত জল স্থাপিত করিয়াছেন। ইন্দ্র জল অপেক্ষা স্বাদুতর দধিঘৃত ক্ষীরাদি ভোজনের জন্য গাভীতে স্থাপন করিয়াছেন। নবপ্রসূতা গাভী দুগ্ধ ধারণ করতঃ বিচরণ করে।

১৫। হে ইন্দ্র! তুমি দৃঢ় হও, শত্রুগণ পথ রোধ করিয়াছে। তুমি, যজ্ঞকারী স্তুতিকারী ও সখাদিগকে অভীষ্ট ফল দান কর। রিপুগণকে বধ করা উচিত। তাহারা মন্দভাবে অস্ত্র প্রক্ষেপ করে, মন্দভাবে গমন করে, তাহারা হত্যাকারী ও তূণীর বিশিষ্ট।

১৬। হে ইন্দ্র! আমরা সমীপস্থ শত্রুগণ কর্ত্তৃক উৎসৃষ্ট অশনিশব্দ শুনিতে পাইতেছি। অত্যন্ত সন্তাপকর ঐ সকল অশনিকে এই সকল শত্রুদিগের

(১) মূলে "বলঃ ব্রজঃ গোঃ" আছে। বলের নিকট হইতে গাভীর উদ্ধারের উপাখ্যান বৃষ্টি পতন সম্বন্ধে একটী উপমা মাত্র। ১।১১।৫ ঋকের টীকা দেখ।

অভিমুখেই স্থাপন করিয়া ইহাদিগকে বধ কর, সমূলে ছেদন কর, বিশেষরূপে বাধা দাও, ও অভিভূত কর। হে মঘবন্, রাক্ষসদিগকে বধ কর, তৎপরে যজ্ঞ সম্পন্ন কর।

১৭। হে ইন্দ্র! রাক্ষসকুল সমূলে উৎপাটন কর; মধ্যভাগ ছেদন কর, অগ্রভাগ বিনাশ কর। গমনশীল রাক্ষসকে দূর কর, যজ্ঞ বিদ্বেষীর প্রতি সন্তাপপ্রদ অস্ত্র প্রক্ষেপ কর।

১৮। হে জগতের নির্ব্বাহক! আমাদিগকে অশ্বযুক্ত কর ও অবিনাশীকর। তুমি যখন আমাদের নিকট থাক আমরা মহৎ অন্ন ও প্রভূত ধন ভোগকরতঃ বড় হইতে পারিব। আমাদের পুত্র পৌত্রাদিযুক্ত ধন হউক।

১৯। হে ইন্দ্র! আমাদের জন্য দীপ্তিযুক্ত ধন আনয়ন কর। তুমি দানশীল, আমরা তোমার দানের পাত্র, আমাদের অভিলাষ বড়বানলের ন্যায় বৃদ্ধি প্রাপ্ত হইয়াছে। হে ধনপতি! আমাদের অভিলাষ পূর্ণ কর।

২০। আমাদের এই অভিলাষ, গো, অশ্ব ও দীপ্তিযুক্ত ধন দ্বারা পূর্ণ কর, এবং উহাদ্বারা আমাদিগকে বিখ্যাত কর। হে ইন্দ্র! স্বর্গাদিসুখাভিলাষী কর্ম্মকুশল কুশিকনন্দনগণ মন্ত্রদ্বারা তোমার স্তোত্র করিয়াছেন।

২১। হে স্বর্গাধিপতি! মেঘ বিদীর্ণ করতঃ আমাদিগকে জল দান কর, উপভোগযোগ্য অন্ন আমাদের নিকট আগমন করুক। হে অভীষ্টবর্ষী! তুমি দ্যুলোক ব্যাপ্ত করিয়া রহিয়াছ। হে সত্যবল মঘবন্! তুমি আমাদিগকে গো দান কর।

২২। হে ইন্দ্র! তুমি অন্ন লাভ কর, যুদ্ধে উৎসাহ দ্বারা প্রবৃদ্ধ, তুমি ধনবান্, প্রভূত ঐশ্বর্য্য সম্পন্ন, নেতৃশ্রেষ্ঠ, স্তুতিশ্রবণকারী, উগ্র, সংগ্রামে শত্রু বিনাশী ও ধনজেতা। আমরা আশ্রয় লাভের জন্য তোমাকে আহ্বান করিতেছি।

৩১ সূক্ত।

ইন্দ্র দেবতা। ইষীরথের অপত্য কুশিক অথবা বিশ্বামিত্র ঋষি।

১। পুত্রহীন পিতা সমর্থ জামাতাকে সম্মানিত করতঃ শাস্ত্রানুশাসনক্রমে

দুহিতা জাত পৌত্র প্রাপ্ত হয়েন। অপুত্র পিতা দুহিতার গর্ভ হইতে বিশ্বাস করতঃ প্রসন্নমনে শরীর ধারণ করেন (১)।

২। ঔরসপুত্র দুহিতাকে পৈতৃক ধন দেন না। তিনি উহাকে ভর্ত্তার প্রণয়ের আধার করেন। যদি পিতা মাতা পুত্র ও কন্যা উভয়কেই উৎপাদন করেন তাহা হইলে তাহাদের মধ্যে একজন উৎকৃষ্ট ক্রিয়া কর্ম্ম করেন এবং অন্যজন সম্মানিত হয়েন (২)।

৩। হে ইন্দ্র! তুমি দীপ্তিযুক্ত তোমার যজ্ঞের জন্য জ্বালাদ্বারা কম্পমান অগ্নি প্রভূত পুত্ররূপ (রশ্মি সকলকে) উৎপাদন করিয়াছে। এই সকল রশ্মির জলরূপ গর্ভ মহান্. ওষধিরূপ জন্ম মহান্। হে হর্য্যশ্ব! তোমার সোমাহুতি প্রযুক্ত এই সকল রশ্মির প্রবৃত্তি মহতী।

৪। জয়শীল মরুৎগণ বৃত্রের সহিত যুদ্ধকারী ইন্দ্রের সহিত সঙ্গত হইয়াছিলেন। সূর্য্যাখ্য মহৎ তেজঃ তমোরূপ বৃত্র হইতে নির্গত হইতেছে, মরুৎগণ তাহা জানিতে পারিয়াছিলেন। উষাগণ, ইন্দ্রকে সূর্য্য বলিয়া জানিয়া তদভিমুখে গমন করিয়াছিল। এক ইন্দ্র রশ্মি সকলের পতি হইয়াছিলেন।

৫। ধীমান্, মেধাবী সপ্তসংখ্যক অঙ্গিরাগণ দস্যু পর্ব্বতে নিরুদ্ধ গাভী সকলকে অন্বেষণ করিয়া অপাবৃত করিয়াছিলেন। তাঁহারা মনে মনে নিশ্চয় করিয়া যে পথ দিয়া প্রবেশ করিয়াছিলেন সেই পথ দিয়াই ফিরিয়া আসিয়াছিলেন। তাঁহারা যজ্ঞপথে সমস্ত গাভীগণকে লাভ করিয়াছিলেন। ইন্দ্র এই সকল জানিয়া নমস্কারদ্বারা অঙ্গিরাগণকে সম্ভাষণ করতঃ পর্ব্বত মধ্যে প্রবেশ করিয়াছিলেন।

৬। যখন সরমা, পর্ব্বতের ভগ্ন দ্বার প্রাপ্ত হইল, তখন ইন্দ্র পূর্ব্বে প্রতিজ্ঞাত প্রচুর অন্ন অন্যান্য সামগ্রীর সহিত তাহাকে দিলেন। উত্তম পাদযুক্ত সরমা শব্দ চিনিতে পারিয়া তদভিমুখে গমন করতঃ অক্ষয় গোসমূহের নিকটে উপস্থিত হইলেন (৩)।

(১) পূর্ব্বকালে পুত্র না হইলে কন্যার বিবাহ দিবার সময় জামাতার সহিত এইরূপ বন্দোবস্ত করা হইত যে ঐ কন্যার পুত্র কন্যার পিতার হইবে, এবং দৌহিত্র হইয়াও পৌত্রের কার্য্য করিবে।

(২) মূলে "বহ্নি" শব্দ উভয় পুত্র ও কন্যা বুঝাইতেছে। পুত্র থাকিলে কন্যা সম্পত্তি পান না। পুত্র ক্রিয়ার অধিকারী, কন্যা সম্মানিতা হয়েন।

(৩) ১।৬।৫ ঋকের টীকা দেখ।

৭। অতিশয় মেধাবী ইন্দ্র অঙ্গিরাগণের সখ্যাভিলাষে গমন করিলেন। পর্ব্বত মহাযোদ্ধার জন্য গর্ভস্থিত গোধন বাহির করিয়া দিল। শত্রুহন্তা ইন্দ্র তরুণবয়স্ক মরুৎগণের সহিত তাহাদিগকে প্রাপ্ত হইলেন। অঙ্গিরা তৎক্ষণাৎ তাঁহাকে পূজা করিলেন।

৮। যে ইন্দ্র উৎকৃষ্ট পদার্থের প্রতিনিধি, যিনি যুদ্ধে অগ্রগামী, যিনি সমস্ত জাতবস্তু অবগত আছেন, যিনি শুষ্ণকে বধ করিয়াছেন, সেই দূরদর্শী গোধন অভিলাষী ইন্দ্র দ্যুলোক হইতে সম্মান করতঃ আমাদিগকে পাপ হইতে রক্ষা করুন।

৯। অঙ্গিরাগণ মনে মনে গোধন লাভের ইচ্ছা করিয়া স্তোত্রদ্বারা অমরত্ব লাভের উপায় করতঃ যজ্ঞকার্য্যে সমাসীন হইয়াছিলেন। ইহাদের এই যজ্ঞে উপবেশন প্রভৃত, ইঁহারা সত্যভূত এই যজ্ঞের দ্বারা মাস সকল সংভক্ত করিতে ইচ্ছা করিয়াছিলেন।

১০। অঙ্গিরাগণ স্বকীয় গোধন লক্ষ্য করিয়া সন্দর্শন করতঃ পুরাজাত পুত্রের ধারণার্থ দুগ্ধ দোহন করিয়া হৃষ্ট হইয়াছিলেন। তাঁহাদের আনন্দধ্বনি দ্যাবা পৃথিবীকে ব্যাপ্ত করিয়াছিল। তাঁহারা জগতে পূর্ব্বের ন্যায় অবস্থিতি করিয়াছিলেন, গাভীগণের রক্ষার্থ বীরপুরুষদিগকে নিযুক্ত করিয়াছিলেন।

১১। ইন্দ্র সাহায্যার্থ জাত মরুৎগণের সহিত বৃত্রকে বধ করেন। তিনিই অর্চ্চনীয়, হোমার্হ, মরুৎগণের সহিত গো সকল যজ্ঞের জন্য দান করিয়াছিলেন। ঘৃতযুক্ত মনোহারিণী, প্রভূত হব্যদায়িনী, প্রশস্তা গাভী ইঁহার জন্য স্বাদুতর ক্ষীরাদি দোহন করিয়াছিলেন।

১২। অঙ্গিরাগণ পালক ইন্দ্রের জন্য মহৎ, দীপ্তিমান্ স্থানসংস্কার করিয়াছিলেন। সুকর্ম্মশালী অঙ্গিরাগণ ইন্দ্রের উপযুক্ত ঐ স্থানটীকে বিশেষরূপে দেখাইয়া দিয়াছিলেন। তাঁহরা যজ্ঞে উপবেশন করিয়া জনয়িত্রী দ্যাবাপৃথিবীকে স্তম্ভরূপ অন্তরিক্ষদ্বারা স্তম্ভন করত বেগবান্ ইন্দ্রকে দ্যুলোকে সংস্থাপন করিয়াছিলেন।

১৩। দ্যাবাপৃথিবী পরস্পর বিশিষ্ট হইলে যদি মহতী স্তুতি ইন্দ্রকে তৎক্ষণাৎ বৃদ্ধিপ্রাপ্ত ও ধারণক্ষম করে, তবে ইন্দ্রের প্রতি শুদ্ধস্তুতি সঙ্গত করা হয়। সুতরাং ইন্দ্রের সমস্ত বল স্বভাবসিদ্ধ।

১৪। হে ইন্দ্র! আমি তোমার মহৎসখ্য প্রার্থনা করিতেছি, তোমার শক্তি প্রার্থনা করিতেছি। তুমি বৃত্রহন্তা, তোমার নিকট অনেক অশ্ব বহন

করিবার জন্য আগমন করে। তুমি বিদ্বান্, আমরা তোমাকে মহৎসখ্য স্তোত্র ও হব্য প্রদান করি। হে মঘবন্! তুমি আমাদের পালক, ইহা জানিও।

১৫। ইন্দ্র বিশেষরূপে অবগত থাকিয়া মহৎ ক্ষেত্র ও প্রভূত হিরণ্য সখাদিগকে দান করিয়াছেন, অনন্তর তাহাদিগকে গবাদিও দান করিয়াছেন। তিনি দীপ্তমান্; নেতা মরুৎগণের সহিত তিনি, সূর্য্য, উষা, পৃথিবী ও অগ্নিকে উৎপাদন করিয়াছেন।

১৬। অনন্তমনা এই ইন্দ্র বিস্তীর্ণ, পরস্পর সঙ্গত, ও বিশ্বের আনন্দকর, জল সমূহকে সৃষ্টি করিয়াছেন। উহারা মাধুর্য্যযুক্ত সোমসমূহকে পবিত্রদ্বারা (৪) শোধিত করিয়া, ও সমস্ত জগৎকে প্রীত করিয়া, রাত্রি দিন জগৎকে স্বস্ব ব্যাপারে প্রেরণ করিতেছে।

১৭। সূর্য্যের মহিমায় সর্ব্বপদার্থ ধারণকারী ও যজ্ঞার্হ অহোরাত্রি উভয়ে ক্রমান্বয়ে আবর্ত্তন করিতেছে। ঋজুগতি, মিত্রভূত, কমনীয় মরুৎগণ, শত্রুর পরাভবের জন্য তোমার সামর্থ্য অনুসরণ করিতে সক্ষম।

১৮। হে বৃত্রহন্! তুমি অবিনাশী, অভীষ্টবর্ষী ও অন্নদাতা; তুমি আমাদের প্রিয়তম স্তুতির স্বামী হও। তুমি মহান্, তুমি যজ্ঞে গমন করিতে অভিলাষী। তুমি মহৎ আশ্রয় ও কল্যাণকর সখ্যের সহিত আমাদের অভিমুখে আগমন কর।

১৯। হে ইন্দ্র! তুমি পুরাতন, অঙ্গিরাগণের ন্যায় আমি তোমাকে পূজা করিতেছি, আমি তোমাকে ভজনা করিবার জন্য নূতন করিতেছি। তুমি, দেবশূন্য বহু দ্রোহকারিদিগকে (৫) মারিয়া ফেল। হে মঘবন্! আমাদিগকে উপভোগ্য ধন দান কর।

২০। হে ইন্দ্র! পাবক জলসমূহ সর্ব্বত্র প্রসৃত হইয়াছে, আমাদের জন্য এই অবিনাশী জল সমূহের তীর জলদ্বারা পূর্ণ কর। তুমি রথবান্, আমাদিগকে শত্রু হইতে রক্ষা কর, আমাদিগকে অতিশীঘ্র গাভীসমূহের জেতা কর।

২১। বৃত্রহন্তা ও গাভীগণের স্বামী ইন্দ্র আমাদিগকে গাভী দান করুন,

(৪) অর্থাৎ অগ্নি, বায়ু ও সূর্য্য দ্বারা। সায়ণ। "পবিত্র" অর্থে জলপরিষ্কারক (filter), তাহা আমরা পূর্ব্বে বলিয়াছি।

(৫) সায়ণ "অদেবীঃ দ্রুহঃ" অর্থে দীপ্তিশূন্য দ্রোহকারী রাক্ষসগণ করিয়াছেন। দেবপূজারহিত অনার্য্যগণই প্রকৃত অর্থ।

কৃষ্ণদিগকে (৬) দীপ্তিযুক্ত তেজোদ্বারা বিনাশ করুন। তিনি সত্যবাক্যে অঙ্গিরাগণকে প্রিয়তম গাভী সকল দান করতঃ সমস্ত দ্বার বদ্ধ করিয়া দিয়াছিলেন।

২২। হে ইন্দ্র! তুমি অন্ন লাভ কর, যুদ্ধে উৎসাহদ্বারা প্রবৃদ্ধ, তুমি ধনবান্, প্রভূত ঐশ্বর্য্যসম্পন্ন, নেতৃশ্রেষ্ঠ, স্তুতি শ্রবণকারী, উগ্র, সংগ্রামে শত্রুবিনাশী ও ধনজেতা। আমরা আশ্রয় লাভের জন্য তোমাকে আহ্বান করিতেছি।

৩২ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। হে সোমপতি ইন্দ্র! এই মাধ্যন্দিন সবনে সোম পান কর, যে হেতু ইহা তোমার প্রিয়। হে ধনবান্, ঋজীষসোমপায়ী ইন্দ্র! অশ্বদ্বয়কে রথ হইতে খুলিয়া দিয়া, তাহাদের হনুদ্বয়কে খাদ্যে পূর্ণ করিয়া এই যজ্ঞে তাহাদিগকে হৃষ্ট কর।

২। হে ইন্দ্র! গব্যমিশ্রিত, মন্থসংযুক্ত, অভিনব সোম পান কর, তোমার হর্ষের জন্য আমরা দান করিতেছি। তুমি, স্তোত্রকারী মরুৎগণ ও রুদ্রগণের সহিত তৃপ্তি পর্য্যন্ত পান কর।

৩। হে ইন্দ্র! যে মরুৎগণ তোমার শত্রুশোষক তেজঃ বর্দ্ধিত করে, যে মরুৎগণ তোমার বল বর্দ্ধিত করে, সেই মরুৎগণ স্তব করতঃ তোমার যুদ্ধ সামর্থ্য বর্দ্ধিত করে। হে বজ্রহস্ত, শোভন হনুযুক্ত ইন্দ্র। রুদ্রগণের সহিত মাধ্যন্দিন সবনে সোমপান কর।

৪। মরুৎগণ ইন্দ্রের বলভূত হইয়াছিলেন। আমার মর্ম্মস্থান কেহ জানে না, বৃত্র এইরূপ অভিমান করাতে, ইন্দ্র মরুৎগণ কর্তৃক প্রেরিত হইয়া বৃত্রের মর্ম্মস্থান জানিয়াছিলেন। সেই মরুৎগণ তোমাকে শীঘ্র মাধুর্য্যযুক্ত উৎসাহ বাক্য বলিয়াছিলেন।

৫। হে ইন্দ্র! তুমি মনুর যজ্ঞের ন্যায় আমার এই যজ্ঞ সেবা করতঃ শাশ্বত বলের জন্য সোম পান কর। হে হর্য্যশ্ব! তুমি যজ্ঞার্হ মরুৎগণের

(৬) অর্থাৎ কৃষ্ণবর্ণ আদিম জাতি। সায়ণ "কৃষ্ণান্" অর্থে কর্ম্মবিঘ্নকারী অসুরদিগকে করিয়াছেন।

সহিত আগমন কর, গমনশীল মরুৎগণের সহিত অন্তরিক্ষ হইতে জল প্রেরণ কর।

৬। হে ইন্দ্র! যে হেতু তুমি দীপ্তিমান্ জলের আবরণকারী, দীপ্তি-রহিত ও শয়ান বৃত্রকে যুদ্ধে নিহত করিয়াছ, অতএব তুমি যুদ্ধ কালে অশ্বের ন্যায় জল ছাড়িয়া দিয়াছ।

৭। অতএব আমরা হব্যদ্বারা প্রবৃদ্ধ ও মহান্, জরারহিত ও নিত্যতরুণ, স্তোতব্য ইন্দ্রের পূজা করি। পরিমাণরহিতা দ্যাবাপৃথিবী যজ্ঞার্হ ইন্দ্রের মহিমা পরিচ্ছেদ করিতে পারে না।

৮। সমস্ত দেবগণ ইন্দ্রের কর্ম্ম সুকৃত ও বহুতর যজ্ঞাদি হিংসা করিতে পারে না। এই ইন্দ্র ভূলোক, দ্যুলোক ও এই অন্তরিক্ষ লোক ধারণ করিয়া আছেন। তাঁহার কর্ম্ম রমণীয়, তিনি সূর্য্য ও উষাকে উৎপন্ন করিয়াছেন।

৯। হে দৌরাত্ম্যরহিত ইন্দ্র! তোমার মহিমাই যথার্থ মহিমা। যে হেতু তুমি উৎপন্ন হইয়াই সোম পান কর। তুমি বলবান্, স্বর্গাদিলোক তোমার তেজঃ নিবারণ করিতে পারে না। দিন, মাস ও বৎসরও নিবারণ করিতে পারে না।

১০। হে ইন্দ্র! তুমি জাতমাত্র সর্ব্বোচ্চ স্বর্গ প্রদেশে থাকিয়াই সদ্যঃ আনন্দের জন্য সোম পান করিয়াছ। যখন তুমি দ্যাবাপৃথিবীতে অনুপ্রবিষ্ট হইয়াছ তখনই তুমি পুরাতন সৃষ্টি বিধাতা হইয়াছ।

১১। হে ইন্দ্র! অনেকে তোমা হইতে উৎপন্ন হইয়াছে। যে অহি আপনাকে বলবান্ মনে করিয়া জল পরিবেষ্টন করতঃ অবস্থিতি করিতেছিল, সেই অহিকে তুমি প্রবৃদ্ধ হইয়া বিনাশ করিয়াছ। কিন্তু যখন তুমি এক কটিতে পৃথিবীকে লুক্কায়িত করতঃ অবস্থিতি কর, তখন স্বর্গ তোমার মহিমার ইয়ত্তা করিতে পারে না।

১২। হে ইন্দ্র! আমাদের যজ্ঞ তোমার বৃদ্ধি সম্পাদন করে। যে কার্য্যে সোম অভিষুত হয় তাহা তোমার প্রিয়। হে যজ্ঞযোগ্য! তুমি যজ্ঞ হেতু তোমার যজমানকে রক্ষা কর। এই যজ্ঞ অহিকে বিনাশ করিবার জন্য তোমার বজ্রকে দৃঢ় করুক।

১৩। পুরাতন, মধ্যতন ও অধুনাতন স্তোমদ্বারা যে ইন্দ্র বর্দ্ধিত হয়েন, যজমান রক্ষাকর যজ্ঞ দ্বারা সেই ইন্দ্রকে আপনার অভিমুখে আনিতেছে, নূতন ধনের জন্য তাঁহাকে আবর্ত্তিত করিতেছে।

১৪। যখনই আমি মনে মনে ইন্দ্রকে স্তব করিবার ইচ্ছা করি, তখনই আমি স্তুতি করি। আমি দূরবর্ত্তী অশুভ দিবসের পূর্ব্বেই ইন্দ্রকে স্তব করি, তিনি যেন আমাদিগকে দুঃখের পারে লইয়া যান। এই জন্য উভয় কূলবর্ত্তী লোক সকল নৌকারোহীকে যেরূপ আহ্বান করে, সেইরূপ আমার উভয় কুলবর্ত্তী লোক সকল ইন্দ্রকে আহ্বান করিতেছে।

১৫। ইন্দ্রের কলস পূর্ণ হইয়াছে, পানার্থ স্বাহাশব্দ উচ্চারিত হইয়াছে। সেক্তা যেমন জলপাত্রে জলসেক করে, আমি সেইরূপ সোম সেচন করিতেছি। সুস্বাদু সোম ইন্দ্রের অভিমুখে প্রদক্ষিণ করতঃ তাঁহার হর্ষের জন্য গমন করিতেছে।

১৬। হে বহুলোকের আহূত ইন্দ্র! গভীর সিন্ধু তোমাকে নিবারণ করিতে পারে না, তাহার চতুর্দ্দিকে বর্ত্তমান অদ্রিসকল তোমাকে নিবারণ করিতে পারে না। যেহেতু বন্ধুগণ কর্ত্তৃক এই প্রকারে প্রার্থিত হইয়া অতি প্রবল, গব্য উর্ব্বকে(১) নিবারণ করিয়াছ।

১৭। হে ইন্দ্র! তুমি অন্ন লাভ কর, যুদ্ধে উৎসাহদ্বারা প্রবৃদ্ধ. তুমি ধনবান্, প্রভূত ঐশ্বর্য্যসম্পন্ন, নেতৃশ্রেষ্ঠ স্তোত্রশ্রবণকারী, উগ্র, সংগ্রামে শত্রুবিনাশী ও ধনজেতা। আমরা আশ্রয় লাভের জন্য তোমাকে আহ্বান করিতেছি।

৩৩ সূক্ত।

ইন্দ্র দেবতা। ৪, ৬, ৮ ও ১০ ঋকের নদী ঋষি। অবশিষ্ট ঋকের বিশ্বামিত্র ঋষি।

১। জল প্রবাহবতী বিপাশ্ ও শুতুদ্রী নদীদ্বয় পর্ব্বতের উৎসঙ্গ-প্রদেশ হইতে সাগর সঙ্গমাভিলাষিণী হইয়া মন্দুরাবিমুক্ত ঘোটকীদ্বয়ের ন্যায় স্পর্দ্ধাকরতঃ গোদ্বয়ের ন্যায় শোভমানা হইয়া বৎসলেহনাভিলাষিণী ধেনুদ্বয়ের ন্যায় বেগে গমন করিতেছে (১)।

(১) "গব্যং উর্ব্যং" অর্থ আমি বুঝিতে পারি নাই। সায়ণ "অবটে বর্ত্তমানং উর্ব্বানলং" অর্থাৎ বাড়বানল করিয়াছেন। পণ্ডিত লাং লোয়া গভীর অবরোধকারী উর্ব্বকে (বৃত্র) করিয়াছেন।

(১) ভারত প্রভৃতি দশ জাতি যখন সুদাসের বিরুদ্ধে যুদ্ধার্থ গমন করিতেছিল, সৈন্যদল নদী পার হইবার সময় ভারতদিগের পুরোহিত বিশ্বামিত্র নদীদ্বয়কে এই সূক্ত দ্বারা স্তব করেন। ১।৪৭।৬ ঋকের টীকা দেখ। "The Bharatas, Matsyas, Anus and Druhyees

২। হে নদীদ্বয়! ইন্দ্র তোমাদের প্রেরণ করিতেছেন, তোমরা তাঁহার প্রার্থনা রক্ষা করিতেছ, ও রথীদ্বয়ের ন্যায় সমুদ্রাভিমুখে গমন করিতেছ। তোমরা এ কযোগে প্রবাহিত হইয়া তরঙ্গদ্বারা বর্দ্ধিত হইয়া পরস্পর পরস্পরের নিকট গমন করতঃ শোভা পাইতেছ।

৩। মাতৃ সদৃশী শুতুদ্রী নদীর নিকট উপস্থিত হইয়াছি, মহতী সৌভাগ্য-বতী বিপাশ্ নদীর নিকট উপস্থিত হইয়াছি। ইঁহারা উভয়ে বৎসলেহনা-ভিলাষিণী ধেনুর ন্যায় এক স্থানাভিমুখে গমন করিতেছে।

নদীদ্বয়।

৪। আমরা এই জল দ্বারা স্ফীত হইয়া দেবকৃত স্থানের অভিমুখে গমন করিতেছি। আমাদের গমনের উদ্যোগ নিবৃত্ত হইবার নহে। কি জন্য এই বিপ্র বারংবার নদীগণকে আহ্বান করিতেছে?

বিশ্বামিত্র।

৫। হে জলবতী নদীদ্বয়! আমার সোম সম্পাদক বাক্যের জন্য মুহূর্ত্তের জন্য গমন হইতে বিরত হও। আমি কুশিকের পুত্র, আমি প্রসাদাভিলাষে মহতী স্তুতিদ্বারা নদীকে আমার উদ্দেশে আহ্বান করিতেছি।

নদীদ্বয়।

৬। নদীগণের পরিবেষ্টক বৃত্রকে হনন করিয়া বজ্রবাহু ইন্দ্র আমাদিগকে খনন করিয়াছেন। জগৎপ্রেরক, সুহস্ত, দ্যুতিমান্, ইন্দ্র আমাদিগকে প্রেরণ করিয়াছেন, তাঁহার আজ্ঞায় আমরা প্রভূত হইয়া গমন করিতেছি।

বিশ্বামিত্র।

৭। ইন্দ্র যে অহিকে বিদীর্ণ করিয়াছিলেন, তাঁহার সেই বীর কর্ম্ম সর্ব্বদা কীর্ত্তন করা উচিত। ইন্দ্র চতুর্দ্দিকে আসীন অর্থাৎ অবরোধকারী-দিগকে বজ্রদ্বারা বধ করিয়াছিলেন। গমনাভিলাষী জলসমূহ আগমন করিয়াছিল।

---

must have crossed the Vipasa and the Satadru in order to attack the Tritus. The Rig Veda mentions a prayer addressed by Vissamitra to these two streams. * * After the two rivers were crossed, a battle took place." Max Duncker's *India*, translated by Abbott Chap. III ঐ যুদ্ধে, সুদাস জয়লাভ করেন, ভারত প্রভৃতি জাতি পরাজিত হয়। তখন সুদাসের পুরোহিত বশিষ্ঠ যে জয় গীত রচনা করিয়াছিলেন তাহা ৭ মণ্ডলের ১৮ এবং ৮৩ সূক্তে দ্রষ্টব্য।

নদীদ্বয়।

৮। হে স্তোতা! তুমি এই যে বাক্য ঘোষণা করিতেছ, তাহা বিস্মৃত হইও না, ভবিষ্যৎ যজ্ঞ দিবসে তুমি উক্থ রচনা করিয়া আমাদিগকে সেবা করিও। আমরা তোমাকে নমস্কার করিতেছি, আমাদিগকে পুরুষের ন্যায় প্রগল্‌ভ করিও না।

বিশ্বামিত্র।

৯। হে ভগিণীভূত নদীদ্বয় আমি স্তব করিতেছি। আমাকে শ্রবণ কর। আমি দূরদেশ হইতে রথ ও অশ্ব লইয়া আসিতেছি। তোমরা অবনত হও, যাহাতে সুখে পার হওয়া যাইবে। হে নদীদ্বয়! তোমরা স্রোতের জল লইয়া রথচক্রের অক্ষের অধোদেশে গমন কর।

নদীদ্বয়।

১০। হে স্তোতা! আমরা তোমার এই সকল বাক্য শ্রবণ করিলাম, তুমি দূর হইতে আসিয়াছ, অতএব রথ ও শকটের সহিত গমন কর। মাতা যেমন পুত্রকে স্তন পান করাইবার জন্য এবং যুবতী যেরূপ মনুষ্যকে আলিঙ্গন করাইবার জন্য অবনত হয়, সেইরূপ আমরা তোমার জন্য অবনত হইতেছি।

বিশ্বামিত্র।

১১। হে নদীদ্বয়! যেহেতু ভারতগণ(২) তোমাদিগকে পার হইবে, যেহেতু পার হইতে অভিলাষী ভরতবংশীয়েরা ইন্দ্র কর্ত্তৃক প্রেরিত ও তোমাদের কর্ত্তৃক অনুজ্ঞাত হইয়া পার হইবে, ও পার হইবার উদ্যোগ করিতেছে ও অনুমতি পাইয়াছে, অতএব আমি সর্ব্বত্র তোমাদের স্তুতি করিব; তোমরা যজ্ঞার্হ।

১২। গোধন অভিলাষী ভারতগণ পার হইয়া গেলেন, বিপ্র নদীগণের সুন্দর স্তুতি করিতেছেন। তোমরা অন্নকারিণী ও ধনযুক্তা হইয়া ক্ষুদ্র ক্ষুদ্র নদী সকলকে তৃপ্ত কর ও পরিপূর্ণ কর এবং শীঘ্র গমন কর।

১৩। হে নদীদ্বয়! তোমাদের তরঙ্গ এরূপভাবে প্রবাহিত হউক, যে যুগকীল(৩) তাহার উপরে থাকুক, তোমরা রজ্জু স্পর্শ করিও না। পাপরহিতা, কল্যাণকারিণী, অনিন্দনীয়া বিপাশ্‌ ও শুতুদ্রু যেন এক্ষণে বর্দ্ধিতা না হয়।

---

(২) বিশ্বামিত্র ভারতদিগের পুরোহিত। বশিষ্ঠ সুদাস রাজার পুরোহিত। ৩।৫৩।৬ এবং ৭।৮৩।৮ দেখ।

(৩) "The pin of the yoke."—*Wilson.*

৩৪ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। পুরভেদী, মহিমাসূচক ধনযুক্ত ইন্দ্র, শত্রুদিগকে হিংসা করতঃ তেজঃ দ্বারা দাসকে জয় করিয়াছেন। স্তোত্র দ্বারা আকৃষ্ট, বর্দ্ধিতশরীর ও বহু অস্ত্রধারী ইন্দ্র দ্যাবাপৃথিবীকে পরিপূর্ণ করিয়াছেন।

২। হে ইন্দ্র! তুমি পূজনীয় ও বলবান্, তোমাকে অলঙ্কৃত করতঃ অন্নের জন্য তোমার প্রেরিত স্তুতি উচ্চারণ করিতেছি। তুমি মনুষ্যগণের এবং দেবগণের অগ্রগামী।

৩। হে ইন্দ্র! তোমার কর্ম্ম প্রসিদ্ধ, তুমি বৃত্রকে অবরোধ করিয়াছিলে। শত্রুদের আক্রমণ নিবারক ইন্দ্র মায়াবিদিগকে বিশেষরূপে বধ করিয়াছেন। শত্রুবধাভিলাষী ইন্দ্র বনে লুক্কায়িত স্কন্ধহীন শত্রুকে বিনাশ করিয়াছেন, রাম্য-দিগের (১) গাভী সকল আবিষ্কৃত করিয়াছেন।

৪। স্বর্গপ্রদ ইন্দ্র দিবস উৎপন্ন করিয়া যুদ্ধাভিলাষী অঙ্গিরাগণের সহিত পরকীয় সেনা অভিভব করতঃ জয় করিলেন। মনুষ্যের জন্য দিবসের কেতুস্বরূপ সূর্য্যকে প্রদীপ্ত করিয়াছিলেন, মহাযুদ্ধের জন্য জ্যোতিঃ প্রকাশ প্রাপ্ত হইল।

৫। ইন্দ্র বহু ধন গ্রহণ করিয়া বাধাদায়িনী ও বর্দ্ধমানা শত্রু সেনার মধ্যে প্রবেশ করিলেন। তিনি স্তোতার জন্য ঊষাকে চৈতন্য প্রদান করিয়াছেন এবং উহাদের শুভ্র বর্ণ তেজঃ বর্দ্ধিত করিয়াছেন।

৬। ইন্দ্র মহান্, উপাসকেরা তাঁহারা প্রভূত সৎকার্য্যের প্রশংসা করিতেছে। তিনি বলদ্বারা বলবান্‌দিগকে চূর্ণ করিতেছেন। পরাভবকারীতে জ্যাযুক্ত ইন্দ্র দস্যুদিগকে মায়াদ্বারা চূর্ণ করিয়াছেন।

৭। দেবপতি ও মনুষ্যদের বরপ্রদ ইন্দ্র মহা যুদ্ধে ধন লোভ করিয়া স্তোতাগণকে দান করিলেন। মেধাবী স্তোতাগণ যজমানের গৃহে উক্‌থদ্বারা ইন্দ্রের কীর্ত্তি সকল স্তব করিতেছেন।

৮। স্তোতাগণ সকলের জেতা, বরণীয়, বলপ্রদ, স্বর্গ এবং স্বর্গীয় জলের স্বামী ইন্দ্রের আনন্দে আনন্দিত হইতেছেন। ইন্দ্র পৃথিবী, অন্তরিক্ষ এবং স্বর্গ দান করিয়াছেন।

(১) "রামা" অর্থ ঠিক বুঝিতে পারি নাই। সায়ণ অর্থ করিয়াছেন, রাত্রি। এ ব্যাখ্যা সঙ্গত বোধ হয় না।

৯। ইন্দ্র অশ্বদান করিয়াছেন, সূর্য্য দান করিয়াছেন, বহু লোকের উপভোগযোগ্য গোধন দান করিয়াছেন, সুবর্ণময় ধন দান করিয়াছেন, দস্যুদিগকে বধ করিয়া আর্য্যবর্ণকে রক্ষা করিয়াছেন (২)।

১০। ইন্দ্র, ওষধি প্রদান করিয়াছেন, দিবস প্রদান করিয়াছেন, বনস্পতি ও অন্তরিক্ষদিগকে প্রদান করিয়াছেন। তিনি মেঘ ভেদ করিয়াছেন, বিরুদ্ধবাদীদিগকে বধ করিয়াছেন, যাহারা অভিমুখে যুদ্ধ করিতে আইসে তাহাদের বধ করিয়াছেন।

১১। হে ইন্দ্র! তুমি অন্নলাভ কর, যুদ্ধে উৎসাহ দ্বারা প্রবৃদ্ধ, তুমি ধনবান্, প্রভূত ঐশ্বর্য্য সম্পন্ন, নেতৃশ্রেষ্ঠ স্তুতিশ্রবণকারী, উগ্র, সংগ্রামে শত্রুবিনাশী এবং ধনজেতা। আমরা আশ্রয় লাভের জন্য তোমাকে আহ্বান করিতেছি।

৩৫ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। হে ইন্দ্র! হরিনামক অশ্বদ্বয় রথে যোজিত হইতেছে। তুমি তাহাদের জন্য বায়ু যেরূপ নিযুতের জন্য অপেক্ষা করে, সেইরূপ কিয়ৎক্ষণ অপেক্ষা করিয়া আমাদের অভিমুখে আগমন কর। আমাদের প্রদত্ত সোম পান কর, আমরা স্বাহা শব্দ উচ্চারণ করতঃ তোমার আনন্দের জন্য সোমপান করিতেছি।

২। বহু লোকের আহূত ইন্দ্রের শীঘ্র গমনার্থ রথের অগ্রভাগে দ্রুতগামী অশ্বদ্বয় সংযোজিত করিতেছি। অশ্বদ্বয় সর্ব্বতোভাবে অনুষ্ঠিত এই যজ্ঞের প্রতি ইন্দ্রকে শীঘ্র আনয়ন করুক।

৩। হে অভীষ্টবর্ষী অন্নবান্ ইন্দ্র! তোমার বীর্য্যবান্ শত্রুভয়ত্রাতা অশ্বদ্বয়কে আমাদের নিকট আনয়ন কর, তুমি এই যজমানকে রক্ষা কর। রক্তবর্ণ অশ্বদ্বয়কে এই দেবযজনে ছাড়িয়া দাও, তাহারা ভক্ষণ করুক। তুমি সমান রূপবিশিষ্ট উপযুক্ত ধান্য ভক্ষণ কর (১)।

---

(২) মূলে "হত্বী দস্যূন্ প্র আর্য্যং বর্ণং আবৎ" আছে। "বর্ণ" অর্থে জাতি, ঋগ্বেদের রচনার সময় কেবল দুই জাতি ছিল, আর্য্য ও দস্যু, তাহা এই ঋকেই প্রতীয়মান হইতেছে।

(১) মূলে "সদৃশীঃ অদ্ধি ধানাঃ" আছে। সায়ণ অর্থ করিয়াছেন "ভৃষ্ট যবান্।" ধান শব্দ ঋগ্বেদে অনেক স্থানে ব্যবহৃত হইয়াছে, আমি তাহার শব্দার্থ ধান্য করিয়াছি, কিন্তু তাহার অর্থ চাউল নহে; অর্থ ভাজা যব। "ব্রীহি" অর্থে চাউল, কিন্তু ঋগ্বেদে এ শব্দের ব্যবহার নাই।

৪। হে ইন্দ্র! তোমার যে অশ্বদ্বয় মন্ত্রদ্বারা যোজিত হয়, এবং যুদ্ধে যাহাদের সমান প্রসিদ্ধি, মন্ত্রবলে সেই অশ্বদ্বয়কে যোজিত করিতেছি। হে ইন্দ্র! তুমি বিদ্বান্, তুমি জানিয়া সুদৃঢ় এবং সুখকর রথে আরোহণ করতঃ সোমের নিকট আগমন কর।

৫। হে ইন্দ্র! অন্য যজমানগণ যেন তোমার বীর্য্যবান্ ও কমনীয় পৃষ্ঠ বিশিষ্ট হরিদ্বয়কে আনন্দিত না করে। আমরা অভিষুত সোমদ্বারা তোমার পর্য্যাপ্তরূপে তৃপ্তিসাধন করিব, তুমি বহুতর যজমানকে অতিক্রম করিয়া শীঘ্র আগমন কর।

৬। এই সোম তোমার, তুমি ইহার অভিমুখে আগমন কর। প্রীতমনে এই প্রভূত সোম পান কর। হে ইন্দ্র! এই যজ্ঞে কুশোপরি উপবেশন করতঃ এই সোমকে জঠরে স্থাপন কর।

৭। হে ইন্দ্র! তোমার জন্য কুশ বিস্তৃত করা হইয়াছে, সোম অভিষুত হইয়াছে, তোমার অশ্বদ্বয়ের ভোজনের জন্য ধান্য প্রস্তুত হইয়াছে। কুশ তোমার আসন, অনেকে তোমার স্তব করে, তুমি অভীষ্টবর্ষী, তোমার মরুৎ সেনা আছে, তোমার জন্য হব্য সকল বিস্তৃত হইয়াছে।

৮। হে ইন্দ্র! তোমার জন্য অধ্বর্য্যুগণ প্রস্তর ও জল এই সোম দুগ্ধকে মধুর রস বিশিষ্ট করিয়াছে। হে দর্শনীয় ও বিদ্বান্ ইন্দ্র! তুমি প্রসন্ন মনে আপন হিতকর স্তুতি অবগত হইয়া সোম পান কর।

৯। হে ইন্দ্র! সোমপান কালে যে মরুৎগণকে সম্ভাবিত কর, যাহারা যুদ্ধে তোমাকে বর্দ্ধিত করে ও তোমার সহায় হয়, সেই সকল মরুৎগণের সহিত মিলিত হইয়া সোমপানাভিলাষী হইয়া অগ্নির জিহ্বা দ্বারা পান কর।

১০। হে যজনীয় ইন্দ্র! স্বধাদ্বারা অথবা অগ্নির জিহ্বাদ্বারা অভিষুত সোম পান কর। হে শক্র! অধ্বর্য্যুর হস্ত দ্বারা প্রদত্ত সোম অথবা হোতার যজনীয় হব্য সেবা কর।

১১। হে ইন্দ্র! তুমি অন্নলাভকর যুদ্ধে উৎসাহ দ্বারা প্রবৃদ্ধ; তুমি ধনবান্, প্রভূত ঐশ্বর্য্যসম্পন্ন, নেতৃশ্রেষ্ঠ, স্তুতিশ্রবণকারী, উগ্র, সংগ্রামে শত্রু-বিনাশী এবং ধনজেতা। আমরা আশ্রয় লাভের জন্য তোমাকে আহ্বান করিতেছি।

---

৩৬ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিশ্বামিত্র ঋষি। কেবল ১০ ঋকটীর অঙ্গিরাবংশীয় ঘোর ঋষি।

১। হে ইন্দ্র! মরুৎগণের সহিত সর্ব্বদা আগমন করিয়া বিশেষরূপে প্রস্তুত সোম ধন দানের জন্য ধারণ কর। যে ইন্দ্র বৃহৎ কর্ম্মদ্বারা প্রখ্যাত হইয়াছেন, তিনি প্রত্যেক সোমাভিষবে পুষ্টিসাধক হব্য দ্বারা বৰ্দ্ধিত হইয়াছেন।

২। পূর্ব্বকালে ইন্দ্রের উদ্দেশে সোম প্রদত্ত হইয়াছে, যদ্দ্বারা তিনি কালাত্মক, দীপ্তি ও মহান্ হইয়াছেন। হে ইন্দ্র! তুমি এই প্রদত্ত সোম গ্রহণ কর, এবং স্বর্গাদি ফলপ্রদ প্রস্তর দ্বারা অভিষুত সোম পান কর।

৩। হে ইন্দ্র! পান কর ও পরিপুষ্ট হও। তোমার জন্য প্রাচীন ও নূতন সোম অভিষুত হইয়াছে। হে ইন্দ্র! তুমি স্তুতিযোগ্য, তুমি পুরাতন সোম যেরূপ পান করিয়াছিলে সেইরূপ এক্ষণে নূতন সোম পান কর।

৪। যে ইন্দ্র অতিশয় সামর্থবান্, যুদ্ধে শত্রুদিগের অভিভবিতা, এবং শত্রুদিগের আহ্বানকারী, সেই ইন্দ্রের উগ্রবল ও দুৰ্দ্ধৰ্ষতেজঃ সর্ব্বত্র বিস্তৃত হইতেছে। যখন সোমরস হর্য্যশ্ব ইন্দ্রকে হৃষ্ট করে, তখন পৃথিবী এবং স্বর্গও তাঁহাকে ধারণ করিতে পারে না।

৫। বলবান্, উগ্র, অভীষ্টবর্ষী ও দাতা ইন্দ্র, বীরকীর্ত্তির জন্য প্রবৃদ্ধ হইয়াছেন, স্তোত্রের সহিত মিলিত হইয়াছেন। ইন্দ্রের গো সকল ক্ষীরপ্রদ হইয়া জন্মগ্রহণ করিয়াছে, ইন্দ্রের দান প্রভূত।

৬। নদীগণ যখন প্রসব অনুসরণ করিয়া দূরবর্ত্তি সমুদ্রে গমন করে, তখন জল রথীর ন্যায় গমন করে। সেইরূপ বরীয়ান্ ইন্দ্র এই অন্তরিক্ষ হইতে অভিষুত লতাখণ্ডরূপ অল্প সোমের দিকে ধাবিত হয়েন।

৭। সমুদ্র সঙ্গমাভিলাষী নদীগণ যেরূপ সমুদ্রকে পূর্ণ করে, সেইরূপ অধ্বর্য্যুগণ ইন্দ্রের জন্য অভিষুত সোম সম্পাদন করতঃ হস্তদ্বারা লতা দোহন করে ও পবিত্রদ্বারা ধারারূপ মধুর সোমরস শোধন করে।

৮। ইন্দ্রের উদর হ্রদের ন্যায় সোমের আধার। তিনি বহু যজ্ঞ একবারে ব্যাপ্ত করেন। যেহেতু ইন্দ্র প্রথম ভক্ষণীয় সোমাদি ভক্ষণ করিয়াছেন, পরে বৃত্রকে নিহত করিয়া দেবগণকে ভাগ করিয়া দিয়াছেন।

৯। হে ইন্দ্র! শীঘ্র ধন প্রদান কর। তোমার এই ধন কে বন্ধ করিতে

পারে? আমরা তোমাকে ধনের স্বামী বলিয়া জানি। তোমার যে মহনীয় ধন আছে, হে ইন্দ্র! তাহা আমাদিগকে প্রদান কর।

১০। হে মঘবন্! হে ঋজীষী সোমবিশিষ্ট ইন্দ্র! তুমি সকলের বরণীয় প্রভূত ধন দান কর, আমাদের জীবনের জন্য শত বৎসর প্রদান কর (১)। হে সুন্দর হনুবিশিষ্ট ইন্দ্র! আমাদের বহুবীর পুত্র প্রদান কর।

১১। হে ইন্দ্র! তুমি অন্নলাভকর যুদ্ধে উৎসাহদ্বারা প্রবৃদ্ধ, তুমি ধনবান্, প্রভূত ঐশ্বর্য্যসম্পন্ন, নেতৃশ্রেষ্ঠ, স্তুতিশ্রবণকারী, উগ্র, সংগ্রামে শত্রুবিনাশী এবং ধনজেতা। আমরা আশ্রয়লাভের জন্য তোমাকে আহ্বান করিতেছি।

৩৭ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। হে ইন্দ্র! বৃত্র বিনাশকর বল লাভের জন্য ও শত্রু সেনার অভিভবের জন্য তোমাকে প্রবর্ত্তিত করিতেছি।

২। হে শতক্রতু! স্তোতাগণ তোমার মন ও চক্ষু প্রীত করিয়া আমাদের অভিমুখে প্রেরণ করুক।

৩। হে শতক্রতু! আমরা গর্ব্বিত শত্রুদের অভিভবকর যুদ্ধে সমস্ত স্তুতিদ্বারা তোমার নাম কীর্ত্তন করিব।

৪। ইন্দ্র সকলের স্তুতি যোগ্য, অপরিমিত তেজোবিশিষ্ট, এবং মনুষ্যদের স্বামী, আমরা তাহার স্তুতি করিতেছি।

৫। হে ইন্দ্র! বৃত্রকে বিনাশ করিবার জন্য এবং যুদ্ধে ধন লাভের জন্য বহু লোকের আহূত ইন্দ্রকে আহ্বান করিতেছি।

৬। হে শতক্রতু! তুমি যুদ্ধে শত্রুদের অভিভবকারী হও, বৃত্রকে বিনাশ করিবার জন্য আমরা তোমাকে প্রার্থনা করিতেছি।

৭। হে ইন্দ্র! যাহারা ধনে, যুদ্ধে, বীরসমূহে ও বলে আমাদিগের অভিমানী শত্রু, তাহাদিগকে পরাজয় কর।

---

(১) এখানেও ঋগ্বেদের অন্যান্য অনেক স্থানে একশত বৎসরই মনুষ্যদিগের আয়ুর পরিমাণ বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। ঋষিগণের সহস্রাধিক বৎসর দীর্ঘ জীবন সম্বন্ধীয় পৌরাণিক গল্পকথা ঋগ্বেদ রচনার সময় কল্পিত হয় নাই।

৮। হে শতক্রতু! আমাদের আশ্রয় দানের জন্য অতিশয় বলবান্, দীপ্তিযুক্ত, স্বপ্ননিবারক সোম পান কর।

৯। হে শতক্রতু! পঞ্চ জনে যে সকল ইন্দ্রিয় আছে, আমি সেইগুলি তোমারই বলিয়া জানি।

১০। হে ইন্দ্র! প্রভূত অন্ন তোমার নিকট গমন করুক, শত্রুদের দুর্দ্ধর্ষ ধন আমাদিগকে প্রদান কর। আমরা তোমার উৎকৃষ্ট বল বর্দ্ধিত করিব।

১১। হে শক্র! নিকট অথবা দূরদেশ হইতে আমাদের অভিমুখে আগমন কর। হে বজ্রবান্ ইন্দ্র! তোমার যে উৎকৃষ্ট স্থান আছে সেখান হইতে এই যজ্ঞে আগমন কর।

৩৮ সূক্ত।

ইন্দ্র ও ইন্দ্রাবরুণ দেবতা। বিশ্বামিত্র গোত্র প্রজাপতি বা বাচের পুত্র প্রজাপতি অথবা বিশ্বামিত্র ঋষি।

১। হে স্তোতা! ত্বষ্টার ন্যায় ইন্দ্রের স্তুতি প্রদীপ্ত কর। উৎকৃষ্ট ভারবাহী দ্রুতগামী অশ্বের ন্যায় কর্ম্মে প্রবৃত্ত হইয়া ইন্দ্রের প্রিয়কর্ম্ম বিষয়ে চিন্তা করতঃ আমি মেধাবান্ হইয়া স্বর্গগত কবিগণকে দেখাইবার ইচ্ছা করিতেছি।

২। হে ইন্দ্র! কবিগণের জন্মবিষয়ে গুরুগণকে জিজ্ঞাসা কর, যাঁহারা মনঃসংযম ও পুণ্য কার্য্য দ্বারা স্বর্গ নির্ম্মাণ করিয়াছিলেন। এক্ষণে এই যজ্ঞে তোমার জন্য প্রণীত স্তুতিসমূহ বর্দ্ধমান হইয়া মনের ন্যায় বেগে যেন গমন করে।

৩। কবিগণ এই ভূলোকের সর্ব্বত্র গূঢ় কর্ম্ম নিধান করিয়া পৃথিবী ও স্বর্গকে বল লাভের জন্য অলঙ্কৃত করিয়াছেন। উহারা মাত্রাদ্বারা (১) পৃথিবী ও স্বর্গের পরিমাণ করিয়াছেন। পরস্পর সঙ্গতা বিস্তীর্ণা মহতী দ্যাবাপৃথিবীকে মিলিত করিয়াছেন, এবং তাহাদের মধ্যে ধারণার্থ অন্তরিক্ষকে স্থাপন করিয়াছেন।

(১) "মাত্রা শিলোচ্চয়া।" সায়ণ। "Elements.—*Wilson*.

৪। সমস্ত কবিগণ, রথস্থিত ইন্দ্রকে পরিভূষিত করিয়াছিলেন। স্বভাবতঃ দীপ্তিমান্ ইন্দ্র দীপ্তিতে আচ্ছাদিত হইয়া রহিয়াছেন। অভীষ্টবর্ষী ও অসুর ইন্দ্রের কীর্ত্তি অদ্ভুত। তিনি বিশ্বরূপ ধারণ করিয়া অমৃতে অধিষ্ঠান করিতেছেন।

৫। অভীষ্টবর্ষী সনাতন সর্ব্বজ্যেষ্ঠ ইন্দ্র জল সৃষ্টি করিলেন। এই প্রভূত জল তাঁহার পিপাসা রোধ করিল। স্বর্গের পৌত্র স্বরূপ শোভমান ইন্দ্র ও বরুণ দ্যোতমান যজ্ঞকারীর স্তুতিদ্বারা লাভযোগ্য ধন আমাদের জন্য ধারণ করিতেছেন।

৬। হে রাজা ইন্দ্র ও বরুণ! পরিব্যাপ্ত ও সম্পূর্ণ সবনত্রয়কে এই যজ্ঞে অলঙ্কৃত কর। হে ইন্দ্র! তুমি যজ্ঞে গমন করিয়াছ, যেহেতু আমি এই যজ্ঞে বায়ুবৎ কেশবিশিষ্ট গন্ধর্ব্বগণকে মনে মনে দেখিয়াছি (২)।

৭। যে যজমানগণ অভিমত ফলপ্রদ ইন্দ্রের জন্য গোসমূহের ভোগার্হ হব্য শীঘ্র দোহন করে, যাহাদের অনেক নাম আছে, তাহারা নূতন অসুর্য্য (৩) বল ধারণ করতঃ ও মায়া বিকাশ করতঃ আপন আপন রূপ ইন্দ্রে সমর্পণ করিয়াছিল।

৮। অতএব সবিতার সুবর্ণময়ী দীপ্তিকে কেহই ইয়ত্তা করিতে পারে না। এই দীপ্তিকে যিনি আশ্রয় করেন তিনি উত্তম স্তুতিদ্বারা স্তুত হইয়া, মাতা যেরূপ সন্তানকে আলিঙ্গন করে, সেইরূপ সর্ব্বব্যাপক দ্যাবাপৃথিবীকে আলিঙ্গন করেন।

৯। হে ইন্দ্র ও বরুণ! তোমরা দুই জনে প্রাচীন স্তোতার শ্রেয়ঃ সম্পাদন কর; অর্থাৎ তাহাকে স্বর্গীয় মঙ্গলরূপ শ্রেয়ঃ প্রদান কর, আমাদিগকে চারিদিক হইতে রক্ষা কর। ইন্দ্রের জিহ্বা সকলকে অভয়দান করে এবং ইন্দ্র স্থিরতর। সমস্ত মায়াবিগণ তাঁহার নানাবিধ কীর্ত্তি দর্শন করিতেছে।

১০। হে ইন্দ্র! তুমি অন্নলাভ কর, যুদ্ধে উৎসাহদ্বারা প্রবৃদ্ধ, তুমি ধনবান্,

(২) মূলে "গন্ধর্বান্ বায়ুকেশান্" আছে। ঋগ্বেদের গন্ধর্ব্বগণ কে? ৯।১১৩।৩ ঋকে আছে, যে গন্ধর্ব্বগণ সোমরস প্রস্তুত করিয়াছিল। ১।১৬৩।২ ঋকে গন্ধর্ব্ব ইন্দ্রের রথের বল্গা ধারণ করিলেন। ১২২।১৪ ঋকে অন্তরিক্ষই গন্ধর্ব্বগণের নিবাস স্থান বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। গন্ধর্ব্বগণ অন্তরিক্ষবাসী সোমপায়ী কাল্পনিক জীব। ৮।১।১১ ঋকের টীকা দেখ।

(৩) সায়ণ "অসূর্য্য" অর্থে অসুরগণের বল করিয়াছেন।

প্রভূত ঐশ্বর্য্যসম্পন্ন, নেতৃশ্রেষ্ঠ, স্তুতিশ্রবণকারী, উগ্র, সংগ্রামে শত্রুবিনাশী এবং ধনজেতা। আমরা আশ্রয় লাভের জন্য তোমাকে আহ্বান করিতেছি।

৩৯ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। হে ইন্দ্র! তুমি জগৎপতি; হৃদয় হইতে উচ্চারিত ও স্তোতৃসম্পাদিত স্তোত্র, তোমার অভিমুখে গমন করিতেছে। যে স্তুতি তোমাকে জাগরিত করিয়া যজ্ঞে উচ্চারিত হইতেছে, এবং আমা হইতেই উৎপন্ন হইতেছে, তুমি তাহা জান।

২। হে ইন্দ্র! সূর্য্য হইতেও পূর্ব্বকালে উৎপন্ন যে স্তুতি যজ্ঞে উচ্চারিত হইয়া তোমাকে জাগরিত করে, সেই স্তুতি কল্যাণকর শুক্ল বস্ত্র পরিধান করতঃ আমাদিগেরই পিতৃগণের নিকট হইতে আগত ও পুরাতন।

৩। যমক পুত্রের মাতা যমক পুত্রদ্বয় অশ্বিদ্বয়কে প্রসব করিল (১) তাহাদের প্রশংসা করিবার জন্য আমার জিহ্বার অগ্রভাগ চঞ্চল হইয়াছে। অন্ধকারনাশক দিবসের আদিতে আগত মিথুন জন্মিবামাত্র স্তোত্রে মিলিত হইতেছে।

৪। হে ইন্দ্র! আমাদিগের যে পিতৃগণ গোধনের নিমিত্ত যুদ্ধ করিয়াছিলেন, পৃথিবীতে কেহ তাহাদিগের নিন্দক নাই। মহিমান্বিত কীর্ত্তিমান্ ইন্দ্র অঙ্গিরাগণের সমিদ্ধ গোবৃন্দ প্রদান করিয়াছিলেন।

৫। নবগ্ব অঙ্গিরাগণের সখা ইন্দ্র যখন জানুর উপরে ভর করিয়া গোধনাভিমুখে গমন করিয়াছিলেন, তখন দশগ্ব অঙ্গিরাগণের সহিত অন্ধকার মধ্যে লুক্কাইত সূর্য্যকে দেখিতে পাইয়াছিলেন।

৬। ইন্দ্র ক্ষীরপ্রসবিনী গাভীতে মধু সঞ্চিত করিয়াছেন, পরে পাদযুক্ত ও ক্ষুরযুক্ত ধন আনয়ন করিলেন। ঔদার্য্যবান্ ইন্দ্র গুহামধ্যে স্থিত, প্রচ্ছন্ন, অন্তরিক্ষে লুক্কায়িত মায়াবীকে দক্ষিণ হস্তে ধারণ করিলেন।

৭। ইন্দ্র রাত্রি হইতে প্রাদুর্ভূত হইয়া জ্যোতিঃ ধারণ করিলেন। আমরা পাপ হইতে দূরে ভয়রহিত স্থানে থাকিব। হে সোমপা ও সোমপুষ্ট ইন্দ্র! বহু শত্রুবিনাশক স্তোত্রকারীর এই স্তুতি সেবা কর।

---

(১) ১।৩।১ ঋকের টীকা দেখ।

৮। সূর্য্য যজ্ঞের জন্য দ্যাবাপৃথিবী প্রকাশিত করুক, আমরা প্রভূত পাপ হইতে দূরে অবস্থিতি করিব। হে বসুগণ! স্তুতিদ্বারা তোমাদিগকে অভিমুখ করিতে পারা যায়, তোমরা অতি প্রভূত ও সমৃদ্ধ ধন প্রভূত দানশীল মর্ত্ত্যকে প্রদান কর।

৯। হে ইন্দ্র! তুমি অন্নলাভ কর, যুদ্ধে উৎসাহদ্বারা প্রবৃদ্ধ, তুমি ধনবান্, প্রভূত ঐশ্বর্য্যসম্পন্ন, নেতৃশ্রেষ্ঠ, স্তুতি শ্রবণকারী, উগ্র, সংগ্রামে শত্রুবিনাশী এবং ধনজেতা। আমরা আশ্রয় লাভের জন্য তোমাকে আহ্বান করিতেছি।

৪০ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। হে ইন্দ্র! তুমি অভীষ্টবর্ষী, আমরা তোমাকে অভিষুত সোম পানের জন্য আহ্বান করিতেছি। তুমি হর্ষকর সোম পান কর।

২। হে ইন্দ্র! প্রজ্ঞাপ্রদ অভিষুত সোম পান করিতে অভিলাষী হও। হে বহুজন স্তুত! তৃপ্তিকর সোম পান কর, জঠরে সেক কর।

৩। হে স্তূয়মান, মরুৎগণপতি ইন্দ্র! তুমি সমস্ত দেবগণের সহিত আমাদের হব্যযুক্ত যজ্ঞকে বিশেষরূপে বর্দ্ধিত কর।

৪। হে সৎপতি ইন্দ্র! আহ্লাদক, দীপ্ত, অভিষুত এই সকল সোমরস তোমার জঠরে গমন করিতেছে।

৫। হে ইন্দ্র! বরণীয়, অভিষুত সোম জঠরে ধারণ কর। দীপ্ত এই সকল সোমরস তোমার সহিত দ্যুলোকে বাস করে।

৬। হে স্তুতিভাজন ইন্দ্র! তুমি আমাদের অভিষুত সোম পান কর, যেহেতু তুমি মদকর সোমের ধারাদ্বারা সিক্ত হইয়া থাক। হে ইন্দ্র! অন্ন তোমা কর্ত্তৃক শোধিত হয়।

৭। যজমানের দ্যুতিমান্ ক্ষয়রহিত সোম প্রভৃতি হব্য ইন্দ্রের অভিমুখে গমন করে, ইন্দ্র সোম পান করিয়া বর্দ্ধিত হয়েন।

৮। হে বৃত্রহন্! সমীপদেশ অথবা দূরদেশ হইতে আমাদের অভিমুখে আগমন কর, আমাদের স্তুতি গ্রহণ কর।

৯। হে ইন্দ্র! তুমি যদিও দূরদেশে সমীপবর্ত্তী দেশে অথবা মধ্যদেশে আহূত হইয়া থাক, তথাপি ঐ স্থান হইতে এই যজ্ঞে আগমন কর।

৪১ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। হে বজ্রী ইন্দ্র! তুমি আহূত হইতেছ, তুমি আমার অভিমুখে আমাদের যজ্ঞে সোমপানের জন্য শীঘ্র আগমন কর।

২। আমাদের যজ্ঞে হোতা যথাসময়ে উপবিষ্ট হইয়াছেন, কুশ সকল পরস্পর সংসক্ত করতঃ বিস্তীর্ণ করা হইয়াছে, প্রাতঃসবনে সোমাভিষবের জন্য প্রস্তর সকল পরস্পর সংসক্ত করা হইয়াছে।

৩। হে স্তোত্রবাহক! তোমাকে আমরা এই সকল স্তুতি করিতেছি, কুশোপরি উপবেশন কর। হে শূর! পুরোডাশ ভক্ষণ কর।

৪। হে স্তুতি ভাজন বৃত্রহা ইন্দ্র! তুমি আমাদিগের সবনত্রয়ে উচ্চার্য্যমান স্তোম ও উক্থ সকলে অনুরক্ত হও।

৫। ধেনুগণ যেরূপ বৎসকে লেহন করে, সেইরূপ স্তুতি সকল মহান্, সোমপা, বলপতি ইন্দ্রকে লেহন করিতেছে।

৬। হে ইন্দ্র! তুমি প্রভূত ধনদানের জন্য সোমদ্বারা শরীরে হৃষ্ট হও স্তোতাকে নিন্দার পাত্র করিও না।

৭। হে ইন্দ্র! আমরা তোমাকে কামনা করতঃ হব্যযুক্ত হইয়া স্তুতি করিতেছি। হে নিরাসয়িতা! তুমিও আমাদিগের হবিঃ স্বীকারের জন্য অভিলাষী হও।

৮। হে অশ্বপ্রিয় ইন্দ্র! আমাদিগের নিকট হইতে দূরে অশ্ব মোচন করিও না, আমাদের অভিমুখে আগমন কর। হে সোমবান্ ইন্দ্র! এই যজ্ঞে হৃষ্ট হও।

৯। হে ইন্দ্র! শ্রমজলযুক্ত, লম্বমান কেশবিশিষ্ট অশ্বদ্বয় উপবেশনযোগ্য কুশাভিমুখে তোমাকে সুখকর রথে করিয়া আমাদের নিকট আনয়ন করুক।

৪২ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। হে ইন্দ্র! তুমি আমাদের গব্যমিশ্রিত, অভিযুত সোমের সমীপে আগমন কর। যেহেতু তোমার অশ্বদ্বয়যুক্ত রথ আমাদিগকে কামনা করিতেছে।

২। হে ইন্দ্র! তুমি, প্রস্তর দ্বারা অভিযুত, কুশোপরিস্থিত সোমের নিকট আগমন কর, প্রচুর পরিমাণে সোম পান করিয়া শীঘ্র তৃপ্ত হও।

৩। ইন্দ্রের উদ্দেশে প্রেরিত আমার এই স্তুতি ইন্দ্রকে সোমপানার্থ আন-য়ন করিবার জন্য এই যজ্ঞ প্রদেশ হইতে ইন্দ্রের নিকট গমন করুক।

৪। আমরা এই যজ্ঞে স্তোম এবং উক্থদ্বারা ইন্দ্রকে সোমপানার্থ আহ্বান করিতেছি। বহুবার আহূত ইন্দ্র আগমন করুন।

৫। হে শতক্রতু ইন্দ্র! এই সোম অভিযুত হইয়াছে, হে অন্নধন! ইহা জঠরে ধারণ কর।

৬। হে কবি! আমরা তোমাকে যুদ্ধে অভিভবিতা ও ধনজেতা বলিয়া জানি। অতএব আমরা তোমার নিকট ধন যাচ্ঞা করিতেছি।

৭। হে ইন্দ্র! আমাদের গবামিশ্রিত, যবমিশ্রিত, গ্রীবাদ্বারা অভিযুত এই সোম আসিয়া পান কর।

৮। হে ইন্দ্র! তোমার পানার্থেই, আমি এই অভিযুত সোম তোমার স্বীয় জঠরে প্রেরণ করিতেছি। উহা তোমার হৃদয়ে তৃপ্তিকর হউক।

৯। হে পুরাতন ইন্দ্র! আমরা কুশিকবংশোৎপন্ন। আমরা আশ্রয় লাভের জন্য তোমাকে সোম পানে আহ্বান করিতেছি।

---

৪৩ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। হে ইন্দ্র! তুমি রথে করিয়া আমাদের অভিমুখে আগমন কর, সোম-পান প্রাচীন কাল হইতে তোমারই। তোমার প্রিয়তম সখিভূত অশ্বদ্বয়কে কুশের সমীপে বিমোচন কর, এই সময়ে ঋত্বিকগণ তোমাকে আহ্বান করিতেছে।

২। হে স্বামী ইন্দ্র! তুমি সমস্ত লোককে অতিক্রম করিয়া আগমন কর, আমরা প্রার্থনা করিতেছি অশ্বযুক্ত হইয়া আগমন কর। যেহেতু স্তোতৃগণকৃত এই স্তুতিসমূহ সখ্যাভিলাষী হইয়া তোমাকে আহ্বান করিতেছে।

৩। হে দ্যুতিমান্ ইন্দ্র! অশ্বগণের ন্যায় আনন্দিত হইয়া আমাদের এই অন্নবর্দ্ধক যজ্ঞে শীঘ্র আগমন কর, আমি ঘৃত বিশিষ্ট অন্নযুক্ত হইয়া সোমগৃহে স্তুতিদ্বারা তোমাকে পুনঃ পুনঃ আহ্বান করিতেছি।

৪। হে ইন্দ্র! অভীষ্টবর্ষী, সুন্দর মধুবিশিষ্ট, সুন্দর শরীরযুক্ত, সখিভূত অশ্বদ্বয় তোমাকে যজ্ঞস্থলে আনয়ন করুক। ভৃষ্টযবযুক্ত যজ্ঞসেবাকারী সখা ইন্দ্র স্তোতার বন্দনা শ্রবণ করুন।

৫। হে ইন্দ্র! আমাকে লোকের রক্ষক কর। হে মঘবা সোমবান্ ইন্দ্র! আমাকে সকলের স্বামী কর, ঋষি কর, অভিষুত সোমের পানকর্ত্তাও কর, এবং ক্ষয় রহিত ধন প্রদান কর।

৬। হে ইন্দ্র! মহান্, ও রথে যোজিত অশ্বগণ একযোগে প্রমত্ত হইয়া তোমাকে আমাদের অভিমুখে আনয়ন করুক। উহারা অভীষ্টবর্ষী, ইন্দ্রের শত্রুগণের বিনাশক, ইন্দ্র উহাদের পৃষ্ঠদেশ সংস্পৃষ্ট করিলে, উহারা নভোদেশ হইতে আগমন করতঃ দিক্ সকলকে দ্বিধা করতঃ গমন করে।

৭। হে ইন্দ্র! তুমি সোমাভিলাষী, তুমি প্রস্তরদ্বারা অভিষুত অভিমত ফলসেচক সোম রস পান কর। শ্যেনপক্ষী তোমার জন্য উহা আহরণ করিয়াছে (১)। সোমজনিত হর্ষ উৎপন্ন হইলে তুমি শত্রুভূত মনুষ্যদিগকে পাতিত কর, এবং সোমজনিত হর্ষ উৎপন্ন হইলে তুমি মেঘ সকল অপাবৃত কর।

৮। হে ইন্দ্র! তুমি অন্নলাভ কর, যুদ্ধে উৎসাহ দ্বারা প্রবৃদ্ধ, তুমি ধনবান্, প্রভূত ঐশ্বর্য্যসম্পন্ন, নেতৃশ্রেষ্ঠ, স্তুতিশ্রবণকারী, উগ্র, সংগ্রামে শত্রুবিনাশী এবং ধনজেতা। আমরা আশ্রয় লাভের জন্য তোমাকে আহ্বান করিতেছি।

৪৪ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। হে ইন্দ্র! প্রস্তর দ্বারা অভিষুত, কমনীয়, প্রীতিকর এই সোম তোমার

(১) ১।৮০।২ ঋকের টীকা দেখ।

হউক। তুমি অশ্বযুক্ত হরিৎবর্ণ রথে আরোহণ কর, আমাদের অভিমুখে আগমন কর।

২। হে ইন্দ্র! তুমি সোমাভিলাষে উষাকে পূজা করিয়া থাক, তুমি সোমাভিলাষে সূর্য্যকে প্রদীপ্ত করিয়া থাক। হে হর্য্যশ্ব! তুমি বিদ্বান্ ও জ্ঞানবান্, তুমি আমাদের সমস্ত সম্পদ্ বর্দ্ধিত করিতেছ।

৩। ইন্দ্র হরিদ্বর্ণ রশ্মিবিশিষ্ট দ্যুলোককে ধারণ করিয়াছেন, ওষধিদ্বারা হরিদ্বর্ণা পৃথিবীকে ধারণ করিয়াছেন। হরিদ্বর্ণা দ্যাবাপৃথিবীর মধ্যে ইন্দ্রের অশ্বদ্বয়ের প্রভূত খাদ্য আছে, ইন্দ্র ঐ দ্যাবাপৃথিবীর মধ্যে বিচরণ করেন।

৪। অভীষ্টবর্ষী, হরিদ্বর্ণোপেত ইন্দ্র জন্মিবামাত্রেই সমস্ত দীপ্তিমান্ লোককে প্রকাশিত করেন। হর্য্যশ্ব বাহুদ্বয়ে হরিদ্বর্ণোপেত অস্ত্র ধারণ করেন, শত্রুদের প্রাণনাশক বজ্র ধারণ করেন।

৫। ইন্দ্র কমনীয়, শুভ্র, শুভ্রক্ষীরাদি দ্বারা ব্যাপ্ত, বেগবান্ ও প্রস্তরদ্বারা অভিযুত সোম অপাবৃত করিয়াছেন। তিনি পণিগণ কর্ত্তৃক অপহৃত গাভী সকল বাহির করিয়াছেন।

৪৫ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। হে ইন্দ্র! তুমি মাদক ও ময়ূরের লোমের ন্যায় লোমযুক্ত অশ্বের সহিত আগমন কর। ব্যাধ যেরূপ পক্ষীকে বাধা দেয়, সেইরূপ তোমাকে যেন কেহ বাধা না দেয়। পথিক যেরূপ মরুদেশ অতিক্রম করিয়া গমন করে, সেইরূপ তুমি শীঘ্র ঐ সকল বাধা অতিক্রম করিয়া আগমন কর।

২। ইন্দ্র বৃত্রের বিনাশক, তিনি মেঘ বিদীর্ণ করেন ও জল প্রেরণ করেন। তিনি শত্রুপুরী বিদীর্ণ করেন, তিনি অশ্বদ্বয়কে আমাদের অভিমুখে প্রেরণ করিবার জন্য রথে আরোহণ করেন। তিনি বলবান্ শত্রুদিগকেও ভগ্ন করেন।

৩। হে ইন্দ্র! সাধু গোপালক যেরূপ গাভী সকলকে পরিপুষ্ট করে, তুমি যেরূপ সমুদ্রকে নদীদ্বারা পরিপুষ্ট কর, সেইরূপ তুমি যজ্ঞ কর্ত্তাকে পুষ্ট করিয়া থাক। ধেনুগণ যেরূপ তৃণাদি প্রাপ্ত হয়, সেইরূপ তুমি সোমরস প্রাপ্ত হইয়া থাক, সরিৎ যেরূপ হ্রদ প্রাপ্ত হয়, সেইরূপ সোমরস তোমাকে ব্যাপ্ত করে।

৪। হে ইন্দ্র! পিতা যেরূপ ব্যবহারজ্ঞ পুত্রকে ধনের অংশ দান করেন, সেইরূপ তুমি আমাদিগকে শত্রুর বাধাকারী ধনরূপ পত্র দান কর। আঁকুষী যেরূপ পক্ক ফলের জন্য বৃক্ষকে চালিত করে, সেইরূপ তুমি আমাদের অভিলাষ পূরক ধন চালিত কর।

৫। হে ইন্দ্র! তুমি ধনবান্, তুমি স্বর্গের রাজা, তোমার বাক্য সাধু, তোমার কীর্ত্তি প্রভূত। হে বহুজনস্তুত ইন্দ্র! তুমি বলদ্বারা বর্দ্ধিত হইয়া আমাদের সর্ব্বোৎকৃষ্ট শোভনীয় অন্নদাতা হও।

---

৪৬ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। হে ইন্দ্র! তুমি যুদ্ধশীল, অভীষ্টবর্ষী, ধনাধিপতি, উগ্র, নিত্যতরুণ, চিরন্তন, শত্রুধর্ষক, জরারহিত, বজ্রধারী, প্রসিদ্ধ ও মহান্। তোমার বীর্য্য মহৎ।

২। হে পূজনীয় উগ্র ইন্দ্র! তুমি মহান্, তুমি ধনকে পারে লইয়া যাও, তুমি বীর্য্য দ্বারা শত্রুদিগকে অভিভূত করিয়া থাক। তুমি সমস্ত ভুবনের একমাত্র রাজা, তুমি শত্রুদিগকে প্রহার কর, ও সাধুব্যক্তিদিগকে স্বস্থানে স্থাপিত কর।

৩। দ্যুতিমান্ ও সর্ব্বপ্রকারে অপরিমিত ইন্দ্র সোমপান করতঃ পর্ব্বত হইতেও শ্রেষ্ঠ হয়েন, বলে দেবতাগণের অপেক্ষাও শ্রেষ্ঠ হয়েন, দ্যাবাপৃথিবী হইতেও শ্রেষ্ঠ হয়েন, বিস্তীর্ণ অন্তরিক্ষ হইতেও শ্রেষ্ঠ হয়েন।

৪। ইন্দ্র মহান্, গম্ভীর, স্বভাবতঃ উগ্র, বিশ্বব্যাপ্ত ও স্তোতাগণের রক্ষক। নদীগণ যেরূপ সমুদ্রের অভিমুখে গমন করে, সেইরূপ পূর্ব্বকাল হইতে অভিষুত সোম ইন্দ্রের অভিমুখে গমন করে।

৫। হে ইন্দ্র! মাতা যেরূপ গর্ভ ধারণ করে, সেইরূপ দ্যাবাপৃথিবী তোমার জন্য সোম ধারণ করে। হে অভীষ্টবর্ষী! অধ্বর্য্যুগণ সেই সোমকে তোমার উদ্দেশে প্রেরণ করিতেছে ও তোমার পানের জন্য শোধিত করিতেছে।

৪৭ সূক্ত ।

ইন্দ্র দেবতা । বিশ্বামিত্র ঋষি ।

১ । হে ইন্দ্র ! তুমি অভিষ্টবর্ষী ও মরুৎগণযুক্ত । তুমি হর্ষের জন্য রীতি অনুসারে সোম পান কর, হর্ষকর বহু সোমরস জঠরে বিশেষরূপে সেক কর । যে হেতু তুমি পুরাকাল হইতে অভিষুত সোমের রাজা ।

২ । হে শূর ইন্দ্র ! তুমি দেবগণদ্বারা সঙ্গত, মরুৎগণযুক্ত, বৃত্রহন্তা ও বিদ্বান্ । তুমি সোম পান কর, শত্রুগণকে বধ কর, হিংসকদিগকে দূর করিয়া দাও । অনন্তর আমাদিগকে সর্ব্বপ্রকারে অভয় দান কর ।

৩ । হে ঋতুপা ইন্দ্র ! তুমি সখিভূত মরুৎগণের সহিত আমাদের অভিষুত সোম পান কর । তুমি যাহাদিগকে যুদ্ধে সাহায্যার্থ গ্রহণ করিয়াছিলে, যাঁহারা তোমাকে আনুকূল্য করায় তুমি বৃত্রকে বধ করিয়াছিলে, সেই মরুৎগণ তোমাকে পরাক্রম প্রদান করিয়াছিলেন ।

৪ । হে মঘবা ইন্দ্র ! যাঁহারা বৃত্র বধে তোমাকে প্রোৎসাহিত করিয়াছিলেন, হে অশ্ববান্ ! যাঁহারা শম্বর বধে তোমাকে প্রোৎসাহিত করিয়াছিলেন, যাঁহারা ধেনুগণের জন্য যুদ্ধে তোমাকে প্রোৎসাহিত করিয়াছিলেন, যাঁহারা অদ্যাপি তোমাকে হৃষ্ট করেন, সেই মরুৎগণের সহিত সোম পান কর ।

৫ । আমরা মরুৎগণযুক্ত, জলবর্ষী, প্রোৎসাহক, প্রভূত শক্রবিশিষ্ট, দিব্য, শাসনকর্ত্তা, বিশ্বের অভিভবিতা, উগ্র, বলপ্রদ ইন্দ্রকে নূতন আশ্রয়লাভের জন্য এই যজ্ঞে আহ্বান করিতেছি ।

৪৮ সূক্ত ।

ইন্দ্র দেবতা । বিশ্বামিত্র ঋষি ।

১ । জলবর্ষী ও জন্মিবামাত্র কমনীয় ইন্দ্র অভিষুত সোমরূপ অন্নের সংগ্রহীতাকে রক্ষা করুন । হে ইন্দ্র ! তুমি ইচ্ছা হইলেই স্বাধু গব্যমিশ্রিত সোমরস প্রথমে পান কর ।

২ । যে দিন তুমি জন্মগ্রহণ করিয়াছ, সেই দিনেই সোম পানের ইচ্ছা হইলে তুমি পর্ব্বতস্থ সোমলতার রস পান করিয়াছিলে । যেহেতু তোমার মাতা

যুবতী অদিতি তোমার প্রসিদ্ধ পিতার গৃহে স্তন্যদানের পূর্ব্বে তোমায় সোম দান করিয়াছিলেন।

৩। ইন্দ্র মাতার নিকট আগমন করিয়া অন্ন যাচ্ঞা করিয়াছিলেন ও তাঁহার স্তনে দীপ্ত সোম দর্শন করিয়াছিলেন। তিনি শত্রুদিগকে চালিত করিয়া বিচরণ করেন. তিনি বহুপ্রকারে অঙ্গ বিক্ষেপ করতঃ মহৎ কার্য্য সকল সম্পাদন করিয়াছেন।

৪। তিনি উগ্র, শীঘ্র অভিভবিতা, এবং অভিভবকর, পরাক্রমযুক্ত হইয়া শরীরকে নানাবিধ রূপবিশিষ্ট করিয়াছিলেন। ইন্দ্র ত্বষ্টাকে সামর্থ্যদ্বারা পরাভূত করতঃ তাঁহার চমসস্থিত সোম পান করিয়াছিলেন।

৫। হে ইন্দ্র! তুমি অন্নলাভ কর, যুদ্ধে উৎসাহদ্বারা প্রবৃদ্ধ, তুমি ধনবান্, প্রভূত ঐশ্বর্য্যসম্পন্ন, নেতৃশ্রেষ্ঠ, স্তুতিশ্রবণকারী, উগ্র, সংগ্রামে শত্রুবিনাশী এবং ধনজেতা। আমরা আশ্রয় লাভের জন্য তোমাকে আহ্বান করিতেছি।

৪৯ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। মহান্ ইন্দ্রকে স্তব কর, তিনি রক্ষক হইলে সমস্ত মনুষ্য সোম পান করতঃ অভীষ্ট লাভ করে। দ্যাবাপৃথিবী ও দেবগণ সেই সুক্রতু ইন্দ্রকে শত্রুদিগের পক্ষে বিভ্ব নির্ম্মিত মুদ্গররূপে (১) জন্ম দিয়াছেন।

২। যে ইন্দ্র সংগ্রামে শোভমান, অশ্বযুক্ত, ও নেতৃতম, যিনি সেনাকে দ্বিধা ভেদ করিলে কেহই তাঁহাকে অতিক্রম করিতে পারে না, সেই উৎকৃষ্ট সেনাপতি ইন্দ্র মরুৎগণের সহিত গমন করতঃ বলদ্বারা তীব্রবেগে শত্রুর আয়ুঃ নাশ করেন।

৩। ইন্দ্র বলবান্, বলবান্ অশ্বের ন্যায় সংগ্রাম বিজয়ী ও ধনবান্, ইন্দ্রকে যজ্ঞে ভগের ন্যায় হোম করা উচিত, তিনি স্তোতাগণের পিতা স্বরূপ, তিনি কমনীয়, আহ্বানযুক্ত ও অন্নদাতা।

(১) মূলে "বিভ্বতষ্টং ঘনং" আছে। বিভুনা ব্রহ্মণা জগদাধিপত্যে "স্থাপিতং।" সায়ণ। কিন্তু ঋগ্বেদে "বিভ্ব" ঋভুগণের একজন, ব্রহ্মা নহেন।

৪। তিনি দ্যুলোক ও অন্তরিক্ষের ধারক, তিনি ঊর্দ্ধগামী রথের ন্যায় এবং বসুগণের দ্বারা যুক্ত হইয়া নিযুৎযুক্ত বায়ুর ন্যায়। তিনি রাত্রির আচ্ছাদক, সূর্য্যের জনয়িতা। ধনীর বাক্য যেমন ধন বিভাগ করে, তিনিও সেইরূপ অন্নের বিভাগ কর্ত্তা।

৫। হে ইন্দ্র! তুমি অন্নলাভ কর, যুদ্ধে উৎসাহদ্বারা প্রবৃদ্ধ, তুমি ধনবান্, প্রভূত ঐশ্বর্য্যসম্পন্ন, নেতৃশ্রেষ্ঠ, স্তুতিশ্রবণকারী, উগ্র, সংগ্রামে শত্রুবিনাশী এবং ধনজেতা। আমরা আশ্রয় লাভের জন্য তোমাকে আহ্বান করিতেছি।

৫০ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। ইন্দ্র স্বাহাকৃত এই সোম পান করুন। এই সোম তাঁহারই; তিনি শত্রুহিংসক, অভীষ্টবর্ষী ও মরুৎগণে যুক্ত এবং প্রভূত ব্যাপ্তিবিশিষ্ট হইয়া এই অন্ন দ্বারা প্রীত হউন, হব্য তাঁহার শরীরের অভিলাষ পূর্ণ করুক।

২। হে ইন্দ্র! আমি তোমার আগমনের জন্য পরিচারক অশ্বদ্বয়কে যোজিত করিতেছি। তুমি পুরাতন, তুমি উহাদের বেগ অনুগমন করিয়া থাক। হে শোভনহনু! অশ্বগণ তোমাকে এই যজ্ঞে ধারণ করুক, তুমি এই সুন্দররূপে অভিষুত কমনীয় সোম শীঘ্র পান কর।

৩। ঋত্বিক্‌গণ ফলদানেচ্ছু ও স্তুতিপ্রিয় ইন্দ্রকে শ্রেষ্ঠত্ব ও দীর্ঘায়ুঃ লাভের জন্য গোসমূহ দ্বারা ধারণ করেন। হে সোমবান্! তুমি সোম পান করতঃ হৃষ্ট হইয়া স্তোতাগণকে বহুবিধ গাভী প্রেরণ কর।

৪। আমাদের এই অভিলাষ গো, অশ্ব ও দীপ্তিযুক্ত ধনদ্বারা পূর্ণ কর, এবং তদ্দ্বারা আমাদিগকে বিখ্যাত কর। হে ইন্দ্র! স্বর্গাদি সুখাভিলাষী কর্ম্মকুশলকুশিকনন্দন মন্ত্র দ্বারা তোমার স্তুতি করিয়াছে।

৫। হে ইন্দ্র! তুমি অন্ন লাভ কর, যুদ্ধে উৎসাহ দ্বারা প্রবৃদ্ধ, তুমি ধনবান্, প্রভূত ঐশ্বর্য্যসম্পন্ন, নেতৃশ্রেষ্ঠ, স্তুতিশ্রবণকারী, উগ্র, সংগ্রামে শত্রু-বিনাশী এবং ধনজেতা। আমরা আশ্রয় লাভের জন্য তোমাকে আহ্বান করিতেছি।

৫১ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। ইন্দ্র মনুষ্যদের পোষক, ধনবান্, উক্‌থদ্বারা প্রশংসনীয়, বর্দ্ধমান, বহুবার আহূত, মরণরহিত ও সুন্দর স্তুতিদ্বারা প্রত্যহ স্তূয়মান। ইন্দ্রকে প্রভূত স্তুতিবাক্যে সর্ব্বতোভাবে স্তব করুক।

২। ইন্দ্র শত যজ্ঞবিশিষ্ট, জলবান্, মরুৎগণযুক্ত, নেতা, অন্নদাতা, শত্রুগণের পুরীভেদক, যুদ্ধে শীঘ্রগামী, জলপ্রেরক, ধনদাতা, অভিভবিতা ও স্বর্গদাতা; ইন্দ্রের নিকট আমার স্তুতিবাক্য সর্ব্বতোভাবে গমন করুক।

৩। শত্রুগণের বিনাশক ইন্দ্র যুদ্ধে স্তূত হয়েন, তিনি পাপরহিত স্তুতি সকলকে সম্মানিত করেন, তিনি যজমানের গৃহে প্রীত হয়েন। হে বিশ্বামিত্র! মরুৎগণের সহিত অভিভবিতা শত্রুহন্তা ইন্দ্রকে স্তব কর।

৪। হে ইন্দ্র! তুমি মনুষ্যগণের নেতা ও বীর, বাধাপ্রাপ্ত ঋত্বিক্‌গণ তোমাকে স্তুতিদ্বারা ও উক্‌থদ্বারা বিশেষরূপে অর্চ্চনা করে। বহু কর্ম্মবিশিষ্ট ইন্দ্র বলের জন্য গমনোদ্যম করেন, পুরাতন এক মাত্র ইন্দ্র এই অন্নের ঈশ্বর, তাঁহাকে নমস্কার।

৫। মনুষ্যগণের মধ্যে ইন্দ্রের অনুশাসন নানা প্রকার। ইন্দ্রের অনুশাসনক্রমে পৃথিবী বহু ধন ধারণ করে, দ্যুলোক, ওষধি, জল, মনুষ্য, বন ও বৃক্ষ ধন রক্ষা করে।

৬। হে অশ্ববান্ ইন্দ্র! ঋত্বিক্‌গণ তোমার জন্য স্তোত্র, তোমার জন্য শস্ত্র যথার্থই ধারণ করিতেছেন, তাহা গ্রহণ কর। হে নিরাসম্বিতা সখিভূত ইন্দ্র! তুমি ব্যাপ্ত, তুমি নূতন অন্ন গ্রহণ কর, স্তোতাকে অন্ন দান কর।

৭। হে মরুৎগণযুক্ত ইন্দ্র! তুমি যেরূপ শর্য্যাতির পুত্রের অভিষুত সোম পান করিয়াছিলে, সেইরূপ এই যজ্ঞে সোম পান কর। হে শূর! তোমার নির্বাধস্থানে স্থিত সুন্দর যজ্ঞ বিশিষ্ট কবিগণ হব্যদ্বারা তোমার পরিচর্য্যা করে।

৮। হে ইন্দ্র! তুমি সোমাভিলাষী, তুমি সখিভূত মরুৎগণের সহিত আমাদের এই যজ্ঞে অভিষুত সোম পান কর। হে পুরুহূত! তুমি জন্মগ্রহণ করিলেই তোমাকে সমস্ত দেবগণ মহৎ যুদ্ধের জন্য অলঙ্কৃত করিয়াছিলেন।

৯। হে মরুৎগণ! ইনি জল প্রেরণ বিষয়ে তোমাদের সখা। বলদাতা মরুৎগণ ইন্দ্রকে হৃষ্ট করিয়াছিলেন। বৃত্রহন্তা তাঁহাদের সহিত যজমানের গৃহে অভিষুত সোম পান করুন।

১০। হে ধনপতি স্তুতিপ্রীয় ইন্দ্র! তুমি এই উদ্দেশানুক্রমে বল দ্বারা অভিষুত সোম শীঘ্র পান কর।

১১। হে ইন্দ্র! তোমার অন্নের জন্য যে সোম অভিষুত হইয়াছে, সেই অভিষুত সোমে শরীর নিমগ্ন কর। তুমি সোমার্হ, সোম তোমাকে হৃষ্ট করুক।

১২। হে ইন্দ্র! উহা তোমার কুক্ষিদ্বয়ে ব্যাপ্ত হউক, উহা স্তোত্রের সহিত তোমার শরীরে ব্যাপ্ত হউক। হে শূর! ধনদানের জন্য উহা তোমার বাহুদ্বয়ে ব্যাপ্ত হউক।

৫২ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। হে ইন্দ্র! ভৃষ্ট যবযুক্ত, দধিমিশ্রিত, সক্তুযুক্ত, পিষ্টকযুক্ত (১) ও উক্থবিশিষ্ট আমাদের সোম প্রাতঃসবনে গ্রহণ কর।

২। হে ইন্দ্র! পক্ব পুরোডাশ গ্রহণ কর, ভক্ষণে উদ্যম কর, তোমার উদ্দেশে হব্য সকল গমন করিতেছে।

৩। তুমি আমাদের পুরোডাশ ভক্ষণ কর এবং স্ত্রৈণ ব্যক্তি যেরূপ যুবতীকে সেবা করে, সেইরূপ তুমি আমাদের স্তুতি সেবা কর।

৪। হে প্রাচীন কাল হইতে প্রসিদ্ধ ইন্দ্র! তুমি প্রাতঃসবনে আমাদের পুরোডাশ গ্রহণ কর, কারণ তোমার কর্ম্ম মহৎ।

৫। হে ইন্দ্র! যে সময়ে পরিচর্য্যাকারী, চঞ্চলগতি, অতএব বৃষের ন্যায় আচরণকারী স্তোতা মন্ত্রদ্বারা তোমাকে প্রকর্ষরূপে স্তুতি করে, সেই মাধ্যন্দিন সবনের ভৃষ্ট যব ও কমনীয় পুরোডাশ এই যজ্ঞে ভক্ষণ দ্বারা সংস্কৃত কর।

৬। হে বহুস্তোতৃগণস্তুত ইন্দ্র! তৃতীয় সবনে আমাদের হুত ভৃষ্টযব ও পুরোডাশ ভক্ষণদ্বারা সম্মানিত কর। আমরা হব্য বিশিষ্ট হইয়া ঋভুযুক্ত ও বাজযুক্ত হইয়া কবি ইন্দ্রকে স্তুতিদ্বারা পরিচর্য্যা করিব।

৭। আমরা পূষার সহিত যুক্ত হইয়া ইন্দ্রের জন্য দধিমিশ্রিত সক্তু প্রস্তুত করিয়াছি। আমরা অশ্বযুক্ত ইন্দ্রের জন্য ভৃষ্ট যব প্রস্তুত করিয়াছি। হে ইন্দ্র!

(১) মূলে "ধান," "করম্ভ" ও "অপূপ" আছে। ইহার পরের ঋকে "পুরোডাশ" শব্দ আছে।

মরুৎগণের সহিত যুক্ত হইয়া পিষ্টক ভক্ষণ কর। হে শূর বৃত্রহন্তা বিদ্বান্ ইন্দ্র! তুমি সোম পান কর।

৮। ইঁহাকে শীঘ্র ভৃষ্ট যব প্রদান কর। ইনি নেতাগণের মধ্যে শ্রেষ্ঠবীর, ইঁহাকে পুরোডাশ প্রদান কর। হে অভিভবিতা ইন্দ্র! তোমার উদ্দেশে প্রত্যহ এরূপবিধ স্তুতি করা হইয়া থাকে, উহা সোম পানের জন্য তোমাকে প্রোৎসাহিত করুক।

৫৩ সূক্ত।

১ ঋকের ইন্দ্র ও পর্জন্য দেবতা। ১৫ ও ১৬ ঋকের বাগ্দেবতা। ১৭, ১৮, ১৯, ২০ ঋকের রথাঙ্গ দেবতা। অবশিষ্টের ইন্দ্র দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। হে ইন্দ্র ও পর্জন্য! তোমরা বৃহৎ রথে মনোহর সুন্দর পুত্রবিশিষ্ট অন্ন আনয়ন কর। হে দ্যোতমান! তোমরা যজ্ঞে হব্য ভক্ষণ কর, হব্যদ্বারা হৃষ্ট হইয়া স্তুতি দ্বারা বর্দ্ধিত হও।

২। হে মঘবন্! এই যজ্ঞে কিছুকাল সুখে অবস্থান কর, চলিয়া যাইও না। যেহেতু সুন্দররূপে অভিষুত সোম দ্বারা আমি তোমার যাগ করিতেছি। হে শক্তিমন্! পুত্র যেরূপ মধুর বাক্যে পিতার বস্ত্রপ্রান্ত গ্রহণ করে, আমি সেইরূপ সুমধুর স্তুতিদ্বারা তোমার বস্ত্রপ্রান্ত গ্রহণ করিতেছি।

৩। হে অধ্বর্য্যু! আমরা দুইজনে স্তুতি করিব, তুমি আমাকে উত্তর দান কর, আমরা দুইজনে ইন্দ্রের উদ্দেশে প্রীতিযুক্ত স্তোত্র করিব। তুমি যজমানের কুশোপরি উপবেশন কর। ইন্দ্রের উদ্দেশে উক্থ প্রশস্ত হউক।

৪। হে মঘবন্! জায়াই গৃহ, জায়াই সন্তানোৎপাদয়িত্রী। যোজিত অশ্বদ্বয় তোমাকে তথায় লইয়া যাউক। আমরা যে কোন সময়ে সোম অভিষুত করিব, সেই সময়েই যেন দূত অগ্নি তোমার নিকট গমন করে।

৫। হে মঘবন্! স্বগৃহে চলিয়া যাও অথবা এই যজ্ঞে আগমন কর। হে ভ্রাতা! উভয় স্থলেই তোমার প্রয়োজন আছে (১)। গৃহ গমনের জন্য মহৎ রথোপরি অবস্থান কর, অথবা হ্রেষারবকারী অশ্বকে বিমুক্ত করিয়া এই যজ্ঞে অবস্থান কর।

৬। হে ইন্দ্র! সোম পান কর, তৎপরে গৃহে গমন কর, তোমার গৃহে

(১) গৃহে তোমার জায়া আছে, যজ্ঞে সোম আছে। সায়ণ।

কল্যাণকারিণী জায়া ও সুন্দর ধ্বনি আছে, গৃহ গমনের জন্য মহৎ রথোপরি অবস্থান কর, অথবা অশ্বকে বিমুক্ত করিয়া এই যজ্ঞে অবস্থান কর।

৭। এই ভোজগণ, বিরূপ অঙ্গিরাগণ অপেক্ষা অসুর আকাশের বী...গণ (২) বিশ্বামিত্রকে সহস্রস্থযজ্ঞে ধন দান করতঃ তাঁহার জীবন বর্দ্ধনের জন্য

৮। মঘবা স্বকীয় শরীর হইতে মায়া করিয়া ভিন্ন ...হুগণ! তোমরা... করেন। তিনি ঋতবান্ হইলেও অঋতুতে সোম পান ...হেতু ঋত্বিকগণ স্বকীয় স্তুতি দ্বারা আহূত হইয়া স্বর্গলোক হইতে মুহূর্ত্তমধ্যে ...ন করেন।

৯। বিশ্বামিত্র মহান্ ও ঋষি, তিনি দে...মান্, বিনাশক, দেবকর্ত্তৃক আকৃষ্ট এবং নেতৃগণের উপদেশক; তিনি জলবি... আমাদের স্তোত্র...রুদ্ধ করিয়াছিলেন। তিনি সুদাস রাজাকে তাড়না করিয়াছিলে... দান কর। ইন্দ্রকে কুশিকবংশীয়দের প্রিয় করিয়াছিলেন। ... শস্ত্র সক...

১০। হে মেধাবী, নেতৃগণের উপদেশক কুশিকগণ! প্রস্তর দ্বারা সোম অভিষুত হইলে পর তোমরা স্তুতিদ্বারা দেবগণকে হৃষ্ট করতঃ শব্দায়মান্ হংসের ন্যায় মন্ত্র উচ্চারণ কর, দেবগণের সহিত মধুর সোমরস পান কর।

১১। হে কুশিকগণ। তোমরা অশ্বের সমীপে গমন কর, অশ্বকে উত্তেজিত কর, ধনের জন্য সুদাসের অশ্বকে ছাড়িয়া দাও। রাজা ইন্দ্র বৃত্রকে পূর্ব্ব, পশ্চিম ও উত্তর দেশে বধ করিয়াছেন, অতএব সুদাস রাজা পৃথিবীর উত্তম স্থানে যজ্ঞ করুন।

১২। আমি দ্যাবাপৃথিবীদ্বারা ইন্দ্রকে স্তব করাইয়াছি, বিশ্বামিত্রের এই স্তোত্র ভারতলোকদিগকে রক্ষা করুক। (৪)

১৩। বিশ্বামিত্র বংশীয়েরা বজ্রহস্ত ইন্দ্রকে স্তুতি করিয়াছে, তিনি আমাদিগকে ধনাঢ্য করুন।

---

(২) মূলে আছে "ইমে ভোজাঃ অঙ্গিরসঃ বিরূপাঃ দিবঃ পুত্রাসঃ অসুরস্য বীরাঃ।" "অসুর" সম্বন্ধে ৩।৩।৪ ঋকের টীকা দেখ।

(৩) মূলে "বিশ্বামিত্রো যৎ অবহৎ সুদাসম্" এইরূপ আছে। সায়ণ অর্থ করিয়াছেন যে বিশ্বামিত্র সুদাসের জন্য যজ্ঞ সম্পাদন করিয়াছিলেন। কিন্তু "অবহৎ" শব্দের সে অর্থ সঙ্গত নহে। এবং বিশ্বামিত্র সুদাসের শত্রুদিগের পুরোহিত, সুদাসের জন্য যজ্ঞ করা তাঁহার পক্ষে সম্ভব নহে। ১।৪৭।৬ এবং ৩।৩৩।১ ঋকের টীকা দেখ।

(৪) সুদাস রাজা ও ভারত জাতি সম্বন্ধে ১।৪৭।৬ ঋকের টীকা দেখ। এবং এই সূক্তের শেষ ঋক্ দেখ।

১৪। কীকট সমূহের মধ্যে গাভী সকল তোমার কি করিবে? উহারা তুমি'মের সহিত মিশ্রিত হইবার যোগ্য দুগ্ধ দান করে না, দুগ্ধ প্রদান দ্বারা ৮।'ও দীপ্ত করে না। উহাদিগকে আমাদের নিকট আনয়ন কর, ইঁহাকে পুরোন আনয়ন কর(৫)। হে মঘবন্! নীচবংশীয়দিগের ধন আমা-'ত্যাহ একবিধ স্তুর।

-াহিত করুক। া সসর্পরী (৬) অজ্ঞানকে বাধাদান করতঃ আকাশে প্রভূত শ. ের্য্যর দুহিতা দেবগণের নিকট ক্ষয়রহিত অমৃত-রূপ অন্ন বিস্তা:

৫৩

১৬। পঞ্চশ্রে. য অন্ন আছে, সসর্পরী শীঘ্র তাহা আমা-দিগকে অধিক পরিমা দবতা। ১৫ ও ১৬ বৃদ্ধ জমদগ্নিগণ আমাদিগকে যে পক্ষ্যা দান করিয়াছেন, সেই সূ া। অবশিষ্টে নূতন অন্ন দান করুন।

১৭। গোদ্বয় স্থির হউক, তোমর দৃঢ় হউক। দণ্ড যেন বিনষ্ট না হয়, যুগ যেন বিশীর্ণ না হয়। ইন্দ্র কীলকদ্বয়কে বিশীর্ণ হইবার পূর্ব্বে ধারণ করুন, হে অহিংসিত নেমিবিশিষ্ট রথ! তুমি আমাদিগের অভিমুখে আগমন কর (৭)।

১৮। হে ইন্দ্র! আমাদের শরীরে বল দান কর, আমাদের বলীবর্দ্দগণকে বল দান কর। আমাদের পুত্রপৌত্রগণকে চিরজীবী হইবার জন্য বল দান কর। কারণ তুমি বলপ্রদ।

১৯। রথের খদির কাষ্ঠের সারকে দৃঢ় কর, রথের শিশপ্য কাষ্ঠকে দৃঢ় কর (৮)। হে দৃঢ় ও আমাদের কর্ত্তৃক দৃঢ়ীকৃত অক্ষ! দৃঢ় হও, এই রথ হইতে আমাদিগকে ফেলিয়া দিও না।

(৫) মূলে "কীকটেষু" আছে। "অনার্য্য নিবাসেষু জনপদেষু।" সায়ণ। "Kikata is usually identified with South Behar."—*Wilson*. "In the Rik Samhita, where the Kikatas—the ancient of the people of Magadha—and their king Pramaganda are mentioned as hostile, we have probably to think of the aborigines of the country."—*Weber*.

(৬) জমদগ্নি অর্থে প্রজ্বালিতাগ্নি ঋষি। সসর্পরী অর্থে শব্দরূপ বাক্য। সায়ণ।

(৭) বিশ্বামিত্র গৃহে প্রত্যাগমন কালে রথাঙ্গ সকলকে স্তব করিতেছেন। সায়ণ।

(৮) "Khadira, *Mimosa catechu*, of which the scholiast says the bolt of the axle is made, whilst the Sisampa, *Dalbergia sisu* furnishes wood for the floor: these are still timber trees in common use."—*Wilson*.

২০। বনস্পতি এই রথ আমাদিগকে যেন ফেলিয়া না দেয়, যেন আঘাত না করে। আমাদের গৃহগমন পর্য্যন্ত মঙ্গল হউক, রথের বেগের অবসান-পর্য্যন্ত মঙ্গল হউক, অশ্বগণের বিমোচন পর্য্যন্ত মঙ্গল হউক।

২১। হে শূর ধনবান্! আমরা শত্রুহিংসক। আমাদিগকে প্রজ্ঞানের জন্য আশ্রয়দান দ্বারা প্রীত কর। যে আমাদিগকে দ্বেষ করে, হে... তোমরা পতিত হউক, আমরা যাহাকে দ্বেষ করি, প্রাণবায়ু তাহাহেতু ঋত্বিকগণ প্রা...

২২। পরশুদ্বারা বৃক্ষ যেরূপ তাপ প্রাপ্ত হয়. প্রাপ্ত হউক, শিমুল ফুল যেরূপ অনায়াসে বিচ্ছিন্ন ...ান্, বিনাশক, যজ্ঞোৎপন্ন শরীর হউক, প্রহত, জলস্রাবী পাকস্থলী যেরূপ আমাদের স্তোত্র শ্রব... সেইরূপ শত্রু মুখ হইতে ফেন উদ্গীরণ করুক। ... দান কর।

২৩। হে জনগণ! তোমরা অবসানক শস্ত্র সকল একে জান না, তপঃফল লুব্ধকে পশুবৎ মনে করিয়া লইয়া যাইতে... প্রাজ্ঞ ব্যক্তি মূর্খব্যক্তিকে হাস্যাস্পদ করে না (৯), অশ্বের সম্মুখে গর্দ্দভকে লইয়া যায় না।

২৪। হে ইন্দ্র! ভারতগণ বশিষ্ঠগণের সহিত পার্থক্যই জানে, একতা জানে না। সংগ্রামে তাহাদের প্রতি সহজ শত্রুর ন্যায় অশ্ব প্রেরণ করে ধনুক ধারণ করে (১০)।

---

৫৪ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। বিশ্বামিত্রের পুত্র প্রজাপতি অথবা বাকের পুত্র প্রজাপতি ঋষি।

১। মহান্, যজ্ঞে নিষ্পাদ্যমান্ ও স্তুতিযোগ্য অগ্নির উদ্দেশে সুখকর এই স্তোম পুনঃ পুনঃ উচ্চারণ করিতেছে। অগ্নি দমনকুশল তেজোযুক্ত হইয়া আমাদের স্তুতি শ্রবণ করুন, নিরন্তর দিব্য তেজোযুক্ত হইয়া আমাদের স্তুতি শ্রবণ করুন।

(৯) অর্থাৎ বিদ্বান্ ব্যক্তি যেরূপ মূর্খ ব্যক্তির সহিত বিবাদ করে না, সেইরূপ বিশ্বামিত্রেরও বশিষ্ঠের সহিত বিবাদ করা উচিত নহে। সায়ণ।

(১০) অনুক্রমণিকায় আছে যে এই শেষ ঋক্গুলি বশিষ্ঠ বংশীয়গণের প্রতি অভিসম্পাত। নিরুক্তের টীকাকার বশিষ্ঠবংশীয়, সুতরাং তিনি এই ঋক্ সম্বন্ধে লিখিয়াছেন "যা বশিষ্ঠদ্বেষি ঋক্ অহঞ্চ কাপিষ্ঠলো বাশিষ্ঠঃ অতঃ তাং ন নির্ব্রবীমি।" আচার্য্য রোথ এবং মক্ষমূলর বলেন ঋগ্বেদের অনেক হস্তলিপিতে এই ঋক্, একেবারে ছাড়িয়া দেওয়া হইয়াছে।

২। মহতী দ্যাবাপৃথিবীর মাহাত্ম্য জানিয়া তাঁহাদিগকে অর্চ্চনা কর। তুাঁমার মনোরথ তাঁহাদিগের অভিলাষে বিচরণ করিতেছে। পূজাভিলাষী ৮'ণ্‌ সকল মনুষ্যের যজ্ঞে দ্যাবাপৃথিবীর স্তোত্রে মত্ত হয়েন।

ইঁহাকে পুরো দ্যাবাপৃথিবী! তোমাদের ঋত যথার্থ হউক। তোমরা আমাদের [illegible]ত্যাহ একবিধ [illegible] কার্য্যে সমর্থ হও। হে অগ্নি! দ্যুলোক ও পৃথিবীকে ন[illegible] [illegible]াহিত করুক। [illegible]দ্বারা পরিচর্য্যা করিতেছি, আমি উত্তম ধন প্রার্থনা করি[illegible]

৪। বিস্তা[illegible] [illegible]! পুরাতন সত্যবাদী মহর্ষিগণ তোমাদিগের নিকট হইতে [illegible]শ্রে[illegible] [illegible]দবতা। ১৫ ও ১[illegible] [illegible]য়াছিল। হে পৃথিবী! মনুষ্যগণ শূর-পরিভবকর যুদ্ধে তো[illegible] [illegible]। অবশি[illegible] জানিয়া তোমাদিগের স্তব করে।

৫। কে সত্যকে [illegible] তোম[illegible] উহা বলে? কোন্ পথ দেবতাদিগের নিকট লইয়া যায়? দেবগণের অধ[illegible] [illegible]অর্থাৎ দ্যুলোক স্থিত নক্ষত্রাদি দেখা যায়, তাহা উৎকৃষ্ট দুর্জ্ঞেয় ব্রতে অবস্থিতি করে।

৬। কবি, মনুষ্যগণের দ্রষ্টা সূর্য্য, এই দ্যাবাপৃথিবীকে সর্ব্বতোভাবে দর্শন করেন। জলের উৎপত্তি স্থান অন্তরিক্ষে হর্ষকারিণী, রসবতী, ও সমান কর্ম্ম দ্বারা ঐক্য ভাবাপন্না দ্যাবাপৃথিবী পক্ষীর কুলায়ের ন্যায় নানা স্থান অধিকার করিয়াছেন।

৭। সমান কর্ম্ম বিশিষ্টা, বিযুক্তা, দূরসীমাযুক্তা, ও বিনাশরহিত দ্যাবা-পৃথিবী জাগরণশীল হইয়া অবিনাশী পদে অন্তরিক্ষে নিত্যতরুণা ভগিনীদ্বয়ের ন্যায় রহিয়াছেন। তাঁহারা দুই জনে পরস্পরকে মিথুন নামে ডাকিয়া থাকেন।

৮। তাঁহারা সমস্ত ভূতজাতকে বিভক্ত করিয়া রাখেন, এবং মহৎ দেব-গণকে ধারণ করিয়াও ব্যথা পান না। স্থাবরজঙ্গমাত্মক সকলেই এক আধারে অবস্থিতি করে, সমস্ত পশুপক্ষী তথায় রহিয়াছে।

৯। আমি এক্ষণে মহৎ পিতার সেই সনাতন পুরাতন জ্ঞাতিত্ব চিন্তা করি। তাঁহার বিস্তীর্ণ নির্জ্জন পথে স্তুতিকারী দেবগণ স্বীয় স্বীয় বাহনের সহিত অবস্থান করেন।

১০। হে দ্যাবাপৃথিবী! আমি এই স্তোম উচ্চারণ করিতেছি। কোমলোদর, অগ্নি জিহ্বাবিশিষ্ট, দীপ্তিমান্, নিত্যতরুণ, কবি ও স্বকর্ম্মকীর্ত্তন-কারী মিত্র, বরুণ প্রভৃতি অদিতি পুত্রগণ শ্রবণ করুন।

১১। সুবর্ণপাণি, সুবাক্ সবিতা আকাশ হইতে যজ্ঞে সবনত্রয়ে আগমন করেন। হে সবিতা! তুমি স্তোতাগণের স্তোত্র গ্রহণ কর, তৎপরে আমাদিগকে সমস্ত অভিলষিত দান কর।

১২। সুকৃৎ, সুপাণি, ধনবান্, সত্যসংকল্প ত্বষ্টাদেব আশ্রয় দানের জন্য আমাদিগকে সেই সকল অভিলষিত দান করুন। হে ঋভুগণ! তোমরা পূষার সহিত যুক্ত হইয়া আমাদিগকে হৃষ্ট কর, যেহেতু ঋত্বিকগণ প্রস্তর উত্তোলন করতঃ যজ্ঞ করিতেছেন।

১৩। বিদ্যুৎ রথযুক্ত, আয়ুধবান্, দীপ্তিমান্, বিনাশক, যজ্ঞোৎপন্ন, সতত গমনশীল ও যজ্ঞার্হ মরুৎগণ ও সরস্বতী আমাদের স্তোত্র শ্রবণ করুন। হে ত্বরান্বিত মরুৎগণ! তোমরা পুত্রবিশিষ্ট ধন দান কর।

১৪। ধনের হেতুভূত এই স্তোত্র এবং শস্ত্র সকল এই যজ্ঞে বহুকর্ম্মা বিষ্ণুর নিকট গমন করুক। তিনি উরু বিক্রমী। পূর্ব্বকালীনা, যুবতী মাতাস্বরূপ (১) দিক্ সকল তাঁহাকে লঙ্ঘন করে না।

১৫। সর্ব্বসামর্থ্যসম্পন্ন ইন্দ্র দ্যাবাপৃথিবী, উভয়কেই, মহিমাদ্বারা পূর্ণ করিয়াছেন। হে ইন্দ্র! তুমি পুরভেদী, বৃত্রহন্তা ও শত্রুজয়শীল সেনাযুক্ত; তুমি পশু সংগ্রহ করতঃ আমাদিগকে প্রচুর পরিমাণে দান কর।

১৬। হে নাসত্যদ্বয়! তোমরা বন্ধুদিগের অভিলষিত জিজ্ঞাসা করিয়া থাক, তোমরা আমার পালক হও। অশ্বিদ্বয়ের মিলন কমনীয়। তোমরা আমাদিগকে উত্তম ধন দান কর। তোমরা অতিরস্কৃত, তোমরা হব্যদাতাকে অনিন্দনীয় কর্ম্ম দ্বারা রক্ষা কর।

১৭। হে কবি দেবগণ! তোমাদের সেই মহৎ কর্ম্ম মনোহর, যে কর্ম্মদ্বারা তোমরা সকলে ইন্দ্র লোকে দেবত্ব প্রাপ্ত হইয়াছ। হে পুরুহূত ইন্দ্র! তুমি ঋভুগণের সহিত সখ্য ভাবাপন্ন। তোমরা এই স্তুতি আমাদের ধন লাভের জন্য স্বীকার কর।

১৮। অর্য্যমা, অদিতি, যজ্ঞার্হ দেবগণ এবং অহিংসিতকর্ম্মা বরুণ আমাদিগকে রক্ষা করুণ, আমাদের মার্গ হইতে পুত্রগণের অকল্যাণ দূর করুন। আমাদের গৃহ পশুযুক্ত ও অপত্যবিশিষ্ট হউক।

---

(১) মূলে "পূর্ব্বীঃ যুবতযঃ জনিত্রীঃ" আছে। সায়ণ পূর্ব্বীঃ অর্থে বহু, যুবতয়ঃ অর্থে পরস্পর অসঙ্কীর্ণা এবং জনিত্রী অর্থে সকলের জন্মযিত্রী করিয়াছেন। "Primeval, creative wives."—*Muir*.

১৯। বহুস্থানে বিহিত ও দেবগণের দূত অগ্নি আমাদিগকে সর্ব্বত্র নিরপরাধী বলুন। পৃথিবী, দ্যুলোক, জল সমূহ, সূর্য্য, ও নক্ষত্রপূর্ণ বিশাল অন্তরিক্ষ আমাদিগের স্তুতি শ্রবণ করুন।

২০। অভীষ্টবর্ষী মরুৎগণ এবং নিশ্চল পর্ব্বতগণ হব্যদ্বারা হৃষ্ট হইয়া আমাদের স্তুতি শ্রবণ করুন। আদিত্যগণের সহিত অদিতি আমাদের স্তুতি শ্রবণ করুন। আমাদিগকে কল্যাণকর সুখ দান করুন।

২১। আমাদের পথ সর্ব্বদা সুগম ও অন্নযুক্ত হউক; হে দেবগণ! তোমরা জলদ্বারা ওষধিগণকে সংসিক্ত কর। হে অগ্নি! তুমি সখা হইলে আমার ধন যেন বিনষ্ট না হয়, আমি যেন ধন ও বহুল অন্নযুক্ত স্থান প্রাপ্ত হই।

২২। হে অগ্নি! হব্য আস্বাদন কর, অন্ন সম্যক্‌রূপে প্রকাশ কর, অন্ন আমাদের অভিমুখীন কর, সংগ্রামে সেই সমস্ত শত্রুগণকে জয় কর, প্রফুল্ল মনে আমাদের দিন সকল প্রকাশ কর।

৫৫ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। প্রজাপতি ঋষি।

১। ঊষা যখন পূর্ব্বেই প্রকাশিত হয়েন, তখন অবিনাশী, মহান্ সূর্য্য জলের স্থানে উৎপন্ন হয়েন, যজমান দেবগণের সমীপে শীঘ্র ব্রত সকল উপস্থিত করেন। দেবগণের মহৎ বল একই (১)।

২। হে অগ্নি! এক্ষণে দেবগণ যেন আমাদিগকে হিংসা না করে, দেবপদভাক্ পূর্ব্ব পুরুষগণ যেন আমাদিগকে হিংসা না করে, কেতু সূর্য্য পুরাতন দ্যাবাপৃথিবীর মধ্যে উদিত হইতেছেন। দেবগণের মহৎ বল একই।

(১) এই সূক্তের প্রত্যেক ঋকের শেষে এই কথা গুলি আছে, "মহৎ দেবানাং অসুরত্বং একং।" "দেবানাং একং মুখ্যং অসুরত্বং * * * * প্রাবল্যং মহৎ ঐশ্বর্য্যং।" সায়ণ। "Great and unequalled is the might of the gods."—*Wilson*. The great divinity of the gods is *one*."—*Max Muller*. "The divine power of the gods is unique."—*Muir*.

৩। আমার বিবিধ অভিলাষ বিবিধ দিকে গমন করিতেছে, আমি যজ্ঞের উদ্দেশে পুরাতন স্তোত্র সকল প্রদীপ্ত করিতেছি, অগ্নি সমিদ্ধ হইলে পর, আমরা কেবল সত্যই বলিব। দেবগণের মহৎ বল একই।

৪। সর্ব্বসাধারণের রাজা বহুপ্রদেশে স্থাপিত হয়েন, তিনি বেদিতে শয়ন করেন, বনমধ্যে (২) বিভক্ত হন। অন্য দ্যুলোক বৎসভূত সোম বা অগ্নিকে বৃষ্টিদ্বারা পোষণ করেন, মাতা পৃথিবী ধারণ করেন। দেবগণের মহৎ বল একই।

৫। অগ্নি অথবা সূর্য্য জীর্ণ ওষধি সকলের মধ্যে বর্ত্তমান থাকিয়া, নব্যা ওষধি সকলের মধ্যে অবস্থিতি করিয়া, পরে তরুণী ওষধি সকলের মধ্যে বাস করেন। অজাতগর্ভা ওষধিগণ গর্ভবতী হইয়া ফল প্রসব করে। দেবগণের মহৎ বল একই।

৬। দ্বিমাতা (৩) সূর্য্য পশ্চিমদিকে শয়ন করেন, কিন্তু উদয় কালে সেই বৎস সূর্য্য অপ্রতিবদ্ধ গতিতে বিচরণ করেন। এই সকল মিত্র ও বরুণের কর্ম্ম। দেবগণের মহৎ বল একই।

৭। দ্বিমাতা, যজ্ঞের হোতা ও সম্রাট্ অগ্নি অগ্রে আকাশে সূর্য্যরূপে বিচরণ করেন। তিনি সকলের মূলভূত হইয়া ভূমিতে বাস করেন। রমণীয় বাক্‌যুক্ত স্তোতাগণ রমণীয় স্তোত্র করিতেছেন। দেবগণের মহৎ বল একই।

৮। যুদ্ধকারী শূরব্যক্তির অভিমুখে আগমনকারী শত্রুসৈন্যকে যেরূপ পরাঙ্মুখ হইতে দেখা যায়, সেইরূপ সমীপবর্ত্তী অগ্নির অভিমুখে আগমনকারী ভূতজাতকে পরাঙ্মুখ হইতে দেখা যায়। অগ্নির মধ্যে জলের বিনাশক দীপ্তি আছে। দেবগণের মহৎ বল একই।

৯। পালয়িতা দূত অগ্নি ঐ সকল ওষধি মধ্যে ব্যাপ্ত রহিয়াছেন। তিনি মহান্, তিনি সূর্য্যের সহিত দ্যাবাপৃথিবীর মধ্যে বিচরণ করেন। তিনি নানাবিধ রূপ ধারণ করতঃ আমাদিগকে দর্শন করেন। দেবগণের মহৎ বল একই।

(২) সোম অথবা অগ্নি রাজা। অগ্নিপক্ষে অরণি সকলের মধ্যে এবং সোম পক্ষে চমস সকলের মধ্যে। সায়ণ।

(৩) দ্যুলোক ও পৃথিবী যাঁহার জননী, অথবা যিনি লোকদ্বয়কে নির্ম্মাণ করিয়াছেন। সায়ণ।

১০। রক্ষক বিষ্ণু [৪] প্রিয়তম, অক্ষয় তেজঃ ধারণ করতঃ পরম স্থান রক্ষা করেন। অগ্নি সমস্ত ভূতজাতকে জানেন। দেবগণের মহৎ বল একই।

১১। মিথুনভূত অহঃ ও রাত্রি নানাবিধরূপ ধারণ করেন। কৃষ্ণবর্ণা ও শুক্লবর্ণা যে ভগিনীদ্বয়, তাঁহাদের এক জন দীপ্তিশালী ও অন্য জন কৃষ্ণবর্ণ। দেবগণের মহৎ বল একই।

১২। মাতা পৃথিবী ও দুহিতা দ্যুলোক স্বরূপ ক্ষীরদায়িনী ধেনুদ্বয়, যে অন্তরিক্ষে পরস্পর সঙ্গত হইয়া পরস্পরকে রস পান করাইতেছেন, জলের স্থানভূত সেই অন্তরিক্ষের মধ্যস্থিত দ্যাবাপৃথিবীকে আমি স্তব করিতেছি। দেবগণের মহৎ বল একই।

১৩। দ্যুলোক পৃথিবীর বৎস অগ্নিকে লেহন করতঃ ধ্বনি করে। দ্যুরূপা ধেনু পৃথিবীকে জলশূন্য করিয়া স্বীয় ঊধঃপ্রদেশ পূর্ণ করে, সেই পৃথিবী আদিত্যের জল দ্বারা সিক্ত হয়। দেবগণের মহৎ বল একই।

১৪। পৃথিবী নানাবিধ শরীর পরিধান করেন, তিনি উন্নত হইয়া সার্দ্ধ সম্বৎসর বয়সের বৎসকে [৫] লেহন করতঃ অবস্থান করেন। আমি সূর্য্যের স্থান জানিয়া পরিচর্য্যা করিতেছি। দেবগণের মহৎ বল একই।

১৫। পদদ্বয়ের ন্যায় দর্শনীয় অহোরাত্রি দ্যাবাপৃথিবীর মধ্যে স্থাপিত আছে। তাহাদের মধ্যে একজন গূঢ় আর একজন আবির্ভূত। ইহাদের পরস্পর মিলন পথ কাল পুণ্যকারী ও অপুণ্যকারী উভয়কেই প্রাপ্ত হয়। দেবগণের মহৎ বল একই।

১৬। শিশুরহিতা নভঃপ্রদেশে শয়ানা, অক্ষীণরসা, ক্ষীরপ্রসবিনী যুবতী ও সর্ব্বদা নূতনা মেঘসকল কম্পিত হউক। দেবগণের মহৎ বল একই।

১৭। অভিষ্টবর্ষী ইন্দ্র, কোন কোন দিকে অত্যন্ত মেঘের শব্দ করেন, অন্যান্য দিক সমূহে জল বর্ষণ করেন। তিনি জল ক্ষেপণবান্, তিনি সকলের ভজনীয়, তিনি রাজা। দেবগণের মহৎ ফল একই।

১৮। হে জন সকল! আমরা শূর ইন্দ্রের সুন্দর অশ্বসমূহের কথা বলি·

(৪) সায়ণ এখানে বিষ্ণু শব্দকে অগ্নির বিশেষণ করিয়া ব্যাপ্ত অর্থ করিয়াছেন, কিন্তু মিউরর বিষ্ণু দেবতা অর্থই করিয়াছেন! ১২২।১৬ ঋকের টীকা দেখ।

(৫) মূলে "ত্রবিঃ" আছে। দেড় বৎসরের বৎসকে ত্র্যবি বলে। অতএব দেড় বৎসরের সূর্য্য অথবা ত্রিলোককে ব্যাপ্তকারী সূর্য্য। সায়ণ।

তেছি। দেবগণ উহা জানেন। তাহারা ছয়টি অথবা পাঁচটী করিয়া যোজিত হইয়া তাঁহাকে বহন করে (৬) দেবগণের মহৎ বল একই।

১৯। সকলের প্রেরক, নানাবিধ রূপবিশিষ্ট ত্বষ্টৃদেব বহু প্রকারে পুত্র উৎপাদন করেন ও পালন করেন। এই সমস্ত ভুবন তাঁহার। দেবগণের মহৎ বল একই।

২০। তিনি মহতী পরস্পর সঙ্গত দ্যাবাপৃথিবীকে পশুপক্ষী যুক্ত করিয়াছেন। তাঁহারা উভয়ে ইন্দ্রের তেজঃ দ্বারা ব্যাপ্ত। তিনি বীর, তিনি শত্রুর ধন গ্রহণে বিখ্যাত, দেবগণের মহৎ বল একই।

২১। বিশ্বধাতা আমাদের রাজা ইন্দ্র এই পৃথিবী ও অন্তরিক্ষের সমীপে হিতকারী মিত্রের ন্যায় বাস করেন। বীর মরুৎগণ ইন্দ্রের অগ্রে অগ্রে যুদ্ধে গমন করেন এবং তাঁহার গৃহে বাস করেন। দেবগণের মহৎ বল একই।

২২। হে ইন্দ্র! ওষধি সকল তোমা কর্তৃক সিদ্ধি প্রাপ্ত হয়, জল তোমা হইতে নির্গত হয়। পৃথিবী তোমার জন্য ধন ধারণ করেন। আমরা তোমার সখা। আমরা যেন তোমার ধনের ভাগী হইতে পারি। দেবগণের মহৎ বল একই (৭)।

(৬) এখানে ইন্দ্র কালাত্মক ও অশ্বগণ ঋতু সকল। হেমন্ত, শীত এই দুই ঋতু এক হইলে পাঁচ ঋতু। সায়ণ।

(৭) এই সূক্তে ঋষি প্রকৃতির কার্য্য পরম্পরার মধ্যে ঐক্য বুঝিতে পারিয়া, দেবগণের কার্য্যের ঐক্য ও ঐশ্বরিক বলের একতা প্রকটিত করিয়াছেন। অগ্নি বেদিতে বিরাজ করেন, বনে প্রজ্বলিত হয়েন, আকাশে উৎপন্ন হয়েন, পৃথিবীতে বিকাশিত হয়েন, (৪ ঋক্); তিনি উত্তাপরূপে শস্য উৎপাদন করেন, (৫ ঋক্); সূর্য্যরূপে পশ্চিমদিকে অস্ত গিয়া পূর্ব্বদিকে উদয় হয়েন, (৬ঋক); আকাশে বিচরণ করেন, ভূমিতে বাস করেন, (৭ ঋক্); দিবা ও রাত্রি পরস্পরে সঙ্গত হইয়া আসিতেছে ও যাইতেছে, (১১ ঋক্); আকাশ ও পৃথিবী পরস্পরকে বৃষ্টি ও বাষ্পরূপে রস দান করিতেছে, (১২ ঋক্); এবং যে নৈসর্গিক নিয়মে একদিকে বজ্র হইতেছে, সেই নিয়মে অন্যদিকে বৃষ্টি হইতেছে, (১৭ ঋক); একই নির্ম্মাণ কর্ত্তা মনুষ্য ও পশুপক্ষীকে সৃষ্ট করিয়াছেন, (১৯, ২০ ঋক্); তিনিই শস্য উৎপাদন করেন, বৃষ্টিদান করেন, ধন ধান্য উৎপন্ন করেন, (২২ ঋক্)। প্রকৃতির অনন্ত কার্য্য পরম্পরাকেই ভিন্ন ভিন্ন দেবের নামে স্তুতি করা হয়, সেই কার্য্য পরম্পরায় একতা দেখিয়া ঋষি বলিতেছেন, দেবগণের কার্য্য সমূহ ভিন্ন নহে, তাঁহাদিগের দৈব ক্ষমতা, ঐশ্বরিক বল একই। মনুষ্য হৃদয়ে এই রূপেই প্রকৃতির এক নিয়ন্তা, এক ঈশ্বরের অনুভব উদয় হয়।

৫৬ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। প্রজাপতি ঋষি।

১। মায়াবীগণ দেবগণের প্রসিদ্ধ প্রথম স্থির কর্ম্ম সকলের বিঘ্ন উৎপাদন করিতে পারে না, ধীরগণও পারে না। দ্রোহরহিত দ্যাবাপৃথিবী প্রজাগণের সহিত তাহার বিঘ্ন উৎপাদন করিতে পারে না। অচল পর্ব্বতগণকে অবনত করিতে পারা যায় না।

২। একটি স্থায়ী বৎসর ছয়টী ভার ঋতু ধারণ করে। গাভী সকল রশ্মি সকল সত্য ও প্রবৃদ্ধ আদিত্যাত্মক সম্বৎসরে মিলিত হয়। চঞ্চল লোকত্রয় উপরি উপরি বর্ত্তমান রহিয়াছে, দুইটী স্বর্গ ও অন্তরিক্ষ গুহায় নিহিত, একটি পৃথিবী দেখিতে পারা যায়।

৩। তিন বক্ষবিশিষ্ট, তিন উধঃবিশিষ্ট বিশ্বরূপ, বহু প্রকার ও প্রজাবান্ এবং ত্রিগুণযুক্ত মহিমাবান্ বৃষভ আসিতেছে। সেই বৃষভ সকলের জন্য রস ধারণ করে (১)।

৪। সম্বৎসর এই সকল ওষধির সমীপে ইহাদিগের পদবীস্বরূপ জাগরিত হইয়াছে। আমি আদিত্যগণের মনোহর নাম উচ্চারণ করিতেছি। স্বতন্ত্র স্বতন্ত্র পথে চলিত, দ্যুতিমান্ জলসমূহ উহাকে প্রীত করে, আবার পরিত্যাগ করে (২)।

৫। হে নদীগণ! কবিগণের অর্থাৎ দেবগণের ত্রিগুণিত ত্রিসংখ্যক স্থান আছে। ত্রিমাতা (৩) সম্বৎসর যজ্ঞের সম্রাট্। জলবতী অন্তরিক্ষচারিণী তিন যোষিত (৪) যজ্ঞে দিবসে তিন বার অর্থাৎ তিন সবনে আগমন করেন।

৬। হে সবিতা! দ্যুলোক হইতে আগমন করতঃ প্রত্যহ তিনবার করিয়া আমাদিগকে বরণীয় ধন প্রদান কর। হে ত্রাতা ভগ! আমাদিগকে দিবসের

(১) সায়ণ বলেন বৃষভ অর্থে বর্ষা সংবৎসর। তিনটি বক্ষঃস্থল, গ্রীষ্ম, বর্ষা, শীত। তিনটী উধঃ বসন্ত, শরৎ, হেমন্ত। প্রজা শব্দের অর্থ শস্য। তিনগুণ, উষ্ণ, বর্ষা, শীত। সকলের জন্য রস ধারণ করে, অর্থাৎ শস্যাদিকে জল দান করে।

(২) সায়ণ আদিত্য শব্দের অর্থ করেন, বৎসরের মাস সমূহ। জল বর্ষার চারি মাস সম্বৎসরের নিকট থাকে, অবশিষ্ট আট মাস তাহার নিকট থাকে না। সায়ণ।

(৩) অর্থাৎ তিন লোকের নির্ম্মাতা। সায়ণ।

(৪) ইলা, সরস্বতী ও ভারতী।

মধ্যে তিনবার তিন ধাতুর (৫) ধন ও গোধন প্রদান কর। হে ধিষণা! আমাদিগের যাহাতে ধন লাভ হয় তাহা কর।

৭। সবিতা যেন দিনে তিনবার ধন প্রদান করেন। কল্যাণপাণি রাজা মিত্রাবরুণ, দ্যাবাপৃথিবী ও অন্তরিক্ষ ইহারা সকলে সবিতার বদান্যতা হইতেই রত্নলাভের আশা করেন।

৮। উত্তম, বিনাশরহিত ও দীপ্তিমান্ স্থানের সংখ্যা তিন। অসুরের তিন পুত্র (৬) শোভা পাইতেছেন। যজ্ঞবান্, শীঘ্রগামী, অহিংসনীয় দেবগণ দিনে তিনবার যজ্ঞে আগমন করুন।

---

৫৭ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। বিবেকশালী (ইন্দ্র) গোপহীনা, একাকিনী, (গোষ্ঠে) বিহারিণী ধেনুর ন্যায় আমার এই স্তুতি অবগত হউন। উহাকে (ইচ্ছা করিলে) তৎক্ষণাৎ প্রভূত অন্ন দোহন করা যায়। অতএব ইন্দ্র ও অগ্নি উহার প্রশংসা করুন।

২। ইন্দ্র, পূষা, এবং অভীষ্টবর্ষী কল্যাণপাণি মিত্রাবরুণ প্রীত হইয়া সম্প্রতি অন্তরিক্ষশায়ী মেঘকে অন্তরিক্ষ হইতেই দোহন করিতেছেন। হে নিবাসপ্রদ বিশ্বদেবগণ! তোমরা এই বেদিতে বিহার কর, আমরা যেন তোমাদের প্রদত্ত সুখ প্রাপ্ত হইতে পারি।

৩। যে জামিগণ (১) জলবর্ষী ইন্দ্রের শক্তি বাঞ্ছা করে, তাহারা নম্র হইয়া ইন্দ্রের গর্ভাধান শক্তি অবগত হয়। ফলাভিলাষী ধেনুগণ অর্থাৎ ওষধি সকল, নানারূপধারী পুত্রের অর্থাৎ যবাদি শস্যের অভিমুখে বিচরণ করে।

৪। যজ্ঞে প্রস্তর ধারণ করিয়া আমি সুন্দর রূপবিশিষ্ট দ্যাবাপৃথিবীকে স্তুতি দ্বারা প্রীত করিতেছি। হে অগ্নি! তোমার অতিশয় কমনীয়, বরণীয় দীপ্তি সকল মনুষ্যদের জন্য উর্দ্ধমুখ হইতেছে।

৫। হে অগ্নি! তোমার যে মধুমতী প্রজ্ঞাশালিনী জিহ্বা অত্যন্ত ব্যাপ্তিবিশিষ্ট হইয়া দেবগণের প্রতি প্রেরিত হয়, তাহা দ্বারা তুমি সমস্ত যজনীয়

---

(৫) পশু, কনক, রত্ন। সায়ণ।

(৬) অগ্নি, বায়ু, সূর্য্য। সায়ণ। "অসুর" সম্বন্ধে ৩।৩।৪ ঋকের টীকা দেখ।

(১) ওষধি সকল। সায়ণ।

দেবগণকে আমাদের রক্ষার জন্য এই স্থানে উপবেশন করাও এবং তাহা-দিগকে হর্ষকর সোম পান করাও।

৬। হে দ্যুতিমান্ অগ্নি! তোমার যে অনুগ্রহ বুদ্ধি আমাদিগকে ছাড়িয়া অন্যত্র যায় না. সেই অনুগ্রহ বুদ্ধি মেঘের ধারার ন্যায় আমাদিগকে আপ্যায়িত করুক। হে নিবাসপ্রদ জাতবেদা! আমাদিগকে সেই অনুগ্রহ বুদ্ধি প্রদান কর, বিশ্বজনের হিতকর অনুগ্রহ বুদ্ধি আমাদিগকে প্রদান কর।

৫৮ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। ধেনু উষা পুরাতন অগ্নির জন্য কমনীয় দুগ্ধ দোহন করিতেছেন। দক্ষিণার পুত্র সূর্য্য মধ্যে প্রবেশ করিতেছেন, পরে শুভ্রদীপ্তি দিবস দ্যোতমান সূর্য্যকে বহন করিয়া আনিতেছে। অশ্বিদ্বয়ের স্তোতা উষার পূর্ব্বে জাগরিত হইতেছে।

২। হে অশ্বিদ্বয়! উত্তমরূপে যোজিত অশ্বদ্বয় সত্যরূপ রথে তোমাদিগকে বহন করিতেছে। পুত্র পিতার জন্য যেরূপ উন্মুখ হয়, যজ্ঞগণ সেইরূপ তোমাদের জন্য উন্মুখ হইয়া রহিয়াছে। আমাদের নিকট হইতে পণির বুদ্ধি বিশেষরূপে নাশ কর। আমরা তোমাদের জন্য হবিঃ প্রস্তুত করিতেছি, তোমরা আগমন কর।

৩। হে অশ্বিদ্বয়! সুন্দর চক্রবিশিষ্ট রথে আরোহণ করতঃ উত্তমরূপে যোজিত অশ্বদ্বারা বাহিত হইয়া তোমরা স্তুতিকারীর এই শ্লোক শ্রবণ কর। হে অশ্বিদ্বয়! পুরাতন মেধাবীগণ কি বলেন নাই, যে তোমরা বৃত্তিহানির বিরুদ্ধে গমন কর?

৪। হে অশ্বিদ্বয়! তোমরা আমার স্তুতি অবগত হও এবং অশ্বগণের সহিত আগমন কর। সমস্ত লোক তোমাদের আহ্বান করিতেছে, তাহারা বন্ধুর ন্যায় তোমাদিগকে দুগ্ধমিশ্রিত হর্ষকর সোম প্রদান করিতেছে। সূর্য্য অগ্রে উদয় হইতেছেন।

৫। হে অশ্বিদ্বয়! নানা দেশকে তিরস্কৃত করিয়া দেবযান পথে এই স্থলে আগমন কর। তোমরা ধনবান্, তোমাদের স্তোত্র উদ্বোষিত হইতেছে, তোমাদের জন্য মধুর আধার সকল সজ্জিত হইয়াছে।

৬। হে অশ্বিদ্বয়! তোমাদের পুরাতন সখ্য বাঞ্ছনীয় ও মঙ্গল কর। হে নেতৃদ্বয়! জহ্নাবীতে (১) তোমাদের ধন আছে। তোমাদের সুখকর সখ্য পুনঃ পুনঃ প্রাপ্ত হইয়া আমরা তোমাদের সমান হইয়াছি। আমরা হর্ষকর সোমদ্বারা তোমাদিগকে শীঘ্র ও যুগপৎ হৃষ্ট করিব।

৭। অক্ষীণ, সোমপায়ী, সুদক্ষ, নিত্যতরুণ ও অসত্যরহিত এবং সুদান-শীল অশ্বিদ্বয় বায়ু ও নিযুৎগণের সহিত মিলিত হইয়া দিবসের শেষে সোম পান করুন।

৮। হে অশ্বিদ্বয়! প্রচুর হবিঃ তোমাদের নিকট গমন করিতেছে, দোষ-শূন্য কর্ম্মকুশল স্তোতৃগণ স্তুতিদ্বারা তোমাদের পরিচর্য্যা করিতেছে। স্তোতৃগণ কর্ত্তৃক আকৃষ্ট, জলপ্রদ রথ সদ্য দ্যাবাপৃথিবীর অভিমুখে গমন করিতেছে।

৯। হে অশ্বিদ্বয়! অত্যন্ত মধুর রসবিশিষ্ট সোম মিশ্রিত হইয়াছে, পান কর, ও যজ্ঞশালায় প্রবেশ কর। তোমাদের পুনঃ পুনঃ ধনদানকারী রথ সোমাভিষবকারীর সংস্কৃত গৃহে আগমন করিতেছে।

৫৯ সূক্ত।

মিত্র দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। মিত্র স্তুত হইয়া লোক সকলকে কার্য্যে প্রবর্ত্তিত করিতেছেন। মিত্র পৃথিবী এবং দ্যুলোক ধারণ করিয়া আছেন, মিত্র অনিমেষনেত্রে লোক সকলের দিকে চাহিয়া আছেন। মিত্রের উদ্দেশে ঘৃতবিশিষ্ট হব্য প্রদান কর।

২। হে আদিত্য মিত্র! যে মনুষ্য ব্রতানুসারে তোমাকে হব্য প্রদান করে, সে অন্নবান্ হউক। তুমি যাহাকে রক্ষা কর, তাহাকে কেহ বিনাশ করিতে বা অভিভব করিতে পারে না। পাপ দূর হইতে অথবা নিকট হইতে সে ব্যক্তিকে স্পর্শ করিতে পারে না।

৩। আমরা রোগবর্জ্জিত ও অন্নলাভে হৃষ্ট হইয়া পৃথিবীর বিস্তীর্ণ প্রদেশে

(১) জহ্নুকুলজা সায়ণ। "It might imply the Ganges, Ja'hnav'i, if we had reason to suppose the legend of her origin from Jahnu was known to the Vedas."—*Wilson.*

জানু পাতিয়া সর্ব্বত্রগামী আদিত্যের ব্রতের নিকট অবস্থিতি করিতেছি। মিত্র যেন আমাদের প্রতি অনুগ্রহ করেন।

৪। এই মিত্র প্রাতুর্ভূত হইয়াছেন, ইনি নমস্কারযোগ্য সুন্দরমুখবিশিষ্ট রাজা ও অত্যন্ত বলবিশিষ্ট এবং সকলের বিধাতা। ইনি যজ্ঞার্হ, আমরা যেন ইহার অনুগ্রহ ও কল্যাণকর বাৎসল্য লাভ করিতে পারি।

৫। আদিত্য মহান্, তিনি সকল লোকের প্রবর্ত্তক, নমস্কারদ্বারা তাঁহার উপাসনা করা উচিত। তিনি স্তুতিকারীর প্রতি প্রসন্নমুখ। স্তুতিযোগ্য মিত্রের প্রীতিকর এই হব্য অগ্নিতে অর্পণ কর।

৬। মনুষ্যগণের পালক মিত্রদেবের অন্ন ও ভজনীয় ধন অত্যন্ত কীর্ত্তিযুক্ত।

৭। যে মিত্র নিজ মহিমায় দ্যুলোক অভিভূত করিয়াছেন, তিনি কীর্ত্তিযুক্ত হইয়া পৃথিবীকে প্রচুর অন্নবিশিষ্টা করিয়াছেন।

৮। পঞ্চজন, শত্রুজয়ক্ষম বলবিশিষ্ট মিত্রের উদ্দেশে হব্য প্রদান করিতেছেন, তিনি সমস্ত দেবগণকে ধারণ করিতেছেন।

৯। মিত্র, দেব ও মনুষ্যদিগের মধ্যে যে ব্যক্তি কুশচ্ছেদ করিয়াছে, তাহাকে কল্যাণকর অন্ন প্রদান করেন।

৬০ সূক্ত।

ঋভুগণ দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। হে ঋভুগণ! তোমাদের কর্ম্ম সকলেই জানে, হে মনুষ্যগণ! তোমরা সুধন্বার পুত্র, তোমরা যে সকল কর্ম্মদ্বারা শত্রুপরাভবোপযুক্ত তেজোবিশিষ্ট হইয়া যজ্ঞীয় ভাগ প্রাপ্ত হইয়াছ, যজ্ঞভাগ কামনা কালে তোমরা সেই সকল কর্ম্ম জানিতে পারিয়াছিলে।

২। হে ঋভুগণ! তোমরা যে শক্তি দ্বারা চমসকে বিভক্ত করিয়াছিলে, যে প্রজ্ঞাবলে গোশরীরে চর্ম্ম যোজনা করিয়াছিলে, যে মনীষাদ্বারা ইন্দ্রের অশ্বদ্বয়কে নির্ম্মাণ করিয়াছিলে, সেই সকলের দ্বারা দেবত্ব প্রাপ্ত হইয়াছ।

৩। মনুষ্যের নপ্তা ঋভুগণ যাগাদিকর্ম্ম করিয়া ইন্দ্রের সখিত্ব প্রাপ্ত হইয়াছিলেন এবং প্রাণ ধারণ করিয়াছিলেন। সুধন্বার পুণ্যকার্য্যকারী পুত্রগণ কর্ম্মবলে ও যজ্ঞাদি বলে ব্যাপ্ত হইয়া অমৃতত্ব প্রাপ্ত হইয়াছেন।

৪। হে ঋভুগণ! তোমরা ইন্দ্রের সহিত একরথে সোমাভিষব স্থানে গমন কর। পরে মনুষ্যগণের স্তুতি গ্রহণ কর। হে ফলবাহক সুধন্বার পুত্রগণ! তোমাদের সুকৃত কেহ ইয়ত্তা করিতে পারে না। হে ঋভুগণ! তোমাদের বীর্য্যও কেহ ইয়ত্তা করিতে পারে না।

৫। হে ইন্দ্র! তুমি বাজবিশিষ্ট ঋভুগণের সহিত সম্যক্‌রূপে জলধারা সিক্ত অভিষুত সোম দুই হাতে গ্রহণ করিয়া পান কর। হে মঘবন্! তুমি স্তুতি-দ্বারা প্রেরিত হইয়া যজমানের গৃহে সুধন্বার পুত্রগণের সহিত উল্লাসিত হও।

৬। হে বহুলোক স্তুত ইন্দ্র! তুমি ঋভু ও বাজের সমভিব্যাহারে আমাদিগের এই যজ্ঞে (১) আনন্দিত হও। হে ইন্দ্র! দিন সকল তোমার জন্য নিয়ত হইয়াছে। দেবগণের ব্রত ও মনুষ্যগণের কর্ম্মের সহিত দিন সকল তোমার জন্য নিয়ত হইয়াছে।

৭। হে ইন্দ্র! তুমি স্তোতার অন্ন সম্পাদন করতঃ বাজযুক্ত ঋভুগণের সহিত এই যজ্ঞে স্তোতার স্তোত্র অভিমুখে আগমন কর। মরুৎগণও শত-সংখ্যক গমনকুশল অশ্বের সহিত যজমানের সহস্র প্রকারে প্রণীত অধ্বরের অভিমুখে আগমন কর।

৬১ সূক্ত।

উষা দেবতা। বিশ্বামিত্র ঋষি।

১। হে অন্নবতী ধনবতী উষা! আমি স্তব করিতেছি, তুমি প্রকৃষ্ট জ্ঞানবতী হইয়া আমার স্তোত্র গ্রহণ কর। হে সকলের বরণীয়া, পুরাতনী যুবতীর ন্যায় শোভমানা ও বহুস্তোত্রাবতী উষা! তুমি যজ্ঞকর্ম্মাভিমুখে আগমন কর।

২। হে মরণরহিতা চন্দ্ররথা (১) সূনৃতবাক্যোচ্চারণশীলা উষা! তুমি শোভমানা হও। যে সকল প্রভূত বলযুক্ত হিরণ্যবর্ণ অশ্ব আছে, তাহাদিগকে সুখে রথে যোজিত করিতে পারা যায়। তাহারা তোমাকে আবাহন করুক।

---

(১) মূলে "শচ্যা" আছে। "ইন্দ্রাণ্যা কর্ম্মণা বা।" সায়ণ। শেষ অর্থই আমরা গ্রহণ করিয়াছি। কেন না ইন্দ্রের স্ত্রীর নাম শচী তাহা ঋগ্বেদে কোথাও লক্ষিত হয় না। ইন্দ্র শচীপতি; অর্থাৎ যজ্ঞপতি, তাহা হইতেই ইন্দ্রের ভার্য্যা শচী সম্বন্ধে পৌরাণিক গল্প উঠিয়াছে।

(১) মূলে "চন্দ্ররথ" আছে। সুবর্ণময়রথোপেতা। সায়ণ।

৩। হে উষা! তুমি মরণধর্ম্ম রহিত সূর্য্যের কেতুস্বরূপ। তুমি ত্রিভুবনাভিমুখে আগমনশীলা। তুমি আকাশে উন্নতা হইয়া রহিয়াছ। হে নবতরা উষা! তুমি একপথে বিচরণ করিতে ইচ্ছা করিয়া চক্রের ন্যায় পুনরাবৃত্ত হও।

৪। যে উষা বস্ত্রের ন্যায় বিস্তীর্ণ অন্ধকার অপ্রিত করতঃ সূর্য্যের পত্নী হইয়া গমন করেন, সেই সৌভাগ্যবতী সৎকার্য্যশালিনী উষা দ্যুলোক ও পৃথিবীর অন্ত হইতে প্রকাশিত হইতেছেন।

৫। হে স্তোতৃগণ! উষাদেবী তোমাদের অভিমুখে শোভা পাইতেছেন। তোমরা নমস্কার করতঃ উত্তমরূপে তাঁহার স্তুতি কর। মধুধা উষা আকাশে ঊর্দ্ধাভিমুখে তেজের আশ্রয় করিতেছেন। দীপ্তিমতী রমণীয়দর্শনা উষা অতিশয় দীপ্তি পাইতেছেন।

৬। সত্যবতী যে উষার তেজঃপ্রভাবে সকলে তাঁহাকে জানিতে পারে, ধনবতী যে উষা বিচিত্রভাবে দ্যাবাপৃথিবী ব্যাপ্ত করিয়া রহিয়াছেন, হে অগ্নি! যখন সেই শোভমানা উষা তোমার অভিমুখে আগমন করেন তখন প্রার্থনা করিলে তুমি মনোহর ধন প্রাপ্ত হও।

৭। অভীষ্টবর্ষী আদিত্য সত্যভূত দিবসের মূলে উষাকে প্রেরণ করতঃ বিস্তীর্ণ দ্যাবাপৃথিবীর মধ্যে প্রবেশ করিলেন। পরে বিস্তীর্ণা উষা মিত্র ও বরুণের প্রভাস্বরূপ হইয়া নানাস্থানে আপনার শোভা বিকীর্ণ করিলেন।

৬২ সূক্ত।

এই সূক্তের ১৮টী ঋক্ আছে।

তন্মধ্যে ১ম তিনটী ঋকের ইন্দ্রাবরুণ দেবতা।

তৎপরবর্ত্তী	,,	,,	বৃহস্পতি	,,
,,	,,	,,	পূষা	,,
,,	,,	,,	সবিতা	,,
,,	,,	,,	সোম	,,
শেষ	,,	,,	মিত্র ও বরুণ	,,

বিশ্বামিত্র ঋষি, কেবল শেষ তিনটী ঋকের কাহারও মতে জমদগ্নি ঋষি।

১। হে ইন্দ্রাবরুণ! অভিমন্যমান ও ভ্রমণশীল তোমাদিগের এই প্রজাগণ যেন তরুণবয়স্ক শত্রুকর্ত্তৃক হিংসিত না হয়। তোমরা যে যশোদ্বারা বন্ধুবর্গ আমাদিগের জন্য অন্ন সম্পাদন করিয়াছ, তোমাদিগের জন্য অন্ন সম্পাদন করিয়াছ, তোমাদিগের তাদৃশ যশ আর কোথায় আছে?

২। হে ইন্দ্রাবরুণ! ধনলাভের অভিলাষে এই মহান্ যজমান আশ্রয় লাভের জন্য তোমাদিগকে আহ্বান করিতেছে। তোমরা দ্যুলোক পৃথিবী এবং মরুৎগণের সহিত মিলিত হইয়া আমাদের আহ্বান শ্রবণ কর।

৩। হে ইন্দ্রাবরুণ! সেই ধন আমাদিগের হউক; হে মরুৎগণ! সর্ব্ব কর্ম্ম সমর্থ ধন আমাদের হউক। সকলের ভজনীয়া দেবপত্নীগণ শরণ দ্বারা আমাদিগকে পালন করুন। হোত্রাভারতী দক্ষিণা দ্বারা আমাদিগকে পালন করুন।

৪। হে সকল দেবগণের হিতকর বৃহস্পতি! আমাদিগের হব্য গ্রহণ কর। হব্য প্রদায়ীকে উত্তম ধন প্রদান কর।

৫। হে ঋত্বিক্‌গণ! তোমরা যজ্ঞ সমূহে স্তোত্রদ্বারা বিশুদ্ধ বৃহস্পতির পরিচর্য্যা কর। আমি তাঁহার অনভিভবনীয় বল প্রার্থনা করি।

৬। মনুষ্যগণের অভীষ্টবর্ষী, বিশ্বরূপ, বরণীয় বৃহস্পতির নিকট অভিমত ফল কামনা করি।

৭। হে দীপ্তিমান্ পূষা! এই নূতন স্তুতি তোমারই জন্য। এই স্তুতি আমরা তোমার জন্য উচ্চারণ করিতেছি।

৮। হে পূষা! আমার সেই স্তুতি গ্রহণ কর। স্ত্রীপ্রিয় ব্যক্তি যেরূপ স্ত্রীর অভিমুখে আগমন করে, সেইরূপ তুমি হর্ষকারিণী এই স্তুতির অভিমুখে আগমন কর।

৯। যে পূষা বিশ্ব জগৎ বিশেষরূপে দর্শন করেন, সেই পূষা আমাদের রক্ষক হউন।

১০। যিনি আমাদের ধীশক্তি প্রেরণ করেন, আমরা সেই সবিতাদেবের সেই বরণীয় তেজঃ ধ্যান করি। (১)

১১। আমরা অন্নাভিলাষী হইয়া স্তুতি করতঃ সবিতাদেবের ও ভগদেবের ধন দান যাচ্ঞা করিতেছি।

---

(১) এই ঋকটী প্রসিদ্ধ গায়ত্রী। মূলে এই আছে যথা—"তৎসবিতুর্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ।"

সায়ণ সবিতা শব্দের পরমেশ্বর এবং সূর্য্য এই দুই প্রকার অর্থ করিয়াছেন।

"আমরা সবিতৃ দেবতার সেই বরণীয় তেজ ধ্যান করি যাহার প্রভাবে আমরা নিজ নিজ কর্ত্তব্যানুষ্ঠানে প্রবৃত্ত হইতে সমর্থ হই।" সত্যব্রত সামশ্রমী।

"সবিতৃ দেবের বরণীয় তেজ আমরা ধ্যান করি, যিনি আমাদিগের বুদ্ধিবৃত্তি প্রেরণ করেন।" বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।

১২। কর্ম্মরতা মেধাবী অধ্বর্য্যুগণ বুদ্ধিদ্বারা প্রেরিত হইয়া যজ্ঞ ও সুন্দর স্তোত্রদ্বারা সবিতা দেবতাকে পূজা করেন।

১৩। পথজ্ঞ সোম গমন করিতেছেন। উপবেশনকারী দেবগণের জন্য সংস্কৃত যজ্ঞস্থানে গমন করিতেছেন।

১৪। সোম আমাদিগের জন্য এবং দ্বিপদ ও চতুষ্পদ পশুদিগের জন্য রোগ-শূন্য অন্ন প্রদান করুন।

১৫। সোম আমাদিগের আয়ুঃ বর্দ্ধিত করতঃ এবং শত্রুগণকে অভিভূত করতঃ যজ্ঞস্থানে উপবেশন করুন।

১৬। হে শোভনকর্ম্মকারী মিত্রাবরুণ! আমাদিগের গোষ্ঠ দুগ্ধপূর্ণ কর; আমাদের আবাসস্থান মধুর রসপূর্ণ কর।

১৭। হে শুচিব্রত! তোমরা অনেকের স্তুতিভাজন এবং উপসনাদ্বারা বর্দ্ধমান। তোমরা দীর্ঘ স্তুতিযুক্ত হইয়া বলমাহাত্ম্যে বিরাজ কর।

১৮। তোমরা জমদগ্নি কর্ত্তৃক (২) স্তুত হইয়া যজ্ঞস্থানে উপবেশন কর। তোমরাই যজ্ঞ বর্দ্ধয়িতা; তোমরা সোম পান কর।

(২) মূলে "জমদগ্নিনা" আছে। "এতন্নামকেন মহর্ষিণা . . যদ্বা . , প্রজ্বলিতাগ্নিনা বিশ্বামিত্রেণ।"

ওজস্বী বিশ্বামিত্র গোত্রের সূক্ত গুলি, অর্থাৎ ঋগ্বেদের তৃতীয় মণ্ডল, এই স্থানে সমাপ্ত হইল। বিশ্বামিত্রের অনেকগুলি সূক্ত গভীর চিন্তাপূর্ণ। তাঁহার ৫৫ সূক্তটী জ্বলন্ত ভাষায় "মহৎ দেবানাং অসুরত্বং একং" অর্থাৎ ঐশ্বরিক বল ও দৈবকার্য্যের একতা প্রকটিত করিতেছে। এবং তাঁহার ৬২ সূক্তের জগদ্বিখ্যাত গায়ত্রী সবিতার অথবা ঈশ্বরের "বরেণ্যং ভর্গঃ" অর্থাৎ বরণীয় জ্যোতিঃ মানব হৃদয়ে বিস্তার করিতেছে।

চতুর্থ মণ্ডল।

১ সূক্ত।

অগ্নি দেবতা অথবা ২য়, ৩য় এবং ৪র্থ ঋকের বরুণ দেবতা। বামদেব ঋষি। (১)।

১। হে অগ্নি! তুমি দ্যোতমান ও শীঘ্রগামী। স্পর্দ্ধাবান্ দেবগণ তোমাকে সর্ব্বদাই যুদ্ধে প্রেরণ করেন। অতএব যজমানগণ স্তুতিদ্বারা তোমাকে প্রেরণ করে। হে যজনীয় অগ্নি! তুমি অমর দ্যুতিমান্ এবং উৎকৃষ্ট জ্ঞানবিশিষ্ট। মর্ত্ত্যগণ যাগ করিলে তাহাদের মধ্যে আগমনার্থ দেবগণ তোমাকে উৎপন্ন করিয়াছেন। তুমি কর্ম্মাভিজ্ঞ, তাঁহারা তোমাকে সমস্ত যজ্ঞে উপস্থিত থাকিবার জন্য উৎপন্ন করিয়াছেন।

২। হে অগ্নি! তোমার ভ্রাতা বরুণ হব্যভাজন, যজ্ঞভোক্তা, অত্যন্ত প্রশংসনীয়, জলবান্ অদিতির পুত্র ও মনুষ্যগণের ধারক। সুবুদ্ধিপ্রযুক্ত এবং মনুষ্যগণ কর্ত্তৃক সমাদৃত বরুণকে স্তোতৃগণের অভিমুখে আনয়ন কর।

৩। হে সখা দর্শনীয় অগ্নি! গমনকুশল রথ যোজিত অশ্বদ্বয় যেমন শীঘ্রগামী চক্রকে লক্ষ্য দেশাভিমুখে লইয়া যায়, সেইরূপ তুমি তোমার সখা বরুণকে লইয়া আইস। হে অগ্নি! তোমার সহায় বরুণের জন্য সুখকর হব্য লাভ করিয়াছ, সর্ব্বতঃ তেজঃশালী মরুৎগণের জন্যও লাভ করিয়াছ। হে দীপ্তিমান্ অগ্নি! তুমি আমাদের পুত্রপৌত্রের মঙ্গল কর। হে দর্শনীয় অগ্নি! তুমি আমাদেরও মঙ্গল কর।

৪। হে অগ্নি! তুমি বিদ্বান্, তুমি আমাদের প্রতি দ্যোতমান বরুণের ক্রোধ অপনোদন কর। তুমি সর্ব্বাপেক্ষা অধিক যাজ্ঞিক, তুমি সর্ব্বাপেক্ষা হবির্ব্বাহী ও অতিশয় দীপ্তিমান্, তুমি আমাদিগকে সর্ব্বপ্রকার পাপ হইতে বিশেষরূপে মুক্ত কর।

৫। হে অগ্নি! তুমি আশ্রয়দানদ্বারা আমাদিগের প্রত্যাসন্ন হও। প্রাতঃকালে অন্ধকার নিবারিত হইলে তুমি আমাদের নিকটস্থ হও। তুমি আমা-

---

(১) চতুর্থ মণ্ডলের ঋষি বামদেব, অথবা তদ্বংশীয়গণ।

দিগের জন্ম বরুণকে অর্চিত কর। তুমি যজমানগণের অত্যন্ত ফলপ্রদ, তুমি এই সুখকর হব্য ভক্ষণ কর। আমরা তোমাকে উত্তমরূপে আহ্বান করিতেছি, আমাদিগের নিকট আগমন কর।

৬। যেরূপ গাভীর তেজোযুক্ত উষ্ণ ক্ষীর দেবতার ভজনীয় হয় এবং যেরূপ পয়স্বিনী গাভী মনুষ্যের ভজনীয় হয়, সেইরূপ উত্তমরূপে ভজনীয় অগ্নি দেবতার প্রশংসনীয়, অনুগ্রাহ্য মনুষ্যগণের ভজনীয় ও স্পৃহণীয় হইয়াছে।

৭। অগ্নিদেবতার তিন প্রসিদ্ধ, উত্তম, ও সত্যভূত জন্ম (২) সকলের স্পৃহণীয় হইয়াছে। অনন্ত আকাশ মধ্যে আপনার তেজদ্বারা পরিবেষ্টিত এবং সকলের শোধক, দীপ্তিযুক্ত স্বামী অগ্নি যজ্ঞে আগমন করুন।

৮। সেই দূত, দেবগণের আহ্বানকারী, সুবর্ণময় রথোপেত, শিখারূপ রমণীয় জিহ্বাবিশিষ্ট, অগ্নি সমস্ত যজ্ঞগৃহ কামনা করেন। রোহিত তাঁহার অশ্ব, তিনি রূপবান্, কান্তিযুক্ত এবং অন্নদ্বারা সমৃদ্ধ গৃহের ন্যায় রমণীয়।

৯। অগ্নি যজ্ঞে বিনিযুক্ত থাকেন, তিনি যজ্ঞে প্রবৃত্ত মনুষ্যগণকে জানেন। অধ্বর্য্যুগণ স্তুতিরূপ মহতী রশনা দ্বারা তাঁহাকে প্রণয়ন করে। তিনি মনুষ্যগণের গৃহে তাহাদের অভীষ্ট সিদ্ধি করতঃ বাস করেন। তিনি ধনীর সহিত একত্র বাস করেন।

১০। অগ্নির স্তোতাগণের ভজনীয় যে উৎকৃষ্ট রত্ন আছে, সর্ব্বজ্ঞ অগ্নি, সেই রত্নাভিমুখে আমাদিগকে প্রেরণ করুন। সমস্ত অমর দেবগণ যজ্ঞের জন্য তাঁহাকে উৎপাদন করিয়াছেন, দ্যুলোক তাঁহার পালয়িত্রী ও জনয়িত্রী। সেই সত্যভূত অগ্নিকে সকলে সিঞ্চন করিতেছে।

১১। তিনিই প্রথম, তিনি যজমান গৃহে ও মহান্ অন্তরিক্ষের মূল স্থানে উৎপন্ন হয়েন। তিনি পাদরহিত, তিনি মস্তকবর্জ্জিত, তিনি শরীরের অন্তর্ভাগ সকল গোপন করতঃ জলবর্ষী মেঘের নীড়ে আপনাকে ধূমাকারে যোজিত করিতেছেন।

১২। হে অগ্নি! তুমি স্তুতিযুক্ত উদকের উৎপত্তি স্থানে মেঘের নীড়ে বর্ত্তমান। তেজঃ তোমার নিকট সর্ব্ব প্রথমে উপস্থিত হয়। যে অগ্নি স্পৃহণীয়, নিত্যতরুণ, কমনীয় ও দীপ্তিমান্, সেই অভীষ্টবর্ষী অগ্নির উদ্দেশে সপ্তহোতা স্তব করিতেছেন।

(২) অগ্নি, বায়ু, সূর্য্যাত্মক তিন জন্ম। সায়ণ।

১৩। এই লোকে আমাদিগের পিতৃপুরুষগণ যজ্ঞ করণার্থ অগ্নির, অভিমুখে গমন করিয়াছিলেন। তাঁহারা উষা দেবীকে আহ্বান করতঃ পর্ব্বতপরিবৃত অন্ধকার মধ্যে অবস্থিত দোহবতী ধেনু সকলকে বাহির করিয়া আনিয়াছিলেন।

১৪। তাঁহারা পর্ব্বত বিদারণ সময়ে অগ্নির পরিচর্য্যা করিয়াছিলেন। অন্য ঋষিগণ সর্ব্বত্র তাঁহাদের সেই কর্ম্ম কীর্ত্তন করিয়াছিলেন। তাঁহাদের পশু নির্গমনার্থ উপায় ছিল। তাঁহারা অভিমত ফলপ্রদ অগ্নির স্তব করিয়াছিলেন, পরে জ্যোতিলাভ করিয়াছিলেন এবং বুদ্ধিবলে যজ্ঞ করিয়াছিলেন।

১৫। তাঁহারা কর্ম্মনেতা এবং অগ্নিকাম। তাঁহারা মনে মনে গো লাভ ইচ্ছা করিয়া দ্বার নিরোধক, দৃঢ়বদ্ধ, সুদৃঢ়, গাভীগণের অবরোধক এবং সর্ব্বতোব্যাপ্ত গোপূর্ণ গোষ্ঠরূপ পর্ব্বতকে অগ্নি বিষয়ক স্তুতিদ্বারা উদ্ঘাটন করিয়াছিলেন।

১৬। হে অগ্নি! তাঁহারা প্রথমে ধেনুর নাম জানিলেন। মাতার এক বিংশতি সংখ্যক উৎকৃষ্টরূপ জানিলেন। অনন্তর যে উষা এই সকল অবগত ছিলেন, তাঁহাকে স্তব করিলেন এবং অরুণবর্ণা উষা গোর মাহাত্ম্যের সহিত আগমন করিলেন।

১৭। অন্ধকার প্রেরিত হইয়া বিনাশ প্রাপ্ত হইল, অন্তরিক্ষ প্রকাশিত হইল। উষা দেবীর প্রভা উদ্গত হইল। সূর্য্য মনুষ্যগণের সৎ ও অসৎকর্ম্ম অবলোকন করতঃ অজর পর্ব্বতের উপরে আরোহণ করিলেন।

১৮। অনন্তর তাঁহারা গো সমূহকে অবগত হইয়া পশ্চাৎভাগে তাহাদিগকে দর্শন করিলেন এবং দীপ্তিযুক্ত ধন ধারণ করিলেন। ইঁহাদের সমস্ত গৃহে বিশ্বদেবগণ আগমন করিলেন। হে মিত্র! হে বরুণ! যে তোমাকে উপাসনা করে, তাহার সত্য ফল লাভ হউক।

১৯। অত্যন্ত দীপ্তিমান্, দেবগণের আহ্বাতা, বিশ্বপোষক ও সর্ব্বাপেক্ষা যাগশীল, অগ্নির উদ্দেশে স্তব করি। যজমান গোসমূহের উধঃ হইতে শুচি দুগ্ধ দোহন করেন নাই, সোমলতা সম্বন্ধীয় শোধিত অন্ন গৃহে প্রক্ষেপ করেন নাই।

২০। অগ্নি সমস্ত যজ্ঞীয় দেবতার অদিতিস্বরূপ অর্থাৎ পোষক হউন, সমস্ত মনুষ্যগণের অতিথিস্বরূপ হউন। স্তোতৃগণের অন্নভোজী জাতবেদা অগ্নি স্তোতৃগণের সুখকর হউন।

---

২ সূক্ত।

অগ্নি দেবতা। বামদেব ঋষি।

১। যে অমর অগ্নি মর্ত্ত্যগণ মধ্যে সত্যবান্ বলিয়া নীত হইয়াছেন, যে দীপ্তিশীল অগ্নি দেবগণের মধ্যে শত্রুগণের পরাভবকারী, সেই অগ্নি দেবগণের আহ্বাতা ও সর্ব্বাপেক্ষা অধিক যজ্ঞকারী। তিনি নিজ মহিমায় প্রদীপ্ত হইবার জন্য এবং হব্যদ্বারা যজমানকে স্বর্গে প্রেরণের জন্য উত্তর বেদিতে স্থাপিত হইয়াছেন।

২। হে বলের পুত্র অগ্নি! তুমি অদ্য আমাদের এই কর্ম্মে সংস্কৃত হইয়াছ। হে দর্শনীয় অগ্নি! তুমি ঋজু, মাংসল দীপ্তিমান্, ও বলবান্ অশ্ব রথে যোজন করিয়া দেব ও মনুষ্যগণের মধ্যে দূত হইয়া গমন করিতেছ।

৩। হে অগ্নি! তুমি সত্যভূত, তোমার রোহিত নামক অশ্বদ্বয়কে স্তুতি করি। তাহারা মনের অপেক্ষা বেগবান্, এবং অন্ন ও জল ক্ষরণ করে। তুমি দীপ্তিমান্ অশ্বদ্বয়কে রথে যোজনা করিয়া দেবগণের ও মনুষ্যগণের মধ্যে প্রবেশ কর।

৪। হে অগ্নি! তোমার অশ্ব উত্তম, রথ উত্তম, এবং ধন উত্তম। তুমি এই মর্ত্ত্যগণের মধ্যে যে যজমানের হব্য উত্তম, তাহার উদ্দেশে অর্য্যমা, বরুণ, মিত্র, ইন্দ্রাবিষ্ণু, মরুৎগণ এবং অশ্বিদ্বয়কে আনয়ন কর।

৫। হে অসুর অগ্নি! (১) আমার এই যজ্ঞ গোবিশিষ্ট, মেষবিশিষ্ট ও অশ্ববিশিষ্ট হউক। যে যজ্ঞে যজমানেরা অধ্বর্য্যু প্রভৃতি ঋত্বিক্ বিশিষ্ট, সে যজ্ঞ সর্ব্বদা অপ্রধৃষ্য হব্যবিশিষ্ট পুত্রপৌত্রাদিযুক্ত হউক এবং অবিচ্ছিন্ন, ধনসম্পন্ন ও বিস্তীর্ণ মূল বিশিষ্ট এবং সভাযুক্ত হউক।

৬। হে অগ্নি! যে ব্যক্তি তোমার জন্য ঘর্ম্মাক্তকলেবর হইয়া ইন্ধনভার আহরণ করে, যে তোমাকে লাভ করিবার ইচ্ছায় আপন মস্তক কাষ্ঠ ভার বহিয়া উত্তপ্ত করে, তুমি তাহার ধনবিশিষ্ট রক্ষক হও। তুমি তাহাকে পালন কর। যে কেহ তাহার অনিষ্ট ইচ্ছা করে, তাহাদের সকলের হস্ত হইতেই তাহাকে রক্ষা কর।

(১) চতুর্থ মণ্ডলের "অসুর" শব্দ কেবল দুইবার ব্যবহৃত হইয়াছে। যথা ২ সূক্তের ৫ ঋকে অগ্নি সম্বন্ধে, এবং ৫৩ সূক্তের ১ ঋকে সবিতা সম্বন্ধে।

৭। হে অগ্নি! তুমি অন্ন ইচ্ছা করিলে, যে তোমাকে দিবার জন্য ধারণ করে, যে তোমাকে হর্ষকর সোম প্রদান করে, যে অতিথিরূপে তোমাকে প্রণয়ন করে এবং যে ব্যক্তি দেবত্ব ইচ্ছা করিয়া আপন গৃহে তোমাকে সমিদ্ধ করে, তাহার পুত্র নিশ্চল ও ঔদার্য্যবিশিষ্ট হউক।

৮। হে অগ্নি! যে ব্যক্তি রাত্রিকালে ও যে ব্যক্তি উষাকালে তোমার স্তুতি করে, যে ব্যক্তি প্রিয় হব্যবিশিষ্ট হইয়া তোমাকে প্রীত করে, তুমি নিজগৃহে সুবর্ণনির্ম্মিত সজ্জাবিশিষ্ট অশ্বের (২) ন্যায় বিচরণ করতঃ সেই যজমানকে পাপ হইতে রক্ষা কর।

৯। হে অগ্নি! তুমি অমর, যে তোমাকে হব্য প্রদান করে, যে ব্যক্তি স্রুক্ সংযত করিয়া তোমার পরিচর্য্যা করে, সেই স্তোত্রকারী যেন ধনশূন্য না হয়; অনিষ্টেচ্ছু ব্যক্তির অনিষ্ট যেন তাহাকে পরিবৃত করিতে না পারে।

১০। হে অগ্নি! তুমি আনন্দযুক্ত ও দীপ্তিমান্; তুমি যে মনুষ্যের সুসম্পাদিত, হিংসারহিত অন্ন ভক্ষণ কর, হে যুবতম! সেই হোতা নিশ্চয়ই প্রীত হয়েন। অগ্নির পরিচর্য্যাকারী যে যজমানের হোতাগণ যজ্ঞবর্দ্ধক, আমরা তাঁহারই হইব।

১১। অশ্বপালক যেরূপ অশ্বগণের কান্ত এবং দুর্ব্বহ পৃষ্ঠ সমূহ পৃথক্ করিতে পারে, বিদ্বান্ অগ্নি সেইরূপ পাপ ও পুণ্যকে পৃথক্ করুন। যাহাতে আমাদিগের সুপুত্রবিশিষ্ট ধন হয় তাহা করুন। তুমি দিতি ও অদিতিকে ধন দান কর এবং রক্ষা করহ।

১২। মনুষ্য গৃহে নিবাসকারী অতিরস্কৃত মেধাবীগণ মেধাবী অগ্নিকে হোতা হইতে আদেশ করিয়াছেন। হে অগ্নি! তুমি মেধাবী, তুমি যজ্ঞস্বামী, অতএব তুমি দর্শনীয় অদ্ভুত দেবগণকে চঞ্চল তেজোবলে অবলোকন কর।

১৩। হে যুবতম দীপ্তিমান্ অগ্নি! তুমি মনুষ্যগণের অভিলাষ পূরক এবং প্রণয়নযোগ্য। যে যজমান সোম অভিষব করে, তোমার স্তুতি করে এবং তোমার পরিচর্য্যা করে, তাহার রক্ষার্থে প্রভূত আহ্লাদকর উত্তম ধনদান কর।

১৪। হে অগ্নি! যেহেতু আমরাও তোমার কামনায় হস্ত পদ ও শরীর

(২) মূলে "অশ্বঃ ন হেম্যাবান্" আছে। "সুবর্ণনির্ম্মিতকক্ষ্যাবান্ অশ্বঃ।" সায়ণ। "A horse with golden caparisons."—*Wilson.*

দ্বারা কার্য্য করি, অতএব শিল্পীগণ যেরূপ রথ নির্ম্মাণ করে (৩) সেইরূপ যজ্ঞরত শোভনকর্ম্মা লোকে বাহুদ্বারা কাষ্ঠ মন্থন করতঃ তোমাকে উৎপন্ন করিলেন।

১৫। আমরা সাতজন প্রথম মেধাবী মাতা উষা হইতে বেধা অগ্নির নেতৃগণকে জন্ম দিয়াছি। আমরা আকাশের পুত্র অঙ্গিরা, আমরা দীপ্তিবিশিষ্ট হইয়া ধনবিশিষ্ট অদ্রিকে অর্থাৎ জলবিশিষ্ট মেঘকে ভেদ করিব (৪)।

১৬। হে অগ্নি! আমাদের শ্রেষ্ঠ, পুরাতন, নিয়ত যজ্ঞ রত পিতৃ পুরুষগণ বিশুদ্ধ তেজঃ প্রাপ্ত হইয়াছিলেন। তাঁহারা উক্থ উচ্চারণ করিয়া ও তমোবিনাশ করিয়া অরুণবর্ণ গোসমূহকে অপাবৃত করিয়াছিলেন।

১৭। যজ্ঞাদিকর্ম্মরত দীপ্তিযুক্ত, দেবাভিলাষী স্তোতাগণ লৌহের ন্যায় আপনাদিগের জন্ম নির্ম্মল করিয়াছেন। তাঁহারা অগ্নিকে দীপ্ত ও ইন্দ্রকে প্রবৃদ্ধ করতঃ চারিদিকে উপবেশন করতঃ মহান্ গোসমূহকে প্রাপ্ত হইয়াছিলেন।

১৮। হে তেজস্বী অগ্নি! যেমন অন্নবিশিষ্ট গৃহে পশুসমূহ থাকে, সেইরূপ অঙ্গিরাগণ দেবগণকে গোসমূহ সন্নিকটে আছে, তাহা বলিয়া দিয়াছিলেন। মর্ত্ত্যগণের জন্য উর্ব্বশীগণ সমর্থ হইয়া ছিলেন (৫), আর্য্য অপত্য বৃদ্ধি ও মনুষ্য পোষণে সমর্থ হইয়াছিলেন।

১৯। হে অগ্নি! আমরা তোমার পরিচর্য্যা করিয়াছি। তাহাতে আমরা শোভনকর্ম্মা হইয়াছি। তমোনিবারিকা উষা সকল তেজঃ ধারণ করিতেছেন, তাঁহারা সম্পূর্ণ ও বহুধা আহ্লাদকর অগ্নিকে ধারণ করিতেছেন। তুমি দ্যোতমান, আমরা তোমার মনোহর তেজের পরিচর্য্যা করিতেছি।

---

(৩) মূলে "রথং ন ক্রন্তঃ" আছে। "ক্রন্তঃ" অর্থে কারবঃ "শিল্পিনঃ।" সায়ণ। এই স্থানে ও অন্যান্য অনেক স্থানে রথ নির্ম্মাণের কথা পাওয়া যায়।

(৪) বামদেব ঋষি আর ছয় জন অঙ্গিরাগণের সহিত এই কথা বলিতেছেন।… অঙ্গিরাগণ আদিত্যপুত্র তাহাই ইহা দ্বারা প্রকাশ করা হইতেছে। তাহার যে তেজ প্রথমে উদ্দীপিত হইয়াছিল তাহাই আদিত্য হইয়াছিল, পরে যাহা অঙ্গার হইয়াছিল তাহা হইতে অঙ্গিরাগণ হইল। সায়ণ। এই ঋকেও অঙ্গিরা কর্ত্তৃক অগ্নি পূজা প্রচারের পরিচয় পাওয়া যায়।

(৫) সায়ণ উর্ব্বশী অর্থে প্রজা করিয়াছেন। ইহার পরের ঋকে উষাগণের কথা বলা হইয়াছে, এই ঋকেও উর্ব্বশী অর্থে উষা হওয়া সম্ভব। ১।২৩।১ সূক্তের টীকার শেষ অংশ দেখ।

২০। হে বিধাতা অগ্নি! তুমি মেধাবী, আমরা তোমার উদ্দেশে এই সকল উক্থ উচ্চারণ করিতেছি। তুমি এইগুলি গ্রহণ কর, উদ্দীপ্ত হও, আমাদিগকে বিশেষরূপে ধনবান্ কর। তুমি অনেকের বরণীয়, তুমি আমাদিগকে অনেক ধন প্রদান কর।

---

৩ সূক্ত।

অগ্নি দেবতা। বামদেব ঋষি।

১। ঋত্বিক্‌গণ! যজ্ঞের অধিপতি, দেবগণের আহ্বাতা, দ্যাবাপৃথিবীর অন্নদাতা, সুবর্ণপ্রভ রুদ্র অগ্নিকে তোমরা রক্ষার জন্য বজ্ররূপ মৃত্যুর পূর্ব্বেই সেবা কর (১)।

২। হে অগ্নি! পতিকামা সুবস্ত্রাচ্ছাদিতা জায়া যেমন পতির জন্য স্থান প্রস্তুত করে, সেইরূপ আমরা এই যে উত্তর বেদিরূপ স্থান করিতেছি, ইহাই তোমার স্থান। হে সুকর্ম্মা অগ্নি! তুমি তেজঃদ্বারা পরিবৃত হইয়া আমাদের অভিমুখে উপবেশন কর, এই সকল স্তুতি তোমার অভিমুখে উপবেশন করুক।

৩। হে স্তোতা! স্তোত্রশ্রবণপরায়ণ, অপ্রমত্ত, মনুষ্যগণের দ্রষ্টা, সুখকর ও অমর অগ্নি দেবের উদ্দেশে স্তোত্র ও শস্ত্র পাঠ কর। প্রস্তরের ন্যায় সোমাভিষবকারী যজমান অগ্নিকে স্তব করিতেছে।

৪। হে অগ্নি! তুমি আমাদিগের এই কর্ম্মের দেবতা হও। হে সত্যজ্ঞ অগ্নি! তুমি সুকর্ম্মা, তুমি আমাদেব স্তোত্র অবগত হও। তোমার উন্মাদকর স্তোত্র সকল কখন উচ্চারিত হইবে? তোমার সহিত আমাদের গৃহে কখন সখ্য জন্মিবে?

৫। হে অগ্নি! তুমি আমাদিগের পাপের জন্য কেন বরুণের নিকট নিন্দা করিয়াছ? সূর্য্যের নিকটই বা কেন নিন্দা করিয়াছ? আমাদের কি অপরাধ আছে? অভিষ্টবর্ষী মিত্র ও পৃথিবীকে কেন বলিয়াছ? অর্য্যমাকে কেন বলিয়াছ? ভগকে কেন বলিয়াছ?

৬। যখন যজ্ঞে বর্দ্ধমান হও, তখন কেন সে কথা বল? প্রকৃষ্ট রলযুক্ত,

(১) রুদ্র শব্দের আদি অর্থ বজ্র। ১।৪৩।১ ঋকের টীকা দেখ।

শুভপ্রদ, সর্ব্বত্রগামী, সত্যের নেতা, বায়ুকে কেন বল? পৃথিবীকে কেন বল? মনুষ্যের বিনাশক রুদ্রকে (২) কেন বল?

৭। মহান্, পুষ্টিপ্রদ পূষাকে কেন বল? যজ্ঞভাজন হবিঃপ্রদ রুদ্রকে কেন বল? বহুস্তুতিভাজন বিষ্ণুকে পাপের কথা কেন বল? বৃহৎ শরুকে (৩) কেন সে কথা বল?

৮। হে অগ্নি! সত্যভূত মরুৎগণকে কেন সে কথা বল? জিজ্ঞাসা করিলে মহান্ সূর্য্যকে কেন সে কথা বল? অদিতিকেও ত্বরিত গমন বায়ুকে কেন বল? হে সর্ব্বজ্ঞ জাতবেদা! তুমি দ্যুলোকের কার্য্য সাধন কর।

৯। হে অগ্নি! আমি যজ্ঞের সহিত নিত্য সম্বদ্ধ দুগ্ধ গাভির নিকট যাচ্ঞা করি। তিনি অপক্ব হইলেও মধুর পক্ব দুগ্ধ ধারণ করেন। তিনি কৃষ্ণবর্ণা হইলেও শুভ্র, পুষ্টিকর, প্রাণধারক দুগ্ধ দ্বারা মনুষ্যগণকে পোষণ করেন।

১০। অভীষ্টবর্ষী পুমান্ অগ্নি, সত্যভূত পুষ্টিকর দুগ্ধদ্বারা সিক্ত হইতেছেন। অন্নদ অগ্নি একত্র অবস্থিত হইয়া সর্ব্বত্র গমন করিতেছেন, জলবর্ষক পৃশ্নি ঊধঃ হইতে দুগ্ধ দোহন করিতেছেন।

১১। অঙ্গিরাগণ যজ্ঞদ্বারা গোনিরোধক পর্ব্বতকে বিদীর্ণ করতঃ বিক্ষিপ্ত করিয়াছিলেন ও গোসমূহের সহিত মিলিত হইয়াছিলেন। কর্ম্ম নেতৃগণ সুখে ঊষাকে প্রাপ্ত হইলেন। পরে অগ্নি সঞ্জাত হইলে পর সূর্য্য আবির্ভূত হইলেন।

১২। হে অগ্নি! মরণরহিতা, বিঘ্নশূন্যা, মধুরজলযুক্তা নদী দেবীগণ যজ্ঞদ্বারা প্রেরিত হইয়া গমনার্থ প্রোৎসাহিত অশ্বের ন্যায় সর্ব্বদা প্রবাহিত হইতেছেন।

১৩। হে অগ্নি! যে কেহ আমাদের হিংসা করে, তাহার যজ্ঞে কখন যাইও না, কোন দুষ্টবুদ্ধি প্রতিবাসীর যজ্ঞে যাইও না, অন্য বন্ধুর যজ্ঞে যাইও না। তুমি, কুটিলচিত্ত ভ্রাতার ঋণ গ্রহণ করিও না। আমরা বন্ধুর শত্রুদত্ত ধন ভোগ করিব না।

১৪। হে সুযজ্ঞ অগ্নি! তুমি আমাদিগের রক্ষাকারী। তুমি হব্যদ্বারা প্রীত হইয়া আশ্রয় দানদ্বারা আমাদিগকে রক্ষা কর। তুমি আমাদিগের প্রদীপ্ত কর, আমাদিগের দৃঢ় পাপ বিনাশ কর, মহান্ ও বর্দ্ধমান রাক্ষসকে বিনাশ কর।

---

(২) মূলে "রুদ্রায় নৃঘ্নে" আছে। বজ্ররূপ রুদ্রের এইটি উপযুক্ত বিশেষণ।

(৩) শরু অর্থে সায়ণ সম্বৎসর অথবা নির্ঋতি করিয়াছেন।

১৫। হে অগ্নি! আমার এই অর্চ্চন মন্ত্রে তোমার মন প্রীত হউক, হে শূর! স্তোত্রের সহিত আমাদিগের অন্ন গ্রহণ কর। হে অঙ্গিরা অগ্নি! মন্ত্র গ্রহণ কর, দেবগণের উদ্দেশে প্রযুক্ত স্তুতি তোমাকে বর্দ্ধিত করুক।

১৬। হে বিধাতা অগ্নি! তুমি বিদ্বান্ ও কবি। আমি প্রাজ্ঞ, আমি তোমার উদ্দেশে ফলপ্রাপক, গূঢ়, নিশ্চয় বক্তব্য ও কবিগ্রথিত এই সমস্ত বাক্য স্তোত্র ও শাস্ত্রের সহিত উচ্চারণ করি।

---

৪ সূক্ত।

রক্ষোবিনাশক অগ্নি দেবতা। বামদেব ঋষি।

১। হে অগ্নি! ব্যাধের বিস্তীর্ণ জালের ন্যায় তোমার তেজঃ সমূহ প্রকাশ কর। রাজা যেরূপ অমাত্যের সহিত হস্তীর উপর গমন করেন (১), সেইরূপ তুমি ভয়শূন্য তেজঃ সমূহের সহিত গমন কর।

তুমি ক্ষিপ্রগামী সেনার অনুগমন করতঃ পর সৈন্য বিনাশ করিয়া শত্রুদিগকে বিনাশ কর, অত্যন্ত তীক্ষ্ণ তেজের দ্বারা রাক্ষসগণকে ভেদ কর।

২। হে অগ্নি! তোমার ভ্রমণকারী শীঘ্রগামী রশ্মি সকল প্রসৃত হইতেছে। তুমি দীপ্তিমান্, তুমি অভিভবকারী তেজোরাশিদ্বারা শত্রুদিগকে দগ্ধ কর। শত্রুরা তোমাকে নিরোধ করিতে পারে না, তুমি জুহুদ্বারা তাপপ্রদ তেজঃ বিস্ফুলিঙ্গ ও উল্কা বিকীর্ণ কর।

৩। হে অগ্নি! তুমি অতিশয় ত্বরাবান্, তুমি রশ্মিসমূহকে শত্রুগণের বিরুদ্ধে প্রেরণ কর। কেহ তোমাকে হিংসা করিতে পারে না। যে সকল লোক দূর হইতে আমাদের অনিষ্ট করিতে ইচ্ছা করে, অথবা যাহারা নিকটে অনিষ্ট করিতে ইচ্ছা করে, তুমি তাহাদিগের নিকট হইতে এই সকল প্রজাকে রক্ষা কর। আমরা তোমারি, কোন শত্রু যেন আমাদিগকে পরিভব করিতে না পারে।

---

(১) মূলে "রা[illegible] ইব [illegible]বান্ ইভেন" [illegible] [illegible] গজস্কন্ধারূঢ় রাজার উল্লেখ পাওয়া গেল।

৪। হে তীক্ষ্ণ জ্বালাবিশিষ্ট অগ্নি! প্রস্তুত হও, শিখা বিস্তার কর, শত্রুগণকে সম্পূর্ণরূপে দগ্ধ কর। হে সমীদ্ধ অগ্নি! যে ব্যক্তি আমাদের সহিত শত্রুতাচরণ করে, তাহাদিগকে শুষ্ক কাষ্ঠখণ্ডের ন্যায় দগ্ধ করিয়া ফেল।

৫। হে অগ্নি! তুমি প্রস্তুত হও, আমাদের অপেক্ষা বলবান্ শত্রুকে প্রত্যেককে দূর করিয়া দাও, তোমার দৈব তেজ আবিষ্কার কর, যাতুজূনদিগের(২) দৃঢ় ধনুঃ জ্যাশূন্য কর এবং পূর্ব্বে পরাজিত ও অপরাজিত শত্রুগণকে বিনাশ কর।

৬। হে যুবতম অগ্নি! তোমার আগমন শুভকর এবং তুমি প্রধান। যে তোমাকে স্তুতি করে, সে তোমার অনুগ্রহ প্রাপ্ত হয়। তুমি যজ্ঞস্বামী, তুমি তাহার জন্য সমস্ত সুদিন, সমস্ত ধন, সমস্ত রত্নাদি দান কর এবং তাহার গৃহের অভিমুখে দ্যোতিত হও।

৭। যে ব্যক্তি নিত্য সংকল্পিত হব্যদ্বারা অথবা উকৃথ মন্ত্রদ্বারা তোমাকে প্রীত করিতে ইচ্ছা করে, সে সৌভাগ্যবান্ ও সুদাতা হউক। আপনার কষ্ট লভ্য আয়ুঃ প্রাপ্ত হউক। সমস্ত সুদিন তাহার জন্য হউক। সে যজ্ঞ ফলসাধনসমর্থ হউক।

৮। হে অগ্নি! তোমার অনুগ্রহ বুদ্ধির পূজা করি। তোমার উদ্দেশে উচ্চারিত বাক্য প্রতিধ্বনিতঃ হইয়া তোমার স্তুতি করুক। আমরা উত্তম রথ ও উত্তম অশ্ববিশিষ্ট হইয়া তোমার পরিচর্য্যা করিব। তুমি প্রত্যহ আমাদিগের ধন ধারণ করিবে।

৯। হে অগ্নি! তুমি রাত্রিদিন প্রদীপ্ত হইতেছ। এখানে লোকে প্রত্যহ আপনি তোমার সমীপে তোমার প্রচুর পরিচর্য্যা করিতেছে। আমরাও শত্রুগণের ধন আত্মসাৎ করতঃ বিহার করিয়া প্রসন্নমতে তোমার পরিচর্য্যা করিতেছি।

১০। হে অগ্নি! সুন্দর অশ্ব ও হিরণ্য বিশিষ্ট, যে ব্যক্তি ধনপূর্ণ রথের সহিত তোমার সমীপে গমন করে, তুমি তাহার রক্ষক হও। যে ব্যক্তি তোমাকে যথাক্রমে অতিথি যোগ্য পূজা প্রদান করে, তুমি তাহার সখা হও।

১১। হে হোতা, যুবতম, প্রজ্ঞাবান্ অগ্নি! স্তোত্রদ্বারা যে বন্ধুতা উৎপন্ন হইয়াছে, তদ্দ্বারা আমি মহান্ শত্রুদিগকে ভঙ্গ করি। এই সকল বাক্য পিতা

(২) অর্থাৎ প্রাণীগণের ক্লেশদায়ীদিগকে। সায়ণ।

গোতমের নিকট হইতে আমার নিকট আসিয়াছে। তুমি শত্রুবিনাশক, আমাদিগের এই বাক্য অবগত হও।

১২। হে সর্ব্বজ্ঞ অগ্নি! তোমার রশ্মি সকল সর্ব্বদা জাগরূক, সর্ব্বদা গমনস্বভাব, সুখান্বিত, অনলস, শুভকর, অশ্রান্ত, পরস্পর সঙ্গত, ও রক্ষণক্ষম। তাহারা এই স্থানে উপবিষ্ট হইয়া আমাগিকে রক্ষা করুক।

১৩। হে অগ্নি! তোমার যে রক্ষণক্ষম রশ্মিসকল কৃপা করিয়া মমতার পুত্র চক্ষুহীন দীর্ঘতমাকে শাপ হইতে রক্ষা করিয়াছিল, তুমি সর্ব্বপ্রজ্ঞাবান, তুমি সেই উত্তম হিতকর রশ্মি সকলকে বিশেষরূপে পালন করিতেছ। তাঁহার শত্রুরা তাঁহাকে বিনাশ করিতে ইচ্ছা করিয়াও বিনাশ করিতে পারে নাই।

১৪। হে অগ্নি! তুমি গমনে লজ্জাশূন্য। আমরা তোমার অনুগ্রহে সমান ধনবিশিষ্ট ও তোমা কর্ত্তৃক রক্ষিত হইয়া তোমার অনুজ্ঞায় অন্ন লাভ করি। হে সত্য বিস্তারক পাপ নাশক! উভয়বিধ শত্রুকে বিনাশ কর, যথাক্রমে সমস্ত কার্য্য কর।

১৫। হে অগ্নি! এই প্রদীপ্ত স্তুতিদ্বারা তোমার পরিচর্য্যা করি। তুমি আমাদের কথা মান, এই স্তোত্র গ্রহণ কর, স্তুতিবিহীন রাক্ষসদিগকে ভস্মসাৎ কর। হে মিত্রগণের পূজনীয় অগ্নি! শত্রু ও নিন্দকদিগের পরীবাদ হইতে আমাদিগকে রক্ষা কর(৩)।

৫ সূক্ত।

বৈশ্বানর নামক অগ্নি দেবতা। বামদেব ঋষি।

১। আমরা কি প্রকারে সমান প্রীতিযুক্ত হইয়া বৈশ্বানর নামক অভীষ্টবর্ষী, মহান্ দীপ্তিমান্ অগ্নিকে হব্য প্রদান করিব? স্তম্ভ যেরূপ ছাদকে ধারণ করে, সেইরূপ তিনি সম্পূর্ণ এবং বৃহৎ শরীর দ্বারা দ্যুলোক ধারণ করেন।

২। যে অগ্নিদেব হব্যযুক্ত হইয়া পরিপক্ক বুদ্ধিবিশিষ্ট মর্ত্ত্যকে এই ধন দান করিয়াছেন, তাঁহাকে নিন্দা করিও না। তিনি মেধাবী, অমর ও প্রজ্ঞাবান্, তিনি বৈশ্বানর, নেতৃশ্রেষ্ঠ এবং মহান্।

---

(৩) স্তুতিশূন্য নিন্দক রাক্ষসগণ কি অনার্য্য যজ্ঞ বিরোধী বর্ব্বর জাতি নহে?

৩। মধ্যম ও উত্তম স্থান পরিব্যাপী, তীক্ষ্ণ তেজোবিশিষ্ট প্রভূত সারবান্, অভীষ্টবর্ষী, ধনবান্ অগ্নি গাভীর পদ চিহ্নের ন্যায় অত্যন্ত গূঢ়। তিনি জ্ঞাতব্য, মহৎ স্তোত্র বিশেষরূপে অবগত হইয়া আমাদিগকে বলুন।

৪। বিদ্বান্ মিত্র ও বরুণের প্রিয় এবং ধ্রুব কর্ম্মে যাহারা বাধা দেয়, সুন্দর ধনবিশিষ্ট ও তীক্ষ্ণদন্ত অগ্নি অত্যন্ত সন্তাপকর তেজোদ্বারা তাহাদিগকে দগ্ধ করুন।

৫। ভ্রাতৃরহিতা বিপথগামিনী যোষিতের ন্যায়, পতিবিদ্বেষিণী দুষ্টচারিণী ভার্য্যার ন্যায়, পাপী অনৃত, অসত্য লোকে এই গভীর পদ উৎপাদন করিয়াছে (১)।

৬। হে পাবক অগ্নি! আমি তোমার কর্ম্ম পরিত্যাগ করি না। ক্ষুদ্র ব্যক্তিকে গুরু ভারের ন্যায় তুমি আমাকে প্রভূত ধন দান কর। সে ধন শক্রধর্ষক, অন্নযুক্ত, অন্যের অনবগাহণীয়, মহৎ, স্পর্শনযোগ্য এবং সপ্ত প্রকার(২।

৭। এই সুযোগ্য এবং শোধয়িত্রী স্তুতি, উপযুক্ত পূজাবিধির সহিত সকলের প্রতি সমান সেই বৈশ্বানরের নিকট শীঘ্র গমন করুক। সেই বৈশ্বানরের আরোহণকারী দীপ্ত মণ্ডল, অর্থাৎ সূর্য্য, পৃথিবীর নিকট হইতে অচল দ্যুলোকের উপরে বিচরণ করিবার জন্য পূর্ব্বদিকে আরোপিত হইয়াছে।

৮। লোকে বলে যে দোগ্ধাগণ জলের ন্যায় যে দুগ্ধ দোহন করে, সেই দুগ্ধ বৈশ্বানর গুহাতে লুকাইয়া রাখেন এবং তিনি বিস্তীর্ণা পৃথিবীর প্রিয় এবং শ্রেষ্ঠ স্থান রক্ষা করেন। আমার এই বাক্যের পর আর কি বক্তব্য থাকিতে পারে?

৯। ক্ষীরপ্রসবিনী গাভী অগ্নিহোত্রাদি কর্ম্মে যাঁহাকে সেবা করে, যিনি অন্তরিক্ষে অত্যন্ত দীপ্তি পান, যিনি গুহাতে নিহিত এবং যিনি শীঘ্র স্যন্দমান ও শীঘ্র গমনকারী, আমি সেই পূজ্য মহান্ দেবসমূহকে(৩) জানিতে পারিয়াছি।

(১) এই ঋকে ভ্রাতৃরহিতা ও পতিবিদ্বেষিণী নারীর বিপথ গমনের উল্লেখ আছে। "গভীর পদ" কি? সায়ণ বলেন নরক স্থান। কিন্তু ঋগ্বেদে স্বর্গ ও পরকালের সুখের কথা আছে, নরকের কোন ও উল্লেখ নাই।

(২) মূলে "সপ্ত ধাতু" আছে। সাত প্রকার গ্রাম্য পশু ও সাত প্রকার অরণ্যের পশু সায়ণ। "Consisting of seven elements."—*Wilson.*

(৩) অর্থাৎ সূর্য্যমণ্ডলরূপ বৈশ্বানর। সায়ণ।

১০। অনন্তর পিতা মাতাস্বরূপ দ্যাবাপৃথিবী মধ্যে ব্যাপ্ত হইয়া দীপ্তিমান্ বৈশ্বানর গাভীর উধোদেশে নিগূঢ় রমণীয় দুগ্ধ মুখের দ্বারা পান করিবার জন্য প্রবোধিত হয়েন। অভীষ্টবর্ষী, দীপ্ত এবং প্রযত বৈশ্বানরের জিহ্বা মাতা গাভীর উধঃপ্রদেশরূপ উৎকৃষ্ট স্থানের সমীপে বিদ্যমান আছে।

১১। আমি নমস্কার পূর্ব্বক জিজ্ঞাসিত হইয়া সত্য বলিতেছি। হে জাতবেদা! তোমাকে স্তুতি করিয়া যদি এই ধনলাভ করি তুমি ইহার স্বামী। তুমি সমস্ত ধনের স্বামী, পৃথিবীতে যে ধন আছে এবং দ্যুলোকে যে ধন আছে, তুমি সে সমুদয়ের স্বামী।

১২। এই ধনের সাধনভূত ধন কি? ইহার হিতকর ধন কি? হে জাতবেদা! তুমি অভিজ্ঞ, তুমি আমাদিগকে বল। তুমি আমাদিগকে এই ধনপ্রাপ্তিমার্গের গূঢ় এবং উৎকৃষ্ট উপায় বল। আমরা যেন নিন্দনীয় হইয়া গন্তব্য স্থান প্রাপ্ত না হই।

১৩। পূর্ব্ব প্রভৃতি সীমা কি? পদার্থজ্ঞান কি? অভিলষণীয় পদার্থ সমূহ বা কি? শীঘ্রগামী অশ্ব যেরূপ সংগ্রাভিমুখে গমন করে, সেইরূপ আমরা এই সকল অভিগত হইব। দ্যুতিমতী, মরণরহিত আদিত্যের পত্নী, প্রসবিত্রী উষা, কোন সময়ে আমাদিগের জন্য প্রকাশিত হইয়া ব্যাপ্ত হইবেন?

১৪। হে অগ্নি! লোকে অন্নরহিত উক্‌থমন্ত্রে এবং আরোপণীয় অল্পাক্ষর বাক্যে তৃপ্ত না হইয়া এখানে তোমাকে কি বলিতেছে (৪)? হবিঃ প্রভৃতি সাধন রহিত ব্যক্তিগণ দুঃখ প্রাপ্ত হউক।

১৫। সমিদ্ধ, অভিষ্টবর্ষী এবং নিবাসপ্রদ অগ্নির তেজঃ সমূহ মঙ্গলের জন্য যজ্ঞগৃহে দীপ্তি পাইতেছে। তিনি দীপ্ত তেজকে পরিধান করেন, অতএব তাঁহার রূপ দর্শনীয়, তিনি অনেক যজমান কর্ত্তৃক স্তুত হইয়া বনধারী রাজার ন্যায় দীপ্তি পাইতেছেন।

(৪) অর্থাৎ হবির্বিহীন বাক্যদ্বারা কিছু লাভ করিতে পারা যায় না। ইহাই বলিতেছে। সায়ণ।

৬ সূক্ত।

অগ্নি দেবতা। বামদেব ঋষি।

১। হে যজ্ঞের হোতা অগ্নি! তুমি যাজ্ঞিক শ্রেষ্ঠ, তুমি যজ্ঞে আমাদিগের ঊর্দ্ধে অবস্থান কর। তুমি শত্রুগণের ধন জয় কর, তুমি স্তোতার স্তুতি প্রবর্দ্ধিত কর।

২। বিজ্ঞ, হোতা, হর্ষয়িতা, প্রকৃষ্ট জ্ঞানবিশিষ্ট অগ্নি, যজ্ঞে প্রজাগণের মধ্যে স্থাপিত হইয়াছেন। অনন্তর তিনি ঊর্দ্ধে দীপ্তি আশ্রয় করেন এবং স্তম্ভের ন্যায় দ্যুলোকের উপরে ধূম ধারণ করেন।

৩। সংযত ও পুরাতন জুহূ ঘৃত পূর্ণ হইতেছে। যজ্ঞ বিস্তারকারী অধ্বর্য্যু প্রদক্ষিণ করিতেছেন। নবজাত যূপ উন্নত হইতেছেন, আক্রমণকারী সুদীপ্ত কুঠার পশুর নিকট গমন করিতেছে।

৪। কুশ বিস্তৃত হইলে এবং অগ্নি সমিদ্ধ হইলে অধ্বর্য্যু দেবগণকে প্রীত করিবার জন্য উত্থিত হয়েন। হোতা পুরাতন অগ্নি অল্প হব্যকে বহু করিয়া পশুপালকের ন্যায় পশুর চতুর্দ্দিকে তিনবার গমন করেন।

৫। হোতা, হর্ষদাতা, মিষ্টভাষী এবং যজ্ঞবান্ অগ্নি পরিমিতগতি হইয়া পশুর চতুর্দ্দিকে গমন করেন, অগ্নির দীপ্তিসমূহ অশ্বের ন্যায় চতুর্দ্দিকে ধাবিত হয়, অগ্নি যখন প্রদীপ্ত হয়েন, তখন সমস্ত ভূতজাত ভীত হয়।

৬। হে সুন্দর শিখাবিশিষ্ট অগ্নি! তুমি ভীতিজনক এবং সর্ব্বব্যাপ্ত। তোমার মনোহর এবং কল্যাণী মূর্ত্তি সম্যক্‌রূপে দৃষ্ট হয়। রাত্রি অন্ধকারের দ্বারা তোমার দীপ্তি নিবারণ করিতে পারে না এবং ধ্বংসকগণ তোমার শরীরে পাপ জন্মাইতে পারে না।

৭। যে জনয়িতা বৈশ্বানরের দান কেহ নিবারণ করিতে পারে না, এবং মাতা পিতা দ্যাবাপৃথিবী যাঁহাকে প্রেরণ করিতে শীঘ্র সক্ষম হন না, সেই সুতৃপ্ত এবং পাবক অগ্নি মনুষ্য লোকের মধ্যে সখার ন্যায় দীপ্তি পান।

৮। মনুষ্য লোকদিগের মধ্যে দশটি ভগিনী অর্থাৎ অঙ্গুলি নারীদিগের ন্যায় অগ্নিকে উৎপাদন করিয়াছে। সেই অগ্নি ঊষাকালে বুধ্যমান, হব্যভোজী, দীপ্তিমান্, সুন্দরবদন এবং তীক্ষ্ণ কুঠারের ন্যায় শত্রুহন্তা।

৯। হে অগ্নি! তোমার সেই অশ্বগণ যজ্ঞাভিমুখে আহূত হইতেছে।

তাহাদিগের নাসা হইতে ফেন নির্গত হয়, তাহারা রোহিত, ঋজুগামী, সুন্দরগামী, দীপ্তিমান্, যুবা, সুগঠিত এবং দর্শনীয়।

১০। হে অগ্নি! তোমার সেই অভিভবকারী, গমনশীল, দীপ্ত এবং পূজনীয় রশ্মি সমূহ মরুৎগণের ন্যায় অত্যন্ত ধ্বনি করতঃ শ্যেন পক্ষীর ন্যায় গন্তব্য স্থানে গমন করে।

১১। হে সমিদ্ধ অগ্নি! তোমার জন্য স্তোত্র করা হইয়াছে, হোতা উক্থ উচ্চারণ করিতেছে এবং যজমান যজ্ঞ করিতেছে। অতএব তুমি আমাদিগকে দান কর। মনুষ্যগণ ধন অভিলাষ করত মনুষ্যগণের প্রশংসা যোগ্য হোতা অগ্নিকে পূজা করিয়া উপবিষ্ট হইয়াছে।

৭ সূক্ত।

অগ্নি দেবতা। বামদেব ঋষি।

১। অপ্নবান আদি ভৃগুবংশীয়গণ বনমধ্যে বিচিত্র দর্শন এবং সমস্ত লোকের ঈশ্বর, যে অগ্নিকে প্রদীপ্ত করিয়াছিলেন, সেই হোতা, যাজ্ঞিকশ্রেষ্ঠ, স্তুতিভাজন ও দেবশ্রেষ্ঠ অগ্নি যজ্ঞকারীগণ কর্ত্তৃক সংস্থাপিত হইয়াছেন।

২। হে অগ্নি! তুমি দীপ্তিমান্ এবং মনুষ্যগণের স্তুতিযোগ্য, তোমার দীপ্তি কখন প্রসৃত হইবে? মর্ত্ত্যগণ তোমাকে গ্রহণ করিতেছে।

৩। মায়ারহিত, বিজ্ঞ, নক্ষত্র পরিবৃত দ্যুলোকসদৃশ এবং সমস্ত যজ্ঞের বৃদ্ধিকারক অগ্নিকে মনুষ্যগণ দর্শন করতঃ প্রত্যেক যজ্ঞগৃহে গ্রহণ করে।

৪। যে অগ্নি সমস্ত প্রজাগণকে অভিভূত করেন, সেই শীঘ্রগামী যজমানের দূত, কেতুস্বরূপ ও দীপ্তিমান্ অগ্নিকে মনুষ্যগণ সমস্ত প্রজাগণের জন্য আনয়ন করিয়াছেন।

৫। সেই হোতা, বিদ্বান্ অগ্নিকে মনুষ্যগণ যথাস্থানে উপবিষ্ট করাইয়াছেন। তিনি রমণীয়, পবিত্র দীপ্তিবিশিষ্ট, যাজ্ঞিকশ্রেষ্ঠ এবং সপ্ত তেজোযুক্ত।

৬। মাতৃস্বরূপ জলসমূহে এবং বৃক্ষসমূহে বিদ্যমান, কমনীয়, অসেবিত, বিচিত্র, গুহানিহিত, বিজ্ঞ এবং সর্ব্বত্র হব্যগ্রাহী সেই অগ্নিকে উপবিষ্ট করাইয়াছেন।

৭। দেবগণ নিদ্রা হইতে বিযুক্ত হইয়া, যে অগ্নিকে জলের স্থানস্বরূপ সমস্ত যজ্ঞে প্রীত করেন, সেই মহান্, সত্যবান্ অগ্নি নমস্কারপূর্ব্বক দত্ত হব্য গ্রহণ করিয়া সর্ব্বদাই যজ্ঞ অবগত হয়েন।

৮। হে অগ্নি! তুমি বিদ্বান্, তুমি যজ্ঞের দূতকার্য্য জান। তুমি দ্যাবা-পৃথিবী এই উভয়ের মধ্যে স্থিত অন্তরিক্ষকে জান, তুমি পুরাতন, তুমি অল্প হব্যকে বহু করিয়া থাক, তুমি বিদ্বান্, শ্রেষ্ঠ এবং দেবগণের দূত। তুমি স্বর্গের আরোহণ যোগ্য স্থানে গমন করিয়া থাক।

৯। হে অগ্নি! তুমি দীপ্তিমান্। তোমার বর্ত্ম কৃষ্ণবর্ণ এবং তোমার দীপ্তি পুরোবর্ত্তিনী। তোমার সঞ্চরণশীল তেজঃ সকল তেজঃ পদার্থের মধ্যে শ্রেষ্ঠ। তোমাকে না পাইয়া যজমানগণ তোমার উৎপত্তির হেতুভূত কাষ্ঠ-দ্বয়রূপ গর্ভ ধারণ করে। তুমি উৎপন্ন হইয়া সদ্যই দূত হইয়া থাক।

১০। সদ্যোজাত অগ্নির তেজঃ দৃষ্ট হয়। যখন বায়ু অগ্নির শিখাকে লক্ষ্য করিয়া প্রবাহিত হয়, তখন অগ্নি বৃক্ষ সমূহে তীক্ষ্ণ শিখা সংযুক্ত করেন এবং স্থির অন্নরূপ কাষ্ঠাদিকে তেজঃদ্বারা বিখণ্ডিত করেন।

১১। অগ্নি অন্নভূত কাষ্ঠাদিকে ক্ষিপ্রগামী রশ্মি সমূহ দ্বারা শীঘ্র দগ্ধ করেন। মহান্ অগ্নি আপনাকে ক্ষিপ্রগামী দূত করেন, তিনি কাষ্ঠ সমূহকে বিশেষরূপে দগ্ধ করতঃ বায়ুর বলের সহিত সঙ্গত হয়েন, অশ্বসাদী যেরূপ অশ্বকে বলবান্ করে ও প্রেরণ করে, সেইরূপ গমনশীল অগ্নি স্বীয় রশ্মিকে বলবান্ করেন ও প্রেরণ করেন।

৮ সূক্ত।

অগ্নি দেবতা। বামদেব ঋষি।

১। হে অগ্নি! আমি স্তুতিদ্বারা তোমাকে বর্দ্ধিত করি। তুমি দূত, সর্ব্ববিৎ, হব্যবাহী, অমর এবং যাজ্ঞিক শ্রেষ্ঠ।

২। তিনি ধন দান করিতে জানেন, তিনি মহান্, তিনি দ্যুলোকের আরোহণযোগ্য স্থান জানেন। তিনি দেবগণকে এই যজ্ঞে আনয়ন করুন।

৩। তিনি দ্যুতিমান্, তিনি যজমানগণকে দেবগণের নিকট নমস্কার করাইতে জানেন। তিনি যজ্ঞগৃহে যজ্ঞাভিলাষী ব্যক্তিকে অভীষ্ট ধন দান করেন।

৪। তিনি হোতা, তিনিই দূতকার্য্য অবগত হইয়া এবং দ্যুলোকের আরোহণযোগ্য স্থান বিদিত হইয়া দ্যাবাপৃথিবীর মধ্যে গমন করেন।

৫। যাহারা অগ্নিকে হব্যদান করিয়া প্রীত করে, যাহারা তাঁহাকে পুষ্ট করতঃ কাষ্ঠদ্বারা প্রদীপ্ত করে, আমরা যেন সেইরূপ যজমান হইতে পারি।

৬। যাহারা অগ্নির পরিচর্য্যা করে, তাহারা অগ্নিকে ভজনা করিয়া ধনদ্বারা এবং পুত্রপৌত্রাদিদ্বারা বিখ্যাত হয়।

৭। অনেকের স্পৃহণীয় ধন আমাদিগের নিকট প্রতিদিন আগমন করুক, অন্ন আমাদিগকে কার্য্যে প্রবর্ত্তিত করুক।

৮। তিনি মেধাবী, তিনি বলদ্বারা মনুষ্যগণের বিনাশযোগ্য শত্রু বিশেষরূপে নাশ করুন।

৯ সূক্ত।

অগ্নি দেবতা। বামদেব ঋষি।

১। হে অগ্নি! তুমি আমাদিগকে সুখী কর। তুমি মহান্, তুমি দেবাভিলাষী ব্যক্তির নিকট কুশে উপবেশন করিবার জন্য আগমন কর।

২। অগ্নিকে কেহ হিংসা করিতে পারে না। তিনি মনুষ্যলোকদিগের মধ্যে প্রকর্ষরূপে গমন করেন এবং অমর। তিনি সমস্ত দেবগণের দূত হউন।

৩। তিনি যজ্ঞগৃহে নীত হয়েন। তিনি যজ্ঞসমূহে স্তুতিযোগ্য হইয়া হোতা হয়েন, অথবা পোতা হইয়া উপবেশন করেন।

৪। অথবা অগ্নি যজ্ঞে গৃহিণী হয়েন, অথবা যজ্ঞগৃহে গৃহপতি হয়েন, অথবা ব্রহ্মা নামক ঋত্বিক্ হইয়া উপবেশন করেন।

৫। তুমি যজ্ঞাভিলাষীগণের উপবক্তা। তুমি মনুষ্যজনের হব্য কামনা করিয়া থাক।

৬। তুমি হব্য বহন করিবার জন্য যে মনুষ্যের যজ্ঞ সেবা কর, তাহার দৌত্য কার্য্য কামনা কর।

৭। হে অঙ্গিরা! তুমি আমাদিগের অধ্বর সেবা কর, আমাদিগের যজ্ঞ সেবা কর এবং আহ্বান শ্রবণ কর।

৮। তুমি যে রথদ্বারা সমস্ত দিকে গমন করিয়া হব্য প্রদাতাকে রক্ষা কর, তোমার সেই অহিংসনীয় রথ আমাদিগের চতুর্দ্দিকে ব্যাপ্ত হউক।

১০ সূক্ত।

অগ্নি দেবতা। বামদেব ঋষি।

১। হে অগ্নি! আমরা অদ্য দেব প্রাপক স্তুতিদ্বারা তোমাকে বর্দ্ধিত করিব। তুমি অশ্বের ন্যায় হব্য বাহক এবং ক্রতুর ন্যায় উপকারী। তুমি ভদ্র এবং হৃদয়গ্রাহী।

২। হে অগ্নি! তুমি এক্ষণেই ভজনীয়, প্রবৃদ্ধ, অভীষ্ট ফলসাধক, সত্যভূত ও মহান্ যজ্ঞের নেতা হইয়াছ।

৩। হে অগ্নি! তুমি জ্যোতির্ম্মান্ সূর্য্যের ন্যায় সমস্ত তেজোযুক্ত এবং প্রসন্নান্তঃকরণ তুমি আমাদিগের এই স্তোত্রদ্বারা নীত হইয়া আমাদিগের অভিমুখে আগমন কর।

৪। হে অগ্নি! অদ্য আমরা বাক্যদ্বারা তোমাকে স্তুতি করত হব্য দান করিব। আকাশের রশ্মি সদৃশ তোমার শোধক শিখাসমূহ শব্দ করিতেছে।

৫। হে অগ্নি! তোমার প্রিয়তমা দীপ্তি দিবারাত্র অলঙ্কারের ন্যায় পদার্থ সমূহকে শোভিত করিবার জন্য তাহাদের সমীপে শোভা পাইতেছে।

৬। হে অন্নবান্ অগ্নি! তোমার মূর্ত্তি শোধিত ঘৃতের ন্যায় পাপরহিত। তোমার শুদ্ধ হিরণ্যরূপ তেজঃ অলঙ্কারের ন্যায় দীপ্তি পাইতেছে।

৭। হে সত্যবান্ অগ্নি! তুমি যজমানকৃত চিরন্তন পাপ মর্ত্ত্য যজমান হইতে নিশ্চয়ই দূর করিয়া থাক।

৮। হে অগ্নি! তোমরা দ্যুতিমান্, তোমাদিগের প্রতি আমাদিগের সখ্য এবং ভ্রাতৃভাব মঙ্গলজনক হউক। দেবগণের স্থানে সমস্ত যজ্ঞে উহা আমাদিগের নাভি স্বরূপ।

---

১১ সূক্ত।

অগ্নি দেবতা। বামদেব ঋষি।

১। হে বলবান্ অগ্নি! তোমার মঙ্গলকর তেজঃ সূর্য্যের সমীপভূত দিবসে দীপ্তি পায়। তোমার দীপ্তিশালী এবং দর্শনীয় তেজঃ রাত্রিতেও দৃষ্ট হয়। তুমি রূপবান্, তোমার উদ্দেশে স্নিগ্ধ এবং দর্শনীয় অন্ন হুত হয়।

২। হে বহুজন্মা অগ্নি! তুমি যজ্ঞে স্তুত হইয়া স্তুতিকারীর জন্য স্বর্গদ্বার বিমুক্ত কর (১)। হে সুন্দর তেজোবিশিষ্ট অগ্নি! তুমি দেবগণের সহিত যজমানকে যে ধন দান করিয়া থাক, আমাদিগকে সেই প্রভূত এবং অভিলষণীয় ধন দান কর।

৩। হে অগ্নি! কর্ম্ম তোমা হইতে উৎপন্ন হয়, স্তুতি সমুদয় তোমা হইতে উৎপন্ন হয় এবং আরাধনযোগ্য উক্থ সমুদয় তোমা হইতে উৎপন্ন হয়। সত্যকর্ম্মা ও হব্যদাতা মনুষ্যের জন্য বীর্য্যযুক্ত রূপ এবং ধন তোমা হইতে উৎপন্ন হয়।

৪। হে অগ্নি! বলবান্, হব্যবাহক, মহান্, যজ্ঞকারী ও সত্যবলবিশিষ্ট পুত্র তোমা হইতে উৎপন্ন হয়; দেবগণ কর্ত্তৃক প্রেরিত সুখপ্রদ ধন তোমা হইতে উৎপন্ন হয়; অপ্রতিহত গতিবিশিষ্ট বেগগামী অশ্ব তোমা হইতে উৎপন্ন হয়।

৫। হে অমর অগ্নি! দেবাভিলাষী মনুষ্যগণ তোমাকে স্তুতিদ্বারা পরিচর্য্যা করে। তুমি দেবগণের প্রথম এবং দীপ্তিমান্, তোমার জিহ্বা দেবগণকে হৃষ্ট করে। তুমি পাপ সকল পৃথক্ করিয়া থাক, এবং রাক্ষস সকলকে দমন করিতে মানস করিয়া থাকে। তুমি গৃহপতি এবং অমূঢ়।

৬। হে বলের পুত্র অগ্নি! তুমি রাত্রিতে মঙ্গলজনক এবং দ্যুতিমান্ হইয়া আমাদিগের মঙ্গলের জন্য সেবা করিয়া থাক। যেহেতু তুমি যজমানগণকে বিশেষরূপে পালন করিয়া থাক, অতএব তুমি আমাদিগের নিকট হইতে অমতি দূর কর, আমাদিগের নিকট হইতে পাপ দূর কর, এবং আমাদিগের নিকট হইতে সমস্ত দুর্ম্মতি দূর কর।

১২ সূক্ত।

অগ্নি দেবতা। বামদেব ঋষি।

১। হে অগ্নি! যে ব্যক্তি স্রুক্ সংযত করিয়া তোমাকে প্রদীপ্ত করে, যে ব্যক্তি তোমাকে প্রতিদিবস তিন বার করিয়া হব্য দান করে, হে জাতবেদা!

(১) মূলে "ধঃ বিবাহি" আছে। "ধং" অর্থে স্বর্গ। "পুণ্যলোকস্য দ্বারং"। সায়ণ। "Heaven.—" *Wilson*.

সেই ব্যক্তি তোমার তৃপ্তিকর কার্য্যদ্বারা তোমার প্রসহমান তেজঃ অবগত হইয়া ধনদ্বারা শত্রুদিগকে পরাভব করে।

২। হে অগ্নি! যে ব্যক্তি তোমার জন্য কাষ্ঠ আহরণ করে, হে মহান্ অগ্নি! যে ব্যক্তি কাষ্ঠ অন্বেষণে শ্রান্ত হইয়া তোমার তেজের পরিচর্য্যা করতঃ রাত্রিকালে এবং দিবাকালে তোমাকে প্রদীপ্ত করে, সেই ব্যক্তি পুষ্টিলাভ করতঃ এবং শত্রুগণকে বিনাশ করতঃ ধন লাভ করে।

৩। অগ্নি মহৎ বলের স্বামী, অগ্নি উৎকৃষ্ট অন্নের এবং ধনের স্বামী। যুবতম, অন্নবান্ অগ্নি পরিচর্য্যাকারী মনুষ্যকে রত্ন যুক্ত করেন।

৪। হে যুবতম অগ্নি! যদ্যপি তোমার পরিচারকগণের মধ্যে আমরা অজ্ঞান বশতঃ কোন পাপ করিয়া থাকি, তাহা হইলে তুমি আমাদিগকে পৃথিবীর নিকট সম্পূর্ণরূপে নিষ্পাপ করিয়া দাও। হে অগ্নি! আমাদিগের সর্ব্বত্র বিদ্যমান পাপ সকল শ্লথ করিয়া দাও।

৫। হে অগ্নি! আমরা তোমার সখা, আমরা দেবগণের এবং মনুষ্যগণের নিকট যে পাপ করিয়াছি, সেই মহৎ এবং বিস্তৃত পাপ হইতে যেন আমরা সর্ব্বদা বিঘ্ন না পাই। তুমি আমাদিগের পুত্র এবং পৌত্রকে পাপের শান্তি ও পুণ্যজনিত সুখ দান কর।

৬। হে পূজার্হ বসুসমূহ! তুমি যেরূপে সেই বসুপদ গৌরী গাভীকে বিমুক্ত করিয়াছিলে, সেইরূপ আমাদিগকে পাপ হইতে বিমুক্ত কর। হে অগ্নি! তোমা কর্ত্তৃক প্রবৃদ্ধ আমাদের আয়ুকে প্রবৃদ্ধ কর।

১৩ সূক্ত।

অগ্নি দেবতা। অথবা যে মন্ত্রে যে দেবতার নাম উল্লেখ আছে, সেই মন্ত্রের সেই দেবতা। বামদেব ঋষি।

১। শোভনান্তঃকরণ অগ্নি তমোনিবারিণী উষার পূর্ব্ববর্ত্তী রত্ন প্রকাশক কালে প্রবৃদ্ধ হইতেছেন। হে অশ্বিদ্বয়! তোমরা যজমানের গৃহে গমন কর। সূর্য্যদেব জ্যোতির সহিত উদিত হইতেছেন।

২। সবিতাদেব উন্মুখ কিরণ বিকাশ করিতেছেন। যখন রশ্মিসমূহ সূর্য্যকে দ্যুলোকে আরোহণ করান, বলবান্ বৃষভ যেরূপ গাভীকে কামনা করতঃ

ধূলি বিকীর্ণ করিয়া তাহার অনুগমন করে, সেইরূপ তখন বরুণ, মিত্র এবং অন্যান্য দেবগণ নিজ নিজ কর্ম্মের অনুগমন করেন।

৩। স্থিরনিবাস দেবগণ কার্য্য পরিত্যাগ না করিয়া সর্ব্বতোভাবে অন্ধকার দূর করিবার জন্য যে সূর্য্যকে সৃষ্টি করিয়াছেন, মহান্, সপ্ত সংখ্যক অশ্বগণ সমস্ত প্রাণিসমূহের বিজ্ঞাতা সেই সূর্য্যকে বহন করে।

৪। হে দ্যুতিমান্ সূর্য্য! তুমি তন্তুরূপ রশ্মি সমূহ বিস্তার করতঃ কৃষ্ণবর্ণা রাত্রিকে তিরোহিত করিয়া, অত্যন্ত বহন সমর্থ অশ্বে আরোহণ পূর্ব্বক গমন করিতেছ। কম্পনযুক্ত সূর্য্য রশ্মিসমূহ অন্তরিক্ষ মধ্যে চর্ম্মের ন্যায় স্থিত অন্ধকার দূর করে।

৫। কেহ এই অদূরবর্ত্তী সূর্য্যকে বদ্ধ করিতে পারে না, ইনি যখন অধোমুখে থাকেন, কেহ ইহাকে কোন প্রকার বাধা দিতে পারে না। ইনি কোন্ বলে উর্দ্ধমুখে ভ্রমণ করেন? কে জানে, যে দ্যুলোকে সমবেত স্তম্ভস্বরূপ সূর্য্য স্বর্গকে ধারণ করেন?

১৪ সূক্ত।

অগ্নি দেবতা। অথবা যে মন্ত্রে যে দেবতার নাম উল্লেখ আছে, সেই মন্ত্রের সেই দেবতা। বামদেব ঋষি।

১। জাতবেদা অগ্নিদেব তেজে দীপ্যমান উষা সময়ে প্রবৃত্ত হইতেছেন। হে প্রভূত গমনশালী অশ্বিদ্বয়! তোমরা রথযোগে আমাদিগের যজ্ঞাভিমুখে আগমন কর।

২। সবিতাদেব সমস্ত ভুবনকে আলোকযুক্ত করত উন্মুখ কিরণ আশ্রয় করিতেছেন। সর্ব্বদর্শী সূর্য্য স্বকীয় কিরণে দ্যাবাপৃথিবী ও অন্তরিক্ষকে পরিপূর্ণ করিয়াছেন।

৩। ধনধারিণী অরুণবর্ণা, জ্যোতিঃশালিনী, মহতী, রশ্মিবিচিত্রিতা, বিদুষী উষা আগমন করিয়াছেন। উষাদেবী প্রাণীগণকে জাগরিত করতঃ সুখদানের জন্য সুযোজিত রথে গমন করেন।

৪। হে অশ্বিদ্বয়! উষা প্রকাশিত হইলে পর, অত্যন্ত বহনক্ষম গমনশীল সেই অশ্বগণ তোমাদিগকে এই যজ্ঞে আনয়ন করুক। হে অভীষ্টবর্ষীদ্বয়! এই সোম তোমাদিগকে এই যজ্ঞে সোম পানে হৃষ্ট করুক।

৫। কেহ এই অদূরবর্ত্তী সূর্য্যকে বদ্ধ করিতে পারে না। ইনি যখন

অধোমুখে থাকেন কেহ ইঁহাকে কোন প্রকারে বাধা দিতে পারে না। ইনি কোন্ বলে উর্দ্ধমুখে ভ্রমণ করেন? কে জানে, যে দ্যুলোকের সমবেত স্তম্ভ স্বরূপ সূর্য্য স্বর্গকে ধারণ করেন।

১৫ সূক্ত।

প্রথম ছয়টী ঋকের অগ্নি দেবতা। সপ্তম ও অষ্টম ঋকের সোমকরাজা দেবতা। নবম ও দশম ঋকের অশ্বিদ্বয় দেবতা। বামদেব ঋষি।

১। হোতা এবং দেবগণের মধ্যে দীপ্তিমান্ এবং যজ্ঞার্হ অগ্নি আমাদিগের যজ্ঞে অশ্বের ন্যায় পরিণীত হয়েন।

২। অগ্নি দেবগণের জন্য অন্ন ধারণ করতঃ যজ্ঞে প্রতিদিবস তিনবার রথীর ন্যায় পরিগমন করেন।

৩। রত্ন দানকারী অগ্নি অন্নপতি, কবি এবং হব্যদাতাকে হব্যের চতুর্দ্দিকে ব্যাপ্ত করেন।

৪। যে অগ্নি দেবরাতের পুত্র সৃঞ্জয়ের জন্য পূর্ব্বদিকে স্থিত উত্তর বেদিতে সমিদ্ধ হয়েন, শত্রুনাশকারী সেই অগ্নি দীপ্তযুক্ত হয়েন।

৫। বীর মনুষ্য তীক্ষ্ণতেজাঃ, অভীষ্টবর্ষী এবং গমনশীল অগ্নির উপর আধিপত্য বিস্তার করেন।

৬। অশ্বের ন্যায় হব্যবাহী এবং দ্যুলোকের পুত্রভূত সূর্য্যের ন্যায় দীপ্তিমান্ সেই সংভজনীয় অগ্নিকে প্রতিদিন পুনঃ পুনঃ পরিচর্য্যা করেন।

৭। সহদেবের পুত্র কুমার সোমকরাজা, যখন আমাকে দুইটি অশ্ব দিবেন বলিয়াছিলেন, তখন আমি তাঁহার নিকট আহূত হইয়া অশ্ব না লইয়া ফিরিয়া আসি নাই।

৮। সহদেবের পুত্র কুমার সোমকরাজার নিকট হইতে তৎক্ষণাৎ সেই পূজনীয় এবং প্রযত্ত অশ্ব দুইটি গ্রহণ করিয়াছিলাম।

৯। হে দেব অশ্বিদ্বয়! তোমাদিগের তৃপ্তিকারক সহদেব পুত্র কুমার সোমক দীর্ঘায়ুঃ হউন।

১০। হে দেব অশ্বিদ্বয়! তোমরা সহদেব পুত্র কুমার সোমককে দীর্ঘায়ুঃ কর।

১৬ সূক্ত

ইন্দ্র দেবতা। বামদেব ঋষি।

১। ঋজীষী সোমপায়ী এবং সত্যবান্ মঘবা আমাদিগের নিকট আগমন করুন। ইহার অশ্বগণ আমাদিগের নিকট আগমন করুক। আমরা এই যজ্ঞে তাঁহার উদ্দেশে এই সারবিশিষ্ট অন্নরূপ সোম অভিষব করিব। তিনি স্তুত হইয়া আমাদিগের অভীষ্ট সিদ্ধি করুন।

২। হে শূর! লোকে যেরূপ অশ্বগণকে পদ প্রান্তে ছাড়িয়া দেয়, সেইরূপ তুমি আমাদিগকে বিমুক্ত কর, যেন এই সবনে তোমাকে হৃষ্ট করিতে পারি। তুমি সর্ব্ববিৎ এবং অসূর্য্য (১), যজমান উশনার ন্যায় তোমার উদ্দেশে মনোহর উক্‌থ উচ্চারণ করিতেছে।

৩। কবি যেরূপ গূঢ় অর্থ সম্পাদন করে, সেইরূপ অভীষ্টবর্ষী ইন্দ্র কার্য্য-সমূহ সম্পাদন করতঃ যখন সেচনযোগ্য সোম অধিক পরিমাণে পান করিয়া হৃষ্ট হয়েন, তখন দ্যুলোক হইতে যথার্থই সপ্ত সংখ্যক রশ্মি উৎপাদিত হয়। স্তূয়মান রশ্মিসমূহ দিবাভাগেও মনুষ্যের জ্ঞান সম্পাদন করে।

৪। যখন প্রভূত জ্যোতিঃ স্বরূপ দ্যুলোক রশ্মিসমূহদ্বারা সুদর্শনীয়রূপে দৃষ্ট হয়েন, তখন দেবগণ স্বর্গে বাস করেন বলিয়া দীপ্তিযুক্ত হয়েন। নেতৃশ্রেষ্ঠ সূর্য্য আগমন করতঃ, মনুষ্যগণ জগৎ সন্দর্শন করিতে সক্ষম হইবেন বলিয়া, নিবিড় অন্ধকার নাশ করেন।

৫। ঋজীষী সোমবিশিষ্ট ইন্দ্র অমিত মহিমা ধারণ করেন; তিনি স্বীয় মহিমাবলে দ্যাবাপৃথিবী উভয়কেই পরিপূর্ণ করিয়াছেন। যিনি সমস্ত ভুবন অভিভূত করিয়াছেন, তাঁহার মহিমা এই সমস্ত ভুবন হইতেও অধিক হইয়াছিল।

৬। ইন্দ্র মনুষ্যগণের হিতকর কার্য্যসমূহ জানেন, তিনি অভিলাষকারী ও মিত্রভূত মরুৎগণের জন্য জল বর্ষণ করিয়াছিলেন। যাঁহারা বাক্‌রূপ ধ্বনি দ্বারা পর্ব্বতকেও বিদীর্ণ করিয়াছিলেন, সেই মরুৎগণ ইন্দ্রাভিলাষী হইয়া গাভীপূর্ণ গোশালা উদ্‌ঘাটন করিয়াছিলেন।

৭। হে ইন্দ্র! তোমার লোকপালক বজ্র জলাবরক বৃত্রকে হত করিয়াছে।

(১) সায়ণ "অসূর্য্য" অর্থ এখানে অসুর বিনাশক করিয়াছেন

চেতনাবতী ভূমি তোমার সহিত সঙ্গত হইয়াছে। হে শূর এবং ধৃষ্ণু ইন্দ্র! তুমি আপন বিক্রমে লোকপালক হইয়া নভঃস্থিত জল প্রেরণ করিয়া থাক।

৮। হে বহুলোক কর্তৃক আহূত! তুমি যখন অদ্রিকে বিদীর্ণ করিয়াছিলে, তোমার পূর্ব্বে সরমা গোধন আবিষ্কার করিয়াছিল। অঙ্গিরাগণ তোমার স্তব করিলে, তুমি অভ্রভেদ করতঃ আমাদিগকে প্রভূত অন্ন প্রদান করিয়া অনুগ্রহ প্রদর্শন করিয়াছ।

৯। হে ধনবান্ ইন্দ্র! মনুষ্যগণ তোমাকে সম্মানিত করে। তুমি ধন প্রদানের জন্য কবি কুৎসের অভিমুখে গমন করিয়াছিলে এবং তিনি প্রার্থনা করিলে তাঁহাকে আশ্রয় দান দ্বারা রক্ষা করিয়াছিলে। মায়াবান্ ঋত্বিক্‌শূন্য দস্যু ধনলাভার্থ যুদ্ধে বিনষ্ট হইয়াছিল।

১০। হে ইন্দ্র! তুমি মনে মনে দস্যুবধে কৃতসংকল্প হইয়া কুৎসের গৃহে আগমন করিয়াছিলে, কুৎসও তোমার সখ্যের জন্য আগ্রহান্বিত হইয়াছিল। তোমরা দুই জনে আপন স্থানে উপবেশন করিয়াছিলে এবং তোমার সত্যদর্শনী স্ত্রী তোমাদের দুই জনের সমানরূপ দেখিয়া সংশয়ান্বিতা হইয়াছিলেন (২)।

১১। যে দিবস কবি কুৎস গ্রহণীয় অন্নের ন্যায় ঋজুগামী অশ্বদ্বয়কে আপন রথে যোজিত করিয়া আপদ্ হইতে উদ্ধৃত হইতে সমর্থ হইয়াছিলেন, সেই দিবসে, হে ইন্দ্র! তুমি কুৎসকে রক্ষা করিবার ইচ্ছায় তাঁহার সহিত এক রথে গমন করিয়াছিলে। তুমি শত্রুনাশক এবং বায়ু সদৃশ অশ্বের অধিপতি।

১২। হে ইন্দ্র! তুমি কুৎসের জন্য সুখরহিত শুষ্ণকে বধ করিয়াছিলে, দিবসের প্রারম্ভে কুযবকে বিনাশ করিয়াছিলে এবং বহুজন পরিবৃত হইয়া সেই সময়েই বজ্রদ্বারা দস্যুদিগকে বিনাশ করিয়াছিলে। তুমি সংগ্রামে সূর্য্যের চক্র ছিন্ন করিয়াছিলে।

১৩। তুমি পিপ্রুও প্রবৃদ্ধ মৃগয়কে বিনাশ করিয়াছিলে, তুমি সকলকে বিদথীর পুত্র ঋজিশ্বার বশীভূত করিয়াছিলে। তুমি পঞ্চাশৎ সহস্র কৃষ্ণবর্ণ

(২) রুরুর পুত্র কুৎস রাজর্ষি শত্রুদিগের সহিত যুদ্ধে অসমর্থ হইয়া ইন্দ্রকে আহ্বান করেন এবং ইন্দ্র সেই শত্রুদিগকে বিনাশ করেন। উভয়ের মধ্যে বন্ধুত্ব হইলে ইন্দ্র কুৎসকে নিজ গৃহে লইয়া যান। ইন্দ্রের স্ত্রী উভয়ের সমানরূপ দেখিয়া কে ইন্দ্র, কে কুৎস, এবিষয়ে সংশয়ান্বিত হইয়াছিলেন। সায়ণ।

কুৎস সম্বন্ধে ১।৩৩।১৪ ও ১।৬৩।৩ ও ১।১০৬।৬ ঋকের টীকা দেখ। ১।১১২।২৩ ঋকে কুৎসকে অর্জ্জুনের পুত্র বলিয়া বর্ণনা করা হইয়াছে।

শত্রুকে (৩) বিনাশ করিয়াছিলে। জরা যেরূপ রূপ বিনাশ করে, তুমি সেইরূপ শম্বরের নগর সমূহ বিনাশ করিয়াছিলে।

১৪। তুমি মরণরহিত, তুমি যখন সূর্য্যের সমীপে আপন শরীর ধারণ কর, তখন তোমার রূপ প্রকাশিত হয়। তুমি হস্তীর ন্যায় পরাক্রান্ত, তুমি শত্রুগণের বল দগ্ধ করতঃ এবং আয়ুধধারণ করতঃ সিংহের ন্যায় ভয়ঙ্কর হইয়া থাক।

১৫। ইন্দ্রাভিলাষী ধনলাভেচ্ছু স্তোতাগণ যুদ্ধের ন্যায় যজ্ঞে তাঁহাকে প্রার্থনা করিয়া এবং অন্নাভিলাষে উক্থদ্বারা তাঁহাকে স্তুতি করতঃ তাঁহার নিকট গমন করেন। ইন্দ্র তাঁহাদিগের আবাসস্থান সদৃশ এবং রমণীয় ও দর্শনীয় পুষ্টিস্বরূপ।

১৬। যিনি মনুষ্যগণের হিতকর বহুতর প্রসিদ্ধ কর্ম্ম করিয়াছেন, যিনি স্পৃহণীয় ধনবিশিষ্ট, যিনি মৎসদৃশ স্তোতার জন্য শীঘ্র গ্রহণীয় অন্ন আহরণ করেন, হে স্তোতাগণ! তোমাদিগের জন্য আমরা সেই ইন্দ্রকে সুন্দররূপে আহ্বান করিব।

১৭। হে শূর! যখন মনুষ্যগণের কোনও যুদ্ধে তাহাদিগের মধ্যে তীক্ষ্ণ অশনিপাত হয়, হে স্বামিন্! যখন শত্রুদিগের সহিত ঘোরতর যুদ্ধ হয়, তখন তুমি আমাদিগের শরীরের রক্ষক বলিয়া বিদিত হও।

১৮। তুমি বামদেবের যজ্ঞকার্য্যের রক্ষক হও। তুমি হিংসারহিত, তুমি যুদ্ধে আমাদিগের সুহৃৎ হও। তুমি মতিমান্, আমরা তোমার নিকট গমন করি তুমি সর্ব্বদা স্তোত্রকারীর প্রভূত প্রশংসাকারী হও।

১৯। হে ইন্দ্র! আমরা সমস্ত যুদ্ধে তোমাকে অভিলাষ করি; ধনী যেরূপ ধনদ্বারা দীপ্তিমান্ হয়, আমরা সেইরূপ হব্যযুক্ত এই মনুষ্যগণের সহিত দীপ্তিমান্ হইয়া শত্রুগণকে অভিভূত করতঃ সমস্ত রাত্রি ও বহু সম্বৎসর তোমাকে স্তুতি করিব।

২০। যাহাতে আমাদিগের সখ্য বিযুক্ত না হয়, যাহাতে উগ্র এবং শরীর রক্ষক ইন্দ্র আমাদিগের রক্ষক হয়েন, আমরা সেই প্রকার, আচরণ করিব। ভৃগুগণ যেরূপ রথ নির্ম্মাণ করে, .সেইরূপ অভীষ্টবর্ষী এবং নিত্য তরুণ ইন্দ্রের নিমিত্ত স্তোত্র রচনা করিব।

২১। হে ইন্দ্র! তুমি স্তুত ও স্তূয়মান হইয়া, জল যেরূপ নদী পূর্ণ করে,

(৩) মূলে "পঞ্চাশৎ কৃষ্ণা সহস্রা" আছে। ১।১০১।১ ঋকের টীকা দেখ। এই সূক্তে ৯, ১০, ১২, ১৩, ১৪, ও ১৭ হইতে ২০ ঋকে অনার্য্য বর্ব্বরদিগের সহিত যুদ্ধের উল্লেখ পাওয়া যায়.

সেইরূপ স্তোতার অন্ন প্রবৃদ্ধ কর। হে হরিবিশিষ্ট ইন্দ্র! আমরা তোমার উদ্দেশে নূতন স্তোত্র করিতেছি, আমরা যেন রথবান্ হইয়া স্তুতিদ্বারা সর্ব্বদা তোমার ভজনা করিতে পারি।

১৭ সূক্ত।

ইন্দ্র দেবতা। বামদেব ঋষি।

১। হে ইন্দ্র! তুমি মহান্। পৃথিবী মহত্ত্বযুক্ত হইয়া তোমার বল অনুমোদন করিয়াছেন, দ্যুলোকও তোমার বল অনুমোদন করিয়াছেন। তুমি বলদ্বারা বৃত্রকে বধ করিয়াছ। অহি যে সকল নদীকে গ্রাস করিয়াছিল, তুমি তাহাদিগকে মুক্ত করিয়াছ।

২। তুমি দীপ্তিমান্, তোমার জন্ম হইলে পর দ্যুলোক ত্বদীয় কোপভয়ে কম্পিত হইয়াছিল, পৃথিবী কম্পিত হইয়াছিল, ঐ বৃহৎ মেঘসমূহ আবদ্ধ হইয়াছিল। ঐ মেঘসমূহ প্রাণিগণের পিপাসা বিনাশ করিয়াছিল এবং মরুপ্রদেশে জল প্রেরণ করিয়াছিল।

৩। শত্রুদিগের অভিভবকর ইন্দ্র তেজঃ প্রকাশ করতঃ বজ্র প্রেরণ করিয়া বলদ্বারা পর্ব্বত সমূহকে বিদীর্ণ করিয়াছিলেন। তিনি হৃষ্ট হইয়া বজ্রদ্বারা বৃত্রকে বিনাশ করিয়াছিলেন এবং বৃত্র হত হইলে জল বেগে গমন করিতে লাগিল।

৪। অতিশয় স্তুত্য, উত্তম বজ্রবিশিষ্ট, স্বর্গ হইতে অনপচ্যুত ও মহিমান্বিত ইন্দ্রকে যিনি উৎপাদন করিয়াছেন, সেই ইন্দ্রের জনয়িতা দ্যোঃ আপনাকে বীরপুত্রবিশিষ্ট বলিয়া মনে করিয়াছিলেন, এবং অত্যন্ত শোভনকর্ম্মা হইয়াছিলেন।

৫। সমস্ত প্রজাগণের রাজা, অনেকের স্তুত, একমাত্র ইন্দ্রই শত্রু হইতে উৎপন্ন ভয় বিনাশ করেন। সমস্ত যজমানগণ ধনবান্, দ্যোতমান ও স্তুতিকারীর বন্ধুস্বরূপ ইন্দ্রের উদ্দেশে সত্যই স্তুতি করে।

৬। সমস্ত সোম সত্যই ইন্দ্রের। সত্যই হর্ষকর সোম মহাবল ইন্দ্রের অত্যন্ত হর্ষজনক। হে ইন্দ্র! তুমি ধনপতি, তুমি সত্যই সমস্ত ধনের পতি। তুমি ধনের নিমিত্ত সত্যই সমস্ত প্রজা ধারণ করিয়াছ।

৭। তুমি প্রথমেই উৎপন্ন হইয়া সমস্ত প্রজাগণকে ধারণ করিয়াছ। হে ধনবান্ ইন্দ্র! তুমি জলবিশিষ্ট দেশ সমূহকে লক্ষ্য করিয়া, যে অহি শয়ন করিয়াছিল, তাহাকে বজ্রদ্বারা ছিন্ন করিয়াছ।

৮। বহুলোকের বিনাশক, অত্যন্ত দুর্দ্ধর্ষ, শত্রুদিগের প্রেরক, মহান্, পরিমাণ রহিত, অভীষ্টবর্ষী, উত্তম বজ্রবিশিষ্ট ইন্দ্রকে আমরা স্তব করি। যে ইন্দ্র বৃত্রকে বিনাশ করিয়াছিলেন, যিনি অন্নদাতা এবং শোভনধনযুক্ত, যিনি ধন দান করেন, আমরা তাঁহাকে স্তব করি।

৯। যে ধনবান্ ইন্দ্র যুদ্ধে অদ্বিতীয় বলিয়া প্রথিত আছেন, তিনি মিলিত ও বিস্তৃত শত্রুসেনা বিনাশ করেন। তিনি যে অন্ন দান করেন, সেই অন্ন ধারণ করেন। আমরা ইন্দ্রের সহিত বন্ধুতায় তাঁহার প্রিয় হইব।

১০। তিনি শত্রুবিজয়ী ও শত্রুঘাতী বলিয়া সর্ব্বত্র প্রথিত আছেন। তিনি যুদ্ধদ্বারা পশু আরহণ করেন। ইন্দ্র যখন সত্যই কোপ করেন, তখন স্থাবর জঙ্গমাত্মক সমস্ত জগৎ ভীত হয়।

১১। যে ধনবান্ ইন্দ্র গাভী জয় করিয়াছিলেন, হিরণ্য জয় করিয়াছিলেন, অশ্ব সমুদয় জয় করিয়াছিলেন, বহুতর শত্রুসেনা জয় করিয়াছিলেন, সামর্থ্য দ্বারা সকলের সেই প্রধান নেতা এই স্তোতৃগণ কর্ত্তৃক স্তুত হইয়া ঐ ধনের বিভক্তা এবং বসুর সংভক্তা হউন।

১২। ইন্দ্র জননীর নিকট কিয়ৎ পরিমাণে বল প্রাপ্ত হইয়াছেন. পিতার নিকট কিয়ৎ পরিমাণে প্রাপ্ত হইয়াছেন। যিনি আপন জনয়িতা হইতে সমস্ত জগৎ উৎপন্ন করিয়াছেন. এবং তাঁহা হইতেই মুহুর্মুহু জগতে বল প্রেরণ করিতেছেন, গর্জ্জনশীল মেঘ কর্ত্তৃক প্রেরিত বায়ুর ন্যায় সেই ইন্দ্র আহূত হইতেছেন।

১৩। ধনবান্ ইন্দ্র একজন ক্ষুণ্ণ ব্যক্তিকে অক্ষুণ্ণ করিয়াছেন। বজ্রযুক্ত অন্তরিক্ষের ন্যায় শত্রুবিনাশক ইন্দ্র সঞ্জাত পাপ বিনাশ করেন এবং স্তোতাকে ধন প্রদান করেন।

১৪। এই ইন্দ্র সূর্য্যের চক্র নিক্ষেপ করিয়াছেন এবং যুদ্ধগামী এতশকে প্রতিনিবৃত্ত করিয়াছিলেন। কুটিলগতি, কৃষ্ণবর্ণ মেঘ তেজের মূলীভূত এবং জলের যোনিস্বরূপ অন্তরিক্ষে অবস্থিত ইন্দ্রকে অভিষিক্ত করিয়াছেন।

১৫। যেমন যজমান রাত্রিকালে অগ্নিকে সোমের দ্বারা অভিষিক্ত করেন।

১৬। আমরা স্তোতা। আমরা গবাভিলাষী, অশ্বাভিলাষী, অন্নাভিলাষী এবং স্ত্রী অভিলাষী হইয়া সখ্যের জন্য, অভীষ্টবর্ষী ভার্য্যাপ্রদ ও রক্ষাকার্য্যে অবিশ্রান্ত ইন্দ্রকে, কূপে যেরূপ জল পাত্র অবনমিত করে, সেইরূপ অবনমিত করিব।

১৭। হে ইন্দ্র! তুমি আমাদিগের আপ্ত, তুমি সকলকে রক্ষকরূপে দর্শন করিয়া থাক, তুমি আমাদিগের রক্ষক হও। তুমি অভিদ্রষ্টা, সুখয়িতা, সোমার্হ

ও সখা, তুমি পালক, পালকগণের মধ্যে শ্রেষ্ঠ পালক এবং স্রষ্টা। তুমি স্বর্গাভিলাষী স্তোতার প্রতি অন্নপ্রদ হও।

১৮। হে ইন্দ্র! আমরা তোমার সখ্যাভিলাষী, তুমি আমাদিগের রক্ষক হও। তুমি স্তুত হইতেছ, তুমি আমাদিগের সখা হও। তুমি স্তুতিকারীকে অন্নদান কর। হে ইন্দ্র! আমরা বাধাযুক্ত হইয়াও এই স্তুতিরূপ কর্ম্মের দ্বারা পূজাকরতঃ তোমাকে আহ্বান করিতেছি।

১৯। যখন ধনবান্ ইন্দ্র স্তুত হয়েন, তখন তিনি একা বহু অভিগন্তা শত্রু নাশ করেন। যাঁহার আশ্রিত স্তোতাকে দেবগণ বারণ করেন না, মনুষ্যগণ বারণ করেন না, স্তুতিকারী ব্যক্তি সেই ইন্দ্রের প্রিয়।

২০। বিবিধ শব্দবান্, সমস্ত প্রজাগণের ধারক, শত্রুরহিত ও ধনবান্ ইন্দ্র এই প্রকারে স্তুত হইয়া আমাদিগের সত্যরূপ অভিলষিত সম্পাদন করুন। হে ইন্দ্র! তুমি সমস্ত জন্মবান্দিগের রাজা। স্তোতা যে মহিমাযুক্ত যশঃ প্রাপ্ত হয়, তুমি সেই যশঃ আমাদিগকে অধিক পরিমাণে দান কর।

২১। হে ইন্দ্র! তুমি স্তুত ও স্তূয়মান হইয়া জল যেরূপ নদী পূর্ণ করে, সেইরূপ স্তোতার অন্ন প্রবৃদ্ধ কর। হে হরিবিশিষ্ট ইন্দ্র! আমরা তোমার উদ্দেশে নূতন স্তোত্র করিতেছি, আমরা যেন রথবান্ হইয়া স্তুতিদ্বারা সর্ব্বদা তোমার ভজনা করিতে পারি।

১৮ সূক্ত।

সূক্তে ইন্দ্র, অদিতি এবং বামদেব ইহাদের তিন জনের মধ্যে কথোপকথন হওয়ায় ইঁহারা তিনজনে এই সূক্তের ঋষি ও দেবতা (১)।

১। এই পথ অনাদি এবং পূর্ব্বাপর লব্ধ, সমস্ত দেবগণ এই পথে উৎপন্ন হইয়াছেন। অতএব তুমি প্রবৃদ্ধ হইয়া এই পথ দিয়া জাত হও, তোমার মাতার পতন সাধন করিও না।

---

(১) গর্ভস্থ বামদেব মাতার পার্শ্বদেশ ভেদ করিয়া উৎপন্ন হইবেন মনে করিয়াছিলেন। তাঁহার জননী ইহা বিদিত হইয়া ইন্দ্রের স্ত্রী ও ইন্দ্রের মাতাকে ধ্যান করিলেন। অদিতি ইন্দ্রের সহিত আসিলেন। সায়ণ।

"The interesting part of this absurd story is its accordance with the birth of Sakya, according to the Buddhists, who may possibly have borrowed the notion from the Veda."—*Wilson.*

বামদেব বলিতেছেন।

২। আমি এই পথ দিয়া বহির্গত হইব না, ইহা অতি দুর্গম, আমি পার্শ্ব ভেদ করিয়া নির্গত হই। আমাকে অন্যের অকৃত অনেক কর্ম্ম করিতে হইবে, আমাকে একের সহিত যুদ্ধ করিতে হইবে, একের সহিত বাদ প্রতিবাদ করিতে হইবে।

৩। ইন্দ্র বলিয়াছেন, যে আমার মাতা মৃত হইবেন; তথাপি পুরাতন পথ অনুগমন করিব না, শীঘ্র বহির্গত হইব। ইন্দ্র, অভিষবকারী ত্বষ্টার গৃহে বলপূর্ব্বক সোমাভিষব ফলদ্বয়ে অভিষুত সোম পান করিয়াছিলেন। সে সোম শত ধনের দ্বারা ক্রীত (২)।

৪। অদিতি যে ইন্দ্রকে সহস্র মাস ও বহুতর সংবৎসর ধারণ করিয়াছিলেন, সেই ইন্দ্র কেন বিরুদ্ধ কার্য্য করিয়াছেন?

অদিতি বলিতেছেন।

যাহারা উৎপন্ন হইয়াছে ও হইবে, তাঁহাদের সহিত ইন্দ্রের তুলনা নাই।

৫। গুহাজাত ইন্দ্রকে নিন্দনীয় মনে করিয়া মাতা উঁহাকে বীর্য্যে পূর্ণ করিয়াছিলেন। অনন্তর উৎপাদ্যমান ইন্দ্র তেজোধারণ করিয়া উত্থিত হইলেন এবং দ্যাবাপৃথিবীকে পরিপূর্ণ করিলেন।

৬। "অ ল-লা" এইরূপ শব্দ করিতে২ এই জলবতী নদীগণ হর্ষসূচক শব্দ করতঃ গমন করিতেছে। হে ঋষি! তুমি উঁহাদিগকে জিজ্ঞাসা কর, যে উঁহারা কি বলিতেছে। জলসমূহ কিরূপে আবরক মেঘকে ভেদ করে?

৭। নিবিৎরূপ মন্ত্রসমূহ ইঁহাকে কি বলে? জলসমূহ ইন্দ্রের কি স্তুতি করে? আমার পুত্র মহৎ বজ্রদ্বারা বৃত্রকে বধ করিয়াছিলেন, অনন্তর এই নদীগণকে বিসৃষ্ট করিয়াছিল।

বামদেব বলিতেছেন।

৮। হে ইন্দ্র! যুবতী অদিতি প্রমত্তা হইয়া তোমাকে প্রসব করিয়াছিলেন। কুষবা প্রমত্তা হইয়া তোমাকে গ্রাস করিয়াছিল। জলসমূহ প্রমত্ত হইয়া, শিশু তোমাকে সুখ প্রদান করিয়াছিল। ইন্দ্র প্রমত্ত হইয়া স্বীয়বীর্য্য প্রভাবে উত্থান করিয়াছিলেন।

৯। হে ধনবান্ ইন্দ্র! ব্যংস প্রমত্ত হইয়া তোমার হনুদ্বয় বিদ্ধকরতঃ অপহত করিয়াছিল। অনন্তর, তুমি অধিক বলশালী হইয়াছিলে এবং সেই দাসের শিরোদেশ বজ্রদ্বারা সংপিষ্ট করিয়াছিলে।

(২) অর্থাৎ ইন্দ্র যথেচ্ছা কর্ম্ম করিয়াছিলেন, আমি কেন যথেচ্ছা নির্গত হইব না?

১০। সকৃৎপ্রসূতা গাভী যেরূপ বৎস প্রসব করে, সেইরূপ ইন্দ্রের মাতা স্বেচ্ছাপূর্ব্বক সঞ্চরণ করিবার জন্য স্থবির, প্রভূত বলশালী, অনভিভবনীয়, অভীষ্টবর্ষী, প্রেরক, অনভিভূত, স্বয়ং গমনক্ষম ও শরীরাভিলাষী ইন্দ্রকে প্রসব করিয়াছিলেন।

১১। ইন্দ্রের মাতা মহান্ ইন্দ্রকে জিজ্ঞাসা করিলেন, হে পুত্র! দেবগণ তোমাকে ত্যাগ করিয়াছে? ইন্দ্র বলিলেন, হে সখা বিষ্ণু! (৩) তুমি বৃত্রকে বধ করিতে যদি অভিলাষী, তবে অত্যন্ত পরাক্রমশালী হও।

১২। হে ইন্দ্র! তুমি ভিন্ন কে আপন মাতাকে বিধবা করিয়াছে? তুমি যখন শয়ান থাক অথবা সঞ্চরণ করিতে থাক, তখন কে তোমাকে বধ করিতে ইচ্ছা করিয়াছে? কোন্ দেবতা সুখদান বিষয়ে তোমা অপেক্ষা বড়? যে হেতু তুমি তোমার পিতার পাদদ্বয় গ্রহণ করিয়া পিতাকে বধ করিয়াছ (৪)।

১৩। আমি জীবনোপায় অভাবে কুক্কুরের অন্ত্র সমূহ পাক করিয়াছিলাম (৫)। আমি দেবগণের মধ্যে ইন্দ্র ব্যতিরিক্ত সুখয়িতা পাই নাই। আমি আমার ভার্য্যাকে অসম্মানিতা হইতে দেখিয়াছি (৬)। অনন্তর শ্যেন ইন্দ্র আমার জন্য মধুর জল আহরণ করিয়াছিলেন।

১৯ সূক্ত।

ইন্দ্র দেবতা। বামদেব ঋষি।

১। হে বজ্রবান্ ইন্দ্র! সুন্দর আহ্বানযুক্ত রক্ষক বিশ্বদেবগণ এবং দ্যাবা-পৃথিবী উভয়ে এই যজ্ঞে একমাত্র তোমাকেই বৃত্র বধের জন্য বরণ করে। তুমি মহান্, প্রবৃদ্ধ এবং দর্শনীয়।

২। হে ইন্দ্র! বৃদ্ধেরা যেরূপ যুবা পুত্রগণকে প্রেরণ করে, সেইরূপ দেবগণ তোমাকে শত্রু বধের জন্য প্রেরণ করিয়াছিলেন। তদবধি তুমি সমস্ত

---

(৩) বৃষ্টিদাতা ইন্দ্র সূর্য্যরূপ বিষ্ণুকে "সখা" বলিয়া সম্বোধন করিতেছেন। ১।২২।১৯ ঋকের টীকা দেখ।

(৪) ইন্দ্র দ্বারা তাঁহার পিতার হত্যা সম্বন্ধে, সায়ণ কোন বিবরণ দেন নাই, সে বিবরণ তৈত্তিরীয় সংহিতায় আছে।৬।১।৩।৬।

(৫) বামদেব কুক্কুর মাংস খাইয়াছিলেন তাহার উল্লেখ মনুসংহিতায় আছে ।১০ ১০৬।

(৬) মাতৃগর্ভস্থ বামদেব এ সকল কথা কিরূপে বলিবে?।

লোকের অধীশ্বর হইয়াছ। তুমি সত্যের নিবাসস্বরূপ, তুমি জলাভিমুখে পরিশয়ান অহিকে বধ করিয়াছ, সকলের প্রীতিদায়িকা নদী সকল খনন করিয়াছ।

৩। হে ইন্দ্র! তুমি অতৃপ্ত, শিথিলাঙ্গ, অজ্ঞান, অজ্ঞানভাবাপন্ন, সুপ্ত ও গমনশীল জলকে আচ্ছাদন করতঃ শয়ান বৃত্রকে পৌর্ণমাসীর দিবসে বজ্রদ্বারা বধ করিয়াছ।

৪। বায়ু যেরূপ বলদ্বারা জল ক্ষোভিত করে, সেইরূপ ইন্দ্র বলদ্বারা অন্তরিক্ষকে ক্ষীণজল করতঃ পেষণ করিয়াছিলেন। বলাভিলাষী ইন্দ্র দৃঢ় মেঘসকল ভগ্ন করিয়াছিলেন, পর্ব্বত সকলের কুকুভ ভেদ করিয়াছিলেন (১)।

৫। হে ইন্দ্র! জননীগণ যেরূপ পুত্রের নিকট গমন করে, সেইরূপ মরুদ্গণ তোমার নিকট গমন করিয়াছিল। তাহারা রথের ন্যায় তোমার সহিত বৃত্রবধে গমন করিয়াছিল। তুমি নদীগণকে পরিপূর্ণ করিয়াছ, মেঘকে ভগ্ন করিয়াছ, বৃত্রকর্ত্তৃক আবৃত জলকে প্রেরণ করিয়াছ।

৬। তুমি মহতী, সকলের প্রীতিদায়িকা, তুর্বীতি ও বয্যের অভীষ্টপ্রদা পৃথিবীকে অন্ন ও জলদ্বারা প্রীত করিয়াছিলে। হে ইন্দ্র! তুমি জলকে সুখে পারের যোগ্য করিয়াছ।

৭। ইন্দ্র শত্রুহিংসক সৈন্যের ন্যায় কুলসমূহের ধ্বংসকারিণী, যুবতী অন্নজনয়িত্রী নদী সকল পরিপূর্ণ করিয়াছেন। তিনি নির্জল প্রদেশসমূহ পরিপূর্ণ করিয়াছেন, পিপাসাতুর পথিকদিগকে পরিপূর্ণ করিয়াছেন। তিনি দস্যুদিগের অধিকৃতা প্রসবনিবৃত্তা গাভি সকলকে দোহন করিয়াছেন।

৮। ইন্দ্র বৃত্রকে বধ করতঃ তমিস্রাদ্বারা আচ্ছাদিত বহু উষা ও বৎসরকে বিমুক্ত করিয়াছেন এবং জল বিমুক্ত করিয়াছেন। তিনি পরিব্যাপ্ত বর্দ্ধিত নদীগণকে বিমুক্ত করিয়াছেন।

৯। হে হরিবান্! তুমি বম্রী (২) কর্ত্তৃক ভক্ষিত অগ্রুর পুত্রকে গৃহ হইতে বাহিরে আনয়ন করিয়াছিলে। বাহিরে আনয়ন করিবার সময়, সে অন্ধ

(১) মূলে "অভিনৎ কুকুভঃ পর্ব্বতানাং" আছে। সায়ণ পৌরাণিক গল্প অনুসারে অর্থ করিয়াছেন, যে পর্ব্বতদিগের পক্ষ ছেদ করিয়াছিলেন। "Shattered the peaks of the mountains."—*Wilson.*

(২) বম্রী অর্থে উপজিহ্বিকা। সায়ণ। ভাষায় উই পোকা।

হইলেও অহিকে দেখিতে পাইয়াছিল। সে নির্গত হইলে পর, তাহার বজ্রী কর্ত্তৃক ছিন্ন গ্রন্থীদেশ সকল সংযুক্ত হইয়াছিল।

১০। হে রাজা প্রাজ্ঞইন্দ্র! তুমি সর্ব্ববেত্তা। বর্ষণস্বরূপ ও স্বয়ং সম্পন্ন মনুষ্যের হিতকর কর্ম্ম সকল যে যে প্রকারে সম্পাদন করিয়াছে, বামদেব সেই সকল পুরাতন কর্ম্ম জানিয়া কীর্ত্তন করিতেছে।

১১। হে ইন্দ্র! তুমি স্তুত ও স্তূয়মান হইয়া, জল যেরূপ নদী পূর্ণ করে সেইরূপ স্তোতার অন্ন প্রবৃদ্ধ কর। হে হরিবিশিষ্ট ইন্দ্র! আমরা তোমার উদ্দেশে নূতন স্তোত্র করিতেছি, আমরা যেন রথবান্ হইয়া স্তুতিদ্বারা সর্ব্বদা তোমার ভজনা করিতে পারি।

২০ সূক্ত।

ইন্দ্র দেবতা। বামদেব ঋষি।

১। অভীষ্টপ্রদ তেজস্বী ইন্দ্র, আমাদিগকে আশ্রয় প্রদানের জন্য দূর হইতে আগমন করুন, আমাদিগকে আশ্রয় প্রদানের জন্য নিকট হইতে আগমন করুন। তিনি সংগ্রামে সঙ্গত হইলে শত্রুগণকে বধ করেন। তিনি বজ্রবাহু, মনুষ্যগণের পালক এবং তেজস্বী মরুদ্‌গণযুক্ত।

২। অভিমুখবর্ত্তী ইন্দ্র, আমাদিগকে আশ্রয় ও ধনদানের জন্য আমাদের নিকট অশ্বে আরোহণ করতঃ আগমন করুন। বজ্রী, ধনবান্, মহান্ ইন্দ্র যুদ্ধ উপস্থিত হইলে পর, আমাদের এই যজ্ঞে উপস্থিত থাকুন।

৩। হে ইন্দ্র! তুমি আমাদিগকে পুরঃসর করতঃ, আমাদের এই ক্রিয়মান যজ্ঞ ভজনা কর। হে বজ্রী! আমরা তোমার স্তোতা; ব্যাধ যেরূপ মৃগ শীকার করে, সেইরূপ আমরা তোমার দ্বারা ধনলাভের জন্য যুদ্ধে যেন জয় লাভ করিতে পারি।

৪। হে অন্নবান্ ইন্দ্র! তুমি প্রসন্ন মনে আমাদের সমীপে আগমন করতঃ আমাদিগকে কামনা করিয়া উত্তমরূপে অভিষুত, সংস্কৃত, মাদক সোমরস শীঘ্র পান কর এবং পৃষ্ঠ্য সোমদ্বারা হৃষ্ট হও।

৫। যিনি পক্ব ফল বৃক্ষের ন্যায় এবং আয়ুধকুশল বিজয়ী ব্যক্তির ন্যায় নূতন ঋষিগণ কর্ত্তৃক বিবিধ প্রকারে স্তুত হয়েন, আমি সেই পুরুহূত ইন্দ্রের

উদ্দেশে, স্ত্রীর অভিমানী মনুষ্য যেরূপ স্ত্রীর প্রশংসা করে, সেইরূপ স্তুতি করিতেছি।

৬। যিনি পর্ব্বতের ন্যায় প্রবৃদ্ধ ও মহান্, যিনি তেজস্বী, যিনি শত্রুর অভিভবের জন্য সনাতন কালে উৎপন্ন হইয়াছেন, সেই ইন্দ্র জলদ্বারা পূর্ণ জলপাত্রের ন্যায় তেজোদ্বারা পূর্ণ বৃহৎ বজ্রকে আদৃত করিয়াছিলেন।

৭। ইন্দ্রের জন্ম হইতেই নিবারক নাই, তাঁহার যজ্ঞাদি কর্ম্ম সাধক ধনের বিনাশক নাই। হে বলশালী, তেজস্বী পুরুহূত! তুমি অভীষ্টবর্ষী, তুমি আমাদিগকে ধন দান কর।

৮। তুমি প্রজাগণের ধন ও গৃহ পর্য্যবেক্ষণ করিয়া থাক, গো সমূহকে মোচন করিয়া থাক। তুমি শিক্ষা বিষয়ে নেতা ও যুদ্ধে আয়ুধবান্, তুমি প্রভূত ধন রাশি দান করিয়া থাক।

৯। অতিশয় প্রাজ্ঞ ইন্দ্র কোন্ প্রজ্ঞাবলে বিশ্রুত হইয়াছেন? মহান্ ইন্দ্র যে প্রজ্ঞাবলে কর্ম্মসমূহ সম্পাদন করেন, তদ্দ্বারা বিশ্রুত আছেন। তিনি যজমানের বহুল পাপ বিনাশ করেন এবং স্তোতাগণকে ধন দান করেন।

১০। হে ইন্দ্র! আমাদিগকে হিংসা করিও না, আমাদিগকে পোষণ কর। তোমার যে ধন হব্যদাতাকে দান করিবার জন্য আছে, তাহা আমাদিগকে দান কর। আমরা তোমার স্তুতি করতঃ, এই নূতন দান-যোগ্য ও প্রশস্ত উক্‌থে তোমার মহিমা বিশেষরূপে কীর্ত্তন করিতেছি।

১১। হে ইন্দ্র! তুমি স্তুত ও স্তূয়মান হইয়া, জল যেরূপ নদী পূর্ণ করে, সেইরূপ স্তোতার অন্ন প্রবৃদ্ধ কর। হে হরিবিশিষ্ট ইন্দ্র! আমরা তোমার উদ্দেশে নূতন স্তোত্র করিতেছি, আমরা যেন রথবান্ হইয়া স্তুতিদ্বারা সর্ব্বদা তোমার ভজনা করিতে পারি।

২১ সূক্ত।

ইন্দ্র দেবতা। বামদেব ঋষি।

১। যাঁহার বল প্রভূত, যিনি আকাশের ন্যায় অভিভব সমর্থ বল পোষণ করেন, সেই ইন্দ্র আশ্রয়দানের জন্য আমাদের নিকট আগমন করুন। শূর প্রবৃদ্ধ ইন্দ্র আমাদের সহিত হৃষ্ট হউন।

২। হে স্তোতাগণ! যাঁহার অভিভবকর ও ত্রাণকর কর্ম্ম যজ্ঞই সম্রাটের ন্যায় লোকদিগকে অভিভূত করে, সেই প্রভূতযশাঃ ও বহুধনশালী ইন্দ্রের বলভূত নেতা মরুৎগণকে তোমরা এই যজ্ঞে স্তুতি কর।

৩। ইন্দ্র আমাদিগকে আশ্রয় প্রদানের জন্য মরুৎগণের সহিত স্বর্গলোক হইতে, ভূলোক হইতে, অন্তরিক্ষ হইতে, স্থল হইতে, আদিত্যলোক হইতে, দূর দেশ হইতে এবং জলের স্থান হইতে আগমন করুন।

৪। যিনি স্থূল এবং মহৎ ধনের অধিপতি, যিনি প্রাণরূপ বলদ্বারা শত্রুসেনা জয় করেন, যিনি প্রগল্‌ভ, যিনি স্তোতৃগণকে শ্রেষ্ঠ ধন দান করেন, আমরা যজ্ঞস্থলে সেই ইন্দ্রের উদ্দেশে স্তুতি করিব।

৫। যিনি লোক সকল স্তম্ভন করতঃ যজ্ঞার্থে বজ্ররূপ বাক্য উৎপাদন করেন এবং হব্য প্রাপ্ত হইলে বৃষ্টিরূপ অন্ন দান করেন, যিনি প্রসাধনের যোগ্য এবং উক্থদ্বারা স্তুতিযোগ্য, সেই ইন্দ্রকে হোতা যজ্ঞগৃহে আহ্বান করুন।

৬। যখন ইন্দ্রের স্তুতি অভিলাষী যজমানের গৃহে নিবাসকারী স্তোতাগণ স্তুতির সহিত ইন্দ্রের নিকট উপাগত হয়েন, তখন ইন্দ্র আগমন করুন। তিনি যুদ্ধে আমাদিগের সহায়তা করেন, তিনি যজমানের হোতা, তাঁহার ক্রোধ দুস্তর।

৭। ভার্বরের পুত্র (১) অভীষ্টবর্ষী ইন্দ্রের এই বল সত্যই যজমানকে সেবা করে। উহা সত্যই যজমানের ভরণার্থ গুহাতে, গৃহে ও কর্ম্মে অবস্থান করে, যজমানের অভীষ্ট লাভ ও হর্ষ উৎপন্ন করে।

৮। যে হেতু ইন্দ্র মেঘের দ্বার অপাবৃত করিয়াছেন এবং জলের বেগ জলসমূহদ্বারা পরিপূর্ণ করিয়াছেন, অতএব যখন সুকর্ম্মা যজমান ইন্দ্রকে অন্নদান করেন, তখন তিনি গৃহে গৌর ও গবয় (২) লাভ করেন।

৯। হে ইন্দ্র! তোমার কল্যাণকর হস্তদ্বয় সৎকর্ম্ম অনুষ্ঠান করে এবং তোমার হস্তদ্বয় যজমানকে ধন দান করে। কেন তোমার বিলম্ব হইতেছে? কেন তুমি আমাদিগকে হৃষ্ট করিতেছ না? কেন তুমি আমাদিগকে ধন দান করিতে হৃষ্ট হইতেছ না?।

---

(১) সায়ণ "ভার্বর" অর্থে জগতের ভর্ত্তা প্রজাপতি করিয়াছেন।

(২) মৃগবিশেষ। সায়ণ। "Two kinds of cattle."—*Wilson.*

১০। এই প্রকারে স্তুত হইয়া সত্যবান্, ধনেশ্বর, বৃত্রহন্তা ইন্দ্র মনুষ্যকে ধন দান করেন। হে বহুস্তুত! তুমি আমাদিগকে স্তুতির জন্য ধন দান কর, আমি যেন দিব্য অন্ন ভক্ষণ করিতে পাই।

১১। হে ইন্দ্র! তুমি স্তুত ও স্তূয়মান হইয়া, জল যেরূপ নদী পূর্ণ করে, সেইরূপ স্তোতার অন্ন প্রবৃদ্ধ কর। হে হরিবিশিষ্ট ইন্দ্র! আমরা তোমার উদ্দেশে নূতন স্তোত্র করিতেছি, আমরা যেন রথবান্ হইয়া, স্তুতিদ্বারা সর্ব্বদা তোমার ভজনা করিতে পারি।

---

২২ সূক্ত।

ইন্দ্র দেবতা। বামদেব ঋষি।

১। যেহেতু মহান্, বলবান্ ইন্দ্র, আমাদের হব্য সেবা করেন এবং অভিলাষ করেন, অতএব যিনি ধনবান্ এবং যিনি বলদ্বারা বজ্র ধারণ করতঃ আগমন করেন, সেই ইন্দ্র হব্য, স্তোম, সোম ও উক্‌থ স্বীকার করুন।

২। অভীষ্ট বর্ষী ইন্দ্র বাহুদ্বয়ে বৃষ্টিকারী চতুর্ধারা বিশিষ্ট বজ্র ক্ষেপণ করতঃ উগ্র, নেতৃশ্রেষ্ঠ ও কর্ম্মবান্ হইয়া আচ্ছাদনকারিণী পরুষ্ণী নদীকে আশ্রয় দানার্থ সেবা করিতেছেন। উহার ভিন্ন ভিন্ন পরিসর প্রদেশকে আপনার সখ্য ভাবহেতু সংবৃত করিতেছেন (১)।

৩। যিনি দীপ্তিমান্, যিনি দাতাশ্রেষ্ঠ, যিনি জাত মাত্রেই প্রভূত অন্ন ও মহৎ বলের সহিত যুক্ত হইয়াছিলেন, সেই ইন্দ্র বাহুদ্বয়ে কাময়মান বজ্র ধারণ করতঃ বলদ্বারা দ্যুলোক ও ভূলোক প্রকম্পিত করিয়াছিলেন।

৪। মহান্ ইন্দ্রের জন্ম হইলে পর সমস্ত পর্ব্বত, অনেক সমুদ্র, দ্যুলোক ও পৃথিবী তাঁহার ভয়ে কম্পিত হইয়াছিল। বলবান্ ইন্দ্র গতিশীল সূর্য্যের মাতা পিতা দ্যাবাপৃথিবীকে ধারণ করেন। বায়ু অন্তরিক্ষে মনুষ্যগণের ন্যায় শব্দ করে।

---

(১) মূলে "যস্যাঃ পর্ব্বাণি সখ্যায় বিব্যে" আছে। "Whose bordering districts he has frequented through regard."—*Wilson.* পরুষ্ণী নদী সম্বন্ধে ১।৭১।৭ ঋকের টীকা দেখ।

৫। হে ইন্দ্র! তুমি মহান্, তোমার কর্ম্ম মহৎ এবং সমস্ত সবনে স্তুতি-যোগ্য। হে প্রগল্‌ভ শূর! তুমি লোক সকলকে ধারণ করতঃ ধর্ষণশীল বজ্রদ্বারা বলপূর্ব্বক অহিকে বিনাশ করিয়াছ।

৬। হে বলশালী ইন্দ্র! তোমার এই সকল কর্ম্ম নিশ্চয়ই সত্য। হে ইন্দ্র! তুমি অভীষ্টবর্ষী, তোমার প্রভাবে ধেনুগণ উধঃ হইতে ক্ষীর ক্ষরণ করে। হে বর্ষণশীল! নদীগণ তোমার ভয়ে বেগে প্রবাহিত হয়।

৭। হে হরিবান্ ইন্দ্র! যখন তুমি বদ্ধ এই নদীগণকে বহুকাল অবরোধের পর প্রবাহিত হইবার জন্য মোচন করিয়াছিলে, সেই সময়ে প্রসিদ্ধ দ্যুতিমতী ভগিনীগণ তোমার আশ্রয় লাভের জন্য তোমাকে স্তুতি করিলেন।

৮। হর্ষজনক সোম নিষ্পীড়িত হইয়াছে, স্যন্দমান হইয়া তোমার নিকট আগমন করুক। শীঘ্রগামী আরোহী গমনশীল অশ্বের দৃঢ়বল্গা ধারণ করিয়া, যেরূপ অশ্বকে প্রেরণ করে, সেইরূপ তুমি দীপ্তিমান্ স্তোতার স্তুতি আমাদের অভিমুখে প্রেরণ কর।

৯। হে সহনশীল ইন্দ্র! তুমি সর্ব্বদা আমাদিগকে অভিভবকর, প্রবৃদ্ধ প্রশস্ত বল দান কর, বধযোগ্য শত্রুদিগকে আমাদিগের বশীভূত কর, হিংসক মনুষ্যের অস্ত্র নষ্ট কর।

১০। হে ইন্দ্র! তুমি আমাদিগের স্তুতি শ্রবণ কর, আমাদিগকে বিবিধ প্রকার অন্ন দান কর, এবং আমাদিগকে সমস্ত বুদ্ধি প্রেরণ কর। হে মঘবা! আমাদিগের গাভীদাতা হও।

১১। হে ইন্দ্র! তুমি স্তুত ও স্তূয়মান হইয়া, জল যেরূপ নদী পূর্ণ করে, সেইরূপ স্তোতার অন্ন প্রবৃদ্ধ কর। হে হরিবিশিষ্ট ইন্দ্র! আমরা তোমার উদ্দেশে নূতন স্তোত্র করিতেছি, আমরা যেন রথবান্ হইয়া, স্তুতিদ্বারা সর্ব্বদা তোমার ভজনা করিতে পারি।

---

২৩ সূক্ত।

ইন্দ্র দেবতা। অষ্টম, নবম ও দশম ঋকের ইন্দ্র অথবা ঋত দেবতা। বামদেব ঋষি।

১। আমাদের স্তুতি মহান্ ইন্দ্রকে কি প্রকারে বর্দ্ধিত করিবে? তিনি কোন্ হোতার যজ্ঞে প্রীত হইয়া আগমন করেন? মহান্ ইন্দ্র সোমরস ও

অন্ন আস্বাদন কামনা ও সেবা করতঃ কাহাকে দিবার জন্য প্রদীপ্ত ধন বহন করেন?

২। কোন বীর ইন্দ্রের সহিত সোম পান করিতে পায়? কোন ব্যক্তি ইন্দ্রের অনুগ্রহ লাভ করে? কখন ইঁহার বিচিত্র ধন বিতরিত হয়? কখন তিনি স্তোতা যজমানকে বর্দ্ধিত করিবার জন্য রক্ষাযুক্ত হয়েন?

৩। ইন্দ্র হোতাকে কি প্রকারে শ্রবণ করেন? শুনিয়া তাহার প্রয়োজন কি প্রকারে জানিতে পারেন? ইন্দ্রের পুরাতন দান কি কি? ঐ সকল দান ইন্দ্রকে স্তোতার অভীষ্ট পূরক বলে কেন?

৪। যে ব্যক্তি ইন্দ্রকে স্তুতি করেন ও যজ্ঞদ্বারা দীপ্তিযুক্ত হয়েন, তিনি কি প্রকারে বাধা পাইয়াও ইন্দ্রের ধন প্রাপ্ত হয়েন? যখন দ্যুতিমান্ ইন্দ্র হব্য গ্রহণ করতঃ আমার প্রতি প্রসন্ন হয়েন, তখন তিনি আমার স্তোত্র বিশেষরূপে জ্ঞাত হয়েন।

৫। কোন সময়ে এবং কি প্রকারে দ্যুতিমান্ ইন্দ্র উষার প্রারম্ভে মনুষ্যের বন্ধুত্ব স্বীকার করেন? যাঁহারা ইহার উদ্দেশে সুযোগ্য ও কমনীয় হব্য বিস্তার করেন, কোন সময়ে এবং কি প্রকারে সেই বন্ধুগণের প্রতি ইঁহার বন্ধুত্ব প্রদর্শিত হইবে?

৬। আমরা কি তোমার অভিভবকর সখ্য সখাদিগের নিকট প্রচার করিব? কখন আমরা তোমার ভ্রাতৃত্ব প্রচার করিব? সুদর্শন ইন্দ্রের উদ্যোগ-সমূহ কল্যাণকর। সূর্য্যের ন্যায় গতিশীল ইন্দ্রের দর্শনীয় শরীর, সকলে অভিলাষ করে।

৭। দ্রোহকারিণী, হিংসাকারিণী এবং ইন্দ্রবিহীনাকে বিনাশ করিবার ইচ্ছা করিয়া, ইন্দ্র তীক্ষ্ণ আয়ুধ সকলকে যথার্থ তীক্ষ্ণ করিতেছেন। যে সকল ঋণ উষাকালে আমাদিগকে ক্লেশ দেয়, ঋণবিনাশক, উগ্র ইন্দ্র সেই সকল উষাকে দূরে অজ্ঞাত ভাবে পীড়া প্রদান করতঃ রাখিয়াছিলেন (১)।

৮। ঋতদেবের (২) অনেক জল আছে। ঋতদেবের স্তুতি পাপ নাশ

(১) হিংসাকারিণী ইন্দ্রবিহীনা কে, তাহা বুঝা যায় না। সায়ণ বলেন রাক্ষসী। "Death, the debt of Nature, the payment of what Indra's favour delays by prolonging life." *Wilson.*

(২) ঋত শব্দে ইন্দ্র বা সত্য বা আদিত্য অথবা যজ্ঞ। সায়ণ। ১।২৪।৯। ঋকের টীকা দেখ।

করে। ঋতদেবের বোধযোগ্য ও দীপ্তিমান্ স্তুতিবাক্য মনুষ্যের বধির কর্ণদ্বয়ে প্রবেশ করে।

৯। বপুষ্মান্ ঋতদেবের অনেক দৃঢ়, ধারক, আহ্লাদকর রূপ আছে। স্তোতাগণ ঋতদেবের নিকট প্রভূত অন্ন ইচ্ছা করে। ধেনুগণ ঋতদেবের দ্বারা দক্ষিণারূপে যজ্ঞে প্রবেশ করে।

১০। স্তোতাগণ ঋতদেবকে বশীভূত করিবার জন্য ভজনা করে। ঋতদেবের বল শীঘ্র জল কামনা করে। বিস্তীর্ণা, দুরবগাহা দ্যাবাপৃথিবী ঋতদেবের। প্রীতিদায়িকা উৎকৃষ্টা দ্যাবাপৃথিবী ঋতদেবের জন্য দুগ্ধ দোহন করেন।

১১। হে ইন্দ্র! তুমি স্তুত ও স্তূয়মান হইয়া, জল যেরূপ নদী পূর্ণ করে, সেইরূপ স্তোতার অন্ন প্রবৃদ্ধ কর। হে হরিবিশিষ্ট ইন্দ্র! আমরা তোমার উদ্দেশে নূতন স্তোত্র করিতেছি, আমরা যেন রথবান্ হইয়া স্তুতিদ্বারা সর্ব্বদা তোমার ভজনা করিতে পারি।

২৪ সূক্ত।

ইন্দ্র দেবতা। বামদেব ঋষি।

১। কিরূপ সুন্দর স্তুতি বলের পুত্র ইন্দ্রকে ধনদানার্থ আমাদের অভিমুখে আনয়ন করিবে? হে যজমানগণ! বীর গোপতি ইন্দ্র আমাদিগকে শত্রুগণের ধন দান করেন, আমরা তাঁহার স্তব করি।

২। বৃত্র বধের জন্য যুদ্ধে সেই ইন্দ্রকে আহ্বান করা হয়। তিনি স্তুতির যোগ্য। তিনি সুন্দর রূপে স্তুত হইয়া যজমানগণকে দান করিবার জন্য সত্য ধনবিশিষ্ট হয়েন। ধনবান্ সেই ইন্দ্র স্তোত্রাভিলাষী সোমাভিষবকারী মনুষ্যকে ধন দান করেন।

৩। মনুষ্যেরা যুদ্ধে তাঁহাকেই আহ্বান করে। শরীর রিক্ত করিয়া তাঁহাকেই ত্রাণ কর্ত্তা করেন। মনুষ্যগণ উভয়ে অর্থাৎ যজমানগণ ও স্তোতা পরস্পর সঙ্গত হইয়া পুত্র ও পৌত্র লাভের জন্য দানশীল ইন্দ্রের নিকট গমন করে।

৪। হে উগ্র ইন্দ্র! চতুর্দ্দিকে ব্যাপ্ত মনুষ্যগণ জল লাভের জন্য একত্রিত হইয়া যজ্ঞ করে। যখন যুদ্ধকারী লোক সকল যুদ্ধে একত্রিত হয়, তখন কেহ কেহ ইন্দ্রকে অভিলাষ করে।

৫। তখন কেহ কেহ বলবান্ ইন্দ্রকে পূজা করে। তখন কেহ পুরোডাশ প্রস্তুত করতঃ তাঁহাকে দান করে। তখন তিনি, যে সোম অভিষুত করে, এবং যে সোম অভিষুত করে না, তাঁহাদিগকে পৃথক্ করেন। তখন কেহ কেহ অভীষ্টবর্ষী ইন্দ্রের উদ্দেশে যজ্ঞ করিতে অভিলাষ করে।

৬। যিনি সোমাভিলাষী স্বর্গলোকস্থিত ইন্দ্রের উদ্দেশে অভিষব করেন, ইন্দ্র তাঁহাকে ধন দান করেন। ইন্দ্র একান্তচিত্তে ইন্দ্রাভিলাষী সোমাভিষব-কারীকে সংগ্রামে তাঁহার সখা করেন।

৭। যিনি অদ্য ইন্দ্রের জন্য সোমাভিষব করিতেছেন, যিনি পুরোডাশ প্রস্তুত করিতেছেন, যিনি যব ভাজিতেছেন (১) ; ইন্দ্র স্তুতিকারীর স্তোত্র স্বীকার করতঃ সেই যজমানের অভিলাষ পূরক বল ধারণ করেন।

৮। যখন শত্রুগণের হিংসক আর্য্য শত্রুগণকে জানিতে পারেন, এবং দীর্ঘ সংগ্রামে ব্যাপৃত থাকেন, তখন পত্নী সোমাভিষবকারীগণের কর্ত্তৃক তীক্ষ্ণীকৃত অভীষ্টবর্ষী ইন্দ্রকে যজ্ঞগৃহে আহ্বান করেন।

৯। কেহ অনেক পণ্যের দ্বারা অল্প ধন প্রাপ্ত হয়, পরে ক্রেতার নিকট গমন করতঃ, আমি বিক্রয় করি নাই, বলিয়া অবশিষ্ট মূল্য প্রার্থনা করে। বিক্রেতা অনেক দিয়াছি বলিয়া অল্প মূল্য অতিক্রম করিতে পারে না। সমর্থ হউক বা অসমর্থ হউক, বিক্রয় কালে যে কথা বলে তাহাই থাকিয়া যায় (২)।

১০। কে আমার ইন্দ্রকে দশটী ধেনু দ্বারা ক্রয় করিবে? যখন ইন্দ্র শত্রুদিগকে বধ করিবেন, তখন তাঁহাকে পুনর্ব্বার আমায় প্রদান করিবে(৩)।

১১। হে ইন্দ্র! তুমি স্তুত ও স্তূয়মান হইয়া, জল যেরূপ নদী পূর্ণ করে, সেইরূপ স্তোতার অন্ন প্রবৃদ্ধ কর। হে হরিবিশিষ্ট ইন্দ্র! আমরা তোমার উদ্দেশে নূতন স্তোত্র করিতেছি, আমরা যেন রথবান্ হইয়া, স্তুতি দ্বারা সর্ব্বদা তোমার ভজনা করিতে পারি।

(১) মূলে "পচাৎ পক্তীঃ উত ভৃজ্জাতি ধানাঃ" আছে। "পক্তীঃ" অর্থে পাকযোগ্য পুরোডাশাদি। "ধানাঃ" অর্থে যব। সায়ণ।

(২) ক্রয় বিক্রয়ের সময় যে চুক্তি হয় তাহাই বলবৎ থাকে, এই ঋকের মর্ম্ম।

(৩) এই চুক্তিটী করিবার জন্য ঋষি পূর্ব্ব ঋকে চুক্তির সাধারণ নিয়ম বলিয়াছেন। কিন্তু এ চুক্তিটি কি তাহা বুঝিতে পারিলাম না। আমার ইন্দ্রকে দশটী ধেনু দিয়া ক্রয় করিবে, ইহার অর্থ কি?

২৫ সূক্ত।

ইন্দ্র দেবতা। বামদেব ঋষি।

১। অদ্য কোন মনুষ্যহিতকর, দেবতাভিলাষী, কাময়মান ব্যক্তি ইন্দ্রের সখ্য প্রাপ্ত হইয়াছে? সোমাভিষবকারী কোন ব্যক্তি সমিদ্ধ অগ্নিতে মহৎ ও পারগামী আশ্রয় লাভের জন্য ইন্দ্রকে স্তব করিতেছে?

২। কে স্তুতি বাক্য দ্বারা সোমার্হ ইন্দ্রের নিকট অবনত হইতেছে? কে ইন্দ্রের স্তুতি কামনা করিতেছে? কে ইন্দ্রের দত্ত গাভী ধারণ করিতেছে? কে ইন্দ্রের সাহায্য ইচ্ছা করিতেছে? কে ইন্দ্রের সখ্য ইচ্ছা করিতেছে? কে ইন্দ্রে ভ্রাতৃভাব ইচ্ছা করিতেছে? কে কবি ইন্দ্রের আশ্রয় প্রার্থনা করিতেছে?

৩। কে অদ্য দেবগণের আশ্রয় প্রার্থনা করিতেছে? কে আদিত্য, অদিতি ও জ্যোতিঃকে স্তব করিতেছে? অশ্বিদ্বয়, ইন্দ্র, ও অগ্নি স্তুতিতে প্রীত হইয়া কোন যজমানের অভিষুত সোম যথেচ্ছা পান করেন?

৪। যে যজমান বলেন, নেতা মনুষ্যের বন্ধু এবং নেতৃগণের মধ্যে শ্রেষ্ঠ নেতা ইন্দ্রের জন্য অভিষব করিব, হব্যবাহক অগ্নি তাঁহাকে সুখ দান করুন, এবং চিরকাল নবোদিত সূর্য্য দর্শন করুন(১)।

৫। অল্প অথবা বহু শত্রুগণ সেই যজমানকে যেন হিংসা না করে। অদিতি তাঁহাকে প্রভূত সুখ দান করুন। সুকর্ম্মা ব্যক্তি ইন্দ্রের প্রিয় হয়েন। যিনি ইন্দ্রের স্তুতি কামনা করেন, তিনি ইন্দ্রের প্রিয় হয়েন। যিনি ইন্দ্রের নিকট সাধুভাবে গমন করেন, তিনি ইন্দ্রের প্রিয় হয়েন। সোমাভিষবকারী ইন্দ্রের প্রিয় হয়েন।

৬। যে ব্যক্তি ইন্দ্রের নিকট গমন করে ও সোমাভিষব করে, শীঘ্র অভিভবকারী বীর ইন্দ্র তাহার পাককার্য্য স্বীকার করেন। যে ব্যক্তি সোমাভিষব করে না, ইন্দ্র তাহার আপ্ত ব্যক্তি নহেন, সখা নহেন, এবং জামি নহেন। যে ব্যক্তি তাঁহার নিকট গমন করে না ও তাঁহার স্তুতি করে না, তিনি তাহাকে হিংসা করেন।

৭। অভিযুত সোমপায়ী ইন্দ্র সোমাভিষব-কর্ম্মরহিত, ধনবান্ পণির (২)

---

(১) অর্থাৎ সূর্য্যের উদয়কালে সেই যজমানের গৃহে যজ্ঞাগ্নি প্রজ্জলিত হউক।

(২) সায়ণ পণি অর্থে বণিক করিয়াছেন। এই অর্থ প্রকৃত হইলে এখানে ধনবান্ যজ্ঞবিরত বণিকগণের উল্লেখ পাওয়া গেল।

সহিত সখ্য সংস্থাপন করেন না। তিনি উহার বিফল ধন হ্রাস করেন ও নাশ করেন। তিনি সোমাভিষকারী ও হব্যপাককারীর অনন্যসাধারণ বন্ধু হয়েন।

৮। উৎকৃষ্ট ও নিকৃষ্ট লোকে ইন্দ্রকে আহ্বান করে, মধ্যবিধ লোকে ইন্দ্রকে আহ্বান করে, গমনকারী লোক ইন্দ্রকে আহ্বান করে, উপবিষ্ট লোকে ইন্দ্রকে আহ্বান করে, গৃহে নিবাসীগণ ইন্দ্রকে আহ্বান করে, যোদ্ধাগণ ইন্দ্রকে আহ্বান করে, অন্নেচ্ছু মনুষ্যগণও ইন্দ্রকে আহ্বান করে।

২৬ সূক্ত।

প্রথম তিনটী ঋক্‌দ্বারা ইন্দ্র আপনার কীর্ত্তি বর্ণনা করিতেছেন। অবশিষ্ট ঋকে বামদেব শ্যেন পক্ষীদ্বারা সোম আনয়নের কথা বলিতেছেন।

১। আমি মনু, আমি সূর্য্য, আমি মেধাবী কক্ষীবান্ ঋষি, আমি অর্জ্জুনীর পুত্র কুৎস ঋষিকে অলঙ্কৃত করিয়াছি, আমি কবি উশনা, আমাকে দর্শন কর।

২। আমি আর্য্যকে পৃথিবী দান করিয়াছি। আমি হব্যদাতা মনুষ্যকে বৃষ্টি দান করিয়াছি। আমি শব্দায়মান জল আনয়ন করিয়াছি। দেবগণ আমার সংকল্প অনুগমন করেন।

৩। আমি সোমপানে মত্ত হইয়া শম্বরের নবনবতি সংখ্যক পুরী এককালে ধ্বংস করিয়াছি। আমি যখন অতিথিগ্ব দিবোদাসকে যজ্ঞে পালন করিয়াছিলাম, তখন তাঁহাকে শততম পুরী বাসের জন্য দিয়াছিলাম।

৪। হে মরুদ্‌গণ! শ্যেন পক্ষী পক্ষিগণের মধ্যে প্রধান হউক, অন্য শ্যেনদিগের অপেক্ষা শীঘ্রগামী শ্যেন প্রধান হউক। যেহেতু সে চক্ররহিত রথদ্বারা দেবগণকর্ত্তৃক সেবিত সোমরূপ হব্য মনুর জন্য আনয়ন করিয়াছে।

৫। যখন পক্ষী তথা হইতে ভীতি প্রদর্শন করতঃ সোম আনয়ন করিয়াছিল, তখন সে বিস্তীর্ণ অন্তরিক্ষ মার্গে মনের ন্যায় বেগে উড্ডীন হইয়াছিল, এবং সোমাত্মক মধুর সহিত শীঘ্র আগমন করিয়াছিল। এই জগতে শ্যেন যশোলাভ করিয়াছে।

৬। ঋজুগামী শ্যেনপক্ষী দূর হইতে সোম ধারণ করিয়া, দেবগণের সহিত স্তুতিযোগ্য মদকর সোমকে ঐ উন্নত দ্যুলোক হইতে গ্রহণ করতঃ দৃঢ়ভাবে আনয়ন করিয়াছিল।

৭। শ্যেন সহস্র ও অযুত যজ্ঞের সহিত সোমকে গ্রহণ করতঃ আনয়ন করিয়াছিল। উহা আনীত হইলে বহু কর্ম্মবিশিষ্ট প্রাজ্ঞ ইন্দ্র সোমের মত্ততায় মূঢ় শত্রুদিগকে বধ করিয়াছেন।

২৭ সূক্ত।

শ্যেন দেবতা। শেষ ঋকের শ্যেন অথবা ইন্দ্র দেবতা। বামদেব ঋষি।

১। আমি গর্ভমধ্যে থাকিয়াই এই সকল দেবগণের জন্ম যথাক্রমে জ্ঞাত হইয়াছি। শত লৌহময় শরীর আমাকে ধারণ করিয়াছিল, অধুনা আমি শ্যেন, বেগে নির্গত হইয়াছি।

২। সেই গর্ভ আমাকে পর্য্যাপ্ত রূপে অপহরণ করিতে পারে নাই, আমি উহাকে তীক্ষ্ণ বীর্য্যদ্বারা পরাভব করিয়াছি। সোম শত্রুদিগকে বধ করিয়াছেন, এবং বর্দ্ধমান হইয়া বায়ুগণকেও অতিক্রম করিয়াছেন।

৩। যখন শ্যেন দ্যুলোক হইতে অধোমুখ হইয়া শব্দ করিয়াছিল, যখন তাহারা ইহার নিকট হইতে সোম লইয়া বহন করিয়াছিল, যখন শরপ্রক্ষেপক কৃশানু মনের ন্যায় বেগে গমন করিতে ইচ্ছা করিয়া জ্যাক্ষেপ করিয়াছিলেন, এবং উহার প্রতি শরক্ষেপণ করিয়াছিলেন।

৪। অশ্বিদ্বয় যেরূপ ইন্দ্রবান্ দেশ হইতে ভুজ্যুকে বহন করিয়াছিল, সেই-রূপ ঋজুগামী শ্যেন, বৃহৎ দ্যুলোকের উপরিভাগ হইতে সোম হরণ করিয়াছিল। তখন যুদ্ধে প্রহৃত এই পক্ষীর মধ্যস্থিত একটী পতনশীল পক্ষ পড়িয়া গিয়াছিল।

৫। এক্ষণে শুভ্র, পাত্রস্থিত গব্যমিশ্রিত, তৃপ্তিকর সারোপেত এবং অধ্বর্য্যু-গণ কর্ত্তৃক দত্ত সোমশূর ধনবান্ ইন্দ্র হর্ষের জন্য পান করুন। মধুর সোমরস অগ্রে হর্ষের জন্য পান করুন(১)।

২৮ সূক্ত।

ইন্দ্র ও সোম দেবতা। বামদেব ঋষি।

১। হে সোম! ইন্দ্রের সহিত তোমার বন্ধুত্ব হইলে পর, ইন্দ্র তোমার

(১) এই ২৬ এবং ২৭ সূক্তের সায়ণাচার্য্য অন্য এক প্রকার আধ্যাত্মিক অর্থও করিয়াছেন।

সাহায্যে মনুষ্যদের জন্য জল প্রবাহিত করিয়াছেন, বৃত্রকে বধ করিয়াছেন, সপ্ত সিন্ধুকে প্রেরণ করিয়াছেন, এবং বদ্ধদ্বার উদ্‌ঘাটিত করিয়াছেন।

২। হে সোম! ইন্দ্র তোমার সাহায্যে ক্ষণমধ্যে সূর্য্যের রথের উপরিস্থিত বৃহৎ অন্তরিক্ষে বর্ত্তমান চক্র বলপূর্ব্বক গ্রহণ করিয়াছিলেন। প্রভূত দ্রোহকারী সূর্য্যের সর্ব্বতোগামী চক্র অপহৃত হইয়াছিল।

৩। হে সোম! ইন্দ্র মধ্যাহ্নের পূর্ব্বে সংগ্রামে দস্যুদিগকে বধ করিয়াছেন, এবং অগ্নি কতক গুলিকে দগ্ধ করিয়াছেন। চোর যেরূপ কার্য্যবশতঃ রক্ষাশূন্য দুর্গম স্থানে গমনকারী ব্যক্তিকে বধ করে, সেইরূপ ইন্দ্র বহু সহস্র দস্যুদিগের সকলকে বধ করিয়াছিলেন।

৪। হে ইন্দ্র! তুমি এই সকল দস্যুদিগকে সমস্ত সদ্‌গুণ হইতে বঞ্চিত করিয়াছ। তুমি দাস মনুষ্যদিগকে নিন্দনীয় করিয়াছ। হে ইন্দ্র ও সোম! তোমরা শত্রুদিগকে বাধা দান কর ও বধ কর। তাহাদের বধের জন্য লোকের নিকট পূজা গ্রহণ কর।

৫। হে সোম ও ইন্দ্র! তোমরা মহান্ অশ্বসমূহ ও গোসমূহ দান করিয়াছ, লুক্কায়িত গোবৃন্দ ও ভূমি বলদ্বারা বিমুক্ত করিয়াছ। হে ধনযুক্ত ইন্দ্র ও সোম! তোমরা শত্রুগণের হিংসক, তোমাদের এই সকল কার্য্য সত্য।

২৯ সূক্ত।

ইন্দ্র দেবতা। বামদেব ঋষি।

১। হে ইন্দ্র! তুমি স্তুত হইয়া আমাদিগকে আশ্রয় দান করিবার জন্য আমাদিগের অন্নযুক্ত অনেক যজ্ঞে অশ্বগণের সহিত আগমন কর। তুমি হর্ষযুক্ত ও আর্য্য, তুমি স্তোত্র দ্বারা স্তূয়মান ও সত্য ধন।

২। মনুষ্যগণের হিতকারী, সর্ব্ববেত্তা ইন্দ্র সোমাভিষবকারিগণ কর্ত্তৃক আহূত হইয়া যজ্ঞের উদ্দেশে আগমন করুন। তিনি সুন্দর অশ্বযুক্ত, তিনি নির্ভয়, তিনি সোমাভিষবকারী কর্ত্তৃক স্তুত হয়েন, এবং বীর মরুদ্‌গণের সহিত হৃষ্ট হন।

৩। হে স্তোতা! তুমি, ইন্দ্রের কর্ণদ্বয়ে তাঁহাকে বলশালী করিবার জন্য ও সর্ব্বস্থানে হৃষ্ট করিবার জন্য স্তোত্র শ্রবণ করাও। সোমরসে সিক্ত, বলবান্ ইন্দ্র আমাদিগের ধনের জন্য সুতীর্থ সকল ভয়শূন্যও করুন।

৪। বজ্রবাহু ইন্দ্র তাঁহার বশীভূত সহস্র সংখ্যক ও শতসংখ্যক শীঘ্রগামী

অশ্বগণকে রথ বহন প্রদেশে সংস্থাপন করতঃ যাচক, মেধাবী, আহ্বানকারী এবং স্তবকারী যজমানের অভিমুখে আশ্রয় প্রদানের জন্য গমন করেন।

৫। হে ধনবান্ ইন্দ্র! আমরা তোমার, স্তোতা, আমরা তোমা কর্ত্তৃক রক্ষিত, মেধাবী ও স্তুতিকারী। তুমি দীপ্তিবিশিষ্ট; স্তুতিযোগ্য ও অন্নবিশিষ্ট ধনের দানকালে আমরা যেন তোমাকে ভজনা করিতে পারি।

৩০ সূক্ত।

ইন্দ্র দেবতা। নবম ঋকের উষা ও ইন্দ্র দেবতা। বামদেব ঋষি।

১। হে বৃত্রনাশক ইন্দ্র! তোমার অপেক্ষা উৎকৃষ্টতর কেহ নাই, তোমা অপেক্ষা প্রশস্যতর কেহ নাই, তুমি যেরূপ, সেরূপ কেহই নহে।

২। হে ইন্দ্র! সমস্ত চক্র যেরূপ শকটকে অনুবর্ত্তন করে, সেইরূপ লোকে তোমাকে অনুবর্ত্তন করে। তুমি সত্যই মহান্ ও প্রখ্যাত।

৩। হে ইন্দ্র! সমস্ত দেবগণ তোমাকে বলস্বরূপে গ্রহণ করিয়া যুদ্ধ করিয়াছিল। যেহেতু তুমি দিবারাত্রি শত্রুগণকে বধ করিয়াছিলে।

৪। হে ইন্দ্র! যে যুদ্ধে তুমি যুদ্ধকারী কুৎস এবং তাহার সহকারিগণের জন্য সূর্য্যের রথচক্র অপহরণ করিয়াছিলে।

৫। হে ইন্দ্র! যে যুদ্ধে তুমি একাকী দেবগণের বাধাকারী সকলের সহিত যুদ্ধ করিয়াছিলে এবং হিংসকদিগকে বধ করিয়াছিলে।

৬। হে ইন্দ্র! যে যুদ্ধে তুমি মনুষ্যের জন্য সূর্য্যকে হিংসা করিয়াছিলে এবং যুদ্ধ কর্ম্ম দ্বারা এতশকে রক্ষা করিয়াছিলে।

৭। হে বৃত্রহন্তা মঘবা! তৎপরে তুমি কি অত্যন্ত ক্রুদ্ধ হইয়াছিলে? তুমি এই অন্তরিক্ষে দিবাতেই দনুর পুত্রকে বধ করিয়াছিলে।

৮। হে ইন্দ্র! তুমি এই প্রকার বীর্য্যশালী বল প্রদর্শন করিয়াছিলে। তুমি দ্যুলোকের দুহিতা হননাভিলাষিণী স্ত্রীকে বধ করিয়াছিলে (১)।

৯। হে মহান ইন্দ্র! তুমি দ্যুলোকের দুহিতা পূজনীয়া উষাকে সংপিষ্ট করিয়াছিলে।

(১) দিবা বা সূর্য্যরূপ ইন্দ্র উদয় হইলে উষা বিনষ্ট হয়, এই বোধ হয় ঋকের মর্ম্ম পরের তিনটী ঋক্ দেখ।

১০। অভীষ্টবর্ষী ইন্দ্র যখন উষার শকট ভগ্ন করিয়াছিলেন, তখন উষা ভীতা হইয়া ভগ্ন শকট হইতে অবতরণ করিয়াছিলেন।

১১। উষাদেবীর চূর্ণীকৃত শকট বিপাশ নদীর তীরে পড়িয়া রহিল তিনি দূরদেশে অপসৃত হইলেন।

১২। হে ইন্দ্র! তুমি সম্পূর্ণজলা তিষ্ঠমনা সিন্ধুকে পৃথিবীতে প্রজ্ঞা দ্বারা সংস্থাপিত করিয়াছিলে।

১৩। হে ইন্দ্র! তুমি বর্ষণকারী। যখন তুমি শুষ্ণের নগর সকল সংপিষ্ট করিয়াছিলে, তখন তুমি তাহার ধন লুণ্ঠন করিয়াছিলে।

১৪। হে ইন্দ্র! তুমি কুলিতরের অপত্য দাস শম্বরকে বৃহৎ পর্ব্বতের উপরে নিম্নমুখ করিয়া বধ করিয়াছিলে।

১৫। হে ইন্দ্র! চক্রের চতুর্দ্দিকস্থিত শঙ্কুর ন্যায় দাস বর্চির চতুর্দ্দিক স্থিত পঞ্চশত সংখ্যক ও সহস্র সংখ্যক অনুচরদিগকে তুমি বিশেষ রূপে বধ করিয়াছিলে।

১৬। শতক্রতু ইন্দ্র সেই অগ্রুর পুত্র পরাবৃক্তকে স্তোত্রভাগী করিয়াছিলেন।

১৭। যজ্ঞপতি বিদ্বান্ ইন্দ্র অনভিষিক্ত সেই তুর্ব্বশ ও যদুকে অভিষেকের যোগ্য করিয়াছিলেন।

১৮। হে ইন্দ্র! তুমি তৎক্ষণাৎ সরযু নদীর পারে আর্য্য অর্ণ ও চিত্ররথকে বধ করিয়াছিলে (২)।

১৯। হে বৃত্রহন্তা! তুমি বন্ধুগণ কর্ত্তৃক ত্যক্ত অন্ধ ও পঙ্গুকে অনুনীত করিয়াছিলে, তোমার দত্ত সুখ কেহ অতিক্রম করিতে সমর্থ নহে।

২০। ইন্দ্র হব্যদাতা দিবোদাসকে শম্বরের পাষাণনির্ম্মিত শত সংখ্যক পুরী প্রদান করিয়াছিলেন (৩)।

২১। ইন্দ্র, দভীতির জন্য মায়াবলে ত্রিংশৎ সহস্র সংখ্যক দাসকে হনন করিয়া প্রসুপ্ত করিয়াছিলেন।

২২। হে ইন্দ্র! তুমি এই সমস্ত শত্রুদিগকে প্রচ্যুত করিয়াছ। হে বৃত্রহন্তা! তুমি গাভী সকলের পালক, তুমি সকল যজমানের নিকট সমান।

(২) সরযু নদী পঞ্জাবের একটী নদী, আধুনিক সরযু নহে।

(৩) মূলে অশ্মন্ময়ীনাং পুরাং আছে। প্রস্তর নির্ম্মিত নগরের পরিচয় এখানে পাইলাম। এই সূক্তে অনার্য্যদিগের সহিত যুদ্ধের অনেক উল্লেখ আছে।

২৩। হে ইন্দ্র! যেহেতু তুমি তোমার বলকে সামর্থ্যযুক্ত করিয়াছিলে, অতএব অধুনাতন কোনও ব্যক্তি উহাকে হিংসা করিতে পারে না।

২৪। হে শত্রুবিনাশক ইন্দ্র! অর্য্যমাদেব তোমার সেই মনোহর ধন দান করুন, পূষা সেই মনোহর ধন দান করুন, ভগ সেই মনোহর ধন দান করুন। করুলতী দেব সেই মনোহর ধন দান করুন (৪)।

---

৩১ সূক্ত।

ইন্দ্র দেবতা। বামদেব ঋষি।

১। সর্ব্বদা বর্দ্ধমান, পূজনীয় ও মিত্রভূত ইন্দ্র কোন তর্পণ দ্বারা আমাদের অভিমুখে আগম করিবেন? কোন প্রজ্ঞাযুক্ত শ্রেষ্ঠ কর্ম্মদ্বারা আমাদের অভিমুখে আগমন করিবেন?

২। হে ইন্দ্র! পূজনীয়, সত্যভূত, হর্ষ কর সোমরসের মধ্যে কোন সোমরস শত্রুগণের ধন নষ্ট করিবার জন্য তোমাকে হৃষ্ট করিবে?

৩। তুমি সখা স্তোতাগণের রক্ষক, তুমি শত রক্ষার সহিত আমাদের নিকট আগমন কর।

৪। আমরা তোমার উপগন্তা। তুমি মনুষ্যগণের স্তুতিতে প্রীত হইয়া আমাদের নিকট বৃত্তাকার চক্রের ন্যায় প্রত্যাগত হও।

৫। তুমি যজ্ঞের প্রবণ প্রদেশ নিজের স্থান মনে করিয়া আগমন করিয়া থাক। আমি সূর্য্যের সহিত তোমাকে ভজনা করি।

৬। হে ইন্দ্র! যখন স্তুতি ও কর্ম্ম সকল তোমার অনুমত হয়, তখন উহারা প্রথমে তোমার হয়, তৎপরে সূর্য্যের হয়।

৭। হে কর্ম্মপালক ইন্দ্র! তোমাকে মঘবা, দাতা ও দীপ্তিবিশিষ্ট বলে।

৮। তুমি ক্ষণমাত্রেই স্তুতিকারী সোমাভিষবকারীকে বহু ধন দান কর।

৯। বাধাকারিগণ তোমার শত পরিমিত ধন বারণ করিতে পারে না। তুমি শত্রুগণকে হিংসা কর, তাহারা তোমার বল ধারণ করিতে পারে না।

১০। তোমার শত সংখ্যক রক্ষা আমাদিগকে রক্ষা করুক। তোমার সহস্র সংখ্যক রক্ষা আমাদিগকে রক্ষা করুক। তোমার সমস্ত অভিলষিত আমাদিগকে রক্ষা করুক।

(৪) সায়ণ করুলতী অর্থে দন্তহীন করিয়া ঐ শব্দটী পূষার বিশেষণ করিয়াছেন।

১১। তুমি এই যজ্ঞে আমাদিগকে তোমার সখ্যের, স্বস্তির ও মহান্ দীপ্তিযুক্ত ধনের ভাগী কর।

১২। হে ইন্দ্র! তুমি প্রত্যহ আমাদিগকে মহৎ ধন দ্বারা রক্ষা কর, সমস্ত রক্ষা দ্বারা রক্ষা কর।

১৩। হে ইন্দ্র! তুমি শূরের ন্যায় নূতন রক্ষা দ্বারা আমাদিগের জন্য গাভী বিশিষ্ট প্রসিদ্ধ গোনিবাস সকল উদ্ঘাটন কর।

১৪। হে ইন্দ্র! আমাদের শত্রুধর্ষক, দীপ্তিমান্, বিনাশরহিত, গাভী-যুক্ত ও অশ্বযুক্ত রথ সর্ব্বত্র গমন করুক।

১৫। হে সূর্য্য! তুমি যেরূপ সেচনসমর্থ দ্যুলোককে উপরে স্থাপন করিয়াছ, সেইরূপ দেবগণের মধ্যে আমাদের যশঃ উৎকৃষ্ট কর।

৩২ সূক্ত।

ইন্দ্র দেবতা। বামদেব ঋষি।

১। হে বৃত্রবিনাশক ইন্দ্র! তুমি শীঘ্র আমাদিগের নিকট আগমন কর। তুমি মহান্, তুমি মহতী রক্ষার সহিত আমাদের সমীপে আগমন কর।

২। হে পূজনীয় ইন্দ্র! তুমি ভ্রমণশীল এবং আমাদের অভীষ্টদাতা। তুমি চিত্রকর্ম্মযুক্ত লোককে রক্ষার্থে ধন দান কর।

৩। যাহারা তোমার সহিত সঙ্গত হয়, তাহারা সামান্য হইলেও তুমি সেই সখাগণের সহিত মিলিত হইয়া উৎপ্লবমান মহান্ শত্রুদিগকে বল দ্বারা বিনাশ কর।

৪। হে ইন্দ্র! আমরা তোমার সহিত সঙ্গত, আমরা তোমাকে অধিক পরিমাণে স্তুতি করিতেছি, তুমি আমাদিগের সকলকে বিশেষরূপে রক্ষা কর।

৫। হে বজ্রধারী! তুমি মনোহর, অনিন্দিত ও অনাক্রমণীয় রক্ষা-সমূহের সহিত আমাদের নিকট আগমন কর।

৬। হে ইন্দ্র! আমরা ত্বৎসদৃশ গোযুক্ত দেবতার সখা। আমরা প্রভূত অন্নের জন্য তোমার সহিত সংযুক্ত হইতেছি।

৭। হে ইন্দ্র! তুমিই গোযুক্ত অন্নের স্বামী, অতএব তুমি আমাদিগকে প্রভূত অন্নদান কর।

৮। হে স্তুতিযোগ্য ইন্দ্র! যখন তুমি স্তুত হইয়া স্তোতাগণকে ধন দান করিতে ইচ্ছা কর, তখন কেহই অন্যথা করিতে পারে না।

৯। হে ইন্দ্র! গোতমগণ ধন ও প্রভূত অন্নের জন্য তোমার উদ্দেশে স্তুতি বাক্য দ্বারা স্তুতি করিতেছে।

১০। হে ইন্দ্র! তুমি সোমপানে হৃষ্ট হইয়া দাসগণের নগর সকলের বিরুদ্ধে গমন করতঃ উহাদিগকে ভগ্ন করিয়াছিলে। আমরা তোমার সেই বীর্য্য কীর্ত্তন করি।

১১। হে ইন্দ্র! তুমি স্তুতিযোগ্য, তুমি যে সকল বীর্য্য প্রদর্শন করিয়াছ, সোম অভিষুত হইলে প্রাজ্ঞগণ তোমার সেই সকল বীর্য্য কীর্ত্তন করে।

১২। হে ইন্দ্র! স্তোত্রবাহক গোতমগণ, তোমাকে স্তোত্র দ্বারা বর্দ্ধিত করিতেছে, তুমি ইহাদিগকে পুত্রপৌত্র যুক্ত অন্ন দান কর।

১৩। হে ইন্দ্র! যদিও তুমি সকলের সাধারণ দেবতা, তথাপি আমরা তোমাকেই আহ্বান করিতেছি।

১৪। হে নিবাসপ্রদ ইন্দ্র! তুমি আমাদিগের অভিমুখে আগমন কর। হে সোমপা! তুমি সোমরূপ অন্ন দ্বারা হৃষ্ট হও।

১৫। হে ইন্দ্র! আমরা তোমার স্তোতা, আমাদিগের স্তোত্র তোমাকে আমাদিগের নিকট আনয়ন করুক। তুমি অশ্বদ্বয়কে আমাদিগের অভিমুখে পরিবর্ত্তিত কর।

১৬। তুমি আমাদিগের পুরোডাশ রূপ অন্ন ভক্ষণ কর। স্ত্রৈণ ব্যক্তি যেরূপ স্ত্রীর বাক্য সেবা করে, সেইরূপ তুমি আমাদিগের স্তুতি বাক্য সেবা কর।

১৭। আমরা ইন্দ্রের নিকট শিক্ষিত, শীঘ্রগামী সহস্র সংখ্যক অশ্ব যাচ্ঞা করিতেছি, শত সংখ্যক সোমের কলশ (১) যাচ্ঞা করিতেছি।

১৮। হে ইন্দ্র! আমরা তোমার শত সংখ্যক ও সহস্র সংখ্যক গাভী গ্রহণ করিব, আমাদিগের ধন তোমার নিকট হইতে আগমন করুক।

১৯। আমরা যেন তোমার নিকট হইতে দশটী হিরণ্যপূর্ণ কলশ লাভ করিতে পারি। হে বৃত্রবিনাশক! তুমি বহুপ্রদ।

২০। হে ইন্দ্র! তুমি বহুপ্রদ, তুমি আমাদিগকে বহু ধন দান কর, অল্প

(১) মূলে "খার্য্যঃ" আছে। "অত্র মানবিশেষবাচিনা খারীশব্দেন দ্রোণকলশ উপলক্ষ্যতে।" সায়ণ। "In modern use it is the name of a grain measure, equal to sixteen dronas, or about three bushels."—*Wilson.*

ধন দান করিও না। তুমি প্রভুত ধন আনয়ন কর, কারণ তুমি প্রভূত ধন দান করিতে ইচ্ছা করিয়া থাক।

২১। হে বৃত্র বিনাশক শূর! তুমি বহুপ্রদ বলিয়া বহু যজমানগণের নিকট বিখ্যাত আছ। তুমি আমাদিগকে ধনের ভাগী কর।

২২। হে প্রাজ্ঞ! আমি তোমার পিঙ্গলবর্ণ অশ্বদ্বয়ের প্রশংসা করিতেছি। হে গাভীপ্রদ! তুমি স্তোতাগণকে বিনাশ করিও না, তুমি এই অশ্বদ্বয় দ্বারা আমাদিগের গাভীগণকে বিনাশ করিও না।

২৩। দৃঢ়, নব ও ক্ষুদ্র দ্রুপদে (২) স্থিত পুত্তলিকাদ্বয়ের ন্যায় তোমার পিঙ্গলবর্ণ অশ্বদ্বয় যজ্ঞে শোভা পায়।

২৪। আমি যখন বৃষভযুক্ত রথে গমন করি, অথবা যখন পদ দ্বারা গমন করি, তখন তোমার অহিংসক পিঙ্গলবর্ণ অশ্বদ্বয় আমার পর্য্যাপ্ত-কারী হউক।

৩৩ সূক্ত।

ঋভুগণ দেবতা। বামদেব ঋষি।

১। আমি ঋভুগণের নিকট দূতের ন্যায় স্তুতিবাক্য প্রেরণ করিতেছি। আমি তাঁহাদিগের নিকট সোম উপস্তরণের জন্য পয়োযুক্তা ধেনু যাচ্ঞা করি-তেছি। ঋভুগণ বায়ুগতি এবং জগতের উপকারজনক কর্ম্মকারী। তাঁহারা বেগগামী অশ্বদ্বারা ক্ষণমাত্রে অন্তরিক্ষ পরিব্যাপ্ত করেন।

২। যখন ঋভুগণ মাতা পিতাকে পরিচর্য্যা ও যুবা করিয়া এবং চমস নির্ম্মাণাদি অন্য কার্য্য করিয়া অলঙ্কৃত হইয়াছিলেন, তাঁহারা সেই সময়েই দেবগণের সখ্য লাভ করিয়াছিলেন। ধীর ঋভুগণ প্রকৃষ্টমনস্ক যজমানের জন্য পুষ্টিধারণ করেন।

৩। ঋভুগণ যূপকাষ্ঠের ন্যায় জীর্ণ ও শয়ান মাতা পিতাকে নিত্য তরুণ করিয়াছিলেন। বাজ, বিভ্বা এবং ঋভু, ইন্দ্রের সহিত সোমরস পান করতঃ আমাদের যজ্ঞ রক্ষা করুন।

৪। ঋভুগণ মৃতা গাভীকে সংবৎসর পর্য্যন্ত রক্ষা করিয়াছিলেন। ঋভুগণ

(২) "Stage."—*Wilson.* দ্রুপদে স্থিত পুত্তলিকা কি?

উক্ত গাভীর মাংসকে সংবৎসর পর্য্যন্ত অবয়বযুক্ত করিয়াছিলেন এবং উহার শরীর সৌন্দর্য্য সংবৎসর পর্য্যন্ত রক্ষা করিয়াছিলেন। তাঁহারা এই সকল কার্য্যদ্বারা দেবত্ব প্রাপ্ত হইয়াছিলেন।

৫। জ্যেষ্ঠ ঋভু বলিলেন, এক চমস দুই করিব। তাঁহার অবরজ বিভ্বা বলিলেন, তিন করিব। কনিষ্ঠ বাজ বলিলেন, চতুর্দ্ধা করিব। হে ঋভুগণ! ত্বষ্টা এই চতুষ্করণের প্রশংসা করিয়াছিলেন।

৬। মনুষ্যরূপ ঋভুগণ সত্য বলিয়াছিলেন। কারণ তাঁহারা উহা করিয়াছিলেন। তৎপরে ঋভুগণ এই স্বধার ভাগী হইয়াছিলেন। ত্বষ্টা, দিবসের ন্যায় দীপ্তিমান্ চমস চারিটী দেখিয়া কামনা করিয়াছিলেন।

৭। যখন ঋভুগণ অগোপনীয় সূর্য্যের আতিথ্যে দ্বাদশ দিবস(২) সুখে অবস্থান করতঃ বিহার করেন, তখন তাঁহারা ক্ষেত্র সকল শস্যসম্পন্ন করেন, নদী সকল প্রেরণ করেন। জলবিহীন স্থানে ওষধি সকল জন্মে এবং নিম্নস্থান জল ব্যাপ্ত হয়।

৮। যাঁহারা সুচক্র ও চক্রবিশিষ্ট রথ নির্ম্মাণ করিয়াছিলেন, যাঁহারা বিশ্বের প্রেরয়িত্রী বিশ্বরূপা ধেনু উৎপাদন করিয়াছিলেন, সেই সুকর্ম্মা সুন্দর অন্নযুক্ত সুহস্ত ঋভুগণ আমাদিগের ধন নিষ্পাদন করুন।

৯। দেবগণ কর্ম্মদ্বারা এবং প্রসন্ন অন্তঃকরণদ্বারা দীপ্তিমান্ হইয়া ইঁহাদিগের কর্ম্ম স্বীকার করিয়াছিলেন। সুকর্ম্মা বাজ সমস্ত দেবতাগণের হইয়াছিলেন, ঋভু ইন্দ্রের হইয়াছিলেন। বিভ্বা বরুণের হইয়াছিলেন।

১০। যাঁহারা অশ্বদ্বয়কে প্রজ্ঞা ও স্তুতিদ্বারা হৃষ্ট করিয়াছিলেন, যাঁহারা ইন্দ্রের জন্য সুখে যোজিত অশ্বদ্বয় সম্পাদন করিয়াছিলেন, সেই ঋভুগণ আমাদিগকে মঙ্গলাকাঙ্ক্ষী মিত্রের ন্যায় ধনপুষ্টি ও দ্রবিণ দান করুন।

১১। অনন্তর, দেবগণ তৃতীয় সবনে তোমাদিগকে সোম পান ও তজ্জনিত হর্ষ প্রদান করিয়াছিলেন, তাঁহারা শ্রান্ত ব্যক্তি ভিন্ন অন্যের সখা হয়েন না। হে ঋভুগণ! তোমরা আমাদিগকে তৃতীয় সবনে নিশ্চয়ই ধন দান কর।

---

(১) এই ঋকে ঋভুগণকে সূর্য্যরশ্মিরূপে স্তব করা হইয়াছে। সায়ণ।

(২) মূলে "দ্বাদশ দ্যূন" আছে। আর্দ্রা আদি দ্বাদশ বৃষ্টি নক্ষত্র। সায়ণ। কোন কোন পণ্ডিতের মতে এখানে মলমাসের দ্বাদশ দিনের উল্লেখ আছে। ১।২৫।৮ ঋকের টীকা দেখ।

৩৪ সূক্ত।

ঋভুগণ দেবতা। বামদেব ঋষি।

১। হে ঋভু, বিভ্বা, বাজ এবং ইন্দ্র! তোমরা রত্নদানের জন্য আমাদের এই যজ্ঞে আগমন কর। কারণ ধিষণা দেবী, এইমাত্র তোমাদিগকে দিবসের সোমজনিত প্রীতি দান করিয়াছেন। অতএব, সোমজনিত হর্ষ তোমাদিগের সহিত সঙ্গত হউক।

২। হে অন্নদ্বারা শোভমান ঋভুগণ! তোমরা দেবজন্ম বিদিত হইয়া ঋতুগণের সহিত হৃষ্ট হও। হর্ষকর সোম ও স্তুতি তোমাদের জন্য একত্রিত হইয়াছে, তোমরা আমাদিগকে পুত্রপৌত্রাদিবিশিষ্ট ধন প্রেরণ কর।

৩। হে ঋভুগণ! তোমাদের জন্য এই যজ্ঞ করা হইয়াছে, তোমরা মনুষ্যবৎ দীপ্তিশালী হইয়া ইহা ধারণ কর। সেবমান সোম তোমাদের নিকট রহিয়াছে। হে বাজগণ! তোমরা প্রথমে উপাস্য।

৪। হে নেতৃগণ! এক্ষণে তোমাদিগের অনুগ্রহে দানযোগ্য রত্ন পরিচর্য্যাকারী হব্যদাতা মনুষ্যের হউক। হে বাজগণ! হে ঋভুগণ! তোমরা পান কর, আমি হর্ষের জন্য তৃতীয় সবনের প্রভূত সোম তোমাদিগকে দান করিতেছি।

৫। হে বাজগণ! হে ঋভুক্ষাগণ! তোমরা নেতা। তোমারা মহৎ ধনকে স্তুতি করতঃ আমাদিগের নিকট আগমন কর। দিবসের সমাপ্তিতে নবপ্রসবা গাভীগণ যেরূপ গৃহে আগমন করে, সেইরূপ এই সোমরসের পান তোমাদিগের নিকট আগমন করিতেছে।

৬। হে বলের পুত্রগণ! তোমরা স্তোত্রদ্বারা আহূত হইয়া এই যজ্ঞে আগমন কর। তোমরা ইন্দ্রের সহিত সঙ্গত এবং মেধাবী, কারণ তোমরা ইন্দ্রের। তোমরা ইন্দ্রের সহিত রত্নদান করতঃ মধুর সোম পান কর।

৭। হে ইন্দ্র! তুমি বরুণের সহিত সমান প্রীতিযুক্ত হইয়া সোম পান কর। হে স্তুতিযোগ্য ইন্দ্র! তুমি মরুদ্গণের সহিত সঙ্গত হইয়া সোম পান কর। তুমি, প্রথম পানকারী ঋতুপাগণের সহিত এবং রত্নদাত্রী দেবপত্নীগণের সহিত সোম পান কর।

৮। হে ঋভুগণ! তোমরা আদিত্যের সহিত সঙ্গত হইয়া হৃষ্ট হও, পর্ব্বত-

গণের সহিত (১) সঙ্গত হইয়া হৃষ্ট হও, দেবগণের হিতকর সবিতাদেবের সহিত সঙ্গত হইয়া হৃষ্ট হও, রত্নদাতা নদী দেবগণের সহিত সঙ্গত হইয়া হৃষ্ট হও।

৯। যাঁহারা, অশ্বিদ্বয়কে রথ নির্ম্মাণাদি কার্য্যদ্বারা প্রীত করিয়াছিলেন, যাঁহারা জীর্ণ পিতা মাতাকে যুবা করিয়াছিলেন, যাঁহারা ধেনু ও অশ্ব নির্ম্মাণ করিয়াছিলেন, যাঁহারা দেবগণের জন্য অংসত্রা(২) কবচ নির্ম্মাণ করিয়াছিলেন, যাঁহারা দ্যাবাপৃথিবীকে পৃথক্ করিয়াছিলেন, যাঁহারা ব্যাপ্ত এবং নেতা, যাঁহারা সুন্দর অপত্য বিশিষ্ট কর্ম্ম করিয়াছিলেন।

১০। যাঁহারা গোবিশিষ্ট. অন্নবিশিষ্ট, পুত্রপৌত্রাদিবিশিষ্ট, গৃহযুক্ত, বহু ও অন্নযুক্ত ধন ধারণ করেন, এবং যাঁহারা ধনের প্রশংসা করেন, সেই অগ্রে পানকারী ঋভুগণ হৃষ্ট হইয়া আমাদিগকে ধন দান করুন।

১১। হে ঋভুগণ! তোমরা চলিয়া যাইও না, আমরাও তোমাদিগকে তৃষ্ণার্ত্ত করিব না। হে দেবগণ! তোমরা অনিন্দিত হইয়া রমণীয় ধন দানের জন্য এই যজ্ঞে ইন্দ্রের সহিত হৃষ্ট হও, মরুদ্‌গণের সহিত হৃষ্ট হও, দীপ্তিমান্ বিভ্বাগু দেবগণের সহিত হৃষ্ট হও।

---

৩৫ সূক্ত।

ঋভুগণ দেবতা। বামদেব ঋষি

১। হে বলের পুত্র, সুধন্বার পুত্র, ঋভুগণ! তোমরা এখানে আগমন কর, তোমরা অপগত হইও না। এই সবনে মদকর সোম রত্নদাতা ইন্দ্রের পরে তোমাদের নিকট গমন করুক।

২। ঋভুগণের রত্নদান আমাদিগের নিকট এই যজ্ঞে আগমন করুক। যেহেতু তাঁহারা শোভন হস্ত ব্যাপারদ্বারা ও কর্ম্মের ইচ্ছাদ্বারা এক চমসকে চতুর্ধা করিয়াছিলেন এবং অভিষুত সোম পান করিয়াছিলেন।

৩। তোমরা চমসকে চতুর্ধা করিয়াছিলে এবং বলিয়াছিলে, হে সখা অগ্নি!

---

(১) পর্ব্বদিবসে অর্চ্চমান দেববিশেষ। সায়ণ। পূর্ব্বে সায়ণ পর্ব্বত অর্থে পর্জ্জন্য দেব করিয়াছেন।

(২) মূলে "অংসত্রা" আছে "অংসত্রাণি কবচানি।" সায়ণ।

অনুগ্রহ কর। হে বাজগণ! হে ঋভুগণ! তোমরা কুশল হস্ত, তোমরা অমরত্ব পথে (১) গমন কর।

৪। যাহাকে কৌশল পূর্ব্বক চারিটী করা হইয়াছিল, সেই চমস কি প্রকারের? হে ঋত্বিকগণ! তোমরা হর্ষের জন্য সোম অভিষব কর। হে ঋভুগণ! তোমরা মধুর সোমরস পান কর।

৫। হে রমণীয় সোমান্নযুক্ত ঋভুগণ! তোমরা কর্ম্মদ্বারা মাতাপিতাকে যুবা করিয়াছিলে, কর্ম্মদ্বারা চমস দেবপানের যোগ্য করিয়াছিলে, কর্ম্মদ্বারা শীঘ্রগামী ইন্দ্রের বাহক অশ্বদ্বয় সম্পাদন করিয়াছিলে।

৬। হে ঋভুগণ! তোমরা অন্নবান্। যে তোমাদিগের উদ্দেশে হর্ষের জন্য দিবাবসানে তীব্র সোম অভিষবণ করে, হে ফলবর্ষী ঋভুগণ! তোমরা হৃষ্ট হইয়া তাহার জন্য বহু পুত্রযুক্ত ধন সম্পাদন কর।

৭। হে হরিবিশিষ্ট ইন্দ্র! তুমি প্রাতঃ সবনে অভিষুত সোম পান কর, মাধ্যন্দিন সবন কেবল তোমারই। হে ইন্দ্র তুমি সুকর্ম্মদ্বারা যাঁহাদিগকে সখা করিয়াছ, সেই রত্নদাতা ঋভুগণের সহিত তৃতীয় সবনে পান কর।

৮। তোমরা সুকর্ম্মদ্বারা দেবতা হইয়াছিলে। হে বলের পুত্রগণ! তোমরা শ্যেনের ন্যায় দ্যুলোকে নিষণ্ণ আছ, তোমরা ধন দান কর। হে সুধন্বার পুত্রগণ! তোমরা অমর হইয়াছ।

৯। হে সুহস্ত ঋভুগণ! যে হেতু তোমরা রমণীয় সোমদানযুক্ত তৃতীয় সবনকে সুকর্ম্মেচ্ছা প্রযুক্ত প্রসাধিত করিয়াছ, অতএব তোমরা হৃষ্ট ইন্দ্রিয়ের সহিত অভিষুত সোম পান কর।

৩৬ সূক্ত।

ঋভুগণ দেবতা। বামদেব ঋষি।

১। হে ঋভুগণ! তোমাদের কৃত স্তুতিযোগ্য ত্রিচক্র রথ অশ্ব ব্যতিরেকে ও প্রগ্রহ ব্যতিরেকে অন্তরিক্ষে পরিভ্রমণ করিতেছে। যদ্দ্বারা তোমরা দ্যাবাপৃথিবী পোষণ করিতেছ, সেই রথনির্ম্মাণরূপ মহৎ কর্ম্ম তোমাদিগের দেবত্ব প্রখ্যাত করিতেছে।

২। হে সুন্দরান্তঃকরণ ঋভুগণ! তোমরা মানসিক ধ্যানদ্বারা সুবৃত ও

(১) এই ঋকের শেষার্দ্ধটি অগ্নির উক্তি। সায়ণ।

অকুটিলগামী রথ নির্ম্মাণ করিয়াছিলে। হে বাজগণ! হে ঋভুগণ! আমরা তোমাদিগকে সোম পানের জন্য আবেদন করিতেছি।

৩। হে বাজগণ! হে ঋভুগণ! হে বিভুগণ! তোমরা যে বৃদ্ধ ও জীর্ণ পিতা মাতাকে নিত্য তরুণ ও সর্ব্বদা বিচরণক্ষম করিয়াছ, তোমাদের সেই মাহাত্ম্য দেবগণের মধ্যে প্রখ্যাত আছে।

৪। হে ঋভুগণ! তোমরা এক চমসকে চতুর্ভাগে বিভক্ত করিয়াছ, কর্ম্ম-দ্বারা গাভিকে চর্ম্মে পরিবৃত করিয়াছ, অতএব তোমরা দেবগণের মধ্যে অমরত্ব লাভ করিয়াছ। হে বাজগণ! হে ঋভুগণ! তোমাদিগের এই কর্ম্ম প্রশংসাযোগ্য।

৫। বাজগণের সহিত বিখ্যাত নেতা ঋভুগণ যে ধন উৎপাদন করিয়াছেন, প্রধান ও প্রভূত অন্নবিশিষ্ট সেই ধন ঋভুগণের নিকট হইতে আমাদের নিকট আগমন করুক। যজ্ঞে ঋভুগণ কর্ত্তৃক সম্পন্ন রথ বিশেষরূপে প্রশংসার্হ। হে দীপ্তিবিশিষ্ট ঋভুগণ! তোমরা যাহা রক্ষা কর তাহা দর্শনযোগ্য।

৬। বাজ, বিভ্বা ও ঋভুগণ যাঁহাকে রক্ষা করেন, তিনি বলবান্ হইয়া রণকুশল হয়েন, তিনি ঋষি হইয়া স্তুতিযুক্ত হয়েন, তিনি শূর হইয়া শত্রুগণের প্রক্ষেপক হয়েন, তিনি যুদ্ধে দুর্দ্ধর্ষ হয়েন, তিনি ধনপুষ্টি ধারণ করেন ও পুত্র-পৌত্রাদি ধারণ করেন।

৭। তোমরা শ্রেষ্ঠ ও দর্শনীয় রূপ ধারণ করিয়াছ। হে বাজগণ ও ঋভুগণ! এই স্তোম তোমাদিগের, তোমরা উহা সেবা কর। তোমরা ধীমান্, কবি ও জ্ঞানবান্, আমরা তোমাদিগকে এই স্তোত্র দ্বারা আবেদন করিতেছি।

৮। হে ঋভুগণ! তোমরা আমাদিগের স্তুতির জন্য মনুষ্যগণের হিত-কর সমস্ত ভোগ্যবস্তু বিদিত হইয়া তাহা সম্পাদন কর এবং আমাদিগের জন্য দীপ্তিমান্ বলকারক ও বলবান্ শত্রুর শোষক ধন ও অন্ন সম্পাদন কর।

৯। আমাদিগের এই যজ্ঞে প্রীত হইয়া পুত্রপৌত্রাদি সম্পাদন কর, এই যজ্ঞে ধন সম্পাদন কর, এই যজ্ঞে ভৃত্যাদিযুক্ত যশঃ সম্পাদন কর। হে ঋভুগণ! আমরা যদ্দ্বারা অন্যকে অতিক্রম করিতে পারিব, আমাদিগকে সেইরূপ রমণীয় অন্ন দান কর।

---

৩৭ সূক্ত।

ঋভুগণ দেবতা। বামদেব ঋষি।

১। হে রমণীয় ঋভুগণ! তোমরা যেরূপে দিবাসমূহকে সুদিন করিবার জন্য মনুষ্য লোকের যজ্ঞ ধারণ করিয়া থাক; হে বাজগণ! হে ঋভু-দেবগণ! তোমরা সেইরূপে আমাদের যজ্ঞে আগমন কর।

২। অদ্য এই যজ্ঞ সকল তোমার হৃদয়ে ও মনের প্রীতিদায়ক হউক। ঘৃত মিশ্রিত পর্য্যাপ্ত সোমরস তোমাতে গমন করুক। চমসপূর্ণ সোমরস তোমাকে কামনা করিতেছে, উহা উৎসাহার্থ পীত হইয়া তোমাকে সুকর্ম্মের জন্য হৃষ্ট করুক।

৩। হে বাজগণ! হে ঋভুক্ষাগণ (১)! যে সকল লোক, সবন ত্রয়োপেত দেবগণের হিতকর সোম তোমাদিগের উদ্দেশে ধারণ করিতেছে, অথবা তোমাদিগের উদ্দেশে স্তোম ধারণ করিতেছে, সেই সমবেত প্রজাগণের মধ্যে আমি মনুর ন্যায় প্রভূত দীপ্তিযুক্ত। আমি তোমাদের উদ্দেশে সোম প্রদান করি।

৪। তোমাদের অশ্ব সকল পীন, তোমাদের রথ দীপ্তিশালী, তোমাদের হনুদ্বয় লৌহের ন্যায় সারবান্, তোমরা অন্নবান্ ও শোভননিষ্কসম্পন্ন (২)। হে ইন্দ্রপুত্রগণ! বলের পৌত্রগণ! তোমাদের হর্ষের জন্য এই প্রথম সবন অনুষ্ঠিত হইয়াছে।

৫। হে ঋভুক্ষাগণ! আমরা ঋভুস্বরূপ ধন প্রার্থনা করি, সংগ্রামে যোদ্ধা শ্রেষ্ঠ সহায়কে আহ্বান করি, সর্ব্বদা দানশীল ইন্দ্রবান্ অশ্বীকে আহ্বান করি।

৬। হে ঋভুগণ! তোমরা এবং ইন্দ্র যে মর্ত্ত্যকে রক্ষা কর, তিনি কর্ম্ম দ্বারা ধনভাগী হউন। এবং যজ্ঞে অশ্বযুক্ত হউন।

৭। হে বাজগণ! হে ঋভুক্ষাগণ! আমাদিগকে যজ্ঞপথ প্রজ্ঞাপিত কর, কারণ হে মেধাবীগণ! তোমরা স্তুত হইলে সমস্ত দিক্ উত্তীর্ণ হইতে সমর্থ হও।

---

(১) সায়ণ ১।১৬৭।১ এবং ২।১৮৬।১০ ঋকে ঋভুক্ষা অর্থে ইন্দ্র করিয়াছেন, কিন্তু এই স্থলে ঋভুক্ষা অর্থে ঋভুগণ করিয়াছেন। এখানেও এই মণ্ডলের ৩৪।৫ ঋকে ও অন্যান্য স্থানে ঋভুক্ষা অর্থে স্পষ্টই ঋভুগণ।

(২) ঋগ্বেদে এই স্থানে এবং অন্য অনেক স্থানে নিষ্ক শব্দ ব্যবহৃত হইয়াছে। নিষ্ক শব্দের অর্থ স্বর্ণমুদ্রা বিশেষ। কণ্ঠের অলঙ্কার রূপেও ব্যবহৃত হইত।

৮। হে বাজগণ! হে ঋভুক্ষাগণ! হে ইন্দ্র! হে নাসত্যদ্বয়! তোমরা ধন দানার্থ মনুষ্যগণের জন্য প্রভূত ধন ও অশ্বদানের আজ্ঞা কর।

---

৩৮ সূক্ত।

প্রথম ঋকের দ্যাবাপৃথিবী দেবতা, অবশিষ্ট ঋকের দধিক্রা দেবতা। বামদেব ঋষি।

১। হে দ্যাবাপৃথিবী! দাতা ত্রসদস্যু রাজা তোমাদের নিকট হইতে অনেক ধন পাইয়া প্রার্থীদিগকে দান করিয়াছেন। তোমরা উর্ব্বরা ক্ষেত্রযুক্ত ধন (১) দান করিয়াছ এবং দস্যুদিগের বধার্থ অভিভবকর ও উগ্র অস্ত্র দান করিয়াছ।

২। গমনশীল অনেক শত্রুগণের নিষেধক, সমস্ত লোকের রক্ষক, সরল-গতি, সুন্দরগমন, দীপ্তিবিশিষ্ট, শীঘ্রগামী এবং বলবান্ রাজার ন্যায় শত্রু বিনাশক দধিক্রা দেবকে (২) তোমরা দুই জনে দান করিয়াছ।

৩। নিম্নগামী জলের ন্যায় গমনশীল, সংগ্রামাভিলাষী শূরের ন্যায় পদ দ্বারা দিক্‌লঙ্ঘনাভিলাষী এবং রথগামী ও বায়ুর ন্যায় শীঘ্রগামী সেই দধিক্রা-দেবকে সকলে হৃষ্ট হইয়া স্তুতি করে।

৪। যিনি সংগ্রামে একত্রীভূত পদার্থ সমূহকে নিরোধ করতঃ অত্যন্ত ভোগ বাসনায় সমস্ত দিকে গমন করিয়া বেগে বিচরণ করেন, যাঁহার শক্তি আবির্ভূত রহিয়াছে, যিনি জ্ঞাতব্য সমূহ অবগত হইয়া স্তুতিকারী যজমানের শত্রুগণকে তিরস্কার করেন।

৫। লোকে যেরূপ বস্ত্রাপহারক তস্করকে দেখিয়া চীৎকার করে, সেইরূপ সংগ্রামে শত্রুগণ ইহাকে দেখিয়া চীৎকার করে। পক্ষিগণ যেরূপ নিম্নাভিমুখে আগমনকারী ক্ষুধার্ত্ত শ্যেন পক্ষিকে দেখিয়া পলায়ন করে, সেইরূপ লোকে অন্ন ও পশুযূথের উদ্দেশে গমনকারী এই দধিক্রাকে দেখিয়া চীৎকার করে।

৬। তিনি যুদ্ধগমনে অভিলাষ করিয়া রথশ্রেণীতে যুক্ত হইয়া গমন

---

(১) আর্য্যগণকে উর্ব্বরা ক্ষেত্র দিয়াছ এবং অনার্য্য দস্যুহনন করিবার জন্য অস্ত্রও দিয়াছ। [illegible]কের এই মর্ম্ম।

(২) অশ্বরূপী অগ্নির নাম দধিক্রা। সায়ণ। "The sun under the type of a horse."—Wilson.

করেন। তিনি অলঙ্কৃত এবং লোকের হিতকর অশ্বের ন্যায় শোভমান, তিনি মুখস্থিত লৌহখণ্ড দংশন করেন এবং ধূলি লেহন করেন (৩)।

৭। সেই অশ্ব সহনশীল এবং অন্নবান্ এবং সমরে স্বশরীর দ্বারা কার্য্য-সাধন করেন। তিনি ঋজুগামী ও বেগগামী। শত্রুসেনামধ্যে বেগে গমন করেন। তিনি ধূলি উত্থিত করতঃ ভ্রূদেশের উপরে বিক্ষেপ করেন।

৮। যুদ্ধাভিলাষীগণ দীপ্তিমান্ অশনির ন্যায় হিংসাকারী এই দধিক্রাকে ভয় করে। যখন তিনি চতুর্দ্দিকে সহস্র লোককে প্রহার করেন, তখন তিনি উত্তেজিত হইয়া ভীম ও দুর্ব্বার হইয়া উঠেন।

৯। লোকে মনুষ্যগণের অভিলাষ পূরক এবং বেগবান্ এই দধিক্রা দেবের অভিভবকর বেগের স্তুতি করে এবং বলে যে শত্রু সকল পরাভূত হইবে, দধিক্রা সহস্র সৈন্যের সহিত গমন করিতেছেন (৪)।

১০। সূর্য্য যেরূপ তেজঃ দ্বারা জল দান করেন, সেইরূপ দধিক্রাদেব বল দ্বারা পঞ্চকৃষ্টিকে (৫) বিস্তৃত করিয়াছেন। শত সহস্রদাতা, বেগবান্ অশ্ব আমাদিগের স্তুতিবাক্য মধুর ফলের দ্বারা সংযোজিত করুন।

৩৯ সূক্ত।

দধিক্রা দেবতা। বামদেব ঋষি।

১। আমরা শীঘ্রগামী সেই দধিক্রাকে স্তুতি করিব, দ্যাবাপৃথিবী হইতে তাঁহার সম্মুখে ঘাস বিক্ষেপ করিব। তমোনিবারণী উষা দেবী আমার জন্য সুফল রক্ষা করুন এবং আমাকে সমস্ত দুরিত হইতে পার করুন।

২। আমি যজ্ঞের সম্পাদক। হে মিত্রাবরুণ! দীপ্তিমান্ অগ্নির ন্যায় স্থিত এবং ত্রাণকর্ত্তা যে দধিক্রাকে তোমরা মনুষ্যগণের উপকারের জন্য ধারণ কর, আমি সেই মহান্, অনেকের সম্মানযোগ্য, অভীষ্টবর্ষী দধিক্রা অশ্বকে স্তুতি করিব।

(৩) "Raising the dust champing his bit."—*Wilson.*

(৪) আর্য্যগণ যুদ্ধে অশ্ব ও অশ্বারোহীগণের ব্যবহার বুঝিতেন, তাহা এই সূক্ত হইতে প্রতীয়মান হয়। ইহার পরের দুইটী সূক্ত দেখ।

(৫) সায়ণ এখানে "পঞ্চ কৃষ্টি" শব্দের একটী অর্থ করিয়াছেন, দেব, মনুষ্য, অসুর, রাক্ষস ও পিতৃগণ। ২।২।১০ ঋকের টীকা দেখ।

৩। যিনি উষাপ্রকাশের পর অগ্নি সমিদ্ধ হইলে অশ্ব দধিক্রার স্তুতি করেন, অদিতি মিত্র ও বরুণের সহিত তাঁহাকে নিষ্পাপ করুন।

৪। আমরা, অন্নসাধক, বলসাধক, মহান্ ও স্তোতাগণের কল্যাণকর দধিক্রার নাম স্তুতি করি। আমরা মঙ্গলের জন্য বরুণ, মিত্র, অগ্নি ও বজ্রবাহু ইন্দ্রকে আহ্বান করি।

৫। যাঁহারা যুদ্ধের উদ্যোগ করেন এবং যাহারা যজ্ঞ আরম্ভ করেন, তাঁহারা উভয়েই ইন্দ্রের ন্যায় দধিক্রাকে আহ্বান করেন। হে মিত্রাবরুণ! তোমারা মনুষ্যের প্রেরক অশ্ব দধিক্রাকে আমাদের জন্য ধারণ কর।

৬। আমি জয়শীল ও বেগবান্ অশ্ব দধিক্রার স্তুতি করিয়াছি। তিনি আমাদের মুখ সুগন্ধবিশিষ্ট করুন, আমাদের আয়ুঃ বর্দ্ধিত করুন।

৪০ সূক্ত।

দধিক্রা দেবতা। বামদেব ঋষি।

১। আমরা বারংবার দধিক্রাবার স্তুতি করিব। উষাসমূহ আমাকে কর্ম্মে প্রেরণ করুন। আমি জল, অগ্নি, উষা, সূর্য্য, বৃহস্পতি ও অঙ্গিরাগোত্রোৎপন্ন জিষ্ণুর স্তুতি করিব।

২। গমনশীল, পোষক, গাভীপ্রেরক, এবং পরিচারকগণের সহিত নিবাসকারী দধিক্রাবা অভিলষণীয় উষাকালে অন্ন ইচ্ছা করুন। শীঘ্রগামী, সত্যগমনশীল, বেগবান্ এবং লম্ফদ্বারা গমনশীল দধিক্রা অন্ন, বল ও স্বর্গ উৎপাদন করুন।

৩। পক্ষিগণ যেরূপ পক্ষীর গতি অনুসরণ করে, সেইরূপ সকলে গমনশীল ত্বরাযুক্ত ও আকাঙ্ক্ষাবান্ দধিক্রাবার গতি অনুসরণ করিতেছে। শ্যেন পক্ষীর ন্যায় দ্রুতগামী এবং ত্রাণকারী দধিক্রাবার বক্ষ প্রদেশের চতুর্দ্দিকে সকলে একত্র হইয়া গমন করে।

৪। সেই অশ্ব, গ্রীবাদেশে, কক্ষপ্রদেশে ও মুখপ্রদেশে বদ্ধ হইয়া, পাদবিক্ষেপানুসারে ত্বরাপূর্ব্বক গমন করিতেছেন। দধিক্রা অধিকতর বলশালী হইয়া যজ্ঞাভিমুখে পথের বক্রপ্রদেশসমূহ অনুসরণ করতঃ সর্ব্বদা গমন করেন।

৫। হংস দীপ্ত আকাশে অবস্থিতি করে। বসু অন্তরিক্ষে অবিস্থিতি করে।

হোতা বেদিস্থলে অবস্থিতি করে। অতিথি গৃহে অবস্থিতি করে। ঋত হোতা বেদিস্থলে অবস্থিতি করে, অতিথি গৃহে অবস্থিতি করে। ঋত মনুষ্যগণের মধ্যে অবস্থান করে। বরণীয় স্থানে অবস্থান করে, যজ্ঞ স্থলে অবস্থান করে, অন্তরিক্ষ স্থলে অবস্থান করে, জলে জন্মিয়াছে, কিরণে জন্মিয়াছে, সত্যে জন্মিয়াছে এবং পর্ব্বতে জন্মিয়াছে(১)।

৪১ সূক্ত।

ইন্দ্র ও বরুণ দেবতা। বামদেব ঋষি।

১। হে ইন্দ্র ও বরুণ! অমর হোতা অগ্নির ন্যায় হব্যযুক্ত কোন্ স্তোত্র তোমাদের অনুগ্রহ লাভ করে? হে ইন্দ্র ও বরুণ! উহা তোমাদের কর্ত্তৃক উক্ত হইয়া এবং ক্রতু ও হব্যযুক্ত হইয়া তোমাদের হৃদয়গ্রাহী হউক।

২। হে ইন্দ্র ও বরুণদেব! যে মনুষ্য অন্নবান্ হইয়া সখ্যের জন্য তোমাদিগকে বন্ধু করেন, তিনি পাপ নাশ করেন, সংগ্রামে শত্রু বিনাশ করেন এবং মহতী রক্ষা দ্বারা বিখ্যাত হয়েন।

৩। হে ইন্দ্র ও বরুণ! যদি পরস্পর সখিভূত, তোমরা দুই জনে সখ্য প্রযুক্ত অভিষুত সোমদ্বারা অন্নশালী হইয়া হৃষ্ট হও, তাহা হইলে তোমরা এই প্রকারে স্তুতিকারী মনুষ্যগণকে রত্ন দান কর।

৪। হে উগ্র ইন্দ্র ও বরুণ! তোমরা এই শত্রুর প্রতি দীপ্ত ও অতিশয় তেজোবিশিষ্ট বজ্র প্রক্ষেপ কর। যে শত্রু আমাদের দুর্দমনীয়, অত্যন্ত অদাতা ও হিংসক, সেই শত্রুর বিরুদ্ধে অভিভবকর বল প্রয়োগ কর।

৫। হে ইন্দ্র ও বরুণ! বৃষভ যেরূপ ধেনুকে প্রীত করে, সেইরূপ

(১) এই প্রসিদ্ধ ঋকটীকে হংসবতী ঋক্ কহে। শব্দের অর্থ অনুসারে আমি অনুবাদ করিয়াছি এবং আমি যতদূর বুঝিতে পারি, ইহার মর্ম্ম এই, যে হংস ও বসু, ও হোতা ও অতিথি ভিন্ন ভিন্ন স্থানে বাস করে, কিন্তু ঋত সর্ব্বত্র বিদ্যমান। ঋত সম্বন্ধে ১।১।৮ ঋকের টীকা দেখ। সায়ণ বলেন আদিত্য মধ্যে হিরণ্ময় পুরুষ স্বরূপ যে মণ্ডলাভিমানী দেবতা আছেন, সর্ব্ব প্রাণীর চিত্তরূপে অবস্থিত যে পরমাত্মা আছেন, এবং সমস্ত উপাধিশূন্য যে পরব্রহ্ম আছেন, তাঁহাদের তিন জনের একতা এই সৌরী ঋকের দ্বারা প্রতিপাদন করা হইয়াছে।

শুক্ল যজুর্ব্বেদে এই ঋকটী দুই স্থানে আছে। (যজুর্ব্বেদ ১০।২৪ ও ১২।১৪) এবং ঐ বেদের টীকাকার মহীধরও বলেন এই ঋকে পরব্রহ্মের কথা বলা হইয়াছে।

তোমরা এই স্তুতিকে প্রীত কর। তৃণাদি ভক্ষণ করিয়া সহস্রধারা মহতী গাভী, যেরূপ দুগ্ধ দোহন করে, সেইরূপ স্তুতিরূপ ধেনু আমাদিগের অভিলাষ দোহন করুন।

৬। হে ইন্দ্র ও বরুণ! তোমরা রাত্রিতে রক্ষাযুক্ত হইয়া শত্রুগণকে হিংসা করতঃ অবস্থান কর। যেন আমরা পুত্র, পৌত্র ও উর্ব্বরা ভূমি লাভ করিতে পারি, এবং বহুকাল সূর্য্য দেখিতে পাই (১) ও সন্তানোৎপাদন শক্তি প্রাপ্ত হই।

৭। আমরা ধেনু লাভের অভিলাষে তোমাদিগের নিকট পুরাতন রক্ষা প্রার্থনা করিতেছি। তোমরা ক্ষমতাশালী, বন্ধুস্বরূপ, শূর এবং অতিশয় পূজ্য। আমরা তোমাদিগের নিকট সুখদায়ক পিতার ন্যায় সখ্য ও স্নেহ প্রার্থনা করিতেছি।

৮। হে সুফল দাতৃদ্বয়! সেনাগণ যেরূপ সংগ্রাম কামনা করে, সেইরূপ আমাদিগের রত্নাভিলাষী স্তুতিসমূহ তোমাদিগকে কামনা করতঃ রক্ষা লাভের জন্য তোমাদিগের নিকট গমন করিতেছে। দধি প্রভৃতিদ্বারা শোধন করিবার জন্য গাভীসকল যেরূপ সোমের নিকট থাকে, সেইরূপ আমাদের আন্তরিক স্তুতি ইন্দ্র ও বরুণের নিকট গমন করে।

৯। সেবকগণ যেরূপ ধন লাভের জন্য ধনীর নিকট গমন করে, সেইরূপ আমার স্তুতিসমূহ দ্রব্য লাভের ইচ্ছায় ইন্দ্র ও বরুণের নিকট গমন করে। ভিক্ষুক স্ত্রীলোকের ন্যায় অন্ন ভিক্ষা করতঃ ইন্দ্রের নিকট গমন করে।

১০। আমরা প্রযত্ন ব্যতিরেকে অশ্বসমূহ, রথসমূহ, পুষ্টি এবং নিত্য ধনের স্বামী হইব। তাঁহারা আগমন করুন এবং নূতন রক্ষার সহিত আমাদের অভিমুখে অশ্ব ও ধন নিযুক্ত করুন।

১১। হে মহান্ ইন্দ্র ও বরুণ! তোমরা মহতী রক্ষার সহিত আগমন কর। যে যুদ্ধে শত্রু সেনার আয়ুধ সকল ক্রীড়া করে, আমরা যেন সেই যুদ্ধে তোমাদিগের অনুগ্রহে জয়লাভ করিতে পারি।

---

(১) অর্থাৎ যেন আমরা দীর্ঘজীবী হই। সায়ণ।

৪২ সূক্ত।

প্রথম ছয়টী ঋকের পুরুকুৎস তনয় রাজর্ষি ত্রসদস্যু দেবতা। অবশিষ্টের ইন্দ্র ও বরুণ দেবতা। ত্রসদস্যু ঋষি (১)।

১। আমি বলবান্ ও সমস্ত বিশ্বের অধিপতি। আমার রাজ্য দ্বিবিধ। সমস্ত অমরগণ আমার। আমি রূপবান্ ও অন্তিকস্থ বরুণ। দেবগণ আমার যজ্ঞসেবা করেন। আমি মনুষ্যেরও রাজা।

২। আমি, রাজা বরুণ! দেবগণ আমার জন্যই অসুর্য্য শ্রেষ্ঠ বল ধারণ করিয়াছেন। আমি রূপবান্ ও অন্তিকস্থ বরুণ। দেবগণ আমার যজ্ঞ সেবা করেন। আমি মনুষ্যেরও রাজা।

৩। আমি ইন্দ্র ও বরুণ। আমি মহিমাতে বিস্তীর্ণা, দুরবগাহা, স্বরূপা দ্যাবাপৃথিবী। আমি বিদ্বান্। আমি ত্বষ্টার ন্যায় সমস্ত ভূতজাতকে চৈতন্য দান করি এবং দ্যাবাপৃথিবীকে ধারণ করি।

৪। আমি সেচক, জলকে সেচন করিয়াছি। জলের স্থানে দ্যুলোককে ধারণ করিয়াছি। আমি ত্রিপ্রকার আকাশকে বিশেষরূপে প্রথিত করতঃ জলদ্বারা অদিতির পুত্র ঋতাবা হইয়াছি।

৫। সুন্দর অশ্বযুক্ত সংগ্রামেচ্ছু যোদ্ধাগণ আমাকে অনুগমন করে। তাহারা বৃত হইয়া সংগ্রামে আমাকে আহ্বান করে। আমি ধনবান্ ইন্দ্র হইয়া যুদ্ধ করি। আমি অভিভবকর বলশালী, আমি সংগ্রামে ধূলি উত্থিত করি।

৬। আমি এই সমস্ত কর্ম্ম করিয়াছি। আমি অপ্রতিহত, দৈব বলযুক্ত, কেহ আমাকে নিবারণ করিতে পারে না। যখন সোমরস আমাকে হৃষ্ট করে উক্‌থ সমূহ আমাকে হৃষ্ট করে, তখন অপার দ্যাবাপৃথিবী উভয়েই চালিত হয়।

(১) অনুক্রমণিকা অনুসারে এই সূক্তের প্রথম ছয়টী ঋকের দেবতা রাজা ত্রসদস্যু, এবং ঋষি ও রাজা ত্রসদস্যু। কিন্তু ঋকগুলি পাঠ করিয়া দেখিলে স্পষ্ট উপলব্ধি হয়, যে এ ঋকগুলি মনুষ্যের উক্তি নহে, দেব সম্রাট বরুণের উক্তি; তিনিই এই ঋকগুলির দেবতা ও ঋষি। প্রথম ঋকে "আমি ক্ষত্রিয়" এই শব্দ আছে বলিয়া বোধ হয় অনুক্রমণিকা রচয়িতা এটী রাজার উক্তি মনে করিয়াছেন। কিন্তু ঋগ্বেদের সময়ে "ক্ষত্রিয়" অর্থে "বিপদনাশক" বা "যোদ্ধা" বা "বলবান্।" "ক্ষত্রিয়" বলিয়া একটী জাতি হয় নাই।

৭। হে বরুণ! (২) সমস্ত ভূতজাত তোমাকে জানে। হে স্তোতা! বরুণকে স্তব কর। হে ইন্দ্র! তুমি শত্রুগণকে বধ করিয়াছ বলিয়া বিখ্যাত আছ। তুমি বদ্ধ সিন্ধুগণকে উন্মুক্ত করিয়াছ।

৮। দুর্গহের পুত্র বন্দী হইলে পর সপ্ত ঋষিগণ এই দেশে পিতা হইয়াছিলেন। তাঁহারা এই পুরুকুৎসের স্ত্রীর জন্য ত্রসদস্যুকে যজ্ঞ করিয়া লাভ করিয়াছিলেন। ত্রসদস্যু ইন্দ্রের ন্যায় শত্রুবিনাশক এবং অর্দ্ধ দেব (৩)।

৯। হে ইন্দ্র ও বরুণ! পুরুকুৎসপত্নী তোমাদিগকে হব্য ও স্তুতি দ্বারা প্রীত করিয়াছিলেন। অনন্তর তোমরা তাঁহাকে শত্রুনাশক অর্দ্ধদেব রাজা ত্রসদস্যুকে দান করিয়াছিলে।

১০। আমরা তোমাদিগের স্তুতি করতঃ ধন দ্বারা পরিতৃপ্ত হইব। দেবগণ হব্যে তৃপ্ত হউন, গাভীগণ তৃণাদিতে পরিতৃপ্ত হউক। হে ইন্দ্র ও বরুণ! তোমরা বিশ্বের হন্তা, তোমরা সর্ব্বদা আমাদিগকে সেই অহিংসিত ধন দান কর।

৪৩ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। সুহোত্রের অপত্যদ্বয় পুরুমীল্হ ও অজমীল্হ ঋষি।

১। দেবগণের মধ্যে কে শ্রবণ করিবেন? কোন দেবতা স্তোত্র সেবা করিবেন? দেবগণের মধ্যে কাহার হৃদয়ে এই প্রিয়তরা দ্যুতিমতী হব্যযুক্তা সুস্তুতি সংশ্লিষ্ট করিব?

২। কোন দেবতা আমাদিগকে সুখী করিবেন? কোন দেবতা আমাদিগের যজ্ঞে সর্ব্বাপেক্ষা অধিক আগমন করেন? দেবগণের মধ্যে কোন দেবতা আমাদিগকে সর্ব্বাপেক্ষা অধিক সুখী করিবেন? কোন রথ বেগবান্ অশ্বযুক্ত ও শীঘ্রগামী? সূর্য্যের দুহিতা যে রথ বরণ করিয়াছিলেন।

(২) এই ঋক হইতে সূক্তের অবশিষ্ট অংশে রাজা ত্রসদস্যু বক্তা।

(৩) দুর্গহ রাজার পুত্র পুরুকুৎস কারারুদ্ধ হইলে পর তাঁহার মহিষী রাজ্য অরাজক দেখিয়া পুত্র লাভের ইচ্ছায় স্বেচ্ছাপূর্ব্বক সমাগত সপ্তর্ষিগণকে পূজা করিয়াছিলেন। তাঁহারা প্রীত হইয়া রাজ্ঞীকে এই কথা বলিলেন, যে ইন্দ্র ও বরুণের বিশেষ রূপে যজ্ঞ কর। অনন্তর রাজ্ঞী ইন্দ্র ও বরুণের যজ্ঞ করিয়া ত্রসদস্যুকে প্রাপ্ত হইলেন। সায়ণ। "অর্দ্ধদেবং" অর্থে সায়ণ করিয়াছেন "দেবানাং সমীপে বর্ত্তমানং"

৩। রাত্রি অতীত হইলে, ইন্দ্র যেরূপ শক্তি প্রদর্শন করেন, হে গমনশীল অশ্বিদ্বয়! তোমরা সেইরূপ অভিষবণ কালে গমন কর। তোমরা দ্যুলোক হইতে আগমন করিয়াছ, তোমরা দিব্য ও সুন্দর গতিবিশিষ্ট, তোমাদিগের কর্ম্মসমূহের মধ্যে কোন্‌টী সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ?

৪। কোন স্তুতি তোমাদিগের সমতুল্য হইতে পারে? কোন স্তুতি দ্বারা আহূত হইয়া তোমরা আমাদিগের নিকট আগমন কর? কে তোমাদিগের মহান্ ক্রোধ সহ্য করিতে পারে? হে মধুর জলের সৃষ্টি কর্ত্তা দস্রদ্বয়! তোমার আমাদিগকে আশ্রয় দ্বারা রক্ষা কর।

৫। তোমাদের রথ দ্যুলোকের চতুর্দ্দিক বিস্তৃত ভাবে গমন করিতেছে, উহা সমুদ্র হইতে তোমাদিগের অভিমুখে গমন করিতেছে। তোমাদিগের সোমরস সমূহ পক্ব যবের সহিত সংযোজিত হইতেছে। হে মধুর জলের সৃষ্টিকর্ত্তৃদ্বয়! অধ্বর্য্যুগণ দুগ্ধের সহিত সোমরস মিশ্রিত করিতেছে।

৬। সিন্ধু রস দ্বারা তোমাদিগের অশ্বগণকে সেক করিয়াছে। পক্ষি-সদৃশ অশ্বগণ দীপ্তি দ্বারা দীপ্যমান হইয়া গমন করিতেছে। যে রথ দ্বারা তোমরা সূর্য্যের পতি হইয়াছিলে, তোমাদের সেই ক্ষিপ্রগামী রথ বিখ্যাত।

৭। তোমরা উভয়ে সদৃশ। আমি যে এই স্তুতি দ্বারা তোমাদিগকে এই যজ্ঞে সংযোজিত করিতেছি, সেই স্তুতি আমাদিগকে ফল প্রদান করুক। হে রমণীয় অন্নবিশিষ্ট অশ্বিদ্বয়! তোমরা স্তোতাকে রক্ষা কর। হে নাসত্যদ্বয়! আমাদিগের অভিলাষ তোমাদিগের অভিমুখে গমন করতঃ পূর্ণ হইয়াছে।

---

৪৪ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। পুরুমীল্‌হ ও অজমীল্‌হ ঋষি।

১। হে অশ্বিদ্বয়! আমরা অদ্য তোমাদিগের বেগবান্ এবং গোপ্রদ রথ আহ্বান করিতেছি। উহা সূর্য্যাকে বহন করে, উহা বন্ধুর বিশিষ্ট, স্তুতি-বাহক, প্রভূত ও ধনবান্।

২। হে দ্যুলোকের নপ্তা অশ্বিদেবদ্বয়! তোমরা কর্ম্ম দ্বারা প্রসিদ্ধ শোভা সম্ভোগ করিতেছ। সোমরস তোমাদিগের শরীরকে অভিষিক্ত করিতেছে এবং মহান্ অশ্ব সমূহ তোমাদিগকে রথে বহন করে।

৩। কোন হব্যদাতা অদ্য রক্ষা, সোমপান, অথবা পুরাতন যজ্ঞ সম্পাদনের

জন্য মন্ত্র দ্বারা তোমাদিগের স্তুতি করিতেছে? হে অশ্বিদ্বয়! কোন্ নমস্কারকারী যজ্ঞাভিমুখে আবর্ত্তন করিতেছে?

৪। হে নাসত্যদ্বয়! তোমরা অনেক হইয়া থাক। তোমরা হিরণ্ময় রথে করিয়া এই যজ্ঞে আগমন কর, মধুর সোমরস পান কর এবং পরিচর্য্যাকারীকে রত্ন দান কর।

৫। তোমরা দ্যুলোক হইতে অথবা পৃথিবী হইতে হিরণ্ময় সুবৃত রথে আমাদের অভিমুখে আগমন কর। অন্য দেবাভিলাষিগণ যেন তোমাদিগকে না রাখে, যে হেতু আমরা পূর্ব্বেই স্তুতি অর্পণ করিয়াছি।

৬। হে দস্রদ্বয়! তোমরা আমাদিগের উভয়কে শীঘ্র বহুপুত্রযুক্ত ও প্রভূত ধন দান কর। হে অশ্বিদ্বয়! ঋত্বিক্ (পুরুমীল্‌হ) গণ তোমাদিগের স্তোত্র করিয়াছে এবং অজমীল্‌হগণের স্তুতি তাহার সহিত সঙ্গত হইয়াছে।

৭। তোমরা উভয়ে সদৃশ। আমি যে এই স্তুতি দ্বারা তোমাদিগকে এই যজ্ঞে সংযোজিত করিতেছি, সেই স্তুতি আমাদিগকে ফল প্রদান করুক। হে রমণীয় অন্নবিশিষ্ট অশ্বিদ্বয়! তোমরা স্তোতাকে রক্ষা কর। হে নাসত্যদ্বয়! আমাদিগের অভিলাষ তোমাদিগের অভিমুখে গমন করতঃ পূর্ণ হইয়াছে।

৪৫ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। বামদেব ঋষি।

১। এই ভানু উদিত হইতেছেন। হে অশ্বিদ্বয়! তোমাদিগের রথ চতুর্দ্দিকে গমন করতঃ দ্যু তমান্ আদিত্যের সহিত সানুপ্রদেশে মিলিত হইতেছে। এই রথের উপরিভাগে মিথুনীভূত ত্রিবিধ অন্ন আছে এবং সোমরস পূর্ণ চর্ম্মময় পাত্র চতুর্থরূপে শোভা পাইতেছে।

২। তোমাদিগের অন্নবান্, সোমরসোপেত, ও অশ্বযুক্ত রথ উষার আরম্ভে চতুর্দ্দিকে ব্যাপ্ত অন্ধকার দূরকরতঃ ও সূর্য্যের ন্যায় দীপ্ত তেজঃ বিস্তার করতঃ ঊর্দ্ধে গমন করে।

৩। তোমরা সোমপানার্হ, মুখ দ্বারা সোমরস পান কর, সোম লাভের জন্য প্রিয় রথ যোজনা কর এবং যজমানের গৃহে আগমন কর। তোমরা পথসমূহ সোম দ্বারা প্রীত কর। তোমরা সোমপূর্ণ চর্ম্মময়পাত্র ধারণ কর।

৪। তোমাদিগের শীঘ্রগামী, মাধুর্য্যযুক্ত, দ্রোহরহিত, হিরণ্ময় পক্ষবিশিষ্ট, বহনশীল, উষাকালে জাগরণকারী এবং জলপ্রেরক, হর্ষযুক্ত ও সোমস্পর্শী যে অশ্ব আছে, তোমরা তাহাদিগের সহিত মধুমক্ষিকা যেরূপ মধুর নিকট গমন করে, সেইরূপ আমাদিগের সবনে আগমন কর।

৫। যখন যজ্ঞ সম্পাদক বিচক্ষণ অধ্বর্য্যু হস্ত প্রক্ষালন করতঃ প্রস্তরখণ্ড-দ্বারা মধুযুক্ত সোম অভিষুত করেন, তখন যজ্ঞের সাধনভূত, সোমবান্ অগ্নিসমূহ একত্র নিবাসকারী অশ্বিদ্বয়কে প্রত্যহ স্তুতি করে।

৬। অন্তিকে অগ্রসর রশ্মিসমূহ দিবস দ্বারা অন্ধকার ধ্বংস করতঃ সূর্য্যের ন্যায় দীপ্ত তেজঃ বিস্তার করিতেছেন। সূর্য্য অশ্ব যোজনা করতঃ উদিত হইতেছেন। হে অশ্বিদ্বয়! তোমরা সোমরসের সহিত তাঁহাকে অনুগমন করিয়া সমস্ত পথ প্রস্থাপিত কর।

৭। হে অশ্বিদ্বয়! আমরা যজ্ঞ করিয়া তোমাদিগকে স্তুতি করি। তোমাদিগের সুন্দর অশ্বযুক্ত, নিত্য তরুণ যে রথ আছে এবং যে রথদ্বারা তোমরা ক্ষণমাত্রে লোকত্রয় পরিভ্রমণ কর, তোমরা সেই রথে করিয়া হব্যযুক্ত, শীঘ্র অতি-বাহী এবং ভোগপ্রদ এই যজ্ঞে আগমন কর।

৪৬ সূক্ত।

প্রথম ঋকের বায়ু দেবতা। অবশিষ্টের ইন্দ্র ও বায়ু দেবতা। বামদেব ঋষি।

১। হে বায়ু! তুমি স্বর্গলাভকর যজ্ঞে অগ্রে অভিষুত সোমরস পান কর। যেহেতু তুমি পূর্ব্বপা।

২। হে বায়ু! তুমি নিযুৎযুক্ত এবং ইন্দ্র তোমার সারথি। তুমি অপরিমিত অভিলাষ পূরণের জন্য আগমন কর। তুমি অভিষুত সোম পান কর।

৩। হে ইন্দ্র ও বায়ু! তোমাদিগের সহস্র অশ্বগণ অন্নের জন্য সত্বর হইয়া তোমাদিগকে সোমপানার্থে আনয়ন করুক।

৪। হে ইন্দ্র ও বায়ু! তোমরা হিরণ্ময়বন্ধুরযুক্ত, দ্যুলোকস্পর্শী শোভন যজ্ঞশালী রথে আরোহণ কর।

৫। হে ইন্দ্র ও বায়ু! তোমরা প্রভূত বলসম্পন্ন রথে হব্যদাতার নিকট আগমন কর, এই যজ্ঞে আগমন কর।

৬। হে ইন্দ্র ও বায়ু! এই সোম অভিষুত হইয়াছে। তুমি দেবগণের সহিত সমান প্রীতিযুক্ত হইয়া হব্যদাতার যজ্ঞশালায় উহা পান কর।

৭। হে ইন্দ্র ও বায়ু! এই যজ্ঞে তোমাদের আগমন হউক, এই যজ্ঞে তোমাদিগের সোমপানের জন্য অশ্বগণ বিমুক্ত হউক।

---

৪৭ সূক্ত।

ইন্দ্র ও বায়ু দেবতা। বামদেব ঋষি।

১। হে বায়ু! আমি পবিত্র হইয়া স্বর্গাভিলাষে(১) তোমার নিকট প্রথমে সোমরস আনয়ন করিতেছি। হে দেব! তুমি স্পৃহণীয়, তুমি সোম পানের জন্য নিযুৎ অশ্বে আগমন কর।

২। হে ইন্দ্র ও বায়ু! তোমরা সোম পান করিবার যোগ্য। কারণ, জলসমূহ যেরূপ নিম্নদিকে গমন করে, সেইরূপ সোমরস তোমাদিগের অভিমুখে গমন করে।

৩। হে ইন্দ্র ও বায়ু! তোমরা বলের স্বামী, তোমরা পরাক্রমশালী ও নিযুৎগণযুক্ত। তোমরা এক রথে করিয়া আমাদিগকে আশ্রয় প্রদান করিবার জন্য সোম পানার্থে আগমন কর।

৪। হে নেতা যজ্ঞবাহক ইন্দ্র ও বায়ু! আমরা তোমাদিগকে হব্য দান করি, তোমাদিগের যে বহুলোকের স্পৃহণীয় নিযুৎগণ আছে, তাহা আমাদিগকে দান কর।

---

৪৮ সূক্ত।

বায়ু দেবতা। বামদেব ঋষি।

১। হে বায়ু! শত্রুগণের প্রকম্পক রাজার ন্যায় তুমি পূর্ব্বে অন্য দ্বারা অপীত সোম পান কর এবং স্তোতার ধন সম্পাদন কর, তুমি সোমপানের জন্য আহ্লাদকর রথে আগমন কর।

---

(১) এইস্থানে ও ইহার পূর্ব্ব সূক্তের প্রথম ঋকে ও অন্যান্য স্থানে "দিবিষ্টিষু" শব্দ আছে। "স্বর্গস্য প্রাপকেষু যজ্ঞেষু।" "দ্যুলোকসেবনেষু সৎসু।" সায়ণ। এই অর্থ ঠিক হইলে এতদ্বারা স্বর্গলাভের বিবরণ প্রতীয়মান হইতেছে।

২। হে বায়ু! তুমি অশ্বস্তি নিয়োগ কর। তুমি নিযুৎগণযুক্ত এবং ইন্দ্র তোমার সারথি। তুমি সোমপানের জন্য আহ্লাদকর রথে আগমন কর।

৩। হে বায়ু! কৃষ্ণবর্ণা, বসুসমূহের ধাত্রী, বিশ্বরূপা দ্যাবাপৃথিবী তোমার অনুগমন করে। তুমি সোমপানের জন্য আহ্লাদকর রথে আগমন কর।

৪। হে বায়ু! মনের ন্যায় বেগবান্, পরস্পর সংযুক্ত, নব নবতি সংখ্যক অশ্ব তোমাকে আনয়ন করুক। তুমি সোমপানের জন্য আহ্লাদকর রথে আগমন কর।

৫। হে বায়ু! তুমি পোষ্য শত অশ্ব অথবা সহস্র সংখ্যক অশ্ব যোজনা কর। তোমার রথ বেগে আগমন করুক।

৪৯ সূক্ত।

ইন্দ্র ও বৃহস্পতি দেবতা। বামদেব ঋষি।

১। হে ইন্দ্র ও বৃহস্পতি! আমি তোমাদের মুখে এই প্রিয় সোম প্রক্ষেপ করি, আমি তোমাদিগকে উক্‌থ ও মদজনক সোমরস প্রদান করি।

২। হে ইন্দ্র ও বৃহস্পতি! তোমাদিগের মুখে পানের জন্য ও হর্ষের জন্য মনোহর সোম প্রদত্ত হয়।

৩। হে সোমপা ইন্দ্র ও বৃহস্পতি! তোমরা সোমপানার্থে আমাদের গৃহে আগমন কর।

৪। হে ইন্দ্র ও বৃহস্পতি! তোমরা আমাদিগকে শত গাভীযুক্ত ও সহস্র সংখ্যক অশ্বযুক্ত ধন দান কর।

৫। হে ইন্দ্র ও বৃহস্পতি! সোম অভিষুত হইলে পর আমরা তোমাদিগকে এই সোম পানার্থে আহ্বান করিতেছি।

৬। হে ইন্দ্র ও বৃহস্পতি! তোমরা হব্যদাতার গৃহে সোম পান কর এবং তাঁহার গৃহে নিবাস করিয়া হৃষ্ট হও।

৫০ সূক্ত

প্রথম হইতে নবম ঋক পর্য্যন্ত বৃহস্পতি দেবতা। দশম ও একাদশের ইন্দ্র ও বৃহস্পতি দেবতা। বামদেব ঋষি।

১। যিনি বলপূর্ব্বক পৃথিবীর অন্তসমূহ স্তম্ভিত করিয়াছিলেন এবং যিনি শব্দদ্বারা স্থানত্রয়ে বর্ত্তমান আছেন, সেই আহ্লাদক জিহ্বাবিশিষ্ট বৃহস্পতি দেবকে পুরাতন দ্যুতিমান্ মেধাবীগণ সম্মুখে স্থাপন করিয়াছিলেন।

২। হে প্রভূত প্রজ্ঞাবান্ বৃহস্পতি! যাঁহাদিগের গতি শত্রুগণকে কম্পিত করে, যাঁহারা তোমাকে হৃষ্ট করে এবং যাঁহারা তোমাকে স্তুতি করে, তুমি তাঁহাদিগের ফলপ্রদ, বর্দ্ধনশীল, অহিংসিত ও বিস্তীর্ণ যজ্ঞ রক্ষা কর।

৩। হে বৃহস্পতি! যে অত্যন্ত দূরবর্ত্তী স্বর্গনামক পরম স্থান আছে. ঐ স্থান হইতে তোমার সেই অশ্বগণ যজ্ঞে আগমন করতঃ নিষণ্ণ আছে। খাত কূপের চতুর্দ্দিকে যেরূপে জলস্রাব হয়, সেইরূপ তোমার চতুর্দ্দিকে স্তুতির সহিত প্রস্তরদ্বারা অভিষুত সোম মধু ক্ষরণ করিতেছে।

৪। বৃহস্পতি যখন মহান্ আদিত্যের পরম আকাশে প্রথমে জাত হইয়াছিলেন, তখন তিনি সপ্ত মুখবিশিষ্ট, বহু প্রকারে সম্ভূত, শব্দযুক্ত ও গমনশীল তেজোবিশিষ্ট হইয়া অন্ধকার নাশ করিয়াছিলেন।

৫। বৃহস্পতি স্তুতিযুক্ত ও দীপ্তিশালী অঙ্গিরাগণের সহিত শব্দদ্বারা বলকে নাশ করিয়াছিলেন। তিনি শব্দ করিয়া ভোগপ্রদাত্রী ও হব্যপ্রেরিকা গাভীগণকে বাহির করিয়াছিলেন।

৬। আমরা, এই প্রকারে পিতা, সর্ব্বদেবতা স্বরূপ, অভীষ্টবর্ষী বৃহস্পতিকে যজ্ঞদ্বারা, হব্যদ্বারা ও স্তুতিদ্বারা পরিচর্য্যা করিব। হে বৃহস্পতি! আমরা যেন সুপুত্রবান্ বীর্য্যশালী ও ধনের স্বামী হইতে পারি।

৭। যিনি বৃহস্পতিকে সুন্দররূপে পোষণ করেন এবং তাঁহাকে প্রথম হব্যগ্রাহী বলিয়া স্তুতি করেন ও নমস্কার করেন, সেই রাজা স্বীয় বীর্য্য দ্বারা শত্রুগণের বল অভিভূত করিয়া অবস্থিত করেন।

৮। যে রাজার নিকট ব্রহ্মণস্পতি প্রথম গমন করেন, তিনি সুতৃপ্ত হইয়া স্বকীয় গৃহে বাস করেন। পৃথিবী তাঁহার জন্য সর্ব্বকালে ফল প্রসব করেন, প্রজাগণ আপনারাই তাঁহার নিকট প্রণত থাকে।

৯। যে রাজা রক্ষণকুশল ব্রহ্মণস্পতিকে ধন দান করেন, তিনি অপ্রতিহত রূপে শত্রুর ও প্রজাসমূহের ধন জয় করেন। দেবগণ তাঁহাকে রক্ষা করেন।

১০। হে বৃহস্পতি! তুমি এবং ইন্দ্র এই যজ্ঞে হৃষ্ট হইয়া যজমানগণকে ধন দান করতঃ সোম পান কর। সর্ব্বব্যাপক সোম তোমাদের শরীরে প্রবেশ করুক। তোমরা আমাদিগকে সমস্ত পুত্রপৌত্রাদিযুক্ত ধন দান কর।

১১। হে বৃহস্পতি! হে ইন্দ্র! তোমরা আমাদিগকে বর্দ্ধিত কর আমাদিগের প্রতি তোমাদিগের অনুগ্রহ যুগপৎ প্রবৃত্ত হউক। আমাদিগের যজ্ঞ

৫। স্তুতিযোগ্য রশ্মিসমূহ দৃষ্ট হইতেছে। উষা বর্ষার ধারার ন্যায় জগৎ মহৎ তেজে পরিপূর্ণ করিয়াছেন।

৬। হে কান্তিমতী উষা! তুমি তেজঃদ্বারা জগৎ পরিপূর্ণ কর, তেজঃদ্বারা অন্ধকার দূর কর, তৎপরে নিয়মানুসারে রক্ষা কর।

৭। হে উষা! তুমি দীপ্ত তেজোযুক্ত হইয়া রশ্মিদ্বারা দ্যুলোককে ব্যাপ্ত কর এবং বিস্তীর্ণ ও প্রিয় অন্তরিক্ষকে ব্যাপ্ত কর।

---

৫৩ সূক্ত।

সবিতা দেবতা। বামদেব ঋষি।

১। আমরা অসুর ও বুদ্ধিমান্ সবিতাদেবের সেই বরণীয় এবং মহৎ ধন প্রার্থনা করি। তিনি হব্যদাতাকে স্বেচ্ছাপূর্ব্বক যাহা দান করেন; মহান্ সবিতাদেব আমাদিগকে সেই ধন প্রতিদিবস দান করুন।

২। দ্যুলোক এবং সমস্ত লোকের ধারক, প্রজাপতি কবি সবিতাদেব পিশঙ্গ পরিচ্ছদ(১) পরিধান করেন। বিচক্ষণ সবিতা প্রখ্যাত হইয়াও জগৎ তেজে পরিপূর্ণ করিয়া প্রভূত স্তুতিযোগ্য সুখ উৎপাদন করিয়াছেন।

৩। সবিতাদেব তেজঃদ্বারা দ্যুলোক ও পৃথিবী লোককে পরিপূর্ণ করেন এবং স্বীয় কার্য্যের প্রশংসা করেন। তিনি প্রতিদিবস জগৎকে স্ব স্ব কার্য্যে স্থাপন ও প্রেরণ করতঃ সৃজনকার্য্যে বাহু প্রসারিত করেন।

৪। সবিতাদেব অহিংসিত হইয়া ভুবনকে প্রদীপ্ত করতঃ ব্রতসমূহ রক্ষা করেন। তিনি ভুবনস্থ প্রজাগণের জন্য বাহু প্রসারণ করেন। ধৃতব্রত সবিতাদেব মহৎ জগতের ঈশ্বর।

৫। সবিতাদেব মহিমাদ্বারা পরিভব করতঃ অন্তরিক্ষত্রয়কে ব্যাপ্ত করেন। তিনি লোকত্রয়কে ব্যাপ্ত করেন। তিনি দীপ্তিমান্ এই তিন জনকে ব্যাপ্ত করেন। তিনি তিন দ্যুলোককে ব্যাপ্ত করেন। তিনি তিন পৃথিবীকে ব্যাপ্ত করেন। তিনি তিন ব্রতদ্বারা (২) অনুগ্রহ পূর্ব্বক আমাকে পরিপালন করেন।

---

(১) মূলে "পিশঙ্গং দ্রাপিং" আছে। "হিরণ্ময়ং কবচং।" সায়ণ।

(২) গ্রীষ্ম, বর্ষা ও হিম এই তিন [illegible] সায়ণ।

৬। যাঁহার প্রভূত ধন আছে, যিনি কর্ম্মসমূহ প্রসব করেন, যিনি সকলের গন্তব্য, এবং যিনি স্থাবর জঙ্গম উভয়কেই বশ করেন, সেই সবিতাদেব আমাদিগের পাপক্ষয়ের জন্য আমাদিগকে লোকত্রয়স্থিত সুখ দান করুন।

৭। সবিতাদেব ঋতুগণের সহিত আগমন করুন, আমাদিগের গৃহ বর্দ্ধিত করুন, আমাদিগকে পুত্রপৌত্রাদিযুক্ত অন্নদান করুন। তিনি দিবসে ও রাত্রিতে আমাদিগের প্রতি প্রীত হউন। তিনি আমাদিগকে অপত্যযুক্ত ধন দান করুন।

---

৫৪ সূক্ত।

সবিতা দেবতা। বামদেব ঋষি।

১। সবিতাদেব প্রাদুর্ভূত হইয়াছেন। আমরা তাঁহাকে শীঘ্রই বন্দন করিব। তিনি এক্ষণে এবং তৃতীয় সবনে হোতাদিগ কর্ত্তৃক স্তুত হয়েন। যিনি মানবগণকে রত্ন দান করেন, সেই সবিতাদেব আমাদিগকে এই যজ্ঞে শ্রেষ্ঠ ধন দান করুন।

২। তুমি প্রথমে যজ্ঞার্হ দেবগণের জন্য অমরত্বের সাধনভূত সোম রূপ উৎকৃষ্টতম ভাগ উৎপাদন করিয়া থাক। অনন্তর, হে সবিতা! তুমি হব্যদাতাকে প্রকাশিত করিয়া থাক এবং পিতা, পুত্র ও পৌত্রাদি ক্রমে জীবন দান করিয়া থাক।

৩। হে সবিতাদেব! আমরা অজ্ঞানতা বশতঃ অথবা দুর্ব্বল বা বলশালী লোকদিগের প্ররোচনা বশতঃ অথবা ঐশ্বর্য্যের গর্ব্ব বা পরিজনের গর্ব্ব বশতঃ তোমার প্রতি, দেব ও মনুষ্যগণের প্রতি যে অপরাধ করিয়াছি, তুমি তাহা হইতে এই যজ্ঞে আমাদিগকে নিষ্পাপ কর।

৪। সবিতাদেবের কর্ম্ম হিংসা করা উচিত নহে, তিনি বিশ্ব ভুবন ধারণ করেন। তিনি সুন্দর অঙ্গুলিবিশিষ্ট হইয়া পৃথিবীকে বিস্তীর্ণা হইতে আজ্ঞা করেন এবং দ্যুলোককেও বিস্তীর্ণ হইতে আজ্ঞা করেন। তাঁর এই কর্ম্ম সত্য।

৫। হে সবিতা! ইন্দ্র আমাদিগের মধ্যে পূজ্য। তুমি আমাদিগকে বৃহৎ পর্ব্বতগণের অপেক্ষাও উন্নত কর, এই সকল যজমানগণকে গৃহবিশিষ্ট নিবাস প্রদান কর। তাহারা গমনকালে যেরূপ তোমাকর্ত্তৃক নিয়ত হয়, সেইরূপ তোমার আজ্ঞানুসারেই অবস্থিতি করে।

৬। হে সবিতা! আমরা তোমার উদ্দেশে প্রতি দিবস তিনবার করিয়া সৌভাগ্য জনক সোম অভিষব করি; ইন্দ্র, দ্যাবাপৃথিবী, জলবিশিষ্ট সিন্ধু-দেবতা এবং আদিত্যগণের সহিত অদিতি আমাদিগকে সুখ দান করুন।

---

৫৫ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। বামদেব ঋষি।

১। হে বসুগণ! তোমাদের মধ্যে কে ত্রাণকর্ত্তা? কে দুঃখের নিবারক? হে অখণ্ডনীয়া দ্যাবাপৃথিবী! আমাদিগকে রক্ষা কর। হে বরুণ! হে মিত্র! তোমরা অভিভবকর মনুষ্য হইতে আমাদিগকে ত্রাণ কর। হে দেবগণ! যজ্ঞে তোমাদিগের মধ্যে কে ধন দান করে?

২। যাঁহারা স্তোতাগণকে পুরাতন স্থান প্রদান করেন, যাঁহারা দুঃখের অনিবারিতা এবং অমূঢ়, যাঁহারা অন্ধকার বিনাশ করেন, সেই বিধাতা নিত্য দেবগণ অভীষ্ট প্রদান করেন। তাঁহারা সত্যকর্ম্মবিশিষ্ট ও দর্শনীয় হইয়া শোভা পান।

৩। আমরা সকলের গন্তব্য অদিতি, সিন্ধু ও স্বস্তি দেবীকে (১) সখ্যের জন্য মন্ত্রদ্বারা স্তুতি করি। যাহাতে দ্যাবাপৃথিবী আমাদিগকে বিশেষরূপে পালন করেন, তজ্জন্য আমি স্তুতি করি। উষা ও নক্ত অভিমত সম্পাদন করুন।

৪। অর্য্যমা ও বরুণ পথ দেখাইয়া দিন। অন্নের পতি অগ্নি সুখকর পথ দেখাইয়া দিন। ইন্দ্র ও বিষ্ণু সুন্দররূপে স্তুত হইয়া আমাদিগকে পুত্রপৌত্রাদি-যুক্ত ও বলযুক্ত বরণীয় সুখ দান করুন।

৫। আমি পর্জন্য, মরুৎগণ ও রক্ষক ভগদেবের আশ্রয় আকাঙ্ক্ষা করি। পতি বরুণ আমাদিগকে জন সম্বন্ধীয় পাপ হইতে রক্ষা করুন, মিত্র মিত্রভাবে আমাদিগকে রক্ষা করুন।

৬। হে দ্যাবাপৃথিবী দেবীদ্বয়। যেমন ধনলাভেচ্ছু ব্যক্তিরা সমুদ্রমধ্যে গমনের জন্য সমুদ্রকে স্তুত করে (২) সেইরূপ আমি অভিলষিত কার্য্য লাভের

---

(১) সুখনিবাসমেতন্নামিকাং দেবীং। সায়ণঃ।

(২) এই স্থানে এবং অন্য অনেক স্থানে ধনলাভার্থ অর্থাৎ বাণিজ্যের জন্য সমুদ্র গমনের স্পষ্ট উল্লেখ আছে। অহির্বুধ্ন্য সম্বন্ধে ২।৩১।৬ ঋকের টীকা দেখ।

জন্য অহিবুধ্ন্য নামক দেবতার সহিত তোমাদিগকে স্তুতি করি। সেই দেবগণ দীপ্তধ্বনিযুক্ত নদী সকলকে অপাবৃত করুক।

৭। অদিতি দেবী দেবগণের সহিত আমাদিগকে পালন করুন, ত্রাতা ইন্দ্র অপ্রমত্ত হইয়া আমাদিগকে পালন করুন। আমরা মিত্র বরুণ ও অগ্নির সমুচ্ছ্রিত অন্ন হিংসা করিতে পারি না।

৮। অগ্নি ধনের ঈশ্বর এবং মহৎ সৌভাগ্যের ঈশ্বর। অতএব তিনি আমাদিগকে ঐ সকল দান করুন।

৯। হে ধনবতী, সুনৃতা, অন্নবতী উষা! আমাদিগকে বহু বরণীয় ধন দান কর।

১০। যে ধনের সহিত সবিতা, ভগ, বরুণ, মিত্র, অর্য্যমা ও ইন্দ্র আগমন করেন, তাঁহারা সেই ধন আমাদিগকে প্রদান করুন।

---

৫৬ সূক্ত।

দ্যাবাপৃথিবী দেবতা। বামদেব ঋষি।

১। মহতী শ্রেষ্ঠা দ্যাবাপৃথিবী এই যজ্ঞে দীপ্তিকর মন্ত্রবিশিষ্ট হইয়া দীপ্তিযুক্ত হউন। যেহেতু সেচনকারী পর্জন্য বিস্তীর্ণা মহতী দ্যাবা পৃথিবীকে পরিচ্ছেদ করতঃ প্রথমান ও গমনশীল মরুৎগণের সহিত সর্ব্বত্র শব্দ করিতেছে।

২। যাগযোগ্য, অহিংসক, অভীষ্টবর্ষী, সত্যশীল, দ্রোহরহিত এবং দেবগণের উৎপাদক ও যজ্ঞের নির্ব্বাহক দ্যাবাপৃথিবী দেবীদ্বয়, দেবগণের সহিত দীপ্তিকর মন্ত্রযুক্ত হউক।

৩। যিনি এই দ্যাবাপৃথিবীকে উৎপাদন করিয়াছেন, যে ধীমান্ বিস্তীর্ণা অবিচলা, সুরূপা, আধাররহিতা দ্যাবাপৃথিবীকে কর্ম্মবলে সম্যক্‌রূপে পরিচালিত করিয়াছেন, তিনি ভুবনসমূহের মধ্যে সুন্দর কর্ম্মবিশিষ্ট।

৪। হে দ্যাবাপৃথিবী! তোমরা আমাদিগের অন্নদানে অভিলাষিণী পরস্পর সঙ্গতা, বিস্তীর্ণা, ব্যাপ্তা এবং যাগযোগ্যা হইয়া আমাদিগের, পত্নীযুক্ত বৃহৎ গৃহসমূহে আমাদিগকে সম্যক্‌রূপে রক্ষা কর। আমরা কর্ম্ম বলে রথ ও দাস লাভ করিব।

৫। হে দ্যুতিমতী দ্যাবাপৃথিবী। আমরা তোমাদিগের উদ্দেশে মহৎ

স্তোত্র সম্পাদন করিব। তোমরা বিশুদ্ধা, আমরা প্রশংসা করিবার জন্য তোমাদিগের নিকট গমন করি।

৬। তোমরা স্বকীয় মূর্ত্তি ও বলদ্বারা পরস্পরকে শোধিত করতঃ শোভা পাও এবং সর্ব্বদা যজ্ঞ বহন কর।

৭। হে মহতী দ্যাবাপৃথিবী! তোমাদের মিত্রের স্তোতার অভীষ্ট সাধন কর এবং অন্ন বিভাগ ও পূর্ণ করতঃ যজ্ঞোপরি উপবেশন কর।

৫৭ সূক্ত।

প্রথম তিনটী ঋকের ক্ষেত্রপতি দেবতা, চতুর্থের শুন দেবতা, পঞ্চম ও অষ্টমের শুনাসীর দেবতা, ষষ্ঠ ও সপ্তমের সীতা দেবতা। বামদেব ঋষি।

১। আমরা, বন্ধু সদৃশ ক্ষেত্রপতির (১) সহিত ক্ষেত্র জয় করিব, তিনি আমাদিগকে গো ও অশ্বের পুষ্টি প্রদান করুন, কারণ তিনি উক্ত প্রকার দান করিয়া আমাদিগকে সুখী করেন।

২। হে ক্ষেত্রপতি! ধেনু যেরূপ দুগ্ধ দান করে, সেইরূপ তুমি মধুস্রাবী সুপবিত্র, ঘৃত তুল্য, মাধুর্য্যোপেত, ও প্রভূত জল দান কর। যজ্ঞের স্বামীগণ আমাদিগকে সুখী করুন।

৩। ওষধীসমূহ আমাদিগের জন্য মধুযুক্ত হউক, দ্যুলোকসমূহ, জলসমূহ ও অন্তরিক্ষ আমাদিগের জন্য মধুযুক্ত হউক, ক্ষেত্রপতি আমাদের জন্য মধুযুক্ত হউন। আমরা শত্রুকর্ত্তৃক অহিংসিত হইয়া তাঁহাকে অনুসরণ করিব।

৪। বলীবর্দ্দসমূহ সুখে বহন করুক, মনুষ্যগণ সুখে কার্য্য করুক লাঙ্গল সুখে কর্ষণ করুক। প্রগ্রহসমূহ সুখে বদ্ধ হউক এবং প্রতোদ (২) সুখে প্রেরণ কর।

৫। হে শুন! হে সীর (৩)! তোমরা আমাদিগের এই স্তুতি সেবা কর,

(১) অর্থাৎ কৃষিকার্য্যের অধিষ্ঠাতা দেব। এ সূক্তটী সমুদয় কৃষিকার্য্য সম্বন্ধীয়। গৃহ্য সূত্রে লিখিত আছে, যে লাঙ্গল দিয়া চাষ আরম্ভ করিবার পূর্ব্বে ইহার প্রত্যেক ঋক্ উচ্চারণ করা কর্ত্তব্য।

(২) "May the braces bind happily; wield the good happily"—*Wilson*.

(৩) শৌনক বলেন শুন দ্বা দেবতা, অতএব তাঁহার মতে শুন ইন্দ্র। সুতরাং সীর বায়ু। যাস্ক বলেন শুন বায়ু আর সীর আদিত্য। "সীর" শব্দের আদি অর্থ লাঙ্গল, "সীরাণি হলানি" মহীধর। (শুক্লযজুঃ ১২।৬৮) শুনাসীর অর্থে কৃষি কার্য্যের উপকরণদ্বয় লাঙ্গল ও লাঙ্গলের ফলা।

তোমরা দ্যুলোকে যে জল প্রাপ্ত হইয়াছ, তাহাদ্বারা এই পৃথিবীকে সিক্ত কর।

৬। হে সৌভাগ্যবতী সীতা! তুমি অভিমুখী হও, আমরা তোমাকে বন্দনা করিতেছি, তুমি আমাদিগকে সুন্দর ধন প্রদান কর ও সুফল প্রদান কর।

৭। ইন্দ্র সীতাকে গ্রহণ করুন, পূষা তাঁহাকে পরিচালিত করুন, তিনি জলবতী হইয়া বৎসরের পর বৎসর শস্য দোহন করুন (৪)।

৮। ফাল সকল সুখে ভূমি কর্ষণ করুক, রক্ষকগণ বলীবর্দ্দের সহিত সুখে গমন করুক, পর্জন্য মধুর জলদ্বারা পৃথিবী সিক্ত করুন। হে শুনসীর! আমাদিগকে সুখ প্রদান কর।

৫৮ সূক্ত।

অগ্নি, সূর্য্য, জল, গো অথবা ঘৃত দেবতা। বামদেব ঋষি।

১। সমুদ্র হইতে মধুমান্ ঊর্ম্মি উদ্ভূত হয়। মনুষ্য কিরণদ্বারা অমৃতত্ব প্রাপ্ত হয়। ঘৃতের যে গোপনীয় নাম আছে, উহা দেবগণের জিহ্বা এবং অমৃতের নাভি।

২। আমরা ঘৃতের নাম স্তব করিব, এই যজ্ঞে নমস্কার দ্বারা উহা ধারণ করিব। ব্রহ্মণস্পতি (১) এই স্তব শ্রবণ করুন। শৃঙ্গ চতুষ্টয়বিশিষ্ট, গৌরবর্ণ দেবতা এই জগৎ নির্ব্বাহ করিতেছেন।

৩। ইহাঁর চারিটী শৃঙ্গ। ইহাঁর তিনটী পাদ, দুইটী মস্তক, সাতটি হস্ত। ইনি অভীষ্টবর্ষী, ইনি তিন প্রকারে বদ্ধ হইয়া অত্যন্ত শব্দ করিতেছেন। মহতী দেবতা মর্ত্ত্যগণের মধ্যে প্রবেশ করিতেছেন (২)।

(৪) সীতা অর্থে লাঙ্গলের দ্বারা চিহ্নিত ভূমিতে রেখা। ঋষি স্তুতি করিতেছেন, যে সেই লাঙ্গল কর্ষিত রেখা বৎসর বৎসর শস্য দোহন করুক। রামায়ণ রচনাকালে যখন সীতা সেই মহাকাব্যে নায়িকা হইলেন, তখনও তাঁহার জন্ম কথায় তাঁহার নামের আদি অর্থ নিহিত রহিল।

(১) মূলে "ব্রহ্ম" শব্দ আছে। সায়ণ অর্থ করেন "পরিবৃদ্ধঃ দেবঃ।"

(২) ইনি কে? সায়ণ বলেন ইনি যজ্ঞীয় অগ্নি হইতে পারেন, অথবা আদিত্য হইতে পারেন। যজ্ঞাগ্নি পক্ষে চারি বেদ শৃঙ্গ। সবনত্রয় পাদ। ব্রহ্মোদন এবং প্রবর্গ্য মস্তকদ্বয়। সপ্তছন্দ হস্ত। মন্ত্র, কল্প এবং ব্রাহ্মণ এই তিন প্রকার বন্ধন। আদিত্য পক্ষে দিক্ চতুষ্টয় শৃঙ্গ। বেদত্রয় পাদ। অহোরাত্রি মস্তক। সপ্তরশ্মি সাতটি হস্ত। গ্রীষ্ম, বর্ষা এবং হেমন্ত এই তিন বন্ধন।

৪। পণিগণ, গোসমূহে তিনপ্রকার দীপ্ত পদার্থ গোপনে নিহিত করিয়াছিল। দেবগণ তাহা লাভ করিয়াছিলেন। ইন্দ্র একটীকে উৎপন্ন করিয়াছিলেন, সূর্য্য একটিকে উৎপন্ন করিয়াছিলেন। দেবগণ বেণ হইতে (৩) অন্ন-দ্বারা আর একটি পদার্থ নিষ্পন্ন করিয়াছিলেন।

৫। অপরিমিত গতিবিশিষ্ট এই জল হৃদয় প্রীতিকর অন্তরিক্ষ হইতে অধোদেশে পতিত হইতেছে। রিপু তাহাকে দেখিতে পাইতেছে না, সেই সকল ঘৃতধারা আমি দেখিতে পাইতেছি, ইহাদের মধ্যে হিরণ্ময় বেতসকে অর্থাৎ অগ্নিকে দেখিতে পাইতেছি।

৬। ঘৃতের ধারা প্রীতিপ্রদ নদীর ন্যায় ক্ষরিত হইতেছে। এই সকল জল হৃদয় মধ্যগত মানসের দ্বারা পূত হইয়াছে। ঘৃতের উর্ম্মি প্রবাহিত হইতেছে, যেন ব্যাধের নিকট হইতে মৃগ পলাইতেছে।

৭। নদীর জল যেরূপ নিম্নদেশাভিমুখে শীঘ্র গমন করে, সেইরূপ বায়ুবৎ বেগশালী মহৎ ঘৃতধারা দ্রুত গমন করিতেছে। এই ঘৃত রাশি পরিধি ভেদ করতঃ উর্ম্মি দ্বারা বর্দ্ধিত হইয়া মদভরে অশ্বের ন্যায় গমন করিতেছে।

৮। কল্যাণী ও হাস্যবদনা যোষিৎগণ যেমন সকলে একচিত্তে পতির প্রতি আসক্ত হয়, সেইরূপ ঘৃত ধারা অগ্নির প্রতি গমন করে। উহারা সম্যক্ দীপ্তিপ্রদ হইয়া সর্ব্বত্র ব্যাপ্ত হইতেছে। জাতবেদা প্রীত হইয়া এই ধারা সকল কামনা করিতেছেন।

৯। কন্যা যেমন পতির নিকট গমনার্থ বেশ বিন্যাস করে, আমি দেখিতেছি এই ঘৃত ধারা সকল সেইরূপ করিতেছে। যে স্থলে সোম অভিষুত হয় অথবা যে স্থলে যজ্ঞ বিস্তীর্ণ হয়, উহারা সেই দিকে গমন করিতেছে (৪)।

১০। গো সমূহের নিকট গমন কর, উহাদিগের স্তুতি কর। আমাদিগকে স্তুতিযোগ্য ধন প্রদান কর। আমাদিগের এই যজ্ঞকে দেবগণের নিকট লইয়া যাও। ঘৃতের ধারা মধুরভাবে গমন করিতেছে।

---

(৩) মূলে "বেণাৎ" আছে। সায়ণ তাহার অর্থ করিয়াছেন কান্তিমান্ অগ্নি, অথবা গমনবান্ বায়ু। ইন্দ্র দুগ্ধ উৎপন্ন করেন, সূর্য্য ঘৃত উৎপন্ন করেন এবং দেবগণ দধি উৎপন্ন করেন। সায়ণ।

(৪) এই সূক্তে ঘৃতের স্তব করা হইয়াছে। ঋষি কল্পনা বলে বহমান ঘৃতকে নদীর সহিত, পলায়মান মৃগের সহিত, ধাবমান অশ্বের সহিত, হাস্যবদনা নারীর সহিত ও পতি প্রণয়িনী পত্নীর সহিত তুলনা করিয়াছেন।

১১। তোমার তেজঃ সমুদ্র মধ্যেই থাকুক, হৃদয় মধ্যেই থাকুক, আয়ুঃতেই থাকুক, জলসমূহেই থাকুক, আর সংগ্রামেই থাকুক, সমস্ত বিশ্ব উহাকে আশ্রয় করিয়া রহিয়াছে। উহাতে যে রস স্থাপিত হইয়াছে সেই মধুর রস আমরা প্রাপ্ত করিব।

পঞ্চম মণ্ডল।

১ সূক্ত।

অগ্নি দেবতা। অত্রিবংশীয় বুধ ও গবিষ্ঠির ঋষি (১)।

১। ধেনুর ন্যায় আগমনকারিণী উষা উপস্থিত হইলে অগ্নি অধ্বর্য্যুগণের কাষ্ঠ দ্বারা প্রবুদ্ধ হইয়াছেন। তাঁহার শিখাসমূহ মহান এবং শাখাবিস্তারকারী বৃক্ষের ন্যায় অন্তরিক্ষাভিমুখে প্রসৃত হইতেছে।

২। হোতা অগ্নি দেবগণের যাগ করিবার জন্য প্রবুদ্ধ হইয়াছেন। অগ্নি প্রাতঃকালে প্রসন্নমনে ঊর্দ্ধে উত্থিত হয়েন। সমিদ্ধ অগ্নির দীপ্তিমান্ বল দৃষ্ট হইতেছে। মহান্ দেব অন্ধকার হইতে মুক্ত হইয়াছেন।

৩। যখন অগ্নি একত্রিত জগতের রজ্জুরূপ অন্ধকার গ্রহণ করেন, তখন তিনি প্রদীপ্ত হইয়া দীপ্ত রশ্মিদ্বারা জগৎকে প্রকাশিত করেন। অনন্তর তিনি প্রবৃদ্ধ অন্নাভিলাষী ঘৃতধারার সহিত যুক্ত হয়েন এবং উন্নত হইয়া উপরে বিস্তৃত সেই ধারাকে জুহূদ্বারা পান করেন।

৪। প্রাণিগণের চক্ষুঃ যেরূপ সূর্য্যের অভিমুখে সঞ্চরণ করে, সেইরূপ যজমানগণের মানস অগ্নির অভিমুখে সঞ্চরণ করে। যখন বিরূপা দ্যাবাপৃথিবী উষার সহিত অগ্নিকে উৎপাদন করেন, তখন তিনি অগ্রে শ্বেত বাজীরূপে উৎপন্ন হয়েন।

---

(১) অত্রি ঋষি বা তদ্বংশীয়গণ পঞ্চম মণ্ডলের ঋষি। আমরা ইহার পূর্ব্বে বারম্বার অত্রির নাম পাইয়াছি এবং অশ্বিদ্বয় তাঁহাকে অনল বেষ্টিত শতদ্রুগৃহ হইতে উদ্ধার করিয়াছিলেন এরূপ একটী উপাখ্যানও দেখিয়াছি। যাস্ক অত্রি অর্থে অগ্নি এবং অত্রির উদ্ধারের গল্পটী গ্রীষ্ম ও বর্ষাকালে সম্বন্ধীয় একটী উপমামাত্র বিবেচনা করেন। ১।৫১।৩৭ ঋকের টীকা এবং ১।১১৬।৮ ঋকের টীকা দেখ। এইরূপ উপমা অত্রি সম্বন্ধে উপাখ্যানগুলির মূল হইতে পারে; কিন্তু অত্রি নামে প্রাচীন ঋষিবংশ ছিল, এবং সেই বংশই পঞ্চম মণ্ডলের সূক্ত সমূহের ঋষি সে বিষয়ে সন্দেহ নাই।

৫। উৎপাদনীয় অগ্নি উদয় কালে প্রাদুর্ভূত হয়েন এবং দীপ্তিযুক্ত হইয়া বন্ধুভূত বনসমূহে স্থাপিত হয়েন। পরে তিনি সপ্ত রমণীয় শিখা ধারণকরতঃ হোতা ও যাগযোগ্য হইয়া প্রত্যেক গৃহে উপবেশন করেন।

৬। অগ্নি হোতা ও যাগযোগ্য হইয়া মাতার পৃথিবীর ক্রোড়োপরি সুগন্ধ-যুক্ত বেদিরূপ স্থানে উপবিষ্ট হইয়াছেন। তিনি যুবা, কবি, বহুস্থানবিশিষ্ট, যজ্ঞবান্ ও সকলের ধারক। তিনি যজমানগণের মধ্যে সমিদ্ধ হইয়া থাকেন।

৭। যিনি দ্যাবাপৃথিবীকে জলদ্বারা ব্যাপ্ত করেন, যজমানগণ সেই মেধাবী ও যজ্ঞে ফলসাধক হোতা অগ্নিকে শীঘ্র স্তুতিদ্বারা পূজা করেন। অগ্নি অন্নবান্, যজমানগণ ঘৃতদ্বারা নিত্য তাঁহার পরিচর্য্যা করেন।

৮। অর্চ্চনীয় অগ্নি স্বকীয় স্থানে পূজিত হয়েন। তিনি প্রশান্তমনা, কবিগণ তাঁহার স্তুতি করে, তিনি আমাদের অতিথি ও সুখকর। তাঁহার অপরিমিত শিখা আছে, তিনি অভীষ্টবর্ষী ও প্রসিদ্ধ বলশালী। হে অগ্নি! তুমি নিজ ভিন্ন অন্য সমস্তকে বলদ্বারা পরিভূত করিয়া থাক।

৯। হে অগ্নি! তুমি যজ্ঞ ভূমিতে যাহার নিকট চারুতমরূপে আবির্ভূত হও, শীঘ্রই তাহার নিকট হইতে অন্য সকলকে অতিক্রম করিয়া গমন করিয়া থাক। তুমি স্তুতিযোগ্য, দীপ্তিকর এবং বিশিষ্ট দীপ্তিমান্। তুমি প্রাণীগণের প্রিয় ও মনুষ্যগণের অতিথি।

১০। হে যুবতম অগ্নি! মনুষ্যগণ নিকট হইতে ও দূর হইতে তোমার পূজা করে। যে তোমাকে অধিক স্তুতি করে, তাহার স্তুতি গ্রহণ কর। হে অগ্নি! তোমার প্রদত্ত সুখ বৃহৎ, মহৎ, ও স্তুতিযোগ্য।

১১। হে দীপ্তিমান্ অগ্নি! তুমি অদ্য দীপ্তিমান্ ও সমিচীন প্রান্তযুক্ত রথে দেবগণের সহিত আরোহণ কর। তুমি পথ অবগত আছ, তুমি প্রভূত অন্ত-রিক্ষ প্রদেশ দিয়া দেবগণকে হব্য ভক্ষণের জন্য এখানে আবাহন কর।

১২। আমরা কবি, পবিত্র, অভীষ্টবর্ষী ও যুবা অগ্নি উদ্দেশে বন্দনাযোগ্য স্তোত্র উচ্চারণ করিয়াছি। গবিষ্ঠির ঋষি আকাশে দীপ্যমান, বিস্তীর্ণগতি বিশিষ্ট আদিত্যের সদৃশ অগ্নির উদ্দেশে নমস্কারযুক্ত স্তোত্র উচ্চারণ করিতেছেন।

---

২ সূক্ত।

অগ্নি দেবতা। অত্রির পুত্র কুমার ঋষি, অথবা জরের পুত্র বৃশ ঋষি, অথবা এই সূক্তে উহাঁরা দুই জনই ঋষি।

১। যুবতী মাতা কুমারকে নিহত দেখিয়া গুহা মধ্যে ধারণ করিলেন, পিতার নিকট প্রদান করিলেন না। জনগণ উহার হিংসিত রূপ দেখিতে পাইল না(১), কিন্তু অরণিস্থানে স্থাপিত হইলে, উহা দেখিতে পাইলেন।

২। হে যুবতি! তুমি পিশাচী হইয়া কোন্ কুমারকে ধারণ করিতেছ? মহতী অরণি ইহাকে উৎপন্ন করিয়াছেন। গর্ভ অনেক বৎসর ধরিয়া বর্দ্ধিত হইয়াছে, তাহার পর মাতা অরণি যে পুত্রকে প্রসব করিয়াছিলেন তাহা দেখিলাম।

৩। আমি সমীপবর্ত্তী প্রদেশ হইতে হিরণ্যদন্ত, প্রদীপ্তবর্ণ ও আয়ুধতুল্য জ্বালা নির্ম্মাণকারী অগ্নিকে দেখিয়াছি। আমি তাঁহাকে সর্ব্বতোব্যাপ্ত অমৃত দান করি, যাহারা ইন্দ্র মানে না এবং তাঁহার স্তুতি করে না, তাহারা আমার কি করিবে?

৪। আমি গোসমূহের ন্যায় ক্ষেত্রে নিগূঢ়ভাবে সঞ্চরণকারী এবং স্বয়ং বহু প্রকারে শোভমান অগ্নিকে দেখিয়াছি। লোকে পূর্ব্বকালের সেই জ্বালা গ্রহণ করেন নাই, তিনি পুনর্ব্বার উৎপন্ন হইয়াছেন এবং তাঁহার বৃদ্ধা জ্বালা যুবতী হইয়াছে।

৫। কে আমাদিগের লোকসমূহকে গাভীগণের সহিত বিযুক্ত করিয়াছে? তাহাদিগের কি রক্ষক ছিল না? যাহারা আমাদিগের লোকসমূহকে আক্রমণ করিয়াছে, তাহারা বিনষ্ট হউক। অগ্নি আমাদিগের অভিলাষ জানেন, তিনি আমাদিগের পশুর নিকট গমন করিতেছেন।

৬। প্রাণিগণের স্বামী ও জনগণের আবাসভূত অগ্নিকে শত্রুগণ লোকসমূহের মধ্যে গোপন করিয়াছে। অত্রির স্তোত্র তাঁহাকে মুক্ত করুক, নিন্দকগণ নিন্দনীয় হউক।

(১) সায়ণাচার্য্য এই ঋকের দুইটী অর্থ দিয়াছেন। তাঁহার দ্বিতীয় অর্থে কুমার শব্দে অগ্নি। মাতা অরণি লুকাইত ভাবে অগ্নিকে ধারণ করেন, যজমানরূপ পিতাকে প্রদান করেন না। লোকে অরণিস্থ অগ্নিকে দেখিতে পায় না, কিন্তু প্রজ্বলিত অগ্নিকে দেখিতে পায়।

৭। হে অগ্নি! তুমি সম্পূর্ণরূপে বদ্ধ শুনঃশেপ ঋষিকে সহস্র যূপ হইতে মুক্ত করিয়াছ, কারণ তিনি স্তব করিয়াছিলেন। হে হোতা বিদ্বান্ অগ্নি! তুমি এই বেদিতে উপবেশন করতঃ এই প্রকারে আমাদিগের পাশ সকল মুক্ত কর।

৮। হে অগ্নি! তুমি যখন ক্রুদ্ধ হও, তখন আমাদিগের নিকট হইতে অপগত হও। দেবগণের ব্রতপালক ইন্দ্র আমাদিগকে বলিয়াছেন। তিনি বিদ্বান্, তিনি তোমাকে দর্শন করিয়াছেন। আমি তৎকর্ত্তৃক অনুশিষ্ট হইয়া তোমার নিকট আমগন করিয়াছি।

৯। অগ্নি মহৎ তেজঃ দ্বারা দীপ্তি পাইতেছেন। তিনি মহিমাবলে পদার্থসমূহকে প্রকাশিত করেন। তিনি দুঃখজনক অদেবী মায়া পরিভব করেন এবং রাক্ষসগণের বিনাশের জন্য শৃঙ্গ তীক্ষ্ণ করেন।

১০। অগ্নির শব্দকারী শিখা তীক্ষ্ণ আয়ুধের ন্যায় রাক্ষস বিনাশের জন্য দ্যুলোকে প্রাদুর্ভূত হউক। হর্ষ উৎপন্ন হইলে পর, অগ্নির দীপ্তিসমূহ রাক্ষস-গণকে পীড়া দেয়। বাধাদায়িকা অদেবী সেনা তাঁহাকে বাধা দেয় না।

১১। হে বহুভাব প্রাপ্ত অগ্নি! আমি তোমার স্তোতা। ধীর কর্ম্মকুশল ব্যক্তি যেরূপ রথ নির্ম্মাণ করে, সেইরূপ আমি তোমার জন্য এই স্তোত্র নির্ম্মাণ করিয়াছি। হে অগ্নিদেব! যদি তুমি ইহা গ্রহণ কর তাহা হইলে আমরা বহুব্যাপ্ত জল লাভ করিব।

১২। বহুশিখাবিশিষ্ট, অভীষ্টবর্ষী, বর্দ্ধমান অগ্নি নিষ্কণ্টকে শত্রুর ধন সংগ্রহ করিতেছেন। দেবগণ অগ্নিকে এই কথা বলিয়াছেন, যে তিনি যজ্ঞকারী মনুষ্যগণকে সুখ দান করুন এবং হব্যদায়ী মনুষ্যকে সুখ দান করুন।

---

৩ সূক্ত।

অগ্নি দেবতা। অত্রিবংশীয় বসুশ্রুত ঋষি।

১। হে অগ্নি! তুমি জাত হইয়া বরুণ হইয়া থাক, তুমি সমিদ্ধ হইয়া মিত্র হইয়া থাক, সমস্ত দেবগণ তোমাতে অবস্থিত থাকেন। হে বলের পুত্র! তুমি হব্যদায়ী যজমানের ইন্দ্র।

২। তুমি কন্যাগণের পক্ষে অর্য্যমা হও। হে হব্যবান্ অগ্নি! তুমি গোপনীয় নাম ধারণ কর(১)। যখন তুমি দম্পতিকে একান্তঃকরণ করিয়া দাও, তখন তাহারা তোমাকে বন্ধুর ন্যায় গব্য দ্বারা সিক্ত করে।

৩। হে অগ্নি! তোমার আশ্রয়ার্থ মরুৎগণ অন্তরিক্ষকে মার্জ্জন করিতেছেন। হে রুদ্র! তোমার জন্য অতি বিচিত্র ও মনোহর বিষ্ণুর যে অগম্য পদ অর্থাৎ অন্তরিক্ষ স্থাপিত হইয়াছে, তদ্দ্বারা তুমি উদকের গুহ্য নাম পালন কর।

৪। হে দেব! দেবগণ তোমার সমৃদ্ধিদ্বারা দর্শনীয় হইয়াছেন, তাহারা তোমার প্রতি অত্যন্ত প্রীতি ধারণ করতঃ অমৃত স্পর্শ করে না। ঋত্বিক্‌গণ ফলাভিলাষী যজমানের জন্য হব্যবিতরণ করতঃ হোতা অগ্নির পরিচর্য্যা করেন।

৫। হে অগ্নি! তুমি ভিন্ন অন্য হোতা নাই. যজ্ঞকারী নাই এবং পুরাতন কেহ নাই। হে অন্নবান্! ভবিষ্যৎ কালেও তোমা অপেক্ষা কেহ স্তুতিযোগ্য হইবে না। হে দেব! তুমি যে লোকের অতিথি হও, তিনি যজ্ঞদ্বারা শত্রু মনুষ্যগণকে বিনাশ করেন।

৬। হে অগ্নি! আমরা তোমাকর্ত্তৃক রক্ষিত হইয়া শত্রুগণকে পীড়া দান করিব। আমরা ধনাভিলাষী, আমরা তোমাকে হব্য দ্বারা প্রবুদ্ধ করিতেছি। আমরা যেন যুদ্ধে জয়লাভ করি এবং প্রতিদিবস যজ্ঞে বল প্রাপ্ত হই। হে বলের পুত্র! আমরা যেন ধনের সহিত পুত্র লাভ করি।

৭। যে আমাদিগের প্রতি অপরাধ বা পাপ করে, সেই পাপকারী ব্যক্তির প্রতি অগ্নি পাপাচরণ করুন। হে বিদ্বান্ অগ্নি! যে আমাদিগকে অপরাধ ও পাপ এই দুইয়ের দ্বারা বাধা দেয়, সেই পাপকারীকে বিনাশ কর।

৮। হে দেব! পুরাতন যজমানগণ তোমাকে দেবগণের দূত করিয়া উষাকালে হব্যদ্বারা যাগ করে। হে অগ্নি! হব্য সংগ্রহ হইলে পর, তুমি দ্যুতিমান্ হইয়াও নিবাসপ্রদ মনুষ্যগণ কর্ত্তৃক সমিদ্ধ হইয়া গমন কর।

৯। হে বলের পুত্র! তুমি পিতা; যে বিদ্বান্ পুত্র তোমার জন্য হব্য বহন করে, তাহাকে তুমি পার কর ও পাপ হইতে পৃথক্ কর। হে বিদ্বান্ অগ্নি! কখন্ তুমি আমাদিগকে দর্শন কর? হে যজ্ঞের প্রেরক! কখন্ তুমি সম্মার্গে প্রেরণ কর?।

(১) বৈশ্বানর এই নাম। সায়ণ।

১০। হে পিতা ও নিবাসপ্রদ অগ্নি! যদি তুমি সেই হবিঃ সেবা কর, তাহা হইলে পুত্র তোমার বন্দনা করিয়া প্রভূত হব্য ধারণ করে। যজমানের বহুহব্য অভিলাষী ও প্রবর্দ্ধিত অগ্নি বলযুক্ত হইয়া সুখ দান করেন।

১১। হে স্বামী, যুবতম অগ্নি! তুমি স্তোতাকে সমস্ত দুরিত হইতে পার করিয়া থাক। তস্করগণ দৃষ্ট হইয়াছে, অজ্ঞাত দুরভিসন্ধিবিশিষ্ট শত্রুলোকেরা আমাদিগের কর্ত্তৃক বর্জ্জিত হইয়াছে।

১২। এই স্তোম সকল তোমার অভিমুখে প্রেরিত হইতেছে। অথবা আমি নিবাসপ্রদ অগ্নির নিকট সেই যাজ্ঞারূপ অপরাধ উচ্চারণ করিয়াছি। অগ্নি আমাদিগের স্তুতিদ্বারা বর্দ্ধিত হইয়া যেন আমাদিগকে নিন্দকের অথবা হিংসকের হস্তে প্রদান না করেন।

---

৪ সূক্ত।

অগ্নি দেবতা। বসুশ্রুত ঋষি।

১। হে রাজা এবং ধনসমূহের স্বামী অগ্নি! আমরা যজ্ঞে তোমার উদ্দেশে স্তুতি করি। আমরা অন্নাভিলাষী, আমরা তোমাদ্বারা অন্ন লাভ করিব এবং মনুষ্য সেনা অভিভব করিব।

২। হব্যবাহক অগ্নি জরারহিত হইয়া আমাদিগের পিতা হউন। তিনি আমাদিগের নিকট সর্ব্বব্যাপ্ত, দীপ্তিমান্ ও দর্শনীয় হউন। হে অগ্নি! তুমি সুন্দর গার্হপত্যযুক্ত অন্ন প্রচুর পরিমাণে প্রদান কর, তুমি আমাদিগকে প্রচুর পরিমাণে অন্ন দান কর।

৩। হে ঋত্বিকগন! তোমরা মনুষ্যগণের স্বামী, কবি, শুচি, পাবক, ঘৃতপৃষ্ঠ, হোতা এবং সর্ব্ববিৎ অগ্নিকে ধারণ কর। তিনি দেবগণের মধ্যে বরণীয় ধন সংভক্ত করেন।

৪। হে অগ্নি! ইলার সহিত সমান প্রীতিযুক্ত হইয়া এবং সূর্য্যের রশ্মি সমূহদ্বারা যতমান হইয়া স্তুতি সেবা কর। হে জাতবেদা! আমাদিগের সমিধ্ সেবা কর, হব্য ভোজনের জন্য দেবগণকে আবাহন কর এবং হব্য বহন কর।

৫। তুমি পর্য্যাপ্ত, দানমনা, ও গৃহাগত অতিথির ন্যায় পূজ্য হইয়া আমাদিগের এই যজ্ঞে আগমন কর। হে বিদ্বান্ অগ্নি! তুমি সমস্ত শত্রুগণকে বিনাশ করতঃ শত্রুতাচরণকারীগণের ধন আহরণ কর।

৬। হে অগ্নি! তুমি আর্য্যরূপ স্বীয় পুত্রকে অন্ন দান করতঃ অস্ত্রদ্বারা দস্যুকে বিনাশ কর। হে বলের পুত্র! যেহেতু তুমি দেবগণকে তৃপ্ত কর, অতএব হে নেতৃশ্রেষ্ঠ অগ্নি! তুমি আমাদিগকে সংগ্রামে রক্ষা কর।

৭। হে অগ্নি! আমরা শস্ত্রদ্বারা তোমার পরিচর্য্যা করিব, আমরা হব্যদ্বারা তোমার পরিচর্য্যা করিব। হে পাবক এবং কল্যাণকর দীপ্তিবিশিষ্ট অগ্নি! তুমি আমাদিগকে সকলের বরণীয় ধন দান কর, আমাদিগকে সমস্ত ধন দান কর।

৮। হে অগ্নি! আমাদিগের যজ্ঞ সেবা কর। হে বলের পুত্র, ত্রিলোক-স্থিত অগ্নি! হব্য সেবা কর। আমরা দেবগণের মধ্যে সুকর্ম্মকারী হইব। তুমি আমাদিগকে তিন প্রকারে রক্ষিত সুখদ্বারা রক্ষা কর।

৯। হে জাতবেদা! নাবিক নৌকাদ্বারা যেরূপ নদী পার করে, সেইরূপ তুমি আমাদিগের সমস্ত দুঃসহ দুরিত পার কর। হে অগ্নি! অত্রির ন্যায় আমাদিগের স্তোত্রদ্বারা স্তুত হইয়া আমাদিগের শরীরের রক্ষক বলিয়া অবগত হও।

১০। হে অগ্নি! আমি মর্ত্ত্য তুমি অমর্ত্ত্য। আমি স্তুতিযুক্ত হৃদয়ে স্তব করতঃ তোমাকে পুনঃ পুনঃ আহ্বান করিতেছি। হে জাতবেদা! আমাদিগকে সন্তান দান কর। হে অগ্নি! আমি যেন সন্তানসমূহদ্বারা অমরত্ব লাভ করিতে পারি।

১১। হে জাতবেদা অগ্নি! তুমি যে সুকর্ম্মকৃৎ ব্যক্তির প্রতি কৃপা-বলোকন কর, সেই যজমান, অশ্বযুক্ত, পুত্রযুক্ত, বীর্য্যযুক্ত ও গোযুক্ত অক্ষয় ধন লাভ করে।

৫ সূক্ত।

আপ্রী দেবতা। বসুশ্রুত ঋষি।

১। অগ্নি, জাতবেদা এবং দীপ্তিমান্ সুসমিদ্ধ নামক অগ্নিকে প্রভূত ঘৃত হোম কর।

২। নরাশংস নামক অগ্নি (১) এই যজ্ঞ প্রদীপ্ত করুন। তিনি অহিংসনীয়, কবি এবং মধুর হস্তবিশিষ্ট।

(১) এই সূক্তটী অত্রিবংশীয়গণের আপ্রী সূক্ত, সুতরাং ইহাতে নরাশংসের উল্লেখ আছে, তনূনপাতের উল্লেখ নাই। ১।১৩ সূক্তের প্রথম টীকা দেখ।

৩। হে ঈলিত অগ্নি! আমাদিগের রক্ষার জন্য বিচিত্র এবং প্রিয় ইন্দ্রকে সুখকর রথে করিয়া এই যজ্ঞে আনয়ন কর।

৪। হে অগ্নিরূপ বর্হিঃ! তুমি উর্ণার ন্যায় মৃদুভাবে বিস্তৃত হও। স্তোতাগণ স্তুতি করিতেছে। হে দীপ্ত বর্হিঃ! তুমি আমাদিগের ধনপ্রদ হও।

৫। হে সুগমন সাধক অগ্নিরূপ দেবীদ্বার! তোমরা উদ্‌ঘাটিত হও, আমাদিগের রক্ষার জন্য যজ্ঞ সম্পূর্ণ কর।

৬। আমরা সুরূপা, অন্নবর্দ্ধয়িত্রী, মহতী ও যজ্ঞের মাতৃস্বরূপা অগ্নিরূপ উষা ও নক্তাকে স্তুতি করি।

৭। হে অগ্নিরূপ দৈব হোতৃদ্বয়! তোমরা স্তুত হইয়া বায়ুপথে গমন করতঃ আমাদিগের যজমানের এই যজ্ঞে আগমন কর।

৮। অগ্নিরূপ ইলা, সরস্বতী ও মহী দেবীত্রয় সুখ উৎপন্ন করেন। তাঁহারা হিংসাশূন্য হইয়া কুশোপরি উপবেশন করুন।

৯। হে অগ্নিরূপ ত্বষ্টাদেব! তুমি পুষ্টিকরণে ব্যাপ্ত। তুমি সুখকর হইয়া এই যজ্ঞে আগমন কর। অনন্তর তুমি নিজে প্রত্যেক যজ্ঞে আমাদিগকে উৎকৃষ্টরূপে রক্ষা কর।

১০। হে অগ্নিরূপ বনস্পতি! তুমি যেখানে দেবগণের গুহ্যরূপ আছে বলিয়া জান, সেইখানে হব্য প্রেরণ কর।

১১। এই হব্য অগ্নিকে ও বরুণকে স্বাহা প্রদত্ত; ইন্দ্র ও মরুৎগণকে স্বাহা প্রদত্ত; দেবগণকে স্বাহা প্রদত্ত।

৬ সূক্ত।

অগ্নি দেবতা। বসুশ্রুত ঋষি।

১। যিনি নিবাসপ্রদ এবং যাঁহাকে ধেনুগণ, শীঘ্রগামী অশ্বগণ ও নিত্য প্রবৃত্ত হব্যদাতাগণ নিজ নিজ গৃহের ন্যায় আশ্রয় করে, আমি সেই অগ্নিকে স্তুতি করি। হে অগ্নি! স্তোতাগণের জন্য অন্ন আহরণ কর।

২। যিনি নিবাসপ্রদ বলিয়া স্তুত হয়েন, যাঁহার নিকট ধেনুগণ সমাগত হয়, দ্রুতগামী অশ্বগণ সমাগত হয় এবং সুজাত মেধাবীগণ সমাগত হয়, তিনি অগ্নি। হে অগ্নি! স্তোতাগণের জন্য অন্ন আহরণ কর।

৩। সকলের দর্শক অগ্নি যজমানকে অন্নযুক্ত পুত্র দান করেন, অগ্নি প্রীত

হইয়া সর্ব্বত্র ব্যাপ্ত ও বরণীয় ধন দানের জন্য গমন করেন। হে অগ্নি! স্তোতাগণের জন্য অন্ন আহরণ কর।

৪। হে দেব অগ্নি! তুমি দীপ্তিমান্ ও জরারহিত। তুমি আমার, তোমাকে সর্ব্বতোভাবে প্রদীপ্ত করি। তোমার সেই মহতী দীপ্তি দ্যুলোকে প্রদীপ্ত হয়। স্তোতাগণের জন্য অন্ন আহরণ কর।

৫। হে দীপ্তিসমূহের স্বামী, আহ্লাদক ও শত্রুগণের বিনাশক, প্রজাপালক এবং হব্যবাহক অগ্নি! তুমি দীপ্ত, তোমার উদ্দেশে মন্ত্রের সহিত হব্য প্রদত্ত হয়। স্তোতাগণের জন্য অন্ন আহরণ কর।

৬। এই সকল অগ্নি গার্হপত্যাদি অগ্নিতে সমস্ত বরণীয় ধন পোষণ করে। ইহারা প্রীতি দান করে, ইহারা চতুর্দ্দিকে ব্যাপ্ত হয় এবং ইহারা অনবরত অন্ন ইচ্ছা করে। হে অগ্নি! স্তোতাগণের জন্য অন্ন আহরণ কর।

৭। হে অগ্নি! তোমার সেই রশ্মিসমূহ অত্যন্ত অধিক অন্নযুক্ত হইয়া বর্দ্ধিত হউক, তাহারা পতনের দ্বারা ক্ষুরযুক্ত গোযূথ সমূহ ইচ্ছা করে। হে অগ্নি! স্তোতাগণের জন্য অন্ন আহরণ কর।

৮। হে অগ্নি! আমরা তোমার স্তোতা। তুমি আমাদিগকে নূতন গৃহযুক্ত অন্ন দান কর। আমরা যেন তোমাকে প্রত্যেক যজ্ঞগৃহে অর্চ্চনা করতঃ তোমাকে দূতরূপে লাভ করিতে পারি। স্তোতাগণের জন্য অন্ন আহরণ কর।

৯। হে প্রীতিদায়ক অগ্নি! তুমি ঘৃতপূর্ণ দবীদ্বয় মুখে গ্রহণ করিতেছ। হে বলের পতি! তুমি যজ্ঞে আমাদিগকে ফলদ্বারা পূর্ণ কর। স্তোতাগণের জন্য অন্ন আহরণ কর।

১০। এই প্রকারে লোকে ক্রমান্বয়ে স্তুতি ও যজ্ঞের সহিত অগ্নির নিকট গমন করে এবং তাহাকে স্থাপন করে। তিনি আমাদিগকে পুত্র পৌত্রাদি এবং দ্রুতগামী অশ্ব দান করেন। হে অগ্নি! স্তোতাগণের জন্য অন্ন আহরণ কর।

৭ সূক্ত।

অগ্নি দেবতা। ইষ ঋষি।

১। হে সখা ঋত্বিক্‌গণ! তোমরা যজমানগণের জন্য অত্যন্ত প্রবৃদ্ধ, বলের পুত্র এবং বলশালী অগ্নির উদ্দেশে অর্চ্চনা যোগ্য অন্ন ও স্তুতি প্রদান কর।

২। ঋত্বিক্‌গণ যাঁহাকে লাভ করিয়া প্রীত হয়েন, যজ্ঞগৃহে যাঁহাকে

পূজাকরতঃ প্রদীপ্ত করেন এবং যাঁহার জন্য জন্তু সকল উৎপাদন করেন, সেই অগ্নি কোথায় ?

৩। যখন আমরা অগ্নিকে অন্ন প্রদান করি এবং যখন তিনি হব্য সেবা করেন, তখন তিনি দীপ্তিমান্ বলে যজ্ঞের রশ্মি গ্রহণ করেন।

৪। যখন পাবক, জরারহিত অগ্নি বনস্পতি সমূহকে দগ্ধ করেন, তখন তিনি রাত্রিকালেও দূরস্থিত ব্যক্তিকে প্রজ্ঞাপিত করেন।

৫। অগ্নির পরিচর্য্যা কার্য্যে লোকে ক্ষরিত ঘৃতসকল শিখাসমূহে প্রক্ষেপ করে এবং পুত্র যেরূপ পিতার অঙ্কে আরোহণ করে, সেইরূপ ঘৃতধারা ইহার উপর আরোহণ করে।

৬। যজমান অগ্নিকে অনেকের স্পৃহণীয় ও সকলের ধারক, অন্নের আস্বাদক ও যজমানের নিবাসপ্রদ বলিয়া জানেন।

৭। তিনি তৃণচ্ছেদক পশুর ন্যায় নির্জল এবং তৃণপূর্ণ প্রদেশ ছেদন করেন। তিনি সুবর্ণশ্মশ্রু বিশিষ্ট, উজ্জ্বল দন্ত, মহান্ এবং অপ্রতিহত বল সম্পন্ন।

৮। যাঁহার নিকট লোকে অত্রির ন্যায় গমন করে, যিনি কুঠারের ন্যায় বৃক্ষাদি নাশ করেন, সেই অগ্নি দীপ্ত। যিনি অন্ন গ্রহণ করেন এবং যিনি জগতের উপকারক, মাতা অরণি সেই অগ্নিকে প্রসব করিয়াছেন।

৯। হে হব্যভোজী অগ্নি! তুমি সকলের ধারক। আমাদিগের স্তুতি হইতে তোমার সুখ হয়। তুমি স্তোতাগণকে ধন দান কর, অন্ন দান কর, এবং অন্তঃকরণ দান কর।

১০। হে অগ্নি! এই প্রকারে অন্যের অকৃত স্তোত্র উচ্চারণকারী ঋষি তোমার দত্ত পশু গ্রহণ করে। যাহারা অগ্নিকে হব্য দান করে না, সেই দস্যু-দিগকে অত্রি পুনঃ পুনঃ অভিভূত করুন, বিরোধীদিগকে পুনঃ পুনঃ অভিভূত করুন।

৮ সূক্ত।

অগ্নি দেবতা। ইষ ঋষি।

১। হে বলকর্ত্তা অগ্নি! তুমি পুরাতন। পুরাতন যজ্ঞকারীগণ আশ্রয়-লাভের জন্য তোমাকে নানারূপে প্রদীপ্ত করে। তুমি অত্যন্ত প্রীতিদায়ক, যাগযোগ্য, বহু অন্নবিশিষ্ট, দানমনা, গৃহপতি এবং বরণীয়।

২। হে অগ্নি! যজমানগণ তোমাকে গৃহস্বামি রূপে স্থাপিত করেন। তুমি অতিথির ন্যায় পূজ্য, পুরাতন, দীপ্তশিখাবিশিষ্ট, প্রভূতকেতুবিশিষ্ট, বহুরূপ, ধনদাতা, সুখপ্রদ, সুরক্ষক এবং জীর্ণ বৃক্ষ সমূহের ধ্বংসকারী।

৩। হে সুন্দর ধনবিশিষ্ট অগ্নি! মনুষ্যগণ তোমাকে স্তুতি করে। তুমি হোমবিৎ, বিবেচক, রত্নদাতাগণের মধ্যে শ্রেষ্ঠ, গুহাস্থিত, সকলের দর্শনযোগ্য, প্রভূতধ্বনিযুক্ত, যজ্ঞকারী এবং ঘৃতগ্রাহক।

৪। হে অগ্নি! তুমি সকলের ধারক। আমরা বহু প্রকার স্তোত্র ও নমস্কার দ্বারা স্তুতি করতঃ তোমার নিকট উপস্থিত হইতেছি। তুমি আমাদিগকে ধন প্রদান করিয়া প্রীত কর। হে অঙ্গিরার পুত্র অগ্নিদেব! তুমি সম্যক্‌রূপে প্রদীপ্ত হইয়া শিখার সহিত যজমানের অন্নের দ্বারা প্রীত হও।

৫। হে অগ্নি! তুমি বহুরূপযুক্ত হইয়া সমস্ত যজমানকে পুরাকালের ন্যায় অন্ন দান করিতেছ। হে বহুলোকের স্তুতিযোগ্য! তুমি স্বীয়বলে প্রভূত অন্নের স্বামী। তুমি দীপ্তিমান্, তোমার দীপ্তি অন্যের অধৃষ্য।

৬। হে যুবতম অগ্নি! তুমি সম্যক্‌রূপে প্রদীপ্ত হইলে দেবগণ তোমাকে হব্যবাহক দূত করিয়াছিলেন। দেবগণ ও মনুষ্যগণ প্রভূত বেগশালী, ঘৃতযোনি, আহূত অগ্নিকে বুদ্ধিপ্রেরক, দীপ্ত চক্ষু স্বরূপ ধারণ করিয়াছিলেন।

৭। হে অগ্নি! তুমি আহূত হইলে পুরাতন সুখাভিলাষী ব্যক্তিগণ তোমাকে সুন্দর কাষ্ঠ দ্বারা প্রদীপ্ত করে। তুমি বর্দ্ধিত ও ওষধিসমূহে সিক্ত হইয়া পার্থিব অন্ন ব্যক্ত করতঃ অবস্থান কর।

৯ সূক্ত।

অগ্নি দেবতা। অত্রির অপত্য গয় ঋষি।

১। হে অগ্নি! তুমি দীপ্তিমান্, মর্ত্ত্যগণ হোমসাধন দ্রব্য লইয়া তোমার স্তব করে। তুমি সর্ব্বভূতজ্ঞ, আমিও তোমার স্তব করিতেছি, তুমি নিরন্তর হোমসাধন হব্য বহন কর।

২। যজ্ঞ সকল যে অগ্নির সহিত অবস্থান করে, যজমানের কীর্ত্তিবিধায়ক হব্য সকল যে অগ্নিকে প্রাপ্ত হয়, সেই অগ্নি হব্যদাতা কুশচ্ছেদক যজমানের যাগার্থ দেবগণকে আহ্বান করেন।

৩। মনুষ্য লোকের পোষণকারী ও যজ্ঞশোভা বিধানকারী যে অগ্নিকে নব শিশুর ন্যায় অরণিদ্বয় উৎপাদন করিয়াছে।

৪। হে অগ্নি! বক্রগতি অশ্বশাবকের ন্যায় তোমাকে কষ্টে ধারণ করা যায়, তৃণমধ্যে পরিত্যক্ত পশু যেরূপ তৃণ ভক্ষণ করে, তদ্রূপ তুমি সমগ্র বন সকল দগ্ধ কর।

৫। ধূমবান্ অগ্নির শিখা সকল সর্ব্বত্র সুন্দররূপে ব্যাপ্ত হয়। কর্ম্মকার অস্ত্রাদি দ্বারা অগ্নিকে যেরূপ সংবর্দ্ধিত করে, সেইরূপ ত্রিত (১) যখন অন্তরিক্ষে অগ্নিকে বর্দ্ধিত করে, তখন অগ্নি কর্ম্মকারদ্বারা সন্ধুক্ষিত অগ্নির ন্যায় তীক্ষ্ণতা প্রাপ্ত হয়।

৬। হে অগ্নি! তুমি সকলের মিত্র স্বরূপ, তোমার রক্ষাদ্বারা এবং তোমাকে স্তব করিয়া মর্ত্ত্যগণের শক্রস্বরূপ পাপ সকল হইতে উত্তীর্ণ হইব।

৭। হে অগ্নি! তুমি বলবান্ এবং হব্যবাহক, আমাদিগের নিকটে প্রসিদ্ধ ধন আহরণ কর; আমাদিগের শক্রদিগকে পরাভূত করিয়া আমাদিগকে পোষণ কর ও অন্ন প্রদান কর, এবং যুদ্ধে আমাদিগের সমৃদ্ধি বিধান কর।

১০ সূক্ত।

অগ্নি দেবতা। গয় ঋষি :

১। হে অগ্নি! আমাদের জন্য অত্যুৎকৃষ্ট ধন আহরণ কর; তুমি অপ্রতিহতগতি, তুমি আমাদিগকে দিগন্তব্যাপ্ত ধন প্রদান কর এবং অন্নলাভের নিমিত্ত আমাদিগের পথ পরিষ্কার কর।

২। হে অগ্নি! তোমার শক্তি অতি আশ্চর্য্য, তুমি আমাদিগের যাগাদি ক্রিয়ায় প্রীত হইয়া আমাদিগকে দক্ষের বল প্রদান কর; তোমার অসূর্য্য বল আছে, তুমি মিত্রের ন্যায় যজ্ঞকার্য্য সম্পাদন কর।

৩। হে অগ্নি! প্রসিদ্ধ স্তবকারী মনুষ্যগণ তোমার স্তব করিয়া উৎকৃষ্ট ধনলাভ করিয়াছেন; আমরাও তোমার স্তব করিতেছি, আমাদিগের ধন ও পুষ্টি বর্দ্ধিত কর।

(১) মূলে "ত্রিত" আছে সায়ণ অর্থ করিয়াছেন তিন স্থানে ব্যাপ্ত অগ্নি। এই ঋকে কর্ম্মকারের উল্লেখ পাওয়া যায়।

৪। হে আনন্দদায়ক অগ্নি! যে সকল লোক সুন্দররূপে তোমার স্তব করেন, তাঁহারা অশ্বধন লাভ করেন, বলশালী হইয়া স্বকীয় বল দ্বারা শত্রু বিনাশ করেন, এবং স্বর্গ হইতেও মহতী সুকীর্ত্তি লাভ করেন; গয় ঋষি স্বয়ং তোমাকে জাগরিত করিতেছে।

৫। হে অগ্নি! তোমার উদ্ধত দীপ্তিমান্ শিখা সকল দিগন্তব্যাপী বিদ্যুতের ন্যায়, শব্দায়মান রথের ন্যায় এবং অন্নার্থীর ন্যায় সর্ব্বত্র ব্যাপ্ত হইতেছে।

৬। হে অগ্নি! শীঘ্র আমাদিগকে রক্ষা কর, ধন দান করিয়া দারিদ্র্য দুঃখ দূর কর; আমাদিগের পুত্র মিত্রাদিগণ তোমার স্তব করিয়া পূর্ণকাম হউন।

৭। হে অঙ্গিরা! লোকে পূর্ব্বকালে তোমার স্তব করিয়াছে এবং এক্ষণে স্তব করিতেছে, লোকে যে ধন বশতঃ মহদ্ব্যক্তিগণকেও পরিভূত করে, আমাদিগের জন্য সেই ধন আহরণ কর। হে দেবগণের আহ্বানকারী! আমরা তোমার স্তব করিতেছি, তুমি আমাদিগকে স্তব সামর্থ্য প্রদান কর এবং যুদ্ধে আমাদিগের সমৃদ্ধি বিধান কর।

১১ সূক্ত।

অগ্নি দেবতা। অত্রির অপত্য সুতম্ভর ঋষি।

১। লোকরক্ষক সদাপ্রবুদ্ধ সমধিকবলশালী অগ্নি, লোকদিগের নূতনতর মঙ্গল বিধানার্থ জন্মগ্রহণ করিয়াছেন, আহুতি প্রদান করিলে পবিত্র অগ্নি অভ্রভেদী শিখাদ্বারা চতুর্দ্দিক্ প্রদীপ্ত করিয়া ঋত্বিগ্‌গণের জন্য প্রকাশিত হয়েন।

২। অগ্নি যজ্ঞের কেতুস্বরূপ, যজমানগণ অগ্নিকে সম্মুখে স্থাপন করেন, অগ্নি ইন্দ্রাদি দেবগণের সমকক্ষ; ঋত্বিগ্‌গণ সর্ব্বাগ্রে তিন স্থানে অগ্নিতে হোম করিয়াছিলেন। শোভনকর্ম্মা দেবগণের আহ্বানকারী সেই অগ্নি কুশযুক্ত সেই স্থানে যজ্ঞার্থ প্রতিষ্ঠিত হইয়াছিলেন।

৩। হে অগ্নি! তুমি নির্ব্বিঘ্নে জননী স্বরূপ অরণিদ্বয় হইতে জন্মগ্রহণ কর; তুমি পবিত্র, স্তুতা ও মেধাবী; তুমি যজমান হইতে উদিত হইয়াছ; পূর্ব্ব মহর্ষিগণ ঘৃতদ্বারা তোমাকে বর্দ্ধিত করিয়াছিলেন। হে হব্যবাহক! গগনব্যাপী ধূম তোমার কেতুস্বরূপ।

৪। সাধক অগ্নি আমাদিগের যজ্ঞে আগমন করুন; মানবগণ প্রতিগৃহে অগ্নি সংস্থাপন করেন; হব্যবাহক অগ্নি দেবগণের দূতস্বরূপ; তিনি যজ্ঞ সম্পাদক বলিয়া লোকে অগ্নির পূজা করিয়া থাকেন।

৫। হে অগ্নি! তোমার উদ্দেশে এই সুমধুর বাক্য প্রযুক্ত হইতেছে; এই স্তব তোমার হৃদয়ে আনন্দ বিধান করুক; মহানদী সকল যেরূপ সমুদ্রকে পূর্ণ ও সবল করে, সেইরূপ স্তুতি সকল তোমাকে পূর্ণ ও সবল করিতেছে।

৬। হে অগ্নি! তুমি গুহামধ্যে নিগূঢ় হইয়া এবং বনে আশ্রয় গ্রহণ করিয়া অবস্থান করিতেছিলে, অঙ্গিরাগণ তোমাকে আবিষ্কৃত করিয়াছেন। হে অঙ্গিরা! তুমি বিশেষ বলের সহিত মথিত হইয়া উৎপন্ন হও বলিয়া লোকে বলের পুত্র কহে।

---

১২ সূক্ত।

অগ্নি দেবতা। সুতম্ভর ঋষি।

১। অগ্নি সুমহান্, পূজনীয় জলবর্ষণকারী, অসুর (১) এবং পুরুষার্থ প্রদায়ক; যজ্ঞস্থলে অগ্নিমুখে হুত পরম পবিত্র ঘৃতের ন্যায় আমাকর্ত্তৃক প্রযুক্ত এই স্তব অগ্নি[illegible] প্রীতিকর হউক।

---

(১) পঞ্চম মণ্ডলে অসুর শব্দ একাদশবার ব্যবহৃত হইয়াছে। যথা,—

১২ সূক্ত ১ ঋকে অসুর শব্দ অগ্নি সম্বন্ধে ব্যবহৃত হইয়াছে।

১৫ ,,	১ ,,	,,	অগ্নি	,,
২৭ ,,	১ ,,	,,	ত্র্যারুণ নামক রাজপুত্র	,,
৪১ ,,	৩ ,,	,,	রুদ্র বা সূর্য্য বা বায়ু	,,
৪২ ,,	১ ,,	,,	বায়ু	,,
৪২ ,,	১১ ,,	,,	রুদ্র	,,
৪৯ ,,	২ ,,	,,	সবিতা	,,
৫১ ,,	১১ ,,	,,	পূষা	,,
৬৩ ,,	৩ ,,	,,	মিত্র ও বরুণ	,,
৬৩ ,,	৭ ,,	,,	মিত্র ও বরুণ	,,
৮৩ ,,	৬ ,,	,,	পর্জ্জন্য	,,

অতএব পুরাণে যে অর্থে "অসুর" শব্দ ব্যবহৃত হয়, সে অর্থে ঐ শব্দ এই মণ্ডলে একবারও ব্যবহৃত হয় নাই।

২। হে অগ্নি! আমি এই স্তব করিতেছি, তুমি ইহা অবগত হও এবং ইহার অনুমোদন কর; প্রচুর বারিবর্ষণার্থে অনুকূল হও; আমি বলপূর্ব্বক যজ্ঞের বিঘ্নোৎপাদন করিতে অথবা অবৈধ কার্য্যের অনুষ্ঠানে প্রবৃত্ত হইতেছি না; তুমি দীপ্তিমান্, কামনাপূরক, তোমারই স্তব করিতেছি।

৩। হে জলবর্ষণকারী অগ্নি! তুমি স্তুতিযোগ্য, আমাদিগের কোন্ সত্য কার্য্যদ্বারা তুমি আমাদের স্তব অবগত হইবে? ঋভুগণের রক্ষাকারী দীপ্তিমান্ অগ্নি আমাকে অবগত হউন্, ধনপতি অগ্নির দানপ্রাপ্ত হই নাই।

৪। হে অগ্নি! কাহারা শত্রুবন্ধনকারী? কাহারা লোকরক্ষক, দীপ্তিমান্ ও দানশীল? কাহারা অসত্যপালকদিগের আশ্রয়দাতা? কাহারাই বা অভিসম্পাতাদি দুষ্ট বাক্যের উৎসাহদাতা?

৫। হে অগ্নি! সর্ব্বত্র ব্যাপ্ত তোমার এই বন্ধু সকল পূর্ব্বে তোমার উপাসনা ত্যাগ করিয়া অসুখী হইয়াছিল, পশ্চাৎ তোমার আরাধনা করিয়া আবার সৌভাগ্যশালী হয়। আমি সরলাচরণ করিলেও যাহারা অসাধুভাবে আমাকে কুটিলাচারী বলে, তাহারা যেন আপনারাই আপনাদিগের অনিষ্ট উৎপাদন করে।

৬। হে অগ্নি! তুমি দীপ্তিমান্ ও অভীষ্টপূরক, যিনি হৃদয়ের সহিত তোমার স্তব করেন ও তোমার জন্য যজ্ঞ রক্ষা করেন, তাঁহার গৃহ বিস্তীর্ণ হউক। এবং যিনি যত্নপূর্ব্বক তোমার পূজা করেন, তাঁহার সাধু পুত্র হউক।

১৩ সূক্ত।

অগ্নি দেবতা। সুতম্ভর ঋষি।

১। হে অগ্নি! আমরা তোমাকে পূজা করিয়া আহ্বান করিতেছি এবং আমাদিগকে রক্ষা করিবার জন্য প্রজ্বালিত করিতেছি।

২। অদ্য আমরা ধনার্থী হইয়া দীপ্তিমান্, আকাশস্পর্শী অগ্নির সেই সকল স্তব পাঠ করিতেছি, যদ্দ্বারা মনুষ্যগণের মনস্কামনা সিদ্ধ হয়।

৩। যে অগ্নি মনুষ্যগণের মধ্যে অবস্থান করিয়া দেবগণের আহ্বান করেন, সেই অগ্নি আমাদিগের স্তব সকল গ্রহণ করুন এবং যজ্ঞীয় দ্রব্যজাত দেবগণের সমক্ষে বহন করুন।

৪। হে অগ্নি! তুমি সর্ব্বদা প্রীতচিত্ত, হোমকারী এবং লোকের বরণীয়

হইয়া স্থূলভাবে অবস্থান কর, যজমানগণ তোমাকে লাভ করিয়া যজ্ঞ সম্পাদন করেন।

৫। হে অগ্নি! তুমি অন্নদাতা ও স্তুতিযোগ্য, জ্ঞানী উপাসকগণ তোমার সমুচিত স্তব করেন, তুমি আমাদিগকে উৎকৃষ্ট বল প্রদান কর।

৬। হে অগ্নি! নেমি যেরূপ চক্রের অর সকলকে বেষ্টন করে, তদ্রূপ তুমি দেবগণকে ব্যাপ্ত করিয়া আছ; তুমি আমাদিগকে নানাবিধ ধন প্রদান কর।

---

১৪ সূক্ত।

অগ্নি দেবতা। সুতম্ভর ঋষি।

১। হে যজমান! তুমি অবিনশ্বর অগ্নিকে স্তোত্রদ্বারা প্রবোধিত কর; অগ্নি প্রদীপ্ত হইলে, তিনি দেবগণের সমক্ষে আমাদিগের হব্য বহন করিবেন।

২। মনুষ্যগণ মর্ত্ত্যলোকের পরমারাধ্য দীপ্তিমান্, সেই অবিনশ্বর অগ্নিকে যজ্ঞস্থলে পূজা করিয়া থাকেন।

৩। অসংখ্য উপাসক যজ্ঞস্থলে দেবগণের নিকট হব্য বহনার্থ ঘৃতপ্রক্ষেপ পাত্র হইতে ঘৃতসেচন করিয়া, দীপ্তিমান্ অগ্নির উপাসনা করিয়া থাকেন।

৪। অগ্নি জন্ম গ্রহণ মাত্র নিজ তেজঃ প্রভাবে অন্ধকার এবং যজ্ঞবিঘাতক দস্যুগণকে নষ্ট করিয়া প্রদীপ্ত হন; গাভী, জল ও সূর্য্য, অগ্নি হইতেই আবিষ্কৃত হইয়াছে।

৫। হে মনুষ্যগণ! তোমরা সেই জ্ঞানী এবং আরাধ্য অগ্নির পূজা কর, যে অগ্নির উর্দ্ধভাগ ঘৃতাহুতির দ্বারা প্রদীপ্ত হইয়া থাকে; অগ্নি যেন আমার এই আহ্বান শ্রবণ করেন এবং অবগত হন।

৬। ঋত্বিগ্‌গণ স্তোত্রপ্রিয় ও ধ্যানগম্য অমরবর্গের সহিত আজ্য ও স্তোত্র-দ্বারা সর্ব্বদর্শী অগ্নির সংবর্দ্ধনা করিয়াছেন।

---

১৫ সূক্ত।

অগ্নি দেবতা। অঙ্গিরার অপত্য ধরুণ ঋষি।

১। অগ্নি, হব্য প্রদান করিলে তৃপ্তিলাভ করেন; তিনি অসুর, সুখদাতা, ধনাধিপতি, হব্যবাহক, গৃহদাতা, সৃষ্টিকর্ত্তা, দূরদর্শী, আরাধ্য, যশস্বী এবং শ্রেষ্ঠ; আমি তাঁহার স্তব করিতেছি।

২। যে সকল যজমান স্বর্গের আশ্রয়ভূত যজ্ঞস্থলে আসীন, নেতা ও অজাত দেবগণকে জাত মনুষ্যগণের দ্বারা সমবেত করেন, তাঁহারা হব্যবাহক, সত্যস্বরূপ অগ্নিকে যাগার্থ উৎকৃষ্ট বেদির উপর স্থাপন করেন।

৩। যাঁহারা শ্রেষ্ঠ অগ্নিকে সুন্দর হব্যরূপ মহাখাদ্য প্রদান করেন, তাঁহারা নিষ্পাপ দেহ ধারণ করেন; নব জাত সেই অগ্নি সমবেত শত্রুগণকে দূরীভূত করুন, মৃগগণ কুপিত সিংহ হইতে যেরূপ দূরে অবস্থান করে, তদ্রূপ আমার চতুষ্পার্শ্ববর্ত্তী শত্রুগণ আমা হইতে দূরে অবস্থান করুক।

৪। যৎকালে তুমি সর্ব্বত্র প্রবল হও, তৎকালে তুমি জননীর ন্যায় সকল লোককে পালন কর এবং তাহারা দর্শনার্থ ও রক্ষণার্থ তোমাকে প্রার্থনা করিয়া থাকে। যখন তুমি ধৃত হও, তখন সর্ব্বপ্রকার অন্ন জীর্ণ কর; অতএব হে বিশ্বরূপ অগ্নি! সমস্ত বিশ্ব তোমারই অন্তর্ভূত।

৫। হে প্রদীপ্ত অগ্নি! সুমহৎ কামনাপূরক অর্থোৎপাদক হব্য তোমার প্রকৃষ্ট বল বিধান করুক; তস্কর যেরূপ গুহামধ্যে অপহৃত দ্রব্য গোপনে রক্ষা করে, তদ্রূপ তুমি প্রচুর ধন লাভার্থ উৎকৃষ্ট পথ প্রকাশিত করিয়া অত্রি মুনির প্রতি দয়া প্রকাশ কর।

১৬ সূক্ত।

অগ্নি দেবতা। অত্রির অপত্য পুরু ঋষি।

১। মনুষ্যগণ প্রকৃষ্ট স্তব করিয়া বন্ধুর ন্যায় যে অগ্নিকে সম্মুখে স্থাপন করে, দীপ্তিমান্ সেই অগ্নিকে প্রচুর হব্যরূপ অন্ন প্রদান কর।

২। যে অগ্নি দেবগণের নিকট হব্য বহন করেন, বাহুবলের দীপ্তিদ্বারা মণ্ডিত সেই অগ্নি যজমানগণের জন্য দেবগণকে আহ্বান করেন এবং সূর্য্যের ন্যায় বাঞ্ছিত ধন প্রদান করেন।

৩। সমস্ত যজমানগণের হব্য ও স্তোত্রদ্বারা যে সামর্থ্যযুক্ত এবং শব্দায়মান অগ্নির বলাধান করিয়া থাকে, আমরা অতি তেজস্বী ধনাধিপতি সেই অগ্নির স্তব করিব ও তাঁহার সহিত মিত্রতা করিব।

৪। হে অগ্নি! তোমরা এই সকল উপাসকগণকে সর্ব্বোৎকৃষ্ট বল প্রদান কর, স্বর্গ এবং পৃথিবী সূর্য্যের ন্যায় সেই অগ্নিকে জ্যোতিঃ পূর্ণ করিয়াছেন।

৫। হে অগ্নি! আমরা তোমার পূজা এবং স্তব করিতেছি, হব্য প্রদান

করিয়া তোমার সংবর্দ্ধনা করিতেছি, তুমি শীঘ্র আগমনপূর্ব্বক আমাদিগকে অভিলষিত ধন প্রদান কর এবং যুদ্ধে আমাদিগের সমৃদ্ধি বিধান কর।

১৭ সূক্ত।

অগ্নি দেবতা। পূরু ঋষি।

১। হে দীপ্তিশীল অগ্নি! তুমি তেজস্বী। যজমান এইরূপে তোমাকে তর্পণ করিবার নিমিত্ত স্তবোচ্চারণপূর্ব্বক আহ্বান করিতেছে; পূরু যজ্ঞসম্পাদন কালে রক্ষার জন্য অগ্নির স্তব করিতেছে।

২। হে ধার্ম্মিকশ্রেষ্ঠ যশস্বিপ্রবর! যে অগ্নির দুঃখ নাই, যাঁহার তেজঃ অতি বিচিত্র, যিনি স্তবার্হ এবং বুদ্ধি বিষয়ে শ্রেষ্ঠ, তুমি বাক্যদ্বারা সেই অগ্নির স্তব করিতেছ।

৩। যে অগ্নি বলশালী, লোকে যে অগ্নির স্তব করিয়া থাকে, সূর্য্যের ন্যায় দীপ্তিশীল যে অগ্নির প্রভাসকল প্রকাশিত হয়, সেই অগ্নির তেজঃপ্রভাবে সূর্য্য প্রভান্বিত হয়েন।

৪। সুবুদ্ধি ঋত্বিক্‌গণ সৌম্যমূর্ত্তি অগ্নিকে পূজা করিয়া আপনাদিগের রথ ধনদ্বারা পূর্ণ করেন; উৎপত্তি মাত্রেই তাবৎ লোক আরাধ্য অগ্নির স্তব করিয়া থাকেন।

৫। হে অগ্নি! ধার্ম্মিকগণ তোমার স্তব করিয়া যে ধন লাভ করেন, শীঘ্র আমাদিগকে সেই বাঞ্ছিত ধন প্রদান কর। হে শক্তিপুত্র! আমাদিগের অভিলাষ পূর্ণ কর; আমাদিগকে রক্ষা কর, আমাদিগের মঙ্গল বিধানে তৎপর হও এবং যুদ্ধে আমাদিগকে বিজয়ী কর।

১৮ সূক্ত।

অগ্নি দেবতা। অত্রির অপত্য দ্বিত ঋষি।

১। অগ্নি অনেকের প্রিয়, মনুষ্যের অথিতি এবং স্বয়ং অবিনশ্বর হইয়াও নশ্বর মানবগণের নিকট হব্য কামনা করেন; যজমানগণ প্রাতঃকালে অগ্নির স্তব করে।

২। হে অবিনশ্বর অগ্নি! দ্বিত বিশুদ্ধ হব্য বহন করিতেছে, তোমার স্তব

করিতেছে এবং নিরন্তর তোমার নিকট সোমরস আনয়ন করিতেছে, অতএব তুমি তাহাকে তোমার নিজবল প্রদান কর।

৩। হে অগ্নি! তুমি অতিশয় দীপ্তিশীল, তুমি অশ্ব দান কর। আমি ধনিগণের জন্য তোমাকে স্তব করিয়া আহ্বান করিতেছি, তাহাদিগের রথ যেন যুদ্ধে অপ্রতিহতভাবে গমন করে।

৪। যে সকল ঋত্বিক্ বিবিধ যজ্ঞকার্য্য সম্পাদন করে, যাহারা পঠনদ্বারা উক্‌থ সকল রক্ষা করে (১) সেই সকল ঋত্বিক্ মনুষ্যের স্বর্গসাধনের উপায়ভূত যজ্ঞে কুশের উপর হব্য স্থাপন করে।

৫। হে অবিনশ্বর অগ্নি! আমি তোমার স্তব করায়, যে সকল ধনী আমাকে পঞ্চাশটী অশ্ব প্রদান করিয়াছেন, তুমি সেই সকল ব্যক্তিকে দীপ্তিশীল প্রচুর অন্ন এবং পরিচারকবর্গ প্রদান কর।

---

১৯ সূক্ত।

অগ্নি দেবতা। অত্রির অপত্য বব্রি ঋষি।

১। যে অগ্নি জননী পৃথিবীর ক্রোড়ে উপবেশন করিয়া তাবৎ বস্তু দর্শন করিতেছেন, সেই হব্যগ্রাহী অগ্নি, বব্রি অতিশয় দুরবস্থাগ্রস্ত, ইহা অবগত হউন।

২। যে সকল ব্যক্তি তোমার প্রভাব অবগত হইয়া নিরন্তর তোমাকে আহ্বান করে এবং হব্য ও স্তোত্রদ্বারা তোমার বল রক্ষা করে, তাঁহারা যে পুরীতে বাস করেন, তাহা শত্রুগণের দুর্গম্য।

৩। স্তোত্রকুশল অন্নার্থী জীবিত মনুষ্যগণ কণ্ঠে নিষ্ক ধারণপূর্ব্বক (১) স্তোত্রদ্বারা অন্তরিক্ষবর্ত্তী বৈদ্যুত অগ্নির প্রদীপ্ত বল বর্দ্ধিত করে।

৪। মিশ্রিত হব্যের ন্যায় যে অগ্নির উদর অন্নদ্বারা পরিপূর্ণ, যে অগ্নি স্বয়ং শত্রুগণের অজেয় হইয়া নিরন্তর শত্রুনাশ করিতেছেন, স্বর্গ ও মর্ত্ত্যের সহায়ভূত সেই অগ্নি দুগ্ধের ন্যায় কমনীয় নির্দ্দোষ এই স্তব শ্রবণ করুন।

৫। হে প্রদীপ্ত অগ্নি! তুমি বনে ভস্মদ্বারা ক্রীড়া কর এবং বায়ুদ্বারা

---

(১) মূলে আছে "আসন্ উক্‌থা পান্তি যে।" অর্থাৎ "আস্যান্ . . . স্তোত্রাণি পান্তি রক্ষন্তি।" সায়ণ। "Who perpetuate the sacred hymns by their recital."

(১) মূলে "নিষ্কগ্রীব" আছে। "নিষ্কেণ সুবর্ণেন অলঙ্কৃত গ্রীবা।"

প্রকাশিত হও, তুমি আমাদিগের প্রতি অনুকূল হও এবং তোমার শত্রুনাশক শিখা সকল তোমার এই উপাসকের নিকট সুকোমল হউক।

২০ সূক্ত।

অগ্নি দেবতা। অত্রির অপত্য প্রযস্বংগণ ঋষি।

১। হে অন্নদাতা অগ্নি! যেরূপ ধন তোমার অভিমত; তুমি আমাদিগের স্তুতির সহিত সেই হব্যধন দেবগণের সমীপে বহন কর।

২। হে অগ্নি! যে সকল ব্যক্তি সমৃদ্ধিসম্পন্ন হইয়া তোমাকে হব্য প্রদান করে না, তাহারা নিরতিশয় বলহীন হয়। এবং যাহারা বৈদিক ভিন্ন অন্য রূপ ব্রত অনুষ্ঠান করে, তাহারা তোমার বিদ্বেষভাজন ও তোমার নিকট দণ্ডনীয় হয়।

৩। হে অগ্নি! তুমি হোতা ও শক্তির সাধন, আমরা অন্ন আনিয়া তোমাকে বরণ করিতেছি, যজ্ঞস্থলে আমরা সর্ব্বাগ্রে তোমার স্তব করি।

৪। হে বলসম্পন্ন অগ্নি! যাহাতে আমরা প্রতিদিন তোমার রক্ষা প্রাপ্ত হই, তুমি সেইরূপ উপায় কর। হে সুকর্ম্মকারক! আমরা যেন যজ্ঞ সম্পাদন করিয়া ধনলাভ করি এবং গো ও পুত্র লাভ করিয়া সুখী হই।

---

২১ সূক্ত।

অগ্নি দেবতা। অগ্নির অপত্য সস ঋষি।

১। হে অগ্নি! মনুর ন্যায় আমরা তোমাকে ধ্যান ও প্রজ্বালিত করিতেছি; হে অঙ্গিরা! তুমি মনুর ন্যায় যজমানের জন্য দেবগণের পূজা কর।

২। হে অগ্নি! তুমি অত্যন্ত প্রীত হইয়া মনুষ্যলোকে দীপ্তি প্রকাশ কর। হে সুজন্মা! ঘৃতপূর্ণ হব্য পাত্র নিরন্তর স্রুচ্দেশে উত্থাপিত হয়।

৩। হে জ্ঞান সম্পন্ন অগ্নি! সমস্ত দেবতা প্রীত হইয়া তোমাকে দৌত্য কার্য্যে নিযুক্ত করিয়াছিলেন বলিয়া যজ্ঞস্থলে যজমানগণ দীপ্তিশীল তোমাকে স্তব করিয়া থাকে।

৪। হে দীপ্তিসম্পন্ন অগ্নি! দেবগণের নিকট হব্য বহন করিবার জন্য লোকে তোমার স্তব করে; হে উজ্জ্বল অগ্নি! তুমি প্রজ্বলিত হইয়া প্রদীপ্ত হও এবং অকপট সসের আবাসে বিদ্যমান থাক।

---

২২ সূক্ত।

অগ্নি দেবতা। অত্রির অপত্য বিশ্বসামা ঋষি।

১। হে বিশ্বসামন্! যাঁহার দীপ্তি পবিত্রতা বিধান করে, যজমানগণ যাঁহার স্তব করে, যিনি দেবগণের আহ্বানকারী এবং মানবগণের পূজ্যতম, তুমি অত্রির ন্যায় সেই অগ্নির স্তব কর।

২। হে যজমানগণ! তোমরা জাতবেদা, দীপ্তিশীল, যাগনির্ব্বাহক অগ্নিকে সংস্থাপিত কর; অদ্য যেন দেবগণের অভিলষিত যাগসাধন হব্য নিরন্তর তাহাদিগের নিকট উপস্থিত হয়।

৩। হে দীপ্তিশীল অগ্নি! তোমার হৃদয় জ্ঞানসম্পন্ন; তুমি রক্ষা করিবে বলিয়া লোকে তোমার নিকট উপস্থিত হয়, তুমি বরণীয়, আমরা রক্ষণার্থ তোমার স্তব করিতেছি।

৪। হে শক্তিপুত্র অগ্নি! তুমি আমাদিগের এই স্তব অবগত হও; হে গৃহপতি! তোমার হনু অতি সুদৃঢ়; অত্রিপুত্রগণ স্তবদ্বারা তোমাকে বর্দ্ধিত এবং বাক্যদ্বারা অলঙ্কৃত করিতেছে।

---

২৩ সূক্ত।

অগ্নি দেবতা। অত্রির অপত্য দ্যুম্ন ঋষি।

১। হে অগ্নি! যে পুত্র পরাক্রমদ্বারা যুদ্ধে সকল লোককে পরাজিত করিয়া গৌরব লাভ করিবে। তুমি দ্যুম্নকে এরূপ একটী চক্রবিজয়ী পুত্র প্রদান কর।

২। হে পরাক্রান্ত অগ্নি! তুমি সত্যস্বরূপ, অদ্ভুত, গোদাতা ও অন্নদাতা; তুমি এরূপ একটী পুত্র প্রদান কর, যে পুত্র সৈন্য পরাজয়ে সমর্থ।

৩। হে অগ্নি! তুমি দেবগণের আহ্বানকারী ও সকলের প্রীতিদায়ক, সমবেত ঋত্বিগ্‌গণ প্রীতচিত্তে কুশচ্ছেদ করিয়া যজ্ঞগৃহে তোমার নিকট বিবিধ বাঞ্ছিত ধন প্রার্থনা করে।

৪। হে অগ্নি! লোকপ্রসিদ্ধ সমস্ত বিশ্বের আশ্রয়ভূত সেই ঋষি শত্রুনাশক বল লাভ করুন। হে দীপ্তিমান্! তুমি আমাদিগের গৃহে এরূপ দীপ্তি প্রদান কর, যেন সেগুলি প্রচুর ধনে পূর্ণ হয়। হে পাপনাশক! তুমি চতুর্দ্দিকে দীপ্তি বিস্তার করিয়া প্রজ্বলিত হও।

২৪ সূক্ত।

অগ্নি দেবতা। বন্ধু, সুবন্ধু, শ্রুতবন্ধু, বিপ্রবন্ধু, এই চারিজন ঋষি। ইহারা গোপায়ন এবং লোপায়ন নামে খ্যাত।

১।২। হে বরণীয় অগ্নি! তুমি রক্ষক ও উপকারক স্বরূপ আমাদিগের নিকট উপস্থিত হও। হে গৃহদাতা এবং অন্নদাতা! তুমি আমাদিগের প্রতি অনুকূল হইয়া দীপ্তিসম্পন্ন ধন দান কর।

৩। ৪। হে অগ্নি! তুমি আমাদিগকে অবগত হও, আমাদিগের আহ্বান শ্রবণ কর, সমস্ত দুষ্ট লোক হইতে আমাদিগকে রক্ষা কর। হে প্রদীপ্ত অগ্নি! আমরা সুখ ও পুত্রের জন্য হৃদয়ের সহিত তোমাকে প্রার্থনা করিতেছি।

---

২৫ সূক্ত।

অগ্নি দেবতা। অত্রির অপত্য বসুয়ু নামক ঋষিগণ।

১। হে বসুযুগণ! তোমরা রক্ষার্থ দীপ্তিমান্ অগ্নির স্তব কর, যজমান গৃহে অধিষ্ঠানকারী অগ্নি আমাদিগকে বাঞ্ছিত দ্রব্য প্রদান করুন, ঋষিগণের দ্বারা উৎপাদিত, সত্যবান্ অগ্নি আমাদিগকে শত্রু হইতে রক্ষা করুন।

২। প্রাচীন মহর্ষিগণ ও দেবগণ যে অগ্নিকে প্রজ্বলিত করিয়াছিলেন, যাঁহার জিহ্বা হব্য প্রদান করিলে তৃপ্তিলাভ করে, স্বর্গীয় দীপ্তিদ্বারা সমুজ্জ্বল ও দেবগণের আহ্বানকারী সেই অগ্নি সত্য প্রতিজ্ঞ।

৩। হে অগ্নি! আমরা তোমার স্তব করিতেছি; তুমি আমাদিগের পরিচর্য্যা ও সুবুদ্ধিদ্বারা প্রীত হইয়া আমাদিগকে ধন প্রদান কর।

৪। অগ্নি দেবগণের মধ্যে বিরাজমান, মনুষ্যগণের মধ্যে বর্ত্তমান এবং আমাদিগের হব্য বহন করেন; হে যজমানগণ! তোমরা স্তব করিয়া অগ্নির সেবা কর।

৫। অগ্নি হব্য দাতাকে এরূপ একটী পুত্র প্রদান করুন, যে পুত্র প্রচুর অন্নসম্পন্ন, শ্রেষ্ঠ শত্রুগণের অজেয় ও নিজ কর্ম্মদ্বারা পিতৃলোকগণের খ্যাতি বিস্তার করিবে।

৬। অগ্নি সাধুগণের রক্ষাকারী ও যুদ্ধে অনুচরবর্গের সহিত জয়লাভকারী একটী পুত্র দান করুন। বিজয়ী অথচ স্বয়ং অজেয় একটী অশ্ব প্রদান করুন।

৭। অগ্নির উদ্দেশে উৎকৃষ্টতম (স্তোত্র) উচ্চারিত হয়; হে তেজঃসম্পন্ন! আমাদিগকে প্রচুর ধন দান কর; কারণ তোমা হইতে বিপুল ধন ও অন্ন উৎপন্ন হয়।

৮। হে অগ্নি! তোমার দীপ্তি সকল অতিশয় উজ্জ্বল, তুমি সোমলতা পেষক প্রস্তরের ন্যায় বলশালী, তোমাকে সকলে স্তব করে, তুমি স্বয়ং দীপ্তিমান্; তোমার ধ্বনি মেঘ গর্জ্জনের ন্যায় আকাশে বিস্তৃত হয়।

৯। এইরূপে আমরা, বসূয়ুগণ(২) বলবান্ অগ্নির স্তব করিতেছি, যেরূপ আমরা নৌকাদ্বারা নদী পার হই, শোভনকর্ম্মা অগ্নি আমাদিগকে সেইরূপে সমস্ত শত্রু হইতে উত্তীর্ণ হইতে সমর্থ করুন।

২৬ সূক্ত।

অগ্নি দেবতা। বসূয়ুগণ ঋষি।

১। হে দীপ্তিমান্ পবিত্রতাবিধায়ক অগ্নি! তুমি নিজ দীপ্তি ও প্রীতিকরী জিহ্বাদ্বারা দেবগণকে এস্থানে আনয়ন কর এবং পূজা কর।

২। হে অগ্নি! তুমি ঘৃত হইতে উৎপন্ন হও, তোমার দীপ্তি সকল অতি বিচিত্র, তুমি স্বর্গদর্শী, আমরা তোমাকে প্রার্থনা করিতেছি, তুমি হব্যভোজনের জন্য দেবগণকে আহ্বান কর।

৩। হে অগ্নি! তুমি জ্ঞানসম্পন্ন, হব্যভোজী, দীপ্তিমান্ ও মহৎ, আমরা যজ্ঞস্থলে তোমাকে প্রজ্বালিত করি।

৪। হে অগ্নি! তুমি সমস্ত দেবগণের সহিত যজমানের নিকট উপস্থিত হও, তুমি দেবগণের আহ্বানকারী, আমরা তোমাকে প্রার্থনা করিতেছি।

৫। হে অগ্নি! যজ্ঞস্থলে স্নাত যজমানকে উৎকৃষ্ট বল প্রদান কর এবং দেবগণের সহিত কুশের উপর উপবেশন কর।

৬। হে সহস্রবিজয়ী অগ্নি! হব্যদ্বারা প্রজ্বালিত হইয়া তুমি দেবগণের পূজিত দূতস্বরূপ আমাদিগের যজ্ঞ কার্য্যের সহায়তা কর।

৭। হে যজমানগণ! তোমরা জাতবেদা, হব্যবাহক ও দেবগণের মধ্যে বয়ঃকনিষ্ঠ, দীপ্তিমান্ ঋত্বিক্ অগ্নিকে সংস্থাপিত কর।

৮। অদ্য যজমান কর্ত্তৃক প্রদত্ত হব্য নিরন্তর দেবগণের নিকট উপস্থিতহউক; (হে ঋত্বিগ্‌গণ)! তোমরা তাঁহাদিগের উপবেশনের জন্য কুশ সকল বিস্তৃত কর।

(২) মূলে "বসূয়বঃ" আছে। শব্দের অর্থ ধনপ্রার্থী।

৯। মরুৎগণ অশ্বিদ্বয়, মিত্র, বরুণ প্রভৃতি দেবগণ সম্পূর্ণ এবং এই সহিত এই কুশের উপর উপবেশন করুন।

---

২৭ সূক্ত

অগ্নি দেবতা, কিন্তু ৬ষ্ঠ ঋকে অগ্নি ও ইন্দ্র উভয় দেবতা। অত্রি ঋষি[illegible] ৩ জন রাজা ঋষি, যথা—১ম ত্রিবৃষ্ণের অপত্য ত্র্যরুণ, ২য় পুরুকুৎসের অপত্য ত্রসদস্যু, ৩য় ভরতের অপত্য অশ্বমেধ।

১। হে মানবগণের অধিনায়ক বৈশ্বানর! সাধুগণের রক্ষক, জ্ঞানবান, অসুর এবং ধনবান, ত্রিবৃষ্ণের পুত্র ত্র্যরুণ নামক রাজর্ষি আমাকে শকটসংযুক্ত গোদ্বয় এবং দশ সহস্র সুবর্ণ প্রদান করিয়া খ্যাতিলাভ করিয়াছেন।

২। হে মনুষ্যগণের নায়ক অগ্নি! যে ত্র্যরুণ আমাকে শত সুবর্ণ(১) বিংশতি গো এবং শকটবহনক্ষম অশ্বদ্বয় প্রদান করিয়াছেন, আমরা তোমার স্তব ও পূজা করিতেছি, তুমি সেই ত্র্যরুণকে সুখী কর।

৩। হে অগ্নি! যেরূপ ত্র্যরুণ বহুপুত্র কন্যাসম্পন্ন, আমার স্তব শ্রবণে প্রীত হইয়া আমাকে দান করিবার জন্য ব্যগ্র হইয়াছিলেন, সেইরূপ ত্রসদস্যুও তোমাকে স্তব করিতে অভিলাষী হইয়া আমাকে দান করিতে ব্যগ্রতা প্রকাশ করিয়াছিলেন।

৪। হে অগ্নি! যখন এক জন যাচক তোমার স্তোত্র সঙ্গে লইয়া দাতা অশ্বমেধের নিকট গমনপূর্ব্বক আমাকে ধন দাও বলিয়া প্রার্থনা করিয়াছিলেন, তখন তিনি উক্ত অর্থীকে ধন দিয়াছিলেন; অশ্বমেধ যাগ করিতে ইচ্ছা করিতেছেন, তুমি তাঁহাকে যজ্ঞ বিষয়ে বুদ্ধি প্রদান কর।

৫। যাঁহার কর্তৃক প্রদত্ত বলবান্ একশত বলীবর্দ্দ আমার আনন্দ বিধান করিতেছে, হে অগ্নি! তিন দ্রব্য মিশ্রিত(২) সোমের ন্যায় তাঁহার সেই সকল বলীবর্দ্দ তোমার প্রীতি বিধান করুক।

৬। হে ইন্দ্র! হে অগ্নি! তোমরা অপরিমিত ধনদাতা, অশ্বমেধকে আকাশ স্থিত সূর্য্যমণ্ডলের ন্যায় দীপ্তিমান সুবৃহৎ অক্ষয় ধন প্রদান কর।

---

(১) মূলে কেবল শত বা সহস্র আছে, অর্থ বোধ হয় শত বা সহস্র মুদ্রা। "It is not impossible, however, that pieces of money are intended; for if we may trust Aryan, the Hindus had coined money before Alexander."- *Wilson.*

(২) মূলে "ত্র্যাশিরঃ" আছে। "দধিসক্তু পয়োরূপাস্ত্রিভিরাশিরোভিশ্রপণসাধন ভূতৈরেবাংতে ত্র্যাশিরঃ।" সায়ণ।

সহিত কুৎসের গৃহে

গণের স

২৮ সূক্ত।

অগ্নি দেবতা। অত্রি গোত্রজা বিশ্ববারা নাম্নী রমণী ঋষি (১)।

১। অগ্নি প্রজ্বালিত হইয়া আকাশে দীপ্তি বিস্তার করেন এবং উষার অভিমুখে বিস্তৃতভাবে প্রদীপ্ত হয়েন; বিশ্ববারা পূর্ব্বাভিমুখী হইয়া এবং দেবগণের স্তব করিয়া, সেনাগণ অর্চ্চক হব্যপাত্র লইয়া অগ্নির অভিমুখে গমন করিতেছে।

২। হে অগ্নি! তুমি সম্যক্‌রূপে প্রজ্বালিত হইয়া অমৃতের উপর আধিপত্য কর, তুমি হব্যদাতার কল্যাণ বিধানার্থ তাঁহার নিকট উপস্থিত থাক; তুমি যে যজমানের নিকট বর্ত্তমান থাক, তিনি সমস্ত ধন লাভ করেন এবং তোমার সম্মুখে অতিথিযোগ্য হব্য প্রদান করেন।

৩। হে অগ্নি! আমাদিগের বিপুল ঐশ্বর্য্যের নিমিত্ত শত্রুগণকে দমন কর, তোমার দীপ্তি সকল উৎকর্ষ লাভ করুক, তুমি দাম্পত্য সম্বন্ধ সুশৃঙ্খলাবদ্ধ কর এবং শত্রুগণের পরাক্রম আক্রমণ কর।

৪। হে অগ্নি! যখন তুমি প্রজ্বালিত ও দীপ্তিমান্ হও, আমি তোমার দীপ্তির স্তব করি। তুমি দীপ্তিমান্, তুমি কামনা পূরণ কর, যজ্ঞস্থলে যথাযোগ্যরূপে প্রজ্বালিত হও।

৫। হে অগ্নি! যজমানগণ তোমাকে প্রজ্বালিত ও আহ্বান করিতেছেন, তুমি যজ্ঞস্থলে দেবগণের পূজা কর, কারণ তুমি হব্যদাতা।

৬। আরব্ধ যজ্ঞে হব্যবাহক অগ্নিতে হোম কর, অগ্নির সেবা কর এবং দেবগণের নিকট হব্য বহনার্থ তাঁহাকে বরণ কর।

২৯ সূক্ত

ইন্দ্র দেবতা, কিন্তু নবম ঋকের প্রথম চরণের দেবতা উশনা হইতে পারে।

শক্তি গোত্রজ গৌরিবীতি ঋষি।

১। মনুকৃত দেবযজ্ঞে তিনটী তেজের আবির্ভাব হয়; মরুৎগণ অন্তরিক্ষে সূর্য্য, বায়ু, অগ্নিরূপ তিনটী জ্যোতিষ্ক ধারণ করেন। হে ইন্দ্র! বিশুদ্ধ

(১) স্ত্রীলোকের পতির সহিত যজ্ঞসম্পাদন করিতে কোনও বাধা ছিল না, তাহা আমরা পূর্ব্বেই অনেক স্থলেই দেখিয়াছি। এখানে দেখিতেছি এক জন স্ত্রীলোক এই সূক্তের ঋষি, ঋগ্বেদের মন্ত্র রচনা বা সংকলন করিবারও তাহাদের অধিকার ছিল, ক্ষমতাও ছিল। এই সূক্তের প্রথম ঋকে ঐ বিশ্ববারা নাম্নী রমণী দেবগণের স্তব উচ্চারণ করিয়া ঋত্বিকের কার্য্যও সম্পাদন করিতেছেন এবং তৃতীয় ঋকে তিনি দাম্পত্য সম্বন্ধ শৃঙ্খলা করিবার জন্য অগ্নির নিকট প্রার্থনা করিতেছেন।

বলসম্পন্ন মরুৎগণ তোমার স্তব করেন, কারণ তুমি সুধু...
সকল মরুৎকে দর্শন কর।

২। যৎকালে মরুৎগণ সোম পান করিয়া উল্লাসিত ইন্দ্রের স্তব করিয়াছিলেন, তখন তিনি বজ্রগ্রহণপূর্ব্বক বৃত্রকে সংহার করিলেন এবং সে জলরাশিকে স্বেচ্ছানুসারে প্রবাহিত করিলেন।

...ধুনা ও অন রাজা।
...অমু অরতের

৩। হে বলশালী মরুৎগণ! হে ইন্দ্র! তোমরা এই সোমরস পান কর, আমি প্রচুর পরিমাণে তোমাদিগকে অর্পণ করিতেছি। তোমরা ইহ পান করিলে, যজমান ধেনু লাভ করিবেন এবং ইহা পান করিয়া ইন্দ্র বৃত্রকে বধ করিয়াছেন।

৪। ইন্দ্র সোম পান করিয়া স্বর্গ ও পৃথিবীকে অবিচলিত ভাবে স্থাপিত করিলেন এবং দৃঢ় সঙ্কল্পের সহিত গমন করিয়া মৃগবৎ বৃত্রকে ভয়াভভূত করিলেন। দানব লুক্কায়িত হইবার জন্য সচেষ্ট হইয়া ভয়ে দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিল; ইন্দ্র তাহাকে আচ্ছাদন বিমোচনপূর্ব্বক সংহার করিলেন।

৫। হে ঐশ্বর্য্যসম্পন্ন ইন্দ্র! তোমার এই বীরত্ব নিবন্ধন সমস্ত দেবতা ক্রমানুসারে তোমাকে পানার্থ সোমরস প্রদান করিয়াছেন; তুমি এতশের জন্য সম্মুখবর্ত্তী সূর্য্যাশ্বগণের গতিরোধ করিয়াছিলে।

৬। যখন ঐশ্বর্য্যশালী ইন্দ্র বজ্রদ্বারা একবারে সেই শম্বরের নব নবতি সংখ্যক নগর নষ্ট করিলেন, তখন মরুৎগণ রণভূমিস্থ ইন্দ্রের ত্রিষ্টুপছন্দে স্তব করায়, তিনি ঐ উদ্দীপ্ত অসুরকে পীড়িত করিলেন।

৭। ইন্দ্রের মিত্রভূত অগ্নি স্বীয়মিত্র ইন্দ্রের কার্য্যে সহায়তা করিবার জন্য সত্বর তিন শত মহিষ পাক করিলেন (১); এবং ইন্দ্র বৃত্রবধের জন্য মনুপ্রদত্ত তিন পাত্র সোমরস এককালে পান করিলেন।

৮। হে ইন্দ্র! যখন তুমি তিন শত মহিষের মাংস ভক্ষণ করিয়াছিলে; যখন ঐশ্বর্য্যসম্পন্ন তুমি তিন পাত্র সোমরস পান করিয়াছিলে; যখন তিনি বৃত্র সংহার করিয়াছিলেন, তখন সমস্ত দেবতা সোমপানকারী ইন্দ্রকে ভৃত্যবৎ যুদ্ধস্থলে আহ্বান করিয়াছিলেন।

৯। হে ইন্দ্র! যখন তুমি এবং উশনা বলবান্ ও দ্রুতগামী অশ্বগণের

(১) মূলে "অপচং মহিষা ত্রীশতানি" আছে। মহিষ পাকের উল্লেখ এখানে পাওয়া যায়, মহিষ ভক্ষণের উল্লেখ ইহার পরের ঋকে পাওয়া যায়।

৮। হে ইন্দ্র! ...গিয়াছিলে, তখন তুমি শত্রুসংহার করিয়া কুৎস ও দেব-বিচূর্ণিতকৃত একরথে গমন করিয়াছিলে এবং তুমিই শুষ্ণকে বধ করিয়াছিলে।

১০। হে ইন্দ্র! তুমি পূর্ব্বে সূর্য্যের একখানি রথ চক্র ছেদন করিয়া-... অপর একখানি ধনলাভের জন্য কুৎসকে প্রদান করিয়াছিলে; তুমি সেনাগণ অশক্তিহীন (২) দস্যুগণকে হতবুদ্ধি করিয়া যুদ্ধে তাহাদিগকে বধ ...

১১। হে ইন্দ্র! গৌরিবীতির স্তব সকল তোমাকে বর্দ্ধিত করুক; তুমি বিদথিনের পুত্র ঋজিশ্বের জন্য পিপ্রুকে বশীভূত করিয়াছিলে; ঋজিশ্বা তোমার সহিত বন্ধুত্ব লাভের জন্য পুরোডাশাদি পাক করিয়া তোমাকে সম্মুখে আনয়ন করিয়াছিলেন এবং তুমি তাঁহার সোমরস পান করিয়াছিলে।

১২। নবগ্ব ও দশগ্বগণ (৩) স্তবদ্বারা ইন্দ্রের পূজা করেন, ইন্দ্রের প্রধান উপাসক তাঁহার স্তব করিয়া যে গুহার মধ্যে গো সমূহ সুগুপ্ত ছিল তাহা উন্মুক্ত করিয়াছেন।

১৩। হে ধনবান্ ইন্দ্র! তুমি যে সকল বীরত্ব প্রকাশ করিয়াছ, যদিও আমি তাহা অবগত আছি, তথাপি আমি কিরূপে সেই সকল বীরত্বের যথা-যোগ্য স্তব করিব; হে মহাবলসম্পন্ন ইন্দ্র! তুমি যে সকল নূতন বীরত্ব প্রকাশ করিবে, আমরা যজ্ঞে তৎসমুদয়ের কীর্ত্তন করিব।

১৪। হে ইন্দ্র! শত্রুগণ তোমার সমকক্ষ নহে; তুমি স্বাভাবিক বীর্য্য-দ্বারা এই সমস্ত বীরত্ব সম্পাদন করিয়াছ, হে বজ্রধারী! তুমি শত্রুনাশক, তুমি যে কোন কার্য্য কর, এরূপ কেহ নাই যে তোমার বলের বিঘ্ন উৎপাদন করিতে পারে।

১৫। হে নিরতিশয় বলশালী ইন্দ্র! আমরা যে সকল নূতন স্তব পাঠ করিলাম, তুমি আমাদিগের সেই সকল স্তব গ্রহণ কর; আমরা সৎকার্য্যকারী ও ধনার্থী হইয়া ধীরভাবে এই সকল স্তব বস্ত্র এবং রথের ন্যায় তোমার সমক্ষে অর্পণ করিয়াছি।

---

(২) মূলে "অনাসঃ" আছে। "আস্য রহিতান্ আস্য শব্দেন শব্দো লক্ষ্যতে অশব্দান্।" সায়ণ। "Alluding possibly to the uncultivated dialects of the barbarous tribes"—*Wilson.*

(৩) ১ মণ্ডল, ৬২ সূক্ত, ৪ টীকা দেখ।

৩০ সূক্ত।

ইন্দ্র দেবতা। কোন কোন স্থলে ঋণঞ্চয় রাজা দেবতা। বভ্রু ঋষি।

১। যাঁহাকে বহুলোকে আহ্বান করে, যিনি সোম পানেচ্ছু হইয়া দর্শন করিবার জন্য ধনের সহিত যজমানের গৃহে গমন করেন, পরাক্রমশালী ও জনরাজা বজ্রধারী ইন্দ্র কোথায় আছেন? অশ্বদ্বয়াকৃষ্ট সুখকর রথে আরোহণ করিয়া স্তবকের ইন্দ্রকে গমন করিতে কে দেখিয়াছেন?

২। আমি তাঁহার গুপ্ত ও ভয়ানক বাসস্থান দর্শন করিয়াছি; আমি অন্বেষণার্থ নিজ আধারভূত সেই ইন্দ্রের আবাসে গমন করিয়াছি; আমি অন্য লোকের নিকট তাঁহার অনুসন্ধান লইয়াছি; যজ্ঞানুষ্ঠানকারী জ্ঞানলাভেচ্ছুগণ আমাকে এই কথা বলেন, "আমরা তাঁহাকে প্রাপ্ত হইয়াছি"।

৩। হে ইন্দ্র আমরা সোমরস প্রদান করিয়া তোমার বীরত্ব সকল বর্ণন করি; তুমি আমাদিগের জন্য যে সকল কর্ম্ম করিয়াছ, ইতিপূর্ব্বে যাঁহারা জানিতেন না তাঁহারা অবগত হউন; যাঁহারা অবগত আছেন, তাঁহারা অন্যের নিকট প্রকাশ করুন; ঐশ্বর্য্যশালী এই ইন্দ্র সৈন্যগণের সহিত অশ্বারোহণপূর্ব্বক গমন করেন।

৪। হে ইন্দ্র! তুমি জাতমাত্রেই হৃদয়ে দৃঢ় সঙ্কল্প করিয়াছ, তুমি একাকী বহু শত্রুর সহিত যুদ্ধ করিতে গমন করিয়াছ; তুমি বলদ্বারা পর্ব্বত বিদারণ করিয়াছ এবং দুগ্ধপ্রদ ধেনুবর্গের উদ্ধার করিয়াছ।

৫। হে ইন্দ্র! তুমি সর্ব্বপ্রধান ও উৎকৃষ্টতম, যখন তুমি সুপ্রসিদ্ধ নাম ধারণ করিয়া জন্ম গ্রহণ করিয়াছিলে, তখন দেবগণ, ইন্দ্র হইতে ভয়প্রাপ্ত হইয়াছিলেন এবং ইন্দ্র দাসস্বরূপ বৃত্রের পত্নী বারীসমূহকে জয় করিয়াছিলেন।

৬। এই স্তুতিপাঠক মরুৎগণ উৎকৃষ্ট স্তবদ্বারা তোমার অর্চ্চনা করিতেছে এবং তোমাকে হব্য প্রদান করিতেছে, যে বৃত্র সমস্ত জলরাশি আচ্ছন্ন করিয়া নিদ্রিত ছিল, ইন্দ্র নিজশক্তিদ্বারা সেই মায়াবী দেবপীড়ক বৃত্রকে পরাজিত করিয়াছিলেন।

৭। হে ঐশ্বর্য্যসম্পন্ন ইন্দ্র! আমরা তোমার স্তব করিতেছি; তুমি দেবপীড়ক বৃত্রকে বজ্রদ্বারা পীড়িত করিয়া তোমার আজন্ম শত্রুদিগকে সংহার করিয়াছ; তুমি এই যুদ্ধে মনুষ্যের সুখোৎপাদনার্থ দাস নমুচির মস্তক চূর্ণ করিয়াছ।

৮। হে ইন্দ্র! তুমি শব্দায়মান ঘুর্ণিত মেঘের ন্যায় দাস নমুচির মস্তক বিচুর্ণিত করিয়া আমার প্রতি বন্ধুত্ব সম্পাদন করিয়াছ; তৎকালে স্বর্গ এবং পৃথিবী দুইখানি চক্রের ন্যায় মরুৎপ্রভাবে ঘুর্ণিত হইয়াছিল।

৯। দাস নমুচি স্ত্রীদিগকে নিজের অস্ত্রস্বরূপ করিয়াছিল; ইহার অবলা সেনাগণ আমার কি করিবে? এই বিবেচনা করিয়া ইন্দ্র তাহার দুইটী প্রিয়তমা স্ত্রীকে অন্তঃপুরে রুদ্ধ করিয়া পশ্চাৎ সেই দস্যুর সহিত যুদ্ধ করিতে গমন করিয়াছিলেন।

১০। যখন ধেনুগণ বৎস হইতে বিযুক্ত হইয়াছিল, তখন তাহারা ইতস্ততঃ গমন করিয়াছিল। কিন্তু যখন যথা বিধি প্রদত্ত সোমরস ইন্দ্রকে প্রীত করিয়াছিল, তখন তিনি বলবান্ মরুৎ সকলের সহিত ধেনুগণকে পুনর্ব্বার বৎসের সহিত যোজিত করিয়াছিলেন।

১১। যখন বভ্রু সোমরস প্রদান করিয়া ইন্দ্রের প্রীতি উৎপাদন করিলেন, তখন অভীষ্টপ্রদ ইন্দ্র যুদ্ধে সিংহনাদ পরিত্যাগ করিলেন; পুরনাশক ইন্দ্র সোমরস পান করিয়া পুনর্ব্বার বভ্রুকে দুগ্ধপ্রদ ধেনু সকল অর্পণ করিলেন।

১২। হে অগ্নি! রুশমগণ (১) আমাকে চারিসহস্র ধেনু প্রদান করিয়া মহৎ উপকার করিয়াছে; নেতৃগণের অধিনায়ক ঋণঞ্চয় কর্ত্তৃক প্রদত্ত ধেনুরূপ ধন সকল আমরা গ্রহণ করিয়াছি।

১৩। হে অগ্নি! রুশমগণ আমাকে একটী সুন্দর গৃহ এবং সহস্র সহস্র ধেনু প্রদান করিয়াছে; তিমিরাচ্ছন্ন রাত্রি শেষ হইলে উগ্র সোমরস ইন্দ্রকে উল্লাসিত করিয়াছিল।

১৪। রুশমগণের অধিপতি ঋণঞ্চয় উপস্থিত হইবামাত্র তিমিরাচ্ছন্ন রাত্রি অতিবাহিত হইল; বভ্রু আহূত হইয়া বেগগামী অশ্বের ন্যায় গমনপূর্ব্বক চারি সহস্র ধেনু লাভ করিলেন।

১৫। হে অগ্নি! আমরা রুশমগণের নিকট চারি সহস্র ধেনু লাভ করিয়াছি এবং জ্ঞানসম্পন্ন হইয়া যাগার্থ প্রস্তুত উজ্জ্বল লৌহ কলসও (২) গ্রহণ করিয়াছি।

(১) মূলে "রুশমাঃ" আছে। "রুশমইতি কশ্চিজ্জনপদ বংশ্যঃ তত্র রুশম শব্দেন তত্রত্যা জনা উচ্যন্তে। রুমশা ঋণঞ্চয়নাম্নঃ রাজ্ঞঃ কিঙ্করাঃ।" সায়ণ রুশম কোন্ জনপদ, ঋণঞ্চয় রাজার রাজ্য কোথায় ছিল, সে বিষয়ে সায়ণ কিছু বলেন নাই।

(২) মূলে "অযস্ময়ঃ" আছে। সায়ণ তাহার অর্থ হিরণ্ময় করিয়াছেন। কলস লৌহের হওয়াই সম্ভব।

৩১ সূক্ত।

ইন্দ্র দেবতা। অত্রির অপত্য অবস্যু ঋষি।

১। ঐশ্বর্য্যশালী ইন্দ্র হব্য কামনায় স্বয়ং অধিষ্ঠিত হইয়া রথচালনা করেন। গোপালক যেরূপ পশুপাল ইতস্ততঃ সঞ্চালিত করে, সেইরূপ দেবাগ্রগণ্য ইন্দ্র শত্রুদিগকে দূরে বিক্ষিপ্ত করিয়া শত্রুধনে কামনা করিয়া অপ্রতিহত প্রভাবে গমন করেন।

২। হে অশ্ববান্ ইন্দ্র! তুমি আমাদিগের সম্মুখীন হও এবং আমাদিগের প্রতি ঔদাসীন্য প্রদর্শন করিও না; হে বিবিধ ধনদাতা! আমাদিগের প্রতি অনুকূল হও, কারণ তোমা অপেক্ষা শ্রেষ্ঠতর অন্য কিছুই নাই; তুমি পত্নীহীন ব্যক্তিগণকে পত্নী প্রদান করিয়াছ।

৩। যখন সূর্য্যের কিরণ উষার দীপ্তিকে অভিভূত করে, তখন ইন্দ্র সর্ব্বপ্রকার ধন প্রদান করেন। তিনি রোধকারী পর্ব্বতের মধ্য হইতে দুগ্ধপ্রদ ধেনু সকলকে মুক্ত করিয়াছেন এবং সর্ব্বব্যাপী অন্ধকারকে প্রভাদ্বারা দূরীভূত করেন।

৪। হে ইন্দ্র! তোমাকে বহুলোকে আহ্বান করে; মানবগণ তোমার রথকে অশ্ববাহ্য করিয়া প্রস্তুত করিয়াছে; ত্বষ্টা তোমার দীপ্তিমান্ বজ্র নির্ম্মাণ করিয়াছেন; অঙ্গিরাগণ বৃত্রবধের জন্য ইন্দ্রের স্তব করিয়া তাঁহার বল বর্দ্ধিত করিয়াছেন।

৫। হে ইন্দ্র! তুমি অভীষ্টবর্ষী; যখন কল্যাণবর্ষী মরুৎগণ স্তবদ্বারা তোমার পূজা করিয়াছিলেন এবং পাষাণ সকল সোমচূর্ণ করিতে আনন্দিত হইয়াছিল, তখন অশ্বহীন ও রথহীন ইন্দ্র প্রেরিত মরুৎগণ গমন করিয়া দস্যুগণকে পরাজিত করিয়াছিলেন।

৬। হে ইন্দ্র! আমি তোমার প্রাচীন ও নূতন বীরত্বের ঘোষণা করিতেছি, হে বজ্রধারী! তুমি স্বর্গ ও পৃথিবী জয় করিয়া মনুষ্যগণকে অদ্ভুত কল্যাণকর জল প্রদান করিয়াছ।

৭। হে মনোহর মূর্ত্তি, জ্ঞানসম্পন্ন ইন্দ্র! ইহা তোমারই কার্য্য, যে বৃত্রকে সংহার করিয়া তুমি জগতে নিজ বল প্রকাশ করিয়াছ। তুমি যুদ্ধ করিয়া শুষ্ণের কপটতা এবং দস্যুগণকে নষ্ট করিয়াছ।

৮। হে ইন্দ্র! তুমি নদীপারে অবস্থান করিয়া যদু এবং তুর্ব্বসুকে উর্ব্বরতাবিধয়ক জলদ্বারা প্রীত করিয়াছ। হে ইন্দ্র! তুমি ভয়ানক শুষ্ণকে

আক্রমণ করিয়াছ এবং তাহাকে বধ করিয়া কুৎসকে স্বগৃহে লইয়া গিয়াছ। এজন্য উশনা ও দেবগণ তোমাদিগের উভয়ের সম্মান করিয়াছেন।

৯। হে ইন্দ্র! হে কুৎস! এক রথে আরূঢ় তোমাদিগকে অশ্বগণ যজমানের নিকট আনয়ন করুক; তোমরা শুষ্ণকে তাহার আবাসভূত জল হইতে দূরীভূত করিয়াছ, তোমার ধনবান্ যজমানের হৃদয় হইতে অজ্ঞানরূপ অন্ধকার দূর করিয়াছে।

১০। হে ইন্দ্র! জ্ঞানী অবস্যু বায়ুর ন্যায় বেগগামী শান্ত প্রকৃতি অশ্ব সকল লাভ করিয়াছেন। অবস্যুর মিত্রভূত সমস্ত স্তবকারিগণ স্তব-দ্বারা ত্বদীয় বলের সংবর্দ্ধনা করেন।

১১। পূর্ব্বে এতশের সহিত সূর্য্যের যখন যুদ্ধ হইয়াছিল, তখন ইন্দ্র দ্রুতগামী সূর্য্যরথের গতি রোধ করিয়াছিলেন; ইন্দ্র পূর্ব্বে দ্বিচক্র রথের একখানি চক্র হরণ করিয়াছিলেন (১); সেই চক্রদ্বারা ইন্দ্র শত্রু নাশ করেন; ইন্দ্র আমাদগের যজ্ঞে উপস্থিত হইয়া আমাদিগকে পুরস্কার প্রদান করুন।

১২। হে মানবগণ! ইন্দ্র সোমরস প্রদানকারী মিত্রভূত যজমানকে দেখিবার আশায় তোমাদিগকে দেখিতে আসিয়াছেন; যজ্ঞমানগণ যে সোমচূর্ণ-কারী শব্দায়মান প্রস্তরের জন্য ত্বরা করেন, সেই প্রস্তর বেদির উপর সংস্থাপিত হউক।

১৩। হে অমর ইন্দ্র! যে সকল লোক ধনলাভার্থ ব্যগ্রতার সহিত তোমাকে কামনা করে, তাহারা যেন পাপে পতিত না হয়; তুমি যজমানগণের প্রতি প্রসন্ন হও এবং যাহাদিগের মধ্যে আমরা স্তবকারী হইয়া তোমার বিশেষ প্রিয়-পাত্র হইয়াছি, সেই সকল ব্যক্তিকে বল প্রদান কর।

৩২ সূক্ত।

ইন্দ্র দেবতা। অত্রির অপত্য গাতু ঋষি।

১। হে ইন্দ্র! তুমি মেঘকে বিদীর্ণ করিয়া জলনির্গম মার্গ উন্মুক্ত

(১) এতশের জন্য ইন্দ্র সূর্য্যের রথের একটি চক্র হরণ করিয়াছিলেন, একথায় বারং উল্লেখ আছে। ১। ১৭৫। ৪ ও টীকা দেখ। সূর্য্য গোলাকার একখানি চক্রের ন্যায়, ইহা হইতেই তাঁহার একচক্র রথের কথা এবং রথের অপর চক্র ইন্দ্র দ্বারা অপহৃত হইবার উপাখ্যান বোধ হয় উৎপন্ন হইয়াছে।

করিয়াছ; তুমি রুদ্ধজল সকলকে মুক্ত করিয়াছ; তুমি প্রকাণ্ড মেঘের দ্বার উদ্‌ঘাটিত করিয়া বৃষ্টিধারা পাতিত করিয়াছ এবং দনুর পুত্র বৃত্রকে সংহার করিয়াছ।

২। হে বজ্রধারী! তুমি বর্ষাকালে নিরুদ্ধ মেঘ সকলকে মুক্ত করিয়া দিয়াছ; তুমি মেঘের বল বর্দ্ধিত করিয়াছ; হে ভীষণ ইন্দ্র! তুমি জলে সুপ্ত বলবান্ বৃত্রকে বিনাশ করিয়া নিজ বীরত্বের খ্যাতি সংস্থাপিত করিয়াছ।

৩। ইন্দ্র নিজ বলদ্বারা বিপুলকায় মৃগের ন্যায় বেগগামী সেই বৃত্রের অস্ত্র সর্ব্বতোভাবে নষ্ট করিয়াছিলেন; বৃত্র হইতে অধিকতর বলশালী অপ্রতিদ্বন্দ্বী অন্য একটি দানব আবির্ভূত হইয়াছিল (১)।

৪। জলপূর্ণ মেঘের বিদারণকারী বজ্রধর ইন্দ্র বজ্রদ্বারা বলবান্ শুষ্ণকে বধ করিয়াছিলেন; শুষ্ণ বৃত্রাসুরের ক্রোধ হইতে উৎপন্ন হইয়া অন্ধকারে বিচরণ করিত, বারিপূর্ণ মেঘকে রক্ষা করিত এবং এই সকল জীবিত প্রাণিগণের খাদ্য আত্মসাৎ করিয়া উল্লাসিত হইত।

৫। হে বলবান্ ইন্দ্র! যখন সোমরস পানে হৃষ্ট হইয়া তুমি অন্ধকার মধ্যে যুদ্ধ প্রদানে উদ্যত বৃত্রের সন্ধান পাইয়াছিলে, যদিও সে আপনাকে অবধ্য বোধ করিয়াছিল, তথাপি তুমি তাহার কার্য্যদ্বারা তাহার মর্ম্মস্থান জানিতে পারিয়াছিলে।

৬। বৃত্র অন্তরিক্ষে শিশির সম্ভোগপূর্ব্বক জলমধ্যে শয়ন করিয়া প্রগাঢ় অন্ধকারে উল্লাসিত ছিল। অভীষ্টবর্ষী ইন্দ্র সোমরসপানে হৃষ্ট হইয়া বজ্র উত্তোলন করিয়া তাহাকে সংহার করিলেন।

৭। যখন ইন্দ্র সেই প্রকাণ্ড দানবের প্রতি বজ্র উদ্যত করিলেন; যখন তিনি তাহার প্রতি বজ্রদ্বারা আঘাত করিলেন, তখন সে প্রাণিগণের মধ্যে নিকৃষ্টতম বলিয়া প্রতীত হইল।

৮। সেই প্রকাণ্ড জলরক্ষক গমনশীল বৃত্র শত্রুসংহারপূর্ব্বক সমস্ত জগৎ আচ্ছন্ন করিয়া যৎকালে অবস্থান করিতেছিল, তখন ভীষণ ইন্দ্র তাহাকে ধারণ করিলেন এবং চলৎশক্তিবিহীন, বাক্‌শক্তিরহিত সেই অপরিমেয় দানবকে নিজ প্রকাণ্ড বজ্রদ্বারা সংহার করিলেন।

(১) "From the body of *Vritra*, it is said, sprang the more powerful *Asura Sushna*, that is, allegorically, the exhaustion of the clouds was followed by a drought, which Indra, or the atmosphere, had then to remedy."— *Wilson*.

৯। কে ইন্দ্রের শত্রু নাশক বল সহ্য করিতে সমর্থ হয়? অপ্রতিহত প্রভাবসম্পন্ন সেই ইন্দ্র একাকী শত্রুগণের ধন হরণ করেন; এই দুই স্বর্গীয় জীব স্বর্গ ও পৃথিবী বেগবান্ ইন্দ্রের পরাক্রম ভয়ে দ্রুতগমন করিতেছে।

১০। দীপ্তিমান্ স্বাধারভূত স্বর্গ ইন্দ্রের নিকট নীচভাবে গমন করে, গমনশীলা পৃথিবী অভিলাষিণী স্ত্রীর ন্যায় ইন্দ্রের নিকট আত্মসমর্পণ করে; যখন ইন্দ্র নিজ বল সমস্ত প্রজাগণের মধ্যে বিভক্ত করিয়া দেন, তখন মনুষ্যগণ ক্রমানুসারে বলবান্ ইন্দ্রকে প্রণাম করে।

১১। হে ইন্দ্র! আমি শুনিয়াছি তুমি মনুষ্যগণের মধ্যে প্রধান, সাধুগণের রক্ষক, পঞ্চ জনের হিতকরণার্থ জাত(১) এবং যশস্বী। আমার সন্ততিগণ যেন ইন্দ্রের নিকট নিজ অভিপ্রায় প্রকাশ করিয়া এবং তাঁহার স্তব কীর্ত্তন করিয়া তাঁহাকে প্রসন্ন করে।

১২। হে ইন্দ্র! আমি শুনিয়াছি, তুমি কালে কালে ধর্ম্ম প্রবৃত্তি উৎপাদন কর এবং উপাসকগণকে ধন প্রদান কর; তোমার প্রতি একাগ্রচিত্ত বন্ধুগণ কি লাভ করেন?।

৩৩ সূক্ত।

ইন্দ্র দেবতা। প্রজাপতির অপত্য সম্বরণ ঋষি।

১। আমি দুর্ব্বল হইয়াও, মাদৃশ মনুষ্যগণকে বল প্রদান করিবেন এই অভিপ্রায়ে মহাবলশালী ইন্দ্রের স্তব করিতেছি; অন্নলাভের নিমিত্ত স্তব করিলে ইন্দ্র মর্ত্ত্যগণের সহিত এই ব্যক্তির প্রতি অনুগ্রহ প্রদর্শন করেন।

২। হে ইন্দ্র! তুমি কামনা পূর্ণ কর; তুমি আমাদিগের প্রতি চিন্তা করিয়া এবং যে সকল স্তবে তোমার যথোচিত প্রীতি জন্মে, সেই সকল স্তবদ্বারা উত্তেজিত হইয়া তোমার অশ্বগণের বন্ধনরজ্জু বন্ধন কর এবং আমাদিগের শত্রুদিগকে পরাজিত কর।

৩। হে পরাক্রমশালী ইন্দ্র! যাহারা আমাদিগের হইতে বিভিন্ন এবং

(১) মূলে "পাঞ্চ জন্যং জাতং" আছে।
"পঞ্চজন" অর্থে পঞ্চ নদীকূলবাসী সমস্ত আর্য্য সম্প্রদায়, সে বিষয়ে ১।৮৯।১০ ঋকের টীকা দেখ। মহাভারতের "পঞ্চাল" জাতিরও মূল অর্থ পঞ্চ জাতি।

যাহারা তোমার সংশ্রবে থাকে না, শ্রদ্ধার অভাবহেতু তাহারা তোমার নহে(১)। অতএব হে দীপ্তিমান বজ্রধর! তোমার উৎকৃষ্ট অশ্ব আছে, তুমি আমাদিগের যজ্ঞে উপস্থিত হইবার জন্য রথে আরোহণ করিয়া রথের রশ্মি স্বয়ং চালিত কর।

৪। হে ইন্দ্র! যেহেতু তোমার অনেক স্তোত্র আছে, অতএব তুমি উর্ব্বরা ভূমির উপর জল বর্ষণ করিবার জন্য যুদ্ধ করিয়া বিঘ্নকারিগণকে সংহার করিয়াছ। হে কামনাপূরক! তুমি সূর্য্যের প্রতি অনুগ্রহ প্রদর্শনার্থ দাসের সহিত স্বদীয় গৃহে যুদ্ধ করিয়া তাহার নাম পর্য্যন্ত নষ্ট করিয়াছ।

৫। হে ইন্দ্র! আমরা তোমার, কারণ আমরা যাগ করিতেছি, তোমার বল বর্দ্ধিত করিতেছি এবং হোম করিবার নিমিত্ত তোমার নিকট উপস্থিত হইয়াছি। হে ইন্দ্র! তোমার বল সর্ব্বব্যাপী; রণস্থলে ভগের ন্যায় প্রশংসনীয় ও বিশ্বস্ত অনুচর যেন আমাদিগের নিকট উপস্থিত হয়।

৬। হে ইন্দ্র! তোমার বল পূজনীয়; তুমি অবিনশ্বর ও বিশ্বব্যাপী, তুমি উল্লাসিত হইয়া আমাদিগকে ঐশ্বর্য্য এবং উজ্জ্বল (২) ধন প্রদান কর; আমি ঐশ্বর্য্যশালী দাতার দানের প্রশংসা করিব।

৭। হে বীর ইন্দ্র! আমরা তোমার স্তব ও উপাসনা করিতেছি, তুমি আশ্রয় দিয়া আমাদিগকে রক্ষা কর এবং যথাবিধি অভিষুত মনোজ্ঞ সোমরস পান করিয়া প্রসন্ন হও; সেই সোমরস দ্বারা লোকে রণস্থলে নিজ নিজ রূপ প্রচ্ছন্ন করিতে সমর্থ হয়।

৮। গিরিক্ষিত গোত্রজাত পুরুকুৎসের পুত্র কাঞ্চনসম্পন্ন ধার্ম্মিক ত্রসদস্যু আমাকে যে দশটী অশ্ব প্রদান করিয়াছেন, তাহারা আমাকে যজ্ঞস্থলে বহন করুক এবং আমি যেন শীঘ্র যজ্ঞকার্য্যে ব্যাপৃত হই।

৯। মরুতাশ্বের পুত্র বিদথ আমাকে রক্তবর্ণ ও কর্ম্মকুশল যে সকল অশ্ব প্রদান করিয়াছেন, তাহারা আমাকে বহন করুক; তিনি পূজনীয় আমাকে যে সহস্র সহস্র ধন ও দেহের অলঙ্কার প্রদান করিয়াছেন, সেগুলি যোগের উপযোগী হউক।

১০। লক্ষ্মণের পুত্র ধন্য আমাকে যে সকল দীপ্তিমান্ কর্ম্মক্ষম অশ্ব প্রদান

(১) এখানে অনার্য্যদিগের অথবা আর্য্যগণের মধ্যেই ইন্দ্রে শ্রদ্ধা রহিত লোকদিগের উল্লেখ আছে।

(২) মূলে "এনীং রয়িং" আছে। "এনবর্ণাং শ্বেতবর্ণাং রয়িং ধনং।" সায়ণ। "Query, if silver money be intended."—*Wilson.*

করিয়াছেন, তাহারা আমাকে বহন করুক; ধেনুগণ যেরূপ গোচরণ স্থান প্রাপ্ত হয়, সেইরূপ তাঁহা কর্ত্তৃক প্রদত্ত সুমহৎ ধন সকল সম্বরণ ঋষির গৃহে উপস্থিত হইয়াছে।

৩৪ সূক্ত।

ইন্দ্র দেবতা। সম্বরণ ঋষি।

১। যিনি অজাতশত্রু ও শত্রু দমন করেন, অক্ষয়, স্বর্গপ্রদ হব্য তাঁহার নিকট উপস্থিত হয়, অতএব হে ঋত্বিকগণ! তোমরা হব্য বর্ষণ কর, পিষ্টকাদি পাক কর, এবং যিনি স্তব স্বীকার করেন ও সকলে যাঁহার স্তব করিয়া থাকে, তাঁহার প্রতি কর্ত্তব্য সম্পাদন কর।

২। ইন্দ্র সোমরস দ্বারা নিজ উদর পরিপূর্ণ করিয়াছিলেন এবং সুমধুর রস পানে উল্লাসিত হইয়াছিলেন। অনন্তর মৃগ নামক শত্রুকে সংহার করিতে ইচ্ছা করিয়া অপরিমিত বলশালী মহাবজ্র উত্তোলন করিয়াছিলেন।

৩। যে যজমান অহোরাত্র সেই ইন্দ্রকে সোম বর্ষণ করেন, তিনি দীপ্তিশালী হন। যে যজ্ঞ না করিয়া নিজ সন্ততি ও রূপের গর্ব্ব করে ও ধনবান্ হইয়া নীচ ব্যক্তিগণের সহায়তা করে। ইন্দ্র সেই ব্যক্তিকে অগ্রাহ্য করেন।

৪। যে পিতা ও মাতা ও ভ্রাতাকে স্বয়ং বধ করিয়াছে, ইন্দ্র সে ব্যক্তির নিকট হইতেও দূরে গমন করেন না; তদ্দত্ত হব্যও তিনি কামনা করেন। শাসনকারী ধনাধিপতি ইন্দ্র পাপ হইতেও বিচলিত হয়েন না (১)।

৫। ইন্দ্র শত্রু বধার্থ পঞ্চ বা দশ ব্যক্তির সহায়তা ইচ্ছা করেন না। যে ব্যক্তি হব্য দান করে না ও বন্ধু পোষণকারী নহে, ইন্দ্র তাহার সহবাসে থাকেন না; কম্পনকারী ইন্দ্র তাহাকে শাস্তি দেন বা বধ করেন। তিনি যাগকারীকে গোবিশিষ্ট গোষ্ঠে স্থাপন করেন।

৬। সংগ্রামে শত্রুক্ষয়কারী ইন্দ্র নিজ রথচক্রের বেগ বর্দ্ধিত করিয়া অভিষব রহিত ব্যক্তি হইতে দূরে গমন করেন এবং অভিষবকারীর সমৃদ্ধি

(১) এই ঋকের মর্ম্ম বোধ হয় এই যে ঘোর পাপীও ইন্দ্রের উপাসনা করিলে, ইন্দ্র সে উপাসনার বিমুখ হয়েন না।

বৃদ্ধি করেন। বিশ্বের দমনকারী, ভীষণ আর্য্য ইন্দ্র দাসকে বংশের ন্যায় লইয়া যান (২)।

৭। ইন্দ্র বণিকের ন্যায় ধন অপহরণ করিতে গমন করেন এবং মনুষ্যের শোভা বিধানকারী সেই ধন যজমানকে প্রদান করেন। যে সকল ব্যক্তি বলবান্ ইন্দ্রের ক্রোধ উদ্দীপ্ত করে, তাহারা মহাবিপদে পতিত হয়।

৮। ঐশ্বর্য্যশালী ইন্দ্র যখন দুইজন ধনাঢ্য ও উৎসাহবান্ ব্যক্তিকে উৎকৃষ্ট ধেনুর জন্য পরস্পর বিরুদ্ধাচরণ করিতে দেখেন, তিনি তন্মধ্য হইতে এক ব্যক্তিকে নিজ সঙ্গী করেন; কম্পনবিধায়ী ইন্দ্র সেই ব্যক্তিকে ধেনুসমূহ প্রদান করেন।

৯। হে অগ্নি! আমি অগ্নিবেশের পুত্র অপরিমিত ধনদাতা, সকলের উপমানভূত প্রসিদ্ধ শত্রি নামক রাজর্ষির স্তব করিতেছি; প্রচুর বারিরাশি তাঁহার সমৃদ্ধি বিধান করুক এবং তাঁহার ধন, বল ও গৌরব হউক।

৩৫ সূক্ত।

ইন্দ্র দেবতা। অঙ্গিরার অপত্য প্রভূবসু ঋষি।

১। হে ইন্দ্র! তুমি আমাদিগের রক্ষার নিমিত্ত তোমার নিরতিশয় কার্য্যসাধক, সর্ব্ববিজয়ী, পবিত্র ও রণস্থলে অজেয় কর্ম্মসমূহ সম্পাদন কর।

২। হে ইন্দ্র! তোমার যে চারি প্রকার রক্ষাকার্য্য আছে, হে বীর! তোমার যে তিন প্রকার রক্ষাকার্য্য আছে, অথবা যে পাচ প্রকার রক্ষা পঞ্চ ক্ষিতিতে সমর্পিত আছে, তুমি সম্যক্‌রূপে সেই সমস্ত রক্ষা আমাদিগকে প্রদান কর।

৩। হে ইন্দ্র! তুমি সর্ব্বাপেক্ষা সমধিকরূপে অভিলষিত ফল বর্ষণ কর বৃষ্টি প্রদান কর ও শীঘ্র শত্রু বিনাশ কর; আমরা তোমার সেই অভিলষিত রক্ষা আহ্বান করিতেছি, যাহা তুমি সর্ব্বব্যাপী মরুৎগণের সহিত মিলিত হইয়া প্রদান কর।

৪। হে ইন্দ্র! তুমি অভীষ্টবর্ষী এবং ধন প্রদানের নিমিত্ত জন্ম গ্রহণ কর; তোমার বল ফলবর্ষণ করে; স্বাভাবিক বলসম্পন্ন তোমার চিত্ত শত্রুগণের দমন করে এবং তোমার পৌরুষজনতা নষ্ট করে।

---

(২) মূলে আছে "যথা বংশং নয়তি দাসং আর্য্যঃ" অর্থ বোধ হয় এই যে আর্য্য ইন্দ্র দাসকেও তাঁহার পরিচর্য্যারত করেন।

৫। হে ইন্দ্র! তুমি বজ্রধারী; তোমার রথ সর্ব্বত্র অপ্রতিহতগতি; তুমি শত যজ্ঞের অনুষ্ঠানকারী ও বলের অধিপতি; যে মানব তোমার প্রতি শত্রুতাচরণ করে, তুমি তাহার বিরুদ্ধে যাত্রা কর।

৬। হে বৃত্রনাশক ইন্দ্র! মনুষ্যগণ যুদ্ধে সাহায্যার্থ তোমাকেই আহ্বান করে, কারণ তুমি ভীষণ ও সর্ব্বপ্রধান।

৭। হে ইন্দ্র! আমাদিগের দুর্নিবার্য্য, রণসঙ্কুল রথ নিরন্তর অনুচরবর্গের সহিত গমন করিয়া সর্ব্বপ্রকার ধনের জন্য সংগ্রামোদ্যত হইতেছে, তুমি ইহাকে রক্ষা কর।

৮। হে ইন্দ্র! তুমি আমাদিগের নিকট আত্মীয়স্বরূপ আগমন কর এবং নিজ উৎকৃষ্ট বুদ্ধিদ্বারা আমাদিগের রথ রক্ষা কর। তুমি নিরতিশয় বলশালী ও দীপ্তিমান্, আমরা তোমাতে সমস্ত অভিলষিত বল অনুমান করি এবং তোমার স্তব করি।

৩৬ সূক্ত।

ইন্দ্র দেবতা। প্রভূবসু ঋষি।

১। ধনদাতা ইন্দ্র কিরূপে ধন প্রদান করিতে হয় তাহা অবগত আছেন; তিনি ধানুষ্কের ন্যায় সাহসভরে আমাদিগের নিকট আগমন করুন এবং অতীব তৃষ্ণার্ত্ত হইয়া আগ্রহ সহকারে সমর্পিত সোমরস পান করুন।

২। হে অশ্বদ্বয়সম্পন্ন বীর ইন্দ্র! সোমরস পর্ব্বতশিখরের ন্যায় ত্বদীয় সংহারক হনুপ্রদেশে আরোহণ করুক। তুমি বিরাজিত হইতেছ; তোমাকে বহুলোকে আহ্বান করে; তৃণদ্বারা অশ্বগণের যেরূপ তৃপ্ত হয়, আমরা যেন স্তবদ্বারা সেইরূপ তোমার প্রীতি বিধান করিতে পারি।

৩। হে বজ্রধারী ইন্দ্র! বহুলোকে তোমাকে আহ্বান করে; ভূমি স্থিত চক্রের ন্যায় আমার হৃদয় দারিদ্র্য ভয়ে কম্পিত হইতেছে। তুমি ঐশ্বর্য্যশালী ও সদা সমৃদ্ধিসম্পন্ন; অতএব তোমার স্তবকারী পুরুবসু শীঘ্র বিস্তৃতভাবে রথারূঢ় তোমার স্তব করিবে।

৪। হে ইন্দ্র! তোমার এই স্তবকারী মহাফল সম্ভোগ করিয়া সোমপেষক প্রস্তরের ন্যায় তোমাকে স্তব প্রদান করিতেছে; তোমার ধন ও অশ্ব আছে; তুমি বাম ও দক্ষিণ হস্তদ্বারা ধন বিতরণ কর; তুমি আমার মনোরথ বিফল করিও না।

৫। হে অভীষ্টবর্ষী ইন্দ্র! এই অভীষ্টবর্ষী আকাশ তোমাকে সংবর্দ্ধিত করুক. তুমি জলবর্ষী এবং বর্ষণ সমর্থ, অশ্বগণ তোমাকে যজ্ঞস্থলে বহন করে। হে বর্ষণকারী বজ্রধর ইন্দ্র! তোমার হনু অতি সুন্দর ও তোমার রথ কল্যাণ বর্ষণ করে; তুমি রণস্থলে আমাদিগকে রক্ষা কর (১)।

৬। হে মরুৎগণ! যে তরুণ ও অন্নসম্পন্ন শ্রুতরথ রাজা আমাদিগকে দুইটী লোহিত বর্ণ অশ্ব ও তিন শত ধেনু প্রদান করিয়াছেন, তাবৎ লোক যেন তাঁহার পরিচর্য্যার্থ তাঁহাকে প্রণাম করে।

৩৭ সুক্ত।

ইন্দ্র দেবতা। অত্রি ঋষি।

১। যথাবিধি আহূত অগ্নিতে হব্য প্রদান করিলে ইহা প্রদীপ্ত হইয়া সূর্য্যরশ্মির সহিত প্রতিদ্বন্দ্বিতা করে; যে যজমান ইন্দ্রের হোম করে, এইরূপ বাক্য উচ্চারণ করে, উষা সকল যেন তাহার প্রতি অনুকূল হইয়া উদিত হয়।

২। যে যজমানের অগ্নি প্রজ্বালন ও কুশাস্তারণ সম্পন্ন হইয়াছে, তিনি পূজা করিতেছেন; যিনি পাষাণোত্তোলন পূর্ব্বক সোমরস নিঃসৃত করিয়াছেন, তিনি স্তব করিতেছেন. যাঁহার পাষাণ সকল হইতে সুমধুর শব্দ উত্থিত হইতেছে, তিনি হব্য লইয়া নদীতে অবগাহন করিতেছেন।

৩। ইন্দ্রের পত্নী পতির প্রতি অনুরাগিণী হইয়া যজ্ঞে তাঁহার অনুসরণ করিতেছেন; ইন্দ্র এইরূপে অনুগামিনী মহিষীকে স্বসমভিব্যহারে আনয়ন করিতেছেন; ইন্দ্রের রথ আমাদিগের নিকট প্রচুর অন্ন বহন করুক; ইহা উচ্চ ধ্বনি করুক এবং চতুর্দ্দিকে সহস্র ধন নিক্ষেপ করুক।

৪। যাঁহার রাজ্যে ইন্দ্র দুগ্ধমিশ্রিত তীব্র সোমরস পান করেন. সে রাজার কোন কষ্ট হয় না, তিনি অনুচরবর্গের সহিত সর্ব্বত্র গমন করেন, শত্রু সংহার করেন, প্রজাগণকে রক্ষা করেন এবং সুখ সম্ভোগ করিয়া ইন্দ্রের নাম পোষণ করেন।

৫। যিনি সোমরস নিঃসৃত করিয়া ইন্দ্রকে সমর্পণ করেন, তিনি বন্ধুবর্গের পোষণ করেন; তিনি প্রাপ্তধনের রক্ষণে ও অপ্রাপ্তধনের প্রাপ্তি বিষয়ে সমর্থ হয়েন, তিনি বর্ত্তমান ও নিয়ত অহোরাত্রকে জয় করেন; তিনি সূর্য্য ও অগ্নি উভয়েরই প্রিয়পাত্র।

(১) এই ঋকে "বৃষ" শব্দের অনুপ্রাস।

৩৮ সূক্ত।

ইন্দ্র দেবতা। অত্রি ঋষি।

১। হে ইন্দ্র! তোমার অসীম বীরত্ব; তুমি বদান্যভাবে প্রভূত ধন দান কর; তুমি সর্ব্বদর্শী ও উৎকৃষ্ট ধনের অধিকারী; অতএব তুমি আমাদিগকে ঐশ্বর্য্য প্রদান কর।

২। হে মহাবলশালী হিরণ্যবর্ণ ইন্দ্র! যদিও তুমি সুপ্রসিদ্ধ প্রচুর অন্নের অধিপতি, তথাপি ইহা নিতান্ত দুর্লভ বলিয়া সর্ব্বত্র কীর্ত্তিত হইয়া থাকে।

৩। হে বজ্রধর ইন্দ্র! পূজনীয় এবং বিখ্যাতকর্ম্মা মরুৎগণ তোমার বলস্বরূপ। তুমি ও তাঁহারা স্বর্গ ও পৃথিবীর উপর স্বেচ্ছবিহারী হইয়া শাসন করিতেছ।

৪। হে বৃত্রনাশক ইন্দ্র! আমরা তোমার উপাসনা করিতেছি, তুমি আমাদিগকে যে কোন ক্ষমতাশালীর ধন আনিয়া দাও, কারণ তুমি আমাদিগকে ধনাঢ্য করিতে অভিলাষী আছ।

৫। হে ইন্দ্র! তুমি শত যজ্ঞের অনুষ্ঠান করিয়াছ; আমরা যেন এই সকল স্তব করিয়া শীঘ্র তোমার সুখের অংশভাগী হই; আমরা যেন তোমাদ্বারা সুরক্ষিত হই; হে বীর! তুমি আমাদিগকে যত্নপূর্ব্বক রক্ষা কর।

---

৩৯ সূক্ত।

ইন্দ্র দেবতা। অত্রি ঋষি।

১। হে বজ্রধর ইন্দ্র! তোমার রূপ অতি বিচিত্র; হে ধনাধিপতি! মহামূল্য ধন তোমারই দেয়, অতএব তুমি ইহা উভয় হস্তে আমাদিগকে প্রদান কর।

২। হে ইন্দ্র! তুমি যে কোন খাদ্য উৎকৃষ্ট বোধ কর, তাহা আমাদিগকে প্রদান কর; আমরা যেন ত্বদীয় অসীম খাদ্যদানের পাত্র হই।

৩। হে বজ্রধর ইন্দ্র! তোমার দানশীল চিত্ত অতি উদার বলিয়া তুমি আমাদিগকে সারবান্ খাদ্য প্রদান করিতে আগ্রহ প্রকাশ কর।

৪। ইন্দ্র! ধনসম্পন্ন, তোমাদিগের নিরতিশয় পূজনীয়, তিনি মানবগণের অধিপতি; উপাসকগণ প্রাচীন স্তোত্রদ্বারা স্তব করিবার জন্য তাঁহার আশ্রয় গ্রহণ করে।

৫। এই ইন্দ্রের নিকটেই কাব্য এবং বাক্য এবং উক্থসমূহ উচ্চার্য্য, কারণ তিনি স্তোত্রবাহক ; অত্রিপুত্রগণ তাঁহারই নিকটে স্তোত্র সকল উচ্চৈঃস্বরে উচ্চারিত ও উদ্দীপিত করিতেছেন।

---

৪০ সূক্ত।

প্রথম ৪ ঋকের দেবতা ইন্দ্র, পঞ্চমের সূর্য্য, অবশিষ্ট ৪ ঋকের দেবতা অত্রি।

অত্রি ঋষি।

১। হে ইন্দ্র! তুমি আমাদিগের যজ্ঞে উপস্থিত হও। হে সোমের অধিপতি! তুমি পাষাণপিষ্ট সোমরস পান কর, তুমি মনোরথ পূর্ণ কর ও শত্রুদিগকে সমূলে উৎপাটন কর। তুমি বর্ষণকারী মরুৎগণের সহিত আইস।

২। সোম পেষক প্রস্তরগুলি বর্ষণকারী ; সোম জনিত হর্ষও বর্ষণকারী ; নিঃসৃত সোমরসও বর্ষণকারী। হে বর্ষণকারী ইন্দ্র! তুমি বর্ষণকারী মরুৎগণের সহিত উৎকৃষ্ট বৃত্র হন্তা (১)।

৩। হে বজ্রধর ইন্দ্র! তুমি অভীষ্টবর্ষী, তোমার বিচিত্র রক্ষার নিমিত্ত আমি সোমরস বর্ষণ করিয়া তোমাকে আহ্বান করিতেছি। হে বর্ষণকারী ইন্দ্র! তুমি বর্ষণকারী মরুৎগণের সহিত উৎকৃষ্ট বৃত্রহন্তা।

৪। ইন্দ্র ঋজীষ সোমরস স্বীকার করেন, বজ্র ধারণ করেন, কামনা পূর্ণ করেন ও দ্রুত শত্রুদিগকে আক্রমণ করেন। তিনি বলবান্, অধীশ্বর, বৃত্রসংহারক ও সোমরসপায়ী ; তিনি যেন রথে অশ্বদ্বয় যোজনা করিয়া আমাদিগের নিকট আগমন করেন ও মাধ্যাহ্নিক যজ্ঞে সোমরস পান করিয়া উল্লাসিত হন।

৫। হে সূর্য্য। যখন আসুর স্বর্ভানু তোমাকে অন্ধকারাচ্ছন্ন করিয়াছিল (২) ; নিজস্থান নিরূপণে অসমর্থ হতবুদ্ধি ব্যক্তি যেরূপ দৃষ্ট হয়, তৎকালে ত্রিভুবনও সেইরূপ লক্ষিত হইয়াছিল।

(১) এখানে এবং ইহার পরের ঋকে বৃষা শব্দের অনুপ্রাস।

(২) ৫ হইতে ৯ ঋকে সূর্য্য গ্রহণের উল্লেখ। মূলে "আসুরঃ স্বর্ভানুঃ" শব্দ আছে, অর্থাৎ বলবান্ স্বর্গীয় দীপ্তি। পৌরাণিক কালে যখন রাহুর নাম ও গল্পটী কল্পিত হইল, তখন এই "স্বর্ভানু" শব্দ রাহুর একটী নাম বলিয়া পরিগণিত হইল। ঋগ্বেদ সংহিতায় রাহু শব্দ নাই।

৬। হে ইন্দ্র! যখন তুমি সূর্য্যের অধঃস্থিত স্বর্ভানুর সেই সকল মায়া অন্ধকার দূরে অপসারিত করিয়াছিলে, তখন অত্রি চারিটী ঋকের দ্বারা কার্য্যবিঘাতক, অন্ধকার দ্বারা সমাচ্ছন্ন সূর্য্যকে প্রকাশিত করিলেন।

৭। সূর্য্য বলিতেছেন, হে অত্রি! আমি তোমার আত্মীয়, দ্রোহকারী যেন ক্ষুধাবশতঃ ভীষণ অন্ধকার দ্বারা আমাকে গ্রাস না করে, তুমি মিত্র ও সত্যপরায়ণ; তুমি ও রাজা বরুণ উভয়ে আমাকে রক্ষা কর।

৮। তখন সেই ঋত্বিক অত্রি সূর্য্যকে উপদেশ দিয়া প্রস্তর খণ্ডের ঘর্ষণ করিয়া এবং স্তোত্র দ্বারা দেবগণকে পূজা করিয়া, মন্ত্র প্রভাবে অন্তরিক্ষে সূর্য্যের চক্ষু সংস্থাপিত করিলেন: তিনি স্বর্ভানুর সমস্ত মায়া দূরে অপসারিত করিলেন।

৯। অসুর স্বর্ভানু অন্ধকার দ্বারা সূর্য্যকে আবৃত করিলে, অত্রি পুত্রগণ অবশেষে তাঁহাকে মুক্ত করিয়াছিলেন, অন্য কেহই সমর্থ হয় নাই।

---

৪১ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। অত্রির অপত্য ভৌম ঋষি।

১। হে মিত্র ও বরুণ! তোমাদিগের যাগ করিতে ইচ্ছা করিয়া কে ইহা সম্পন্ন করিতে সমর্থ হয়? তোমরা স্বর্গ, পৃথিবী ও অন্তরিক্ষের যে কোন স্থানে থাকিয়া আমাদিগকে রক্ষা কর এবং যজমান ও হব্যদাতাকে পশু ও ধন প্রদান কর।

২। মিত্র, বরুণ, অর্য্যমা, আয়ু, ইন্দ্র, ঋভুক্ষা ও মরুৎগণ, এই সমস্ত দেবগণের মনোহর পাপবর্জ্জিত স্তোত্র অতি প্রিয়। তাঁহারা রুদ্রের সহিত আনন্দের অংশ ভাগী হইয়া অস্মদ্দত্ত পূজা গ্রহণ করুন।

৩। হে অশ্বিদ্বয়! তোমরা দমনকারী; আমি তোমাদিগের রথ বায়ু-বেগদ্বারা বেগবান্ করিবার নিমিত্ত তোমাদিগকে আহ্বান করিতেছি। হে ঋত্বিগ্‌গণ! তোমরা যজ্ঞসাধক আকাশের অসুর রুদ্রকে স্তব ও হব্য প্রদান কর।

৪। মুনিগণ যাঁহাকে আহ্বান করেন, সেই স্বর্গীয় হব্যবাহক ত্রিত ও বায়ু ও অগ্নি, স্বর্গের অধিপতি অর্থাৎ সূর্য্যের সহিত তুল্যরূপে আনন্দ ভাগী হইয়া এবং পূষা ও ভগ ও যাঁহারা বিশ্বের রক্ষাকর্ত্তা ইহাঁরা সকলে শীঘ্র যজ্ঞস্থলে আগমন করুন, যেরূপ বেগবান্ অশ্বগণ সংগ্রামে বেগে ধাবিত হয়।

৫। হে মরুৎগণ! তোমরা অশ্বগণের সহিত ধন আহরণ কর; জ্ঞানী লোক ধন লাভ ও রক্ষা করিবার নিমিত্ত তোমাদিগের স্তব করেন; উশিজের পুত্র কক্ষীবানের হোতা অত্রি যেন সেই সকল বেগবান্ অশ্বলাভে সুখী হয়েন যে গুলি বেগগামী এবং তোমাদেরই।

৬। হে ঋত্বিগ্‌গণ! তোমরা দীপ্তিমান্, বিপ্র, পূজ্য বায়ুকে এরূপে স্তব কর, যাহাতে তিনি রথ যোজনা করিয়া যজ্ঞে উপস্থিত হয়েন; ক্ষিপ্রগমনা পূজা গ্রহণকারিণী, রূপসম্পন্না ও প্রশংসনীয়া দেব পত্নীগণ আমাদিগের যজ্ঞে আগমন করুন।

৭। হে পরাক্রমশালী দিবা ও রাত্রি; পূজনীয় স্বর্গস্থ দেবগণের সহিত আমি তোমাদিগকে সুখদায়ক ও অন্তরিক্ষ মন্ত্র সকলের সহিত হব্য প্রদান করিতেছি। তোমরা যেন সমস্ত অবগত হইয়া যাগার্থ যজমানের নিকট ইহা আনয়ন কর।

৮। হে বাস্তপতি ত্বষ্টা! হে ধন প্রদায়িনী ও অন্যান্য দেবগণের সহিত প্রীতিভাগিনী ধীষণা! হে বনস্পতিবর্গ! হে ওষধিগণ! আমি ধন লাভের জন্য তোমাদিগের প্রীতি সাধন পূর্ব্বক স্তব করিতেছি। তোমরা যাগাদি কার্য্যের নায়ক ও বহু লোকের পোষক।

৯। বীরগণের ন্যায় জগতের সংস্থাপক মেঘ বিস্তৃত দান বিষয়ে আমাদিগের প্রতি অনুকূল হউন; যিনি মানবগণের হিতকারী ও পূজিত, আপ্ত্য আমাদিগের স্তবে প্রসন্ন হইয়া সর্ব্বদা আমাদিগের সমৃদ্ধি বিধান করুন।

১০। আমি বর্ষণকারী, অন্তরিক্ষের গর্ভস্বরূপ এবং জলের নপ্তৃস্বরূপ ত্রিতকে(১) মনোহর স্তুতিদ্বারা স্তব করি। যৎকালে আমি গমন করি, তৎকালে অগ্নি সুখকর শিখা ধারণ করেন, আমার প্রতি ক্রোধ প্রকাশ করেন না, কিন্তু প্রদীপ্ত রশ্মি হইয়া বন সকল দগ্ধ করেন।

১১। আমরা কিরূপে বলবান্, রুদ্র পুত্রগণের স্তব করিব, ধনলাভের জন্য সর্ব্বজ্ঞ ভগকেই বা কোন্ স্তব অর্পণ করিব, বারিসমূহ, ওষধিবর্গ, স্বর্গ, বন সকল ও বৃক্ষ সকল যাহাদিগের কেশস্বরূপ, সেই সমস্ত পর্ব্বত আমাদিগকে রক্ষা করুন।

---

(১) সায়ণ এই সূক্তের ৪ ঋকে ত্রিত অর্থে ত্রিভুবন ব্যাপ্ত বায়ু করিয়াছেন, ৯ ঋকে আপ্ত্য অর্থে সকলের প্রাপ্তব্য আদিত্য করিয়াছেন এবং ১০ ঋকে ত্রিত অর্থে তিন স্থানে ব্যাপ্ত ত্রিবিধ অগ্নি করিয়াছেন। "আপ্ত্যত্রিত" সম্বন্ধে ১.৫২।৫ ঋকের টীকা দেখ। *

১২। আকাশগামী, সর্ব্বব্যাপী বলের অধিপতি বায়ু, আমাদিগের স্তব শ্রবণ করুন; নগরের ন্যায় সমুজ্জ্বল, মহাপর্ব্বতের চতুর্দ্দিকে প্রবাহিত বারিরাশি আমাদিগের বাক্যে কর্ণপাত করুন।

১৩। হে পরাক্রমশালী, সুন্দর মরুৎগণ! অভিলষিত হব্য গ্রহণ করিয়া আমরা তোমাদিগের যে সকল স্তব পাঠ করিতে আসিয়াছি, তাহা শ্রবণ কর; মরুৎগণ অনুকূল ভাবে আগমন করিয়া এবং ক্ষোভ দ্বারা অভিভূত প্রতিকূলবর্ত্তী মনুষ্যগণকে অস্ত্র দ্বারা বধ করিয়া আমাদিগের নিকট উপস্থিত হউন।

১৪। আমি স্বর্গজ ও পৃথিবীজাত জল লাভ করিবার নিমিত্ত যজ্ঞার্হ মরুৎগণের উপাসনা করিতেছি। আমার স্তোত্র সকল সমৃদ্ধিশালী হউক; প্রীতিদায়ক স্বর্গ সকল সমৃদ্ধি সম্পন্ন হউক; মরুৎসমূহ দ্বারা পরিপুষ্ট নদী সকল যেন বারিপূর্ণ হয়।

১৫। আমি নিরন্তর স্তব করিতেছি, যাহা বরুত্রীরূপে আমাদিগকে রক্ষ করিতে সমর্থ হইবেন; সকলের জননীস্বরূপ পূজনীয়া মহী আমাদিগের স্তব গ্রহণ করুন, প্রশস্ত ও বিচক্ষণ উপাসকগণের প্রতি প্রসন্ন হউন এবং অনুকূল হস্ত হইয়া আমাদিগকে কল্যাণ প্রদান করুন।

১৬। আমরা কিরূপে দানশীল মরুৎগণের সমুচিত স্তব করিব? কিরূপে বর্ত্তমান স্তব দ্বারা মরুৎগণের যথাযোগ্য উপাসনা করিব? বর্ত্তমান স্তব দ্বারা সেই গৌরবশালী মরুৎগণের স্তব কিরূপে সম্ভবিবে? দেব অহির্ব্রধ্ন্য যেন আমাদিগের অনিষ্ট না করিয়া শত্রুদিগকে সংহার করেন।

১৭। হে দেবগণ! মনুষ্য সন্ততি ও পশু সকলের জন্য এইরূপে নিয়ত তোমাদিগের উপাসনা করে; হে দেবগণ! মনুষ্য তোমাদিগের উপাসনা করে। এই যজ্ঞে নির্ঋতি পাপ দেবতা কল্যাণকর খাদ্যদ্বারা আমার দেহ পোষণ করুন ও জরা দূর করুন।

১৮। হে দীপ্তিমান্ বসুগণ! আমরা যেন তোমাদিগের সেই সুমতি ধেনু হইতে বলকর ও হৃদয়পোষক খাদ্য লাভ করি। সেই দানশীলা ও সুখদায়িনী দেবতা যেন আমাদিগের সুখের জন্য সত্বর আগমন করেন।

১৯। গোসমূহের মাতা ইলা ও উর্ব্বশী নদীগণের সহিত আমাদিগের প্রতি অনুকূল হউন; নিরতিশয় দীপ্তিশালিনী উর্ব্বশী(২) আমাদিগের

(২) সায়ণ উর্ব্বশী অর্থে মধ্যমিকা বাক্ বা মনুষ্যের বাক্য করিয়াছেন। কিন্তু ১।২০।১ ঋকের টীকা এবং ৪।২।১৮ ঋকের টীকা দেখ। এই সূক্তে উর্ব্বশীর উষা অর্থ করিলে

যাগাদি ক্রিয়ার প্রশংসা করিয়া এবং যজমানকে দীপ্তিদ্বারা সমাচ্ছাদিত করিয়া উপস্থিত হউন।

২০। তিনি পোষণকারী ঊর্জব্য রাজার অনুচর আমাদিগকে পোষণ করুন।

---

৪২ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। ভৌম ঋষি।

১। প্রদত্ত হব্যের সহিত নিরতিশয় সুখদায়ক আমাদিগের স্তোত্র বরুণ, মিত্র, ভগ ও অদিতির নিকট উপস্থিত হউক; যিনি প্রাণাদি পঞ্চ বায়ুর সাধক, যিনি বিবিধ বর্ণে অন্তরিক্ষে অবস্থান করেন; যাঁহার গতি অপ্রতিহত, যিনি প্রমুর ও সুখদাতা, সেই বায়ু আমাদিগের স্তোত্র শ্রবণ করুন।

২। জননী যেরূপ পুত্রকে গ্রহণ করেন, অদিতি সেইরূপ আন্তরিক ও সুখদায়ক মদীয় স্তোত্র গ্রহণ করুন; আমি বরুণ ও মিত্রকে উদ্দেশ করিয়া মনোহর, আনন্দদায়ক ও দেবগ্রাহ্য স্তোত্র প্রদান করিতেছি।

৩। হে ঋত্বিগ্‌গণ! তোমরা সর্ব্বজ্ঞ শ্রেষ্ঠ এই সম্মুখস্থিত অগ্নি বা সূর্য্যের স্তোত্রদ্বারা প্রীতি বর্দ্ধন কর; মধুর সোমরস ও ঘৃতদ্বারা ইহাকে অভিষিক্ত কর; সেই সূর্য্যদেব আমাদিগকে পবিত্র হিতকর ও আনন্দদায়ক ধন প্রদান করুন।

৪। হে ইন্দ্র! তুমি আমাদিগকে আন্তরিক ইচ্ছার সহিত ধেনু প্রদান করিতেছ; তুমি অশ্বদ্বয়াধিপতি, তুমি আমাদিগকে জ্ঞানসম্পন্ন পুত্র সমৃদ্ধি, দেবগ্রাহ্য অন্ন, ও যাগার্হ দেবগণের অনুগ্রহ, প্রদান কর।

৫। দীপ্তিমান্ ভগ, ধনাধিপতি সূর্য্য ও বৃত্র নাশক ইন্দ্র, সমস্ত ধনবিজয়ী ঋভুক্ষা, বাজ ও পুরন্ধি, এই সমস্ত অমর সত্বর উপস্থিত হইয়া আমাদিগকে রক্ষা করুন।

৬। আমরা ইন্দ্রের বীরত্ব কীর্ত্তন করিতেছি; তাঁহার জরা নাই, তিনি যুদ্ধে কখন পৃষ্ঠভঙ্গ দেন না, অথচ জয়লাভ করেন; হে ইন্দ্র! প্রাচীনগণ,

---

সুন্দর অর্থ হয়। পুরাণে যে পুরূরবা ও উর্ব্বশীর গল্প আছে, তাহার সূত্রপাত ঋগ্বেদের ১০ মণ্ডলের ৯৫ সূক্তে পাওয়া যায়। পাঠক সে সূক্তের অনুবাদ যথা স্থানে পাইবেন।

আচার্য্য মক্ষ মূলর বিবেচনা করেন যে "ইউরোপ" শব্দ উর্ব্বশীর প্রতিরূপ, এবং বৃষদ্বারা ইউরোপের হরণ সম্বন্ধীয় গ্রীক্ গল্প পৌরাণিক উর্ব্বশী ও পুরূরবার গল্পের, অর্থাৎ উষা ও প্রণয়ের গল্পের প্রতিরূপ।

তাহাদিগের পশ্চাদ্বর্ত্তিগণ বা কোনও নব্য লোক তদীয় বীরত্বলাভে সমর্থ হয় নাই।

৭। প্রধান রত্নদাতা বৃহস্পতির স্তব কর; তিনি ধন সকল বিভাগ করিয়া প্রদান করেন, তিনি স্তবকারীকে মহাসুখ প্রদান করেন ও ধনরাশি পূর্ণ হইয়া আহ্বানকারীর নিকট উপস্থিত হয়েন।

৮। হে বৃহস্পতি! তুমি মনুষ্যগণকে রক্ষা করিলে, শত্রু সকল তাহাদিগের হিংসা করিতে সমর্থ হয় না এবং তাহাদিগের ধনলাভ ও উৎকৃষ্ট পুত্র লাভ হয়। যে সকল ধনাঢ্য লোক অশ্ব, গো ও বস্ত্র দান করেন, তাহাদিগের ধন লাভ হউক।

৯। যাহারা স্বয়ং সুখভোগ করে, অথচ স্তোত্রদ্বারা সুখ প্রদান না করে, তাহাদিগের ধন ক্ষয় কর; যাহারা যাগাদি ক্রিয়ার অনুষ্ঠান না করিয়া মন্ত্রের প্রতি বিদ্বেষ করে, হে ব্রহ্মণস্পতি! তাহারা সন্ততি সম্পন্ন হইলেও তুমি তাহাদিগকে সূর্য্য হইতে পৃথক কর অর্থাৎ অন্ধকারে নিমগ্ন কর।

১০। হে মরুৎগণ; যে ব্যক্তি রাক্ষসগণকে দেব যজ্ঞে আহ্বান করে, তোমরা চক্রহীন রথ দ্বারা তাহাকে অন্ধকারে নিক্ষেপ কর; যে ব্যক্তি তুচ্ছ অভিলাষ পূর্ণ করিবার জন্য স্বয়ং ঘর্ম্মাক্ত হয় ও তোমাদিগের উপাসক আমার নিন্দা করে, তাহাকেও সেইরূপ কর।

১১। যাঁহার ধনুর্ব্বাণ অতি উৎকৃষ্ট, যিনি সমস্ত ঔষধের অধিপতি, সেই রুদ্রের স্তব কর, বিশিষ্ট চিত্ত শান্তির জন্য রুদ্রের উপাসনা কর; নমস্কার দ্বারা সেই দীপ্তিমান্ অসুরের পূজা কর।

১২। বশীকৃত চিত্ত, লঘুহস্ত ঋভুগণ ও বিভুদ্বারা কৃত, বর্ষণকারী ইন্দ্রের পত্নীস্বরূপ নদী সকল ও সরস্বতী ও দীপ্তিমতী রাকা সকলে সমুজ্জ্বল ও অভীষ্টবর্ষী, আমাদিগকে ধন প্রদান করিতে অভিলাষ করুন।

১৩। আমি মহান ও রক্ষাকারী ইন্দ্রকে হৃদয়ের সহিত নূতন ও সদ্যো জাত স্তব প্রদান করিতেছি। ইন্দ্র বর্ষণকারী; তিনি কন্যাস্বরূপ, পৃথিবীর হিতের নিমিত্তে নদী সকলের রূপ বিধান করিয়া, এই জল আমাদিগের ব্যবহারার্থ সম্পাদন করুন।

১৪। হে উপাসক! ত্বদীয় উৎকৃষ্ট স্তব সেই শব্দায়মান্ গর্জ্জনকারী ইলপতি পর্জ্জন্যের নিকট নিশ্চিতভাবে উপস্থিত হউক; তিনি মেঘ সকল ধারণ করেন; তিনি বারিবর্ষণ করিয়াও স্বর্গ ও পৃথিবীকে বৈদ্যুতালোকে আলোকিত করিয়া গমন করেন।

১৫। রুদ্রের তরুণ পুত্র মরুৎগণের বল সমীপে এই মদীয় স্তোত্র সমধিকরূপে উপস্থিত হউক; ধনেচ্ছা আমাকে নিরন্তর উত্তেজিত করিতেছে; বিবিধ বর্ণ অশ্বে আরোহণ করিয়া যাঁহারা যজ্ঞে গমন করেন, তাঁহাদিগের স্তব কর।

১৬। ধনের নিমিত্ত এই স্তোত্র পৃথিবী, স্বর্গ, বৃক্ষ, ওষধিবর্গের নিকট উপস্থিত হউক; আমি যেন সমস্ত দেবতাকে আহ্বান করিয়া কৃতার্থ হই; মাতা পৃথিবী যেন আমাদিগকে নিগ্রহ বুদ্ধিতে গ্রহণ না করেন।

১৭। হে দেবগণ! আমরা যেন নিস্তর নির্ব্বিঘ্নে মহাসুখ ভোগ করি।

১৮। আমরা যেন অশ্বিদ্বয়ের এরূপ রক্ষা লাভ করি, যাহা পূর্ব্বে কেহ কখন অনুভব করে নাই, যাহা আনন্দদায়ক ও সুসম্পন্ন। হে অবিনশ্বর অশ্বিদ্বয়! তোমরা আমাদিগকে ঐশ্বর্য্য, বীর পুত্র ও সমস্ত সৌভাগ্য প্রদান কর।

---

৪৩ সুক্ত।

বিশ্বদেবগণ দেবতা। অত্রি ঋষি।

১। দ্রুতগামী নদী সকল কোন অনিষ্ট উৎপাদন না করিয়া, মধুররসের সহিত আমাদিগের নিকট আগমন করুন, জ্ঞানী উপাসক বিপুল ধনের নিমিত্ত আনন্দদায়ক সপ্ত মহানদীকে আহ্বান করেন।

২। আমি অন্ন লাভের নিমিত্ত উৎকৃষ্ট স্তব ও হব্যদ্বারা হিংসা রহিত স্বর্গ ও পৃথিবীকে প্রসন্ন করিতে ইচ্ছা করিতেছি; সুপ্রসিদ্ধ পিতৃভূত স্বর্গ ও মাতৃস্বরূপ প্রিয়বাদিনী মুক্তহস্তা পৃথিবী আমাদিগকে প্রতি যুদ্ধে রক্ষা করুন।

৩। হে ঋত্বিগ্‌গণ! তোমরা মধুর হব্য প্রস্তুত করিয়া সর্ব্বাগ্রে বায়ুকে প্রচুর পরিমাণে প্রীত কর, দীপ্ত সোমরস প্রদান কর; হে দীপ্তিমান্ বায়ু! তুমি উল্লাসিত হইবে বলিয়া আমরা সুমিষ্ট সোমরস প্রদান করিতেছি, তুমি হোতার ন্যায় অন্যান্য দেবগণের পূর্ব্বে ইহা আমাদিগের কল্যাণ নিমিত্ত পান কর।

৪। ঋত্বিকের দশটী সোমপেষক অঙ্গুলি ও সোমরস-নিঃসারণ-পটু দুইটী বাহু পাষাণ গ্রহণ করিতেছে; কুশলাঙ্গুলিযুক্ত ঋত্বিক্ আনন্দিত হইয়া মধুর সোম হইতে শৈলজ রস দোহন করিতেছেন এবং সোম হইতে নির্ম্মল রস নিঃসৃত হইতেছে।

৫। হে ইন্দ্র! তোমার সেবার্থ কার্য্যে, তোমার বল বিধানার্থ ও তোমার মহোল্লাসের জন্য সোমরস সমর্পিত হইয়াছে; অতএব আমরা তোমাকে আহ্বান করিতেছি, তুমি প্রিয় সুশিক্ষিত ও বিনম্র ত্বদীয় অশ্বদ্বয় রথে যোজনা করিয়া আমাদিগের নিকট আগমন কর।

৬। হে অগ্নি! তুমি আমাদিগের প্রতি প্রসন্ন হইয়া, সুমধুর সোমপানে উল্লাসিত হইবার নিমিত্ত দেবগন্তব্য পথদ্বারা আমাদিগের নিকট গ্না দেবীকে আনয়ন কর; সেই বলশালিনী দেবী সর্ব্বত্র গমন করেন ও সমস্ত যজ্ঞ অবগত হয়েন; স্তোত্রের সহিত এই দেবীকে হব্য সমর্পিত হয়।

৭। জ্ঞানী ঋত্বিগ্‌গণ যজ্ঞ কামনায় পিতৃক্রোড়ে পুত্রের ন্যায় অগ্নির উপর হব্য পাত্র স্থাপন করিয়াছেন; বোধ হইতেছে যেন তাঁহারা একটী স্থূলকায় পশু অগ্নিদ্বারা দগ্ধ করিতেছেন।

৮। পূজনীয়, মহান্ ও সুখদায়ক এই স্তব অশ্বিদ্বয়কে এস্থানে আহ্বান করিবার নিমিত্ত দূতের ন্যায় গমন করুক; হে সুখদায়ক অশ্বিদ্বয়! তোমরা এক রথে আরোহণ করিয়া অর্পিত সোম সমীপে আগমন কর, কারণ রথচক্রে কীল যেরূপ প্রয়োজনীয় তোমরা সেইরূপ।

৯। আমি বলবান্ ও বেগগামী পূষা ও বায়ুর স্তব করিতেছি; ইঁহারা উভয়েই ধন ও অন্নের নিমিত্ত লোকের বুদ্ধি উত্তেজিত করেন এবং উভয়েই ধন প্রদান করেন।

১০। হে সর্ব্বভূতজ্ঞ অগ্নি! আমরা তোমার আহ্বান করিতেছি, তুমি বিবিধ নামধারী ও বিভিন্নাকৃতি মরুদ্‌গণকে এস্থানে আনয়ন কর। হে অখিল মরুদ্‌গণ! তোমরা রক্ষার সহিত যজমানের যজ্ঞে, স্তোত্রে ও পূজায় উপস্থিত হও।

১১। দেবী সরস্বতী স্বর্গ অথবা সুবিস্তীর্ণ অন্তরিক্ষ হইতে যজ্ঞস্থলে অবতীর্ণ হউন এবং জলবর্ষণ করিয়া ও আমাদিগের স্তবে প্রসন্ন হইয়া স্বেচ্ছা পূর্ব্বক আমাদিগের এই সকল সুখকর স্তোত্র শ্রবণ করুন।

১২। বলবান্, সৃষ্টিকারক, স্নিগ্ধাঙ্গ বৃহস্পতিকে যজ্ঞগৃহে স্থাপন কর, তিনি গৃহমধ্যে অবস্থিত হইয়া সর্ব্বত্র প্রভা বিস্তৃত করিতেছেন; তিনি হিরণ্যবর্ণ ও দীপ্তিমান্; আমরা তাঁহার পূজা করি।

১৩। অগ্নি সকলের ধারণ কর্ত্তা, অতি দীপ্তিশালী, অভীষ্টবর্ষী শিখা ও ঔষধি সমূহদ্বারা সমাচ্ছাদিত। তিনি অপ্রতিহতগতি এবং লোহিত, শুক্ল ও

কৃষ্ণবর্ণ জ্বালা সমূহে পরিব্যাপ্ত। তিনি বর্ষণকারী ও অন্নদাতা। আমরা তাঁহাকে আহ্বান করিতেছি, তিনি সমস্ত রক্ষার সহিত আগমন করুন।

১৪। যজমানের হোতা প্রভৃতি হব্যপাত্রধারী ঋত্বিগ্গণ জননীস্বরূপ পৃথিবীর উজ্জ্বল ও অত্যুৎকৃষ্ট স্থানে উত্তর বেদিতে গমন করিয়াছেন; লোকে জীবন বৃদ্ধির জন্য শিশুর অঙ্গ সকল যেরূপ ঘর্ষণ করে, তদ্রূপ তাঁহারা সদ্যোজাত কোমল প্রকৃতি অগ্নিকে স্তোত্রের সহিত হব্য প্রদান পূর্ব্বক পোষণ করিতেছেন।

১৫। হে অগ্নি! তুমি বলশালী; পরিণীত দম্পতী ধর্ম্মকর্ম্ম দ্বারা জীর্ণ হইয়া একত্রে তোমাকে প্রচুর হব্য প্রদান করিতেছে(১)। আমি যেন সমস্ত দেবতাকে আহ্বান করিয়া কৃতার্থ হই; তাঁহারা যেন আমাদের প্রতি বিরুদ্ধ বুদ্ধি ধারণ না করেন।

১৬। হে দেবগণ! আমরা যেন নিরন্তর নির্ব্বিঘ্নে মহাসুখ সম্ভোগ করি।

১৭। আমরা যেন অশ্বিদ্বয়ের এরূপ রক্ষা লাভ করি, যাহা পূর্ব্বে কেহ কখন অনুভব করে নাই, যাহা আনন্দদায়ক ও সুসম্পন্ন। হে অবিনশ্বর অশ্বিদ্বয়! তোমরা আমাদিগকে ঐশ্বর্য্য, বীরপুত্র ও সমস্ত সৌভাগ্য প্রদান কর।

---

৪৪ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। কশ্যপের অপত্য অবৎসার ঋষি।

১। প্রাচীন যজমানগণ, আমাদিগের পূর্ব্ববর্ত্তিগণ, সমস্ত প্রাণী ও আধুনিকগণ, যেরূপ ইন্দ্রের স্তব করিয়া পূর্ণ মনোরথ হইয়াছেন, সেইরূপ তুমিও তাঁহার স্তব করিয়া পূর্ণকাম হও; তিনি দেবগণের মধ্যে বয়োজ্যেষ্ঠ ও শ্রেষ্ঠ, কুশাসীন, সর্ব্বজ্ঞ, আমাদিগের সম্মুখবর্ত্তী, বলশালী, বেগবান্ ও জয়শীল; এইরূপ স্তবদ্বারা তুমি তাঁহার সংবর্দ্ধনা করিতে পারিবে।

২। হে ইন্দ্র! তুমি স্বর্গে প্রভা বিস্তার করিয়া মানবগণের হিতের জন্য সমস্তদিকে অবর্ষণকারী মেঘের মধ্যে যে সুন্দর জলরাশি আছে, তৎ সমস্ত বর্ষণ কর, তুমি সৎকর্ম্মদ্বারা মানুষগণকে রক্ষা কর, কিন্তু হিংসা কর না, তুমি শত্রুর মায়া অতিক্রম কর, তোমার নাম সত্যলোকে বিদ্যমান আছে।

---

(১) এ স্থানে ও অন্যান্য স্থানে স্ত্রী পুরুষের একত্রে যজ্ঞ অনুষ্ঠানের উল্লেখ আছে।

৩। তিনি অগ্নি নিত্য, ফলসাধক ও বিশ্বধারক হব্য বহন করেন; তিনি অপ্রতিহতগতি, হোমনির্ব্বাহক ও বলবিধায়ক। তিনি প্রধানতঃ দ্যুলোকের উপর দিয়া গমন করেন; তিনি জলবর্ষণকারী, শিশু, তরুণ, জরারহিত এবং ওষধিগণের মধ্যে স্থাপিত।

৪। যজমানের জন্য যাগবৃদ্ধিকারী এই সকল সূর্য্যকিরণ পরস্পর উত্তম-রূপে সম্মিলিত হইয়া যজ্ঞভূমিতে গমন করিবার অভিলাষে অবতীর্ণ হইতেছে; বেগগামী ও সর্ব্বনিয়ন্তা এই সমস্ত কিরণদ্বারা কার্য্য করিয়া আদিত্য বারি-রাশিকে নিম্নদেশে প্রেরণ করিতেছেন।

৫। হে অগ্নি! তোমার স্তোত্র অতি মনোহর, যখন নিঃসৃত সোমরস কাষ্ঠময় পাত্রে গৃহীত হয় এবং তুমি সেই রস গ্রহণ করিয়া মনোহর স্তবশ্রবণে উল্লাসিত হও, তৎকালে উপাসকগণের মধ্যে তোমার বিশেষ শোভা হয়; হে জীবনদাতা! যজ্ঞে তোমার রক্ষাকারী শিখা সকল বর্দ্ধিত কর।

৬। দেবতা যেরূপ দৃষ্ট হয়েন, সেই রূপই বর্ণিত হয়েন, তাঁহারা জল-মধ্যে সমবেত দীপ্তি সহকারে নিজরূপ ধারণ করেন; তাঁহারা আমাদিগকে পূজ্য ও প্রভূত ধন, মহাবেগ, অসংখ্য বীর্য্যশালী পুত্র ও অক্ষয় বল প্রদান করুন।

৭। এই সর্ব্বদর্শী অগ্রগামী সূর্য্য শত্রুগণের সহিত যুদ্ধাভিলাষী হইয়া, পত্নী উষা সমভিব্যাহারে সাহসপূর্ব্বক অগ্রসর হইতেছেন; ধন তাঁহারই আয়ত্তা-ধীন; তিনি আমাদিগকে উজ্জ্বল ও সর্ব্বত্র রক্ষাকারী গৃহ ও পূর্ণ সুখ প্রদান করুন।

৮। হে দেব শ্রেষ্ঠ সূর্য্য বা অগ্নি! যজমান তোমার নিকট গমন করেন; তুমি উদয়াদি লক্ষণদ্বারা পরিজ্ঞাত হও; ঋষিগণ তোমার সেই সকল স্তব করেন, যদ্দারা তোমার নাম বর্দ্ধিত হয়। তিনি যে কোন বিষয়ে কামনা করেন, কার্য্য দ্বারা তাহাই লাভ করেন, এবং যিনি স্বেচ্ছাবশতঃ পূজা করেন তিনি প্রচুর পুরস্কার প্রাপ্ত হন।

৯। আমাদিগের এই সমস্ত স্তবের মধ্যে প্রধান স্তোত্রগুলি সমুদ্র তুল্য সূর্য্যের নিকট উপস্থিত হয়। যে যজ্ঞগৃহে তাঁহার স্তোত্র সকল বিস্তীর্ণ হয় তাহার ক্ষয় হয় না। যে স্থানে পবিত্র সূর্য্যের প্রতি চিত্ত সমর্পিত হয়, তথায় উপাসকের হৃদয়গত অভিলাষ বিফল হয় না।

১০। তিনি নিশ্চয় সকলের স্তুত্য। আইস আমরা ক্ষত্র, মনস, অবদ, যজত,

সপ্রি ও অবৎসার নামক ঋষিগণ জ্ঞানি-ভোগ্য বলকর অন্ন, মনোহর চিন্তাদ্বারা পূর্ণ করি।

১১। বিশ্ববার, যজত ও মায়ী এই তিন ঋষির সোমরস জনিত মত্ততা শ্যেন পক্ষীর ন্যায় শীঘ্রগামী, অদিতির ন্যায় বিস্তৃত এবং কক্ষ্য পূরক। তাঁহারা সোমপান করিবার জন্য পরস্পর পরস্পরকে প্রার্থনা করিতেছেন ও প্রচুর পান করিয়া অতিরিক্ত মত্ততা লাভ করিতেছেন।

১২। সদাপৃণ, যজত, বাহুবৃক্ত, শ্রুতবিৎ ও তর্য্য এই পঞ্চঋষি তোমাদিগের সহিত মিলিত হইয়া শত্রুসংহার করুন। ঋষি ইহলোক ও পরলোক উভয় লোকেই শ্রেষ্ঠ কামনা সকল লাভ করিয়া দীপ্তিমান্ হন, কারণ তিনি সুমিশ্রিত হব্য ও স্তোত্র দ্বারা বিশ্বদেবগণের উপাসনা করেন।

১৩। সুতম্ভরযজ্ঞের যজমানের হোতা হইয়া সমস্ত যজ্ঞকার্য্য ঊর্দ্ধে উন্নীত করিতেছেন। ধেনু সুরস দুগ্ধ প্রদান করিতেছে; ঐ দুগ্ধ বিতরিত হইতেছে; এই সমস্ত ক্রমানুসারে ঘোষণা করিয়া অবৎসার নিদ্রা পরিত্যাগ পূর্ব্বক অধ্যয়ন করিতেছেন।

১৪। যে দেব সর্ব্বদা জাগরিত থাকেন, ঋক সকল তাঁহাকে কামনা করে। যে দেব সর্ব্বদা জাগরিত থাকেন, সামগান সকল তাঁহাকে প্রাপ্ত হয়। যে দেব সর্ব্বদা জাগরিত থাকেন, এই সোম তাঁহাকে এই কথা বলে। হে অগ্নি! আমি যেন নিয়ত তোমার সহবাসে থাকি।

১৫। অগ্নি নিয়ত বিনিদ্র থাকেন, ও ঋক্ সকল তাঁহাকে কামনা করে। অগ্নি নিয়ত বিনিদ্র থাকেন ও সামগান সকল তাঁহাকে প্রাপ্ত হয়। অগ্নি নিয়ত বিনিদ্র থাকেন ও এই সোম তাহাকে এই কথা বলে। হে দেব! আমি যেন নিরন্তর তোমার সহবাসে থাকি।

---

৪৫ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। সদাপৃণ ঋষি।

১। অঙ্গিরাগণ স্তব করাতে ইন্দ্র স্বর্গ হইতে বজ্র নিক্ষেপ করিয়া নিগূঢ় ধেনুগণের পুনরুদ্ধার করিয়াছেন। আগামিনী উষার রশ্মি সকল সর্ব্বত্র ব্যাপ্ত হইয়াছে। সূর্য্যদেব রাশীকৃত তমোনাশ করিয়া উদিত হইয়াছেন এবং মানবগণের গৃহের দ্বার সকল উন্মুক্ত করিয়াছেন।

২। পদার্থ সকল যে প্রকার ভিন্ন ভিন্ন রূপ প্রকাশ করে, সূর্য্য সেই প্রকার নিজ দীপ্তি বিস্তার করিতেছেন। কিরণ জালের জননী স্বরূপ উষা সূর্য্যের আগমন উৎপ্রেক্ষা করিয়া বিস্তৃত অন্তরিক্ষ হইতে অবতীর্ণ হইতেছেন। কূলঙ্কষা নদী সকল প্রবহমান বারিরাশির সহিত প্রবাহিত হইতেছে। সুঘটিত স্তম্ভের ন্যায় স্বর্গ সুদৃঢ়ভাবে অবস্থান করিতেছে।

৩। মহাস্তুতি সকলের প্রাচীন রচয়িতার ন্যায় যৎকালে আমি স্তব করিতেছি, মেঘের গর্ভস্থিত বারিরাশি আমার উপর পতিত হইতেছে, মেঘ হইতে জল পতিত হইতেছে, আকাশ নিজ কার্য্য সাধন করিতেছে। যত্ন সহকারে উপাসনাকারী অঙ্গিরাগণ ধর্ম্মকর্ম্মানুষ্ঠান করিয়া নিতান্ত পরিশ্রান্ত হইতেছেন।

৪। হে ইন্দ্র! হে অগ্নি! আমি পরিত্রাণের জন্য দেবসেব্য উৎকৃষ্ট স্তোত্রদ্বারা তোমাদিগেকে আহ্বান করিতেছি। বস্তুতঃ সম্যক্ প্রকারে যজ্ঞানুষ্ঠানকারী, মরুদ্গণের ন্যায় কর্ম্ম তৎপর, পরিচর্য্যাকারী, জ্ঞানিগণ স্তোত্রদ্বারা তোমাদিগের উপাসনা করেন।

৫। অদ্য শীঘ্র আগমন কর; আমরা সৎকর্ম্মের অনুষ্ঠান করি; শত্রুগণের উন্মূলন করি; প্রচ্ছন্ন শত্রুদিগকে দূরীভূত করি এবং সত্বর যজমানের অভিমুখে গমন করি।

৬। হে বন্ধুগণ! আইস আমরা সেই স্তোত্র পাঠ করি, যদ্দ্বারা অপহৃত ধেনুগণের গোষ্ঠ উদ্‌ঘাটিত হইয়াছিল, যদ্দ্বারা মনু বিশিশিপ্রকে(১) জয় করিয়াছিলেন; যদ্দ্বারা বণিকের ন্যায় কক্ষীবান্ জলেচ্ছায় বনে যাইয়া জল লাভ করিয়াছিলেন।

৭। এই যজ্ঞে ঋত্বিগ্‌গণের হস্তদ্বারা সঞ্চালিত পাষাণ খণ্ড হইতে শব্দ উত্থিত হইতেছে, যদ্দ্বারা নবগ্ব ও দশগ্বগণ ইন্দ্রের পূজা করিয়াছিলেন; যৎকালে সরমা যজ্ঞস্থলে উপস্থিত হইয়া ধেনুগণকে দেখিতে পাইলেন এবং অঙ্গিরার সমস্ত স্তবাদি কর্ম্ম সফল হইল।

৮। এই পূজনীয় উষার উদয়ে যখন অঙ্গিরাগণ লব্ধ ধেনুগণের সহিত

১। মূলে "মনুর্বিশিশিপ্রং জিগায়" আছে। "মনুর্বিশিশিপ্রং বিগতহনুং শত্রুং জিগায় জিতবান্, যদ্বা মনুঃ সর্ব্বস্য মন্ত্রেন্দ্রো। বিশিশিপ্রো বৃত্রঃ।" সায়ণ। আর্য্য মনু শিপ্রহীন বর্ব্বরদিগকে জয় করিয়াছিলেন, এই অর্থই সঙ্গত।

মিলিত হইলেন, তখন সেই উৎকৃষ্ট যজ্ঞসভায় উপযুক্ত [illegible] হইতে লাগিল; কারণ সরমা ধেনুগণকে সত্যপথে দেখিতে পাইলেন।

৯। সপ্ত অশ্বের অধিপতি সূর্য্য আমাদিগের সম্মুখে উপস্থিত হউন, কারণ তাঁহাকে আয়াসসাধ্য পথ দ্বারা একটি সুদূরবর্ত্তী গন্তব্য স্থানে উপস্থিত হইতে হইবে, তিনি শ্যেন পক্ষীর ন্যায় ক্ষিপ্রগামী হইয়া প্রদত্ত হব্যের উদ্দেশে অবতরণ করিতেছেন; স্থিরযৌবন ও দূরদর্শী সেই দেব নিজ রশ্মি মধ্যে অবস্থান করিয়া প্রভা বিস্তার করিতেছেন।

১০। সূর্য্য উজ্জ্বল বারিরাশির উপর আরোহণ করিয়াছেন; তিনি উজ্জ্বল পৃষ্ঠ অশ্বগণের উপর আরোহণ করিবামাত্র জ্ঞানী উপাসকগণ পোতের ন্যায় তাঁহাকে জলের উপর দিয়া আকর্ষণ করিতেছেন। বারিরাশি তাঁহার আদেশ শ্রবণ করিয়া অবনত হইয়াছে।

১১। হে দেবগণ! আমি জলের জন্য তোমাদিগের সর্ব্বদায়ক স্তোত্র পাঠ করিতেছি, যদ্দ্বারা নবগ্বগণ দশমাস সাধ্য যাগ সম্পাদন করিয়াছেন। আমরা যেন এই স্তব পাঠ করিয়া [illegible] রক্ষণীয় হই এবং পাপের সীমা অতিক্রম করি।

---

৪৬ সূক্ত।

প্রথম ৬ ঋকের দেবতা বিশ্বদেবগণ, শেষ ২ ঋকের দেবতা দেবপত্নীগণ। প্রতিক্ষত্র ঋষি।

১। জ্ঞানী প্রতিক্ষত্র শকটে অশ্বের ন্যায় আপনাকে যজ্ঞভারে নিযোজিত করিয়াছেন। আমি হোতা সেই অলৌকিক, রক্ষাবিধায়ক ভার বহন করিতেছি। আমি এই ভার বহন হইতে মুক্তিলাভ করিতে ইচ্ছা করি না। পুনর্ব্বার এই ভার আমার প্রতি সমর্পিত হয় এরূপও অভিলাষ করি না। মার্গাভিজ্ঞ বিদ্বানই অগ্রসর হইয়া সরল পথ দিয়া মনুষ্যগণকে লইয়া যান।

২। হে অগ্নি, ইন্দ্র, বরুণ, মিত্র দেবগণ! তোমরা আমাদিগকে বল প্রদান কর। অথবা মরুদ্গণ বা বিষ্ণু ইহা প্রদান করুন; নাসত্যদ্বয় রুদ্র, দেবগণের পত্নীগণ, পূষা, ভগ ও সরস্বতী যেন আমাদিগের পূজায় প্রসন্ন হয়েন।

৩। আমি রক্ষার নিমিত্ত ইন্দ্র ও অগ্নি, মিত্র ও বরুণ, অদিতি, সূর্য্য, পৃথিবী, স্বর্গ, মরুদ্গণ, মেঘ সকল, বারিরাশি, বিষ্ণু, পূষা, ব্রহ্মণস্পতি ও সবিতাকে আহ্বান করিতেছি।

৪। বিষ্ণু অহিংসাকারী বায়ু বা ধনদাতা সোম আমাদিগকে সুখ প্রদান করুন এবং ঋভুগণ, অশ্বিদ্বয়, ত্বষ্টা কিংবা বিভ্বা আমাদিগকে ঐশ্বর্য্য প্রদান করিতে অনুকূল হউন।

৫। পূজনীয়, স্বর্গনিবাসী মরুদ্‌গণ কুশের উপর উপবেশন করিবার নিমিত্ত আমাদিগের নিকট আগমন করুন এবং বৃহস্পতি, পূষা, বরুণ, মিত্র ও অর্য্যমা আমাদিগকে সমস্ত গৃহস্থ সুখ প্রদান করুন।

৬। উৎকৃষ্টস্তবার্হ পর্ব্বত সকল ও দানশীল নদীগণ আমাদিগকে রক্ষা করুন, ধনদাতা দেব ভগ অন্ন ও রক্ষার সহিত আগমন করুন; সর্ব্বব্যাপিনী অদিতি যেন আমার এই স্তব শ্রবণ করেন।

৭। দেবপত্নীগণ আমাদিগের স্তব কামনা করিয়া আমাদিগকে রক্ষা করুন; তাঁহারা আমাদিগকে এরূপে রক্ষা করুন, যেন আমরা বলবান্ পুত্র ও প্রচুর অন্ন লাভ করিতে পারি। হে দেবীগণ! তোমরা পৃথিবীতে থাক, অথবা অন্তরিক্ষে থাকিয়া জলের উপর তত্ত্বাবধান কর, আমরা তোমাদিগকে হৃদয়ের সহিত আহ্বান করিতেছি, তোমরা আমাদিগকে সুখ প্রদান কর।

৮। দেবগণের ভার্য্যা, দেবীগণ হব্য ভোজন করুন; ইন্দ্রাণী, অগ্নায়ী, দীপ্তিমতী অশ্বিনী, রোদসী, বরুণানী ইঁহারা প্রত্যেকে আমাদিগের স্তোত্র শ্রবণ করুন; দেবীগণ হব্য ভোজন করুন; দেবপত্নীগণের মধ্যে যাহারা ঋতু সকলের অধিষ্ঠাত্রী দেবতা তাহারা স্তোত্র শ্রবণ ও হব্য ভক্ষণ করুন।

---

৪৭ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। প্রতিরথ ঋষি।

১। পরিচর্য্যাকারিণী, নিত্যতরুণী, পূজনীয়া ও পূজিতা উষা আহূত হইয়া শক্তিমতী জননীর ন্যায় কন্যাস্বরূপ পৃথিবীর চৈতন্য বিধানপূর্ব্বক মানব-গণকে কার্য্যে প্রবর্ত্তিত করিয়া স্বর্গ হইতে রক্ষাকারী দেবগণের সহিত যাগগৃহে আগমন করিতেছেন।

২। অসীম ও সর্ব্বব্যাপী রশ্মি সকল প্রকাশনরূপ নিজ কর্ত্তব্য সম্পাদন করিয়া অমর সূর্য্য মণ্ডলের সহিত একত্র অবস্থানপূর্ব্বক স্বর্গ, পৃথিবী ও অন্ত-রিক্ষের সর্ব্বত্র বিস্তৃত হইতেছে।

৩। জলবর্ষণকারী, দেবগণের আনন্দবিধায়ক, দীপ্তিমান্ ও রক্ত

গামী রথ জনকস্বরূপ পূর্ব্বদিকে প্রবেশ করিয়াছে ; পশ্চাৎ স্বর্গ মধ্যে নিহিত বিভিন্নবর্ণ ও সর্ব্বব্যাপী সূর্য্য অন্তরিক্ষের উভয় প্রান্তে অগ্রসর হইতেছেন এবং জগৎ রক্ষা করিতেছেন।

৪। চারিজন ঋত্বিক্ নিজ কল্যাণ কামনা করিয়া তাঁহার পুষ্টিসাধন করিতেছেন ; দশ দিক্ নিজ গর্ভজাত তাঁহাকে দৈনক গতি সম্পাদনার্থ প্রেরণ করিতেছে ; তাঁহার ত্রিবিধ রশ্মি অন্তরিক্ষের সীমা সকল দ্রুত পরিভ্রমণ করিতেছে।

৫। হে ঋত্বিগ্‌গণ ! এই সম্মুখস্থিত সূর্য্যমণ্ডল অতিশয় স্তবার্হ। ইহা হইতেই নদী সকল প্রবাহিত হয় এবং ইহাতেই বারিরাশি অবস্থান করে। ইহাকে অন্তরিক্ষ ও তুল্যবল ও পরস্পর সম্বদ্ধ দিবা ও রাত্রি উভয়ে এবং ইহা হইতে উৎপন্ন অন্যান্য ঋতুগণ সর্ব্বত্র ধারণ করিয়া রহিয়াছে।

৬। ইঁহারই জন্য যজমানগণ স্তোত্র ও যজ্ঞ বিস্তার করেন, পুত্রস্বরূপ ইঁহারই নিমিত্ত মাতৃগণ উষা বা দিক্ সকল বস্ত্ররূপ কিরণ প্রস্তুত করেন ; বর্ষণ-কারী সূর্য্যের সম্পর্কে হৃষ্ট হইয়া পত্নীস্বরূপ রশ্মিসমূহ আকাশ পথ দিয়া আমা-দিগের নিকট উপস্থিত হয়।

৭। হে মিত্র ও বরুণ ! এই স্তোত্র গ্রহণ কর ; হে অগ্নি ! আমাদিগের বিমিশ্র অর্থাৎ বিশুদ্ধ সুখের উপায়ভূত এই স্তব গ্রহণ কর, আমরা যেন স্থিতি ও প্রতিষ্ঠা লাভ করি। দীপ্তিমান্, শক্তিমান্ ও জগতের আশ্রয়ভূত সূর্য্যকে নমস্কার।

— —

৪৮ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। অত্রির অপত্য প্রতিভানু ঋষি।

১। কখন আমরা সকলের প্রিয় ও পূজনীয় সেই বৈদ্যুত তেজের পূজা করিব ? যাহা স্বাধীন বল ও যাহা নিজ অন্নে অন্নবান্ ? যখন আচ্ছাদনকারী আগ্নেয় শক্তি অপরিমেয় হইয়া পরিমাণযোগ্য অন্তরিক্ষে মেঘ সকলের উপর বারিবর্ষণ করে।

২। এই সমস্ত উষা ঋত্বিগ্‌গণের গ্রহণীয় জ্ঞান বিস্তার করিতেছে এবং অখিল জগৎকে এক প্রকার ব্যাপক দীপ্তিদ্বারা ব্যাপ্ত করিতেছে। ধার্ম্মিক লোক অতীত ও ভবিষ্যৎ উষা সকলকে অগ্রাহ্য করিয়া পুরোবর্ত্তী উষা সকল দ্বারা স্বীয় বুদ্ধির উন্নতি সাধন করিতেছেন।

৩। ইন্দ্র অহোরাত্র প্রদত্ত হব্যদ্বারা উত্তেজিত হইয়া মায়াবী বৃত্রের নিমিত্ত নিজ মহাবজ্র সুতীক্ষ্ণ করিতেছেন ; ইন্দ্ররূপী আদিত্যের শত রশ্মি দিন সকলকে নিবর্ত্তিত ও প্রবর্ত্তিত করিয়া নিজ গৃহস্বরূপ আকাশে বিচরণ করিতেছে।

৪। আমি পরশুর ন্যায় অগ্নির ব্যবহার দেখিতেছি ; আমি ভোগার্থে সেই রূপবান্ আদিত্যের কিরণসমূহ কীর্ত্তন করিতেছি ; কারণ সেই দেব সহায় হইয়া যজ্ঞস্থলে আহ্বানকারী যজমানকে অন্নপূর্ণ গৃহ ও রত্ন প্রদান করেন।

৫। সেই অগ্নি রমণীয় তেজ ধারণপূর্ব্বক অন্ধকার ও শত্রুগণের বিনাশ সাধন করিয়া চতুর্দ্দিকে জিহ্বার ন্যায় শিখা বিস্তার করিয়া যজ্ঞে গমন করেন। আমরা তাঁহার পুরুষত্ব অবগত নহি ; কারণ এই ভগ, সবিতা বাঞ্ছিত ধন প্রদান করেন।

৪৯ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। অত্রির অপত্য প্রতিপ্রভ ঋষি।

১। হে যজমানগণ! অদ্য আমি তোমাদিগের জন্য মানবগণের মধ্যে ধন বিতরণকারী দেব সবিতা ও ভগের সম্মুখবর্ত্তী হইয়াছি। হে অধিনায়ক-ভূত বহুভোগকারী অশ্বিদ্বয়! আমি বন্ধুত্বকামনা করিয়া প্রত্যহ তোমাদিগের উপস্থিতি প্রার্থনা করিতেছি।

২। অসুর সবিতার উপস্থিতি অবগত হইয়া পবিত্র স্তোত্রদ্বারা তাঁহার উপাসনা কর। তিনি মনুষ্যগণের মধ্যে উৎকৃষ্ট ধন বিতরণ করেন, ইহা ঘোষণা করিয়া শ্রদ্ধার সহিত তাঁহাকে স্তব কর।

৩। পূষা ও ভগ ও অদিতি বরণীয় অন্নদান করেন। উগ্র সূর্য্যতেজঃ দ্বারা আপনাকে আচ্ছাদিত করিতেছেন। মনোজ্ঞ ইন্দ্র, বিষ্ণু, বরুণ, মিত্র ও অগ্নি সুখদায়ক দিবসের উৎপত্তি বিধান করেন।

৪। অনিন্দনীয় সবিতা আমাদিগকে অভিমত ধন প্রদান করুন, প্রবাহিত নদী সকল আমাদিগের নিকট ইহা আনয়ন করিবার নিমিত্ত বেগবতী হউক। সেই জন্য যজ্ঞের হোতা হইয়া আমি এই সমস্ত স্তোত্র পাঠ করিতেছি। আমরা যেন অন্ন ও বিবিধ ধনের অধিপতি হই।

৫। যাঁহারা বসুগণের নিকট অন্নস্বরূপ পশু বলি প্রদান করিয়াছেন ও

যাঁহারা মিত্র ও বরুণের স্তোত্র পাঠ করিয়াছেন, তাঁহাদের যেন অতুল ঐশ্বর্য্য হয়। হে দেবগণ! তাঁহাদিগকে প্রচুর সুখ প্রদান কর এবং আমরা যেন স্বর্গ ও পৃথিবীর রক্ষা লাভ করিয়া আনন্দিত হই।

---

৫০ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। অত্রির অপত্য স্বস্তি ঋষি।

১। প্রত্যেক মনুষ্য দীপ্তিমান্ ও নেতা সূর্য্যের সখ্য প্রার্থনা করুন। প্রত্যেক মনুষ্য তাঁহার নিকট ধন কামনা করুন। তিনি যেন পুত্র পৌত্রাদির পোষণার্থ ধন কামনা করেন।

২। হে দীপ্তিমান্ নেতা! এই সকল পূজক ও যাঁহারা অন্য দেবগণের পূজা করেন, সকলেই তোমার উপাসক; আমাদিগের সকলেরই যেন ঐশ্বর্য্য ও সমস্ত কামনা সিদ্ধ হয়।

৩। অতএব আমাদিগের অতিথি নেতা দেবগণকে এবং দেবপত্নীগণকে পূজা কর। দীপ্তিমান্ পৃথক্কর্ত্তা দেবগণ যেন আমাদিগের বিদ্বেষকারী ও শত্রুগণকে দূরীকৃত করেন।

৪। যখন যজ্ঞে যাগবহনকারী যূপার্হ পশু যূপকাষ্ঠের নিকট নীত হয়, সবিতা যজমানের প্রতি প্রসন্নচিত্ত হইয়া বুদ্ধিমতী স্ত্রীর ন্যায় গৃহ, অপত্য ও ধন প্রদান করেন।

৫। হে নেতা দীপ্তিমান্ সবিতা! তোমার এই ধনপূর্ণ রক্ষাকারী রথ আমাদিগের সুখ বিধান করুক। পূজিত সবিতার উপাসক আমরা ধন, সুখ ও কল্যাণের নিমিত্ত তাঁহার স্তব করিতেছি। দেবগণের উপাসক আমরা তাঁহাদিগের স্তব করিতেছি।

৫১ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। স্বস্তি ঋষি।

১। হে অগ্নি! তুমি সোমপান করিবার নিমিত্ত অখিল রক্ষাকারী দেবগণের সহিত যজমানের নিকট আগমন কর।

২। শ্রদ্ধাসহকারে পূজিত, সত্যধারক দেবগণ! তোমরা আমাদিগের যজ্ঞে আগমন কর এবং অগ্নির জিহ্বাদ্বারা হব্য পান কর।

৩। হে জ্ঞানসম্পন্ন পূজনীয় অগ্নি! তুমি জ্ঞানী ও প্রাতরুত্থানশীল দেবগণের সহিত সোমপানার্থ আগমন কর।

৪। ইন্দ্র ও বায়ুর প্রিয় পাত্রের উপর নিঃসৃত এই সোমরসদ্বারা পাত্র পরিপূর্ণ হইতেছে।

৫। হে বায়ু! তুমি হব্যদাতার প্রতি প্রসন্ন হইয়া হব্য ভোজন ও নিষিক্ত সোমরস পান করিবার নিমিত্ত আগমন কর।

৬। হে ইন্দ্র! হে বায়ু! তোমাদিগের এই নিষিক্ত সোমরস পান করা কর্ত্তব্য। হে সদয় দেবগণ! অনুগ্রহপূর্ব্বক ইহা পান কর এবং হব্যের উদ্দেশে আগমন কর।

৭। দধিমিশ্রিত সোমরস সকল ইন্দ্র ও বায়ুর উদ্দেশে সমর্পিত হইয়াছে। নদী সকল যেরূপ নিম্নদেশে গমন করে, তদ্রূপ প্রদত্ত সোমরসও তোমাদিগের অভিমুখে গমন করিতেছে।

৮। হে অগ্নি! অখিল দেবগণ, অশ্বিদ্বয় ও উষার সহিত আগমন কর, এবং অত্রির যজ্ঞে যেরূপ আনন্দ প্রকাশ করিয়াছিলে, সেইরূপ নিষিক্ত সোমপান করিয়া আনন্দিত হও।

৯। হে অগ্নি! মিত্র, বরুণ, সোম ও বিষ্ণুর সহিত আগমন কর, এবং অত্রির যজ্ঞে যেরূপ আনন্দ প্রকাশ করিয়াছিলে, নিষিক্ত সোমরস পান করিয়া সেইরূপ আনন্দিত হও।

১০। হে অগ্নি! আদিত্য, বসুগণ, ইন্দ্র ও বায়ুর সহিত আগমন কর, এবং অত্রির যজ্ঞে যেরূপ আনন্দ প্রকাশ করিয়াছিলে, নিষিক্ত সোমরস পান করিয়া সেইরূপ আনন্দিত হও।

১১। অশ্বিদ্বয় আমাদিগের অক্ষয় কল্যাণ বিধান করুন। ভগ ও দেবী অদিতি আমাদিগের অক্ষয় কল্যাণ বিধান করুন। অপ্রতিহত প্রভাব, অসুর পূষা আমাদিগের অক্ষয় কল্যাণ বিধান করুন। বিশিষ্ট জ্ঞানসম্পন্ন দ্যাবা-পৃথিবী মঙ্গল করুন।

১২। আমরা কল্যাণ কামনা করিয়া বায়ু ও জগৎরক্ষক সোমের স্তব করিতেছি। আমরা মঙ্গল কামনায় সমস্ত দেবগণের সহিত বৃহস্পতির স্তব করিতেছি। আদিত্যগণ আমাদিগের কল্যাণবিধান করুন।

১৩। অদ্য সমস্ত দেবগণ কল্যাণবিধানার্থ আমাদিগকে রক্ষা করুন, মানবগণের হিতকারী গৃহদাতা অগ্নি কল্যাণবিধানার্থ আমাদিগকে রক্ষা করুন।

দীপ্তিমান্ ঋভুগণ কল্যাণবিধানার্থ আমাদিগকে রক্ষা করুন, রুদ্র কল্যাণ-বিধানার্থ আমাদিগকে পাপ হইতে রক্ষা করুন।

১৪। হে মিত্র ও বরুণ! আমাদিগের মঙ্গল কর। হে পথ্যা রেবতী(১)! আমাদিগের মঙ্গল কর। হে ইন্দ্র ও অগ্নি! আমাদিগের মঙ্গল কর। হে অদিতি! আমাদিগের মঙ্গল কর।

১৫। আমরা যেন সূর্য্য ও চন্দ্রের ন্যায় নির্ব্বিঘ্নে আমাদিগের পথে বিচরণ করি। আমরা যেন উপকার পরিশোধকারী, কৃতজ্ঞ ও অসন্দিগ্ধচিত্ত বন্ধুগণের হিত মিলিত হই।

৫২ সূক্ত।

মরুৎগণ দেবতা। অত্রির অপত্য শ্যাবাশ্ব ঋষি।

১। হে শ্যাবাশ্ব! তুমি অধ্যাবসায় সহকারে স্তবার্হ মরুৎগণের পূজা কর; তাঁহারা পূজনীয় এবং প্রত্যহ প্রদত্ত নির্দ্দোষ হব্য লাভ করিয়া আনন্দ প্রকাশ করেন।

২। তাঁহারা সুদৃঢ় শক্তির অবিচলিত বন্ধু, তাঁহারা দৃঢ় সঙ্কল্পের সহিত পথে পরিভ্রমণ করিয়া স্বেচ্ছাপূর্ব্বক আমাদিগের অসংখ্য পুত্র ভৃত্যাদিকে রক্ষা করুন।

৩। গমনশীল ও জলবর্ষণকারী মরুৎগণ রাত্রি সকল অতিক্রম করিয়া সর্ব্বত্র বিচরণ করেন। অতএব সম্প্রতি আমরা মরুৎগণের স্বর্গ ও পৃথিবীতে প্রকাশিত শক্তির স্তব করিতেছি।

৪। অধ্যবসায় সহকারে মরুৎগণের স্তব কর ও তাঁহাদিগকে হব্য প্রদান কর; কারণ তাঁহারা সমস্ত মর্ত্ত্যযুগে নশ্বর উপাসককে বিঘ্ন হইতে রক্ষা করেন।

৫। পূজনীয়, দানশীল, যজ্ঞের নেতা ও সমধিক বলশালী, স্বর্গীয় মরুৎ-গণকে যজ্ঞসাধন হব্য প্রদান কর।

৬। বৃষ্টির নেতা ও বলশালী মরুৎগণ সমুজ্জ্বল আভরণ ও বিশেষ অস্ত্র-

---

(১) মূলে "পথ্যে রেবতি" আছে। "পথ্যা অন্তরিক্ষমার্গঃ তত্র হিতা মার্গাভিমানিনী দেবী, হে তাদৃশি রেবতি ধনবতি দেবি।" সায়ণ। "Path of the firmament and Goddess of Riches."—*Wilson*.

দ্বারা দীপ্তি পাইতেছেন এবং বিদ্যুৎরূপ ঋষ্টি(১) নিক্ষেপ করিতেছেন; তড়িৎগণও গর্জ্জনকারী বারিরাশির ন্যায় প্রত্যহ তাঁহাদিগের অনুসরণ করে। দীপ্তিমান্ মরুৎগণের প্রভা স্বতঃ প্রবৃত্ত হইয়াই বেগে নিঃসৃত হয়।

৭। মরুৎগণ, পৃথিবী ও সুবিস্তীর্ণ অন্তরিক্ষে থাকিয়া বৃদ্ধি প্রাপ্ত হয়েন, তাঁহারা নদীবেগে ও বিস্তৃত স্বর্গ সমষ্টিতে বৃদ্ধি লাভ করেন।

৮। সত্যবল ও অতি প্রবৃদ্ধ মরুৎশক্তির স্তব কর, বারিবর্ষণকারী মরুৎগণ ইতস্ততঃ বিচরণ করিয়া স্বেচ্ছানুসারে আমাদিগের হিতার্থ শ্রম স্বীকার করেন।

৯। মরুৎগণ পরুষ্ণী নামক নদীতে অবস্থান করেন ও সকলের পবিত্রতা বিধান করিয়া দীপ্তিদ্বারা আপনাদিগকে আচ্ছাদিত করেন; তাঁহারা বলপূর্ব্বক রথচক্র দ্বারা অদ্রি সকলকে বিদীর্ণ করেন।

১০। যে সকল মরুৎ আমাদিগের অভিমুখবর্ত্তী পথে বিচরণ করেন, অথবা যাঁহারা নানাদিকে গমন করেন, কিংবা যাঁহারা গিরিগুহা মধ্যে অবস্থান করেন, বা যাঁহারা অনুকূল পথগামী, সেই সকল মরুৎ বিস্তৃত হইয়া আমার কল্যাণার্থ হব্য স্বীকার করেন।

১১। কখন নেতাগণ জগৎ রক্ষা করিতেছেন; কখন একত্র মিলিত হইয়া তাঁহারা জগৎ ধারণ করিয়া রহিয়াছেন; কখন বা তাঁহারা দূরদেশবর্ত্তী হইয়া গ্রহতারা মেঘাদিকে ধারণ করেন; এই প্রকারে তাঁহাদিগের বিবিধ মূর্ত্তি প্রকাশিত হউক।

১২। ছন্দোবন্ধে স্তবকারিগণ জলার্থী হইয়া মরুৎগণের স্তব করিয়া গৌতমের পানার্থ একটী কূপ প্রস্তুত করিবার জন্য তাঁহাদিগকে আনয়ন করিয়াছিলেন (২); তন্মধ্যে কতকগুলি মরুৎ তস্করের ন্যায় অদৃশ্য হইয়া আমাকে রক্ষা করিয়াছিলেন এবং কতকগুলি প্রাণরূপে শরীরের দীপ্তি সাধন করিয়াছিলেন।

১৩। হে ঋষি শ্যাবাশ্ব! তুমি মনোহর বাক্যে সেই মরুৎগণের স্তব কর; তাঁহারা দর্শনীয়, অস্ত্র সংসর্গে সমুজ্জ্বল, জ্ঞানসম্পন্ন ও তাবৎ পদার্থের সৃষ্টিকারক।

১৪। হে ঋষি! তুমি হব্য ও স্তোত্র সহকারে আদিত্যের ন্যায় মরুৎগণের নিকট উপস্থিত হও। শক্তিদ্বারা বিশ্বের পরাভবকারী মরুৎগণ! তোমরা স্বর্গ বা অন্য কোন প্রদেশ হইতে আগমন কর, আমরা তোমাদের স্তব করিতেছি।

---

(১) মূলে "ঋষ্টি" আছে "আয়ুধবিশেষাদ্" সায়ণ। "Javelins"—*Wilson.*

(২) ১।৮৫।১০ ঋক্ ও টীকা দেখ।

১৫। উপাসক যেন ব্যগ্রতা সহকারে তাঁহাদিগের স্তব করিয়াও অন্য দেবতাকে নিজ সম্মুখে আনয়ন করিতে অভিলাষী না হইয়া, সেই জ্ঞানসম্পন্ন দেবগণের নিকটে আপনাদিগের অভিলষিত বস্তু প্রার্থনা করেন; কারণ ক্রুতগমনের জন্য প্রসিদ্ধ সেই মরুৎগণ পুরস্কার বিতরণ করেন।

১৬। আমি তাহাদিগের উৎপত্তিক্রম অনুসন্ধান করায়, জ্ঞানী মরুৎগণ আমাকে এই উত্তর দিয়াছেন; তাঁহারা বলিয়াছেন পৃশ্নি তাহাদিগের জননী, বলশালী মরুৎগণ বলিয়াছেন অন্নদাতা রুদ্র তাঁহাদিগের জনক।

১৭। সপ্ত সপ্ত জন শক্তিমান্ মরুৎ এক এক জনে আমাকে এক শত করিয়া প্রদান করুন (৩); আমি যেন যমুনা নদীর তীরে প্রসিদ্ধ গোধন লাভ করি; আমি যেন অশ্বধন লাভ করি (৪)।

৫৩ সূক্ত।

মরুৎগণ দেবতা। অত্রির অপত্য শ্যাবাশ্ব ঋষি।

১। পূর্ব্বে যখন মরুৎগণ পৃষতীগণকে রথে যোজনা করিয়াছিলেন, তখন কে ইঁহাদিগের উৎপত্তির বিষয় অবগত ছিল? কেবা ইহাদিগের সুখের অংশভাগী ছিল?

২। তাঁহারা কোথায় যাইতেছেন? রথারূঢ় মরুৎগণকে তদ্বিষয় বলিতে কে শুনিয়াছেন? কোন্ দানশীল উপাসকের উপর তাঁহাদিগের মিত্রভূত বৃষ্টি সকল বিবিধ অন্নের সহিত অবতরণ করিবে?

৩। যাহারা দীপ্তিমান্ অশ্বের উপর আরোহণ করিয়া আমার নিকট হর্ষবিধায়ক সোমরস পান করিবার জন্য আসিয়াছিলেন, সেই সকল মরুৎ আমাকে বলিয়াছেন। যখন আমি সেই মূর্ত্তিহীন, যজ্ঞকার্য্যের নেতা ও মনুষ্য-গণের হিতকরকগণের প্রতি দৃষ্টিপাত করিয়াছিলাম, তখন তাহারা আমাকে বলিয়াছেন, হে ঋষি! আমাদিগের স্তব কর।

---

(৩) মূলে আছে "সপ্তমে সপ্ত শাকিনঃ একং একা শতা দদুঃ।" ইহা হইতেই পৌরাণিক ৪৯ মরুতের গল্পের উৎপত্তি।

(৪) যমুনার তীরের গাভী সমূহ তৎকালেই প্রসিদ্ধ ছিল তাহা আমরা এই ঋক্ হইতে অবগত হইলাম। ইহার পর ৭। ১৮। ১৯ ঋকে যমুনার আর একবার উল্লেখ আছে এবং ১০। ৭৫। ৫ ঋকে উভয় গঙ্গা ও যমুনার উল্লেখ আছে। এতদ্ভিন্ন ঋগ্বেদে গঙ্গা বা যমুনার উল্লেখ নাই। কেবল ৬। ৪৫। ৩১ ঋকে গাঙ্গ্যঃ শব্দ আছে।

৪। হে মরুৎগণ! যে সকল দীপ্তি তোমাদিগের আভরণে, অস্ত্রে, মাল্যে ও বক্ষের সুবর্ণ আভরণে ও পদের আভরণে শোভা পাইতেছে (১) এবং রথ ও শরাসন আশ্রয় করিয়া বর্ত্তমান রহিয়াছে, আমরা তৎসমুদয়ের স্তব করিতেছি।

৫। হে দানশীল মরুৎগণ! বৃষ্টিকালে সর্ব্বত্র সঞ্চারিণী দীপ্তির ন্যায় তোমাদিগের রথ দর্শন করিয়া আমি আনন্দ অনুভব করি।

৬। বৃষ্টির নেতা ও দানশীল মরুৎগণ হব্যদাতার নিমিত্ত অন্তরিক্ষ হইতে জলের ভাণ্ডার স্বরূপ মেঘ সকলকে বর্ষণ করেন; তাঁহারা স্বর্গ ও পৃথিবীর জন্য বারিপূর্ণ মেঘ সকল শিথিল করেন, পশ্চাৎ জলবর্ষণকারী মরুৎগণ প্রচুর জলের সহিত সর্ব্বত্র ব্যাপ্ত হয়েন।

৭। হে মরুৎগণ! মেঘ হইতে বারিরাশি নিঃসৃত করিলে দুগ্ধ প্রাবিণী ধেনুগণের ন্যায় সেই জল অন্তরিক্ষে ব্যাপ্ত হয় এবং অধ্বগমনার্থ, বিমুক্ত, দ্রুতগামী অশ্বগণের ন্যায় নদী সকল মহাবেগে সর্ব্বত্র প্রধাবিত হয়।

৮। হে মরুৎগণ! তোমরা স্বর্গ হইতে, অন্তরিক্ষ হইতে, অথবা এই পৃথিবী হইতে আগমন কর; দূরে অবস্থান করিও না।

৯। হে মরুৎগণ! রসা, অনিভভা ও কুভা নামক নদী সকল (২) এবং সর্ব্বত্র গমনশীল সিন্ধু নদী তোমাদিগের যেন বিলম্ব উৎপাদন না করে। জলময়ী সরযূ যেন তোমাদিগকে নিরুদ্ধ করিয়া না রাখে; আমরা যেন তোমাদিগের আগমন জনিত সুখ লাভ করি।

১০। হে মরুৎগণ! তোমরা দীপ্তিমান্ ও সর্ব্বত্র গমনশীল, বৃষ্টি সকল তোমাদিগের অনুগমন করে। আমি তোমাদিগের স্তব করিতেছি।

১১। হে মরুৎগণ! আমরা যেন উৎকৃষ্ট স্তোত্র ও যজ্ঞসহকারে তোমাদিগের বিভিন্ন শক্তি, বিভিন্ন দল ও প্রত্যেক দলের অনুসরণ করি।

১২। অদ্য মরুৎগণ এই রথে আরোহণ করিয়া কোন সুজাত হব্যদাতার নিকট গমন করিবেন?

১৩। হে মরুৎগণ! তোমরা যেরূপ সদয়চিত্তে পুত্র ও পৌত্রকে অক্ষয় ধান্যবীজ প্রদান কর, আমাদিগকেও ইহা সেইরূপ সদয়চিত্তে প্রদান কর,

(১) মূলে "অঞ্জিষু বাশীষু স্রক্ষু রুক্মেষু খাদিষু" আছে। "In ornaments, in arms, in garlands, in breastplates, in bracelets."—*Wilson.*

(২) এ তিনটী সিন্ধু নদীর পশ্চিমদিকের অর্থাৎ কাবুল প্রদেশের শাখা। কুভাকে এখন কাবুল নদী বলে। এই ঋকে যে সরযূ নদীর নাম পাওয়া যায় তাহা বোধ হয় পঞ্জাবের কোন নদী, এখনকার সরযূ নহে।

কারণ আমরা তোমাদিগের নিকট জীবন পোষক ও সৌভাগ্যজনক ঐশ্বর্য্য প্রার্থনা করিতেছি।

১৪। হে মরুৎগণ! আমরা যেন সৎকর্ম্মদ্বারা পাপ হইতে অন্তরে থাকিয়া আমাদিগের গূঢ় ও নিন্দাকারী শত্রুগণের উপর জয় লাভ করি, তোমরা বৃষ্টিবর্ষণ করিলে আমরা যেন বিমিশ্র সুখ, ধেনুসমূহ ও ঔষধ সকল লাভ করি।

১৫। হে পূজিত ও নেতা মরুৎগণ! তোমরা যাঁহাকে রক্ষা কর তিনি দেবগণের অনুগৃহীত ও প্রশস্ত পুত্রাদিসম্পন্ন হয়েন; আমরা যেন সেই ব্যক্তির ন্যায় হইতে পারি।

১৬। হে ঋষি! তুমি স্তবকারী এই যজমানের যজ্ঞে দানশীল মরুৎগণের স্তব কর; তৃণাদি ভক্ষণার্থ গমনকারী ধেনুগণের ন্যায় তাঁহারা আনন্দিত হউন; গমনকারী মরুৎগণকে পুরাতন বন্ধুর ন্যায় আহ্বান কর; স্তবাভিলাষী মরুৎগণের উৎকৃষ্ট স্তোত্রদ্বারা স্তব কর।

৫৪ সূক্ত।

মরুৎগণ দেবতা। শ্যাবাশ্ব ঋষি।

১। এই স্তুতিদ্বারা মরুৎ বলের প্রশংসা কর; মরুৎগণ নিজবলে বলীয়ান্, পর্ব্বতগণের উৎপাটনকারী, উত্তাপনাশক, স্বর্গ হইতে আগত, পরিচিত যজ্ঞে ও প্রচুর অন্নদাতা; তাঁহাদিগকে প্রচুর হব্য প্রদান কর।

২। হে মরুৎগণ! তোমরা দীপ্তিমান্, বারিবর্ষক ও অন্নবর্দ্ধক; তোমরা রথে অশ্ব যোজনা করিয়া সর্ব্বত্র গমন কর ও বিদ্যুতের সহিত মিলিত হও; তৎকালে ত্রিত গর্জ্জন করেন এবং সর্ব্বব্যাপিনী বারিধারা ধরাতলে পতিত হয়।

৩। প্রখর দীপ্তিশালী, বারিবর্ষক, অস্ত্রব্যাপ্ত, দীপ্তিমান্, পর্ব্বতভেদী, নিরন্তর বৃষ্টিদাতা, বজ্রধারী, সমবেত গর্জ্জনকারী উদ্যোগশালী ও সমধিক বলসম্পন্ন মরুৎগণ বৃষ্টির জন্য আবির্ভূত হইতেছেন।

৪। হে রুদ্র পুত্রগণ! তোমরা দিবা ও রাত্রি প্রবর্ত্তিত কর। হে শক্তি-সম্পন্নগণ! তোমরা অন্তরিক্ষ ও জগৎ সমুদয় বিক্ষিপ্ত কর। হে কম্পনবিধায়িগণ! তোমরা সমুদ্রগর্ভস্থ নৌকার ন্যায় মেঘ সকলকে বিধূনিত কর। তোমরা শত্রুদিগের দুর্গ সকল বিধ্বস্ত কর, অথচ হে মরুৎগণ! তোমরা হিংসা কর না।

৫। হে মরুৎগণ! সূর্য্য যেরূপ বহুদূরে নিজ দীপ্তি বিস্তার করেন, অথবা বিচিত্রবর্ণ দেবগণের অশ্ব সকল যেরূপ দূরগামী হয়, তদ্রূপ তোমাদিগের সুপ্রসিদ্ধ

বীর্য্য, তোমাদিগের গৌরব সুদূরব্যাপ্ত করিয়াছেন। হে অসীম দীপ্তিশালী মরুৎগণ। তোমরা বারিবর্ষণে প্রতিবন্ধক মেঘকে বিদীর্ণ করিয়াছ।

৬। হে বৃষ্টিবর্ষণকারী মরুৎগণ! যৎকালে জলপূর্ণ মেঘকে বিক্ষিপ্ত করিয়া বৃষ্টিপাত কর, তৎকালে তোমাদিগের বল প্রকাশিত হয়। নেত্র যেরূপ পথ প্রদর্শক হয় তদ্রূপ তোমরা সকলে পরস্পর সমবেত ও প্রসন্নচিত্ত হইয়া পথ প্রদর্শন পূর্ব্বক আমাদিগকে সুগম পথদ্বারা ঐশ্বর্য্য সমীপে লইয়া যাও।

৭। হে মরুৎগণ! যে ঋষি, বা রাজাকে তোমরা প্রবর্ত্তিত কর; তিনি পরাজিত বা নিহত হয়েন না। তাঁহার ক্ষয়, যন্ত্রণা ও ক্ষতি হয় না; তাঁহার ধন বা নিরাপদতার হ্রাস হয় না।

৮। নিযুৎনামক অশ্বগণের অধিপতি, পদার্থ সকলের সংশ্লেষনাশক যাগাদি কার্য্যের নেতা ও আদিত্যগণের ন্যায় দীপ্তিশালী মরুৎগণ বারিরাশি প্রদান করেন। যখন তাঁহারা একাধিপত্য লাভ করেন, তৎকালে তাঁহারা মেঘকে জল পূর্ণ করেন এবং উচ্চৈঃস্বরে গর্জ্জন করিয়া তাঁহারা সুমধুর সারভূত জলদ্বারা পৃথিবীকে আর্দ্র করেন।

৯। এই পৃথিবী মরুৎগণের জন্য সুবিস্তীর্ণ হইয়া রহিয়াছে। বিস্তৃত স্বর্গ প্রবহমাণ বায়ুর জন্য অবস্থিত আছে। অন্তরিক্ষস্থিত পথ সকল তাঁহাদিগের গতির নিমিত্ত বিস্তৃত রহিয়াছে। তাহাদিগেরই জন্য বিস্তৃত মেঘ সকল সত্বর বারিবর্ষণ করে।

১০। হে বলশালী, নেতা স্বর্গের পথ প্রদর্শক মরুৎগণ! সূর্য্য উদিত হইলে যখন তোমরা সোমরস পানার্থ উল্লাসিত হও, তৎকালে তোমাদিগের অশ্বগণ গমনে শৈথিল্য প্রকাশ করে না। তোমরাও এই অখিল ত্রিভুবন মার্গের পারে উত্তীর্ণ হও।

১১। হে মরুৎগণ! তোমাদিগের স্কন্ধদেশে অস্ত্র সকল, পাদদেশে কটক। বক্ষঃস্থলে সুবর্ণময় আভরণ (১) এবং রথোপরি শোভমান দীপ্তি

(১) মূলে "অংসেষু বঃ ঋষ্টয়ঃ পৎসু খাদয়ঃ বক্ষঃসু রুক্মাঃ" আছে।
"Lances . . . upon your shoulders, anklets on your feet, golden cuirasses on your breasts." -*Wilson.*

রহিয়াছে। তোমাদিগের হস্তদ্বয়ে অগ্নিদ্বারা প্রদীপ্ত বিদ্যুৎ সকল শোভা পায় এবং মস্তকোপরি কনকময় উষ্ণীষ (২) সকল বিস্তৃত থাকে।

১২। হে মরুৎগণ! যৎকালে তোমরা গমন কর, তৎকালে অপ্রতিহত-দীপ্তিশালী স্বর্গ ও সমুজ্জ্বল বারিরাশি বিচলিত হইতে থাকে। যখন তোমরা অন্নদত্ত হব্য ভোজন করিয়া বলশালী হও ও উজ্জ্বলভাবে দীপ্তি প্রকাশ কর এবং যখন তোমরা বারিবর্ষণ করিতে অভিপ্রায় কর তৎকালে তোমরা ভীষণ রূপে গর্জ্জন করিতে থাক।

১৩। হে জ্ঞানসম্পন্ন মরুৎগণ! রথের অধিপতি আমরা যেন ত্বদ্দত্ত অন্নরূপ ধনের অধিকারী হই; সূর্য্যের যেরূপ আকাশ হইতে লয় নাই তদ্রূপ সে ধনের বিলয় নাই। অতএব হে মরুৎগণ! আমাদিগকে অপরিমিত ধন-দ্বারা আনন্দিত কর।

১৪। হে মরুৎগণ! তোমরা ধন ও বাঞ্ছনীয় পুত্র ভৃত্যাদি প্রদান কর; তোমরা সামগায়ক ঋষিকে রক্ষা কর। আমি দেবগণের হোম করিতেছি, তোমরা আমাকে অশ্ব ও অন্ন দান কর; তোমরা রাজাকে সমৃদ্ধশালী কর।

১৫। হে মরুৎগণ! তোমরা রক্ষা করণে তৎপর বলিয়া আমি তোমা-দিগের নিকট ধন প্রার্থনা করিতেছি। সূর্য্য যেরূপ নিজ রশ্মি বহু দূরে বিস্তৃত করেন, তদ্রূপ সেই ধনদ্বারা আমরা পুত্র ভৃত্যাদিগণকে সুদূর ব্যাপ্ত করিতে পারিব। হে মরুৎগণ! তোমরা আমার এই স্তবে প্রসন্ন হও যেন এই স্তোত্রবলে আমরা শত হেমন্ত অতিক্রম করিব অর্থাৎ শত বৎসর জীবিত থাকিব(৩)।

৫৫ সূক্ত।

মরুৎগণ দেবতা। শ্যাবাশ্ব ঋষি।

১। পূজনীয় মরুৎগণ সমুজ্জ্বল অস্ত্রধারী ও বক্ষঃস্থলে সুবর্ণ আভরণধারী, তাঁহারা প্রভূত বল ধারণ করেন। বিনীত, দ্রুতগামী অশ্বগণ তাঁহাদিগকে বহন করিতেছে। সুন্দরভাবে গমনকারী মরুৎগণের রথ সকলও পশ্চাৎ গমন করিতেছে।

---

(২) মূলে "শিপ্রাঃ শীর্ষসু বিততাঃ হিরণ্ময়ীঃ" আছে। Golden tiaras are towering on your heads." -- *Wilson*.

(৩) মনুষ্য পরমায়ুর সীমা শত বৎসর।

২। হে মরুৎগণ! তোমরা যেরূপ উচিত বোধ কর, স্বয়ং সেইরূপ বল ধারণ কর। তোমরা অসীম ও বলবান্ রূপে শোভা পাও ও বলদ্বারা অন্তরিক্ষ ব্যাপ্ত কর। সুন্দরভাবে গমনকারী মরুৎগণের রথ সকলও পশ্চাৎ গমন করে।

৩। বলবান্ মরুৎগণ এককালে জন্মিয়াছেন ও এককালে বর্ষণ করেন। তাঁহারা শোভাসম্পন্ন হইয়া বৃদ্ধি লাভ করিয়াছেন। তাঁহারা সূর্য্য রশ্মির ন্যায় যাগাদি ক্রিয়ার অধিনায়ক ও দীপ্তিমান্। সুন্দরভাবে গমনকারী মরুৎ-গণের রথ সকলও পশ্চাৎ গমন করে।

৪। হে মরুৎগণ। তোমাদিগের মহত্ত্ব, স্তবার্হ ও সূর্য্য মূর্ত্তির ন্যায় দর্শ-নীয়। তোমরা আমাদিগের স্বর্গ সাধন বিষয়ে সহায়তা কর। সুন্দরভাবে গমনকারী মরুৎগণের রথ সকলও পশ্চাৎ গমন করে।

৫। হে মরুৎগণ! তোমরা অন্তরিক্ষ হইতে বারি বর্ষণ কর। হে জল সম্পন্ন! তোমরা বৃষ্টিপাত কর। হে শত্রুনাশকগণ! তোমাদিগের ধেনুগণ অর্থাৎ মেঘ সকল, কখনও শুষ্ক হয় না। সুন্দরভাবে গমনকারী মরুৎগণের রথ সকলও পশ্চাৎ গমন করে।

৬। হে মরুৎগণ! যৎকালে তোমরা রথাগ্রভাগে পৃশতী অশ্বী সকলকে যোজনা কর, তৎকালে তোমরা কনকময় কবচ(১) উন্মুক্ত কর। এইরূপে তোমরা সমস্ত সংগ্রাম জয় কর। সুন্দরভাবে গমনকারী মরুৎগণের রথ সকলও পশ্চাৎ গমন করে।

৭। হে মরুৎগণ! পর্ব্বত বা নদী সকল তোমাদিগের গতিরোধ না করুক। তোমরা যে কোন স্থানে যাইতে অভিপ্রায় কর, তথায় গমন কর এবং স্বর্গ ও পৃথিবীতে ব্যাপ্ত হও। সুন্দরভাবে গমনকারী মরুৎগণের রথ সকলও পশ্চাৎ গমন করে।

৮। হে মরুৎগণ! তোমাদিগের উদ্দেশে যে কোন যাগাদি পূর্ব্বে অনু-ষ্ঠিত হইয়াছে ও অধুনা হইতেছে, হে বসুগণ! যে কোন মন্ত্রগীত হইতেছে ও যে কোন স্তোত্র পঠিত হইতেছে, তোমরা তৎসমস্ত অবগত হও। সুন্দর-ভাবে গমনকারী মরুৎগণের রথ সকলও পশ্চাৎ গমন করে।

(১) মূলে "হিরণ্যয়ান্ অৎকান্" আছে। "অৎকান্" অর্থে "কবচান্" সায়ণ। "Breastplates."— *Wilson*.

৯। হে মরুৎগণ! তোমরা আমাদিগের অনিষ্ট বিধান না করিয়া সুখ বিধান কর। সখ্যদ্বারা আমাদিগের স্তোত্রের পুরস্কার কর। সুন্দরভাবে গমনকারী মরুৎগণের রথ সকলও পশ্চাৎ গমন করিতেছে।

১০। হে মরুৎগণ! তোমরা আমাদিগকে ঐশ্বর্য্যাভিমুখে লইয়া যাও, আমাদিগের স্তবে প্রসন্ন হইয়া পাপ হইতে আমাদিগকে মুক্ত কর। হে পূজনীয় মরুৎগণ! তোমরা আমাদিগের প্রদত্ত হব্য গ্রহণ কর, আমরা যেন নানাবিধ ধনের অধিপতি হই।

৫৬ সুক্ত।

মরুৎগণ দেবতা। শ্যাবাশ্ব ঋষি।

১। হে অগ্নি! উজ্জ্বলাভরণভূষিত বিজয়ী মরুৎগণকে আহ্বান কর। দীপ্তিমান্ স্বর্গ হইতে আমাদিগের অভিমুখে আসিবার নিমিত্ত অদ্য আমি মরুৎগণকে আহ্বান করিতেছি।

২। হে অগ্নি! তুমি মনোমধ্যে যে কোনরূপে মরুৎগণের পূজা কর, তাঁহারা যেন আমার নিকট উপকারকভাবে আগমন করেন; যাঁহারা তোমার আহ্বান শ্রবণমাত্র আগমন করেন; ভীষণমূর্ত্তি সেই সমস্ত মরুতের হব্য প্রদান করিয়া তৃপ্তি বর্দ্ধন কর।

৩। পৃথিবীস্থিত লোক অন্য ব্যক্তিদ্বারা উৎপীড়িত হইলে আশ্রয়লাভার্থ যেরূপ আপনাদিগের প্রবল প্রভুর নিকট গমন করে, তদ্রূপ মরুৎসেনা উল্লাসিত হইয়া আমাদিগের নিকট আসিতেছে। হে মরুৎগণ! তোমরা অগ্নির ন্যায় কর্ম্মক্ষম ও ভীষণের ন্যায় দুর্দ্ধর্ষ।

৪। দুর্দম্য গোসকলের ন্যায় যে মরুৎ নিজবলে অক্লেশে শত্রুসংহার করেন না, তাঁহারা নিজ সঞ্চারদ্বারা প্রকাণ্ড, শব্দায়মান, জলপূর্ণ মেঘ প্রেরণ করেন।

৫। হে মরুৎগণ! তোমরা উত্থিত হও; আমি এই সকল স্তোত্রদ্বারা বারিরাশির ন্যায় সমৃদ্ধিশালী, বলসম্পন্ন, অপূর্ব্ব মরুৎগণের আহ্বান করিতেছি।

৬। হে মরুৎগণ! তোমরা রথে অরুষীগণকে যোজনা কর, রথসমূহে রোহিতগণকে যোজনা কর; ভারবহনার্থ দ্রুতগামী হরিদ্বয়কে(১) যোজনা কর, যাহারা বহনকার্য্যে সুদক্ষ, ভারবহনার্থ তাহাদিগকে যোজনা কর।

(১) সূর্য্যের অশ্বের নাম অরুণ (১.৬।১। কাণ্বের টীকা দেখ)। অগ্নির অশ্বের নাম রোহিত। ইন্দ্রের অশ্বের নাম হরি বা হরিৎ।

৭। হে মরুৎগণ! রথে নিয়োজিত, দীপ্তিমান্, উচ্চরবকারী ও মনোজ্ঞ সেই অশ্ব তোমাদিগের যাত্রা বিষয়ে যেন বিলম্ব না করে। তোমরা রথস্থ সেই অশ্বকে এরূপে প্রেরণ কর যাহাতে বিলম্ব না হয়।

৮। আমরা মরুৎগণের সেই অন্নপূর্ণ রথ আহ্বান করিতেছি, যাহার উপর রোদসী সুস্বাদু বারি ধারণ পূর্ব্বক রুদ্রগণের সহিত অবস্থান করিয়াছিলেন।

৯। হে মরুৎগণ! আমি তোমাদিগের সেই রথ শোভাকারী, দীপ্তিমান্ ও স্তবার্হদলকে আহ্বান করিতেছি, যন্মধ্যে সুজাত ও সৌভাগ্যশালিনী মীলুহুষী (২) মরুৎগণের সহিত পূজিত হয়েন।

---

৫৭ সূক্ত।

মরুদ্গণ দেবতা। শ্যাবাশ্ব ঋষি।

১। হে পরস্পর সদয়চিত্ত, সুবর্ণময় রথারূঢ়, ইন্দ্রের অনুচর রুদ্রপুত্রগণ! তোমরা সুগম্য যজ্ঞে আগমন কর; আমরা তোমাদিগকে উদ্দেশ করিয়া এই স্তোত্র পাঠ করিতেছি। তোমরা তৃষ্ণার্ত্ত ও জলাভিলাষী গোতমের জন্য স্বর্গ হইতে জল লইয়া যেরূপ আসিয়াছিলে আমাদিগের নিকটও সেইরূপ আগমন কর।

২। হে সুবুদ্ধি মরুৎগণ! তোমাদিগের বাশী ও ঋষ্টি (১) ও উৎকৃষ্ট ধনুক, বাণ, তূণীর শ্রেষ্ঠ অশ্ব ও রথ আছে। তোমরা অস্ত্রদ্বারা সুসজ্জিত হও। হে পৃশ্নি পুত্রগণ! আমাদিগের কল্যাণবিধানার্থ আগমন কর।

৩। হে মরুৎগণ! তোমরা অন্তরিক্ষে মেঘ সকলকে বিক্ষিপ্ত কর ও হব্যদাতাকে ধন প্রদান কর, তোমাদিগের আগমন ভয়ে বন সকল বিকম্পিত হয়। হে পৃশ্নিপুত্রগণ! যৎকালে প্রচণ্ডমূর্ত্তিতে তোমরা বারিবর্ষণার্থ তোমাদিগের অশ্বগণকে রথে যোজনা কর, তৎকালে পৃথিবী সংক্ষুব্ধ হয়।

---

(২) মূলে "মীলহুষী" আছে। "মীলহুষ্টম শিবতমেত্যাদৌ বর্ণনাশ্মীঢ়ান্ রুদ্রঃ তৎপত্নী।" সায়ণ। অর্থাৎ মরুৎমাতা, রুদ্রপত্নী রোদসী।

(১) এই মণ্ডলের ৩৩। ৪ ঋকের টীকা এবং ৩৪।১১। ঋকের টীকা। সায়ণ। "বাশী" অর্থে এখানে "তক্ষণসাধনা আয়ুধং" অর্থাৎ ছুতরগণের "বাইশ" করিয়াছেন। পণ্ডিত উইলসন বাশী অর্থে Swords এবং ঋষ্টি অর্থে Lances করিয়াছেন।

৪। মরুৎগণ দীপ্তিমান্, বৃষ্টিশোধক, যমজের ন্যায় তুল্যরূপে মনোজ্ঞ মূর্ত্তি, শ্যামবর্ণ ও অরুণবর্ণ, অশ্বগণের অধিপতি, নিষ্পাপ ও শত্রুক্ষয়কারী এবং আয়তনে আকাশের ন্যায় বিস্তীর্ণ।

৫। প্রচুর বারিবর্ষণকারী, আবরণধারী, দানশীল, উজ্জ্বলমূর্ত্তি, অক্ষয় ধনসম্পন্ন, সুজন্মা ও বক্ষঃস্থলে সুবর্ণ আভরণধারী এবং পূজনীয় মরুৎগণ স্বর্গ হইতে আগমন পূর্ব্বক অমৃতময় হব্য লাভ করিয়াছেন।

৬। হে মরুৎগণ! তোমাদিগের স্কন্ধদেশে ঋষ্টি সকল, বাহুদ্বয়ে শত্রু নাশক বল, শিরোদেশে সুবর্ণময় উষ্ণীষ, রথোপরি অস্ত্র সকল এবং অঙ্গ সকলে শোভা সমস্ত অবস্থিতি আছে।

৭। হে মরুৎগণ! তোমরা আমাদিগকে বহু গো, অশ্ব, রথ, প্রশস্ত পুত্র ও হিরণ্যের সহিত অন্ন প্রদান কর, হে রুদ্র পুত্রগণ! তোমরা আমাদিগের সমৃদ্ধি বিধান কর। আমি যেন তোমাদিগের স্বর্গীয় রক্ষা ভোগ করি।

৮। হে মরুৎগণ! তোমরা আমাদিগের প্রতি অনুকূল হও; তোমরা নেতা, অতুল ঐশ্বর্য্যশালী, অবিনশ্বর, বারিবর্ষক, সত্যানিবন্ধন প্রসিদ্ধ, জ্ঞানসম্পন্ন, তরুণ, প্রচুর স্তুতিযুক্ত এবং প্রচুর বর্ষণকারী।

৫৮ সূক্ত।

মরুৎগণ দেবতা। শ্যাবাশ্ব ঋষি।

১। অদ্য আমি দীপ্তিমান্ স্তবার্হ মরুৎগণের স্তব করিতেছি; মরুৎগণ বেগগামী অশ্বগণের অধিপতি, বলপূর্ব্বক সর্ব্বত্র গতিশীল, জলের অধিপতি ও নিজ প্রভাদ্বারা প্রভান্বিত।

২। হে হোতা! তুমি দীপ্তিমান্, বলশালী, বলয় মণ্ডিত হস্ত (১) কম্পন-বিধায়ক, জ্ঞানসম্পন্ন ও ধনদাতা মরুৎগণের পূজা কর; যাঁহারা সুখদাতা, যাঁহাদিগের মাহাত্ম্যের ইয়ত্তা নাই, অতুলৈশ্বর্য্যসম্পন্ন নেতা সেই সকল মরুতের বন্দনা কর।

(১) মূলে "খাদি" আছে। খাদি পদের আভরণ (৫৪।১১ ঋকের টীকা দেখ) এবং হস্তেরও আভরণ। অতএব খাদি অর্থে এক্ষণকার ভাষায় মল বা বালা।

৩। যে সমস্ত বিশ্বব্যাপী মরুৎ বৃষ্টি উৎপাদন করেন, তাঁহারা বারিবহন করিয়া অদ্য তোমাদিগের নিকট উপস্থিত হয়েন; হে তরুণ ও জ্ঞানসম্পন্ন মরুৎগণ! তোমাদিগের জন্য যে অগ্নি প্রজ্জ্বলিত হইয়াছে, তোমরা তদ্দ্বারা প্রীতিলাভ কর।

৪। হে পূজনীয় মরুৎগণ! তোমরা যজমানকে দীপ্তিমান্, শত্রুসংহারক ও বিভুদ্বারা গঠিত একটী পুত্র প্রদান কর। হে মরুৎগণ! তোমাদিগের হইতেই দৃঢ়মুষ্টি ভুজবলদ্বারা শত্রুনাশক ও অসংখ্য অশ্বের অধিপতি পুত্র উৎপন্ন হয়।

৫। রথস্থিত শত্রুর ন্যায় তোমরা কেহই কাহা অপেক্ষা নিকৃষ্ট নহে, কিন্তু দিবস সমূহের ন্যায় সকলেই পরস্পর সমান। পৃশ্নির পুত্রগণ সকলেই সমানরূপে জাত, কেহই দীপ্তি বিষয়ে নিকৃষ্ট নহেন; বেগগামী মরুৎগণ স্বতঃ প্রবৃত্ত হইয়া সম্যক্‌রূপে বারিবর্ষণ করেন।

৬। হে মরুৎগণ! যৎকালে তোমরা পৃষতী অশ্বদ্বারা আকৃষ্ট দৃঢ়চক্র রথে আরোহণপূর্ব্বক আগমন কর, তৎকালে বারিরাশি পতিত হয়, বন সকল বেগবশতঃ ভগ্ন হয় এবং সূর্য্যকিরণ সম্পৃক্ত বারিবর্ষণকারী পর্জ্জন্য অধোমুখ হইয়া বৃষ্টির জন্য শব্দ করিতে থাকে।

৭। এই সকল মরুতের আগমনে পৃথিবী উর্ব্বরতা প্রাপ্ত হয়; পতি যেরূপ ভার্য্যার গর্ভ উৎপাদন করে তদ্রূপ মরুৎগণ পৃথিবীর উপর গর্ভ স্থানীয় সলিল স্থাপিত করেন, রুদ্র পুত্রগণ বেগগামী অশ্বগণকে রথের অগ্রভাগে যোজিত করিয়া ঘর্ম্ম বৃষ্টি নিঃসৃত করিতেছেন।

৮। হে মরুৎগণ! তোমরা আমাদিগের প্রতি অনুকূল হও; তোমরা নেতা, বিপুলৈশ্বর্য্যশালী, অবিনশ্বর, বারিবর্ষক, সত্যনিবন্ধন, প্রসিদ্ধ জ্ঞানসম্পন্ন, তরুণ, প্রচুর স্তুতিযুক্ত এবং প্রচুর বর্ষণকারী।

৫৭ সূক্ত।

মরুৎগণ দেবতা। শ্যাবাশ্ব ঋষি।

১। হে মরুৎগণ! হব্যদাতার কল্যাণবিধানার্থ হোতা সম্যক্‌রূপে তোমাদিগের স্তব করিতেছেন। হে হোতা! তুমি দ্রুত স্তব কর, আমি পৃথিবীর স্তোত্র সম্পাদন করিতেছি। মরুৎগণ সর্ব্বব্যাপী বৃষ্টি পাতিত করিতেছেন; তাঁহারা অন্তরিক্ষের সর্ব্বত্র সঞ্চরণ করিতেছেন এবং মেঘ সকলের সহিত নিজ তেজ একত্রিত করিতেছেন।

২। জনাকীর্ণ নৌকা জল মধ্য দিয়া যেরূপ কম্পিতভাবে গমন করে, তদ্রূপ মরুৎগণের আগমনে পৃথিবী ভয়ে কম্পিত হইতে থাকে। তাঁহারা দূর হইতে দৃষ্ট হইয়াও গতি দ্বারা পরিজ্ঞাত হয়েন; নেতা মরুৎগণ স্বর্গ ও পৃথিবীর মধ্যে সমধিক হব্য ভক্ষণার্থ চেষ্টা করেন।

৩। হে মরুৎগণ! তোমরা শোভার্থ গোশৃঙ্গের ন্যায় উৎকৃষ্ট কিরীট ধারণ কর, দিবসের নেত্রভূত সূর্য্য যেরূপ নিজ রশ্মি সকল বিকীর্ণ করেন, তদ্রূপ তোমরা বৃষ্টি মোচনার্থ সর্ব্বপ্রকাশক তেজ ধারণ কর, তোমরা অশ্বগণের ন্যায় বেগবান্ ও মনোহর। হে নেতা মরুদ্‌গণ! তোমরা যজমানগণের মঙ্গল বিবেচনা কর।

৪। হে মরুদ্‌গণ! পূজনীয় তোমাদিগের পূজা কে করিতে পারিবে? কে তোমাদিগের যথাযোগ্য স্তোত্র পাঠে সমর্থ হইবে? কে তোমাদিগের বীরত্ব ঘোষণা করিতে পারিবে? কারণ তোমরা উর্ব্বরতা বিধানার্থ বৃষ্টিপাত করিলে ধরিত্রী কিরণবৎ কম্পিত হইতে থাকে।

৫। অশ্বগণের ন্যায় বেগগামী, দীপ্তিমান্, পরস্পর স্নেহসূত্রে বদ্ধ, মরুদ্‌গণ বীরগণের ন্যায় যুদ্ধকার্য্যে ব্যাপৃত আছেন। সমৃদ্ধিসম্পন্ন মানবগণের ন্যায় নেতা মরুৎগণ সমধিক শক্তিশালী হইয়া বৃষ্টিদ্বারা সূর্য্যের চক্ষু আবৃত করিতেছেন।

৬। মরুৎগণের মধ্যে কেহ কাহা অপেক্ষা জ্যেষ্ঠ বা কনিষ্ঠ নহে। শত্রু-সংহারক মরুৎগণের মধ্যে কেহ মধ্যম নহে, সকলেই প্রভাব বিষয়ে সমৃদ্ধিসম্পন্ন। হে সুজন্মা মানবগণের হিতকারী পৃশ্নিপুত্র মরুদ্‌গণ! তোমরা স্বর্গ হইতে আমাদিগের অভিমুখে আগমন কর।

৭। শ্রেণীবদ্ধ হইয়া উড্ডীন পক্ষিগণের ন্যায় তাঁহারা বলপূর্ব্বক বিস্তীর্ণ সমুন্নত নভোমণ্ডলের উপরিভাগ দিয়া অন্তরিক্ষের পর্য্যন্তভাগে গমন করেন। তাঁহাদিগের অশ্বগণ মেঘ হইতে বৃষ্টি পাতিত করে। ইহা দেব ও মনুষ্য উভয়েই অবগত আছেন।

৮। স্বর্গ এবং পৃথিবী আমাদিগের পোষণার্থ বৃষ্টি উৎপাদন করুন। নিরতিশয় দানশীল উষা সকল আমাদিগের কল্যাণ বিধানার্থ যত্ন করুন। হে ঋষি! এই সমস্ত রুদ্রপুত্র তোমার স্তবে প্রীত হইয়া স্বর্গীয় বৃষ্টিবর্ষণ করুক।

৬০ সূক্ত।

অগ্নির সহিত মরুৎগণ দেবতা। শ্যাবাশ্ব ঋষি।

১। আমি স্তোত্রদ্বারা রক্ষাকারী অগ্নির স্তব করিতেছি। তিনি সম্প্রতি যজ্ঞে উপস্থিত হইয়া ও প্রসন্ন হইয়া সেই স্তোত্র অবগত হউন। আমি অন্ন-কামনায় গন্তব্যস্থানের অভিমুখবর্ত্তী রথ সকলের ন্যায় স্তোত্র সকলদ্বারা নিজ অভিমত সম্পাদন করিতেছি। আমি প্রদক্ষিণ করিয়া যেন মরুদ্‌গণের স্তোত্র বর্দ্ধন করিতে পারি।

২। হে ভীষণ রুদ্রপুত্র মরুদ্‌গণ! তোমরা প্রসিদ্ধ অশ্বগণদ্বারা আকৃষ্ট, শোভন, অন্নসমন্বিত রথে আরূঢ় হইয়া গমন কর। তোমাদিগের আগমনে বন সকল ভয়ে সঙ্কুচিত হয় এবং পৃথিবী ও পর্ব্বত ভয়ে কম্পিত হইতে থাকে।

৩। হে মরুদ্‌গণ! তোমাদিগের শব্দে উত্তুঙ্গ মহাপর্ব্বতও ভীত হয় এবং অন্তরিক্ষের সমুন্নত প্রদেশও কম্পিত হয়। হে অস্ত্রধারী মরুদ্‌গণ! যৎকালে তোমরা ক্রীড়া কর তৎকালে তোমরা বারিরাশির ন্যায় সকলে সমবেত হইয়া বেগে প্রধাবিত হও।

৪। ঐশ্বর্য্যশালী বর যেরূপ সুবর্ণময় অলঙ্কার ও সলিল দ্বারা(১) আপনাদিগের দেহ ভূষিত করে, তদ্রূপ এই সকল শ্রেষ্ঠ ও বলশালী মরুদ্‌গণ রথোপরি সমবেত হইয়া আপনাদিগের দেহের শোভা সম্পাদনার্থ সমধিক আয়োজন করিতেছেন।

৫। এই সমস্ত মরুৎ এক সময়ে উৎপন্ন, সুতরাং পরস্পর জ্যেষ্ঠকনিষ্ঠভাব বর্জ্জিত হইয়া ভ্রাতৃভাবে ও সমৃদ্ধি সহকারে বর্দ্ধিত হইয়াছেন। নিত্যতরুণ, সৎকর্ম্মের অনুষ্ঠানকারী মরুদ্‌গণের পিতা রুদ্র ও জননী দোহনযোগ্যা পৃশ্নি, মরুদ্‌গণের নিমিত্ত দিন সকল অনুকূল করুন।

৬। হে সৌভাগ্যশালী মরুদ্‌গণ! তোমরা স্বর্গের ঊর্দ্ধ, মধ্য, বা অধো দেশে অবস্থান কর, হে রুদ্রগণ! তথা হইতে আমাদিগের নিকট আগমন কর। হে অগ্নি! অদ্য আমরা যে হব্য প্রদান করিতেছি তাহা তুমি অবগত হও।

৭। হে সর্ব্বজ্ঞ মরুদ্‌গণ! যে হেতু তোমরা ও অগ্নি স্বর্গের ঊর্দ্ধ দেশে ও উপরিভাগে অবস্থান কর, অতএব তোমরা আমাদিগের স্তব ও হব্যে প্রীত হইয়া

---

(১) মূলে "বধাভিঃ" আছে। সায়ণ উদক অর্থ করিয়াছেন। চন্দনাদি হওয়া সম্ভব বিবাহের সময় বরের চন্দনাদি ও সুবর্ণের অলঙ্কার দ্বারা সজ্জা করাই সম্ভব।

শত্রুগণকে কম্পিত ও বিনষ্ট করিয়া হব্যদাতা যজমানকে অভিলষিত ধন প্রদান কর।

৮। হে বৈশ্বানর অগ্নি! তুমি প্রাচীন কেতুস্বরূপ শিখাসমূহ ধারণ করিয়া শোভমান্, পুজনীয়, সমবেত পবিত্রতাবিধায়ক, প্রীতিদায়ক ও দীর্ঘজীবি মরুদ্‌গণের সহিত উল্লাসিত হইয়া সোম পান কর।

৬১ সূক্ত(১)।

১ হইতে ৪ ঋকের ও ১১ হইতে ১৬ পর্য্যন্ত ৬ ঋকের দেবতা মরুদ্‌গণ, অন্যান্য ঋকে নানাবিধ নামের উল্লেখ আছে। শ্যাবাশ্ব ঋষি।

১। হে শ্রেষ্ঠতম নেতাগণ! কে তোমরা সুদূরবর্ত্তী প্রদেশ হইতে একে একে উপস্থিত হইয়াছ?

২। তোমাদিগের অশ্বগণ কোথায়? বল্গা কোথায়? কিরূপ সামর্থ্য? কিরূপেই বা গমন করিতেছ? অশ্বগণের পৃষ্ঠদেশে আস্তরণ ও নাসিকাদ্বয়ে বন্ধনরজ্জু লক্ষিত হইতেছে।

৩। অশ্বগণের জঘন দেশে কশাঘাত হইতেছে, তাহারা বস্তু তাড়িত হইয়া প্রসবোন্মুখী নারীর ন্যায় উরু বিবৃত করিতেছে।

৪। হে মর্ত্ত্যগণের হিতকারী সুজন্মা, শত্রুনাশক বীরগণ! তোমরা অগ্নিসন্তপ্ত তাম্রাদির ন্যায় প্রদীপ্ত দৃষ্ট হইতেছ।

৫। শ্যাবাশ্ব যাঁহার স্তব করিয়াছেন, সেই বীর তরন্তকে যিনি ভুজপাশে বন্ধন করিয়াছেন, সেই তরন্তের মহিষী শশীয়সী আমাকে অশ্ব গো ও শত মেষাত্মক পশু যূথ প্রদান করিয়াছেন।

(১) সায়ণাচার্য্য বলেন একটা প্রাচীন ইতিবৃত্ত অবলম্বন করিয়া এই স্তোত্রের সৃষ্টি হইয়াছে। দর্ভের পুত্র রাজা রথবীতি অত্রিবংশীয় অর্চনানাকে হোতৃ কার্য্যে বরণ করিয়াছিলেন। অর্চনানা পিতৃসমীপে রাজপুত্রীকে দর্শন করিয়া স্বপুত্র শ্যাবাশ্বের সহিত তাহার বিবাহ দিবার নিমিত্ত রাজার নিকট প্রার্থনা করিলেন। রাজা তাহাতে সম্মত হইয়া নিজ মহিষীকে জিজ্ঞাসা করায় রাজমহিষী আপত্তি করিলেন। তখন শ্যাবাশ্ব ভিক্ষার্থ পর্য্যটন করিতে করিতে একদা রাজা তরন্তের মহিষী শশীয়সীর নিকট উপস্থিত হইলেন, শশীয়সী শ্যাবাশ্বকে সঙ্গে লইয়া পতি সমীপে উপস্থিত হইলে রাজা তাঁহাকে সমুচিত অতিথি সৎকার করিলেন। শ্যাবাশ্ব তথা হইতে গমন কালে পথি মধ্যে মরুদ্‌গণের সহিত সাক্ষাৎ হওয়ায় সত্বর চিত্তে কৃতাঞ্জলিপুটে তাঁহাদিগের স্তব করিতে লাগিলেন। মরুদ্‌গণ তুষ্ট হইয়া তাঁহাকে ঋষি বলিয়া স্বীকার করিলেন। তখন রথবীতি ও তাঁহার মহিষী শ্যাবাশ্বের সহিত রাজকুমারীর বিবাহ দিলেন।

৬। যে পুরুষ দেবগণের আরাধনা ও ধন দান না করে, শশীয়সী তাদৃশ পুরুষ অপেক্ষা সর্ব্বাংশে শ্রেষ্ঠ।

৭। কারণ তিনি ব্যথিত, তৃষ্ণার্ত্ত ও ধনাভিলাষী ব্যক্তিগণের প্রতি মনোযোগী হয়েন এবং দেবগণের প্রতি নিজ চিত্ত সমর্পণ করেন।

৮। আমি শশীয়সীর অর্দ্ধাঙ্গভূত পুরুষ তরন্তের স্তব করিলেও বলিতেছি, যে তাঁহার সমুচিত স্তব হইতেছে না, কারণ তিনি দান বিষয়ে সকল সময়েই একবিধ।

৯। যুবতী শশীয়সী উল্লাসিত চিত্তে আমাকে পথপ্রদর্শন করিয়াছেন, এবং তদ্দত্ত দুইটী লোহিত বর্ণ অশ্ব আমাকে যশস্বী, বিজ্ঞ পুরুমীঢ়ের নিকট বহন করিয়াছিল।

১০। বিদদশ্বের পুত্র পুরুমীঢ় আমাকে ধেনুশত ও তরন্তের ন্যায় অনেক মহামূল্য ধন প্রদান করিয়াছেন।

১১। যে সকল মরুৎ বেগগামী অশ্বে আরূঢ় হইয়া হর্ষবিধায়ক সোমরস পান করিতে করিতে এস্থানে আগমন করিয়াছেন, তাঁহারা সম্প্রতি এস্থলে বিবিধ স্তব গ্রহণ করিতেছেন।

১২। যে সকল মরুতের দীপ্তিদ্বারা স্বর্গ ও পৃথিবী ব্যাপ্ত হইয়া রহিয়াছে, যাঁহারা উপরিস্থিত স্বর্গে প্রদীপ্ত রথোপরি বিশেষরূপে শোভা পাইতেছেন।

১৩। সেই মরুদ্‌গণ নিত্যতরুণ, সমুজ্জ্বল রথে আরূঢ়, অনিন্দ্য শোভনরূপে গমনকারী ও অপ্রতিহত গতি।

১৪। জল বর্ষণার্থ জাত, নিষ্পাপ, শত্রুগণের কম্পনবিধায়ক, মরুৎগণ যে স্থানে উল্লাসিত হয়েন, মরুদ্‌গণের সেই স্থান কোন ব্যক্তি অবগত আছে?

১৫। হে স্তবপ্রিয় মরুদ্‌গণ! যে ব্যক্তি ঈদৃশ স্তুতি কর্ম্মদ্বারা তোমাদিগকে প্রসন্ন করে, তোমরা সেই ব্যক্তিকে অভিমত স্বর্গাদি স্থানে পথ প্রদর্শন করিয়া লইয়া যাও। যজ্ঞে আহ্বান করিলে তোমরা সেই আহ্বান শ্রবণ কর।

১৬। হে শত্রুসংহারক, পূজনীয়, অতুলৈশ্বর্য্যশালী মরুদ্‌গণ! তোমরা আমাদিগকে বাঞ্ছিত ধন প্রদান কর।

১৭। হে রাত্রি! তুমি আমার নিকট হইতে দর্ভপুত্র রথবীতির নিকট মরুৎকৃত এই সমস্ত মরুৎস্তুতি বহন কর। হে দেবি! রথী যেরূপ রথোপরি বিবিধ বস্তু স্থাপন করিয়া গন্তব্য স্থানে তৎসমুদয় বহন করে, তদ্রূপ তুমি আমার এই সকল স্তব বহন কর।

১৮। সোমযাগ সম্পন্ন হইলে, তুমি আমার হইয়া রথবীতিকে ইহা নিবেদন করিও, যে তাঁহার কন্যার প্রতি আমার প্রণয় কিছু বিচলিত হয় নাই।

১৯। এই ঐশ্বর্য্যশালী রথবীতি গোমতীতীরে (২) বাস করেন এবং পর্ব্বতের প্রান্তভাগে তাঁহার গৃহ অবস্থিত আছে।

৬২ সূক্ত।

মিত্র ও বরুণ দেবতা। অত্রির অপত্য শ্রুতবিদ ঋষি।

১। আমি তোমাদিগের আবাসভূত, ঋতদ্বারা আচ্ছাদিত, ধ্রুব ও ঋত সূর্য্যমণ্ডল দর্শন করিয়াছি। সেই স্থানে অবস্থিত অশ্বগণকে উপাসকগণ স্তোত্রদ্বারা বিমুক্ত করেন। সেই স্থানে সহস্র সংখ্যক রশ্মি সমবেত হইয়া অবস্থিতি করে। দেবমূর্ত্তিসমূহের মধ্যে সেই এক শ্রেষ্ঠ মূর্ত্তি আমি দেখিয়াছি।

২। হে মিত্র ও বরুণ! তোমাদিগের এই মাহাত্ম্য অতি প্রশস্ত, যদ্দ্বারা নিরন্তর পরিভ্রমণকারী সূর্য্য দৈনিকগতি সাহায্যে বদ্ধ জলরাশিকে দোহন করিয়াছেন। তোমরা স্বয়ং ভ্রমণকারী সূর্য্যের প্রীতিদায়ক দীপ্তি সকল বর্দ্ধিত করিতেছ। তোমাদিগের উভয়ের একমাত্র রথ নিরন্তর পরিভ্রমণ করিতেছে।

৩। হে মিত্র ও বরুণ! স্তোতৃগণ তোমাদিগের অনুগ্রহে রাজ পদ লাভ করে। তোমরা নিজ সামর্থ্যদ্বারা পৃথিবী ও স্বর্গকে ধারণ করিয়া রহিয়াছ। হে ক্ষিপ্রদানকারিগণ! তোমরা ওষধি সকল ও ধেনুগণকে বর্দ্ধিত কর এবং বৃষ্টিবর্ষণ কর।

৪। হে মিত্র ও বরুণ! অনায়াসে রথে যোজিত তোমাদিগের অশ্বগণ তোমাদিগকে বহন করুক ও রশ্মিদ্বারা সুসংযত হইয়া অবতরণ করুক। বারিরাশি মূর্ত্তিধারণ করিয়া তোমাদিগের অনুসরণ করিতেছে এবং প্রাচীন নদী সকল তোমাদিগের অনুগ্রহে প্রবাহিত হইতেছে।

৫। হে অন্নসম্পন্ন ও বলশালী মিত্র ও বরুণ! তোমরা সুপ্রসিদ্ধ শরীর-

---

(২) সিন্ধু নদীর পশ্চিম দিকের (কাবুল প্রদেশের) একটী শাখা, এক্ষণে তাহার নাম গোমাল।

সরযু নদী সম্বন্ধে ৪।৩০।১৮ ঋকের টীকা দেখ। বহুকাল পরে, আর্য্যগণ ক্রমশঃ পূর্ব্বাভিমুখে গমন করিলেন। যখন কোশল প্রদেশে অধিনিবেশ স্থাপন করিলেন সেই প্রদেশের নদীগুলিকেও "সরযু" নদী নাম দিলেন। কিন্তু ঋগ্বেদের সরযু ও গোমতী সিন্ধু এক নহে।

দীপ্তি বর্দ্ধিত করিয়া এবং মন্ত্রদ্বারা যজ্ঞ যেরূপ রক্ষিত হয় তদ্রূপ পৃথিবীকে রক্ষা করিয়া, যজ্ঞভূমির মধ্যস্থিত রথের উপর আরোহণ কর।

৬। হে মিত্র ও বরুণ! তোমরা যজ্ঞভূমিতে যে যজমানকে রক্ষা কর, শোভন স্তুতিকারী সেই যজমানের প্রতি দানশীল হও ও তাহাকে রক্ষা কর। কারণ তোমরা উভয়ে রাজা ও ক্রোধবিহীন হইয়া ধন ও সহস্র স্তম্ভ সমন্বিত সৌধ (১) ধারণ কর।

৭। ইঁহাদিগের রথ সুবর্ণ নির্ম্মিত ও কীলকাদি হেমময়। এই রথ বিদ্যু-তের ন্যায় অন্তরিক্ষে শোভা পায়। আমরা যেন কল্যাণকর স্থানে অথবা যূপ-যষ্টিসমন্বিত যজ্ঞভূমিতে রথোপরি সোমরস স্থাপন করিতে পারি।

৮। হে মিত্র ও বরুণ! তোমরা প্রত্যূষে সূর্য্যোদয় হইলে লৌহকীলক সমন্বিত সুবর্ণ ঘটিত রথে আরোহণ কর এবং তথা হইতে অদিতি ও দিতিকে (২) অবলোকন কর।

---

(১) "মূলে সহস্রস্থূনং" আছে। "অনেকাবষ্টকস্তম্ভোপেতং সৌধাদিরূপং গৃহং।" সায়ণ। এখানে অনেক স্তম্ভবিশিষ্ট অট্টালিকার উল্লেখ পাওয়া যায়।

(২) মূলে "অদিতিং দিতিং চ" আছে এই অদিতি ও দিতি শব্দের নানা রূপ অর্থ করা হইয়াছে। সায়ণ অদিতি অর্থে অখণ্ডনীয়া পৃথিবী এবং দিতি অর্থে খণ্ডিতা প্রজাদি করিয়াছেন। মহীধর (শুক্লযজুঃ ১০।১৬) অদিতি অর্থে অদীন বিহিতানুষ্ঠাতা অর্থাৎ পুণ্যাত্মা এবং দিতি অর্থে দীন নাস্তিকাদি পাপাত্মা করিয়াছেন।

"অদিতি" শব্দের (দো ধাতু হইতে) প্রকৃত অর্থ অখণ্ডিত, অসীম, অনন্তবিশ্বজগৎ ১।১৪।৩ ঋকের টীকা দেখ। অতএব "দিতি" শব্দের প্রকৃত অর্থ জগতের খণ্ড বা সীমাবদ্ধ জগৎ। ঋকের প্রকৃত অনুবাদ বোধ হয় এই; যথা—হে মিত্র ও বরুণ! তোমরা... তথা হইতে অসীম বিশ্ব জগৎ এবং সীমাবদ্ধ জগৎ অবলোকন কর।

বাস্তবিক "অদিতি" শব্দের উৎপত্তির পর ঐ শব্দের দেখা দেখি "দিতি" শব্দটী উৎপন্ন করা হইয়াছে। ঋগ্বেদে "দিতি শব্দটী তিন বারমাত্র ব্যবহার হইয়াছে। (৪।২।১১ এবং ৫।৬২।৮, এবং ৭।১৫।১২) একবার উহার অর্থ অদিতি, আর দুইবার "অদিতি ও দিতি" একত্র ব্যবহার হইয়াছে, তাহার মর্ম্ম অসীম ও সীমাবদ্ধ জগৎ। ঋগ্বেদের শব্দ দুইটী এইরূপে উৎপন্ন হইল, কিন্তু ইহাদিগের সম্বন্ধে ব্যাখ্যা ও টীকা ও উপাখ্যান ক্রমে বাড়িতে লাগিল এবং পুরাণে আমরা সেই উপাখ্যানের চরম অবস্থা দেখিতে পাই। পৌরাণিক অদিতি ব্রহ্মার পৌত্রী এবং দেবগণের মাতা। এবং দিতি ও ব্রহ্মার পৌত্রী এবং দৈত্যগণের মাতা। পৌরাণিক গল্পগুলি এইরূপে সৃষ্ট হইয়াছে। ঋগ্বেদে দৈত্য শব্দের আদৌ ব্যবহার নাই এবং দানবগণ যে দিতি হইতে উৎপন্ন তাহারও কিছুমাত্র উল্লেখ নাই।

৯। হে দানশীল ও বিশ্বরক্ষক মিত্র ও বরুণ! যে সুখের কোন ব্যাঘাত নাই তাদৃশ নিরতিশয় ও নিরবচ্ছিন্ন সুখ তোমরাই প্রদান করিতে সমর্থ। তোমরা আমাদিগকে তাদৃশ সুখ প্রদান কর, আমরা যেন অভিলষিত ধন লাভ করি ও শত্রুবিজয়ী হই।

৬৩ সূক্ত।

মিত্র ও বরুণ দেবতা। অত্রির অপত্য অর্চনানা ঋষি।

১। হে বারিরক্ষক, সত্যদর্শী মিত্র ও বরুণ! তোমরা স্বর্গের অত্যুন্নত প্রদেশে রথোপরি আরোহণ কর। এই যজ্ঞে তোমরা যে যজমানকে রক্ষা করিতেছ, বৃষ্টি স্বর্গ হইতে তাঁহার উদ্দেশে সুমধুর বারি বর্ষণ করে।

২। হে স্বর্গদ্রষ্টা মিত্র ও বরুণ। তোমরা আমাদিগের যজ্ঞে সমধিক দীপ্তিশালী হইয়া ভুবন শাসন করিতেছ। আমরা তোমাদিগের নিকট বৃষ্টিরূপ ধন এবং অমরত্ব প্রার্থনা করিতেছি; তোমাদিগের বিস্তৃত রশ্মি সকল স্বর্গ ও পৃথিবীতে বিচরণ করিতেছে।

৩। হে মিত্র ও বরুণ! তোমরা সমধিক দীপ্তিসম্পন্ন, প্রচণ্ড বলশালী, বারিবর্ষণকারী, স্বর্গ ও পৃথিবীর অধিপতি এবং সর্ব্বদ্রষ্টা, তোমরা বিচিত্র মেঘবৃন্দের সহিত স্তোত্র শ্রবণ করিবার নিমিত্ত আগমন কর এবং অসুরের মায়াদ্বারা (১) স্বর্গ হইতে বৃষ্টি পাতিত কর।

৪। হে মিত্র ও বরুণ! যখন তোমাদিগের অস্ত্রভূত জ্যোতির্ম্ময় সূর্য্য অন্তরিক্ষে পরিভ্রমণ করেন, স্বর্গে তোমাদিগের সামর্থ্য তৎকালে প্রকটিত হয়। তোমরা মেঘ ও বৃষ্টিদ্বারা অন্তরিক্ষে সূর্য্যের রক্ষা বিধান কর। হে পর্জ্জন্য! তাঁহাদিগের ইচ্ছাক্রমে তোমা হইতে সুমধুর বারিবিন্দু সকল পতিত হয়।

৫। হে মিত্র ও বরুণ! বীর যেরূপ যুদ্ধার্থ নিজ রথ সজ্জিত করেন তদ্রূপ মরুদ্গণ তোমাদিগেরই অনুগ্রহে বৃষ্টির জন্য সুখকর রথ সজ্জিত করেন। বারিবর্ষণার্থ মরুদ্গণ বিভিন্ন লোকে সঞ্চরণ করেন; অতএব হে অধিপতিগণ! তোমরা মরুদ্গণের সহিত স্বর্গ হইতে আমাদিগের উপর বারিবর্ষণ কর।

(১) এই ঋকে ও ৭ ঋকে মূলে "অসুরস্য মায়য়া" আছে। সায়ণ অর্থ করিয়াছেন বৃষ্টিদাতা পর্জ্জন্যের সামর্থদ্বারা। কিন্তু প্রকৃত অর্থ বোধ হয় "দৈব কৌশলদ্বারা।"

৬। হে মিত্র ও বরুণ! তোমাদিগেরই অনুগ্রহে মেঘ অন্নসাধক, প্রভা-ব্যঞ্জক, বিচিত্র গর্জ্জনধ্বনি করিতে থাকে; মরুৎগণ নিজ প্রজ্ঞা বলে মেঘ সকলকে সম্যক্‌রূপে রক্ষা করেন এবং তাহাদিগের সহিত তোমরা উভয়ে অরুণ বর্ণ ও নিষ্পাপ আকাশ হইতে বৃষ্টি পাতিত কর।

৭। হে বিচক্ষণ মিত্র ও বরুণ! তোমরা জগতের উপকারক বৃষ্ট্যাদি কার্য্য দ্বারা যজ্ঞ রক্ষা কর। তোমরা অসুরের মায়াদ্বারা বারিবর্ষণে সমস্ত ভূতজাতকে আলোকিত কর এবং পূজনীয় রথের ন্যায় সূর্য্যকে অন্তরিক্ষে ধারণ কর।

৬৪ সূক্ত।

মিত্র ও বরুণ দেবতা। অর্চনানা ঋষি।

১। হে মিত্র ও বরুণ! আমি এই মন্ত্রদ্বারা তোমাদিগকে আহ্বান করিতেছি, গোপাল যেরূপ বাহুবলদ্বারা গোযূথকে সঞ্চালিত করে, তদ্রূপ তোমরা উভয়েই শত্রুদিগকে অপসারিত কর ও স্বর্গের পথ প্রদর্শন কর।

২। তোমরা উভয়ে প্রজ্ঞাসম্পন্ন হস্তদ্বারা স্তবকারী আমাকে অভিমত সুখ প্রদান কর,কারণ তোমাদিগের প্রদত্ত বাঞ্ছিত সুখ সকল স্থানেই ব্যাপ্ত আছে।

৩। যেন আমি সদ্গতি লাভ করি, যেন আমি মিত্র প্রদর্শিত পথে গমন করি। সেই হিংসাবর্জ্জিত প্রিয় দেবের কল্যাণ যেন আমরা প্রাপ্ত হই।

৪। হে মিত্র ও বরুণ! আমি তোমাদিগকে স্তব করিয়া যেন এরূপ ধন লাভ করি, যে ধনিগণের ও স্তোতৃবর্গের গৃহে ঈর্ষার উদয় হইবে।

৫। হে মিত্র! হে বরুণ! তোমরা দীপ্তিসহকারে আমাদিগের যজ্ঞে উপস্থিত হও এবং ঐশ্বর্য্যশালী যজমানগণের ও তোমাদিগের মিত্রগণের স্বস্বগৃহে সমৃদ্ধি বৃদ্ধি কর।

৬। হে মিত্র ও বরুণ! আমরা যে সকল স্তব উচ্চারণ করিতেছি, তজ্জন্য আমাদিগকে বল ও প্রচুর অন্ন প্রদান কর। তোমরা অন্ন ও ধন এবং কল্যাণ বিষয়ে আমাদিগের প্রতি বিশেষরূপে বদান্য হও।

৭। প্রত্যূষে সূর্য্যরশ্মি প্রথম প্রকটিত হইলে যাহাদিগকে দেবযজনে পূজা করিতে হয়, হে মিত্র ও বরুণ! সেই তোমরা আমাকর্ত্তৃক অভিষুত সোমরস অবলোকন কর। হে যজ্ঞের অধিনায়কগণ! তোমরা অর্চনানার প্রতি প্রসন্ন হইয়া দ্রুতগামী অশ্বে আরোহণ পূর্ব্বক সত্বর আগমন কর।

৬৫ সূক্ত।

মিত্র ও বরুণ দেবতা। অত্রির অপত্য রাতহব্য ঋষি।

১। দেবগণের মধ্যে তোমাদিগের স্তব যিনি অবগত আছেন, তিনি সৎ-কর্ম্মের অনুষ্ঠানকারী। মনোজ্ঞমূর্ত্তি মিত্রও বরুণ যাঁহার স্তব গ্রহণ করেন, তিনি যেন আমাদিগকে স্তুতিবিষয়ে উপদেশ দেন।

২। নিরতিশয় দীপ্তিশালী সেই দুই অধিপতি সুদূর হইতে আহ্বান করিলেও শ্রবণ করিয়া থাকেন। যজমানগণের অধীশ্বর ও যজ্ঞের বর্দ্ধয়িতা সেই দুয়ের প্রত্যেক ব্যক্তির কল্যাণ বিধানার্থে বিচরণ করিতেছেন।

৩। তোমরা পুরাতন দেব আমি তোমাদিগের দুই জনের নিকটবর্ত্তী হইয়া রক্ষার্থ উভয়কে প্রার্থনা করিতেছি। উৎকৃষ্ট অশ্বের অধিকারী হইয়া আমরা অন্নপ্রদানার্থ তোমাদিগের স্তব করিতেছি, কারণ তোমাদিগের জ্ঞান অতি প্রশস্ত।

৪। মিত্র পাপিষ্ঠ স্তবকারীকেও বিশাল গৃহে(১) গমনের উপায় প্রদান করেন; হিংসাকারী সেবক ও দেব মিত্রের অনুগ্রহ লাভ করে।

৫। আমরা যেন সর্ব্বদা মিত্রের প্রশস্ত রক্ষার ভাজন হই, হে মিত্র! আমরা তোমা কর্ত্তৃক রক্ষিত ও নিষ্পাপ হইয়া যেন যুগপৎ বরুণের পুত্র স্বরূপ হই।

৬। হে মিত্র ও বরুণ! তোমরা স্তবকারী এই ব্যক্তির নিকট আগমন কর এবং ইহাকে সমস্ত অভিলষিত বস্তু লাভ করাও। আমরা অন্নসম্পন্ন, আমাদিগকে পরিত্যাগ করিও না। ঋষিগণের অর্থাৎ আমাদিগের পুত্রগণকেও পরিত্যাগ করিও না, কিন্তু সুতসোম যজ্ঞে আমাদিগকে রক্ষা করিও।

---

৬৬ সূক্ত।

মিত্র ও বরুণ দেবতা। রাতহব্য ঋষি।

১। হে জ্ঞানসম্পন্ন মনুষ্য! তুমি সৎকর্ম্মের অনুষ্ঠানকারী ও শত্রু সংহারক দেবদ্বয়কে আহ্বান কর; সত্যরূপ পূজনীয় হব্যগৃহীতা বরুণকে হব্যপ্রদান কর।

---

(১) পাপীকে ও মিত্র যে "বিশাল গৃহে" ("উরু ক্ষয়ায়") যাইবার উপায় প্রদান করেন, সে বিশাল গৃহ কি? বোধ হয় স্বর্গ; ইহার পরের সূক্তের ৬ ঋকের টীকা দেখ। মিত্র ও বরুণ সম্বন্ধে সূক্তে অনেক পবিত্র চিন্তা দেখিতে পাওয়া যায়। এই মণ্ডলের ৬৩।২ ঋকে ঋষি অমরত্ব প্রার্থনা করিতেছেন, ৬৪।৩ ঋকে মিত্র প্রদর্শিত পথদ্বারা গমন করিয়া সদ্গতি ও মিত্র প্রদত্ত কল্যাণ লাভের কামনা করিতেছেন এবং ৬৫।৫ ঋকে নিষ্পাপ হইয়া বরুণের পুত্রস্বরূপ হইতে বাঞ্ছা করিতেছেন.

২। তোমরা উভয়ে অপ্রতিহত ও আসুরীয়(১) বলের অধিকারী বলিয়া, সূর্য্য যেরূপ অন্তরিক্ষে স্থাপিত হইয়াছেন, তদ্রূপ মনুষ্যগণের মধ্যে তোমাদিগের উদ্দেশে যজ্ঞ সংস্থাপিত হইয়াছে।

৩। তোমরা রাতহব্যের প্রকৃষ্ট স্তবে শত্রুপরাভবকারী বল লাভ করিয়া আমাদিগের এই রথের সম্মুখে বহু দূরে গমন করিবে বলিয়া আমরা তোমাদের উভয়ের স্তব করিতেছি।

৪। পূজনীয় ও আশ্চর্য্যভূত দেবদ্বয়! তোমাদিগের বল অতি বিশুদ্ধ; আমি স্তোত্রকুশল, তোমরা আমার স্তবে প্রসন্ন হইয়া সদয়চিত্তে যজমানগণের স্তোত্র অবগত হও।

৫। হে দেবি পৃথিবি! ঋষিগণের প্রয়োজন সাধনার্থ তোমাতে প্রভূত জল অবস্থিত আছে। গমনশীল দেবদ্বয় আপনাদিগের গতিবিধিদ্বারা অতি প্রচুর পরিমাণে বারিরাশি বর্ষণ করেন।

৬। হে দূরদর্শী মিত্র ও বরুণ! স্তোতৃবর্গ ও আমরা তোমাদিগকে আহ্বান করিতেছি। আমরা যেন তোমাদিগের সুবিস্তীর্ণ ও বহুলোকের গন্তব্য রাজ্যে গমন করিতে পারি(২)।

৬৭ সূক্ত।

মিত্র ও বরুণ দেবতা। অত্রির অপত্য যজত ঋষি।

১। হে দীপ্তিমান্ অদিতির পুত্র, মিত্র বরুণ ও অর্য্যমা! তোমরা সম্প্রতি সম্পূর্ণ, পূজ্য, অতিমহৎ ও প্রবৃদ্ধ বল ধারণ করিতেছ।

২। হে মিত্র ও বরুণ! যখন তোমরা আনন্দজনক যজ্ঞ ভূমিতে আগমন কর, হে মানবগণের রক্ষাকারী, শত্রুসংহারকগণ! তখন তোমরা আমাদিগের সুখ বিধান কর।

(১) মূলে "অসূর্য্য" আছে। এ কথাটী পূর্ব্বে অনেক স্থানে আমরা পাইয়াছি। সায়ণ "অসুর" শব্দের পৌরাণিক অর্থ গ্রহণ করিয়া "অসূর্য্য" অর্থে "অসুর বিনাশক" করিয়াছেন। কিন্তু ঋগ্বেদে "অসুর" অর্থে দেব অথবা বলবান্, "অসূর্য্য" অর্থে দৈব অথবা বলশালী।

(২) মিত্র ও বরুণের বিস্তীর্ণ রাজ্য স্বর্গধাম।

৩। সর্ব্বজ্ঞ মিত্র, বরুণ ও অর্য্যমা স্ব স্ব পদের ন্যায় আমাদিগের যজ্ঞকার্য্যে সমবেত হয়েন এবং মর্ত্ত্যকে হিংসাকারী হইতে রক্ষা করেন।

৪। তাঁহারা সত্যদর্শী, জলবর্ষী ও যজ্ঞরক্ষক। তাহারা প্রত্যেক যজমানকে সৎপথ প্রদর্শন করেন ও প্রচুর দান করেন। এমন কি তাঁহারা পাপিষ্ঠ স্তবকারীকেও প্রভূত দান করেন।

৫। হে মিত্র ও বরুণ! তোমাদের মধ্যে কাহাকে সকলে স্তব না করে, আমরা অল্প বুদ্ধি, আমরা তোমাদিগের স্তব করি। অত্রি গোত্রজগণ তোমাদিগের স্তব করেন।

৬৮ সূক্ত।

মিত্র ও বরুণ দেবতা। যজত ঋষি।

১। হে ঋত্বিগ্‌গণ! তোমরা উচ্চৈঃস্বরে মিত্র ও বরুণের, সম্যক্ স্তব কর। হে প্রভূত বলশালী মিত্র ও বরুণ! তোমরা এই মহাযজ্ঞে উপস্থিত হও।

২। যে মিত্র ও বরুণ উভয়েই সকলের অধীশ্বর, বারিবর্ষণকারী, দীপ্তিমান্ ও দেবগণের মধ্যে সমধিক স্তবার্হ।

৩। তাঁহারা উভয়েই আমাদিগকে দিব্য ও পার্থিব মহাধন প্রদান করিতে সমর্থ। হে দেবদ্বয়! দেবগণের মধ্যে তোমাদিগের বল অতি মহৎ।

৪। তাঁহারা বৃষ্টিদ্বারা যজ্ঞের উপকার সাধন করিয়া যজ্ঞ অনুসন্ধানকারী যজমানের পুরস্কার করেন। হে সদাশয় দেবদ্বয়! তোমরা সমৃদ্ধি লাভ কর।

৫। স্বর্গ হইতে বারিবর্ষণকারী, অভীষ্টপূরক, অন্নের অধিপতি ও বদান্য, হব্যদাতার প্রতি অনুকূল, দেবদ্বয় আপনাদিগের বিস্তীর্ণ রথে আরোহণ করিতেছেন।

৬৯ সূক্ত।

মিত্র ও বরুণ দেবতা। অত্রির অপত্য উরুচক্রি ঋষি।

১। হে মিত্র ও বরুণ! তোমরা বলশালী যজমানের বল বৃদ্ধি করিয়া এবং অবিরত যজ্ঞ রক্ষা করিয়া, দীপ্তিমান্ তিন লোক, তিন দ্যুলোক ও তিনটী জগৎ ধারণ করিয়া রহিয়াছ।

২। হে মিত্র ও বরুণ! তোমাদিগের আজ্ঞাক্রমে ধেনুগণ দুগ্ধবতী হয়, নদী সকল সুমধুর বারি প্রদান করে এবং দীপ্তিমান্ তিনটী বারিবাহক ও বারিবর্ষক, অর্থাৎ অগ্নি, বায়ু ও আদিত্য, স্ব স্ব উচিত তিন স্থানে, অর্থাৎ পৃথিবী, অন্তরিক্ষ ও দ্যুলোকে, অবস্থান করিতেছে।

৩। আমি প্রত্যূষে ও যৎকালে সূর্য্য সমৃদ্ধি সম্পন্ন হয়েন, সেই মধ্যাহ্ন সময়ে, দেবী অদিতিকে আহ্বান করি। হে মিত্র ও বরুণ! আমি ধন, পুত্র, পৌত্র, কল্যাণ ও সুখের জন্য সকল সময়ে তোমাদিগের স্তব করি।

৪। হে স্বর্গীয় আদিত্যদ্বয়! তোমরা স্বর্লোক ও ভূলোকের ধারণকারী, আমি তোমাদিগের উভয়কে পূজা করিতেছি। হে মিত্র ও বরুণ! অমর দেবগণ ও তোমাদিগের স্থায়িকার্য্যের উচ্ছেদ সাধন করিতে পারেন না।

৭০ সূক্ত।

মিত্র ও বরুণ দেবতা। উরুচক্রি ঋষি।

১। হে মিত্র ও বরুণ! আমি যেন তোমাদিগের অনুগ্রহভাজন হই, কারণ তোমরা নিশ্চয়ই বিশেষরূপে রক্ষাকারী।

২। হে হিংসাবর্জ্জিত দেবদ্বয়! আমরা যেন তোমাদিগের নিকট হইতে ভোজনার্থ অন্ন লাভ করি। হে রুদ্রগণ! আমরা যেন তোমাদিগেরই হই।

৩। তোমাদিগের রক্ষাদ্বারা আমাদিগকে রক্ষা কর ও উৎকৃষ্ট ত্রাণ দ্বারা আমাদিগকে পরিত্রাণ কর। আমরা যেন আমাদিগের পুত্রাদিগণের সহিত দস্যুগণকে পরাজিত করি(১)।

৪। হে অদ্ভুতকর্ম্মকারিগণ! আমরা যেন নিজদেহে অথবা পুত্র পৌত্রাদিগণের সহিত কখন তোমরা ব্যতীত অন্যের বদান্যতার উপর নির্ভর না করি।

৭১ সূক্ত।

মিত্র ও বরুণ দেবতা। বাহুবৃক্ত ঋষি।

১। হে অরিনিরসনকারী, শত্রুহন্তা মিত্র ও বরুণ! তোমরা আমাদিগের এই হিংসাবর্জ্জিত যজ্ঞে আগমন কর।

(১) অনার্য্য জাতিগণের উল্লেখ।

২। হে প্রকৃষ্ট জ্ঞানসম্পন্ন মিত্র ও বরুণ! তোমরা বিশ্বের উপর আধিপত্য করিতেছ। তোমরা ফল প্রদান করিয়া আমাদিগের কার্য্য সকল সমৃদ্ধ কর।

৩। হে মিত্র! হে বরুণ! আমি হব্যদাতা, আমা কর্ত্তৃক অভিষুত সোমরস পান করিবার নিমিত্ত তোমরা উপস্থিত হও।

---

৭২ সূক্ত।

মিত্র ও বরুণ দেবতা। বাহুবৃক্ত ঋষি।

১। হে মিত্র ও বরুণ! আমরা আমাদিগের গোত্রপ্রবর্ত্তক অত্রির ন্যায় স্তোত্রদ্বারা তোমাদিগকে আহ্বান করিতেছি। অতএব তোমরা সোমপানার্থ কুশোপরি উপবেশন কর।

২। হে মিত্র ও বরুণ! তোমরা নিজ কর্ম্ম হইতে কখনও চ্যুত হওনা। মনুষ্যগণ তোমাদিগকে যজ্ঞ প্রদান করে, অতএব তোমরা সোমপানার্থ কুশোপরি উপবেশন কর।

৩। হে মিত্র ও বরুণ! তোমরা প্রীতিসহকারে আমাদিগের যজ্ঞ স্বীকার কর এবং আগমন করিয়া সোমপানার্থ কুশোপরি উপবেশন কর।

---

৭৩ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। অত্রির অপত্য পৌর ঋষি।

১। হে বহু যজ্ঞে ভোজনশীল অশ্বিদ্বয়! সম্প্রতি তোমরা বহু দূরে বা নিকটে, বহু প্রদেশে বা অন্তরিক্ষে থাক, এস্থানে আগমন কর।

২। তোমরা বহু যজমানের উৎসাহদাতা, বিবিধ বীরোচিত কর্ম্মকারী, বরণীয়, অপ্রতিহতগতি ও অনিরুদ্ধকর্ম্মা; আমি তোমাদিগকে এস্থানে আহ্বান করিবার নিমিত্ত উপস্থিত হইয়াছি। তোমরা প্রভূত বলশালী, তোমরা আমাকে রক্ষা করিবে বলিয়া আমি তোমাদিগকে আহ্বান করিতেছি।

৩। হে অশ্বিদ্বয়! তোমরা সূর্য্যের মূর্ত্তি প্রদীপ্ত করিবার জন্য তোমাদিগের রথের একখানি দীপ্তিমান্ চক্র নিয়মিত করিয়াছ, অন্য চক্রদ্বারা নিজতেজঃ প্রভাবে মনুষ্যগণের কাল নিরূপিত করিবার নিমিত্ত ভুবন সকল পরিভ্রমণ কর।

৪। হে ব্যাপক দেবদ্বয়! আমি যে স্তোত্রদ্বারা তোমাদিগের স্তব করিতেছি, তোমাদিগের সেই স্তোত্র এই ব্যক্তি, পৌর কর্ত্তৃক সুসম্পাদিত হউক। হে পৃথগ্‌ভাবে জাত ও নিষ্পাপ দেবদ্বয়! তোমরা আমাদিগকে প্রচুর পরিমাণে অন্ন প্রদান কর।

৫। হে অশ্বিদ্বয়! যৎকালে তোমাদিগের পত্নী সূর্য্যা তোমাদিগের সর্ব্বদা দ্রুতগামী রথে আরোহণ করেন, তৎকালে দীপ্তিশালী সমুজ্জ্বল আতপ সকল তোমাদিগের চতুর্দ্দিকে বিস্তৃত হয়।

৬। হে নেতা অশ্বিদ্বয়! আমাদিগের পিতা অত্রি তোমাদিগের স্তব করিয়া যৎকালে অগ্নির উত্তাপ সুখসেব্য বোধ করিয়াছিলেন, তখন তিনি অগ্নিদাহোপশমরূপ সুখহেতু কৃতজ্ঞচিত্তে তোমাদিগের উপকার স্মরণ করিয়াছিলেন।

৭। তোমাদিগের দৃঢ়, উন্নত, গমনশীল, সতত বিঘূর্ণিত রথ, যজ্ঞ সকলে সুপ্রসিদ্ধ আছে। হে নেতা অশ্বিদ্বয়! তোমাদিগেরই কার্য্যদ্বারা অত্রি পরিত্রাণ পাইয়াছিলেন।

৮। হে মধুর সোমরস মিশ্রণকারী রুদ্রগণ! আমাদিগের পুষ্টিকরী স্তুতি তোমাদিগের উপর মধুর রস সেক করিতেছে; তোমরা অন্তরিক্ষের সীমা অতিক্রম করিতেছ; সুপক্ক হব্য তোমাদিগকে পোষণ করিতেছে।

৯। হে অশ্বিদ্বয়! পণ্ডিতগণ তোমাদিগকে যে সুখদাতা বলেন, একথা যথার্থ। আমাদিগের যজ্ঞে তোমাদিগকে হৃদয়ের সহিত আহ্বান করিলে, তোমরা সেইরূপ অর্থাৎ বিশেষরূপ সুখদাতা হও।

১০। শিল্পী যেরূপ রথ সকল প্রস্তুত করে, তদ্রূপ আমরা অশ্বিদ্বয়ের সম্বর্দ্ধনার জন্য যে সকল স্তুতি প্রস্তুত করিতেছি, সে গুলি যেন তাঁহাদিগের প্রীতিকর হয়।

৭৪ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। পৌর ঋষি।

১। হে স্তুতিধন, ধনবর্ষণকারী দেবদ্বয়! অদ্য তোমরা স্বর্গ হইতে পৃথিবীতে অবস্থান পূর্ব্বক, সেই স্তোত্র শ্রবণ কর, যাহা অত্রি সর্ব্বদা তোমাদিগের উদ্দেশে পাঠ করেন।

দীপ্তিমান্ সেই নাসত্যদ্বয় কোথায় আছেন? অদ্য তাঁহারা স্বর্গের কোন্ স্থানে শ্রুত হইতেছেন? হে দেবদ্বয়! তোমরা কোন্ যজমানের নিকট আগমন কর? কে তোমাদিগের স্তুতি সহায় হইবেন?

৩। হে অশ্বিদ্বয়! তোমরা কাহার নিকট গমন কর? কাহার সহিত মিলিত হও? কাহার অভিমুখবর্ত্তী হইবার নিমিত্ত রথে অশ্বযোজনা কর? কাহার স্তবে প্রীতি লাভ কর? আমরা তোমাদিগকে পাইবার জন্য উৎকণ্ঠিত আছি।

৪। হে পৌরদ্বয়(১) তোমরা পৌরের নিকট পৌরকে অর্থাৎ বারিবর্ষক মেঘ প্রেরণ কর। অরণ্যে ব্যাধগণ যেরূপ সিংহকে তাড়িত করে, তদ্রূপ যজ্ঞকর্ম্মে ব্যাপৃত পৌরের নিকট তোমরা ইহাকে তাড়িত কর।

৫। তোমরা জরাজীর্ণ চ্যবনের জঘন্য পুরাতন রূপ কবচের ন্যায় মোচন করিয়াছিলে। যখন তোমরা তাঁহাকে পুনর্ব্বার যুবা করিলে, তখন তিনি সুরূপা কামিনীর বাঞ্ছিত মূর্ত্তি লাভ করিলেন।

৬। হে অশ্বিদ্বয়! এই স্থানে তোমাদিগের স্তবকারী বিদ্যমান আছে। আমরা যেন সমৃদ্ধির জন্য তোমাদের দৃষ্টিপথে অবস্থান করি। অদ্য তোমরা আমার আহ্বান শ্রবণ কর। তোমরা অন্নরূপ ধনে ধনবান্, তোমরা রক্ষা-সমভিব্যাহারে এখানে আগমন কর।

৭। হে অন্নরূপ ধনে ধনবান্ অশ্বিদ্বয়! অসংখ্য মর্ত্ত্যগমনের মধ্যে কোন ব্যক্তি তোমাদিগকে সর্ব্বাপেক্ষা অধিক প্রসন্ন করিয়াছে? হে জ্ঞানিগণ বন্দিত অশ্বিদ্বয়! কোন জ্ঞানিব্যক্তি তোমাদিগকে সর্ব্বাপেক্ষা অধিক প্রসন্ন করিয়াছে? কোন যজমানইবা যজ্ঞদ্বারা তোমাদিগের সমধিক তৃপ্তিবিধান করিয়াছে।

৮। হে অশ্বিদ্বয়! রথসমূহ মধ্যে সর্ব্বাপেক্ষা বেগগামী ও অসংখ্য শত্রু-সংহারকারী ও মনুষ্যগণ পূজিত তোমাদিগের রথ আমাদিগের হিতকামনা করিয়া এস্থানে আগমন করুক।

৯। হে মধুপ্রিয় অশ্বিদ্বয়! তোমাদিগের নিমিত্ত পুনঃ পুনঃ সম্পাদিত স্তোত্র আমাদিগের সুখোৎপাদক হউক। হে বিশিষ্ট জ্ঞানসম্পন্ন অশ্বিদ্বয়!

(১) মূলে "পৌর" আছে। "পৌরেণ স্তুতাহেন সম্বন্ধাদবিনাবপি পৌরৌ। উভয়োঃ স্থানস-মেকবচনম্।" সায়ণ।

তোমরা দুইটী শ্যেন পক্ষীর ন্যায় সর্ব্বত্র গমনশীল অশ্বে আরূঢ় হইয়া শীঘ্র আমাদিগের অভিমুখে আগমন কর।

১০। হে অশ্বিদ্বয়! তোমরা যে কোন স্থানে অবস্থান কর, আমার এই আহ্বান শ্রবণ কর। তোমাদিগের নিকট গমন করিতে অভিলাষী এই সমস্ত উৎকৃষ্ট হব্য যেন তোমাদিগের নিকট উপস্থিত হয়।

৭৫ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। অত্রির অপত্য অবস্যু ঋষি।

১। হে অশ্বিদ্বয়! তোমাদিগের স্তবকারী ঋষি স্তোত্রদ্বারা তোমাদিগের ফলবর্ষণকারী ও ধনপূর্ণ রথ অলঙ্কৃত করিতেছে। হে মধুবিদ্যাবিশারদ(১), তোমরা আমার আহ্বান শ্রবণ কর।

২। হে অশ্বিদ্বয়! তোমরা অন্যান্য যজমানকে অতিক্রম করিয়া এস্থানে আগমন কর, কারণ তাহা হইলে আমি সর্ব্বদা সমস্ত শত্রুকে পরাভব করিতে পারিব। হে শত্রুসংহারকারী, সুবর্ণময়রথারূঢ়, প্রশস্ত ধনসম্পন্ন ও নদীসকলের বেগপ্রবর্ত্তনকারী এবং মধুবিদ্যাবিশারদ অশ্বিদ্বয়! তোমরা আমার আহ্বান শ্রবণ কর।

৩। হে অশ্বিদ্বয়! তোমরা আমাদিগের জন্য রত্ন লইয়া আগমন কর। হে সৌবর্ণরথারূঢ়, অন্নরূপ ধনে ধনবান্, যজ্ঞে অধিষ্ঠানকারী ও মধুবিদ্যাবিশারদ অশ্বিদ্বয়! তোমরা আমার আহ্বান শ্রবণ কর।

৪। হে ধনবর্ষণকারী অশ্বিদ্বয়! তোমাদিগের স্তবকারীর অর্থাৎ আমার স্তোত্র তোমাদিগের রথের উদ্দেশে উচ্চারিত হইয়াছে। তোমরা প্রসিদ্ধ, মূর্ত্তিমান্ এই যজমান একাগ্রচিত্ত হইয়া তোমাদিগকে হব্য প্রদান করিতেছে। অতএব হে মধুবিদ্যাবিশারদ! তোমরা আমার আহ্বান শ্রবণ কর।

৫। হে অশ্বিদ্বয়! তোমরা নিবিষ্ট চিত্ত, রথারূঢ় ও দ্রুতগামী হইয়া স্তোত্র শ্রবণপূর্ব্বক শীঘ্র রথে আরোহণ করিয়া কপটতাবিহীন চ্যবনের নিকট

(১) মধুবিদ্যা সম্বন্ধে ১।১১৬।১২ ঋকের টীকা দেখ। অশ্বিদ্বয়ের কীর্ত্তি সম্বন্ধে উপাখ্যানগুলি ঐ ১১২ এবং ১১৬ সূক্তের টীকা সমূহে দেওয়া হইয়াছে, সেগুলি পুনরায় এখানে লিখিবার আবশ্যক নাই।

উপস্থিত হইয়াছিলে। হে মধুবিদ্যাবিশারদ! তোমরা আমার আহ্বান শ্রবণ কর।

৬। হে নেতা অশ্বিদ্বয়! তোমাদিগের সুশিক্ষিত বিচিত্রমূর্ত্তি, দ্রুতগামী অশ্ব সকল সোমরস পান করিবার নিমিত্ত ঐশ্বর্য্যসহকারে তোমাদিগকে এস্থানে আনয়ন করুক। হে মধুবিদ্যাবিশারদ! তোমরা আমার আহ্বান শ্রবণ কর।

৭। হে অশ্বিদ্বয়! তোমরা এস্থানে আগমন কর। হে নাসত্যদ্বয়! তোমরা প্রতিকূল হইও না। হে অজেয় প্রভু! তোমরা প্রচ্ছন্ন প্রদেশ হইতে আমাদিগের যজ্ঞগৃহে আগমন কর। হে মধুবিদ্যাবিশারদ! তোমরা আমার আহ্বান শ্রবণ কর।

৮। হে জলের অধিপতি অজেয় অশ্বিদ্বয়! এই যজ্ঞে তোমাদিগের স্তবকারী অবস্যুকে অনুগ্রহ প্রদর্শন কর। হে মধুবিদ্যাবিশারদ! তোমরা আমার আহ্বান শ্রবণ কর।

৯। উষা বিকাশিত হইয়াছে। সমুজ্জ্বল কিরণসম্পন্ন অগ্নি (বেদির উপর) সংস্থাপিত হইয়াছে। হে ধনবর্ষণকারী, শত্রুসংহারক অশ্বিদ্বয়! তোমাদিগের অক্ষয় রথে অশ্ব যোজিত হউক। হে মধুবিদ্যাবিশারদ! তোমরা আমার আহ্বান শ্রবণ কর।

---

৭৬ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। অত্রির অপত্য ভৌম ঋষি।

১। অগ্নি উষা সকলের প্রারম্ভকে সমুজ্জ্বল করিতেছে। মেধাবী স্তোতৃবর্গের স্তোত্র সকল দেবোদ্দেশে উদ্গীত হইতেছে। অতএব হে রথাধিপতি অশ্বিদ্বয়! তোমরা অদ্য এই স্থানে অবতীর্ণ হইয়া সোমপূর্ণ এই সমৃদ্ধ যজ্ঞে আগমন কর।

২। হে অশ্বিদ্বয়! তোমরা সংস্কৃত যজ্ঞের হিংসা করিও না, কিন্তু অতি শীঘ্র যজ্ঞ সমীপে আগমন পূর্ব্বক স্তুতিভাজন হও। যাহাতে অন্নাভাব না হয়, তজ্জন্য দিবসের প্রারম্ভে রক্ষা সমভিব্যাহারে আগমন কর এবং হব্যদাতাকে সুখ প্রদান করিতে তৎপর হও।

৩। তোমরা রাত্রিশেষে, গোদোহন সময়ে, প্রত্যুষে, অথবা সূর্য্যাস্তকালে

অত্যন্ত প্রবৃদ্ধ হয়েন, সেই মধ্যাহ্ন সময়ে, কিংবা দিবসে, বা রাত্রিকালে যে কোন সময়ে উপস্থিত হইবে, সুখকর রক্ষাসমভিব্যাহারে আগমন করিও; কারণ অশ্বিদ্বয় ব্যতিরেকে অন্যান্য দেবগণ সোমরস পানে প্রবৃত্ত হয়েন না।

৪। হে অশ্বিদ্বয়! এই উত্তর বেদি তোমাদিগের প্রাচীন বাসস্থান, তোমাদিগের এই সমস্ত গৃহ এবং এই তোমাদিগের আলয়। তোমরা বারি-পূর্ণ মেঘ সমাকীর্ণ অন্তরিক্ষ হইতে অন্ন ও বল সমভিব্যাহারে আমাদিগের নিকট আগমন কর।

৫। আমরা যেন অশ্বিদ্বয়ের বিশিষ্ট সংরক্ষণ ও সুখদায়ক শুভাগমন বশতঃ তাঁহাদিগের সহিত সঙ্গত হই। হে অমরদ্বয়! তোমরা আমাদিগকে ধন, সন্ততি ও সমস্ত কল্যাণ প্রদান কর।

---

৭৭ সূক্ত।

[illegible] অশ্বিদ্বয় দেবতা। [illegible] ঋষি।

১। হে [illegible] অশ্বি[illegible] [illegible]

[illegible]

[illegible]

কবিগণ প্রাতঃকালে তাঁহাদিগের স্তব করিয়া[illegible]।

২। প্রত্যূষে অশ্বিদ্বয়ের যাগ কর। তাঁ[illegible] হব্য প্রদান কর। সায়ংকালীন হব্য দেবগম্য হয় না; দেবগণ তৎকা[illegible] গ্রহণ করেন না। আমরা অথবা অন্য যে কেহ তাঁহাদিগের যাগ ও [illegible] যজমানের মধ্যে যে ব্যক্তি সর্ব্বাগ্রে তাঁহাদিগের আরাধনা করে, [illegible] সমধিক অভিমত।

৩। হে অশ্বিদ্বয়! তোমাদিগের সুবর্ণাবৃত, মনোহর বর্ণ, [illegible] অমৃতপূর্ণ মন, ও বায়ুর ন্যায় বেগগামী রথ আগমন করিতেছে; সেই রথে আরোহণ করিয়া তোমরা সমস্ত দুর্গম পথ অতিক্রম কর।

৪। যে ব্যক্তি যজ্ঞীয় হব্য বিভাগকালে নাসত্যগণকে প্রচুর হব্যাংশ ও অন্ন প্রদান করেন, তিনি উক্ত কার্য্যদ্বারা নিজপুত্রের কল্যাণ বিধান করেন, এবং যাহারা যজ্ঞীয় অগ্নি প্রজ্বালিত না করে, তাহাদিগের অনিষ্ট সাধন করেন।

৫। আমরা যেন অশ্বিদ্বয়ের বিশিষ্ট সংরক্ষণ ও শুভাগমননিবন্ধন তাঁহাদিগের সহিত সঙ্গত হই। হে অমরদ্বয়! তোমরা আমাদিগকে ধন, সন্ততি ও সমস্ত কল্যাণ প্রদান কর।

---

৭৮ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। অত্রির অপত্য সপ্তবধ্রি ঋষি।

১। হে অশ্বিদ্বয়! তোমরা এই যজ্ঞে আগমন কর। হে নাসত্যদ্বয়! তোমরা স্পৃহাশূন্য হইও না; হংসদ্বয়ের ন্যায় তোমরা অভিষুত সোমরসের উপর অবতরণ কর।

২। হে অশ্বিদ্বয়! হরিণদ্বয় ও গৌরমৃগদ্বয় যেরূপ ঘাসের উপর পতিত হয়, তদ্রূপ তোমরা হংসদ্বয়ের ন্যায় অভিষুত সোমরসের উপর অবতরণ কর।

৩। হে অন্নরূপ ধনে ধনবান্ অশ্বিদ্বয়! তোমরা স্বেচ্ছানুসারে যজ্ঞীয় কর্ম্মদ্বারা প্রসন্ন হও। তোমরা হংসদ্বয়ের ন্যায় অভিষুত সোমরসের উপর অবতরণ কর।

৪। অত্রি তোমাদিগের সাহায্য তৃষাগ্নি হইতে মুক্তিলাভ করিয়া পতিপ্রেম প্রার্থনাকারিণী রমণীর ন্যায় তোমাদিগের প্রীতি সাধন করিয়া স্তব করিয়াছিলেন, অতএব তোমরা শ্যেন পক্ষীর নবজাত বেগ সহকারে কল্যাণকর রথে আগমন কর।

৫। হে বনস্পতি(১)! তুমি প্রসবোন্মুখী রমণীর উরুবৎ বিবৃত হও, হে অশ্বিদ্বয়! তোমরা আমার আহ্বান শ্রবণ কর, সপ্তবধ্রিকে মুক্ত কর(২)।

৬। হে অশ্বিদ্বয়! তোমরা ভীত, প্রার্থনাকারী ঋষি সপ্তবধ্রির উদ্ধারার্থ মায়াদ্বারা পেটিকা সঙ্গত ও বিভক্ত কর।

৭। বায়ু যেরূপ জলাশয়কে পরিচালিত করে, তদ্রূপ ত্বদীয় গর্ভ সঞ্চালিত হউক এবং দশমাস পর গর্ভস্থ জীব নির্গত হউক।

---

(১) মূলে "বনস্পতে" আছে। অর্থাৎ কাষ্ঠনির্ম্মিত পেটিকা, (পেটরা)।

(২) সায়ণ বলেন, সপ্তবধ্রি ঋষির ভ্রাতৃগণ তাঁহাকে প্রতি রাত্রিতে পেটিকায় বদ্ধ করিয়া রাখিত এবং প্রাতঃকালে খুলিয়া দিত, ঋষি এইরূপ অনেক দিন থাকিয়া দুঃখিত ও কৃশ হইয়া অশ্বিদ্বয়ের স্তুতি করিলেন। অশ্বিদ্বয় আসিয়া পেটিকা খুলিয়া দিলেন এবং ঋষি ভার্য্যার সহিত সহবাস করিলেন। এইরূপে ঋষির স্ত্রী গর্ভিণী হইলেন। তাহা ৭, ৮, ৯, ঋকে প্রকাশিত হইতেছে। ঐ তিনটী ঋককে "গর্ভস্রাবিণ্যুপনিষৎ" কহে।

৮। বায়ু, বন ও সমুদ্র যেরূপ কম্পিত হয়, তদ্রূপ দশমাস যাবৎ গর্ভস্থিত জীব জরায়ু বেষ্টিত হইয়া পতিত হউক।

৯। দশমাস যাবৎ জননীজঠরে অবস্থিত জীব জীবিত ও অক্ষত ভাবে জীবিতা জননী হইতে নির্গত হউক।

---

৭৯ সূক্ত।

উষা দেবতা। অত্রির অপত্য সত্যশ্রবা ঋষি।

১। হে দীপ্তিমতী উষা! তুমি পূর্ব্বকালে আমাদিগকে যেরূপ প্রবোধিত করিয়াছিলে, অদ্য প্রচুর ধন প্রাপ্তির জন্য আমাদিগকে সেইরূপ প্রবোধিত কর। হে সুজাতা দেবি! অশ্ব লাভের নিমিত্ত লোকে হৃদয়ের সহিত তোমার স্তব করিয়া থাকে। তুমি বয্যপুত্র সত্যশ্রবার প্রতি অনুগ্রহ কর।

২। হে স্বর্গতনয়া উষা! তুমি শুচদ্রথের পুত্র সুনখির অন্ধকার দূর করিয়াছিলে। হে সুজাতা দেবি! অশ্ব লাভের নিমিত্ত লোকে হৃদয়ের সহিত তোমার স্তব করিয়া থাকে। [illegible] বলবান্ সত্যশ্রবার [illegible]

৩। হে [illegible] উষা! তুমি [illegible] দিগের [illegible] কর। হে সুজাতা [illegible] পুত্র বলবান্ সত্যশ্রবার তমোনাশ করিয়াছিলে।

৪। হে দীপ্তিমতী উষা! যে সকল ঋত্বিক্ স্তোত্রদ্বারা তোমার স্তব করেন, তাঁহারা ঐশ্বর্য্যদ্বারা সমৃদ্ধিসম্পন্ন ও দানশীল হয়েন। হে ধনশালিনী সুজাতা উষা! লোকে অশ্বলাভের নিমিত্ত সর্ব্বান্তঃকরণে তোমার স্তব করিয়া থাকে।

৫। হে উষা! ধন প্রদানার্থ তোমার সম্মুখে সমবেত এই সমস্ত উপাসক অক্ষয় হব্যরূপ ধন প্রদান করিয়া আমাদিগের প্রতি অনুকূল ভাব প্রদর্শন করিয়াছেন। হে সুজাতা দেবি! লোকে অশ্ব লাভের নিমিত্ত হৃদয়ের সহিত তোমার স্তব করিয়া থাকে।

৬। হে ধনশালিনী উষা! তোমার এই সমস্ত স্তোতৃবর্গকে সন্ততি ও অন্ন প্রদান কর, কারণ তাহা হইলে তাঁহারা ঐশ্বর্য্যশালী হইয়া প্রচুর পরিমাণে আমাদিগকে ধন প্রদান করিবেন। হে সুজাতা দেবি! লোকে অশ্ব লাভের নিমিত্ত হৃদয়ের সহিত তোমার স্তব করিয়া থাকে।

৭। হে ধনশালিনী উষা! যাঁহারা আমাদিগকে অশ্ব ও ধেনুগণের সহিত ধন প্রদান করিয়াছেন, সেই সমস্ত দাতাকে ধন ও প্রচুর অন্ন প্রদান কর। হে সুজাতা দেবি! লোকে অশ্ব লাভের জন্য সর্ব্বান্তঃকরণে তোমার স্তব করিয়া থাকে।

৮। হে স্বর্গকন্যা! তুমি সূর্য্যের পবিত্র রশ্মি এবং প্রজ্বলিত অগ্নির প্রদীপ্ত জ্বালাসহকারে আমাদিগের নিকট অন্ন ও ধেনু সমূহ আনয়ন কর। হে সুজাতা দেবি! লোকে অশ্বলাভের নিমিত্ত সর্ব্বান্তঃকরণে তোমার স্তব করিয়া থাকে।

৯। হে স্বর্গনন্দিনী উষা! তুমি প্রকাশিত হও, আমাদিগের কার্য্যে বিলম্ব বিধান করিও না; রাজা যেরূপ চৌরের শাস্তিবিধান করেন অথবা শত্রু জয় করেন, তদ্রূপ সূর্য্য যেন রশ্মিদ্বারা তোমাকে সন্তপ্ত না করেন। হে সুজাতা দেবি! লোকে অশ্বলাভের নিমিত্ত সর্ব্বান্তঃকরণে তোমার স্তব করিয়া থাকে।

১০। হে উষা! যাহা প্রার্থিত হইয়াছে এবং যাহা প্রার্থিত হয় নাই, তুমি তৎসমুদয়ই আ[illegible] প্রদান ক[illegible] কারণ হে দীপ্তিশালিনি! তুমি স্তোতৃবর্গের তমোনাশ কর, অথচ তাহাদিগকে হিংসা কর না। হে সুজাতা দেবি! লোকে অশ্বলাভের জন্য সর্ব্বান্তঃকরণে তোমার স্তব করিয়া থাকে।

---

৮০ সূক্ত।

উষা দেবতা। সত্যশ্রবা ঋষি।

১। জ্ঞানী ঋত্বিগ্‌গণ স্তোত্রদ্বারা সমুজ্জ্বল রথে আরূঢ়া, সর্ব্বব্যাপিনী, যজ্ঞে সম্যক্ পূজিতা, অরুণবর্ণা, সূর্য্যের পুরোবর্ত্তিনী, দীপ্তিমতী উষার স্তব করিতেছেন।

২। মনোহারিণী উষা মনুষ্যকে প্রবোধিত ও পথ সকল সুগম করিয়া বিস্তৃত রথে আরোহণপূর্ব্বক সূর্য্যের অগ্রে গমন করিতেছেন। মহতী বিশ্বব্যাপিনী উষা দিবসের আরম্ভে দীপ্তি বিস্তার করিয়াছেন।

৩। রথে অরুণবর্ণ বলীবর্দ যোজনা করিয়া তিনি অবিশ্রান্ত ধন সকল

অবিচলিত করিতেছেন। সর্ব্বপূজিত, বিশ্ববাঞ্ছিত, দীপ্তিমতী উষা সন্মার্গ সকল প্রকাশিত করিয়া বিরাজ করিতেছেন।

৪। দুই প্রদেশে, অর্থাৎ ঊর্দ্ধ ও মধ্য অন্তরিক্ষে, অবস্থান করিয়া এবং পূর্ব্বদিক্ হইতে নিজমূর্ত্তি প্রকাশিত করিয়া নিরতিশয় শুভ্রাকৃতি উষা সম্প্রতি ব্রহ্মাণ্ডকে প্রবোধিত করিয়া সম্যক্‌রূপে আদিত্যের অনুসরণ করিতেছেন, এবং দিক্ সকলের কোন হিংসা করিতেছেন না।

৫। তিনি সুবেশা রমণীর ন্যায় নিজ মূর্ত্তি প্রকাশিত করিয়া এবং যেন স্নান হইতে উত্থিত হইয়া আমাদিগের নেত্র সমীপে উদিত হইতেছেন। স্বর্গ কন্যা উষা দ্বেষভাজন তমোরাশি বিদূরিত করিয়া দীপ্তিসহকারে আগমন করিতেছেন।

৬। স্বর্গ কন্যা উষা পশ্চিমাভিমুখী হইয়া হব্যদাতাকে বাঞ্ছিত ধন প্রদানপূর্ব্বক সুবেশা কামিনীর ন্যায় নিজ সৌন্দর্য্য বিস্তার করিতেছেন। স্থিরযৌবনা উষা পূর্ব্বকালের ন্যায় নিজদীপ্তি প্রকাশ করিয়াছেন।

৮১ সূক্ত।

সবিতা দেবতা। অত্রির অপত্য শ্যাবাশ্ব ঋষি।

১। জ্ঞানী ঋত্বিগ্‌গণ মনোনিবেশ করিতেছেন [illegible] পূজনীয় সবিতার আজ্ঞাক্রমে যাগকার্য্যে অভিনিবিষ্ট হইতেছেন। তিনি হোতৃবর্গের কার্য্য অবগত হইয়া তাহাদিগকে কার্য্যে প্রেরিত করিতেছেন। দেব সবিতার মহিমা স্তুতির অগোচর।

২। জ্ঞানী সবিতা স্বয়ং বিশ্বরূপ ধারণ করেন। তিনি দ্বিপদ ও চতুষ্পদগণের সমস্ত কল্যাণ বিধান করিতেছেন। পূজনীয় দেব সবিতা স্বর্গকে সুপ্রকাশ করিয়াছেন এবং উষার পশ্চাৎ উদিত হইয়াছেন।

৩। অন্যান্য দেবগণ যে দীপ্তিমান্ সবিতার গতির পশ্চাৎ মহিমা ও শক্তি লাভ করেন; যিনি নিজ মাহাত্ম্যে পৃথিব্যাদি লোকের পরিমাণ করেন, সেই দেব সবিতা দীপ্তিসহকারে বিরাজ করিতেছেন।

৪। হে সবিতা! তুমি তিন দীপ্ত ভুবন পরিভ্রমণ কর। অথবা সূর্য্যের(১)

(১) সায়ণ বলেন উদয়ের পূর্ব্বে যে মূর্ত্তি তাহাই সবিতা, উদয় হইতে অস্তগমন পর্য্যন্ত যে মূর্ত্তি তাহাই সূর্য্য। ১।২২।৫ ঋকের টীকার শেষ ভাগ দেখ।

রশ্মিদ্বারা সঙ্গত হও। কিংবা তুমি উভয় পার্শ্বের রাত্রির মধ্য দিয়া গমন কর। অথবা হে দেব! তুমি তোমার কার্য্যদ্বারা মিত্র হও।

৫। হে দেব! তুমিই সমস্ত জীবের কার্য্য শাসন কর। তুমি গতিদ্বারা পূষা হও। তুমি এই সমগ্র ভুবনের ধারণ বিষয়ে সমর্থ। হে দেব সবিতা! শ্যাবাশ্ব তোমার স্তুতিঘোষণা করিতেছে।

---

৮২ সূক্ত।

সবিতা দেবতা। অত্রির অপত্য শ্যাবাশ্ব ঋষি।

১। আমরা দেব সবিতার নিকট প্রসিদ্ধ ভোগার্হ ধন প্রার্থনা করিতেছি। আমরা যেন ভগের নিকট হইতে শ্রেষ্ঠ, সর্ব্বভোগপ্রদ, শত্রুসংহারক ধন লাভ করি।

২। এই সবিতার সুপ্রসিদ্ধ ও সর্ব্বপ্রিয় ঐশ্বর্য্য কেহই নষ্ট করিতে সমর্থ হয় না।

৩। সেই সবিতা, ভগ, হব্যদাতাকে রমণীয় ধন প্রদান করেন। আমরা সেই ভজনীয় দেবের নিকট বরণীয় ধন প্রার্থনা করিতেছি।

৪। হে দেব সবিতা! অদ্য আমাদিগকে সন্ততি ও ধন প্রদান কর এবং আমাদিগের দুঃস্বপ্ন দূর কর।

৫। হে দেব সবিতা! তুমি আমাদিগের সমস্ত দুর্ভাগ্য দূর কর এবং যাহা কল্যাণকর তাহা আমাদিগের অভিমুখে প্রেরণ কর।

৬। আমরা যেন দেব সবিতার আজ্ঞাক্রমে অদিতির নিকট নিরপরাধ হই, আমরা যেন সমস্ত বাঞ্ছিত ধনের অধিকারী হই।

৭। অদ্য আমরা স্তোত্রদ্বারা বিশ্বদেব স্বরূপ সাধুগণের পালনকারী, সত্য রক্ষক দেব সবিতার উপাসনা করিতেছি।

৮। যে দেব সবিতা সম্যক্‌রূপে ধ্যানযোগ্য ও যিনি নিরন্তর অপ্রমত্ত ভাবে রাত্রি ও দিবসের পুরোগামী, অদ্য আমরা স্তোত্রদ্বারা তাঁহার উপাসনা করিতেছি।

৯। যে দেব সবিতা সমস্ত প্রাণিবর্গের নিকট নিজ গৌরব ঘোষণা করিতেছেন ও তাহাদিগকে উজ্জীবিত করিতেছেন, অদ্য আমরা স্তোত্রদ্বারা তাঁহার উপাসনা করিতেছি।

---

৮৩ সূক্ত।

পর্জ্জন্য দেবতা। অত্রির অপত্য ভৌম ঋষি।

১। হে স্তোতা! তুমি বলশালী পর্জ্জন্যের অভিমুখবর্ত্তী হইয়া প্রার্থনা কর। এই সকল স্তোত্রদ্বারা তাঁহার স্তব কর এবং হব্যদ্বারা তাঁহার পরিচর্য্যা কর। গর্জ্জনকারী, জলবর্ষী, ও দানশীল পর্জ্জন্য বৃষ্টিপাতদ্বারা ওষধি সকলের গর্ভ উৎপাদন করেন(১)।

২। তিনি বৃক্ষ সকল নষ্ট করেন, রাক্ষস সকল বধ করেন ও বিপুল সংহারকার্য্যদ্বারা সমগ্র ভুবনকে ভয় প্রদর্শন করেন। যৎকালে গর্জ্জনকারী পর্জ্জন্য পাপিষ্ঠ সংহার করেন, এমন কি নিরপরাধী ব্যক্তি ও তৎকালে বারিবর্ষণকারী পর্জ্জন্যের নিকট হইতে ভয়ে পলায়ন করে।

৩। রথী যেরূপ কশাঘাত দ্বারা অশ্বগণকে উত্তেজিত করিয়া যোদ্ধাকে নিজ দৃষ্টি পথের পথিক করেন, পর্জ্জন্যও সেইরূপ মেঘ সকলকে অপসারিত করিয়া বারিবর্ষণকারী মেঘ সকলের আবিষ্কার করেন। যৎকালে পর্জ্জন্য বারিদ[illegible] অন্তরিক্ষ [illegible] তৎকালে [illegible] মেঘের [illegible] হইতে [illegible]।

[illegible] যৎকালে [illegible] পৃথিবীর [illegible] বহিতে থাকে, চতুর্দ্দিকে বিদ্যুৎ স্ফুরণ হয়, ওষধি সমূহ অঙ্কুরিত হয়, [illegible] বিগলিত হয় এবং পৃথিবী সমস্ত জীবের হিত সাধনে সমর্থ হয়।

৫। হে পর্জ্জন্য! তোমারই কার্য্যবশতঃ পৃথিবী অবনত হয়, খুরবিশিষ্ট গবাদি পুষ্টিলাভ করে এবং ওষধি সকল বিবিধরূপ ধারণ করে। তুমি আমাদিগকে বিপুল সুখ প্রদান কর।

৬। হে মরুদ্গণ! তোমরা অন্তরিক্ষ হইতে আমাদিগের জন্য বৃষ্টি প্রদান কর। বর্ষণকারী ও সর্ব্বব্যাপী মেঘের ধারা ক্ষরণ কর। হে পর্জ্জন্য! তুমি জল সেচন করিয়া এই গর্জ্জনকারী মেঘের সহিত আমাদিগের অভিমুখে আগমন কর। তুমি বারিবর্ষক ও আমাদিগের রক্ষক।

৭। তুমি পৃথিবীর উপর শব্দ কর; গর্জ্জন কর; বারিদ্বারা ওষধি সমূহের গর্ভবিধান কর, বারিপূর্ণ রথদ্বারা অন্তরিক্ষে পরিভ্রমণ কর, দৃঢ়বদ্ধ নিম্নমুখ ভস্ত্রা বারিপূর্ণ মেঘকে উন্মুক্ত কর। উচ্চ ও নিম্ন স্থান সকল যেন সমতল হয়।

(১) পর্জ্জন্য সম্বন্ধে ১।৩৮।৯ ঋকের টীকা দেখ। পর্জ্জন্য শব্দের আদি অর্থ মেঘ। ক্রমে ইহার অর্থ বজ্রধারী ও বৃষ্টিধারী দেব হইয়া উঠিল।

৮। হে পর্জ্জন্য! তুমি বিপুল কোশবৎ মেঘকে উর্দ্ধে উত্তোলন কর, ইহা হইতে বারিবর্ষণ কর, নদী সকল অপ্রতিহত বেগে সম্মুখে প্রবাহিত হউক। বারিদ্বারা স্বর্গ ও পৃথিবীকে আর্দ্র কর এবং ধেনুগণের জন্য প্রচুর পানীয় উৎপন্ন হউক।

৯। হে পর্জ্জন্য! যৎকালে তুমি উচ্চধ্বনি পুরঃসর গর্জ্জন করিয়া পাপকারী মেঘ সকলকে বিদীর্ণ কর, তৎকালে এই অখিল বিশ্ব এবং অন্তর্গত তাবৎ পদার্থ হৃষ্ট হয়।

১০। হে পর্জ্জন্য! তুমি বর্ষণ করিয়াছ, এক্ষণে বৃষ্টি সংহরণ কর। তুমি মরু ভূমি সকলকে সুগম্য করিবার নিমিত্ত জলযুক্ত করিয়াছ, তুমি মনুষ্যের ভোগের নিমিত্ত ওষধি সকল উৎপাদন করিয়াছ এবং লোকদিগের স্তুতি ভাজন হইয়াছ।

---

৮৪ সুক্ত।

পৃথিবী দেবতা। অত্রির পুত্র ভৌ।

১। হে পৃথিবি!(১) ফলতঃ এস্থলে তুমি পর্ব্বত সকলের খণ্ড ধারণ করিতেছ। তুমি বলশালী ও শ্রেষ্ঠ, কারণ তুমি মাহাত্ম্যদ্বারা পৃথিবীর প্রীতি বিধান কর।

২। হে বিচিত্রগমনশালিনি পৃথিবি! স্তোতৃবর্গ গমনশীল স্তোত্রদ্বারা তোমার স্তব করেন। হে অর্জ্জুনি(২)! তুমি শব্দায়মান অশ্বের ন্যায় বারিপূর্ণ মেঘকে উৎক্ষিপ্ত কর।

৩। যৎকালে দীপ্তিশালী অন্তরিক্ষ হইতে ত্বদীয় মেঘের বৃষ্টি পতিত হয়, তৎকালে তুমি দৃঢ় পৃথিবীর সহিত বৃক্ষ সকলকে বলপূর্ব্বক ধারণ করিয়া রাখ।

---

(১) সায়ণ এস্থলে পৃথিবী শব্দের অর্থ অন্তরিক্ষ করিয়া অন্য একরূপ ব্যাখ্যাও দিয়াছেন।

(২) মূলে "অর্জ্জুনি" আছে। "শুভ্রবর্ণে গমনশীলে বা।" সায়ণ।

৮৫ সূক্ত।

বরুণ দেবতা। অত্রি ঋষি।

১। প্রসিদ্ধ ও সম্যক্ দীপ্তিশালী বরুণের প্রিয়, সুমহৎ ও গভীর স্তোত্র উচ্চারণ কর। পশুহন্তা যেরূপ নিহত পশুর চর্ম্ম বিস্তৃত করে, তদ্রূপ তিনি সূর্য্যের আস্তরণার্থ অন্তরিক্ষকে বিস্তারিত করিয়াছেন।

২। তিনি বৃক্ষ সকলের উপরিভাগে অন্তরিক্ষ বিস্তারিত করিয়াছেন, অশ্বগণকে বল, ধেনুগণকে দুগ্ধ ও হৃদয়ে সঙ্কল্প প্রদান করিয়াছেন। তিনি জলে অগ্নি, অন্তরিক্ষে সূর্য্য ও পর্ব্বতে সোমলতা স্থাপন করিয়াছেন।

৩। তিনি স্বর্গ, পৃথিবী ও অন্তরিক্ষের হিতার্থ মেঘের নিম্নভাগ সচ্ছিদ্র করিয়া দিয়াছেন। বৃষ্টি যেরূপে যব, শস্য সিক্ত করে, তদ্রূপ অখিল ভুবনের অধিপতি বরুণ সমগ্র ভূমিকে আর্দ্র করেন।

৪। যৎকালে তিনি বৃষ্টিরূপ দুগ্ধ কামনা করেন, তৎকালে তিনি পৃথিবী, অন্তরিক্ষ ও স্বর্গকে আর্দ্র করেন। পরক্ষণেই পর্ব্বত সকল বারিদগণদ্বারা শিখর সকলকে আবৃত করে এবং বীর মরুৎগণ নিজ বলে উল্লাসিত হইয়া মেঘ বৃন্দকে শিথিল করিয়া দেয়।

৫। আমি প্রসিদ্ধ আসুর বরুণের এই সুমহতী প্রজ্ঞা ঘোষণা করিতেছি যে, তিনি মানদণ্ডের ন্যায় সূর্য্যদ্বারা অন্তরিক্ষের পরিমাণ করিয়াছেন।

৬। প্রকৃষ্ট জ্ঞানসম্পন্ন দেব বরুণের সুমহতী প্রজ্ঞার কেহই খণ্ডন করিতে পারে না। তাঁহার প্রজ্ঞাবশতঃ শুভ্র, বারি-মোক্ষণকারী নদীসমূহ বারিদ্বার এক মাত্র সমুদ্রকে পূরণ করিতে পারে না(১)।

৭। হে বরুণ! যদি আমরা কখন কোন দাতা, মিত্র, বয়স্য, ভ্রাতা, নিকট প্রতিবেশী বা মূকের প্রতি কোন অপরাধ করিয়া থাকি, তাহা হইলে তাহা নষ্ট কর।

৮। হে দেব বরুণ! দ্যূতক্রীড়ায় প্রবঞ্চনাকারী পাশক্রীড়কের ন্যায় যদি আমরা জ্ঞানপূর্ব্বক বা অজ্ঞান বশতঃ অপরাধ করি, তাহা হইলে তুমি

(১) দৈবকার্য্য পরম্পরার ঐক্য দেখিয়া এক ঈশ্বরের অনুভব মনুষ্য হৃদয়ে উদয় হয়। যিনি সূর্য্যদ্বারা অন্তরিক্ষের পরিমাণ লয়েন (৫ ঋক), তিনিই নদী সকলকে এক মহাসমুদ্রে প্রেরণ করেন, অথচ সে মহাসমুদ্র কখনও পরিপূর্ণ হয় না (৬ ঋক্)। এবং তিনিই মনুষ্যের পাপ বিনষ্ট করেন ও অপরাধ খণ্ডন করেন (৭ ও ৮ ঋক)।

শিথিল বন্ধনের ন্যায় তৎসমুদয় হইতে মুক্ত কর। তাহা হইলে আমরা তোমার স্নেহ ভাজন হইব।

৮৬ সূক্ত।

ইন্দ্র ও অগ্নি দেবতা। অত্রি ঋষি।

১। হে ইন্দ্র! হে অগ্নি! তোমরা উভয়ে যে মর্ত্ত্যকে রক্ষা কর, তিনি শত্রুবাক্য খণ্ডনকারী ত্রিতের ন্যায় শত্রুগণের ঐশ্বর্য্য সুদৃঢ় হইলেও তৎসমুদয়কে নষ্ট করেন।

২। যাঁহারা সংগ্রামে অজেয়, যাঁহারা অন্ন দানের জন্য বিখ্যাত, যাঁহারা পঞ্চ শ্রেণীর মনুষ্যগণকে রক্ষা করেন, আমরা সেই ইন্দ্র ও অগ্নিকে আহ্বান করিতেছি।

৩। ইঁহাদিগের বল শত্রুগণের অভিভবকারী। যৎকালে ইঁহারা উভয়ে এক রথে আরূঢ় হইয়া ধেনুগণের উদ্ধারার্থ ও বৃত্র সংহারের জন্য গমন করেন, তৎকালে এই দুই মঘবানের হস্তে দীপ্তিশালী বজ্র বিরাজ করিতে থাকে।

৪। হে গমনশীল, ধনের অধিপতি, সর্ব্বজ্ঞ ও নিরতিশয় বন্দনীয় ইন্দ্র ও অগ্নি! যুদ্ধে তোমরা বাণ প্রেরণ করিবে বলিয়া আমরা তোমাদিগের উভয়কে আহ্বান করিতেছি।

৫। হে অপ্রগল্ভ দেবদ্বয়! আমি অশ্বলাভার্থ তোমাদিগের স্তব করিতেছি। তোমরা মানবদ্বয়ের ন্যায় প্রতিদিন বৃদ্ধি পাইতেছ এবং আদিত্যদ্বয়ের ন্যায় সম্যক্‌রূপে স্তুতিভাজন।

৬। প্রস্তরদ্বারা পিষ্ট সোমরসের ন্যায় সম্প্রতি বলকর হব্য প্রদত্ত হইয়াছে। তোমরা জ্ঞানীগণকে অন্ন প্রদান কর; স্তবকারিগণকে প্রভূত ধন ও অন্ন প্রদান কর।

৮৭ সূক্ত।

মরুৎগণ দেবতা। অত্রির অপত্য এবযামরুৎ ঋষি।

১। এবযামরুতের বাঙ্‌নিষ্পন্ন স্তোত্র সকল যেন মরুৎগণ সমেত বিষ্ণুর নিকট উপস্থিত হয় এবং বলশালী, পূজনীয়, শোভনালঙ্কৃত, শক্তিসম্পন্ন,

স্তুতিপ্রিয়, মেঘসঞ্চালনকারী ও দ্রুতগামী মরুৎগণের নিকট যেন সেই স্তোত্র সকল উপস্থিত হয়।

২। যাঁহারা মহান্ ইন্দ্রের সহিত প্রাদুর্ভূত হয়েন, যাঁহারা যজ্ঞ প্রস্তুত হইয়াছে এই জ্ঞানে স্বেচ্ছানুসারে শীঘ্র আবির্ভূত হয়েন, এবযামরুৎ তাঁহাদিগের স্তব করেন। হে মরুৎগণ! তোমাদিগের কার্য্য বিষয়ে বল মহাবদান্যতা যুক্ত হইলেও অধৃষ্য। তোমরা পর্ব্বত সকলের ন্যায় অটল।

৩। যাঁহারা দীপ্ত ও স্বচ্ছন্দভাবে বিস্তীর্ণ স্বর্গ হইতে আহ্বান শ্রবণ করেন, যাঁহারা স্বগৃহে অবস্থিতি করিলে কেহই চালিত করিতে সমর্থ নহে এবং যাঁহারা নিজ দীপ্তিদ্বারা দীপ্তিমান্, অগ্নির ন্যায় নদী সকলের সঞ্চালনকারী, এবযামরুৎ স্তুতিদ্বারা তাঁহাদিগের উপাসনা করিতেছেন।

৪। মরুৎগণের স্বেচ্ছানুসারে গমনকারী অশ্বগণ রথে যোজিত হইলে যখন এবযামরুৎ তাঁহাদিগের জন্য অপেক্ষা করিতেছিলেন, তখন সর্ব্বব্যাপী মরুৎগণ বিস্তীর্ণ সাধারণ বসতি অন্তরিক্ষ হইতে নির্গত হইলেন। পরস্পর স্পর্দ্ধাকারী, বলশালী ও সুখদাতা মরুৎগণ নির্গত হইলেন।

৫। হে মরুৎগণ! তোমরা স্বাধীন তেজা, স্থিরদীপ্তি, স্বর্ণাভরণভূষিত ও অন্নদাতা। তোমরা যে শব্দদ্বারা শত্রুগণকে অভিভূত করিয়া নিজকার্য্য সাধন কর, সেই প্রবল বারিবর্ষণকারী, দীপ্ত, বিস্তৃত, প্রবৃদ্ধ ধ্বনি যেন এবযামরুৎকে কম্পিত না করে।

৬। হে সমধিক বলশালী মরুৎগণ! তোমাদিগের অপার মহিমা, তোমাদিগের শক্তি এবযামরুৎকে রক্ষা করুক। যজ্ঞসীমা সন্দর্শন বিষয়ে তোমরাই নিয়ামক। প্রজ্বলিত অগ্নিসদৃশ তোমরা নিন্দাকারী হইতে আমাদিগকে রক্ষা কর।

৭। হে পূজনীয় ও অগ্নির ন্যায় প্রভূত দীপ্তিশালী রুদ্রপুত্রগণ! এবযামরুৎকে রক্ষা করুন। মরুৎগণের অন্তরিক্ষে অবস্থিত, আয়ত ও বিস্তীর্ণ বসতি তাঁহাদিগের দ্বারা সুপ্রসিদ্ধ হইয়াছে। নিষ্পাপ মরুৎগণের গমনকালে প্রভূত শক্তি প্রকাশিত হয়।

৮। হে বিদ্বেষহীন মরুৎগণ! তোমরা আমাদিগের স্তোত্রের সন্নিহিত হও এবং স্তবকারী এবযামরুতের আহ্বান শ্রবণ কর। হে বিষ্ণুর সহিত একত্র যজ্ঞভোজী মরুৎগণ! যোদ্ধৃগণ যেরূপ শত্রুদিগকে অপসারিত করে তদ্রূপ তোমরা আমাদিগের গূঢ় শত্রুগণকে দূরীভূত কর।

৯। হে পূজনীয় মরুৎগণ! তোমরা আমাদিগের যজ্ঞে আগমন কর, কারণ তাহা হইলে ইহা সুসম্পন্ন হইবে। তোমরা রাক্ষসগণ দ্বারা সঞ্জাতবিঘ্ন না হইয়া এবযামরুতের আহ্বান শ্রবণ কর। হে প্রকৃষ্ট জ্ঞানসম্পন্ন মরুৎগণ! তোমরা উত্তুঙ্গ শৈল সকলের ন্যায় অন্তরিক্ষে অবস্থান করিয়া নিন্দাকারীর শাসন কর।

ষষ্ঠ মণ্ডল

১ সূক্ত।

অগ্নি দেবতা। বৃহস্পতির অপত্য ভরদ্বাজ ঋষি।(১)

১। হে অগ্নি! তুমি দেবগণের মধ্যে শ্রেষ্ঠ; দেবগণের চিত্ত তোমাতে সম্বদ্ধ; হে মনোজ্ঞ মূর্ত্তি! তুমিই এই যজ্ঞে দেবগণের আহ্বানকারী। হে অভীষ্টবর্ষী! সমস্ত বলশালী শত্রুর পরাভবের নিমিত্ত আমাদিগকে অনিবার্য্য বল প্রদান কর।

২। হে অগ্নি! তুমি সর্ব্বাধিক যজ্ঞকারী ও হোম নিষ্পাদক, তুমি হব্য-গ্রহণপূর্ব্বক স্তুতিভাজন হইয়া সম্প্রতি বেদি ভূমির উপর উপবেশন কর। ধর্ম্মানুষ্ঠানকারী ঋত্বিগ্‌গণ বিপুল ধন প্রত্যাশায় দেবগণের মধ্যে অগ্রে তোমার অনুসরণ করেন।

৩। হে অগ্নি! তুমি দীপ্তিমান্, দর্শনীয়, মহান্, হব্যভোজী ও সর্ব্বসময়ে প্রদীপ্ত। তুমি বসুগণের অন্তরিক্ষ পথে গমন করিতেছ, ধনাভিলাষী যজমানগণ তোমার অনুসরণ করিতেছে।

৪। যজমানগণ অন্নালিপ্সু হইয়া দীপ্তিমান্ অগ্নির আহবনীয় স্থানে গমন-পূর্ব্বক অপ্রতিহত ভাবে প্রচুর অন্নলাভ করে এবং যৎকালে তোমার শুভ সন্দর্শনে আনন্দিত হয় তৎকালে তোমার যজ্ঞার্হ নাম সকল কীর্ত্তন করে।

৫। হে অগ্নি! পৃথিবীতে মনুষ্যগণ তোমাকে বর্দ্ধিত করে। তুমি উভয় বিধ ধন মনুষ্যগণকে প্রদান কর, তজ্জন্য তাহারা তোমাকে বর্দ্ধিত করে। হে দুঃখবিমোচনকারী অগ্নি! তুমি স্তুতিভাজন হইয়া মানবগণের রক্ষক ও পিতৃমাতৃ স্থানীয় হও।

৬। পূজনীয় অভীষ্টবর্ষী মনুষ্যগণের মধ্যে হোমনিষ্পাদক. প্রীতিপ্রদ, নিরতিশয় যাগকারী, অগ্নি বেদির উপর উপবিষ্ট হইয়াছেন। হে অগ্নি! তুমি গৃহে প্রজ্বালিত হইয়াছ, আমরা অবনতজানু হইয়া স্তোত্র সহকারে তোমার নিকট উপস্থিত হই।

৭। আমরা সুবুদ্ধি, সুখাভিলাষী ও ধর্ম্মনিষ্ঠ; হে স্তবাহ! আমরা তোমার

(১) ভরদ্বাজ বা তদ্বংশীয়গণ ষষ্ঠ মণ্ডলের ঋষি।

স্তব করিতেছি। হে অগ্নি! তুমি সমধিক দীপ্তিসম্পন্ন, তুমি মনুষ্যগণকে স্বর্গে লইয়া যাও(২)।

৮। চিরস্থায়ী মনুষ্যবর্গের অধিপতি, জ্ঞানী, শত্রুসংহারক, অভীষ্টবর্ষী, স্তোতৃবর্গের অধিগম্য, অন্নদাতা, পবিত্রতাবিধায়ী, ধনলাভার্থ যষ্টব্য ও দীপ্তিমান্ অগ্নিকে আমরা স্তব করিতেছি।

৯। হে অগ্নি! যে মানব তোমার যজ্ঞ করে ও স্তব করে, যে ব্যক্তি প্রজ্বলিত ইন্ধনের সহিত তোমাকে হব্য প্রদান করে, যে ব্যক্তি স্তুতিসহকারে তোমাকে আহুতি প্রদান করে, সেই ব্যক্তি তোমা কর্ত্তৃক রক্ষিত হইয়া সমস্ত বাঞ্ছিত ধন লাভ করে।

১০। হে শক্তিসম্পন্ন অগ্নি! এই আমরা নমস্কার, ইন্ধন ও হব্য সহকারে তোমার পূজা করিতেছি। হে শক্তিপুত্র! আমরা স্তোত্র ও শস্ত্রসহকারে বেদির উপর তোমার পূজা করিতেছি। আমরা যেন তোমার কল্যাণকর অনুগ্রহ লাভার্থ চেষ্টা করিয়া কৃতকার্য্য হই।

১১। হে অগ্নি! তুমি দীপ্তিদ্বারা স্বর্গ ও পৃথিবীকে বিস্তৃত করিয়াছ, তুমি মনুষ্যের পরিত্রাণকারী ও স্তুতিদ্বারা পূজনীয়; তুমি প্রচুর অন্ন ও বিশিষ্ট রূপ ধনের সহিত আমাদিগের নিকট সম্যকরূপে দীপ্ত হও।

১২। হে ধনাধিপতি! তুমি সর্ব্বদা আমাদিগকে পরিজনবর্গের সহিত ধন প্রদান কর এবং আমাদিগের পুত্রপৌত্রদিগকে প্রভূত পশু প্রদান কর। আমাদিগের যেন পর্য্যাপ্ত ইচ্ছানুরূপ অনিন্দ্য অন্ন এবং শুভ ও প্রশস্ত জীবনো-পায় বিহিত হয়।

১৩। হে দীপ্তিমান্ অগ্নি! আমি যেন তোমার নিকট হইতে বিবিধ ধনলাভ করিয়া ঐশ্বর্য্যসম্পন্ন হই; হে বহুলোকের বরণীয় অগ্নি! তুমি দীপ্তিশালী, তোমাতে প্রভূত ধন নিহিত আছে।

২ সূক্ত।

অগ্নি দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে অগ্নি! তুমি মিত্রের ন্যায় শুষ্ক ইন্ধন সহকারে প্রদত্ত হব্যের উপর অবতরণ কর; অতএব হে সর্ব্বদর্শী, ধনসম্পন্ন অগ্নি! তুমি অন্ন ও পুষ্টিদ্বারা আমাদিগকে বর্দ্ধিত কর।

(২) মূলে "ত্বং বিশঃ অনয়ঃ দিবঃ" আছে। মনুষ্যের স্বর্গলাভের স্পষ্ট উল্লেখ।

২। হে অগ্নি! মনুষ্যগণ হব্য ও স্তোত্রদ্বারা তোমার পূজা করে; দ্বেষ-বর্জ্জিত, বারিবর্ষক ও সর্ব্বদর্শী সূর্য্য তোমাতে প্রবিষ্ট হন।

৩। হে অগ্নি! যৎকালে মনুর সন্তান মনুষ্য সুখাভিলাষী হইয়া যজ্ঞে তোমাকে আহ্বান করে, তৎকালে স্তুতিপাঠক ঋত্বিক্‌গণ সমসুখভাগী হইয়া যজ্ঞের কেতুভূত তোমাকে প্রজ্বালিত করে।

৪। হে অগ্নি! তুমি দানশীল, যে মর্ত্ত্য যজ্ঞকার্য্যদ্বারা তোমাকে প্রসন্ন করে, তাহার সমৃদ্ধি হউক। তুমি দীপ্তিশালী, সে ব্যক্তি তোমাকর্ত্তৃক রক্ষিত হইয়া ভীষণ পাপের ন্যায় শত্রুগণকে পরাভূত করে।

৫। হে অগ্নি! যে মর্ত্ত্য ইন্ধনদ্বারা ত্বদীয় মন্ত্র সংস্কৃত আহুতি পরিপুষ্ট করে, সেই ব্যক্তি পুত্রপৌত্রাদিসম্পন্ন গৃহে শত বৎসর পরিমিত আয়ু ভোগ করে।

৬। হে অগ্নি! তুমি দীপ্তিশালী, তোমার নির্ম্মল ধূম অন্তরিক্ষে বিস্তৃত হইয়া মেঘরূপে পরিণত হয়; হে পাবক! তুমি স্তোত্রদ্বারা প্রসন্ন হইয়া সূর্য্যের ন্যায় দীপ্তি সহকারে বিরাজিত হও।

৭। হে অগ্নি! তুমি মনুষ্যগণের স্তুতিভাজন, কারণ তুমি অতিথির ন্যায় আমাদিগের প্রিয়, নগরীস্থ হিতোপদেষ্টা বৃদ্ধের ন্যায় আশ্রয়যোগ্য এবং পুত্রবৎ পালনীয়।

৮। হে অগ্নি! ঘর্ষণদ্বারা অরণিতে ত্বদীয় বিদ্যমানতা প্রকাশিত হয়; অশ্ব যেরূপ নিজ আরোহীকে বহন করে তদ্রূপ তুমি হব্যবহন কর; তুমি বায়ুর ন্যায় সর্ব্বত্র গমন কর; তুমি অন্ন ও গৃহ প্রদান কর; তুমি শিশুর ন্যায় এবং ঘোটকের ন্যায় কুটিলগামী।

৯। হে অগ্নি! তৃণ ভক্ষণার্থ মুক্তবন্ধন পশু যেরূপ সমস্ত তৃণ ভক্ষণ করে তদ্রূপ তুমি অপতিত বৃক্ষ সকলকে ভক্ষণ কর; হে অবিনশ্বর অগ্নি! তুমি দীপ্তিশালী, তোমার শিখাসমূহ অরণ্য সকলকে ছেদন করিতে থাকে।

১০। হে অগ্নি! তুমি যজ্ঞ করিতে অভিলাষী মনুষ্যদিগের গৃহে হোতারূপে প্রবিষ্ট হও। হে মনুষ্য পালক! তুমি তাহাদিগের সমৃদ্ধি বিধান কর। হে অঙ্গিরা! তুমি হব্য স্বীকার কর।

১১। হে অনুকূল দীপ্তিসম্পন্ন, স্বর্গ ও পৃথিবীতে অবস্থিত, দেব অগ্নি! দেবগণের নিকট আমাদিগের স্তোত্র প্রচার কর। স্তোত্রকারীগণকে সাংসারিক সুখে লইয়া যাও। আমরা যেন শত্রু, পাপ ও কষ্ট হইতে পরিত্রাণ পাই;

আমরা যেন সেই সকল পূর্ব্বজন্মের পাপ হইতে মুক্ত হই ; আমরা যেন ত্বদীয় রক্ষা বলে তৎসমুদয় হইতে উদ্ধার পাই।

---

৩ সূক্ত।

অগ্নি দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে দেব অগ্নি! যে যজমান যজ্ঞপালক ও যজ্ঞ নিমিত্ত সঞ্জাত, সেই দেবকাম যজমান ত্বদীয় বিস্তীর্ণ জ্যোতিঃ লাভ করে এবং তাহাকে তুমি মিত্র ও বরুণের সহিত সমপ্রীতি ভাগী হইয়া তেজোদ্বারা পাপ হইতে রক্ষা কর।

২। যে যজমান বাঞ্ছিতধনের অধিপতি অগ্নির হোম করে, সে সমস্ত যজ্ঞে যজ্ঞবান্ হয় এবং সমস্ত পবিত্র কর্ম্মদ্বারা পূত হয়। তাহার যশস্বী পুত্রের অভাব ঘটে না, কিম্বা পাপ বা গর্ব্ব সেই ব্যক্তিকে স্পর্শ করে না।

৩। সূর্য্যের ন্যায় যাঁহার দর্শন নিষ্পাপ, যে প্রজ্বলিত অগ্নির জ্বালাসমূহ রাত্রির শব্দায়মান ধেনুগণের ন্যায় চতুর্দ্দিকে বিস্তৃত হয়, সকলের আবাসভূত, বনজাত সেই অগ্নি সর্ব্বত্র মনোজ্ঞ মূর্ত্তি হইয়া দৃষ্ট হয়েন।

৪। এই অগ্নির পথ তীক্ষ্ণ এবং ইঁহার দেহ মুখদ্বারা তৃণাদানকারী অশ্বের ন্যায় নিরতিশয় দীপ্তি পাইতেছে। স্বর্ণকার যেরূপ ধাতুসকল দ্রবীভূত করে(১) তদ্রূপ অগ্নি কাষ্ঠ সকল ভস্মসাৎ করিয়া কুঠারবৎ নিজ জিহ্বা নিঃসৃত করিতেছে।

৫। বাণ নিক্ষেপকারী যেরূপ নিজ বাণ নিক্ষেপ করে, তদ্রূপ সেই অগ্নি নিজ জ্বালাসমূহ দূরে নিক্ষেপ করেন এবং যোদ্ধা যেরূপ লৌহময় অস্ত্রের ধার শাণিত করে(২) তদ্রূপ শিখা নিক্ষেপ সময়ে নিজ দীপ্তি সুতীক্ষ্ণ করেন এবং বৃক্ষের উপর অবস্থিত লঘুপতনসমর্থ পর্দাবিশিষ্ট পক্ষীর ন্যায় বিচিত্রভাবে গমন করিয়া রাত্রি অতিক্রম করেন, অর্থাৎ ধীরে ধীরে অন্ধকার নাশ করেন।

৬। সেই অগ্নি স্তবার্হ, সূর্য্যের ন্যায় আপনাকে দীপ্ত রশ্মিদ্বারা আবৃত করেন। অনুকূল দীপ্তি বিস্তার করিয়া শিখাসহকারে নিরতিশয় শব্দ করেন ; তিনি রাত্রিতে দীপ্তি প্রকাশ করিয়া দিবসের ন্যায় মনুষ্যগণকে স্ব স্ব কার্য্যে প্রেরণ করেন। অমর ও দোষ রহিত অগ্নি প্রভান্বিত দীপ্তি সহকারে নেতৃভূত নিজ রশ্মি সকলকে প্রেরণ করেন।

---

(১) মূলে "দ্রবিঃ ন দ্রাবয়তি" আছে। "As a melter causes to melt."—*Wilson.*

(২) মূলে "অযসো ন ধারাং" আছে। অযঃ অর্থে এখানে লৌহের অস্ত্র।

৭। দীপ্তিসম্পন্ন সূর্য্যের ন্যায় রশ্মি বিস্তারকারী যে অগ্নির মহৎ শব্দ শ্রুত হয়, অভীষ্টবর্ষী দীপ্ত সেই অগ্নি ওষধিসমূহের মধ্যে নিরতিশয় শব্দ করেন। যিনি দীপ্ত ও গমনশীল এবং ইতস্ততঃ ঊর্দ্ধগামী তেজোদ্বারা গমনপূর্ব্বক শত্রুগণকে দমন করিয়া শোভনপতিসম্পন্ন স্বর্গ ও পৃথিবীকে ধনদ্বারা পূর্ণ করেন (৩)।

৮। যে অগ্নি স্বয়ং নিযুক্ত হইয়া অশ্বের ন্যায় পূজনীয় দীপ্তি সহকারে গমন করেন, যিনি নিজ দহনকারী রশ্মি সহকারে বিদ্যুতের ন্যায় শোভা পাইতেছেন, যিনি মরুৎগণের বল শোষণ করেন, নিরতিশয় দীপ্তিশালী সূর্য্যের ন্যায় প্রদীপ্ত ও বেগসম্পন্ন সেই অগ্নি বিরাজ করিতেছেন।

৪ সূক্ত।

অগ্নি দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে দেবগণের আহ্বানকারী, শক্তিপুত্র অগ্নি! যেরূপ মনুর যজ্ঞে তুমি হব্যদ্বারা দেবগণের যাগ করিয়াছিলে, তদ্রূপ অদ্য আমাদিগের এই যজ্ঞে যাগার্হ দেবগণকে আপনার সমকক্ষ বোধ করিয়া শীঘ্র তাঁহাদিগের যাগ কর।

২। যিনি দিন প্রকাশক সূর্য্যের ন্যায় প্রদীপ্ত ও সকলের বোধগম্য, যিনি সকলের জীবনভূত, অবিনশ্বর, অতিথি, জাতবেদা ও প্রত্যূষে মনুষ্যগণের মধ্যে প্রবুদ্ধ হয়েন, সেই অগ্নি যেন আমাদিগকে উৎকৃষ্ট অন্ন প্রদান করেন।

৩। স্তোতৃগণ সম্প্রতি যে অগ্নির মহৎ কর্ম্মের প্রশংসা করিতেছেন, সূর্য্যের ন্যায় শুভ্রবর্ণ সেই অগ্নি আপনাকে দীপ্তিদ্বারা আবৃত করিতেছেন; অবিনশ্বর ও পবিত্রতা বিধায়ক সেই অগ্নি দীপ্তিদ্বারা সকল পদার্থকে প্রকাশিত করিতেছেন এবং প্রাচীন নগর সকল ধ্বংস করিতেছেন।

৪। হে শক্তিপুত্র! তুমি বন্দনীয়; অগ্নি হব্যের উপর আসীন হইয়া স্বভাবতই উপাসকদিগকে গৃহ ও অন্ন প্রদান করিতেছেন। হে অন্নদাতা! তুমি আমাদিগকে অন্ন প্রদান কর এবং রাজার ন্যায় আমাদিগের রিপুগণকে জয় কর এবং আমাদিগের উপদ্রব শূন্য গৃহে অবস্থান কর।

৫। যে অগ্নি অন্ধকার নাশক নিজতেজঃ সুতীক্ষ্ণ করেন, যিনি হব্য ভোজন করেন, যিনি বায়ুর ন্যায় সকলের অধীশ্বর, সেই অগ্নি রাত্রি সকল অতিক্রম

(৩) পতি যেরূপ ভার্য্যাকে অর্থ দান করেন, অগ্নি সেইরূপ স্বর্গ ও পৃথিবীকে ধন পূর্ণ করেন, এই বোধ হয় অর্থ।

করেন। হে অগ্নি! যে ব্যক্তি তোমাকে হব্য প্রদান না করে, আমরা যেন তাহাকে পরাভূত করি এবং তুমি যেন অশ্বের ন্যায় বেগগামী হইয়া আমাদিগের আক্রমণকারী শত্রুগণের উচ্ছেদ কর।

৬। হে অগ্নি! দীপ্তিশালী, পূজনীয় কিরণ দ্বারা সূর্য্যের ন্যায় তুমি দীপ্তিদ্বারা স্বর্গ ও পৃথিবীকে সম্যক্‌রূপে আচ্ছাদিত কর। স্বপথে গমনকারী তেজোবিশিষ্ট সূর্য্যের ন্যায় বিচিত্র অগ্নি অন্ধকার সকল দূর করেন।

৭। হে অগ্নি! তুমি সর্ব্বাপেক্ষা সমধিক স্তুতিভাজন ও পূজার্হ দীপ্তি-সম্পন্ন, তোমাকে আমরা বন্দনা করিতেছি। অতএব তুমি আমাদিগের মহৎ স্তোত্র শ্রবণ কর। তুমি বলে বায়ু সদৃশ ও ইন্দ্রের ন্যায় দেবস্বরূপ যজ্ঞের নেতৃভূত, ঋত্বিগ্‌গণ তোমাকে হব্য দ্বারা প্রীত করেন।

৮। হে অগ্নি! তুমি শীঘ্র দস্যুরহিত পথদ্বারা আমাদিগকে নির্ব্বিঘ্নে ঐশ্বর্য্য সমীপে লইয়া যাও। পাপ হইতে আমাদিগকে উদ্ধার কর। তুমি স্তোতৃবর্গকে যে সুখ প্রদান কর, আমি স্তবকারী, আমাকে তাহা প্রদান কর। আমরা যেন শোভন সন্ততিসম্পন্ন হইয়া শত হেমন্ত অর্থাৎ বৎসর সুখ ভোগ করি (১)।

---

৫ সূক্ত।

অগ্নি দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে অগ্নি! আমি স্তোত্রদ্বারা তোমাকে আহ্বান করিতেছি, তুমি শক্তিপুত্র, নিত্য তরুণ, অনিন্দনীয়, অল্পবয়স্ক, জ্ঞানসম্পন্ন, বহুলোকের বরণীয় ও সদয়, তুমি সকলকে বাঞ্ছিত ধন প্রদান কর।

২। হে বহুশিখাসম্পন্ন দেবগণের আহ্বানকারী অগ্নি! যজ্ঞার্হ যজমানগণ অহোরাত্র তোমাতে হব্যরূপ ধন অর্পণ করে। দেবগণ পৃথিবীতে যেরূপ জীব-সমূহকে স্থাপন করিয়াছেন, তদ্রূপ অগ্নিতে ধন সকল নিহিত করিয়াছেন।

৩। হে অগ্নি! তুমি প্রাচীন ও ইদানীন্তন প্রজাবর্গে সর্ব্বতোভাবে অবস্থান করিতেছ এবং নিজ কার্য্যদ্বারা যজমানদিগকে বাঞ্ছিত ধন প্রদান করিয়াছ। অতএব হে জ্ঞানী জাতবেদা! তুমি পরিচর্য্যাকারী যজমানকে নিরন্তর ধন প্রদান কর।

৪। হে অনুকূল দীপ্তিসম্পন্ন অগ্নি! যে সংহিত দেশে অবস্থিত হইয়া আমাদিগকে বাধা দেয়, অথবা যে অভ্যন্তরবর্ত্তী হইয়া আমাদিগের প্রতি বিদ্বেষ

(১) মনুষ্যের পরমায়ু শত বৎসর।

করে, তুমি সেই উভয় বিধ শত্রুকেই নিজ অক্ষয়, বৃষ্টিহেতুভূত অসাধারণ তেজঃ প্রভাবে দগ্ধ কর।

৫। হে শক্তিপুত্র! যে ব্যক্তি যাগ, ইন্ধন, উপাসনা ও স্তোত্রদ্বারা তোমার পরিচর্য্যা করে, মনুষ্যগণের মধ্যে প্রকৃষ্টজ্ঞানসম্পন্ন সেই ব্যক্তি ধন ও প্রকৃষ্ট অন্নদ্বারা বিশেষরূপে শোভা পায়।

৬। হে অগ্নি! তুমি যাহা করিতে প্রার্থিত হইতেছ শীঘ্র তাহা সম্পাদন কর। তুমি বলসম্পন্ন, তুমি নিজ বলদ্বারা আমাদিগের শত্রুগণকে বিনাশ কর। হে দীপ্তিসম্পন্ন! যে স্তোতা স্তোত্রদ্বারা তোমার উপাসনা করিতেছে, সেই স্তবকারীর উচ্চৈঃস্বরে উচ্চারিত স্তোত্রদ্বারা প্রীতি লাভ কর।

৭। হে অগ্নি! আমরা ত্বদীয় রক্ষা প্রভাবে অভিলষিত বস্তু লাভ করি। হে ধনাধিপতি! আমরা যেন উৎকৃষ্ট সন্ততিসহকারে ঐশ্বর্য্য লাভ করি। আমরা যেন অন্নাভিলাষী হইয়া অন্নলাভ করি। হে অমর! আমরা যেন অক্ষয় দীপ্তিসম্পন্ন যশ লাভ করি।

৬ সূক্ত।

অগ্নি দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। যে ব্যক্তি অন্নকামনা করে, সে স্তুতিভাজন, বন দহনকারী, কৃষ্টবর্ত্মা, শ্বেতবর্ণ, কমনীয়, হোমকারী, স্বর্গীয় শক্তিপুত্র অগ্নির অভিমুখে নবীনতর যজ্ঞসহকারে গমন করে।

২। হে অগ্নি! তুমি শ্বেতবর্ণ, শব্দকারী, অন্তরিক্ষে অবস্থিত, অক্ষয় ও বিপুল শব্দকারী মরুৎগণের সহিত মিলিত ও যুবতম; তুমি পাবক ও সুমহান্, তুমি অসংখ্য স্থূল কাষ্ঠ ভক্ষণপূর্ব্বক অনুগমন কর।

৩। হে বিশুদ্ধ অগ্নি! তোমার প্রদীপ্ত শিখা সকল পবন সঞ্চালিত হইয়া বহু কাষ্ঠ ভক্ষণপূর্ব্বক সর্ব্বত্র ব্যাপ্ত হয়। প্রদীপ্ত অগ্নি হইতে সম্ভূত নবোৎপন্ন সেই সমস্ত রশ্মি বনসমূহকে ধর্ষণকারী দীপ্তিদ্বারা পীড়িত করিয়া ভস্মসাৎ করে।

৪। হে দীপ্তিসম্পন্ন অগ্নি! তোমার যে সমস্ত শুভ্র রশ্মি পৃথিবীকে মুণ্ডিত করিতেছে(১) সেগুলি বিমুক্ত অশ্বগণের ন্যায় ইতস্ততঃ গমন করিতেছে।

(১) মূলে "ক্ষাং বপন্তি" আছে। কেশস্থানীয়ানোষধিবনস্পতীন্ দহন্তীত্যর্থঃ। সায়ণ।

সম্প্রতি ত্বদীয় ভ্রমণশীল শিখাসমূহ বিচিত্ররূপা পৃথিবীর উপরিস্থিত উন্নত প্রদেশে আরোহণ করিয়া বিরাজিত হইতেছে।

৫। বর্ষণকারী অগ্নির শিখা ধেনুগণের জন্য যুদ্ধকারী কর্ত্তৃক প্রমুক্ত বজ্রের ন্যায় নিরন্তর নির্গত হইতেছে, বীরের পৌরুষবৎ অগ্নির শিখা দুঃসহ, দুর্নিবার, ভীষণ অগ্নি বন সকল দগ্ধ করেন।

৬। হে অগ্নি! তুমি প্রবল ও উত্তেজক রশ্মি সহকারে পৃথিবীর গন্তব্য স্থান সকল দীপ্তিদ্বারা আচ্ছন্ন কর। তুমি সমস্ত বিপদ্ দূরীভূত কর এবং নিজতেজঃ প্রভাবে স্পর্দ্ধাকারীগণকে অভিভূত করিয়া শত্রুগণকে বিনাশ কর।

৭। হে বিচিত্র, অদ্ভুত বলসম্পন্ন, আনন্দদায়ক অগ্নি! আমরা প্রীতিপ্রদ স্তোত্রদ্বারা তোমার স্তব করি; তুমি অদ্ভুত, অত্যদ্ভুত, যশস্কর, অন্নপ্রদ, আনন্দদায়ক, পুত্রপৌত্রাদিসমন্বিত বিপুল ঐশ্বর্য্য প্রদান কর।

৭ সূক্ত।

বৈশ্বানর অগ্নি দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। বৈশ্বানর অগ্নি স্বর্গের শিরোভূত, পৃথিবীর ব্যাপক যজ্ঞার্থ জাত, জ্ঞানসম্পন্ন, সম্যক দীপ্তিসম্পন্ন, মানবগণের অতিথিভূত, দেবগণের মুখস্বরূপ ও রক্ষাকারী। দেবগণ তাঁহাকে উৎপাদিত করিয়াছেন।

২। স্তোতৃবর্গ যজ্ঞের বন্ধনকারী, ধনের আধারভূত, হব্যসকলের আশ্রয়স্বরূপ, অগ্নির সম্যকরূপে স্তব করেন। দেবগণ যজ্ঞীয় দ্রব্য সকলের বহনকারী ও যজ্ঞের কেতু স্বরূপ বৈশ্বানরকে উৎপাদিত করেন।

৩। হে অগ্নি! তোমা হইতেই হব্য প্রদাতা জ্ঞানসম্পন্ন হয়। বীরগণ তোমা হইতেই শত্রু বিজেতা হয়। অতএব হে দীপ্তিশালী বৈশ্বানর! তুমি আমাদিগকে বাঞ্ছিত ধন প্রদান কর।

৪। হে অবিনশ্বর অগ্নি! তুমি পুত্রের ন্যায় অরণিদ্বয় হইতে উৎপন্ন; সমস্ত দেবগণ তোমাকে স্তব করেন। হে বৈশ্বানর! যৎকালে তুমি পালনকারী অন্তরিক্ষ ও পৃথিবী দ্বয়ের মধ্যে দীপ্ত হও, তৎকালে তাঁহারা ত্বদীয় যাগ কার্য্য দ্বারা অমরত্ব লাভ করেন।

৫। হে বৈশ্বানর অগ্নি! কেহই তোমার সেই সমস্ত মহৎ কার্য্যের বাধা দিতে সমর্থ হয় না। তুমি মাতা ও পিতার ক্রোড়ভূত অন্তরিক্ষে উৎপন্ন হইয়া দিবসের কেতু স্বরূপ সূর্য্যকে অন্তরিক্ষ পথে সংস্থাপিত করিয়াছ।

৬। বৈশ্বানরের বারি প্রজ্ঞাপক দীপ্তিদ্বারা অন্তরিক্ষের উন্নতপ্রদেশ সকল পরিমিত হইয়াছে। সেই বৈশ্বানরেরই শিরঃস্থানীয় মেঘরূপে পরিণত ধূমে বারিরাশি অবস্থান করে এবং তাহা হইতেই সাতটী নদী শাখার ন্যায় উদ্ভূত হইয়াছে(১)।

৭। শোভন কর্ম্মকারী যে বৈশ্বানর ভুবন সকল নির্ম্মাণ করিয়াছেন, যিনি জ্ঞানসম্পন্ন হইয়া অন্তরিক্ষের দীপ্তিশালী নক্ষত্রাদির সৃষ্টি করিয়াছেন এবং সমস্ত ভূতজাতকে চতুর্দ্দিকে ব্যাপ্ত করিয়াছেন; অজেয়, পালক ও বারিরক্ষক সেই বৈশ্বানর বিরাজ করিতেছেন।

---

৮ সূক্ত।

বৈশ্বানর অগ্নি দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। আমি সর্ব্বব্যাপী, বারিবর্ষক, দীপ্তিমান্, জাতবেদার বলের শীঘ্র এই যজ্ঞে সম্যক্‌রূপে স্তব করিতেছি। বৈশ্বানর অগ্নির অভিমুখে নবীন, নির্ম্মল, শোভন স্তোত্র সোমরসের ন্যায় নির্গত হইতেছে।

২। সৎকর্ম্মপালক বৈশ্বানর উৎকৃষ্ট স্বর্গে সঞ্জাত হইয়াই সৎকর্ম্ম সকলের রক্ষা ও অন্তরিক্ষের পরিমাণ করিয়াছেন। সৎকর্ম্মের অনুষ্ঠানকারী বৈশ্বানর নিজ মহিমাদ্বারা স্বর্গলাভ করিয়াছেন।

৩। সকলের মিত্রভূত, অদ্ভুত বৈশ্বানর স্বর্গ ও পৃথিবীকে বিশেষরূপে নিজ নিজ স্থানে স্তম্ভিত করিয়া রাখিয়াছেন। তিনি দীপ্তিদ্বারা অন্ধকার অন্তর্হিত করিয়াছেন। তিনি আধারভূত স্বর্গ ও পৃথিবীকে দুই খানি পশু চর্ম্মের ন্যায় বিস্তৃত করিয়াছেন, বৈশ্বানর অগ্নি সমস্ত বীর্য্য ধারণ করেন।

৪। বলশালী মরুৎগণ অন্তরিক্ষ মধ্যে ইঁহাকে ধারণ করিয়াছিলেন এবং মনুষ্যগণ ইঁহাকে পূজনীয় নৃপতিরূপে স্বীকার করিয়াছিলেন। দেবগণের দূত-স্বরূপ মাতরিশ্বা দূরদেশবর্ত্তী সূর্য্য মণ্ডল হইতে এই বৈশ্বানর অগ্নিকে ইহলোকে আনয়ন করিয়াছেন।

৫। হে অগ্নি! তুমি যাগার্হ, তোমাকে উদ্দেশ করিয়া যাহারা নবীনতর স্তোত্র উচ্চারণ করে, তুমি তাহাদিগকে ধন ও যশস্বী পুত্র প্রদান কর; হে দীপ্তিমান্ অবিনশ্বর অগ্নি! তুমি বজ্রের ন্যায় নিজ দীপ্তি দ্বারা বৃক্ষের ন্যায় শত্রুকে নিপাতিত কর।

(১) এখানেও সপ্ত নদীর উল্লেখ আছে।

৬। হে অগ্নি! আমরা হব্যরূপ ধনে ধনবান্, আমাদিগকে তুমি অনপহার্য্য অক্ষয় ও সুবীর্য্য ধন প্রদান কর। হে বৈশ্বানর অগ্নি! আমরা যেন তোমা কর্ত্তৃক রক্ষিত হইয়া শত সহস্র প্রকার অন্নলাভ করি।

৭। হে ত্রিভুবনাবস্থিত, যাগার্হ অগ্নি! তোমার অপ্রতিহত, রক্ষাকারী বল দ্বারা তুমি স্তবকারীগণকে রক্ষা কর, হে বৈশ্বানর অগ্নি! তুমি হব্য দাতাদিগের বল রক্ষা কর, আমরা তোমার স্তব করিতেছি, তুমি আমাদিগের পরিত্রাণ কর।

---

৯ সূক্ত।

বৈশ্বানর অগ্নি দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। কৃষ্ণবর্ণ রাত্রি এবং শুভ্রবর্ণ দিবস জ্ঞানগম্য স্ব স্ব প্রবৃত্তি দ্বারা অখিল জগৎ রঞ্জিত করিয়া নিয়ত পরিবর্ত্তিত হইতেছে। বৈশ্বানর অগ্নি রাজার ন্যায় প্রকাশিত হইয়া দীপ্তিদ্বারা তমোনাশ করেন।

২। আমি তন্তু (টানাসূত্র) অথবা ওতু (পড়্যান সূত্র) জানি না, কিম্বা সতত চেষ্টাদ্বারা যে বস্ত্র বয়ন করে তাহার কিছুই অবগত নহি। ইহলোকে অবস্থিত পিতাকর্ত্তৃক উপদিষ্ট হইয়া কাহার পুত্র অন্য জগতের বক্তব্য বাক্য সকল বলিতে সমর্থ(১)?।

৩। একমাত্র সেই বৈশ্বানর অগ্নি তন্তু এবং ওতু অবগত আছেন। তিনি উচিত অবসরে বক্তব্য সকল বলেন। বারিরক্ষক, ভূবিহারী অগ্নি অন্তরিক্ষে অন্য মূর্ত্তি অর্থাৎ সূর্য্য রূপ দ্বারা অখিল জগৎ প্রকাশিত করিয়া পরিদৃশ্যমান এই সমস্ত ভূত অবগত আছেন।

৪। এই বৈশ্বানর অগ্নি আদ্য হোতা; হে মানবগণ! তোমরা এই অগ্নিকে ভজন কর। অক্ষয় এই অগ্নি এই নশ্বর দেহে অবস্থান করেন। নিশ্চল সর্ব্বব্যাপী, অক্ষয় এই অগ্নি শরীর ধারণপূর্ব্বক জাত ও বর্দ্ধিত হন।

৫। চিত্ত অপেক্ষা অধিকতর বেগশালী, নিশ্চল জ্যোতিঃ সুখের পথ প্রদর্শন করিবার নিমিত্ত সমুদয় জঙ্গম জীবে অন্তর্নিহিত আছে। অখিল

(১) সায়ণ বলেন এস্থলে তন্তু শব্দদ্বারা বৈদিক ছন্দঃসমূহ, ওতু শব্দদ্বারা যজুঃসমূহ ও যাগকার্য্য এবং উভয়ের সংঘটনদ্বারা বস্ত্র অর্থাৎ যজ্ঞ বুঝিতে হইবে। ঋকের শেষার্দ্ধের তাৎপর্য্য এই:—কোনও মনুষ্যই যাগরহস্য বলিতে সমর্থ নহেন, একমাত্র সূর্য্য বলিতে পারেন, কারণ তিনি নিজ পিতা অগ্নিদ্বারা তদ্বিষয় শিক্ষিত হইয়াছেন।

দেবগণ একমত ও সমান প্রজ্ঞ হইয়া সম্মানসহকারে প্রধান কর্ম্ম কর্ত্তা বৈশ্বানরের অভিমুখবর্ত্তী হয়েন।

৬। ত্বদীয় গুণ শ্রবণ করিবার নিমিত্ত আমার কর্ণদ্বয় ও ত্বদীয় রূপ দর্শনার্থ আমার চক্ষু ধাবিত হইতেছে। হৃদয়ে যে বুদ্ধিস্বরূপ জ্যোতিঃ নিহিত আছে তাহাও ত্বদীয় স্বরূপ অবগত হইবার জন্য সমুৎসুক হইয়াছে। দূরস্থ বিষয়ক, চিন্তা ব্যাপৃত আমার হৃদয় তাঁহার অভিমুখে ধাবিত হইতেছে। আমি বৈশ্বানরের কিরূপে স্বরূপ বর্ণন করিব? কিরূপেই বা তাঁহাকে হৃদয়ে ধারণ করিব?

৭। হে বৈশ্বানর! অখিল দেবগণ ভীত হইয়া অন্ধকার অবস্থিত তোমাকে নমস্কার করেন। বৈশ্বানর যেন নিজ রক্ষাদ্বারা আমাদিগকে রক্ষা করেন। অক্ষয় অগ্নি যেন নিজ রক্ষাদ্বারা আমাদিগকে রক্ষা করেন।

---

১০ সূক্ত।

অগ্নি দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে ঋত্বিগ্‌গণ! তোমরা প্রবৃত্ত, বিঘ্ন রহিত এই যজ্ঞে পূজনীয়, স্বর্গীয় ও সর্ব্বতোভাবে দোষ বর্জ্জিত অগ্নিকে স্তোত্র সহকারে সম্মুখে স্থাপন কর, কারণ সমধিক দীপ্তিসম্পন্ন জাতবেদা যজ্ঞে আমাদিগকে সমৃদ্ধি বিধান করেন।

২। হে দীপ্তিসম্পন্ন, অসংখ্য শিখাসম্পন্ন, দেবগণের আহ্বানকারী অগ্নি! তুমি অন্যান্য অগ্নি সহকারে প্রদীপ্ত হইয়া এই মানব স্তোত্র শ্রবণ কর। স্তোতাগণ মমতার(১) ন্যায় অগ্নির উদ্দেশে সেই মনোহর স্তোত্র পবিত্র ঘৃতের ন্যায় অর্পণ করিতেছে।

৩। যে ব্যক্তি স্তোত্র সহকারে অগ্নিতে হব্য প্রদান করে, মনুষ্যগণের মধ্যে সেই ব্যক্তি অন্নদ্বারা সমৃদ্ধি লাভ করে। বিচিত্র দীপ্তিসম্পন্ন অগ্নি সেই ব্যক্তিকে বিচিত্র রক্ষা সহকারে ধেনু সমন্বিত গোষ্ঠ ভোগে অধিকারী করেন।

৪। কৃষ্ণবর্ত্মা যে অগ্নি জন্মিবামাত্রেই দূর হইতে দৃশ্যমান নিজ দীপ্তিদ্বারা বিস্তীর্ণ স্বর্গ ও পৃথিবীকে পরিপূর্ণ করেন, সেই পাবক অগ্নি সম্প্রতিঃ নিজ দীপ্তি দ্বারা রাত্রির নিবিড় অন্ধকারকে দূরীভূত করিতে দৃষ্ট হইতেছেন।

৫। হে অগ্নি! আমরা হব্য রূপ ধনে বলবান্, আমাদিগকে তুমি শীঘ্র

(১) "মমতা নাম ব্রহ্মবাদিনী দীর্ঘতমসো মাতা।" সায়ণ।

বহু অন্ন ও রক্ষা সহকারে বিচিত্র ধন প্রদান কর এবং যাহারা ধন, অন্ন ও উৎকৃষ্ট বীর্য্যদ্বারা অন্য লোকদিগকে পরাজিত করে তাদৃশ পুত্রও প্রদান কর।

৬। হে অগ্নি! উপবিষ্ট হব্যদাতা তোমার নিমিত্ত যে হোম করিতেছেন, তুমি হব্যাভিলাষী হইয়া সেই যাগসাধন অন্ন স্বীকার কর। ভরদ্বাজ বংশীয়-গণের নির্দ্দোষ স্তোত্র গ্রহণ কর এবং তাহাদিগের প্রতি অনুগ্রহ কর, যাহাতে তাহারা নানাবিধ অন্নলাভ করিতে পারে।

৭। হে অগ্নি! শত্রুগণকে দূরীভূত কর। আমাদিগের অন্ন বর্দ্ধিত কর। আমরা যেন শোভন পুত্রপৌত্রাদি সমন্বিত হইয়া শত হেমন্ত সুখভোগ করি(২)।

১১ সূক্ত।

অগ্নি দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে দেবগণের আহ্বানকারী, যজমানশ্রেষ্ঠ অগ্নি! আমরা তোমাকে প্রার্থনা করিতেছি, তুমি সম্প্রতি আমাদিগের এই আরব্ধ যজ্ঞে শত্রুবিজয়ী মরুৎগণের যাগ কর এবং মিত্র, বরুণ, নাসত্যদ্বয়, স্বর্গ ও পৃথিবীকে আমাদিগের যাগার্থ আনয়ন কর।

২। হে অগ্নি! তুমি স্তুত্যতম, আমাদিগের প্রতি বিদ্বেষবিহীন এবং দানাদিগুণসম্পন্ন; তুমি মনুষ্য মধ্যে প্রবৃত্ত যজ্ঞে দেবগণকে আহ্বান কর। হে অগ্নি! তুমি হব্য বহনপূর্ব্বক শুদ্ধি বিধায়ক শিখা সহকারে দেবগণের মুখস্বরূপ নিজ দেবগণের নিকট সমর্পণ কর।

৩। হে অগ্নি! ধনের কারণ ভূত স্তোত্র নিরন্তর তোমার প্রতি উচ্চারিত হয়, কারণ, তোমার আবির্ভাব হইলে যজমান দেবগণের যজ্ঞ সাধনার্থ সমর্থ হয়, তখন অঙ্গিরা ঋষিগণের মধ্যে সমধিক স্তবকারী, মেধাবী ভরদ্বাজ যজ্ঞে উল্লাস কারক স্তোত্র উচ্চারণ করেন।

৪। পরিপক্ক বুদ্ধি, দীপ্তিমান্ অগ্নি সম্যক্‌রূপে শোভা পাইতেছেন। তুমি শোভন হব্যসম্পন্ন, পঞ্চ জন(১) হব্য প্রদানপূর্ব্বক মর্ত্ত্য অতিথির ন্যায় তোমাকে অন্নদ্বারা পরিতৃপ্ত করে, তুমিও বিস্তীর্ণ স্বর্গ ও পৃথিবীকে হব্যদ্বারা পূজা কর।

(২) মনুষ্যের পরমায়ু পরিমাণ শত বৎসর। ইহার পর ১২ ও ১৩ ও ১৭ ও ২২ সূক্তের শেষেও এই রূপ আছে।

(১) মূলে "পঞ্চ জনাঃ" আছে।

৫। যৎকালে অগ্নি সমীপে হব্যসহকারে কুশ আহৃত হয় এবং দোষবর্জ্জিত ঘৃতপূর্ণ স্রুক্ কুশোপরি আনীত হয়, তখন ভূমির উপর তোমার আধারভূত বেদি রচিত হয় এবং সূর্য্যে যেরূপ তেজোরাশি সমবেত হয় তদ্রূপ যজমান কর্ত্তৃক যাগকার্য্য সমাশ্রিত হয়।

৬। হে বহুশিখাসম্পন্ন, দেবগণের আহ্বানকারী অগ্নি! তুমি দীপ্তিশালী অগ্নি সহকারে প্রদীপ্ত হইয়া আমাদিগকে ধন প্রদান কর; হে শক্তি-পুত্র! আমরা যেন তোমাকে হব্যদ্বারা সমাচ্ছন্ন করিয়া শত্রুবৎ পাপ হইতে মুক্ত হই।

---

১২ সূক্ত।

অগ্নি দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। দেবগণের আহ্বানকারী, যজ্ঞের অধিপতি অগ্নি স্বর্গ ও পৃথিবীর যাগ করিবার নিমিত্ত যজমান গৃহে অবস্থিতি করেন। শক্তিপুত্র, যজ্ঞসম্পন্ন অগ্নি সূর্য্যের ন্যায় দূর হইতেই দীপ্তির দ্বারা অখিল জগৎ প্রকাশিত করেন।

২। হে যাগাহ, দীপ্তিসম্পন্ন অগ্নি! তুমি পরিপক্ক বুদ্ধিসম্পন্ন, সমস্ত যজমান তোমাতে আগ্রহ সহকারে প্রচুর হব্য অর্পণ করে, তুমি ত্রিভুবনে অবস্থিত হইয়া দেবগণের নিকট উৎকৃষ্ট মনুষ্যদত্ত হব্য বহন করিবার নিমিত্তে সূর্য্যের ন্যায় বেগশালী হও।

৩। যাহার সর্ব্বব্যাপী, তেজস্বী শিখা বনে দীপ্তি পায়, প্রবৃদ্ধ সেই অগ্নি সূর্য্যের ন্যায় অন্তরিক্ষ পথে বিরাজ করিতেছেন এবং সকলের কল্যাণ বিধায়ক বায়ুর ন্যায় অক্ষয় ও অনিবার্য্য অগ্নি বেগপূর্ব্বক ওষধিমধ্যে গমন করিয়া নিজ দীপ্তিদ্বারা অখিল জগৎ প্রবুদ্ধ করিতেছেন।

৪। জাতবেদা সেই অগ্নি যাচকের স্তোত্রবৎ সুখদায়ক অস্মদীয় স্তোত্রদ্বারা আমাদিগের গৃহে স্তুত হইতেছেন। যজমানগণ দ্রুমভোজী, অরণ্যাশ্রয়কারী, বৎসগণের পিতা বৃষভের ন্যায় ক্ষিপ্রকর্ম্মকারী সেই অগ্নির স্তব করিতেছেন।

৫। যৎকালে অগ্নি অনায়াসে বন সকল ভস্মসাৎ করিয়া পৃথিবীর উপর বিস্তৃত হয়, তখন স্তোতৃবর্গ ইহলোকে এই অগ্নির শিখাসমূহের স্তব করে।

অপ্রতিহতভাবে বিচরণকারী এবং চৌরবৎ দ্রুতগামী অগ্নি মরুভূমির উপরেও বিরাজিত হয়েন(১)।

৬। হে ক্ষিপ্রগামী অগ্নি! তুমি সমস্ত অগ্নির সহিত প্রজ্বলিত হইয়া আমাদিগকে নিন্দা হইতে রক্ষা কর, তুমি আমাদিগকে ধন প্রদান কর এবং দুঃখদায়ক শত্রুসৈন্য দূরীভূত কর; আমরা যেন শোভন পুত্রপৌত্রসম্পন্ন হইয়া শত হেমন্ত সুখ ভোগ করি।

---

১৩ সূক্ত।

অগ্নি দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে প্রশস্ত ধনসম্পন্ন অগ্নি! বৃক্ষ হইতে শাখাসমূহের ন্যায় ধন, শত্রুসংহারক বল এবং অন্তরিক্ষের বৃষ্টি, এই সমস্ত সৌভাগ্য তোমা হইতে উৎপন্ন হয়, অতএব হে বারিবর্ষক, তুমি স্তবার্হ।

২। হে পূজনীয় অগ্নি! আমাদিগকে রমণীয় ধন প্রদান কর; হে মনোজ্ঞ দীপ্তি, তুমি সর্ব্বব্যাপী বায়ুর ন্যায় সর্ব্বত্র অবস্থিতি কর; হে দীপ্তিমান্ অগ্নি! তুমি মিত্রের ন্যায় প্রচুর যজ্ঞ এবং পর্য্যাপ্ত বাঞ্ছিত ধন দান কর।

৩। হে প্রকৃষ্টজ্ঞানসম্পন্ন, যজ্ঞার্থে সম্ভূত, অগ্নি! তুমি বারিপুত্র বৈদ্যুতাগ্নির সহিত সঙ্গত হইয়া ধনের নিমিত্ত যে ব্যক্তিকে প্রেরণ কর, সাধুগণের রক্ষাকারী, বুদ্ধিমান্, সেই ব্যক্তি বলদ্বারা শত্রু সংহার করেন এবং পণির শক্তি হরণ করেন।

৪। হে শক্তিপুত্র! যে মানব স্তুতি উপাসনা এবং যজ্ঞদ্বারা যজ্ঞভূমিতে ত্বদীয় তীক্ষ্ণদীপ্তি আকর্ষণ করে, হে দীপ্তিসম্পন্ন অগ্নি! সেই মনুষ্য সমস্ত প্রাচুর্য্য ও ধান্য(১) ধারণ করে এবং ধন সম্পন্ন হয়।

৫। হে শক্তিপুত্র অগ্নি! তুমি সমৃদ্ধির নিমিত্ত আমাদিগকে উৎকৃষ্ট পুত্রসহকারে প্রশস্ত অন্ন প্রদান কর; তুমি দানশীল, বিদ্বেষপূর্ণ রিপু

---

(১) মূলে 'অতিধন্বারাট্" আছে। "ধন্ব মরুভূমিমতিক্রম্য রাট্ রাজতে যথা ধন্বন্যাদাপ ইতিধন্বান্তরিক্ষং অতিশয়েনান্তরিক্ষমাক্রম্য রাজতে।" সায়ণ। "Shines over the desert."—*Wilson*

(১) মূলে "ধানাং" আছে, আমি অনুবাদে ঐ শব্দটিই রাখিলাম, কিন্তু ৩। ৩৫। ৩ ঋকের টীকা দেখ।

হইতে বলদ্বারা যে পশু সম্বন্ধীয় অন্ন আহরণ কর, তাহাও প্রচুর পরিমাণে প্রদান কর।

৬। হে শক্তিপুত্র অগ্নি! তুমি বলশালী, তুমি আমাদিগের উপদেষ্টা হও, আমাদিগকে অন্নসহকারে পুত্র ও পৌত্র প্রদান কর; আমি স্তুতিসমূহ-দ্বারা পূর্ণকাম হই; আমরা যেন প্রশস্ত পুত্র পৌত্রাদি সম্পন্ন শত হেমন্ত সুখ ভোগ করি।

১৪ সূক্ত।

অগ্নি দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। যে মানব স্তোত্রসহকারে অগ্নির পরিচর্য্যা ও যাগাদি কার্য্য করে, সে যেন শীঘ্র মনুষ্যগণের প্রধান হইয়া শোভা পায় এবং পুত্রাদির পোষণার্থ প্রচুর অন্নলাভ করে।

২। এক মাত্র অগ্নিই প্রকৃষ্ট জ্ঞানসম্পন্ন, তিনি প্রধান যাগ কার্য্যনির্ব্বাহক ও সর্ব্বদর্শী। মনুষ্য সন্তানগণ যজ্ঞে অগ্নিকে দেবগণের আহ্বানকারী বলিয়া স্তব করেন।

৩। হে অগ্নি! শত্রুগণের ঐশ্বর্য্য সকল তাহাদিগের নিকট হইতে বিমুক্ত হইয়া ত্বদীয় স্তোতৃবর্গের রক্ষণার্থ পরস্পর স্পর্দ্ধা করে। শত্রুবিজয়ী ত্বদীয় স্তোতৃবর্গ তোমার যজ্ঞ করিয়া ব্রতবিরোধীদিগকে পরাভূত করিতে ইচ্ছা করে।

৪। অগ্নি স্তোতৃবর্গকে সৎকর্ম্মের অনুষ্ঠানকারী, শত্রুবিজয়ী ও সাধু-রক্ষকপুত্র প্রদান করেন। তাহার সন্দর্শনে অরিগণ ত্বদীয় বলে ভীত হইয়া কম্পিত হইতে থাকে।

৫। যাহার হব্যরূপ ধন শত্রুদ্বারা বিঘ্ন প্রাপ্ত না হয় এবং যজ্ঞে অন্যান্য যজমান দ্বারা সম্ভক্ত না হয়, বলশালী ও জ্ঞানসম্পন্ন দেব অগ্নি সেই ব্যক্তিকে নিন্দক হইতে রক্ষা করেন।

৬। হে বন্ধু স্বর্গ ও পৃথীতে অবস্থানকারী, দেব অগ্নি! তুমি আমাদিগের এই শোভন স্তুতি দেবগণের নিকট প্রচার কর এবং স্তবকারিকে গার্হস্থ্যসুখে লইয়া যাও। আমরা যেন শত্রু, পাপ ও কষ্ট সকল অতিক্রম করি। আমরা ত্বদীয় রক্ষণ বশতঃ তাহাদিগকে অতিক্রম করি।

১৫ সূক্ত।

অগ্নি দেবতা। আঙ্গিরার পুত্র বীতহব্য, অথবা ভরদ্বাজ ঋষি।

১। হে বীতহব্য বা ভরদ্বাজ! তুমি প্রাতঃ প্রবুদ্ধ, লোকরক্ষক, স্বভাব পবিত্র এই অতিথিকে অর্থাৎ অগ্নিকে প্রসন্ন কর। অগ্নি সকল সময়ে স্বর্গ হইতে অবতীর্ণ হয়েন এবং অরণিদ্বয়ের মধ্যে গর্ভরূপে অবস্থান করিয়া অক্ষয় হব্য ভক্ষণ করেন।

২। হে অদ্ভুত অগ্নি! তুমি অরণি মধ্যে নিহিত, স্তবার্হ ও উর্দ্ধশিখ; তোমাকে ভৃগুগণ বন্ধুবৎ গৃহে স্থাপন করিয়াছিলেন। বীতহব্য প্রতিদিন উৎকৃষ্ট স্তোত্রদ্বারা তোমার পূজা করেন, তুমি তাঁহার প্রতি প্রসন্ন হও।

৩। হে অপ্রতিহত প্রভাব অগ্নি! যে ব্যক্তি যাগাদির অনুষ্ঠানে নিপুণ, তুমি তাহার সমৃদ্ধিবিধায়ক এবং বিপ্রকৃষ্ট ও সন্নিকৃষ্ট শত্রু হইতে তাহার রক্ষক হও। অতএব হে সর্ব্বত্র সুপ্রসিদ্ধ শক্তিপুত্র! তুমি বীতহব্য ভরদ্বাজকে(১) ধন ও গৃহ প্রদান কর।

৪। হে বীতহব্য! তুমি শোভন স্তুতিদ্বারা হব্যবাহক, দীপ্তিমান্, অতিথি-বৎ পূজনীয়, স্বর্গ প্রদর্শক, মনুর যজ্ঞে দেবগণের আহ্বানকারী, যজ্ঞসম্পাদক, মেধাবী বিপ্রের ন্যায় ওজস্বী বক্তা, অধীশ্বর দেব অগ্নির প্রীতি সাধন কর।

৫। যিনি ভানুদ্বারা উষার ন্যায় পৃথিবীর উপর পবিত্রতাকারিণী ও চেতনা-বিধায়িনী দীপ্তিদ্বারা বিরাজিত হন; যিনি সংগ্রামে শত্রুসংহারকারী বীরের ন্যায় এতশের সাহায্যার্থ শীঘ্র প্রদীপ্ত হইয়াছিলেন; যিনি সর্ব্বভক্ষণশীল ও ক্ষয়রহিত।

৬। হে স্তোতৃবর্গ! তোমরা নিরতিশয় প্রীতিভাজন, অতিথিভূত, পূজনীয় অগ্নিকে নিরন্তর ইন্ধনদ্বারা পূজা কর। তোমরা অবিনশ্বর অগ্নির সম্মুখীন হইয়া স্তোত্রদ্বারা তাঁহার পরিচর্য্যা কর। কারণ, দেবগণের মধ্যে দানা-দিগুণসম্পন্ন অগ্নি আমাদিগের পূজা গ্রহণ করেন।

৭। আমি ইন্ধনদ্বারা প্রদীপ্ত অগ্নির স্তুতির দ্বারা স্তব করি। আমি স্বভাববিশুদ্ধ, পবিত্রতাবিধায়ক ধ্রুব অগ্নিকে যজ্ঞে অগ্রে স্থাপন করি। আমরা জ্ঞানসম্পন্ন, দেবগণের আহ্বানকারী, বহুলোকের বরণীয়, সদাশয়, সর্ব্বদর্শী ও সর্ব্বভূতজ্ঞ অগ্নির নিকট ধন প্রার্থনা করি।

---

(১) মূলে "বীতহব্যায় ভরদ্বাজায়" আছে। "ভরদ্বাজায় সত্ত্বগুহবির্লক্ষণাম্নায় বীতহব্যায়, বীতং গমিতং হব্যং হবিযেন তাদৃশায় ভরদ্বাজায়েতি বা যোজ্যম।" সায়ণ।

৮। হে অগ্নি! তুমি অক্ষয়, হব্যবাহক, রক্ষাকারী ও পূজনীয়; যুগে যুগে দেবগণ ও মনুষ্যগণ তোমাকে দৈত্যকার্য্যে নিয়োজিত করিয়াছেন। তাঁহারা প্রবুদ্ধ, সর্ব্বব্যাপী, প্রজাপালক অগ্নিকে নমস্কারপূর্ব্বক দেবীর উপর সংস্থাপিত করিয়াছেন।

৯। হে অগ্নি! তুমি দেব ও মনুষ্য উভয়ের প্রতি দয়া প্রদর্শন করিয়া এবং যজ্ঞে দেবগণের সমীপে দৌত্যকার্য্য করিয়া স্বর্গ ও পৃথিবীতে সঞ্চরণ কর। যেহেতু আমরা তোমার জন্য যজ্ঞ করিতেছি ও স্তোত্র পাঠ করিতেছি। অতএব ত্রিভুবনবর্ত্তী তুমি আমাদিগের সুখ বিধান কর।

১০। আমরা অল্প বুদ্ধি; আমরা বিচক্ষণ শ্রেষ্ঠ, অঙ্গসৌষ্ঠবসম্পন্ন, মনজ্ঞমূর্ত্তি ও মনোহরগতি অগ্নির পরিচর্য্যা করিতেছি। সর্ব্বজ্ঞ অগ্নি যেন যাগ করেন এবং অমরগণের মধ্যে আমাদিগের হব্য প্রচার করেন।

১১। হে শৌর্য্যসম্পন্ন অগ্নি! তুমি দূরদর্শী, যে পুরুষ তোমার স্তব করে, তুমি তাহাকে রক্ষা কর ও তদীয় মনোরথ পূর্ণ কর। যে ব্যক্তি যজ্ঞ সম্পাদন বা হব্য উৎক্ষেপ করে তাহাকেই তুমি বল ও ধনদ্বারা পূর্ণ কর।

১২। হে অগ্নি! তুমি শত্রু হইতে আমাদিগকে সর্ব্বতোভাবে রক্ষা কর। হে বলসম্পন্ন! তুমিই আমাদিগকে পাপ হইতে পরিত্রাণ কর, তোমার নিকট দোষহীন হব্য উপস্থিত হউক। তোমা কর্ত্তৃক প্রদত্ত সহস্রপ্রকার ধন আমাদিগের নিকট উপস্থিত হউক।

১৩। দেবগণের আহ্বানকারী, রাজা অগ্নি গৃহের অধিপতি এবং জাতবেদা, সুতরাং সমস্ত ভূতজাত অবগত আছেন। তিনি দেব ও মনুষ্যগণের মধ্যে নিরতিশয় যাগকারী। সত্য সম্পন্ন সেই অগ্নি প্রকৃষ্টরূপে যজ্ঞ করুন।

১৪। হে যজ্ঞসম্পাদক, পাবনদীপ্তিসম্পন্ন অগ্নি; অদ্য যজমান যে যজ্ঞসম্পাদন করিতেছেন, তুমি তাহার অনুমোদন কর। তুমি যজমান, অতএব তুমি যজ্ঞে দেবগণের যাগ কর। যেহেতু তুমি নিজ মহিমাদ্বারা সর্ব্বব্যাপী, অতএব হে যুবতম অগ্নি! অদ্য আমরা তোমাকে যে হব্য প্রদান করিতেছি তাহা তুমি স্বীকার কর।

১৫। হে অগ্নি। বেদির উপর যথাবিধি স্থাপিত হব্যরূপ অন্নের প্রতি দৃষ্টিপাত কর। স্বর্গ ও পৃথিবীর যাগ করিবার জন্য এই যজমান তোমাকে সংস্থাপিত করিয়াছে। হে ঐশ্বর্য্যসম্পন্ন অগ্নি! তুমি আমাদিগকে সংগ্রামে রক্ষা কর, যাহাতে আমরা সমস্ত কষ্ট হইতে পরিত্রাণ পাইব। আমরা যেন

সমস্ত দুরিত হইতে পরিত্রাণ পাই ; আমরা যেন তোমার রক্ষা বশতঃ তৎসমুদয় হইতে উদ্ধার পাই।

১৬। হে শোভন শিখাসম্পন্ন অগ্নি। অখিল দেবগণের সহিত সর্ব্বাগ্রগণ্য তুমি উর্ণাবিশিষ্ট ঘৃত সংপৃক্ত কুলায় সদৃশ উত্তর বেদির উপর উপবেশন কর এবং হব্যদাতা যজমানের যজ্ঞ যথাযথরূপে দেবগণের নিকট বহন কর।

১৭। কর্ম্মনির্ব্বাহক ঋত্বিগ্‌গণ অথর্বা ঋষির ন্যায় অগ্নিকে মন্থন করিতেছেন এবং ভ্রমণশীল অমূঢ় অগ্নিকে রাত্রির অন্ধকার সমূহ হইতে আনয়ন করিতেছেন।

১৮। হে অগ্নি! যজ্ঞে দেবকাম যজমানের কল্যাণার্থ প্রাদুর্ভূত হও। যজ্ঞের সমৃদ্ধি বিধায়ক অমরগণকে আনয়ন কর। দেবগণের নিকট আমাদিগের যজ্ঞ বহন কর।

১৯। হে গৃহের অধিপতি অগ্নি! মানবগণের মধ্যে আমরাই ইন্ধনদ্বারা তোমার বৃদ্ধি সাধন করিয়াছি। অতএব আমাদিগের গার্হপত্য অগ্নি সমস্ত প্রয়োজনীয় বস্তুদ্বারসম্পূর্ণতা লাভ করুক। তুমি তীক্ষ্ণ দীপ্তিদ্বারা আমাদিগকে যোজিত কর।

১৬ সূক্ত।

অগ্নি দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে অগ্নি! তুমি দেবগণ কর্ত্তৃক মনুর সন্তান মানবগণের সমস্ত যজ্ঞে হোতারূপে নিয়োজিত হইয়াছ।

২। তুমি আমাদিগের যজ্ঞে পূজনীয় শিখাসমূহ দ্বারা মহৎ দেবগণের যাগ কর। দেবগণকে এস্থানে আনয়ন কর ; তাঁহাদিগকে হব্য প্রদান কর।

৩। হে সৃষ্টিকারক, সৎকর্ম্মের অনুষ্ঠানকারী, দেব অগ্নি! তুমি যজ্ঞ সকলে মহামার্গ ও ক্ষুদ্র পথ অবগত আছ।

৪। হে অগ্নি! তুমি দ্বিত। হব্যদাতা ঋত্বিগ্‌গণের সহিত সুখের উদ্দেশে ভরত রাজা তোমার স্তব করিয়াছিলেন। তুমি যজ্ঞে যজ্ঞার্হ। তিনি তোমার যাগ করিয়াছিলেন(১)।

---

(১) সায়ণ এই ঋকের উল্লিখিত ভরতকে দুষ্মন্ত তনয় ভরত মনে করিয়াছেন।

"দ্বিত" অর্থে দুই গুণ যুক্ত অথবা দুই কাষ্ঠ হইতে উৎপন্ন। ফলতঃ "ত্রিত" শব্দের দেখাদেখি "একত" ও "দ্বিত" শব্দ দুটী উৎপন্ন করা হইয়াছে। ১।৫২ ৫ ঋকের টীকা দেখ।

৫। হে অগ্নি! সোমাভিষবকারী দিবোদাসকে এই সমস্ত নানাবিধ সুখ যেরূপ প্রদান করিয়াছিলে, সম্প্রতি হব্যদাতা ভরদ্বাজকে সেইরূপ সমুদয় প্রদান কর।

৬। তুমি অমর দূত; মেধাবী ভরদ্বাজের শোভন স্তোত্র শ্রবণ করিয়া তুমি দেবগণকে এস্থানে আনয়ন কর।

৭। হে দেব অগ্নি! ধার্ম্মিক মনুষ্যগণ দেবগণের তৃপ্তি সাধনার্থ যজ্ঞ সকলে তোমার স্তব করেন।

৮। হে অগ্নি! তুমি দানশীল, আমি তোমার মনোহর দীপ্তির এবং কার্য্যের পূজা করিতেছি। যাহারা তোমার অনুগ্রহে পূর্ণকাম হইয়াছে তাহারা সকলেই তোমার পরিচর্য্যা করে।

৯। হে অগ্নি! তুমি শিখারূপ মুখদ্বারা হব্যবহনকারী ও সুবিচক্ষণ, তোমাকে মনু হোতৃকার্য্যে নিয়োজিত করিয়াছেন। অতএব তুমি স্বর্গীয় ব্যক্তিগণের যাগ কর।

১০। হে অগ্নি! তুমি হব্যভক্ষণার্থ আগমন কর এবং দেবগণের নিকট হব্যবহনার্থ স্তুতিভাজন হইয়া হোতাস্বরূপ কুশোপরি উপবেশন কর।

১১। হে অঙ্গিরা! আমরা ইন্ধন ও আজ্যদ্বারা তোমাকে প্রবর্দ্ধিত করিতেছি, অতএব হে যুবতম অগ্নি! তুমি নিরতিশয় দীপ্তিলাভ কর।

১২। হে দেব অগ্নি! তুমি আমাদিগকে প্রশস্ত পুত্রপৌত্রাদি সহকারে বিপুল উৎকৃষ্ট ধন প্রদান কর।

১৩। হে অগ্নি! অথর্বা ঋষি শিরোবৎ বিশ্বের ধারণকারী পুষ্কর হইতে মন্থন করিয়া তোমাকে নিঃসারিত করিয়াছেন(২)।

(২) অথর্বা পুষ্কর হইতে অগ্নিকে মন্থন করিয়া উৎপন্ন করিয়াছিলেন, ইহার অর্থ কি? সায়ণ প্রজাপতিদ্বারা পদ্মপত্রের উপর জগতের সৃষ্টির পৌরাণিক কথা অবলম্বন করিয়া পুষ্কর অর্থে এখানে পদ্ম করিয়াছেন। সামবেদের টীকাকার মহীধর পুষ্কর অর্থে জল এবং অথর্বা অর্থে বায়ু করিয়া একটি অর্থ করিয়াছেন। ফরাসী পণ্ডিত লাংলোয়া পুষ্কর অর্থে করিয়াছেন অরণি কাষ্ঠের ছিদ্র যাহা হইতে অগ্নি উৎপন্ন হয়। আমরা পূর্ব্বেই বলিয়াছি যে, যে সমস্ত ঋষিগণ প্রথমে আর্য্যাবর্ত্তে অগ্নির যজ্ঞ বিশেষরূপে প্রচার করেন, অথর্বা ও তৎপুত্র দধীচি ও তাহাদের মধ্যে প্রধান ছিলেন। ১। ১১। ৩ ঋকের টীকা দেখ। অতএব এই ঋকেও সেই অথর্বা ঋষি কর্ত্তৃক অগ্নি উৎপাদনের কথারই উল্লেখ আছে মাত্র। ইহার পরের দুইটি ঋক দেখ।

১৪। অথর্বার পুত্র দধীচি তোমাকে প্রজ্বলিত করিয়াছেন। তুমি বৃত্রহন্তা ও পুরচিনাশক।

১৫। হে বর্ষণকারী অগ্নি! তুমি দস্যুহন্তা ও প্রতিযুদ্ধে ধনবিজয়ী, ঋষি পাথ্য তোমাকে উদ্দীপিত করিয়াছিলেন।

১৬। হে অগ্নি! তুমি আগমন কর, কারণ আমি তোমার নিকট এইরূপে স্তোত্র উচ্চারণ করিব। তুমি এই সমস্ত সোমদ্বারা বর্দ্ধিত হও।

১৭। হে অগ্নি! তুমি যে কোন স্থানে, যে কোন যজমানের প্রতি চিত্ত সমর্পিত কর, সেই যজমানকে প্রকৃষ্ট বল প্রদান কর এবং তথায় তুমি অবস্থিতি কর।

১৮। হে অগ্নি! ত্বদীয় পূর্ণদিপ্তি যেন দৃষ্টিবিঘাতক না হয়। হে উপাসকগণের গৃহপ্রদাতা! তুমি আমাদিগের পূজা গ্রহণ কর।

১৯। আমরা হব্যবাহক, দিবোদাসের শত্রুনিধনকারী, সর্ব্বজ্ঞ ও সাধুরক্ষক অগ্নিকে এস্থানে আনয়ন করিয়াছি।

২০। নিজ মহিমাদ্বারা শত্রুসংহারকারী, অধৃষ্য ও অপ্রতিহত অগ্নি আমাদিগকে প্রচুর পরিমাণে অখিল পার্থিব ধন প্রদান করুন।

২১। হে অগ্নি! তুমি প্রাচীনবৎ নবীন দীপ্তিদ্বারা এই বিস্তীর্ণ অন্তরিক্ষ আচ্ছন্ন করিয়া রহিয়াছ।

২২। হে বন্ধুগণ! তোমরা শত্রুহন্তা ও বিধানকর্ত্তা অগ্নির স্তোত্র গান কর এবং তাঁহাকে হব্য প্রদান কর।

২৩। যিনি মানবগণের প্রতিযুগে দেবগণের আহ্বানকারী, প্রকৃষ্ট প্রজ্ঞ, দেবগণের দূতস্বরূপ ও হব্যবাহক, সেই অগ্নি যেন আমাদিগের যজ্ঞে উপবেশন করেন।

২৪। হে গৃহপ্রদাতা অগ্নি! তুমি এই যজ্ঞে দুই দীপ্তিমান্ ও বিশুদ্ধ কর্ম্মকারী দেব, মিত্র ও বরুণ এবং আদিত্যগণ, মরুতগণ, স্বর্গ ও পৃথিবীর যাগ কর।

২৫। হে শক্তিপুত্র অগ্নি! তুমি অবিনশ্বর, তোমার প্রশস্ত দীপ্তি মর্ত্ত্য উপাসককে অন্ন প্রদান কর।

২৬। হে অগ্নি! হব্যদাতা অদ্য কার্য্যদ্বারা তোমার পরিচর্য্যা করিয়া অতি প্রশংসনীয় ও মহৈশ্বর্য্যশালী হউক। সেই মানব সর্ব্বদা যেন সম্যকরূপে ত্বদীয় স্তোত্র উচ্চারণ করে।

২৭। হে অগ্নি! ত্বদীয় যে সকল স্তোত্রকারী তোমাকর্ত্তৃক রক্ষিত হয়, তাহারা অন্ন কামনা করিয়া আক্রমণকারী শত্রুগণকে পরাজিত ও বিনষ্ট করিয়া সমস্ত অন্নলাভ করে।

২৮। অগ্নি যেন নিজ তীক্ষ্ণ দীপ্তিদ্বারা হব্য গ্রহণ করিয়া শত্রু সংহার করেন এবংআমাদিগকে ধন প্রদান করেন।

২৯। হে সর্ব্বদর্শী জাতবেদা! তুমি শোভন পুত্রপৌত্রাদিসম্পন্ন ধন আহরণ কর। হে সংকর্ম্মের অনুষ্ঠানকারী! তুমি রাক্ষসগণকে বিনাশ কর।

৩০। হে জাতবেদা! তুমি আমাদিগকে পাপ হইতে রক্ষা কর। হে মন্ত্রের উৎপাদক অগ্নি! তুমি বিদ্বেষকারী হইতে আমাদিগকে রক্ষা কর।

৩১। হে অগ্নি! যে দুষ্টাভিপ্রায় মানব ভীষণ অস্ত্রদ্বারা আমাদিগকে ভয় প্রদর্শন করে, তাহা হইতে এবং পাপ হইতে আমাদিগকে রক্ষা কর।

৩২। হে দীপ্তি সম্পন্ন অগ্নি! যে মানব আমাদিগকে বধ করিতে ইচ্ছা করে, সেই দুষ্কর্ম্মকারী মনুষ্যকে জ্বালা রূপ জিহ্বাদ্বারা অপসারিত কর।

৩৩। হে শত্রুবিজয়ী অগ্নি! তুমি ভরদ্বাজকে অপরিমিত সুখ ও বাঞ্ছিত ধন প্রদান কর।

৩৪। স্তুতিদ্বারা প্রসাদিত, হব্যরূপ ধন লিপ্সু, প্রজ্বলিত, শুভ্র বর্ণ, অগ্নি শত্রুদিগকে নাশ করিবার নিমিত্ত হব্যদ্বারা আহূত হইয়াছেন।

৩৫। মাতা পৃথিবীর গর্ভভূত অক্ষয় বেদির উপর দীপ্তিসম্পন্ন এবং পিতা স্বর্গলোকের পালনকারী অগ্নি যজ্ঞের উত্তর বেদি নামক স্থানে উপবিষ্ট আছেন।

৩৬। হে সর্ব্বদর্শী জাতবেদা! তুমি আমাদিগের নিকট সন্ততিসহকারে এরূপ অন্ন আনয়ন কর, যাহা স্বর্গলোকে দীপ্তি প্রকাশ করে।

৩৭। হে শক্তিপুত্র অগ্নি। তুমি রম্য দর্শন, আমরা হব্যরূপ অন্নপ্রদান পূর্ব্বক তোমার নিকট স্তোত্র উচ্চারণ করিতেছি।

৩৮। হে অগ্নি! তুমি রমণীয় তেজঃসম্পন্ন ও দীপ্তিশালী, তোমার আশ্রয় আমরা ছায়ার ন্যায় গ্রহণ করিতেছি।

৩৯। হে অগ্নি! তুমি বাণদ্বারা শত্রুনিহন্তা, প্রচণ্ড বলশালী, ধানুষ্কের ন্যায় এবং তীক্ষ্ণশৃঙ্গ বৃষভের ন্যায় পুরী সকল নষ্ট করিয়াছ।

৪০। ঋত্বিগ্‌গণ হব্য ভোজী শোভন যাগ নিষ্পাদক যে অগ্নিকে সদ্যজাত শিশুর ন্যায় হস্তে ধারণ করেন সেই অগ্নির পরিচর্য্যা কর।

৪১। দেবগণের ভক্ষ্যদ্রব্যের ভারগ্রহণ করিবার নিমিত্ত প্রকৃষ্ট ধন প্রদাতা দেব অগ্নির আহরণ কর। সেই অগ্নি নিজ উচিত স্থানে উপবেশন করুন।

৪২। প্রাদুর্ভূত, অতিথিবৎ প্রিয়, গৃহাধিপতি অগ্নিকে জ্ঞানপ্রদায়ক আহরণীয় অগ্নিতে সংস্থাপিত কর।

৪৩। হে দীপ্তিসম্পন্ন অগ্নি! তুমি সেই সকল সুশিক্ষিত অশ্বগণকে নিজরথে যোজিত কর, যে সকল অশ্ব তোমাকে শীঘ্র যজ্ঞে আনয়ন করে।

৪৪। হে অগ্নি! তুমি আমাদিগের অভিমুখে আগমন কর। হব্য ভোজন এবং সোমরস পান করিবার নিমিত্ত দেবগণকে এস্থানে আনয়ন কর।

৪৫। হে হব্যবাহক অগ্নি! তুমি উদ্ধতভাবে প্রদীপ্ত হও। হে অক্ষয় দীপ্তিসম্পন্ন অমর! তুমি বিশিষ্টরূপে প্রকাশিত হও।

৪৬। যে কোন হব্য প্রদানকারী মনুষ্য হব্যদ্বারা দেব পূজা করিবেন, তিনিই স্বর্গ ও পৃথিবীর হোতৃভূত, সত্য সহকারে যাগকারী অগ্নির পূজা করেন। তিনি যেন বদ্ধাঞ্জলি হইয়া হব্যদ্বারা অগ্নির পূজা করেন।

৪৭। হে অগ্নি! আমরা তোমাকে হৃদয়দ্বারা সংস্কৃত ঋক্ রূপ হব্য প্রদান করিতেছি। বলশালী বৃষভ ও ধেনুগণ তোমার নিকট পূর্ব্বোক্তরূপ হব্য হউক(৩)।

৪৮। অগ্নি শক্রর ধন হরণ করিয়াছেন এবং রাক্ষসগণের সংহার করিয়াছেন। দেবগণ অগ্নিকে প্রধান ও প্রধানতঃ বৃত্রহন্তা বোধ করিয়া উদ্দীপিত করেন।

১৭ সূক্ত।

ইন্দ্র দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে প্রচণ্ড বলশালী ইন্দ্র! তুমি যে সোমপান করিবার নিমিত্ত পণিগণ কর্ত্তৃক অপহৃত গোসমূহ প্রকাশিত করিয়াছিলে, অঙ্গিরাগণ কর্ত্তৃক স্তূয়মান হইয়া সেই সোমরস পান কর। হে শক্রনিধনকারী বজ্রপাণি! তুমি বলসম্পন্ন হইয়া অখিল বিঘ্নকারী শক্রকে সংহার করিয়াছ।

২। হে নীরস সোমপায়ী, রক্ষাকারী, মনোজ্ঞহনু ও স্তোতৃগণের কাম-

(৩) এখানে গো ও বৃষ আহুতি প্রদানের উল্লেখ পাওয়া যায়

পূরক ইন্দ্র! তুমি এই সোমরস পান কর। হে গোত্রভিৎ, বজ্রধর, অশ্বনিয়ন্তা ইন্দ্র! তুমি আমাদিগকে বিবিধ অন্ন প্রদান কর।

৩। হে ইন্দ্র! তুমি পুরাতন সোমের ন্যায় এই সোম পান কর। ইহা তোমার হর্ষ উৎপাদন করুক। আমাদিগের স্তোত্র শ্রবণ কর এবং ইহা দ্বারা বর্দ্ধিত হও। সূর্য্যকে প্রকাশিত কর, আমাদিগকে অন্ন ভোজন করাও, আমাদিগের শত্রুগণকে সংহার কর এবং পণিগণকর্ত্তৃক অপহৃত ধেনুবৃন্দ প্রকাশিত কর।

৪। হে অন্নসম্পন্ন ইন্দ্র! তুমি দীপ্তিশালী, এই সমস্ত পীত মাদক সোমরস তোমাকে বিশেষরূপে অভিষিক্ত করুক। বলশালী তুমি সর্ব্বগুণে গুণবান্, সমর্থ, বিচিত্র ও শত্রুনিধনকারী; মদকর এই সকল সোমরস তোমার নিরতিশয় আনন্দ উৎপাদন করুক।

৫। হে ইন্দ্র! তুমি সোমরস দ্বারা উল্লাসিত হইয়া নিবিড় তমো ভেদ করিয়া সূর্য্য ও উষাকে স্থাপিত করিয়াছ এবং স্বস্থান হইতে অবিচলিত ধেনুগণের চারিদিকে অবস্থিত মহা অদ্রি বিদারণ করিয়াছ।

৬। হে ইন্দ্র! তুমি নিজ জ্ঞান, কার্য্য ও শক্তি দ্বারা অপরিণত গোসমূহে পরিণত দুগ্ধ অর্পণ করিয়াছ; তুমি ধেনুগণের নির্গমনের নিমিত্ত দৃঢ় দ্বার সকল উদ্‌ঘাটিত করিয়াছ; তুমি অঙ্গিরাগণের সহিত সমবেত হইয়া গোষ্ঠ হইতে ধেনুবৃন্দ উন্মুক্ত করিয়াছ।

৭। হে ইন্দ্র! মহৎকার্য্যদ্বারা বিস্তীর্ণ পৃথিবী পূর্ণ করিয়াছ। তুমি বলশালী, তুমি বিশাল স্বর্গকে ধারণ করিয়া রহিয়াছ। তুমি পুরাতন মাতা ঋতের কন্যা ও দেবমাতা স্বর্গ ও পৃথিবী পোষণ করিতেছ।

৮। হে ইন্দ্র! যৎকালে পাপিষ্ঠ বৃত্র দেবগণকে আক্রমণ করিয়াছিল, তখন সমস্ত দেবগণ যুদ্ধার্থ বলশালী তোমাকে আপনাদিগের অগ্রে অধ্যক্ষস্বরূপ স্থাপন করিয়াছিলেন। মরুৎগণ সংগ্রামে ইন্দ্রের সহায়তা করিয়াছিলেন।

৯। যৎকালে অন্ন প্রদাতা ইন্দ্র আক্রমণকারী অহিকে বধ করিয়া মহানিদ্রায় অভিভূত করিলেন তৎকালে স্বর্গ ত্বদীয় বজ্র ও ক্রোধ এই উভয়ের ভয়ে অবসন্ন হইয়াছিল।

১০। হে প্রচণ্ড বলশালী ইন্দ্র! ত্বষ্টা তোমার জন্য সহস্রধার ও শতপর্ব্ব বজ্রনির্ম্মাণ করিয়াছিলেন। হে ঋজীষ সোমপায়ী ইন্দ্র! তদ্দ্বারা তুমি উগ্রকাম, উদ্ধত প্রকৃতি, বিকট শব্দকারী অহিকে নিষ্পিষ্ট করিয়াছ।

১১। হে ইন্দ্র! অখিল মরুৎগণ সম্প্রীতিভাজন হইয়া তোমাকে স্তোত্র দ্বারা বর্দ্ধিত করে, তোমার জন্য পূষা ও বিষ্ণু শত মহিষ পাক করুন(১) এবং মদকর শত্রুনাশক সোমপূর্ণ তিনটী নদী প্রবাহিত হউক।

১২। হে ইন্দ্র! তুমি বৃত্র কর্ত্তৃক সমাচ্ছাদিত নদী সকলের প্রকাণ্ড বারিরাশি উন্মুক্ত করিয়াছ; তুমি জলরাশি মুক্ত করিয়াছ। তুমি সেই সমস্ত নদীকে নিম্নপথে প্রবাহিত করিয়াছ; তুমি বেগবান্ সলিলরাশিকে সমুদ্রে লইয়া গিয়াছ।

১৩। হে ইন্দ্র! এইরূপে তুমি সমস্ত কার্য্যের অনুষ্ঠানকারী, ঐশ্বর্য্যশালী, মহান্, ওজস্বী, ক্ষয় রহিত, বলপ্রদাতা, শোভন সন্ততিমান্, অস্ত্রধারী ও বজ্রধর; তোমাকে আমাদিগের নবীন স্তোত্র আমাদিগের রক্ষা করণে প্রবর্ত্তিত করুক।

১৪। হে ইন্দ্র! আমরা দীপ্তিসম্পন্ন ও মেধাবী; তুমি আমাদিগকে বল, পুষ্টি, অন্ন ও ধন লাভের নিমিত্ত আশ্রয় প্রদান কর। পরিচারকগণের সহিত ভরদ্বাজকে স্তবকারী পুত্রপৌত্রাদি প্রদান কর এবং ভবিষ্যতে আমাদিগের রক্ষক হও।

১৫। আমরা যেন এই স্তুতিদ্বারা দীপ্তিশালী ইন্দ্র কর্ত্তৃক প্রদত্ত অন্নলাভ করি, আমরা যেন উৎকৃষ্ট পুত্রপৌত্রাদিসম্পন্ন হইয়া শত হেমন্ত সুখভোগ করি।

১৮ সূক্ত।

ইন্দ্র দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে ভরদ্বাজ! তুমি অভিভবকারী, তেজোবিশিষ্ট, শত্রুনিধনকারী, অধৃষ্য ও বহুলোকের আহূত ইন্দ্রেরই স্তব কর; তুমি এই সমস্ত স্তোত্রদ্বারা অপ্রতিহতপ্রভাব, ওজস্বী, শত্রুবিজয়ী ও মনুষ্যগণের অভীষ্টপূরক ইন্দ্রের সংবর্দ্ধনা কর।

২। তিনি যোদ্ধা, দানশীল, যুদ্ধব্যাপৃত, সহানুভূতিসম্পন্ন, বহুলোকের উপকারক, শব্দকারী, ঋজীষ, সোমপায়ী, সংগ্রামে ধূলি উত্থাপক, বলশালী এবং মনুর সন্তানগণের প্রধান রক্ষাকারী।

(১) এখানেও মহিষ পাকের উল্লেখ আছে।

৩। হে ইন্দ্র! তুমি দস্যুদিগকে শীঘ্র স্ববশে আনয়ন করিয়াছ এবং তুমিই প্রধানতঃ আর্য্যদিগকে পুত্রদাসাদি প্রদান করিয়াছ(১)। হে ইন্দ্র! তোমার তাদৃশ বীর্য্য আছে। তুমি সময়ে সময়ে সেই বীর্য্যের বিশেষ পরিচয় প্রদান করিও।

৪। তথাপি হে বলবত্তম ইন্দ্র! তুমি বহুযজ্ঞে প্রাদুর্ভূত ও অস্মদীয় শত্রুগণের হিংসাকারী; তোমার তাদৃশ প্রচণ্ড ও প্রবৃদ্ধ বল আছে, আমি এইরূপ বিশ্বাস করি। কারণ তুমি ওজস্বী, সমৃদ্ধিসম্পন্ন, শত্রুগণের অজেয়, অথর জেয়শত্রুগণের নিধনকারী।

৫। হে অবিচলিত পর্ব্বতাদির সঞ্চালনকারী, মনোজ্ঞদর্শন ইন্দ্র! আমাদিগের পুরাতন বন্ধুত্ব যেন চিরস্থায়ী হয়। তুমি স্তবকারী অঙ্গিরাগণের সহিত অস্ত্র নিক্ষেপকারী বলকে বধ করিয়াছ এবং তদীয় নগর ও নগরদ্বার সকল উদ্ঘাটিত করিয়াছ।

৬। ওজস্বী, স্তোতৃগণের সামর্থ্য বিধায়ী ইন্দ্র, মহাসংগ্রামে স্তোতৃবর্গের আহ্বানার্হ; বজ্রধারী ও সংগ্রামে স্তোত্রদ্বারা বিশিষ্টরূপে বন্দনীয় সেই ইন্দ্র পুত্র ও পৌত্রগণের লাভার্থও বন্দনীয় হয়েন।

৭। তিনি অক্ষয়, শত্রুদমনকারী ও বলদ্বারা মানব জন্মের উন্নতিসাধন করিয়াছেন। নেতৃশ্রেষ্ঠ সেই ইন্দ্র কীর্ত্তি, বল, ধন ও বীরত্বের সহিত একত্র অবস্থিতি করেন।

৮। যিনি কখনও হতবুদ্ধি হয়েন নাই, যিনি কখনও নিষ্ফল বস্তুর উৎপাদক হয়েন নাই, প্রসিদ্ধনামা যিনি শত্রুদিগের পুরীনাশে এবং নিধনে বিশেষ সচেষ্ট; হে ইন্দ্র! সেই তুমি চুমুরি, ধুনি, পিপ্রু, শবর ও শুষ্ণকে সংহার করিয়াছ।

৯। হে ইন্দ্র! তুমি ঊর্দ্ধগামী, শত্রুহ্রাসকারী, প্রশস্যতর বল সহকারে সংহারার্থ রথোপরি আরোহণ কর। দক্ষিণ হস্তে বজ্র ধারণ কর। হে ধন-প্রদাতা, তুমি গমনপূর্ব্বক শত্রুদিগের মায়া একবারে উচ্ছেদ কর।

১০। হে ইন্দ্র! অগ্নি যেরূপ নীরস বৃক্ষসমূহকে দগ্ধ করে, তদ্রূপ ত্বদীয় বজ্র শত্রু সংহার করে, তুমি বজ্রের ন্যায় ভয়ঙ্কর। তুমি নিঃশেষরূপে রাক্ষস সকলকে ভস্মসাৎ কর। তুমি অনিবার্য্য ও বিপুল বজ্র দ্বারা শত্রুগণকে পেষণ করিয়াছ, সিংহনাদ করিয়াছ এবং সমস্ত দুরিত নষ্ট করিয়াছ।

---

(১) এখানে আর্য্যকর্ত্তৃক দস্যুর বশীকরণের পরিচয় পাওয়া যায়।

১১। হে ঐশ্বর্য্যসম্পন্ন, বহুলোকের বন্দনীয় শক্তিপুত্র ইন্দ্র! কেহ বলদ্বারা তোমাকে বিযুক্ত করিতে সমর্থ হয় না। তুমি অসংখ্য বলশালী, বাহনদ্বারা ধন সহকারে আমাদিগের নিকট আগমন কর।

১২। ঐশ্বর্য্যশালী, শত্রু নিহন্তা, প্রাচীন ইন্দ্রের মহিমা স্বর্গ ও পৃথিবীর মাহাত্ম্য অতিক্রম করিয়াছে। এই ইন্দ্রের প্রতিপক্ষ, উপমান, অথবা আদর্শ নাই।

১৩। হে ইন্দ্র! তুমি কুৎস, আয়ু ও অতিথিগ্ব দিবোদাস এই তিন জনের জন্য যে মহৎ কার্য্য সাধন করিয়াছ, তাহা অদ্যাপি প্রকাশিত আছে, তুমি অতিথিগ্বকে বহু সহস্র ধন প্রদান করিয়াছ, এবং বিজয়ী বজ্র দ্বারা পৃথিবীস্থিত দ্রুতগামী অতিথিগ্বকে বিপদ হইতে উদ্ধার করিয়াছ।

১৪। হে দীপ্তিসম্পন্ন! অখিলস্তোতৃগণ অহি সংহারের নিমিত্ত তোমার স্তব করিয়াছেন। স্তোতৃবর্গের স্তবে প্রসন্ন হইয়া তুমি দারিদ্র্য পীড়িত যজমান ও তদীয় পুত্রকে ধন প্রদান করিয়াছ।

১৫। হে ইন্দ্র! স্বর্গ, পৃথিবী ও অমর দেবগণ ত্বদীয় বল স্বীকার করে। হে বহুকর্ম্মের অনুষ্ঠানকারী ইন্দ্র! তুমি অসম্পাদিত কার্য্যের অনুষ্ঠান কর এবং ত্বদীয় যজ্ঞ সকলে নূতন স্তোত্রের উৎপত্তি বিধান কর।

১৯ সূক্ত।

ইন্দ্র দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। রাজার ন্যায় জনগণের অভীষ্টপূরক, প্রভূত বলশালী ইন্দ্র এস্থানে আগমন করুন। স্বর্গ ও মর্ত্ত্য উভয় লোকের উপর বিস্তৃতপরাক্রম এবং শত্রু বলদ্বারা অপ্রতিহত প্রভাব ইন্দ্র যেন আমাদিগের নিকট বীরত্ব প্রকাশের জন্য বৃদ্ধি লাভ করেন। তিনি বিপুলদেহ ও প্রখ্যাতগুণ, যজমানগণ যেন তাঁহার সমুচিত পরিচর্য্যা করেন।

২। মহান্, দ্রুতগামী, অক্ষয়, নিত্যতরুণ, অজেয়, বলে বলবান্ ও দ্রুত-বর্দ্ধনশীল ইন্দ্রকে আমাদিগের স্তোত্র দানার্থ উত্তেজিত করে।

৩। হে ইন্দ্র! তুমি অন্নদানার্থ আমাদিগের অভিমুখে তোমার বিস্তীর্ণ, কর্ম্মক্ষম ও দানশীল করদ্বয় প্রসারিত কর। হে জিতেন্দ্রিয়! পশু পালক যেরূপ পশু যূথকে সঞ্চারিত করে, তদ্রূপ তুমি সংগ্রামে আমাদিগকে সঞ্চারিত করিও।

৪। আমরা অন্নাভিলাষী হইয়া এই যজ্ঞে বলবান্, সহায় মরুৎগণের সহিত শত্রুনিহন্তা, প্রসিদ্ধ ইন্দ্রের স্তব করিতেছি। হে ইন্দ্র! ত্বদীয় প্রাচীন স্তোতৃবর্গের ন্যায় আমরাও যেন অনিন্দ্য, পাপরহিত ও অহিংসিত হই।

৫। নদী সকল যেরূপ প্রবাহিত হইয়া সমুদ্রে পতিত হয়, তদ্রূপ তাবৎ হিতকর, ধনব্রত, রক্ষক, ধনদাতা, সোমরসপ্রবৃদ্ধ, বাঞ্ছিত ধনের অধিপতি ও অন্নদাতা সেই ইন্দ্রে সমবেত হয়।

৬। হে পরাক্রমশালী ইন্দ্র! তুমি আমাদিগকে প্রকৃষ্টতম বল প্রদান কর। হে শত্রুবিজয়ী! আমাদিগকে দুঃসহ ও ওজস্বিতম দীপ্তি প্রদান কর। হে অশ্বাধিপতি! তুমি আমাদিগের সুখ বিধানার্থ মনুষ্যগণের ভোগের উপযোগী সমুজ্জ্বল ও বলকারক তাবৎ ধন আমাদিগকে অর্পণ কর।

৭। হে ইন্দ্র! তুমি আমাদিগকে শত্রুসৈন্যবিজয়ী ও অনিবার্য্য সেই উল্লাস প্রদান কর। তোমাকর্ত্তৃক রক্ষিত হইয়া আমরা বিজয় লাভ করিয়া সেই উল্লাস বশতঃ পুত্রপৌত্রলাভার্থ তোমার স্তব করিতে পারিব।

৮। হে ইন্দ্র! তুমি আমাদিগকে অর্থোৎপাদক, শক্তিবিধায়ক, প্রভূত বল প্রদান কর। তোমাকর্ত্তৃক রক্ষিত হইয়া আমরা সংগ্রামে কি আত্মীয়, কি অপরিচিত, সমস্ত শত্রুকে সেই বলদ্বারা সংহার করিতে সমর্থ হইব।

৯। হে ইন্দ্র! তেজোবিধায়ী ত্বদীয় বল পশ্চিম, উত্তর, দক্ষিণ ও পূর্ব্বভাগ হইতে যেন আমাদিগের অভিমুখে আগমন করে। ইহা যেন প্রতিদিক হইতে আমাদিগের নিকট আগমন করে। তুমি আমাদিগকে সর্ব্বপ্রকার সুখের সহিত ধন প্রদান কর।

১০। হে ইন্দ্র! আমরা ত্বদীয় রক্ষাদ্বারা পরিচালিত হইয়া পরিচারকবৃন্দ ও কীর্ত্তি সহকারে অভিলষিত ধন উপভোগ করিতেছি। হে ইন্দ্র! তুমি স্বর্গীয় ও পার্থিব উভয় ধনের অধিপতিস্বরূপ বিরাজ করিতেছ, অতএব তুমি আমাদিগকে মহৎ, অসীম এবং মহামূল্য রত্ন প্রদান কর।

১১। আমরা অভিনব রক্ষার নিমিত্ত এই যজ্ঞে সেই ইন্দ্রের আহ্বান করিতেছি। তিনি মরুৎগণ সমবেত, অভীষ্টবর্ষী, সমৃদ্ধ, শত্রুদ্বারা অকদর্থিত, দীপ্তিমান্, শাসনকারী, সর্ব্বাভিভাবী, প্রচণ্ড ও বলপ্রদ।

১২। হে বজ্রধর! আমি যে শ্রেণীভুক্ত সেই শ্রেণীর লোক অপেক্ষা যে ব্যক্তি আপনাকে মহৎ বলিয়া বোধ করে, তাহাকে খর্ব্ব কর। সম্প্রতি আমরা তোমাকে যুদ্ধকালে এবং পুত্র, পশু ও উদক লাভের নিমিত্ত আহ্বান করি।

১৩। হে বহুলোকের বন্দনীয় ইন্দ্র! আমরা যেন এই সমস্ত বন্ধু কার্য্যদ্বারা তোমার সহিত সমুদয় শত্রু সংহার পূর্ব্বক তাহাদিগের অপেক্ষা প্রবল হই। হে বীর! আমরা যেন তোমা কর্ত্তৃক রক্ষিত হইয়া অতুল ঐশ্বর্য্যদ্বারা সুখী হই।

২০ সূক্ত।

ইন্দ্র দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে শক্তিপুত্র ইন্দ্র! তুমি আমাদিগকে সহস্র প্রকার ধন ও শস্যপূর্ণ ক্ষেত্রের অধিকার ও শত্রুনিহন্তা একটী পুত্র প্রদান কর। সূর্য্য যেরূপ নিজ দীপ্তিদ্বারা পৃথিবী আক্রমণ করেন, তদ্রূপ সেই পুত্ররূপ ধন সংগ্রামে বলদ্বারা শত্রুগণকে আক্রমণ করিতে সমর্থ হইবে।

২। বস্তুতঃ হে ইন্দ্র! স্তোতৃবর্গ স্তোত্রদ্বারা সূর্য্যের ন্যায় তোমাতে সমস্ত বল অর্পণ করিয়াছেন। হে ঋজীষ সোমপায়ী ইন্দ্র! তুমি বিষ্ণুর সহিত মিলিত হইয়া সেই বলদ্বারা বারিনিরোধক অহি বৃত্রকে বধ করিয়াছ।

৩। যৎকালে হিংসকগণের হিংসাকারী, নিরতিশয় ওজস্বী, বলবত্তম, অন্নদাতা ও প্রবৃদ্ধ-তেজা ইন্দ্র শত্রুপুরীসমূহের বিদারক বজ্র প্রাপ্ত হইলেন, তখন তিনি মধুর সোমরসের অধিপতি হইলেন।

৪। হে ইন্দ্র! রণস্থলে বহুহব্য প্রদাতা, তোমার সহায়ভূত মেধাবী কুৎস হইতে ভীত হইয়া পণিগন শত সৈন্য সমভিব্যাহারে পলায়ন করিয়াছিল। তিনি বলশালী শুষ্ণের কপটতা আয়ুধদ্বারা খর্ব্ব করিয়া সমস্ত অন্ন আত্মসাৎ করিয়াছিলেন।

৫। যখন বজ্র পতনে শুষ্ণ প্রাণত্যাগ করিল, তখন মহা পীড়নকারী শুষ্ণের সমগ্র বল বিনষ্ট হইল এবং ইন্দ্র সূর্য্যের পূজার নিমিত্ত নিজ সারথীভূত কুৎসের ব্যবহারার্থ নিজ রথ বিস্তৃত করিলেন।

৬। যৎকালে ইন্দ্র উপদ্রবকারী নমুচির মস্তক চূর্ণ করিয়া এবং সয্যের পুত্র নিদ্রিত নমীকে রক্ষা করিয়া অক্ষয় ধন ও অন্নদ্বারা তাঁহাকে যোজিত করিলেন, তখন শ্যেনপক্ষী ইন্দ্রের নিকট মদকর সোম বহন করিয়াছিল।

৭। হে বজ্রধর! তুমি দুরন্ত মায়াবী পিপ্রুর সুদৃঢ় নগরী সকল বলদ্বারা বিদারিত করিয়াছ। হে বদান্য ইন্দ্র! তুমি হব্যরূপ ধনপ্রদাতা রাজর্ষি ঋজিশ্বাকে অক্ষয় ধন প্রদান করিয়াছ।

৮। অভিলষিত সুখদাতা ইন্দ্র বেতসু, দশোণি, তূতুজি, তুগ্র এবং ইভকে মাতার নিকট পুত্রের ন্যায় রাজা দোতনের নিকট সর্ব্বদা প্রশান্তভাবে গমন করিতে বাধ্য করিয়াছিলেন।

৯। অপ্রতিহত প্রভাব ইন্দ্র, হস্তে শত্রুনাশক বজ্রধারণ পূর্ব্বক স্পর্দ্ধাকারী শত্রুগণের সংহার করেন। বীর যেরূপ রথে আরোহণ করে, তদ্রূপ তিনি নিজ যুগ্মাশ্ব রথে আরোহণ করেন। বাঙ্‌মাত্রে নিযুক্ত ত্বদীয় অশ্বদ্বয় মহেন্দ্রকে বহন করে।

১০। হে ইন্দ্র! আমরা ত্বদীয় রক্ষাদ্বারা অনুগৃহীত হইয়া নূতন ধন প্রার্থনা করিতেছি। তুমি যজ্ঞ বিঘাতকদিগকে নষ্ট করিয়া পুরুকুৎসকে ধন প্রদান পুরঃসর বজ্রদ্বারা শরতের সপ্তপুরী বিদারিত করিয়াছ, মনুষ্যগণ যজ্ঞে এই স্তোত্রদ্বারা তোমার স্তব করেন।

১১। হে ইন্দ্র! তুমি ধনার্থী হইয়া কবিপুত্র উশনার প্রাচীন উপকারক হইয়াছ। তুমি নববাস্তুকে বধ করিয়া ক্ষমতাশালী পিতা উশনার নিকট ত্বদীয় দেয় পুত্রকে সমর্পণ করিয়াছ।

১২। হে ইন্দ্র! তুমি শত্রুগণের কম্পনবিধায়ী, তুমি ধুনিকর্ত্তৃক নিরুদ্ধ বারিরাশিকে বেগবতী নদীসকলের ন্যায় প্রবাহিত করাইয়াছ। হে বীর! যৎকালে তুমি সমুদ্র উত্তীর্ণ হইয়াছিলে, তখন সমুদ্র পারে অবস্থিত তুর্বশ ও যদুকে সমুদ্র পার করাইয়াছিলে।

১৩। হে ইন্দ্র! সংগ্রামে এ সমস্ত তোমারই কার্য্য। তুমি ধুনি ও চুমুরিকে মহা নিদ্রায় অভিভূত করিয়াছ। তৎপরে দভীতি নামক রাজর্ষি সোমাভিষব, হব্যপাক ও ইন্ধন সঞ্চয় করিয়া হব্যরূপ অন্নদ্বারা তোমার পরিচর্য্যা করিয়াছিলেন।

২১ সূক্ত।

ইন্দ্র দেবতা, কিন্তু নবম ও একাদশ ঋকে বিশ্বদেবগণ দেবতা।

ভরদ্বাজ ঋষি।

১। হে বীর ইন্দ্র! তুমি রথারূঢ়, অক্ষয় ও নবীনতর। একান্ত অভিলাষ, স্তবকারী ভরদ্বাজের এই সমস্ত উৎকৃষ্ট স্তোত্র তোমাকে আহ্বান করিতেছে। শ্রেষ্ঠ ও ঐশ্বর্য্যহেতু ধন তোমার নিকট উপস্থিত হইতেছে।

২। যিনি সর্ব্বজ্ঞ, যিনি স্তোত্রদ্বারা প্রসন্ন ও যজ্ঞদ্বারা উল্লাসিত হয়েন, যিনি বিবিধ জ্ঞানসম্পন্ন, যাঁহার মাহাত্ম্য স্বর্গ ও পৃথিবীর মাহাত্ম্য অতিক্রম করে, আমি সেই ইন্দ্রের স্তব করি।

৩। সেই ইন্দ্রই অপ্রকাশিত বিস্তীর্ণ অন্ধকার, সূর্য্যদ্বারা প্রকাশিত করিয়াছেন। হে বলশালী অবিনশ্বর ইন্দ্র! যে কোন সময়ে মর্ত্ত্যগণ তোমার বসতির যাগ করিতে অভিলাষ করে, তাহারা কখনই কাহাকেও হিংসা করে না।

৪। যে ইন্দ্র এই সমস্ত কার্য্য করিয়াছেন, তিনি কোন্ স্থানে এবং কোন্ লোকের মধ্যে আছেন? হে ইন্দ্র! কীদৃশ যজ্ঞ তোমার হৃদয়ের প্রীতিকর; কোন্ স্তোত্র তোমাকে প্রসন্ন করিতে সমর্থ? কোন্ হোতাই বা তোমার প্রীতি বিধানে সমর্থ?

৫। হে বহুকর্ম্মের অনুষ্ঠানকারী ইন্দ্র! পূর্ব্বকালজাত পুরাতন ঋষিগণ ইদানীন্তন সময়ের ন্যায় যজ্ঞ কার্য্যে নিযুক্ত থাকিয়া তোমার বন্ধু হইয়াছিলেন। মধ্যকালীন ও ইদানীন্তনগণও সেইরূপ হইয়াছেন। অতএব হে বহুলোকের বন্দনীয়! তুমি অর্ব্বাচীন এই ব্যক্তিরও স্তোত্র শ্রবণ কর।

৬। হে বীর, স্তোত্রপ্রিয় ইন্দ্র! অর্ব্বাচীন মনুষ্যগণ তোমার পূজার্থ ত্বদীয় উৎকৃষ্ট পুরাতন ও মহৎকার্য্য সকল স্তোত্রদ্বারা নিবদ্ধ করে। আমরা যে সকল কর্ম্ম অবগত আছি, তদ্দ্বারা তোমার স্তব করিতেছি। তুমি বলশালী।

৭। হে ইন্দ্র! রাক্ষসগণের বল তোমার বিরুদ্ধে প্রতিষ্ঠিত আছে। তুমি সেই প্রাদুর্ভূত মহাবলের বিরুদ্ধে স্থিরভাবে অবস্থান কর। হে শত্রু বিজয়ী! তুমি পুরাতন, সহচর, মিত্রভূত নিজ বজ্রদ্বারা সেই বল দূরীভূত কর।

৮। হে স্তোতৃবর্গের পোষণকারী, বীর ইন্দ্র! তুমি ইদানীন্তন স্তোত্রকারীর স্তোত্র শীঘ্র শ্রবণ কর, কারণ তুমি পূর্ব্বকালে যজ্ঞে সর্ব্বদা পিতৃগণের বন্ধুর ন্যায় আহ্বান শ্রবণ করিতে।

৯। অদ্য আমাদিগের আশ্রয় ও রক্ষার নিমিত্ত বরুণ, মিত্র, ইন্দ্র, মরুৎগণ, পূষা, বিষ্ণু, বহুকর্ম্মনিষ্পাদক অগ্নি, সবিতা, ওষধিসমূহ ও পর্ব্বতগণকে প্রসন্ন কর।

১০। হে বহু শক্তিসম্পন্ন ও সম্যক্‌রূপে যাগার্হ ইন্দ্র! এই স্তোতৃবর্গ স্তোত্র দ্বারা তোমার স্তব করিতেছেন। হে স্তূয়মান অবিনশ্বর ইন্দ্র! আমি স্তবকারী, তুমি আমার স্তোত্র শ্রবণ কর, কারণ কোনও দেবই তোমার সদৃশ নহে।

১১। হে শক্তিপুত্র সর্ব্বজ্ঞ ইন্দ্র! তুমি মদীয় বাক্যে যজ্ঞার্হ সেই সমস্ত দেবগণের সহিত শীঘ্র আগমন কর। যাঁহারা অগ্নিরূপ জিহ্বাদ্বারা যজ্ঞ ভোজন করেন এবং যাঁহারা মনুকে শত্রুবিজয়ী করিয়াছেন।

১২। হে মার্গনির্ম্মিতা সর্ব্বজ্ঞ ইন্দ্র! তুমি সুগম ও দুর্গম পথে আমাদিগের পুরোযায়ী হও। হে ইন্দ্র! ক্লান্তি রহিত, বিপুল বাহকশ্রেষ্ঠ ত্বদীয় অশ্বগণদ্বারা তুমি আমাদিগের নিকট অন্ন বহন কর।

২২ সূক্ত।

ইন্দ্র দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। মানবগণের যিনি একমাত্র আহ্বানযোগ্য, যিনি স্তোতৃবর্গের নিকট আগমন করেন, যিনি অভীষ্টপূরক, বলবান্, সত্যনিষ্ঠ, শত্রুবিজয়ী, বিবিধ জ্ঞানসম্পন্ন ও শক্তিমান, আমি এই সমস্ত স্তোত্রদ্বারা সেই ইন্দ্রের স্তব করিতেছি।

২। আমাদিগের প্রাচীন পিতা নবগ্ব সপ্তর্ষিগণ হব্য প্রদানপূর্ব্বক সেই ইন্দ্রেরই স্তব করিয়াছিলেন, তিনি শত্রুগর্ব্বখর্ব্বকারী, পর্য্যটনকারী, মেঘ সমূহে অবস্থিত ও অলঙ্ঘ্য বাক্।

৩। আমরা সেই ইন্দ্রের নিকট পুত্রপৌত্রাদি পরিচারকবর্গ ও পশুযূথ সহকারে অবিচ্ছিন্ন, অক্ষয় ও সুখদায়ক ধন প্রার্থনা করিতেছি। হে অশ্বগণের অধিপতি! তুমি আমাদিগকে সুখী করিবার নিমিত্ত সেই ধন আহরণ কর।

৪। হে ইন্দ্র! যদি পূর্ব্বকালে ত্বদীয় স্তোতৃগণ সুখলাভ করিয়া থাকেন, তবে আমাদিগকেও সেই সুখ প্রদান কর। হে দুৰ্দ্ধর্ষ, শত্রুবিজয়ী, ঐশ্বর্য্যশালী পুরুহূত! তুমি অসুরনিহন্তা(১), তোমার জন্য কোন্ ভাগ ও কোন হব্য কল্পিত হইয়াছে।

৫। যে যজমান স্তুতিদ্বারা বজ্রপাণি, রথারূঢ়, বহুলোকের আশ্রয়দাতা,

(১) মূলে "অসুরঘ্নঃ" আছে। অর্থ বলবান্ শত্রুদিগের হন্তা। ইহা ভিন্ন ষষ্ঠ মণ্ডলের অন্য কোনও স্থানে "অসুর" শব্দ ব্যবহৃত হয় নাই।

যজ্ঞকর্ম্মের অনুষ্ঠানকারী, বলপ্রদাতা ইন্দ্রের গুণ কীর্ত্তন করে, সেই যজমান শীঘ্র সুখলাভ করিবার নিমিত্ত অগ্রসর হয় এবং শত্রুর সম্মুখীন হয়।

৬। হে নিজবলে বলীয়ান্ ইন্দ্র! তুমি এই মায়াদ্বারা প্রবৃদ্ধ, প্রসিদ্ধ বৃত্রকে পর্ব্বযুক্ত ও মনোবৎ বেগগামী বজ্রদ্বারা চূর্ণ করিয়াছ। হে শোভন দীপ্তিশালী মহেন্দ্র! তুমি নিজ দুর্দ্ধর্ষ বজ্রদ্বারা অক্ষয়, অশিথিল ও দৃঢ় পুরী সকল ভগ্ন করিয়াছ।

৭। হে ইন্দ্র! আমি প্রাচীনদিগের ন্যায় প্রাচীন ও নিরতিশয় বলশালী তোমার গৌরব নবীনতর স্তোত্রদ্বারা বিস্তৃত করিতেছি। অপরিমেয় ও শোভন বহনকারী ইন্দ্র যেন আমাদিগকে সমস্ত বিঘ্ন হইতে উদ্ধার করেন।

৮। হে ইন্দ্র! তুমি উৎপীড়কদিগের জন্য পৃথিবী, স্বর্গ ও অন্তরিক্ষস্থিত স্থান সকল সন্তপ্ত কর। হে অভীষ্টবর্ষী! তুমি নিজ দীপ্তিদ্বারা সর্ব্বত্র তাহাদিগকে দাস কর এবং স্তুতি দ্বেষ্টার নিমিত্ত স্বর্গ ও অন্তরিক্ষকে সন্তপ্ত কর।

৯। হে সমুজ্জ্বল মূর্ত্তি ইন্দ্র! তুমি স্বর্গীয় ও পার্থিব জনগণের অধীশ্বর। হে স্তুত্যতীত ইন্দ্র! তুমি যে বজ্রদ্বারা মায়া উচ্ছিন্ন কর, দক্ষিণ হস্তে সেই বজ্রধারণ কর।

১০। হে ইন্দ্র! তুমি আমাদিগকে সমবেত, বিপুল মঙ্গলময় সম্পত্তি প্রদান কর, যেন শত্রুগণ বর্ষণ করিতে সমর্থ না হয়। হে বজ্রধর! তুমি যে সম্পত্তিদ্বারা কি দস্যু, কি আর্য্য সমুদয় মানব শত্রুকে (২) সুজেয় সম্পাদন করিয়াছ।

১১। হে বহুলোকের বন্দনীয়, সৃষ্টি বিধায়ক, যাগার্হ ইন্দ্র! তুমি সর্ব্ব প্রশংসিত সেই সমস্ত অশ্ব সমভিব্যাহারে আমাদিগের নিকট আগমন কর, যাহাদিগকে কি অদেব, কি দেব, কেহই নিরুদ্ধ করিতে সমর্থ হয় না। এই সমুদয় অশ্ব সমভিব্যাহারে তুমি শীঘ্র আমাদিগের সম্মুখে উপস্থিত হও।

(২) ভারতবর্ষে লোকের মধ্যে তৎকালে এই বিভাগটী ছিল, "আর্য্য" ও "দস্যু।" অন্য প্রকার জাতি সৃষ্ট হয় নাই।

২৩ সূক্ত।

ইন্দ্র দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে ইন্দ্র! সোমরস অভিষুত, মহাস্তোত্র পঠিত ও উপাসনা সম্পাদিত হইলে, তুমি নিজ রথে অশ্ব যোজনা করিতে প্রস্তুত হও অথবা, হে মঘবা! তুমি হস্তে বজ্রধারণ করিয়া রথে যোজিত অশ্বদ্বয়সহকারে আমাদিগের নিকট আগমন কর।

২। অথবা, হে ইন্দ্র! তুমি স্বর্গে বীরসেব্য সংগ্রামে উপস্থিত হইলে অভিষবকারী যজমানকে রক্ষা কর এবং নির্ভীক হইয়া ধার্ম্মিক সন্ত্রস্ত যজমানের বিঘ্নকারী দস্যুগণকে বশীভূত কর।

৩। যিনি স্তবকারীকে নিরাপদমার্গে লইয়া যান, সেই ভীষণ ইন্দ্র অভিষুত সোমরস পান করুন। তিনি যেন যাগকুশল সোমাভিষবকারীকে স্থান এবং স্তবকারীকে ধন দান করেন।

৪। ইন্দ্র বজ্রধর ও সোমপায়ী, তিনি ধেনু ও মনুষ্যের জন্য বহুপুত্রোপেত পুত্র প্রদান করেন এবং স্তবকারীর স্তোত্র শ্রবণ ও স্বীকার করেন, তিনি যেন নিজ অশ্বদ্বয়সহকারে সমুদয় যাগে আগমন করেন।

৫। যিনি প্রাচীনকাল হইতে আমাদিগের জন্য কার্য্য করিতেছেন, আমরা সেই ইন্দ্রের অভিলষিত স্তোত্র উচ্চারণ করি। সোমরস অভিষুত হইলে তাঁহার স্তব করি এবং তাঁহার উদ্দেশে প্রদত্ত হব্য যেন তাঁহার বৃদ্ধিকারক হয় এই অভিপ্রায়ে প্রার্থনা করি।

৬। হে ইন্দ্র! তুমি স্তোত্র সকল বৃদ্ধি বিধায়ক করিয়াছ বলিয়া আমরা বুদ্ধিপূর্ব্বক সেইগুলি তোমার উদ্দেশে উচ্চারণ করি। হে অভিষুত সোমপায়ী ইন্দ্র! আমরা যেন হব্যসহকারে নিরতিশয় সুখদায়ক এবং রমণীয় স্তোত্র প্রদান করি।

৭। হে ইন্দ্র! তুমি প্রীত হইয়া আমাদিগের পুরোডাশ স্বীকার কর। দধ্যাদি মিশ্রিত সোমরস শীঘ্র পান কর। যজমান প্রদত্ত কুশোপরি উপবেশন কর। যে যজমান তোমার উপর নির্ভর করেন, তাঁহার স্থান বিস্তৃত কর।

৮। হে প্রচণ্ড বলশালী ইন্দ্র! তুমি স্বেচ্ছানুসারে উল্লাসিত হও। এই সমস্ত সোমরস তোমার নিকট উপস্থিত হউক। হে পুরুহূত! আমাদিগের আহ্বান যেন তোমার নিকট উপস্থিত হয়। এই স্তুতি যেন আমাদিগকে রক্ষা করিবার জন্য তোমাকে প্রবৃত্তি প্রদান করে।

৯। হে বন্ধুগণ! সোমরস অভিষুত হইলে তোমরা সেই বদান্ত ইন্দ্রকে ইচ্ছানুরূপ সোমরসদ্বারা প্রসন্ন কর। তাঁহার জন্য ইহার পরিমাণ যেন প্রচুর হয়, কারণ তাহা হইলে তিনি আমাদিগকে পোষণ করিবেন। ইন্দ্র অভিষবকারী যজমানের প্রতি যত্ন লইতে অবহেলা করেন না।

১০। সোমরস অভিষুত হইলে হব্যদাতার ঈশ্বর ইন্দ্র স্তোতার সন্মার্গ প্রদর্শক এবং বাঞ্ছিতধনপ্রদাতা হইবেন বলিয়া ভরদ্বাজ তাঁহার এইরূপে স্তব করিয়াছেন।

---

২৪ সূক্ত।

ইন্দ্র দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। সোমযাগে ইন্দ্রর সোমপান জনিত হর্ষ উৎপন্ন হয়, এবং স্তোত্রদ্বারা যজমানের কামনা পূর্ণ হয়। সোমপায়ী, ঋজীষসোমগ্রহীতা মঘবা স্তোত্র সহকারে যজমানগণের অর্চ্চনীয়। স্বর্গনিবাসীর স্তোত্রাধিপতি ইন্দ্র রক্ষাবিষয়ে ক্লান্তি বোধ করেন না।

২। রিপু নিধনকারী, পরাক্রান্ত, মানবহিতকারী, বিবেকসম্পন্ন, স্তোত্র-শ্রবণকারী, স্তোতৃবর্গের রক্ষাকারী, গৃহপ্রদাতা, মনুষ্যগণের স্তুতিভাজন, স্তোতৃ-গণের পোষণকারী, অন্নসম্পন্ন ইন্দ্র, যজ্ঞে আমাদিগকর্ত্তৃক স্তূয়মান হইয়া আমা-দিগকে অন্ন প্রদান করেন।

৩। হে পরাক্রান্ত ইন্দ্র! চক্রদ্বয়ের অক্ষবৎ ত্বদীয় মহিমা স্বর্গ ও পৃথিবীকে অতিক্রম করিয়াছে। হে পুরুহূত! বৃক্ষের শাখা সমূহের ন্যায় ত্বদীয় অসংখ্য রক্ষণকার্য্য সর্ব্বত্র ব্যাপ্ত হইয়াছে।

৪। হে বহুকর্ম্মের অনুষ্ঠানকারী ইন্দ্র! তুমি প্রজ্ঞাশালী, ধেনুগণের মার্গের ন্যায় তোমার শক্তি সকল সর্ব্বত্র ব্যাপ্ত আছে। হে দানশীল! বৎসগণের রজ্জুর ন্যায় ত্বদীয় শক্তি সকল স্বয়ং অনিরুদ্ধ হইয়া অসংখ্য শত্রুকে বন্ধন করে।

৫। ইন্দ্র অদ্য এককর্ম্ম সম্পাদন করেন, পর দিন অন্য এককর্ম্ম সম্পাদন করেন, ফলতঃ তিনি পুনঃ পুনঃ সৎ ও অসৎ কর্ম্মের অনুষ্ঠান করিতেছেন। তিনি, মিত্র, বরুণ, পূষা, ও অর্য্য সবিতা এই যজ্ঞে যেন আমাদিগের কামপূরক হয়েন।

৬। হে ইন্দ্র! মনুষ্যগণ স্তোত্র ও হব্যদ্বারা পর্ব্বতশিখর হইতে বারিরাশির ন্যায় তোমা হইতে স্ব স্ব অভিলষিত বস্তু লাভ করে। হে স্তোত্রদ্বারা বন্দনীয়! অশ্বগণ যেরূপে বেগ সহকারে সংগ্রামে উপস্থিত হয়, তদ্রূপ তাহারা এই সমস্ত স্তোত্র সহকারে অন্নাভিলাষী হইয়া তোমার নিকট গমন করে।

৭। সংবৎসর ও মাস সকল যে ইন্দ্রের বার্দ্ধক্য বিধান করিতে সমর্থ হয় না, অথবা দিন সকল যাঁহাকে দুর্ব্বল করিতে পারে না, সেই মহান ইন্দ্রের দেহ আমাদিগের স্তোত্র ও প্রার্থনাদ্বারা স্তূয়মান হইয়া যেন নিয়ত বৃদ্ধি লাভ করে।

৮। যে দস্যুগণ কর্ত্তৃক প্রবর্ত্তিত, সে দৃঢ় গাত্র, সংগ্রামে অবিচলিত ও উৎসাহ সম্বলিত হইলেও আমাদিগের স্তুতিভাজন ইন্দ্র তাহার বশীভূত হন না। মহাপর্ব্বত সকলও ইন্দ্রের পক্ষে সুগম এবং অগাধ স্থানও ইঁহার অবিষয়ীভূত নহে।

৯। বলশালী, সোমপায়ী ইন্দ্র! তুমি দুরবগাহে এবং উদারচিত্তে আমাদিগকে অন্ন ও বল প্রদান কর। সদাশয় ইন্দ্র! তুমি অহোরাত্র আমাদিগের রক্ষাবিষয়ে তৎপর হও।

১০। হে ইন্দ্র! তুমি সংগ্রামে রক্ষা করিবার নিমিত্ত যজমানের সহিত সঙ্গত হও। সন্নিহিত ও দূরস্থিত শত্রু হইতে তাঁহা[illegible] রক্ষ[illegible] গৃহে কিম্বা অরণ্যে রিপু হইতে রক্ষা কর এবং আ[illegible] যেন [illegible] হইয়া শত বৎসর সুখ ভোগ করি।

---

২৫ সূক্ত।

ইন্দ্র দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে বলসম্পন্ন ইন্দ্র! তুমি সংগ্রামে আমাদিগকে অধম, উত্তম ও মধ্যম, সর্ব্বপ্রকার রক্ষাদ্বারা সম্যক্‌রূপে পালন কর। হে ভীষণ ইন্দ্র! তুমি বলশালী, তুমি অন্নসকলদ্বারা আমাদিগকে যোজিত কর।

২। হে ইন্দ্র! আমরা শত্রুকে আক্রমণ করিতে উদ্যত হইলে, তুমি আমাদিগের এই সমস্ত স্তুতিদ্বারা আমাদিগের সৈন্য সকলকে রক্ষা করিয়া সংগ্রামে শত্রুকোপ বিধ্বস্ত কর। এই সমস্ত স্তুতিদ্বারা তুমি আর্য্যের জন্য সর্ব্বত্র বিদ্যমান দাসদিগকে বিনষ্ট কর(১)!

---

(১) আর্য্য ও দাসের উল্লেখ।

৩। হে ইন্দ্র! কি আত্মীয়, কি অপরিচিত, যাহারা আমাদিগের সম্মুখীন হইয়া প্রতিকূলতাচরণ করিতে উদ্‌যোগী হয়, তুমি তাহাদিগের বল নষ্ট কর। ইহাদিগের বীর্য্য ক্ষয় কর এবং ইহাদিগকে পরাঙ্মুখ কর।

৪। হে ইন্দ্র! যৎকালে উভয়ে বিরোধীগণ বলীয়ান্ হইয়া সংগ্রামে প্রবৃত্ত হয়, অথবা যৎকালে পুত্র, পৌত্র, ধেনু, জল বা উর্ব্বরা ভূমির নিমিত্ত পরস্পর আক্রোশ করিয়া বিবাদ করে তখন তোমার অনুগৃহীত বীর শত্রুপক্ষীয় বীরকে শারীরিক বলদ্বারা সংহার করে।

৫। হে ইন্দ্র! কি বীর, কি শত্রুনিহন্তা, কি বিজয়ী, কি যুদ্ধে প্রকুপিত যোদ্ধা, কেহই তোমার সহিত যুদ্ধ করিতে সমর্থ নহে। হে ইন্দ্র! ইহাদিগের মধ্যে কেহই তোমার প্রতিদ্বন্দ্বী নহে। তুমি এই সমুদয় ব্যক্তি অপেক্ষা শ্রেষ্ঠ।

৬। প্রবল শত্রুর উচ্ছেদ সাধনার্থই বিবাদ উপস্থিত হউক, অথবা পরিচারকসম্পন্ন গৃহের নিমিত্তই বা বিতণ্ডা হউক, দুইজন বিবাদকারীর মধ্যে যাহার ঋত্বিগ্‌গণ যজ্ঞে ইন্দ্রের স্তব করে সেই ব্যক্তিরই ধনলাভ হয়।

৭। হে ইন্দ্র! যৎকালে ত্বদীয় উপাসকগণ ভয়ে কম্পিত হয়, তুমি তাহাদিগকে রক্ষা করিও। তুমি তাহাদিগের পালক হও। যাঁহারা আমাদিগের [illegible] এবং যে সকল স্তোতৃবর্গ আমাদিগকে অগ্রে সংস্থাপন করিয়াছেন, তুমি তাঁহাদিগকে পরিত্রাণ কর।

৮। হে ইন্দ্র! তুমি বলসম্পন্ন, শত্রু বধের নিমিত্ত তোমাতে সমস্ত শক্তি অর্পিত হইয়াছে। হে পূজনীয় ইন্দ্র! দেবগণ তোমাকে যথোচিত বল ও সংগ্রামযোগ্য শক্তি প্রদান করিয়াছেন।

৯। হে ইন্দ্র! তুমি এইরূপে যুদ্ধে আমাদিগের শত্রুগণকে সংহার করিবার নিমিত্ত আমাদিগকে প্রোৎসাহিত কর। তুমি আমাদিগের জন্য হিংসাকারী সৈন্যদিগকে বশীভূত কর। আমরা তোমার স্তবকারী, আমরা অর্থাৎ ভরদ্বাজগণ যেন নিশ্চিতরূপে অন্নসহকারে বাসস্থান লাভ করি।

২৬ সূক্ত।

ইন্দ্র দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে ইন্দ্র! আমরা অন্নলাভের নিমিত্ত সোমরস অভিষুত করিয়া তোমাকে আহ্বান করিতেছি, তুমি আমাদিগের আহ্বান শ্রবণ কর। ভবিষ্যতে

যখন মনুষ্যগণ যুদ্ধার্থ সমবেত হইবে তখন তুমি আমাদিগকে নিশ্চিতরূপে রক্ষা করিও।

২। হে ইন্দ্র! সুপ্রাপ্য প্রচুর অন্নলাভের নিমিত্ত বাজিনীর পুত্র ভরদ্বাজ অন্নসহকারে তোমাকে আহ্বান করিতেছে। তুমি সজ্জনপালক, ও দুর্জন হইতে রক্ষাকারী, তোমাকে তিনি উপদ্রব নিবারণার্থ আহ্বান করিতেছেন। তিনি মুষ্টিবলদ্বারা শত্রুনিধনকারী, তিনি যৎকালে ধেনুগণের জন্য যুদ্ধ করেন, তখন তোমারই উপর নির্ভর করেন।

৩। হে ইন্দ্র! তুমি কবির ভার্গব ঋষির অন্নলাভেচ্ছা উত্তেজিত করিয়াছ। তুমি হব্যদাতা কুৎসের নিমিত্ত শুষ্ণকে ছেদন করিয়াছ। তুমি অতিথিগ্ব দিবোদাসকে সুখী করিবার নিমিত্ত সেই শম্বরের শিরশ্ছেদন করিয়াছ যে আপনাকে দুর্ভেদ্য জ্ঞান করিত।

৪। হে ইন্দ্র! তুমি বৃষভ নামক রাজাকে যুদ্ধসাধন বিপুল রথ প্রদান করিয়াছ। যখন তিনি দশ দিবস যুদ্ধে ব্যাপৃত ছিলেন, তখন তুমি তাঁহাকে রক্ষা করিয়াছ। তুমি বেতসুর সহিত তুগ্রকে সংহার করিয়াছ। তুমি স্তবকারী তুজি নামক রাজার সমৃদ্ধি বিধান করিয়াছ।

৫। হে ইন্দ্র! তুমি শত্রুনিহন্তা, তুমি প্রশংসনীয় কার্য্যসম্পাদন করিয়াছ, কারণ, হে বীর! তুমি শত শত ও সহস্র সহস্র শম্বর সৈন্য বিদারিত করিয়াছ; পর্ব্বত হইতে নির্গত শম্বরকে বধ করিয়াছ এবং বিচিত্র রক্ষাদ্বারা দিবোদাসকে রক্ষা করিয়াছ।

৬। হে ইন্দ্র! শ্রদ্ধাসহকারে অনুষ্ঠিত কার্য্য ও সোমরসদ্বারা উল্লাসিত হইয়া তুমি দভীতি রাজার নিমিত্ত চুমুরিকে বধ করিয়াছ এবং পিঠীনাকে রজি(১) প্রদান করিয়া নিজ বুদ্ধিবলে এককালে ষষ্টিসহস্র যোদ্ধাকে বিনষ্ট করিয়াছ।

৭। হে বীরসহচর, বলবত্তম ইন্দ্র! তুমি ত্রিভুবনরক্ষক ও শত্রুবিজয়ী, স্তোতৃবর্গ তোমাকর্ত্তৃক প্রদত্ত যে উৎকৃষ্ট সুখ ও বলের প্রশংসা করেন, আমিও যেন মদীয় স্তোতৃবর্গের সহিত সেই উৎকৃষ্ট সুখ ও বল লাভ করি।

৮। হে পূজনীয় ইন্দ্র! আমরা ত্বদীয় মিত্রভূত ও স্তবকারী, আমরা যেন ধনলাভার্থ সম্পাদিত এই স্তোত্রদ্বারা তোমার নিরতিশয় প্রীতিভাজন হই।

---

(১) মূলে "রজিম্" আছে। "রজিম্ এতন্নাম্ন্যাং কন্যাং বা রাজ্যং বা"। সায়ণ।

প্রস্তর্দনের পুত্র মদীয় যজমান ক্ষত্রশ্রীঃ নামক রাজা যেন শত্রুসংহার ও ধনলাভ করিয়া শ্রেষ্ঠতা লাভ করেন।

২৭ সূক্ত।

ইন্দ্র দেবতা, কিন্তু অষ্টম ঋকের দান দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। ইন্দ্র এই সোমরসে হৃষ্ট হইয়া কি করিয়াছেন? তিনি এই সোমরস পান করিয়া কি করিয়াছেন? তিনি ইহার সাহচর্য্যে কি করিয়াছেন? পুরাতন ও আধুনিক স্তোতৃবর্গ সোমগৃহে তোমার নিকট হইতে কি লাভ করিয়াছেন?

২। ইন্দ্র এই সোমরসে হৃষ্ট হইয়া সৎকর্ম্মের অনুষ্ঠান করিয়াছেন। তিনি এই সোমরস পান করিয়া সৎকর্ম্মের অনুষ্ঠান করিয়াছেন। তিনি ইহার সাহচর্য্যে সৎকর্ম্মের অনুষ্ঠান করিয়াছেন; পুরাতন ও আধুনিক স্তোতৃবর্গ সোমগৃহে তোমার নিকট হইতে উপকার লাভ করিয়াছেন।

৩। হে মঘবা! আমরা কাহারও ত্বত্তুল্য মহিমা অবগত নহি, ত্বত্তুল্য ঐশ্বর্য্য বা শ্লাঘ্য ধনও অবগত নহি। হে ইন্দ্র! কেহই ত্বত্তুল্য সামর্থ্য দর্শন করে নাই।

৪। হে ইন্দ্র! তুমি যে বীর্য্যদ্বারা বরশিখের পুত্রগণকে সংহার করিয়াছ, আমরা ত্বদীয় সেই বীর্য্য অবগত আছি। বলিষ্ঠতম বরশিখের পুত্র বল-পূর্ব্বক নিক্ষিপ্ত ত্বদীয় বজ্রের শব্দেই বিদীর্ণ হইয়াছিল।

৫। ইন্দ্র চয়মানের পুত্র অভ্যাবর্ত্তীর প্রতি অনুকূল হইয়া বরশিখের পুত্রগণকে সংহার করিয়াছেন। তিনি হরিয়ূপীয়ার (১) পূর্ব্বভাগে অবস্থিত বরশিখের পুত্র বৃচীবানের বংশধরদিগকে বধ করেন, তখন পশ্চিমভাগে অব-স্থিত বরশিখের শ্রেষ্ঠ পুত্র ভয়ে বিদীর্ণ হইয়াছিল।

৬। হে পুরুহূত! তোমার প্রতি হিংসা করণদ্বারা যশোলিপ্সু হইয়া যজ্ঞপাত্র ভঞ্জনকারী যব্যাবতীর নিকট(২) সমবেত ত্রিংশৎশত বর্ম্মধারী(৩) বৃচীবৎ পুত্র এককালে নিধন প্রাপ্ত হইয়াছিল।

(১) "হরিয়ূপীয়া নাম কাচীন্নদী কাচীনগরী বা।" সায়ণ।

(২) সায়ণ বলেন যব্যাবতী হরিয়ূপীয়ার আর একটী নাম। যে নদীতীরে এত যুদ্ধ হইয়াছিল সে নদী কোথায়?

(৩) মূলে "ত্রিংশৎ শতং বর্ম্মিণঃ" আছে। সায়ণ "ত্রিংশৎ শতং অর্থে এক শত ত্রিশ করিয়াছেন।

৭। যাঁহার সমুজ্জ্বল, শোভন তৃণাভিলাষী, পুনঃ পুনঃ তৃণ লেহনকারী অশ্বগণ স্বর্গ ও পৃথিবীর মধ্যভাগে বিচরণ করে, সেই ইন্দ্র সৃঞ্জয় নামক রাজার নিকট তুর্বশকে সমর্পণ করিয়াছেন এবং বৃচীবৎগণকে দেবরাত বংশীয় অভ্যাবর্ত্তীর বশতাপন্ন করিয়াছেন।

৮। হে অগ্নি! চয়মানের পুত্র, ঐশ্বর্য্যশালী সম্রাট অভ্যাবর্ত্তী আমাকে রথ ও রমণী সহকারে বিংশতি গোমিথুন প্রদান করিয়াছেন। পৃথুর বংশধরের এই দান অক্ষয় অর্থাৎ কেহই ইহার বিলোপ করিতে সমর্থ নহে।

২৮ সূক্ত।

গো দেবতা, কিন্তু দ্বিতীয় ঋকের ও অষ্টম ঋকের কিয়দংশের ইন্দ্র দেবতা।
ভরদ্বাজ ঋষি।

১। গোগণ যেন আমাদিগের গৃহে আগমন করে ও আমাদিগের কল্যাণ বিধান করে (১), তাহারা যেন আমাদিগের গোষ্ঠে উপবেশন করে ও আমাদিগের প্রতি প্রসন্ন হয়। বিচিত্রবর্ণ ধেনুবৃন্দ যেন এই স্থানে সন্ততি সম্পন্ন হইয়া প্রত্যূষে ইন্দ্রের নিমিত্ত দুগ্ধপ্রদান করে।

২। ইন্দ্র যজমানের ও প্রীতিদায়ক স্তোতার অভিলাষ পূর্ণ করেন। তিনি সর্ব্বদা তাহাদিগকে ধন প্রদান করেন এবং কখনও তাহাদিগকে স্বদীয় নিজ ধন হইতে বঞ্চিত করেন না। তিনি নিরন্তর তাহাদিগের ধন বৃদ্ধি করিয়া নিজ ভক্তদিগকে দুর্ভেদ্য দুর্গে স্থাপন করেন।

৩। ধেনুগণ যেন বিনষ্ট না হয়। তস্করগণ যেন তাহাদিগকে অপহরণ না করে। শত্রুসম্বন্ধীয় অস্ত্র সকল যেন তাহাদিগের উপর পতিত না হয়। যে সকল ধেনু দেবোদ্দেশে প্রদত্ত হয়, যাগ সাধন সেই গোবৃন্দের সহিত গোস্বামী যেন কখনও বিযুক্ত না হয়েন।

৪। রেণু সকলের উত্থাপনকারী সামরিক অশ্ব যেন তাহাদিগের নিকট উপস্থিত না হয়। তাহারা যেন যজ্ঞে বিশসনাদি অর্থাৎ বলিদানাদি সংস্কার

(১) তৎকালে দুগ্ধদাত্রী গাভীই লোকের একটী প্রধান সম্পত্তি ছিল, সুতরাং ঋষিগণের বড় প্রিয় ছিল। এই সূক্তের ঋষি গোসমূহেরই স্তুতি করিতেছেন, এবং ৫ ঋকে তাহাদিগকে স্বয়ং ইন্দ্র বলিয়া অভিহিত করিয়াছেন। ৪ ঋকে গাভীর আহুতি দানের কথাও উল্লিখিত হইয়াছে।

প্রাপ্ত না হয়। যাগানুষ্ঠানকারী মনুষ্যের ধেনুগণ যেন নির্ভয় ও স্বাধীনভাবে বিচরণ করে।

৫। গোগণ আমার ধনস্বরূপ। ইন্দ্র আমাকে গোসমূহ প্রদান করুন। ধেনুগণ হব্যশ্রেষ্ঠ সোমরসের ভক্ষণীয় প্রদান করুক। হে মনুষ্যগণ! এই সমস্ত ধেনুগণই সেই ইন্দ্র, যাহাকে আমি হৃদয় ও মনের সহিত কামনা করি।

৬। হে ধেনুগণ! তোমরা আমাদিগের পুষ্টিবিধান কর। তোমরা ক্ষীণ ও কুৎসিত দেহকে শ্রীযুক্ত কর। হে কল্যাণকর ধ্বনিসম্পন্ন ধেনুবৃন্দ! তোমরা আমাদিগের গৃহ সমৃদ্ধিসম্পন্ন কর। যজ্ঞসভায় তোমাদিগের প্রদত্ত প্রচুর অন্নই সম্যক্ রূপে কীর্ত্তিত হয়।

৭। হে ধেনুগণ! তোমরা সন্ততিসম্পন্ন হও। শোভন শস্পভক্ষণ ও সুগম সরোবরে জল পান কর। তস্কর যেন তোমাদিগের অধিপতি না হয় এবং হিংস্রক জন্তুও যেন তোমাদিগকে আক্রমণ না করে এবং রুদ্রাস্ত্র যেন তোমাদিগের দূরে থাকে।

৮। হে ইন্দ্র! তোমার বলাধানের নিমিত্ত ধেনুগণের পুষ্টি প্রার্থিত হউক এবং গোগণের গর্ভাধানকারী বৃষভের বল প্রার্থিত হউক।

২৯ সূক্ত।

ইন্দ্র দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে যজমানগণ! তোমাদিগের ঋত্বিক্‌সমূহ অনুগ্রহার্থী হইয়া মহা-স্তোত্র উচ্চারণপূর্ব্বক বন্ধুত্বলাভের নিমিত্ত ইন্দ্রের পরিচর্য্যা করিতেছেন। কারণ, বজ্রপাণি ইন্দ্র বিপুল ধন প্রদান করেন। অতএব রক্ষার্থ, রমণীয় ও মহান সেই ইন্দ্রেরই যাগ কর।

২। যাঁহার হস্তে মানবহিতকর ধন সঞ্চিত আছে; যিনি সুবর্ণময় রথে আরূঢ়; যাঁহার বিশাল বাহুদ্বয়ে রশ্মি সকল নিয়মিত আছে; যাঁহাকে রথে নিয়োজিত বলশালী অশ্বগণ অন্তরিক্ষ পথে বহন করে।

৩। হে ইন্দ্র! ঐশ্বর্য্য লাভার্থ ভরদ্বাজ ত্বদীয় পাদদ্বয়ের পরিচর্য্যা করিতেছেন, কারণ, তুমি বলদ্বারা শত্রুগণকে পরাজিত কর, বজ্র ধারণ কর

এবং স্তোতৃবর্গকে ধন প্রদান কর। হে নেতা! তুমি সকলের দর্শনার্থ মনোজ্ঞ ও সতত গমনশীল রূপ ধারণ করিয়া সূর্য্যের ন্যায় পরিভ্রমণ কর।

৪। অভিষুত সোম যথোপযুক্তরূপে মিশ্রিত হইয়াছে, ইহা অভিষুত হইলে পাকযোগ্য পুরোডাশাদি পক্ক হয়, ধান হব্যার্থ সংস্কৃত হয় (১) এবং ঋত্বিগ্‌গণ হব্য প্রদানপূর্ব্বক ইন্দ্রের স্তুতি পাঠ ও প্রশংসা গান করিতে করিতে দেবগণের সন্নিকৃষ্ট হন।

৫। হে ইন্দ্র! ত্বদীয় বলের সীমা নির্দ্ধারিত হয় নাই। স্বর্গ ও পৃথিবী ইহার মাহাত্ম্যে ভীত হইয়াছে। গোপাল যেরূপ বারিদ্বারা গোযূথের তৃপ্তি সাধন করে, স্তবকারী সেইরূপ সত্বর আগ্রহসহকারে হব্যদ্বারা যাগ করিয়া ত্বদীয় বলের তৃপ্তি বিধান করে।

৬। হরিতনাসিক মহেন্দ্র যেন এরূপে অনায়াসে আমাদিগের আহ্বানযোগ্য হয়েন। তিনি স্বয়ং উপস্থিত বা অনুপস্থিত হউন, স্তোতৃবর্গকে ধন প্রদান করেন; অনুপম শক্তিমান্ সেই ইন্দ্র যেন এইরূপে প্রাদুর্ভূত হইয়া অসংখ্য প্রতিকূলাচারীদিগকে ও দস্যুগণকে সংহার করেন।

---

৩০ সূক্ত।

ইন্দ্র দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। ইন্দ্র পুনর্ব্বার বীরত্ব প্রকাশের নিমিত্ত প্রবৃদ্ধ হইয়াছেন। শ্রেষ্ঠ ও ক্ষয়রহিত ইন্দ্র স্তোতৃবর্গকে ধন প্রদান করেন। ইন্দ্র স্বর্গ ও পৃথিবীকে অতিক্রম করেন। ইন্দ্রের অর্দ্ধভাগই স্বর্গ ও পৃথিবী উভয়ের সমকক্ষ।

২। সম্প্রতি আমি তাঁহার মহৎ অসূর্য্য বলের স্তব করিতেছি। তিনি যে সমস্ত কার্য্য সম্পাদন করিতে সঙ্কল্প করেন, কেহই তাহার খণ্ডন করিতে সমর্থ হয় না। তিনিই প্রত্যহ বৃত্রাবৃত সূর্য্যকে দৃষ্টি গোচর করেন। শোভন কার্য্যের অনুষ্ঠানকারী সেই ইন্দ্র ত্রিভুবন বিস্তৃত করিয়া রাখিয়াছেন।

৩। হে ইন্দ্র! পূর্ব্বকালের ন্যায় ইদানীন্তন সময়েও নদীসকলের বিমোচনরূপ ত্বদীয় কার্য্য বর্ত্তমান রহিয়াছে; তদ্দ্বারা তুমি সেই সমস্ত নদীর প্রবাহণার্থ পথ নিরূপিত করিয়া দিয়াছ। পর্ব্বত সকল ভোজনার্থ উপবিষ্ট মনুষ্যগণের ন্যায় ত্বদীয় আজ্ঞাক্রমে নিশ্চলভাবে অবস্থান করি-

(১) মূলে আছে "পক্তিঃ পচ্যতে সন্তি ধানাঃ।"

তেছে। হে সৎকর্ম্মের অনুষ্ঠানকারী ইন্দ্র! এই অখিল বিশ্ব তোমাকর্ত্তৃক স্থিরীকৃত হইয়াছে।

৪। হে ইন্দ্র! ইহা সম্পূর্ণ সত্য যে তোমার সমকক্ষ নাই। কি দেব, কি মনুষ্য, কেহই তোমাপেক্ষা শ্রেষ্ঠ নহে। তুমি বারিরাশি নিরোধ করিয়া শয়ান অহিকে সংহার করিয়াছ এবং বারিরাশিকে সমুদ্রে পতিত হইবার নিমিত্ত বিমুক্ত করিয়াছ।

৫। তুমি নিরুদ্ধ বারিরাশিকে সর্ব্বত্র প্রবাহিত হইবার নিমিত্ত বিমুক্ত করিয়াছ। তুমি মেঘের সুদৃঢ় বন্ধন ছিন্ন করিয়াছ। তুমি সূর্য্য, আকাশ ও ঊষাকে প্রকাশিত করিয়া জগতের অধিবাসীগণের উপর আধিপত্য করিতেছ।

৩১ সূক্ত।

ইন্দ্র দেবতা। সুহোত্র ঋষি।

১। হে ধনাধিপতি ইন্দ্র! তুমি ধনের অদ্বিতীয় অধিশ্বর। তুমি মনুষ্য-গণকে নিজ বাহুদ্বয়ে ধারণ কর। পুত্র, শত্রুবিজয়ী পৌত্র ও বৃষ্টির জন্য মনুষ্য বিবিধ প্রকারে তোমার স্তব করে।

২। হে ইন্দ্র! মেঘ সকল, অন্তরিক্ষোদ্ভব বারিরাশি পতনযোগ্য না হইলেও বর্ষণ করে। স্বর্গ, পৃথিবী, পর্ব্বত সকল, বৃক্ষসমূহ এবং এই অখিল স্থাবর জগৎ তোমার আগমনে ভীত হয়।

৩। হে ইন্দ্র! তুমি কুৎসের সহিত প্রবল শুষ্ণের বিরুদ্ধে যুদ্ধ করিয়াছ। রণে কুয়বকে বধ করিয়াছ। সংগ্রামে সূর্য্যের রথচক্র হরণ করিয়াছ এবং পাপকারীদিগকে দূরীকৃত করিয়াছ।

৪। তুমি দস্যু শম্বরের একশত দুর্ভেদ্য নগর উচ্ছিন্ন করিয়াছ। হে প্রজ্ঞাসম্পন্ন, অভিষুত সোমদ্বারা ক্রীত ইন্দ্র! তৎকালে তুমি বদান্যতা-নিবন্ধন হব্যপ্রদাতা দিবোদাস এবং স্তবকারী ভরদ্বাজকে ধন প্রদান করিয়াছিলে।

৫। প্রকৃত বীরগণের অগ্রণী, অতুলৈশ্বর্য্যশালী ইন্দ্র! তুমি তুমুল সংগ্রামের নিমিত্ত নিজ ভীষণ রথে আরোহণ কর। হে প্রকৃষ্ট পথগামী ইন্দ্র! তুমি রক্ষাসহকারে মদভিমুখে আগমন কর। হে সুপ্রসিদ্ধ! তুমি জনসমাজে আমাদিগকে প্রসিদ্ধ কর।

৩২ সূক্ত।

ইন্দ্র দেবতা। সুহোত্র ঋষি।

১। আমি বলশালী, বীর, শক্তিমান্, বেগসম্পন্ন, সম্যক্‌রূপে স্তবার্হ, প্রাচীন বজ্রধারী ইন্দ্রের নিমিত্ত মুখদ্বারা অপূর্ব্ব, সুবিস্তীর্ণ, সুখদায়ক স্তোত্র রচনা করিয়াছি।

২। তিনি মেধাবী অঙ্গিরাগণের জন্য জননীস্বরূপ স্বর্গ ও পৃথিবীকে সূর্য্যদ্বারা প্রকাশিত করিয়াছেন এবং তাঁহাদিগকর্ত্তৃক স্তূয়মান হইয়া পর্ব্বতকে চূর্ণ করিয়াছেন এবং ধ্যানপরায়ণ স্তোতৃবর্গ অঙ্গিরাগণকর্ত্তৃক বারম্বার প্রার্থিত হইয়া ধেনুগণের বন্ধন মোচন করিয়াছেন।

৩। বহুকর্ম্মের অনুষ্ঠানকারী ইন্দ্র ধেনুগণের উদ্ধারের জন্য জালপাতনপূর্ব্বক নিরন্তর হব্যপ্রদানকারী স্তোতৃবর্গ অঙ্গিরাগণের সহিত মিলিত হইয়া শত্রুদিগকে পরাজিত করিয়াছেন। মিত্রভূত, মেধাবী অঙ্গিরাগণের সহিত মিত্রাভিলাষী ও দূরদর্শী হইয়া সেই পুরন্দর দৃঢ় পুরীসকল ধ্বংস করিয়াছেন।

৪। হে অভীষ্টপূরক, স্তুতিদ্বারা বন্দনীয় ইন্দ্র! তুমি প্রচুর অন্ন, প্রকৃষ্ট বল ও বহু বৎসবতী যুবতী বড়বাদ্বারা ত্বদীয় স্তবকারীকে, মনুষ্যগণের মধ্যে সুখী করিবার নিমিত্ত তদভিমুখে আগমন কর।

৫। স্বভাবতঃ তেজস্বী অশ্বগণের অধিপতি তুরাষাট্ দক্ষিণ হইতে (১) বারিরাশিকে বিমুক্ত করেন, এইরূপে বিসৃষ্ট বারিসমূহ সেই ক্ষোভশূন্য গন্তব্য স্থানে (সমুদ্রে) প্রত্যহ ব্যাপ্ত হইয়া পতিত হয়, যাহা হইতে আর প্রত্যাবর্ত্তন সম্ভবে না।

---

৩৩ সূক্ত।

ইন্দ্র দেবতা। শুনহোত্র ঋষি।

১। হে কামপূরক ইন্দ্র! তুমি আমাদিগকে বলবত্তম, আনন্দবিধায়ক, শোভন যজ্ঞকারী ও হব্য প্রদানকারী একটী পুত্র প্রদান কর, যে পুত্র উৎকৃষ্ট

---

(১) মূলে "অপঃ দক্ষিণতঃ" আছে। সায়ণ ইহার অর্থ করিয়াছেন সূর্য্যের দক্ষিণায়নের সময়ে বারিরাশি বিমুক্ত করেন। ভারতবর্ষে দক্ষিণায়নের সময়েই বর্ষা আরম্ভ হয়।

অশ্বে আরূঢ় হইয়া সংগ্রামে উৎকৃষ্ট অশ্বসমূহ ও প্রতিকূলাচারী শত্রুগণকে পরাভূত করিবে।

২। হে ইন্দ্র! বিবিধ বাক্‌শক্তিসম্পন্ন মনুষ্যগণ যুদ্ধে রক্ষণার্থ তোমাকে আহ্বান করে। তুমি মেধাবী অঙ্গিরাগণের সহিত পণিগণকে সংহার করিয়াছ। উপাসক তোমাকর্ত্তৃক রক্ষিত হইয়া অন্নলাভ করে।

৩। হে বীর ইন্দ্র! তুমি কি দস্যু, কি আর্য্য, উভয়বিধ শত্রুই সংহার করিয়াছ। হে নেতৃশ্রেষ্ঠ! কাষ্ঠচ্ছেদক যেরূপ বৃক্ষসকল ছেদন করে তদ্রূপ তুমি সংগ্রামে সুনিক্ষিপ্ত অস্ত্রসমূহদ্বারা শত্রুগণকে বিদারিত কর।

৪। হে ইন্দ্র! তুমি সর্ব্বত্র অপ্রতিহতগতি। তুমি অনিন্দ্য রক্ষাসহকারে আমাদিগের সমৃদ্ধি বিধানার্থ রক্ষক ও বন্ধু হও। আমরা কতিপয় পুরুষ সমন্বিত যুদ্ধে ব্যাপৃত হইয়া ধনলাভার্থ তোমাকে আহ্বান করি।

৫। ফলতঃ হে ইন্দ্র! তুমি সম্প্রতি এবং অন্য সময়ে আমাদিগের হইও। আমাদিগের অবস্থানুসারে সুখপ্রদাতা হও। তুমি ঐশ্বর্য্যশালী, এইরূপে প্রত্যূষে তোমার স্তব ও উপাসনা করিয়া আমরা যেন তোমার প্রদত্ত সমুজ্জ্বল ও অসীম সুখে অবস্থান করি।

---

৩৪ সূক্ত।

অগ্নি দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে ইন্দ্র! অসংখ্য স্তোত্র তোমাতে সঙ্গত হয়। তোমা হইতে স্তোতৃবর্গের পর্য্যাপ্ত প্রশংসা নির্গত হয়। পূর্ব্বকালে ও ইদানীন্তন সময়ে ঋষিগণের স্তোত্র, উপাসনা ও মন্ত্র সকল ইন্দ্রের পূজা বিষয়ে পরস্পর স্পর্দ্ধা করে।

২। আমরা যেন সর্ব্বদা সেই ইন্দ্রকে প্রসন্ন করি; তিনি বহুলোকের বন্দনীয়, বহুলোককর্ত্তৃক প্রবোধিত, মহান্, অদ্বিতীয় এবং যজমানগণ কর্ত্তৃক সম্যকরূপে স্তুত হয়েন। আমরা যেন মহৎ বল লাভ করিবার নিমিত্ত রথের ন্যায় সেই ইন্দ্রের প্রতি অনুরক্ত হইয়া সর্ব্বদা তাঁহার স্তব করি।

৩। সমৃদ্ধিবিধায়ক সমুদয় স্তোত্র সেই ইন্দ্রের অভিমুখে গমন করে। কর্ম্ম ও স্তুতি সকল তাঁহার কোনরূপ অনিষ্ট উৎপাদন করে না, কারণ শত সহস্র স্তবকারী স্তুতিভাজন সেই ইন্দ্রের স্তব করিয়া প্রীতি উৎপাদন করে।

৪। যাগদিনে স্তোত্রবৎ পূজা সহকারে প্রদত্ত হইবার জন্য ইন্দ্রের নিমিত্ত মিশ্রিত সোমরস প্রস্তুত হইয়াছে। মরুভূমিতে জল যেরূপ মনুষ্যকে পোষণ করে, তদ্রূপ স্তোত্রসকল হব্যসহকারে তাঁহাকে বর্দ্ধিত করে।

৫। সর্ব্বব্যাপী ইন্দ্র মহা সংগ্রামে আমাদিগের রক্ষক ও সমৃদ্ধি বিধায়ক হইবেন বলিয়া স্তোতৃবর্গ কর্ত্তৃক এই স্তোত্র আগ্রহ সহকারে ইন্দ্রের প্রতি উক্ত হইয়াছে।

৩৫ সূক্ত।

ইন্দ্র দেবতা। নর ঋষি।

১। হে ইন্দ্র! অস্মদীয় স্তোত্র সকল কবে রথারূঢ় তোমার নিকট উপস্থিত হইবে? কবে তুমি ত্বদীয় উপাসক আমাকে সহস্র পুরুষ পোষণ করিবার উপায় প্রদান করিবে? কবে তুমি এই স্তবকারী আমার স্তোত্র ধনদ্বারা পুরস্কৃত করিবে? কবেই বা তুমি যজ্ঞীয় কার্য্যে সকলকে অন্নোৎপাদক করিবে?

২। হে ইন্দ্র! কবে তুমি অস্মদীয় পুরুষের সহিত শত্রুদিগের পুরুষ ও অস্মদীয় পুত্রগণের সহিত শত্রুগণের পুত্রদিগকে মিলিত করিবে? কবে আমাদিগের জন্য যুদ্ধ জয় করিবে? কবে তুমি শত্রু হইতে ক্ষীর, দধি, ঘৃতরূপ ত্রিবিধ খাদ্যোৎপাদিকা গাভী সকল জয় করিবে? হে ইন্দ্র! কবেই বা তুমি আমাদিগকে বিস্তৃত ধন প্রদান করিবে?

৩। হে বলবত্তম ইন্দ্র! কবে তুমি তোমার স্তবকারীকে বিবিধ অন্ন প্রদান করিবে? কবে তুমি আত্মাতে যাগ ও স্তোত্র সমর্পিত করিবে? কবেই বা তুমি স্তোত্র সকলকে ধেনুগণের উৎপাদক করিবে?

৪। হে ইন্দ্র! তুমি ত্বদীয় স্তবকারীকে ধেনুগণের উৎপাদক অশ্বগণ দ্বারা প্রীতিবিধায়ক ও বলদ্বারা প্রসিদ্ধ অন্ন প্রদান কর। তুমি অন্নসকল ও অনায়াসে দোহনযোগ্য গাভীসমূহকে পরিতুষ্ট কর এবং যাহাতে তৎসমুদয় দীপ্তিসম্পন্ন হয়, তুমি তাহা বিধান কর।

৫। হে ইন্দ্র! তুমি আমাদিগের শত্রুকে অন্যপথে, অর্থাৎ মৃত্যুপথে, পরিচালিত কর। হে ইন্দ্র! তুমি শক্তিমান, বীর ও শত্রুনিহন্তা বলিয়া আমরা তোমার স্তব করি। তুমি বিশুদ্ধ বস্তু প্রদানকারী, আমি যেন তোমার

স্তোত্র উচ্চারণে বিরত না হই। হে প্রাজ্ঞ ইন্দ্র! তুমি অঙ্গিরাগণকে অন্নদ্বারা প্রীত কর।

৩৬ সূক্ত।

অগ্নি দেবতা। নর ঋষি।

১। হে ইন্দ্র! সোমপানজনিত ত্বদীয় হর্ষ যথার্থই সমস্ত লোকের হিতকর। ত্রিভুবন স্থিত ত্বদীয় ধনসমূহ যথার্থই সমস্ত লোকের হিতকর। তুমি যথার্থই অন্নদাতা; কারণ তুমি দেবগণের মধ্যে বল ধারণ কর।

২। যজমান বিশিষ্টরূপে এই ইন্দ্রের বলের পূজা করেন ও বীরত্বের নিমিত্ত তাঁহারই উপর নির্ভর করেন এবং অবিচ্ছিন্ন শত্রুশ্রেণীর নিরোধ-কারী, হিংসাকারী ও আক্রমণকারী ইন্দ্র বৃত্র সংহার করিবেন বলিয়া তাঁহার পরিচর্য্যা করেন।

৩। সমবেত মরুৎগণ বীরত্ব, বল ও রথে নিযুজ্যমান অশ্বগণ সেই ইন্দ্রের পরিচর্য্যা করে। নদী সকল যেরূপ সমুদ্র মধ্যে প্রবিষ্ট হয়, তদ্রূপ উপাসনারূপ শক্তি সমন্বিত স্তুতি সকল বিশ্বব্যাপী সেই ইন্দ্রের সহিত সঙ্গত হয়।

৪। হে ইন্দ্র! আমরা তোমার স্তব করিতেছি, তুমি বহুলোকের আনন্দ-জনক ও গৃহদায়ক ঐশ্বর্য্যের স্রোত প্রবাহিত কর। কারণ তুমি অখিল লোকের অনুপম অধিপতি এবং সমস্ত জগতের অদ্বিতীয় অধীশ্বর।

৫। হে ইন্দ্র! তুমি আমাদিগের সেবাভিলাষী হইয়া সূর্য্যের ন্যায় আমাদিগের শত্রুগণের বিপুল ধন জয় কর। তুমি শীঘ্র শ্রবণযোগ্য স্তোত্র সকল শ্রবণ কর, তুমি বলসম্পন্ন, প্রতি যুগে স্তূয়মান ও হব্যরূপ অন্নদ্বারা সম্যক্‌রূপে জ্ঞায়মান হইয়া আমাদিগের নিকট যেরূপ ছিলে সেই রূপই থাক।

৩৭ সূক্ত।

ইন্দ্র দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে প্রচণ্ড বলশালী ইন্দ্র! তোমার রথনিযোজিত অশ্বগণ আমা-দিগের সম্মুখে ত্বদীয় বিশ্ববন্দনীয় রথ আনায়ন করুক, কারণ ত্বদেকাগ্রচিত্ত স্তোতা ভরদ্বাজ তোমাকে আহ্বান করিতেছে। অদ্য যেন আমরা তোমার সহিত উল্লাসিত হইয়া সমৃদ্ধি সম্পন্ন হই।

২। হরিতবর্ণ সোমরস আমাদিগের যজ্ঞে প্রবাহিত হইতেছে এবং পূত হইয়া সরলভাবে কলস মধ্যে প্রবেশ করিতেছে। পুরাতন, দীপ্তিসম্পন্ন, মত্ততা-বিধায়ক সোমরসের অধীশ্বর ইন্দ্র যেন আমাদিগের এই সোমরস পান করেন।

৩। সর্ব্বত্র গমনশীল, সরলগতি, রথযোজিত অশ্বগণ বলশালী ইন্দ্রকে দৃঢ়চক্র রথে করিয়া যেন আমাদিগের যজ্ঞে আনয়ন করে। অমৃতময় সোমরস যেন বায়ুতে শুষ্ক না হয়।

৪। নিরতিশয় বলশালী, বিবিধ মহৎকার্য্যের অনুষ্ঠানকারী ইন্দ্র ধনসম্পন্ন-গণের মধ্যে এই যজমানকে দক্ষিণা প্রেরণ করেন। হে বজ্রধর! তুমি তদ্দ্বারা পাপ নাশ কর, হে শত্রুবিজয়ী! তদ্দ্বারা তুমি ধনরাশি ও স্তবকারী পুত্র সকলও প্রদান কর।

৫। ইন্দ্র স্থিতিশীল খাদ্য প্রদান করুন। সমধিক তেজঃসম্পন্ন ইন্দ্র আমাদিগের স্তুতিদ্বারা বর্দ্ধিত হউন। শত্রু নিহন্তা ইন্দ্র বিশিষ্টরূপে বৃত্র সংহার করুন। উত্তেজক সেই ইন্দ্র ত্বরান্বিত হইয়া আমাদিগকে সেই সমস্ত ধন প্রদান করুন।

৩৮ সূক্ত।

ইন্দ্র দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। বিচিত্রতম সেই ইন্দ্র আমাদিগের পানপাত্র হইতে সোমরস পান-করুন। তিনি যেন মহৎ ও সমুজ্জ্বল আহ্বান স্বীকার করেন। বদান্য ইন্দ্র যেন ধার্ম্মিক যজমানের যজ্ঞে প্রশংসনীয় পরিচর্য্যা ও হব্য গ্রহণ করেন।

২। ইন্দ্র দূর দেশে অবস্থিত হইলেও ইন্দ্রের কর্ণে শব্দ উপস্থিত হইবে, এই অভিপ্রায়ে স্তবকারী উচ্চৈঃস্বরে স্তোত্র পাঠ করেন। ইন্দ্রের আহ্বানরূপ এই স্তোত্র যেন স্বয়ং প্রবৃত্ত হইয়া ইন্দ্রকে আমার অভিমুখে আনয়ন করে।

৩। তুমি প্রাচীন ও ক্ষয়রহিত, আমি উৎকৃষ্টতম স্তুতি ও হব্যদ্বারা তোমার স্তব করিতেছি। কারণ এই ইন্দ্রে হব্যরূপ অন্ন ও স্তোত্র সকল নিহিত থাকে, মহাস্তোত্র তাহার উদ্দেশে উচ্চারিত হইলে বর্দ্ধিত হয়।

৪। যাঁহাকে যজ্ঞ ও সোমরস বর্দ্ধিত করে, যাঁহাকে হব্য, স্তুতি, উপাসনা ও পূজা বর্দ্ধিত করে, যাঁহাকে দিবা ও রাত্রির গতি বর্দ্ধিত করে, যাঁহাকে মাস, বৎসর ও দিন সকল বর্দ্ধিত করে।

৫। হে মেধাবী ইন্দ্র! তুমি এই রূপে প্রাদুর্ভূত, সমৃদ্ধ, বলশালী ও প্রচণ্ড, আমরা যেন অদ্য ধন, কীর্ত্তি, রক্ষা ও শত্রুবিনাশের জন্য তোমাকে প্রসন্ন করি।

৩৯ সূক্ত।

ইন্দ্র দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে ইন্দ্র! তুমি আমাদিগের সেই সোমরস পান কর। ইহা মদকর, বিক্রান্ত, স্বর্গীয়, প্রাজ্ঞসম্মত, ফলোপধায়ক, সুপ্রসিদ্ধ ও সেবনীয়। হে দেব! তুমি আমাদিগকে গোপ্রমুখ অন্ন প্রদান কর (১)।

২। এই ইন্দ্র পর্ব্বত মধ্যে গুপ্তভাবে স্থাপিত গোগণের উদ্ধারার্থী হইয়া যাগানুষ্ঠানকারী অঙ্গিরাগণের সহিত মিলিত ও তাহাদিগের সত্যভূত স্তোত্রদ্বারা উত্তেজিত হইয়া বলের দুর্ভেদ্য পর্ব্বত ভগ্ন ও পণিগণকে তর্জ্জনদ্বারা অভিভূত করিয়াছিলেন।

৩। হে ইন্দ্র! এই সোম দীপ্তিরহিত রাত্রি, দিবস এবং বৎসর সকলকে দীপ্ত করিয়াছে। পূর্ব্বকালে দেবগণ এই সোমকে দিবসের কেতুস্বরূপ সংস্থাপন করিয়াছিলেন এবং এই সোম নিজ দীপ্তিদ্বারা উষা সকলকে আলোকিত করিয়াছে।

৪। এই ইন্দ্র সূর্য্যরূপে দীপ্ত হইয়া দীপ্তিহীন ভুবন সকল প্রকাশিত করিয়াছেন এবং সর্ব্বত্র গমনশীল দীপ্তিদ্বারা উষাসমূহের তমোনাশ করেন। মনুষ্যগণের অভীষ্টপূরক এই ইন্দ্র স্তোত্রদ্বারা যুজ্যমান অশ্বগণ দ্বারা আকৃষ্ট, ধন পূর্ণ রথে আরূঢ় হইয়া গমন করেন।

(১)। মূলে "ইষঃ গৃণতে গো অগ্রাঃ" আছে। গৃণতে গৃণতা স্তুবতা ময়া গো অগ্রাঃ গাবোঽগ্রে প্রমুখে যাসাং তাদৃশা ইষোঽন্নানি যৃবস্ব সংযোজয়।" সায়ণ। "Is this to be understood literally? And were cows in the time of the Vedas a principal article of food? Of course a Brahmin would interpret it metonymically, cows being put for their produce—milk and butter; Sayana is silent, but there does not seem to be anything in the Veda that militates against the literal interpretation."—*Wilson.*

৫। হে প্রাচীন, দীপ্তিমান ইন্দ্র! তুমি স্তূয়মান হইয়া ধন প্রদান যোগ্য স্তবকারীকে প্রচুর অন্ন প্রদান কর। তুমি স্তোতাকে জল, ওষধি, বিষরহিত বৃক্ষসমূহ, ধেনু, অশ্ব ও মনুষ্য প্রদান কর।

---

৪০ সূক্ত।

ইন্দ্র দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে ইন্দ্র! তোমার মদবিধানার্থ যে সোম অভিষুত হইয়াছে, তাহা তুমি পান কর। ত্বদীয় মিত্রভূত অশ্বদ্বয়কে সংযত কর। রথ হইতে তাহাদিগকে বিমুক্ত কর। স্তোতৃবর্গের মধ্যে উপবিষ্ট হইয়া আমাদিগের কৃত স্তোত্রোচ্চারণে যোগ দাও। স্তবকারী যজমানকে অন্ন প্রদান কর।

২। হে মহেন্দ্র! তুমি উল্লাস ও বীরত্ব প্রকাশের নিমিত্ত জন্মগ্রহণ মাত্রেই যে সোম পান করিয়াছিলে, সেই সোম পান কর। গোগণ, ঋত্বিগ্বর্গ বারিরাশি ও পাষাণ সকলে তোমার পানার্থ এই সোম প্রস্তুত করিতে সমবেত হয়।

৩। হে ইন্দ্র! অগ্নি প্রজ্বালিত ও সোমরস অভিষুত হইয়াছে। বহনসমর্থ ত্বদীয় অশ্বগণ এই যজ্ঞে তোমাকে আনয়ন করুক। আমি ত্বদেকাগ্রচিত্ত হইয়া তোমাকে আহ্বান করিতেছি। তুমি আমাদিগের মহাসমৃদ্ধির নিমিত্ত আগমন কর।

৪। হে ইন্দ্র! তুমি বহুবার সোমপানার্থ যজ্ঞে উপস্থিত হইয়াছ, অতএব তুমি সম্প্রতি সোমপানেচ্ছু মহৎ অন্তঃকরণের সহিত এই যজ্ঞে আগমন কর। আমাদিগের এই সমস্ত স্তোত্র শ্রবণ কর। ত্বদীয় দেহের পুষ্টি বিধানার্থ যজমান যেন তোমাকে অন্ন প্রদান করে।

৫। হে ইন্দ্র! তুমি দূরস্থিত স্বর্গে বা অন্য কোন স্থানে, বা নিজ গৃহে, অথবা যে কোন স্থানে অবস্থান কর, তুমি স্তুতিভাজন ও অশ্বগণের অধিপতি, তুমি তথা হইতে মরুৎগণের সহিত প্রীত হইয়া আমাদিগকে রক্ষা করিবার নিমিত্ত আমাদিগের যজ্ঞ রক্ষা কর।

---

৪১ সূক্ত।

ইন্দ্র দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে ইন্দ্র! তুমি ক্রোধ বিরহিত হইয়া আমাদিগের যজ্ঞে আগমন কর, কারণ তোমার জন্য পবিত্র সোমরস অভিষুত হইয়াছে। হে বজ্রধর! ধেনুগণ যেরূপ গোষ্ঠে গমন করে, তদ্রূপ সোমরস কলস মধ্যে প্রবিষ্ট হইতেছে। অতএব হে ইন্দ্র! তুমি আগমন কর, তুমি যজ্ঞার্হ দেবগণের মধ্যে প্রধান।

২। হে ইন্দ্র! তুমি সুনির্ম্মিত ও সুবিস্তীর্ণ যে জিহ্বাদ্বারা নিরন্তর সোমরস পান কর, সেই জিহ্বা দ্বারা অস্মদীয় সোমরস পান কর। ঋত্বিক্ সোমরস গ্রহণ করিয়া তোমার অগ্রে দণ্ডায়মান আছে। হে ইন্দ্র! শত্রু-সম্বন্ধীয় গোগণকে আত্মসাৎ করিতে অভিলাষী ত্বদীয় বজ্র শত্রুগণকে সংহার করুক।

৩। দ্রবীভূত অভীষ্টবর্ষী, বিভিন্ন মূর্ত্তি এই সোম অভীষ্টবর্ষী ইন্দ্রের নিমিত্ত সংস্কৃত হইয়াছে। হে অশ্বগণের অধিপতি, সকলের শাসনকারী প্রচণ্ড বলসম্পন্ন ইন্দ্র! বহুকাল হইতে তুমি যাহার উপর প্রভুত্ব করিতেছ এবং যাহা তোমার অন্নরূপে কল্পিত হইয়াছে, তুমি সেই এই সোমরস পান কর।

৪। হে ইন্দ্র! অভিষুত সোম অনভিষুত সোম অপেক্ষা শ্রেষ্ঠতর ও বিচারক্ষম তোমার অধিকতর প্রীতিপ্রদ। হে শত্রুবিজয়ী ইন্দ্র! তুমি যজ্ঞসাধন এই সোমের সন্নিহিত হও এবং তদ্দ্বারা নিজ সমস্ত শক্তি সম্পূর্ণ কর।

৫। হে ইন্দ্র! আমরা তোমাকে আহ্বান করিতেছি, তুমি আমাদিগের অভিমুখে আগমন কর। আমাদিগের এই সোম যেন তোমার দেহের নিমিত্ত পর্য্যাপ্ত হয়। হে শতক্রতু! তুমি অভিষুত সোমরসদ্বারা উল্লসিত হও, এবং সংগ্রামেও লোক সকল হইতে আমাদিগকে সর্ব্বতোভাবে রক্ষা কর।

---

৪২ সূক্ত।

ইন্দ্র দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে ঋত্বিগ্‌গণ! তোমরা ইন্দ্রকে সোমরস অর্পণ কর, কারণ তিনি পিপাসু, সর্ব্ববেত্তা, সর্ব্বগামী, যজ্ঞে অধিষ্ঠানকারী, যজ্ঞের নায়কভূত ও সকলের অগ্রগামী।

২। হে ঋত্বিগ্‌গণ! তোমরা সোমরসের সহিত নিরতিশয় সোমপান-কারী ইন্দ্রের নিকট উপস্থিত হও। অভিষুত সোমরসে পরিপূর্ণ পাত্র সহকারে বলশালী ইন্দ্রের সম্মুখীন হও।

৩। হে ঋত্বিগ্‌গণ। যৎকালে তোমরা অভিষুত দীপ্ত সোমরস সহকারে তাঁহার নিকট উপস্থিত হও, মেধাবী ইন্দ্র তোমাদিগের অভিপ্রায় জানিতে পারেন এবং শত্রুসংহার পূর্ব্বক তিনি তোমাদিগের সেই সেই মনোরথ পূর্ণ করেন।

৪। হে ঋত্বিক্! তুমি এক মাত্র ইন্দ্রকেই সোমরূপ অন্নের অভিষুত রস প্রদান কর এবং তিনি যেন সমস্ত জেতব্য উৎসাহান্বিত শত্রুর দ্বেষ হইতে আমাদিগকে নিরন্তর রক্ষা করেন।

---

৪৩ সূক্ত।

ইন্দ্র দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে ইন্দ্র! যে সোমরস পানজনিত উল্লাসে তুমি দিবোদাসের নিমিত্ত শম্বরকে বশীভূত করিয়াছিলে, সেই সোমরস তোমার জন্য অভিষুত হইয়াছে। অতএব তুমি ইহা পান কর।

২। হে ইন্দ্র! যখন সোমের মাদকরস প্রভাতে, মধ্যাহ্নে অথবা অস্তে অভিষুত হয়, তখন তুমি ইহা ধারণ কর। সেই সোমরস তোমার জন্য অভিষুত হইয়াছে। অতএব তুমি ইহা পান কর।

৩। হে ইন্দ্র! যে সোমের মাদকরস পান করিয়া তুমি পর্ব্বত মধ্যে দৃঢ়ভাবে বদ্ধ গোগণকে মুক্ত করিয়াছিলে, সেই সোমরস তোমার জন্য অভিষুত হইয়াছে। অতএব তুমি ইহা পান কর।

৪। হে ইন্দ্র! যে সোমরূপ অন্নের রসপানে উল্লাসিত হইয়া তুমি ঐন্দ্র বলধারণ করিতেছ, সেই এই সোমরস তোমার জন্য অভিষুত হইয়াছে। অতএব তুমি ইহা পান কর।

---

৪৪ সূক্ত।

ইন্দ্র দেবতা। বৃহস্পতির অপত্য শংযু ঋষি।

১। হে ধনসম্পন্ন, সোমরূপ অন্নের রক্ষাকারী ইন্দ্র! যে সোম নিরতিশয়

ধনশালী ও যাহা দীপ্তি দ্বারা সমুজ্জ্বল, সেই সোম অভিষুত হইয়া তোমাকে উল্লাসিত করিতেছে।

২। হে বিপুল সুখশালী, সোমরূপ অন্নের রক্ষাকারী ইন্দ্র! যে সোম তোমার প্রীতিপ্রদ ও ত্বদীয় স্তোতৃবর্গের ঐশ্বর্য্যবিধায়ক, সেই সোম অভিষুত হইয়া তোমাকে উল্লাসিত করিতেছে।

৩। হে সোমরূপ অন্নের রক্ষাকারী ইন্দ্র! যে সোম পান করিয়া প্রবৃদ্ধ বল হইয়া নিজ রক্ষাকারী মরুৎগণের সহিত শত্রু সংহার কর, সেই সোম অভিষুত হইয়া তোমাকে উল্লাসিত করিতেছে।

৪। হে যজমানগণ! আমি তোমাদিগের জন্য সেই ইন্দ্রের স্তব করিতেছি, যিনি ভক্তগণের অনুগ্রাহক, বলের অধিপতি, বিশ্ববিজয়ী, যাগাদিক্রিয়ার নায়কভূত, দাতৃশ্রেষ্ঠ ও সর্ব্বদর্শী।

৫। আমাদিগের স্তুতি সকল ইন্দ্রের শত্রুধনাপহারক যে বল বর্দ্ধিত করিতেছে, দেব স্বর্গ ও দেবী পৃথিবী আগ্রহসহকারে ইন্দ্রের সেই বলের পরিচর্য্যা করেন।

৬। হে স্তোতৃগণ! তোমাদিগের স্তোত্র ইন্দ্রের নিমিত্ত বিস্তার কর; কারণ মেধাবী ব্যক্তির ন্যায় ত্বদীয় রক্ষা তাঁহার সহিত একত্র অবস্থিত বলিয়া প্রকটিত হয়।

৭। যে যজমান যাগাদিকার্য্যে দক্ষ, ইন্দ্র তাঁহার বিষয় অবগত হন। মিত্রভূত, নবীনতর সোমপায়ী সেই ইন্দ্র স্তোতৃবর্গকে শ্রেষ্ঠ ধন প্রদান করেন। হব্যান্নভোজী সেই ইন্দ্র প্রবৃদ্ধ ও পৃথিবীর কম্পন বিধায়ী অশ্বগণের সহিত স্তোতৃগণের রক্ষণেচ্ছায় উপস্থিত হইয়া তাঁহাদিগের রক্ষা বিধান করেন।

৮। যজ্ঞপথে সর্ব্বদর্শী সোম পাত হইয়াছে। ঋত্বিগ্‌গণ সেই সোম ইন্দ্রের চিত্ত আকর্ষণ করিবার নিমিত্ত প্রদর্শন করিতেছেন। শত্রুবিজয়ী বিপুল দেহধারী সেই ইন্দ্র যেন আমাদিগের স্তবে প্রসন্ন হইয়া আমাদিগের দৃষ্টিপথে আবির্ভূত হন।

৯। হে ইন্দ্র! তুমি আমাদিগকে নিরতিশয় দীপ্তিসম্পন্ন বলপ্রদান কর। ত্বদীয় উপাসকগণের অসংখ্য শত্রু নিবারণ কর। নিজ বুদ্ধিদ্বারা আমাদিগকে প্রচুর অন্ন প্রদান কর। ধনভোগার্থ আমাদিগকে রক্ষা কর।

১০। হে ধনসম্পন্ন ইন্দ্র! আমরা তোমারই জন্য হব্যদানে প্রবৃত্ত হইয়াছি। হে অশ্বগণের অধিপতি! তুমি আমাদিগের প্রতিকূল হইও না, মর্ত্ত্যগণের মধ্যে আমরা তোমা ভিন্ন অন্য কোন বন্ধু দেখিতে পাই না, হে ইন্দ্র! নতুবা প্রাচীনগণ তোমাকে কি জন্য ধনদ এই সংজ্ঞা প্রদান করিবেন?

১১। হে অভীষ্টবর্ষি ইন্দ্র! তুমি আমাদিগকে কার্য্যবিঘাতকগণের নিকট পরিত্যাগ করিও না, তুমি ধনসম্পন্ন, আমরা তোমার বন্ধুত্বের উপর নির্ভর করিয়া যেন কোন বিঘ্ন না পাই। মানবগণের মধ্যে নানা বিঘ্ন তোমার উদ্দেশে উৎপাদিত হয়। তুমি অনভিষবকারীগণকে সংহার কর এবং যাহারা হব্য প্রদানবিমুখ তাহাদিগকে উন্মূলিত কর।

১২। গর্জ্জনকারী পর্জ্জন্য যেরূপ মেঘ সকল উৎপাদিত করে, ইন্দ্র সেইরূপ স্তোতৃবর্গকে প্রদান করিবার নিমিত্ত অশ্ব ও গোধন উৎপাদিত করেন। হে ইন্দ্র! তুমি স্তোতৃবর্গের প্রাচীন রক্ষক, ধনিগণ হব্য প্রদান না করিয়া তোমার প্রতি যেন অযথাচরণ না করে।

১৩। হে ঋত্বিগ্‌গণ! তোমরা এই মহেন্দ্রকে অভিষুত সোম অর্পণ কর, কারণ তিনি সোমের অধিপতি। সেই ইন্দ্র স্তবকারী ঋষিগণের প্রাচীন ও ইদানীন্তন স্তোত্রদ্বারা বর্দ্ধিত হইয়াছেন।

১৪। জ্ঞানসম্পন্ন ও অপ্রতিহত প্রভাব ইন্দ্র এই সোম পান করিয়া উল্লাসিত হইয়া অসংখ্য প্রতিকূলাচারী শত্রু বিনাশ করিয়াছেন। শোভন হনুযুক্ত বীর ইন্দ্রের পান করিবার নিমিত্ত প্রচুর পরিমাণে সেই সুমধুর সোম অর্পণ কর।

১৫। ইন্দ্র যেন এই অভিষুত সোম পান করেন এবং ইহা দ্বারা উল্লাসিত হইয়া বজ্রদ্বারা বৃত্র সংহার করেন। গৃহদাতা, স্তোতৃরক্ষক ও যজমান-পালক সেই ইন্দ্র যেন দূরদেশ হইতেও আমাদিগের যজ্ঞাভিমুখে আগমন করেন।

১৬। ইন্দ্রের পানার্হ ও প্রিয় এই সোমাত্মক অমৃত তাঁহা কর্ত্তৃক এরূপে পীত হউক, যাহাতে তিনি উল্লাসিত হইয়া আমাদিগের প্রতি অনুগ্রহ করিবেন এবং অস্মদীয় শত্রুবর্গ ও পাপকে আমাদিগের নিকট হইতে দূরীভূত করিবেন।

১৭। হে শৌর্য্যশালী মঘবা! তুমি এই সোমপানে হৃষ্ট হইয়া আমাদিগের আত্মীয় ও অনাত্মীয় সমুদয় প্রতিকূলাচারী শত্রুকে বিনাশ কর। হে

ইন্দ্র! আমাদিগের সম্মুখীন অস্ত্র বিমোচনকারী শত্রু সৈন্যগণকে পরাঙ্মুখ ও উচ্ছিন্ন কর।

১৮। হে মঘবা। আমাদিগের এই সমস্ত সংগ্রামে অতুল ধন আমাদিগের সুপ্রাপ্য কর। জয়লাভ করিতে আমাদিগকে সমর্থ কর। বৃষ্টি, পুত্র ও পৌত্রদ্বারা আমাদিগকে সমৃদ্ধ কর।

১৯। হে ইন্দ্র! ত্বদীয় অভীষ্টবর্ষী, স্বেচ্ছানুসারে রথে নিযুক্ত, অভীষ্টপূরক রথের বহনকারী, বারিবর্ষক, রশ্মিদ্বারা সংযুত, দ্রুতগামী, অস্মদভিমুখবর্ত্তী, নিত্য তরুণ, বজ্রবাহক, শোভনরূপে যোজিত অশ্বগণ প্রচুর মদকর সোম পানার্থ তোমাকে আনয়ন করুক।

২০। হে অভীষ্টবর্ষী ইন্দ্র! ত্বদীয় বারিবর্ষণকারী, তরুণ অশ্বগণ জলসেচনকারী সমুদ্র তরঙ্গ সকলের ন্যায় উল্লাসিত হইয়া ত্বদীয় রথে যোজিত রহিয়াছে। তুমি তরুণ ও কামবর্ষী। ঋত্বিক্‌গণ তোমাকে পাষাণদ্বারা অভিষুত সোমরস অর্পণ করিতেছেন।

২১। হে ইন্দ্র! তুমি স্বর্গের সেচনকারী, পৃথিবীর বর্ষণকারী, নদী সকলের পূরণকারী এবং একত্র সমবেত -স্থাবর জঙ্গমাত্মক ভূত নিচয়ের অভীষ্টপূরক। হে অভীষ্টপ্রদায়ক ইন্দ্র! তুমি শ্রেষ্ঠ সেচনকারী, তোমার জন্য মধুর ন্যায় পেয় সুমিষ্ট সোমরস বৃদ্ধি পাইতেছে (১)।

২২। দীপ্তিমান্ এই সোম মিত্রভূত ইন্দ্রের সহিত জন্ম পরিগ্রহ করিয়া বলপূর্ব্বক পণিকে স্তব করিয়াছিল। এই সোম গোরূপ ধনাপহরণকারী দ্বেষকারীর মায়া ও অস্ত্র সকল ব্যর্থ করিয়াছিল।

২৩। এই সোম উষা সকলের পতিস্বরূপ সূর্য্যকে শোভাসম্পন্ন করিয়াছে। এই সোম সূর্য্যমণ্ডলে দীপ্তি সংস্থাপন করিয়াছে। এই সোম দীপ্তি সম্পন্ন ভুবনত্রয়ের মধ্যে স্বর্গে গূঢ়ভাবে অবস্থিত ত্রিবিধ অমৃত লাভ করিয়াছে।

২৪। এই সোম স্বর্গ ও পৃথিবীকে স্ব স্ব স্থানে সংস্থাপিত করিয়াছে। এই সোম সূর্য্যের সপ্তরশ্মি রথ যোজিত করিয়াছে। এই সোম স্বেচ্ছানুসারে ধেনুগণের মধ্যে পরিণত দুগ্ধের দশযন্ত্র উৎস(২) স্থাপন করিয়াছেন।

(১) ২০ ও ২১ ঋকে বৃষ শব্দের অনুপ্রাস।

(২) দশযন্ত্র উৎসের অর্থ কি "Literally a well with ten machines."—*Wilson.* বোধ হয় বহুধারা বিশিষ্ট প্রস্রবণ। গরুর বাঁট গুলি হইতে যে বহুধারায় দুগ্ধ বাহির হয় তাহাকেই বোধ হয় যন্ত্র বলিয়া বর্ণনা করা হইয়াছে।

৪৫ সূক্ত ।

ইন্দ্র প্রথম ৩০টী ঋকের দেবতা, বৃহস্পতি অবশিষ্ট ৩টী ঋকের দেবতা।
বৃহস্পতি অপত্য শংযু ঋষি।

১। যিনি উৎকৃষ্ট নীতিদ্বারা তুর্বশ ও যদুকে দূরদেশ হইতে আনয়ন করিয়াছিলেন, সেই তরুণ ইন্দ্র যেন আমাদিগের সখা হন।

২। যে ব্যক্তি ইন্দ্রের স্তব করে না, ইন্দ্র তাহাকেও অন্নপ্রদান করেন। তিনি মন্থরগতি অশ্ব আরোহণপূর্ব্বক শত্রুগণের মধ্যে নিহিত ধনসকল জয় করেন।

৩। এই ইন্দ্রের নীতি সকল উৎকৃষ্ট ও মহৎ; তদীয় স্তোত্রসকল নানা প্রকার এবং তাঁহার রক্ষার কথনও অপচয় হয় না।

৪। হে বন্ধুগণ, তোমরা মন্ত্রদ্বারা আহ্বানযোগ্য সেই ইন্দ্রের অর্চ্চনা ও স্তোত্রোচ্চারণ কর। কারণ তিনিই বস্তুতঃ আমাদিগকে প্রকৃষ্ট বুদ্ধি প্রদান করেন।

৫। হে বৃত্রনিহন্তা ইন্দ্র! তুমি একজন বা দুইজন স্তবকারীর রক্ষক এবং তুমিই আমাদিগের মত ব্যক্তিবর্গের রক্ষাকারী।

৬। হে ইন্দ্র! তুমি আমাদিগের নিকট হইতে বিদ্বেষকারীগণকে দূরীভূত কর এবং স্তবকারীগণের সমৃদ্ধি বিধান কর। হে ইন্দ্র! তোমাকে শোভনপুত্রপৌত্রাদি প্রদানকারী বলিয়া মনুষ্যগণ স্তব করিয়া থাকে।

৭। আমি স্তোত্র সহকারে মিত্রভূত, মহান্, মন্ত্রদ্বারা আহ্বানযোগ্য, স্তবার্হ ইন্দ্রকে ধেনুর ন্যায় অভীষ্ট দোহন করিবার নিমিত্ত আহ্বান করিতেছি।

৮। বীর্য্যবান ও শত্রুসৈন্যগণের পরাভবকারী ইন্দ্রের হস্তদ্বয়ে দিব্য ও পার্থিব এই উভয়বিধ ধন আছে বলিয়া ঋষিগণ নিরন্তর কীর্ত্তন করেন।

৯। হে বজ্রধারী, যজ্ঞপতি! তুমি শত্রুগণের দৃঢ় নগর সকল নির্ম্মূল কর। হে সর্ব্বোন্নত ইন্দ্র! তুমি শত্রুগণের মায়া সকলও উচ্ছিন্ন কর।

১০। হে সত্যস্বভাব, সোমপায়ী, অন্নরক্ষক ইন্দ্র! আমরা অন্নাভিলাষী হইয়া এইরূপ গুণসম্পন্ন তোমাকেই আহ্বান করিতেছি।

১১। হে ইন্দ্র! তুমি পূর্ব্বকালে আহ্বানযোগ্য ছিলে এবং সম্প্রতি শত্রুগণের মধ্যে নিহিত ধনলাভার্থ আহূত হও, আমরা তোমাকে আহ্বান করিতেছি। তুমি আমাদিগের আহ্বান শ্রবণ কর।

১২। হে ইন্দ্র! তুমি আমাদিগের স্তোত্র শ্রবণে প্রসন্ন হইলে তোমার অনুগ্রহে যেন আমরা অশ্বগণদ্বারা শত্রুগণের অশ্বসমূহ, উৎকৃষ্ট অন্ন ও গূঢ়ধন জয় করিতে সমর্থ হই।

১৩। হে বীর ও স্তুতিভাজন ইন্দ্র! ফলতঃ তুমি শত্রুগণের মধ্যে নিহিত ধনলাভার্থ সংগ্রামে শত্রু জয় করিতে সমর্থ হইয়াছ।

১৪। হে শত্রুসংহারক ইন্দ্র! তোমার নিরতিশয় বেগসম্পন্ন গতি আছে। তুমি সেই গতিদ্বারা শত্রুজয়ার্থ আমাদিগের রথ পরিচালিত কর।

১৫। হে জয়শীল, রথিশ্রেষ্ঠ ইন্দ্র! তুমি আমাদিগের শত্রুবিজয়ী রথ দ্বারা শত্রুনিহিত ধন জয় কর।

১৬। যিনি সর্ব্বদর্শী ও বর্ষণশীল, যিনি একক মানবগণের অধিপতি রূপে জন্মগ্রহণ করিয়াছেন, সেই ইন্দ্রেরই স্তব কর।

১৭। হে ইন্দ্র তুমি রক্ষাদ্বারা সুখদায়ক ও মিত্রভূত; আমরা স্তব করিলে তুমি পূর্ব্বকালে বন্ধুত্ব প্রকাশ করিয়াছ; সম্প্রতি আমাদিগকে সুখী কর।

১৮। হে বজ্রধর! তুমি রাক্ষস বধের জন্য নিজ হস্তদ্বয়ে বজ্রধারণ কর এবং স্পর্দ্ধাকারীদিগকে সর্ব্বতোভাবে পরাজিত কর।

১৯। যিনি ধনদাতা, স্তবকারীগণের উৎসাহদাতা ও মন্ত্রদ্বারা আহ্বান-যোগ্য, আমি সেই প্রাচীন ইন্দ্রের আহ্বান করিতেছি।

২০। স্তুতিদ্বারা বন্দনীয়, অপ্রতিহত গতি, সেই একমাত্র ইন্দ্রই সমস্ত পার্থিব ধনের উপর একাধিপত্য করিতেছেন।

২১। হে গোসমূহের অধিপতি! তুমি বড়বাগণের সহিত আগমন পূর্ব্বক অন্ন, অসংখ্য অশ্ব ও ধেনুদ্বারা সর্ব্বতোভাবে আমাদিগের মনোরথ পূর্ণ কর।

২২। হে স্তোতৃবর্গ! ঘাস যেরূপে ধেনুর সুখকর হয়, সেই রূপ সোমরস অভিষুত হইলে পর ইন্দ্রের সুখদায়ক স্তোত্র বহুলোকের বন্দনীয়, শত্রুবিজয়ী ইন্দ্রের নিকট তোমরা সমবেত হইয়া গান কর।

২৩। গৃহদাতা ইন্দ্র যখন আমাদিগের স্তোত্র শ্রবণ করেন, তখন তিনি ধেনুগণের সহিত অন্ন প্রদান করিতে বিরত হয়েন না।

২৪। দস্যুগণের নিধনকারী ইন্দ্র, কুবিৎসের অসংখ্য ধেনুযুক্ত গোষ্ঠে গমন করেন এবং নিজ বুদ্ধিবলে আমাদিগের জন্য সেই নিগূঢ় ধেনুবৃন্দকে প্রকাশিত করেন।

২৫। হে বিবিধকর্ম্মের অনুষ্ঠানকারী ইন্দ্র! গোজননীগণ যেরূপ বৎসের অভিমুখে পুনঃ পুনঃ গমন করে, তদ্রূপ আমাদিগের এই সমস্ত স্তুতি বারংবার ত্বদভিমুখে গমন করিতেছে।

২৬। হে ইন্দ্র! ত্বদীয় বন্ধুত্বের বিনাশ নাই। হে বীর! তুমি গোকাম ব্যক্তিকে গোদান কর এবং অশ্বকাম ব্যক্তিকে অশ্বদান কর।

২৭। হে ইন্দ্র! তুমি মহাধনের জন্য প্রদত্ত সোমরস পান করিয়া নিজদেহ পরিতৃপ্ত কর। তুমি নিজ উপাসককে নিন্দাকারীর বশীভূত করিও না।

২৮। হে স্তুতিদ্বারা বন্দনীয় ইন্দ্র! দুগ্ধবতী গাভীগণ যেরূপ বৎসের নিকট ধাবমান হয়, তদ্রূপ বারংবার সোমরস অভিষুত হইলে আমাদিগের এই স্তুতি সকল দ্রুতবেগে ত্বদভিমুখে গমন করে।

২৯। যজ্ঞস্থলে হব্যরূপ অন্নসহকারে প্রদত্ত অসংখ্য স্তবকারীর স্তোত্র যেন অসংখ্য শত্রুনিধনকারী তোমাকে বলশালী করে।

৩০। হে ইন্দ্র! নিরতিশয় উন্নতিবিধায়ক অস্মদীয় স্তোত্র যেন তোমার সন্নিহিত হয়। তুমি আমাদিগকে মহাধন লাভার্থ প্রেরণ কর।

৩১। গঙ্গার (১) উন্নত কূলের ন্যায় পণিগণের মধ্যে উচ্চস্থানে বৃবু (২) অধিষ্ঠান করিয়াছিলেন।

৩২। আমি ধনার্থী; যিনি আমাকে বায়ুবেগে বদান্যতাপূর্ব্বক সহস্র সংখ্যক ধেনু সত্বর প্রদান করিয়াছেন,

৩৩। আমরা সকলে স্তব করিয়া সহস্র ধেনু প্রদানকারী প্রাজ্ঞ ও সহস্র স্তোত্রভাজন সেই বৃবুর নিরন্তর প্রশংসা করিতেছি। (২)

(১) মূলে "উরুঃকক্ষঃ ন গাঙ্গ্যঃ" আছে। অর্থাৎ গঙ্গা সম্বন্ধীয় উন্নত কূল। এখানে কি গঙ্গা নদীর উল্লেখ পাওয়া গেল, না এ শব্দটা সাধারণ নদীবাচক, যেমন বাঙ্গলায় আমরা "গাঙ্" শব্দ ব্যবহার করি।

(২) "বৃবুর্নাম পণীনাং তক্ষা, সকাসাংক্লক্ষ ধনো ভরদ্বাজ স্তুদীয়ং দানমনেন তুচেনা-স্তৌৎ।" সায়ণ। শেষের তিনটী ঋক বৃবুর বদান্যতা সম্বন্ধীয় একটী ত্রিচ। বৃবুর বদান্যতার কথা মনুসংহিতায় (১০। ১০৭) দেখিতে পাওয়া যায়। সে গল্পটী এই যে বৃবু একজন নিপুণ সূত্রধার ছিল এবং একদা বনে পথভ্রান্ত ক্ষুধার্থ ভরদ্বাজকে অনেক সাহায্য করিয়াছিল। আচার্য্য মক্ষমুলর বলেন এই বৃবু বংশীয় সূত্রধারগণ ঋত্বিক্ সম্প্রদায়ে প্রবেশ পাইয়া ঋভুগণের উপাসনা পরায়ণ হইলেন। কালক্রমে তাঁহাদিগের নৈপুণ্য হইতে তাঁহাদের উপাস্য দেব ঋভুগণ পাত্রাদি নির্ম্মাণে খ্যাতি লাভ করিলেন। — *Chips from a German Workshop.*

৪৬ সূক্ত।

ইন্দ্র দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে ইন্দ্র! আমরা স্তবকারী, আমরা অন্নলাভার্থ তোমাকে আহ্বান করি। মানবগণ শত্রুজয়ার্থ এবং অশ্বসঙ্কুল সংগ্রামে তোমাকেই আহ্বান করেন, কেন না তুমি সাধুগণের রক্ষাকারী।

২। হে বিচিত্র বজ্রপাণি বজ্রী! তুমি সংগ্রামে বিজয়ী পুরুষকে যেরূপ প্রচুর অন্ন প্রদান কর, তদ্রূপ তুমি আমাদিগের স্তবে প্রসন্ন হইয়া আমাদিগকে যথেষ্ট গো ও রথ বহনপটু অশ্ব প্রদান কর; তুমি শত্রু নিহন্তা ও পরাক্রমশালী।

৩। যিনি প্রবল শত্রুগণের নিধনকারী ও সর্ব্বদর্শী, আমরা সেই ইন্দ্রেক আহ্বান করিতেছি। হে সহস্রশেফ, অতুল ধনসম্পন্ন, সৎপালক ইন্দ্র! তুমি রণস্থলে আমাদিগের সমৃদ্ধি বিধান কর।

৪। হে ইন্দ্র! ঋকে যে প্রকার বর্ণিত আছে, তুমি সেই প্রকার রূপ সম্পন্ন। তুমি তুমুল সংগ্রামে বৃষভের ন্যায় নিরতিশয় ক্রোধ সহকারে আমাদিগের শত্রুগণকে আক্রমণ কর। যাহাতে আমরা সন্ততি, জল ও সূর্য্য সন্দর্শন, অর্থাৎ বহুকাল ভোগ করিতে পারি, তজ্জন্য তুমি রণস্থলে আমাদিগের রক্ষক হও।

৫। হে শোভন হনুযুক্ত অদ্ভুত বজ্রপাণি! তুমি যে অন্নদ্বারা এই স্বর্গ ও পৃথিবীকে পোষণ করিতেছ, আমাদিগের নিকট সেই প্রকৃষ্টতম, নিরতিশয় বলকর ও পুষ্টিকর অন্ন আনয়ন কর।

৬। হে দীপ্তিশালী ইন্দ্র! তুমি আমাদিগকে রক্ষা করিবে বলিয়া তোমাকে আহ্বান করিতেছি; তুমি দেবগণের মধ্যে বলিষ্ঠতম ও শত্রুবিজয়ী। হে গৃহদাতা! তুমি অখিল রাক্ষসগণকে দূরীভূত কর এবং আমাদিগের শত্রুগণকে সুজেয় কর।

৭। হে ইন্দ্র! মানবগণের মধ্যে যে কিছু বল ও ধন আছে এবং পঞ্চ ক্ষিতিতে (১) যে কিছু অন্ন আছে, অখিল মহৎ বলসহকারে তৎসমুদয় আমাদিগকে প্রদান কর।

৮। হে ঐশ্বর্য্যশালী ইন্দ্র! শত্রুগণের সহিত যুদ্ধ প্রবৃত্ত হইলে যাহাতে আমরা সংগ্রামে শত্রু সংহার করিতে পারি, তজ্জন্য তুমি আমাদিগকে তৃক্ষু দ্রুহ্য ও পূরু সম্বন্ধীয় সমগ্র বল প্রদান কর।

---

(১) মূলে "পঞ্চক্ষিতিনাং" আছে।

৯। হে ইন্দ্র! হব্যরূপ ধনসম্পন্ন ব্যক্তিগণকে ও আমাকে এরূপ একটী গৃহ প্রদান কর, যাহা ত্রিধাতু ও ত্রিবরূথ (২) ও সমৃদ্ধ ও আচ্ছাদক এবং তাহাদিগের নিকট হইতে দীপ্তিসম্পন্ন আয়ুধ সকল দূরীকৃত কর।

১০। হে ঐশ্বর্য্যশালী ইন্দ্র! যাহারা আমাদিগের ধেনু সকল হরণ করিবার মানসে শত্রুবৎ আমাদিগকে আক্রমণ করে, অথবা যাহারা ধৃষ্টতাসহকারে আমাদিগের স্তবে প্রসন্ন হইয়া তাহাদিগের নিকট হইতে আমাদিগের দেহ রক্ষা করিবার জন্য আমাদিগের সন্নিহিত হও।

১১। হে ইন্দ্র! তুমি সম্প্রতি আমাদিগের সমৃদ্ধি বিধানে অনুকূল হও। যৎকালে পক্ষবিশিষ্ট, তীক্ষ্ণাগ্র, দীপ্ত শত্রুপক্ষীয় বাণ সকল (৩ আকাশ হইতে পতিত হয়, তৎকালে যিনি আমাদিগের নেতা, রণস্থলে তাঁহাকে তুমি রক্ষা করিও।

১২। যৎকালে বীরগণ শত্রু সমক্ষে নিজদেহ প্রদর্শন করে ও সুখদায়ক পৈতৃক স্থান সকল পরিত্যাগ করে, তৎকালে তুমি আমাদিগের নিজের ও সন্তানগণের দেহ রক্ষার নিমিত্ত অজ্ঞাতভাবে কবচ প্রদান করিও এবং শত্রুগণকে দূরীভূত করিও।

১৩। মহাসংগ্রামের উদ্যোগ হইলে, তুমি বিষম মার্গের উপর দিয়া আমাদিগের অশ্বগণকে, কুটিল প্রদেশগামী দ্রুতগতি আমিষার্থী শ্যেন পক্ষীর ন্যায় প্রেরিত কর।

১৪। যদিও অশ্বগণ ভীতিবশতঃ উচ্চৈঃস্বরে রব করে, তথাপি নিম্নগামী নদীসমূহের ন্যায় সেই বেগগামী দৃঢ়সংযত অশ্বগণ আমিষার্থী পক্ষিগণের ন্যায় ধনুলাভের নিমিত্ত প্রবৃত্ত সংগ্রামে পুনঃ পুনঃ প্রধাবিত হয় ৪।

(২) মূলে "ত্রিধাতু" ও "ত্রিবরূথং" আছে "ত্রিধাতু" অর্থে সায়ণ "ত্রিভূমিকং" করিয়াছেন। "As if the houses were constructed of more than one material, or wood, brick and stone."

(৩) "Feathered, sharp-pointed, shining shafts."—*Wilson.* ধনুর্ব্বাণের উল্লেখ ঋগ্বেদের অনেক স্থলেই আছে।

(৪) যুদ্ধে অশ্বের যেরূপ ব্যবহার হইত এই ১৩ ও ১৪ সূক্তে তাহার সুন্দর বর্ণনা পাওয়া যায়।

৪৭ সূক্ত।

এই সূক্তের দেবতা নানাবিধ। প্রথম ৫টী ঋকের দেবতা সোমরস। বিংশ ঋকের প্রথম পদের দেবতা দেবগণ, দ্বিতীয় পাদের পৃথিবী, তৃতীয় পদের বৃহস্পতি এবং চতুর্থপদের ইন্দ্র। দ্বাবিংশ হইতে ৪টী ঋকের দেবতা সৃঞ্জয়পুত্র প্রস্তোক, কারণ ঐ ৪টী ঋকে তাঁহার দানের প্রশংসা করা হইয়াছে। ষড়্‌বিংশ হইতে ৩টি ঋকের অর্থাৎ ত্রিচের দেবতা রথ। পরবর্ত্তী ত্রিচের অর্থাৎ উনত্রিংশৎ ত্রিংশৎ ও একত্রিংশৎ ঋকের দেবতা দুন্দুভি। অবশিষ্ট ঋকের দেবতা ইন্দ্র। ভরদ্বাজের অপত্য গর্গ ঋষি।

১। এই অভিষুত সোম সুস্বাদু, মধুর, তীব্র ও সারবান্। ইন্দ্র এই সোমরস পান করিলে কেহই রণস্থলে তাঁহাকে সহ্য করিতে সমর্থ হয় না।

২। এই যজ্ঞে ঈদৃশ সোমরস পীত হইয়া নিরতিশয় হর্ষ বিধান করিয়াছিল। ইন্দ্র ইহা পান করিয়া বৃত্র সংহারকালে হৃষ্ট হইয়াছিলেন। ইহা শম্বরের অসংখ্য সৈন্য এবং একোণাশত পুরা নাশ করিয়াছিল।

৩। এই সোম পীত হইয়া আমার বাক্যের স্ফূর্ত্তি বিধান করিতেছে। ইহা অভিলষিত বুদ্ধি প্রদান করিতেছে। এই সুবুদ্ধি সোম ছয়টী অবস্থার সৃষ্টি করিয়াছে(১)। ভূতজাত কেহই তাহা হইতে দূরে অবস্থান করিতে সমর্থ হয় না।

৪। ফলতঃ এই সোমরসই পৃথিবীর বিস্তার ও স্বর্গের দৃঢ়তা বিধান করিয়াছে। এই সোমরসই এই তিন উৎকৃষ্ট আধারে রস স্থাপন করিয়াছে(২) এবং বিস্তীর্ণ অন্তরিক্ষকে ধারণ করিয়া রহিয়াছে।

৫। নির্ম্মল অন্তরিক্ষস্থিত উষার প্রারম্ভে এই সোমরসই বিচিত্র দর্শন সৌর জ্যোতি প্রকাশ করে। বারিবর্ষক, বলশালী এই সোমরসই মরুৎগণের সহিত সুদৃঢ় স্তম্ভদ্বারা স্বর্গলোক ধারণ করিয়া রহিয়াছে।

৬। হে বীর ইন্দ্র! তুমি ধন লাভার্থ আরব্ধ সংগ্রামে শত্রুনিধনকারী। সাহসপূর্ব্বক কলসস্থিত সোমরস পান কর। মাধ্যাহ্নিক যাগে তুমি প্রচুর পরিমাণে সোম পান কর। হে ধনসম্পদ! তুমি আমাদিগকে ধন প্রদান কর।

৭। হে ইন্দ্র! তুমি মার্গ রক্ষকের ন্যায় অগ্রগামী হইয়া আমাদিগের প্রতি দৃষ্টি রাখিও এবং আমাদিগের অভিমুখে শ্রেষ্ঠ ধন আনায়ন কর। তুমি

(১) স্বর্গ, পৃথিবী, দিবা, রাত্রি, জল ও ওষধি। সায়ণ।

(২) ওষধি, জল ও ধেনু। সায়ণ।

সম্যক্‌রূপে আমাদিগকে দুঃখ হইতে ও শত্রু হইতে পরিত্রাণ কর এবং উৎকৃষ্ট নায়ক হইয়া আমাদিগকে অভিলষিত ধনে লইয়া যাও।

৮। হে ইন্দ্র! তুমি জ্ঞানবান্, তুমি আমাদিগকে বিস্তীর্ণ লোকে এবং সুখময়, ভয়শূন্য আলোকে নির্ব্বিঘ্নে লইয়া যাও (৩), তুমি প্রাচীন, আমরা যেন তোমার মনোজ্ঞ ও বৃহৎ বাহুদ্বয়ের উপর রক্ষার নিমিত্ত নির্ভর করি।

৯। হে ধনাঢ্য ইন্দ্র! তুমি আমাদিগকে নিজ পরাক্রমশালী অশ্বদ্বয়ের পশ্চাৎ সুবিস্তীর্ণ রথের উপর স্থাপন কর। বিবিধ অন্নের মধ্য হইতে তুমি আমাদিগের জন্য প্রকৃষ্টতম অন্ন আনয়ন কর। হে মঘবা! অন্য কোন ধনশালী ব্যক্তি যেন ধন বিষয়ে আমাদিগকে অতিক্রম না করে।

১০। হে ইন্দ্র! তুমি আমাকে সুখী কর। মদীয় জীবন বৃদ্ধি করিতে প্রসন্ন হও। লোহময় খড়্গ ধারার ন্যায়(৪) মদীয় বুদ্ধি সুতীক্ষ্ণ কর। তোমাকে প্রসন্ন করিবার নিমিত্ত সম্প্রতি আমি যাহা কিছু উচ্চারণ করিতেছি তৎসমুদয় গ্রহণ কর। দেবগণ যেন আমাকে রক্ষা করেন।

১১। যিনি শত্রু হইতে রক্ষা করেন ও অভীষ্ট পূরণ করেন; যিনি অনায়াসে আহ্বানযোগ্য, শৌর্য্যশালী ও সর্ব্বকার্য্যে সমর্থ, আমি বহু লোকের বন্দনীয় সেই ইন্দ্রকে প্রত্যেক যাগে আহ্বান করি। ধনবান্ সেই ইন্দ্র যেন আমাদিগকে সমৃদ্ধি বিধান করেন।

১২। শোভন রক্ষাবিধানকারী, ধনশালী ইন্দ্র যেন রক্ষাদ্বারা আমাদিগের সুখবিধান করেন। সর্ব্বজ্ঞ সেই ইন্দ্র যেন আমাদিগের শত্রুদিগকে বধ করিয়া আমাদিগকে নির্ভয় করেন। আমরা যেন তাঁহার প্রসাদে নিরতিশয় বীর্য্য সম্পন্ন হই।

১৩। আমরা যেন সেই যাগার্হ ইন্দ্রের অনুগ্রহ, বুদ্ধি ও কল্যাণকর প্রীতির পাত্র হই। সুরক্ষক ও ধনসম্পন্ন সেই ইন্দ্র যেন বিদ্বেষকারীগণকে আমাদিগ হইতে বহুদূরে অন্তর্হিত করেন।

১৪। হে ইন্দ্র! স্তবকারীর স্তোত্র ও উপাসনা ও বিপুল ধন এবং প্রচুর অভিষুত সোমরস নিম্নদেশপ্রবণ জলরাশির ন্যায় ত্বদভিমুখে প্রধাবিত হয়। হে বজ্রধর! তুমি জল, দুগ্ধ ও সোমরস সম্যক্‌রূপে মিশ্রিত কর।

(৩) অর্থাৎ স্বর্গ। সায়ণ। "A blessed state of happiness, light and safety."—*Wilson.*

(৪) মূলে "অয়সঃ ন ধারাং" আছে।

১৫। কোন্ ব্যক্তি প্রকৃতরূপে ইন্দ্রের স্তব, প্রীতিসাধন ও যাগ করিতে সমর্থ? কারণ ধনশালী ইন্দ্র প্রতিদিন নিজ উগ্রশক্তি বিদিত হয়েন, কারণ মার্গগামী ব্যক্তি যেরূপ নিজ পাদদ্বয়কে ক্রমান্বয়ে অগ্রবর্ত্তী ও পশ্চাদ্বর্ত্তী করে তদ্রূপ তিনি নিজ প্রজ্ঞাবলে প্রথম স্তোতাকে পরবর্ত্তী ও পরবর্ত্তী স্তোতাকে প্রথমে করেন।

১৬। প্রবল শত্রুর দমন করিয়া এবং নিরন্তর স্তোতৃবর্গের স্থান পরিবর্ত্তন করিয়া এই ইন্দ্র নিজ বীরত্বের জন্য প্রসিদ্ধি লাভ করেন। উদ্ধত ব্যক্তিগণের দ্বেষকারী, স্বর্গীয় ও পার্থিব উভয়বিধ ধনের অধিপতি এই ইন্দ্র নিজ পরিচারকবর্গকে রক্ষা করিবার নিমিত্ত পুনঃ পুনঃ আহ্বান করেন।

১৭। এই ইন্দ্র পূর্ব্বতন প্রশস্ত কর্ম্মের অনুষ্ঠানকারীগণের সহিত মিত্রতা পরিত্যাগ করেন এবং তাহাদিগের প্রতি দ্বেষ করিয়া তদপেক্ষা নিকৃষ্ট ব্যক্তিগণের সহিত বন্ধুতা করেন। অথবা ত্বদীয় উপাসনা বর্জ্জিত ব্যক্তিগণকে পরিত্যাগপূর্ব্বক পরিচর্য্যাকারীগণের সহিত বহুবৎসর যাবৎ একত্র অবস্থিতি করেন।

১৮। সমস্ত দেবগণের প্রতিনিধিভূত এই ইন্দ্র বিবিধ মূর্ত্তি ধারণ করেন এবং সেই সেই রূপ পরিগ্রহ করিয়া তিনি পৃথকভাবে প্রকাশিত হয়েন। তিনি মায়াদ্বারা বিবিধরূপ ধারণ করিয়া যজমানগণের নিকট উপস্থিত হয়েন। কারণ তাঁহার রথে সহস্র অশ্ব যোজিত আছে।

১৯। ত্বষ্টা(৫) রথে অশ্বদ্বয় যোজিত করিয়া ত্রিভুবনের বহুস্থানে প্রকাশিত হয়েন। অন্য কোন্ ব্যক্তি প্রত্যহ উপস্থিত স্তোতৃবর্গের মধ্যে গমনপূর্ব্বক শত্রুগণ হইতে তাহাদিগকে রক্ষা করে?

২০। হে দেবগণ! আমরা ভ্রমণ করিতে করিতে গোসঙ্কার রহিত দেশে আসিয়া উপস্থিত হইয়াছি। সুবিস্তীর্ণ ধরিত্রী দস্যুগণের আশ্রয় প্রদান করিতেছে। হে বৃহস্পতি! তুমি ধেনুগণের অনুসন্ধান বিষয়ে আমাদিগকে পরিচালিত কর। হে ইন্দ্র! এইরূপে পথভ্রষ্ট ত্বদীয় উপাসককে তুমি পথপ্রদর্শন কর (৬)।

২১। ইন্দ্র অন্তরিক্ষস্থিত গৃহ হইতে সূর্য্যরূপে আবির্ভূত হইয়া দিবসের

(৫) অর্থাৎ ইন্দ্র। সায়ণ।

(৬) আর্য্যগণ নিজ গো-সঙ্কুল কর্ষিত প্রদেশের সীমা অতিক্রম করিয়া অনার্য্য, আদিবাসীগণের অরণ্য প্রদেশে প্রবেশ করিয়াছেন, তাহাই ঋকের অর্থ।

অপরার্দ্ধ প্রকাশিত করিবার নিমিত্ত প্রত্যহ তুল্যরূপে কৃষ্ণবর্ণ রাত্রিসকল দূর করেন। বর্ষণকারী সেই ইন্দ্র উদব্রজ নামক দেশে বর্চী ও শম্বর নামক দুই ধনার্থী দাসকে সংহার করিয়াছেন (৭)।

২২। হে ইন্দ্র! প্রস্তোক ত্বদীয় স্তবকারী আমাকে সুবর্ণপূর্ণ দশটী কোশ ও দশটী অশ্ব প্রদান করিয়াছেন এবং অতিথিগ্ব শংবরকে জয় করিয়া যে ধন লাভ করিয়াছেন, আমরা দিবোদাসের নিকট হইতে সেই ধন গ্রহণ করিয়াছি।

২৩। আমি দিবোদাসের নিকট হইতে দশটী অশ্ব, দশটী সুবর্ণ কোশ পরিচ্ছদ, প্রচুর অন্ন এবং দশটী হিরণ্যপিণ্ড লাভ করিয়াছি।

২৪। অশ্বথ মদীয় ভ্রাতা পায়ুকে অশ্বগণের সহিত দশখানি রথ এবং অথর্ব্ব গোত্র ঋষিগণকে একশত গো প্রদান করিয়াছেন।

২৫। সকল লোকের হিতের জন্য যে ভরদ্বাজপুত্র সকল ঈদৃশ অতুল ঐশ্বর্য্য গ্রহণ করিয়াছিলেন সৃঞ্জয়পুত্র তাঁহাদিগকে পূজা করিয়াছিলেন।

২৬। হে বনস্পতি নির্ম্মিত রথ! তোমার অবয়ব সকল দৃঢ় হউক, তুমি আমাদিগের বন্ধু ও রক্ষক হও, তুমি প্রকৃষ্টবীরগণ কর্ত্তৃক যুক্ত হও। তুমি গোদ্বারা সন্নদ্ধ(৮) তুমি আমাদিগকে সুদৃঢ় কর, তোমার উপর আরূঢ় রথী যেন অনায়াসে শত্রু জয় করিতে সমর্থ হয়।

২৭। হে ঋত্বিগ্‌গণ! তোমরা হব্যদ্বারা রথের যজ্ঞ কর, কারণ এই রথ স্বর্গ ও পৃথিবীর সারাংশদ্বারা সৃষ্ট, বনস্পতির স্থিরাংশদ্বারা ঘটিত, জলের বেগের ন্যায় বেগযুক্ত, গোদ্বারা আবৃত এবং বজ্রভূত।

২৮। হে দিব্যরথ! তুমি আমাদিগের যাগে প্রসন্ন হইয়া হব্য গ্রহণ কর, কারণ তুমি ইন্দ্রের বজ্রস্বরূপ, মরুৎগণের পুরোবর্ত্তী, মিত্রের গর্ভভূত, ও বরুণের নাভিস্বরূপ।

২৯। হে দুন্দুভি(৯)! তুমি নিজ শব্দদ্বারা স্বর্গ ও পৃথিবী পরিপূর্ণ কর, স্থাবর ও জঙ্গম উভয়বিধ প্রাণিজাত ইহা অবগত হউক। তুমি ইন্দ্র ও অন্যান্য দেবগণের সহিত সমবেত হইয়া অস্মদীয় শত্রুগণকে সুদূরে প্রেরণ কর।

---

(৭) এই উদব্রজদেশ কোথায় তাহার কিছু নিদর্শন পাওয়া যায় না।

(৮) ইহার অর্থ রথ গোদ্বারা আকৃষ্ট এইরূপ হইতে পারে কিন্তু সায়ণ এই ঋকে ও পরের ঋকে গো অর্থে গোচর্ম্ম করিয়াছেন। অর্থাৎ রথ গোচর্ম্ম দ্বারা আবৃত।

(৯) শেষ তিনটী ঋকে যুদ্ধ রথের স্তুতি হইল, এক্ষণে তিনটী ঋকে যুদ্ধ দুন্দুভির স্তুতি হইতেছে।

৩০। হে দুন্দুভি! তুমি আমাদিগের শত্রুগণকে রোদন করাও। তুমি আমাদিগের বল প্রদান কর। তুমি দুর্দ্ধর্ষ শত্রুগণের পীড়াবিধানপূর্ব্বক উচ্চরব কর। হে দুন্দুভি! আমাদিগের অনিষ্ট করিয়া যাহারা আনন্দিত হয় তুমি তাহাদিগকে দূরীভূত কর। তুমি ইন্দ্রের মুষ্টিস্বরূপ অতএব আমাদিগকে দৃঢ়তা প্রদান কর।

৩১। হে ইন্দ্র! আমাদিগের এই সমস্ত ধেনুকে প্রতিনিবৃত্ত করিয়া আমাদিগের নিকট প্রত্যানয়ন কর। দুন্দুভি সকল ব্যক্তির নিকট ঘোষণা করিবার নিমিত্ত নিয়ত উচ্চরব করিতেছে। আমাদিগের নায়কগণ অশ্বারোহণ-পূর্ব্বক সমবেত হইয়াছে। হে ইন্দ্র! আমাদিগের রথারূঢ় সৈন্যগণ যেন যুদ্ধে জয়লাভ করে(১০)।

৪৮ সূক্ত

প্রথম দশটী ঋকের দেবতা অগ্নি। একাদশ হইতে পাঁচটী ঋকের দেবতা মরুৎগণ। ষোড়শ হইতে চারিটী ঋকের দেবতা পূষা। বিংশ ও একবিংশ ঋকের দেবতা পৃশ্নি। দ্বাবিংশ ঋকের দেবতা পৃশ্নি অথবা স্বর্গ ও পৃথিবী। বৃহস্পতির পুত্র শংযু ঋষি।

১। হে স্তোতৃবর্গ! তোমরা প্রতি যজ্ঞে পুনঃ পুনঃ স্তোত্রদ্বারা শক্তিমান্ অগ্নির স্তব কর। আমরা সেই অমর সর্ব্বদর্শী, বন্ধুর ন্যায় অনুকূল দেব অগ্নির প্রশংসা করিতেছি।

২। আমরা শক্তিপুত্রের প্রশংসা করিতেছি, কারণ তিনি প্রকৃত পক্ষে আমাদিগের প্রতি প্রসন্ন। হব্যবহনকারী সেই অগ্নিকে আমরা হব্য প্রদান করি। তিনি যেন সংগ্রামে আমাদিগের রক্ষক ও সমৃদ্ধিবিধায়ক হন। তিনি যেন আমাদিগের পুত্রগণকে রক্ষা করেন।

৩। হে অগ্নি! তুমি অভীষ্টবর্ষী, জরা রহিত ও মহান্; তুমি সমধিক দীপ্তিসহকারে প্রকাশ পাইতেছ। হে প্রদীপ্ত অগ্নি! তুমি অবিচ্ছিন্ন ভার সহিত বিরাজ করিতেছ। তুমি মনোজ্ঞ দীপ্তিসহকারে প্রজ্বলিত হও।

৪। হে অগ্নি! তুমি মহৎ দেবগণের যাগ কর; অতএব আমাদিগের যজ্ঞে নিরন্তর দেবগণের যাগ কর। তুমি আমাদিগের রক্ষার নিমিত্ত নিজ

(১০) যুদ্ধের আয়োজন সমস্ত প্রস্তুত; যুদ্ধের প্রাক্কালে ইন্দ্রের সাহায্য প্রার্থনা করা হইতেছে।

বুদ্ধি ও কার্য্যদ্বারা দেবগণকে আমাদিগের অভিমুখে আনয়ন কর। তুমি তাঁহাদিগকে হব্যরূপ অন্ন প্রদান কর এবং স্বয়ং ইহা স্বীকার কর।

৫। তুমি যজ্ঞের গর্ভভূত; তোমাকে বসতীবরী অর্থাৎ সোমমিশ্রনার্থ জল, অভিষব পাষাণ ও অরণি কাষ্ঠ পোষণ করে। তুমি ঋত্বিগ্‌গণ কর্ত্তৃক বলপূর্ব্বক মথিত হইয়া পৃথিবীর অত্যুন্নত স্থানে অর্থাৎ দেবযজন দেশে প্রাদুর্ভূত হও।

৬। যে অগ্নি দীপ্তিদ্বারা স্বর্গ ও পৃথিবীকে পূর্ণ করেন, যিনি ধূম সহকারে অন্তরিক্ষে উদিত হয়েন, দীপ্তিমান্ অভীষ্টবর্ষী সেই অগ্নি অন্ধকার রাত্রিতে তমোনাশ করিতে দৃষ্ট হন। দীপ্তিমান্ সেই অভীষ্টবর্ষী অন্ধকার রাত্রি সকলের উপর অধিষ্ঠান করেন।

৭। হে দেব, দেবগণের মধ্যে কনিষ্ঠ, প্রদীপ্ত অগ্নি! তুমি মদীয় ভ্রাতা ভরদ্বাজ কর্ত্তৃক সন্ধুক্ষিত হইয়া আমাদিগকে ধন প্রদানপূর্ব্বক, নির্ম্মল ও প্রবল দীপ্তিসহকারে প্রজ্বলিত হও। হে প্রদীপ্ত অগ্নি! তুমি প্রজ্বলিত হও।

৮। হে অগ্নি! তুমি সমস্ত মনুষ্য লোকের গৃহপতি। হে বরুণতম অগ্নে! আমি তোমাকে শত হেমন্ত প্রজ্বালিত করিতেছি(১), তুমি আমাকে শত সংখ্যক রক্ষাদ্বারা পাপ হইতে রক্ষা কর। যাহারা ত্বদীয় স্তোতৃবর্গকে ধন প্রদান করে, তাহাদিগকেও রক্ষা কর।

৯। হে গৃহদাতা, বিচিত্র অগ্নি! তুমি আমাদিগের নিকট রক্ষাসহকারে ধন প্রেরণ কর, কারণ তুমি এই সমস্ত ধনের প্রেরক। তুমি শীঘ্র আমাদিগের সন্ততিগণকে সুপ্রতিষ্ঠিত কর।

১০। হে অগ্নি! তুমি সমবেত ও হিংসারহিত রক্ষাদ্বারা আমাদিগের পুত্র ও পৌত্রকে পালন কর। তুমি আমাদিগের নিকট হইতে দেবগণের কোপ ও মানবগণের বিদ্বেষ বিদূরিত কর।

১১। হে বন্ধুগণ! তোমরা নবীনতর স্তোত্র সহকারে দুগ্ধবতী ধেনুর নিকট আগমন কর এবং তৎপরে তাহাকে এরূপে বিমুক্ত কর, যাহাতে তাহার কোনরূপ হানি না হয়(২)।

(১) মনুষ্যের পরমায়ুর সীমা একশত বৎসর।

(২) মরুদ্ভ্যস্তাবৎ মরুতাং মাতায় পয়ো দোগ্ধ্বিতি শেষঃ। অথবা মরুতাং মাতা পৃশ্ন্যাখ্যা মাধ্যমিকা বাগ্ধেনুঃ। সায়ণ।

১২। যিনি সহিষ্ণু, স্বাধীনতেজা মরুৎগণকে অমরণ হেতু পয়োরূপ অন্ন প্রদান করেন, যিনি বেগগামী মরুৎগণের সুখসাধনে তৎপর, যিনি বৃষ্টি জলের সহিত সুখবর্ষণ করিয়া অন্তরিক্ষ পথে পরিভ্রমণ করেন।

১৩। হে মরুৎগণ! তোমরা ভরদ্বাজের নিমিত্ত বিশ্বের দুগ্ধদাত্রী ধেনু ও সকল ব্যক্তির ভোগপর্য্যাপ্ত অন্ন, এই দুইটী সুখ দোহন কর।

১৪। হে মরুৎগণ! তোমরা ইন্দ্রের মহৎ কর্ম্মের অনুষ্ঠানকারী, বরুণের ন্যায় বুদ্ধিমান্, অর্য্যমার ন্যায় এবং স্তুতিভাজন, বিষ্ণুর ন্যায় দানশীল; আমি ধন প্রদানার্থ তোমাদিগের স্তব করিতেছি।

১৫। যাহাতে মরুৎগণ শত সহস্র প্রকার ধন এক কালে আমাদিগকে প্রদান করেন, তজ্জন্য আমি সম্প্রতি উচ্চরবকারী, অপ্রতিহত প্রভাব ও পুষ্টিদায়ক মরুৎগণের দীপ্তবলের স্তব করিতেছি। সেই মরুৎগণ যেন আমাদিগের নিকট গূঢ় ধন প্রকাশিত করেন ও সমস্ত ধন সুলভ করেন।

১৬। হে পূষা! তুমি সত্বর আমার নিকট আগমন কর। হে দীপ্তিমান্ দেব! তুমি ভীষণ আক্রমণকারী শত্রুগণের পীড়া বিধান কর। আমিও তোমার কর্ণ সমীপে উপস্থিত হইয়া তদীয় গুণ গান করি।

১৭। হে পূষা! তুমি কাকগণের আশ্রয়ভূত বনস্পতিকে অর্থাৎ পুত্র পৌত্রাদি সমন্বিত এই ঋষিকে উন্মুলিত করিও না(৩)। মদীয় নিন্দাকারীগণকে সর্ব্বতোভাবে নষ্ট কর। ব্যাধগণ যেরূপ পক্ষিগণের বন্ধনার্থ জাল বিস্তীর্ণ করে, তদ্রূপ শত্রুগণ যেন কোনরূপে আমাকে বন্ধন করিতে না পারে।

১৮। হে পূষা! দধিপূর্ণ, ছিদ্র রহিত দৃতির ন্যায়(৪) ত্বদীয় বন্ধুতা যেন সর্ব্বদা অবিচ্ছিন্নভাবে অবস্থান করে।

১৯। হে পূষা! তুমি মর্ত্ত্যগণকে অতিক্রম করিয়া অবস্থান করিতেছ। তুমি সম্পত্তি বিষয়ে দেবগণের সমকক্ষ। অতএব তুমি সংগ্রামে আমাদিগের প্রতি অনুকূল দৃষ্টি রাখিও। তুমি পূর্ব্বকালে মানবগণকে যেরূপ রক্ষা করিয়াছিলে, সম্প্রতি আমাদিগকে সেইরূপ রক্ষা কর।

(৩) ঋষিঃ পুত্রপৌত্রসহিতমাত্মানং বহুপক্ষ্যাশ্রয়বনস্পতিত্বেন রূপয়ন্ তস্যানুদ্ধারমাশাস্তে। সায়ণ।

(৪) অর্থাৎ দধি রাখিবার জন্য চর্ম্মাধার। সেকালে চর্ম্মপাত্রের অনেক ব্যবহার ছিল, সোম, সুরা বা দধি তাহাতে স্থাপিত হইত, ঋগ্বেদের অনেক স্থানে তাহার নিদর্শন পাওয়া যায়।

২০। হে কম্পনবিধায়ী, সম্যক্‌রূপে স্তুতিভাজন মরুৎগণ! তোমাদিগের যে প্রশস্ত বাণী কি দেব, কি যজমান উভয়েরই বাঞ্ছিত ধন প্রণয়ন করে, তোমাদিগের সেই সদয় ও সুনৃত বাণী আমাদিগের পথ প্রদর্শক হউক।

২১। যে মরুৎগণের কার্য্যসকল দীপ্তিমান্ সূর্য্যের ন্যায় সহসা অন্তরিক্ষে ব্যাপ্ত হয়, সেই মরুৎগণ দীপ্ত, শত্রুবিজয়ী, পূজনীয়, শত্রুনাশক বল ধারণ করেন। সে শত্রুনাশক বল সর্ব্বাপেক্ষা প্রশস্ত।

২২। একবার মাত্র স্বর্গ উৎপন্ন হইয়াছে; একবার মাত্র পৃথিবী উৎপন্ন হইয়াছে; একবার মাত্র পৃশ্নির দুগ্ধ দোহন করা হইয়াছে। ইহা ব্যতীত তৎসদৃশ আর উৎপাদিত হয় নাই।

৪৯ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। ভরদ্বাজের অপত্য ঋজিশ্বা ঋষি।

১। আমি নবীনতর স্তোত্রদ্বারা দেবসমূহ ও স্তোতৃবর্গের সুখাভিলাষী মিত্র ও বরুণের স্তব করিতেছি। নিরতিশয় বলশালী মিত্র, বরুণ ও অগ্নি যেন এই যজ্ঞে আগমন করেন এবং আমাদিগের স্তোত্র শ্রবণ করেন।

২। যে অগ্নি প্রত্যেক ব্যক্তির পূজার্হ; যিনি কার্য্যের অনুষ্ঠান করিয়া দর্প করেন না; যিনি (স্বর্গ ও পৃথিবী রূপ) দুই যুবতী কন্যার স্বামী; যিনি স্তবকারীর পুত্রভূত, শক্তিপুত্র ও যজ্ঞের প্রদীপ্ত কেতুস্বরূপ, আমি সেই অগ্নির যাগ করিবার নিমিত্ত (যজমানকে উত্তেজিত করিতেছি)।

৩। দীপ্তিমান্ সূর্য্যের বিভিন্নরূপা দুইটী কন্যা (দিবা ও রাত্রি)। তন্মধ্যে একটী নক্ষত্রসমূহ ও অন্যটী সূর্য্যদ্বারা সমুজ্জ্বল। পরস্পর বিরোধী, পৃথক্‌-ভাবে সঞ্চরণশীল, পবিত্রতাবিধায়ক ও আমাদিগের স্তুতিভাজন এই উভয়েই যেন আমাদিগের স্তোত্র শ্রবণ করিয়া প্রসন্ন হন।

৪। আমাদিগের মহতী স্তুতি যেন মহা ধনসম্পন্ন, অখিল লোকের বন্দনীয়, রথ পূরণকারী বায়ুর অভিমুখে উপস্থিত হয়। হে সম্যক যাগার্হ সমুজ্জ্বল রথে আরূঢ়, নিযুত অশ্বের অধিপতি, দূরদর্শী বায়ু! তুমি মেধাবী স্তবকারীকে ধনদ্বারা সংবর্দ্ধনা কর।

৫। যে রথ চিন্তামাত্রে অশ্বদ্বারা যোজিত হয়, অশ্বিদ্বয়ের সেই সমুজ্জ্বল রথ যেন দীপ্তিদ্বারা মদীয় দেহ আচ্ছন্ন করে। হে নেতা নাসত্যদ্বয়! তুমি

যেন রথদ্বারা স্তবকারীর সন্ততি ও তাহার নিজের মনোরথ পূর্ণ করিবার নিমিত্ত ত্বদীয় গৃহে গমন করিও।

৬। হে বর্ষণকারী পর্জ্জন্য ও বাত! তোমরা অন্তরিক্ষ হইতে প্রাপ্য জল প্রেরণ কর। হে জ্ঞানসম্পন্ন, স্তোত্রশ্রবণকারী, জগৎ সংস্থাপক মরুৎগণ! তোমরা যাহার স্তোত্রদ্বারা প্রসন্ন হও তাহার সমস্ত প্রাণিজাত সমৃদ্ধ কর।

৭। পবিত্রতা বিধায়িনী, মনোজ্ঞ, বিচিত্রগমনা, বীরপত্নী সরস্বতী যেন আমাদিগের যাগাদি কার্য্য নির্ব্বাহ করেন। তিনি যেন দেবপত্নীগণের সহিত প্রীত হইয়া স্তবকারীকে অচ্ছিদ্র গৃহ ও সুখ প্রদান করেন।

৮। স্তবকারী যেন বাঞ্ছিত ফলের বশবর্ত্তী হইয়া সমস্ত পথের অধিপতি পূজনীয় পূষার সমীপে স্তোত্র সহকারে উপস্থিত হয়। তিনি যেন আমাদিগকে সুবর্ণশৃঙ্গ ধেনুসকল প্রদান করেন। পূষা যেন আমাদিগের সমস্ত কার্য্য সম্পূর্ণ করেন।

৯। দেবগণের আহ্বানকারী, দীপ্তিমান অগ্নি যেন ত্বষ্টার যাগ করেন; ত্বষ্টারূপ সকলের আদিবিভাগকর্ত্তা, প্রসিদ্ধ, অন্নদাতা, শোভনপাণি, দানশীল, মহান্ গৃহস্থগণের যজনীয় এবং অনায়াসে আহ্বান যোগ্য।

১০। হে স্তবকারী! তুমি দিবাভাগে এই সমস্ত স্তোত্রদ্বারা ভুবন পালক রুদ্রকে বর্দ্ধিত কর, তুমি রাত্রিকালে রুদ্রের সম্বর্দ্ধনা কর। আমরা দূরদর্শী রুদ্রকর্ত্তৃক প্রেরিত হইয়া মহান্, মনোজ্ঞ, জরারহিত সুখসম্পন্ন ও সমৃদ্ধিমূলক সেই রুদ্রকে আহ্বান করিতেছি।

১১। হে নিত্যতরুণ, জ্ঞানসম্পন্ন ও পূজনীয় মরুৎগণ! তোমরা যজমানের স্তোত্রাভিমুখে আগমন কর। হে নেতৃগণ! তোমরা এইরূপে সমৃদ্ধ হইয়া, এবং সঞ্চরমান রশ্মি সকলের ন্যায় ব্যাপ্ত হইয়া, বৃষ্টিদ্বারা বিরল পাদপ বনসমূহের তৃপ্তিসাধন কর।

১২। পশুপালক যেরূপ গোযূথকে (শীঘ্র পরিচালিত করে), তদ্রূপ পরাক্রান্ত, বলশালী ও দ্রুতগামী মরুৎগণের নিকট শীঘ্র স্তোত্র প্রেরণ কর। অন্তরিক্ষ যেরূপ নক্ষত্র মণ্ডলদ্বারা সংশ্লিষ্ট হয়, তদ্রূপ সেই মরুৎগণ মেধাবী স্তোতার সুশ্রাব্য স্তোত্রদ্বারা নিজ দেহাবচ্ছেদে সংশ্লিষ্ট হউন।

১৩। যে বিষ্ণু উপদ্রুত মনুর নিমিত্ত ত্রিপাদ বিক্রমদ্বারা পার্থিব লোক পরিমাণ করিয়াছিলেন, সেই তোমাকর্ত্তৃক প্রদত্ত গৃহে অবস্থানপূর্ব্বক আমরা যেন ধন, দেহ ও পুত্রদ্বারা আনন্দ অনুভব করি।

১৪। আমাদিগের মন্ত্রদ্বারা স্তূয়মান অহির্বুধ্ন্য (১), পর্ব্বত ও সবিতা যেন আমাদিগকে বারিসহকারে অন্ন প্রদান করেন। দানশীল বিশ্বদেবগণ যেন আমাদিগকে ওষধীসহকারে সেই অন্ন প্রদান করেন। সুবুদ্ধি দেব ভগ যেন ধনার্থ আমাদিগকে প্রেরণ করেন।

১৫। হে বিশ্বদেবগণ! তোমরা আমাদিগকে রথযুক্ত, অসংখ্য অনুচর-সমেত বহুপুত্র সমন্বিত যজ্ঞের সাধনভূত ধন ও অক্ষয় গৃহ প্রদান কর, যদ্দ্বারা আমরা স্পর্দ্ধা করিয়া শত্রুগণ ও অদেব সৈন্যদিগকে পরাজিত করিব এবং দেবভক্ত লোকদিগকে আশ্রয় প্রদান করিতে সমর্থ হইব।

৫০ সূক্ত।

নানা দেবতা। ঋজিশ্বা ঋষি।

১। হে দেবগণ! আমি সুখের নিমিত্ত স্তোত্রসহকারে অদিতি, বরুণ, মিত্র, অগ্নি, শত্রুনিধনকারী ও সেবনীয় অর্য্যমা, সবিতা, ভগ এবং সমুদয় রক্ষাকারী দেবগণকে আহ্বান করিতেছি।

২। হে দীপ্তিসম্পন্ন সূর্য্য! তুমি দক্ষ হইতে সম্ভূত শোভনদীপ্তিশালী দেবগণকে আমাদিগের প্রতি অনুকূল করিও। দ্বিজন্মা (অর্থাৎ উভয় স্বর্গ ও পৃথিবীতে প্রাদুর্ভূত) দেবগণ যাগপ্রিয়, সত্যবাদী, ধনসম্পন্ন, যাগার্হ ও অগ্নিজিহ্ব।

৩। হে স্বর্গ ও পৃথিবী! তোমরা সমধিক বল প্রদান কর। হে স্বর্গ ও পৃথিবী! তোমরা আমাদিগের স্বচ্ছন্দতার জন্য বিশালগৃহ প্রদান কর। যাহাতে আমাদিগের অতুল ঐশ্বর্য্য হয় তাহার উপায় বিধান কর। হে সদয় দেবদ্বয়! তোমরা আমাদিগের গৃহ হইতে পাপ বিদূরিত কর।

৪। গৃহপ্রদাতা অজেয় রুদ্রপুত্রগণ সম্প্রতি আহূত হইয়া যেন আমা-দিগের নিকট আগমন করেন, কারণ তাঁহারা মহৎ ও ক্ষুদ্র ক্লেশের সময় আমাদিগের সাহায্য করিবেন বলিয়া আমরা দেব মরুৎগণকে আহ্বান করি।

৫। যে মরুৎগণের সহিত দীপ্তিমান্ স্বর্গ ও পৃথিবী সংশ্লিষ্ট; ধনদ্বারা স্তোতৃবর্গের সমৃদ্ধি বিধানকারী পূষা যে মরুৎগণের সেবা করেন; হে

(১) অহির্বুধ্ন্য সম্বন্ধে ২। ৩১। ৬ ঋকের টীকা দেখ। পর্ব্বত সম্বন্ধে ১। ১২২। ৩ ঋকের টীকা দেখ।

মরুৎগণ! ঈদৃশ তোমরা যৎকালে আমাদিগের আহ্বান শ্রবণ করিয়া আগমন কর, তখন তোমাদিগের বিভিন্ন পথস্থিত প্রাণিবর্গ কম্পিত হইতে থাকে।

৬। হে স্তবকারী! তুমি অভিনব স্তোত্রদ্বারা স্তুতিভাজন বীর ইন্দ্রের স্তব কর। এইরূপে স্তূয়মান সেই ইন্দ্র যেন আমাদিগের আহ্বান শ্রবণ করেন ও আমাদিগের নিকট প্রভূত অন্ন প্রেরণ করেন।

৭। হে বারিরাশি! তোমরা মানবহিতসাধক, তোমরা আমাদিগের পুত্র ও পৌত্রগণের নিমিত্ত অনিষ্টনাশক রক্ষণশীল অন্ন প্রদান কর। তোমরা উপদ্রব সকল শান্ত ও বিদূরিত কর, কারণ তোমরা মাতৃগণ অপেক্ষা শ্রেষ্ঠ চিকিৎসক; তোমরা স্থাবরজঙ্গমাত্মক জগতের উৎপাদক।

৮। যিনি উষামুখের ন্যায় যজমানের নিকট অভিলষিত ধন প্রকাশ করেন, সেই রক্ষাকারী হিরণ্যপাণি পূজনীয় সবিতা যেন আমাদিগের নিকট আগমন করেন।

৯। হে শক্তিপুত্র অগ্নি! তুমি অদ্য আমাদিগের এই যজ্ঞে দেবগণকে আনয়ন কর। আমি যেন সর্ব্বদা ত্বদীয় বদান্যতা অনুভব করি। হে দেব! ত্বদীয় রক্ষাবশতঃ আমি যেন শোভন পুত্রপৌত্রাদি সম্পন্ন হই।

১০। হে প্রাজ্ঞ নাসত্যদ্বয়! তোমরা সত্বর পরিচর্য্যা সমন্বিত মদীয় স্তোত্র সমীপে আগমন কর। তোমরা অন্ধকার হইতে অত্রি ঋষিকে যেরূপ মুক্ত করিয়াছিলে, তদ্রূপ আমাদিগকে মুক্ত কর। হে নেতৃদ্বয়! তোমরা আমাদিগকে সংগ্রামদুঃখ হইতে পরিত্রাণ কর।

১১। হে দেবগণ! তোমরা আমাদিগকে দীপ্তিসম্পন্ন, বলবিধায়ক, পুত্রাদিসম্পন্ন ও সুপ্রসিদ্ধ ধন প্রদান কর। হে স্বর্গীয় আদিত্যগণ, পার্থিব বসুগণ, গোজাত অর্থাৎ পৃশ্নির পুত্র মরুৎগণ, অপ্‌জাত রুদ্রগণ তোমরা অস্মদীয় মনোরথ পূর্ণ করিয়া আমাদিগকে সুখী কর।

১২। রুদ্র ও সরস্বতী, বিষ্ণু ও বায়ু, ঋভুক্ষা, বাজ ও দেব বিধাতা যেন তুল্যরূপ প্রসন্ন হইয়া আমাদিগকে সুখী করেন। পর্জ্জন্য ও বায়ু যেন আমাদিগের অন্ন বর্দ্ধিত করেন।

১৩। প্রসিদ্ধ দেব সবিতা ও ভগ এবং বারিরাশির পৌত্রস্থানীয় দানশীল অগ্নি যেন আমাদিগকে রক্ষা করেন। দেবগণ ও দেবপত্নীগণের সহিত তুল্যরূপে প্রসন্ন ত্বষ্টা, দেবগণের সহিত তুল্য প্রীত স্বর্গ এবং সমুদ্রগণের সহিত সমান প্রীত পৃথিবী যেন আমাদিগকে রক্ষা করেন।

১৪। অহির্বুধ্ন্য, অজ-একপাদ্, পৃথিবী ও সমুদ্র আমাদিগের স্তোত্র শ্রবণ করুন। যজ্ঞের সমৃদ্ধি বিধায়ক, আমাদিগকর্ত্তৃক আহূত ও স্তুত, মন্ত্র-প্রতিপাদ্য ও মেধাবী ঋষিগণকর্ত্তৃক স্তূয়মান বিশ্বদেবগণ আমাদিগকে রক্ষা করুন।

১৫। ভরদ্বাজগোত্রজ মদীয় পুত্রগণ এইরূপে পূজা সাধন স্তোত্রদ্বারা দেবগণের স্তব করিতেছে। হে যজ্ঞার্হ দেবগণ! তোমরা হব্যদ্বারা হুত, গৃহপ্রদাতা ও অজেয়, তোমরা সকলে দেবপত্নীগণের সহিত নিয়ত পূজিত হও।

৫১ সূক্ত।

নানা দেবতা। ঋজিশ্বা ঋষি।

১। সূর্য্যের প্রসিদ্ধ, প্রকাশক, বিস্তৃত, মিত্র ও বরুণের প্রিয়, অপ্রতিহত, নির্ম্মল ও মনোজ্ঞ দীপ্তি প্রকাশিত হইয়া অন্তরিক্ষের ভূষণবৎ শোভা পাইতেছে।

২। যিনি তিনটী জ্ঞাতব্য ভুবন অবগত আছেন; যিনি জ্ঞানশালী এবং দেবগণের দুর্জ্ঞেয় জন্ম বিদিত আছেন; সেই সূর্য্য মানবগণের সৎ ও অসৎ কর্ম্মের পরিদর্শন করিতেছেন এবং প্রভু হইয়া মনুষ্যগণের সঙ্গত মনোরথ পূর্ণ করিতেছেন।

৩। আমি যজ্ঞরক্ষক, শোভনজন্মা অদিতি, মিত্র, বরুণ, অর্য্যমা ও ভগের স্তব করি। যাঁহাদিগের কার্য্য অপ্রতিহত, যাঁহারা অর্থসম্পন্ন ও বিশ্বের পবিত্রতাবিধায়ক, তাঁহাদিগের যশঃ কীর্ত্তন করিতেছি।

৪। হে হিংসকগণের ক্ষেপণকারী, সাধুগণের পালক, অপ্রতিহত-প্রভাব, শক্তিমান্, অধীশ্বর, শোভন গৃহপ্রদাতা, নিত্যতরুণ, নিরতিশয় ঐশ্বর্য্য-শালী, স্বর্গের নেতা অদিতিপুত্রগণ! আমি অদিতির শরণ লইতেছি, কারণ তিনি মদীয় পরিচর্য্যা কামনা করেন।

৫। হে জনক স্বর্গ, জননী পৃথিবী, ভ্রাতা অগ্নি ও বসুগণ! তোমরা আমাদিগকে সুখী কর। হে অদিতি পুত্রগণ ও অদিতি! তোমরা সমবেত হইয়া আমাদিগকে সমধিক সুখ প্রদান কর।

৬। হে যাগার্হ দেবগণ! তোমরা আমাদিগকে বৃক অথবা বৃকীর বশীভূত করিও না(১)। যাহারা আমাদিগের অনিষ্ট কামনা করে, আমাদিগকে

(১) অর্থাৎ দস্যু ও দস্যুপত্নী; অথবা অরণ্যকুক্কুর ও কুক্কুরী। সায়ণ।

তাহাদিগের আয়ত্ত করিও না। কারণ তোমরা আমাদিগের দেহ, বল ও বাক্যের চালকস্বরূপ।

৭। হে দেবগণ! আমরা তোমাদেরই। আমরা যেন অন্যকৃত পাপ-নিবন্ধন ক্লেশ অনুভব না করি। হে বসুগণ! তোমরা যাহা নিষেধ কর, আমরা যেন তাহার অনুষ্ঠান না করি। হে বিশ্ব দেবগণ! তোমরা বিশ্বের অধিপতি; অতএব যাহাতে শত্রু নিজ দেহের উপর অনিষ্ট উৎপাদন করে তোমরা তাহার উপায় বিধান কর।

৮। নমস্কারই সর্ব্বোৎকৃষ্ট, অতএব আমি নমস্কার করিতেছি। নমস্কারই স্বর্গ ও পৃথিবীকে ধারণ করিয়া রহিয়াছে, এই জন্য আমি দেবগণকে নমস্কার করিতেছি। দেবগণ নমস্কারেরই বশীভূত; আমি নমস্কারদ্বারা কৃতপাপের প্রায়শ্চিত্ত করি।

৯। হে যাগার্হ দেবগণ! আমি নমস্কারসহকারে তোমাদিগের সকলের নিকট প্রণত হইতেছি, কারণ তোমরা যজ্ঞের নেতা, বিশুদ্ধ বল সম্পন্ন, দেবযজনগৃহে অবস্থানকারী, অজেয়, বহুদর্শী, অধিনায়ক ও মহান্।

১০। তাঁহারা প্রকৃষ্টরূপে দীপ্তিসম্পন্ন; তাঁহারাই আমাদিগের সমুদয় পাপ নাশ করুন; দেব বরুণ, মিত্র ও অগ্নি শোভন বলশালী, সত্যকর্ম্মা ও স্তোত্রনিরত ব্যক্তিগণের প্রতি একান্ত পক্ষপাতী।

১১। ইন্দ্র, পৃথিবী, পূষা, ভগ, অদিতি ও পঞ্চজন (২) আমাদিগের বাসভূমি বর্দ্ধিত করুন। তাঁহারা যেন আমাদিগের সুখদাতা, অন্নদাতা, সৎপথ প্রদর্শক, শোভন রক্ষাকারী ও আশ্রয়দাতা হন।

১২। হে দেবগণ! স্তবকারী ভরদ্বাজ গোত্রজ এই ব্যক্তি যেন সত্বর একটী স্বর্গীয় বসতি লাভ করে(৩), কারণ সে ব্যক্তি তোমার অনুগ্রহার্থী। হব্যদাতা ঋষি অন্যান্য যজমানের সহিত ধনাভিলাষী হইয়া দেবসমূহের স্তব করিতেছেন।

১৩। হে অগ্নি! তুমি কুটীল পাপাচারী, দুষ্টাভিপ্রায় শত্রুকে দূরী ত কর। হে সাধুগণের রক্ষক! তুমি আমাদিগকে সুখ প্রদান কর।

(২) মূলে "পঞ্চজনাঃ" আছে। সায়ণ এখানে "দেবমনুষ্যাণাং গন্ধর্ব্বাপ্সরসাদি-ত্যাদি" অর্থ করিয়াছেন।

(৩) মূলে "সদনং দিব্যং" আছে। অর্থ দীপ্তিমান্ গৃহও হইতে পারে।

১৪। হে সোম! আমাদিগের এই অভিষব পাষাণ সকল তোমার সহিত মিত্রতা কামনা করিতেছে। তুমি ভোজনপটু পণিকে সংহার কর, কারণ সে প্রকৃতই বৃক।

১৫। হে ইন্দ্র প্রমুখ দেবগণ! তোমরা দানশীল ও দীপ্তিশালী। তোমরা পথিমধ্যে আমাদিগের রক্ষক ও সুখদাতা হও।

১৬। আমরা সুগম ও পাপরহিত পথে উপস্থিত হইয়াছি, যে পথে গমন করিলে লোকে শত্রু পরিহার ও ধন লাভ করে।

৫২ সূক্ত।

নানা দেবতা। ঋজিশ্বা ঋষি।

১। আমি ইহা স্বর্গীয় বা পার্থিব দেবগণের উপযুক্ত বোধ করি না। অথবা ইহা যে মদনুষ্ঠিত যজ্ঞের কিংবা অন্যদ্বারা সম্পাদিত মদীয় যাগের সমতুল্য হইবে এরূপও বিবেচনা করি না। অতএব সুমহান্ পর্ব্বত সকল তাঁহার পীড়া বিধান করুক; অতিযাজের ঋত্বিক্ ও নিরতিশয় হীনতা প্রাপ্ত হউক (১)।

২। হে মরুৎগণ! যে ব্যক্তি আপনাকে আমাদিগের অপেক্ষা শ্রেষ্ঠ বোধ করে এবং অস্মৎকৃত স্তোত্রের নিন্দা করিতে ইচ্ছা করে, শক্তি সকল তদীয় অনিষ্টকারক হউক এবং স্বর্গ সেই স্তোত্রদ্বেষ্টাকে দগ্ধ করুক (২)।

৩। হে সোম! লোকে কি জন্য তোমাকে মন্ত্ররক্ষক বলে? কি জন্যই বা তোমাকে নিন্দা হইতে আমাদিগের উদ্ধার কর্ত্তা বলিয়া থাকে? কেনই বা আমরা শত্রুগণ কর্ত্তৃক নিন্দিত হইলে তুমি নিরপেক্ষভাবে দর্শন করিতেছ? তুমি স্তোত্র বিদ্বেষীর প্রতি নিজ পীড়াদায়ক আয়ুধ ক্ষেপণ কর।

(১) অতিযাজ নামক কোন ঋষি ঋজিশ্বা অপেক্ষাও উৎকৃষ্ট যজ্ঞ করিতে চেষ্টা করায়, ঋজিশ্বা তাহাকে অভিশাপ করিতেছেন। সায়ণ। ভিন্ন ভিন্ন ঋষি ও ঋত্বিক্‌গণের মধ্যে প্রতিদ্বন্দিতা ও শত্রুতা ছিল তাহা প্রকাশ হইয়াছে।

(২) এই সূক্তে "ব্রহ্ম" শব্দ দুইবার ব্যবহৃত হইয়াছে, সায়ণ একবার "স্তোত্র" ও আর একবার "ব্রাহ্মণ" অর্থ করিয়াছেন। ইহার পরের সূক্তে ও এই শব্দের এইরূপ অর্থ করিয়াছেন। বলা বাহুল্য যে "স্তোত্র" অর্থই প্রকৃত এবং সেই অর্থই আমি গ্রহণ করিয়াছি।

৪। আবির্ভূত উষা সকল আমাকে রক্ষা করুন। স্ফীত নদী সকল আমাকে রক্ষা করুক। নিশ্চল পর্ব্বতগণ আমাকে রক্ষা করুন। দেবযজন সময়ে যজ্ঞে উপস্থিত পিতৃদেবগণ আমাকে রক্ষা করুন।

৫। আমরা যেন সর্ব্বদা স্বচ্ছন্দচিত্ত হই। আমরা যেন সর্ব্বদা উদয়োন্মুখ সূর্য্যকে দর্শন করি। দেবগণের নিকট অস্মদায় হব্য বহনকারী, যজ্ঞে অধিষ্ঠানকারী, মহৈশ্বর্য্যসম্পন্ন অগ্নি যেন আমাদিগকে সেইরূপ করেন।

৬। ইন্দ্র এবং বারিরাশিদ্বারা স্ফীত সরস্বতী নদী যেন রক্ষাসহকারে আমাদিগের সন্নিহিত হয়েন। ওষধিগণের সহিত পর্জ্জন্য যেন আমাদিগের সুখদাতা হয়েন। অগ্নি যেন পিতার ন্যায় অনায়াসে স্তুত্য ও আহ্বানযোগ্য হয়েন।

৭। হে বিশ্বদেবগণ! তোমরা আগমন কর, আমার এই আহ্বান শ্রবণ কর, এবং এই আস্তীর্ণ কুশোপরি উপবেশন কর।

৮। হে দেবগণ! যে ব্যক্তি ঘৃতাক্ত হব্যদ্বারা তোমাদিগের পরিচর্য্যা করে, তোমরা সকলে তাহার নিকট আগমন কর।

৯। যাঁহারা অমরের পুত্র, সেই বিশ্বদেবগণ আমাদিগের স্তোত্র শ্রবণ করুন ও আমাদিগকে সুখ প্রদান করুন।

১০। হে যজ্ঞের সমৃদ্ধিবিধায়ক যথা সময়ে স্তোত্র শ্রবণকারী বিশ্বদেবগণ! তোমাদিগের সমুচিত দুগ্ধ গ্রহণ কর।

১১। মরুৎগণের সহিত ইন্দ্র, ত্বষ্টার সহিত মিত্র এবং অর্য্যমা আমাদিগের স্তোত্র ও এই সমস্ত হব্য গ্রহণ করুন।

১২। হে দেবগণের আহ্বানকারী অগ্নি! দেবগণের মধ্যে যাঁহারা যাগার্হ তাহা অবগত হইয়া তুমি তাঁহাদিগের মর্য্যাদানুসারে আমাদিগের এই যাগ ক্রিয়া সম্পাদন কর।

১৩। হে বিশ্বদেবগণ! তোমরা অন্তরিক্ষে, ভূলোকে বা স্বর্গে অবস্থান কর, আমাদিগের এই আহ্বান শ্রবণ কর। তোমরা অগ্নিরূপ জিহ্বাদ্বারাই হউক বা অন্য প্রকারেই হউক যাগ গ্রহণ কর। সকলে আমাদিগের এই আস্তীর্ণ কুশোপরি উপবেশনপূর্ব্বক সোমরস পান করিয়া উল্লাসিত হও।

১৪। যজ্ঞার্হ বিশ্বদেবগণ, স্বর্গ ও পৃথিবী উভয়ে এবং বারিরাশির পৌত্রভূত অগ্নি আমাদিগের স্তোত্র শ্রবণ করুন। হে দেবগণ! আমি যেন এরূপ স্তোত্র উচ্চারণ না করি, যাহা তোমাদিগের অগ্রাহ্য। আমরা যেন তোমাদিগের নিকটবর্ত্তী হইয়া সুখলাভ করিয়া উল্লাসিত হই।

১৫। পৃথিবী, স্বর্গ বা অন্তরিক্ষে প্রাদুর্ভূত, মহান্ ও সংহারকশক্তি সম্পন্ন দেবগণ যেন দিবারাত্রি আমাদিগকে ও অস্মদীয় সন্ততিগণকে অন্ন প্রদান করেন।

১৬। হে অগ্নি ও পর্জ্জন্য! তোমরা মদীয় যাগকার্য্য রক্ষা কর। তোমরা অনায়াসে আহ্বানযোগ্য, অতএব এই যজ্ঞে আমাদিগের স্তোত্র শ্রবণ কর। তোমাদিগের মধ্যে এক ব্যক্তি ইলা অন্ন উৎপাদন করেন ও অন্য ব্যক্তি গর্ভোৎপাদন করেন। অতএব তোমরা আমাদিগকে সন্ততি-সহকারে অন্ন প্রদান কর।

১৭। হে পূজনীয় বিশ্বদেবগণ! অদ্য আমাদিগের এই যজ্ঞে কুশ আস্তীর্ণ হইলে, অগ্নি প্রজ্বালিত হইলে এবং আমি স্তোত্রোচ্চারণ ও নমস্কার পুরঃসর তোমাদিগের পরিচর্য্যা করিলে পর, তোমরা হব্যদ্বারা তৃপ্তি-লাভ কর।

৫৩ সূক্ত।

পূষা দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে মার্গপতি পূষা! আমরা কর্ম্মানুষ্ঠান ও অন্নলাভের নিমিত্ত রণস্থলে রথের ন্যায় তোমাকে আমাদিগের অভিমুখবর্ত্তী করিতেছি।

২। হে পূষা! তুমি আমাদিগের নিকট মানবহিতকারী, ধনদান বিষয়ে বিমুক্তহস্ত ও বিশুদ্ধ দানযুক্ত একটী গৃহস্থ প্রেরণ কর।

৩। হে দীপ্তিসম্পন্ন পূষা! তুমি অদানশীল ব্যক্তিকে দানার্থ উত্তেজিত কর এবং কৃপণের হৃদয় কোমল কর।

৪। হে প্রচণ্ড বলশালী পূষা! তুমি অন্নলাভের নিমিত্ত পথ সকল পরিষ্কৃত কর। বিঘ্নকারী তস্করদিগকে সংহার কর এবং আমাদিগের অনুষ্ঠান সকল সফল কর।

৫। হে জ্ঞানসম্পন্ন পূষা! তুমি সূক্ষ্ম লোহাগ্র দণ্ড (১) দ্বারা লুব্ধগণের হৃদয় বিদ্ধ কর এবং তাহাদিগকে আমাদিগের বশে আনয়ন কর।

৬। হে পূষা! তুমি প্রতোদদ্বারা লুব্ধ ব্যক্তির হৃদয় বিদীর্ণ কর।

(১) মূলে "আরয়া" আছে। "সূক্ষ্মলোহাগ্রো দণ্ডঃ প্রতোদঃ।" সায়ণ। 'Goad."—*Wilson.*

তাহার চিত্তে সদাশয়তা উৎপাদন কর এবং তাহাকে আমার বশে আনয়ন কর।

৭। হে জ্ঞানশালী পূষা! তুমি লুব্ধ ব্যক্তিগণের চিত্ত রেখাঙ্কিত কর। হৃদ্গত কাঠিন্য সম্যক্‌রূপে শিথিল কর এবং তাহাদিগকে আমাদিগের বশে আনয়ন কর।

৮। হে দীপ্তিসম্পন্ন পূষা! তুমি অন্নপ্রেরক প্রতোদ ধারণ কর, তদ্দ্বারা সমস্ত লুব্ধ ব্যক্তির হৃদয় রেখাঙ্কিত কর এবং তদ্গত কাঠিন্য সম্যক্ প্রকারে শিথিল কর।

৯। হে দীপ্তিশালী পূষা! তুমি যে অস্ত্রদ্বারা ধেনুবৃন্দ ও পশুগণকে পরিচালিত কর, আমরা ত্বদীয় সেই অস্ত্রের নিকট উপকার প্রার্থনা করি।

১০। হে পূষা! তুমি আমাদিগের উপভোগার্থ অস্মদীয় যাগকার্য্যকে গো, অশ্ব, অন্ন ও পরিচারকবর্গের উৎপাদক কর।

৫৪ সূক্ত।

পূষা দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে পূষা! তুমি আমাদিগকে এরূপ একটী বিচক্ষণ ব্যক্তির সহিত সঙ্গত কর, যিনি আমাদিগকে প্রকৃতরূপে পথ প্রদর্শন করাইবেন এবং বলিবেন "এইটীই সেই (১)।"

২। আমরা যেন পূষার অনুগ্রহে এরূপ ব্যক্তির সহিত মিলিত হই, যিনি সমস্ত গৃহ আমাদিগকে প্রদর্শন করাইবেন এবং বলিবেন "এই গুলিই সেই।"

৩। পূষার আয়ুধভূত চক্র বিনষ্ট হয় না। এই চক্রের কোশ হীন হয় না এবং ইহার ধারা কুণ্ঠিত হয় না।

৪। যে ব্যক্তি হব্যদ্বারা পূষার পরিচর্য্যা করে, পূষা তাহার কিঞ্চিন্মাত্র অপকার করে না এবং সেই ব্যক্তিই প্রধানতঃ ধন লাভ করে।

৫। পূষা যেন রক্ষা করিবার নিমিত্ত আমাদিগের ধেনুবৃন্দের অনুসরণ

(১) অর্থাৎ সন্দেহ স্থলে যে ব্যক্তি পথ বা গৃহ নির্ণয় করিয়া দিবে। কিন্তু সায়ণ অর্থ করিয়াছেন যে, সে ব্যক্তি অপহৃত দ্রব্য বাহির করিয়া দিবে। এ অর্থ অসঙ্গত।

করেন ; তিনি যেন আমাদিগের অশ্বগণকে রক্ষা করেন ; তিনি যেন আমাদিগকে অন্ন প্রদান করেন।

৬। হে পূষা! তুমি রক্ষণার্থ সোমাভিষবকারী যজমানের গোগণের অনুসরণ কর এবং তদীয় স্তোত্রোচ্চারণকারী আমাদিগের ও ধেনুগণের অনুসরণ কর।

৭। হে পূষা! আমাদিগের গোধন যেন নষ্ট না হয়। ইহা যেন ব্যাঘ্রাদি দ্বারা নিহত না হয়। কূপপাত দ্বারা যেন বিনষ্ট না হয়। অতএব তুমি অহিংসিত সেই ধেনুগণের সহিত সায়ংকালে আগমন কর (২)।

৮। অস্মদীয় স্তোত্র শ্রবণকারী, দারিদ্র্যনাশক, অবিনষ্টধন, অখিল জগতের অধিপতি, পূষার নিকট ধন প্রার্থনা করিতেছি।

৯। হে পূষা! যৎকালে আমরা ত্বদীয় উপাসনায় নিযুক্ত থাকি, তৎকালে যেন কখনও হিংসিত না হই। সম্প্রতি আমরা তোমার স্তব করিয়া যেন সেইরূপ হই।

১০। পূষা যেন নিজ দক্ষিণ হস্তদ্বারা আমাদিগের গোধনকে বিপথ গমন হইতে নিবারণ করেন। তিনি যেন আমাদিগের নষ্ট গোধনকে পুনরানয়ন করেন।

---

৫৫ সূক্ত।

পূষা দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে দীপ্তিসম্পন্ন বিমুচোনপাৎ (১) পূষা! ত্বদীয় স্তবকারী আমার নিকট আগমন কর। আমরা উভয়ে সঙ্গত হই। তুমি অস্মদীয় যজ্ঞের নেতা হও।

২। আমরা রথিশ্রেষ্ঠ, কপর্দ্দী অতুল ঐশ্বর্য্যের অধিপতি, আমাদিগের মিত্রভূত পূষার নিকট ধন প্রার্থনা করিতেছি।

---

(২) গোরক্ষকগণ সূর্য্যকে যে প্রকৃতিতে অবলোকন করিত, সেই প্রকৃতব সূর্য্যই পূষা। সুতরাং তাঁহার হস্তে প্রতোদ, তিনি পথ নির্দ্দেশ করেন, গো সকল রক্ষা করেন, নষ্ট পশু উদ্ধার করেন, ভ্রমণকারীদিগকে সৎপথে লইয়া যান, ইত্যাদি। ১। ৪২। ১০ ঋকের টীকা দেখ।

(১) সায়ণ "বিমুচ" অর্থে প্রজাপতি করিয়াছেন, "নপাৎ" অর্থে পুত্র করিয়াছেন।

৩। হে দীপ্তিশালী পূষা! তুমি ধন প্রবাহস্বরূপ। তুমি ধনরাশি স্বরূপ এবং ছাগই তোমার অশ্বের কার্য্য নির্ব্বাহ করে। তুমি প্রত্যেকস্তবকারীর মিত্রভূত।

৪। অদ্য আমরা ছাগবাহন, অন্নসম্পন্ন সেই পূষার স্তব করিতেছি, যাঁহাকে লোকে তাঁহার ভগিনী অর্থাৎ উষার জার বলিয়া থাকে (২)।

৫। রাত্রিরূপ মাতার পতিদেব পূষার স্তব করিতেছি। তাঁহার ভগিনীর জার পূষা আমাদিগের স্তোত্র শ্রবণ করুন। ইন্দ্রের সহোদর পূষা যেন আমাদিগের মিত্র হয়েন।

৬। রথে নিয়োজিত ছাগগণ স্তোতৃবর্গের আশ্রয়ভূত পূষার রথ বহন পূর্ব্বক তাঁহাকে এই স্থানে আনয়ন করুক।

---

৫৬ সূক্ত।

পূষা দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। যিনি পূষাকে করম্ভের অর্থাৎ ঘৃতমিশ্রিত যবসক্তুর ভোক্তা বলিয়া স্তব করেন, তাঁহাকে অন্য দেবের স্তব করিতে হয় না।

২। রথিশ্রেষ্ঠ, সাধুগণের রক্ষক, সুপ্রসিদ্ধ দেব ইন্দ্র, মিত্রভূত পূষার সাহায্যে শত্রু সংহার করেন।

৩। চালক, রথিশ্রেষ্ঠ, পূষা দীপ্তিমান্, সূর্য্যের হিরণ্ময় রথচক্র নিয়ত পরিচালিত করিতেছেন।

৪। হে বহুলোকের বন্দনীয়, মনোহরমূর্ত্তি, জ্ঞানসম্পন্ন পূষা! অদ্য আমরা যে ধন উদ্দেশ করিয়া তোমার স্তব করিতেছি, তুমি আমাদিগকে সেই বাঞ্ছিত ধন প্রদান কর।

৫। গোকাম এই সমস্ত মানবগণকে গোলাভদ্বারা চরিতার্থ কর। হে পূষা! তুমি দূরদেশেও প্রসিদ্ধি লাভ করিয়াছ।

৬। হে পূষা! আমরা অদ্যকার ও পরদিনের যজ্ঞসম্পাদনার্থ তোমার সেই রক্ষা প্রার্থনা করিতেছি; সে রক্ষা পাপ হইতে দূরস্থিত ও ধনের সন্নিকৃষ্ট।

---

(২) সূর্য্যকে অনেক স্থানেই উষার প্রণয়ী বা জার বলিয়া বর্ণনা করা হয়।

৫৭ সূক্ত।

ইন্দ্র ও পূষা দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে ইন্দ্র ও পূষা! অদ্য আমরা আমাদিগের মঙ্গলার্থ তোমাদের সহিত বন্ধুত্বের জন্য ও অন্নলাভের নিমিত্ত তোমাদিগকে আহ্বান করিতেছি।

২। তোমাদিগের মধ্যে এক ব্যক্তি অর্থাং ইন্দ্র পাত্র মধ্যে অভিষুত সোমরস পান করিবার নিমিত্ত গমন করেন এবং অপর ব্যক্তি অর্থাৎ পূষা করম্ভ ভোজন করিতে অভিলাষ করেন।

৩। একের বাহন ছাগগণ, অন্যের বাহন স্থূলকায় অশ্বদ্বয় এবং তিনি অর্থাৎ ইন্দ্র সেই অশ্বদ্বয়সহকারে বৃত্র সংহার করেন।

৪। যখন নিরতিশয় বর্ষণকারী ইন্দ্র মহাবৃষ্টি পাতিত করেন, তখন পূষা ইহার সহায় হন।

৫। আমরা বৃক্ষের সুদৃঢ় শাখার ন্যায় পূষা ও ইন্দ্রের অনুগ্রহ বুদ্ধির উপর নির্ভর করিয়া রহিয়াছি।

৬। সারথি যেরূপ রশ্মি আকর্ষণ করে আমাদিগের প্রকৃষ্ট কল্যাণের নিমিত্ত আমরাও তদ্রূপ পূষা ও ইন্দ্রকে আমাদিগের নিকট আকর্ষণ করিতেছি।

৫৮ সূক্ত।

পূষা দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে পূষা! তোমার একরূপ দিবা শুক্রবর্ণ ও অন্যরূপ রাত্রি কেবল যজনীয়। এইরূপে দিবা ও রাত্রির রূপ বিভিন্ন প্রকার। তুমি সূর্য্যের ন্যায় প্রকাশক, কারণ তুমি অন্নদাতা ও সর্ব্বপ্রকার জ্ঞান ধারণ কর. সম্প্রতি ত্বদীয় কল্যাণকর দান প্রকাশিত হউক।

২। যিনি ছাগবাহন ও পশুপালক, যাঁহার গৃহ অন্নপূর্ণ, তিনি স্তোতৃবর্গের প্রীতিপ্রদ। যিনি অখিল ভুবনের উপর স্থাপিত, সেই দেব পূষা সূর্য্যরূপে ভূতজাতকে প্রকাশিত করিয়া নিজহস্তে প্রতোদ উত্তোলন করিয়া নভোমণ্ডলে গমন করিতেছেন।

৩। হে পূষা; তোমার যে সমস্ত হিরণ্ময়ী নৌকা সমুদ্র মধ্যস্থ অন্তরিক্ষ মধ্যে সঞ্চরণ করে, তদ্দ্বারা তুমি সূর্য্যের দৌত্য কার্য্য সম্পাদন কর(১);

(১) "কদাচিদ্দেবৈঃ সার্দ্ধং সূর্য্যোঽসুরবধার্থং প্রস্থিতেসতি তস্য ভার্য্যা স্বতন্ত্রী সম্ভ্রান্তোৎসুকা বভূব তাং প্রতি সূর্য্যঃ পূষণং প্রাহৈষীৎ তেন চাত্র পূষা স্তূয়তে।" সায়ণ।

তুমি হব্য রূপ অন্নার্থী; স্তোতৃগণ তোমাকে স্বেচ্ছা প্রদত্ত পশ্বাদি দ্বারা বশীভূত করে।

৪। পূষা স্বর্গ ও পৃথিবীর শোভন বন্ধুস্বরূপ, অন্নের অধিপতি, ঐশ্বর্য্যশালী ও মনোজ্ঞ মূর্ত্তি। তিনি বলশালী, স্বেচ্ছাপ্রদত্ত পশ্বাদি দ্বারা প্রসাদযোগ্য ও শোভন গমনকারী তাঁহাকে দেবগণ সূর্য্য পত্নীর নিকট সমর্পণ করিয়াছিলেন।

৫৯ সূক্ত।

ইন্দ্র ও অগ্নি দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে ইন্দ্র ও অগ্নি! তোমরা যে বীরত্ব প্রকাশ করিয়াছ, সোমরস অভিষুত হইলে আমি তোমাদিগের সেই বীরত্ব আগ্রহ সহকারে কীর্ত্তন করি। দেবদ্বেষ্টা অসুরগণ তোমাদিগকর্ত্তৃক নিহত হইয়াছে, অথচ তোমরা অক্ষত রহিয়াছ।

২। হে ইন্দ্র ও অগ্নি! তোমাদিগের যে জন্মমাহাত্ম্য প্রতিপাদিত হয়, তৎ সমুদয় যথার্থ ও অতিশয় প্রশংসনীয়। তোমাদিগের উভয়েরই এক জনক: তোমরা উভয়ে যমজ ভ্রাতা ও তোমাদিগের মাতা সর্ব্বত্র বিদ্যমান আছেন।

৩। হে ইন্দ্র ও অগ্নি! দ্রুতগামী অশ্বদ্বয় যেরূপ ভক্ষণীয় ঘাসের অভিমুখে গমন করে, সোমরস অভিষুত হইলে তোমরাও সেইরূপ সমবেত হইয়া গমন কর। অদ্য আমরা রক্ষাহেতু বজ্রধর ও দানাদিগুণসম্পন্ন ইন্দ্র ও অগ্নিকে এই যজ্ঞে আহ্বান করিতেছি।

৪। হে যজ্ঞের সমৃদ্ধিবিধারক দেব ইন্দ্র ও অগ্নি! তোমাদিগের স্তোত্র সুপ্রসিদ্ধ। যে ব্যক্তি সোমরস অভিষুত হইলে অপ্রীতিকর স্তোত্রদ্বারা কুৎসিতরূপে তোমাদিগের স্তব করে, তোমরা তাহার প্রদত্ত সোম গ্রহণ কর না।

৫ হে দীপ্তিসম্পন্ন ইন্দ্র ও অগ্নি! কোন মর্ত্ত্য তোমাদিগের এই কার্য্যের বিচারক হইবে, যখন তোমাদিগের মধ্যে এক ব্যক্তি অর্থাৎ সূর্য্যাত্মক ইন্দ্র বিবিধরূপে গমনকারী অশ্বগণকে যোজিত করিয়া অগ্নির সহিত এক রথে আরোহণপূর্ব্বক গমন করেন।

৬। হে ইন্দ্র ও অগ্নি! পাদরহিত এই উষা প্রাণিবর্গের শিরোদেশ উত্তেজিত করিয়া এবং তাহাদিগকে জিহ্বাদ্বারা উচ্চ শব্দ করাইয়া পাদযুক্ত নিদ্রিত জীবগণের অভিমুখবর্ত্তিনী হইতেছেন, এবং এইরূপে ত্রিশপদ ত্রিংশৎ-মুহূর্ত্ত অতিক্রম করিতেছেন।

৭। হে ইন্দ্র ও অগ্নি! যোদ্ধৃ পুরুষগণ হস্তদ্বয়দ্বারা ধনুক বিস্তারিত করে। তোমরা এই মহাসংগ্রামে গোগণের অনুসন্ধান সময়ে আমাদিগকে পরিত্যাগ করিও না।

৮। হে ইন্দ্র ও অগ্নি! হননশীল, আক্রমণকারী শত্রুগণ আমাদিগকে পীড়িত করিতেছে। তুমি মদীয় শত্রুগণকে বিদূরিত কর ও তাহাদিগকে সূর্য্যদর্শন হইতে বঞ্চিত কর, অর্থাৎ বিনষ্ট কর।

৯। হে ইন্দ্র ও অগ্নি! তোমরা দিব্য ও পার্থিব সকল ধনেরই অধিপতি। অতএব এই যজ্ঞে আমাদিগকে সমগ্র জীবনপোষক ধন প্রদান কর।

১০। হে স্তোত্রদ্বারা আকর্ষণীয় ইন্দ্র ও অগ্নি! তোমরা আমাদিগের এই সোমরস পান করিবার নিমিত্ত আগমন কর, কারণ তোমরা স্তোত্র ও সমুদয় উপাসনা সমন্বিত আহ্বান শ্রবণ কর।

৬০ সূক্ত।

ইন্দ্র ও অগ্নি দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। যিনি বিপুল ধনের অধিপতি, বলপূর্ব্বক শত্রু নিধনকারী ও অন্নাভি-লাষী ইন্দ্র ও অগ্নির পরিচর্য্যা করেন, তিনি শত্রুসংহার ও অন্নলাভ করেন।

২। হে ইন্দ্র ও অগ্নি! তোমরা অপহৃত, ধেনুবৃন্দ, বারিরাশি, সূর্য্য ও উষা সকলের জন্য যুদ্ধ করিয়াছিলে। হে ইন্দ্র! তুমি দিক্‌সমূহ, সূর্য্য, উষা সকল, বিচিত্র সলিল ও গোগণকে ভুবনের সহিত যোজিত করিয়াছ। হে অগ্নি নিযুত সংখ্যক অশ্বের অধিপতি! তুমিও এইরূপ কার্য্য সম্পাদন করিয়াছ।

৩। হে বৃত্র সংহারকারী ইন্দ্র ও অগ্নি! তোমরা আমাদিগের হব্যান্ন-দ্বারা পরিপুষ্ট হইবার নিমিত্ত শত্রুনাশক বল সহকারে আমাদিগের অভি-মুখে আগমন কর। হে ইন্দ্র ও অগ্নি! তোমরা অনিন্দনীয় ও অত্যুৎকৃষ্ট ধনের সহিত আমাদিগের নিকট আবির্ভূত হও।

৪। পূর্ব্বকালে যাঁহাদিগের সমস্ত বীরকার্য্য ঋষিগণ কর্ত্তৃক কীর্ত্তিত হইয়াছে, আমি সেই ইন্দ্র ও অগ্নিকে আহ্বান করিতেছি। তাঁহারা স্তোতৃবর্গের হিংসা করেন না।

৫। আমরা প্রচণ্ড বলশালী, শত্রুনিধনকারী ইন্দ্র ও অগ্নিকে আহ্বান করিতেছি। তাঁহারা যেন ঈদৃশ সংগ্রামে আমাদিগকে কৃতকার্য্য করিয়া সুখী করেন।

৬। সাধুগণের রক্ষাকারী ইন্দ্র ও অগ্নি ধার্ম্মিক ও অধার্ম্মিক কৃত সমস্ত উপদ্রব নিবারণ করিতেছেন। তাঁহার সমুদয় বিদ্বেষকারিগণকে সংহার করিয়াছেন।

৭। হে ইন্দ্র ও অগ্নি! এই সকল স্তোতা তোমাদিগের স্তব করিতেছেন। হে সুখপ্রদানকারী ইন্দ্র ও অগ্নি! তোমরা অভিষুত এই সোমরস পান কর।

৮। হে নেতা ইন্দ্র ও অগ্নি! তোমাদিগের বহুলোকস্পৃহনীয় ও হব্যদাতার নিমিত্ত উৎপন্ন যে নিযুত অশ্ব আছে, তোমরা সেই সমস্ত অশ্বে আরোহণপূর্ব্বক আগমন কর।

৯। হে নেতা ইন্দ্র ও অগ্নি! তোমরা এই সবনে অভিষুত সোমরস পান করিবার নিমিত্ত আগমন কর।

১০। হে স্তবকারী! যিনি শিখাদ্বারা সমগ্র বনসমূহকে আচ্ছন্ন করেন এবং জ্বালারূপ জিহ্বাদ্বারা তাহাদিগকে কৃষ্ণবর্ণ করেন, তুমি সেই অগ্নির স্তব কর।

১১। যে মর্ত্ত্য প্রজ্বলিত অগ্নিকে ইন্দ্রের সুখ দায়ক হব্য প্রদান করেন, ইন্দ্র সেই ব্যক্তির দীপ্তিসম্পন্ন অন্নের নিমিত্ত কল্যাণকর বারিবর্ষণ করেন।

১২। হে ইন্দ্র ও অগ্নি! তোমরা আমাদিগকে বলবান্ অন্ন এবং অস্মদীয় হব্য বলবান্ করিবার নিমিত্ত বেগবান্ অশ্ব সকল প্রদান কর।

১৩। হে ইন্দ্র ও অগ্নি! আমি হোমদ্বারা তোমাদিগকে অনুকূল করিবার জন্য তোমাদিগের উভয়কেই আহ্বান করিতেছি। হব্যদ্বারা যুগপৎ তৃপ্তিবিধান করিবার নিমিত্ত আমি উভয়কেই আহ্বান করিতেছি। তোমরা উভয়েই ধনদাতা ও অন্নদাতা, অতএব আমি অন্নলাভার্থ উভয়কেই আহ্বান করিতেছি।

১৪। হে ইন্দ্র ও অগ্নি! তোমরা গোসমূহ, অশ্বসমূহ ও বিপুল ধন-

সহকারে আমাদিগের অভিমুখে গমন কর। আমরা মিত্রতা লাভের নিমিত্ত মিত্রভূত, দানাদিগুণসম্পন্ন ও সুখপ্রদাতা ইন্দ্র ও অগ্নিকে আহ্বান করিতেছি।

১৫। হে ইন্দ্র ও অগ্নি! তোমরা সোমাভিষবকারী যজমানের আহ্বান শ্রবণ কর। তোমরা হব্য কামনা কর, আগমন কর এবং মধুর সোমরস পান কর।

৬১ সূক্ত।

সরস্বতী দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। এই সরস্বতী দেবী হব্যদাতা বধ্র্যশ্বকে বেগসম্পন্ন ও ঋণমোচনকারী দিবোদাস নামক একটী পুত্র প্রদান করিয়াছেন। তিনি নিয়ত কেবল আত্মচিন্তনকারী দানবিমুখ পণি সংহার করিয়াছেন। হে সরস্বতী দেবি! ত্বদীয় এই সমস্ত দান অতি মহৎ।

২। এই নদীরূপী সরস্বতী মৃণালখননকারীর ন্যায় প্রবল ও বেগবান্ তরঙ্গসহকারে পর্ব্বতসানু সকল ভগ্ন করিতেছেন। আমরা রক্ষার নিমিত্ত স্তুতি ও যজ্ঞদ্বারা উভয় কুলনাশিনী সরস্বতীর পরিচর্য্যা করিতেছি।

৩। হে সরস্বতি! তুমি দেবনিন্দকগণকে বধ করিয়াছ এবং সর্ব্বব্যাপী মায়াবী বৃসয়ের পুত্রকে সংহার করিয়াছ(১)। হে অন্নসম্পন্না সরস্বতী দেবি! তুমি মানবগণকে ভূমি প্রদান করিয়াছ এবং তাহাদিগের জন্য বারিবর্ষণ করিয়াছ।

(১) সায়ণ বলেন বৃসয় ত্বষ্টার একটী নাম এবং তাহার পুত্র বৃত্র, যে বৃত্রকে ইন্দ্র বধ করেন। সায়ণ আরও বলেন যে ইন্দ্র ত্বষ্টার বিশ্বরূপ নামে এক পুত্রকে হনন করিলে পর ত্বষ্টা একটী সোম যজ্ঞ করেন. ইন্দ্র আহূত না হইলেও তথায় আসিয়া সোম পান করিয়া যান। তাহাতে ত্বষ্টা আরও ক্রুদ্ধ হইয়া "ইন্দ্র ঘাতক" এক পুত্র পাইবার জন্য যজ্ঞ করেন। উচ্চারণ দোষে "ইন্দ্র ঘাতক" শব্দ ষষ্ঠীতৎপুরুষ সমাসে গৃহীত না হইয়া বহুব্রীহি সমাসে গৃহীত হইল, সুতরাং ত্বষ্টার বৃত্র নামে দ্বিতীয় যে পুত্র হইল, ইন্দ্র তাহারও ঘাতক হইলেন।

ইন্দ্র ত্বষ্টার এক পুত্র বিশ্বরূপকে হনন করিয়াছিলেন, ঋগ্বেদে তাহা স্থানে স্থানে দেখিতে পাওয়া যায়। ২।১১।১৯ ঋক ও টীকা দেখ; কিন্তু বৃত্র যে ত্বষ্টার দ্বিতীয় সন্তান তাহার কোনও উল্লেখ আমি ঋগ্বেদে পাই নাই এবং মন্ত্রের উচ্চারণ দোষে সেই বৃত্র

৪। দানশালিনী, অন্নসম্পন্না স্তোতৃবর্গের রক্ষাকারিণী সরস্বতী যেন অন্নদ্বারা সম্যক্‌রূপে আমাদিগের তৃপ্তি সাধন করেন।

৫। হে দেবি সরস্বতি! যে ব্যক্তি তোমাকে ইন্দ্রের ন্যায় স্তব করে, সেই ব্যক্তি যখন ধনলাভার্থ যুদ্ধে প্রবৃত্ত হয়, তাহাকে তুমি তখন রক্ষা করিও।

৬। হে অন্নশালিনী, দেবি সরস্বতি! তুমি সংগ্রামে আমাদিগকে রক্ষা করিও এবং পূষার ন্যায় আমাদিগকে ভোগযোগ্য ধন প্রদান করিও।

৭। ভীষণা, হিরণ্ময় রথে আরূঢ়া শত্রুঘাতিনী সেই সরস্বতী যেন আমাদিগের মনোহর স্তোত্র কামনা করেন।

৮। যাঁহার অপরিমিত, অকুটিল দীপ্ত, অপ্রতিহতগতি, জলবর্ষীবেগ প্রচণ্ড শব্দ করিয়া বিচরণ করে।

৯। নিয়ত ভ্রমণকারী সূর্য্য যেরূপ দিন সকলকে আনয়ন করেন, তদ্রূপ সেই সরস্বতী যেন আমাদিগের সমস্ত শত্রুকে পরাজিত করেন এবং সলিলময়ী নিজ অন্যান্য ভগিনীগণকে আমাদিগের নিকট আনয়ন করেন।

১০। সপ্ত নদীরূপ সপ্ত ভগিনী সম্পন্না(২) প্রাচীন ঋষিগণ কর্তৃক সম্যক্‌রূপে সেবিতা, আমাদিগের প্রিয়তমা সরস্বতী দেবী যেন নিয়ত আমাদিগের স্তুতি ভাজন হন।

১১। পৃথিবী ও স্বর্গের বিস্তীর্ণ প্রদেশ সকলকে যিনি নিজ দীপ্তিদ্বারা পূর্ণ করিয়াছেন, সেই সরস্বতী দেবী যেন নিন্দক হইতে আমাদিগকে রক্ষা করেন।

ইন্দ্রের ঘাতক না হইয়া ইন্দ্র তাহার ঘাতক হইয়াছিলেন, এই মন্ত্রোচ্চারণ স্পর্দ্ধী পুরোহিত কল্পিত বালকোচিত উপন্যাস ঋগ্বেদের সময়ের নহে, অনেক পরে পুরোহিত প্রাধান্যের সময় সৃষ্ট হইয়াছে।

যে ইউরোপীয় পণ্ডিতগণ পণিকর্তৃক গাভী অপহরণের কথা এবং গ্রীক্ ভাষায় ইলিয়দের গল্প একই মনে করেন, তাঁহারা বৃষয় ও Briseisকেও এক মনে করেন।
"In the Iliad, Briseis, the daughter of Brises, is one of the first captives taken by the advancing army of the West. In the Veda, before the bright powers reconquer the light that had been stolen by Pani, they are said to have conquered the offspring of Brisaya,"—Max Muller's *Science of Language* (1882), vol. II, p. 515. ১।৬১।৫ ঋকের টীকা দেখ।

(২) এখানেও সপ্ত নদীর উল্লেখ আছে।

১২। ত্রিলোকব্যাপিনী, সপ্তাবয়বা, পঞ্চশ্রেণীর(৩) সমৃদ্ধিবিধায়িনী সরস্বতী দেবী যেন প্রতিযুদ্ধে লোকের আহ্বানযোগ্যা হন।

১৩। যিনি মাহাত্ম্য ও কীর্ত্তিদ্বারা ইহাদিগের মধ্যে সুপ্রসিদ্ধ; যিনি নদীসমূহের মধ্যে সমধিক বেগবতী; যিনি শ্রেষ্ঠতা হেতু নিরতিশয় গুণ-শালিনী হইয়াছেন, সেই সরস্বতী জ্ঞানী স্তোতার স্তুতিভাজন হয়েন।

১৪। হে সরস্বতি! তুমি আমাদিগকে প্রশস্ত ধনে লইয়া যাও। তুমি আমাদিগকে হীন করিও না। অধিক জলদ্বারা আমাদিগকে উৎপীড়িত করিও না। তুমি আমাদিগের বন্ধুত্ব ও গৃহ স্বীকার কর। আমরা যেন তোমার নিকট হইতে অপকৃষ্টস্থানে গমন না করি (৪)।

৬২ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। যাঁহারা ক্ষণমাত্রে শত্রু নিবারণ করেন এবং প্রভাতে পৃথিবীর পর্য্যন্ত প্রদেশ হইতে প্রভূত অন্ধকার দূর করেন, দ্যুলোকের নেতা, এই ভুবনের ঈশ্বর, সেই অশ্বিদ্বয়কে স্তুতি করি এবং মন্ত্রসমূহদ্বারা স্তুতি করতঃ আহ্বান করি।

২। তাঁহারা যজ্ঞাভিমুখে আগমন করতঃ নির্ম্মল তেজোবলে রথের দীপ্তি প্রকাশিত করেন এবং প্রভূত তেজঃসমূহ অপরিমিতরূপে নির্ম্মাণ করতঃ জলের জন্য অশ্বসমূহকে মরুদেশ অতিক্রম করিয়া লইয়া যান।

৩। হে অশ্বিদ্বয়! তোমরা উগ্র, তোমরা সেই অসমৃদ্ধ গৃহে গমন কর, এবং এই প্রকারে অভিলষণীয় ও মনের ন্যায় বেগশালী অশ্বগণ দ্বারা স্তোতৃ-গণকে লইয়া যাও। তোমরা হব্যদাতা মনুষ্যের হিংসাকারীকে দমন কর।

৪। তাঁহারা অশ্বযোজিত করিতে করিতে সুন্দর অন্ন, পুষ্টি এবং রস বহন করতঃ নূতন স্তোত্রকারীর মনোহর স্তোত্র সমীপে আগমন করুন। তাঁহারা যুবা। হোতা, দ্রোহশূন্য এবং পুরাণ অগ্নি তাঁহাদের যাগ করুন।

৫। যাঁহারা স্তুতিকারী এবং স্তোত্রকারী ব্যক্তিকে সুখশালী করেন

(৩) এখানে "পঞ্চ জাতা" অর্থে সায়ণ চারি জাতি ও নিষাদ করিয়াছেন।

(৪) অর্থাৎ সরস্বতী নদীতীরবাসী আর্য্যগণ তথায়ই চিরকাল বাস করিতে ইচ্ছা প্রকাশ করিতেছেন।

এবং স্তুতিকারীকে বহুবিধ দান করেন, সেই রুচির, বহুকর্ম্মবিশিষ্ট, পুরাণ এবং দর্শনীয় অশ্বিদ্বয়কে নূতন স্তুতিদ্বারা পরিচর্য্যা করিব।

৬। তোমরা তুগ্রের পুত্র ভুজ্যুকে রক্ষা করতঃ রেণুরহিত মার্গে রথযুক্ত, গমনশীল অশ্বগণদ্বারা জলের উৎপত্তি স্থান, সমুদ্রের জল হইতে বাহির করিয়াছ।

৭। হে রথারূঢ় অশ্বিদ্বয়! তোমরা জয়শীল রথদ্বারা পর্ব্বত বিনাশ কর। তোমরা অভীষ্টবর্ষী, তোমরা পুত্রার্থিনীর আহ্বান শ্রবণ কর। তোমরা অভিলষিত দান করিয়া থাক। তোমরা স্তুতিকারীর নিবৃত্ত প্রসবা গাভীকে দুগ্ধযুক্ত কর এবং এই প্রকারে সুস্তুতিগামী হইয়া সর্ব্বত্রগামী হও।

৮। হে পুরাতনী দ্যাবাপৃথিবী! হে আদিত্যগণ! হে বসুগণ! হে রুদ্রপুত্রগণ! অশ্বিদ্বয়ের পরিচারক মনুষ্যগণের প্রতি দেবগণের যে মহান্ ক্রোধ আছে, তোমরা সেই তাপপ্রদ ক্রোধকে রাক্ষস স্বামীর হননার্থ প্রেরণ কর।

৯। যে ব্যক্তি, লোকসমূহের রাজা, এই অশ্বিদ্বয়কে যথাকালে পরিচর্য্যা করেন, মিত্র এবং বরুণ তাঁহাকে জানেন। তিনি মহাবল রাক্ষসের বিরুদ্ধে অস্ত্রক্ষেপ করেন, অভিদ্রোহাত্মক মনুষ্যগণের বচনানুসারে অস্ত্রক্ষেপ করেন।

১০। হে অশ্বিদ্বয়! তোমরা উত্তম চক্রবিশিষ্ট, দীপ্তিবিশিষ্ট, সারথিযুক্ত রথে আরোহণ করিয়া সন্তান দানের জন্য আমাদিগের গৃহে আগমন কর, এবং ক্রোধ ত্যাগ করতঃ মনুষ্যগণের বিঘ্নকারীদিগের মস্তক ছিন্ন কর।

১১। হে অশ্বিদ্বয়! তোমরা উৎকৃষ্ট, মধ্যম ও নিকৃষ্ট অশ্বযোগে আমাদের অভিমুখে আগমন কর, দৃঢ়, গোপূর্ণ গোষ্ঠের দ্বার অপাবৃত কর, আমি স্তুতি করিতেছি, আমাকে বিচিত্র ধন দান কর।

৬৩ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। দূতের ন্যায় প্রেরিত হব্যযুক্ত, স্তোম মনোহর, পুরুহূত অশ্বিদ্বয় যেখানেই অবস্থিতি করুন যেন তাঁহাদিগকে লাভ করে। এই স্তোম নাসত্যদ্বয়কে আমাদের অভিমুখে আবর্ত্তিত করিয়াছিল। হে অশ্বিদ্বয়! তোমরা স্তোতার স্তোত্রে প্রীত হও।

২। হে অশ্বিদ্বয়! তোমরা আমাদের আহ্বান অনুসারে পর্য্যাপ্ত প্রকারে গমন কর, তোমরা স্তূয়মান হইয়া সোমপান কর, আমাদিগের গৃহ শত্রু হইতে রক্ষা কর, দূরবর্ত্তী অথবা নিকটবর্ত্তী শত্রু যেন উহাকে হিংসা করিতে না পারে।

৩। তোমাদের জন্য সোমের বিস্তীর্ণ অভিষব প্রস্তুত করা হইয়াছে। মৃদুতম বর্হি বিস্তীর্ণ করা হইয়াছে, তোমাদিগকে অভিলাষ করিয়া কৃতাঞ্জলি হইয়া লোকে বন্দনা করিতেছে। প্রস্তর সকল তোমাদিগকে ব্যাপ্ত করতঃ সোমরস ব্যক্ত করিয়াছে।

৪। অগ্নি তোমাদিগের যজ্ঞের জন্য উর্দ্ধে উত্থিত হন এবং যজ্ঞে গমন করেন এবং হব্যপ্রদত্ত ও ঘৃতযুক্ত হন। যিনি নাসত্যদ্বয়কে স্তোত্রযুক্ত করেন, সেই হোতা, বহুকর্ম্মা ও অত্যন্ত উদ্‌যুক্ত মনস্ক হন।

৫। হে অনেকের রক্ষক অশ্বিদ্বয়! সূর্য্যদুহিতা, তোমাদিগের বহুরক্ষক রথ শোভিত করিবার জন্য অধিষ্ঠান করিয়াছিলেন। তোমরা দেবগণের এই জন্মে প্রজ্ঞাবলে প্রাজ্ঞ, নেতা এবং নৃত্যশালী হও।

৬। তোমরা এই দর্শনীয় কান্তিদ্বারা সূর্য্যের শোভার জন্য পুষ্টিপ্রাপ্ত হও। তোমাদিগের অশ্বগণ শোভার জন্য প্রকর্ষরূপে অনুগমন করে। হে স্তুতিযোগ্য অশ্বিদ্বয়! সুন্দররূপে স্তুত স্তুতিসমূহ তোমাদিগকে ব্যাপ্ত করে।

৭। হে নাসত্যদ্বয়! গমনশীল, অত্যন্ত বহনপটু অশ্বগণ তোমাদিগকে অন্ন অভিমুখে বহন করুক। তোমাদিগের মনের ন্যায় বেগশালী রথ সম্পর্কযোগ্য এবং অভিলষণীয় প্রভূত অন্নের জন্য বিসৃষ্ট হইয়াছে।

৮। হে অনেকের রক্ষক অশ্বিদ্বয়! তোমাদিগের অনেক ধন আছে অতএব তোমরা আমাদিগকে প্রীত কর এবং অন্য সংক্রমণরহিত অন্ন দান কর। হে মাদয়িতা অশ্বিদ্বয়! তোমাদিগের স্তোতা আছে, সুন্দর স্তুতি আছে এবং যাহা তোমাদিগের দানের উদ্দেশে গমন করে, এরূপ সোমরসও আছে।

৯। আর পুরয়ের ঋজুগামী এবং শীঘ্রগামী বড়বাদ্বয় আমার হইয়াছে। সুমীঢ়ের শত গাভী আমার হইয়াছে, পেরুকের পক্ব অন্ন আমার হইয়াছে। শান্ত রাজা অশ্বিদ্বয়ের স্তোতাকে হিরণ্যযুক্ত, সুদর্শন দশ রথ দিয়াছেন এবং তদনুরূপ শত্রুনাশক দর্শনীয় পুরুষও দিয়াছেন।

১০। হে নাসত্যদ্বয়! পুরুপন্থা তোমাদিগের স্তোতাকে শত ও সহস্র

অশ্ব দান করে। হে বীর অশ্বিদ্বয়! তিনি স্তুতিকারী ভরদ্বাজকে শীঘ্র দান করুন। হে বহুকর্ম্মবিশিষ্ট অশ্বিদ্বয়! রাক্ষসসমূহ হত হউক।

১১। হে অশ্বিদ্বয়! আমি যেন বিদ্বান্ ব্যক্তিগণের সহিত তোমাদিগের সুখাবহ ধনে পরিবেষ্টিত হই।

৬৪ সূক্ত।

উষা দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। দীপ্তিমতী, শুক্লাবর্ণা উষাসমূহ, শোভার জন্য জলোর্ম্মির ন্যায় উত্থিত হইতেছেন। উষা সমস্ত স্থান, সুপথ বিশিষ্ট ও সুখে গমনযোগ্য করিতেছেন। ধনবতী উষা প্রশস্তা এবং সমৰ্দ্ধয়িত্রী।

২। হে উষাদেবি! তুমি কল্যাণীরূপে দৃষ্ট হইতেছ এবং বিস্তৃত হইয়া শোভা পাইতেছ। তোমার দীপ্তিমান্ রশ্মিসমূহ অন্তরিক্ষে উৎপতিত হইতেছে। তুমি তেজঃসমূহে শোভমানা ও দীপ্যমানা হইয়া রূপ প্রকাশ করিতেছ।

৩। লোহিতবর্ণ, দীপ্তিমান্ রশ্মিসমূহ, সুভগা, বিস্তীর্ণা প্রথমান এই উষা দেবতাকে বহন করে। ক্ষেপণশীল বীর যেরূপ শত্রু দূর করে, সেইরূপ উষা তমঃ দূর করেন এবং ক্ষিপ্রগামী সেনানায়কের ন্যায় তমঃসমূহকে বাধা দেন।

৪। পর্ব্বতসমূহ এবং বায়ুশূন্য প্রদেশ তোমার পক্ষে সুপথ এবং সুগম। হে স্বপ্রকাশবিশিষ্ট! তুমি অন্তরিক্ষ পার হইয়া থাক। হে মহৎ-রথবিশিষ্টা, দর্শনীয়া দ্যুলোকদুহিতা! তুমি আমাদিগকে অভিলষণীয় ধন দান কর।

৫। হে উষাদেবি! তুমি আমাকে ধন দান কর, তুমি অপ্রতিহত হইয়া প্রীতিপূর্ব্বক অশ্বদ্বারা ধন বহন করিয়া থাক। হে দ্যুলোকদুহিতা! তুমি দীপ্তিমতী, তুমি প্রথম আহ্বানে পূজনীয়া হইয়া থাক, অতএব তুমি দর্শনীয়া হও।

৬। হে উষাদেবি! তুমি প্রকাশ হইলে পর পক্ষিগণ বাসস্থান হইতে উত্থিত হয় এবং হব্যভাক্ মনুষ্যগণ উত্থিত হয়। তুমি, সমীপে বর্ত্তমান হব্যদাতা মনুষ্যকে প্রভূত ধন দান কর।

৬৫ সূক্ত।

উষা দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। যিনি, দীপ্তিমান্ কিরণযুক্ত হইয়া রাত্রিতে তেজঃ পদার্থ ও অন্ধকার-সমূহ তিরস্কৃত করিয়া দৃষ্ট হন, এই সেই দ্যুলোকজাতা দুহিতা উষা আমাদিগের জন্য অন্ধকার দূর করতঃ প্রজাগণকে প্রকাশিত করিতেছেন।

২। কান্তিযুক্ত রথবিশিষ্টা, উষাদেবী সেই সময়ে বৃহৎ যজ্ঞের প্রথমাংশ সম্পাদন করতঃ অরুণবর্ণবিশিষ্ট অশ্বদ্বারা বিস্তীর্ণরূপে গমন করেন, বিচিত্ররূপে শোভা পান এবং নিশার অন্ধকার সম্যক্‌রূপে অপনোদন করেন।

৩। হে উষাদেবীগণ! তোমরা, হব্যদাতা মনুষ্যকে কীর্ত্তি, বল, অন্ন, এবং রস দান করিয়া থাক, তোমরা ধনবতী এবং গমনশীলা। তোমরা অদ্য পরিচর্য্যাকারীকে পুত্রপৌত্রাদিযুক্ত অন্ন এবং ধন দান কর।

৪। হে উষাদেবীগণ! এক্ষণে তোমাদের পরিচর্য্যাকারীর জন্য ধন আছে, এক্ষণে বীর হব্যদাতার জন্য তোমাদের ধন আছে, এক্ষণে প্রাজ্ঞ স্তুতিকারীর জন্য তোমাদের ধন আছে। যাহাতে উক্‌থ আছে, পূর্ব্বকালের ন্যায় মৎসদৃশ ব্যক্তিকে সেই ধন দান কর।

৫। হে সানুপ্রিয় উষাদেবি! অঙ্গিরাগণ তোমার প্রসাদে সদ্যই গাভী-সমূহ ছাড়িয়া দিয়াছিলেন এবং অর্চ্চনীয় স্তোত্রদ্বারা তমঃ ভেদ করিয়াছিলেন। নেতা অঙ্গিরাগণের দেববিষয়ক স্তুতি সত্য ফলবিশিষ্ট হইয়াছিল।

৬। হে দ্যুলোকদুহিতা উষা! প্রাচীন ব্যক্তিদিগের ন্যায় আমাদের জন্য তমঃ দূর কর। হে ধনবতী উষা! আমি ভরদ্বাজের ন্যায় পরিচর্য্যা করিতেছি, তুমি আমাকে পুত্রপৌত্রাদিবিশিষ্ট ধন দান কর। তুমি আমাদিগকে অনেকের গন্তব্য অন্ন দান কর।

৬৬ সূক্ত।

মরুৎগণ দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। মরুৎগণের সেই সমান, ও স্থির পদার্থে অবনমনকারী প্রীতিকর, ও বেগবান্ বপুঃ বিদ্বান্ স্তোতার নিকট শীঘ্র প্রাদুর্ভূত হউক। উহা অন্তরিক্ষে একবার শুক্লবর্ণ জল ক্ষরণ করে এবং মর্ত্তলোকে অন্য পদার্থ দোহন করিবার জন্য বৃদ্ধি প্রাপ্ত হয়।

২। যাঁহারা সমৃদ্ধিশালী অগ্নির ন্যায় দীপ্তি পান, যাঁহারা দ্বিগুণ এবং ত্রিগুণ বৃদ্ধি প্রাপ্ত হন, সেই মরুৎগণের রথ ধূলিরহিত এবং সুবর্ণালঙ্কারবিশিষ্ট। তাঁহারা ধন এবং বলের সহিত প্রাদুর্ভূত হন।

৩। অভীষ্টবর্ষী রুদ্রের যে পুত্র মরুৎগণ আছেন এবং যাঁহাদিগকে ধারণকারী অন্তরিক্ষ ধারণ করিতে সক্ষম, সেই মহান্ মরুৎগণের মাতা মহতী। ঐ অন্তরিক্ষ মনুষ্যগণের উৎপত্তির জন্য গর্ভ জল ধারণ করেন।

৪। যাঁহারা স্তোতৃগণের নিকট যানযোগে গমন করিতে ইচ্ছা করেন না, কিন্তু তাঁহাদের অন্তঃকরণ মধ্যে বিদ্যমান থাকিয়া পাপসমূহ শোধিত করেন, যাঁহারা দীপ্তিমান্, যাঁহারা স্তোতৃগণের অভিলাষানুসারে জল দোহন করেন। যাঁহারা দীপ্তিযুক্ত হইয়া স্বশরীর প্রকাশ করেন এবং ভূমি সিক্ত করেন।

৫। সমীপগামী স্তোতৃগণ যাঁহাদিগের উদ্দেশে মারুৎ স্তোত্র উচ্চারণ করতঃ শীঘ্র অভিলষিত লাভ করিতেছেন, এবং যাঁহারা অপহর্ত্তা, গমনশীল ও মহত্ত্বযুক্ত হইতেছেন, সম্প্রতি সুন্দর দানবিশিষ্ট যজমান সেই উগ্র মরুৎ-গণকে বীতক্রোধ করিতেছেন।

৬। তাঁহারা উগ্র এবং বলশালী, তাঁহারা ধর্ষক সেনাগণকে সুরূপা দ্যাবাপৃথিবীর সহিত যোজিত করেন। ইঁহাদিগের প্রতিরোদসী স্বদীপ্তি-বিশিষ্টা বলবান্ মরুৎগণেতে দীপ্তি থাকে না।

৭। হে মরুৎগণ! তোমাদিগের রথ পাপরহিত হউক। স্তোতা সারথি না হইয়াও যাহাকে চালনা করে, সেই রথ অশ্বরহিত হইয়াও, আহার রহিত ও পাশ রহিত হইয়াও, জলপ্রেরক এবং অভীষ্টপ্রদ হইয়া দ্যাবা-পৃথিবী ও অন্তরীক্ষমার্গে গমন করে।

৮। হে মরুৎগণ! তোমরা যাহাকে সংগ্রামে রক্ষা কর, তাহার প্রেরকও নাই ও হিংসিতাও নাই। তোমরা যাঁহাকে পুত্র, পৌত্র, গাভী এবং জল বিষয়ে রক্ষা কর, তিনি সংগ্রামে দীপ্ত শত্রুর গাভীসমূহ বিদীর্ণ করেন।

৯। হে অগ্নি! যাঁহারা বলদ্বারা শত্রুগণের বল অভিভূত করেন, যে মহান্ মরুৎগণ হইতে পৃথিবী কম্পিত হয়, সেই শব্দকারী, ত্বরিত বলবান্ মরুৎগণকে দর্শনীয় অন্ন দান কর।

১০। মরুৎগণ যজ্ঞের ন্যায় দ্যোতমান, শীঘ্রগামী অগ্নিরশ্মির ন্যায় দীপ্তি-মান্ এবং অর্চ্চনীয়, তাঁহারা শত্রুগণের প্রকম্পক ব্যক্তিগণের ন্যায় বীর, দীপ্ত শরীরবিশিষ্ট এবং অনভিভূত।

১১। আমি, সেই বর্দ্ধমান, দীপ্তিমান্ খড়্গবিশিষ্ট, রুদ্রের পুত্র মরুৎগণকে স্তোত্রদ্বারা পরিচর্য্যা করি। স্তোতার নির্ম্মল স্তুতিসমূহ উগ্র হইয়া মেঘের স্থায় মরুৎগণের বলের প্রতি স্পর্দ্ধা করিতেছে।

---

৬৭ সূক্ত।

মিত্র ও বরুণ দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। সকলের জ্যেষ্ঠতম, হে মিত্র বরুণ! তোমরা দুই জনে অসম ও যন্তৃশ্রেষ্ঠ এবং রজ্জুর স্থায় স্বীয় বাহুদ্বারা জনগণকে সংযত কর। আমি তোমাদিগকে স্তুতিদ্বারা বর্দ্ধিত করি।

২। হে প্রিয় মিত্র বরুণ! আমাদিগের এই স্তুতি, তোমাদিগকে প্রচ্ছাদিত করে, হব্যের সহিত তোমাদিগের নিকট গমন করে এবং তোমাদিগের যজ্ঞাভিমুখে গমন করে। হে সুন্দর দানবিশিষ্ট মিত্র ও বরুণ! আমাদিগকে শীতাদির নিবারক অনভিভূত গৃহ দান কর।

৩। হে প্রিয় মিত্র বরুণ! তোমরা স্তোত্রদ্বারা সুন্দররূপে স্তুত হইয়া উপাগত হও। কর্ম্মনিযুক্ত পুরুষ যেমন কর্ম্মদ্বারা অন্নাভিলাষী ব্যক্তিগণকে সংযত করে, তোমরা মহিমাদ্বারা সেইরূপ কর।

৪। যাঁহারা অশ্বের স্থায় বলশালী, পূতস্তোত্রবিশিষ্ট এবং সত্যভূত, অদিতি সেই গর্ভভূত মিত্র ও বরুণকে ধারণ করিয়াছিলেন। যাঁহারা জন্মিবামাত্রেই মহান্ হইতেও মহান্ এবং হিংসক মনুষ্যের ঘাতক, অদিতি তাঁহাদিগকে ধারণ করিয়াছিলেন।

৫। সমস্ত দেবগণ পরস্পর প্রীতিযুক্ত হইয়া তোমাদের মহত্ব কীর্ত্তন করতঃ বল ধারণ করিয়াছেন। তোমরা বিস্তীর্ণা দ্যাবাপৃথিবীকে পরিভূত কর। তোমাদিগের অহিংসিত এবং অমূঢ় রশ্মি আছে।

৬। তোমরা প্রতিদিবস বল ধারণ কর এবং অন্তরিক্ষের উন্নত প্রদেশ খোঁটার স্থায় দৃঢ়রূপে ধারণ কর। তোমাদিগের কর্ত্তৃক দৃঢ়ীকৃত মেঘ অন্তরিক্ষে ব্যাপ্ত হয় এবং বিশ্বদেব মনুষ্যের হব্যে তৃপ্ত হইয়া ভূমিতে এবং দ্যুলোকে ব্যাপ্ত হন।

৭। তোমরা সোমদ্বারা উদর পূর্ণ করিবার জন্ম প্রাজ্ঞ ব্যক্তিকে ধারণ কর। হে বিশ্বজিত্বা মিত্র ও বরুণ! যখন ঋত্বিক্‌গণ যজ্ঞগৃহ পূর্ণ করে এবং

যখন তোমরা জল প্রেরণ কর, তখন যুবতীগণ (১) মৃষ্ট হয় না; বরং অশুষ্ক হইয়া বিভূতি ধারণ করে।

৮। মেধাবী ব্যক্তি তোমাদিগের নিকট বাক্যদ্বারা সর্ব্বদা এই জল যাচ্ঞা করেন। হে ঘৃতান্নবিশিষ্ট মিত্র ও বরুণ! যেরূপে তোমাদিগের অভিগন্তা যজ্ঞে মায়ারহিত হয়, তোমাদিগের সেরূপ মহিমা হউক। তোমরা হব্যদাতার পাপ বিনাশ কর।

৯। হে মিত্র ও বরুণ! যাহারা স্পর্দ্ধা করিয়া তোমাদিগের কর্ত্তৃক বিহিত এবং তোমাদিগের প্রিয় কর্ম্মের বিঘ্ন করে, যে দেবগণ ও মনুষ্যগণ স্তোত্রযুক্ত হয় না, যাহারা কর্ম্মবান্ হইয়াও যজ্ঞযুক্ত নহে এবং যাহারা পুত্রস্বরূপ নহে, তাহাদিগকে বিনাশ কর।

১০। যখন মেধাবিগণ স্তুতি উচ্চারণ করেন, কেহ কেহ স্তুতি করতঃ নিবিৎসমূহ পাঠ করেন এবং আমরা তোমাদিগের উদ্দেশে শত উক্থসমূহ উচ্চারণ করি, তখন তোমরা মহিমা করিয়া দেবগণের সহিত চলিয়া যাও না।

১১। হে রক্ষক মিত্র ও বরুণ! যখন স্তুতিসমূহ উচ্চারিত হয় এবং যখন ঋজুগামী, ধর্ষক, অভীষ্টবর্ষী সোমকে যজ্ঞে সংযুক্ত করে, তখন গৃহদানের জন্য তোমরা অভিগত হইলে তোমাদিগের কর্ত্তৃক দেয় গৃহ যে অবিচ্ছিন্ন হয় ইহা সত্য।

৬৮ সূক্ত।

ইন্দ্র ও বরুণ দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে মহান্ ইন্দ্র ও বরুণ! মনুর ন্যায় কুশ বিস্তারকারী যজমানের অন্নের জন্য এবং সুখের জন্য যে যজ্ঞ আরদ্ধ হয়, অদ্য তোমাদিগের জন্য ক্ষিপ্র সেই যজ্ঞ ঋত্বিক্‌গণের দ্বারা প্রবৃত্ত হইয়াছে।

২। তোমরা শ্রেষ্ঠ, তোমরা যজ্ঞে ধন প্রেরক এবং শূরগণের মধ্যে অতিশয় বলবান্। তোমরা দাতাগণের মধ্যে শ্রেষ্ঠ দাতা, বহুবলশালী, সত্যের দ্বারা শত্রুগণের হিংসক এবং সর্ব্বসেনাবিশিষ্ট।

(১) অর্থাৎ নদী অথবা দিক্‌সকল ধূলিদ্বারা অভিভূত হয় না। সায়ণ।

৩। স্তুতি, বল এবং সুখের দ্বারা স্তুত সেই ইন্দ্র ও বরুণকে স্তুতি কর। এক জন বজ্রের দ্বারা বৃত্রকে বধ করেন, প্রজ্ঞাবিশিষ্ট অন্য জন উপদ্রব রক্ষা করিবার জন্য বলযুক্ত হন।

৪। হে ইন্দ্র ও বরুণ! নর জাতির মধ্যে স্ত্রী ও পুরুষ এবং সমস্ত দেবগণ যখন স্বতঃ প্রবৃত্ত হইয়া তোমাদিগকে বর্দ্ধিত করে, তখন তোমরা মহত্ত্বযুক্ত হইয়া তাহাদিগের প্রভু হও। হে বিস্তীর্ণা দ্যাবাপৃথিবী তোমরা ইহাদিগের প্রভু হও।

৫। হে ইন্দ্র ও বরুণ! যে ব্যক্তি তোমাদিগকে স্বেচ্ছাপূর্ব্বক হব্য দান করে, সে সুন্দর দানবিশিষ্ট, ধনবান্ এবং যজ্ঞবান্ হয়। দানবান্ সেই ব্যক্তি জয়লব্ধ অন্নের সহিত শত্রু হস্ত হইতে উদ্ধার প্রাপ্ত হয় এবং ধন ও ধনবান্ পুত্র সমূহ লাভ করে।

৬। হে দেব ইন্দ্র ও বরুণ! তোমরা হব্যদাতাকে ধনানুবন্ধী, বহু অন্নবিশিষ্ট যে ধন দান কর এবং যাহা শত্রুকৃত অখ্যাতি ক্ষালিত করে, সেই ধন আমাদিগের হউক।

৭। হে ইন্দ্র ও বরুণ! আমরা তোমার স্তোতা, যে ধন সুন্দর রক্ষা বিশিষ্ট এবং দেবগণ যাহার রক্ষক, সেই ধন আমাদিগের হউক। আমাদিগের বল যুদ্ধে শত্রুগণের অভিভবিতা এবং হিংসক হইয়া তৎক্ষণাৎ তাহাদের যশঃ তিরস্কৃত করুক।

৮। হে ইন্দ্র ও বরুণ! তোমরা স্তূয়মান হইয়া সুন্দর অন্নের জন্য আমাদিগকে শীঘ্র ধন দান কর। হে দেবদ্বয়! তোমরা মহান্, আমরা এই প্রকারে তোমাদিগের বলের স্তুতি করিতেছি, আমরা যেন নৌকাদ্বারা জলসমূহের ন্যায় দুরিতসমূহ পার হইতে পারি।

৯। যে এই বরুণ মহিমাবান্, মহাকর্ম্মা, প্রাজ্ঞ, তেজোযুক্ত এবং জরারহিত, যিনি বিস্তীর্ণা দ্যাবাপৃথিবীকে বিভাসিত করেন, সেই সম্রাট্ এবং বৃহৎ বরুণদেবের উদ্দেশে অদ্য মনোহর ও সর্ব্বতোভাবে পৃথু স্তোত্র উচ্চারণ কর।

১০। হে ইন্দ্র ও বরুণ! তোমরা সোমপায়ী; এই মদকর, অভিষুত সোম পান কর। হে ধৃতব্রত মিত্র ও বরুণ! তোমাদিগের রথ দেবগণের পানার্থ যজ্ঞাভিমুখে গমন করে।

১১। হে অভীষ্টবর্ষী ইন্দ্র ও বরুণ! তোমরা অত্যন্ত মধুমান্ এবং

অভীষ্টবর্ষী সোম পান কর। আমরা তোমাদের জন্য এই সোমরূপ অন্ন ঢালিয়াছি, তোমরা উপবেশন করতঃ এই যজ্ঞে হৃষ্ট হও।

৬৯ সূক্ত।

ইন্দ্র ও বিষ্ণু দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে ইন্দ্র ও বিষ্ণু! তোমাদিগের উদ্দেশে স্তোত্র ও হব্য প্রেরণ করিতেছি। তোমরা এই কর্ম্ম সমাপ্ত হইলে যজ্ঞ সেবা কর। তোমরা উপদ্রবশূন্য মার্গদ্বারা আমাদিগকে পার করিয়া থাক, তোমরা আমাদিগকে ধন দান কর।

২। হে ইন্দ্র ও বিষ্ণু! তোমরা সমস্ত স্তুতি উৎপাদন করিয়া থাক, তোমরা সোমের নিধানভূত এবং কলসস্বরূপ। উচ্চার্য্যমান স্তোত্রসমূহ তোমাদিগের নিকট গমন করুক এবং স্তোতাগণ কর্ত্তৃক গীয়মান স্তোত্রসমূহ তোমাদিগের নিকট গমন করুক।

৩। হে ইন্দ্র ও বিষ্ণু! তোমরা সোমসমূহের স্বামী। তোমরা দ্রবিণ দান করতঃ সোমাভিমুখে আগমন কর। স্তোতাগণের স্তোত্রসমুদয় শস্ত্রের সহিত উচ্চার্য্যমাণ হইয়া তোমাদিগকে তেজ দ্বারা সম্বর্দ্ধিত করুক।

৪। হে ইন্দ্র ও বিষ্ণু! হিংসকগণের অভিভবিতা এবং একত্রে মত্ত অশ্বগণ তোমাদিগকে বহন করুক। তোমরা স্তোতাগণের সমস্ত স্তোত্র সেবা কর এবং আমার স্তোত্রসমূহ ও বাক্য সকল শ্রবণ কর।

৫। হে ইন্দ্র ও বিষ্ণু! সোমজনিত হর্ষ উৎপন্ন হইলে পর তোমরা বিস্তীর্ণরূপে পরিক্রমণ কর; তোমরা অন্তরিক্ষকে অত্যন্ত বিস্তীর্ণ করিয়াছ এবং লোকসমূহকে আমাদিগের জীবনের জন্য প্রথিত করিয়াছ। তোমাদিগের সেই কর্ম্মসমূহ স্তুতিযোগ্য।

৬। হে ঘৃতান্নবিশিষ্ট ইন্দ্র ও বিষ্ণু! তোমরা সোমদ্বারা বর্দ্ধিত হইয়া থাক এবং সোমাগ্র ভোজন করিয়া থাক; যজমানগণ নমস্কার পূর্ব্বক তোমাদিগকে হব্য দান করে, তোমরা আমাদিগকে ধন দান কর। তোমরা উদধির ন্যায়, তোমরা সোমনিধান কলস স্বরূপ।

৭। হে দর্শনীয় ইন্দ্র ও বিষ্ণু! তোমরা এই মদকর সোম পান কর এবং উদর পূর্ণ কর। মদকর সোমরূপ অন্ন তোমাদিগের নিকট গমন করুক, তোমরা আমার স্তোত্র এবং আহ্বান শ্রবণ কর।

৮। হে ইন্দ্র ও বিষ্ণু! তোমরা জয় করিয়াছ, কখনও পরাজিত হও নাই; তোমাদের দুই জনের মধ্যে কেহ পরাজিত হয় নাই। তোমরা যে দ্রব্যের জন্য স্পর্দ্ধা করিয়াছ, তাহা ত্রিধাস্থিত এবং অসংখ্যক হইলেও বিক্রমদ্বারা লাভ করিয়াছ।

৭০ সূক্ত।

দ্যাবাপৃথিবী দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে দ্যাবাপৃথিবী! তোমরা উদকবতী, ভূতসমূহের আশ্রয়ণীয়া, বিস্তীর্ণা, প্রথিতা, মধুদুঘা, স্বরূপবিশিষ্টা, বরুণের ধারণ কার্য্যদ্বারা পৃথক্ রূপে ধারিতা, অজরা এবং বহু রেতস্কা।

২। অসঙ্গতা, বহুধারাবিশিষ্টা, উদকবতী ও শুচিব্রতা দ্যাবাপৃথিবী সুকৃতি ব্যক্তিকে উদক দান করেন। হে দ্যাবাপৃথিবী! তোমরা এই ভুবনের রাজ্ঞী, তোমরা আমাদিগকে যাহা মনুষ্যগণের হিতকর এরূপ রেতঃ সেচন কর।

৩। হে ধিষণা দ্যাবাপৃথিবী! যে মর্ত্ত্য তোমাদের সুখ গমনের জন্য হব্য দান করেন, তিনি সিদ্ধ মনোরথ হন এবং অপত্যগণের সহিত প্রবৃদ্ধ হন। কর্ম্মের উপরি তোমাদিগের সিক্ত রস নানা বর্ণবিশিষ্ট এবং সমানকর্ম্মা পদার্থরূপে উৎপন্ন হয়।

৪। দ্যাবাপৃথিবী জলের দ্বারা আবৃতা এবং জলকে আশ্রয় করেন তাঁহারা জল সংপৃক্তা, জলবর্ধয়িত্রী, বিস্তীর্ণা, প্রথিতা এবং যজ্ঞে পুরস্কৃতা। প্রাজ্ঞ ব্যক্তিগণ তাঁহাদিগের নিকট যজ্ঞার্থে সুখ যাচ্ঞা করেন।

৫। মধুক্ষারয়িত্রী, মধুদুঘা, মধুব্রতা, দেবতাভূতা এবং আমাদিগের যজ্ঞ, ধন, মহৎ যশঃ, অন্ন ও সুবীর্য্য দানকারিণী দ্যাবাপৃথিবী আমাদিগকে মধুদ্বারা সিক্ত করুন।

৬। পিতা দ্যুলোক এবং মাতা পৃথিবী আমাদিগকে অন্ন দান করুন।

বিশ্ববিৎ, সুকর্ম্মা পরস্পর রমমাণ এবং সকলের সুখকারিণী দ্যাবাপৃথিবী আমাদিগকে পুত্রাদি, বল এবং ধন প্রেরণ করুন।

---

৭১ সূক্ত।

সবিতা দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। সেই সুকর্ম্মা সবিতাদেব দানার্থে হিরণ্ময় বাহুদ্বয় উদ্যত করেন। মহান্, যুবা, সুদক্ষ সবিতাদেব, লোকের ধারণার্থ জহপূর্ণ বাহুদ্বয় প্রেরণ করেন।

২। আমরা যেন সেই সবিতাদেবের প্রসবকার্য্যে ও শ্রেষ্ঠধন দান বিষয়ে সমর্থ হই। হে সবিতাদেব! তুমি, সমস্ত দ্বিপদের স্থিতি ও প্রসব কার্য্যে সক্ষম এবং চতুষ্পদের স্থিতি ও প্রসব কার্য্যে সক্ষম।

৩। হে সবিতাদেব! তুমি অদ্য অহিংসিত এবং সুখকর তেজোদ্বারা আমাদিগের গৃহ রক্ষা কর। তুমি হিরণ্য জিহ্বাবিশিষ্ট, তুমি নবতর সুখ দান কর এবং আমাদিগকে রক্ষা কর। আমাদিগের অনিষ্টাশংসী ব্যক্তি যেন প্রভুত্ব করিতে পারে না।

৪। প্রাশান্তান্তঃকরণ, হিরণ্যপাণি, হিরণ্ময় হনুবিশিষ্ট, যাগযোগ্য, মনোরম বাক্যবিশিষ্ট, সেই সবিতাদেব রাত্রির অবসানে উত্থিত হউন। তিনি হব্যদাতাকে প্রভূত অন্ন প্রেরণ করুন।

৫। সবিতাদেব উপবক্তার ন্যায় হিরণ্ময় এবং শোভনাঙ্গুলিযুক্ত বাহুদ্বয় উদ্যত করুন। তিনি পৃথিবী হইতে দ্যুলোকের উন্নত প্রদেশসমূহে আরোহণ করেন এবং গমনশীল যে কিছু মহৎ বস্তু তিরোহিত থাকে তাহাদিগকে প্রীত করেন।

৬। হে সবিতা! অদ্য আমাদিগকে ধন দান কর, কল্য আমাদিগকে ধন দান কর, প্রতিদিন আমাদিগকে ধন দান কর। হে দেব! যেহেতু তুমি, নিবাসভূত প্রভূত ধনের দাতা, অতএব আমরা এই স্তুতিদ্বারা ধন লাভ করিব।

---

৭২ সূক্ত।

ইন্দ্র ও সোম দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে ইন্দ্র ও সোম! তোমাদিগের সেই মহত্ত্ব প্রভূত। তোমরা মহৎ এবং মুখ্য ভূতসমূহ করিয়াছ, তোমরা সূর্য্য লাভ করাইয়াছ, তোমরা জল লাভ করাইয়াছ। তোমরা সমস্ত তমঃ ও নিন্দকদিগকে বধ করিয়াছ।

২। হে ইন্দ্র ও সোম! তোমরা উষাকে প্রকাশিত কর, সূর্য্যকে জ্যোতির সহিত ঊর্দ্ধে নীত কর এবং অন্তরিক্ষদ্বারা দ্যুলোককে স্তম্ভিত কর। তোমরা, মাতা পৃথিবীকে প্রথিত কর।

৩। হে ইন্দ্র ও সোম! জল পরিবৃতকারী অহি বৃত্রকে বধ কর। দ্যুলোক তোমাদিগকে সম্বর্দ্ধিত করিয়াছিল। তোমরা নদীর জলসমূহ প্রেরণ কর এবং বহু সমুদ্রকে জল দ্বারা পূর্ণ কর।

৪। হে ইন্দ্র ও সোম! তোমরা গাভীসমূহের অপক্ক উধোদেশে পক্ক দুগ্ধ নিহিত করিয়াছ এবং নানাবর্ণ এই গোসমূহের মধ্যে আবদ্ধ ও শুক্লবর্ণ দুগ্ধ ধারণ করিয়াছ।

৫। হে ইন্দ্র ও সোম! তোমরা তারক, অপত্যযুক্ত এবং শ্রবণযোগ্য ধন শীঘ্র দান কর। হে উগ্র ইন্দ্র ও সোম! তোমরা মনুষ্যগণের হিতকর এবং শত্রুসেনার অভিভবকর বল বর্দ্ধিত কর।

---

৭৩ সূক্ত।

বৃহস্পতি দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। যে বৃহস্পতি অদ্রি ভেদ করেন, যিনি প্রথমে জাত হইয়াছেন, যিনি সত্যবান্. অঙ্গিরা ও যজ্ঞভাগী, যিনি লোকদ্বয়ে সুন্দররূপে গমন করেন, যিনি দীপ্তস্থানে বর্ত্তমান এবং যিনি আমাদিগের পিতা, সেই বৃহস্পতি বর্ষক হইয়া দ্যাবাপৃথিবীতে গর্জ্জন করেন।

২। যে বৃহস্পতি যজ্ঞে স্তুতিকারী লোককে স্থান প্রদান করেন, তিনি বৃত্রগণকে বধ করেন, যুদ্ধে শত্রুগণকে জয় করেন, অমিত্রসমূহকে অভিভূত করেন এবং পুরী সকল বিশেষরূপে বিদীর্ণ করেন।

৩। এই বৃহস্পতিদেব, ধন এবং গো সহিত গোত্রজসমূহ জয় করিয়াছেন। বৃহস্পতি অপ্রতীত হইয়া যজ্ঞকর্ম্ম ভোগ করিতে ইচ্ছা করতঃ স্বর্গের অমিত্রকে অর্চ্চনা সাধন মন্ত্রের দ্বারা বধ করেন।

৭৪ সূক্ত।

সোম ও রুদ্র দেবতা। ভরদ্বাজ ঋষি।

১। হে সোম ও রুদ্র! তোমরা অসূর্য্য বল দান কর। যজ্ঞ সকল প্রতিগৃহে তোমাদিগকে পর্য্যাপ্তরূপে ব্যাপ্ত করুক। তোমরা সপ্ত রত্ন ধারণ করিয়া থাক, তোমরা আমাদিগের সুখকর হও, দ্বিপদের এবং চতুষ্পদের সুখকর হও।

২। হে সোম ও রুদ্র! যে রোগ আমাদিগের গৃহে প্রবেশ করিয়াছে, সেই সংক্রামক রোগ বিযোজিত কর এবং নিঋতি যাহাতে পরাঙ্মুখ হয়, সেইরূপে বাধা দান কর। আমাদিগের কল্যাণজনক অন্ন হউক।

৩। হে সোম ও রুদ্র! তোমরা আমাদিগের শরীরের জন্য এই সকল ভেষজ ধারণ কর। আমাদের কৃত যে পাপ আমাদিগের শরীরে বদ্ধ আছে, তাহা শিথিল কর এবং আমাদিগের হইতে মুক্ত কর।

৪। হে সোম ও রুদ্র! তোমাদের দীপ্ত ধনুঃ আছে এবং তীক্ষ্ণ শর আছে। তোমরা সুন্দর সুখ প্রদান করিয়া থাক। তোমরা শোভন স্তোত্র অভিলাষ করতঃ আমাদিগকে ইহলোকে অত্যন্ত সুখী কর। তোমরা আমাদিগকে বরুণের পাশ হইতে প্রমুক্ত কর এবং আমাদিগকে রক্ষা কর।

---

৭৫ সূক্ত। (১)

প্রথম মন্ত্রের বর্ম্ম দেবতা; দ্বিতীয়ের ধনুঃ; তৃতীয়ের জ্যা; চতুর্থের আর্ত্নী; পঞ্চমের ইষুধি; ষষ্ঠের পূর্ব্বার্দ্ধের সারথি; ষষ্ঠের উত্তরার্দ্ধের রশ্মি; সপ্তমের অশ্ব; অষ্টমের রথ; নবমের রথগোপগণ; দশমের স্তোতা, পিতা, সোম্য, দ্যাবাপৃথিবী ও পূষা দেবতা; একাদশ ও দ্বাদশের ইষু দেবতা; ত্রয়োদশের প্রতোদ; চতুর্দ্দশের হস্তঘ্ন; পঞ্চদশ ও ষোড়শের ইষুদেবতা; সপ্তদশের যুদ্ধভূমি, ব্রহ্মণস্পতি এবং অদিতি দেবতা; অষ্টাদশের কবচ, সোম ও বরুণ দেবতা; উনবিংশের দেবগণ ও ব্রহ্ম-দেবতা। ভরদ্বাজের পুত্র পায়ু ঋষি।

১। সংগ্রাম উপস্থিত হইলে এই রাজা যখন বর্ম্ম পরিধান করিয়া গমন

---

(১) যুদ্ধ যাত্রাকালে রাজাকে বর্ম্মাদি পরিধান করাইবার সময় এই সূক্তোক্ত ঋকগুলি উচ্চারণ করিতে হয়। এই সূক্ত হইতে যুদ্ধের অস্ত্র শস্ত্র ও আয়োজন দ্রব্যসমূহের পরিচয় পাওয়া যায়।

করেন, তখন তাঁহার জীমূতের ন্যায় রূপ হয়। হে রাজন্! তুমি অবিদ্ধ শরীরে জয়লাভ কর; বর্ম্মের সেই মহিমা তোমাকে রক্ষা করুক।

২। আমরা ধনুদ্বারা গাভী জয় করিব; ধনুদ্বারা যুদ্ধ জয় করিব; ধনুদ্বারা তীব্র মদোন্মত্ত শত্রুসেনা বধ করিব। ধনু শত্রুর কামনা নষ্ট করুক, আমরা ধনুদ্বারা সর্ব্বদিক্ জয় করিব।

৩। এই ধনু সংলগ্ন জ্যা সংগ্রাম কালে যুদ্ধের পারে লইয়া যাইতে ইচ্ছুক হইয়া, যেন প্রিয়বাক্য বলিবার জন্যই ধনুর্দ্ধারীর কর্ণের নিকট আগমন করে, এবং স্ত্রী যেরূপ প্রিয়| পতিকে আলিঙ্গন করিয়া কথা কহে, জ্যা সেইরূপ বাণকে আলিঙ্গন করিয়া শব্দ করে।

৪। সেই ধনুস্কোটিদ্বয় অনন্যমনস্কা স্ত্রীর ন্যায় আচরণ করিয়া শত্রুকে আক্রমণ করিবার সময় মাতৃভাবে পুত্রতুল্য রাজাকে রক্ষা করুক এবং স্বকার্য্য উত্তমরূপে অবগত হইয়া গমনপূর্ব্বক এই রাজার অমিত্রদিগকে হিংসা করিয়া শত্রুগণকে বিদ্ধ করুক।

৫। এই তূণীর বহুতর বাণের পিতা; অনেকগুলি বাণ ইহার পুত্র; বাণ তুবিলার সময় এই তূণীর চিশ্বা শব্দ করে এবং যোদ্ধার পৃষ্ঠভাগে নিবদ্ধ থাকিয়া যুদ্ধকালে বাণ প্রসবপূর্ব্বক সমস্ত সেনা জয় করে।

৬। সুসারথি রথে অবস্থান করিয়া পুরস্থিত অশ্বগণকে যেখানে যেখানে লইয়া যাইতে ইচ্ছা করে, সেই স্থানেই লইয়া যায়। রশ্মিসমূহ অশ্বের পশ্চাতে থাকিয়া ইচ্ছামত নিয়মিত করে, তাহাদিগের মহিমা স্তব কর।

৭। অশ্ব সকল খুর দিয়া ধূলি উড়াইয়া রথের সহিত বেগে গমন করতঃ শব্দ করিতে থাকে এবং পলায়ন না করিয়া হিংস্র শত্রুগণকে পদাঘাতে তাড়ন করে।

৮। হব্য যেমন অগ্নিকে বর্দ্ধিত করে, সেইরূপ এই রাজার রথবাহিত ধন ইঁহাকে বর্দ্ধিত করুক। রথে ইঁহার অস্ত্র, কবচ প্রভৃতি নিহিত থাকে, আমরা সর্ব্বদা প্রসন্নমনে সেই সুখকর রথের সমীপে গমন করি।

৯। রথের রক্ষকগণ বিপক্ষদিগের সুস্বাদু অন্ন নষ্ট করিয়া স্বপক্ষীয়দিগকে অন্নদান করে। বিপৎকালে ইহাদিগের আশ্রয় লওয়া যায়। ইঁহারা শক্তিমান্, গম্ভীর, বিচিত্র সেনাযুক্ত, বাণ বলবিশিষ্ট, অহিংস, বীর, মহান্ এবং বহুতর শত্রুকে জয় করিতে সক্ষম।

১০। হে স্তোতাগণ! হে পিতৃগণ! হে যজ্ঞবর্দ্ধক সোম্যগণ! তোমরা

এবং পাপরহিতা দ্যাবাপৃথিবী আমাদিগের মঙ্গলকর হও। পূষা আমাদিগকে পাপ হইতে রক্ষা করুন; আমাদিগের পাপশংসী শত্রু যেন প্রভুত্ব না করিতে পারে।

১১। বাণ সুপর্ণ ধারণ করে; মৃগ উহার দন্ত (২)। উহা গাভী কর্ত্তৃক (৩) সম্যক্‌রূপে বদ্ধ ও প্রেরিত হইয়া পতিত হয়। যেখানে নেতাগণ একত্রে ও পৃথকরূপে বিচরণ করেন, বাণসমূহ আমাদিগকে সেই স্থানে সুখ দান করুন।

১২। হে বাণ! আমাদিগকে পরিবর্দ্ধিত কর; আমাদের শরীর পাষাণের ন্যায় হউক। সোম আমাদের হইয়া বলুন; অদিতি সুখ দান করুন।

১৩। হে কশা! প্রকৃষ্টজ্ঞানবিশিষ্ট সারথিগণ তোমা দ্বারা ইহাদিগের শকৃথিতে আঘাত করে, জঘন প্রদেশে আঘাত করে; তুমি সংগ্রামে অশ্বগণকে প্রেরণ কর।

১৪। হস্তঘ্ন (৪) জ্যার আঘাত নিবারণ করতঃ সর্পের ন্যায় শরীরের দ্বারা প্রকোষ্ঠকে পরিবেষ্টন করে এবং সমস্ত জ্ঞাতব্য বিষয় অবগত হয় ও পৌরুষশালী হইয়া পুরুষকে সর্ব্বতোভাবে রক্ষা করে।

১৫। যাহা বিষাক্ত, যাহার শিরোদেশ হিংসাকারী এবং যাহার মুখ লৌহময়, সেই পর্জ্জন্য কার্য্যভূত বৃহৎ ইষু দেবতাকে এই নমস্কার।

১৬। হে মন্ত্রের দ্বারা তীক্ষ্ণকৃত হিংসাকুশল ইষু! তুমি বিসৃষ্ট হইয়া পতিত হও, গমন কর এবং অমিত্রদিগকে প্রাপ্ত হও। তুমি অমিত্রগণের মধ্যে কাহাকেও অবশিষ্ট রাখিও না।

১৭। মুণ্ডিত কুমারগণের ন্যায় বাণসমূহ যে যুদ্ধ ভূমিতে সম্পতিত হয়, তথায় ব্রহ্মণস্পতি আমাদিগকে সর্ব্বদা সুখ দান করুন, অদিতি সুখদান করুন।

১৮। তোমার মর্ম্মস্থানসমূহ বর্ম্মদ্বারা আচ্ছাদিত করিব; অনন্তর সোমরাজা তোমাকে অমৃতদ্বারা অচ্ছাদন করুন। বরুণ তোমাকে শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠ সুখ দান করুন; তুমি জয়ী হইলে দেবগণ হৃষ্ট হউন।

---

(২) মৃগের শৃঙ্গ নির্ম্মিত বাণের ফলা।

(৩) গরুর স্নায়ু নির্ম্মিত জ্যা।

(৪) ধনুর জ্যাঘাত হইতে প্রকোষ্ঠকে রক্ষা করার জন্য যে চর্ম্ম বন্ধন করা যায়, তাহার নাম হস্তঘ্ন।

১৯। যে জ্ঞাতি আমাদিগের প্রতি হৃষ্ট নহেন, যিনি দূরে থাকিয়া আমাদিগকে বধ করিতে ইচ্ছা করেন, তাহাকে সমস্ত দেবগণ হিংসা করুন। এই মন্ত্রই (৫) আমার শর নিবারক বর্ম্ম।

(৫) ভরদ্বাজ বংশীয়দিগের সূক্তগুলি, অর্থাৎ ষষ্ঠ মণ্ডল এইখানে শেষ হইল। শেষ সূক্তের শেষ ঋক্‌টী জ্ঞাতি শত্রুতার পরিচয় দিতেছে, এবং বিরুদ্ধাচারী জ্ঞাতিদিগের বিরুদ্ধে একটী অভিশম্পাত মাত্র। প্রথম মণ্ডলের শেষ সূক্ত এবং দ্বিতীয় মণ্ডলের শেষ সূক্ত ও এইরূপ "ওঝার মন্ত্র" তাহা আমরা পূর্ব্বে দেখিয়াছি।

সপ্তম মণ্ডল।

১ সূক্ত।

অগ্নি দেবতা। বসিষ্ঠ ঋষি। (১)

১। প্রশস্ত, দূরে দৃশ্যমান, গৃহপতি ও গমনবিশিষ্ট অগ্নিকে, নেতাগণ অরণিদ্বয়ে হস্তগতি ও অঙ্গুলিদ্বারা উৎপাদন করেন।

২। যিনি গৃহে নিত্য পূজনীয় ছিলেন, সেই সুদর্শন অগ্নিকে সর্ব্বপ্রকার ভয় হইতে রক্ষার্থে বসুগণ গৃহে নিহিত করিয়াছিলেন।

৩। হে যুবতম অগ্নি! তুমি প্রকর্ষরূপে সমিদ্ধ হইয়া অজস্র জ্বালার সহিত আমাদের পুরোভাগে প্রদীপ্ত হও; বহু অন্ন তোমার নিকট উপগত হইতেছে।

৪। সুজাত নেতাগণ যে অগ্নির নিকট সমাসীন হন, লৌকিক অগ্নিসমূহ অপেক্ষা অধিক দীপ্তিমান্, কল্যাণকর, পুত্রপৌত্রপ্রদ, সেই অগ্নিসমূহ বিশেষরূপে দীপ্তি পান।

৫। হে অভিভবকুশল অগ্নি! শত্রু হিংসাযুক্ত হইয়া যাহা বাধা দিতে পারে না, সেই কল্যাণকর, পুত্রপৌত্রপ্রদ, সুন্দর অপত্যযুক্ত শ্রেষ্ঠ ধন, তুমি স্তোত্রপ্রযুক্ত হইয়া আমাদিগকে দান কর।

৬। হব্যযুক্তা যুবতী জুহূ দিবারাত্র সুদক্ষ অগ্নির নিকট আগমন করে, স্বকীয় দীপ্তি ধনাভিলাষী হইয়া তাঁহার নিকট আগমন করে।

(১) বসিষ্ঠ বা তদ্বংশীয়গণ সপ্তম মণ্ডলের ঋষি। বসিষ্ঠ ঋষি সুদাস রাজার পুরোহিত ছিলেন, বিশ্বামিত্র ঋষি সুদাসের শত্রু ভারতদিগের পুরোহিত ছিলেন, সুতরাং বসিষ্ঠ বংশীয় ও বিশ্বামিত্র বংশীয়দিগের মধ্যে কতকটা অমিত্রতা ছিল। ১।৪৭।৬ এবং ৩।৩৩।১ ঋকের টীকা দেখ। এমন কি বিশ্বামিত্র বসিষ্ঠ বংশীয়দিগকে অভিসম্পাত করিয়াছিলেন, ৩।৫৩।২৩। ও ২৪ ঋক্ দেখ এবং বসিষ্ঠও বিশ্বামিত্র পক্ষীয়দিগের প্রতি যথেষ্ট কঠিন মন্ত্র উচ্চারণ করিয়াছিলেন, ৭।৮৩।৭ এবং ৭।১০৪।১৩ হইতে ১৬ ঋক্ দেখ।

ঋষিদিগের এই বৈরভাব ভুলিয়া গিয়া যদি আমরা বিশ্বামিত্র ও বসিষ্ঠের সূক্তগুলি পাঠ করি তাহা হইলে আমাদিগের হৃদয় ভক্তি পূর্ণ হয়। বিশ্বামিত্রের জগদ্বিখ্যাত গায়ত্রী ও ওজস্বিতা এক মাত্র দৈব বলের আরাধনা (৩।৫৫) এখন ও এক ঈশ্বরবাদীদিগের হৃদয় আলোড়িত করে। বসিষ্ঠের পাপ-অনুশোচনা ও ধর্ম্মপিপাসা (৭।৮৬ হইতে ৮৯ সূক্ত) সেইরূপ পবিত্র ভাবে হৃদয় প্লাবিত করে।

৭। হে অগ্নি! তুমি যে তেজের দ্বারা পরুষ শব্দকারীকে দগ্ধ করিয়া থাক, সেই তেজের বলে সমস্ত শত্রুগণকে দগ্ধ কর। তুমি উপতাপ দূর করতঃ রোগ নাশ কর।

৮। হে বসিষ্ঠ শুভ্র, দীপ্ত, পাবক অগ্নি! যাহারা তোমাকে সমিদ্ধ করে, তাহাদিগের ন্যায় আমাদিগেরও এই স্তোত্রে তুষ্ট হইয়া এই যজ্ঞে অবস্থান কর।

৯। হে অগ্নি! যে পিতৃহিত, মর্ত্ত্য নেতাগণ তোমাদের তেজঃ বহুদেশে বিভক্ত করিয়াছেন; তাহাদিগের ন্যায় আমাদেরও এই স্তোত্রে প্রসন্ন হইয়া এই যজ্ঞে অবস্থান কর।

১০। যাহারা আমার শ্রেষ্ঠ কর্ম্মের স্তুতি করেন, সেই এই শূর নেতাগণ সংগ্রামসমূহে সমস্ত মায়া অভিভব করুন।

১১। হে অগ্নি! আমরা শূন্য গৃহে বাস করিব না, অন্য মনুষ্যের গৃহে বাস করিব না। হে গৃহের হিতকর অগ্নি! আমরা পুত্রশূন্য ও বীরশূন্য; আমরা তোমার পরিচর্য্যা করতঃ প্রজাযুক্ত গৃহে বাস করিব।

১২। অশ্ববান্ অগ্নি যে যজ্ঞের আশ্রয়ভূত গৃহে গমন করেন, আমাদিগকে সেই ভৃত্যাদিযুক্ত, সুন্দর অপত্যবিশিষ্ট এবং ঔরসজাত পুত্রের দ্বারা বর্দ্ধমান গৃহ দান কর।

১৩। হে অগ্নি! আমাদিগকে অপ্রীতিকর রাক্ষস হইতে রক্ষা কর, অদাতা পাপেচ্ছুক হিংসক হইতে রক্ষা কর। আমি তোমার সাহায্যে পৃতনাকাম ব্যক্তিদিগকে অভিভূত করিব।

১৪। বলবান্, দৃঢ়হস্ত, বহু অন্নবিশিষ্ট, তনয় ক্ষয়রহিত স্তোত্র দ্বারা যে অগ্নির পরিচর্য্যা করে, সেই অগ্নি অন্য অগ্নিকে অভিভূত করুক।

১৫। যিনি প্রবোধককে হিংসা ও পাপ হইতে রক্ষা করেন, যাঁহাকে সুজন্ম-বীরগণ পরিচর্য্যা করেন, তিনিই অগ্নি।

১৬। যাঁহাকে সমৃদ্ধ ও হব্যযুক্ত ব্যক্তি সম্যক্‌রূপে দীপ্ত করেন, যাঁহাকে হোতা যজ্ঞে পরিগমন করেন; সেই এই অগ্নি বহুদেশে আহুত হন।

১৭। হে অগ্নি! আমরা ধনেশ্বর হইয়া তোমার উদ্দেশে নিত্য স্তোত্র ও শস্ত্রদ্বারা যজ্ঞে প্রভূত হব্য দান করিব।

১৮। হে অগ্নি! তুমি অনবরত দেবগণের নিকট এই অত্যন্ত কমনীয় হব্য বহন কর এবং গমন কর। দেবগণের প্রত্যেকে আমাদের এই সুরভি হব্য কামনা করুন।

১৯। হে অগ্নি! আমাদিগকে অপুত্রতা প্রদান করিও না, মন্দ বস্ত্র প্রদান করিও না, এই অমতি আমাদিগকে প্রদান করিও না, আমাদিগকে ক্ষুধা প্রদান করিও না, রাক্ষসের হস্তে প্রদান করিও না। হে সত্যবান্ অগ্নি! আমাদিগকে গৃহে হিংসা করিও না, বনে হিংসা করিও না।

২০। হে অগ্নি! আমার অন্ন বিশেষরূপে শোধিত কর। হে দেব! তুমি যজ্ঞবান্দিগকে অন্ন প্রেরণ কর। আমরা উভয়ে যেন তোমার দানে থাকি; তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

২১। হে বলের পুত্র অগ্নি! তুমি সুন্দর আহ্বানবিশিষ্ট ও রমণীয়দর্শন, তুমি শোভনদীপ্তির সহিত প্রদীপ্ত হও। তুমি সহায় হও এবং ঔরসপুত্র দগ্ধ করিও না; আমাদের মনুষ্য হিতকর পুত্র যেন ক্ষয় প্রাপ্ত না হয়।

২২। হে অগ্নি! তুমি সহায় হও এবং ঋত্বিক্‌গণ কর্ত্তৃক সমিদ্ধ অগ্নিগণকে বলিও, যেন তাঁহারা আমাদিগকে সুখে ভরণ করেন। হে বলের পুত্র অগ্নিদেব! তোমার নিগ্রহ বুদ্ধি ভ্রমেও যেন আমাদিগকে ব্যাপ্ত না করে।

২৩। হে সুতেজা অমর্ত্ত অগ্নি! যে ব্যক্তি তোমাকে হব্য প্রদান করে, সেই মর্ত্ত্য ধনবান্ হয়। যাঁহার নিকট স্তোতা অর্থী জিজ্ঞাসা করতঃ গমন করে, সেই অগ্নিদেব যজমানকে ধারণ করে।

২৪। হে অগ্নি! তুমি আমাদের মহৎ কল্যাণকর কর্ম্ম অবগত আছ। হে বলপুত্র! আমরা তোমার স্তোতা, আমরা যদ্দ্বারা, অক্ষীণ, পূর্ণায়ুঃ এবং কল্যাণকর পুত্রপৌত্রবিশিষ্ট হইয়া হৃষ্ট হইতে পারি, আমাদিগকে এরূপ মহৎ ধন দান কর।

২৫। হে অগ্নি! আমার অন্ন বিশেষরূপে শোধিত কর; হে দেব! তুমি যজ্ঞবান্দিগকে অন্ন প্রেরণ কর। আমরা উভয়ে যেন তোমার দানে থাকি, তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

২ সূক্ত।

আপ্রী দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে অগ্নি! অদ্য আমাদের সমিধ্ সেবা কর; যজনীয় ধূম প্রেরণ করতঃ অত্যন্ত দীপ্ত হও; তপ্ত রশ্মি দ্বারা অন্তরিক্ষের সানুপ্রদেশ স্পর্শ কর এবং সূর্য্যের রশ্মিসমূহের সহিত সঙ্গত হও।

২। সুক্রতু, দীপ্তিমান্ এবং কর্ম্মসমূহের ধারয়িতা, যে দেবগণ উভয় (১) হব্য ভক্ষণ করেন, আমরা তাঁহাদের মধ্যে স্তোত্রদ্বারা যজনীয় নরাশংসের মহিমার স্তুতি করি।

৩। তোমরা স্তুতিযোগ্য, অসুর (২), সুদক্ষ, দ্যাবাপৃথিবী মধ্যে দূত, সত্যবাক্, মনুষ্যগণের ন্যায় মনুকর্তৃক সমিদ্ধ অগ্নিকে সর্ব্বদা পূজা কর।

৪। পরিচর্য্যাভিলাষীগণ জানু পাতিয়া পাত্র পূর্ণ করতঃ হব্যের সহিত অগ্নিকে বর্হিঃ দান করিতেছেন। হে অধ্বর্য্যুগণ! ঘৃতপৃষ্ঠ, স্থূলবিন্দুযুক্ত বর্হিঃ হোম করতঃ প্রদান কর।

৫। সুকর্ম্মা, দেবাভিলাষী এবং রথাভিলাষীগণ যজ্ঞে দ্বার আশ্রয় করিয়াছেন। মাতৃদ্বয় যেরূপ শিশুকে লেহন করে সেইরূপ লেহনকারী ও পূর্ব্বাভিমুখী জুহূ ও উপভৃতিকে অধ্বর্যুগণ নদীর ন্যায় যজ্ঞে সিক্ত করিতেছেন।

৬। যুবতী, দিব্যা, মহতী, কুশোপরি আসীনা, বহুস্তুতা, ধনবতী, যজ্ঞার্হা, অহোরাত্রি কামদুঘা ধেনুর ন্যায় কল্যাণের জন্য আমাদিগকে আশ্রয় করুন।

৭। হে বিপ্র, জাতবেদা, মনুষ্যগণের যজ্ঞে কর্ম্মকর্ত্তা দেবীদ্বয়! আমি তোমাদিগকে যাগ করিবার জন্য স্তুতি করি। স্তব করা হইলে পর আমাদের যজ্ঞ দেবাভিমুখী কর; তোমরা দেবগণের মধ্যে বিদ্যমান বরণীয় ধন বিভাগ করিয়া দেও।

৮। ভারতীগণের সহিত সঙ্গতাভারতী আগমন করুন, দেবতা ও মনুষ্যগণের সহিত ইলা আগমন করুন, অগ্নিও আগমন করুন। সারস্বতগণের সহিত সরস্বতীও আগমন করুন। দেবীত্রয় আগমন করিয়া সম্মুখে এই কুশে উপবেশন করুন (৩)।

(১) অর্থাৎ সোম ও হবিঃ সংস্থাদি। সায়ণ।

(২) সপ্তম মণ্ডলে "অসুর" শব্দের আটবার ব্যবহার হইয়াছে, যথা—

সূক্ত		ঋক্		শব্দ		দেবতা	
২ সূক্তে		৩ ঋকে		অসুর	শব্দ	অগ্নি	সম্বন্ধে
৬	,,	১	,,	,,	,,	বৈশ্বানর	,,
১৩	,,	১	,,	অসুরঘ্ন	,,	অগ্নি	,,
৩০	,,	৩	,,	অসুর	,,	অগ্নি	,,
৩৬	,,	২	,,	,,	,,	মিত্র ও বরুণ	,,
৫৬	,,	২৪	,,	,,	,,	বীর	,,
৬৫	,,	২	,,	,,	,,	মিত্র ও বরুণ	,,
৯৯	,,	৫	,,	,,	,,	বর্চী	,,

(৩) এই ৮, ৯, ১০ ও ১১ ঋক্ ৩ মণ্ডলের ৪ সূক্তের ঐ ঐ ঋকের অনুরূপ। উক্ত সূক্তে ৮ ঋকের ভারতী সম্বন্ধীয় টীকা দেখ।

৯। হে দেবত্বষ্টা! যদ্দ্বারা বীর, কর্ম্মকুশল, বলশালী ও সোমাভিষবের জন্য প্রস্তরহস্ত দেবাভিলাষী পুত্র উৎপন্ন হইতে পারে, তুমি সন্তুষ্ট হইয়া আমাদিগকে তাদৃশ ত্রাণকুশল ও পুষ্টিকারী বীর্য্য প্রদান কর।

১০। হে বনস্পতি! তুমি দেবতাগণকে সমীপে আনয়ন কর কর। পশুর সংস্কারক অগ্নি বনস্পতি দেবতাগণের উদ্দেশে হব্য প্রেরণ করুন। সেই যজ্ঞরূপ দেবতাগণের আহ্বানকারী অগ্নি যজ্ঞ করুন, কারণ তিনিই দেবতাগণের জন্ম জানেন।

১১। হে অগ্নি! তুমি দীপ্তিযুক্ত হইয়া ইন্দ্র ও ত্বরান্বিত দেবগণের সহিত এক রথে আমাদের অভিমুখে আগমন কর। সুপুত্রবিশিষ্টা অদিতি আমাদের কুশে উপবেশন করুন। নিত্য দেবগণ স্বাহাযুক্ত হইয়া তৃপ্তিলাভ করুন।

৩

অগ্নি দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে দেবগণ! যিনি মর্ত্ত্যগণের মধ্যে অত্যন্ত স্থিরভাবে অবস্থান করেন, যিনি যজ্ঞবান্ তাপক, তেজোবিশিষ্ট, ঘৃতান্নযুক্ত ও পাবক, যিনি যাজ্ঞিকশ্রেষ্ঠ ও অন্য অগ্নিসমূহের সহিত মিলিত, সেই অগ্নিদেবকে তোমরা যজ্ঞে দূত কর।

২। যখন অগ্নি অশ্বের ন্যায় ঘাস ভক্ষণ করতঃ ও শব্দ করতঃ মহৎ নিরোধ হইতে বৃক্ষ সমূহে অবস্থান করেন, তখন উঁহার দীপ্তি প্রবাহিত হয়। অনন্তর হে অগ্নি! তোমার কৃষ্ণবর্ণ বর্ত্ম হয়।

৩। হে অগ্নি! তোমার নবজাত অভীষ্ট যে জরারহিতা শিখা সমিদ্ধ হইয়া উদ্গত হয়, তাহার আরোচমান ধূম দ্যুলোকে গমন করে, হে অগ্নি! তুমি দূত হইয়া দেবগণকে সম্প্রাপ্ত হইয়া থাক।

৪। যখন তুমি দন্তদ্বারা কাষ্ঠাদিরূপ, অন্ন ভক্ষণ কর, তোমার তেজঃ পৃথিবীতে বিমিশ্রিত হয়। তোমার শিখা সোনার ন্যায় বিস্পষ্ট হইয়া গমন করে, হে দর্শনীয় অগ্নি! তুমি শিখাদ্বারা যবের ন্যায় কাষ্ঠাদি ভক্ষণ কর।

৫। মনুষ্যগণ যুবতম অতিথির ন্যায় পূজ্য, সেই অগ্নিকে তাহার স্থানে রাত্রিতে ও দিবাভাগে প্রদীপ্ত করতঃ সততগামী অশ্বের ন্যায় পরিচর্য্যা করে। আহুত অভীষ্টবর্ষী অগ্নির শিখা প্রদীপ্ত হয়।

৬। হে সুন্দর তেজোবিশিষ্ট অগ্নি! তুমি যখন সূর্য্যের ন্যায় সমীপে দীপ্তি পাও, তখন তোমার রূপ দর্শনীয় হয়। তোমার তেজঃ অন্তরিক্ষ হইতে

অশনির ন্যায় নির্গত হয়; তুমি দর্শনীয় সূর্য্যের ন্যায় স্বয়ং দীপ্তি প্রদর্শন করাইয়া থাক।

৭। হে অগ্নি! আমরা যেরূপ গব্য ও ঘৃতযুক্ত হব্যের দ্বারা তোমাদিগকে স্বাহা দান করিব, হে অগ্নি! তুমিও সেইরূপ সেই অমিত তেজোবলে অপরিমিত আয়োনির্ম্মিত (১) নগরীদ্বারা আমাদিগকে রক্ষা কর।

৮। হে বলেরপুত্র জাতবেদা! তুমি দানশীল, তোমার যে শিখা আছে এবং যে বাক্যদ্বারা পুত্রবান্ প্রজাগণকে তুমি রক্ষা কর, সেই সমুদয়দ্বারা আমাদিগকে রক্ষা কর; প্রশস্ত এবং হব্যপ্রেরক স্তোতাগণকে রক্ষা কর।

৯। যখন শুচি অগ্নি স্বকীয় শরীর দ্বারা কৃপাবশতঃ রোচমান হইয়া তীক্ষ্ণীকৃত পরশুর ন্যায় কাষ্ঠ হইতে নির্গত হয়েন, তখন তিনি যাগযোগ্য হয়েন। কমনীয়, সুকর্ম্মা পাবক অগ্নি মাতৃভূত অরণিদ্বয় হইতে জাত হইয়াছেন।

১০। হে অগ্নি! আমাদিগকে এই সুন্দর ধন দান কর, আমরা যেন যজ্ঞকারী ও সুচেতঃ পুত্র লাভ করিতে পারি। সমস্ত ধন উদ্‌গাতাগণের ও স্তুতিকারীগণের হউক; তোমরা সর্ব্বদা অমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

---

৪ সূক্ত।

অগ্নি দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। তোমরা শুভ্র এবং দীপ্ত অগ্নিকে সুপূত হব্য ও স্তুতি প্রদান কর। অগ্নি দৈব মনুষ্যসম্বন্ধীয় সমস্ত পদার্থের মধ্যে প্রজ্ঞাদ্বারা গমন করেন।

২। অগ্নি অরণি হইতে যুবতম হইয়া জাত হইয়াছেন, অতএব সেই মেধাবী অগ্নি তরুণ হউন। দীপ্ত দণ্ড অগ্নি বনসমূহ অগ্নিসংযুক্ত করেন এবং ক্ষণমাত্রে প্রভূত অন্ন ভক্ষণ করেন।

৩। মর্ত্ত্যগণ যে শুভ্র অগ্নিকে দেবের মুখ্য স্থানে পরিগ্রহণ করেন, যিনি পুরুষগণকর্ত্তৃক গৃহীত বস্তু সেবা করেন, সেই অগ্নি মনুষ্যগণের জন্য শত্রুগণের দুঃসেব্যরূপে দীপ্তি পান।

৪। কবি, প্রকাশক, অমর অগ্নি অকবি মর্ত্ত্যগণ মধ্যে নিহিত হইয়াছেন। হে বলবান্ অগ্নি! আমরা সর্ব্বদা তোমার ভক্ত থাকিব; তুমি আমাদিগকে হিংসা করিও না।

(১) মূলে "আয়সীভিঃ" আছে। লৌহময় নগর কি? অতিশয় [illegible]পদে রাখ, এই অর্থ। সায়ণ "আয়সীভিঃ" অর্থে "হিরণ্ময়ীভিঃ" করিয়াছেন।

৫। যেহেতু অগ্নি কর্ম্মদ্বারা দেবগণকে পার করিয়াছেন, অতএব তিনি দেবকৃত স্থানে উপবেশন করেন। ওষধি ও বৃক্ষসমূহ, বিশ্বধারক ও গর্ভে বিদ্যমান সেই অগ্নিকে ধারণ করে, ভূমিও তাঁহাকে ধারণ করে।

৬। অগ্নি প্রভূত অমৃত দান করিতে সক্ষম; সুন্দর বীর্য্যযুক্ত ধন দান করিতে সক্ষম। হে বলবান্ অগ্নি! আমরা যেন পুত্রাদিরহিত হইয়া উপবেশন না করি, রূপরহিত হইয়া উপবেশন না করি এবং পরিচর্য্যারহিত হইয়া উপবেশন না করি।

৭। অঋণী ব্যক্তির ধন পর্য্যাপ্ত হয়, অতএব আমরা নিত্য ধনের পতি হইব। হে অগ্নি! যেন অপত্য অন্য জাত (১) না হয়। অবেত্তার পথ জানিও না।

৮। অন্যজাত পুত্র সুখকর হইলেও তাহাকে পুত্র বলিয়া গ্রহণ করিতে অথবা মনে করিতে পারা যায় না। আর সে পুনরায় আপন স্থানে গমন করে। অতএব অন্নবান্, শত্রুনাশক, নবজাত পুত্র আমাদের নিকট আগমন করুক।

৯। হে অগ্নি! তুমি আমাদিগকে হিংসক হইতে রক্ষা কর, হে বলবান্! তুমি আমাদিগকে পাপ হইতে রক্ষা কর, নির্দোষ অন্ন তোমার নিকট গমন করুক, স্পৃহণীয় সহস্রসংখ্যক ধন আমাদিগকে প্রাপ্ত হউক।

১০। হে অগ্নি! আমাদিগকে এই সুন্দর ধন দান কর; আমরা যেন যজ্ঞকারী ও সুচেতাঃ পুত্র লাভ করিতে পারি। সমস্ত ধন উদ্গাতাগণের ও স্তুতিকারীগণের হউক; তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৫ সূক্ত।

বৈশ্বানর অগ্নি দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। যে বৈশ্বানর যজ্ঞে জাগরিত সমস্ত দেবগণের সহিত বৃদ্ধি প্রাপ্ত হন, সেই প্রবৃদ্ধ এবং অন্তরিক্ষ ও পৃথিবীতে গমনশীল অগ্নির উদ্দেশে স্তুতি উচ্চারণ কর।

২। নদীগণের নেতা যে জলবর্ষী অর্চিত অগ্নি অন্তরিক্ষ ও পৃথিবীয়া নিস্যূত হইয়াছেন, সেই বৈশ্বানর শ্রেষ্ঠ হব্যদ্বারা বর্দ্ধিত হইয়া মনুষ্য প্রজাদিগের অভিমুখে শোভা পান।

(১) মূলে "অন্যজাতং" আছে। অন্যজাত অপত্য অর্থ কি? এই ...ত হও, তখন কি দত্তকপুত্রের উল্লেখ পাওয়া যায়? ... তুষ্ট হন এবং

৩। হে বৈশ্বানর! যখন তুমি পুরুষ সমীপে দীপ্যমান হইয়া তাহার শত্রুর পুরী বিদীর্ণ করতঃ প্রজ্বলিত হইয়াছিলে, তখন তোমার ভয়ে অসিক্লী প্রজাগণ পরস্পর অসমেত হইয়া ভোজন ত্যাগকরতঃ আগমন করিয়াছিল।

৪। হে বৈশ্বানর অগ্নি! অন্তরিক্ষ, পৃথিবী ও দ্যুলোক তোমার ব্রত সেবা করে। তুমি অজস্র প্রকাশদ্বারা দীপ্যমান হইয়া স্বদীপ্তিতে দ্যাবাপৃথিবী বিস্তারিত কর।

৫। হে বৈশ্বানর অগ্নি! তুমি প্রজাগণের পতি, ধনসমূহের নেতা এবং উষা ও দিবসের মহান্ কেতু স্বরূপ। অশ্বগণ কাময়মান হইয়া তোমাকে সেবা করে, পাপনাশক ও ঘৃতযুক্ত বাক্য তোমাকে সেবা করে।

৬। হে মিত্রগণের পূজয়িতা অগ্নি! বসুগণ তোমাতে বল স্থাপিত করি-করিয়াছেন, তোমার কর্ম্ম সেবা করিয়াছেন। তুমি আর্য্যের জন্য অধিক তেজঃ উৎপন্ন করতঃ দস্যুগণকে স্থান হইতে নির্গত করিয়াছ (১)।

৭। তুমি পরম ব্যোম প্রদেশে প্রাদুর্ভূত হইয়া বায়ুর ন্যায় সদ্য সোম পান কর। হে জাতবেদা! তুমি জলসমূহ উৎপন্ন করতঃ অপত্যের ন্যায় পালনীয় ব্যক্তির অভিলাষ প্রদান করিয়া গর্জ্জন করিয়া থাক।

৮। হে সকলের বরণীয় অগ্নি! যদ্দ্বারা ধন রক্ষা কর এবং হব্যদাতা মনুষ্যের বিস্তীর্ণ যশঃ রক্ষা কর; হে জাতবেদা বৈশ্বানর অগ্নি! তুমি আমাদিগকে সেই দীপ্তিমান্ অন্ন প্রদান কর।

৯। হে অগ্নি! আমরা যজ্ঞকারী, আমাদিগকে বহু অন্ন, ধন এবং শ্রুতি-যোগ্য বল প্রদান কর। হে বৈশ্বানর অগ্নি! তুমি রুদ্রগণ ও বসুগণের সহিত আমাদিগকে মহৎ ধন দান কর।

৬ সূক্ত।

বৈশ্বানর অগ্নি দেবতা। বসিষ্ঠ ঋষি।

হু:৬

১। আমি পুরীসমূহের ভেদকারীকে বন্দনা করি। বন্দমান হইয়া সম্রাট,
৪।
হে বলবান্ বীর ও জনসমূহের স্তুতিযোগ্য এবং বলবান্ ইন্দ্রের ন্যায় সেই বৈশ্বা-
হিংসা করিও ও কর্ম্মসমূহ কীর্ত্তন করিব।

তোমার সহায়তায় আর্য্যগণ অনার্য্য বর্ব্বরদিগকে তাহাদের প্রাচীন প্রদেশসমূহ
(১) মূলে "আঃ
রিয়া সেই সেই প্রদেশ অধিকার করিয়াছে।
সায়ণ "আয়সীভিঃ"

২। অগ্নি, কবি, কেতুস্বরূপ, অদ্রিধারী, দীপ্তিমান্, সুখকর ও দ্যাবা-পৃথিবীর রাজা, দেবগণ সেই অগ্নিকে প্রীত করেন। আমি পুরীবিদারক অগ্নির পুরাতন মহৎ কর্ম্মসমূহ স্তুতিদ্বারা কীর্ত্তন করিব।

৩। অগ্নি, যজ্ঞরহিত, জল্পক, হিংসিতবাক্, শ্রদ্ধারহিত, বৃদ্ধিশূন্য পণি-নামক যজ্ঞহীন সেই দস্যুদিগকে বিদূরিত করুন; তিনি প্রধান হইয়া অপর যজ্ঞরহিতগণকে হেয় করুন।

৪। নেতৃতম যে অগ্নি অপ্রকাশমান অন্ধকারে নিমগ্ন প্রজাগণকে হৃষ্ট করতঃ প্রজ্ঞাদ্বারা ঋজুগামী করিয়াছেন; আমি সেই ধনস্বামী, অনত এবং যোদ্ধার দমনকারী অগ্নিকে স্তুতি করি।

৫। যিনি শত্রু কৌশল আয়ুধদ্বারা হীন করিয়াছেন, যিনি আর্য্যপত্নী উষাকে সৃষ্টি করিয়াছেন; সেই মহান্ অগ্নি প্রজাগণকে বলদ্বারা নিরুদ্ধ করতঃ নহুষ রাজার করপ্রদ করিয়াছিলেন।

৬। সমস্ত লোক সুখের নিমিত্ত যাঁহার অনুগ্রহ প্রার্থনা করিয়া হব্যের সহিত উপস্থিত হয়; সেই বৈশ্বানর অগ্নি পিতৃ মাতৃ ভূত দ্যাবাপৃথিবীর মধ্যস্থিত অন্তরিক্ষে আগমন করিয়াছেন।

৭। বৈশ্বানরদেব, সূর্য্য উদয় হইলে পর অন্তরিক্ষ হইতে তমঃসমূহ গ্রহণ করেন। অগ্নি অবর অন্তরিক্ষ হইতে তমঃ গ্রহণ করেন, পর সমুদ্র হইতে তমঃ গ্রহণ করেন, দ্যুলোকের তমঃ গ্রহণ করেন, পৃথিবীর তমঃ গ্রহণ করেন।

---

৭ সূক্ত।

অগ্নি দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে অগ্নিদেব! তুমি অভিভবিতা এবং অশ্বের ন্যায় বেগবান্, আমি তোমাকে স্তুতিদ্বারা প্রেরণ করি। হে বিদ্বান্! তুমি আমাদের যজ্ঞের দূত হও; অগ্নি স্বয়ং দেবগণের মধ্যে দগ্ধক্রম বলিয়া প্রজ্ঞাত আছেন।

২। হে অগ্নি! তুমি স্তুতিযোগ্য এবং দেবগণের সহিত সখ্য সেবা করিয়া থাক; তুমি তেজোবলে পৃথিবীর তৃণ গুল্মাদি সানুপ্রদেশ শব্দিত করতঃ দংষ্ট্রাদ্বারা সমস্ত বন দগ্ধ করিয়া স্বীয় মার্গদ্বারা আগমন কর।

৩। হে যুবতম অগ্নি! যখন তুমি সুন্দর সুখযুক্ত হইয়া জাত হও, তখন যজ্ঞ অনুষ্ঠিত হয়, বর্হিঃ নিহিত হয়, স্তুতিযোগ্য অগ্নি ও হোতা তৃপ্ত হন এবং সকলের বরণীয় মাতৃভূত দ্যাবাপৃথিবী আহুত হন।

৪। প্রাজ্ঞ মনুষ্যগণ যজ্ঞে রথী অগ্নিকে সদ্য উৎপাদন করেন। যিনি ইঁহাদের হব্য বহন করেন সেই মদয়িতা, মধুবাক্, যজ্ঞবান্, বিশ্পতি অগ্নি মনুষ্যগণের গৃহে নিহিত হইয়াছেন।

৫। দ্যুলোক ও পৃথিবী যাঁহাকে বর্দ্ধিত করেন এবং হোতা যে সকলের বরণীয় অগ্নিকে যাগ করেন, সেই বৃত, হব্যবাহক, ব্রহ্মা এবং সকলের ধারক অগ্নি আগমন করতঃ মনুষ্যের গৃহে উপবিষ্ট হইয়াছেন।

৬। যে নরগণ পর্য্যাপ্তরূপে মন্ত্র সংস্কার করিয়াছেন, যে মনুষ্যগণ শ্রবণেচ্ছু হইয়া বর্দ্ধিত করেন এবং যে মনুষ্যগণ সত্যভূত এই অগ্নিকে প্রদীপ্ত করিয়াছেন, তাঁহারা অন্নের দ্বারা সমস্ত পোষ্যবর্গ বর্দ্ধিত করেন।

৭। হে বলের পুত্র অগ্নি! তুমি বসুসমূহের পতি, বসিষ্ঠগণ তোমার স্তুতি করিতেছে। তুমি স্তোতাকে ও যজ্ঞকারীকে শীঘ্র অন্নদ্বারা ব্যাপ্ত কর, তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৮ সূক্ত।

অগ্নি দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। যাঁহার রূপ ঘৃতদ্বারা আহুত হয়, নেতাগণ বাধাযুক্ত হইয়া যাঁহাকে হব্যের সহিত স্তুতি করে, সেই রাজা, স্বামী, অগ্নি স্তুতির সহিত সমিদ্ধ হইতেছেন। অগ্নি উষার অগ্রে দীপ্ত হন।

২। এই হোতা, মদয়িতা, মহান্, অগ্নি মনুষ্যকর্ত্তৃক সুমহান্ বলিয়া বিখ্যাত হইয়াছেন। তিনি দীপ্তি বিকীর্ণ করেন। কৃষ্ণবর্ত্ম অগ্নি পৃথিবীতে সৃষ্ট হইয়া ওষধিদ্বারা বর্দ্ধিত হন।

৩। হে অগ্নি! তুমি কোন্ স্বধা দ্বারা আমাদের স্তুতি ব্যাপ্ত করিবে? স্তূয়মান হইয়া কোন্ স্বধা প্রাপ্ত হইবে? হে শোভনদান অগ্নি! আমরা কখন দুস্তর সাধু-ধনের পতি ও বিভাগকারী হইব?

৪। যখন এই অগ্নি সূর্য্যের ন্যায় বৃহৎ প্রভাশালী হইয়া প্রকাশ পান, তখন তিনি ভরতকর্ত্তৃক প্রথিত হন। যিনি সংগ্রামসমূহে পুরুকে অভিভূত করিয়াছেন সেই দীপ্যমান দেবগণের অতিথি অগ্নি প্রজ্বলিত হইয়াছেন।

৫। হে অগ্নি! তোমাতে প্রভূত হব্যপ্রদত্ত হইয়াছে, তুমি সমস্ত তেজের সহিত প্রসন্ন হও এবং স্তোতার স্তোত্র শ্রবণ কর। হে সুজাত! তুমি স্তূয়মান হইয়া স্বয়ং শরীর বর্দ্ধিত কর।

৬। শত গাভীর বিভাগকারী ও সহস্রগাভীসংযুক্ত এবং উভয় লোকে মাননীয় বসিষ্ঠ ঋষি এই বাক্য অগ্নির উদ্দেশে উৎপন্ন করিয়াছেন। উহা দীপ্তিমৎ, রোগনিবারক, রাক্ষসনাশক এবং স্তোতাগণের ও তাঁহাদের বন্ধুর সুখদ হউক।

৭। হে বলের পুত্র অগ্নি! তুমি বসুসমূহের পতি; বসিষ্ঠগণ তোমার স্তুতি করিতেছে। তুমি স্তোতাকে ও যজ্ঞকারীকে শীঘ্র অন্নের দ্বারা ব্যাপ্ত কর; তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৯ সূক্ত।

অগ্নি দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। অগ্নি জারস্বরূপ, হোতাস্বরূপ, মদয়িতা, কবিতম ও পাবক; তিনি উষার মধ্যে প্রবুদ্ধ হইয়াছেন; তিনি উভয় প্রকার জীবকে (১) প্রজ্ঞা দান করেন, দেবগণকে হব্য দান করেন এবং সুকৃতকারিগণকে ধন দান করেন।

২। যিনি পণিগণের দ্বার বিবৃত করিয়াছেন, সেই অগ্নি সুকর্ম্মা। তিনি আমাদিগের জন্য বহুক্ষীরবিশিষ্ট ও অর্চ্চনীয় গাভীসমূহ হরণ করেন। তিনি হোতা, মাদয়িতা ও দানমনা। অগ্নি রাত্রি সমূহের ও জনগণের তমঃ বিদূরিত করত দৃষ্ট হন।

৩। অমূঢ়, কবি, অদীন, দীপ্তিমান্, শোভন গৃহবিশিষ্ট, মিত্র, অতিথি এবং আমাদের মঙ্গলকর অগ্নি, বিশিষ্ট দীপ্তিযুক্ত হইয়া উষামুখে শোভা পান এবং জলের গর্ভরূপে জাত হইয়া ওষধিসমূহে প্রবেশ করেন।

৪। হে অগ্নি! তুমি মনুষ্যের যজ্ঞকালে স্তুতিযোগ্য। জাতবেদা যুদ্ধে সঙ্গত হইয়া দীপ্তি পান, দর্শনীয় তেজোদ্বারা শোভা পান। স্তুতিসমূহ সমিদ্ধ অগ্নিকে প্রতিবোধিত করে।

৫। হে অগ্নি! তুমি দেবগণের অভিমুখে দৌত্যকার্য্যে গমন কর। স্তুতিকারীদিগকে দলের সহিত হিংসা করিও না। আমাদিগকে রত্ন দান করিবার জন্য তুমি সরস্বতী, মরুৎগণ, অশ্বিদ্বয়, জল, প্রভৃতি সমস্ত দেবগণের যাগ কর।

৬। হে অগ্নি! বসিষ্ঠ তোমাকে সমিদ্ধ করিতেছে; তুমি পরুষভাষীকে বধ

(১) দ্বিপদ ও চতুষ্পদ অথবা দেবতা ও মনুষ্য। সায়ণ।

কর, ধনবানের জন্য বহুধী দেবগণকে যাগ কর। হে জাতদেবা! বহুস্তোত্রদ্বারা স্তুতি কর; তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

১০ সূক্ত।

অগ্নি দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। উষার প্রণয়ী সূর্য্যের ন্যায় অগ্নি বিস্তীর্ণ তেজঃ আশ্রয় করিতেছেন। অত্যন্ত দীপ্তিমান্, অভীষ্টবর্ষী, হব্যপ্রেরক, শুচি অগ্নি কর্ম্মসমুদয় প্রেরণ করিয়া দীপ্তিদ্বারা প্রকাশ পায় এবং অভিলাষীদিগকে জাগরিত করেন।

২। অগ্নি দিবাভাগে উষার অগ্রে আদিত্যের ন্যায় শোভা পান; ঋত্বিকৃগণ যজ্ঞ বিস্তার করতঃ মননীয় স্তোত্র পাঠ করেন; বিদ্বান্ দূত এবং দেবগণের নিকট গমনকারী ও দাতাশ্রেষ্ঠ, অগ্নিদেব প্রাণিসমূহ দ্রব করেন।

৩। দেবাভিলাষী, ধনভিক্ষাকারী, গমনশীল, স্তুতিরূপ বাক্য অগ্নির অভিমুখে গমন করে। সেই অগ্নি দর্শনীয়, সুরূপ, সুগমনকারী, হব্যবাহক এবং মনুষ্যগণের স্বামী।

৪। হে অগ্নি! তুমি বসুগণের সহিত সঙ্গত হইয়া ইন্দ্রকে আহ্বান কর, রুদ্রগণের সহিত সঙ্গত হইয়া মহান্ রুদ্রকে আহ্বান কর, আদিত্যগণের সহিত সঙ্গত হইয়া বিশ্বজন হিতকর অদিতিকে আহ্বান কর, স্তুতিযোগ্য অঙ্গিরাগণের সহিত সঙ্গত হইয়া সকলের বরণীয় বৃহস্পতিকে আহ্বান কর।

৫। অভিলাষী মনুষ্যগণ, স্তুতিযোগ্য, হোতা, যুবতম অগ্নিকে যজ্ঞে স্তুতি করে। যেহেতু তিনি রাত্রিবিশিষ্ট এবং দেবগণকে যাগ করিবার জন্য হব্যদাতার তন্দ্রারহিত দূত হইয়াছিলেন।

---

১১ সূক্ত।

অগ্নি দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে অগ্নি! তুমি যজ্ঞের প্রজ্ঞাপক হইয়া মহান্ হও। দেবগণ তোমা বিনা মত্ত হন না। তুমি সমস্ত দেবগণের সহিত রথযুক্ত হইয়া আগমন কর এবং এই কুশোপরি মুখ্য হোতা হইয়া উপবেশন কর।

২। হে অগ্নি! তুমি গমনশীল, হর্বিষ্মান্, মনুষ্যগণ তোমাকে সর্ব্বদা দৌত্যকার্য্যে প্রার্থনা করে; তুমি দেবগণের সহিত যাহার কুশোপরি উপবেশন কর, তাহার দিবসসমূহ সুদিন হয়।

৩। হে অগ্নি! ঋত্বিক্‌গণ দিবসে তিন বার হব্যদাতা মনুষ্যের জন্য তোমার মধ্যে হব্য প্রক্ষেপ করে। মনুর ন্যায় এই যজ্ঞে দূত হইয়া যাগ কর এবং আমাদিগকে শত্রু হইতে রক্ষা কর।

৪। অগ্নি মহান্ যজ্ঞের স্বামী, অগ্নি সমস্ত সংস্কৃত হব্যের স্বামী। যেহেতু বসুগণ ইহার কর্ম্ম সেবা করেন, আর দেবগণ অগ্নিকে হব্যবাহক করিয়াছেন।

৫। হে অগ্নি! হব্য ভোজনের জন্য দেবগণকে আহ্বান কর. এই যজ্ঞে ইন্দ্র প্রমুখ দেবগণকে প্রমত্ত কর, এই যজ্ঞ দ্যুলোকে দেবগণের নিকট লইয়া যাও; তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

---

১২ সূক্ত।

অগ্নি দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। যিনি স্বগৃহে সমিদ্ধ হইয়া দীপ্তি পান, সেই যুবতম ও বিস্তীর্ণ দ্যাবা-পৃথিবীর মধ্যস্থিত ও বিচিত্র শিখাবিশিষ্ট এবং সুন্দররূপে আহুত ও সর্ব্বত্র গমনকারী অগ্নির নিকট আমরা নমস্কারের সহিত গমন করি।

২। সেই জাতবেদা নিজ মহত্বের দ্বারা সমস্ত পাপ অভিভব করেন। তিনি যজ্ঞ গৃহে স্তুত হইতেছেন, তিনি আমাদিগকে পাপ ও নিন্দিত কর্ম্ম হইতে রক্ষা করুন। আমরা তাহার স্তুতি করি ও যজ্ঞ করি।

৩। হে অগ্নি! তুমি বরুণ, তুমি মিত্র, বসিষ্ঠগণ তোমাকে স্তুতিদ্বারা বর্দ্ধিত করেন। তোমাতে বিদ্যমান ধন সুলভ হউক। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

১৩ সূক্ত।

বৈশ্বানর অগ্নি দেবতা। বশিষ্ঠ ঋষি।

১। সকলের উদ্দীপক, কর্ম্মের ধারক, অসুর বিনাশক, অগ্নির উদ্দেশে স্তোত্র ও কর্ম্ম কর। আমি প্রীত হইয়া অভিমত দাতা বৈশ্বানরের উদ্দেশে যজ্ঞে হব্যের সহিত স্তুতি উচ্চারণ করি।

২। হে অগ্নি! তুমি দীপ্তিদ্বারা দীপ্তিবিশিষ্ট ও জাত হইয়াই দ্যাবাপৃথিবী পূর্ণ করিয়াছ। হে জাতবেদা বৈশ্বানর! তুমি মহত্বদ্বারা দেবগণকে শত্রু হইতে মুক্ত করিয়াছ।

৩। হে অগ্নি! তুমি সূর্য্যরূপে জাত, স্বামী ও সর্ব্বত্র গমনশীল, গোপালক যেরূপ পশুসমূহকে সন্দর্শন করে, সেইরূপ তুমি যখন ভূতসমূহ সন্দর্শন কর, তখন স্তোত্ররূপ ফল লাভ কর। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

১৪ সূক্ত।

অগ্নি দেবতা বসিষ্ঠ ঋষি।

১। আমরা হবিষ্মান্, আমরা সমিধদ্বারা জাতবেদার পরিচর্য্যা করিব, দেব-স্তুতিদ্বারা অগ্নিদেবের পরিচর্য্যা করিব, এবং হব্যদ্বারা শুভ্রদীপ্তি অগ্নির পরিচর্য্যা করিব।

২। হে অগ্নি! আমরা সমিধদ্বারা তোমার পরিচর্য্যা করিব; হে যজ্ঞ-নীয়! আমরা স্তুতিদ্বারা পরিচর্য্যা করিব; হে যজ্ঞের হোতা! আমরা ঘৃত-দ্বারা পরিচর্য্যা করিব; হে কল্যাণকর শিখাবিশিষ্ট অগ্নিদেব! আমরা হব্যদ্বারা পরিচর্য্যা করিব।

৩। হে অগ্নি! তুমি বষট্‌কৃতি অর্থাৎ হব্য সেবন করতঃ দেবগণের সহিত আমাদের যজ্ঞে উপাগত হও। তুমি দ্যোতমান, আমরা যেন তোমার পরিচর্য্যা-কারী হই। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

১৫ সূক্ত।

অগ্নি দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। যিনি আমাদের আসন্নতম বন্ধু, সেই উপসদনীয়, অভীষ্টবর্ষী অগ্নির জন্য তাঁহার মুখে হব্য প্রদান কর।

২। কবি, গৃহপতি, যুবা অগ্নি পঞ্চশ্রেণী মনুষ্যের অভিমুখে গৃহে গৃহে নিষণ্ণ হন।

৩। সেই অগ্নি আমাদের অমাত্য, ধন সমস্ত বিপদ হইতে রক্ষা করুন, এবং আমাদিগকে পাপ হইতে রক্ষা করুন।

৪। আমি দ্যুলোকের শ্যেনসদৃশ ক্ষিপ্রগামী অগ্নির উদ্দেশে নূতন স্তোম উৎপাদন করিতেছি। তিনি আমাদিগকে বহুধন দান করুন।

৫। যজ্ঞের অগ্রভাগে দীপ্যমান অগ্নির দীপ্তিসমূহ পুত্রবান্ ব্যক্তির ধনের ন্যায় চক্ষুর স্পৃহণীয়।

৬। যাজ্ঞিকশ্রেষ্ঠ হব্যবাহক, সেই অগ্নি এই বষট্‌কৃতি কামনা করুন, আমাদিগের স্তুতিসেবা করুন।

৭। হে উপগন্তব্য, লোকগণের পতি, আহুত অগ্নিদেব! তুমি দ্যুতিমান এবং সুবীর। আমরা তোমাকে স্থাপন করিয়াছি।

৮। তুমি রাত্রিদিন প্রদীপ্ত হও, আমরা তোমার দ্বারা সুন্দর অগ্নিবিশিষ্ট হইব, তুমি আমাদিগকে কামনা করতঃ সুন্দর স্তোত্রবিশিষ্ট হও।

৯। মেধাবী নেতাগণ, ধনকর্ম্মদ্বারা ধন লাভের জন্য তোমার নিকট গমন করে। সহস্রসংখ্যক, ক্ষয়রহিত স্তুতি তোমার নিকট গমন করে।

১০। শুভ্র, শিখাবিশিষ্ট, মরণরহিত, শুচি, পাবক, স্তুতিযোগ্য অগ্নি রাক্ষসগণকে বাধা দান করুন।

১১। হে বলের পুত্র! তুমি ঈশ্বর হইয়া আমাদিগকে ধন দান কর, ভগও বরণীয় ধন দান করুন।

১২। হে অগ্নি! তুমি পুত্রপৌত্রাদিযুক্ত অন্ন দান কর, সবিতাদেবও বরণীয় ধন দান করুন, ভগও দান করুন, দিতিও দান করুন।

১৩। হে অগ্নি! তুমি আমাদিগকে পাপ হইতে রক্ষা কর। হে জরারহিত দেব! তুমি হিংসাকারিগণকে অত্যন্ত তাপক তেজোদ্বারা দগ্ধ কর।

১৪। তুমি অপ্রতিবর্ষনীয়, এক্ষণে তুমি আমাদিগের নরগণের রক্ষার্থে মহতী অয়োনির্ম্মিতা শতগুণা পুরী হও (১)।

১৫। হে অহিংসনীয় রাত্রির আচ্ছাদক! তুমি আমাদিগকে পাপ হইতে এবং পাপেচ্ছু ব্যক্তি হইতে দিবারাত্রি রক্ষা কর।

১৬ সূক্ত।

অগ্নি দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। আমি, তোমাদের জন্য বলের পুত্র, প্রিয়, প্রজ্ঞাপকশ্রেষ্ঠ, গমনশীল, সুন্দর যজ্ঞবিশিষ্ট, সকলের দূত, নিত্য অগ্নিকে এই স্তোত্রদ্বারা আহ্বান করি।

২। তিনি আরোচমান ও সকলের পালক এবং অশ্বদ্বয়কে রথে যোজিত করেন, তিনি দেবগণের প্রতি অত্যন্ত দ্রুতগমন করেন। তিনি সুন্দররূপে

(১) এখানেও অয়োনির্ম্মিত নগরের উল্লেখ আছে।

আহুত, সুন্দর স্তুতিবিশিষ্ট, যজনীয় ও সুকর্ম্মা। বসুগণের (১) ধন অগ্নিদেবের নিকট গমন করুক।

৩। অভীষ্টবর্ষী, অভিহূয়মান এই অগ্নির তেজ উত্থিত হইতেছে, আরোচমান, অন্তরিক্ষস্পর্শী ধূমসমূহ উত্থিত হইতেছে, নরগণ অগ্নিকে সমিদ্ধ করিতেছেন।

৪। হে বলের পুত্র! তুমি অত্যন্ত যশস্বী, আমরা তোমাকে দূত করি, তুমি হব্য ভোজনের নিমিত্ত দেবগণকে আহ্বান কর। যখন তোমার নিকট যাচ্ঞা করি তখন তুমি মনুষ্যগণকে ভাগ অর্থাৎ ধন দান কর।

৫। হে সকলের বরণীয় অগ্নি! তুমি আমাদিগের যজ্ঞে গৃহপতি, তুমি হোতা, তুমি পোতা, তুমি প্রকৃষ্টমতি, তুমি বরণীয় হব্য যাগ কর ও কামনা কর।

৬। হে সুকর্ম্মা! যজমানকে রত্ন দান কর, যেহেতু তুমি রত্নদাতা, তুমি আমাদের যজ্ঞে সমস্ত ঋত্বিক্‌গণকে তীক্ষ্ণ কর; হোতা বর্দ্ধিত হইতেছে, তাহাকে বর্দ্ধিত কর।

৭। হে সুন্দররূপে আহুত অগ্নি! তোমার স্তোতাগণ প্রিয় হউক এবং যে ধনবান্ দাতাগণ জনসমূহ ও গোসমূহ দান করে, তাহারাও প্রিয় হউক।

৮। যাহাদের গৃহে ঘৃতহস্তা ইলা (২) পূর্ণ হইয়া নিষণ্ণা আছেন, হে বলবান্ অগ্নি! তাহাদিগকে দ্রোহকারী ও নিন্দক হইতে ত্রাণ কর, আমাদিগকে দীর্ঘকাল স্তুতিযোগ্য সুখ দান কর।

৯। হে অগ্নি! তুমি হব্যবাহক ও বিদ্বান্, মোদয়িত্রী ও আস্যস্থানীয়া জিহ্বাদ্বারা আমাদিগকে ধন দান কর। আমরা হবিষ্মান্। তুমি হব্যদাতাকে কর্ম্মে প্রেরণ কর।

১০। হে যুবতম! যাহারা মহৎ যশ ইচ্ছা করিয়া সাধক অশ্বরূপ হব্য দান করে, তুমি তাহাদিগকে পাপ হইতে রক্ষা কর ও শতনগরীদ্বারা পালন কর।

১১। ধনদাতা অগ্নিদেব আমাদের পূর্ণ স্রুক্ কামনা করেন, তোমরা সোমদ্বারা পাত্র সিক্ত কর, সোম দান কর। অনন্তর অগ্নিদেব তোমাদিগকে বহন করেন।

১২। দেবগণ, প্রকৃষ্টমতি অগ্নিকে যজ্ঞবাহক ও হোতা করিয়াছেন, অগ্নি পরিচর্য্যাকারী হব্যদাতাজনকে সুবীর্য্যযুক্ত রত্ন দান করুন।

(১) অর্থাৎ বাসক জন, বসিষ্ঠগণ। সায়ণ।

(২) অন্নরূপা হবির্লক্ষণা দেবী। সায়ণ।

১৭ সুক্ত।

অগ্নি দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে অগ্নি! শোভন সমিধদ্বারা সমিদ্ধ হও। অধ্বর্যু সম্যকরূপে কুশ বিস্তৃত করুন।

২। দেবাভিলাষী দ্বারসমূহকে আশ্রয় কর এবং যজ্ঞাভিলাষী দেবগণকে এই যজ্ঞে আনয়ন কর।

৩। হে জাতবেদা অগ্নি! দেবগণের অভিমুখে গমন কর, হব্যদ্বারা দেবগণের যাগ কর এবং তাঁহাদিগকে শোভন যজ্ঞবিশিষ্ট কর।

৪। জাতবেদা, অমর দেবগণকে সুন্দর যজ্ঞবিশিষ্ট করুন, যাগ করুন এবং প্রীত করুন।

৫। হে মতিমন্! সমস্ত বরণীয় ধন দান কর, আমাদিগের আশীর্ব্বাদসমূহ অদ্য সত্য হউক।

৬। হে অগ্নি! তুমি বলের পুত্র, তোমাকে সেই দেবগণ হব্যবাহক করিয়াছেন।

৭। তুমি দ্যোতমান, তোমাকে আমরা হব্য দান করিব, তুমি মহান্ ও উপগম্য, তুমি আমাদিগকে রত্ন দান কর।

১৮ সুক্ত।

ইন্দ্র দেবতা, কেবল ২২ ঋক্ হইতে ২৫ ঋক্ পর্য্যন্ত সুদাস রাজার যজ্ঞের দান স্তব করা হইয়াছে বলিয়া উহাই দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে ইন্দ্র! আমাদের পিতাগণ স্তুতি করতঃ তোমা হইতেই সমস্ত মনোহর ধন লাভ করিয়াছেন। তোমা হইতে গাভীসমূহ সুখে দোহনক্ষম হয়, তোমাতে অশ্বগণ আছে এবং তুমি দেবাভিলাষী ব্যক্তিকে অধিকরূপে ধন দান কর।

২। হে ইন্দ্র! তুমি জায়াগণের সহিত রাজার ন্যায় দীপ্তির সহিত বাস কর। হে মঘবন্! তুমি বিদ্বান্ ও কবি হইয়া স্তোতাদিগকে রূপ দান কর এবং গো ও অশ্বদ্বারা রক্ষা কর। আমরা তোমাকে কামনা করি, তুমি আমাদিগকে ধনার্থে সংস্কৃত কর।

৩। হে ইন্দ্র! এই যজ্ঞের স্পর্দ্ধমান ও রমণীয় স্তুতি সকল তোমার নিকট উপস্থিত হয়, তোমার ধন আমাদের অভিমুখে গমন করুক। আমরা তোমার অনুগ্রহ লাভ করিয়া সুখী হইব।

৪। সুতৃণবিশিষ্ট ধেনুর ন্যায় তোমাকে দোহন করিতে ইচ্ছা করিয়া, বসিষ্ঠ স্তোত্র সৃজন করিতেছেন। সমস্ত লোকে তোমাকেই গাভীগণের পতি বল; ইন্দ্র, আমাদের সুস্তুতির নিকট আগমন করুন।

৫। স্তুতিযোগ্য ইন্দ্র, নদীসমূহ প্রথিত করতঃ সুদাসের জন্য সুস্পর্শযোগ্য ও সুখে পারযোগ্য করিয়াছেন। স্তোতার জন্য নদীগণের উৎসাহবান্ ও রোদনবান্ শাপ দূর করিয়াছেন।

৬। যজ্ঞশীল, দানকারী, তুর্ব্বশনামে রাজা ছিলেন। মৎস্যের ন্যায় নিয়মিত হইলেও ভৃগু ও দ্রুহ্যুগণ ধনার্থ সুদাস এবং তুর্ব্বশের পরস্পর সাক্ষাৎ করাইয়া দিয়াছিলেন (১) এই উভয়ের মধ্যে সখা, সখাকে বধ করিয়াছিলেন।

৭। হব্যসমূহের পাচক, ভদ্রমুখ, অপ্রবৃদ্ধ ও বিষাণহস্ত মঙ্গলকর ব্যক্তিগণ ইন্দ্রের স্তুতি করে। ইন্দ্র সোমপানে মত্ত হইয়া আর্য্যের গাভীসমূহ হিংসকগণ হইতে আনয়ন করিয়াছেন, স্বয়ং লাভ করিয়াছেন এবং যুদ্ধে মনুষ্যগণকে বধ করিয়াছেন।

৮। দুরভিসন্ধিবিশিষ্ট মন্দমতিগণ খনন করতঃ অদীনা নদীর কূল ভেদ করিয়া দিয়াছিল। সুদাস মহিমাদ্বারা পৃথিবী ব্যাপ্ত করিয়াছিলেন। চয়মানের পুত্র কবি, পালিত পশুর ন্যায় শয়ন করিয়াছিল।

৯। নদীর জল গমনপ্রদেশাভিমুখেই যাইতে গমন করিয়াছিল। অগম্য প্রদেশাভিমুখে গমন করে নাই এবং সুদাসের অশ্ব গম্য প্রদেশে গমন করিয়াছিল। ইন্দ্র, সুদাসের জন্য মনুষ্যগণের মধ্যে অপত্যবিশিষ্ট জল্পক অমিত্রদিগকে অপত্যগণের সহিত বশ করিয়াছিলেন। (২)

১০। রক্ষকবিহীন গাভীসমূহ যবের জন্য যেরূপ গমন করে, মাতা কর্তৃক প্রেরিত একত্রিত মরুৎগণ পূর্ব্বকৃত প্রতিজ্ঞা অনুসারে মিত্র ইন্দ্রের অভিমুখে সেইরূপ গমন করিয়াছিলেন। তাঁহাদের নিযুৎগণ হৃষ্ট হইয়া শীঘ্র গমন করিয়াছিল।

(১) সুদাস রাজার ঐ ঐ ঋকে উল্লেখ না থাকিলেও সায়ণ বলেন তুর্ব্বশ রাজা সুদাসের সহিত দেখা করিতে গিয়াছিলেন।

(২) ৭।৮৩।৭ ঋকের টীকা দেখ।

১১। সুদাস রাজা যশোলাভের জন্য দুইটী জনপদের একবিংশ জন লোককে বিনাশ করিয়াছিলেন। যজ্ঞগৃহে যুবা অধ্বর্য্যু যেরূপ কুশ ছেদন করে, সেইরূপ তিনি শত্রুগণকে ছেদন করেন। শূর ইন্দ্র, তাঁহার সাহায্যার্থে মরুৎগণকে প্রসব করিয়াছেন।

১২। আর বজ্রবাহু ইন্দ্র, শ্রুত, কবষ, বৃদ্ধ ও দ্রুহ্যুকে আনুপূর্ব্বিরূপে জলমধ্যে নিমগ্ন করিয়াছিলেন। এই সময়ে যাহারা তাঁহাকে কামনা করিয়া তাঁহার স্তুতি করিয়াছিল, তাঁহারা সখ্যের জন্য বরণ করিয়া সখ্য লাভ করিয়াছিল।

১৩। ইন্দ্র নিজ বলদ্বারা উহাদিগের দৃঢ় পুরীসমস্ত এবং সপ্তপ্রকার রক্ষার উপায়ে তৎক্ষণাৎ বিদীর্ণ করিয়াছিলেন। অনুর পুত্রের গৃহ তৃৎসুকে দান করিয়াছিলেন। আমরা যেন দুষ্টবাক্যবিশিষ্ট মনুষ্যকে জয় করিতে পারি।

১৪। অনুর ও দ্রুহ্যুর গবাভিলাষী ষষ্ঠীশত এবং ৬৬৬৬ সংখ্যক পুত্রগণ পরিচর্য্যাভিলাষী সুদাসের জন্য শয়িত হইয়াছিল, এই সমস্ত কার্য্য ইন্দ্রের বীর্য্য সূচক।

১৫। তৃৎসুগণ ইন্দ্রের সহিত যুদ্ধে সঙ্গত হইয়া নিম্নগামী জলের ন্যায় ধাবিত হইয়াছিল। দুর্মিত্র অজ্ঞান শত্রুগণ বাধাপ্রাপ্ত হইয়া সুদাসকে সমস্ত ভোগ্যবস্তু প্রদান করিয়াছিল।

১৬। সুদাস বীরের হিংসাকারী, ইন্দ্ররহিত, হব্যপাতা, উৎসাহমান ব্যক্তিদিগকে ইন্দ্র ভূমিতে প্রেরণ করিয়াছিলেন। তিনি ক্রোধকারীর ক্রোধের বাধা প্রদান করিয়াছিলেন। সুদাসের শত্রু পলায়নমার্গ অবলম্বন করিয়াছিল।

১৭। ইন্দ্র তখন ক্ষুদ্র সুদাসের দ্বারা এক মহৎ কার্য্য করাইয়াছিলেন। প্রবল সিংহকে ছাগদ্বারা হত করিয়াছিলেন। সূচীদ্বারা যূপ কাষ্ঠ কাটিয়া ফেলিয়াছিলেন। সমস্ত ধন সুদাস রাজাকে প্রদান করিয়াছিলেন।

১৮। হে ইন্দ্র! তোমার বহুতর শত্রু বশীভূত হইয়াছিল। উৎসাহযুক্ত ভেদকে বশীভূত কর। যে তোমার স্তব করে, এই ভেদ তাহারই অনিষ্ট করে, ইহার বিরুদ্ধে নিশিত যোদ্ধাকে উৎসাহিত কর।

১৯। এই যুদ্ধে ইন্দ্র ভেদকে বিনাশ করিয়াছিলেন। যমুনা তাঁহাকে সন্তুষ্ট করিয়াছিলেন। তৃৎসুগণও তাঁহাকে তুষ্ট করিয়াছিল। অজ, শিগ্রু, যক্ষু এই তিন জনপদ ইন্দ্রের উদ্দেশে অশ্বের মস্তক উপহার দিয়াছিল।

২০। হে ইন্দ্র! তোমার পুরাতন অনুগ্রহ ও ধন উষার ন্যায় বর্ণনার অতীত। নূতন অনুগ্রহ এবং ধনও বর্ণনার অতীত। তুমি মান্যমানের পুত্র দেবককে বধ করিয়াছ। স্বয়ং মহাশৈল হইতে শম্বরকে ভেদ করিয়াছ।

২১। হে ইন্দ্র! অনেক শত্রু যাহাকে হিংসা করিতে ইচ্ছা করে সেই পরাশর বসিষ্ঠ (৩) তোমাকে কামনা করিয়া গৃহে আগমন করতঃ তোমার স্তব করিয়াছিল। তাহারা তোমার সখ্য বিস্মৃত হয় না, যেহেতু তুমি ভোজ বিস্মৃত হওনা বলিয়া তাহাদের সর্ব্বদাই সুদিন থাকে।

২২। হে দেবশ্রেষ্ঠ! দেববান্ রাজার পৌত্র, পিজবনেরপুত্র, সুদাসের দুই শত গো ও দুইখানি রথ আমি ইন্দ্রকে স্তব করিয়া প্রাপ্ত হইয়াছি। হোতা যেমন যজ্ঞগৃহে গমন করে, আমি সেইরূপ গমন করিতেছি।

২৩। দানাস্নহুত্ত স্বর্ণালঙ্কারবিশিষ্ট, দুর্গতিতে ঋজুগামী ও পৃথিবীস্থিত, পিজবনপুত্র সুদাসের প্রদত্ত চারিটী অশ্ব পুত্রবৎ পালনীয় বসিষ্ঠকে পুত্রের অন্নার্থে বহন করিতেছে (৪)।

২৪। যে সুদাসের যশ বিস্তীর্ণ দ্যাবাপৃথিবীর মধ্যে অবস্থিত, যে দাতাশ্রেষ্ঠ শ্রেষ্ঠ ব্যক্তিকে ধন দান করেন। সকলোক তাঁহাকে ইন্দ্রের ন্যায় স্তব করে। নদীসকল যুদ্ধে যুধ্যামধি নামক শত্রুকে বিনাশ করিয়াছেন।

২৫। হে নেতা মরুৎগণ! এই সুদাস রাজার পিতা, দিবোদাসের ন্যায় তোমরাও ইহাকে সেবা কর। পিজবনপুত্রের গৃহ রক্ষা করুন। ইহার বল বিনাশরহিত এবং অশিথিল হউক।

১৯ সূক্ত।

ইন্দ্র দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। যিনি তীক্ষ্ণশৃঙ্গ বৃষভের ন্যায় ভয়ঙ্কর হইয়া একাকী সমস্ত শত্রুলোকদিগকে স্থানচ্যুত করেন, যিনি হব্যরহিত লোকের গৃহ অপহরণ করেন, সেই ইন্দ্র অত্যন্ত সোমাভিষবকারীকে ধন প্রদান করুন।

২। হে ইন্দ্র! তুমি যখন অর্জ্জুনীর পুত্র এই কুৎসকে ধন প্রদান করতঃ দাস, শুষ্ণ ও কুযবকে বশীভূত করিয়াছিলে, তখন শরীরদ্বারা শুশ্রূষমাণ হইয়া যুদ্ধে কুৎসকে রক্ষা করিয়াছিলে।

---

(৩) মূলে "পরাশরঃ বশিষ্ঠঃ" আছে।

(৪) যুদ্ধদিনে বসিষ্ঠ ইন্দ্রের স্তুতি করিয়াছিলেন। যুদ্ধে জয় লাভ করিয়া সুদাস রাজা বসিষ্ঠকে ২০০ গো, ২টী রথ ও ২টী অশ্ব দান করিয়াছিলেন।

৩। হে ধর্ষক! হব্যদাতা সুদাসকে ধর্ষক বজ্রের দ্বারা সমস্ত রক্ষার সহিত রক্ষা কর, যুদ্ধে ভূমিলাভের জন্য পুরুকুৎসের পুত্র ত্রসদস্যুকে ও পুরুকে রক্ষা কর।

৪। হে নেতৃদিগের স্তুতিযোগ্য ইন্দ্র! তুমি সংগ্রামে মরুৎগণের সহিত বহুবৃত্রগণকে বধ করিয়াছ। হে হরিৎযুক্ত! তুমি দভীতির জন্য দস্যু, চুমুরি ও ধুনিকে বজ্রের দ্বারা বধ করিয়াছ।

৫। হে বজ্রহস্ত! তোমার বল এরূপ যে, তুমি নব নবতী পুরী যুগপৎ বিদীর্ণ করিয়াছ নিবাসের জন্য শততম পুরী ব্যাপ্ত করিয়াছ, বৃত্রকে বধ করিয়াছ এবং নমুচিকে বধ করিয়াছ।

৬। হে ইন্দ্র! হব্যদাতা যজমান সুদাসের জন্য তোমার ধনসমূহ সনাতন হইয়াছিল। হে বহুকর্ম্মা! তুমি অভীষ্টবর্ষী, আমি তোমার জন্য অভীষ্টবর্ষী অশ্বদ্বয়কে যোজিত করিতেছি। তুমি বলী, স্তোত্রসমূহ তোমার নিকট গমন করুক।

৭। হে বলবান্ এবং অশ্ববান্! তোমার এই যজ্ঞে আমরা যেন পরদান ও পাপের ভাগী না হই; আমাদিগকে বাধারহিত রক্ষাদ্বারা ত্রাণ কর, স্তোতাগণের মধ্যে আমরা প্রিয় হইব।

৮। হে ধনবান্! আমরা তোমার যজ্ঞে নেতা, সখা ও প্রিয় হইয়া গৃহে হৃষ্ট হইব। তুমি অতিথিবৎসল সুদাসের সুখ সম্পাদন করতঃ তুর্ব্বশকে বশীভূত কর, যাদ্বকে(১) বশীভূত কর।

৯। হে ধনবান্! তোমার যজ্ঞে আমরাই নেতা ও উক্থোচ্চারণকারী, অদ্য উক্থ উচ্চারণ করিতেছি ও তোমার হব্যদ্বারা পণিগণকেও ধন দান করিতেছি। আমাদিগকে সখারূপে পরিগ্রহণ কর।

১০। হে নেতাশ্রেষ্ঠ ইন্দ্র! এই নেতাসমূহের স্তুতি তোমাকে পূজনীয় হব্য দান করতঃ আমাদের অভিমুখীন করিয়াছে; তুমি যুদ্ধে সেই নেতাগণের কল্যাণকর এবং সখা, শূর এবং রক্ষক হও।

১১। হে শূর ইন্দ্র! অদ্য তুমি স্তূয়মান ও স্তোত্রযুক্ত হইয়া শরীরে বর্দ্ধিত হও, আমাদিগকে অন্ন দান কর ও গৃহ দান কর, তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

(১) বোধ হয় প্রসিদ্ধ যদুবংশের উল্লেখ। ৮।১।৩১ ঋকের টীকা দেখ।

২০ সূক্ত।

বসিষ্ঠ ঋষি। ইন্দ্র দেবতা।

১। বলবান্, উগ্র ইন্দ্র বীর্য্য প্রকাশের জন্য উৎপন্ন হইয়াছেন। মনুষ্যের হিতকর ইন্দ্র যে কর্ম্ম করিতে ইচ্ছা করেন, তাহা নিশ্চয়ই করেন। যুবাও আশ্রয় প্রদানার্থ যজ্ঞ গৃহগামী ইন্দ্র মহাপাপ হইতে আমাদিগকে ত্রাণ করেন।

২। ইন্দ্র বৰ্দ্ধমান হইয়া বৃত্রকে বধ করেন। তিনি বীর। তিনি শীঘ্রই আশ্রয় দানদ্বারা স্তোতাকে রক্ষা করেন। তিনি সুদাসের জন্য জনপদ নির্ম্মাণ করিয়াছেন এবং যজমানের উদ্দেশে বারংবার ধন দান করেন।

৩। ইন্দ্র যোদ্ধা, প্রতিপক্ষ শূন্য, যুদ্ধকারী, কলহপরায়ণ, শূর এবং স্বভাবতঃ বহুলোকাভিভাবী; তিনি শত্রুদিগের অনভিভবনীয় ও প্রকৃষ্ট বলযুক্ত। ইন্দ্রই শত্রু সেনা বিক্ষেপ করিয়াছেন; তিনিই যে সকল ব্যক্তি শত্রুতা করে, তাহা-দিগকে বধ করেন।

৪। হে বহুধনবান্ ইন্দ্র! তুমি বল ও মহিমায় দ্যাবাপৃথিবী উভয়কে পরি-পূরিত করিয়াছ। অশ্ববান্ ইন্দ্র শত্রুদিগের প্রতি বজ্রক্ষেপ করতঃ যজ্ঞে সোম রসদ্বারা সেবিত কর।

৫। পিতা সুক্ষার্থ অভীষ্টবর্ষী ইন্দ্রকে উৎপাদন করিয়াছেন। নারী মনুষ্যের হিতকর সেই ইন্দ্রকে প্রসব করিয়াছেন। ইন্দ্রও মনুষ্যগণের সেনানী হইয়া প্রভু হন। তিনি ঈশ্বর, শত্রুবিনাশক, গোসকলের অন্বেষক ও শত্রুগণের পরাভবকারী

৬। যে ব্যক্তি এই ইন্দ্রের শত্রুবিনাশক মনের পরিচর্য্যা করে, সেই ব্যক্তি কখনও স্থান ভ্রষ্ট হয় না, কখনও ক্ষীণ হয় না। যে ব্যক্তি ইন্দ্রে পরিচর্য্যা প্রদান করে, যজ্ঞজাত যজ্ঞপালক ইন্দ্র তাহার ধনার্থ বাস করেন।

৭। হে বিচিত্র ইন্দ্র! পিতা পুত্রকে যে ধন দান করে, এবং জ্যেষ্ঠ কনি-ষ্ঠের নিকট যে দেয় ধন প্রাপ্ত হয়, এবং যে ধন লাভ করিলে অমরত্ব লাভ হয়, এই ত্রিবিধ ধন আমাদিগের জন্য আহরণ কর।

৮। হে বজ্রধারী ইন্দ্র! তোমার যে প্রিয় সখা হব্য দান করে, সে তোমার দানেই অবস্থান করুক। আমরা হিংসা না করিয়া তোমার অনুগ্রহ লাভ করতঃ সর্ব্বাপেক্ষা অধিকতর অন্নবান্ হইয়া মনুষ্যদিগের রক্ষণশীল গৃহে যেন অবস্থিতি করিতে পারি।

৯। হে ধনবান্ ইন্দ্র! এই সোম তোমার জন্য বর্দ্ধিত হইয়া ক্রন্দন

করিতেছে। আরও স্তোতা তোমায় স্তব করিতেছে। হে শক্র! আমি তোমার স্তোতা, ধনাভিলাষ আমাকে প্রাপ্ত হইয়াছে, অতএব তুমি শীঘ্র আমাদিগকে বাসযোগ্য ধন প্রদান কর।

১০। হে ইন্দ্র! তুমি আমাদিগকে ধারণ কর, যেন আমরা তোমার দত্ত অন্ন ভোগ করিতে পারি। যে হব্যদাতৃগণ নিজেই হব্য প্রদান করেন, তাহাদিগকেও ধারণ কর। অত্যন্ত প্রশস্ত স্তুতি কার্য্যে আমার সামর্থ্য হউক, আমি তোমার স্তোতা, তোমরা আমাদিগকে সর্ব্বদা স্বস্তিদ্বারা পালন কর।

২১ সূক্ত।

ইন্দ্র দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। দীপ্ত, গব্যমিশ্রিত সোম অভিষুত হইয়াছে। এই ইন্দ্র স্বভাবতঃই ইহাতে সঙ্গত হন। হে হর্য্যশ্ব! তোমায় যজ্ঞের দ্বারা প্রবোধিত করিব। সোমজনিত মত্ততার কালে আমাদের স্তোত্র অবগত হও।

২। যজমানগণ যজ্ঞে গমন করিতেছেন, বর্হি বিস্তীর্ণ করিতেছেন, যজ্ঞস্থলে প্রস্তর সকল দুর্দ্ধর শব্দ করে। অন্নবান্, দূরগামিশব্দবিশিষ্ট, ঋত্বিক্-সঙ্গত, বর্ষণকারী প্রস্তর সকল গৃহ হইতে গৃহীত হইতেছে।

৩। হে শূর ইন্দ্র! তুমি বৃত্রকর্ত্তৃক আক্রান্ত বহুতর জল প্রেরণ করিয়াছিলে। তুমি আছ বলিয়া নদী সকল রথিগণের ন্যায় নির্গত হয়। সমস্ত কৃত্রিম ভুবন ভয়ে কম্পিত হয়।

৪। ইন্দ্র মনুষ্যের হিতকর সমস্ত কর্ম্ম অবগত হইয়া এবং আয়ুধদ্বারা ভয়ঙ্কর হইয়া এই শত্রুগণকে ব্যাপ্ত করিয়াছিলেন; তাহাদিগের নগর সকল কম্পিত করিয়াছিলেন। তিনি হৃষ্ট, মহিমাযুক্ত ও বজ্রহস্ত হইয়া তাহাদিগকে বধ করিয়াছিলেন।

৫। হে ইন্দ্র! রাক্ষসগণ যেন আমাদিগকে হিংসা না করে। হে বলবত্তম ইন্দ্র! রাক্ষসগণ যেন প্রজাগণ হইতে আমাদিগকে পৃথক্ না করে। স্বামী ইন্দ্র যেন বিষম জন্তুর বধে উৎসাহান্বিত হন। শিশ্ন দেবগণ যেন আমাদিগের যজ্ঞ বিঘ্ন না করেন।

৬। হে ইন্দ্র! তুমি কর্ম্মদ্বারা পৃথিবীতে বর্ত্তমান জন্তু সকলকে অভিভূত

কর। লোক সকল তোমার মহিমা ব্যাপ্ত করিতে পারে না। তুমি নিজবলে বৃত্রকে বধ করিয়াছ। শত্রুগণ যুদ্ধদ্বারা তোমার অন্ত লাভ করিতে পারে নাই।

৭। হে ইন্দ্র! পূর্ব্ব দেবগণও বল এবং প্রাণিবধ বিষয়ে তোমার বল অপেক্ষা অল্প বলিয়া বিদিত হইয়াছিলেন। ইন্দ্র শত্রুগণকে অভিভূত করিয়া ভক্তগণকে ধন দান করেন। স্তোতাগণ অন্নলাভার্থ ইন্দ্রকে আহ্বান করেন।

৮। হে ইন্দ্র! তুমি ঈশান, স্তোতা রক্ষার জন্য তোমাকে আহ্বান করিতেছে। হে বহুরক্ষক ইন্দ্র! তুমি আমাদের প্রভূত ধনের রক্ষক হইয়াছিলে। তোমার তুল্য যে ব্যক্তি আমাদের হিংসা করে, তাহাকে নিবারণ কর।

৯। হে ইন্দ্র! আমরা স্তুতিদ্বারায় তোমাকে বর্দ্ধিত করতঃ সর্ব্বদা যেন তোমার সখা হই। তুমি স্বীয় মহিমায় সকলের তারক, তোমার আশ্রয়ে আর্য্য স্তোতাগণ যুদ্ধকালে যুদ্ধার্থ আগত হিংসকদিগের(১) বল হিংসা করুন।

১০। হে ইন্দ্র! তুমি আমাদিগকে ধারণ কর, যেন আমরা তোমার দত্ত অন্ন ভোগ করিতে পারি। যে হব্যদাতৃগণ নিজেই হব্য প্রদান করে, তাহাদিগকেও ধারণ কর। অত্যন্ত প্রশস্ত স্তুতি কার্য্যে আমার সামর্থ্য হউক, আমি তোমার স্তোতা। তোমরা আমাদিগকে সর্ব্বদা স্বস্তিদ্বারা পালন কর।

২২ সূক্ত।

ইন্দ্র দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে ইন্দ্র! সোম পান কর, সোম তোমায় মত্ত করুক। হে হরিনামক অশ্ববিশিষ্ট ইন্দ্র! রশ্মিদ্বারা সংযত অশ্বের ন্যায় অভিষব-কর্ত্তার হস্তদ্বয়ে পরিগৃহীত প্রস্তর, এই সোম অভিষব করিয়াছে।

২। হে হরিনামক অশ্বযুক্ত, প্রভূত ধনবান ইন্দ্র! তোমার যে উপযুক্ত ও সম্যক্ প্রস্তুত সোম আছে; যদ্দ্বারা তুমি বৃত্রগণকে হনন করিয়াছ, সেই সোম তোমায় প্রমত্ত করুক।

৩। হে মঘবন্! বসিষ্ঠ তোমার স্তুতিরূপ এই যে কথা বলিতেছেন, তুমি আমার এই বাক্য জ্ঞাত হও, আর যজ্ঞে এই সকল স্তুতি সেবা কর।

(১) অর্থাৎ অনার্য্যদিগের।

৪। হে ইন্দ্র! আমি সোম পান করিয়াছি, তুমি আমার প্রস্তরের আহ্বান শ্রবণ কর, স্তুতিকারী বিপ্রের স্তুতি অবগত হও। এই যে পরিচর্য্যা করিতেছি, সহায়ভূত হইয়া ইহা সমস্ত বুদ্ধিস্থ কর।

৫। হে ইন্দ্র! তুমি শত্রু হিংসক, আমি তোমার বল জানি, আমি তোমার স্তুতি পরিত্যাগ করিব না। আমি সর্ব্বদা তোমার অসাধারণ যশো-বিশিষ্ট নাম উচ্চারণ করিব।

৬। হে ইন্দ্র! মনুষ্যের মধ্যে তোমার অভিষব অনেক। মনীষী তোমাকেই অত্যন্ত আহ্বান করিতেছে। অতএব আপনাকে আমাদের হইতে দূরে স্থাপন করিও না।

৭। হে শূর! তোমারই জন্য এই সকল সোমাভিষব। তোমারই জন্য বর্দ্ধনকর স্তোত্র করিতেছি। তুমিই সর্ব্বপ্রকারে মনুষ্যগণের আহ্বানযোগ্য।

৮। হে দর্শনীয়! তুমি স্তূয়মান হইলে তোমার মহিমা কে না তৎক্ষণাৎ প্রাপ্ত হয়? কে না তোমার ধন প্রাপ্ত হয়?

৯। যে সকল প্রাচীন ঋষি ছিলেন ও যে সকল নূতন ঋষি আছেন, সকলে তোমার স্তোত্র উৎপাদন করিতেছেন। আমাদের প্রতি তোমার সখ্য মঙ্গলকর হউক! তোমরা আমাদিগকে সর্ব্বদা স্বস্তিদ্বারা পালন কর।

২৩ সূক্ত।

ইন্দ্র দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। অন্নের ইচ্ছায় স্তোত্র সকল উদীরিত হইত। হে বসিষ্ঠ! তুমিও যজ্ঞে ইন্দ্রের স্তোত্র কর। তিনি বল দ্বারা সমস্ত ভুবন ব্যাপ্ত করিয়াছিলেন। আমি তাহার নিকট যাইতে ইচ্ছা করি। তিনি আমার স্তুতি বাক্য শ্রবণ করুন।

২। যখন ওষধি সকল বর্দ্ধিত হয়, তখন দেবগণের প্রিয়শব্দ উদীরিত হয়। আরও লোকের মধ্যে কেহই আপনার আয়ু জানিতে পারে না। আমাদিগকে সকল পাপ হইতে পার কর।

৩। আমি হরিদ্বয়ের দ্বারা ইন্দ্রের গোপ্রাপক রথ যোজিত করি। ইন্দ্র স্তুতি সেবা করিতেছেন, তাঁহাকে সকলে উপাসনা করিতেছে। তিনি স্বমহিমায় দ্যাবাপৃথিবী বাধিত করিয়াছেন। ইন্দ্র শত্রুদ্বন্দ্বসমূহ বিনাশ করিয়াছেন।

৪। হে ইন্দ্র! অপ্রসূত গাভীর ন্যায় জল বর্দ্ধিত হউক। তোমার স্তোতৃগণ জল ব্যাপ্ত করুক। বায়ু যেমন নিযুৎগণের নিকট আগমন করে, সেইরূপ তুমি আমার নিকট আগমন কর। তুমি কর্ম্ম দ্বারা অন্ন প্রদান কর।

৫। হে ইন্দ্র! মদকর সোম সকল তোমায় মত্ত করুক। স্তোতাকে বলবান্ বহুধন পুত্র দান কর। হে শূর! দেবগণের মধ্যে তুমিই একাকী মনুষ্যগণের প্রতি অনুকম্পা প্রদর্শন কর। এই যজ্ঞে প্রমত্ত হও।

৬। বসিষ্ঠগণ অর্চ্চনীয় স্তোত্র দ্বারা এই প্রকারেই বজ্রবাহু অভীষ্টবর্ষী ইন্দ্রের পূজা করে। তিনি স্তুত হইয়া আমাদিগকে বীরবিশিষ্ট ও গোবিশিষ্ট ধন দান করুন, তোমরা আমাদিগকে সর্ব্বদা স্বস্তিদ্বারা পালন কর।

---

২৪ সূক্ত।

ইন্দ্র দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে ইন্দ্র! তোমার সদনের জন্য স্থান করা হইয়াছে। হে পুরুহূত! মরুৎগণের সহিত তথায় আগমন কর। তুমি যেরূপ আমাদের রক্ষিতা হইয়াছ, যেরূপ আমাদের বৃদ্ধির জন্য হইয়াছ, সেইরূপ ধন দান কর। আমাদের সোম দ্বারা মত্ত হও।

২। হে ইন্দ্র! তুমি দুই স্থানে পূজ্য। আমরা তোমার মন গ্রহণ করিয়াছি। সোম অভিষব করিয়াছি, মধু পরিষেক করিয়াছ, মধ্যম স্বরে উচ্চার্য্যমাণ সুসমাপ্ত এই স্তুতি বারংবার ইন্দ্রকে আহ্বান করিয়া উচ্চারিত হইতেছে।

৩। হে ইন্দ্র! তুমি আমাদের এই যজ্ঞে সোম পানের জন্য স্বর্গ হইতে ও অন্তরিক্ষ হইতে আগমন কর। আরও অশ্বগণ আনন্দের নিমিত্ত আমার অভিমুখে ইন্দ্রকে স্তোত্রাভিমুখে বহন করুক।

৪। হে হর্য্যশ্ব, শোভন হনুবিশিষ্ট ইন্দ্র! তুমি সর্ব্বপ্রকার রক্ষার সহিত প্রীণিত হইয়া বৃদ্ধ মরুৎগণের সহিত শত্রুদিগকে হিংসা করতঃ আমাদিগকে

অভীষ্টবর্ষী বলবান্ পুত্র প্রদান করতঃ স্তোত্র সেবা করিতে করিতে আমাদের নিকট আগমন কর।

৫। রথের অশ্বের ন্যায় এই বলকারক স্তোম মহান্, ওজস্বী, বিশ্ববাহক ইন্দ্রের উদ্দেশে স্থাপিত হইয়াছে। হে ইন্দ্র! স্তোতা তোমার নিকট ধন যাচ্ঞা করে, তুমি আমাদিগকে আকাশের স্বর্গের ন্যায় শ্রীমান্ পুত্র প্রদান কর।

৬। হে ইন্দ্র! তুমি এইরূপে আমাদিগকে বরণীয় ধনে পূর্ণ কর। আমরা তোমার মহান্ অনুগ্রহ লাভ করিব। আমরা হবিষ্মান্, আমাদিগকে বীরপুত্র-বিশিষ্ট অন্ন দান কর। তোমরা আমাদিগকে সর্ব্বদা স্বস্তিদ্বারা পালন কর।

২৫ সূক্ত।

ইন্দ্র দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে উগ্র ইন্দ্র! তুমি মহান্ ও মনুষ্যের হিতকর। যখন তোমার সেনাগণ সকলই সমান, এই অভিমান করত যুদ্ধ করে, তখন তোমার হস্তস্থিত বজ্র আমাদের রক্ষার্থ পতিত হউক। তোমার সর্ব্বত্রগামী মন যেন বিচলিত না হয়।

২। হে ইন্দ্র! যুদ্ধে যে মর্ত্ত্যগণ আমাদের অভিমুখ হইয়া আমাদিগকে অভিভব করে, সেই শত্রুগণকে বিনাশ কর। যাহারা আমাদের নিন্দা করিতে ইচ্ছা করে, তাহাদের কথা দূর করিয়া দেও। আমাদের জন্য ধন সমূহ আহরণ কর।

৩। হে উষ্ণীষবান্ ইন্দ্র! আমি সুদাস, তোমার শতসংখ্যক রক্ষা আমার হউক, তোমার সহস্র অভিলাষ ও ধন আমার হউক, হিংসকের হিংসা সাধন আয়ুধ বিনাশ কর। আমাদের উদ্দেশে দীপ্ত অন্ন ও রত্ন দান কর।

৪। হে ইন্দ্র! আমি তোমার সদৃশ লোকের কর্ম্মে নিযুক্ত, তোমার সদৃশ রক্ষক ব্যক্তির দানে নিযুক্ত। হে বলবান্ ওজস্বিন্ ইন্দ্র! সমস্ত দিনই আমাদের স্থান কর। হে হরিবান্! আমাদের হিংসা করিও না।

৫। আমরা হর্য্যশ্ব ইন্দ্রের জন্য সুখকর স্তোত্র করিয়া ইন্দ্রের নিকট দেব-

প্রেরিত বল বাঞ্ছা করতঃ দুর্গ সকল উত্তীর্ণ হইয়া বল লাভ করিব। হে শূর! তুমি সর্ব্বদা আমাদিগকে শত্রুবধে সমর্থ কর।

৬। হে ইন্দ্র! তুমি এইরূপে আমাদিগকে বরণীয় ধনে পূর্ণ কর। আমরা তোমরা মহান্ অনুগ্রহ লাভ করিব। আমরা হবিষ্মান্, আমাদিগকে বীরপুত্র-বিশিষ্ট অন্নদান কর। তোমরা আমাদিগকে সর্ব্বদা স্বস্তিদ্বারা পালন কর।

২৬ সূক্ত।

ইন্দ্র দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। যে সোম ধনবান্ ইন্দ্রের উদ্দেশে অভিষুত নহে, তাহাতে তৃপ্তি হয় না। অভিষুত হইলেও স্তোত্রহীন সোম তৃপ্তিকর হয় না। আমাদের যে উক্‌থ ইন্দ্রকে সেবা করে, রাজা যাহাকে শ্রবণ করে, সেই নূতন উক্‌থ আমি ইন্দ্রের উদ্দেশে পাঠ করি।

২। প্রতি উক্‌থ স্তুতিপাঠ কালেই সোম ধনবান্ ইন্দ্রকে তৃপ্ত করে। প্রতি স্তোত্র পাঠকালেই অভিষুত সোম তাহাকে তৃপ্তি করে। অতএব পরস্পর মিলিত ও সমান উৎসাহবিশিষ্ট ঋত্বিক্‌গণ, পুত্র যেরূপ পিতাকে আহ্বান করে, সেইরূপ রক্ষার্থ তাঁহাকে আহ্বান করিতেছে।

৩। স্তোত্রকারিগণ সোম অভিষুত হইলে যে সকল কর্ম্মের কথা বলে, ইন্দ্র পূর্ব্বকালে সেই সকল কর্ম্ম করিয়াছিলেন। সম্প্রতি অন্য কর্ম্মও করিতেছেন। সমবৃত্তি, সহায়রহিত ইন্দ্র, পতি যেরূপ পত্নীকে শোধন করেন, সেইরূপ সমস্ত শত্রুনগরী শোধন করিয়াছিলেন।

৪। ইন্দ্রের পরস্পর সংশ্লিষ্ট বহুতর রক্ষা আছে। ঋষিগণ তাহাকে এইরূপ বলিয়াছেন। আরও ইন্দ্র পূজনীয় ধনের দাতা ও আপদ উদ্ধর্ত্তা বলিয়া শুনিতে পাই। তাঁহার প্রসাদে প্রীতিকর কল্যাণ সকল আমাদিগকে সেবা করুক।

৫। বসিষ্ঠ রক্ষার্থ ও প্রজাগণের অভীষ্টবর্ষণার্থ ইন্দ্রকে সোমাভিষবে এইরূপে স্তব করিতেছেন। হে ইন্দ্র! আমাদিগকে সহস্রসংখ্যক অন্ন প্রদান কর। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

২৭ সূক্ত।

ইন্দ্র দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। যখন যুদ্ধোদ্যোগ সম্বন্ধীয় কর্ম্ম সকল প্রযুক্ত হয়, তখন ইন্দ্রকে লোকে যুদ্ধে আহ্বান করে। তুমি ইন্দ্র, মনুষ্যদিগের ধনপ্রদ ও বলাভিলাষী হইয়া গোপূর্ণ গোষ্ঠে আমাদিগকে লইয়া যাও।

২। হে পুরুহূত ইন্দ্র! তোমার যে বল আছে তাহা স্তোতাদিগকে প্রদান কর। হে মেঘবন্! যেহেতু দৃঢ় পুরসমূহ ভেদ করিয়াছ অতএব প্রজ্ঞা প্রকাশ করতঃ লুক্কায়িত ধন প্রকাশ করিয়া দেও।

৩। ইন্দ্র জঙ্গম জগতের ও মনুষ্যগণের রাজা। পৃথিবীতে নানা প্রকারের যে ধন আছে তাহারও রাজা। তিনি হব্যদায়ীকে ধন প্রদান করেন। সেই ইন্দ্র আমাদিগের দ্বারা স্তুত হইয়া আমাদের অভিমুখে ধন প্রেরণ করুন।

৪। ধনবান্ দানশীল ইন্দ্রকে আমরা মরুৎগণের সহিত আহ্বান করায়, আমাদের রক্ষার্থে তিনি শীঘ্রই অন্ন প্রেরণ করুন। এই ইন্দ্রই সখাগণকে যে সম্পূর্ণ ও সর্ব্বতোব্যাপী দান করেন, তাহা মনুষ্যগণের উদ্দেশে মনোহর ধন দোহন করে।

৫। হে ইন্দ্র! তুমি ধনপ্রাপ্তির নিমিত্ত শীঘ্র আমাদিগকে ধন দান কর। আমরা পূজনায় স্তুতির উদ্দেশে তোমার মন আবর্ত্তিত করিব। তোমরা গো অশ্ব ও রথবিশিষ্ট ও ধনবান্, তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

২৮ সূক্ত।

ইন্দ্র দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে ইন্দ্র! তুমি অবগত হইয়া আমাদের স্তোত্রে আগমন কর। তোমার অশ্বগণ আমাদের অভিমুখে যোজিত হউক। হে সকলের প্রীতিপদ ইন্দ্র! সমস্ত মনুষ্যই যদিও তোমাকে পৃথক্ পৃথক্ আহ্বান করে, তথাপি তুমি আমাদের আহ্বানই শ্রবণ কর।

২। হে বলবান্ ইন্দ্র! যখন তুমি ঋষিগণের স্তোত্র রক্ষা কর তখন

তোমার মহিমা স্তোতাকে ব্যাপ্ত করুক। হে ওজস্বিন্ ইন্দ্র! যখন হস্তে বজ্র ধারণ কর, তখন কর্ম্মদ্বারা ভয়ঙ্কর হইয়া শত্রুগণের দুর্দ্ধর্ষ হও।

৩। হে ইন্দ্র! তোমার উপদেশানুসারে যে সকল লোক বারংবার স্তব করে, তাহাদিগকে দ্যুলোক ও ভূলোকে প্রতিষ্ঠিত কর। তুমি মহাবল ও মহাধনের জন্য উৎপন্ন হইয়াছ; অতএব যে তোমার উদ্দেশে যাগ করে, সে যজ্ঞবিরতদিগকে হিংসা করিতে সমর্থ হয়।

৪। হে ইন্দ্র! শত্রুভূত মনুষ্যগণ আগমন করিতেছে। এই সকল দিনে আমাদিগকে দান কর। আরও পাপহারী প্রজ্ঞাবান্ বরুণ আমাদিগের সম্বন্ধে যে পাপ দেখিতে পান, তাহা দুই প্রকারে বিমোচন কর।

৫। যে ইন্দ্র আমাদিগকে সমারাধনীয় মহাধন দান করিয়াছেন, যিনি স্তুতিকারী স্তোত্রকার্য্য রক্ষা করেন, সেই ধনবান্ ইন্দ্রকে স্তুতি করিব। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

২৯ সূক্ত।

ইন্দ্র দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে ইন্দ্র! তোমার উদ্দেশে এই সোম অভিষুত হইয়াছে। হে হরিবান্ ইন্দ্র! উহার সেবার্থ সত্বর আগমন কর। সম্যক্ অভিষুত চারু সোম পান কর। হে মঘবন্! আমরা যাচ্ঞা করিতেছি, আমাদিগকে ধন দান কর।

২। হে ব্রহ্মবীর ইন্দ্র! স্তোত্রকার্য্য সেবা করতঃ অশ্বযানে শীঘ্র আমাদের অভিমুখে আগমন কর। এই যজ্ঞেই সম্যক্‌রূপে হৃষ্ট হও। আমাদিগের এই স্তোত্র সকল শ্রবণ কর।

৩। হে ইন্দ্র! সূক্তদ্বারা তোমার অলঙ্কৃতি কিরূপে সম্পাদন করিব? আমরা কখন তোমার প্রীতি উৎপাদন করিব? তোমাকে কামনা করিয়াই সমস্ত স্তুতি করিতেছি; অতএব হে ইন্দ্র! আমার এই স্তুতি শ্রবণ কর।

৩। হে মঘবন্! যে সকল ঋষির স্তুতি শ্রবণ করিয়াছ, সেই পূর্ব্ব ঋষিগণ পুরুষগণের হিতকারী ছিলেন। অতএব আমি তোমায় বারংবার আহ্বান করিতেছি। হে ইন্দ্র! তুমি পিতার ন্যায় আমাদের বন্ধু।

৫। যে ইন্দ্র আমাদিগকে সমারাধনীয় মহাধন দান করিয়াছেন ও যিনি

স্তুতিকারীর স্তোত্রকার্য্য রক্ষা করেন, সেই ধনবান্ ইন্দ্রকে স্তুতি করিব। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৩০ সূক্ত।

ইন্দ্র দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে বলবান্, দ্যুতিমান্ ইন্দ্র! বলের সহিত আমাদের নিকট আগমন কর। আমাদিগের ধনের বর্দ্ধয়িতা হও। হে সুবজ্র নৃপতি! মহাবলবান্ হও এবং শত্রুবিনাশক মহা পুরুষত্ব লাভ কর।

২। হে ইন্দ্র! তুমি আহ্বানযোগ্য। মহা কোলাহল সময়ে শরীর রক্ষার জন্য এবং সূর্য্যকে পাইবার জন্য লোকে তোমাকে আহ্বান করে। সমস্ত লোকের মধ্যে তুমিই সেনার্হ। তুমি সুহস্ত নামক বজ্রদ্বারা শত্রুগণকে আমাদের বশীভূত কর।

৩। হে ইন্দ্র! যখন দিন সকল সুদিন হইয়া প্রভাত হয়; যখন যুদ্ধে সমীপবর্ত্তী বলিয়া আপনাকে জ্ঞান কর, তখন হোতা, অগ্নি আমাদিগকে উত্তম ধন দিবার জন্য দেবগণকে আহ্বান করতঃ এই যজ্ঞে উপবেশন করেন।

৪। হে ইন্দ্র! আমরা তোমার; যাহারা তোমাকে পূজনীয় হব্য দান করতঃ স্তুতি করে, তাহারাও তোমার। সেই স্তোতাগণকে শ্রেষ্ঠ গৃহ দান কর। আরও তাহারা সুসমৃদ্ধ হইয়া জরা প্রাপ্ত হউক।

৫। যে ইন্দ্র! আমাদিগকে সমারাধনীয় মহাধন দান করিয়াছেন ও যিনি স্তুতিকারীর স্তোত্রকার্য্য রক্ষা করেন, সেই ইন্দ্রকে স্তুতি করিব। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৩১ সূক্ত।

ইন্দ্র দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে সখাগণ! তোমরা সোমপায়ী হর্য্যশ্ব ইন্দ্রের উদ্দেশে মদকর স্তোত্র গান কর।

২। শোভন দানযুক্ত সত্যধন ইন্দ্রের উদ্দেশে অন্য স্তোতা যেরূপ দীপ্ত স্তোত্র পাঠ করে, তোমরা সেইরূপ কর। আমরাও করিব।

৩। হে ইন্দ্র! তুমি আমাদের অন্নকাম হও, হে শতক্রতো! তুমি আমাদের গোকাম হও, হে বাসপ্রদ! তুমি হিরণ্যপ্রদ হও।

৪। হে অভীষ্টবর্ষী ইন্দ্র! আমরা তোমার কামনা করিয়া বিশেষরূপে স্তুতি করিতেছি। হে বাসপ্রদ ইন্দ্র! তুমি শীঘ্র আমাদের স্তুতি অবধারণ কর।

৫। হে আর্য্য ইন্দ্র! যে পরুষ বাক্য বলে, যে নিন্দা করে, যে দান করে না, আমাদিগকে তাহার বশীভূত করিও না। আমার স্তোত্র তোমাতেই গমন করুক।

৬। হে বৃত্রহন্! তুমি আমাদের বর্ম্ম; তুমি সর্ব্বতঃ প্রথিত সম্মুখ যুদ্ধকারী। তোমাকে সহায় পাইয়া শত্রুদিগকে হনন করিব।

৭। অন্নবিশিষ্ট দ্যাবাপৃথিবী যে ইন্দ্রের বল স্বীকার করেন, সেই তুমি ইন্দ্র মহান্ হইয়াছ।

৮। হে ইন্দ্র! তোমার সহগামিনী তেজোযুক্তা ও স্তোতৃবিশিষ্টা স্তুতি তোমাকে সর্ব্বতোভাবে গ্রহণ করুক।

৯। হে ইন্দ্র! তুমি স্বর্গসমীপে স্থিত ও দর্শনীয়। আমাদের সোম সকল তোমার উদ্দেশে উন্মুখ হইয়া আছে। প্রজা সকল তোমাকে নমস্কার করিতেছে।

১০। তোমরা মহাধন বর্দ্ধয়িতা, মহান্ ইন্দ্রের উদ্দেশে সোম প্রণয়ন কর। প্রকৃষ্টমতির উদ্দেশে প্রকৃষ্ট স্তুতি কর। প্রজাগণের কামপূরক, যাহারা হব্যদ্বারা তোমায় পূর্ণ করে, তাহাদের অভিমুখে আগমন কর।

১১। যে ইন্দ্র প্রভূত ব্যাপ্তিবিশিষ্ট ও মহান্, তাঁহার উদ্দেশে মেধাবিগণ স্তুতি ও হব্য উৎপাদন করিতেছেন। প্রাজ্ঞ লোকে তাঁহার ব্রত হিংসা করিতে পারে না।

১২। সর্ব্বজগতের ঈশ্বর ও অপ্রতিহতক্রোধ ইন্দ্রের স্তুতি সকল শত্রুদিগের অভিভব সাধন করে। অতএব ইন্দ্রের স্তুতির জন্য বন্ধুগণকে উৎসাহিত কর।

---

৩২ সূক্ত।

ইন্দ্র দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে ইন্দ্র! এই যজমানগণও যেন আমা হইতে দূরে তোমার সহিত আমোদ না করে। তুমি দূরে থাকিলেও আমাদের যজ্ঞে আগমন কর। এই স্থানে আসিয়া শ্রবণ কর।

২। যেমন মধুতে মধুমক্ষিকা উপবেশন করে, সেইরূপ স্তোত্রকারিগণ তোমার জন্য সোম অভিষুত হইলে উপবেশন করে। রথে যেমন পদক্ষেপ করে, ধনকাম স্তোতাগণ সেইরূপ ইন্দ্রে স্তুতি সমর্পণ করে।

৩। পুত্র যেরূপ পিতাকে আহ্বান করে, আমি ধনাভিলাষী হইয়া সুন্দর দানবিশিষ্ট ইন্দ্রকে সেইরূপ আহ্বান করি।

৪। এই সকল দধিমিশ্রিত সোম ইন্দ্রের জন্য অভিষুত হইয়াছে। হে বজ্রহস্ত! আনন্দের জন্য সেই সোম পান করণার্থ অশ্বের সহিত যজ্ঞ সদনাভিমুখে আগমন কর।

৫। শ্রবণশীল কর্ণবিশিষ্ট ইন্দ্রের নিকট ধন যাচ্ঞা করিতেছি। তিনি বাক্য শ্রবণ করুন, যেন নিষ্ফল না করেন। যে ইন্দ্র সদ্যই সহস্র ও শত দান করেন, দানাভিলাষী সেই ইন্দ্রকে যেন কেহ বারণ না করে।

৬। হে বৃত্রহন্! যে তোমার জন্য গভীর সোম অভিষব করে ও তোমার অনুগমন করে, সে বীর। কেহ তাহার বিরুদ্ধে কথা কহিতে পারে না, সে পরিচারকগণ কর্তৃক বেষ্টিত হয়।

৭। হে মঘবন্ ইন্দ্র! তুমি হবিষ্মান্‌গণের বর্ম্মস্বরূপ হও। তুমি উৎসাহশীল শত্রুগণকে বিনাশ কর। তুমি যে শত্রুকে বিনাশ করিয়াছ, তাহার ধন আমরা বিভাগ করিয়া লই। তোমাকে কেহ নাশ করিতে পারে না। তুমি আমাদের জন্য ধন আহরণ কর।

৮। বজ্রযুক্ত সোমপাতা ইন্দ্রের উদ্দেশে সোমাভিষব কর। ইন্দ্রের তৃপ্তির জন্য পক্তব্য পাক কর ও কর্তব্য কার্য্য সম্পাদন কর। ইন্দ্র সুখ প্রদান করতঃ হব্য পূর্ণ করেন।

৯। সোমবিশিষ্ট যজ্ঞ হিংসা করিও না। উৎসাহবান্ হও, মহান্ ও শত্রুবিনাশক ইন্দ্রের উদ্দেশে ধন লাভার্থ কর্ম্ম কর। ত্বরাবান্ ব্যক্তিই জয় করে, নিবাস করে ও পুষ্ট হয়। কুৎসিতক্রিয়াকারীর দেবতা নাই।

১০। সুদানশীল ব্যক্তির রথ কেহ দূরে নিক্ষেপ করিতে পারে না এবং কেহ রোধ করিতে পারে না। ইন্দ্র যাহার রক্ষক, মরুৎগণ যাহার রক্ষক, সে গোযুক্ত গোষ্ঠে গমন করে।

১১। হে ইন্দ্র! তুমি যে মর্ত্ত্যের রক্ষক হইবে, সে তোমাকে বলবান্ করতঃ অন্ন প্রাপ্ত হইবে। হে শূর! আমাদের রথের রক্ষক হও, আমাদের পুত্রাদিরও রক্ষক হও।

১২। যে হরিবান্ ইন্দ্র! সোমযুক্ত ব্যক্তিকে বল প্রদান করেন এবং শত্রুরা যাহাকে হিংসা করিতে পারে না, সেই ইন্দ্রের ভাগ জয়শীল ব্যক্তির ভাগের ন্যায় সর্ব্বাপেক্ষা অধিক।

১৩। দেবগণের মধ্যে ইন্দ্রকেই অনল্প, সুবিহিত, শোভনস্তোত্র অর্পণ করে। যে ব্যক্তি কর্ম্মদ্বারা ইন্দ্রের চিত্ত আকর্ষণ করিতে পারে, বহু প্রকার বন্ধনাদি তাহার নিকট যাইতে পারে না।

১৪। তুমি যাহাকে ব্যাপ্ত কর, কোন্ মনুষ্য তাহাকে ধর্ষণ করিতে পারে? হে মেঘবন্! তোমার প্রতি শ্রদ্ধাযুক্ত হইয়া যে হবিষ্মান্ হয়, সে দ্যুলোকে ও দিবসে ধন লাভ করে।

১৫। হে ইন্দ্র! তুমি মঘবান্, যাহারা তোমার প্রিয় ধন প্রদান করে, তাহাদিগকে সংগ্রামে প্রেরণ কর। হে হর্য্যশ্ব! তোমার উপদেশমত স্তোতৃগণের সহিত সমস্ত দুরিত হইতে উত্তীর্ণ হইব।

১৬। হে ইন্দ্র! অধম ধন তোমারই। তুমি মধ্যম ধন পোষণ কর। তুমি সমস্ত উৎকৃষ্ট ধনের কর্ত্তা একথা সত্য। গো বিষয়ে কেহই তোমাকে বারণ করিতে পারে না।

১৭। তুমি সকলের ধনদাতা বলিয়া প্রসিদ্ধ। এই যে যুদ্ধ সকল হয় ইহাতেও ধনদাতা বলিয়া প্রসিদ্ধ। হে পুরুহূত! এই সমস্ত পার্থিব লোক রক্ষাভিলাষে তোমার নিকট অন্ন ভিক্ষা করে।

১৮। হে ইন্দ্র! তুমি যত ধনের ঈশ্বর, আমি যেন তত ধনের ঈশ্বর হই। হে ধনদ! আমি স্তোতাকে প্রতিপালন করিব। পাপের জন্য ধন দান করিব না।

১৯। যে কোন স্থানে বিদ্যমান পূজাকারী লোকের উদ্দেশে প্রত্যহ ধন দান করিব। হে ইন্দ্র! তুমি ভিন্ন আমাদের বন্ধু প্রশস্ত পিতা নাই।

২০। ত্বরাবান্ ব্যক্তিই মহৎ কর্ম্মের বলে অন্ন ভজনা করে। ত্বষ্টা যেমন

উত্তম কাষ্ঠবিশিষ্ট নৈমিকে নমিত করেন, সেইরূপ স্তুতিদ্বারা পুরুহূত ইন্দ্রকে নমিত করিব।

২১। মর্ত্ত্য মন্দ স্তুতিদ্বারা ধনলাভ করিতে পারে না। ধন হিংসাকারীর নিকট যায় না। হে মঘবন্! দ্যুলোকে ও দিবসে মৎসদৃশ লোকের প্রতি তোমার যাহা দাতব্য আছে, তাহা সুকর্ম্মা ব্যক্তিই লাভ করে।

২২। হে শূর! তুমি এই জগতের অর্থাৎ জঙ্গম পদার্থের ঈশ্বর, স্থাবর পদার্থের ঈশ্বর ও সর্ব্বদর্শী, অপবা অশুদ্ধ ধেনুর ন্যায় তোমার স্তুতি করিতেছি।

২৩। হে মঘবন্! তোমার মত কেহ স্বর্গে বা পৃথিবীতে জন্মে নাই ও জন্মিবে না। আমরা অশ্ব, অন্ন ও গাভী অভিলাষী, তোমাকে আহ্বান করিতেছি।

২৪। হে ইন্দ্র! তুমি জ্যেষ্ঠ ও আমি কনিষ্ঠ হইয়াছি। আমার জন্য সেই ধন আহরণ কর, তুমি চিরকাল হইতে বহুধনবান্ এবং প্রত্যেক যুদ্ধে হব্য লাভ যোগ্য।

২৫। হে মঘবন্! শত্রুদিগকে পরাঙ্মুখ করতঃ প্রেরণ কর। আমাদের ধন সুলভ কর। সংগ্রামে আমাদিগের রক্ষক হও। আমরা সখা, আমাদের বর্দ্ধয়িতা হও।

২৬। হে ইন্দ্র! আমাদের কর্ম্ম আহরণ কর, পিতা পুত্রকে যেরূপ দান করে, সেইরূপ তুমি আমাদিগকে ধন দান কর। হে পুরুহূত! আমরা যজ্ঞের জীব, আমরা যেন প্রত্যহ সূর্য্যকে প্রাপ্ত হই।

২৭। হে ইন্দ্র! হিংসক, দুষ্প্রসাদ্য, অমঙ্গলময় শত্রু যেন অজ্ঞাতসারে আমাদিগকে আক্রমণ না করে। হে শূর! আমরা তোমার নিকট নম্র হইয়া অনেক কার্য্যে উত্তীর্ণ হইব।

---

৩৩ সূক্ত।

প্রথম ১ ঋকে বসিষ্ঠ ঋষি। বসিষ্ঠপুত্রগণ দেবতা। পরবর্ত্তী ঋকের বসিষ্ঠপুত্রগণ ঋষি। বসিষ্ঠ দেবতা।

১। শ্বেতবর্ণ কর্ম্মপূরক দক্ষিণ ভাগে চূড়াধারীগণ (১) আমাকে হর্ষিত করিতেছেন। আমি বর্হিঃ হইতে উঠিবার সময়ে লোক সকলকে বলি, যে বসিষ্ঠগণ আমার নিকট হইতে যেন দূরে না যান।

(১) বসিষ্ঠপুত্রগণ মস্তকের দক্ষিণ ভাগে চূড়া ধারণ করিত।

২। বসিষ্ঠপুত্রগণ পাশদ্যুম্নকে তিরস্কার করতঃ চমসস্থিত সোমপায়ী উগ্র ইন্দ্রকে দূর হইতে সোমদ্বারা আনয়ন করিয়াছিলেন। ইন্দ্র ও পাশদ্যুম্নকে অতিক্রম করিয়া সোমাভিষবপ্রযুক্ত বসিষ্ঠগণকে বরণ করিয়াছিলেন (২)।

৩। এইরূপেই ইহাঁরা সুখে নদীপার হইয়াছিলেন। এইরূপেই ইহাঁরা ভেদকে বিনাশ করিয়াছিলেন। হে বাসিষ্ঠগণ! এইরূপেই দশজন রাজার সহিত যুদ্ধে তোমাদের মন্ত্রবলে ইন্দ্র সুদাসরাজাকে রক্ষা করিয়াছিলেন (৩)।

৪। হে মনুষ্যগণ! তোমাদের স্তোত্রদ্বারা পিতৃগণের তৃপ্তি সাধন কর। তোমাদের রথের অক্ষ যেন ক্ষীণ না হয়। হে বসিষ্ঠগণ! তোমরা শক্করী ঋক্ ও শ্রেষ্ঠ শব্দদ্বারা ইন্দ্রের বল সম্পাদন করিয়াছিলে।

৫। জাততৃষ্ণ রাজগণকর্ত্তৃক পরিবৃত বাসিষ্ঠগণ দশরাজার সহিত সংগ্রামে ইন্দ্রকে আদিত্যের ন্যায় ঊর্দ্ধে উত্থাপিত করিয়াছিলেন। ইন্দ্র স্তুতিকারী বসিষ্ঠের স্তোত্র শ্রবণ করিয়াছিলেন এবং বিস্তীর্ণ লোক প্রদান করিয়াছিলেন।

৬। গোপ্রেরক দণ্ডের ন্যায় ভরতগণ পরিচ্ছিন্ন ও অল্প সংখ্যক হইল। বসিষ্ঠ পুরোহিত হইলে তৃৎসুদিগের প্রজাবৃদ্ধি হইতে লাগিল।

৭। অগ্নি, বায়ু ও সূর্য্য এই তিন জনেই ভুবনে জল উৎপন্ন করেন। তাহাদিগেরই জ্যোতিঃ পূর্ণ তিন আর্য্য প্রজা আছে। দীপ্তিমান্ তিন জনই উষাকে বয়ন করেন। বসিষ্ঠগণ তাঁহাদের সকলকেই জানেন।

৮। হে বাসিষ্ঠগণ! তোমাদিগের স্তোম সূর্য্যের জ্যোতির ন্যায় প্রকাশিত হয়। তোমাদের মহিমা সমুদ্রের ন্যায় গভীর। তোমাদের স্তোম বায়ুবেগের ন্যায় অন্যের অনুগমনের অশক্য।

৯। সেই বসিষ্ঠগণ হৃদয়ের জ্ঞানদ্বারা তিরোহিত সহস্রশাখ সংসারে বিচরণ করেন। তাঁহারা যমকর্ত্তৃক বিস্তৃত বস্ত্র বয়ন করতঃ অপ্সরগণের নিকট গমন করিয়াছিলেন (৪)।

---

(২) পূর্ব্ব কালে যখন বসিষ্ঠপুত্রগণ সুদাসরাজার যজ্ঞে ব্যাপৃত ছিলেন, তখন বয়তের পুত্র পাশদ্যুম্ন নামক রাজা যজ্ঞ করেন, ইন্দ্র যখন উক্ত রাজার যজ্ঞে সোম পান করিতে ছিলেন, সেই সময়ে বসিষ্ঠগণ মন্ত্রবলে তাহাকে উঠাইয়া আনিয়া সুদাসের যজ্ঞে উপস্থিত করিয়াছিলেন। সায়ণ।

(৩) এই স্থান হইতে চারিটী ঋকে সুদাসরাজার সহিত অন্য দশরাজার যুদ্ধের উল্লেখ আছে। ৭।১৮।৭ ঋকের টীকা দেখ।

(৪) ৯ হইতে ১৩ ঋকে বসিষ্ঠের জন্ম সম্বন্ধে একটি বৈদিক আখ্যানের উল্লেখ আছে। বসিষ্ঠ মিত্র ও বরুণের পুত্র; বসিষ্ঠ উর্ব্বশী হইতে জাত। এই আখ্যানের প্রাকৃতিক অর্থ কি?

১০। হে বসিষ্ঠ! বিদ্যুতের ন্যায় স্বীয় জ্যোতিঃ পরিত্যাগ কালে মিত্র ও বরুণ তোমায় দেখিয়াছিলেন। তখন তোমার এক জন্ম হয়। আরও যখন অগস্ত্য বাসস্থান হইতে তোমায় আহরণ করিয়াছিলেন।

১১। আরও হে বসিষ্ঠ! তুমি মিত্র ও বরুণের পুত্র। হে ব্রহ্মণ! উর্ব্বশীর মন হইতে তুমি জাত। তখন মিত্র ও বরুণের তেজ নির্গত হইয়াছিল, বিশ্বদেবগণ দৈব্য স্তোত্রদ্বারা পুষ্করমধ্যে তোমায় ধারণ করিয়াছিলেন।

১২। প্রকৃষ্ট জ্ঞানসম্পন্ন বসিষ্ঠ উভয় লোক অবগত হইয়া সহস্র দান বা সর্ব্বদানবিশিষ্ট হইয়াছিলেন। যমকর্ত্তৃক বিস্তীর্ণ বস্ত্র বয়ন করণেচ্ছায় বসিষ্ঠ উর্ব্বশী হইতে জন্মিয়াছিলেন।

১৩। যজ্ঞে উৎপন্ন মিত্র ও বরুণ স্তুতিদ্বারা প্রার্থিত হইয়া, কুম্ভ মধ্যে নিজ তেজ স্থাপন করিয়াছলেন। অনন্তর মধ্য হইতে মান (৫) প্রাদুর্ভূত হইলেন। ঋষিও তাহা হইতেই জন্মিয়াছিলেন। লোকে ইহা বলে।

১৪। হে প্রতৃদগণ ৬)! বসিষ্ঠ তোমাদের নিকট আগমন করিতেছেন। তোমরা প্রসন্নমনে ইহার পূজা কর। ইনি অগ্রবর্ত্তী, উক্‌থধারী, সামধারী ও প্রস্তরাভিষবনকারী এবং বক্তব্য বাক্য বলেন।

৩৪ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। দীপ্ত ও অভীষ্টপ্রদ স্তুতি, বেগবান্, সুসংস্কৃত রথের ন্যায় আমাদের নিকট হইতে দেবগণের নিকট গমন করুন।

২। ক্ষরণশীল জল, স্বর্গ ও পৃথিবীর উৎপত্তি অবগত আছেন, আর স্তুতি শ্রবণ করেন।

বসিষ্ঠ শব্দের আদি অর্থ বসুতম, অর্থাৎ উজ্জ্বলতম, অর্থাৎ সূর্য্য। মিত্র ও বরুণ অর্থে দিবা ও রাত্রি, উর্ব্বশীর আদি অর্থ উষা। অতএব বসিষ্ঠ মিত্র ও বরুণের পুত্র এবং উর্ব্বশী হইতে জাত। এই আখ্যানের প্রাকৃতিক অর্থ।

পরে বসিষ্ঠনামীয় এক বংশীয় ঋষিগণ ঋগ্বেদের অনেক সূক্ত রচনা করিয়া খ্যাতি লাভ করেন। তখন সেই ঋষি বসিষ্ঠের সহিত সূর্য্য বসিষ্ঠের সহিত একটা সম্বন্ধ স্থাপন করা হইল। (See Max Muller's *Selected Essays* (1881, vol I. p. 406.)

(৫) অগস্ত্য। সায়ণ।

(৬) অর্থাৎ তৃৎসুগণ।

৩। বিস্তীর্ণ জলও ইন্দ্রকে আপ্যায়িত করে। উপদ্রব সংজাত হইলে উগ্র শূরগণ উহাঁরই স্তুতি করে।

৪। উহাঁর জন্য অশ্বগণকে রথাগ্রে যোজনা কর। ইন্দ্র বজ্রধারী ও সুবর্ণময় হস্তবিশিষ্ট।

৫। যজ্ঞের অভিমুখে গমন কর। গন্তার ন্যায় আপনিই যজ্ঞ মার্গে গমন কর।

৬। সংগ্রামে নিজেই গমন কর। লোকের জন্য প্রজ্ঞাপক পাপবারক যজ্ঞ বিধান কর।

৭। এই যজ্ঞের বল হইতে সূর্য্য উদিত হইতেছেন। পৃথিবী যেমন ভূতগণের ভার বহন করেন, সেইরূপ যজ্ঞভার বহন করিতেছেন।

৮। হে অগ্নি! অহিংসাদি নিয়মযুক্ত যজ্ঞদ্বারা মনোরথ পূর্ণ করতঃ দেবগণকে আহ্বান করিতেছি এবং তাহাদের উদ্দেশে কর্ম্ম করিতেছি।

৯। তোমরা দেবগণের উদ্দেশে দীপ্ত কর্ম্ম ধারণ কর। তোমরা দেবগণের উদ্দেশে স্তুতি কর।

১০। উগ্র সহস্রচক্ষু বরুণ এই নদীগণের জল দর্শন করেন।

১১। বরুণ রাষ্ট্রের রাজা, নদীর রূপ, তাহার বল অবারিত ও সর্ব্বতোগামী।

১২। হে দেবগণ সকল প্রজার মধ্যে আমাদিগকে রক্ষা কর, নিন্দা করণেচ্ছু শত্রুকে দীপ্তিরহিত কর।

১৩। অসুখজনক শত্রুদিগের আয়ুধ চারিদিকে অপগত হউক। হে দেবগণ! শরীরের পাপ আমাদিগের নিকট হইতে পৃথক্ কর।

১৪। হব্যভোজী অগ্নি নমস্কার দ্বারা প্রিয়তম হইয়া আমাদিগকে রক্ষা করুন। আমরা তাঁহার উদ্দেশে স্তোত্র করিতেছি।

১৫। দেবগণের সহচর অপাংনপাৎকে সখা কর। তিনি আমাদের মঙ্গলকর হউন।

১৬। মেঘের আহন্তা নদীর স্থানে জলে উপবিষ্ট জলজাত অগ্নিকে স্তোত্রদ্বারা স্তুতি কর।

১৭। অহির্বুধ্ন্য যেন আমাদিগকে হিংসক হস্তে সমর্পণ না করে। যজ্ঞকারী ব্যক্তির যজ্ঞ যেন ক্ষীণ না হয়।

১৮। দেবগণ যেন আমাদের এই লোকগুলির জন্য অন্ন ধারণ করেন। ধনার্থ উৎসাহমান শত্রুগণ প্রগত হউক।

১৯। আদিত্য যেমন ভুবনগণকে তাপ দেন, মহাসেনাবিশিষ্ট রাজগণ ইঁহাদিগের বলে সেইরূপ শত্রুগণকে তাপ দেন।

২০। যখন দেবপত্নীগণ আমাদের অভিমুখে আগমন করেন, তখন উত্তম হস্তবিশিষ্ট ত্বষ্টা আমাদিগকে বীরপুত্র প্রদান করুন।

২১। ত্বষ্টা যেন আমাদের স্তোত্র সেবা করেন। পর্য্যাপ্তবুদ্ধি ত্বষ্টা আমাদের জন্য ধনকাম হউন।

২২। দানদক্ষা দেবপত্নীগণ আমাদিগের যাহা অভিপ্রেত তাহা প্রদান করুন। দ্যাবাপৃথিবী ও বরুণানী শ্রবণ করুন। কল্যাণকর দানবিশিষ্ট ত্বষ্টা উপদ্রব নিবারিণী দেবপত্নীগণের সহিত আমাদিগের সুশরণপ্রদ হউন।

২৩। পর্ব্বতগণ আমাদের সেই ধন পালন করুন। জল সকল আমাদের সেই ধন পালন করুন। দানদক্ষা দেব পত্নীগণ তাহা পালন করুন। ওষধিগণ ও দ্যুলোক পালন করুন। বনস্পতিগণের সহিত অন্তরিক্ষ তাহা পালন করুন। দ্যাবাপৃথিবী আমাদিগকে রক্ষা করুন।

২৪। আমরা ধারণীয় ধনের আধার হইব, বিস্তীর্ণা দ্যাবাপৃথিবী তাহার অনুমোদন করুন। দীপ্তির আধার ইন্দ্র, সখা বরুণ তাহার অনুমোদন করুন। যাঁহারা পরাভব করেন, সেই মরুদ্গণও অনুমোদন করুন।

২৫। ইন্দ্র, বরুণ, মিত্র ও অগ্নি, আপ, ওষধি ও বৃক্ষগণ আমাদিগের জন্য এই স্তোত্র সেবা করুন। মরুদ্গণের সমীপে থাকিয়া আমরা সুখে থাকিব। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

---

৩৫ সূক্ত(১)।

বিশ্বদেবগণ দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে ইন্দ্র ও অগ্নি! রক্ষাদ্বারা আমাদিগের শান্তিপ্রদ হও। হে ইন্দ্র ও বরুণ! যজমান হব্য প্রদান করিয়াছে, তোমরা আমাদের শান্তিপ্রদ হও। ইন্দ্র ও সোম আমাদিগের শান্তি ও কল্যাণপ্রদ হউন। ইন্দ্র ও পূষা আমাদের শান্তি ও সুখপ্রদ হউন।

(১) এই সূক্তে যে কেবল দেবগণের উল্লেখ আছে এমন নহে; গো, অশ্ব, ওষধি, পর্ব্বত, নদী, বৃক্ষ প্রভৃতিরও অর্চ্চনা আছে।

২। ভগ আমাদের শান্তিপ্রদ হউন। নরাশংস আমাদের শান্তিপ্রদ হউন। পুরন্ধি আমাদের শান্তিপ্রদ হউন। ধন সকল আমাদের শান্তিপ্রদ হউন। উত্তম যমযুক্ত সত্যের বচন আমাদের শান্তিপ্রদ হউন। বহুবার প্রাদুর্ভূত অর্য্যমা আমাদের শান্তিপ্রদ হউন।

৩। ধাতা আমাদের শান্তিপ্রদ হউন। ধর্ত্তা বরুণ আমাদের শান্তিপ্রদ হউন। বিবর্ত্তগমনা পৃথিবী অন্নের সহিত আমাদের শান্তিপ্রদ হউন। মহতী দ্যাবাপৃথিবী আমাদের শান্তিপ্রদা হউন। পর্ব্বতগণ আমাদের শান্তিপ্রদ হউন। দেবগণের উৎকৃষ্ট স্তুতি সকল আমাদের শান্তিপ্রদ হউন।

৪। জ্যোতির্ম্মুখ অগ্নি আমাদের শান্তিপ্রদ হউন। মিত্র ও বরুণ আমাদের শান্তিপ্রদ হউন। অশ্বিদ্বয় আমাদিগের শান্তিপ্রদ হউন। পুণ্যকারিদিগের পুণ্যকর্ম্ম আমাদের শান্তিপ্রদ হউন। গমনশীল বায়ুও আমাদের শান্তির জন্য বহিতে থাকুন।

৫। প্রথম আহ্বানে দ্যাবাপৃথিবী আমাদের শান্তিপ্রদ হউন। অন্তরিক্ষ দর্শনার্থ আমাদের শান্তিপ্রদ হউন। ওষধি সকল ও বৃক্ষ সকল আমাদের শান্তিপ্রদ হউন। জয়শীল লোকপতি আমাদের শান্তিপ্রদ হউন।

৬। দেব ইন্দ্র বসুগণের সহিত আমাদের শান্তিপ্রদ হউন। শোভনস্তুতিযুক্ত বরুণ আদিত্যগণের সহিত আমাদের শান্তিপ্রদ হউন। রুদ্রদেব রুদ্রগণের সহিত আমাদের শান্তিপ্রদ হউন। ত্বষ্টা দেবপত্নীগণের সহিত আমাদের শান্তিপ্রদ হউন। যজ্ঞ আমাদের স্তোত্র শ্রবণ করুন।

৭। সোম আমাদের শান্তিপ্রদ হউন। স্তোত্র আমাদের শান্তিপ্রদ হউন। প্রস্তরগণ আমাদের শান্তিপ্রদ হউন। যজ্ঞ আমাদের শান্তিপ্রদ হউন। যূপগণের পরিমাণ আমাদের শান্তিপ্রদ হউন। ওষধিগণ আমাদের শান্তিপ্রদ হউন। বেদি ও আমাদের শান্তিপ্রদ হউন।

৮। বিস্তীর্ণতেজা সূর্য্য আমাদের শান্তির জন্য উদিত হউন। চারিটী মহাদিক আমাদের শান্তিপ্রদ হউন। স্থির পর্ব্বতগণ আমাদের শান্তিপ্রদ হউন। নদীগণ আমাদের শান্তিপ্রদ হউন। জলও আমাদের শান্তির জন্য হউন।

৯। অদিতি কর্ম্মদ্বারা আমাদের শান্তিপ্রদ হউন। শোভন স্তুতিযুক্ত মরুদ্গণ আমাদের শান্তিপ্রদ হউন। বিষ্ণু আমাদের শান্তিপ্রদ হউন। পূষা আমাদের শান্তিপ্রদ হউন। অন্তরিক্ষ আমাদের শান্তিপ্রদ হউন। বায়ু আমাদের শান্তিপ্রদ হউন।

১০। সবিতা দেব রক্ষা করতঃ আমাদের শান্তিপ্রদ হউন। তমোনিবারিণী উষাগণ আমাদের শান্তিপ্রদ হউন। পর্জ্জন্য আমাদের প্রজাগণের প্রতি শান্তিপ্রদ হউন। ক্ষেত্রপতি শম্ভু আমাদের শান্তিপ্রদ হউন।

১১। দ্যুতিমান্ বিশ্বদেবগণ আমাদের শান্তিপ্রদ হউন। সরস্বতী কর্ম্মের সহিত আমাদের শান্তিপ্রদ হউন। যজ্ঞসেবিগণ আমাদের শান্তিপ্রদ হউন। দানদক্ষগণ আমাদের শান্তিপ্রদ হউন। ভূলোক, দ্যুলোক ও অন্তরিক্ষলোকভব সকলে আমাদের শান্তিপ্রদ হউন।

১২। সত্যপালক দেবগণ আমাদের শান্তিপ্রদ হউন। অশ্বগণ আমাদের শান্তিপ্রদ হউন। গোসকল আমাদের সুখপ্রদ হউন। সুকর্ম্মকারা সুহস্তযুক্ত ঋভুগণ আমাদের শান্তিপ্রদ হউন। স্তোত্র হইলে আমাদের পিতৃগণও আমাদের শান্তিপ্রদ হউন।

১৩। অজ এক পাদ দেবতা আমাদের শান্তিপ্রদ হউন। অহির্বুধ্ন দেবতা আমাদের শান্তিপ্রদ হউন। সমুদ্র আমাদের শান্তিপ্রদ হউন। উপদ্রব পারয়িতা অপাং নপাৎ আমাদের শান্তিপ্রদ হউন। দেবপালিকা পৃশ্নি আমাদের শান্তিপ্রদ হউন।

১৪। আমি এই নূতন স্তোত্র করিতেছি। হে আদিত্যগণ, রুদ্রগণ, বায়ুগণ! ইহাকে সেবা কর। দ্যুলোকভব পার্থিব ও পৃশ্নিজাত এবং যে কেহ যজ্ঞীয় আছ, সকলে আমাদের আহ্বান শ্রবণ কর।

১৫। যজ্ঞার্হ দেবগণের ও যজনীয় মনুর, যজনীয় মরণরহিত সত্যজ্ঞ যে দেবগণ আছেন, তাহারা অদ্য আমাদিগকে বহুকীর্ত্তি যুক্তপুত্র প্রদান করুন। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

---

৩৬ সূক্ত।

বিশ্বদেব দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। যজ্ঞের সদন হইতে স্তোত্র প্রকৃষ্টরূপে গমন করুক। সূর্য্য কিরণসমূহদ্বারা বৃষ্টির জল সৃষ্টি করিয়াছেন। পৃথিবী সানুসমূহ বিস্তীর্ণ করিয়া ব্যাপিয়া রহিয়াছেন। অগ্নি পৃথিবীর বিস্তৃত অবয়বের উপর জ্বলিতেছেন।

২। হে অসুর মিত্র ও বরুণ! তোমাদের উদ্দেশে অন্নের ন্যায় নূতন স্তুতি

করিতেছি। তোমাদের মধ্যে অন্যতর প্রভু বরুণ, স্থানের জনয়িতা। মিত্র স্তূয়মান হইয়া প্রাণিজাতকে প্রবর্ত্তিত করে।

৩। গমনশীল বায়ুর গতি চতুর্দ্দিকে শোভা পাইতেছে। ক্ষীরদায়ী ধেনু সকল বৃদ্ধি প্রাপ্ত হইতেছে। মহান্ ও দ্যোতমান আদিত্যের স্থানে উৎপন্ন বর্ষণশীল পর্জ্জন্য সেই অন্তরিক্ষে ক্রন্দন করিতেছেন।

৪। হে শূর ইন্দ্র! তোমার প্রিয় সুন্দরগতিবিশিষ্ট ও ধারক এই অশ্বদ্বয় লোকে স্তুতি দ্বারা রথে যোজিত করে। অর্য্যমা হিংসাকরণেচ্ছু কোপ বিনষ্ট করেন, সেই শোভন কর্ম্মবিশিষ্ট অর্য্যমাকে আবর্ত্তিত করি।

৫। যজ্ঞপরায়ণগণ অন্নবিশিষ্ট হইয়া ও যজ্ঞস্থানে অবস্থান করতঃ তাঁহার সখ্য কামনা করিতেছেন। নেতাগণকর্ত্তৃক স্তূয়মান হইয়া রুদ্র অন্ন দান করিতেছেন। আমি রুদ্রের প্রিয় নমস্কার করিতেছি।

৬। যে নদীগণের মধ্যে সিন্ধু মাতা ও সরস্বতী সপ্তম স্থানীয়া (১), সেই কামদুঘা সুধারা নদীগণ প্রবাহিত হইতেছে। স্বীয় জলে বর্দ্ধমান ও অন্নবিশিষ্ট ও কাময়মান নদীসকল যুগপৎ আগমন করুন।

৭। হৃষ্ট ও বেগবান্ মরুদ্‌গণ আমাদের যজ্ঞকর্ম্ম ও আমাদের পুত্র রক্ষা করুন। ব্যাপ্ত ও বিচরণশীল বাগ্দেবতা আমাদের ত্যাগ করিয়া যেন অন্যকে না দেখেন। মরুৎ ও বাক্ আমাদের ধন নিয়ত হইলেও উহাকে বর্দ্ধিত করুন।

৮। তোমরা শেষরহিতা মহতী ভূমিকে আহ্বান কর। যজ্ঞার্হ বীর পূষাকে আহ্বান কর। আমাদের কর্ম্মরক্ষক ভগকে আহ্বান কর। দানদক্ষ পুরাণ ঋভুগণের অন্যতম বাগ্দেবকে যজ্ঞে আহ্বান কর।

৯। হে মরুদ্‌গণ! আমাদিগের এই শ্লোক হৃদয়ঙ্গম গমন করুক। আশ্রয়দাতা গর্ভপালক বিষ্ণুর নিকট গমন করুক। উঁহারা স্তুতিকারীকে পুত্র ও অন্ন প্রদান করুন। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

(১) ইহার পূর্ব্বে অনেক স্থানে সপ্তনদীর উল্লেখ পাইয়াছি; এখানে সিন্ধুকে তাহাদিগের মাতা ও সরস্বতীকে সপ্তমস্থানীয়া বলা হইয়াছে। অতএব বোধ হয় সিন্ধু ও তাহার পঞ্চশাখা ও সরস্বতী এই সাতটীকে সপ্তনদী বলিত।

৩৭ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে ঋভুক্ষা বাজগণ! বহনশীল ও প্রশংসাযোগ্য ও হিংসারহিত রথ তোমাদিগকে বহন করুক। হে সুন্দর হনুবিশিষ্ট ঋভুগণ! যজ্ঞে আনন্দার্থ ত্রিপৃষ্ঠ (১) মহান্ সোমরসদ্বারা তোমাদের উদর পূর্ণ কর।

২। হে স্বর্গদর্শী ঋভুগণ! তোমরা হব্যবিশিষ্ট লোকদিগের নিমিত্ত হিংসারহিত রত্ন ধারণ কর। অনন্তর বলবান্ হইয়া যজ্ঞে পান কর ও অনুগ্রহ দ্বারা বিশেষরূপে আমাদিগকে ধন দান কর।

৩। হে মঘবন্ ইন্দ্র! তুমি মহৎ ধন ও অল্প ধনের দানকালে ধন সেবা কর। তোমার উভয় বাহু ধনে পূর্ণ। তোমার বাক্য ধনলাভে প্রতিবন্ধকতা করে না।

৪। হে ইন্দ্র! তুমি অসাধারণ, কীর্ত্তিমান্, ঋভুক্ষা ও সাধু; তুমি অশ্বের ন্যায় স্তোতার গৃহে আগমন কর। হে হরিবান্! অদ্য আমরা বসিষ্ঠগণ তোমার জন্য হব্য প্রদান করিয়া স্তোত্র করিতে থাকিব।

৫। হে হর্য্যশ্ব! তুমি যেহেতু আমাদের স্তুতিদ্বারা ব্যাপ্ত হইতেছ, অতএব তুমি হব্যদায়ী যজমানের দেয় ধনদ্বারা দাতা। হে ইন্দ্র! তুমি কবে আমাদিগকে ধন প্রদান করিবে? অদ্য তোমার যোগ্য রক্ষাকার্য্যদ্বারা আমরা প্রতিপালিত হইব।

৬। হে ইন্দ্র! আমরা তোমার স্তোতা, তুমি কবে আমাদিগের বাক্য অবগত হইবে? তুমি আমাদিগকে এক্ষণে নিবাস প্রদান করিতেছ। বলবান্ ও বেগবান্ অশ্ব আমাদিগের স্তুতি প্রযুক্ত যেন বীরপুত্রবিশিষ্ট ধন ও অন্ন আমাদের গৃহে বহন করিয়া আনেন।

৭। দ্যুতিমতি, নির্ঋতি যে ইন্দ্রকে অধিপতি করিবার জন্য ব্যাপ্ত করে, সুন্দর অন্নবিশিষ্ট বৎসর সকল যে ইন্দ্রকে ব্যাপ্ত করে, মর্ত্ত্য স্তোতাগণ যে ইন্দ্রকে আপনার বাটীতে লইয়া যায়, ত্রিলোকধারী সেই ইন্দ্র, অন্ন জীর্ণকারী বন প্রাপ্ত হইতেছে।

৮। হে দেব সেবিতা! তোমার নিকট হইতে প্রশংসাযোগ্য ধন আমাদের নিকট আগমন করুক। পর্জ্জন্যদেব ধনদান করিলে ধন আমাদের নিকট

(১) ক্ষীর, দধি ও সক্তু মিশ্রিত। সায়ণ।

আগমন করুক। সকলের পালক স্বর্গীয় ইন্দ্র সর্ব্বদা আমাদের সেবা করুন। হে দেবগণ! তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৩৮ সূক্ত।

সবিতা দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। সবিতাদেব যে হিরণ্ময়ী প্রভা আশ্রয় করেন, সেই প্রভাকে উদ্গত করিতেছেন। সবিতাদেব মনুষ্যের হবনীয়। বহুধনবিশিষ্ট সবিতা স্তোতা-গণকে রমণীয় ধন দান করেন।

২। হে দেব সবিতা! উদ্গত হও। হে হিরণ্যপাণি! বিস্তীর্ণ ও প্রথিত প্রভা প্রদান করতঃ এবং মনুষ্যগণের ভোগযোগ্য ধন নেতাগণের উদ্দেশে প্রেরণ করতঃ যজ্ঞ আরব্ধ হইলে, তুমি আমাদের স্তোত্র শ্রবণ কর।

৩। সবিতা দেবতা আমাদিগের দ্বারা স্তুত হউন। সকল দেবগণ যে সবিতাকে স্তব করিতেছে, সকলের পূজার্হ সেই সবিতা আমাদিগের স্তোম ও অন্ন ধারণ করুন। সর্ব্বপ্রকার পালন কার্য্যদ্বারা স্তোতাগণকে পালন করুন।

৪। দেবী অদিতি, সবিতাদেবের অনুজ্ঞানুসারে স্তব করেন, শোভমান বরুণাদি দেবগণ সবিতার স্তব করেন, মিত্রাদি এবং সমান প্রীতিযুক্ত অর্য্যমা তাঁহার স্তব করেন।

৫। দানদক্ষ ভজনশীল যজমান পরস্পর মিলিত হইয়া দ্যুলোক ও ভূলোকের মিত্রভূত সবিতার পরিচর্য্যা করেন। অহিবুধ্ন্য আমাদের স্তোত্র শ্রবণ করুন। বাগ্দেবীও আমাদের অভিমুখে ধেনুগণদ্বারা আমাদিগকে পালন করুন।

৬। প্রজাপালক সবিতা আমাদের প্রার্থনানুসারে তাহার সেই রমণীয় ধন প্রাপ্ত অনুমোদন করুন। ওজস্বী স্তোতা আমাদের রক্ষণার্থ ভগনামক দেবতাকে বারংবার আহ্বান করিতেছে। অসমর্থ স্তোতা রত্ন যাচ্ঞা করিতেছেন।

৭। যজ্ঞকালে আমাদের স্তোত্র পরিমিত পথবিশিষ্ট ও সুন্দর অন্নযুক্ত, বাজীনামক দেবগণ আমাদের সুখপ্রদ হউন। এই দেবগণ অদাতা হন্তা ও রাক্ষসগণকে হিংসা করতঃ পুরাতন রোগ সকলকে আমাদিগের নিকট হইতে পৃথক্ করুন।

৮। হে বাজিগণ! তোমরা মেধাবী, মরণরহিত ও সত্যজ্ঞ হইয়া ধনের নিমিত্ত সকল যুদ্ধে আমাদিগকে পালন কর। এই সোম পান কর ও প্রমত্ত হও। পরে তৃপ্ত হইয়া দেবযান পথে গমন কর।

৩৯ সূক্ত

বিশ্বদেবগণ দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। অগ্নি উন্মুখ হইয়া স্তোতার সুস্তুতি সেবা করুন। সকলের জরা-প্রদাত্রী উষাদেবী অভিমুখী হইয়া যজ্ঞে গমন করেন। আদরবিশিষ্ট পত্নী ও যজমান রথিদ্বয়ের ন্যায় যজ্ঞমার্গ সেবা করিতেছেন। আমাদের হোতা সংপ্রেষিত হইয়া যজ্ঞ করিতেছেন।

২। ইহাদিগের স্বাদযুক্ত বর্হিঃ পাওয়া যাইতেছে, ইদানীং প্রজাপালক নিযুৎ বায়ু ও পূষা প্রজাগণের মঙ্গলার্থ রাত্রি প্রত্যূষ্য হইবার পূর্ব্বকালীন আহ্বান প্রাপ্ত হইয়া অন্তরিক্ষে আগমন করেন।

৩। বসুনামক দেবগণ এই যজ্ঞে পৃথিবীতে সকলকে আনন্দিত করুন, বিস্তীর্ণ অন্তরিক্ষস্থিত দীপ্যমান মরুদ্গণের সেবা করেন। হে প্রভূতগামী বসু ও মরুদ্গণ! তোমার পথ আমাদের অভিমুখ কর। আমাদের দূত তোমাদের নিকট গমন করিয়াছে। তোমরা উহার আহ্বান শ্রবণ কর।

৪। প্রসিদ্ধ যজ্ঞার্হ রক্ষাকারী বিশ্বদেবগণ যজ্ঞস্থানে আগমন করেন। হে অগ্নি! আমাদের যজ্ঞে অভিলাষবিশিষ্ট দেবগণের উদ্দেশে যাগ কর। ভগ, অশ্বিদ্বয় ও ইন্দ্রকে শীঘ্র পূজা কর।

৫। হে অগ্নি! তুমি দ্যুলোক হইতে স্তুতিযোগ্য মিত্র, বরুণ, ইন্দ্র, অগ্নি, অর্য্যমা, অদিতি ও বিষ্ণুকে আমাদের যজ্ঞে আহ্বান কর। পৃথিবী হইতেও আহ্বান কর, সরস্বতী ও মরুদ্গণ হৃষ্ট হউন।

৬। আমরা যজ্ঞার্হ দেবগণের উদ্দেশে স্তুতির সহিত হব্য প্রদান করিতেছি। অগ্নি আমাদের অভিলাষের প্রতিবন্ধক না হইয়া যজ্ঞ ব্যাপ্ত করিতেছেন। হে দেবগণ! তোমরা অনুপেক্ষণীয় ও সর্ব্বদা সম্ভজনীয় ধন দান কর। অদ্য আমরা সহায়ভূত দেবগণের সহিত মিলিত হইব।

৭। অদ্য দ্যাবাপৃথিবী বসিষ্ঠগণের দ্বারা সর্ব্বতোভাবে স্তুত হইলেন। যজ্ঞবিশিষ্ট বরুণ, ইন্দ্র ও অগ্নিও স্তুত হইলেন। আহ্লাদকর দেবগণ আমা-

দিগকে অর্চনীয় সর্ব্বোৎকৃষ্ট অন্ন প্রদান করুন। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

---

৪০ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে দেবগণ! তোমাদের চিত্তদ্বারা সম্পাদনীয় সুখ আমাদের নিকট আগমন করুক। আমরা বেগবান্ দেবগণের উদ্দেশে স্তোত্র করি। এক্ষণে সবিতা যে ধন প্রেরণ করেন, আমরা রত্নবিশিষ্ট সবিতার সেই ধন গ্রহণ করিব।

২। মিত্র, বরুণ ও দ্যাবাপৃথিবী আমাদিগকে সেই ধন দান করুন। ইন্দ্র ও অর্য্যমা আমাদিগকে দ্যুতিমান্ স্তোতাগণের সেবিত ধন প্রদান করুন। বায়ু ও ভগ যে ধন আমাদিগের প্রতি যোজনা করেন, দেবী অদিতি ধন দান আজ্ঞা করুন।

৩। হে পৃষদশ্ব মরুদ্গণ! যে মর্ত্ত্যকে তোমরা রক্ষা কর, সেই [illegible] হউক, সেই বলবান্ হউক। অগ্নি ও সরস্বতী প্রভৃতি দেবগণ যজ্ঞ[illegible] প্রবর্ত্তিত করিতেছেন, এই যজমানের ধনের কেহ বিনাশক নাই।

৪। যজ্ঞের প্রাপয়িতা এই বরুণ, মিত্র ও অর্য্যমা সকলের সামর্থবিশিষ্ট, ইহারা আমাদের যজ্ঞকর্ম্ম ধারণ করিতেছেন। অপ্রতিরুদ্ধা, দ্যুতিমতী অদিতি শোভন আহ্বানবিশিষ্টা। তাঁহারা সকলে যাহাতে আমাদের বাধা না হয়, এই রূপে পাপ হইতে উদ্ধার করুন।

৫। অন্য দেবগণ যজ্ঞে হব্যদ্বারা প্রাপণীয়, অভীষ্টবর্ষী বিষ্ণুর শাখাস্বরূপ। রুদ্র রুদ্রীয় মহিমা প্রদান করেন। হে অশ্বিদ্বয়! তোমরা আমাদের হব্যযুক্ত গৃহে আগমন কর।

৬। সকলের বরণীয়া সরস্বতী ও দানদক্ষা দেবপত্নীগণ যে ধন আমাদিগকে দান করেন, হে দীপ্তিযুক্ত পূষা! এই দানে বাধা দিও না। সুখপ্রদ, গমনশীল দেবগণ আমাদিগকে পালন করুন। সর্ব্বত্রগামী বায়ু বৃষ্টির জল প্রদান করুন।

৭। অদ্য দ্যাবাপৃথিবী দেবগণের দ্বারা সর্ব্বতোভাবে স্তুত হইলেন। যজ্ঞবিশিষ্ট বরুণ, ইন্দ্র ও অগ্নিও স্তুত হইলেন। আহ্লাদকর দেবগণ আমাদিগকে অর্চনীয় সর্ব্বোৎকৃষ্ট অন্ন প্রদান করুন। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৪১ সূক্ত।

প্রথম ঋক ইন্দ্রাদি দেবতা; দ্বিতীয় অবধি পাঁচটীর ভগ দেবতা; সপ্তমটীর উষা দেবতা। ইহার নাম ভগসূক্ত। বসিষ্ঠ ঋষি।

১। আমরা প্রাতঃকালে অগ্নিকে আহ্বান করি, প্রাতঃকালে ইন্দ্রকে আহ্বান করি, প্রাতঃকালে মিত্র ও বরুণকে আহ্বান করি, প্রাতঃকালে অশ্বিদ্বয়কে স্তব করি, প্রাতঃকালে ভগকে, পূষাকে ও ব্রহ্মণস্পতিকে স্তব করি, প্রাতঃকালে সোম ও রুদ্রকে স্তব করি।

২। যিনি জগতের ধারক, জয়শীল উগ্র অদিতির পুত্র সেই ভগদেবতাকে প্রাতঃকালেই আহ্বান করিব। দরিদ্র স্তোতা এবং ধনশালী রাজা উভয়েই ভগদেবকে স্তুতি করতঃ "আমায় ভজনীয় ধন দাও" বলিয়া যাচ্ঞা করে।

৩। হে ভগ! তুমি প্রকৃষ্ট নেতা। হে ভগ! তুমি সত্যধন। তুমি আমাদের অভিলষিত বস্তু প্রদান করতঃ আমাদের স্তুতি সফল কর। হে ভগ! তুমি আমাদিগকে গো ও অশ্বদ্বারা প্রবৃদ্ধ কর। হে ভগ! আমরা নেতাগণদ্বারা মনুষ্যবান্ হইব।

৪। আরও আমরা যেন ইদানীং ভগবান্ হইতে পারি; দিবসের প্রারম্ভে ও মধ্যেও যেন ভগবান্ হইতে পারি। আরও হে মঘবন্! সূর্য্যের উদয়ে আমরা যেন ইন্দ্রাদির অনুগ্রহ লাভ করিতে পারি।

৫। হে দেবগণ! ভগই ভগবান্ হউন। আমরা ভগের অনুগ্রহেই ভগবান্ হইব। হে ভগ! সকলেই তোমায় বারংবার আহ্বান করেন। হে ভগ! তুমি এই যজ্ঞে আমাদিগের অগ্রগামী হও।

৬। শুদ্ধস্থানের উদ্দেশে দধিক্রাবার ন্যায় উষাদেবতা আমাদিগের যজ্ঞে আগমন করুন। বেগবান্ অশ্ব রথের ন্যায় উষাদেবতা ধনপ্রদ ভগদেবকে আমাদের অভিমুখে আনয়ন করুন।

৭। সর্ব্বগুণে প্রবৃদ্ধ ভজনীয় উষাদেবতাগণ অশ্ববিশিষ্ট, গোবিশিষ্ট ও বীরবিশিষ্ট হইয়া জলসেক করতঃ সর্ব্বদা আমাদের নৈশ তমো নাশ করুন। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৪২ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। স্তোতা অঙ্গিরাগণ সর্ব্বত্র ব্যাপ্ত হউন। পর্জ্জন্য আমাদের স্তোত্র বিশেষরূপে ইচ্ছা করুন। প্রীতিদায়িনী নদীগণ জলসেচন করতঃ গমন করুন। আদরবিশিষ্টা পত্নী ও যজমান যজ্ঞের রূপ যোজনা করুন।

২। হে অগ্নি! তোমার চিরলব্ধ পথ সুগম হউক। যে হরিৎ ও রোহিৎ-গণ যজ্ঞগৃহে তোমার ন্যায় বীরকে বহন করতঃ শোভা পায়, তাহাদিগকে রথে যোজনা কর। আমি উপবিষ্ট হইয়া দেবগণকে আহ্বান করিতেছি।

৩। হে দেবগণ! নমস্কারযুক্ত এই স্তোতাগণ তোমাদের যজ্ঞ সম্যক্‌রূপে পূজা করে। আমাদের সমীপস্থিত স্তুতিশীল হোতা সর্ব্বাপেক্ষা উত্তম। হে যজমান! তুমি দেবগণকে সুন্দররূপে যজ্ঞ কর। হে বহুতেজস্বিন্! তুমি যজ্ঞার্থ ভূমিকে আবর্ত্তিত কর।

৪। সকলের অতিথি অগ্নি, যখন বীর ধনবানের গৃহে সুখে শায়িত দৃষ্ট হয়েন, যখন অগ্নি গৃহে সুনিহিত হইয়া প্রীত হয়েন, তখন তিনি নিকটগামী প্রজাকে বরণীয় ধন দান করেন।

৫। অগ্নি আমাদের এই যজ্ঞ সেবা কর। ইন্দ্র ও মরুদ্‌গণের মধ্যে আমাদিগকে যশোযুক্ত কর। রাত্রি ও উষাকালে বর্হিতে উপবেশন কর। যজ্ঞাভিলাষী মিত্র ও বরুণকে এই যজ্ঞে পূজা কর।

৬। বসিষ্ঠ ধনাভিলাষী হইয়া এই প্রকারে বলের পুত্র অগ্নিকে বহুরূপ-বিশিষ্ট ধনলাভার্থ স্তুতি করিয়াছিলেন। অগ্নি আমাদিগকে অন্ন, বল ও ধন প্রদান করুন। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৪৩ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। বৃক্ষের শাখার ন্যায় যে মেধাবিগণের স্তোত্র বিশেষরূপে চারিদিকে গমন করে, সেই দেবাভিলাষিগণ যজ্ঞে নমস্কারদ্বারা তোমাদিগকে পাইবার জন্য বিশেষরূপে স্তব করিতেছে, দ্যাবাপৃথিবীকেও স্তব করিতেছে।

২। শীঘ্রগামী অশ্বের ন্যায় এই যজ্ঞে গমন করুন। তোমরা একমনে

ঘৃতক্ষরণকারিণী স্রুক উত্তোলন কর। অধ্বরের জন্য সাধুবর্হি বিস্তীর্ণ কর। হে অগ্নি! তোমার দেবাভিলাষী কিরণসমূহ উর্দ্ধমুখ হইয়া বাস করুন।

৩। শিশুরূপে প্রতিপালনীয় পুত্রগণ মাতার ক্রোড়ে যেরূপ উপবেশন করে, সেইরূপ দেবগণ যজ্ঞের উন্নত প্রদেশে উপবেশন করুন। হে অগ্নি! জুহূ তোমার যাগযোগ্য জ্বালা সম্যক্‌রূপে সিক্ত করুক। তুমি যুদ্ধে আমাদের শত্রুগণের সহায়তা করিও না।

৪। যজনীয় দেবগণ উদকের দোহন যোগ্য ধারা বর্ষণ করতঃ পর্য্যাপ্তভাবে আমাদের পরিচর্য্যা স্বীকার করুন। হে দেবগণ! অদ্য ধনের মধ্যে যে পূজনীয় ধন আছে, তাহা আগমন করুক। তোমরা সকলেও একমন হইয়া আগমন কর।

৫। হে অগ্নি! তুমি এই প্রকারে প্রজাগণের মধ্যে আমাদিগকে ধন প্রদান কর; হে বলবন্! আমরা তোমাকর্ত্তৃক অপরিত্যক্ত হইয়া নিত্যযুক্ত ধনের সহিত মত্ত ও অহিংসিত হইব। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৪৪ সূক্ত।

দধিক্রা দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। তোমাদের রক্ষার্থ প্রথমে দধিক্রাকে আহ্বান করি। তদনন্তর অশ্বিদ্বয়, উষা সমিদ্ধ অগ্নি ও ভগকে আহ্বান করি। ইন্দ্র, বিষ্ণু, পূষা, ব্রহ্মণস্পতি, আদিত্যগণ, দ্যাবাপৃথিবী, জল, দেবতা ও সূর্য্যকে আহ্বান করি।

২। স্তোত্রদ্বারা দধিক্রা দেবতাকে প্রবোধিত ও প্রবর্দ্ধিত করতঃ আমরা যজ্ঞের উপক্রমে কুশোপরি ইলাদেবীকে স্থাপন করতঃ শোভন আহ্বানযুক্ত মেধাবী অশ্বিদ্বয়কে আহ্বান করি।

৩। আমি দধিক্রাকে প্রবোধিত করতঃ অগ্নি উষা, সূর্য্য ও ভূমির স্তব করি। আমি শত্রু বিনাশকারী বরুণের মহৎ পিঙ্গলবর্ণ অশ্বকে স্তব করি, সেই দেবগণ সমস্ত পাপ আমা হইতে পৃথক করুন।

৪। অশ্ব মুখ্য, শীঘ্রগামী, গমনশীল দধিক্রাবা সম্যক্‌রূপে জ্ঞাতব্য অবগত হইয়া উষা, সূর্য্য, আদিত্যগণ, বসুগণ, অঙ্গিরাগণের সহিত এক মত হইয়া রথের অগ্রে লগ্ন হন।

৪৫ সূক্ত।

সবিতা দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। রত্নবিশিষ্ট, অন্তরিক্ষের পূরক এবং অশ্বকর্তৃক উহ্যমান সবিতাদেব মনুষ্যের হিতকর বহুধন হস্তে ধারণ করতঃ ভূতগণকে স্বস্থানে ধারণ ও স্বকার্য্যে প্রেরণ করতঃ আগমন করুন।

২। শিথিল এবং বৃহৎ হিরণ্ময় বাহুদ্বারা অন্তরিক্ষের অন্তসমূহকে ব্যাপ্ত করুক। আমরা অদ্য সবিতার সেই মহিমার স্তুতি করি। সূর্য্যও সবিতাকে কর্ম্মেচ্ছা প্রদান করুন।

৩। তেজোবিশিষ্ট বসুপতি সবিতাদেবই আমাদিগকে উদ্দেশে ধন প্রেরণ করুন। তিনি বহুবিস্তীর্ণরূপ ধারণ করতঃ আমাদিগকে মনুষ্যদিগের ভোগযোগ্য ধন দান করুন।

৪। এই স্তুতিসমূহ উত্তম জিহ্বাযুক্ত এবং ধনপূর্ণ হস্তযুক্ত সবিতাকে স্তব করিতেছে। তিনি আমাদিগকে বিচিত্র বৃহৎ অন্নদান করুন। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৪৬ সূক্ত।

রুদ্র দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। স্থিরকার্ম্মুক, শীঘ্রগামী, বাণবিশিষ্ট, অন্নবান্, কাহারও দ্বারা অনভিভূত, সকলের অভিভবকর এবং তীক্ষ্ণাস্ত্র বিধানকারী রুদ্রের উদ্দেশে স্তুতি কর। তিনি শ্রবণ করুন।

২। পৃথিবীস্থ ও স্বর্গস্থ জনের ঐশ্বর্য্যদ্বারা তাঁহাকে জানিতে পারা যায়। হে রুদ্র! তোমার স্তবকারী আমাদের প্রজাগণকে পালন করতঃ আমাদের গৃহে গমন কর। আমাদিগকে রোগ দান করিও না।

৩। অন্তরিক্ষ হইতে বিমুক্ত তোমার যে বিদ্যুৎ ক্ষিতিতলে বিচরণ করে, সে আমাদিগকে পরিত্যাগ করুক। হে স্বপিবাত! তোমার সহস্র ভেষজ আছে; আমাদের পুত্র বা পৌত্রের প্রতি হিংসা করিও না।

৪। হে রুদ্র! আমাদিগকে হিংসা করিও না, আমাদিগকে ত্যাগ করিও না। তুমি ক্রুদ্ধ হইয়া যে বন্ধন কর, আমরা যেন তাহাতে না থাকি, জীব-

গণের প্রশংসাযোগ্য যজ্ঞে আমাদিগকে ভাগী কর। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৪৭ সূক্ত।

অপ্ দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে অপ্ দেবতা! দেবাভিলাষিগণ ইন্দ্রের পাতব্য, ভূমিসম্ভূত, যে তোমাদিগের সোমরস প্রথমে সংস্কৃত করিয়াছে, সেই শুচি, পাপরহিত, বৃষ্টিজলাসেকী, মধুর রসযুক্ত সোমরস আমরাও সেবন করিব।

২। হে অপ্ দেবতা! শীঘ্রগতি অপাংনপাৎ দেবতা তোমাদের সেই মধুমত্তম প্রসিদ্ধ ঊর্ম্মি পালন করুন। ইন্দ্র যাহাতে বসুগণের সহিত মত্ত হন, আমরা দেবাভিলাষী হইয়া অদ্য তোমাদের সেই ঊর্ম্মি প্রাপ্ত হইব।

৩। বহু পবিত্র রূপবিশিষ্ট অশ্বদ্বারা লোকের হর্ষ উৎপাদক ও দ্যোতমান জল দেবগণের স্থানে প্রবেশ করেন। তাঁহারা ইন্দ্রের কর্ম্ম হিংসা করেন না। তোমরা সিন্ধুগণের উদ্দেশে ঘৃতযুক্ত হব্য হোম কর।

৪। সূর্য্য রশ্মিদ্বারা যে অপ্‌সমূহকে বিস্তীর্ণ করেন, যাহাদের জন্য ইন্দ্র গমনযোগ্য পথ বিদীর্ণ করিয়াছেন; হে সিন্ধুগণ! সেই তোমরা আমাদের ধন ধারণ কর। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৪৮ সূক্ত।

ঋভু দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে নেতা ধনবান্ ঋভুগণ! তোমরা আমাদের সোমপানে প্রমত্ত হও। তোমরা গমন করিতেছ, তোমাদের কর্ম্মনেতা সমর্থ অশ্বগণ আমাদের অভিমুখ হইয়া মনুষ্য হিতকর রথ আবর্ত্তিত করুক।

২। হে ঋভুগণ! আমরা তোমাদিগের দ্বারা প্রথিত। তোমরা সমর্থ; তোমাদিগের সাহায্যে সমর্থ হইয়া তোমাদিগের বলে শত্রুবল অভিভব করিব। বাজ আমাদিগকে যুদ্ধে রক্ষা করুন। ইন্দ্রকে সহায় পাইয়া আমরা বৃত্রের হস্ত হইতে উত্তীর্ণ হইব।

৩। ইন্দ্র ও ঋভুগণ আমাদের বহুতর শত্রু সেনা আজ্ঞাদ্বারা অভিভব

করেন। যুদ্ধে প্রবৃত্ত হইলে সমস্ত শত্রুগণকে হিংসা করেন। বিভ্বা, ঋভুক্ষ ও বাজ ও ইন্দ্র আর্য্য হইয়া মথনদ্বারা শত্রু বল বিকৃত করেন।

৪। হে দ্যোতমান ঋভুগণ! তোমরা অদ্য আমাদের ধন দাও। হে সমস্ত ঋভুগণ! তোমরা প্রীত হইয়া আমাদের রক্ষণার্থ হও। বসু ঋভুগণ আমাদিগকে অন্ন প্রদান করুন। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৪৯ সূক্ত।

অপ্ দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। সমুদ্র যে অপ্‌সমূহের জ্যেষ্ঠ, সর্ব্বদাগমনশীল ও শোধয়িতা, সেই অপ্‌সমূহ অন্তরিক্ষের মধ্য হইতে গমন করেন। বজ্রধারী অভীষ্টবর্ষী ইন্দ্র যে অপ্‌সমূহকে ছাড়িয়া দিয়াছিলেন, তাহারা এই স্থানে আমায় রক্ষা করুন।

২। যে অপ্‌সমূহ অন্তরিক্ষে উৎপন্ন হয়, অথবা যাহা প্রবাহিত হইয়া খননদ্বারা যাহাদিগকে লাভ করা যায়, যাহা স্বয়ং উৎপন্ন হইয়া সমুদ্রাভিমুখে গমন করে, দীপ্তিযুক্ত পবিত্রকর সেই অপ্‌দেবীসমূহ আমায় রক্ষা করুন।

৩। যে অপ্‌সমূহের স্বামী বরুণ জলসমূহ মধ্যে সত্য ও মিথ্যার স্বাক্ষী স্বরূপ হইয়া মধ্যম লোকে গমন করেন, মধুক্ষারিণীদীপ্তিযুক্ত, শোধয়িতা, সেই অপ্‌দেবীসমূহ আমায় রক্ষা করুন।

৪। যাহাতে রাজা বরুণ বাস করেন, যাহাতে সোম বাস করেন, যাহাতে বিশ্বদেবগণ অন্ন পাইয়া প্রমত্ত হন, বৈশ্বানর অগ্নি যাহাতে প্রবিষ্ট হইয়াছেন, সেই দ্যুতিমান্ অপ্‌সমূহ আমায় রক্ষা করুন।

৫০ সূক্ত(১)।

প্রথম ঋকের মিত্র ও বরুণ দেবতা; দ্বিতীয়ের অগ্নি দেবতা; তৃতীয়ের বৈশ্বানর; চতুর্থের নদী দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে মিত্র ও বরুণ! তোমরা এখানে আমাদিগকে রক্ষা কর। কুলায়কারী ও সর্ব্বদা বর্দ্ধমান বিষ আমাদের অভিমুখে যেন না আসে, অজকানামক

(১) সূক্তটী "ওঝার মন্ত্র" স্বরূপ। প্রথম ও দ্বিতীয় মণ্ডলের শেষ সূক্তগুলি দেখ।

রোগবিশিষ্ট দুর্দর্শন বিষ বিনষ্ট হউক। ছদ্মগামী সর্প পদশব্দের দ্বারা যেন আমাকে জানিতে না পারে।

২। যে বন্দন নামক বিষ নানা জন্মে বৃক্ষাদির পর্ব্বস্থানে উদ্ভূত হয়, যে বিষ জানু ও গুল্‌ফ স্ফীত করে, দীপ্তিমান্ অগ্নিদেব, এই ব্যক্তির নিকট হইতে সে বিষ দূরীকৃত করুন। ছদ্মগামী সর্প পদশব্দের দ্বারা যেন আমাকে জানিতে না পারে।

৩। যে বিষ শাল্মলীতে উৎপন্ন হয়, যাহা নদীজলে ওষধি হইতে উৎপন্ন হয়, বিশ্বদেবগণ সেই বিষ আমাদিগের নিকট হইতে দূর করিয়া দেন। ছদ্মগামী সর্প যেন পদশব্দের দ্বারা আমাকে জানিতে না পারে।

৪। যে নদীগণ প্রবণ দেশে গমন করে, যাহারা নিম্নদেশে গমন করে, যাহারা উন্নত দেশে গমন করে, যে নদী সকল উদকবিশিষ্ট ও যাহারা অনুদক জলদ্বারা জগৎ আপ্যায়িত করে, সেই দ্যুতিমান্ নদী সকল আমাদের শ্রীপদ রাগ নিবারণ করিয়া কল্যাণকর হউক। আরও সেই নদী সকল অহিংসাপ্রদ হউক।

৫১ সূক্ত।

আদিত্য দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। আমরা যেন আদিত্য দেবগণের আশ্রয় লাভ করিয়া নূতন সুখকর গৃহ প্রাপ্ত হই। ত্বরান্বিত আদিত্যগণ আমাদিগের স্তোত্র সকল শ্রবণ করিয়া এই যজ্ঞকারীকে অনপরাধ ও অদীন করিয়া দিন।

২। আদিত্যগণ ও অদিতি ও অতিশয় ঋজুস্বভাব মিত্র, বরুণ ও অর্য্যমা প্রমত্ত হউন। ভুবনের রক্ষক দেবগণ আমাদের হউন। অদ্য আমাদের রক্ষার্থে সোম পান করুন।

৩। আমরা সমস্ত আদিত্যগণ, সমস্ত মরুদ্গণ, সমস্ত দেবগণ ও সমস্ত ঋভুগণ ও ইন্দ্র, অগ্নি ও অশ্বিদ্বয়ের স্তব করিলাম। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৫২ সূক্ত।

আদিত্য দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। আমরা আদিত্য, আমরা অদিতি হইব(১)। দেবগণের মধ্যে হে বসুগণ! মনুষ্যগণকে তোমরা পালন কর। হে মিত্র ও বরুণ! তোমাদিগকে সম্ভজনা করতঃ ধন উপভোগ করিব। হে দ্যাবাপৃথিবী! আমরা যেন ভূতি-বিশিষ্ট হই।

২। মিত্র ও বরুণপ্রমুখরক্ষক আদিত্যগণ আমাদের পুত্র ও পৌত্রকে সুখ প্রদান করুন। অন্যকৃত পাপ যেন আমাদের ভোগ করিতে না হয়, তোমরা যে কর্ম্ম করিলে নাশ কর, হে বসুগণ। আমরা যেন সে কর্ম্ম না করি।

৩। ত্বরাবান্ অঙ্গিরাগণ সবিতার নিকট যাচ্ঞা করতঃ তাঁহার যে রমণীয় ধন ব্যাপ্ত করিয়াছিলেন, যাগশীল মহান্ পিতা ও সমস্ত দেবগণ এক মনে সেই ধন আমাদিগকে প্রদান করুন।

৫৩ সূক্ত।

দ্যাবাপৃথিবী দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। যে মহতী ও দেবগণের জনয়িত্রী দ্যাবাপৃথিবীকে পূর্ব্বতন স্তোতাগণ স্তুতি করতঃ পুরোভাগে স্থাপন করিয়াছিলেন, আমি সেই যজনীয়া ও মহতী দ্যাবাপৃথিবীকে ঋত্বিক্‌গণের সম্বাধযুক্ত হইয়া যজ্ঞ ও নমস্কারের সহিত স্তুতি করি।

২। হে স্তোতাগণ! তোমরা নব্য স্তুতিদ্বারা পূর্ব্বপ্রজাতা এবং বিশ্বের পিতৃমাতৃভূতা দ্যাবাপৃথিবীকে যজ্ঞস্থলের পুরোভাগে সংস্থাপিত কর। হে দ্যাবাপৃথিবী। তোমাদিগের মহৎ ও বরণীয় ধন দানার্থ দেবগণের সহিত আমাদিগের নিকট আগমন কর।

৩। হে দ্যাবাপৃথিবী! তোমাদিগের দাসে দেয় বহু রমণীয় ধন আছে, তন্মধ্যে যাহা অক্ষয় তাহাই আমাদিগকে প্রদান কর। হে দ্যাবাপৃথিবী! তোমরা সর্ব্বদা আমাদিগকে কল্যাণের সহিত পালন কর।

---

(১) এখানেও বসিষ্ঠবংশীয়গণ সূর্য্যের সহিত সম্বন্ধ পাতাইতেছেন। ৭।৩৩।৯ ঋকের টীকা দেখ।

৫৪ সূক্ত।

বাস্তোষ্পতি দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে বাস্তোষ্পতে! (১) তুমি আমাদিগকে প্রবোধিত কর; আমাদিগের নিবাস নীরোগ কর; আমরা যে ধন যাচ্ঞা করি তাহা প্রদান কর; এবং আমাদিগের পুত্র পৌত্রাদি দ্বিপদ জনের ও গবাশ্বাদি চতুষ্পদবর্গের সুখকর হও।

২। হে বাস্তোষ্পতে! তুমি আমাদিগের ও আমাদিগের ধনের বর্দ্ধয়িতা হও। তুমি সখা হইলে আমরা গাভী ও অশ্বযুক্ত ও জরারহিত হইব। পিতা যেরূপ পুত্রদিগকে পালন করে, তুমি আমাদিগকে সেইরূপ পালন কর।

৩। হে বাস্তোষ্পতে! আমরা যেন তোমার সুখকর, রমণীয় ও ধনযুক্ত স্থান প্রাপ্ত হই। তুমি আমাদিগের প্রাপ্ত ও অপ্রাপ্ত বরণীয় ধন রক্ষা কর ও আমাদিগকে কল্যাণের সহিত সর্ব্বদা পালন কর।

৫৫ সূক্ত।

বাস্তোষ্পতি ও ইন্দ্র দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে বাস্তোষ্পতে! তুমি রোগনাশক। তুমি সর্ব্ব প্রকার রূপ মধ্যে প্রবেশ করিয়া আমাদের সখা ও সুখকর হও।

২। হে শ্বেতবর্ণ ও কোন কোন অংশে পিশঙ্গবর্ণ সরমাপুত্র! তুমি যখন দন্ত প্রকাশ কর তাহা আমার নিকট আহারের সময় সৃক্কণী প্রদেশে আয়ুধের ন্যায় বিশেষ রূপে শোভা পায়। তুমি সুখে নিদ্রা যাও।

৩। হে সারমেয়! তুমি যে স্থান হইতে গমন কর, পুনরায় সেই স্থানে আগমন কর। তুমি চোর ও ডাকাইতের প্রতি গমন কর। ইন্দ্রের স্তোতাগণের নিকট কেন যাও! আমাদিগকে কেন বাধা দাও? সুখে নিদ্রা যাও।

৪। তুমি শূকরকে বিদারণ কর, শূকরও তোমায় বিদারণ করুক। ইন্দ্রের স্তোতাগণের নিকট কেন যাও? কেন আমাদিগকে বাধা দেও? সুখে নিদ্রা যাও।

---

(১) বাস্তোষ্পতি গৃহের পালয়িতা দেবতা। ইনি সরমার কুলোদ্ভব, সেই জন্য পরে সারমেয় নামে অভিহিত হইয়াছেন।

৫। তোমার মাতা নিদ্রা যান, তোমার পিতা নিদ্রা যান। কুক্কুর নিদ্রা যাউক, গৃহস্বামী নিদ্রা যাউক, বন্ধুগণ নিদ্রা যাউক। চতুর্দ্দিকবর্ত্তী এই জনগণও নিদ্রা যাউক।

৬। যে ব্যক্তি এই স্থানে আছে, যে বিচরণ করিতেছে, যে আমাদিগকে দেখিতেছে, তাহাদের চক্ষুঃ সকল বিনাশ করিব। এই হর্ম্ম্য যেরূপ তাহারাও সেইরূপ হইবে।

৭। যে সহস্রশৃঙ্গ বৃষভ সমুদ্র হইতে উদ্গত হইল (১) সেই অভিভবকারীর সাহায্যে আমরা জনগণকে নিদ্রিত করিব।

৮। যে স্ত্রীগণ প্রাঙ্গণে শয়ন করিয়া আছে, যাহারা বাহনে শয়ন করিয়া আছে, যাহারা তল্পে শয়ন করিয়া আছে, যাহারা পুণ্যগন্ধা, তাহাদের সকলকে নিদ্রিত করিব।

৫৬ সূক্ত।

মরুৎ দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। ব্যক্তরূপ নেতা, সমানস্থানবাসী মনুষ্যের হিতকর, অথচ সুন্দর অশ্ববিশিষ্ট এই রুদ্র পুত্রগণ ইঁহারা কে?।

২। কেহই ইঁহাদের জন্ম জানেন না। তাহারাই পরস্পর আপনাদের জন্ম কথা জানেন।

৩। আপনারাই সঞ্চরণকরতঃ পরস্পর মিলিত হন। বায়ুবৎ বেগশালী শ্যেন পক্ষীর ন্যায় পরস্পর স্পর্দ্ধা করেন।

৪। ধীমান্ ব্যক্তি এই শ্বেতবর্ণ ভূত সকলকে অবগত আছেন। মহতী পৃশ্নি ইঁহাদিগকে অন্তরিক্ষে ধারণ করিয়াছিলেন।

৫। সেই প্রজা মরুদ্গণের অনুগ্রহে চিরকাল শত্রুগণের অভিভবকারিণী ও ধনের পুষ্টিপ্রদায়িনী ও বীরপুত্রবিশিষ্টা হউক।

৬। মরুৎগণ সর্ব্বাপেক্ষা অধিক পরিমাণে গন্তব্যস্থানে গমন করেন, অলঙ্কার দ্বারা সর্ব্বাপেক্ষা অধিক শোভা ধারণ করেন, তাহারা শ্রীসমন্বিত ও উগ্র।

৭। তোমাদের তেজ উগ্র; তোমাদের বল স্থির। মরুৎগণ বুদ্ধিমান্ হউন।

১) সমুদ্র হইতে উদ্গত সহস্র শৃঙ্গযুক্ত বৃষভ কি? সহস্ররশ্মি চন্দ্র বা সূর্য্য হইতে পারে।

৮। তোমাদের বল সর্ব্বত্র শোভমান; তোমাদের চিত্ত ক্রোধশীল। ধর্ষণ-যোগ্য, বলযুক্ত মরুৎগণের বেগ স্তোতার ন্যায় বিবিধ শব্দকারী।

৯। হে মরুৎগণ! পুরাণ আয়ুধ আমাদের নিকট হইতে পৃথক্ কর। তোমাদের ক্রূরবুদ্ধি যেন আমাদিগকে ব্যাপ্ত না করে।

১০। তোমরা ত্বরাবান্। তোমাদের প্রিয় নাম ধরিয়া আহ্বান করি। অভিলাষবান্ মরুৎগণ ইহাতেই তৃপ্ত হন।

১১। মরুৎগণ সুন্দর আয়ুধবিশিষ্ট, গমনশীল, সুন্দর অলঙ্কারযুক্ত এবং তাঁহারা আমাদের শরীর অলঙ্কৃত করেন।

১২। হে মরুৎগণ! তোমরা শুচি, শুচি হব্য তোমাদের হউক। তোমরা শুচি, তোমাদের উদ্দেশে শুচি যজ্ঞ প্রেরণ করি। উদকস্পর্শী মরুৎগণ সত্য দ্বারা সত্য প্রাপ্ত হইয়াছেন। তাহারা শুচি, তাঁহাদের জন্ম শুচি ও তাঁহারা অন্যকে শুচি করেন।

১৩। হে মরুৎগণ! তোমাদের স্কন্ধে খাদি সকল রহিয়াছে। উত্তম রুক্ম তোমাদের বক্ষঃ আশ্রয় করিয়া রহিয়াছে (১)। বৃষ্টির সহিত বিদ্যুৎ যেরূপ শোভা পায়, সেইরূপ জল প্রদানের সময় স্বীয় আয়ুধদ্বারা তোমরা শোভা পাও।

১৪। তোমাদের অন্তরিক্ষভব তেজঃ বিশেষরূপে গমন করিতেছে। হে বিশেষরূপে যষ্টব্য মরুৎগণ! তোমরা জল বৃদ্ধি কর। হে মরুৎগণ! তোমরা সহস্রসংখ্যাবিশিষ্ট গৃহভব গৃহ মেধিদত্ত এই ভাগ সেবা কর।

১৫। হে মরুৎগণ! যেহেতু তোমরা অন্নবিশিষ্ট মেধাবীর হব্যযুক্ত স্তোত্র অবগত হও, অতএব শোভন পুত্রবিশিষ্টের ধন শীঘ্র প্রদান কর, সে ধন শত্রু অভিহনন করিতে পারে না।

১৬। যে মরুৎগণ সততগামী অশ্বের ন্যায় সুন্দর গমনবিশিষ্ট, উৎসবদর্শী মনুষ্যগণের ন্যায় অলঙ্কারধারী, গৃহস্থিত শিশুগণের ন্যায় শুভ্র, তাহারা ক্রীড়াপরায়ণ বৎসগণের ন্যায় পয়োদাতা।

১৭। মরুৎগণ আমাদের ধন প্রদান করতঃ সুন্দররূপবিশিষ্ট দ্যাবা-পৃথিবীকে পূর্ণ করতঃ সুখী করুন। হে বাসপ্রদগণ! মেঘভেদক, মনুষ্যনাশক তোমাদের আয়ুধ আমাদের নিকট হইতে দূরে থাকুক। তোমরা সুখের সহিত আমাদের অভিমুখ হও।

(১) খাদি অর্থে বলয় ও রুক্ম অর্থে বক্ষঃস্থলের সুবর্ণের অলঙ্কার, তাহা পূর্ব্বে বলা হইয়াছে।

১৮। নিষণ্ণ হোতা তোমাদের সর্ব্বত্রগামী দানকার্য্যের প্রশংসা করতঃ তোমাদিগকে সম্যক্‌রূপে বারংবার আহ্বান করিতেছেন। হে কামবর্ষিগণ! যে হোতা যজমানের রক্ষক, সে কপটতারহিত হইয়া স্তোত্রদ্বারা তোমাদিগকে স্তব করে।

১৯। এই মরুৎগণ যজ্ঞে ত্বরান্বিত যজমানকে প্রীত করেন। ইহাঁরা বলের দ্বারা বলবান্ লোক সকলকে আনমিত করেন। ইহাঁরা হিংসকের হস্ত হইতে স্তোতাকে রক্ষা করেন। যাহারা হব্য প্রদান করে না, তাহাদের মহা অপ্রিয় সাধন করেন।

২০। ইহাঁরা সমৃদ্ধ লোককেও উত্তেজিত করেন, দরিদ্রকেও উত্তেজিত করেন। বন্ধুগণ যেরূপ কামনা করেন, হে কামবর্ষিগণ! তোমরা তমো বিনাশ কর, আরও আমাদিগকে বহুল পুত্র ও পৌত্র প্রদান কর।

২১। হে মরুৎগণ তোমাদের দান হইতে আমরা যেন নির্গত হই না। হে রথবিশিষ্টগণ! ধন দান কালে আমাদিগকে পশ্চাতে ফেলিও না। স্পৃহণীয় ধনসমূহে আমাদিগকে ভাগী কর। হে কামবর্ষিগণ! তোমাদের যে সুজাত ধন আছে, তাহারও ভাগী কর।

২২। যখন বিক্রান্ত জনগণ বহুতর ওষধি ও মনুষ্যের জয়ের জন্য কোপ-পূর্ণ হন, তখন হে রুদ্রপুত্র মরুৎগণ! যুদ্ধে শত্রুর নিকট হইতে আমাদের ত্রাতা হও।

২৩। হে মরুৎগণ! আমাদের পূর্ব্বপুরুষ সম্বন্ধে অনেক কার্য্য করিয়াছ। তোমাদের পূর্ব্বকালীন যে সকল কর্ম্ম প্রশংসিত হয়, তাহাও করিয়াছ, ওজস্বী ব্যক্তি যুদ্ধে মরুৎগণের সাহায্যে শত্রুগণের অভিভবিতা হন, তোমাদেরই সাহায্যে স্তোত্রকারী অন্ন ভোগ করে।

২৪। হে মরুৎগণ! আমাদের বীর বলবান্ হউক। সে অসুরও লোকের বিধায়ক হউক্। আমরা নিবাসার্থ প্রাপ্ত শত্রুদিগকে বিনাশ করিব। আমরা তোমাদের আত্মীয় স্থানে অবস্থিতি করিব।

২৫। ইন্দ্র, বরুণ, মিত্র, অগ্নি, আপ, ওষধি ও বৃক্ষ আমাদের স্তোত্র সেবা করুন। মরুৎগণের ক্রোড়ে আমরা সুখে থাকিব। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

---

৫৭ সূক্ত।

মরুৎগণ দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে যজনীয় মরুৎগণ! মাদয়িতা স্তোতাগণ যজ্ঞকালে বলের সহিত তোমাদের নাম স্তব করে। মরুৎগণ বিস্তীর্ণ দ্যাবাপৃথিবী কম্পিত করেন। মেঘকে বর্ষণ করান ও উগ্র হইয়া সর্ব্বত্র গমন করেন।

২। মরুৎগণ স্তুতিকারীকে অন্বেষণ করেন। যজমানের অভীষ্টপূরণ করেন। তোমরা প্রীত হইয়া আমাদের যজ্ঞে সোমপানার্থ বর্হিতে উপবেশন কর।

৩। এই মরুৎগণ যত দান করেন, এত আর কেহই দেন না। ইহাঁরা রুক্ম, আয়ুধ ও শরীর শোভায় শোভিত হন। দ্যাবাপৃথিবী প্রকাশকারী ব্যাপ্ত-দীপ্তি, মরুৎগণ শোভার্থ সমানরূপ আভরণ ব্যক্ত করে।

৪। তোমাদের প্রসিদ্ধ আয়ুধ আমাদের হইতে পৃথক্ হউক। যদিও মনুষ্য বলিয়া আমরা তোমার নিকট অপরাধ করি ; হে যজনীয়গণ! যেন তোমাদের সেই আয়ুধে না পড়ি। তোমাদের যে বুদ্ধি সর্ব্বাপেক্ষা অন্নপ্রদ তাহাই আমাদের হউক।

৫। আমাদের যজ্ঞকর্ম্মেই মরুৎগণ তৃপ্ত হউন। তাঁহারা অনিন্দিত, দীপ্তিযুক্ত ও শোধক। হে যজনীয় মরুৎগণ! অনুগ্রহ করিয়া অথবা উত্তম স্তুতিপ্রযুক্ত আমাদিগকে বিশেষরূপে পালন কর। অন্নের দ্বারা পোষণার্থ আমাদিগকে প্রবর্দ্ধিত কর।

৬। মরুৎগণ স্তুত হইয়া হবি ভক্ষণ করুন, তাঁহারা নেতা ও সমস্ত জলের সহিত বর্ত্তমান। হে মরুৎগণ! আমাদের সন্ততির জন্য উদকপ্রদান কর। হব্যদায়ীকে সত্য ও প্রিয় ধন দান কর।

৭। মরুৎগণ স্তুত হইয়া সকল রক্ষার সহিত যজ্ঞে স্তোতার অভিমুখে আগমন কর। ইহাঁরা আপনিই স্তোতাগণকে শতসংখ্যাবিশিষ্ট করিয়া বর্দ্ধিত করেন, তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৫৮ সূক্ত।

মরুৎ দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। তোমরা সঙ্ঘত বর্ষণকারী, মরুৎ সংঘকে অর্চ্চনা কর। ইহারা দেবতা-দিগের স্থানে সর্ব্বাপেক্ষা প্রকৃষ্ট, আরও ইহাঁরা মহিমার দ্যাবাপৃথিবীকে ভগ্ন করেন। ভূমি ও অন্তরিক্ষ হইতে স্বর্গকে ব্যাপ্ত করেন।

২। হে ভীম! হে প্রবৃদ্ধমতি ও গমনশীল মরুৎগণ! তোমাদের জন্ম দীপ্ত রুদ্র হইতে, আরও ইহারা তেজোবলে প্রবল হইয়াছেন। তোমাদের গমনে সূর্য্যদ্রষ্টা সমস্ত জীবসমূহ ভীত হয়।

৩। তোমরা হব্যবিশিষ্টকে প্রচুর অন্ন প্রদান কর। আমাদের সুন্দর স্তোত্র অবশ্য সেবা কর। মরুৎগণ যে পথ প্রাপ্ত হন, তাহা প্রাণিগণকে বিনাশ করে না। তাঁহারা স্পৃহণীয় রক্ষাদ্বারা আমাদিগকে প্রবর্দ্ধিত করুন।

৪। হে মরুৎগণ স্তোতা তোমাদের কর্ত্তৃক রক্ষিত হইয়া শতসংখ্যক ধনবান্ হন। তোমাদের কর্ত্তৃক রক্ষিত হইয়া স্তোতা আক্রমণকারী অভিভবিতা ও সহস্র ধনবান্ হয়। তোমাদের কর্ত্তৃক রক্ষিত হইয়া সে সম্রাজযুক্ত হয় ও শত্রুনাশ করে। হে কম্পনকারিগণ! তোমাদের দত্ত সেই ধন প্রভূত হউক।

৫। কামবর্ষী সেই রুদ্রপুত্রগণকে আমি পরিচর্য্যা করি। তাঁহারা পুনরায় বহুবার আমাদিগের অভিমুখ হউন। যে অপ্রকাশিত ও যে প্রকাশিত পাপপ্রযুক্ত মরুৎগণ ক্রুদ্ধ হয়েন, মরুৎগণ সম্বন্ধীয় সেই পাপ অপনীত করিব।

৬। ধনবান্ মরুৎগণের সেই সুস্তুতি আমরা উচ্চারণ করিয়াছি। মরুৎগণ এই সূক্ত সেবা করুন। হে অভীষ্টবর্ষিগণ! তোমরা দূর হইতেই শত্রুগণকে পৃথক্ কর। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৫৯ সূক্ত।

১১শ ঋকের মরুৎ দেবতা। ১২শ ঋকে রুদ্র দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে দেবগণ! ইহা হইতে স্তোতাকে ত্রাণ কর। হে অগ্নি, বরুণ, মিত্র, অর্য্যমা ও মরুৎগণ! তোমরা যাহাকে বিনীত কর, তাঁহাকে সুখ প্রদান কর।

২। হে দেবগণ! তোমাদের আশ্রয়ে তোমাদের প্রিয় দিনে যে যাগ করে, যে শত্রুগণকে আক্রমণ করে, যে তোমাদিগকে অন্যত্র গমন হইতে নিবৃত্ত করিবার জন্য প্রচুর হব্য প্রদান করে, সেই আপনার নিবাসস্থান বৃদ্ধি করে।

৩। বসিষ্ঠ তোমাদের মধ্যে হীন ব্যক্তিকেও পরিত্যাগ করিয়া স্তব করে না। হে মরুৎগণ! অদ্য সোমাভিলাষী হইয়া তোমরা সকলে মিলিয়া আমাদের সোম অভিষুত হইলে পান কর।

৪। হে নেতাগণ! যাহাকে অভিলষিত প্রদান কর, তোমাদের রক্ষা তাহাকে যুদ্ধে হিংসা করে না। তোমাদের নূতনতর অনুগ্রহবুদ্ধি আমাদের অভিমুখে আগমন করুক। হে সোমপানাভিলাষিগণ! তোমরা শীঘ্র আগমন কর।

৫। হে মরুৎগণ! তোমাদের ধন পরস্পর সংহত, তোমরা সোম ভক্ষণের জন্য উত্তমরূপে আগমন কর। যেহেতু আমি তোমাদিগকে এই হব্য দান করিতেছি, অতএব তোমরা অন্যত্র যাইও না।

৬। হে মরুৎগণ! তোমরা আমাদের বর্হিতে আসীন হও। স্পৃহণীয় ধন দানের জন্য আমাদের নিকট আগমন কর। তোমরা হিংসারহিত হইয়া এই যজ্ঞে মদকর সোমাত্মক হব্য স্বাহা বলিয়া প্রমত্ত হও।

৭। অন্তর্হিত মরুৎগণ নিজ অংশ সকল অলঙ্কৃত করিয়া, নীলপৃষ্ঠ হংসগণের ন্যায় আগমন করুন, আমাদের যজ্ঞে আনন্দিত রমণীয় মনুষ্যগণের ন্যায় বিশ্বব্যাপ্ত মরুৎগণ আমার চারিদিকে উপবেশন করুন।

৮। হে বসু মরুৎগণ! অন্যায় ক্রোধ করিয়া যে তিরস্কৃত ব্যক্তি আমাদের চিত্ত বিনাশ করিতে চাহে, সে ব্যক্তি পাপদ্রোহী বরুণের পাশ আমাদের প্রতি বন্ধন করে। তোমরা তাহাকে অত্যন্ত তাপপ্রদ আয়ুধদ্বারা বিনাশ কর।

৯। হে শত্রুতাপকগণ! এই তোমাদের হব্য, তোমরা শত্রুভক্ষক, তোমাদের রক্ষাদ্বারা তাহা সেবা কর।

১০। হে মরুৎগণ! তোমরা গৃহ মধ্যেও উত্তম দানশীল। তোমাদের রক্ষারসহিত আগমন কর, অপগত হইও না।

১১। হে স্বায়ত্ত বলবিশিষ্টকারী ও সূর্য্যবর্ণ মরুৎগণ! আমি যজ্ঞ কল্পনা করিতেছি।

১২। সুগন্ধি পুষ্টিবর্দ্ধক ত্র্যম্বকের যজ্ঞ করি। উর্বারুক ফলের ন্যায় যেন আমরা মৃত্যুবন্ধ হইতে মুক্ত হই। অমৃত হইতে যেন না বঞ্চিত হই (১)।

(১) এই মন্ত্র জপ করিলে শত বৎসর পরমায়ুঃ লাভ করা যায়। সায়ণ।

৬০ সূক্ত।

প্রথম ঋকের সূর্য্য দেবতা; অবশিষ্টের মিত্র ও বরুণ দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে সূর্য্য! তুমি উদিত হইয়া অদ্য আমাদিগকে পাপশূন্য বল। হে অদিতি! দেবগণের মধ্যে মিত্র ও বরুণের নিকট সত্য হইব। হে অর্য্যমা! তোমাকে স্তব করিয়া তোমার প্রিয় হইব।

২। হে মিত্র ও বরুণ! এই সেই মনুষ্যদিগের সাক্ষী সূর্য্য অন্তরিক্ষে গমন করতঃ দ্যাবাপৃথিবী অভিমুখে উদিত হইতেছেন। তিনি সমস্ত স্থাবর ও জঙ্গমের পালক মনুষ্যমধ্যে স্থিত সুকৃত ও দুষ্কৃত দর্শন করেন।

৩। হে মিত্র ও বরুণ! তিনি অন্তরিক্ষে সপ্তহরিৎ যোজিত করিতেছেন। উহারা জলে আর্দ্র হইয়া এই সূর্য্যকে বহন করিতেছে। গোপাল যেরূপ গোযূথ দর্শন করেন, সেইরূপ ইনি স্থান ও প্রাণিসকলকে দর্শন করেন ও তোমাদিগকে অভিলাষ করেন।

৪। তোমাদিগের দুই জনের জন্য অন্ন ও মধুর পদার্থ বর্ত্তমান ছিল। সূর্য্য দীপ্ত অন্তরিক্ষে আরোহণ করিয়াছিলেন। সমান প্রীতিযুক্ত মিত্র, অর্য্যমা ও বরুণ প্রভৃতি আদিত্যগণ, এই সূর্য্যের জন্য পথ প্রস্তুত করেন।

৫। মিত্র, অর্য্যমা ও বরুণ প্রভৃত পাপের হন্তা, ইঁহারা সুখকর ও হিংসারহিত এবং অদিতির পুত্র; ইঁহারা যজ্ঞের গৃহে বর্দ্ধিত হন।

৬। মিত্র ও বরুণ অনভিভবনীয় এবং সামর্থ্যদ্বারা চৈতন্যশূন্যের চৈতন্য করিয়াছেন। ইঁহারা সুচেতা, অনুষ্ঠানপরায়ণ ব্যক্তির অভিমুখে গমন করতঃ পাপ নাশ করিয়া, সুপথে লইয়া যান।

৭। ইঁহারা নিমেষরহিত হইয়া স্বর্গ ও পৃথিবীর চৈতন্যরহিত ব্যক্তিকে অবগত হইয়া সুপথে লইয়া যান। ইঁহাদের প্রভাবে অত্যন্ত নিম্নপ্রদেশেও নদীর জল থাকে। ইঁহারা আমাদিগের এই কর্ম্মকে পারে লইয়া যাউন।

৮। অদিতি, মিত্র ও বরুণ হব্যদায়ীকে যে রক্ষাবিশিষ্ট এবং প্রশংসাযোগ্য সুখ প্রদান করেন, পুত্র ও পৌত্রগণকে সেই সুখ দান করত আমরা ত্বরাপ্রযুক্ত দেবগণের কোপকর কার্য্য যেন না করি

৯। আমাদিগের দ্বেষকারী ব্যক্তি যদি স্তুতির সহিত বেদী ত্যাগ করে, তাহা হইলে বরুণকর্ত্তৃক হিংসিত হইয়া যেন কোন প্রকার নাশ প্রাপ্ত হয়। অর্য্যমা দ্বেষকারিগণ হইতে আমাদিগকে বর্জ্জিত করুন। হে কামবর্ষী মিত্র ও বরুণ! দানবিশিষ্ট ব্যক্তিকে বিস্তীর্ণ স্থান প্রদান কর।

১০। ইঁহাদিগের সংহতি নিগূঢ় ও দীপ্ত। নিগূঢ় বলদ্বারা ইঁহারা অভিভব করেন। হে কামবর্ষিগণ! তোমাদিগের ভয়ে লোকে কম্পান্বিত হয়। তোমাদের বলের মহিমা দ্বারা আমাদিগকে সুখী কর।

১১। অন্ন এবং উৎকৃষ্ট ধনদানের জন্য তোমাদের স্তোত্রে যে ব্যক্তি মতি স্থির করে, সেই স্তোতার স্তোত্র মঘবাগণ সেবা করেন ও তাহার বিস্তীর্ণ নিবাসের জন্য উত্তম স্থান করেন।

১২। হে দেব মিত্র ও বরুণ! তোমাদের যজ্ঞে এই স্তুতি করা হইয়াছে। তোমরা সমস্ত দুর্গম আপদ দূর করিয়া আমাদিগকে পার কর, তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৬১ সূক্ত।

মিত্র ও বরুণ দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে মিত্র! হে বরুণ! তোমরা দেবতা, তোমাদের চক্ষুঃস্বরূপ শোভনরূপবিশিষ্ট সূর্য্য তেজ বিস্তার করতঃ উদিত হইতেছেন। তিনি সমস্ত ভুবন দর্শন করেন, তিনি মর্ত্ত্যগণের মধ্যে প্রবৃত্ত স্তোত্র অবগত আছেন।

২। হে মিত্র ও বরুণ! সেই যজ্ঞবান্, দীর্ঘশ্রোতা বিপ্র বসিষ্ঠ তোমাদের মনোহর স্তোত্র প্রেরণ করিতেছেন। তোমরা সুকর্ম্মা, তোমরা ইঁহার স্তোত্র রক্ষা করিয়াছ। তোমরা বহু বৎসর ব্যাপিয়া ইহার কর্ম্ম পূর্ণ করিয়াছিলে।

৩। হে মিত্র ও বরুণ! তোমরা বিস্তীর্ণ পৃথিবীকে অতিক্রম করিয়াছ, তোমরা দর্শনীয় এবং মহান্ দ্যুলোকও অতিক্রম করিয়াছ। তোমাদের দান মনোহর। তোমরা ওষধি ও প্রজাগণের জন্য রূপ ধারণ কর। তোমরা নিমেষরহিতভাবে সত্যপথগামিদিগকে পালন করিয়া থাক।

৪। মিত্র ও বরুণের তেজের স্তব কর। তাঁহাদের বল দ্যাবাপৃথিবী আপন মহিমায় পৃথক্‌রূপে স্থাপন করেন। যজ্ঞরহিতগণের মাসসকল পুত্ররহিত ভাবে গমন করুক। যজ্ঞে স্থিরমতি ব্যক্তি বল প্রবর্দ্ধিত করুক।

৫। হে অমূঢ়! হে ব্যাপ্ত! হে কামবর্ষিদ্বয়! এই তোমাদের স্তুতি হইতে বিস্ময়কর বা পূজার্হ কিছুই দৃষ্ট হয় না। মনুষ্যগণের মিথ্যা স্তুতি দ্রোহকারিগণ সেবা করে। তোমাদের রহস্য যেন অজ্ঞানার্থে না হয়।

৬। হে মিত্র ও বরুণ! তোমাদের যজ্ঞে নমস্কার দ্বারা পূজা করিতেছি।

আমি বাধাযুক্ত হইয়া আহ্বান করিতেছি। তোমাদের সেবার্থ নূতন স্তোত্র সকল রচিত হউক। মৎকৃত এই স্তোত্র তোমাদিগকে প্রীত করুক।

৭। হে দেব মিত্র ও বরুণ! তোমাদের যজ্ঞে এই স্তুতি করা হইয়াছে, তোমরা সমস্ত দুর্গম আপদ দূর করতঃ আমাদিগকে পার কর। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

---

৬২ সূক্ত।

মিত্র ও বরুণ দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। সূর্য্য উর্দ্ধমুখে মহৎ ও বহু তেজঃ আশ্রয় করেন এবং মনুষ্যগণের সমস্ত ব্যক্তিকে আশ্রয় করেন। তিনি দিবসে দ্যুতিমান্ হইয়া একরূপেই দৃষ্ট হন। তিনি কর্ত্তা এবং কৃত, এবং কর্ত্তাদ্বারা সুকৃত হইয়াছেন।

২। হে সূর্য্য! তুমি প্রত্যেকের সম্মুখে এই স্তোত্র প্রযুক্ত এবং হরিতবর্ণ, গমনশীল অশ্বযোগে উর্দ্ধমুখে গমন কর। তুমি, মিত্র, বরুণ, অর্য্যমা ও অগ্নির নিকট আমাদিগকে নিরপরাধ বলিয়া উল্লেখ কর।

৩। দুঃখ প্রতিরোধক, সত্যবান্ বরুণ, মিত্র ও অগ্নি আমাদিগকে সহস্র ধন দান করুন। তাঁহারা আহ্লাদকর; আমাদিগকে স্তুত্য ও অর্চ্চনীয় বস্তু দান করুন। আমাদের কর্ত্তৃক স্তূয়মান হইয়া আমাদের অভিলাষ পূর্ণ করুন।

৪। হে দ্যাবাপৃথিবি! হে অদিতি! হে সুদর্শন! আমাদিগকে রক্ষা কর। আমরা সুজন্মা, তোমাদিগকে অবগত হইয়াছি। আমরা যেন বরুণের, বায়ুর এবং স্তুতিকারীর প্রিয়তম মিত্রের ক্রোধে পতিত না হই।

৫। হে মিত্র ও বরুণ! বাহু প্রসারিত কর। আমাদের জীবনার্থ আমাদের গোপ্রচরণ স্থান জলদ্বারা সিক্ত কর, মনুষ্যসমূহ মধ্যে আমাদিগকে বিখ্যাত কর। তোমরা নিত্য তরুণ, আমাদের এই আহ্বান শ্রবণ কর।

৬। হে মিত্র, বরুণ ও অর্য্যমা! আমাদের নিজের ও পুত্রের জন্য ধন প্রদান করুন। সমস্তই আমাদের সুগম ও সুপথ হউক। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

---

৬৩ সূক্ত।

প্রথম চারি ঋকের ও পঞ্চমের প্রথম অর্দ্ধের সূর্য্য দেবতা; অবশিষ্টের মিত্র ও বরুণ দেবতা।
বসিষ্ঠ ঋষি।

১। সুভগ, সর্ব্বদর্শী, মনুষ্যগণের সাধারণ, মিত্র ও বরুণের চক্ষুঃস্বরূপ, দ্যুতিমান্ সূর্য্য উদিত হইতেছেন। ইনি চর্ম্মের ন্যায় তমোরাশি সংবেষ্টিত করেন।

২। মনুষ্যগণের প্রসবিতা, মহান্, পদার্থপ্রকাশক, জলপ্রদ এই সূর্য্য একমাত্র চক্রকে পরিবর্ত্তিত করিতে ইচ্ছা করিয়া উদিত হইতেছেন। রথভারে নিযুক্ত হরিতবর্ণ অশ্ব উঁহাকে বহন করিতেছে।

৩। অত্যন্ত দীপ্তিমান্ এই সূর্য্য স্তোতাগণের স্তোত্র শ্রবণে প্রমত্ত হইয়া উষাগণের মধ্যে উদিত হইতেছেন। ইনি আমাদিগকে অভিলষিত প্রদান করেন। ইনি সকলের পক্ষে সমান, নিজের তেজঃ সঙ্কুচিত করেন না।

৪। এই দূরগামী, ত্রাণকর্ত্তা, দীপ্তিমান্ সূর্য্য শোভমান ও প্রভূত তেজোবিশিষ্ট হইয়া অন্তরিক্ষ হইতে উদিত হইতেছেন। প্রাণিগণ নিশ্চয়ই সূর্য্যকর্ত্তৃক প্রসূত হইয়া অনুষ্ঠেয় কর্ম্ম করিয়া থাকে।

৫। মরণরহিত দেবগণ যে স্থলে এই সূর্য্যের জন্য পথ করিয়াছিলেন, গমনশীল গৃধ্রের ন্যায় সেই পথ অন্তরিক্ষকে অনুগমন করে। হে মিত্র ও বরুণ! সূর্য্য উদিত হইলে নমস্কার ও হব্যদ্বারা তোমাদের পরিচর্য্যা করিব।

৬। মিত্র, বরুণ ও অর্য্যমা আমাদের নিজের ও পুত্রের জন্য ধন প্রদান করুন। সমস্তই আমাদের সুগম ও সুপথ হউক। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৬৪ সূক্ত।

মিত্র ও বরুণ দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে মিত্র ও বরুণ! দ্যুলোকে ও পৃথিবীতে তোমরা জলের স্বামী। তোমাদের প্রেরিত মেঘ জলকে রূপ প্রদান করে। মিত্র, সুজাত অর্য্যমা এবং রাজা ও বলবান্ বরুণ আমাদের হব্য সেবা করুন।

২। তোমরা রাজা, মহাযজ্ঞের রক্ষক, সিন্ধুপতি ও ক্ষত্রিয়(১); তোমরা

---

(১) মূলে "ক্ষত্রিয়াঃ" আছে। অর্থ বলবান্। "ক্ষত্রিয়" নামে একটী বিভিন্ন জাতি তখন সৃষ্ট হয় নাই। মিত্র ও বরুণ ক্ষত্রিয় [illegible]।

আমাদের অভিমুখে আগমন কর। হে ক্ষিপ্রদানশীল মিত্র ও বরুণ! আমাদের অন্ন ও বৃষ্টি অন্তরিক্ষ হইতে প্রেরণ কর।

৩। মিত্র, বরুণ ও অর্য্যমা দেবগণ উৎকৃষ্ট পথের দ্বারা সেই স্থানে আমাদিগকে লইয়া যাউন। অর্য্যমা (২) যেন সুন্দর দানশীল লোকের নিকট আমাদের কথা বলেন। আমরা তোমাদের কর্ত্তৃক রক্ষিত হইয়া অন্নদ্বারা প্রমত্ত হইব।

৪। হে মিত্র ও বরুণ! যে মনের দ্বারা তোমাদের এই রথ নির্ম্মাণ করিয়াছে, যে উন্নত কর্ম্ম করে ও যজ্ঞে তোমাদের ধারণ করে, তোমরা রাজা, তোমরা তাহাকে জলের দ্বারা সিক্ত কর, তাহাকে সুক্ষিতি প্রদান করিয়া তৃপ্ত কর।

৫। হে মিত্র! হে বরুণ! তোমাদের ও বায়ুর জন্য দীপ্ত সোমের ন্যায় এই সোম করা হইল। আমাদের কর্ম্মে প্রবেশ কর, স্তুতি অবগত হও, তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৬৫ সূক্ত।

মিত্র ও বরুণ দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে মিত্র ও শুদ্ধবল বরুণ! সূর্য্য উদিত হইলে তোমাদের দুই জনকে সূক্ত দ্বারা আহ্বান করি। ইহাদের উভয়ের বল অক্ষীণ ও প্রভূত; সংগ্রাম আরব্ধ হইলে উহা জয় লাভ করে।

২। তাঁহারা দেবগণের মধ্যে অসুর। তাঁহারা আর্য্য, তাঁহারা আমাদের প্রজা প্রবৃদ্ধ করেন। হে মিত্র ও বরুণ! আমরা তোমাদিগকে ব্যাপ্ত করিব। তোমাদের ব্যাপ্তিতে দ্যাবাপৃথিবী আমাদিগকে দিবা রাত্রি আপ্যায়িত করিবে।

৩। তাঁহাদিগের পাশ প্রভূত। তাঁহারা অনৃতের সেতু (১) এবং শত্রুজনের দুরতিক্রম। হে মিত্র ও বরুণ নৌকাদ্বারা যেমন জল পার হয়, তোমাদের যজ্ঞের পথে সেইরূপ দুরিত হইতে পার হইব।

৪। মিত্র ও বরুণ আমাদের হব্য সেবায় আগমন করুন; অন্নের সহিত জলদ্বারা আমাদের গো প্রচারণ স্থান সিক্ত করুন। তোমাদের প্রতি এই লোকে উৎকৃষ্ট হব্য কে দিবে? তোমরা লোকের জন্য স্বর্গীয় রমণীয় জল প্রদান কর।

---

(২) মূলে "অরিঃ" আছে। সায়ণ বলেন আদর অতিশয়ার্থ অর্য্যমার পুনরুল্লেখ হইয়াছে।

(১) অর্থাৎ যজ্ঞরহিত ব্যক্তির পক্ষে সেতুর ন্যায় বন্ধনকারী।

৫। হে মিত্র! হে বরুণ! তোমাদের ও বায়ুর জন্য এই স্তোম দীপ্ত সোমের ন্যায় করা হইল। আমাদের কর্ম্মে প্রবেশ কর, স্তুতি অবগত হও, তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৬৬ সূক্ত।

চতুর্থ ঋক হইতে ত্রয়োদশ পর্য্যন্ত আদিত্য দেবতা; চতুর্দ্দশ হইতে ষোড়শ পর্য্যন্ত সূর্য্য দেবতা; আদির ও অন্তের তৃচ দুটীর মিত্র ও বরুণ দেবতা। বশিষ্ঠ ঋষি।

১। বারংবার আবির্ভূত মিত্র ও বরুণের সুখকর ও অন্নবান্ স্তোম গমন করুন।

২। শোভন বলবিশিষ্ট, বলপালক, প্রকৃত তেজোবিশিষ্ট মিত্র ও বরুণকে দেবগণ বলের জন্য ধারণ করিয়াছিলেন।

৩। সেই মিত্র ও বরুণ গৃহ পালক ও শরীর পালক। হে মিত্র! হে বরুণ! তোমরা স্তোতাগণের কর্ম্ম সাধন কর।

৪। অদ্য সূর্য্য উদিত হইলে পাপহন্তা মিত্র, সবিতা, অর্য্যমা ও ভগ যে ধন আমাদের জন্য অপেক্ষিত তাহা প্রেরণ করুন।

৫। হে শোভন দানশীলগণ! তোমরা আমাদিগের পাপ দূর কর, তোমাদের আগমন হইলে সেই নিবাস সুরক্ষিত হউক।

৬। মিত্রাদি ও অদিতি হিংসারহিত ব্রতের ঈশ্বর, তাহারা মহা ধনেরও ঈশ্বর।

৭। সূর্য্য উদিত হইলে মিত্র, বরুণ ও শত্রুভক্ষক অর্য্যমাকে স্তব করিব।

৮। এই স্তুতি হিরণ্য ধনের সহিত আমাদের অহিংসনীয় বলের নিমিত্ত হউক।

৯। হে দেব বরুণ! হে মিত্র! আমরা সূরিগণের সহিত তোমার স্তোতা হইব, অন্ন ও জল ধারণ করিব।

১০। মহান্ সূর্য্যের ন্যায় দীপ্ত, অগ্নিজিহ্ব, যজ্ঞবর্দ্ধক, যে মিত্রাদি তিন ব্যাপ্ত স্থান পরিভবকর কর্ম্মদ্বারা প্রদান করেন।

১১। যাঁহারা শরৎ, মাস, দিন, যজ্ঞ, রাত্রি ও ঋক্ সৃষ্টি করিয়াছেন, সেই বরুণ, মিত্র ও অর্য্যমা শোভমান হইয়া অপ্রাপ্ত বল লাভ করিয়াছেন।

১২। অদ্য সূর্য্য উদিত হইলে, সূক্তদ্বারা তোমাদিগের নিকট সেই ধন যাচ্ঞা করিব, যাহা জলের নেতা মিত্র, বরুণ,অর্য্যমা ধারণ করেন।

১৩। তোমরা যজ্ঞবান্, যজ্ঞার্থ উৎপন্ন, যজ্ঞবর্দ্ধক, ভয়ানক ও যজ্ঞহীনের দ্বেষকারী। তোমাদিগের সুখতম ধনের জন্য অন্য যে সূরিরা আছেন, তাঁহারা ও আমরা নেতা হইব।

১৪। সেই সেই দর্শনীয় বপুঃ অন্তরিক্ষের সমীপে উদিত হইতেছে। শীঘ্রগামী হরিতবর্ণ অশ্বগণ সকলকে সম্যক্ দর্শনার্থ উহাকে ধারণ করিতেছেন।

১৫। মস্তকেরও মস্তক, স্থাবর জঙ্গমের পতি, রথস্থ সূর্য্যকে কল্যাণের জন্য সপ্তসংখ্যক গমনশীল হরিতগণ সর্ব্বলোকের সমীপে বহন করিতেছে।

১৬। সেই চক্ষুঃস্বরূপ, দেবগণের হিতকর, নির্ম্মল, সূর্য্যমণ্ডল উদিত হইতেছেন। আমরা যেন শত শরৎ দেখিতে পাই, শত শরৎ বাঁচিয়া থাকি(১)।

১৭। হে বরুণ! তুমি ও মিত্র অহিংসনীয় ও দ্যুতিমান্। তোমরা স্তোত্রপ্রযুক্ত সোম পানার্থ আগমন কর।

১৮। হে মিত্র! তুমি ও বরুণ দ্রোহরহিত। তোমরা দ্যুলোকের স্থান হইতে আগমন কর, শত্রুদিগের হিংসাকর হইয়া সোম পান কর।

১৯। হে নেতা মিত্র বরুণ! আহুতি সেবা করতঃ আগমন কর। হে যজ্ঞবর্দ্ধক! তোমরা সোম পান কর।

৬৭ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে নৃপতিদ্বয়! আমরা হব্যযুক্ত স্তোত্রের সহিত তোমাদের রথের স্তুতি করিবার জন্য গমন করিতেছি। হে স্তোত্রার্হদ্বয়! পুত্র যেরূপ পিতাকে জাগরিত করে, সেইরূপ এই রথ তোমাদের দূতের ন্যায় লোককে জাগরিত করে। সেই রথ আমাদিগের অভিমুখে আগমন করিতে বলিতেছি।

২। আমাদের কর্ত্তৃক সমিদ্ধ হইয়া অগ্নি দীপ্ত হইতেছেন। অন্ধকারের অন্তর প্রদেশও দৃষ্ট হইতেছে। প্রজ্ঞাপক সূর্য্য দ্যুলোক দুহিতার পূর্ব্বদিকে শোভার্থ জাত হইয়া দৃষ্ট হইতেছেন।

(১) মনুষ্যের পরমায়ুর সীমা শত বৎসর।

৩। হে নাসত্য অশ্বিদ্বয়! সুহোতা এবং স্তুতি সমূহের বক্তা তোমদ্বারা তোমাদিগকে সেবা করিতেছেন। অতএব তোমরা পূর্ব্বপথে স্বর্গাবিৎ ও ধনবান্ রথে আগমন কর।

৪। হে রক্ষক ও মধুর সোমার্হ অশ্বিদ্বয়! যেহেতু সোম অভিষুত হইলে, আমি তোমাদিগকে কামনা করিয়া ধনাভিলাষী হইয়া তোমাদিগকে স্তুতি করি, অতএব অদ্য তোমাদের প্রবৃদ্ধ অশ্বগণ তোমাদিগকে বহন করিয়া আনয়ন করুক। তোমরা আমাদিগের কর্ত্তৃক অভিষুত মধুর সোম পান কর।

৫। হে অশ্বিদেবদ্বয়! তোমরা আমার ধনাভিলাষী সরল এবং হিংসারহিত বুদ্ধিকে লাভক্ষম কর, সংগ্রামেও আমাদের সমস্ত বুদ্ধিকে রক্ষা কর। হে শচী-পতিদ্বয়(১)! স্তোত্রপ্রযুক্ত আমাদিগকে ধন প্রদান কর।

৬। হে অশ্বিদ্বয়! এই কর্ম্মসমূহে আমাদিগকে রক্ষা কর, আমাদের রেতঃ অক্ষীণ এবং পুত্রাবশিষ্ট হউক। তোমাদের অনুগ্রহে পুত্র এবং পৌত্রে অভিমত ধন প্রদান করিয়া এবং সুন্দর ধনবিশিষ্ট হইয়া আমরা যেন দেবলাভকর যজ্ঞে আগমন করি।

৭। হে মধুপ্রিয় অশ্বিদ্বয়! বন্ধুর জন্য পুরোগামী দূতের ন্যায় আমাদের সঙ্কল্পিত এই সোম নিধিস্বরূপ তোমাদের সম্মুখে স্থাপিত হইয়াছে। অতএব ক্রোধরহিত মনে আমাদের অভিমুখে আগমন কর, মনুষ্য প্রজা মধ্যে অবস্থিত হব্য ভক্ষণ কর।

৮। হে ভর্ত্তাদ্বয়! তোমাদের উভয়ের মিলন হইলে তোমাদের রথ গমনশীল সপ্ত নদী অতিক্রম করিয়া আগমন করে। সুজাত, দেবযুক্ত যে অশ্বগণ রথভারে তরণীস্বরূপ তোমাদিগকে বহন করে, তাহারা শ্রান্ত হয় না।

৯। তোমরা কোথায়ও আসক্ত হও না। যে ধনবান্‌গণ ধনের নিমিত্ত দাতব্য হবিঃ প্রেরণ করে, যাহারা বন্ধুকে সুনৃত বাক্যদ্বারা প্রবর্দ্ধিত করে, যাহারা গো, অশ্ব এবং ধন দান করে, তোমরা তাহাদের জন্যই হইয়াছ।

(১) ঋগ্বেদে শচী অর্থে যজ্ঞ, শচীপতি অর্থে যজ্ঞপতি। ইন্দ্রকেই অনেক স্থানে শচীপতি অর্থাৎ যজ্ঞপতি বলা হইয়াছে। এই ঋকে মিত্র ও বরুণকে শচীপতি বলা হইয়াছে, অন্যান্য স্থানে অন্যান্য দেবকেও এই বিশেষণ দিয়া অভিহিত করা হইয়াছে। পৌরাণিক কালে লোকে শচী শব্দের প্রকৃত অর্থ ভুলিয়া যাইয়া ইন্দ্রকে শচীপতি বলিয়া ইন্দ্রের স্ত্রীর নাম শচী বিবেচনা করিলেন। এইরূপে পৌরাণিক গল্প সৃষ্ট হইয়াছে।

এই স্থান হইতে ৮টী সূক্তের দেবতা অশ্বিদ্বয়। তাঁহাদের কার্য্যসমূহের বিশেষ বিবরণ প্রথম মণ্ডলের ১১২ ও ১১৬ সূক্তের টীকায় দেওয়া হইয়াছে।

১০। তোমরা অদ্য আমাদের আহ্বান শ্রবণ কর। হে নিত্যযৌবন অশ্বিদ্বয়! হব্যবিশিষ্ট গৃহে আগমন কর, রত্ন দান কর, স্তোতাকে বর্দ্ধিত কর। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৬৮ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে দীপ্ত, সুন্দর অশ্ববিশিষ্ট অশ্বিদ্বয়! আগমন কর। তোমরা শত্রু-নাশক, যে তোমাদের কামনা করে, তাহার স্তুতি সেবা কর, আমাদের সম্ভৃত হব্য ভক্ষণ কর।

২। হে অশ্বিদ্বয়! তোমাদের জন্য মদকর অন্ন রহিয়াছে, তোমরা আমার হবিঃ ভক্ষণার্থ শীঘ্র গমন কর, শত্রুর আহ্বান শ্রবণ না করিয়া আমাদের আহ্বান শ্রবণ কর।

৩। তোমরা সূর্য্যের সহিত রথে বাস কর, মনের ন্যায় বেগশালী ও অপরিমিত রক্ষাবিশিষ্ট তোমাদের রথ আমাদের জন্য প্রার্থিত হইয়া, লোক সকলকে অতিক্রম করিয়া আগমন করিতেছে।

৪। তোমাদিগকে দেবতা করিতে অভিলাষ করি, তোমাদের নিমিত্ত সোমাভিষবকারী এই প্রস্তর যখন উন্নত হইয়া শব্দ করে, তখন হে সুন্দর অশ্বিদ্বয়! বিপ্র হব্যদ্বারা তোমাদিগকে আবর্ত্তিত কর।

৫। তোমাদের যে চিত্রধন আছে তাহা আমাদের দাও। যিনি প্রিয় হইয়া তোমাদের দত্ত সুখ ধারণ করেন, সেই অত্রি হইতে মহিমবৎকে ঋবিসকে পৃথক্ কর।

৬। হে অশ্বিদ্বয়! তোমাদের স্তুতিকারী জীর্ণ হব্যদায়ী চ্যবনের জন্য যেরূপ এদিকে আনিয়া দান করিয়াছিলে, তাহা তাঁহার প্রতিগমন করিয়াছিল।

৭। আরও দুষ্টবুদ্ধি সখাগণ যে ভুজ্যুকে সমুদ্রমধ্যে ত্যাগ করিয়াছিল, তোমরা তাহাকে পার করিয়াছিলে। সে তোমাদিগকে কামনা করিয়াছিল এবং বিরুদ্ধাচরণ করে নাই।

৮। বৃক যখন ক্ষীণ হইয়া যাইতেছিল, হে অশ্বিদ্বয়! তোমরা কর্ম্ম এবং সামর্থ্যদ্বারা তাঁহাকে ধন দিয়াছিলে। আহূয়মান হইয়া শয়ুকে শ্রবণ করিয়া-

ছিলে। নদী যেরূপ জলদ্বারা পূর্ণ করে, সেইরূপ নিবৃত্তপ্রসবা গাভীকে দুগ্ধদ্বারা পূর্ণ করিয়াছিলে।

৯। সেই স্তোতা, সুমনা হইয়া উষার পূর্ব্বে জাগরিত হইয়া সূক্তদ্বারা স্তুতি করিতেছে, উহাকে অন্নদ্বারা বর্দ্ধিত কর, দুগ্ধদ্বারা বর্দ্ধিত কর, এবং ইহার গাভীকে বর্দ্ধিত কর। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৬৯ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। তোমাদের রথ তরুণ অশ্বযুক্ত হইয়া আগমন করুক। উহা দ্যাবা-পৃথিবীকে বাধা দান করে এবং হিরণ্ময়। উহার চক্রে জল আছে। উহা রথ-নেমিদ্বারা দীপ্তিমান্, অন্নবাহক, নৃপতি এবং অন্নবান্।

২। উহা পঞ্চভূতে প্রথিত, বন্ধুরত্রয়বিশিষ্ট ও স্তুতিবিশিষ্ট। উহা আগমন করুক। হে অশ্বিদ্বয়! তোমরা যে কোন স্থানে গমনার্থ উদ্যোগ করিয়া, ঐ রথে দেবাভিলাষী প্রজার প্রতি গমন কর।

৩। তোমরা সুন্দর অশ্ব ও অন্নের সহিত অস্মদভিমুখে আগমন কর। হে দস্রদ্বয়! তোমরা মধুমান্ নিধি সোম পান কর। তোমাদের রথ বধূর সহিত গমন করতঃ চক্রের দ্বারা দ্যুলোকের পর্য্যন্ত প্রদেশসমূহকে বাধা দান করে।

৪। রাত্রিতে যোষিৎ সূর্য্যদুহিতা তোমাদের রথ পরিবৃত করে। যখন তোমরা দেবাভিলাষীকে কর্ম্মদ্বারা রক্ষা কর, তখন দীপ্ত অন্ন রক্ষার জন্য তোমা-দিগকে পরিগমন করে।

৫। হে রথিদ্বয়! সেই রথ তেজঃসমূহ আচ্ছাদিত করে ও অশ্বের সহিত যুক্ত হইয়া মার্গে গমন করে, হে অশ্বিদ্বয়! উষা প্রকাশিত হইলে আমাদিগের এই যজ্ঞে সেই রথদ্বারা পাপের শান্তি ও সুখের মিশ্রণের জন্য উপস্থিত হও।

৬। হে নেতৃদ্বয়! মৃগীর ন্যায় বিশেষরূপে দীপ্যমান সোমপানেচ্ছু হইয়া অদ্য আমাদের সবনসমূহে আগমন কর। যেহেতু বহু যজ্ঞে তোমাদিগকে স্তুতি দ্বারা আহ্বান করে অতএব অন্য দেবাভিলাষিগণ তোমাদিগকে যেন গ্রান না করে।

৭। হে অশ্বিদ্বয়! তোমরা, বিক্ষিপ্ত সমুদ্রমধ্যে নিমগ্ন ভুজ্যুকে অক্ষত

শ্রমরহিত ও শীঘ্রগামী অশ্বদ্বারা এবং কর্ম্মদ্বারা পার করতঃ জল হইতে উত্তোলন করিয়াছিলে।

৮। তোমরা অদ্য আমাদের আহ্বান শ্রবণ কর। হে নিত্যযৌবন অশ্বিদ্বয়! হব্যবিশিষ্ট গৃহে আগমন কর। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তি দ্বারা পালন কর।

৭০ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে সকলের বরণীয় অশ্বিদ্বয়! আমাদিগের যজ্ঞ বেদিতে আগমন কর, পৃথিবীতে তোমাদের ঐ স্থান বলিয়া থাকে। যে অশ্বে তোমরা উপবেশন কর, সেই সুখকর পৃষ্ঠবিশিষ্ট অশ্ব তোমাদেরই নিকট থাকুক।

২। অতিশয় অন্নবতী সেই সুস্তুতি তোমাদিগকে সেবা করে। ঘর্ম্ম মনুষ্যের গৃহে তপ্ত হইয়াছে। উহা তোমাদিগকে প্রাপ্ত হয়। সরিৎ ও সমুদ্র সকলকে পূর্ণ করে। অশ্ব যেরূপ রথে যোজিত হয়, সেইরূপ তোমাদিগকে যজ্ঞে যোজিত করে।

৩। হে অশ্বিদ্বয়! তোমরা দ্যুলোক হইতে আগমন করিয়া মহতী ওষধি ও প্রজাগণের মধ্যে যে স্থান কর, তোমরা পর্ব্বতের মস্তকে উপবেশন করতঃ অন্নদাতাকে সেই স্থান প্রাপিত কর।

৪। হে দেবদ্বয়! যেহেতু তোমরা ঋষিদিগের প্রদত্ত উপযুক্ত পদার্থ ব্যাপ্ত করিয়া থাক, অতএব তোমরা ওষধি ও জল কামনা কর। আমাদিগকে বহুতর রত্ন দান করতঃ তোমরা পূর্ব্বমিথুন সকলকে আকর্ষণ করিয়াছিলে।

৫। হে অশ্বিদ্বয়! তোমরা শ্রবণ করিয়া ঋষিদিগের বহুকর্ম্ম অভিদর্শন করিয়া থাক। অতএব যজমানের যজ্ঞের প্রতি আগমন কর। আমাদের প্রতি তোমাদের অত্যন্ত অনুরক্ত অনুগ্রহ হউক।

৬। হে নাসত্যদ্বয়! যে যজমান হব্যযুক্ত, কৃতস্তোত্র ও মর্ত্ত্যগণের সহিত মিলিত হয়, সেই বরণীয় বসিষ্ঠের নিকট আগমন কর। এই মন্ত্র সকল তোমাদের জন্য স্তুত্য হইতেছে।

৭। হে অশ্বিদ্বয়! তোমাদের জন্য এই স্তুতি ও এই বাক্য হইল। হে

কামবর্ষিদ্বয়! এই শোভন স্তুতি সেবা কর, এই কর্ম্ম সকল তোমাদিগকে কামনা করতঃ সঙ্গত হউক। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৭১ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। ভগিনী উষার নিকট হইতে রাত্রি অপগত হয়, কৃষ্ণবর্ণ রাত্রি সূর্য্যাশ্ব অরুষের (১) জন্য পথ প্রদান করেন। অতএব হে অশ্বধন! হে গোধন অশ্বিদ্বয়! তোমাদিগকে আহ্বান করি, তোমরা দিবারাত্রি হিংস্রকদিগকে আমাদের নিকট হইতে পৃথক্ কর।

২। হে অশ্বিদ্বয়! হব্যদায়ীর জন্য রথদ্বারা রমণীয় পদার্থ বহন করতঃ তোমরা আগমন কর। অন্নদারিদ্র্য ও রোগ আমাদের নিকট হইতে পৃথক্ কর। হে মধুবিশিষ্টদ্বয়! তোমরা আমাদিগকে দিবারাত্রি রক্ষা কর।

৩। এই আসন্ন প্রাতঃকালে তোমাদের রথে সুখে যোজিত অভীষ্টবর্ষী অশ্বগণ তোমাদিগকে আনয়ন করুক। হে অশ্বিদ্বয়! সুখকর রশ্মিবিশিষ্ট ধনযুক্ত রথকে তোমরা উদকপ্রদ অশ্বদ্বারা বাহিত কর।

৪। হে নৃপতিদ্বয়! তোমাদিগের যে রথ বহনসমর্থ, বন্ধুরত্রয়যুক্ত, ধনবান্, দিবসের প্রতিগামী এবং যে রথ ব্যাপ্তরূপ হইয়া গমন করে, তোমরা সেই রথে আমাদের নিকট আগমন কর।

৫। তোমরা চ্যবনকে জরা হইতে বিমুক্ত করিয়াছিলে, পেদুর জন্য শীঘ্রগামী অশ্ব যুদ্ধে প্রেরণ করিয়াছিলে, অত্রিকে পাপ ও অন্ধকার হইতে পার করিয়াছিলে, যাহুসকে ভ্রষ্টরাজ্যে পুনঃ স্থাপিত করিয়াছিলে।

৬। হে অশ্বিদ্বয়! তোমাদের জন্য এই স্তুতি ও এই বাক্য হইল। হে অভীষ্টবর্ষিদ্বয়! এই শোভন স্তুতি সেবা কর, এই কর্ম্ম সকল তোমাদিগকে কামনা করতঃ সঙ্গত হউক। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

(১) "অরুষ" সম্বন্ধে ১।৬।১ ঋকের টীকা দেখ।

৭২ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে নাসত্যদ্বয়! তোমরা গোযুক্ত, অশ্বযুক্ত ও ধনপ্রদ রথে আগমন কর, বহু নিযুৎ তোমাদের সেবা করে, তোমরা স্পৃহণীয় শোভা শরীর দ্বারা দীপ্যমান হও।

২। হে নাসত্যদ্বয়! তোমরা দেবগণের সহিত সমান প্রীতিযুক্ত হইয়া রথারোহণে আমাদের নিকট উপস্থিত হও। তোমাদের সহিত আমাদের বন্ধুত্ব পিতৃক্রমাগত, আমাদের বন্ধু এক বলিয়া জানিও, তাঁহার ধনও এক।

৩। স্তুতিসমূহ অশ্বিদ্বয়কে সুন্দররূপে জাগরিত করিতেছে, বন্ধু স্থানীয় কর্ম্ম সকল দ্যোতমান উষাকে জাগরিত করিতেছে। মেধাবী বসিষ্ঠ এই স্তোত্রার্হ দ্যাবাপৃথিবীর পরিচর্য্যাকরতঃ নাসত্যদ্বয়ের অভিমুখে স্তব করিতেছেন।

৪। হে অশ্বিদ্বয়! যদি উষা সকল তমো নিবারণ করে, তাহা হইলে স্তোতারা বিশেষরূপে তোমাদের স্তোত্র সম্পাদন করিবে। সবিতাদেব উর্দ্ধ তেজ আশ্রয় করেন, অগ্নিদেব সমিধদ্বারা বিশেষরূপে স্তব করেন।

৫। হে নাসত্যদ্বয়! পশ্চাৎদেশ হইতে ও সম্মুখদেশ হইতে আগমন কর, দক্ষিণদিক্ ও উত্তরদিক্ হইতে আগমন কর, পঞ্চশ্রেণী লোকের হিতকর সকল দিক্ হইতেই আগমন কর। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

---

৭৩ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। আমরা দেবাভিলাষী হইয়া স্তোত্র সম্পাদন করতঃ অজ্ঞানের পারে উত্তীর্ণ হইব। হে বহুকর্ম্মা, প্রভূততম, পূর্ব্বজাত, অমর্ত্ত্য অশ্বিদ্বয়! স্তোতা আহ্বান করিতেছে।

২। তোমাদের প্রিয়ভূত মনুষ্য হোতা এই উপবিষ্ট রহিয়াছে, হে নাসত্যদ্বয়! যে যাগ করে ও বন্দনা করে, হে অশ্বিদ্বয়! তাহার মধুর সোমরস সমীপে থাকিয়া ভক্ষণ কর। যজ্ঞে অন্নবান্ হইয়া তোমাদিগকে আহ্বান করিতেছি।

৩। আমরা মহান্ স্তোত্রকারী, আমরা আগমনশীল দেবগণের জন্য যজ্ঞ

বৰ্দ্ধিত করিতেছি। হে অভীষ্টবর্ষিদ্বয়! এই সুস্তুতি সেবা কর। আমি বসিষ্ঠ দ্রুতগামী দূতের ন্যায় তোমাদের নিকট প্রেরিত হইয়া, স্তোত্রদ্বারা স্তবকরতঃ প্রবোধিত হইয়াছি।

৪। সেই হব্যবাহিদ্বয় রাক্ষসঘাতী, পুষ্টাঙ্গ ও দৃঢ়পাণি, তাঁহারা আমাদের প্রজার নিকট উপস্থিত হউন। তোমরা মদকর অন্নের সহিত সঙ্গত হও, আমাদিগকে হিংসা করিও না, মঙ্গলের সহিত আগমন কর।

৫। হে নাসত্যদ্বয়! পশ্চাৎদেশ হইতে ও সম্মুখদেশ হইতে আগমন কর, পঞ্চজনের হিতকর সকল দিক্ হইতেই আগমন কর। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৭৪ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে নিবাসপ্রদ অশ্বিদ্বয়! এই স্বর্গেচ্ছুগণ (১), তোমাদিগকে আহ্বান করিতেছে, হে কর্ম্মধনদ্বয়! আমিও রক্ষার্থ তোমাদিগকে আহ্বান করি। কারণ তোমরা প্রতি প্রজার নিকট গমন করিয়া থাক।

২। হে অশ্বিদ্বয়! তোমরা যে চিত্রধন ধারণ কর, স্তুতিবান্ ব্যক্তির নিকট তাহা প্রেরণ কর। তোমরা একমনা হইয়া তোমাদের রথ আমাদের অভিমুখে প্রেরণ কর, সোমসম্বন্ধীয় মধুপান কর।

৩। হে অশ্বিদ্বয়! তোমরা আগমন কর, নিকটে অবস্থান কর, মধু পান কর। হে অভীষ্টবর্ষী ধনজয়দ্বয়! তোমরা পয়ঃ দোহন কর, আমাদিগকে হিংসা করিও না, আগমন কর।

৪। তোমাদের যে অশ্বগণ হব্যদাতার গৃহে তোমাদিগকে ধারণ করতঃ গমন করে, হে নেতা অশ্বিদেবদ্বয়! আমাদিগকে কামনা করিয়া সেই শীঘ্রগামী অশ্বের সাহায্যে আগমন কর।

৫। হে অশ্বিদ্বয়! গমনকারী স্তোতাগণ প্রভূত অন্নসেবা করে, তোমরা আমাদিগকে অবিচলিত যশঃ ও গৃহ প্রদান কর। হে নাসত্যদ্বয়! আমরা ধনবান্।

৬। যাহারা পরকীয় ধন গ্রহণ না করিয়া মনুষ্য মধ্যে মনুষ্য রক্ষক হইয়া

(১) মূলে "দিবিষ্টয়ঃ" আছে।

তোমার নিকট রথের ন্যায় গমন করে, তাহারা নিজের বলে বর্দ্ধিত হয় এবং সুনিবাস স্থানে গমন করে।

৭৫ সূক্ত।

উষা দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। উষা অন্তরিক্ষে প্রাদুর্ভূত হইয়া প্রকাশ করিয়াছেন। তিনি তেজোবলে আপনার মহিমা আবিষ্কৃত করতঃ আগমন করিলেন, অপ্রিয় শত্রু ও অন্ধকারকে দূরীকৃত করিলেন, সর্ব্বাপেক্ষা গন্তব্য পথ প্রকাশ করিলেন।

২। অদ্য আমাদের মহা সুখলাভের জন্য প্রবুদ্ধ হও। হে উষা! মহা সৌভাগ্য প্রদান কর, বিচিত্র যশোযুক্ত ধন আমাদের নিমিত্ত ধারণ কর। হে মনুষ্য হিতকারিণী দেবি! মর্ত্ত্যগণকে অন্নবান পুত্র প্রদান কর।

৩। দর্শনীয় উষার এই সকল প্রবৃদ্ধ, বিচিত্র, অনশ্বর রশ্মি দেবগণের ব্রত উৎপাদন করতঃ অন্তরিক্ষ সকল পূর্ণ করতঃ আগমন করিতেছে ও বিবিধ প্রকারে গমন করিতেছে।

৪। এই সেই দ্যুলোকের দুহিতা, ভুবনের পালয়িত্রী, উষা প্রাণিগণের প্রজ্ঞানসমূহ অভিদর্শন করিয়া দূর হইতেও উদ্যোগকরতঃ পঞ্চশ্রেণীর নিকট সদ্য গমন করিতেছেন।

৫। অন্নবতী, সূর্য্যগৃহিণী, বিচিত্র ধনবতী, ধন ও বসুর ঈশ্বরী হইয়াছেন। ঋষিগণের স্তোতা, জরাদায়িনী ধনবতী উষা যজমান কর্ত্তৃক স্তূয়মান হইয়া প্রভাত করিতেছেন।

৬। দীপ্তিমতী উষাকে যাহারা বহন করে, সেই উজ্জ্বল বিচিত্র অশ্বসমূহ দৃষ্ট হইতেছে। সেই উষা দীপ্তিমতী হইয়া বহুরূপ রথে গমন করিতেছেন ও পরিচর্য্যাকারী মনুষ্যকে রত্নদান করিতেছেন।

৭। সত্যা, মহতী, যজনীয়া, উষাদেবী সত্য, মহান ও যজনীয় দেবগণের সহিত অত্যন্ত স্থির অন্ধকার ভেদ করিতেছেন, গো সকলের সঞ্চারার্থ আলোক প্রদান করিতেছেন, গো সকল উষাকে কামনা করিতেছেন।

৮। হে উষা! আমাদিগকে গোবিশিষ্ট, বীরবিশিষ্ট, অশ্ববিশিষ্ট ধন প্রদান কর, আমাদিগকে বহু অন্ন প্রদান কর, পুরুষগণের মধ্যে আমাদের যজ্ঞ নিন্দিত করিও না। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৭৬ সূক্ত।

উষা দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। সকলের নেতা সবিতা উৰ্দ্ধদেশে অবিনাশী ও সর্ব্বজনের হিতকর জ্যোতিঃ আশ্রয় করেন। তিনি দেবগণের কর্ম্মের নিমিত্ত প্রাদুর্ভূত হইয়াছেন, উষা চক্ষুঃস্বরূপ হইয়া সমস্ত ভুবনকে আবিষ্কৃত করিয়াছেন।

২। আমি, হিংসাশূন্য তেজোদ্বারা সংস্কৃত দেবযান পথকে (১) দর্শন করিয়াছি, উষার কেতু পূর্ব্বদিকে ছিলেন। উষা আমাদের অভিমুখী হইয়া উন্নত প্রদেশ হইতে আগমন করেন।

৩। হে উষা! যে সকল জ্যোতিঃ সূর্য্যোদয়ের পূর্ব্বে প্রকাশ হয়, তাহাদিগের গুণে তুমি কুলটার ন্যায় না হইয়া পতিসমীপগামিনী রমণীর ন্যায় পরিদৃষ্ট হও।

৪। যে অঙ্গিরাগণ সত্যবান, কবি, পূর্ব্বকালীন পিতা ও যাঁহারা গূঢ় জ্যোতিঃ লাভ করিয়াছিলেন এবং অবিতথ মন্ত্রদ্বারা উষাকে প্রাদুর্ভূত করিয়াছিলেন, তাঁহারাই দেবগণের সহিত একত্রে প্রমত্ত হইতেন।

৫। তাঁহারা সাধারণ গো সমূহের জন্য সঙ্গত হইয়া একবুদ্ধি হইয়াছিলেন। তাহারা কি পরস্পর যত্ন করেন নাই? তাঁহারা দেবগণের কর্ম্ম হিংসা করেন না। তাঁহারা হিংসারহিত, বাসপ্রদ, কিরণের দ্বারা গমন করেন।

৬। হে সুভগা উষা! তোমাকে প্রাতঃকালে জাগরিত স্তুতিকারী বসিষ্ঠগণ স্তোত্রের দ্বারা স্তব করে। তুমি গোসমূহের প্রাপিকা, অন্নপালিকা, তুমি আমাদের জন্য প্রভাত কর। হে সুজাতা উষা! তুমি প্রথমে স্তুত হও।

৭। এই উষা স্তোতার সূনৃত বাক্য সকলের নেত্রী হইয়া তমো নিবারণ করতঃ এবং সর্ব্বত্র প্রসিদ্ধ ধন আমাদিগকে দান করিয়া বসিষ্ঠগণ কর্তৃক স্তুত হইতেছেন। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

---

(১) "দেবযান পথ" সম্বন্ধে ১।১৮৩।৬ ঋকের টীকা দেখ।

৭৭ সূক্ত।

উষা দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। যুবতী যোষার ন্যায় উষা সমস্ত জীবগণকে সঞ্চারার্থ প্রেরণ করতঃ সূর্য্যের সমীপেই দীপ্তি পাইতেছেন। অগ্নি মনুষ্যদিগের জন্য ইন্ধন যোগ্য হইয়াছেন এবং অন্ধকার নাশক জ্যোতিঃ প্রকাশ করিতেছেন।

২। সমস্ত জগতের অভিমুখী, সর্ব্বত্র প্রথিতা উষা উদিত হইলেন, তেজোময় বসন ধারণ করতঃ বর্দ্ধিত হইলেন। হিরণ্যবর্ণ, দর্শনীয় ও তেজোবিশিষ্ট বাক্য-সমূহের মাতা, দিবসসমূহের নেত্রী উষা শোভা পাইতেছেন।

৩। দেবগণের চক্ষুঃ স্থানীয় তেজ বহন করতঃ সুভগা ও স্বকীয় কিরণে প্রকাশিতা, বিচিত্র ধনবিশিষ্টা ও জগৎ সম্বন্ধে প্রভূতা উষা সুদর্শন অশ্বকে শ্বেতবর্ণ করতঃ দৃষ্ট হইতেছেন।

৪। হে উষা! তুমি সমীপে বিচিত্র ধনবিশিষ্টা হইয়া অমিত্রকে দূর করিয়া প্রভাত হও, আমাদের বিস্তীর্ণ গোপ্রচরণ ভূমিকে ভয়শূন্য কর, দ্বেষকারিগণকে পৃথক্ কর, শত্রুগণের ধন আহরণ কর। হে ধনবতি! স্তুতিকারীর নিকট ধন প্রেরণ কর।

৫। হে উষা দেবি! আমাদের আয়ুঃ বর্দ্ধিত করতঃ শ্রেষ্ঠ রশ্মিসহিত আমাদের নিমিত্ত প্রকাশিত হও। হে সকলের বরণীয়া! আমাদের উদ্দেশে গোযুক্ত, অশ্বযুক্ত ধন ধারণ করতঃ প্রকাশিত হও।

৬। হে দ্যুলোকের দুহিতা সুজাতা উষা! বসিষ্ঠগণ স্তুতিদ্বারা তোমাকে বর্দ্ধিত করে, তুমি আমাদিগকে রমণীয় মহৎ ধন দান কর। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

---

৭৮ সূক্ত।

উষা দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। প্রথম কেতু সকল দৃষ্ট হইতেছে। উহার ব্যঞ্জক রশ্মি সকল ঊর্দ্ধমুখ হইয়া সর্ব্বত্র আশ্রয় করিতেছে। হে উষা দেবি! আমাদের অভিমুখে আগত, বৃহৎ, জ্যোতিষ্মান রথদ্বারা আমাদের জন্য রমণীয় ধন বহন কর।

২। অগ্নি সমিদ্ধ হইয়া সর্ব্বত্র বর্দ্ধিত হইতেছেন: মেধাবিগণ স্তুতিদ্বারা

উষাকে স্তব করত বৃদ্ধ হইতেছেন। উষাদেবীও জ্যোতিদ্বারা সমস্ত অন্ধকার ও দুরিত বাধা দান করতঃ গমন করিতেছেন।

৩। এই সেই সকল প্রভাতকারিণী জ্যোতিঃপ্রদায়িনী উষা পূর্ব্বদিকে দৃষ্ট হইতেছেন। তাঁহারা সূর্য্য, অগ্নি ও যজ্ঞকে প্রাদুর্ভূত করিলেন, তাহাতে নীচগামী অপ্রিয়তমঃ অপগত হইল।

৪। দ্যুলোকের দুহিতা ধনবতী উষা জাত হইয়াছেন, সকলে প্রভাতকারিণী উষাকে দেখিতেছে। তিনি অশ্বযুক্ত রথে আরোহণ করিয়াছেন, সুযুক্ত অশ্ব এই রথ বহন করিতেছে।

৫। হে উষা! আমরা ও আমাদিগের সুমনা ও ধনবান্ লোক সকল অদ্য তোমাকে প্রতিবোধিত করিতেছি। হে উষাগণ! তোমরা প্রভাতকারিণী হইয়া জগৎ স্নিগ্ধ কর। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৭৯ সূক্ত।

উষা দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। মনুষ্যগণের হিতকারিণী উষা তমো নাশ করিতেছেন, পঞ্চশ্রেণী মনুষ্যকে প্রবোধিত করিতেছেন, উত্তম তেজোবিশিষ্ট কিরণসমূহদ্বারা সূর্য্যকে আশ্রয় করিতেছেন, সূর্য্যও তেজোদ্বারা দ্যাবাপৃথিবীকে আবৃত করিতেছেন।

২। উষাগণ অন্তরিক্ষের প্রান্তে তেজঃ সকলকে ব্যক্ত করিতেছেন, পরস্পর মিলিত প্রজাগণের ন্যায় চেষ্টা করিতেছেন। তোমার রশ্মি সকল অন্ধকার নাশ করিতেছে, সূর্য্য বাহুদ্বয়ের ন্যায় জ্যোতিঃ প্রদান করিতেছেন।

৩। সর্ব্বাপেক্ষা ঈশ্বরী, ধনবতী উষা প্রাদুর্ভূত হইলেন; কল্যাণার্থ অন্ন উৎপাদন করিয়াছেন। স্বর্গের দুহিতা, সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট অঙ্গিরা(১), উষাদেবী সুকর্ম্মকারীর জন্য ধন ধারণ করেন।

৪। হে উষা! পূর্ব্বের স্তোতাগণকে যত ধন দিয়াছ, আমাদিগকে তত ধন দাও। বৃষভের ন্যায় রবদ্বারা তোমাকে প্রাণিগণ জানিতে পারে। দৃঢ় অদ্রির দ্বার তুমি বিবৃত করিয়াছিলে।

(১) মূলে "অঙ্গিরস্তমাঃ" শব্দ আছে। সায়ণাচার্য্য গমনশীল অর্থ করিয়াছেন। এবং পক্ষান্তরে ইহার অর্থ করিয়াছেন, যে অঙ্গিরাগোত্রোৎপন্ন ভরদ্বাজগণের সহিত উষার উৎপত্তি হওয়ায় উষার নাম অঙ্গিরস্তমা হইয়াছে।

৫। তুমি সকল স্তোতাকে ধনার্থ প্রেরণ করতঃ এবং আমাদের অভিমুখে সুনৃত বাক্য প্রেরণ করতঃ তমোনিবারিণী হইয়া আমাদের দানের জন্য বুদ্ধি স্থির কর। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৮০ সূক্ত।

উষা দেবতা। বশিষ্ঠ ঋষি।

১। বিপ্র বশিষ্ঠগণ, সকলের প্রথমে স্তোম ও স্তবের দ্বারা উষাদেবীকে প্রবুদ্ধ করিয়াছেন। উষা সমস্ত প্রান্তবিশিষ্ট দ্যাবাপৃথিবীকে ব্যবর্তিত করেন এবং সমস্ত ভূতজাতকে প্রকাশিত করেন।

২। এই সেই উষা, নিত্য নবযৌবন ধারণ করিয়া এবং জ্যোতিঃদ্বারা গূঢ় তমঃ বিনাশ করিয়া জাগরিত হন। লজ্জাহীনা যুবতীর ন্যায় তিনি সূর্য্যের সম্মুখে আগমন করেন এবং সূর্য্য, যজ্ঞ ও অগ্নিকে প্রকাশিত করেন।

৩। বহু অশ্ব এবং বহুগোবিশিষ্ট সুশোভনা উষা সকল সর্ব্বদা তমঃ নিবারণ করুন। তাঁহারা জল দোহন করেন এবং সর্ব্বত্র প্রবৃদ্ধ হন। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৮১ সূক্ত।

উষা দেবতা। বশিষ্ঠ ঋষি।

১। তমোনিবারিণী, দ্যুলোকদুহিতা উষা আগমন করিতেছেন, দৃষ্ট হইল। তিনি দর্শনার্থে মহৎ তমঃ অপাবৃত করিতেছেন, মনুষ্যের নেত্রী হইয়া জ্যোতিঃ বিকাশ করিতেছেন।

২। সূর্য্য রশ্মিসমূহকে যুগপৎ উদ্গত করিতেছেন, প্রাদুর্ভূত হইয়া নক্ষত্রকে দীপ্তিযুক্ত করিতেছেন। হে উষা! তোমার ও সূর্য্যের প্রকাশ হইলে আমরা যেন অন্নের সহিত মিলিত হই।

৩। হে দ্যুলোকদুহিতা উষা! আমরা ক্ষিপ্রগামী হইয়া তোমাদিগকে প্রতিবুদ্ধ করিব। হে ধনবতি! তুমি স্পৃহণীয় বহুধন বহন কর, যজমানের জন্য রত্ন ও সুখ বহন কর।

৪। হে মহত্তা দেবি! তুমি তমোনিবারিণী ও মহিমাযুক্তা। তুমি প্রবোধনার্থ ও দর্শনার্থ সমস্ত জগৎকে প্রেরণ কর। তুমি বসুভাক্, তোমার নিকট যাচ্ঞা করি। পুত্রগণ যেরূপ মাতার প্রিয় হয়, সেইরূপ আমরা তোমার হইব।

৫। হে উষা! যে ধন অতি দূরবর্ত্তী স্থানে প্রসিদ্ধ, তুমি সেই বিচিত্র ধন আহরণ কর। হে দ্যুলোকদুহিতা! তোমার যে মনুষ্যদিগের ভোগযোগ্য অন্ন আছে, তাহা প্রদান কর, আমরাও ভোগ করিব।

৬। হে উষা! স্তোতাগণকে মরণরহিত, বাসপ্রদ, প্রসিদ্ধ যশ প্রদান কর, আমাদিগকে বহুগোবিশিষ্ট অন্ন প্রদান কর। যজমানের প্রেরয়িত্রী সুনৃত বাক্য-বিশিষ্টা উষা শত্রুদিগকে দূরীকৃত করুন।

৮২ সূক্ত।

ইন্দ্র ও বরুণ দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে ইন্দ্র ও বরুণ! তোমরা আমাদিগের পরিচারকজনের উদ্দেশে যজ্ঞানুষ্ঠানার্থ মহাগৃহ প্রদান কর। যে ব্যক্তি দীর্ঘকাল যজ্ঞকারী ব্যক্তিকে হিংসা করে, আমরা যুদ্ধে অতিশয় দুর্দ্ধর্ষ সেই শত্রুদিগকে(১) জয় করি।

২। হে ইন্দ্র ও বরুণ! তোমরা মহান্ ও মহাধনবিশিষ্ট। তোমাদের একজন সম্রাট্ আর একজন স্বরাট্। হে অভীষ্টবর্ষিদ্বয়! উৎকৃষ্ট আকাশে বিশ্বদেবগণ তোমাদিগকে তেজঃ প্রদান করিয়াছিল এবং বলও প্রদান করিয়াছিল।

৩। হে ইন্দ্র ও বরুণ! তোমরা বলদ্বারা মেঘের দ্বার অপাবৃত করিয়াছিলে, এবং সূর্য্যকে আকাশে গমন করাইয়াছিলে। হে প্রজ্ঞবর! তোমাদের আনন্দ হইলে, তোমরা জলরহিত নদী পূর্ণ কর এবং কর্ম্ম সকলও পূর্ণ কর।

৪। হে ইন্দ্র ও বরুণ! তোমাদের অভিলাষী যজ্ঞ সংগ্রামের মধ্যে রক্ষার জন্য এবং সঙ্কুচিত জানু লোকে সম্পদ উৎপাদনের জন্য তোমাদিগকেই আহ্বান করে। তোমরা উভয় প্রকার ধনের ঈশ্বর এবং সুখে আহ্বানযোগ্য। আমরা স্তোত্র, তোমাদিগকে আহ্বান করি।

৫। হে ইন্দ্র ও বরুণ! তোমরা স্থানে সমস্ত প্রাণীকে আপনার বলে নির্ম্মাণ করিয়াছ, তোমাদের মধ্যে একজন মিত্র মঙ্গলের জন্য পরিচর্য্যা করেন, অপর ব্যক্তি মরুৎগণের সহিত উগ্র হইয়া অলঙ্কার প্রাপ্ত হয়।

৬। মহৎ ধনলাভার্থ বরুণ ও ইন্দ্রের দীপ্তির জন্য অচিরে বল উৎপন্ন হয়।

(১) অর্থাৎ অনার্য্য বর্ব্বরদিগকে

ইহাদের এই বল নিত্য এবং সর্ব্বাস্পদীভূত। একজন অবন্ধু হিংসাকারীকে অভিঘাত করেন, অন্য অল্পের দ্বারা বহুতর শত্রুকে বাধিত করেন।

৭। হে ইন্দ্র ও বরুণ দেবদ্বয়! তোমরা যাঁহার যজ্ঞে গমন কর, যাঁহাকে কামনা কর, বাধা সেই মনুষ্যের নিকট যাইতে পারে না, পাপ যাইতে পারে না, দুরিত যাইতে পারে না, সন্তাপও সেই মনুষ্যের নিকট কোন কারণে যাইতে পারে না।

৮। হে নেতা ইন্দ্র ও বরুণ! যদি আমার প্রতি প্রসন্ন থাক, তবে দৈব-রক্ষার সহিত আমার সম্মুখে আগমন কর, স্তোত্র শ্রবণ কর। তোমাদের সখিত্ব এবং তোমাদের বন্ধুতা সুখের সাধক, আমাদিগকে উহা প্রদান কর।

৯। হে শত্রুকর্ষক তেজোবিশিষ্ট ইন্দ্র ও বরুণ! যুদ্ধে যুদ্ধে আমাদের অগ্রগামী যোদ্ধা হও, তোমাদিগকে উভয় প্রকার নেতাই যুদ্ধে এবং পুত্র পৌত্র লাভের নিমিত্ত আহ্বান করে।

১০। ইন্দ্র, বরুণ, মিত্র ও অর্য্যমা আমাদিগকে দ্যোতমান ধন এবং মহান বিস্তীর্ণ গৃহ প্রদান করুন। যজ্ঞবর্দ্ধিকা অদিতির তেজঃ আমাদের অহিংসক হউক। আমরা সবিতা দেবতার স্তোত্র করিব।

৮৩ সূক্ত।

ইন্দ্র ও বরুণ দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে নেতা ইন্দ্র ও বরুণ! তোমাদের বন্ধুত্ব দর্শন করিয়া গো লাভের ইচ্ছায় বিশাল পরশুবিশিষ্ট যোদ্ধাগণ পূর্ব্বদিকে আগমন করিতেছে। উভয় দাস ও আর্য্য শত্রুগণকে বধ কর; তোমরা সুদাস রাজাকে উভয়ের রক্ষার সহিত আগমন কর(১)।

২। যেখানে মনুষ্যগণ ধ্বজা উত্তোলন করত মিলিত হয়, যে যুদ্ধে কিছুই অনুকূল হয় না, যাহাতে ভূতগণ স্বর্গ দর্শন করে ও ভীত হয় সেই সংগ্রামে, হে ইন্দ্র ও বরুণ! আমাদের পক্ষ লইয়া কথা কও।

৩। হে ইন্দ্র ও বরুণ! ভূমির অন্ত সকল ধ্বংস প্রাপ্ত বলিয়া দৃষ্ট হইতেছে, কোলাহল দ্যুলোকে আরোহণ করিতেছে। সৈন্যের শত্রু সকল আমার নিকট

(১)। অর্থাৎ সুদাস রাজার আর্য্য ও অনার্য্য সকল প্রকার শত্রু ধ্বংস করিয়া তাঁহাকে রক্ষা কর। ২, ৩, ও ৫ ঋকে যুদ্ধ বর্ণনা দেখা যায়।

উপস্থিত হইয়াছে। হে শ্রবণকারী ইন্দ্র ও বরুণ! রক্ষার সহিত আমাদের নিকট আগমন কর।

৪। হে ইন্দ্র ও বরুণ! আয়ুধদ্বারা অপ্রাপ্ত ভেদকে হিংসা করতঃ তোমরা সুদাসকে রক্ষা করিয়াছ, তৃৎসুদিগের স্তোত্র শ্রবণ করিয়াছ, যুদ্ধকালে তৃৎসুদিগের পৌরহিত্য সফল হইয়াছিল।

৫। হে ইন্দ্র ও বরুণ! শত্রুর আয়ুধ সকল আমাকে চারিদিক হইতে বাধা দিতেছে, হিংসকদিগের মধ্যে শত্রুরা বাধা দিতেছে। তোমরা উভয় প্রকার ধনের ঈশ্বর, অতএব যুদ্ধদিনে আমাদিগকে রক্ষা কর।

৬। যুদ্ধকালে উভয় প্রকার লোকেই ইন্দ্র ও বরুণকে ধন লাভার্থে আহ্বান করে। এই যুদ্ধে দশজন রাজাকর্তৃক হিংসিত সুদাসকে তৃৎসুগণের সহিত তোমরা রক্ষা করিয়াছিলে।

৭। হে ইন্দ্র ও বরুণ! দশজন যজ্ঞরহিত রাজা (২) মিলিত হইয়াও সুদাস রাজাকে প্রহার করিতে শক্ত হইল না। হবাযুক্ত যজ্ঞে নেতাগণের স্তোত্র সফল হইয়াছিল। ইহাদের যজ্ঞে সকল দেবগণ আবির্ভূত হইয়াছিলেন।

৮। যেখানে নির্ম্মলগামী জটাবিশিষ্ট কর্ম্মযুক্ত তৃৎসুগণ অন্ন এবং স্তুতির সহিত পরিচর্য্যা করে, সেই দেশে দশজন রাজাকর্তৃক চারিদিকে পরিবেষ্টিত সুদাসকে, হে ইন্দ্র ও বরুণ! তোমরা বল প্রদান করিয়াছিলে।

৯। হে ইন্দ্র ও বরুণ! তোমাদের একজন যুদ্ধে বৃত্রগণকে হনন করেন, অপর একজন ব্রত রক্ষা করেন। হে অভীষ্টবর্ষিদ্বয়! তোমাদিগকে সুপ্রবৃত্ত স্তুতিদ্বারা আহ্বান করিতেছি; তোমরা আমাদিগকে সুখ প্রদান কর।

১০। ইন্দ্র, বরুণ, মিত্র ও অর্য্যমা আমাদিগকে দ্যোতমান ধন এবং মহান্ বিস্তীর্ণ গৃহ প্রদান করুন। যজ্ঞবর্দ্ধিকা অদিতির তেজঃ আমাদের অহিংসক হউক। আমরা সবিতা দেবতার স্তোত্র করিব।

(২) ভারত প্রভৃতি দশজাতি মিলিত হইয়া সুদাস রাজাকে আক্রমণ করিয়াছিল। সুদাসের দেশ প্লাবিত করিবার জন্য অনেকে নদীর বাঁধ ভাঙ্গিয়া দিয়াছিল। বিশ্বামিত্র তাহাদের পুরোহিত ছিলেন। সুদাস রাজা একাকী তাহাদিগকে পরাস্ত করিয়াছিলেন। সুদাসের পুরোহিত বশিষ্ঠ সে বিজয়ের গীত গাইতেছেন।

সুদাসের বিরুদ্ধাচারী জাতির মধ্যে ভারত, যদু, মৎস্য, অনু ও দ্রুহ্যু জাতির নাম ঋগ্বেদে স্থানে স্থানে পাওয়া যায়।

৮৪ সূক্ত।

ইন্দ্র ও বরুণ দেবতা। বশিষ্ঠ ঋষি।

১। হে রাজা ইন্দ্র ও বরুণ! এই যজ্ঞে তোমাদিগকে হব্য ও স্তোত্রদ্বারা আবর্ত্তিত করিতেছি। বাহুদ্বয়ে ধৃত নানারূপবিশিষ্ট জুহু স্বয়ং তোমাদের অভিগমন করিতেছে।

২। হে ইন্দ্র ও বরুণ! তোমার স্বর্গরূপ বৃহৎ রাষ্ট্র বৃষ্টি প্রদান দ্বারা সকলকে প্রীত করে। তোমরা রজ্জুরহিত বাধাপ্রদ উপায়ে পাপকারীকে বন্ধন কর। বরুণের ক্রোধ আমাদিগকে পরিত্রাণ করিয়া গমন করুক, ইন্দ্রও স্থানকে বিস্তীর্ণ করুন।

৩। হে ইন্দ্র ও বরুণ! আমাদের যজ্ঞের যজমানকে মনোহর কর, স্তোতৃগণের স্তোত্রকে উৎকৃষ্ট কর। দেবগণের প্রেরিত ধন আমাদের নিকট আগমন করুক। স্পৃহণীয় রক্ষাদ্বারা তাঁহারা আমাদিগকে বর্দ্ধিত করুন।

৪। হে ইন্দ্র ও বরুণ! আমাদিগকে সকলের বরণীয় নিবাসস্থানযুক্ত, বহু অন্নবিশিষ্ট ধন প্রদান কর। যে আদিত্য অনৃত বিনাশ করেন, সেই শূর অপরিমিত ধন করুন।

৫। আমার এই স্তুতি ইন্দ্র ও বরুণকে ব্যাপ্ত করুক, আমার প্রেরিত স্তুতি পুত্র ও পৌত্রদিগের আমাদিগকে রক্ষা করুক। সুন্দর রত্নবিশিষ্ট হইয়া যজ্ঞ প্রাপ্ত হইব। তোমরা সর্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৮৫ সূক্ত।

ইন্দ্র ও বরুণ দেবতা। বশিষ্ঠ ঋষি।

১। হে ইন্দ্র ও বরুণ! তোমাদের জন্য অগ্নিতে সোম ক্ষেপ করতঃ দীপ্তিমতী উষার ন্যায় দীপ্তাদয়া রাক্ষসরহিতা স্তুতিকে শোধন করিতেছি। তাঁহারা উপস্থিত যুদ্ধে সংগ্রামকালে আমাদিগকে রক্ষা করুন।

২। পরস্পর স্পর্দ্ধাবিশিষ্ট সংগ্রামে আমরা শত্রুদিগকে স্পর্দ্ধা করিতেছি। যে যুদ্ধে ধ্বজার আয়ুধ সকল পতিত হয়, সেই সংগ্রামে, হে ইন্দ্র ও বরুণ! তোমরা হিংসক আয়ুধদ্বারা পরাঙ্মুখ ও বিবিধ গতিবিশিষ্ট শত্রুগণকে বিনাশ কর।

৩। সোম সকল আয়ত্ত, যশোবিশিষ্ট ও দ্যুতিমান্ হইয়া সদনে ইন্দ্র ও বরুণ এই উভয় দেবতাকে ধারণ করেন। ইঁহাদের একজন প্রজাগণকে পৃথক্ পৃথক্ করিয়া ধারণ করেন, অন্যজন অপ্রতিগত শত্রুগণকে বিনাশ করেন।

৪। হে আদিত্যদ্বয়! তোমরা বলশালী, যে নমস্কারযুক্ত হইয়া তোমাদিগকে পরিচর্য্যা করে, সেই শোভনকর্ম্মবিশিষ্ট হোতা ঋদ্ধ হউন। যে হব্যযুক্ত ব্যক্তি তৃপ্তির জন্য তোমাদিগকে আবর্ত্তিত করে, সে অন্নবান্ হইয়া একান্ত প্রাপ্তব্য ফল লাভ করে।

৫। আমার এই হব্য ইন্দ্র ও বরুণকে ব্যাপ্ত করুক, আমার প্রেরিত স্তুতি পুত্র ও পৌত্রাদির ন্যায় আমাকে রক্ষা করুক। সুন্দর রত্নবিশিষ্ট হইয়া যজ্ঞ প্রাপ্ত হইব। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

---

৮৬ সূক্ত।

বরুণ দেবতা। বশিষ্ঠ ঋষি।

১। এই বরুণের জন্ম মহিমাপ্রযুক্ত স্থির হইয়াছে। ইনি বিস্তীর্ণ দ্যাবাপৃথিবীকে স্তম্ভিত করিয়াছেন, ইনি বৃহৎ আকাশ ও দর্শনীয় নক্ষত্রকে দ্বিধা প্রেরণ করেন। ইনি ভূমিকেও বিস্তীর্ণ করিয়াছেন।

২। আমি কি স্বীয় শরীরের সহিত বরুণের স্তুতি করিব? কখন বরুণদেবের সন্নিকট থাকিব? বরুণ কি ক্রোধরহিত হইয়া আমার হব্য সেবা সেবন করিবেন? আমি সুমনা হইয়া কখন সুখদাতা বরুণকে দেখিতে পাইব?

৩। হে বরুণ! আমি দিদৃক্ষু হইয়া সেই পাপের কথা তোমায় জিজ্ঞাসা করিতেছি। আমি বিশেষ প্রশ্নের জন্য বিদ্বান্ জনের নিকট গিয়াছি। কবিরা সকলেই আমাকে একরূপ বলিয়াছেন যে "এই বরুণ তোমার প্রতি ক্রুদ্ধ হইয়াছেন।"

৪। হে বরুণ! আমি এমন কি করিয়াছি, যে তুমি মিত্রভূত স্তোতাকে হনন করিতে ইচ্ছা কর। হে দুর্দ্ধর্ষ তেজস্বিন্, আমাকে তাহা বল যাহাতে আমি ত্বরমান্ হইয়া নমস্কারের সহিত তোমার নিকট গমন করি।

৫। হে বরুণ! আমাদিগের পিতৃক্রমাগত দ্রোহ বিশ্লিষ্ট কর। আমরা নিজ শরীর দ্বারা যাহা করিয়াছি, তাহাও বিশ্লিষ্ট কর। হে রাজা! পশুখাদক চোরের ন্যায়, রজ্জুবদ্ধ গোবৎসের ন্যায়, আমাকে পাপ হইতে বিশ্লিষ্ট কর।

৬। হে বরুণ! সেই পাপ নিজের দোষে নহে। ইহা ভ্রম বা সুরা, বা মন্যু বা দ্যূতক্রীড়া বা অবিবেকবশতঃ ঘটিয়াছে। কনিষ্ঠকে জ্যেষ্ঠও বিপথে লইয়া যায়, স্বপ্নেও পাপ উৎপন্ন হয়।

৭। অভীষ্টবর্ষী, পোষক বরুণের উদ্দেশে পাপরহিত হইয়া আমি দাসের ন্যায় পর্য্যাপ্তরূপে পরিচর্য্যা করিব। আমরা অজ্ঞান, আর্য্যদেব আমাদিগকে জ্ঞানদান করুন। প্রাজ্ঞতর দেব স্তোতাকে ধনার্থ প্রেরণ করুন।

৮। হে অন্নবান্ বরুণ! তোমার উদ্দেশে রচিত এই স্তোত্র তোমার হৃদয়ে সুনিহিত হউক। লাভ আমাদের মঙ্গল হউক, ক্ষেম আমাদের মঙ্গল হউক। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর (১)।

৮৭ সূক্ত।

বরুণ দেবতা। বসিষ্ঠ ঋষি।

এই বরুণদেব সূর্য্যের জন্য পথ প্রদান করিয়াছেন, নদী সকলকে অন্তরিক্ষ-ভব জল প্রদান করিয়াছেন। অশ্ব যেরূপ বড়বার প্রতি ধাবমান হয়, সেইরূপ শীঘ্র যাইতে ইচ্ছা করিয়া তিনি মহতী রজনীসমূহকে দিবস হইতে পৃথক্ করিয়াছেন।

২। হে বরুণ! তোমার বায়ু জগতের আত্মা, সে জলকে চারিদিকে প্রেরণ করে। ঘাস প্রদত্ত হইলে পশু যেরূপ অন্নবান্ হয়, সেইরূপ ভর্ত্তা বায়ু অন্নবান্। মহতী, বৃহতী দ্যাবাপৃথিবীর মধ্যস্থলে তোমার সমস্ত স্থান লোকের প্রিয়।

৩। বরুণের চর সকলের গতি প্রশস্ত, তাহারা সুন্দর রূপবিশিষ্ট দ্যাবা-পৃথিবী সন্দর্শন করে এবং কর্ম্মবান, যজ্ঞধীর, প্রাজ্ঞ কবিগণ যে স্তোত্র প্রেরণ করেন তাহাও চতুর্দ্দিকে দর্শন করে।

৪। আমি মেধাবী, বরুণ আমাকে বলিয়াছেন যে গো (২) একুশটী নাম ধারণ করে। বিদ্বান্ মেধাবী বরুণ, উপযুক্ত অন্তেবাসীকে উপদেশ দিয়া উৎকৃষ্ট স্থানে এই সকল গুহ্য কথাও বলিয়াছেন।

(১) বসিষ্ঠ রচিত এই সপ্তমমণ্ডলে মিত্র ও বরুণ সম্বন্ধে সূক্তগুলি অতিশয় পবিত্র এবং এই গুলিতে পাপের অনুশোচনা ও পুণ্যলাভের আকাঙ্ক্ষা বিশেষরূপ লক্ষিত হয়। বিশেষ ৮৬ হইতে ৮৯ সূক্ত অতিশয় হৃদয়গ্রাহী।

(২) অর্থাৎ বাক্ অথবা পৃথিবী। সায়ণ।

৫। এই বরুণ দেবের মধ্যেই তিন প্রকার দ্যুলোকে (২) নিহিত আছে, তিন প্রকার ভূমি (৩) ছয় অবস্থায় (৪) ইঁহাতে অন্তর্ভূত আছে। স্তুতিযোগ্য রাজা বরুণ অন্তরিক্ষে হিরণ্ময় দোলার ন্যায় (৫) সূর্য্যকে দীপ্তির জন্য নির্ম্মাণ করিয়াছেন।

৬। সূর্য্যের ন্যায় দীপ্ত বরুণ সমুদ্রকে স্থাপিত করিয়াছেন। তিনি জলবিন্দুর ন্যায় শ্বেতবর্ণ, গৌর মৃগের ন্যায় বলবান্, গভীর স্তোত্রবিশিষ্ট, উদকের নির্ম্মাতা, পারক্ষম বলযুক্ত এবং সমস্ত সৎপদার্থের রাজা।

৭। অপরাধ করিলেও যে বরুণ দয়া করেন (৬) অদীন বরুণের ব্রত সকল যথাক্রমে সমৃদ্ধ করতঃ আমরা যেন তাঁহার নিকটেই অনপরাধী হই। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৮৮ সূক্ত।

বরুণ দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে বসিষ্ঠ! তুমি অভীষ্টবর্ষী বরুণের উদ্দেশে স্বতঃশুদ্ধ প্রিয়তম স্তুতি কর। ইনি যজনীয়, সহস্র ধনবিশিষ্ট, অভীষ্টবর্ষী ও বৃহৎ। এই দেবতাকে আমাদের অভিমুখ কর।

২। অধুনা আমি শীঘ্র বরুণের সন্দর্শন প্রাপ্ত হইয়া অগ্নির জ্বালাসমূহকে স্তব করি। যখন বরুণ সুখকর পাষাণে অবস্থিত এই সোম অধিক পরিমাণে পান করেন, তখন দর্শনার্থ আমাকে প্রশস্ত রূপ প্রদান করে।

৩। যখন আমি ও বরুণ, উভয়ে নৌকায় আরোহণ করিয়াছিলাম,

(২) উত্তম, মধ্যম ও অধম। সায়ণ।

(৩) উত্তম, মধ্যম ও অধম। সায়ণ।

(৪) বসন্তাদি ঋতুভেদে। সায়ণ।

(৫) সূর্য্য কেবল দুই দিক্ স্পর্শ করে, এই জন্য সূর্য্য দোলার ন্যায়। সায়ণ।

(৬) "The consciousness of sin is a prominent feature in the religion of the Veda; so is likewise the belief that the gods are able to take away from man the heavy burden of his sins."—Max Muller's *Selected Essays*.

সমুদ্রের(১) মধ্যে নৌকা সুন্দররূপে প্রেরণ করিয়াছিলাম, জলের উপরে গমনশীল নৌকায় ছিলাম, তখন শোভার্থ নৌকারূপ দোলায় সুখে ক্রীড়া করিয়াছিলাম।

৪। মেধাবী বরুণ গমনশীল দিন ও রাত্রিকে বিস্তার করতঃ দিনসমূহের মধ্যে সুদিনে বসিষ্ঠকে নৌকায় আরোহণ করাইয়াছিলেন, তাঁহাকে রক্ষাদ্বারা সুকর্ম্মা করিয়াছিলেন।

৫। হে বরুণ! আমাদের সেই সখ্য কোথায় হইয়াছিল? পূর্ব্বকালে যে হিংসারহিত সখ্য ছিল তাহাই সেবা করিতেছি। হে অন্নবান্ বরুণ! তোমার মহান্ ভূতগণের বিচ্ছেদকারী সহস্রদ্বারবিশিষ্ট গৃহে গমন করিব (২)।

৬। হে বরুণ! যে বসিষ্ঠ নিত্যবন্ধু, যে পূর্ব্বে প্রিয় হইয়া তোমার প্রতি অপরাধ করিয়াছিল, সে তোমার সখা হউক। হে যজনীয় বরুণ! আমরা তোমার আত্মীয়, আমরা পাপযুক্ত হইয়া যেন ভোগ না করি। তুমি মেধাবী, তুমি স্তুতিকারীকে বরণীয় গৃহ প্রদান কর।

৭। এই সকল নিত্যভূমিতে বাস করতঃ আমরা তোমার স্তব করি। বরুণ আমাদের বন্ধন বিমুক্ত করুন, আমরা যেন অখণ্ডনীয় পৃথিবীর সমীপস্থান হইতে বরুণের রক্ষা ভোগ করিতে পারি।

৮৯ সূক্ত।

বরুণ দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে রাজা বরুণ! মৃণ্ময় গৃহ যেন আমি প্রাপ্ত না হই। হে সুক্ষত্র (১)! দয়া কর, দয়া কর।

২। হে আয়ুধবান্ বরুণ! আমি কম্পান্বিত কলেবরে বায়ুচালিত মেঘের ন্যায় গমন করিতেছি। হে সুক্ষত্র! দয়া কর, দয়া কর।

---

(১) মূলে "সমুদ্রং" আছে।

(২) বরুণের সহস্রদ্বারবিশিষ্ট গৃহ কি? আমি অনুমান করি স্বর্গ।

(১) ক্ষত্র অর্থ বল, সুক্ষত্র অর্থে অতিশয় বলবান্। ক্ষত্রিয় নামে একটি ভিন্ন জাতি তখনও সৃষ্ট হয় নাই। বরুণদেব ক্ষত্রিয় জাতি ছিলেন না এই সূক্তের প্রথম চারিটী ঋকের শেষে এই শব্দগুলি আছে। "মৃলে সুক্ষত্রমৃলয়।" "Have mercy, Almighty, have mercy."—*Max Muller.*

৩। হে ধনবান, নির্ম্মল বরুণ! অশক্তিপ্রযুক্ত কর্ম্মের প্রাতিকূল্য প্রাপ্ত হইয়াছি। হে সুক্ষত্র! দয়া কর, দয়া কর।

৪। জলমধ্যে বাস করিলেও তোমার স্তোতাকে তৃষ্ণা প্রাপ্ত হইয়াছিল। হে সুক্ষত্র! দয়া কর, দয়া কর।

৫। হে বরুণ! আমরা মনুষ্য, দেবগণের সম্বন্ধে আমরা যে কিছু বিরুদ্ধাচরণ করিয়াছি, অজ্ঞানবশতঃ তোমার যে কর্ম্মে অনবধানতা করিয়াছি, সেই সকল পাপ প্রযুক্ত আমাদিগকে হিংসা করিও না।

৯০ সূক্ত।

বায়ু দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে বায়ু! তুমি বীর। শুদ্ধ, মাধুর্য্যযুক্ত অভিষুত সোম অধ্বর্য্যুগণ তোমার উদ্দেশে প্রেরণ করিতেছে। তুমি নিযুৎগণকে রথে যোজিত কর অভিমুখে আগমন কর, আনন্দের জন্য অভিষুত সোমরসের ভাগ ভক্ষণ কর।

২। হে বায়ু! তুমিই ঈশ্বর। যে তোমার জন্য উত্তম আহুতি প্রদান করে, হে সোমপায়ী! যে তোমার জন্য শুচি সোম প্রদান করে, মনুষ্যগণের মধ্যে তুমি তাহাকে প্রধান কর, সে সর্ব্বত্র প্রাদুর্ভূত হইয়া প্রাপ্তব্য ধন লাভ করে।

৩। এই দ্যাবাপৃথিবী যে বায়ুকে ধনার্থে উৎপন্ন করিয়াছেন, দ্যুতিমতি ধিষণ ধনার্থে যে দেবতাকে ধারণ করেন, অধুনা স্বকীয় নিযুতগণ সেই বায়ুকে সেবা করিতেছে। বায়ু দারিদ্র্যে শ্বেতবর্ণ ধন প্রদান করেন।

৪। পাপরহিত, উষা সকল সুদিনের হেতু হইয়া তমঃ নাশ করিতেছেন। দীপ্যমান হইয়া বিস্তীর্ণ জ্যোতিঃ লাভ করিতেছেন। উশিজগণ গোরূপ ধন লাভ করিয়াছে, পুরাণ জল তাহাদের অনুসরণ করিয়াছিল।

৫। হে ইন্দ্র ও বায়ু! তাঁহারা যথার্থ মননীয় স্তোত্রদ্বারা দীপ্যমান হইয়া আপনার কর্ম্মদ্বারা বীরগণের বহনীয় রথ বহন করিতেছেন। তোমরা ঈশান, অন্ন সকল তোমাদিগকে সেবা করিতেছে।

৬। হে ইন্দ্র ও বায়ু! যে ক্ষমতাশালী ব্যক্তিগণ আমাদিগকে গো, অশ্ব, নিবাসপ্রদ ধন ও হিরণ্যের সহিত সুখ প্রদান করে, সেই দাতাগণ সংগ্রামে অশ্ব ও বীরগণের সাহায্যে ব্যাপ্ত আয়ুঃ জয় করিয়া লন।

৭। অশ্বের ন্যায় হব্যবাহী, অন্নপ্রার্থী, বলেচ্ছু বসিষ্ঠগণ অর্থাৎ আমরা উত্তম রক্ষার নিমিত্ত উত্তম স্তুতিদ্বারা আহ্বান করিতেছি। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৯১ সূক্ত।

বায়ু দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। পূর্ব্বকালে যে প্রবৃদ্ধ স্তোতাগণ, বহুভাক্ স্তোত্রদ্বারা অনিন্দনীয় হইয়াছিলেন, তাঁহারা বিপদগ্রস্ত মনুষ্যগণের উদ্ধারার্থ বায়ুর উদ্দেশে সূর্য্যের সহিত উষাকে একত্র বাস করাইয়াছেন।

২। হে ইন্দ্র ও বায়ু! তোমরা কাময়মান দূত ও রক্ষক। তোমরা হিংসা করিও না, মাস এবং বহুবৎসর ব্যাপিয়া রক্ষা কর। সুন্দর স্তুতি তোমাদের নিকট গমন করতঃ সুখ যাচ্ঞা করিতেছে এবং প্রশস্ত সুপ্রাপ্য ধন যাচ্ঞা করিতেছে।

৩। সুমেধা এবং নিযুতগণের আশ্রয়ণীয় শ্বেতবর্ণ বায়ু প্রভূত অন্নবিশিষ্ট এবং ধনবৃদ্ধ ব্যক্তিগণকে সেবা করেন। তাহারাও সমানমনস্ক হইয়া বায়ুর উদ্দেশে যজ্ঞ করিবার জন্য বিবিধ প্রকারে অবস্থান করিয়াছিলেন, সেই নেতাগণ সুন্দর অপত্যের হেতুভূত কার্য্য করিয়াছিলেন।

৪। যাবৎ তোমাদের শরীরের বেগ থাকে, যাবৎ বল থাকে, যাবৎ নেতৃগণ জ্ঞানবলে দীপ্যমান থাকেন, তাবৎ হে বিশুদ্ধ সোমপায়ী ইন্দ্র ও বায়ু! তোমরা আমাদের বিশুদ্ধ সোম পান কর, এই বর্হিতে উপবেশন কর।

৫। হে ইন্দ্র ও বায়ু! তোমরা স্পৃহণীয় স্তোতৃবিশিষ্ট এবং নিযুৎগণকে এক রথে সংযুক্ত কর। তোমরা অভিমুখে আগমন কর। এই মধুর সোমের অগ্র তোমাদের জন্য আনীত হইয়াছে। অনন্তর তোমরা প্রীত হইয়া আমাদিগকে বিমুক্ত কর।

৬। হে ইন্দ্র ও বায়ু! যে নিযুৎগণ শতসংখ্যক হইয়া তোমাদিগকে সেবা করে, সকলের বরণীয় যে নিযুৎগণ সহস্রসংখ্যক হইয়া সেবা করে, সেই শোভন ধনপ্রদ নিযুৎগণের সহিত অভিমুখে আগমন কর। হে নেতৃদ্বয়! উত্তরবেদির প্রতি নীত মধুর সোম পান কর।

৭। অশ্বের ন্যায় হব্যবাহী অন্নপ্রার্থী, বলেচ্ছু বসিষ্ঠগণ উত্তম রক্ষার নিমিত্ত উত্তম স্তুতিদ্বারা আহ্বান করিতেছে। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৯২ সূক্ত।

বায়ু দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে শুচি সোমপাতা বায়ু! আমাদের সমীপে আগমন কর। হে সকলের বরণীয়! তোমার নিযুৎসকল সহস্রসংখ্যাযুক্ত। হে বায়ু! তুমি যে সোমের প্রথম পানে অধিকারী, সেই মদকর সোম পাত্রে স্থাপিত রহিয়াছে।

২। ক্ষিপ্রহস্ত অভিষবকারী, ইন্দ্র ও বায়ুর পানার্থ যজ্ঞে সোম প্রস্থাপিত করিয়াছেন। হে ইন্দ্র ও বায়ু! দেবাভিলাষী অধ্বর্য্যুগণ কর্ম্মদ্বারা তোমাদের জন্য এই যজ্ঞে সোমের অগ্রভাগ সম্পাদন করিয়াছেন।

৩। হে বায়ু! গৃহেস্থিত হব্যদায়ীর অভিমুখে যজ্ঞের জন্য যে নিযুৎগণের সহিত গমন কর তাহাদিগের সহিত আগমন কর। আমাদিগকে সুন্দর অন্ন-যুক্ত ধন প্রদান কর। বীরপুত্র, গোযুক্ত ও অশ্বযুক্ত ঐশ্বর্য্য প্রদান কর।

৪। যাহারা ইন্দ্রের এবং বায়ুরও তৃপ্তি উৎপাদন করেন, তাহারা দেবযুক্ত, অতএব শত্রুগণের নিহন্তা হয়। সেই স্তোতৃগণের সাহায্যে আমরা যেন শত্রু-নিপাতে সমর্থ হই। আমাদের লোকদ্বারা যেন যুদ্ধে অমিত্রগণকে পরাভব করিতে পারি।

৫। হে বায়ু! শতসংখ্যাবিশিষ্ট ও সহস্রসংখ্যাবিশিষ্ট নিযুৎগণের সহিত আমাদের হিংসারহিত যজ্ঞের সমীপে আগমন কর, এই যজ্ঞে প্রমত্ত হও। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৯৩ সূক্ত।

ইন্দ্র ও অগ্নি দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে বৃত্রহা ইন্দ্র ও অগ্নি! তোমরা শুভ্র নবজাত স্তোম অদ্য সেবা কর, তোমরা সুখে আহ্বানযোগ্য, তোমাদের দুইজনকে পুনঃ পুনঃ আহ্বান করিতেছি। যজমান কামনা করিতেছেন, তাঁহাকে সদ্য অন্ন প্রদান কর।

২। হে ইন্দ্র ও অগ্নি! তোমরা সংভজনীয়, তোমরা বলের স্থায় আচরণ কর। তোমরা যুগপৎ প্রবৃদ্ধ, বলদ্বারা বর্দ্ধমান, বহুল ধন ও অন্নের ঈশ্বর, তোমরা স্থূল ও শত্রুবিনাশক অন্ন যোজনা কর।

৩। হবিষ্মান্ অনুগ্রহাভিলাষী যে বিপ্রগণ কর্ম্মদ্বারা যজ্ঞপ্রাপ্ত হয়, সেই নেতাগণ, অশ্ব যেরূপ যুদ্ধভূমি ব্যাপ্ত করে, সেইরূপ ইন্দ্র ও অগ্নি কর্ম্ম ব্যাপ্ত করিয়া তাঁহাদিগকে পুনঃ পুনঃ আহ্বান করিতেছে।

৪। হে ইন্দ্র ও অগ্নি! অনুগ্রহার্থী বিপ্র যশোযুক্ত ও প্রথম উপভোগযোগ্য ধনের উদ্দেশে স্তুতি দ্বারা তোমাদিগকে স্তব করিতেছে। হে বৃত্রঘাতী সুন্দর আয়ুধবিশিষ্টদ্বয়! নবতর ও দাতব্য ধনদ্বারা আমাদিগকে প্রবর্দ্ধিত কর।

৫। মহৎ পরস্পর, আক্রোশকারী, স্পর্দ্ধমান ও সংগ্রামে যত্নকারী সেনা-দ্বয়কে আপনার তেজোদ্বারা সতত বিনাশ কর। সোমাভিষবকারী ও দেবাভি-লাষী জনের সাহায্যে যজ্ঞে অদেবকাম ব্যক্তিকে বিনাশ কর।

৬। হে ইন্দ্র ও অগ্নি! সৌমনস্য লাভের জন্য আমাদিগের এই সোমাভি-ষব ক্রিয়ায় আগমন কর। তোমরা আমাদিগকে পরিত্যাগ করিয়া অন্যকে জান না, অতএব তোমাদিগকে বহু অন্নদ্বারা আবর্ত্তিত করিব।

৭। হে অগ্নি! তুমি এই অন্নদ্বারা সমিদ্ধ হইয়া মিত্র, ইন্দ্র ও বরুণকে বল, আমরা যে অপরাধ করিয়াছি তাহা হইতে রক্ষা কর। অর্য্যমা ও অদিতি সকলে তাহা বিযুক্ত করুক।

৮। হে অগ্নি! শীঘ্র এই যজ্ঞ ভজনা করতঃ আমরা তোমাদের অন্ন যুগ-পৎ যেন প্রাপ্ত হই। ইন্দ্র, বিষ্ণু ও মরুৎগণ আমাদিগকে পরিত্যাগ করিয়া অন্যকে যেন না দেখেন। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৯৪ সূক্ত।

ইন্দ্র ও অগ্নি দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে ইন্দ্র ও অগ্নি! মেঘ হইতে বৃষ্টির ন্যায় এই স্তোতা হইতে এই প্রধান স্তুতি উৎপন্ন হইয়াছে।

২। হে ইন্দ্র ও অগ্নি! স্তোতার আহ্বান শ্রবণ কর, তাঁহার স্তুতি ভজন কর। তোমরা ঈশ্বর, অনুষ্ঠিত কর্ম্ম পূরণ কর।

৩। হে নেতা ইন্দ্র ও অগ্নি! আমাদিগকে হীনভাবের জন্য, পরাভবের জন্য ও নিন্দার জন্য পরবশ করিও না।

৪। আমরা রক্ষাভিলাষী হইয়া বৃহৎ হব্য ও সুস্তুতি ও কর্ম্মযুক্ত বাক্য, ইন্দ্র ও অগ্নির নিকট প্রেরণ করি।

৫। তাঁহাদের দুই জনকে বহুবিপ্রগণ রক্ষার্থে এই প্রকারে স্তব করিতেছে, পরস্পর বাধা প্রাপ্ত লোকেও অন্নলাভের জন্য স্তব করিতেছে।

৬। স্তোত্রেচ্ছু, অন্নবিশিষ্ট ও ধনেচ্ছু হইয়া আমরা যজ্ঞ লাভের নিমিত্ত, সেই তোমাদের দুই জনকে স্তুতিদ্বারা আহ্বান করিব।

৭। হে ইন্দ্র ও অগ্নি! তোমরা মনুষ্যগণের অভিভব কর, তোমরা আমাদের জন্য অন্নের সহিত আগমন কর। পরুষবাদী ব্যক্তি যেন আমাদিগের প্রভু না হয়।

৮। হে ইন্দ্র ও অগ্নি! কোনও শত্রুরই হিংসা যেন আমাদিগকে প্রাপ্ত না হয়, আমাদিগকে সুখ প্রদান কর।

৯। হে ইন্দ্র ও অগ্নি! আমরা তোমাদের নিকট যে গোবিশিষ্ট, হিরণ্যবিশিষ্ট ও অশ্ববিশিষ্ট ধন যাচ্ঞা করি, তাহা যেন ভোগ করিতে পারি।

১০। সোম অভিষুত হইলে কর্ম্মনেতাগণ পরিচরণাভিলাষী হইয়া উত্তম অশ্বযুক্ত ইন্দ্র ও অগ্নিকে বারংবার আহ্বান করে।

১১। সর্ব্বাপেক্ষা বৃত্রহন্তা, অত্যন্ত আনন্দিত ইন্দ্র ও অগ্নিকে আমরা উক্থ ও ঘোষণীয় স্তব ও স্তুতিদ্বারা পরিচর্য্যা করিব।

১২। হে ইন্দ্র ও অগ্নি! তোমরা দুষ্টাভিসন্ধিযুক্ত, দুষ্টজ্ঞানযুক্ত, বলবান্, অপহরণকারী মনুষ্যকে আয়ুধদ্বারা কুম্ভের ন্যায় হনন কর।

৯৫ সূক্ত।

সরস্বতী দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। এই সরস্বতী অয়োনির্ম্মিত পুরীর ন্যায়(১) ধারয়িত্রী হইয়া ধারক উদকের সহিত প্রধাবিতা হইতেছেন। তিনি অন্য সমস্ত স্যন্দনশীল জলকে মহিমাদ্বারা বাধা প্রদান করতঃ পথের ন্যায় গমন করিতেছেন।

(১) মূলে "আয়সী পুঃ" আছে।

২। নদীগণের মধ্যে শুদ্ধা গিরি অবধি সমুদ্র পর্য্যন্ত গমনশীলা একা সরস্বতী নদী অবগত হইয়াছিলেন, ভুবনস্থ বহুল ধন প্রদান করতঃ তিনি নহুষের জন্য(১) ঘৃত ও দুগ্ধ দোহন করিয়াছিলেন।

৩। মনুষ্যগণের হিতকর সেচনসমর্থ শিশু ও অভীষ্টবর্ষী সরস্বান্(২) যজ্ঞার্হ যোষিৎগণের মধ্যে বৃদ্ধি প্রাপ্ত হইলেন। তিনি হবিষ্মান্ যজমানদিগকে বলবান্ পুত্র দান করেন এবং লাভার্থে তাঁহাদের শরীর সংস্কার করেন।

৪। সুভগা সরস্বতী প্রীতা হইয়া আমাদের এই যজ্ঞে স্তুতি শ্রবণ করুন। অর্চ্চনীয় দেবগণ নতজানু হইয়া তাঁহার নিকটে গমন করেন, তিনি নিত্য ধনবিশিষ্টা এবং সখাগণের প্রতি অত্যন্ত দয়াবতী।

৫। হে সরস্বতি! আমরা এই হব্য হোম করতঃ নমস্কারদ্বারা তোমার নিকট হইতে ধন প্রাপ্ত হইব, আমাদিগের স্তোম সেবা কর, আমরা তোমার অতি প্রিয় গৃহে অবস্থিতি করতঃ আশ্রয়ভূত বৃক্ষের ন্যায় তোমার সহিত মিলিত হইব।

৬। যে সুভগে সরস্বতি! এই বসিষ্ঠ তোমার জন্য যজ্ঞের দ্বার উন্মুক্ত করিতেছেন। হে শুভ্রবর্ণা দেবি! বর্দ্ধিত হও, স্তুতিকারীকে অন্নদান কর। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৯৬ সূক্ত।

প্রথম তিনটী ঋকের সরস্বতী দেবতা; অবশিষ্টের সরস্বান্ দেবতা বসিষ্ঠ ঋষি।

১। হে বসিষ্ঠ! তুমি নদীগণের মধ্যে বলবতী সরস্বতীর উদ্দেশে বৃহৎ স্তোত্র গান কর, দ্যাবাপৃথিবীতে বর্ত্তমানা সরস্বতীকেই দোষবর্জ্জিত স্তোত্রদ্বারা পূজা কর।

২। হে শুভ্রবর্ণা সরস্বতি! তোমার মহিমা দ্বারা মনুষ্যগণ উভয়বিধ অন্ন প্রাপ্ত হয়। তুমি রক্ষাকারিণী হইয়া আমাদিগকে অবগত হও, মরুদ্গণের সখা হইয়া তুমি হবিষ্মান্দিগের নিকট ধন প্রেরণ কর।

(১) নহুষ রাজা সহস্রবর্ষব্যাপী যজ্ঞ করিবার অভিপ্রায়ে সরস্বতীকে স্তব করিয়াছিলেন, সরস্বতী সেই স্তব অবগত হইয়া তাঁহাকে সহস্র বৎসরের উপযুক্ত দুগ্ধ ও ঘৃত প্রদান করিয়াছিলেন। সায়ণ।

(২) কোন ২ স্থানে সরস্বতী শব্দকে পুংলিঙ্গ করিয়া একটী দেবস্বরূপ অর্চ্চনা করা হইয়াছে।

৩। কল্যাণী সরস্বতী কেবল কল্যাণই করুন, সুন্দরগমনা ও অন্নবতী আমাদের প্রজ্ঞা উৎপাদন করুন। আমি যমদগ্নির ন্যায় স্তব করিলে, তুমি বসিষ্ঠের উপযুক্ত স্তব লাভ কর।

৪। আমরা জায়াভিলাষী, পুত্রাভিলাষী, সুদানযুক্ত স্তোতা; আমরা সরস্বান্ দেবকে স্তব করি।

৫। হে সরস্বান্! তোমার যে জলসমূহ রসবান্ এবং ঘৃতক্ষারী সেই জল সংজ্ঞদ্বারা আমাদের রক্ষক হও।

৬। প্রবৃদ্ধ সরস্বান্ দেবের স্তব যেন আমরা প্রাপ্ত হই, তিনি মেঘ সকলের দর্শনীয়। আমরা যেন প্রজা ও অন্ন লাভ করি।

৯৭ সূক্ত।

প্রথম ঋকের ইন্দ্র দেবতা; তৃতীয় ও নবমের ইন্দ্র ও ব্রহ্মণস্পতি দেবতা; দশমের ইন্দ্র ও বৃহস্পতি; অবশিষ্টের বৃহস্পতি। বসিষ্ঠ ঋষি।

১। যে যজ্ঞে দেবাভিলাষী নেতাগণ মর্ত্ত্য হয়েন, যে যজ্ঞে সবনসমূহ ইন্দ্রের জন্য অভিযুক্ত হয়, ইন্দ্র হৃষ্ট হইবার জন্য দ্যুলোক হইতে পৃথিবীর নেতাগণের সেই যজ্ঞে প্রথম আগমন করুন এবং গমনশীল অশ্বগণও আগমন করুক।

২। হে সখাগণ! আমরা দৈবরক্ষা প্রার্থনা করি, বৃহস্পতি আমাদের হব্য স্বীকার করুন। পিতা যেরূপ দূরদেশ হইতে ধন আহরণ করিয়া পুত্রকে দান করে, সেইরূপ তিনি আমাদিগকে দান করেন। আমরা যাহাতে কামবর্ষী বৃহস্পতির নিকট অনপরাধী হইতে পারি, সেইরূপ কর।

৩। জ্যেষ্ঠ সুমুখবিশিষ্ট, সেই ব্রহ্মণস্পতিকে নমস্কার ও হব্যের দ্বারা স্তুতি করি। যিনি দেবকৃত মন্ত্রের রাজা, দেবার্হ শ্লোক সেই মহান্ ইন্দ্রকে সেবা করুক।

৪। সেই প্রিয়তম ব্রহ্মণস্পতি আমাদিগের স্থানে উপবেশন করুন, তিনি সকলের বরণীয় হইয়াছেন। ধন এবং সুবীর্য্যের যে অভিলাষ তাহা তিনি আমাদিগকে প্রদান করুন, আমরা উপদ্রবযুক্ত, তিনি আমাদিগকে অহিংসিত করিয়া পার করুন।

৫। এই পুরাজাত অমরগণ আমাদিগকে সেই অমর, পর্য্যাপ্ত ও অর্চ্চন-

সাধন অন্নদান করুন। আমরা শুদ্ধ স্তোত্রবিশিষ্ট ও গৃহিগণের যাগযোগ্য ও অপ্রতিগত বৃহস্পতিকে আহ্বান করিব।

৬। সুখকর, উজ্জ্বল, বহনশীল এবং আদিত্যের ন্যায় জ্যোতিঃপূর্ণ অশ্বগণ সেই বৃহস্পতিকে বহন করুক। তাঁহার বল ও নিবাসযুক্ত গৃহ আছে।

৭। বৃহস্পতি শুচি; তাঁহার বাহন অনেক; তিনি সকলের শোধয়িতা, হিত ও রমণীয় বাক্যযুক্ত; গমনশীল, স্বর্গভোগকর ও দর্শনীয় উত্তম নিবাসযুক্ত। তিনি স্তোতাগণকে সর্ব্বাপেক্ষা অধিক অন্ন দান করেন।

৮। বৃহস্পতিদেবের জননী দ্যাবাপৃথিবী দেবীদ্বয় মহিমাবলে বৃহস্পতিকে বর্দ্ধিত করুন। হে সখাগণ! বর্দ্ধনীয় বৃহস্পতিকে বর্দ্ধিত কর, তিনি প্রভূত অন্নের জন্য জল সকলকে তরল ও অবগাহন যোগ্য করেন।

৯। হে ব্রহ্মণস্পতি! তোমার ও বজ্রযুক্ত ইন্দ্রের উদ্দেশে মন্ত্ররূপ সুস্তুতি করিলাম। তোমরা কর্ম্ম রক্ষা কর, বহুস্তুতি শ্রবণ কর, আমরা তোমার প্রসাদ ভোজী, আমাদের আক্রমণশীল শত্রুসেনা বিনাশ কর।

১০। হে বৃহস্পতি! তুমি ও ইন্দ্র উভয়ে পার্থিব ও স্বর্গীয় ধনের ঈশ্বর; তোমরা দুজনে স্তুতিকারী স্তোতার উদ্দেশে ধন দান কর। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৯৮ সূক্ত।

ইন্দ্র ও বৃহস্পতি দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে অধ্বর্য্যুগণ! মনুষ্যগণের মধ্যে শ্রেষ্ঠ ইন্দ্রের জন্য দীপ্তিমান্ অভিষুত সোম পান কর; ইন্দ্র গৌরমৃগ অপেক্ষাও শীঘ্র দূরস্থিত পাতব্য সোম অবগত হইয়া সোমাভিষবকারী যজমানকে অন্বেষণ করতঃ সর্ব্বদাই আগমন করেন।

২। হে ইন্দ্র! পূর্ব্বকালে যে চারু অন্ন ধারণ করিতে, এখনও প্রত্যহ সেই সোমপানের কামনা কর। হৃদয় ও মনে আমাদিগকে কামনা করতঃ হে ইন্দ্র! সম্মুখে আনীত সোম পান কর।

৩। হে ইন্দ্র! তুমি জন্ম গ্রহণ করিয়াই বলের জন্য সোম পান করিয়াছিলে। মাতা তোমার মহিমা বলিয়াছেন। তুমি বিস্তীর্ণ অন্তরিক্ষ পূর্ণ করিয়াছ, এবং ভুগ্নার্থ স্তোতৃগণের জন্যই ধন উৎপাদন করিয়াছ।

৪। হে ইন্দ্র! যখন প্রভূত ও অভিমানবিশিষ্ট শত্রুদিগের সহিত আমাদিগকে যুদ্ধ করাইবে, তখন হিংসকগণকে হস্তদ্বারাই অভিভব করিব। যদি তুমি মরুৎগণের সহিত নিজেই যুদ্ধ কর, তবে সুন্দর অন্নের হেতুভূত সেই সংগ্রাম তোমার সাহায্যে জয় করিব।

৫। আমি ইন্দ্রের পুরাতন কর্ম্ম সকল কীর্ত্তন করিব, মঘবা নূতন যাহা করিয়াছেন তাহাও কীর্ত্তন করিব, যেহেতু তিনি অদেবী মায়া অভিভব করিয়াছেন, অতএব সোম কেবলমাত্র ইন্দ্রেরই হইয়াছে।

৬। হে ইন্দ্র! পশু হিতকর এই যে বিশ্ব, চারিদিকে অবস্থিত এবং সূর্য্যের তেজে যাহা দেখিতেছ এ সমস্তই তোমার। তুমি একাকী সমস্ত গোসমূহের পতি। তোমার প্রদত্ত ধন ভোগ করিব।

৭। হে বৃহস্পতি! তুমি ও ইন্দ্র উভয়ে পার্থিব ও স্বর্গীয়গণের ঈশ্বর তোমরা দুজনে স্তুতিকারী স্তোতার উদ্দেশে ধন দান কর। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

৯৯ সূক্ত।

উক্ত, মন্ত্রের প্রভৃতি তিনটীর ইন্দ্র ও বিষ্ণু দেবতা। অবশিষ্টের কেবল বিষ্ণু দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। হে বিষ্ণু! তুমি মাত্রার অতীত শরীরে বর্দ্ধমান হইলে তোমার মহিমা কেহ অনুব্যাপ্ত করিতে পারে না. পৃথিবী হইতে আরম্ভ করিয়া উভয় লোক আমরা জানি, কিন্তু তুমিই কেবল, হে দেব! পরমলোক অবগত আছ।

২। হে দেব বিষ্ণু! যাহারা জন্মিয়াছে ও যাহারা জন্মিবে, কেহই তোমার মহিমার অপর পার দেখিতে পায় না। দর্শনীয় বৃহৎ স্বর্গকে তুমি ঊর্দ্ধে ধারণ করিয়াছ। তুমি পৃথিবীর পূর্ব্বদিক ধারণ করিয়াছ (১)।

৩। হে দ্যাবাপৃথিবি! তোমরা স্তুতিকারী মনুষ্যকে দান করিবার ইচ্ছাযুক্ত হইয়া অন্নবতী, ধেনুমতী ও সুন্দর যববিশিষ্টা হইয়াছ। হে বিষ্ণু! এই দ্যাবাপৃথিবীকে তুমি বিবিধ প্রকারে ধারণ করিয়াছ। সর্ব্বত্র স্থিত ময়ুখদ্বারা (২) এই পৃথিবীকে ধারণ করিয়াছ।

(১) ঋগ্বেদে বিষ্ণু অর্থে সূর্য্য, সূর্য্য পূর্ব্বদিকে উদয় হয়েন। ১।২২।১৬ ঋকের টীকা দেখ।

(২) সূর্য্যরূপ বিষ্ণুর "ময়ূখ" অর্থ কিরণ। কিন্তু সায়ণ বিষ্ণুর পৌরাণিক অর্থ করিতে ইচ্ছুক হইয়া বলেন ময়ূখ শব্দের অর্থ পর্ব্বত।

৪। হে ইন্দ্র ও বিষ্ণু! সূর্য্য, অগ্নি ও উষাকে উৎপাদন করিয়া তোমরা যজমানের জন্য বিস্তীর্ণ লোক নির্ম্মাণ করিয়াছ। হে নেতাদ্বয়! সংগ্রামে বৃষশিপ্র নামক দাসের মায়াকে বিনষ্ট করিয়াছ।

৫। হে ইন্দ্র ও বিষ্ণু! তোমরা শম্বরের নবনবতী দৃঢ় পুরী বিনাশ করিয়াছ। তোমরা বর্চ্চিনামক অসুরের শত ও সহস্র বীরকে যাহাতে তাহারা আর প্রতিদ্বন্দী হইতে না পারে, এরূপ করিয়া নাশ করিয়াছ।

৬। এই মহতী স্তুতি বৃহৎ, বিস্তীর্ণ, বিক্রমযুক্ত ও বলবান্ ইন্দ্র ও বিষ্ণুকে বর্দ্ধিত করিবে। হে বিষ্ণু! হে ইন্দ্র! তোমাদিগকে যজ্ঞস্থলে সোম প্রদান করিয়াছি, তোমরা যুদ্ধে আমাদিগের অন্ন বর্দ্ধিত কর।

৭। হে বিষ্ণু! তোমার উদ্দেশে মুখ হইতে বষট্‌কার করিয়াছি, অতএব হে শিপিবিষ্ট! আমার সেই হব্য সেবা কর, আমাদের সুস্তুতি ও বাক্য তোমায় বর্দ্ধিত করুক, তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

১০০ সূক্ত।

বিষ্ণু দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। যিনি বহুলোকের কীর্ত্তনীয় বিষ্ণুকে হব্য দান করেন, যিনি যুগপৎ উচ্চারিত স্তোত্রের দ্বারা পূজা করেন এবং মনুষ্যগণের হিতকর বিষ্ণুর পরিচর্য্যা করেন সেই মর্ত্ত্য ধন ইচ্ছা করিয়া শীঘ্র প্রাপ্ত হন।

২। হে অভিলাষপ্রদ বিষ্ণু! সর্ব্বজনের হিতকর দোষরহিত অনুগ্রহ আমাদিগকে প্রদান কর। যাহাতে সুপ্রাপ্য, প্রচুর অশ্ববান্ বহুলোকে প্রীতিকর ধন লাভ করা যায়, তাহা কর।

৩। এই দেবতা শতসংখ্যক কিরণবিশিষ্ট পৃথিবীতে স্বীয় মহিমায় তিনবার পাদক্ষেপ করেন। বৃদ্ধ হইতে বৃদ্ধতর বিষ্ণু আমাদের স্বামী হউন, যেহেতু বিষ্ণুর রূপ দীপ্তিযুক্ত (১)।

৪। এই বিষ্ণু এই পৃথিবীকে নিবাসার্থ মনুষ্যকে প্রদান করিতে ইচ্ছা করিয়া পদক্ষেপ করিয়াছিলেন। এই বিষ্ণুর স্তোতাগণ নিশ্চল হন। সুজন্মা বিষ্ণু বিস্তীর্ণ নিবাস স্থান নির্ম্মাণ করিয়াছেন।

---

(১) অর্থাৎ সূর্য্যরূপ বিষ্ণুর রূপ কিরণময়

৫। হে শিপিবিষ্ট! অদ্য আমরা স্তুতির স্বামী ও জ্ঞাতব্য অবগত হইয়া তোমার সেই প্রসিদ্ধ বিখ্যাত নাম কীর্ত্তন করিব। তুমি প্রবৃদ্ধ, আমি অবৃদ্ধ হইলেও তোমার স্তুতি করিব, যেহেতু তুমি রজোলোকের পারে বাস কর।

৬। হে বিষ্ণু! "আমি শিপিবিষ্ট" এই যে নাম বলিতেছি, ইহা প্রখ্যাপন করা কি তোমার উচিত? তুমি সংগ্রামে অন্যরূপ ধারণ করিও না; আমাদের নিকট হইতে তোমরা শরীর লুক্কায়িত করিও না (২)।

৭। হে বিষ্ণু! তোমার উদ্দেশে মুখ হইতে বষট্‌কার করিতেছি, অতএব হে শিপিবিষ্ট! আমার সেই হব্য সেবা কর, আমার সুস্তুতি ও বাক্য তোমাকে বর্দ্ধিত করুক। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিদ্বারা পালন কর।

১০১ সূক্ত।

পর্জ্জন্য দেবতা। অগ্নিপুত্র কুমার অথবা বসিষ্ঠ ঋষি।

(শৌনক বলেন যে উপবাস করিয়া জল মধ্যে অবগাহন করতঃ এই সূক্ত ও ইহার পরবর্ত্তী সূক্ত জপ করিলে পঞ্চ রাত্রের পর নিশ্চয়ই বৃষ্টি লাভ করা যায়)।

১। অগ্রভাগে জ্যোতিবিশিষ্ট যে তিন প্রকার বাক্য উদক উৎপাদক মেঘকে দোহন করে, সেই বাক্য উচ্চারণ কর। তিনিও সহবাসী বৈদ্যুতাগ্নি প্রাদুর্ভূত করতঃ এবং ওষধিসমূহের গর্ভ উৎপাদন করতঃ সদ্য উৎপন্ন হইয়া বৃষভের ন্যায় শব্দ করিতেছেন।

২। যিনি ওষধিসমূহের ও জলের বৃদ্ধিকর, যে দেবতা সমস্ত জগতের ঈশ্বর, তিনি তিন প্রকার ভূমিবিশিষ্ট গৃহ ও সুখ প্রদান করুন এবং আমাদিগকে তিন প্রকারে বর্ত্তমান সুগতিবিশিষ্ট জ্যোতিঃ প্রদান করুন।

৩। ইঁহার একরূপ নিবৃত্তপ্রসবা গাভী অপর রূপ অর্থাৎ জল প্রসব করে। ইনি ইচ্ছানুসারে আপন শরীর নির্ম্মাণ করেন। মাতা পৃথিবী পিতা দ্যুলোকের নিকট জল গ্রহণ করেন, তাহাতে পিতা ও পুত্র স্থানীয় জীবগণ উভয়েই বর্দ্ধিত হয়।

(২) পূর্ব্বকালে বিষ্ণু আপনার রূপ পরিত্যাগ করিয়া অন্যরূপ ধারণ করতঃ সংগ্রামে বসিষ্ঠের সাহায্য করিয়াছিলেন। বসিষ্ঠ তাঁহাকে জানিতে পারিয়া এই ঋকের দ্বারা স্তব করিতেছেন। সায়ণ। যাস্কের মতে বিষ্ণুর দুই নাম আছে, শিপিবিষ্ট ও বিষ্ণু।

৪। সমস্তভুবন যাঁহাতে অবস্থিত, যাঁহাতে দ্যুলোক ত্রয় অবস্থিত, যাঁহা হইতে আপ সকল তিন প্রকারে বিনির্গত হয়, উপসেচন কর তিন প্রকার মেঘ, যে মহান্ পর্জ্জন্যের চারিদিকে মিষ্টজল বর্ষণ করেন

৫। স্বায়ত্তদীপ্তিবিশিষ্ট সেই পর্জ্জন্যের উদ্দেশে এই স্তোত্র করিতেছি। তিনি উহা গ্রহণ করুন। উহা তাঁহার হৃদয়গ্রাহী হউক। আমাদিগের জন্য সুখকর বৃষ্টি পতিত হউক। পর্জ্জন্য যাহাদিগের রক্ষক, সেই ওষধিসমূহ সুফলযুক্ত হউক।

৬। সেই পর্জ্জন্য বৃষভের ন্যায় বহুতর ওষধিসমূহের প্রতি তেজ আধান করেন। স্থাবর ও জঙ্গমের আত্মা তাঁহাতেই বাস করে। তৎপ্রদত্ত জল শত-বৎসরব্যাপী জীবনের জন্য(১) আমাকে রক্ষা করুন। তোমরা সর্ব্বদা আমা-দিগকে স্বস্তিদ্বারা পালন কর।

---

১০২ সূক্ত।

পর্জ্জন্য দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। অন্তরিক্ষের পুত্র সেচনসমর্থ পর্জ্জন্যদেবের উদ্দেশে স্তোত্র উচ্চারণ কর। তিনি আমাদের অন্ন ইচ্ছা করুন।

২। যে পর্জ্জন্যদেব ওষধিসমূহের, গোসমূহের, অশ্বসমূহের ও নারীগণের গর্ভ উৎপাদন করেন।

৩। তাঁহারই উদ্দেশে দেবগণের আস্যভূত অগ্নিতে অতিশয় রসবান্ হব্য হোম কর। তিনি আমাদের উদ্দেশে অন্ন নিশ্চিত করিয়া দেন।

১০৩ সূক্ত।

মণ্ডূক দেবতা। বসিষ্ঠ ঋষি।

বৃষ্টিকাম ব্যক্তি এইসূক্ত জপ করেন। নিরুক্তকার বলেন যে বসিষ্ঠ বৃষ্টিকাম হইয়া পর্জ্জন্যকে স্তব করেন। মণ্ডূক সকল তাঁহার অনুমোদন করে। তজ্জন্য তিনি মণ্ডূকগণকে স্তুতি করিয়াছিলেন।

১। সংবৎসর ব্রতচারী স্তোতাদিগের ন্যায়(১) সংবৎসর শয়ান থাকিয়া মণ্ডূকগণ পর্জ্জন্যের প্রীতিকর বাক্য উচ্চারণ করিতেছেন।

---

(১) মনুষ্য পরমায়ুর সীমা শতবৎসর।

(১) "মূলে ব্রাহ্মণাঃ" আছে। অর্থ 'ব্রহ্ম' বা স্তোত্র উচ্চারণকারী। তাহাদিগের স্তোত্র উচ্চারণের সহিত ভেকদিগের রবের তুলনা হইতেছে।

২। শুষ্কচর্ম্মের ন্যায়, সরোবরে শয়ান মণ্ডূকগণের নিকট স্বর্গীয় জল যখন আগমন করে, তখন বৎসযুক্ত ধেনুর শব্দের ন্যায় (২) মণ্ডূকগণের শব্দ:সঙ্গত হয়।

৩। বর্ষাকাল আগত হইলে পর্জ্জন্য যখন কামনাবান্‌ ও তৃষ্ণার্ত্ত মণ্ডূক-গণকে জলদ্বারা সিক্ত করেন, তখন পুত্র যেমন অখ্‌খল শব্দ করতঃ পিতার নিকট গমন করে, সেইরূপ এক মণ্ডূক অন্যের নিকট গমন করে।

৪। জল পড়িলে পর যখন মণ্ডূকদ্বয় হৃষ্ট হয়; যখন পর্জ্জন্য কর্ত্তৃক সিক্ত হইয়া অত্যন্ত লম্ফ প্রদান করত ধূম্রবর্ণ মণ্ডূক হরিদ্বর্ণ মণ্ডূকের সহিত একত্রে শব্দ করে, তখন এক মণ্ডূক অন্যকে অনুগ্রহ করে।

৫। শিষ্য গুরুর ন্যায় যখন এই মণ্ডূক সকলের মধ্যে একটী অন্যের বাক্য অনুকরণ করে; যখন হে মণ্ডূকগণ! তোমরা সুন্দর শব্দবিশিষ্ট হইয়া জলের উপর লম্ফ প্রদান করতঃ শব্দ কর, তখন তোমাদের সমস্ত পর্ব্বযুক্ত শরীর সমৃদ্ধ হয়।

৬। ইহাদের একের শব্দ গোরুর ন্যায়, অপরের শব্দ ছাগলের ন্যায়, একটী ধূম্রবর্ণ, অপরটী হরিদ্বর্ণ। সকলেরই এক নাম অথচ রূপ বিবিধ প্রকার, ইহারা নানাদেশে শব্দ করতঃ প্রাদুর্ভূত হয়।

৭। হে মণ্ডূকগণ। অতিরাত্রনামক সোমযাগে স্তোতাগণের ন্যায় সম্প্রতি তোমরা পূর্ণ সরোবরের চতুর্দ্দিকে শব্দ করতঃ যে দিন প্রাবৃট সঞ্চার হইল, সেই দিন চতুর্দ্দিকে অবস্থিতি কর।

৮। সোমযুক্ত সাংবৎসরিক স্তুতিকারী স্তোতাগণের ন্যায় (৩) এই মণ্ডূক-গণ শব্দ করিতেছে; প্রবর্গ্যচারী অধ্বর্য্যুগণের ন্যায় ঘর্ম্মাক্ত কলেবর, লুক্কায়িত কোন কোন মণ্ডূক সম্প্রতি বৃষ্টিতে আবির্ভূত হইতেছে।

৯। নেতা মণ্ডূকগণ দেবকৃত বিধান রক্ষা করে, ইহারা দ্বাদশ মাসের ঋতু-গণকে হিংসা করে না। সংবৎসর পূর্ণ হইয়া বর্ষা আগত হইলে, গ্রীষ্মস্থ তাপ-পীড়িত মণ্ডূকগণ গর্ত্ত হইতে বিমুক্তি লাভ করে।

(২) বৎস পাইলে ধেনুগণ যে রব করে, বৃষ্টি আগমনে ভেকদিগের রব তাহার সহিত তুলনা করা হইতেছে। ইহার পরের ঋকগুলিতেও ভেকদিগের শব্দ সম্বন্ধে অন্যান্য উপমা আছে।

(৩) মূলে "ব্রহ্ম কৃণ্বন্ত ব্রাহ্মণাসঃ" আছে। অর্থ "স্তুতিকারী স্তোতাগণ"। ব্রাহ্মণ নামে একটী ভিন্ন "জাতি" তখন সৃষ্ট হয় নাই। ১।১০.১ ঋকের টীকা দেখ।

১০। ধেনুবৎ শব্দবিশিষ্ট মণ্ডূক আমাদিগকে ধন দান করুক, অজবৎ শব্দ-বিশিষ্ট মণ্ডূক আমাদিগকে ধন দান করুক, ধূম্রবর্ণ মণ্ডূক আমাদিগকে ধন দান করুক, হরিদ্বর্ণ মণ্ডূক আমাদিগকে ধন দান করুক। সহস্র ওষধি প্রসবকারী বর্ষা ঋতুতে মণ্ডূকগণ অপরিমিত গো প্রদান করতঃ আমাদিগের আয়ু বর্দ্ধিত করুন।

১০৪ সূক্ত।

নবম, দ্বাদশ, ত্রয়োদশের সোম দেবতা; একাদশের দেব দেবতা; অষ্টম ও ষোড়শের ইন্দ্র দেবতা; সপ্তদশের গ্রাবা দেবতা; অষ্টাদশের মরুৎ দেবতা; দশম ও চতুর্দ্দশের অগ্নি দেবতা, প্রবত্তর ইত্যাদি পাঁচটীর ইন্দ্র দেবতা; ত্রয়োবিংশের পূর্ব্বার্দ্ধ বাসষ্ঠের প্রার্থনা, অপরার্দ্ধের পৃথিবী ও অন্তরিক্ষ দেবতা; অবশিষ্টের দেবতা রক্ষোবিনাশক ইন্দ্র ও সোম। বসিষ্ঠ ঋষি।

১। হে ইন্দ্র ও সোম! তোমরা রাক্ষসগণকে সন্তাপ প্রদান কর ও হিংসা কর। হে কামবর্ষিদ্বয়! তোমরা অন্ধকারদ্বারা বর্দ্ধমান রাক্ষসদিগকে নীচ করিয়া দেও। জ্ঞানরহিত রাক্ষসদিগকে পরাঙ্মুখ করিয়া হিংসা কর, দগ্ধ কর, মারিয়া ফেল, দূর করিয়া দেও। ভক্ষক রাক্ষসগণকে কৃশ করিয়া ফেল।

২। হে ইন্দ্র ও সোম! অনর্থবাদী আক্রমণকারী শত্রুকে একেবারেই অভিভব কর, তাপপ্রাপ্ত রাক্ষস অগ্নিতে প্রক্ষিপ্ত চরুর ন্যায় বিলুপ্ত হউক। ব্রহ্মদ্বেষী ক্রব্যাদ্ ঘোরদর্শন ক্রূরবুদ্ধির প্রতি যাহাতে নিরন্তর দ্বেষ থাকে তাহা কর।

৩। হে ইন্দ্র ও সোম! দুষ্কর্ম্মকারীকে আবরণ কর, মধ্যস্থলে অবলম্বন-রহিত অন্ধকার মধ্যে ফেলিয়া তাড়না কর, যে ইহাদের মধ্যে একজনও উহার মধ্য হইতে পুনরায় উদ্গত হইতে না পারে। তোমাদের সেই প্রসিদ্ধ ক্রোধ-বিশিষ্ট বল অভিভবার্থ সমর্থ হউক।

৪। হে ইন্দ্র ও সোম! অন্তরিক্ষ হইতে বধ কর, আয়ুধ উৎপাদন কর। অনর্থ উৎপাদকের জন্য পৃথিবী হইতে নাশ কর, আয়ুধ উৎপাদন কর। মেঘ হইতে উপতাপপ্রদ অশনি উৎপাদন কর, যদ্দ্বারা প্রবৃদ্ধ রাক্ষসকে বিনাশ করিয়াছ।

৫। হে ইন্দ্র ও সোম! অন্তরিক্ষ হইতে চারিদিকে আয়ুধসমূহ প্রেরণ কর। তোমরা অগ্নিদ্বারা সন্তপ্ত, তাপপ্রদ, প্রহারযুক্ত, জরারহিত প্রস্তর বিকারভূত অস্ত্রদ্বারা রাক্ষসগণকে পার্শ্বস্থানে বিদ্ধ কর; তাহারা নিঃশব্দে নির্গত হউক।

৬। হে ইন্দ্র ও সোম! কক্ষ বন্ধনরজ্জু যেমন অশ্বকে বেষ্টন করে, সেইরূপ এই মনোহর স্তুতি তোমাদিগকে প্রাপ্ত হউক। তোমরা বলবান্; আমরা মেধা বলে এই স্তোত্র প্রেরণ করিতেছি। নৃপতির ন্যায় তোমরা এই স্তোত্র সকলকে ফলযুক্ত কর।

৭। হে ইন্দ্র ও সোম! ত্বরযান অশ্বের সাহায্যে অভিগমন কর। দ্রোহশীল ভঞ্জনকারী রাক্ষসদিগকে নিধন কর। পাপকারী রাক্ষসের যেন সুখ না হয়। কারণ সে দ্রোহযুক্ত হইয়া আমাদিগকে কখন না কখন হনন করিতে পারে।

৮। আমি শুদ্ধমনে ব্রত আচরণ করি। যে অনৃত বাক্যদ্বারা আমার অপবাদ দেয়; হে ইন্দ্র! মুষ্টিতে গৃহীত জলের ন্যায় সেই অসত্যবাদী অস্তিত্ব শূন্য হউক।

৯। আমি পরিপক বাক্যযুক্ত, যাহারা আপনার স্বার্থের জন্য আমার পরিবাদ করে, আমি কল্যাণবৃত্তি, যাহারা বলযুক্ত হইয়া আমার দোষ দেয়, সোম তাহাদিগকে সর্পের উপর পাতিত করুন, অথবা নির্ঋতির উৎসঙ্গে অর্পণ করুন।

১০। হে অগ্নি! যে আমাদের অন্নের সার নষ্ট করিতে ইচ্ছা করে, যে অশ্বগণের, গোসকলের ও সন্তানগণের সার নষ্ট করিতে ইচ্ছা করে, শত্রু, চোর ও ধনাপহারী সেই ব্যক্তি হিংসা প্রাপ্ত হউক, সে আপনার শরীর ও তনয়ের সহিত নিহত হউক।

১১। সে তনু ও তনয় হইতে বিযুক্ত হউক, ব্যাপ্ত তিন পৃথিবীর অধোদেশে গমন করুক। যে দিনরাত্রি আমাদিগকে হিংসা করিতে ইচ্ছা করে, হে দেবগণ! তাহার যশঃ পরিশুষ্ক হউক।

১২। বিদ্বান্‌গণের বিদিত হউক, যে সত্য এবং অসত্যরূপ বাক্যদ্বয় পরস্পর স্পর্দ্ধা করে; তাহাদের মধ্যে যাহা সত্য এবং যাহা ঋজুতম, সোম তাহাকেই পালন করেন, অসত্যকে হিংসা করেন।

১৩। সোমদেব পাপকারীকে প্রবর্ত্তিত করেন না; বলযুক্ত, মিথ্যাবাদী পুরুষকেও প্রবর্ত্তিত করেন না। তিনি রাক্ষসকে হনন করেন, অসত্যবাদীকে হনন করেন, সে হত হইয়া ইন্দ্রের বন্ধনে বাস করে(১)।

---

(১) বিশ্বামিত্র ৩। ৫৩। ২৩ ও ২৪ ঋকে বসিষ্ঠ সম্বন্ধে যে কটূক্তি করিয়াছিলেন, বসিষ্ঠ এই সূক্তের ১৩ হইতে ১৬ ঋকে তাহার উত্তর প্রদান করিলেন।

১৪। যদি আমার দেবতাগণ অসত্যস্বরূপ হইত, অথবা যদি আমি বৃথা দেবগণের নিকট গমন করিতাম, তাহা হইলে হে জাতবেদো অগ্নি! তুমি আমার প্রতি ক্রুদ্ধ হইতে। মিথ্যাবাদিগণ তোমার হিংসা বিশেষরূপে লাভ করুক।

১৫। যদি আমি যাতুধান হই, অথবা যদি কোনও পুরুষের আয়ুঃ নাশ করিয়া থাকি, তাহা হইলে আমি যেন এখনই মরিয়া যাই। যে আমাকে মিথ্যা-রূপে যাতুধান বলিয়া সম্বোধন করিতেছে, সে যেন তাহার দশ জন বীর বন্ধু হইতে বিযুক্ত হয়(২)।

১৬। যে আমাকে মিথ্যারূপে যাতুধান সম্বোধন করিতেছে, যে আমাকে শুচি রাক্ষস বলিতেছে, ইন্দ্র মহা আয়ুধদ্বারা তাঁহাকে বিনাশ করুন, সে সকল জন্তুর অধম হইয়া পতিত হউক।

১৭। যে রাক্ষসী রাত্রি কালে দ্রোহযুক্তা হইয়া উলূকীর ন্যায় আপনার শরীর লুক্কায়িত করতঃ গমন করে, সে অবাঙ্মুখ হইয়া অনন্তগর্ত্তে পতিত হউক। প্রস্তর সকল অভিষবণ শব্দদ্বারা রাক্ষসদিগকে বিনাশ করুক।

১৮। হে মরুৎগণ! তোমরা প্রজাদের মধ্যে বিবিধ প্রকারে বাস কর। যাহারা পক্ষী হইয়া রাত্রিতে আগমন করে, অথবা যাহারা দীপ্ত যজ্ঞে হিংসা ধারণ করে, সেই রাক্ষসদিগকে ইচ্ছা কর, গ্রহণ কর ও চূর্ণ কর।

১৯। হে ইন্দ্র! অন্তরিক্ষ হইতে অশনি প্রবর্ত্তিত কর, হে মঘবন্! সোমদ্বারা তীক্ষ্ণীকৃত যজমানকে সংস্কৃত কর, পর্ব্বযুক্ত বজ্রদ্বারা পূর্ব্ব দিক্ হইতে, পশ্চিম দিক্ হইতে, দক্ষিণ দিক্ হইতে ও উত্তর দিক্ হইতে রাক্ষসদিগকে বিনাশ কর।

২০। ইহারা কুকুরের দ্বারা হিংসা করতঃ আগমন করে। যাহারা জিঘাংসু হইয়া অহিংসনীয় ইন্দ্রকে হিংসা করিতে ইচ্ছা করে, সেই কপটগণকে হিংসা করিবার জন্য ইন্দ্র অশনি তীক্ষ্ণ করিতেছেন। তিনি শীঘ্র যাতুধানদিগের উদ্দেশে অশনি নিক্ষেপ করুন।

২১। ইন্দ্র হিংসকদিগের হিংসক, পরশু যেরূপ বন ছেদ করে, মুদ্গর পাত্রসমূহকে যেরূপ ভেদ করে, ইন্দ্র সেইরূপ হব্য মন্থনকারী ও অভিমুখে আগমনকারী পূজকদিগের জন্য রাক্ষস সকল বিনাশ করতঃ আগমন করিতেছেন।

(২) মূলে "অধা স বীরৈ দশভির্বিযূযাঃ" আছে। অর্থ যেন তাহার দশটী পুত্র মারা যায়;—অথবা বিশ্বামিত্র যে দশ জন রাজার সহিত সুদাসকে আক্রমণ করিয়াছিলেন, সেই দশ জন যেন হত হয়।

২২। হে ইন্দ্র! যাহারা উলূকরূপে হিংসা করে, তাহাদিগকে বিনাশ কর; যাহারা ক্ষুদ্র উলূকরূপে হিংসা করে, তাহাদিগকে বিনাশ কর, যাহারা কুক্কুররূপে, যাহারা চক্রবাকরূপে, যাহারা শ্যেনপক্ষীরূপে, যাহারা গৃধ্ররূপে বিনাশ করে, পাষাণের ন্যায় বজ্রের দ্বারা সেই সকল রাক্ষসকে মারিয়া ফেল।

২৩। রাক্ষস আমাদিগকে যেন ব্যাপ্ত করিতে না পারে, যন্ত্রণাদায়ী রাক্ষস-গণের মিথুন সকল অপগত হউক। এই রাক্ষসেরা "একি এাকি" বলিয়া বেড়ায়। পৃথিবী আমাদিগকে অন্তরিক্ষভব পাপ হইতে রক্ষা করুন, অন্তরিক্ষ আমাদের স্বর্গীয় পাপ হইতে রক্ষা করুন।

২৪। হে ইন্দ্র! রাক্ষসপুরুষকে বিনাশ কর এবং যে রাক্ষসী স্ত্রী বঞ্চনাদ্বারা হিংসা করে, তাহাকেও বিনাশ কর। আঘাত করাই যে সকল রাক্ষসের ক্রীড়া, তাহারা ছিন্নগ্রীব হইয়া বিনাশ প্রাপ্ত হউক। তাহারা যেন উদয়শীল সূর্য্যকে দেখিতে না পায়।

২৫। হে সোম! তুমি ও ইন্দ্র তোমরা প্রত্যেকে দর্শন কর, বিবিধ প্রকারে দর্শন কর, জাগরিত হও, যাতুধান রাক্ষসদিগের উদ্দেশে অশনিরূপ আয়ুধ ক্ষেপ কর(৩)।

(৩) এই সূক্তের শেষ ঋক গুলি কেবল "ওঝার মন্ত্র"। এখন যেমন লোকে ভূতের ভয় করে, সেকালে "যাতুধান ও রক্ষ" ভয়ের বিষয় ছিল। সেই রূপ ভয় হইতে রক্ষা পাওয়াই এই সপ্তম মণ্ডলের শেষ সূক্তের শেষ ঋক্ গুলির উদ্দেশ্য। প্রথম ও দ্বিতীয় মণ্ডলের শেষ সূক্তের শেষ ঋক্ গুলিও এইরূপ "ওঝার মন্ত্র"।

অষ্টম মণ্ডল।

১ সূক্ত।

ইন্দ্র দেবতা। কণ্বগোত্র মেধ্যাতিথি ও মেধাতিথি ঋষি; আদি ঋক্‌দ্বয়ের ঘোরের পুত্র ঋষি; পরে কণ্বের পুত্রতাপ্রাপ্ত প্রগাথনামক ঋষি; ত্রিংশ হইতে চারিটী ঋকের ঋষি অসঙ্গনামক রাজপুত্র; চতুস্ত্রিংশ ঋকের ঋষি অসঙ্গের ভার্য্যা অঙ্গিরার কন্যা শশ্বতী (১)।

১। হে সখা সকল! তোমরা অন্যের স্তোত্র উচ্চারণ করিও না, হিংসিতা হইও না, সোম অভিষুত হইলে অভীষ্টবর্ষী ইন্দ্রকে একত্র হইয়া স্তব কর, এবং মুহু মুহু উক্‌থ সকল উচ্চারণ কর।

২। বৃষভের ন্যায় শত্রুদিগের হিংসাকারী ও জরারহিত ও বৃষভের ন্যায় মনুষ্যদিগের পরাভবকারী ও শত্রুদিগের বিদ্বেষ্টা ও স্তোত্রগণের সংভজনীয় এবং উভয় প্রকার ধনবিশিষ্ট দাতৃতম ইন্দ্রকেই স্তব কর।

৩। হে ইন্দ্র! এই জনগণ যদিও রক্ষার্থে পৃথক্ পৃথক্ তোমায় স্তব করিতেছে, তথাপি আমাদের এই স্তোত্রই সর্ব্বকালেই তোমার বর্দ্ধক হউক।

৪। হে মঘবন্ ইন্দ্র! তোমার পণ্ডিত স্তোতাগণ শত্রুগণকে কম্প উৎপাদন করতঃ সর্ব্বদা আপদ হইতে উত্তীর্ণ হয়। আমাদের নিকট আগমন কর, তৃপ্তির জন্য বহুরূপবিশিষ্ট নিকটস্থিত অন্ন আমাদিগকে প্রদান কর।

৫। হে বজ্রবান্ ইন্দ্র! তোমাকে মহামূল্যেও বিক্রয় করি না। হে বজ্রহস্ত! সহস্রসংখ্যক ও অযুতসংখ্যক ধনের জন্যও করি না এবং হে বহুধন! অপরিমিত ধনের জন্যও করি না।

৬। হে ইন্দ্র! তুমি আমার পিতা হইতেও অধিক ধনবান্, অপালনকারী ভ্রাতা হইতেও অধিক ধনবান্। হে বসু! আমার মাতা ও তুমি সমান হইয়া আমায় ব্যাপ্তিবিশিষ্ট ধনলাভার্থ পূজিত কর।

---

(১) কণ্ব বা তদ্বংশীয়গণ অষ্টম মণ্ডলের ঋষি।

৭। হে ইন্দ্র! তুমি কোথায় গিয়াছ, কোথায় আছ, তোমার মন নানা দিকে। হে যুদ্ধকুশল, যুদ্ধকারী পুরন্দর! আগমন কর, গায়ত্রগণ তোমার স্তব করিতেছেন।

৮। এই ইন্দ্রের উদ্দেশে গায়ত্র গান কর, পুরন্দর ইন্দ্র সকলের সংভজনীয়, ঋক্‌সমূহদ্বারা কণ্বপুত্রের যজ্ঞস্থলে বজ্রযুক্ত হইয়া গমন করিয়াছিলেন এবং যাহাদের দ্বারা পুরী ভেদ করিয়াছিলেন, সেই ঋকে গায়ত্র গান কর।

৯। হে ইন্দ্র! তোমার যে দশযোজনগামী শতসংখ্যক ও সহস্রসংখ্যক অশ্ব আছে, তাহারা সেচনসমর্থ ও শীঘ্রগামী। সেই অশ্বের সাহায্যে শীঘ্র আগমন কর।

১০। অদ্য দুগ্ধদায়িনী, প্রসংশনীয় বেগযুক্তা, সুখে দোহন সমর্থা ধেনুরূপ ইন্দ্রকে স্তব করি। বহুধারাযুক্ত, বাঞ্ছনীয়, বৃষ্টিরূপ পর্য্যাপ্তকারী ইন্দ্রকে স্তব করি।

১১। সূর্য্য যখন এতশকে পীড়া দিয়াছিলেন, তখন বক্রগামী ও বায়ুসদৃশ গমনশীল অশ্বদ্বয় অর্জ্জুন পুত্র কুৎস ঋষিকে বহন করিয়াছিল। শতক্রতু গন্ধর্ব্ব (২) ও অহিংসিত সূর্য্যকে ছদ্মবেশে আক্রমণ করিতে গিয়াছিলেন।

১২। যে ইন্দ্র সন্ধান দ্রব্য ব্যতিরেকেই গ্রীবা হইতে রুধির নিঃসরণের পূর্ব্বেই সন্ধির সংযোজনা করেন, ক্ষমাবান্, বহুধন সেই ইন্দ্র বিচ্ছিন্নকে পুনঃ সংস্কার করিয়া দেন।

১৩। হে ইন্দ্র! তোমার অনুগ্রহে আমরা যেন নীচ না হই, যেন দুঃখী না হই, আর প্রক্ষীণ বলের ন্যায় আমরা যেন পুত্রপৌত্রাদিবিযুক্ত না হই। হে বজ্রবান্ ইন্দ্র! অন্যে আমাদিগকে দগ্ধ করিতে পারে না, গৃহে নিবাসকরতঃ আমরা তোমার স্তব করিব।

১৪। হে বৃত্রহন্তা! সত্বর ও উগ্রতাশূন্য হইয়া আমরা ধীরে ধীরে তোমার স্তব করিব। হে শূর! তোমার জন্য একবার প্রভূত ধনের সহিত সুন্দর স্তোত্র অনুমোদন করিব।

১৫। ইন্দ্র যদি আমাদের স্তোত্র শ্রবণ করেন, তাহা হইলে তখনই যেন আমাদের সোম সকল তাঁহাকে হর্ষিত করিতে পারে, উহারা তির্য্যক্‌ভাবে অবস্থিত পবিত্রের সহিত সম্পর্কযুক্ত হইয়াছে ও বসতীবরী প্রভৃতি জলের দ্বারা বর্দ্ধমান, অতএব শীঘ্র মদজনক হইয়াছে।

(২) "গন্ধর্ব্ব" শব্দে গবাং রশ্মীনাং ধর্ত্তারং। সায়ণ। ৩।৩৮।৬ ঋকের টীকা দেখ।

১৬। হে ইন্দ্র! তোমার সেবাকারী স্তোতার সংমিলিত স্তুতির অভিমুখে অদ্য শীঘ্র আগমন কর; অন্য হবিম্নানদিগের স্তোত্র তোমার নিকট গমন করুক, অধুনা আমিও তোমার সুস্তুতি কামনা করি।

১৭। তোমরা প্রস্তর দ্বারা সোম অভিষব কর, ইহাকে জলে ধৌত কর, গোচর্ম্মের ন্যায় মেঘের দ্বারা শরীর আচ্ছাদন করিয়া মরুদ্গণ নদীগণের জন্য জল দোহন করিতেছেন।

১৮। হে ইন্দ্র! পৃথিবী হইতে, অন্তরিক্ষ হইতে, অথবা বৃহৎ দীপ্তপ্রদেশ হইতে আগমন করতঃ আমার এই বিস্তৃত স্তুতিদ্বারা বর্দ্ধিত হও। হে সুক্রতু! আমাদের উৎপন্ন লোক সকলকে অভিলষিত ফলে পূর্ণ কর।

১৯। তোমরা ইন্দ্রের উদ্দেশে সর্ব্বাপেক্ষা মদকর বরণীয় সোম অভিষব কর। শক্র সমস্ত ক্রিয়াদ্বারা প্রীতি উৎপাদক অন্নাভিলাষী যজমানকে বর্দ্ধিত করেন।

২০। হে ইন্দ্র! সবনসমূহে সোম স্রাবণ ও স্তুতিযুক্ত হইয়া সর্ব্বদা প্রার্থনা করতঃ আমি যেন তোমাকে কুপিত না করি। তুমি ভর্ত্তা ও সিংহের ন্যায় ভয়ঙ্কর, কে তোমার নিকট যাচ্ঞা না করে।

২১। উগ্রবলযুক্ত ইন্দ্র, মদোৎপাদক স্তোতাদ্বারা প্রেরিত মদকর সোম পান করুন। তিনি সোমজনিত হর্ষ উৎপন্ন হইলে আমাদিগকে শত্রুগণের জেতা ও তাহাদের গর্ব্ব খর্ব্বকারী পুত্র প্রদান করেন।

২২। ইন্দ্রদেব সুখোৎপাদক যজ্ঞে হব্যদায়ী যজমানের উদ্দেশে বহুবরণীয় ধন দান করেন। তিনিই সোমাভিষবকারী ও স্তোত্রকারীকে ধন প্রদান করেন। তিনি সর্ব্বকার্য্যে উদ্যোগী ও স্তোতাগণের প্রশংসনীয়।

২৩। হে ইন্দ্র! আগমন কর। হে দেব! তুমি বিচিত্র ধনদ্বারা হৃষ্ট হও, একত্র পীত সোমদ্বারা তোমার বিস্তীর্ণ বৃহৎ উদর সরোবরের ন্যায় পূর্ণ কর।

২৪। হে ইন্দ্র! শতসংখ্যক ও সহস্রসংখ্যক অশ্ব হিরণ্ময় রথে সোম-পানার্থ ইন্দ্রকে বহন করুক। উহারা প্রভুযুক্ত ও কেশরযুক্ত।

২৫। শ্বেতপৃষ্ঠ, ময়ূরবর্ণরূপবিশিষ্ট অশ্বগণ তোমাকে মধুর স্তুতিযোগ্য সোম পানার্থ হিরণ্ময় রথে বহন করুন।

২৬। হে স্তুতিযোগ্য! শীঘ্র এই অভিষুত সোম প্রথম সোমপায়ীর ন্যায়(৩)

(৩) সকল দেবতার পূর্ব্বে বায়ু সোম পান করিয়া থাকেন। সায়ণ।

পান কর; ইহা পরিষ্কৃত ও রসবিশিষ্ট। এই আসব মদকর ও চারু, ইহা মত্ততার জন্য সম্পন্ন হয়।

২৭। যে ইন্দ্র একাকী আপন কর্ম্মদ্বারা সকলকে পরাভব করেন, যিনি কর্ম্মদ্বারা মহান্, উগ্র এবং শিরস্ত্রাণবিশিষ্ট, সেই ইন্দ্র আগমন করুন। তিনি যেন পৃথক্ না হন। আমাদের স্তোত্রাভিমুখে আগমন করুন। তিনি যেন আমাদের ত্যাগ না করেন।

২৮। হে ইন্দ্র! তুমি শুষ্ণের সঞ্চরণশীল নিবাস স্থান বজ্রের দ্বারা সংচূর্ণ করিয়াছিলে, তুমি দুই প্রকারের স্তোতা ও যষ্টার দ্বারা আহ্বানযোগ্য, তুমি দীপ্তিমান্ হইয়া তাঁহার অনুগমন করিয়াছিলে।

২৯। সূর্য্য উদিত হইলে, তুমি আমার স্তোত্র সকল আবর্ত্তিত কর। দিবসের মধ্যাহ্নে আমার স্তুতি আবর্ত্তিত কর। দিবসের অবসান হইলে আমার স্তোত্র আবর্ত্তিত কর। শর্ব্বরী সময়েও আমার স্তোত্র সকল আবর্ত্তিত কর।

৩০। হে মেধ্যাতিথি! পুনঃ পুনঃ আমাকে স্তব কর, আমাকে প্রশংসা কর, আমরা ধনবানদিগের মধ্যে তোমার প্রতি সর্ব্বাপেক্ষা অধিক ধনদাতা। আমার বীর্য্যে অন্যে আমার অশ্ব প্রাপ্ত হয়, আমার পথ উৎকৃষ্ট, আয়ুধ উৎকৃষ্ট।

৩১। আমি শ্রদ্ধাযুক্ত হইয়া আহারান্তে অশ্বদিগকে তোমার রথে যোজনা করিয়াছিলাম। আমি মনোহর ধন দান করিতে জানি, আমি যদুবংশোৎপন্ন (৪) ও বহু পশুর অধিকারী।

৩২। যিনি গমনশীল ধন হিরণ্ময় চর্ম্মাস্তরণের সহিত আমাকে প্রদান করিয়াছিলেন, তিনি শব্দায়মান রথযুক্ত হইয়া শত্রুদিগের সমস্ত ধন অভিভব করুন।

৩৩। হে অগ্নি! প্লয়োগের পুত্র অসঙ্গ দশ সহস্র গাভী দানের দ্বারা অন্য দাতাগণকে অতিক্রম করিয়াছিলেন। অনন্তর সেই সেচনসমর্থ ও দীপ্যমান পশু সকল সরোবর হইতে নলের ন্যায় নির্গত হইয়াছিল।

৩৪। তাঁহার সম্মুখ ভাগে স্থূলবস্তু দেখা যাইতেছে, উহা অস্থিরহিত, বিস্তীর্ণ এবং নিম্নমুখে লম্বমান। শশ্বতী নারী উহা দেখিয়া বলিলেন (৫), আর্য্য! উত্তম ভোগসাধন ধারণ করিতেছ।

(৪) মূলে "যাদ্বঃ" আছে। "যাদ্বো যদুবংশোদ্ভবঃ। যদ্বা যদবো মনুষ্যাঃ। সায়ণ ৮।৬।৩৯ ও ৪৮ ঋকের টীকা দেখ।

(৫) অঙ্গিরার কন্যা শশ্বতী অসঙ্গের ভার্য্যা এবং এই ঋকের বক্তা। সায়ণ বলেন অসঙ্গ শাপগ্রস্ত হইয়া স্ত্রী হইয়া যান, পরে পুরুষত্ব লাভ করেন। ৮।৩৩।১৯ঋকে এইরূপ আর একটী গল্প দেখ।

২ সূক্ত।

ইন্দ্র দেবতা। কণ্বগোত্রীয় মেধাতিথি ও অঙ্গিরাগোত্র প্রিয়মেধ ঋষি।

১। হে বসু ইন্দ্র! এই অভিষুত সোম পান কর, উদর পূর্ণ হউক। হে অকুতোভয় ইন্দ্র! তোমাকে দান করিব।

২। নেতাগণদ্বারা ধৌত, বস্ত্রদ্বারা অভিষুত ও মেষলোমে পরিপূত সোম, নদীতে স্নাত অশ্বের ন্যায় শোভা পাইতেছে।

৩। হে ইন্দ্র! যবের ন্যায় উক্ত সোম তোমার জন্য গব্যের সহিত মিশ্রিত করিয়া আস্বাদযুক্ত করিয়াছিলাম। অতএব হে ইন্দ্র! এই একত্র পানস্থলে আগমন কর।

৪। দেবতা ও মনুষ্যগণের মধ্যে ইন্দ্রই কেবল সমস্ত সোমপান করিতে পারেন। অভিষুত সোমপায়ী ইন্দ্রই সর্ব্বপ্রকার অন্নযুক্ত।

৫। যে দূরব্যাপী সুহৃৎ ইন্দ্রকে দীপ্ত সোম অপ্রীত করে না, দুর্লভ মিশ্রণ দ্রব্যবিশিষ্ট সোম যাঁহাকে অপ্রীত করে না, তৃপ্তিকর চরু পুরোডাশাদি যাহাকে অপ্রীত করে না, আমরা সেই ইন্দ্রকে স্তব করি।

৬। ব্যাধ মৃগকে যেরূপ অন্বেষণ করে, সেইরূপ অন্য যে লোক গব্য সংস্কৃত সোমদ্বারা ইন্দ্রকে অন্বেষণ করে ও বাক্যদ্বারা কুৎসিতরূপে তাঁহার নিকট গমন করে; তাহারা তাঁহাকে পায় না।

৭। অভিষুত সোমপায়ী ইন্দ্রদেবের তিন প্রকার সোম যজ্ঞগৃহে অভিষুত হউক।

৮। একমাত্র ঋত্বিক্‌গণের ভরণীয় যজ্ঞে তিনটী কোশ সোমস্রবণ করিতেছে; তিনটী চমস পূর্ণ হইয়াছে।

৯। হে সোম! তুমি শুচি এবং বহুপাত্রে অবস্থিত এবং মধ্যে ক্ষীরদ্বারা ও দধিদ্বারা মিশ্রীকৃত। তুমি বীর ইন্দ্রকে সর্ব্বাপেক্ষা অধিক প্রমত্ত কর।

১০। হে ইন্দ্র! তোমার এই সোম সকল তীব্র, আমাদের অভিষুত ও দীপ্ত মিশ্রণ দ্রব্য তোমার আকাঙ্ক্ষা করিতেছে।

১১। হে ইন্দ্র! উক্ত সোম সকলে মিশ্রণ দ্রব্য মিশ্রিত কর। পুরোডাশ ও এই সোমকে মিশ্রিত কর; যেহেতু তোমাকে ধনবান্ বলিয়া শুনিতে পাই।

১২। সুরা পীত হইলে, কুৎসিত মত্ততা সুরাপায়ীকে প্রমত্ত করিবার জন্য যেরূপ যুদ্ধ করে, সেইরূপ হে ইন্দ্র! পীতসোম সকল হৃদয় মধ্যে যুদ্ধ করে।

দুগ্ধপূর্ণ উধঃকে লোকে যেরূপ পালন করে, তুমি সোমপূর্ণ, স্তোতাগণ সেইরূপ তোমায় পালন করে।

১৩। হে হর্য্যশ্ব! তুমি ধনবান্, তোমার স্তোতা ধনবান্ হয়। তোমার ন্যায় ধনবান্ প্রসিদ্ধ লোকের স্তোতা প্রভু হয়।

১৪। ইন্দ্র স্তুতিশূন্য লোকের শত্রু, তিনি উচ্চার্য্যমান উকৃথ জানিতে পারেন, সম্প্রতি গায়ত্র গান করা হইতেছে।

১৫। হে ইন্দ্র! তুমি বধকারী শত্রুর হস্তে আমাকে পরিত্যাগ করিও না, অভিভবকারীর হস্তে পরিত্যাগ করিও না। হে শক্তিমান্ ইন্দ্র! তুমি স্বীয় কর্ম্ম-বলে আমাদিগকে ধন দান কর।

১৬। হে ইন্দ্র! আমরা তোমার সখা; তোমায় ইচ্ছা করি; তোমার স্তোত্রই আমাদের প্রয়োজন; আমরা তোমায় স্তব করি। কণ্বগোত্রোৎপন্নগণ উকৃথদ্বারা তোমায় স্তব করিতেছে।

১৭। হে বজ্রবান্ ইন্দ্র! তুমি কর্ম্মবান্, তোমায় নূতন যজ্ঞে আমি অন্য স্তোত্র উচ্চারণ করি না, কেবল তোমার স্তোত্রই আমি জানি।

১৮। দেবগণ সোমাভিষবকারীকে সর্ব্বদা ইচ্ছা করেন, তাহার স্বপ্নাবস্থা ইচ্ছা করেন না। তাঁহারা অনলস হইয়া অত্যন্ত মদকর সোম প্রাপ্ত হন।

১৯। হে ইন্দ্র! অন্নের সহিত আমাদের অভিমুখে প্রকৃষ্টরূপে আগমন কর। যুবতী জায়া পাইলে গুণী ব্যক্তিও যেরূপ তাহার প্রতি ক্রুদ্ধ হন না, সেইরূপ আমাদের প্রতি ক্রুদ্ধ হইও না।

২০। দুঃসহনীয় ইন্দ্র, অদ্য আমাদের সমীপে আগমন করুন, কুৎসিত জামাতার ন্যায় যেন সন্ধ্যা না করেন।

২১। আমরা এই বীর ইন্দ্রের বহুধনদাত্রী কল্যাণী অনুগ্রহ বুদ্ধি জানি। তিন লোকে প্রাদুর্ভূত ইন্দ্রের হৃদয় জানি।

২২। কণ্বমান্ ইন্দ্রের উদ্দেশে শীঘ্র সোম সেক কর, অতি বলসম্পন্ন এবং প্রভূত রক্ষাবিশিষ্ট ইন্দ্রের অপেক্ষা অধিক যশস্বী ব্যক্তি জানি না।

২৩। হে অভিষবণকারী! তুমি বীর, শক্তিমান্ ও নরগণের হিতকর। ইন্দ্রের উদ্দেশে মুখ্যরূপ সোম প্রদান কর, তিনি পান করুন।

২৪। যিনি সুখকর স্তোতাগণকে বিশেষরূপে জানেন, সেই ইন্দ্র, হোতা-দিগকে ও স্তোতাগণকে বহু অশ্বযুক্ত ও গোযুক্ত অন্ন দান করুন।

২৫। হে অভিষবণকারিগণ! তোমরা মাদয়িতব্য, বীর ও শূর ইন্দ্রের উদ্দেশে স্তুতিযোগ্য সোম দান কর।

২৬। সোম পানশীল, বৃত্রহন্তা ইন্দ্র আগমন করুন, আমাদের দূরবর্ত্তী যেন না হন। বহুবিধ রক্ষাবিশিষ্ট ইন্দ্র শত্রুগণকে নিয়ত করুন।

২৭। স্তোত্রযুক্ত, সুখকর অশ্বদ্বয় এই যজ্ঞে স্তুতিদ্বারা বিশ্রুত এবং সংভজনীয় সখা ইন্দ্রকে আনয়ন করুন।

২৮। হে শিরস্ত্রাণবিশিষ্ট, ঋষিযুক্ত, শক্তিমান্ ইন্দ্র! এই সোম স্বাদু, তুমি আগমন কর। সোম সকল মিশ্রণদ্রব্যে মিশ্রিত হইয়াছে, আগমন কর। তুমি হর্ষপ্রিয়, স্তোতা তোমার অভিমুখে স্তুতি করিতেছে।

২৯। হে ইন্দ্র! বর্দ্ধনশীল স্তোতাগণ ও স্তুতিসমূহ মহৎ ধন ও বল লাভের জন্য তোমাকে বর্দ্ধিত করে।

৩০। হে স্তুতিদ্বারা বহনীয় ইন্দ্র! তোমার জন্য যে স্তুতি ও উক্থ আছে, তাহা সমস্ত মিলিত হইয়াই তোমার বল বিধান করিতেছে।

৩১। ইন্দ্র বহুকর্ম্মা, তিনি এক এবং বজ্রহস্ত, তিনি চিরকাল হইতে শত্রুকর্তৃক অনভিভূত, তিনি স্তোতাকে বল প্রদান করেন।

৩২। ইন্দ্র দক্ষিণ হস্তদ্বারা বৃত্রকে হনন করিয়াছেন, তিনি অনেক স্থানে অনেকবার আহূত, তিনি নানা প্রকার ক্রিয়াদ্বারা মহান্।

৩৩। সমস্ত প্রজাগণ যে ইন্দ্রের অধীন, অচ্যুত বল ও অভিভব যে ইন্দ্রে বর্ত্তমান, সেই ইন্দ্র, যজমানগণের অনুমোদনকারী হউন।

৩৪। ইন্দ্র এই সমস্ত কার্য্য করিয়াছেন, তিনি সর্ব্বত্র বিশ্রুত, তিনি হবিষ্মান্‌দিগের অন্নদাতা।

৩৫। প্রহরণশীল ইন্দ্র যে গমনশীল গবাভিলাষী স্তোতাকে অপকপ্রজ্ঞ শত্রুর হস্ত হইতে রক্ষা করেন, সেই স্তোতাই প্রভু হইয়া বহুধন দান করেন।

৩৬। মেধাবী ইন্দ্র অশ্বের সাহায্যে গন্তব্য স্থানে গমন করেন। তিনি শূর। নেতা মরুদ্‌গণের সাহায্যে বৃত্র বধ করেন। তিনি পরিচর্য্যাকার যজমানের রক্ষক এবং সত্যস্বরূপ।

৩৭। হে প্রিয়মেধা! সেই ইন্দ্রের প্রতি আসক্তমান্ যজ্ঞ কর। ইন্দ্র সোম প্রাপ্ত হইলে হৃষ্ট হন, সে হর্ষ নিষ্ফল হয় না।

৩৮। হে কণ্বগণ! তোমরা সাধু লোকের পালক, অন্নাভিলাষী, বহুদেশগামী, বেগবান্ ও গেয়যশঃসম্পন্ন ইন্দ্রের স্তব কর।

৩৯। পদচিহ্ন না থাকিলেও সখা, সুকর্ম্মা ইন্দ্র নেতা দেবগণকে গাভীসকল পুনঃ প্রদান করিয়াছিলেন। দেবগণ ইন্দ্র হইতে অভিলষিত পদার্থ প্রাপ্ত হইয়াছিল।

৪০। হে বজ্রবান্ ইন্দ্র! তুমি মেষরূপে অভিগমন করতঃ এই প্রকারে স্তুতিকারী কণ্বপুত্র মেধ্যাতিথিকে প্রাপ্ত হইয়াছিলে।

৪১। হে বিভিন্দু(১); তুমি দাতা, তুমি আমাকে চারি অযুত ধন দান করিয়াছ, পরে অষ্ট সহস্র সংখ্যক দান করিয়াছ।

৪২। প্রসিদ্ধ, জলবর্দ্ধক, ভূতনির্ম্মাতা স্তোতার প্রতি অনুগ্রহশীল, দ্যাবা-পৃথিবীকে ধনোৎপত্তির জন্য স্তব করিয়াছ।

৩ সূক্ত।

১৯, ২২, ২৩ ও ২৪ এই চারিটি ঋকের কুরুযানেরপুত্র পাকস্থাম রাজার দানের স্তুতি করা হইয়াছে, অতএব উহাই দেবতা; অবশিষ্টের ইন্দ্র দেবতা। কণ্বগোত্রোৎপন্ন মেধ্যাতিথি ঋষি।

১। হে ইন্দ্র! আমাদের রসবান্, গব্যযুক্ত, অভিষুত সোম পান কর এবং তৃপ্ত হও। তুমি আমাদের সহিত মত্ত হইবার যোগ্য। তুমি বন্ধু হইয়া আমা-দিগকে বর্দ্ধিত করিবার জন্য প্রবুদ্ধ হও। তোমার বুদ্ধি আমাদিগকে রক্ষা করুক।

২। আমরা হবিষ্মান্, আমরা তোমার অনুগ্রহ লাভ করিব, শত্রুর জন্য আমাদিগকে হিংসা করিও না, আমাদিগকে বহুবিধ রক্ষাদ্বারা রক্ষা কর, আমা-দিগকে সুখে নিয়ত কর।

৩। হে বহুধনবিশিষ্ট ইন্দ্র! আমার এই বাক্য তোমাকে বর্দ্ধিত করুক, অগ্নিতুল্য তেজস্বী ও শুচি বিদ্বান্‌গণ স্তোত্রদ্বারা তোমার স্তুতি করে।

৪। ইনি সহস্র ঋষিগণের নিকট হইতে বল লাভ করিয়া বিস্তীর্ণ হইয়া-ছেন; ইহার অবিতথ, প্রসিদ্ধ মহিমা ও বল যজ্ঞে বিপ্রগণের রাজত্বে স্তুত হয়।

৫। আমরা যজ্ঞার্থে ইন্দ্রকে আহ্বান করিতেছি, যজ্ঞ আরম্ভ হইলে ইন্দ্রকে আহ্বান করিতেছি, যজ্ঞ সম্পন্ন হইলে ইন্দ্রকে আহ্বান করিতেছি। আমরা ভজমান হইয়া ধনলাভার্থে ইন্দ্রকে আহ্বান করিতেছি।

৬। ইন্দ্র আপনার বলের মহিমায় দ্যাবাপৃথিবী বিস্তারিত করিয়াছেন,

১) বিভিন্দুনামক রাজার নিকট বহুধন প্রাপ্ত হইয়া ঋষি তাঁহার স্তব করিতেছেন সায়ণ।

ইন্দ্র সূর্য্যকে দীপ্ত করিয়াছেন, সমস্ত ভুবন ইন্দ্রে নিয়মিত হইয়াছে। অভিষুত সোম ইন্দ্রে অন্তর্ভূত হয়।

৭। হে ইন্দ্র! প্রথম পানার্থে মনুষ্যগণ স্তোত্রদ্বারা তোমার স্তুতি করিতেছেন, সমীচীন ঋভুগণ তোমাকেই সম্যক্ স্তব করিতেছেন। তুমি পুরাতন, রুদ্রগণ তোমাকেই স্তব করিয়াছে।

৮। অভিষুত সোমপানে সর্ব্বদেহব্যাপী মত্ততা জন্মিলে ইন্দ্র এই যজমানেরই বীর্য্য ও বল বর্দ্ধিত করেন; মনুষ্যগণ অদ্য পূর্ব্বকালের ন্যায় ইন্দ্রের সেই গুণ স্তব করিতেছে।

৯। হে ইন্দ্র! তুমি উত্তম বীর্য্যবান্, আমি তোমার নিকট প্রথম লাভার্থ উৎকৃষ্ট অন্ন যাচ্ঞা করিতেছি। যাহাদ্বারা কর্ম্মশূন্য লোকের নিকট হইতে হিতকর ধন প্রদান করিয়াছ ও যাহাদ্বারা প্রস্কণ্বকে রক্ষা করিয়াছ, আমি তাহাই প্রার্থনা করি।

১০। হে ইন্দ্র! যে বলদ্বারা সমুদ্রের জন্য প্রভূত জল প্রেরণ করিয়াছ, তোমার সেই বল অভীষ্ট ফলপ্রদ। ইন্দ্রের সেই সেই মহিমা প্রাপ্তিযোগ্য নহে, পৃথিবী এই মহিমা অনুগমন করে।

১১। হে ইন্দ্র! শোভন বীর্য্যবিশিষ্ট যে ধন তোমার নিকট যাচ্ঞা করি আমাদিগকে সেই ধন প্রদান কর। ভজনাভিলাষী হবিষ্মান্ যজমানের উদ্দেশে প্রথম ধন প্রদান কর। হে পুরাতন! তদনন্তর স্তোতাকে দাও।

১২। হে ইন্দ্র! কর্ম্ম সংভজনকারী, যে ধন দ্বারা পুরুরাজার পুত্রকে রক্ষা করিয়াছিলে, সেই ধন আমাদের এই যজমানকে প্রদান কর। রুশম শ্যাবক ও কৃপকে যেরূপে রক্ষা করিয়াছিলে, সেইরূপ সকল হবির্নেতা যজমানকে রক্ষা কর।

১৩। সর্ব্বত্রগামী স্তুতির কর্ত্তা, কোন অভিনব মনুষ্য ইন্দ্রকে স্তুতি করিতে পারে। সুখলভ্য ইন্দ্রের স্তুতিকারী লোক ইন্দ্রের ইন্দ্রিয় ও মহত্ব ব্যাপ্ত করিতে পারে না।

১৪। হে ইন্দ্র! তুমি দেবতা, স্তুতিকারী কোন লোক তোমার উদ্দেশে যজ্ঞ করিতে ইচ্ছা করে? কোন ঋষি বিপ্র তোমার স্তুতি বহন করে? হে ইন্দ্র! তুমি কখন স্তুতিকারীর আহ্বানানুসারে আগমন কর? কখনই বা স্তোতার নিকট আগমন কর।

১৫। প্রসিদ্ধ, অতিমধুর বাক্যসমূহ ও স্তোত্রসমূহ শত্রুজয়ী, ধনভাক্, অক্ষয় রক্ষাবিশিষ্ট, অন্নাভিলাষী রথের ন্যায় উদীরিত হইতেছে।

১৬। কণ্বগণের ন্যায় ভৃগুগণ সূর্য্যরশ্মির ন্যায় ধ্যানাস্পদীভূত, ব্যাপ্ত ইন্দ্রকেই ব্যাপ্ত করিয়াছিল। প্রিয়মেধ মনুষ্যগণ পূজা করতঃ স্তোত্রদ্বারা তাঁহাকেই পূজা করিয়াছিল।

১৭। হে বৃত্রঘ্ন শ্রেষ্ঠ! হরিদ্বয়কে রথে যোজনা কর। হে ধনবান্! তুমি উগ্র, সোমপানার্থ আমাদের অভিমুখে দূরদেশ হইতে দর্শনীয় মরুদ্‌গণের সহিত আগমন কর।

১৮। হে ইন্দ্র! কর্ম্মকর্ত্তা, মেধাবী, এই যজমানগণ যজ্ঞ ভজনার্থে তোমাকেই স্তুতি করিতেছে। হে মঘবন্! হে স্তুতিভাক্ ইন্দ্র! তুমি কামুক পুরুষের ন্যায় আমাদের আহ্বান শ্রবণ কর।

১৯। হে ইন্দ্র! মহাধনুর্দ্বারা তুমি বৃত্রকে হত করিয়াছ, মায়াবী অর্ব্বুদের ও মৃগয়কে বিনাশ করিয়াছ, পর্ব্বত হইতে গোসকলকে নির্গত করিয়াছ।

২০। হে ইন্দ্র! তুমি যখন অন্তরিক্ষ হইতে মহান্ ও হননশীল বৃত্রকে নির্গত করিয়াছিলে, তখন বলপ্রকাশ করিয়াছিলে। অগ্নি সকল দীপ্ত হইয়াছিল, সূর্য্য দীপ্ত হইয়াছিল, ইন্দ্রের সেব্য সোমরস ও দীপ্ত হইয়াছিল।

২১। ইন্দ্র ও মরুদ্‌গণ যাহা আমাকে দিয়াছিলেন, কুরযানের পুত্র পাকস্থামা তাহাই আমাকে দিয়াছেন। উহা সমস্ত ধনের মধ্যে স্বর্গে ধাবমান্, প্রভাযুক্ত সূর্য্যের ন্যায় শোভা পায়।

২২। পাকস্থামা আমাকে লোহিতবর্ণ, সুন্দর বহনবিশিষ্ট, বন্ধন রজ্জুর পরিপূরক ও বহুধনের প্রাপক ধন প্রদান করিয়াছেন।

২৩। দশ সংখ্যক অশ্ব উঁহার প্রতিনিধি হইয়া আমাকে বহন করে। অশ্বগণ এইরূপে ভৃগ্যপুত্রকে বহন করিয়াছিল।

২৪। পাকস্থামা তাহার পিতার তনয় এবং বাসপ্রদ ও পরিস্ফুটভাবে বলদাতা, শত্রুদিগের হিংসাকারী ও ভোজয়িতা। লোহিতবর্ণ অশ্বদাতা পাকস্থামাকে স্তব করি।

৪ সূক্ত ।

১৫, ১৬, ১৭ এবং ১৮ ঋকের পূষা দেবতা ; ১৯, ২০ এবং ২১ ঋকের কুরুঙ্গদান দেবতা ;
অবশিষ্ট ঋকের ইন্দ্র দেবতা । দেবাতিথি ঋষি ।

১। হে ইন্দ্র! যদি পূর্ব্ব, পশ্চিম, উত্তর ও দক্ষিণ দেশস্থ নরগণ কর্ত্তৃক আহুত হইয়া থাক, হে শ্রেষ্ঠ! তথাপি আনুর পুত্রের উদ্দেশে স্তোতাগণকর্ত্তৃক প্রেরিত হও, তুর্ব্বশের উদ্দেশে স্তোতাগণকর্ত্তৃক প্রেরিত হও।

২। হে ইন্দ্র! যদিও তুমি রুম, রুমশ, শ্যাবক ও কৃপের সহিত হৃষ্ট হইয়া থাক ; স্তোত্রবাহক, কণ্বগণ তোমাকে স্তোত্র প্রদান করিতেছে, তুমি আগমন কর।

৩। গৌর মৃগ যেরূপ তৃষিত হইয়া জলপূর্ণ তৃণ শূন্য স্থান জানিতে পারে। হে ইন্দ্র! সেইরূপ তুমি বন্ধুত্ব প্রাপ্ত হইলে আমাদের অভিমুখে শীঘ্র আগমন কর, আমরা কণ্বপুত্র, আমাদের সহিত একত্র পান কর।

৪। হে মঘবান্ ইন্দ্র! সোম সকল অভিষবকারীকে ধনদানার্থে তোমাকে প্রমত্ত করুক। তুমি সোম পান করিয়াছ, ঐ সোম অভিষবণ ফলকদ্বারা অভিবৃত, অতএব অত্যন্ত প্রশংসাযোগ্য, এই জন্য তুমি মহাবল ধারণ করিয়াছ।

৫। ইন্দ্র বীরকর্ম্মদ্বারা শত্রুগণকে অভিভব করিয়াছেন, বলদ্বারা পরকীয় ক্রোধ নষ্ট করিয়াছেন। হে মহান্ ইন্দ্র! সমস্ত যুদ্ধকাম শত্রুগণকে তুমি বৃক্ষের ন্যায় নিশ্চল করিয়াছ।

৬। হে ইন্দ্র! যে তোমার স্তোত্র করে, সে সহস্রসংখ্যক বজ্রায়ুধ বীর লাভ করে, যে নমস্কার দ্বারা হব্য প্রদান করে, সে সুবীর্য্যবান্ শত্রুনিধনকারী পুত্র লাভ করে।

৭। হে ইন্দ্র! তুমি উগ্র. তোমার সখ্য লাভ করিয়া আমরা ভীত হইব না, শ্রান্তও হইব না। তুমি অভীষ্টবর্ষী, তোমার মহৎ কর্ম্মসকল প্রকাশ করা উচিত। আমরা তুর্ব্বশ ও যদুকে দেখিয়াছি।

৮। অভীষ্টবর্ষী ইন্দ্র বাম কটিপ্রদেশদ্বারা সমস্ত ভূতজাত আচ্ছাদন করিয়াছেন। হব্যদাতা ইন্দ্রের ক্রোধ উৎপাদন করেন না। মধুমক্ষিকাজাত মধুদ্বারা সংপৃক্ত ও প্রীতিজনক সোম সকলের অভিমুখে শীঘ্র আগমন কর, তাহার নিকট গমন কর, এবং পান কর।

৯। হে ইন্দ্র! তোমার সখাই অশ্ববান্, রথবান্, গোমান্ ও রূপবান্।

সে সর্ব্বদা ধন শীঘ্র প্রাপ্ত হয় এবং সকলের আহ্লাদকর হইয়া সভায় গমন করে।

১০। পিপাসু ঋশ্যনামক মৃগের ন্যায় তুমি পাত্রে আনীত সোমাভিমুখে আগমন কর, অভিলাষানুরূপ পান কর। হে মঘবন্! তুমি প্রতিদিন নিম্নমুখ বৃষ্টি সিক্তকরতঃ অত্যন্ত ওজস্বী বল ধারণ কর।

১১। হে অধ্বর্য্যু! ইন্দ্র পান করিতে ইচ্ছা করিতেছেন, তুমি সোমের অভিষব কর। তরুণবয়স্ক অশ্বদ্বয় অদ্য যোজিত হইয়াছে, বৃত্রহা আগমন করিয়াছেন।

১২। হে ইন্দ্র! যাহার সোমে তুমি তৃপ্ত হও, সে হব্যদায়ী ব্যক্তি আপনি তাহা জানিতে পারে। তোমার যোগ্য অন্ন পাত্রে সিক্ত রহিয়াছে, তুমি আগমন কর, নিকটে গমন কর ও পান কর।

১৩। হে অধ্বর্য্যুগণ! রথে ইন্দ্র অবস্থিতি করিতেছেন, তাঁহার উদ্দেশে সোম অভিষব কর। মূল প্রস্তরের উপর প্রস্তর সকল যজমানের যাগনিষ্পাদক সোম অভিষব করতঃ শোভা পাইতেছে।

১৪। আমাদের কর্ম্মে অন্তরিক্ষবিহারী, সেচন সমর্থ হরিদ্বয় ইন্দ্রকে আনয়ন করুন। হে ইন্দ্র! যজ্ঞসেবী, গমনশীল অশ্বগণ তোমাকে সবনসমূহের অভিমুখে উপনীত করুন।

১৫। আমরা সখ্যলাভার্থে বহুধনবিশিষ্ট পূষাকে বরণ করি। হে শক্র, পুরুহূত, পাপবিমোচক পূষা! আমাদিগকে আপনার বুদ্ধিদ্বারা ধনলাভ ও শত্রুনাশার্থে সমর্থ করিতে ইচ্ছা কর।

১৬। হে পূষা! আমাদিগকে বাহুস্থিত ক্ষুরের ন্যায় তীক্ষ্ণবুদ্ধি কর, হে পাপবিমোচনকারী! আমাদিগকে ধন দান কর। তোমার গোধন আমাদের সুলভ হউক। তুমি মর্ত্ত্যের প্রতি এই ধন প্রেরণ করিয়া থাক।

১৭। হে পূষা! তোমাকে প্রসাধিত করিতে ইচ্ছা করি। হে দীপ্তিযুক্ত! তোমায় স্তুতি করিতে ইচ্ছা করি। তাহার স্তোত্র ইচ্ছা করি না। যেহেতু উহা অসুখকর। হে নিবাসপ্রদ! স্তুতিকারী ও সামযুক্ত পজ্রকে অভিলষিত ধন প্রদান কর।

১৮। হে দীপ্তিযুক্ত, অমর পূষা! কোনও কালে আমাদের গোসকল তৃণ ভক্ষণে পরাগত হয় না। গোরূপ ধন আমাদের নিত্য হউক। তুমি আমাদের রক্ষক ও মঙ্গলকর হও, অন্নদানার্থে মহান্ হও।

১৯। কুরঙ্গ নামক, দীপ্তিযুক্ত ও সৌভাগ্যবান্ রাজার স্বর্গপ্রাপ্তি হেতু যজ্ঞে ও দানে(১) মনুষ্যগণের মধ্যে আমরা প্রভূত অশ্বশতযুক্ত ধন জানিতে পারিয়াছি।

২০। কণ্বপুত্র হবিষ্মান্ ও স্তোতাগণের ভজনীয়, দীপ্তিপ্রাপ্ত প্রিয়মেধ নামক ঋষিগণের সেবিত অত্যন্ত পবিত্র ষষ্টিসহস্র গোসমূহ আমি দেবাতিথি সকলের শেষে প্রাপ্ত হইয়াছি।

২১। আমি ধন প্রাপ্ত হইলে, বৃক্ষ সকলও শব্দ করিয়াছিল, যে ইঁহারা প্রশংসনীয় গোলাভ করিয়াছেন, ইঁহারা অশ্বগণ লাভ করিয়াছেন।

৫ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা, কেবল শেষ পাঁচটি অর্দ্ধ ঋকের দেবতা কশুনামক রাজা, কারণ তাহারই দানের কথা ইহাতে উক্ত হইয়াছে। কণ্বগোত্র ব্রহ্মাতিথি ঋষি।

১। দূর হইতেই নিকটে বর্ত্তমানার ন্যায় দীপ্তরূপবিশিষ্ট উষা যখন সমস্ত বস্তু শ্বেত বর্ণ করিয়া দেন, তখন দীপ্তিকে বহুপ্রকারে বিস্তারিত করেন।

২। হে দর্শনীয় অশ্বিদ্বয়! তোমরা নেতার ন্যায়। তোমরা ইচ্ছামাত্রে যোজিত বহু অন্নবিশিষ্ট রথে উষার সহিত মিলিত হও।

৩। হে অন্নযুক্ত ধনবিশিষ্ট অশ্বিদ্বয়! তোমাদের উদ্দেশে রচিত স্তোত্র সকল দর্শন কর। দূত যেমন প্রভুর বাক্য প্রার্থনা করে, সেইরূপ আমরা তোমার বাক্যের জন্য প্রার্থনা করি।

৪। তোমরা অনেকের প্রিয়, অনেকের আনন্দপ্রদ, বহুধনবিশিষ্ট, আমরা কণ্বগোত্রোৎপন্ন, আমরা আমাদের রক্ষার্থে অশ্বিদ্বয়কে স্তব করি।

৫। তোমরা পূজনীয়, সর্ব্বাপেক্ষা অধিক অন্নপ্রদ, শোভন ধনের অধিপতি এবং মঙ্গলপ্রদ ও হব্যদায়ীর গৃহে গমনশীল।

৬। যে হব্যদায়ী সুন্দর দেবতাবিশিষ্ট, তাঁহার জন্য তোমরা উত্তম যজ্ঞবিশিষ্ট অনপায়ী গোসঞ্চরণভূমিকে জলের দ্বারা সিক্ত কর।

৭। হে অশ্বিদ্বয়! অশ্বে আরোহণ করিয়া অতি শীঘ্র আমাদের স্তোত্রের নিকট আগমন কর। এই অশ্বগণের গতি প্রশংসনীয়।

(১) মূলে "দিবিষ্টিষু রাতিষু" আছে। যজ্ঞ ও দানদ্বারা স্বর্গ লাভ করা যায়, এই বিশ্বাস ইহা হইতে প্রতীয়মান হইতেছে।

৮। হে অশ্বিদ্বয়! তিন দিন ও রাত্রি সমস্ত দীপ্তিবিশিষ্ট স্থানে এই অশ্বের সাহায্যে দূর হইতে গমন কর।

৯। তোমরা দিবসের প্রাপক, আমাদের জন্য গোবিশিষ্ট অন্ন ও সম্ভোগযোগ্য ধন প্রদান কর এবং এই সকলের সম্ভোগার্থ পথ প্রদান কর।

১০। হে অশ্বিদ্বয়! আমাদের জন্য গোবিশিষ্ট, পুত্রবিশিষ্ট, সুন্দর রথবিশিষ্ট ও অশ্বযুক্ত ধন আহ্বান কর।

১১। হে শোভন পদার্থের অধিপতি, দর্শনীয়, হিরণ্ময়, মার্গযুক্ত অশ্বিদ্বয়! প্রবৃদ্ধ হইয়া সোমময় মধু পান কর।

১২। হে অন্নযুক্ত ধনবিশিষ্ট অশ্বিদ্বয়! আমরা ধনবান্, আমাদিগকে সর্ব্বতোবিস্তীর্ণ অহিংসনীয় গৃহ প্রদান কর।

১৩। তোমরা মনুষ্যের স্তোত্র রক্ষা কর, তোমরা শীঘ্র আগমন কর। অন্যের নিকট যাইও না।

১৪। হে স্তুতিযোগ্য অশ্বিদ্বয়! তোমরা আমাদিগের প্রদত্ত মদকর মনোহর মধুর অংশ পান কর।

১৫। আমাদের জন্য শত ও সহস্রসংখ্যাবিশিষ্ট, বহুনিবাসযুক্ত সকলের ধারণক্ষম ধন আনয়ন কর।

১৬। হে নেতাদ্বয়! মণীষিগণ নানা দেশে তোমাদিগকে আহ্বান করে। হে অশ্বিদ্বয়! বাহক অশ্বের সাহায্যে আগমন কর।

১৭। হব্যযুক্ত পর্য্যাপ্ত কার্য্যকারী জনগণ বর্হি ছিন্ন করতঃ তোমাদিগকে আহ্বান করিতেছে।

১৮। হে অশ্বিদ্বয়! আমাদের এই স্তোম তোমাদিগের সর্ব্বাপেক্ষা অধিক বাহক হইয়া তোমাদিগের নিকটবর্ত্তী হউক।

১৯। হে অশ্বিদ্বয়! যে মধুপূর্ণ চর্ম্মপাত্র মধ্যদেশে স্থাপিত হইয়াছে, তাহা হইতে মধু পান কর।

২০। হে অন্নযুক্ত ধনবান্ অশ্বিদ্বয়! আমাদের পশু, পুত্র ও গোগণের জন্য প্রবৃদ্ধ অন্ন সেই রথে অনায়াসে আনয়ন কর।

২১। হে দিবসের প্রাপক অশ্বিদ্বয়! স্বর্গীয় বাঞ্ছনীয় জল আমাদের জন্য যেন দ্বার দিয়াই সেচন কর।

২২। হে নেতা অশ্বিদ্বয়! তুগ্রপুত্র সমুদ্রে প্রক্ষিপ্ত হইয়া কখন স্তুতিদ্বারা তোমাদিগের পরিচর্য্যা করিয়াছিল? যে তোমাদের রথ অশ্বগণের সহিত গমন করিয়াছিল।

২৩। হে নাসত্যদ্বয়! তোমার হর্ম্যতলে বদ্ধ কণ্ব মুনিকে নানাপ্রকার রক্ষা প্রদান করিয়াছিলে।

২৪। হে বর্ষণশীল ধনবিশিষ্ট অশ্বিদ্বয়! যখন তোমাদিগকে আহ্বান করি; তখন সেই নবতর প্রশংসনীয় রক্ষার সহিত আগমন কর।

২৫। হে অশ্বিদ্বয়! তোমরা যেরূপ কণ্ব, প্রিয়মেধ, উপস্তুপ ও স্তুতিকারী অত্রিকে রক্ষা করিয়াছিলে, সেইরূপ আমাদিগকে রক্ষা কর।

২৬। ধনের জন্য যেরূপ অংশুকে, গোসমূহের জন্য যেরূপ অগস্ত্যকে, অন্নের জন্য যেরূপ সৌভারকে রক্ষা করিয়াছিলে; সেইরূপ আমাদিগকে রক্ষা কর।

২৭। হে বর্ষণশীল, ধনযুক্ত অশ্বিদ্বয়! আমরা স্তবকরতঃ এই পরিমাণ, অথবা ইহা অপেক্ষা অধিক ধন যাচ্ঞা করি।

২৮। হে অশ্বিদ্বয়! হিরণ্ময় সারথিস্থানযুক্ত, হিরণ্ময় বল্গাযুক্ত রথে অবস্থান কর।

২৯। হে অশ্বিদ্বয়! তোমাদের আলম্বনীয় রথের ঈষা হিরণ্ময়, অক্ষ হিরণ্ময়, উভয় চক্রই হিরণ্ময়।

৩০। হে অন্নযুক্ত, ধনবিশিষ্ট অশ্বিদ্বয়! ঐ রথে দূর দেশ হইতেও আগমন কর। আমাদের এই শোভন স্তুতির নিকট গমন কর।

৩১। হে মরণরহিত অশ্বিদ্বয়! তোমরা দাসগণের বহুসংখ্যক পুরী ভগ্ন করতঃ দূরদেশ হইতে অন্ন আবহন কর।

৩২। হে অনেকের প্রিয়, নাসত্য অশ্বিদ্বয়! আমাদের নিকট অন্নের সহিত আগমন কর, যশের সহিত আগমন কর ও ধনের সহিত আগমন কর।

৩৩। হে অশ্বিদ্বয়! স্নিগ্ধরূপবিশিষ্ট, পক্ষযুক্ত অশ্বগণ তোমাদিগকে সুন্দর যজ্ঞবিশিষ্ট জনের নিকট লইয়া যাউক।

৩৪। যে রথ অশ্বের সহিত বর্ত্তমান, স্তোতাগণ কর্তৃক প্রশংসনীয়, তোমাদের সেই রথ সৈন্যসমূহকে বাধা দেয় না।

৩৫। হে মনের ন্যায় বেগবিশিষ্ট নাসত্যদ্বয়! ক্ষিপ্র পদযুক্ত, অশ্ববিশিষ্ট হিরণ্ময় রথে আরোহণ করতঃ আগমন কর।

৩৬। হে বর্ষণশীল ধনযুক্ত অশ্বিদ্বয়! তোমরা সর্ব্বদা জাগরূক অন্বেষণীয় সোম পান কর, সেই তোমরা অন্ন প্রদান কর।

৩৭। হে অশ্বিদ্বয়! তোমরা অভিনব সম্ভজনীয় ধন জান। চেদিবংশীয় কশু

রাজার যে প্রকারে শত উষ্ট্র দশসহস্র গো(১) প্রদান করিয়াছিলেন তাহাও জান।

৩৮। যে কণ্ড আমার পরিচর্য্যার্থ হিরণ্যসদৃশ দশজন রাজা প্রদান করিয়াছিলেন, সমস্ত প্রজা সেই চেদিবংশীয় কণ্ডরাজার পদের নিম্নে অবস্থিতি করে।

৩৯। যে পথে এই চেদিরা গমন করিতেছে, সে পথে আর কেহ যাইতে পারে না। ইহা অপেক্ষা অধিকতর দানশীল বিদ্বান্ ব্যক্তি স্তোতার জন্য দান করে নাই।

---

৬ সূক্ত।

ইন্দ্র দেবতা, শেষ তিনটী ঋকে পরশুনামক রাজারপুত্র তিরিন্দিরের দানের প্রশংসা করা হইয়াছে বলিয়া তাহাই দেবতা। বৎস ঋষি।

১। বৃষ্টিমান্ পর্জ্জন্যের ন্যায় যিনি বলে মহান্, তিনি বৎসের স্তোমের দ্বারা বর্দ্ধিত হন।

২। যখন মতোদেশপূর্ণকারী অশ্বগণ, যজ্ঞের প্রজা ইন্দ্রকে বহন করে, তখন বিদ্বান্গণ যজ্ঞের প্রাপক স্তুতি দ্বারা স্তব করে।

৩। কণ্বগণ স্তোমদ্বারা ইন্দ্রকে যজ্ঞসাধক করিয়াছেন, অতএব লোকে আয়ুধকে আত্মীয় বলিয়া থাকে।

৪। সিন্ধুগণ যেরূপ সমুদ্রকে প্রণাম করে, সমস্ত মানব প্রজাগণ ইঁহার ক্রোধের ভয়ে ইহাকে স্বয়ং প্রণাম করে।

৫। যে বলদ্বারা ইন্দ্র, দ্যাবাপৃথিবী উভয়কেই চর্ম্মের ন্যায় সম্বর্ত্তিত করেন, তাহার সেই বল দীপ্ত হইয়াছিল।

৬। তিনি কম্পক বৃত্রের মস্তক শতপর্ব্ব বীর্য্যশালী বজ্রদ্বারা ছেদ করিয়াছিলেন।

৭। আমরা স্তোতাগণের অগ্রে অগ্নির দীপ্তির ন্যায় দীপ্যমান্ এই স্তোত্রসমূহ পুনঃ পুনঃ উচ্চারণ করিব।

---

(১) মূলে "শতং উষ্ট্রাণাং সহস্রাদশ গোনাং" আছে। ঋগ্বেদে পালিত পশুদিগের মধ্যে গো, মহিষ ও অশ্বেরই অধিক উল্লেখ দেখা যায়, তদ্ভিন্ন গজ, উষ্ট্র প্রভৃতি পশুরও উল্লেখ স্থানে স্থানে পাওয়া যায়।

৮। গুহাতে বর্ত্তমান যে স্তুতিসমূহ স্বয়ং উপগত হইয়া দীপ্তি পায়, কণ্বগণ উহা উদকধারাযুক্ত করুন।

৯। হে ইন্দ্র! আমরা যেন গোযুক্ত, অশ্বযুক্ত ধন প্রাপ্ত হই এবং অন্যের পূর্ব্বে জ্ঞানের জন্য অন্ন প্রাপ্ত হই।

১০। আমি পিতা ও সত্য ইন্দ্রের অনুগ্রহ লাভ করিয়াছি। আমি সূর্য্যের ন্যায় প্রাদুর্ভূত হইয়াছি।

১১। আমি কণ্বের ন্যায় নিত্য স্তোত্রদ্বারা বাক্যসমূহ অলঙ্কৃত করি, উহা-দ্বারা ইন্দ্র বল ধারণ করেন।

১২। হে ইন্দ্র! যাহারা তোমাকে স্তুতি করে না ও যে ঋষিগণ তোমাকে স্তুতি করে এই সকলের মধ্যে আমার স্তোত্রে সুন্দররূপে স্তুত হইয়া বৃদ্ধি প্রাপ্ত হও।

১৩। যখন ইঁহার ক্রোধ বৃত্রকে পর্ব্বে২ বিভাগ করতঃ শব্দ করিয়াছিল, তখন তিনি সমুদ্রাভিমুখে জল প্রেরণ করিয়াছিলেন।

১৪। হে ইন্দ্র! তুমি, উপক্ষপয়িতা শুষ্ণের প্রতি ধারয়িতব্য বজ্র আঘাত করিয়াছিলে। হে উগ্র! তুমি অভীষ্টবর্ষী বলিয়া বিদিত।

১৫। দ্যুলোকসমূহ ইন্দ্রকে বলদ্বারা ব্যাপ্ত করে না, অন্তরিক্ষসমূহ বজ্র-ধারীকে ব্যাপ্ত করে না, ভূমিসমূহ ব্যাপ্ত করে না।

১৬। হে ইন্দ্র! যে বৃত্র তোমার মহৎ জল স্তম্ভন করতঃ পরিব্যাপ্ত করিয়া-ছিল, তাহাকে গমনশীল জলের মধ্যে বধ করিয়াছিলে।

১৭। যে, এই মহতী, সংগতা দ্যাবাপৃথিবীকে আবৃত করিয়াছিল, হে ইন্দ্র! তাহাকে তমঃ সমূহদ্বারা সংবৃত করিয়াছ।

১৮। হে উগ্র ইন্দ্র! যে যতিগণ তোমাকে স্তুতি করে, যে ভৃগুগণ তোমাকে স্তব করে, তাঁহাদের মধ্যে আমার আহ্বান শ্রবণ কর।

১৯। হে ইন্দ্র! তোমার এই সত্যবর্দ্ধয়িত্রী গাভীগণ ঘৃত এবং আশির দোহন করে।

২০। হে ইন্দ্র! প্রসবকারিণী গোসকল আস্যদ্বারা তোমার প্রদত্ত অন্ন ভক্ষণ করিয়া সূর্য্যের চতুর্দ্দিকে জলের ন্যায় গর্ভ ধারণ করিয়াছিল।

২১। হে বলপতি ইন্দ্র! কণ্বগণ উকথদ্বারা তোমাকে বর্দ্ধিত করিতেছে, অভিষুত সোমসমূহ তোমায় বর্দ্ধিত করিয়াছিল।

২২। হে বজ্রবান্ ইন্দ্র! তুমি পথপ্রদর্শক হইলে উত্তম স্তুতি ও প্রবৃদ্ধ যজ্ঞ করা হয়।

২৩। হে ইন্দ্র! আমাদের জন্য মহান্, গোমান্ অন্ন রক্ষা করিতে ও বীর্য্য-বান্ পুত্রাদি দান করিতে ইচ্ছা কর।

২৪। হে ইন্দ্র! নহুষরাজার প্রজাগণের সম্মুখে শীঘ্রগামী অশ্বযুক্ত যে বল প্রদান করিয়াছ, আমাদিগকেও তাহা প্রদান কর।

২৫। হে ইন্দ্র! তুমি প্রাজ্ঞ, তুমি ইদানীং নিকট হইতে দর্শনীয় গোষ্ঠ বিস্তার কর ও আমাদিগকে সুখী কর।

২৬। হে ইন্দ্র! তুমি বলের ন্যায় আচরণ কর ও মনুষ্যগণের রাজা হও, তুমি বলদ্বারা মহান্ ও অনভিভবনীয়।

২৭। হে ইন্দ্র! তুমি, বিস্তীর্ণব্যাপী। হব্যবান্ লোকসকল সোমদ্বারা তোমাকে তৃপ্ত করিবার জন্য তোমার নিকট আগমন করিয়া স্তব করে।

২৮। পর্ব্বতগণের প্রান্তদেশে নদীসকলের সঙ্গমস্থলে যজ্ঞক্রিয়া করিলে মেধাবী ইন্দ্র জন্ম গ্রহণ করেন।

২৯। সর্ব্বব্যাপী ইন্দ্র, যে লোকে বিহার করেন, সেই উর্দ্ধলোক হইতে বিদ্বান্ ইন্দ্র নিম্নমুখে সমুদ্র দর্শন করেন।

৩০। দ্যুলোকের উপরিভাগে ইন্দ্র যখন দীপ্তি লাভ করেন, তখনই পুরাতন জলপ্রদ ইন্দ্রের নিবাস জ্যোতিঃ লোকে দর্শন করে।

৩১। হে ইন্দ্র! সমস্ত কণ্বগণ তোমার বুদ্ধি ও বল বর্দ্ধন করিতেছে। হে বলবত্তম! তোমার বীরকর্ম্মও বর্দ্ধন করিতেছে।

৩২। হে ইন্দ্র! তুমি আমাদের এই সুন্দরস্তুতি সেবা কর, আমাকে ভাল করিয়া রক্ষা কর, আমার বুদ্ধিকে প্রবর্দ্ধিত কর।

৩৩। হে প্রবৃদ্ধ বজ্রবান্ ইন্দ্র! আমরা মেধাবী, আমরা জীবনার্থ তোমার জন্য স্তোত্র করিয়াছিলাম।

৩৪। কণ্বগণ স্তব করিতেছে, নিম্নাভিমুখে গমনশীল জলসমূহের ন্যায় রমণীয় স্তুতি আপনিই ইন্দ্রের সেবার উপযুক্ত হয়।

৩৫। নদগণ যেরূপ সমুদ্রকে বর্দ্ধিত করে, উক্থসকল ইন্দ্রকে সেইরূপ বর্দ্ধিত করিতেছে, ইন্দ্র জরারহিত, তাঁহার ক্রোধ কেহ নিবারণ করিতে পারে না।

৩৬। হে ইন্দ্র! দূরদেশ হইতে কমনীয় অশ্বে আরোহণ করতঃ আমাদের নিকট আগমন কর, অভিষুত সোম পান কর।

৩৭। হে সর্ব্বাপেক্ষা শত্রুনাশক ইন্দ্র! যে সকল লোক বর্হিঃ ছিন্ন করে, তাহারা অন্নলাভের জন্য তোমাকে আহ্বান করে।

৩৮। হে ইন্দ্র! চক্র যেরূপ অশ্বের অনুবর্ত্তন করে, দ্যাবাপৃথিবী উভয়েই সেইরূপ তোমার অনুবর্ত্তন করে, অভিষুত সোম সকল তোমার অনুবর্ত্তন করে।

৩৯। হে ইন্দ্র! শর্য্যণাদেশের পুষ্করিণীতে সমস্ত ঋত্বিক্‌গণকর্ত্তৃক আরব্ধ যজ্ঞে তৃপ্ত হও, পরিচর্য্যাকারীর স্তুতিদ্বারা আনন্দ লাভ কর। (১)

৪০। প্রবৃদ্ধ, অভীষ্টবর্ষী, বজ্রবান্, অতিশয় সোমপায়ী বৃত্রহন্তা ইন্দ্র দ্যুলোকের সমীপে শব্দ করেন।

৪১। হে ইন্দ্র! তুমি পূর্ব্বজাত ঋষি, তুমি অদ্বিতীয় বলদ্বারা সকলের অধিপতি হইয়াছ। তুমি বারংবার ধন দান কর।

৪২। প্রশস্ত পৃষ্ঠবিশিষ্ঠ, শতসংখ্যক অশ্বগণ আমাদের অভিষুত সোম ও অন্নের উদ্দেশে তোমাকে বহন করুক।

৪৩। কণ্বগণ উক্‌থদ্বারা এই পূর্ব্বকৃতা, মধুর জলের বর্দ্ধয়িত্রী যোগক্রিয়া বর্দ্ধিত করুন।

৪৪। দেবগণ বিশেষরূপে মহান্, তাঁহাদের মধ্যে ইন্দ্রকেই মনুষ্যগণ ধনাভিলাষী হইয়া রক্ষণার্থ বরণ করে।

৪৫। হে বহুস্তুত ইন্দ্র! যজ্ঞপ্রিয় ঋষিগণ কর্ত্তৃক স্তুত অশ্বদ্বয় সোমপানার্থ তোমায় আমাদের অভিমুখে বহন করুক।

৪৬। যদুগণের মধ্যে পশুর পুত্র তিরিন্দিরের নিকট শত ও সহস্র ধন গ্রহণ করিয়াছি।

৪৭। তাহারা পর্জ্জকে ও সামকে তিনশত অশ্ব ও দশশত গো প্রদান করিয়াছিল।

৪৮। ইনি উন্নত হইয়া চারি ধনভার যুক্ত উষ্ট্রসমূহ প্রদান করতঃ এবং যদুগণকে (২) দাসরূপে প্রদান করতঃ কীর্ত্তিদ্বারা স্বর্গ ব্যাপ্ত করিয়াছিলেন।

---

(১) শর্য্যণা হ্রদতীরে যদুবংশীয় পরশুরাজার পুত্র তিরিন্দির নিবাস করিতেন। কণ্বগোত্রীয় বৎস তাঁহার পুরোহিত। ৮।৭।২৯ ঋকের টীকা দেখ।

(২) এস্থানে ও অন্যান্য স্থানে যদুগণের উল্লেখ আছে। কণ্বগণ তাঁহাদের পুরোহিত।

৭ সূক্ত।

মরুৎগণ দেবতা। কণ্বগোত্র বৎস ঋষি।

১। হে মরুৎগণ! যখন বিজ্ঞ ব্যক্তি সবনত্রয়ে প্রশস্ত অন্ন প্রক্ষেপ করেন, তখন তোমরা পর্ব্বতসমূহে দীপ্তি পাও।

২। হে বলাভিলাষী শোভমান্ মরুৎগণ! তোমরা যখন রথকে অশ্বদ্বারা সংশ্লিষ্ট কর, তখন পর্ব্বতগণ প্রচলিত হয়।

৩। শব্দকারী পৃশ্নিতনয় মরুৎগণ বায়ুগণের দ্বারা মেঘ উদ্গত করেন এবং বৃদ্ধিকর অন্ন দান করেন।

৪। যখন মরুৎগণ বায়ুগণের সহিত রথে গমন করেন, তখন তাঁহারা বৃষ্টি নিক্ষেপ করেন, পর্ব্বতগণকে কম্পিত করেন।

৫। তোমাদের রথের জন্য গিরিসমূহ নিয়ত হয়, সিন্ধুগণ বিধরণের জন্য এবং মহৎ বলের জন্য নিয়ত হয়।

৬। আমরা তোমাদিগকে রাত্রিতে রক্ষার জন্য আহ্বান করি, দিবাভাগে তোমাদিগকে আহ্বান করি, যজ্ঞ আরম্ভ হইলে তোমাদিগকে আহ্বান করি।

৭। সেই অরুণরূপবিশিষ্ট, বিচিত্র, শব্দকারী মরুৎগণ রথযোগে দ্যুলোকের উপরিভাগে সানুপ্রদেশে উদ্গমন করেন।

৮। যে মরুৎগণ সূর্য্যের গমনার্থে রশ্মিযুক্ত পথ সৃষ্টি করেন, তাঁহারা তেজোদ্বারা অবস্থান করেন।

৯। হে মরুৎগণ! আমার এই বাক্য ভজনা কর। হে মহান্ মরুৎগণ! এই স্তোম ভজনা কর, এই আমার আহ্বান সেবা কর।

১০। পৃশ্নিগণ বজ্রীর জন্য উৎস, কবন্ধ(১) ও উদ্রি(২) এই তিন সরোবর হইতে মধু দোহন করিয়াছিলেন।

১১। হে মরুৎগণ! যখন আপনার সুখাভিলাষে আমরা স্বর্গ হইতে তোমাদিগকে আহ্বান করি, তখন শীঘ্রই আমাদের নিকট আগমন কর।

১২। হে সুন্দরদানশীল মহাতেজস্বী রুদ্রপুত্রগণ! তোমরা গৃহে আনন্দ সনরে [illegible] জ্ঞানসম্পন্ন হও।

---

(১) জল। সায়ণ।

(২) মেঘ। সায়ণ।

১৩। হে মরুৎগণ! স্বর্গ হইতে আমাদের জন্য মদস্রাবী, বহুনিবাসপ্রদ সকলের ভরণসমর্থ ধন আনাইয়া দাও।

১৪। হে শুভ্র মরুৎগণ! তোমরা যখন পর্ব্বতের উপরিভাগে তোমাদের যান লইয়া যাও, তখন অভিষুত সোমের বলে প্রমত্ত হও।

১৫। স্তোতা স্তুতিদ্বারা অহিংসনীয় মরুৎগণের নিকট তাঁহাদের সুখ ভিক্ষা করেন।

১৬। মরুৎগণ অক্ষীণ মেঘকে দোহন করতঃ জলবিন্দুর ন্যায় বৃষ্টিদ্বারা দ্যাবাপৃথিবী সম্পূর্ণরূপে ব্যাপ্ত করে।

১৭। পৃশ্নিপুত্রগণ শব্দ করতঃ ঊর্দ্ধে গমন করেন, রথদ্বারা ঊর্দ্ধে গমন করেন, বায়ুদ্বারা ঊর্দ্ধে গমন করেন এবং স্তোমদ্বারা ঊর্দ্ধে গমন করেন।

১৮। যাহাদ্বারা তুর্ব্বসু ও যদুকে রক্ষা করিয়াছ, যাহাদ্বারা ধনকাম কণ্বকেও রক্ষা করিয়াছ, আমরা ধনের জন্য তাহারই ধ্যান করিতেছি।

১৯। হে উত্তম দানশীল মরুৎগণ! ঘৃতের ন্যায় পুষ্টিকর এই অন্ন কণ্ব গোত্রোৎপন্নের স্তোত্রের সহিত বর্দ্ধিত কর।

২০। হে মরুৎগণ! তোমরা দানশীল, তোমাদের জন্য বর্হিঃ ছিন্ন হইয়াছে, তোমরা এক্ষণে কোথায় মত্ত হইতেছ? কোন স্তোতা তোমাদের পরিচর্য্যা করিতেছেন?

২১। হে বৃক্তবর্হিঃ মরুৎগণ! তোমরা যে অন্য কর্ত্তৃক পূর্ব্বকৃত স্তোত্রদ্বারা যজ্ঞের বলসমূহ প্রীত করিতেছ তাহা নহে।

২২। সেই মরুৎগণ ওষধির সহিত অনেক জল মিলাইয়াছিলেন, দ্যাবাপৃথিবীকে স্ব স্ব স্থানে অবস্থিত করিয়াছিলেন, সূর্য্যকে স্থাপন করিয়াছেন। তাঁহারা প্রতিপর্ব্বে বজ্র ধারণ করিয়াছিলেন।

২৩। রাজাশূন্য বৃষ্ণি ও বলকারক মরুৎগণ পর্ব্বতের ন্যায় বৃত্রকে পর্ব্বে পর্ব্বে বিনাশ করিয়াছিলেন।

২৪। মরুৎগণ, যুদ্ধকারী ত্রিতের বল রক্ষা করিয়াছিলেন, তাহার ক্রতুও রক্ষা করিয়াছিলেন, বৃত্রবধার্থ ইন্দ্রকে রক্ষা করিয়াছিলেন।

২৫। আয়ুধহস্ত, দীপ্তিমান্ শুভ্র মরুৎগণ শোভার্থে মস্তকে হিরণ্ময় শিরস্ত্রাণ প্রকাশিত করেন।

২৬। হে মরুৎগণ! তোমরা কামনা করিয়া অভীষ্টবর্ষী রথের মধ্যস্থলে

দূরদেশ হইতে আগমন করিয়াছিলে। দ্যুলোকবর্ত্তী জনসমূহের ন্যায় ভূতসকল কম্পান্বিত হইয়াছিল।

২৭। দেবগণ আমাদিগের যজ্ঞদানার্থে স্বর্ণময় পাদবিশিষ্ট অশ্বে আরোহণ করতঃ আগমন করুন।

২৮। এই মরুৎগণের রথ, যখন বিন্দুচিহ্নিত, শীঘ্রগামী রোহিত বহন করে, তখন শোভমান মরুৎগণ গমন করেন এবং জল প্রবাহিত হয়।

২৯। নেতাগণ শোভন সোমবিশিষ্ট, যজ্ঞগৃহোপেত, ঋজীকা দেশে শর্য্যণা তীরে রথচক্র নিম্নমুখ করিয়া গমন করেন(১)।

৩০। হে মরুৎগণ! কখন তোমরা এই প্রকারে আহ্বানকারী যাচমান বিপ্রের নিকট সুখহেতুভূত ধনের সহিত গমন করিবে?

৩১। তোমরা স্তুতিদ্বারা প্রীত হইয়া থাক; তোমরা যে ইন্দ্রকে পরিত্যাগ করিয়াছিলে, সে কখন? তোমাদের সখ্য কে প্রার্থনা করিয়াছিল?

৩২। হে কণ্বগণ! অগ্নিকে বজ্রহস্ত ও স্বর্ণময়বাশীবিশিষ্ট মরুদ্‌গণের সহিত স্তব কর।

৩৩। আমি বর্ষণশীল ও যজনীয় ও বিচিত্রবলবিশিষ্ট মরুৎগণকে নবতর সুখলভ্য ধনের জন্য আবর্ত্তিত করি।

৩৪। গিরিসকল পীড্যমান ও বাধাপ্রাপ্ত হইলেও স্বস্থান ভ্রষ্ট হয় না। পর্ব্বত সকলও নিয়মিত হয়।

৩৫। বহু দূরব্যাপী, গমনবিশিষ্ট অশ্বগণ আকাশমার্গে গমন করতঃ মরুৎ-গণকে আনয়ন করে। তাঁহারা স্তুতিকারীকে অন্ন দান করেন।

৩৬। অগ্নি তেজোবলে স্তুতিযোগ্য সূর্য্যের ন্যায় সকলের মুখ্য হইয়া জন্ম গ্রহণ করিয়াছেন। মরুৎগণ দীপ্তিবলে নানা স্থানে অবস্থিতি করিতেছেন।

(১) অর্থাৎ ঋজীকা দেশে শর্য্যণা তীরে যদুবংশীয় তিরিন্দির রাজার যজ্ঞে অবতরণ করেন। শর্য্যণা সম্বন্ধে ৮।৬৪। ১১ ঋক দেখ। এবং ৯।১৩৩।১ ঋক্ দেখ।

৮ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। কণ্বগোত্রীয় সধ্বংসাখ্য ঋষি।

১। হে অশ্বিদ্বয়! তোমরা দর্শনীয়, তোমাদের রথ হিরণ্ময়, তোমরা সমস্ত রক্ষার সহিত আগমন কর, সোমময় মধু পান কর।

২। হে অশ্বিদ্বয়! তোমরা ভোক্তা, হিরণ্ময় শরীরবিশিষ্ট, কবি ও গম্ভীর-চিত্র; তোমরা সূর্য্যের ন্যায় উজ্জ্বল রথে অবশ্য আমাদের নিকট আগমন কর।

৩। হে অশ্বিদ্বয়! দোষবর্জ্জিত স্তুতিপ্রযুক্ত অন্তরিক্ষ হইতে মনুষ্য লোকাভিমুখে আগমন কর ও কণ্বদিগের যজ্ঞে অভিষুত সোম পান কর।

৪। কণ্বের পুত্র এই যজ্ঞে তোমাদের জন্য সোমময় মধু অভিষব করিতেছেন; অতএব হে অশ্বিদ্বয়! অধোলোকের প্রতি প্রীতিবিশিষ্ট হইয়া তোমরা দ্যুলোক হইতে ও অন্তরিক্ষ হইতে আগমন কর।

৫। হে অশ্বিদ্বয়! সোমপানার্থে আমাদের স্তুতিবিশিষ্ট এই যজ্ঞে আগমন কর। হে কবি ও নেতাদ্বয়! তোমরা স্তুতিপ্রযুক্ত ও কর্ম্মপ্রযুক্ত স্তোতার বৃদ্ধি প্রদান কর।

৬। হে নেতাদ্বয়! পূর্ব্বকালে ঋষিগণ যখন তোমাদিগকে রক্ষার্থে আহ্বান করিয়াছিলেন, হে অশ্বিদ্বয়! তোমরা আগমন করিয়াছিলে। অতএব আমার এই সুস্তুতির নিকট আগমন কর।

৭। হে স্বর্গবিৎ অশ্বিদ্বয়! তোমরা দ্যুলোক ও অন্তরিক্ষ হইতে আমাদের নিকট আগমন কর; হে বৎসের প্রতি প্রকৃষ্ট জ্ঞানবিশিষ্ট অশ্বিদ্বয়! তোমরা বুদ্ধির সহিত আগমন কর; হে আহ্বান শ্রবণকারিদ্বয়! তোমরা স্তোত্রের সহিত আগমন কর।

৮। আমি ভিন্ন অন্য কেহ কি স্তোমদ্বারা অশ্বিদ্বয়ের উপাসনা করিতে পারে? কণ্বের পুত্র বৎসঋষি স্তুতিদ্বারা তোমাদিগকে বর্দ্ধিত করিয়াছে।

৯। হে অশ্বিদ্বয়! এই যজ্ঞে স্তোতা রক্ষার্থে স্তুতিদ্বারা তোমাদিগকে আহ্বান করিয়াছে। হে পাপশূন্য, শত্রুবিনাশকগণের শ্রেষ্ঠ অশ্বিদ্বয়! তোমরা আমাদের সুখপ্রদ হও।

১০। হে অন্নযুক্ত ধনবিশিষ্ট অশ্বিদ্বয়! যোষিৎ তোমাদের রথে আরোহণ করিয়াছিলেন। হে অশ্বিদ্বয়! তোমরা সমস্ত অভিলষিত পদার্থ প্রাপ্ত হও।

১১। হে অশ্বিদ্বয়! তোমরা যে স্থানে আছ, বহুতর রূপযুক্ত রথে আরো-

হণ করতঃ সেই স্থান হইতে আগমন কর। কবির পুত্র কবিবৎস মধুময় বাক্য উচ্চারণ করিতেছেন।

১২। হে বহুমদবিশিষ্ট, বহুধনযুক্ত, ধনপ্রদ জগৎ বাহক অশ্বিদ্বয়! আমার এই স্তোত্র প্রশংসা কর।

১৩। হে অশ্বিদ্বয়! আমাদিগের জন্য যশস্কর সমস্ত ধন দান কর, আমাদিগকে প্রজোৎপাদনরূপ কর্ম্মবান্ কর, নিন্দকদিগের বশীভূত করিও না।

১৪। হে নাসত্যদ্বয়! দূরদেশেই থাক, অথবা নিকটেই থাক, যে স্থান হইতেই হউক, সহস্ররূপবিশিষ্ট রথে আগমন কর।

১৫। হে নাসত্যদ্বয়! যে বৎস ঋষি স্তুতিদ্বারা তোমাদিগকে বর্দ্ধিত করিয়াছেন, তাহার জন্য সহস্ররূপবিশিষ্ট, ঘৃতক্ষরণশীল অন্ন প্রদান কর।

১৬। হে অশ্বিদ্বয়! তোমরা উঁহার জন্য ঘৃতধারাযুক্ত বলকর অন্ন প্রদান কর। হে দানাধিপতিদ্বয়! ইনি আপনাদের সুখের জন্য স্তুতি করিয়াছেন এবং নিজের জন্য ধন অভিলাষ করেন।

১৭। হে শত্রুভক্ষক বহুভোজী নেতা অশ্বিদ্বয়! তোমরা আমাদের এই স্তুতিক্রমে আগমন কর, আমাদিগকে সুশ্রী কর ও পার্থিব পদার্থ প্রদান কর।

১৮। প্রিয় মেধনামক ঋষিগণ, দেবগণের আহ্বান সময়ে তোমাদিগকে সমস্ত রক্ষার সহিত আহ্বান করিয়াছে। তোমরা যজ্ঞে শোভা পাও।

১৯। হে সুখপ্রদ, আরোগ্যপ্রদ, স্তুতিযোগ্য অশ্বিদ্বয়! যে বৎস স্তুতিদ্বারা তোমাদিগকে বর্দ্ধিত করিয়াছে, তাহার অভিমুখে আগমন কর।

২০। যে উপায়দ্বারা কণ্বকে, মেধাতিথিকে, বশকে, ও দশব্রজকে, এবং গোশর্য্যকে রক্ষা করিয়াছ, হে নেতাদ্বয়! তাহাদ্বারা আমাদিগকে রক্ষা কর।

২১। হে নেতা অশ্বিদ্বয়! যাহাদ্বারা প্রাপ্তব্য ধনের জন্য ত্রসদস্যুকে রক্ষা করিয়াছিলে, তাহারই দ্বারা আমাদিগকে অন্নলাভার্থে উত্তমরূপে রক্ষা কর।

২২। হে বহুত্রাতা, শত্রুনাশকগণের শ্রেষ্ঠ অশ্বিদ্বয়! দোষশূন্য স্তোম ও বাক্য সকল তোমাদিগকে প্রবর্দ্ধিত করুক। তোমরা আমাদের সম্বন্ধে বহুলরূপে অভীপ্সিত হও।

২৩। অশ্বিদ্বয়ের তিন পদ(১) গুহায় বর্ত্তমান থাকিয়া পরে আবির্ভূত হইতেছে। কবি অশ্বিদ্বয়, যজ্ঞের হেতুভূত এই পদের সাহায্যে জীবলোকে শ্রেষ্ঠ হইয়াছেন।

(১) অর্থাৎ রথের তিন চক্র। সায়ণ।

৯ সূক্ত ।

অশ্বিদ্বয় দেবতা। শশকর্ণ ঋষি।

১। হে অশ্বিদ্বয়! তোমরা বৎসের রক্ষার্থ নিশ্চয়ই গমন করিয়াছ, ঐ ঋষিকে বাধারহিত বিস্তীর্ণ গৃহ প্রদান কর, উঁহার শত্রুগণকে দূর করিয়া দাও।

২। হে অশ্বিদ্বয়! যে ধন অন্তরিক্ষে ও যে ধন স্বর্গে বর্ত্তমান ও যাহা পঞ্চ শ্রেণী মনুষ্যে অনুপ্রবিষ্ট, সেই ধন প্রদান কর।

৩। হে অশ্বিদ্বয়! যে বিপ্রগণ তোমাদের কর্ম্ম পুনঃ পুনঃ অনুষ্ঠান করে, তোমরা তাহাদের জান। অতএব কণ্বপুত্রের কর্ম্ম অবগত হও।

৪। হে অশ্বিদ্বয়! তোমাদের হবিঃ স্তোত্রদ্বারা পরিষিক্ত হইতেছে, হে অন্ন-বিশিষ্ট, ধনযুক্ত অশ্বিদ্বয়! যে সোমদ্বারা তোমরা বৃত্রকে জানিতে পারিয়াছিলে, সে মধুমান্ সোম এই।

৫। হে বহুকর্ম্মা অশ্বিদ্বয়! জলে, বনস্পতিতে এবং ওষধিতে যাহা করিয়াছ, তাহার দ্বারা আমাদের রক্ষা কর।

৬। হে দেব নাসত্যদ্বয়! তোমরা জগৎ পোষণ করিয়াছ ও সকলকে আরোগ্য করিয়াছ, বৎস স্তুতিদ্বারা তোমাদিগকে পাইতেছে না। তোমরা হবিষ্মানের নিকট গমন কর।

৭। ঋষি উৎকৃষ্ট বুদ্ধিদ্বারা অশ্বিদ্বয়ের স্তোত্র জানিয়াছিলেন, অতিশয় মধুর সোম ও হবিঃ, অথর্ব্ব অগ্নিতে প্রক্ষেপ করিয়াছেন।

৮। হে অশ্বিদ্বয়! তোমরা শীঘ্রগামী রথে আরোহণ কর, আমার এই স্তোত্র সকল সূর্য্যের ন্যায় তোমাদের অভিমুখে গমন করিতেছে।

৯। হে নাসত্যদ্বয়! অদ্য উক্থদ্বারা যে প্রকারে তোমাদিগকে আনয়ন করিতেছি, যে প্রকারে বাণীদ্বারা আনয়ন করিতেছি, সেই প্রকারেই কণ্বপুত্রের স্তোত্র অবগত হও।

১০। হে অশ্বিদ্বয়! কক্ষিবান্ ঋষি যেরূপে তোমাদিগকে আহ্বান করিয়াছে, যেরূপে ব্যশ্ব ও দীর্ঘতমাঃ যেরূপে বেণের পুত্র পৃথী যজ্ঞগৃহে আহ্বান করিয়াছেন, সেইরূপেই আমি স্তব করিতেছি। আমার এই স্তোত্র অবগত হও।

১১। হে অশ্বিদ্বয়! তোমরা গৃহপালক হইয়া আগমন কর। তোমরা

অতিশয় পালক, জগৎপালক ও শরীর পালক হও; পুত্র পৌত্রের গৃহে আগমন কর।

১২। হে অশ্বিদ্বয়! যদি তোমরা ইন্দ্রের সহিত এক রথে গমন কর, যদি বায়ুর সহিত এক স্থানবাসী হও, যদি অদিতির পুত্রগণের সহিত সমান প্রীতিযুক্ত হও, যদি বিষ্ণুর পাদক্ষেপে অবস্থান কর, তবে আগমন কর (১)।

১৩। যদি আমি সংগ্রামার্থে অশ্বিদ্বয়কে আহ্বান করি, তখন তাঁহারা আগমন করুন। যুদ্ধে শত্রুগণের হিংসা করণে অশ্বিগণের যে অভিভবকর রক্ষা আছে, তাহাই শ্রেষ্ঠ।

১৪। হে অশ্বিদ্বয়! এই হব্য সকল তোমাদের জন্য বিহিত হইয়াছে, তোমরা অবশ্য আগমন কর। এই সোম তুর্ব্বশ ও যদুতে বর্ত্তমান। ইহা তোমাদের জন্য সংস্কৃত ও কণ্বপুত্রগণকে প্রদত্ত।

১৫। হে নাসত্যদ্বয়! দূরে অথবা নিকটে যে ভেষজ আছে, হে প্রচেতাদ্বয়! তাহার সহিত বিমদের ন্যায় বৎসকে গৃহ প্রদান কর।

১৬। অশ্বি সম্বন্ধীয়, দ্যুতিমান্ স্তোত্রের সহিত আমি প্রবুদ্ধ হইয়াছি। হে দ্যুতিমতি উষা! আমার স্তুতি প্রযুক্ত তমঃ নিবারণ কর ও মর্ত্তসমূহকে ধন দান কর।

১৭। হে উষা! হে দেবি! হে সুনৃতে! হে মহতি! অশ্বিদ্বয়কে প্রবুদ্ধ কর, প্রবুদ্ধ কর। হে দেবগণের আহ্বাতা! অনবরত প্রবোধিত কর, উঁহাদের আনন্দের জন্য বৃহৎ অন্ন প্রস্তুত হইয়াছে।

১৮। হে উষা! যখন তুমি দীপ্তির সহিত গমন কর, তখন সূর্য্যের সহিত সমান শোভা পাও। সেই সময় অশ্বিদ্বয়ের এই রথ মনুষ্যগণের পালনীয় যজ্ঞগৃহে আগমন করে।

১৯। যখন পীতবর্ণ সোমলতাকে গাভীর ঊধঃ প্রদেশের ন্যায় দোহন করে, যখন দেবাভিলাষিগণ স্তুতি উচ্চারণ করে, হে অশ্বিদ্বয়! তখন রক্ষা কর।

২০। হে প্রচেতাদ্বয়! তোমরা ধনের জন্য আমাদের রক্ষা কর, বলের জন্য

(১) বিষ্ণুর পাদবিক্ষেপ সম্বন্ধে ১।২২।১৬ ঋকের টীকা দেখ।

মনুষ্যদিগের উপভোগযোগ্য, সুখের জন্য এবং সমৃদ্ধির জন্য আমাদিগকে রক্ষা কর।

২১। হে অশ্বিদ্বয়! তোমরা পিতৃভূত দ্যুলোকের ক্রোড়ে যদি কর্ম্মের সহিত উপবেশন করিয়া থাক, যদিবা প্রশংসনীয় হইয়া সুখে নিবাস কর, তবে আমাদের নিকট আগমন কর।

১০ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। কণ্বপুত্র প্রগাথ ঋষি।

১। হে অশ্বিদ্বয়! যে লোকে প্রশস্ত যজ্ঞগৃহ আছে, যদি সেই লোকে থাক, যদি ঐ দ্যুলোকের দীপ্তিমান্ প্রদেশে থাক, যদি অন্তরিক্ষে নির্ম্মিত গৃহে বাস কর, ঐ সকল স্থান হইতে আগমন কর।

২। হে অশ্বিদ্বয়! তোমরা যেরূপে মনুর জন্য যজ্ঞে সিক্ত করিয়াছিলে, সেইরূপে কণ্বের যজ্ঞ অবগত হও। বৃহস্পতি, সমস্ত দেবগণ, ইন্দ্র ও বিষ্ণু ও দ্রুতগামী অশ্ববিশিষ্ট অশ্বিদ্বয়কে আমি আহ্বান করি।

৩। অশ্বিদ্বয় সুকর্ম্মা এবং গ্রহণার্থ প্রাদুর্ভূত, আমি তাঁহাদিগকে আহ্বান করি। ইহাদের সহিত সখ্য দেবগণের মধ্যে উৎকৃষ্ট ও সহজ লভ্য।

৪। যজ্ঞ সকল যাঁহাদিগের উপর প্রভু হন, স্তুতিশূন্যদিগের মধ্যেও যাঁহাদের স্তোতা আছে, তাঁহারা হিংসারহিত যজ্ঞের প্রচেতা, তাঁহারা স্বধার সহিত সোমময় মধু পান করেন।

৫। হে অন্নযুক্ত, ধনবিশিষ্ট অশ্বিদ্বয়! ইদানীং তোমরা পশ্চিম দিকেই অবস্থিতি কর, অথবা পূর্ব্বদিকেই অবস্থিতি কর, যদি বা দ্রুহ্যু, অনু, তুর্ব্বশু বা যদুর সন্নিহিত হও, আমি তোমাদের আহ্বান করিতেছি, আমাদের নিকট আগমন কর।

৬। হে বহুভোজী অশ্বিদ্বয়! যদি অন্তরিক্ষে গমন কর, যদি দ্যাবাপৃথিবী অভিমুখে গমন কর, যদি তেজোবলে রথে উপবেশন কর, সকল স্থান হইতেই আগমন কর।

১১ সূক্ত।

অগ্নি দেবতা। বৎস ঋষি।

১। হে অগ্নিদেব! তুমি মর্ত্ত্যগণের মধ্যে কর্ম্মপাতা, অতএব যজ্ঞে স্তুতি-যোগ্য।

২। হে শত্রুপরাজয়কারী! তুমি যজ্ঞে প্রশংসাযোগ্য, তুমি অধ্বরসমূহের নেতা।

৩। হে জাতবেদা! তুমি আমাদের শত্রুগণকে পৃথক কর। হে অগ্নি! তুমি দেবদ্বেষী অরাতিগণকে পৃথক্ কর।

৪। হে জাতবেদা! অন্তিকস্থিত হইলেও রিপুর যজ্ঞ তুমি কখনই কামন কর না।

৫। আমরা বিপ্র, তুমি মরণরহিত ও জাতবেদা। আমরা তোমার বিস্তৃত নাম অবগত হইব।

৬। আমরা বিপ্র ও মর্ত্ত্য। আমরা মেধাবী দেব অগ্নিকে(১) হব্যদ্বারা প্রীত করিবার জন্য আমাদের রক্ষার্থ স্তুতিদ্বারা আহ্বান করি।

৭। হে অগ্নি! বৎস ঋষি উৎকৃষ্ট বাসস্থান হইতেও তোমার মন আকর্ষণ করে। তাঁহার স্তুতি তোমার প্রতি অভিলাষবতী।

৮। তুমি বহুদেশে সমানরূপে দর্শন কর, অতএব সমস্ত প্রজাগণের পক্ষে তুমি ঈশ্বর। যুদ্ধে তোমাকে আমরা আহ্বান করি।

৯। আমরা অন্নেচ্ছু হইয়া যুদ্ধে রক্ষার্থ অগ্নিকে আহ্বান করি। তিনি সংগ্রামে বিচিত্র ধনযুক্ত।

১০। হে অগ্নি! তুমি যজ্ঞে পূজনীয় ও পুরাতন। তুমি সনাতন হোতা ও স্তুতিযোগ্য। তুমি যজ্ঞে উপবেশন কর, তুমি আপনার শরীরকে ব্যাপ্ত কর, আমাদিগকেও সৌভাগ্য প্রদান কর।

---

(১) মূলে "বিপ্রং দেবং অগ্নিং" আছে। অর্থ মেধাবী দেব অগ্নি। বিপ্র শব্দের এখন যে অর্থ, ঋগ্বেদ রচনার সময় সে অর্থ ছিল না। তখন ব্রাহ্মণ বলিয়া একটি "জাতি" ছিল না, অগ্নি ব্রাহ্মণ জাতীয় ছিলেন না।

১২ সূক্ত।

ইন্দ্র দেবতা। কণ্বগোত্রীয় পর্ব্বত ঋষি।

১। হে ইন্দ্র! তুমি অত্যন্ত সোমপায়ী, হে বলবান্‌দিগের মধ্যে শ্রেষ্ঠ! তুমি হৃষ্ট হইয়া সম্যক্‌রূপে অবগত হইয়া থাক। তুমি যেরূপ মদ যুক্ত হইয়া রাক্ষসগণকে নিহত করিতেছ, সেইরূপ মদযুক্ত হইলে আমরা তোমার নিকট যাচ্‌ঞা করি।

২। যেরূপ মদযুক্ত হইয়া তুমি অঙ্গিরাগোত্রোৎপন্ন অধ্রিগুকে ও তমোনিবারক এবং সকলের নেতা সূর্য্যকে রক্ষা করিয়াছ, যেরূপ মদযুক্ত হইয়া তুমি সমুদ্রকে রক্ষা করিয়াছ, সেইরূপ মদযুক্ত হইলে আমরা তোমার নিকট যাচ্‌ঞা করি।

৩। যে মত্ততা বশতঃ তুমি রথের ন্যায় প্রভূত বৃষ্টিজল সিন্ধুর অভিমুখে প্রেরণ কর, তুমি সেইরূপ মদযুক্ত হইলে আমরা যজ্ঞমার্গ প্রাপ্তির জন্য তোমার নিকট যাচ্‌ঞা করি।

৪। হে বজ্রবান্! যে স্তোমদ্বারা স্তুত হইয়া তুমি তৎক্ষণাৎ বলদ্বারা আমাদের অভিলাষ পূর্ণ কর, অভীষ্টদানের জন্য ঘৃতের ন্যায় পবিত্র সেই স্তোম গ্রহণ কর।

৫। হে স্তুতিদ্বারা ভজনীয় ইন্দ্র! এই স্তোম গ্রহণ কর, উহা সমুদ্রের ন্যায় বর্দ্ধিত হয়। তুমি সমস্ত রক্ষাদ্বারা আমাদের অভিলষিত দান করিয়া থাক।

৬। ইন্দ্রদেব দূরদেশ হইতে আমাদের সখ্যের জন্য ধন দান করিয়াছেন, এবং দ্যুলোক হইতে বৃষ্টির ন্যায় ধন বিস্তার করতঃ অভিলষিত দান করেন।

৭। যখন ইন্দ্র সূর্য্যের ন্যায় দ্যাবাপৃথিবীকে বর্দ্ধিত করেন, তখন তাঁহার পতাকাসমূহ এবং হস্তস্থিত বজ্র অভিলষিত দান করে।

৮। হে প্রবৃদ্ধ এবং সাধুগণের পতি! যখন তুমি সহস্র সংখ্যক মহিষ(১) বধ করিলে, তাহার পরেই তোমার বীর্য্য প্রভূতরূপে বর্দ্ধিত হইল।

৯। অগ্নি যেরূপ বন দগ্ধ করেন, সেইরূপ ইন্দ্র সূর্য্যের রশ্মিসমূহদ্বারা প্রতিবন্ধক শত্রুকে দগ্ধ করেন, অনভিভবনশীল ইন্দ্র প্রবর্দ্ধিত হন।

---

(১) সায়ণ মহিষ অর্থে মহান্ বৃত্রাদি অসুর করিয়াছেন, কিন্তু মহিষ শব্দের স্বাভাবিক অর্থ গ্রহণ করাই সঙ্গত। ইন্দ্র অনেক মহিষ ভক্ষণ করেন, তাহার উল্লেখ আমরা পূর্ব্বেই পাইয়াছি।

১০। তোমার এই স্তুতি গমন করিতেছে; উহা বসন্তাদি কালে অনুষ্ঠেয় যজ্ঞকর্ম্মবিশিষ্ট, অত্যন্ত অভিনব, পূজাকারী এবং বহুস্বরূপে প্রীতিকর।

১১। ইন্দ্র দেবাভিলাষী যজ্ঞের অনুষ্ঠাতা, অবিচ্ছিন্নভাবে সোমকে পবিত্র করিতেছেন, স্তোত্রের দ্বারা ইন্দ্রকে বর্দ্ধিত করিতেছেন এবং স্তোত্রে ইন্দ্রের গুণ সমূহের ইয়ত্তা করিতেছেন।

১২। স্তোতার প্রতি ধনদাতা ইন্দ্র গুণকীর্ত্তনকারী, সোমাভিষবকারীর বাক্যের ন্যায় ধনদানার্থ প্রবৃদ্ধশরীর হইতেছেন। ঐ বাক্য ইন্দ্রের গুণসমূহের ইয়ত্তা করিতেছে।

১৩। স্তোত্রবাহক মনুষ্যগণ যে ইন্দ্রকে অত্যন্ত হৃষ্ট করে, তাঁহার মুখে ঘৃতের ন্যায় যজ্ঞের হব্য সেক করিব।

১৪। অদিতি স্বয়ং শোভমান ইন্দ্রের উদ্দেশে রক্ষার্থ যজ্ঞসম্বন্ধীয় অনেকের প্রশংসিত স্তোত্র সৃষ্টি করিতেছেন।

১৫। যজ্ঞবাহকগণ রক্ষার্থ এবং প্রশংসার জন্য ইন্দ্রকে স্তব করিতেছেন। হে দেব ইন্দ্র! সম্প্রতি বিবিধ কর্ম্মবান্ হরিদ্বয় যজ্ঞে যাহা আছে, তাহার উদ্দেশে তোমায় বহন করিতেছে।

১৬। হে ইন্দ্র! বিষ্ণু, অথবা আপ্ত্যত্রিত, অথবা মরুদ্‌গণ আগত হইলে, তুমি যে সোম পান করিয়া প্রমত্ত হও, সেই সোমের সহিত আগমন কর।

১৭। হে শত্রু! দূরদেশে যে সমুদ্রবৎ সোমে প্রমত্ত হও, আমাদের সোম অভিষুত হইলে তাহাতে প্রীত হও।

১৮। হে সৎপতি! তুমি সোমাভিষবকারী যজমানের বর্দ্ধয়িতা; তুমি যাহার উক্‌থমন্ত্রে প্রীত হও, তাহার সোমে প্রীত হও।

১৯। হে ঋত্বিক্‌গণ! তোমাদের রক্ষার্থ যে ইন্দ্রদেবকে স্তব করিতেছি, সেই ইন্দ্রকে আমার স্তুতিগণ শীঘ্র ভজনার্থ ও যজ্ঞার্থ ব্যাপ্ত করুক।

২০। হব্য, স্তুতি ও সোমদ্বারা যজ্ঞে প্রাপণীয় এবং সর্ব্বাপেক্ষা সোমপান-কারী ইন্দ্রকে স্তোতাগণ বর্দ্ধিত করিতেছেন এবং ব্যাপ্ত করিতেছেন।

২১। ইন্দ্রের ধনদান প্রভূত, ইন্দ্রের কীর্ত্তি বহুতর; উহা হব্যদাতা যজ-মানের জন্য সমস্ত ধন ব্যাপ্ত করিতেছেন।

২২। দেবগণ বৃত্রের হননার্থ ইন্দ্রকে ধারণ করিয়াছিলেন; স্তুতিসকল সম্যক্ বলার্থ ইন্দ্রকে স্তব করিতেছে।

২৩। আমরা মহিমায় মহান্ ও আহ্বানশ্রবণকারী ইন্দ্রকে স্তোত্রদ্বারা এবং অর্চ্চনামন্ত্রদ্বারা সম্যক্ বললাভার্থ পুনঃ পুনঃ স্তব করিতেছি।

২৪। দ্যাবাপৃথিবী এবং অন্তরিক্ষ যে বজ্রবান্ ইন্দ্রকে পৃথক্ করিতে পারে না, সেই ইন্দ্রের বল হইতে বললাভার্থ জগৎ দীপ্ত হয়।

২৫। হে ইন্দ্র! যুদ্ধে দেবগণ যখন তোমাকে সম্মুখে ধারণ করিয়াছিল, তখনই কমনীয় হরিদ্বয় তোমাকে বহন করিয়াছিল।

২৬। হে বজ্রিন্! জলাবরণকারী বৃত্রকে যখন বলদ্বারা হনন করিয়াছিলে, তখনই কমনীয় হরিদ্বয় তোমায় বহন করিয়াছিল।

২৭। তোমায় বিষ্ণু যখন বলদ্বারা তিনপদ বিহরণ করিয়াছিল, তখন তোমার কমনীয় অশ্বদ্বয় তোমায় বহন করিয়াছিল।

২৮। হে ইন্দ্র! তোমার কমনীয় হরিদ্বয় যখন প্রতিদিন প্রবৃদ্ধ হয়, তাহার পরই তোমাকর্ত্তৃক সমস্ত ভুবন নিয়মিত হয়।

২৯। হে ইন্দ্র! তোমার মরুৎরূপ প্রজাগণ যখন সমস্ত ভূতজাতকে নিয়মিত করে, তখনই তুমি সমস্ত ভুবন নিয়মিত কর।

৩০। যখন এই নির্ম্মল জ্যোতিঃ সূর্য্যকে দ্যুলোকে স্থাপিত করিয়াছে, তখনই তুমি সমস্ত ভুবন নিয়মিত করিয়াছ।

৩১। হে ইন্দ্র! যেমন লোকে বন্ধুকে উৎকৃষ্ট স্থানে লইয়া যায়, সেইরূপ মেধাবী এই প্রীতিকরী সুস্তুতিকে পরিচর্য্যার সহিত যজ্ঞে তোমার নিকট লইয়া যাইতেছে।

৩২। যজ্ঞে এই ইন্দ্রের তেজঃ প্রীত হইলে, সমবেত স্তোতাগণ যখন প্রকৃষ্টরূপে স্তব করে, তখন নাভিস্বরূপ যজ্ঞের অভিষব স্থানে ধন প্রদান কর।

৩৩। হে ইন্দ্র! তুমি উত্তম বীর্য্যযুক্ত, উত্তম গোযুক্ত এবং উত্তম অশ্বযুক্ত ধন আমাদিগকে প্রদান কর। আমি অগ্রে জ্ঞানলাভের জন্য হোতার ন্যায় যজ্ঞে স্তব করিয়াছিলাম।

১৩ সূক্ত।

ইন্দ্র দেবতা। কণ্বগোত্রীয় নারদ ঋষি।

১। সোম অভিষুত হইলে, ইন্দ্র যজ্ঞকর্ত্তা ও স্তোতাকে পবিত্র করেন, ইন্দ্রই বৃদ্ধিকর বললাভার্থ মহান্ হইয়াছেন।

২। ইন্দ্র প্রথম ব্যোম প্রদেশে দেবসদনে যজমানের বর্দ্ধয়িতা, তিনি কার্য্য পরিসমাপ্তি করেন; অত্যন্ত যশোযুক্ত এবং জললাভার্থ জয় করেন।

৩। বলবান্ ইন্দ্রকে বললাভকর সংগ্রামে আহ্বান করিতেছি। হে ইন্দ্র! সুখ অভিলষিত হইলে, তুমি আমাদের বর্দ্ধনার্থ সখা হও।

৪। হে স্তুতিভাক্ ইন্দ্র! তোমার উদ্দেশে সোমাভিষবকারী যজমানের প্রদত্ত আহুতি গমন করিতেছে। তুমি মত্ত হইয়া উহার যজ্ঞে বিরাজ কর।

৫। হে ইন্দ্র! সোমাভিষবকারিগণ, যে ধন তোমার নিকট প্রত্যাশা করে, তুমি অবশ্য সেই ধন আমায় দান কর। আরও বিচিত্র, স্বর্গপ্রাপক ধন আমাদের জন্য আহরণ কর।

৬। হে ইন্দ্র! বিশেষদর্শী স্তোতা যখন তোমার উদ্দেশে শত্রুর প্রসহনসমর্থ স্তুতি করে, যখন বাক্যসকল তোমায় প্রীত করে, তখন সখার ন্যায় সকল গুণ তোমায় আরোহণ করে।

৭। হে ইন্দ্র! পূর্ব্বকালের ন্যায় স্তোত্র উৎপাদন কর, স্তোতার আহ্বান শ্রবণ কর। যখনই সোমদ্বারা প্রমত্ত হও, তখনই সুকার্য্যকারী যজমানের উদ্দেশে ফল বহন কর।

৮। ইন্দ্রের সুনৃত বাক্য নিম্নাভিগামী জলের ন্যায় বিহার করিতেছে; স্বর্গপতি ইন্দ্র এই স্তুতিদ্বারা পরিকীর্ত্তিত হইতেছেন।

৯। বশী এক ইন্দ্রই মনুষ্যসমূহের পালয়িতা বলিয়া উক্ত হন। তুমি স্তোত্রদ্বারা বর্দ্ধনকারী ও রক্ষণেচ্ছুগণের সহিত সোমাভিষবে প্রমত্ত হও।

১০। হে স্তোতা বিপশ্চিৎ! বিখ্যাত ইন্দ্রকে স্তব কর; উহাঁর শত্রুপরাজয়কারী অশ্বদ্বয় নমস্কারকারী হবিষ্মানের গৃহে গমন করে।

১১। হে ইন্দ্র! তোমার বুদ্ধি মহাফলপ্রদ, তুমি স্নিগ্ধরূপ, শীঘ্রগামী অশ্বের সহিত যজ্ঞে আগমন কর। যেহেতু উহাতেই তোমার সুখ।

১২। হে বলবত্তম, সৎপতি ইন্দ্র! আমরা স্তুতি করিতেছি, আমাদিগকে ধন প্রদান কর। স্তোতাগণকে বিনাশরহিত ব্যাপ্তিযুক্ত অন্ন প্রদান কর।

১৩। হে ইন্দ্র! সূর্য্য উদিত হইলে তোমাকে আহ্বান করি, দিবসের মধ্যভাগে তোমাকে আহ্বান করি। তুমি প্রীত হইয়া গমনশীল অশ্বের সহিত আগমন কর।

১৪। হে ইন্দ্র! শীঘ্র আগমন কর, শীঘ্র গমন কর, গব্যমিশ্রিত অভিষুত

সোমে প্রীত হও। অনন্তর, আমি যেরূপ জানিতেছি, সেইরূপ পূর্ব্বকৃত বিস্তৃত যজ্ঞ নিষ্পন্ন কর।

১৫। হে শক্র! হে বৃত্রহন্! যদি দূরদেশে থাক, যদি সমীপে থাক, যদি বা অন্তরিক্ষে থাক, সকল স্থান হইতে সোম পান করতঃ রক্ষাকারী হও।

১৬। আমাদের স্তুতিসমূহ ইন্দ্রকে বর্দ্ধিত করুক, অভিষুত সোমসমূহ ইন্দ্রকে বর্দ্ধিত করুক, হব্যযুক্ত মনুষ্যগণ ইন্দ্রের প্রতি রত হইয়াছে।

১৭। মেধাবী রক্ষাভিলাষিগণ সেই ইন্দ্রকেই তৃপ্তিকর আহুতিসমূহদ্বারা বর্দ্ধিত করে, পৃথিবীস্থিত সমস্ত লোক শাখার ন্যায় বর্দ্ধিত করে।

১৮। দেবগণ ত্রিকদ্রুক যজ্ঞে চৈতন্যদাতা ইন্দ্রকে যাগ করিয়াছিলেন, আমাদের স্তুতিসমূহ সর্ব্বদা বর্দ্ধয়িতা সেই ইন্দ্রকেই বর্দ্ধিত করুক।

১৯। হে ইন্দ্র! তোমার স্তোতা অনুকূলকর্ম্মা হইয়া কালে কালে উকৃথ-সমূহ উচ্চারণ করে; তুমি অদ্ভুত, শুদ্ধ ও পাবক বলিয়া স্তুত হও।

২০। যাঁহাদের উদ্দেশে বিশিষ্ট জ্ঞানবিশিষ্ট ব্যক্তিগণ স্তোত্র উচ্চারণ করেন, সেই রুদ্রের অপত্য মরুদ্‌গণ চিরন্তন স্থানসমূহে আছেন।

২১। হে ইন্দ্র! যদি তুমি আমায় সখ্য প্রদান কর ও এই সোমরূপ অন্ন পান কর; তাহা হইলে আমরা সমস্ত শত্রুগণকে অতিক্রম করিতে পারিব।

২২। হে স্তুতিভাক্ ইন্দ্র! কখন্ তোমার স্তোতা অত্যন্ত সুখী হইবে? কখন্ আমাদিগকে গোসমূহ, অশ্বসমূহ ও নিবাসভূত ধন দান করিবে?

২৩। হে জরারহিত ইন্দ্র! সুস্তুত ও সেচনসমর্থ অশ্বদ্বয় তোমার রথ আমাদের নিকট আনয়ন করুক; তুমি অত্যন্ত মদযুক্ত, আমরা তোমার নিকট যাচ্ঞা করিতেছি।

২৪। মহান্ ও বহুকর্ত্তৃক স্তুত সেই ইন্দ্রের নিকট তৃপ্তিকর আহুতিদ্বারা যাচ্ঞা করি। তিনি প্রীতিকর কুশোপরি উপবেশন করুন, অনন্তর দ্বিবিধ হব্য স্বীকার করুন।

২৫। হে বহুকর্ত্তৃক স্তুত ইন্দ্র! তুমি ঋষিগণকর্ত্তৃক স্তুত, রক্ষাকার্য্যদ্বারা আমাদিগকে বর্দ্ধিত কর এবং আমাদের অভিমুখে প্রবৃদ্ধ অন্ন দান কর।

২৬। হে বজ্রবান্ ইন্দ্র! তুমি এই প্রকারে স্তুতিকারীর রক্ষক হইয়া থাক; আমি যজ্ঞহেতু তোমার স্তোত্রপ্রাপ্য অনুগ্রহ লাভ করি।

২৭। হে ইন্দ্র! প্রসিদ্ধ ও হর্ষান্বিত ও বিস্তীর্ণ ধনবিশিষ্ট অশ্বদ্বয়কে যোজিত করতঃ এই যজ্ঞে সোমপানার্থে আগমন কর।

২৮। তোমার যে রুদ্রপুত্র মরুৎগণ আছেন তাঁহারা শ্রবণীয়, এই যজ্ঞে আগমন করুন; আর মরুৎগণযুক্ত প্রজাগণও আমাদের হব্যাভিমুখে আগমন করুন।

২৯। ইন্দ্রের এই হিংসক মরুৎপ্রভৃতি প্রজাগণ দ্যুলোকে যে স্থানে আছে, তাহা সেবা করেন এবং যাহাতে আমরা ধন লাভ করিতে পারি, এরূপ যজ্ঞে নাভি প্রদেশে সন্নিহিত থাকেন।

৩০। যজ্ঞগৃহে যজ্ঞ আরম্ভ হইলে পর, এই ইন্দ্র দ্রষ্টব্য ফলার্থে যজ্ঞ আনুপূর্ব্বরূপে পরিদর্শন করিয়া নিষ্পন্ন করেন।

৩১। হে ইন্দ্র! তোমার এই রথ অভীষ্টবর্ষী, তোমার অশ্বদ্বয় অভীষ্টবর্ষী। হে শতক্রতু! তুমি অভীষ্টবর্ষী, তোমার আহ্বান অভীষ্টবর্ষী।

৩২। অভিষব প্রস্তর অভিষ্টবর্ষী। মত্ততা অভীষ্টবর্ষী, এই অভিষুত সোম অভীষ্টবর্ষী, যে যজ্ঞ তোমার নিকট গমন করিতেছে উহা অভীষ্টবর্ষী, তোমার আহ্বান অভিষ্টবর্ষী।

৩৩। হে বজ্রবান্! তুমি অভিষ্টবর্ষী, আমি হব্য সেচক, আমি নানাবিধ স্তুতিদ্বারা আহ্বান করি। যে হেতু তুমি তোমার উদ্দেশে কৃত স্তুতি গ্রহণ কর, অতএব তোমার আহ্বান অভীষ্টবর্ষী।

১৪ সূক্ত।

ইন্দ্র দেবতা। কণ্বগোত্রীয় গোসূক্তি ও অশ্বসূক্তি নামক ঋষি।

১। হে ইন্দ্র! যেরূপ একমাত্র তুমিই ধনস্বামী, সেইরূপ যদি আমি ঐশ্বর্য্যযুক্ত হই, তবে আমার স্তোতা যেন গোযুক্ত হয়।

২। হে শক্তিমান্! যদি আমি গোপতি হই, তবে এই স্তোতাকে দান করিতে ইচ্ছা করিব এবং প্রার্থিত ধন দান করিব।

৩। হে ইন্দ্র! তোমার সত্যপ্রিয় এবং প্রবর্দ্ধক স্তুতিরূপ ধেনু সোমাভিষবকারীকে গাভী ও অশ্ব দান করে।

৪। হে ইন্দ্র! তুমি স্তুত হইয়া ধন দান করিতে ইচ্ছা কর, তখন তোমার ধনের নিবারক দেবতা নাই, মনুষ্যও নাই।

৫। যজ্ঞ ইন্দ্রকে বর্দ্ধিত করিয়াছে, যেহেতু তিনি দ্যুলোকে মেঘকে শয়িত করতঃ পৃথিবীকে বৃষ্টি দানে বিবর্ত্তিত করিয়াছেন।

৬। হে ইন্দ্র! তুমি বর্দ্ধমান এবং শত্রুগণের সমস্ত ধনের জেতা, আমরা তোমার রক্ষা লাভ করিব।

৭। সোমজনিত মত্ততা হইলে ইন্দ্র দীপ্তিমান্ অন্তরিক্ষকে বর্দ্ধিত করিয়াছেন, যেহেতু তিনি বলকে ভেদ করিয়াছেন।

৮। তিনি গুহা মধ্যে লুকায়িত গাভীসমূহ প্রকাশিত করতঃ অঙ্গিরাগণকে প্রদান করিয়াছিলেন এবং বলকে অধোমুখ করিয়াছিলেন।

৯। ইন্দ্র দ্যুলোকের নক্ষত্রসমূহকে দৃঢ়াবয়ব ও দৃঢ় করিয়াছেন, দৃঢ় নক্ষত্র সকলকে কেহ স্থানচ্যুত করিতে পারে না।

১০। হে ইন্দ্র! সমুদ্রের উর্ম্মির ন্যায় তোমার স্তোত্র সকল শীঘ্র গমন করে, তোমার প্রমত্ততা বিশেষরূপে দীপ্তি পায়।

১১। হে ইন্দ্র! তুমি স্তোত্রদ্বারা বর্দ্ধনীয়, তুমি উক্থদ্বারা বর্দ্ধনীয়, তুমি স্তোতাগণের কল্যাণকর।

১২। কেশরবিশিষ্ট হরিদ্বয়, সোমপানার্থ শোভনদানযুক্ত ইন্দ্রকে যজ্ঞের নিকট বহন করিতেছে।

১৩। হে ইন্দ্র! তুমি জলের ফেনাদ্বারা নমুচির মস্তক ছিন্ন করিয়াছিলে ও সমস্ত শত্রুগণকে জয় করিয়াছিলে।

১৪। হে ইন্দ্র! তুমি মায়াদ্বারা সর্ব্বত্র প্রসরণশীল, দ্যুলোকে আরোহণেচ্ছু দস্যুগণকে নিম্নাভিমুখে প্রেরণ করিয়াছিলে।

১৫। হে ইন্দ্র! তুমি সোম পান করতঃ উৎকৃষ্টতর হইয়া সোমাভিষবহীন জনসংঘদিগের পরস্পর বিরোধীকরতঃ(১) বিনাশ কর।

১৫ সূক্ত।

ইন্দ্র দেবতা। গোসূক্তী এবং অশ্বসূক্তী ঋষি।

১। অনেকের আহুত, অনেকের স্তুত, সেই ইন্দ্রকে স্তব কর, বাক্যের দ্বারা মহান্ ইন্দ্রের পরিচর্য্যা কর।

২। দুই স্থানে ইন্দ্রের পূজনীয় মহাবল দ্যাবাপৃথিবীকে ধারণ করেন, শীঘ্রগমনকারী মেঘ এবং গমনশীল জলকে বীর্য্যদ্বারা ধারণ করেন।

(১) সোমাভিষববিহীন লোক বোধ হয় যজ্ঞবিরোধী অনার্য্যগণ।

৩। হে অনেকের স্তুত ইন্দ্র! তুমি শোভা পাইতেছ, তুমি জেতব্য এবং শ্রবণযোগ্য ধন নিয়ত করিবার জন্য একাকী বৃত্রগণকে বধ করিতেছ।

৪। হে বজ্রবান্! তোমার হর্ষের প্রশংসা করি, উহা অভিলাষপ্রদ, সংগ্রামে শত্রুদিগের অভিভবকর, স্থানপ্রদ এবং অশ্বগণের দ্বারা সেবনীয়।

৫। হে ইন্দ্র! যে হর্ষদ্বারা আয়ুকে ও মনুকে সূর্য্যাদি দান করিয়াছিলে, সেই হর্ষে হৃষ্ট হইয়া তুমি প্রবৃদ্ধ যজ্ঞের কর্ত্তা হইয়াছ।

৬। হে ইন্দ্র! পূর্ব্বকালের ন্যায় অদ্যও উক্থ মন্ত্রোচ্চারণকারিগণ তোমার সেই বলের প্রশংসা করে। তুমি ও পর্জ্জন্য যাহাদের স্বামী প্রতি দিবস সেই জল জয় করে।

৭। হে ইন্দ্র! স্তুতি তোমার সেই বৃহৎ বীর্য্য, তোমার সেই বল কর্ম্ম এবং বরণীয় বজ্রকে তীক্ষ্ণ করিতেছে।

৮। হে ইন্দ্র! দ্যুলোক তোমার বল বর্দ্ধিত করিতেছে, পৃথিবী তোমার যশ বর্দ্ধিত করিতেছে, অন্তরিক্ষ ও মেঘ তোমায় প্রীত করে।

৯। হে ইন্দ্র! মহান্, নিবাসহেতু বিষ্ণু, মিত্র ও বরুণ তোমার স্তুতি করিতেছে। মরুৎগণ তোমার মত্ততার পর মত্ত হইতেছে।

১০। তুমি বর্ষক এবং দেবজন মধ্যে সর্ব্বাপেক্ষা দাতা, তুমি সুন্দর পুত্রাদির সহিত সমস্ত ধন ধারণ কর।

১১। হে বহুস্তুত ইন্দ্র! তুমি একাকী মহান্ শত্রুসমূহকে বিনাশ কর। কেহ ইন্দ্র অপেক্ষা অধিকতর কর্ম্ম প্রাপ্ত হয় না।

১২। হে ইন্দ্র! যে যুদ্ধে তোমাকে স্তোত্রদ্বারা রক্ষার্থে নানা প্রকারে স্তুতি করে, সেই যুদ্ধে আমাদের স্তোতাগণকর্ত্তৃক আহূত হইয়া শত্রুবল জয় কর।

১৩। হে স্তোতা! আমাদের মহাগৃহের জন্য পর্য্যাপ্ত ও পরিব্যাপ্ত রূপকে স্তুতিদ্বারা ব্যাপ্তকরতঃ কর্ম্মপালক ইন্দ্রকে জেতব্য ধনের জন্য স্তুতি কর।

১৬ সূক্ত।

ইন্দ্র দেবতা। ইরিম্বিঠ ঋষি।

১। মনুষ্যগণের মধ্যে সম্রাট ইন্দ্রকে স্তব কর। তিনি স্তুতিদ্বারা স্তুত্য নেতা, শত্রুদিগের অভিভবিতা ও সর্ব্বাপেক্ষা দাতা।

২। জলের তরঙ্গসমূহ সমুদ্রে যেরূপ শোভা পায়, উক্থ সকল সেইরূপ ইন্দ্রে শোভা পায়, সমস্ত শ্রবণীয় তাঁহাতে শোভা পায়।

৩। উত্তম স্তুতিদ্বারা ধনলাভার্থ সেই ইন্দ্রের পরিচর্য্যা করিতেছি। তিনি প্রশংসনীয়গণের মধ্যে শোভা পান, সংগ্রামে মহৎ কার্য্য করেন এবং তিনি বলবান্।

৪। যে ইন্দ্রের মত্ততা মহৎ, গম্ভীর, বিস্তীর্ণ, শত্রুতারক ও শূরগণের যুদ্ধে হর্ষযুক্ত।

৫। ধনপ্রাপ্ত হইলে সেই ইন্দ্রকেই পক্ষপাত বচনের জন্য আহ্বান কর। ইন্দ্র যাহাদের তাহারা জয় লাভ করে।

৬। সেই ইন্দ্রকেই বলকর স্তোত্রদ্বারা ঈশ্বর করা হয়; মনুষ্যগণ কর্ম্মদ্বারা তাঁহাকে ঈশ্বর করেন। এই ইন্দ্রই ধনের কর্ত্তা হন।

৭। ইন্দ্র সকলের অধিক, তিনি ঋষি, তিনি বহুলোককর্ত্তৃক আহূত, তিনি মহৎকার্য্যের দ্বারা মহান্।

৮। তিনি স্তোমার্হ, তিনি আহ্বানযোগ্য, তিনি সাধু, তিনি শত্রুগণের অবসাদকর, তিনি বহুকর্ম্মা, তিনি এক হইয়াও শত্রুগণের অভিভবিতা।

৯। চর্ষণিগণ এবং লোকসকল তাঁহাকে অর্চ্চনামন্ত্রদ্বারা বর্দ্ধিত করে, সামমন্ত্রদ্বারা বর্দ্ধিত করে এবং গায়ত্রমন্ত্রদ্বারা বর্দ্ধিত করে।

১০। তিনি প্রশস্য ধনপ্রাপক, যুদ্ধে জ্যোতিঃপ্রকাশক, আয়ুধদ্বারা শত্রুগণের অভিভবকর।

১১। তিনি পূরয়িতা এবং বহুকর্ত্তৃক আহূত; তিনি আমাদিগকে সমস্ত শত্রুগণ হইতে নৌকাদ্বারা নির্বিঘ্নে পার করুন।

১২। হে ইন্দ্র! তুমি আমাদিগকে বলের দ্বারা ধন প্রদান কর, আমাদিগকে পথ প্রদান করিতে ইচ্ছা কর, আমাদের অভিমখে সুখ প্রদান কর।

১৭ সূক্ত।

ইন্দ্র দেবতা। ইরিম্বিঠ ঋষি।

১। হে ইন্দ্র! আগমন কর, তোমার জন্য সোম অভিষুত হইয়াছে, এই সোম পান কর, আমাদের এই কুশোপরি উপবেশন কর।

২। হে ইন্দ্র! মন্ত্রদ্বারা যোজিত, কেশরবিশিষ্ট হরিদ্বয় তোমাকে আনয়ন করুক, তুমি যজ্ঞে আসিয়া আমাদের স্তোত্র শ্রবণ কর।

৩। আমরা স্তোতা, আমরা যোগ্য স্তোত্রদ্বারা তোমায় আহ্বান করিতেছি; আমরা সোমযুক্ত এবং অভিষুত সোমবিশিষ্ট, আমরা সোমপায়ীকে আহ্বান করিতেছি।

৪। হে ইন্দ্র! আমরা অভিষুত সোমযুক্ত, আমাদের অভিমুখে আগমন কর, আমাদের সুন্দর স্তুতি অবগত হও, হে শিপ্রযুক্ত! তুমি অন্ন ভক্ষণ কর।

৫। হে ইন্দ্র! তোমার কুক্ষিদ্বয়ে সোম সেক করিতেছি। সোম ক্রমে সমস্ত গাত্র ব্যাপ্ত করুক; মধুর সোম জিহ্বা দ্বারা গ্রহণ কর।

৬। হে ইন্দ্র! তুমি সুদাতা, এই মাধুর্য্যবান্ সোম তোমার শরীরের জন্য স্বাদু হউক, ইহা তোমার হৃদয়ের জন্য সুখজনক হউক।

৭। হে লোকপতি ইন্দ্র! স্ত্রীর ন্যায় সংবৃত এই সোম তোমার নিকট গমন করুক (১)।

৮। বিস্তীর্ণ কন্দরবিশিষ্ট, স্থূল উদরযুক্ত ও সুবাহু ইন্দ্র সোমরূপ অন্নজনিত হর্ষ উদয় হইলে শত্রুগণকে বিনাশ করেন।

৯। হে ইন্দ্র! তুমি সমস্ত জগতের স্বামী হইয়া আমাদের অগ্রে গমন কর; হে বৃত্রহা! তুমি শত্রুগণকে বধ কর।

১০। হে ইন্দ্র! যাহার দ্বারা তুমি সোমাভিষবকারীকে ধন দাও, তোমার সেই অঙ্কুশ দীর্ঘ হউক।

১১। হে ইন্দ্র! এই সোম তোমার জন্য বেদিতে আস্তীর্ণ কুশে বিশেষরূপে শোভিত হইয়াছে; এক্ষণে ঐ সোমের অভিমুখে আগমন কর। নিকটে গমন কর ও পান কর।

১২। হে শক্তিযুক্ত গোবিশিষ্ট, প্রখ্যাত পূজাবিশিষ্ট ইন্দ্র! তোমার সুখের জন্য সোম অভিষুত হইয়াছে, হে আখণ্ডল! উৎকৃষ্ট স্তুতিদ্বারা তুমি আহুত হইয়াছ।

---

(১) স্ত্রী যেরূপ সংবৃত হইয়া স্বামীর নিকট আসিয়া তাহার সুখ বর্দ্ধন করে, এই সোম তোমার সেইরূপ করুক, এই বোধ হয় ঋকের মর্ম্ম।

১৩। হে শৃঙ্গবৃষার পুত্র ইন্দ্র! (২) তোমার যে উৎকৃষ্ট রক্ষক কুণ্ডপায়্য যজ্ঞ আছে, তাহাতে ঋষিগণ মন দিয়াছিলেন। (৩)

১৪। হে বাস্তোষ্পতি! স্থূণা দৃঢ় হউক, আমরা সোম সম্পাদক, আমাদের স্কন্ধে রক্ষা সমর্থক বল হউক, ক্ষরণশীল, বহু পুরীভেদক ইন্দ্র ঋষিদিগের মিত্র হউন।

১৫। সর্পের ন্যায় সংশ্রিত যাগযোগ্য, গোপ্রাপক ইন্দ্র, একাকী হইয়াও বহুতর শত্রুকে অভিভূত করেন। স্তোতা ভরণশীল ব্যাপ্তিকারী ইন্দ্রকে সোম-পানার্থ আমাদের সম্মুখে আনয়ন করিতেছে।

১৮ সূক্ত।

অষ্টম ঋকের অশ্বিদ্বয় দেবতা; নবম ঋকের অগ্নি, সূর্য্য, ও বায়ু দেবতা; অবশিষ্টের আদিত্য দেবতা। ইরিম্বিঠ ঋষি।

১। এই সকল আদিত্যগণের নিকট মনুষ্য অপূর্ব্ব সুখ যাজ্ঞা করে।

২। এই আদিত্যগণের পথ শত্রুকর্ত্তৃক অপ্রতিগত ও অহিংসিত, অতএব সেই পালনশীল মার্গ সুখবর্দ্ধক।

৩। আমরা যে বিস্তীর্ণ সুখ যাচ্ঞা করি, সবিতা, ভগ, মিত্র, বরুণ ও অর্য্যমা আমাদিগকে সেই সুখ প্রদান করুন।

৪। হে দেবী, বহুলোকের প্রিয় অদিতি! তুমি প্রতিপালন করিলে কেহ হিংসা করিতে পারে না। তুমি প্রজ্ঞাবিশিষ্ট ও সুখপ্রদ দেবগণের সহিত সুন্দরভাবে আগমন কর।

৫। অদিতির সেই পুত্রগণ দ্বেষ্টাগণকে পৃথক্ করিতে জানেন, বিস্তীর্ণ কর্ম্মকর্ত্তা রক্ষকগণ পাপ হইতে আমাদিগকে পৃথক্ করিতে জানেন।

৬। অদিতি আমাদের পশুগণকে দিবাভাগে রক্ষা করুন, অদ্বয়া অদিতি রাত্রিকালেও রক্ষা করুন, সর্ব্বদা বর্দ্ধনশীল রক্ষাদ্বারা আমাদিগকে পাপ হইতে রক্ষা করুন।

(২) শৃঙ্গবৃষা একজন ঋষি, ইন্দ্র তাহাকে পিতা বলিয়াছিলেন। সায়ণ।

(৩) যে যজ্ঞে কুণ্ডভরিয়া সোম পান করা যায়, তাহার নাম কুণ্ডপায়ী যজ্ঞ। সায়ণ।

৭। স্তুতিযোগ্য অদিতি রক্ষার সহিত দিবাভাগে আমাদের নিকট আগমন করুন; সেই অদিতি শান্তিকর সুখ বিধান করুন, শত্রুগণকে দূরীভূত করুন।

৮। প্রসিদ্ধ দেবচিকিৎসক অশ্বিদ্বয় আমাদের সুখ বিধান করুন, আমাদের হইতে পাপ পৃথক্ করুন এবং শত্রুগণকে দূরীভূত করুন।

৯। অগ্নি নানা অগ্নিদ্বারা আমাদের সুখ বিধান করুন, সূর্য্য সুখপ্রদ হইয়া তাপ দান করুন, বায়ু তাপশূন্য হইয়া বাহিত হউন ও শত্রুগণকে দূরীভূত করুন।

১০। হে আদিত্যগণ! রোগ দূরীভূত কর, শত্রুদিগকে দূরীভূত কর, দুর্ম্মতি দূরীভূত কর। আদিত্যগণ আমাদিগকে পাপ হইতে পৃথক্ করুন।

১১। হে আদিত্যগণ! হিংসককে আমাদের নিকট হইতে দূর কর, দুর্ম্মতিকে আমাদের নিকট হইতে দূর কর। হে সর্ব্বজ্ঞগণ! শত্রুদিগকে আমাদের নিকট হইতে পৃথক্ কর।

১২। হে সুদানশীল আদিত্যগণ! তোমাদের যে কল্যাণ, পাপী স্তোতাকেও পাপ হইতে মুক্ত করে, আমাদিগকে সেই কল্যাণ প্রদান কর।

১৩। যে কোন মনুষ্য আমাদিগকে রাক্ষসভাবে হিংসা করে, সে আপনার কার্য্যের দ্বারাই হিংসিত হউক; সে ব্যক্তি অপগত হউক।

১৪। যে দুষ্কৃতিশালী মনুষ্য আমাদিগের আঘাতকারী এবং কপটাচারী, সে নিধন প্রাপ্ত হউক।

১৫। হে বাসপ্রদ আদিত্য দেবগণ! তোমার পকবুদ্ধি স্তোতার নিকট থাক, অতএব কপট ও অকপট উভয় প্রকার মনুষ্যকেই অবগত হও।

১৬। আমরা মেঘসম্বন্ধীয় ও জলসম্বন্ধীয় সুখ ভজনা করিতেছি। হে দ্যাবাপৃথিবী! পাপকে আমাদের নিকট হইতে দূর দেশে প্রেরণ কর।

১৭। হে বসু আদিত্যগণ! তোমরা সুন্দর, সুখকর নৌকায় আমাদিগকে সমস্ত দুরিত হইতে পার কর।

১৮। হে আদিত্যগণ! তোমরা সুন্দর তেজোবিশিষ্ট আমাদের পুত্র ও পৌত্রগণের জন্য এবং জীবনের জন্য দীর্ঘতম আয়ুঃ প্রেরণ কর।

১৯। হে আদিত্যগণ! আমাদের অনুষ্ঠিত যজ্ঞ তোমাদের সমীপে বর্ত্তমান, তোমরা আমাদিগকে সুখী কর। তোমাদের বন্ধুত্ব লাভ করিয়া আমরা সর্ব্বদা তোমাদেরই হইব।

২০। মরুৎগণের পালয়িতা ইন্দ্রদেব, অশ্বিদ্বয়, মিত্র ও বরুণদেবের নিকট বৃহৎ শীতাদি নিবারক গৃহ মঙ্গলার্থ যাচ্ঞা করি।

২১। হে মিত্র! হে অর্য্যমা! হে বরুণ! হে মরুৎগণ! তোমরা সকলে হিংসারহিত পুত্রাদিবিশিষ্ট স্তুতিযোগ্য শীত, আতপ ও বর্ষা এই তিনের নিবারক গৃহ প্রদান কর।

২২। হে আদিত্যগণ! যে মনুষ্যগণ মৃত্যুর বন্ধুস্বরূপ, তাহাদের জীবনার্থ আয়ুঃ উত্তমরূপে বর্দ্ধিত করে।

১৯ সূক্ত।

ষড়্‌বিংশ ও সপ্তবিংশের ত্রসদস্যু রাজার দান দেবতা; ৩৪ ও ৩৫ ঋকের আদিত্য দেবতা; অবশিষ্টের অগ্নি দেবতা। কণ্বগোত্রীয় সোভরি ঋষি।

১। হে স্তোতা! প্রসিদ্ধ অগ্নির স্তব কর, তিনি হব্য স্বর্গে লইয়া যান; ঋত্বিক্‌গণ স্বামী অগ্নিদেবের নিকট গমন করেন এবং দেবগণকে হব্য প্রদান করেন।

২। হে মেধাবী সোভরি! বিস্তৃত দানবিশিষ্ট, বিচিত্র দীপ্তিমান্ সোমসাধ্য এই যজ্ঞের নিয়ন্তা এই পুরাতন অগ্নিকে যাগ করিবার জন্য স্তুতি কর।

৩। হে অগ্নি! তুমি যাজ্ঞিক শ্রেষ্ঠ, দেবগণের মধ্যে দেব, হোতা, অমর এবং এই যজ্ঞের সুকর্ত্তা; আমরা তোমার ভজনা করি!

৪। অন্নের প্রদানকারী, সুভগ, সুদীপ্তিকারী, উৎকৃষ্ট জ্বালাযুক্ত অগ্নিকে স্তব করি। তিনি আমাদের জন্য দ্যুলোকে মিত্র ও বরুণের সুখ লক্ষ্য করিয়া এবং জলদেবতাগণের সুখার্থ যজ্ঞ করুন।

৫। যে মনুষ্য সমিধ্‌দ্বারা অগ্নির পরিচর্য্যা করে, যে আহুতিদ্বারা ও বেদদ্বারা পরিচর্য্যা করে, যে সুন্দর যজ্ঞবিশিষ্ট হইয়া নমস্কার দ্বারা পরিচর্য্যা করে।

৬। তাহারই ব্যাপ্তিশীল অশ্বগণ বেগবান্ হয়, তাহারই যশঃ সর্ব্বাপেক্ষা দীপ্ত হয়, দেবকৃত ও মর্ত্ত্যকৃত পাপ তাহার নিকট যাইতে পারে না।

৭। হে বলের পুত্র! হে অন্নপতি! তোমার অঙ্গভূত অগ্নি সমূহের দ্বারা উত্তমাগ্নিযুক্ত হইব। তুমি সুবীর, তুমি আমাদিগকে কামনা কর।

৮। প্রশংসাকারী অতিথির ন্যায় অগ্নি স্তোতাগণের হিতকর, রথের ন্যায় ফলপ্রাপক। হে অগ্নি! তোমাতে উৎকৃষ্ট ক্ষেমসমূহ আছে, তুমি ধনের রাজা।

৯। হে সুভগ অগ্নি! যে মনুষ্য যজ্ঞ করে, সে সত্যফল প্রাপ্ত হউক, সে প্রশংসনীয় হউক, সে স্তোত্রদ্বারা ভজনাশীল হউক।

১০। হে অগ্নি! যাহার যজ্ঞের জন্য তুমি ঊর্দ্ধ হইয়া থাক, সে নিবাসশীল বীরযুক্ত হইয়া সিদ্ধি প্রাপ্ত হয়, সে অশ্বের দ্বারা অন্ন ভোগ করে, সে প্রশংসনীয় হউক, সে মেধাবী ও বীরগণের সহিত মিলিত হয়।

১১। বিশ্বের বরণীয়, রূপবান্ অগ্নি যাহার গৃহে স্তোত্র এবং অন্ন ধারণ করেন, তাহার হব্য দেবগণে ব্যাপ্ত হয়।

১২। হে বলের পুত্র বসু অগ্নি! মেধাবী অথবা স্তোতার হব্য দানে ত্বরাবান্ অভিজ্ঞ ব্যক্তির বাক্য দেবগণের নিম্নে এবং মর্ত্ত্যগণের উপরি ব্যাপ্ত কর।

১৩। যে হব্য দান ও নমস্কারের দ্বারা শোভন বলযুক্ত অগ্নির পরিচর্য্যা করে, অথবা স্তুতিদ্বারা ক্ষিপ্রগামী তেজোবিশিষ্ট অগ্নির পরিচর্য্যা করে, সে সমৃদ্ধ হয়।

১৪। যে মনুষ্য এই অগ্নির অবয়বের সহিত অখণ্ডনীয় অগ্নিকে সমিধের দ্বারা পরিচর্য্যা করে, সে কর্ম্মের দ্বারা সৌভাগ্যবান হইয়া দ্যোতমান অন্নদ্বারা জলের ন্যায় সমস্ত লোককে অতিক্রম করে।

১৫। হে অগ্নি! যে ধন গৃহে রাক্ষসদিগকে অভিভূত করে এবং পাপবুদ্ধি ব্যক্তির ক্রোধ অভিভূত করে, সেই ধন আহরণ কর।

১৬। যে অগ্নির তেজের দ্বারা বরুণ, মিত্র ও অর্য্যমা আলোক দান করেন, নাসত্যদ্বয় এবং ভগ যাহার দ্বারা আলোক দান করেন, আমরা বলের দ্বারা সর্ব্বাপেক্ষা অধিক স্তোত্রজ্ঞ হইয়া এবং ইন্দ্রকর্ত্তৃক রক্ষিত হইয়া, হে অগ্নি! তোমার সেই তেজের পরিচর্য্যা করি।

১৭। হে মেধাবী দ্যুতিমান্ অগ্নি! যে মেধাবিগণ মনুষ্যদিগের সাক্ষিস্বরূপ সুন্দরকর্ম্মযুক্ত অগ্নিকে ধারণ করে, তাহারাই উৎকৃষ্ট ধ্যানযুক্ত হয়।

১৮। হে সুভগ! তাহারাই তোমার জন্য বেদী প্রস্তুত করে, আহুতি প্রদান করে দ্যুতিমান্ দিনে অভিষবার্থ উদ্যোগ করে, তাহারাই বলের দ্বারা প্রভূত ধন লাভ করে, তাহারাই তোমাতে অভিলাষ প্রাপ্ত হয়।

১৯। আহূত অগ্নি আমাদের কল্যাণকর হউন। হে সুভগ অগ্নি! তোমার দান আমাদের কল্যাণকর হউক। যজ্ঞে কল্যাণকর হউক, স্তুতি কল্যাণকর হউক।

২০। হে অগ্নি! সংগ্রামে মন কল্যাণকর কর, তুমি এই মনের দ্বারা সংগ্রামে

শত্রুগণকে পরাজিত কর, অভিভবকারী শত্রুদিগের প্রভূত ও স্থির বল পরাজিত কর, আমরা অভিগমনসাধন হব্যের দ্বারা তোমার ভজনা করিব।

২১। আমরা স্তুতিদ্বারা মনুকর্ত্তৃক আহিত অগ্নিকে পূজা করি, তিনি সর্ব্বাপেক্ষা যজ্ঞকারী, হব্যবাহন, ঈশ্বর ও দূতরূপে দেবগণকর্ত্তৃক প্রেরিত হন।

২২। তীক্ষ্ণ জ্বালাবিশিষ্ট, নিত্যতরুণ, শোভমান অগ্নির উদ্দেশে. হে স্তোতা! অন্নবিষয়ে গান কর। অগ্নি সুনৃত বাক্যদ্বারা স্তুত ও ঘৃতদ্বারা আহূত হইয়া স্তোতাকে শোভন বীর্য্যদান করে।

২৩। ঘৃতের দ্বারা আহূত অগ্নি যখন ঊর্দ্ধে এবং নিম্নে শব্দ সম্পাদন করেন, তখন অসুর(১) সূর্য্যের ন্যায় আপনার রূপ প্রকাশ করেন।

২৪। যে মনুকর্ত্তৃক আহিত দ্যোতমান অগ্নি সুগন্ধি মুখের দ্বারা হব্য প্রেরণ করেন, সুন্দর যজ্ঞবিশিষ্ট, দেবহোতা, দীপ্তিমান্, মরণরহিত সেই অগ্নি ধনের পরিচর্য্যা করেন।

২৫। হে বলের পুত্র আহূত, অনুকূলদীপ্তিবিশিষ্ট অগ্নি! আমি (২) মর্ত্ত্য, আমি যেন তুমি হইতে পারি।

২৬। হে বসু! তোমাকে মিথ্যাপবাদের জন্য তিরস্কার করিব না, হে সত্য! তোমায় পাপের জন্য তিরস্কার করিব না। আমার স্তোতা অনভিমত বচনদ্বারা তোমার প্রতি আক্রোশ করিবে না। দুর্বুদ্ধিশত্রু যেন আমাদের না হয়, সে যেন পাপ বুদ্ধিদ্বারা আমাদের বাধা দিতে না পারে।

---

(১) অষ্টম মণ্ডলে অসুর শব্দ আট বার ব্যবহৃত হইয়াছে যথা—

১৯	সূক্তের	২৩	ঋকে	সূর্য্য		সম্বন্ধে।
২০	"	১৭	"	মেঘ বা বলবান্	"	
২৫	"	৪	"	মিত্র ও বরুণ	"	
২৭	"	২০	"	দেবগণ		"
৪২	"	১	"	বরুণ		"
৯০	"	৬	"	ইন্দ্র		"
৯৬	"	৯	"	বলবান্ শত্রু		"
৯৭	"	১	"	"	"	"

অতএব শেষের দুইটী স্থান ভিন্ন আর সকল স্থানেই অসুর শব্দ দেবগণের সম্বন্ধে ব্যবহৃত হইয়াছে।

(২) মূলে "যৎ অগ্নে মর্ত্ত্যঃ ত্বং স্যাং অহং" আছে। মর্ত্ত্য মনুষ্য অমর অগ্নির ন্যায় হইবার অভিলাষ করিতেছেন। ২১ ও ২৪ ঋক্ হইতে প্রকাশ হইতেছে, যে মনু অগ্নিপূজার একজন অনুষ্ঠান কর্ত্তা।

২৭। পুত্র পিতার উদ্দেশে যেরূপ করে, আমাদের পোষক অগ্নি যজ্ঞগৃহে দেবগণের উদ্দেশে সেইরূপ আমাদের হব্য প্রেরণ করেন।

২৮। হে বসু! তোমার নিকটবর্ত্তী রক্ষাদ্বারা, আমি মর্ত্ত্য, আমি যেন সর্ব্বদা প্রীতি সেবা করিতে পারি।

২৯। হে অগ্নি! তোমার পরিচর্য্যাদ্বারা তোমার ভজনা করিব, তোমার হব্যদানদ্বারা ও তোমার প্রশংসাদ্বারা তোমার ভজনা করিব, হে বসু! তুমি প্রকৃষ্টবুদ্ধি, তোমাকেই আমার রক্ষক বলিয়া বলে। হে অগ্নি! দানার্থ হৃষ্ট হও।

৩০। হে অগ্নি! তুমি যাহার সখ্য গ্রহণ কর, তোমার বীরযুক্ত এবং অন্নপূর্ণ রক্ষাদ্বারা সে প্রবর্দ্ধিত হয়।

৩১। হে সোমসিক্ত, দ্রবণবান্, নীড়বান্, কমনীয়, ঋতুজাত দীপ্ত অগ্নি! তোমার জন্য সোম গৃহীত হইতেছে; তুমি মহতী উষাসমূহের প্রিয়, রাত্রিকালের বস্তুতে প্রকাশিত হও।

৩২। সোভরিগণ রক্ষার্থ অগ্নির নিকট গমন করিতেছে, তিনি সহস্র তেজোবিশিষ্ট, সম্রাট্ এবং ত্রসদস্যুর স্তুত ও সুন্দররূপে আগমন করেন।

৩৩। হে অগ্নি! অন্য অগ্নি সকল তোমার শাখাসদৃশ নিকটে থাকে মনুষ্যগণের মধ্যে আমি তোমার বল স্তুতিদ্বারা বর্দ্ধিত করতঃ অন্য স্তোতার ন্যায় দ্যোতমান অন্ন প্রাপ্ত হইব।

৩৪। হে দ্রোহরহিত, উত্তম দানবিশিষ্ট আদিত্যগণ! সমস্ত হবিষ্মান-গণের মধ্যে যাহাকে পারে লইয়া যাও সেই ফল লাভ করে।

৩৫। হে শোভমান, শত্রুগণের অভিভবিতা আদিত্যগণ! তোমরা মনুষ্য-দিগের বিনাশকর শত্রুবর্গকে অভিভূত কর। হে বরুণ! হে মিত্র! হে অর্য্যমা! সেই আমরা তোমাদের সম্বন্ধীয় যজ্ঞের নেতা হইব।

৩৬। পুরুকুৎসের পুত্র ত্রসদস্যু আমাকে ৫০ জন বধূ প্রদান করিয়াছেন; তিনি দাতাগণের মধ্যে শ্রেষ্ঠ, আর্য্য এবং সৎপতি।

৩৭। সুনিবাসবিশিষ্ট নদীর ঘাটে, শ্যামবর্ণদিগের নেতা, পূজনীয় ধনদানার্হ ২১০ সংখ্যক গোসমূহের পতি ত্রসদস্যু, অন্ন ও ধন দান করিয়াছিলেন (৩)।

(৩) পুরুকুৎসের পুত্র ত্রসদস্যুরাজা শ্যামবর্ণ লোকের নেতা। এ শ্যামবর্ণ লোক কাহারা?

২০সূক্ত।

মরুৎগণ দেবতা। সোভরি ঋষি।

১। হে প্রস্থানশীল মরুৎগণ! তোমরা আগমন কর, হিংসা করিও না, তোমরা সমান ক্রোধবিশিষ্ট হইয়া দৃঢ় পর্ব্বতকেও কম্পিত কর; অস্মদিগের অন্যত্র থাকিও না।

২। হে দীপ্তনিবাসযুক্ত রুদ্রপুত্র মরুৎগণ! সুন্দর দীপ্তিযুক্ত দৃঢ় নেমিযুক্ত রথে আগমন কর। হে সকলের স্পৃহণীয়গণ! তোমরা সোভরিকে কামনা করতঃ অন্নের সহিত অদ্য আমাদের যজ্ঞে আগমন কর।

৩। কর্ম্মবান্ ও বিষ্ণু ও অভিলষণীয় জলের সেক্তা রুদ্রপুত্র মরুৎগণের উগ্র বল জানি।

৪। হে সুন্দর আয়ুধযুক্ত দীপ্তিযুক্তগণ! তোমরা যখন কম্পিত কর, তখন দ্বীপ সকল পতিত হয়; স্থাবর পদার্থ দুঃখ প্রাপ্ত হয়; দ্যাবাপৃথিবী কম্পিত হয়, গমনশীল জল প্রগত হয়।

৫। হে মরুৎগণ! তোমরা গমন করিলে অচ্যুত মেঘ ও বৃক্ষাদি অত্যন্ত শব্দ করে, পৃথিবী কম্পিত হয়।

৬। হে মরুৎগণ! তোমাদের দলের গমনার্থ দ্যুলোক বৃহৎ অন্তরিক্ষ ত্যাগ করতঃ ঊর্দ্ধগত হইয়াছেন। বহুবলযুক্ত নেতা মরুৎগণ দীপ্ত আভরণ আপন শরীরে ধারণ করিতেছেন।

৭। দীপ্ত বলবান্, বর্ষণরূপ ও অকুটিলরূপ নেতা মরুৎগণ অন্নের উদ্দেশে মহাশোভা ধারণ করিতেছেন।

৮। সোভরি ঋষিগণের শব্দদ্বারা হিরণ্ময় রথের মধ্যদেশে মরুৎগণের বাণ ব্যক্ত হইতেছে। গোমাতৃক সুজন্মা, মহানুভব মরুৎগণ আমাদের অন্ন ভোগ ও প্রীতিপ্রদ হউন।

৯। হে সোমবর্ষী অধ্বর্য্যুগণ! বৃষ্টিপ্রদ মরুৎগণের বলার্থ হব্য আহরণ কর। ঐ বলদ্বারা তাঁহারা সেক্তা ও প্রকৃষ্ট গমনযুক্ত হয়েন।

১০। নেতা মরুৎগণ সেচনসমর্থ, অশ্বযুক্ত, বৃষ্টিপ্রদরূপযুক্ত, বৃষ্টিপ্রদ নাভিযুক্ত রথে হব্যের নিকট অনায়াসে শ্যেনপক্ষীর ন্যায় আগমন করুন।

১১। মরুৎগণের অভিব্যঞ্জক আভরণ একরূপই। দীপ্যমান সুবর্ণময় হার শোভা পাইতেছে। বাহুর উপরি ভাগে আয়ুধ সকল অত্যন্ত দ্যুতিলাভ করিতেছে।

১২। উগ্র বৃষ্টিপ্রদ, উগ্রবাহুযুক্ত মরুৎগণ আপনার শরীরে যত্ন করেন না। হে মরুৎগণ! তোমাদের রথে ধনু সকল ও আয়ুধ সকল স্থির এবং দৃঢ় হইয়াছে, অতএব সেনামুখে তোমাদেরই জয় হয়।

১৩। উদকের ন্যায় সর্ব্বত্রবিস্তীর্ণ দীপ্ত বহুসংখ্যক মরুতের নাম এক হইয়াই পৈতৃক দীর্ঘস্থায়ী অন্নের ন্যায় ভোগার্থ পর্য্যাপ্ত হয়।

১৪। তাহাদিগকে বন্দনা কর, মরুৎগণের উদ্দেশে স্তুতি কর। আমরা আর্য্য স্বামীর হীন সেবকের ন্যায় কম্পোৎপাদক মরুৎগণের হীন সেবক তাঁহাদের দান মহত্বযুক্ত।

১৫। হে মরুৎগণ! তোমাদের রক্ষা লাভ করিয়া স্তোতা অতীত দিবস-সমূহে সুভগ হইয়াছে, যে স্তোতা, সে অবশ্য তোমাদেরই হয়।

১৬। হে নেতাগণ! তোমরা হব্যভক্ষণার্থ যে হবিষ্মান্ ব্যক্তির হব্যের নিকট গমন কর, হে কম্পোৎপাদক! মরুৎগণে দ্যুতিমান্ অন্ন এবং অন্ন-সম্ভোগ দ্বারা তোমাদের দেয় সুখ তাহাদের চারিদিকে ব্যাপ্ত হয়।

১৭। রুদ্রের পুত্র অসুরের বিধাতা (১), নিত্য তরুণ মরুৎগণ অন্তরিক্ষ হইতে আগমন করিয়া যাহাতে আমাদের কামনা করেন, এই স্তোত্র সেইরূপ হউক।

১৮। যে সুন্দর দানবিশিষ্ট যজমান মরুৎগণকে পূজা করে, যাহারা সেক্তা-গণকে হব্যদ্বারা পূজা করে, আমরা এই উভয় প্রকারের লোকের সদৃশ, আমাদের উদ্দেশে অত্যন্ত ধনপ্রদ মনে আগমন করতঃ মিলিত হও।

১৯। হে সোভরি! নিত্যতরুণ, অত্যন্ত বৃষ্টিপ্রদ, পাবক মরুৎগণকে অত্যন্ত নূতন বাক্যদ্বারা সুন্দররূপে, কৃষকগণ যেরূপ, বলীবর্দ্দের স্তব করে, সেইরূপ স্তব কর।

২০। সমস্ত যুদ্ধে যোদ্ধাগণ আহ্বান করিলে মরুৎগণ অভিভবকর হয়। আহ্বানযোগ্য মল্লের ন্যায় সম্প্রতি আহ্লাদকর, বৃষ্টিপ্রদ, অত্যন্ত যশস্বী মরুৎ-গণকে আমরা বাক্যদ্বারা বন্দনা করি।

২১। হে সমান ক্রোধশীল মরুৎগণ! গোসমূহ একজাতি বলিয়া সমান বন্ধুযুক্ত হইয়া চারিদিকে পরস্পর লেহন করিতেছে।

২২। হে নৃত্যকারী, বক্ষঃস্থলে উজ্জ্বল আভরণযুক্ত মরুৎগণ! মনুষ্যও

(১) সায়ণাচার্য্য এই স্থলে অসুর শব্দে মেঘ অর্থ করিয়াছেন। প্রকৃত অর্থ বলবান্।

তোমাদের সখ্য উদ্দেশে গমন করিতেছে। অতএব আমাদের পক্ষ হইয়া কথা কও। সর্ব্বদা ধারণীয় যজ্ঞে তোমাদের বন্ধুত্ব সর্ব্বদাই আছে।

২৩। হে সুন্দর, দানশীল, গমনশীল সখা মরুৎগণ! তোমাদিগের ঔষধ আনয়ন কর।

২৪। হে মরুৎগণ! যাহাদ্বারা সমুদ্রকে রক্ষা কর, যাহাদ্বারা যজমানের শত্রুকে হিংসা কর, যাহাদ্বারা তৃষ্ণজকে কৃপা প্রদান করিয়াছিলে, হে সুখোৎপাদক শত্রুরহিতগণ! সেই কল্যাণকর সর্ব্বপ্রকার রক্ষাদ্বারা আমাদের সুখ উৎপাদন কর।

২৫। হে সুন্দর যজ্ঞযুক্ত মরুৎগণ! সিন্ধুনদে, অসিক্লীতে (১), সমুদ্রে ও পর্ব্বতে যে ঔষধ আছে।

২৬। তোমরা সেই সকল ঔষধ জানিয়া আমাদের শরীরার্থ আনয়ন কর। তদ্দ্বারা আমাদের চিকিৎসা কর। হে মরুৎগণ! আমাদের মধ্যে যাহাতে রোগীর রোগ শান্তি হয়, সেইরূপে বাধাপ্রাপ্ত অঙ্গ পূর্ণ কর।

২১ সূক্ত।

শেষ দুইটী ঋকের চিত্র রাজার দান দেবতা; অবশিষ্টের ইন্দ্র দেবতা।
কণ্বের পুত্র সোভরি ঋষি।

১। হে অপূর্ব্ব ইন্দ্র! আমরা তোমাকে স্থূল ব্যক্তির ন্যায় পোষণ করতঃ রক্ষা লাভের অভিলাষে সংগ্রামে তোমার আহ্বান করিতেছি। তুমি নানা রূপধারী।

২। হে ইন্দ্র! যজ্ঞ রক্ষার্থ তোমার নিকট যাইতেছি। এই ইন্দ্র শত্রুদিগের অভিভবকর, তিনি যুবা এবং উগ্র, তিনি আমাদিগের অভিমুখে আগমন করুন। আমরা সখা, হে ইন্দ্র! তুমি ভজনীয় ও রক্ষাকারী, আমরা তোমাকেই বরণ করিতেছি।

৩। হে অশ্বপতি, গোপতি, উর্ব্বরাপতি, সোমপতি ইন্দ্র! আগমন কর। এই সকল সোম তোমারই, তুমি পান কর।

---

(১) অর্থে কৃষ্ণবর্ণা নদী। আধুনিক চিনাব নদী। ১০।৭৫।৫ ঋকের টীকা দেখ।

৪। আমরা বন্ধুরহিত মেধাবী; তুমি বন্ধুমান্, তোমারই সঙ্গে বন্ধুতা করিব। হে অভিলাষপ্রদ ইন্দ্র! তোমার যে তেজ আছে, সেই সমস্ত তেজের সহিত সোম পানার্থ আগমন কর।

৫। হে ইন্দ্র! গব্যমিশ্রিত মদকর স্বর্গপ্রাপ্তির হেতুস্বরূপ তোমার সোমে পক্ষীসমূহের ন্যায় নিষণ্ণ হইয়া আমরা তোমারই স্তব করিতেছি।

৬। হে ইন্দ্র! এই স্তোত্রের সহিত তোমার অভিমুখে তোমারই স্তব করিব। তুমি কেন বারংবার চিন্তা করিতেছ? হে হরিযুক্ত ইন্দ্র! আমাদের অভিলাষ আছে, তুমি দাতা, আমাদিগের কর্ম্ম তোমারই নিকটে আছে।

৭। হে ইন্দ্র! তোমার রক্ষা লাভ করিয়া আমরা নূতন হইব। হে বজ্র-ধারী ইন্দ্র! পূর্ব্বে জানিতাম না, যে তুমি মহান্। সম্প্রতি জানিয়াছি।

৮। হে শূর ইন্দ্র! আমরা তোমার সখিত্ব জানিয়াছি, তোমার ভোজ্য জানিয়াছি। হে বজ্রবান্ ইন্দ্র! তোমার সখ্য ও ধন যাচ্ঞা করিতেছি। হে বাসপ্রদ, সুন্দর হনুবিশিষ্ট ইন্দ্র! গোযুক্ত সমস্ত অন্নে আমাদিগকে তীক্ষ্ণ কর।

৯। হে সখাগণ! যে ইন্দ্র পূর্ব্বকালে এই প্রশস্ত ধন আমাদিগকে আনিয়া দিয়াছিলেন, তোমাদের রক্ষার্থ তাঁহাকেই স্তব করিতেছি।

১০। হরিদ্বর্ণ অশ্বযুক্ত, সাধুগণের পালক, শত্রুগণের অভিভবকর ইন্দ্রকে, যে কেহ আনন্দিত হয়, সেই স্তব করে। মঘবা ইন্দ্র তাঁহার স্তোতা বলিয়া আমা-দিগকে শত গোসমূহ ও অশ্বসমূহ আনয়ন করিয়া দিন।

১২। হে অভিলাষপ্রদ ইন্দ্র! তোমাকে সহায় করিয়া গোবিশিষ্ট লোক-দিগের সহিত যুদ্ধে অতি ক্রোধান্বিত শত্রুকে নিরাকৃত করিব।

১২। হে পুরুহূত ইন্দ্র! আমাদিগের হিংসাকারিগণকে যুদ্ধে জয় করিব। পাপবুদ্ধি লোককে পরাভূত করিব। মরুৎগণের সাহায্যে বৃত্রকে বধ করিব। কর্ম্ম বর্দ্ধিত করিব। হে ইন্দ্র! আমাদের কর্ম্ম সকল রক্ষা কর।

১৩। হে ইন্দ্র! তুমি জন্মাবধি শত্রুরহিত ও বহুকাল হইতে বন্ধুরহিত। তুমি যে বন্ধুত্ব ইচ্ছা কর, সে কেবল যুদ্ধদ্বারা লাভ করিয়া থাক।

১৪। হে ইন্দ্র! ধনবান্ মানবকে বন্ধুতার জন্য কেন আশ্রয় কর না? সুরাপ্রমত্ত ব্যক্তি তোমার হিংসা করে। যখন মনুষ্যের কার্পণ্য দূর কর, তখনই সে পিতার ন্যায় তোমায় আহ্বান করে।

১৫। হে ইন্দ্র! আমরা তোমার মত দেবতার বন্ধুত্বে বঞ্চিত হইয়া সোমা-ভিষবশূন্য যেন না হই। সোম অভিষুত হইলে একত্রে উপবেশন করিব।

১৬। হে গোপ্রদ ইন্দ্র! আমরা তোমার। আমরা যেন ধন শূন্য না হই। অন্যের কাছে যেন গ্রহণ করিতে না হয়। তুমি স্বামী, তুমি দৃঢ় ধন আমাদের নিকট স্থাপন কর। তোমার দান কেহই হিংসা করিতে পারে না।

১৭। আমি হব্যদায়ী। ইন্দ্র কি আমার এই ধন দিয়াছেন? সৌভাগ্যবতী সরস্বতী কি দিয়াছেন? অথবা হে চিত্র! তুমিই দিয়াছ? (১)

১৮। অন্য যে রাজা সরস্বতীতীরে বাস করে, মেঘ বৃষ্টিদ্বারা পৃথিবীকে যেরূপ প্রীত করে, সেইরূপ চিত্র রাজাই সহস্র এবং অযুত ধনদানদ্বারা তাহাদিগকে প্রীত করেন।

২২ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। কণ্বের পুত্র সোভরি ঋষি।

১। হে অশ্বিদ্বয়! তোমরা সুন্দর আহ্বানযুক্ত ও রুদ্রবর্ত্তী, তোমরা সূর্য্যার জন্য যে রথে আরোহণ করিয়াছিলে, অদ্য রক্ষার্থ সেই দর্শনীয় রথ আহ্বান করিতেছি।

২। হে সোভরি! কল্যাণকর স্তুতিদ্বারা এই রথকে প্রসন্ন কর। ইহা প্রাচীনগণের পোষক, সুন্দর আহ্বানযুক্ত ও সকলের স্পৃহণীয়। ইহা সকলের রক্ষক, যুদ্ধে অগ্রগামী, সকলের পুজনীয়, শত্রুগণের দ্বেষকারী ও উপদ্রবরহিত।

৩। শত্রুদিগের অত্যন্ত পরাভবকারী, দ্যুতিবিশিষ্ট ও হব্যদায়ীর গৃহগামী, হে অশ্বিদ্বয়! এই কর্ম্ম রক্ষার্থে নমস্কারদ্বারা তোমাদিগকে আমাদের অভিমুখ করিব।

৪। তোমাদের রথের এক চক্র স্বর্গে গমন করে। অন্য চক্র তোমাদের সহিত গমন করে। তোমরা সকল কার্য্যে প্রবৃত্তি প্রদান করিয়া থাক। হে জলপতিদ্বয়! তোমাদের কল্যাণকর বুদ্ধি ধেনুর ন্যায় আমাদের অভিমুখে আগমন করুক।

৫। হে অশ্বিদ্বয়! তোমাদের রথে তিনটী বন্ধুর আছে, উহার বল্গা সুবর্ণনির্ম্মিত। উহা প্রসিদ্ধ হইয়া দ্যাবাপৃথিবীকে পরিভব করে। হে নাসত্যদ্বয়! তোমরা পূর্ব্বোক্ত রথে আগমন কর।

(১) চিত্র নামক রাজা সরস্বতীতীরে যজ্ঞ করিয়াছিলেন। সোভরি তাঁহার যজ্ঞে বহুধন লাভ করতঃ এই দুইটী ঋকের দ্বারা তাঁহার দানের স্তুতি করিয়াছিলেন। সায়ণ।

৬। হে অশ্বিদ্বয়! পুরাতন দ্যুলোকস্থিত জল মনুকে প্রদান করতঃ তোমরা লাঙ্গলদ্বারা যব কর্ষণ করিয়াছ(১)। হে জলপতি অশ্বিদ্বয়! তোমাদিগকে অদ্য সুন্দর স্তুতিদ্বারা স্তব করিতেছি।

৭। হে অন্নধনবিশিষ্ট অশ্বিদ্বয়! যজ্ঞের পথে আমাদের নিকটে আগমন কর। হে অভিলাষপ্রদ দেবদ্বয়! এই পথে ত্রসদস্যুর পুত্র তক্ষিকে প্রভূত ধন-দানদ্বারা তৃপ্ত করিয়াছিলে।

৮। হে নেতা অভিলাষপ্রদ, ধনবিশিষ্ট অশ্বিদ্বয়! তোমাদের জন্য প্রস্তর-দ্বারা এই সোম অভিষুত হইয়াছে, সোম পানার্থ আগমন কর, হব্যদায়ীর গৃহে পান কর।

৯। হে অভিলাষপ্রদ ধনবিশিষ্ট অশ্বিদ্বয়! তোমরা হিরণ্ময় আয়ুধের আধাররূপ রথে আরোহণ কর।

১০। হে অশ্বিদ্বয়! যাহাদ্বারা পক্থকে রক্ষা করিয়াছিলে, যাহাদ্বারা অধ্রি-গুকে রক্ষা করিয়াছিলে, যাহাদ্বারা বভ্রু রাজাকে সোমপানে প্রীত করিয়াছিলে, সেই সমস্ত রক্ষার সহিত শীঘ্র ও সত্বর আমাদের নিকট আগমন কর। আর আতুরের চিকিৎসা কর।

১১। আমরা মেধাবী ও স্বকার্য্যে ত্বরাবান্, হে অশ্বিদ্বয়! তোমরা স্বকার্য্যে ত্বরাবান্। তোমাদিগকে দিবসের এই কালে স্তুতিদ্বারা আহ্বান করিতেছি।

১২। হে বর্ষণশীল অশ্বিদ্বয়! সেই সমস্ত রক্ষার সহিত নানারূপবিশিষ্ট, সকলের বরণীয় আমাদের এই আহ্বানের অভিমুখে আগমন কর, তোমরা হব্যা-ভিলাষী, অতিশয় ধনদাতা, তোমার যুদ্ধে নানা ভাব ধারণ কর। যাহাদ্বারা কূপকে বর্দ্ধিত কর, তাহার সহিত আগমন কর।

১৩। দিবসের এই কালে সেই অশ্বিদ্বয়কে যে অভিবাদন করতঃ তাঁহাদিগকে স্তব করিতেছি, তাহাদের নিকটেই স্তোত্রদ্বারা যাচ্ঞা করিতেছি।

১৪। তাঁহারা জলপতি ও রুদ্রবর্ত্মা। রাত্রে এবং প্রাতঃকালে প্রত্যহই তাহাদিগকে আহ্বান করিব। হে অন্নধন রুদ্রদ্বয়! মনুষ্যশত্রুর হস্তে আমা-দিগকে প্রদান করিও না।

১৫। হে অশ্বিদ্বয়! লোকের সহিত মিলিত হওয়াই তোমাদের স্বভাব। আমি সুখের যোগ্য, প্রাতঃকালে আমার জন্য সুখ আনয়ন কর। আমি সোভরি, আমি পিতার ন্যায় তোমাদিগকে আহ্বান করিব।

(১) অর্থাৎ স্বর্গ হইতে বৃষ্টি প্রদান করিয়া মনুষ্যগণকে কৃষি কার্য্য শিক্ষা করাইয়াছ।

১৬। মনের ন্যায় শীঘ্রগামী, অভিলাষপ্রদ, শত্রুগণের বিনাশক, অনেকের রক্ষক, হে অশ্বিদ্বয়! শীঘ্রগামী বহুসংখ্যক রক্ষাদ্বারা আমাদের রক্ষণার্থ নিকটবর্ত্তী হও।

১৭। হে অশ্বিদ্বয়! তোমরা অত্যন্ত সোম পান করিয়া থাক। তোমরা নেতা এবং দর্শনীয়। আমাদের গৃহ অশ্ববিশিষ্ট, গোবিশিষ্ট ও হিরণ্যবিশিষ্ট করিয়া আগমন কর।

১৮। যাহার দান সুন্দর, যাহার বীর্য্য সুন্দর, যাহার সুন্দররূপ সকলের বরণীয়, বলবান্ ব্যক্তি যাহা অভিভব করিতে পারে না, সেই ধন আমরা ধারণ করিতেছি। হে অন্নধন অশ্বিদ্বয়! তোমাদের আগমন হইলে সমস্ত ধন লাভ করিব।

২৩ সূক্ত।

অগ্নি দেবতা। ব্যশ্বের পুত্র বিশ্বমনা ঋষি।

১। অগ্নি শত্রুর বিরুদ্ধে গমন করেন, সেই অগ্নিকে স্তুতি কর। যাঁহার দীপ্তি কেহ গ্রহণ করিতে পারে না; যাঁহার ধূম সর্ব্বতঃ সঞ্চারিত হয়, সেই অগ্নির পূজা কর।

২। হে সর্ব্বার্থদর্শী বিশ্বমনা ঋষি! মাৎসর্য্যশূন্য যজমানের জন্য রথাদিদাতা অগ্নিকে বাক্যদ্বারা স্তব কর।

৩। শত্রুদিগের বাধাপ্রদ এবং ঋক্‌সমূহের দ্বারা অর্চ্চনীয় অগ্নি যাহাদিগের অন্ন ও সোম রস জ্ঞানপূর্ব্বক গ্রহণ করেন, তাহারা ধন লাভ করে।

৪। অত্যন্ত দীপ্তিমান্, সন্তাপপ্রদ, দণ্ডবিশিষ্ট, সুন্দর দীপ্তিশালী ও যজমানগণের আশ্রিত অগ্নির জরারহিত নূতন তেজ উদ্গত হইল।

৫। হে সুন্দর যজ্ঞবিশিষ্ট অগ্নি! সম্মুখভাগে বৃহৎ দীপ্তিদ্বারা সুশোভিত হইয়া এবং স্তূয়মান হইয়া, তুমি দ্যুতিমতী শিখার সহিত উদ্গত হও।

৬। হে অগ্নি! দেবগণকে হব্যের পর হব্য প্রদান করতঃ সুন্দর স্তোত্রের সহিত গমন কর। যেহেতু তুমি হব্যবাহী দূত।

৭। মনুষ্যদিগের হোমনিষ্পাদক পুরাতন অগ্নিকে আহ্বান করিতেছি, তাঁহাকে এই বাক্যদ্বারা প্রশংসা করিতেছি। তোমাদের জন্যই তাঁহাকে স্তব করিতেছি।

৮। অদ্ভুত প্রজ্ঞাবিশিষ্ট, বন্ধুবিশিষ্ট এবং তৃপ্তিযুক্ত অগ্নির প্রসাদে যজ্ঞ এবং সার্ব্বর্ণ্যপ্রযুক্ত বন্ধুবিশিষ্ট যজমানের মনস্কামনা পূর্ণ হয়।

৯। হে যজ্ঞাভিলাষিগণ! এই যজ্ঞের সাধন যজ্ঞবান্ অগ্নিকে হব্যযুক্ত যজ্ঞে অভিস্তবাক্যদ্বারা সেবা কর।

১০। আমাদের সুনিয়মবদ্ধ যজ্ঞ সকল অগ্নীরা অগ্নির অভিমুখে গমন করুক। ইনি মনুষ্যগণের মধ্যে হোমনিষ্পাদক ও অত্যন্ত যশস্বী।

১১। হে জরারহিত অগ্নি! তোমার দীপ্যমান বৃহৎ রশ্মি সকল অভীষ্টবর্ষী হইয়া অশ্বের ন্যায় বল প্রকাশ করিতেছে।

১২। হে বলপতি! তুমি আমাদের উদ্দেশে উত্তম বীর্য্যযুক্ত ধন দান কর। আমাদের পুত্র পৌত্রে যে ধন আছে তাহা যুদ্ধ কালে রক্ষা কর।

১৩। মনুষ্যগণের পালক তীক্ষ্ণ অগ্নি প্রীত হইয়া যখনই মনুষ্যের গৃহে অবস্থিত হন, তখনই তিনি সমস্ত রাক্ষসকে বিনাশ করেন।

১৪। হে বীর লোকপতি অগ্নি! আমার নূতন স্তোত্র শ্রবণ করিয়া মায়াবী রাক্ষসগণকে তাপপ্রদ তেজোদ্বারা দগ্ধ কর।

১৫। যে হব্যদায়ী ঋত্বিক্‌গণের দ্বারা অগ্নিকে হব্য প্রদান করে, মনুষ্যশত্রু মায়াবীরাও তাঁহাকে বশ করিতে পারে না।

১৬। আপনাকে ধনবর্ষী করিতে ইচ্ছা করিয়া ব্যশ্ব নামক ঋষি তোমাকে প্রীত করিয়াছিলেন। যেহেতু তুমি ধনপ্রদ। আমরাও প্রচুর ধনলাভের জন্য তাঁহাকে সন্দীপিত করি।

১৭। তুমি যজ্ঞশীল, কবিপুত্র, জাতবেদা, মনুর গৃহে উশনা তোমাকে হোতারূপে উপবেশন করাইয়া ছিলেন(১)।

১৮। হে অগ্নি! বিশ্বদেবগণ মিলিত হইয়া তোমাকেই দূত করিয়াছিলেন। হে দেব অগ্নি! তুমি প্রধান, তুমি তৎক্ষণাৎ যজ্ঞার্হ হইয়াছিলে।

১৯। অমর ও পাবক ও কৃষ্ণবর্ত্মা ও তেজোবিশিষ্ট এই অগ্নিকে বীরমনুষ্য দূত করিয়াছে।

২০। আমরা স্রুক্ গ্রহণ করতঃ সুন্দর দীপ্তিযুক্ত, শুক্লবর্ণ, তেজোবিশিষ্ট মনুষ্যগণের স্তুতিযোগ্য ও জরারহিত অগ্নিকে আহ্বান করিতেছি।

২১। যে মনুষ্য হব্যদাতৃগণের দ্বারা অগ্নিকে আহুতি প্রদান করে, সে প্রচুর পুষ্টিকর বীরবিশিষ্ট অন্নলাভ করে।

(১) সায়ণ উশনাকে ঋষি ও মনুকে রাজা বলিয়া ব্যাখ্যা করিয়াছেন।

২২। দেবগণের প্রথম ও জাতবেদা ও পুরাতন অগ্নির নিকট হব্যযুক্ত স্রুক্ নমস্কারপূর্ব্বক আগমন করিতেছে।

২৩। আমি বিশ্বমনা ব্যশ্বের ন্যায় স্তুতিদ্বারা প্রশস্ততম, পূজ্যতম ও শুভ্রদীপ্তি-যুক্ত অগ্নির পরিচর্য্যা করিতেছি।

২৪। হে ব্যশ্বপুত্র ঋষি! তুমি স্থূল যূপের ন্যায় গৃহস্তব, মহান্ অগ্নিকে স্তোত্রদ্বারা অর্চ্চনা কর।

২৫। মেধাবিগণ মনুষ্যগণের অতিথি ও বনস্পতিগণের পুত্র, পুরাতন অগ্নিকে রক্ষার্থ স্তব করিতেছে।

২৬। হে অগ্নি! সমস্ত প্রধান স্তোতাগণের সম্মুখে তুমি কুশোপরি উপবিষ্ট হও। তুমি স্তুতিযোগ্য, তুমি মনুষ্য প্রদত্ত হব্য স্বীকার কর।

২৭। হে অগ্নি! বরণীয় বহু ধন আমাদিগকে প্রদান কর। বহুলোকের স্পৃহণীয়, সুন্দর বীর্য্যবিশিষ্ট পুত্র পৌত্রাদি সহিত কীর্ত্তিযুক্ত ধন আমাদিগকে দান কর।

২৮। তুমি বরণীয়, বাসপ্রদ ও যুবা। যাহারা সুন্দর সাম গান করে, তাহাদের উদ্দেশে সর্ব্বদা ধনাদি প্রেরণ কর।

২৯। হে অগ্নি! তুমি অত্যন্ত দাতা, তুমি পশুযুক্ত অন্ন, মহাধন ও মহা-ভোগ আমাদিগকে প্রদান কর।

৩০। হে অগ্নি! তুমি যশস্বী, তুমি সত্যবান্, সম্যক্ শোভমান ও পবিত্র বলযুক্ত মিত্র ও বরুণকে আনয়ন কর।

২৪ সূক্ত।

ইন্দ্র দেবতা; শেষ তিনটী ঋকের সুষাম রাজার পুত্র বরুর দানের স্তুতি আছে, অতএব উহাই দেবতা। ব্যশ্বপুত্র বৈয়শ্ব নামক ঋষি।

১। হে মিত্রভূত ঋত্বিকগণ! বজ্রহস্ত ইন্দ্রের উদ্দেশে এই স্তোত্র করিব। তোমাদের জন্য সর্ব্বাপেক্ষা নেতা সর্ব্বাপেক্ষা শত্রুধর্ষক ইন্দ্রের উদ্দেশে স্তুতি করিব।

২। হে ইন্দ্র! তুমি বলদ্বারা বিখ্যাত, বৃত্রকে হনন করতঃ বৃত্রহা হইয়াছ, তুমি শূর, তুমি ধনদ্বারা ধনবান্ ব্যক্তিদিগেরও অধিক দান করিয়া থাক।

৩। হে ইন্দ্র! তুমি স্তূয়মান হইয়া নানাবিধ বিচিত্র অন্নবিশিষ্ট ধন

আমাদিগকে প্রদান কর। হে অশ্ববিশিষ্ট ইন্দ্র! তুমি নির্গমন কালেই শত্রু-গণের বাসপ্রদ হও এবং দাতা হও।

৪। হে ইন্দ্র! তুমি আমাদের জন্য ধন প্রকাশ কর। হে শত্রুনাশক! তুমি স্তূয়মান হইয়া সাহঙ্কার মনে সেই ধন আমাদিগকে প্রদান কর।

৫। হে অশ্ববান্ ইন্দ্র! প্রতি যোদ্ধাগণ গোসমূহের অন্বেষণ বিষয়ে তোমার দক্ষিণ হস্ত নিবারণ করে না, বাম হস্তও নিবারণ করে না, প্রতিরোধ-কারিগণও করে না।

৬। হে বজ্রবান্ ইন্দ্র! স্তুতিবাক্য দ্বারা তোমাকে প্রাপ্ত হইব, এইরূপে লোকে গোসমূহের সঙ্গে গোষ্ঠ প্রাপ্ত হয়। তুমি স্তোতার অভিলাষ পূর্ণ কর, তাহার মানস পূর্ণ কর।

৭। হে ইন্দ্র! তুমি সর্ব্বাপেক্ষা অধিক শত্রুনাশ করিয়াছ, হে উগ্র বাসপ্রদ ও ধনপ্রদ! বিশ্বমনা নামক ঋষির সমস্ত কর্ম্মে উপস্থিত হও।

৮। হে বৃত্রহা! হে শূর! হে পুরুহূত ইন্দ্র! নূতন স্পৃহণীয়, গৃহপ্রদ, এই ধন আমরা লাভ করিব।

৯। হে সকলের নর্ত্তয়িতা ইন্দ্র! তোমার বল শত্রুগণ অভিভব করিতে পারে না। হে পুরুহূত! তুমি হব্যদায়ীকে যে দান কর, তাহা কেহ হিংসা করিতে পারে না।

১০। হে অতিশয় পূজনীয়, শ্রেষ্ঠনেতা ইন্দ্র! মহাফললাভার্থ উদর সিক্ত কর। হে মঘবা! তুমি দৃঢ় শত্রুপুর সকল ধনলাভার্থ নষ্ট কর।

১১। হে বজ্রবান্ মঘবা ইন্দ্র! আমরা পূর্ব্বে তোমা ভিন্ন অন্য দেব-গণের নিকট আশা করিয়াছিলাম। তোমার ধন ও রক্ষা আমাদিগকে প্রদান কর।

১২। হে নর্ত্তয়িতা, স্তুতিভাক্ ইন্দ্র! অন্ন, দ্যুতিমান্, যশ ও বললাভার্থ তোমা ভিন্ন আর কাহারও কাছে যাইব না।

১৩। তোমরা ইন্দ্রের উদ্দেশেই সোম সিঞ্চন কর, তিনি সোমময় মধু পান করেন, তিনি আপনার মহত্ত্ব ও অন্নের সহিত ধনাদি প্রেরণ করেন।

১৪। হরিগণের অধিপতি ইন্দ্রের স্তব করি। তিনি আপনার বল অন্যকে প্রদান করেন, তুমি স্তোত্রকারী ব্যশ্ব ঋষির পুত্রের স্তুতি শ্রবণ কর।

১৫। হে ইন্দ্র! পূর্ব্বকালে তোমা অপেক্ষা অধিক ধনবান্, সামর্থ্যবান্, আশ্রয়দাতা এবং স্তুতিবিশিষ্ট আর কেহ জন্মে নাই।

১৬। হে অধ্বর্য্যু! তুমি মদকর অন্নের সর্ব্বাপেক্ষা মদকর অংশ ইন্দ্রের জন্য সেক কর, এই বীর ও বর্দ্ধনশীল ইন্দ্রকেই লোকে স্তব করে।

১৭। হে হরিগণের অধিষ্ঠাতা ইন্দ্র! তোমার পূর্ব্বকালীন স্তুতি সকলকেই বলদ্বারা অথবা ধন আছে বলিয়া অতিক্রম করিতে পারে না।

১৮। আমরা অন্নাভিলাষী হইয়া যে সকল যজ্ঞের ঋত্বিক্‌গণ প্রমাদগ্রস্ত হয় না, সেই যজ্ঞের দ্বারা দর্শনীয় অন্নপতি ইন্দ্রকে আহ্বান করিতেছি।

১৯। হে মিত্রভূত ঋত্বিক্‌গণ! তোমরা শীঘ্র আগমন কর, স্তুতিযোগ্য নেতা ইন্দ্রকে স্তুতি করিব। এই ইন্দ্র একাকীই সমস্ত শত্রুসেনা অভিভব করেন।

২০। হে ঋত্বিক্‌গণ! যে ইন্দ্র স্তুতি রোধ করেন না, স্তোত্র অভিলাষ করেন, সেই দীপ্তিশালী ইন্দ্রের উদ্দেশে ঘৃত ও মধু অপেক্ষাও স্বাদু অত্যন্ত মিষ্ট বাক্য বল।

২১। যে ইন্দ্রের বীরকর্ম্ম অপরিমিত, যাহার ধন শত্রুগণ পাইতে পারে না এবং যাহার দান জ্যোতির ন্যায় সমস্ত স্তোতাগণকে ব্যাপ্ত করে।

২২। সেই অহিংসনীয়, বলবান্, স্তোতাগণকর্ত্তৃক নিয়ন্ত্রিত ইন্দ্রকে ব্যশ্ব ঋষির ন্যায় স্তব কর। স্বামী ইন্দ্র হব্যদায়ীকে প্রশস্ত গৃহ বিতরণ করেন।

২৩। হে বৈয়শ্ব মনুষ্যগণের দশম (১), অতএব নূতন সুবিদ্বান্, সর্ব্বদা নমস্কারযোগ্য ইন্দ্রকে স্তুতি কর।

২৪। আদিত্য যেমন প্রত্যহ যজমানগণকে জানিতে পারে, সেইরূপে হে বজ্রহস্তা নিঋতিগণকে কিরূপে বর্জ্জন করিতে হয়, তাহা তুমিই জান।

২৫। অতএব হে দর্শনীয় ইন্দ্র! কর্ম্মকারী যজমানের জন্য আমাদিগকে তোমার আশ্রয় দান কর। কুৎস নামক ঋষির জন্য দুই প্রকারে শত্রুগণকে বধ করিয়াছ। আমাদিগকে সেই রক্ষা প্রদান কর।

২৬। হে অতিশয় দর্শনীয় ইন্দ্র! তুমি স্তোতব্য, তোমারই নিকট গচ্ছিত রাখিবার জন্য ধন যাচ্ঞা করিতেছি, তুমি আমাদের সমস্ত শত্রুসেনার অভিভব-কারী হও।

---

(১) মনুষ্যগণের দেহে নয়টী প্রাণ আছে, ইন্দ্র তাহাদের দশম প্রাণ। সায়ণ। এ ব্যাখ্যা সঙ্গত বোধ হয় না।

২৭। যিনি রাক্ষসকৃত পাপ হইতে মুক্ত করেন, যিনি সপ্তনদীতে আর্য্যদিগকে প্রেরণ করেন, হে বহুধন! দাসের বধার্থ অস্ত্র অবনত কর (২)।

২৮। হে বরুরাজা! সুষামরাজার উদ্দেশে পূর্ব্বকালে যেরূপ যাচকগণকে ধন দিয়াছিলে, সেইরূপ এক্ষণে ব্যশ্বকে প্রদান কর। হে সৌভাগ্যশালিনী অন্নবতী উষা! তুমিও ধন দান কর।

২৯। হে মনুষ্যগণের হিতকর সোমবান্! যজমানের দক্ষিণা সোমবিশিষ্ট ব্যশ্বপুত্রের নিকট আগমন করুক। শতসহস্র সংখ্যাবিশিষ্ট স্থূল ধন আমাদের নিকট আগমন করুক।

৩০। হে উষাদেবি! যাহারা "কোথায়" এই কথা জিজ্ঞাসা করে, তাহারা তোমার অগ্রবর্ত্তী। তোমাকে যদি কেহ জিজ্ঞাসা করে, "কোথায়", তাহা হইলে সকলের আশ্রয়স্বরূপ, শত্রুনিবারক এই বরুরাজা গোমতীতীরে অবস্থান করিতেছে, এই কথা বলিও। (৩)

২৫ সূক্ত।

দশম, একাদশ ও দ্বাদশের বিশ্বদেবগণ দেবতা; অবশিষ্টের মিত্র ও বরুণ দেবতা। ব্যশ্বপুত্র বৈশ্বশ্ব নামক ঋষি।

১। হে সকল লোকের রক্ষক দেবদ্বয়! তোমরা দেবগণের মধ্যে যজ্ঞার্হ, তোমাদিগকে লোকে পূজা করে। হে ব্যশ্ব! সত্যবিশিষ্ট, পবিত্র বলযুক্ত মিত্র ও বরুণের যাগ কর।

২। সুন্দর কর্ম্মযুক্ত যে বরুণ ও যে মিত্র ধনদাতা ও রথবান্, বহুকাল হইতে শোভনজন্মা, অদিতির তনয় এবং ধৃতব্রত।

৩। মহতী সত্যবতী অদিতি, সর্ব্বধনবিশিষ্ট ও তেজস্বী, সেই মিত্র ও বরুণকে অসূর্য্য তেজের জন্য উৎপাদন করিয়াছেন।

৪। মহান্, সম্রাট্, অসুর, সত্যবান্ দেব মিত্র ও বরুণ বৃহৎ যজ্ঞ প্রকাশিত করেন।

(২) এই ঋকে সপ্তনদীর উল্লেখ আছে। ১০।৭৫।৫ ঋকের টীকা দেখ। এবং দাস অর্থাৎ অনার্য্য বর্ব্বরদিগের উল্লেখ আছে।

(৩) সুষাম রাজার পুত্র বরুরাজা গোমতী অর্থাৎ আধুনিক গোমাল নদীতীরে বাস করিতেন।

৫। মহান্ বলের পৌত্র, বেগের পুত্র, সুকর্ম্মা ও প্রভূত ধনদাতা মিত্র ও বরুণ অন্নের নিবাস স্থানে বাস করেন।

৬। হে মিত্র ও বরুণ! তোমরা ধন এবং দিব্য ও পৃথিবীজাত অন্ন দান কর; জলবতী বৃষ্টি তোমাদের নিকট উপস্থিত থাকুক।

৭। হে মিত্র ও বরুণ! তোমরা সত্যবান্, সম্রাট্ এবং হব্যপ্রিয়, তোমরা বৃহৎ দেবগণকে গোযূথের ন্যায় হৃষ্ট করিবার জন্য অভিদর্শন কর।

৮। সত্যবান্ সুকর্ম্মা মিত্র ও বরুণ সম্যক্‌রূপে প্রদীপ্ত হইবার জন্য উপবেশন করুন; ধৃতব্রত, বলবান্ মিত্র ও বরুণ বল ব্যাপ্ত করুন।

৯। চক্ষে দর্শন করিবার পূর্ব্বেও পথবিৎ, সকলের প্রেরক, চিরন্তন মিত্র ও বরুণ অতুঃসহ তেজোবলে শোভিত হউন।

১০। অদিতিদেবী আমাদিগকে রক্ষা করুন, অশ্বিদ্বয় রক্ষা করুন, অত্যন্ত বেগবান্ মরুৎগণ রক্ষা করুন।

১১। হে শোভনদানবিশিষ্ট মরুৎগণ! তোমরা অহিংসিত, তোমরা দিবারাত্রি আমাদিগের নৌকা রক্ষা কর, আমরা তোমাদের পালনের সহিত মিলিত হইব।

১২। আমরা অহিংসিত হইয়া হিংসারহিত সুদাতার উদ্দেশে স্তুতি করিব। হে একাকী যুদ্ধকারী বিষ্ণু! তুমি স্তোতাগণকে ধন প্রদান কর, যে যজ্ঞ আরম্ভ করিয়াছে, তাহার জন্য স্তুতি শ্রবণ কর।

১৩। আমরা অত্যন্ত গুরু, সকলের রক্ষক ও বরণীয় ধন যেন লাভ করি; মিত্র, বরুণ ও অর্য্যমা এই ধন রক্ষা করিয়া থাকেন।

১৪। পর্জ্জন্য আমাদের ধন রক্ষা করুন, মরুৎগণ ও অশ্বিদ্বয় ধন রক্ষা করুন, ইন্দ্র, বিষ্ণু ও সমস্ত অভীষ্টবর্ষী দেবগণ মিলিত হইয়া রক্ষা করুন।

১৫। তাঁহারাই পূজনীয় নেতা। বেগগামী জল যেমন বৃক্ষউন্মূলিত করে, সেইরূপ তাঁহারা শীঘ্রগামী হইয়া যে কোন শত্রুর প্রতিকূল হইয়া তাঁহাকে নাশ করে।

১৬। লোকপতি মিত্র বহুসংখ্যক প্রধান দ্রব্য এই প্রকারে দর্শন করেন। মিত্র ও বরুণের মধ্যে আমরা তোমাদের জন্য তাঁহারই ব্রত পালন করিব।

১৭। পরে সাম্রাজ্যবিশিষ্ট বরুণের পুরাতন গৃহ প্রাপ্ত হইব, অতিশয় প্রসিদ্ধ মিত্রের ব্রতও লাভ করিব।

১৮। যে মিত্র দ্যাবাপৃথিবীর অন্তসমূহ রশ্মিদ্বারা প্রকাশিত করেন, তিনিই আপন মহিমায় উহাদিগকে পূর্ণ করেন।

১৯। সুন্দর বীর্য্যযুক্ত মিত্র ও বরুণ দ্যুতিমান্ আদিত্যের গৃহে আপনার জ্যোতিঃ প্রকাশ করিতেছেন, পরে অগ্নির ন্যায় শুভ্রবর্ণ ও সকল লোককর্তৃক আহূত হইয়া অবস্থিতি করিতেছেন।

২০। হে স্তোতা! বিস্তৃত গৃহবিশিষ্ট যজ্ঞে স্তব কর, বরুণ পশুযুক্ত অন্নের ঈশ্বর এবং মহা প্রীতিকর অন্নদানে সমর্থ।

২১। আমি দিবারাত্রি মিত্র ও বরুণের সেই তেজঃ এবং দ্যাবাপৃথিবীকে স্তুতি করি, হে বরুণ! সর্ব্বদা দাতার অভিমুখে আমাদিগকে প্রেরণ কর।

২২। তৈন্দগোত্রে জাত, সুষামার পুত্র দানে প্রবৃত্ত হইলে ঋজুগামী রজত-সদৃশ অশ্বযুক্ত রথ প্রাপ্ত হইয়াছিলাম। সুষামার পুত্রের রথ শত্রুদিগের জীবনাদি হরণ করে।

২৩। হরিতবর্ণ অশ্বসমূহের মধ্যে শত্রুদিগের অত্যন্ত বাধাপ্রদ এবং কুশল ব্যক্তিগণের মধ্যে মনুষ্যগণের বাহক অশ্বদ্বয়, আমার উদ্দেশে শীঘ্র প্রবৃত্ত হউক।

২৪। নূতন স্তুতিদ্বারা স্তব করতঃ যেন সুন্দর রজ্জুবিশিষ্ট, কশাযুক্ত, যোগ্য এবং শীঘ্রগতি অশ্বদ্বয় লাভ করিতে পারি।

২৬ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা; কেবল ২০ হইতে পাঁচটী ঋকের বায়ু দেবতা। অঙ্গিরাগোত্রোৎপন্ন ব্যশ্বের পুত্র বৈরশ্ব, অথবা বিশ্বমনা ঋষি।

১। হে অভিলাষপ্রদ, বর্ষণশীল, ধনবিশিষ্ট অশ্বিদ্বয়! তোমাদের বল কেহ হিংসা করিতে পারে না, স্তোতাগণের মধ্যে তোমাদের একত্র শীঘ্র গমনার্থ রথ আহ্বান করিতেছি।

২। হে নাসত্য অভিলাষপ্রদ, ধনবিশিষ্ট অশ্বিদ্বয়! তোমরা সুষামরাজার উদ্দেশে মহাধন দানার্থ যেরূপ আসিতে, সেইরূপ রক্ষার সহিত আগমন কর। হে বরুণ! তুমি এই কথা বল।

৩। হে অন্নযুক্ত, ধনবান্, বহু অভিলাষী অশ্বিদ্বয়! অদ্য রাত্রি প্রভাত হইলে, আমরা তোমাদিগকে হব্যদ্বারা আহ্বান করিব।

৪। হে নেতা অশ্বিদ্বয়! সর্ব্বাপেক্ষা বহনশীল তোমাদের প্রসিদ্ধ রথ আগমন করুক, তোমরা শীঘ্র স্তুতিকারীকে ঐশ্বর্য্য প্রদানার্থ তাহার স্তোম সকল দর্শন কর।

৫। হে অভিলাষপ্রদ, ধনবিশিষ্ট অশ্বিদ্বয়! কুটিল কর্ম্মকারী শত্রুগণ সম্মুখে আছে জানিও, তোমরা রুদ্র, তোমরা দ্বেষকারী শত্রুগণকে ক্লেশ প্রদান কর।

৬। হে সকলের দর্শনীয় যজ্ঞসম্পাদক, উন্মাদকর কান্তিবিশিষ্ট জলপতি অশ্বিদ্বয়! তোমরা শীঘ্রগামী রথে অনবরত সমস্ত যজ্ঞাভিমুখে আগমন কর।

৭। হে অশ্বিদ্বয়! বিশ্বপোষক ধনের সহিত আমাদের যজ্ঞে আগমন কর, তোমরা মঘবা, সুবীর এবং অপরাভবণীয়।

৮। হে ইন্দ্র ও নাসত্যদ্বয়! তোমরা অত্যন্ত সেব্যমান হইয়া আমার যজ্ঞে অদ্য দেবগণের সহিত আগমন কর।

৯। আপনাদিগের জন্য ধনদান লাভ করিতে ইচ্ছা করিয়া আমরা ব্যশ্বের ন্যায় তোমাদিগকে আহ্বান করিতেছি। হে মেধাবিদ্বয়! অনুগ্রহ করিয়া এইখানে আগমন কর।

১০। হে ঋষি! অশ্বিদ্বয়কে স্তব কর, তোমার আহ্বান বহুবার শ্রবণ করতঃ অশ্বিদ্বয় যেন নিকটবর্ত্তী শত্রুগণকে এবং পণিগণকে হিংসা করেন।

১১। হে নেতাদ্বয়! বৈয়শ্বের আহ্বান শ্রবণ কর, আমার আহ্বান অবগত হও। বরুণ, মিত্র ও অর্য্যমা সর্ব্বদা মিলিত।

১২। হে স্তুতিযোগ্য, অভিলাষপ্রদ অশ্বিদ্বয়! তোমরা স্তোতৃগণকে যাহা প্রদান কর ও উহাদের জন্য যাহা আনয়ন কর, তাহা প্রত্যহ আমাকে প্রদান কর।

১৩। বধূ যেমন বস্ত্রে আবৃতা(১), সেইরূপ যে ব্যক্তি যজ্ঞদ্বারা আবৃত হয়, তাহার পরিচর্য্যা করতঃ অশ্বিদ্বয় তাহার মঙ্গল করেন।

১৪। হে অশ্বিদ্বয়! আমি অত্যন্ত ব্যাপ্ত ও নেতাগণের পানযোগ্য সোম দান করিতে জানি। আমাকে লাভ করিতে ইচ্ছা করিয়া তোমরা আমার গৃহে আগমন কর।

১৫। হে অভিলাষপ্রদ, ধনযুক্ত অশ্বিদ্বয়! নেতাগণের পানযোগ্য সোমের উদ্দেশে আমাদের গৃহে আগমন কর, তোমরা স্তুতি বাক্যদ্বারা সর্ব্বদ্রোহী শর যেমন সেইরূপ যজ্ঞ সমাপ্তি করিয়া দাও।

১৬। হে সকলের নেতা অশ্বিদ্বয়! স্তোত্রসমূহের মধ্যে স্তোম তোমাদিগের নিকট গমন করতঃ তোমাদিগকে আহ্বান করুক ও তোমাদের প্রীতিকর হউক।

১৭। হে অশ্বিদ্বয়! যদি স্বর্গে, বা এই অর্ণবে প্রমত্ত হও, যদি বা তোমাদের

(১) লজ্জাশীলা বধূ বস্ত্রদ্বারা শরীর আবৃত করিতেন।

প্রতি অভিলাষবান্ যজমানগণের গৃহে প্রমত্ত হও, তাহা হইলে হে অমরদ্বয়! আমাদের এই স্তোত্র শ্রবণ কর।

১৮। নদীগণের মধ্যে শ্বেতয়াবরী নামে(২) সুবর্ণ পথবিশিষ্ট সিন্ধু স্তুতিদ্বারা অধিক পরিমাণে তোমার নিকট গমন করে।

১৯। হে সুন্দর গমনবিশিষ্ট অশ্বিদ্বয়! সুন্দর কীর্ত্তিবিশিষ্ট এবং শ্বেতবর্ণা ও পুষ্টিকরী শ্বেতয়াবরী নদীকে প্রবাহিত কর।

২০। হে বায়ু! তুমি রথ বহনসমর্থ অশ্বদ্বয়কে যোজিত কর। হে বাস-প্রদ! পোষণীয় অশ্বদ্বয়কে যজ্ঞে মিশ্রিত কর। হে বায়ু পরে আমাদের মদকর সোম পান কর এবং সবনত্রয়ে আগমন কর।

২১। হে যজ্ঞপতি, ত্বষ্টার জামাতা অদ্ভুত বায়ু! তোমার পালন যেন লাভ করিতে পারি।

২২। আমরা ত্বষ্টার জামাতা সমর্থ বায়ুর নিকট ধন যাচ্ঞা করি, সোম অভিষব করতঃ মনুষ্যগণ ধনবান্ হয়।

২৩। হে বায়ু তুমি স্বর্গের মঙ্গল লইয়া যাও, তুমি অশ্ববিশিষ্ট রথ চালাও, তুমি মহান্, বিস্তীর্ণ পার্শ্বদ্বয়যুক্ত অশ্বকে আপন রথে যোজিত কর।

২৪। হে বায়ু! তুমি অত্যন্ত সুন্দর রূপাবশিষ্ট, তোমার সর্ব্বাঙ্গ মহিমায় ব্যাপ্ত, যজমানের গৃহে তোমাকে সোমাভিষব প্রস্তরের ন্যায় আহ্বান করিতেছি।

২৫। হে বায়ুদেব! তুমি দেবগণের মধ্যে প্রধান, তুমি মনে মনে হৃষ্ট হইয়া আমাদের অন্ন জল ও কর্ম্ম প্রদান কর।

২৭ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। বিবস্বানের পুত্র মনু ঋষি।

১। এই যজ্ঞে উক্থ উচ্চারণ কালে অগ্নি সোমাভিষব প্রস্তর বর্হির অগ্র-ভাগে স্থাপিত হইয়াছিলেন। মরুৎগণ এবং ব্রহ্মণস্পতির নিকট বরণীয় রক্ষা-লাভার্থ ঋকমন্ত্র উচ্চারণ করিয়া গমন করি।

২। হে অগ্নি! আমাদের যজ্ঞে পশুর নিকট আগমন কর, যজ্ঞশালা ও বন-স্পতির নিকট আগমন কর, দিনরাত্রি সোমাভিষব প্রস্তরের নিকট আগমন কর, হে বাসপ্রদ, সর্ব্বধনবান্ বিশ্বদেবগণ! আমাদের কর্ম্মের রক্ষক হও।

(২) বিশ্বমনা ঋষি শ্বেতাযবরী নদীর তীরে যজ্ঞ করিয়াছিলেন। সায়ণ।

৩। পুরাতন যজ্ঞ, অগ্নি ও অন্যান্য দেবগণের নিকট সুন্দররূপে গমন করুক, আদিত্যগণ ও ধৃতব্রত বরুণ বিস্তৃত তেজোবিশিষ্ট মরুৎগণের সহিত গমন করুন।

৪। সমস্ত ধনসম্পন্ন, শত্রুভক্ষক বিশ্বদেবগণ মনুর সমৃদ্ধিকর হউন। হে সর্ব্বধনসম্পন্ন দেবগণ! অহিংসিত পালনের সহিত আমাদিগকে বাধারহিত গৃহ প্রদান কর।

৫। সমান প্রীতিযুক্ত ও পরস্পর মিলিত হইয়া বাক্য এবং ধনের সহিত অদ্য আমাদের নিকট আগমন করুন। হে মরুৎগণ! হে মহতী দেবী অদিতি! আমাদের এই গৃহে উপবেশন কর।

৬। হে মরুৎগণ! তোমাদের যে প্রিয় অশ্ব আছে, তাহাদিগকে এই যজ্ঞে প্রেরণ কর। হে মিত্র! হব্যের জন্য আগমন কর। ইন্দ্র, বরুণ এবং যুদ্ধে ত্বরাবিশিষ্ট আদিত্যগণ আমাদের কুশে উপবেশন করুন।

৭। হে বরুণ! আমরা মনুর ন্যায় (১) সোম অভিষব করিয়া ও অগ্নি সমিদ্ধ করিয়া, ঘন ঘন হব্য স্থাপন করতঃ ও বর্হি চ্ছেদন করতঃ তোমাদিগকে আহ্বান করিতেছি।

৮। হে মরুৎগণ! হে বিষ্ণু! হে অশ্বিদ্বয়! হে পূষা! আমার স্তুতির সহিত যজ্ঞে আগমন কর, দেবগণের মধ্যে প্রথম ইন্দ্রও আগমন করুন। ইন্দ্রাভিলাষী স্তোতাগণ তাঁহাকে বৃত্রহা বলিয়া স্তব করে।

৯। হে দ্রোহরহিত দেবগণ! আমাদিগকে বাধারহিত গৃহ প্রদান কর। হে বাসপ্রদ দেবগণ! দূরদেশ ও অন্তিক দেশ হইতে কেহ যেন কখন বরণীয় গৃহের হিংসা করিতে না পারে।

১০। হে শত্রুভক্ষক দেবগণ! তোমাদের এক জাতিভাব ও বন্ধুভাব আছে, প্রথম অভ্যুদয়ার্থ এবং নূতন ধনার্থ শীঘ্র আমাদিগকে প্রস্তুত কর।

১১। হে সর্ব্বধনবান্ দেবগণ! আমি অন্নাভিলাষী। এখনই তোমাদের রমণীয় ধন লাভার্থ তোমাদের স্তুতি এই মাত্র করিতেছি।

১২। হে সুন্দর স্তুতিযুক্ত মরুৎগণ! তোমাদের ঊর্দ্ধগামী বরণীয় সবিতা যখন উত্থিত হন, তখন দ্বিপদ ও চতুষ্পদ জন্তু এবং পক্ষী সকল আপন আপন কার্য্যে প্রবৃত্ত হয়।

(১) সূক্তের প্রারম্ভে বিবস্বানের পুত্র মনুকেই এই সূক্তের ঋষি বলা হইয়াছে কিন্তু মনু নিজে বক্তা হইলে "মনুর ন্যায় সোম অভিষব করিয়া" ইত্যাদি বলিতেন না। মনুবংশীয়গণ বোধ হয় সূক্তের রচয়িতা।

১৩। আমরা দ্যুতিমান্, স্তুতিদ্বারা স্তব করিয়া তোমাদের মধ্যে দীপ্যমান দেবতাকে কর্ম্মরক্ষার্থ আহ্বান করিব, অভিলষিত লাভার্থ দীপ্তিমান্ দেবতাকে আহ্বান করিব, অন্নলাভার্থ দীপ্তিমান্ দেবতাকে লাভ করিব।

১৪। সমান ক্রোধবিশিষ্ট বিশ্বদেবগণ মনুর উদ্দেশে যুগপৎ দানে প্রবৃত্ত হউন, অদ্য এবং অপর দিনে এবং আমাদের পুত্রের জন্যও ধনদাতা হউন।

১৫। হে দ্রোহরহিত তেজোময় দেবগণ! স্তোত্রগণের আধারসদৃশ যজ্ঞে তোমাদিগকে স্তব করিতেছি। হে বরুণ! হে মিত্র! যে তোমাদের পরিচর্য্যা করে, হিংসা সেই মনুষ্যকে বাধা দিতে পারে না।

১৬। হে দেবগণ! যে বরণীয় ধনের জন্য তোমাদিগকে হব্য দান করে, সেই ব্যক্তি গৃহ বর্দ্ধিত করে, অন্ন বর্দ্ধিত করে, সে যজ্ঞদ্বারা প্রজা লাভ করে এবং অহিংসিত হইয়া সমৃদ্ধ হয়।

১৭। সে বিনা যুদ্ধে ধন লাভ করে, সুন্দর অশ্বে পথ অতিক্রম করে, অর্য্যমা, মিত্র ও বরুণ মিলিত এবং সমান দানযুক্ত হইয়া তাঁহাকে ত্রাণ করে।

১৮। হে দেবগণ! অগম্য এবং দুর্গম প্রদেশ সুগম কর। এই অশনি কাহারও হিংসা করিতে না পারিয়া যেন বিনষ্ট হয়।

১৯। হে বলপ্রিয় দেবগণ! সূর্য্য উদিত হইলে অদ্য কল্যাণকর গৃহ ধারণ করিয়াছ, হে সর্ব্বধনবান্ দেবগণ! সূর্য্য গমন করিলে ধারণ করিয়াছ, প্রবোধ-কালে ধারণ করিয়াছ এবং মধ্যাহ্নে ধারণ করিয়াছ।

২০। হে অসুরগণ! যেহেতু যজ্ঞপ্রাপ্তির জন্য যজ্ঞগামী হব্যদায়ীকে গৃহ প্রদান করিয়াছ, অতএব হে বাসপ্রদ, সর্ব্বধনবিশিষ্ট দেবগণ! আমরা তোমাদের সেই কল্যাণকর গৃহে তোমাদিগকে পূজা করিব।

২১। হে সর্ব্বধনবিশিষ্ট দেবগণ! অদ্য সূর্য্য উদিত হইলে এবং মধ্যাহ্নে এবং সায়ংকালে হব্যদায়ী প্রকৃষ্ট জ্ঞানবান্ মনুর উদ্দেশে যে কমনীয় ধন ধারণ করিয়াছে।

২২। হে দীপ্তিমান্ দেবগণ! তোমাদের পুত্রের ন্যায় আমরা সেই বহু লোকের ভোগযোগ্য ধনপ্রাপ্ত হইব। হে আদিত্যগণ! হবিঃ হোম করতঃ এই ধনের দ্বারা অতিশয় ধনবত্তা লাভ করিব।

২৮ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। মনু ঋষি।

১। ত্রিংশতির পর তিন সংখ্যাযুক্ত যে দেবগণ বর্হিতে উপবেশন করিয়াছিলেন (১); তাঁহারা আমাদিগকে জানুন এবং দুই প্রকার ধন প্রদান করুন।

২। বরুণ, মিত্র ও অর্য্যমা সুন্দর হব্য প্রদানকারীর সহিত মিলিত হইয়া গমনশীল পত্নীগণের সহিত বষট্‌কারের দ্বারা আহূত হইয়াছেন।

৩। তাহারা সমস্ত অনুচরগণের সহিত সম্মুখে ও পশ্চাৎ ভাগে, উত্তরে এবং নিম্নে আমাদের পালক হউন।

৪। দেবগণ যেরূপ কামনা করেন, সেইরূপই হয়। দেবগণের কামনা কেহ হিংসা করিতে পারে না। অদাতা মর্ত্ত্যও পারে না।

৫। সপ্ত মরুৎগণের সপ্তপ্রকার ঋষ্টি আয়ুধ আছে, সপ্তপ্রকার আভরণ আছে, সপ্তপ্রকার দীপ্তি আছে (২)।

২৯ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। মরীচির পুত্র কশ্যপ, অথবা বৈবস্বত মনু ঋষি।

১। বভ্রুবর্ণ, সর্ব্বত্রগামী, রাত্রিসমূহের নেতা, যুবা ও একাকী সোমদেব হিরণ্ময় আভরণ প্রকাশ করেন।

২। দেবগণের মধ্যে দীপ্যমান, মেধাবী, একমাত্র অগ্নি স্বস্থান প্রাপ্ত হয়েন।

৩। দেবগণের মধ্যে নিশ্চল স্থানে বর্ত্তমান ত্বষ্টা লৌহময় কুঠার হস্তে ধারণ করিতেছেন।

৪। ইন্দ্র একাকী হস্তনিহিত বজ্রধারণ করিতেছেন, বৃত্র সকল নাশ করিতেছেন।

৫। সুখকর, ঔষধবিশিষ্ট, শুচি ও উগ্র রুদ্র হস্তে তীক্ষ্ণ আয়ুধ ধারণ করিতেছেন।

(১) ৩৩ জন দেবতার উল্লেখ।

(২) সপ্ত মরুতের উল্লেখ।

৬। একজন পূষা পথ রক্ষা করেন, তিনি তস্করের ন্যায় ধন সকল অবগত আছেন।

৭। একজন বিষ্ণু বহুলোকের স্তুতিযোগ্য, তিনি তিন পদ ক্ষেপ করিয়াছেন, এই পদসমূহে দেবগণ হৃষ্ট হয়েন।

৮। দুইজন অশ্বিদ্বয় এক স্ত্রীর সহিত নিবাসী পুরুষদ্বয়ের ন্যায় বাস করেন ও অশ্বদ্বারা সঞ্চরণ করেন।

৯, ১০। পরস্পর উপমেয়ভূত দুই জন মিত্র ও বরুণ অত্যন্ত দীপ্তিশালী ও ঘৃতরূপ হব্যবিশিষ্ট। তাঁহারা দ্যুলোকের স্থান নির্ম্মাণ করেন। স্তোতাগণ মহাসামমন্ত্র উচ্চারণ করেন এবং সেই মন্ত্রদ্বারা সূর্য্যকে দীপ্ত করেন।

৩০ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। বৈবস্বত মনু ঋষি।

১। হে দেবগণ! তোমাদের মধ্যে কেহ শিশু নাই, কেহ কুমার নাই, তোমরা সকলেই মহান্।

২। হে শত্রুভক্ষক, মনুর যজ্ঞার্হ দেবগণ! তোমরা ত্রয়স্ত্রিংশৎ (১), তোমরা এই প্রকারে স্তুত হইয়াছ।

৩। তোমরা আমাদিগকে ত্রাণ কর, তোমরা রক্ষা কর, তোমরা আমাদিগকে মিষ্ট কথা বল। হে দেবগণ! পিতা মনু হইতে আগত পথ হইতে আমাদিগকে ভ্রষ্ট করিও না (২), দূরবর্ত্তী মার্গ হইতেও ভ্রষ্ট করিও না।

৪। হে দেবগণ ও হে যজ্ঞভব অগ্নি! তোমরা সকলে আছ, তোমরা সকলে এইখানে অবস্থিত হও, পরে সর্ব্বত্র প্রথিত সুখ এবং গো ও অশ্ব সকলকে আমাদিগকে দান কর।

(১) ৩৩ জন দেবের উল্লেখ। এই স্থানে ও অন্যান্য অনেক স্থানে "মনু" বা "মনুস" অর্থে মনুষ্য করিলে সুন্দর অর্থ হয়।

(২) স্বয়ং বৈবস্বত মনু এই সূক্তের বক্তা হইলে এ কথা কিরূপে বলিবেন?

৩১ সূক্ত।

প্রথম চারিটী ঋকের যজ্ঞ দেবতা; পরে যজ্ঞ প্রশংসা দেবতা। বৈবস্বত মনু ঋষি।

১। যে যে যজমান যাগ করে, যে পুনরায় যাগ করে, সে সোম অভিষব করে ও পাক করে এবং ইন্দ্রের স্তোত্র পুনঃ পুনঃ কামনা করে।

২। যে যজমান ইন্দ্রকে পুরোডাষ ও দুগ্ধমিশ্রিত সোম প্রদান করে, শক্র তাহাকে নিশ্চয়ই পাপ হইতে রক্ষা করেন।

৩। দেবপ্রেরিত দ্যুতিমান্ রথ তাহারই হয়, সে তদ্দ্বারা শক্রকৃত বাধা নষ্ট করতঃ সমৃদ্ধ হয়।

৪। পুত্রাদিযুক্ত ও বিনাশরহিত ধেনুসহিত অন্ন উহার গৃহে প্রত্যহ লাভ করা যায়।

৫। হে দেবগণ! যে দম্পতি (১) একমনে অভিষব করে, সোম শোধন করে এবং মিশ্রণ দ্রব্যদ্বারা সোমমিশ্রিত করে।

৬। তাহারা ভোজনযোগ্য অন্নাদি লাভ করে এবং মিলিত হইয়া যজ্ঞে উপস্থিত হয়, তাহারা অন্নার্থ কোথাও গমন করে না।

৭। তাহারা দেবগণকে দিব বলিয়া অপলাপ করে না, তোমাদের অনুগ্রহ নিবারণ করিতে ইচ্ছা করে না, মহা অন্নদ্বারা তোমাদের পরিচর্য্যা করে।

৮। তাহারা পুত্রবিশিষ্ট, কুমারবিশিষ্ট, স্বর্ণভূষিত হইয়া উভয়ে সমস্ত পূর্ণ আয়ু লাভ করে।

৯। প্রিয় যজ্ঞবিশিষ্ট এই দম্পতির স্তুতি দেবগণ কামনা করেন, ইহারা দেবগণকে সুখপ্রদ অন্ন প্রদান করেন। তাঁহারা সন্ততি লাভার্থ দেহ সংযোগ করেন, এবং দেবগণের পরিচর্য্যা করেন।

১০। আমরা পর্ব্বতের ও নদীগণের প্রদেয় সুখ প্রার্থনা করিতেছি, দেবগণের সহিত মিলিত বিষ্ণুর প্রদেয় সুখ প্রার্থনা করিতেছি।

১১। দাতা ভজনীয় ও সর্ব্বাপেক্ষা ধনধারী পূষা, শুভাগমন করিতেছেন, তিনি আগত হইলে বিস্তীর্ণ পথ আমাদের মঙ্গলকর হউক।

(১) মূলে "দম্পতি" আছে। স্ত্রীপুরুষ একত্রে সোমাভিষবদ্বারা যজ্ঞ সম্পাদনকরণ ও সংসার সুখ লাভ করণের কথা ৫ হইতে ৯ ঋকে পাওয়া যায়।

১২। শত্রুগণ কর্ত্তৃক অধৃষ্য দ্যোতমান পূষার সমস্ত স্তোতাগণ ভক্তিদ্বারা পর্য্যাপ্ত স্তুতিবিশিষ্ট হইতেছেন। আদিত্যগণের পক্ষে পাপশূন্য হইতেছেন।

১৩। মিত্র, বরুণ, অর্য্যমা যেরূপ রক্ষক, যজ্ঞের পথ সকলও সেইরূপ সুগম হউক।

১৪। হে দেবগণ! তোমাদের প্রধান, দীপ্তিমান্ অগ্নিকে ধনপ্রাপ্তির নিমিত্ত স্তুতিদ্বারা স্তব করি, তোমাদের পরিচর্য্যাকারী মনুষ্য বহুলোকের প্রিয়, যজ্ঞসাধক অগ্নিকে স্তব করিতেছে।

১৫। দেবাভিলাষী ব্যক্তির রথ শীঘ্র শূর যেরূপ কোন সৈন্য মধ্যে প্রবেশ করে, সেইরূপ দুর্গম পথে প্রবেশ করে। যে যজমান দেবগণের মনই স্তুতিদ্বারায় পূজা করিতে ইচ্ছা করে, সে যজ্ঞশূন্য জনকে অভিভব করে।

১৬। হে যজমান! তুমি বিনষ্ট হইবে না, হে সোমাভিষবকারী! বিনষ্ট হইবে না, হে দেবাভিলাষী! বিনষ্ট হইবে না। হে যজমান দেবগণের মনই স্তুতিদ্বারা পূজা করিতে ইচ্ছা করে, সে যজ্ঞশূন্য জনকে অভিভব করে।

১৭। যে যজমান দেবগণের মনই স্তুতিদ্বারা পূজা করিতে ইচ্ছা করে, সে যজ্ঞশূন্য জনকে অভিভব করে, কেহ কর্ম্মদ্বারা তাহাকে ব্যাপ্ত করিতে পারে না, সে কখনও স্বস্থান হইতে পৃথক্ হয় না, পুত্রাদি হইতে পৃথক্ হয় না।

১৮। যে যজমান দেবগণের মনই স্তুতিদ্বারা পূজা করিতে ইচ্ছা করে, সে যজ্ঞশূন্য জনকে অভিভব করে। তাহার সুন্দর বীর্য্যবান্ পুত্র হয়, অশ্বসমূহযুক্ত ধনও তাহারই হয়।

---

৩২ সূক্ত।

ইন্দ্র দেবতা। কণ্বগোত্রীয় মেধাতিথি ঋষি।

১। হে কণ্বগণ! তোমরা ইন্দ্রের গাথাদ্বারা তাঁহার মত্ততা জন্মিলে ঋজীষ সোমের কার্য্যসমূহ কীর্ত্তন কর।

২। উগ্র ইন্দ্র জল প্রেরণ করতঃ সৃবিন্দ, অনর্শনি, পিপ্রু দাস ও অহীশুবকে বধ করিয়াছেন।

৩। হে ইন্দ্র! বৃহৎ মেঘের আবরকস্থান বিদ্ধ কর, ঐ বীরকর্ম্ম সম্পাদন কর।

৪। মেঘের নিকট যেরূপ জল প্রার্থনা করে, সেইরূপ ইন্দ্র তোমাদিগের স্তুতি শ্রবণ করুন ও তোমাদিগকে রক্ষা করুন, এই তাঁহার নিকট প্রার্থনা করি। তিনি শক্রগণের দমনকারী ও শোভন হনুবিশিষ্ট।

৫। হে শূর! তুমি হৃষ্ট হইয়া স্তোতাগণের জন্য শক্রনগরীর ন্যায় গো ও অশ্ব নিবাসের দ্বার অপাবৃত কর।

৬। হে ইন্দ্র! যদি আমার অভিষুত সোমে অথবা স্তোত্রে অনুরক্ত হও, যদি অন্ন দান কর, তাহা হইলে দূরদেশ হইতে অন্নের সহিত নিকটে আগমন কর।

৭। হে স্তুতিযোগ্য ইন্দ্র! আমরা তোমার স্তোতা, হে সোমপায়ী! তুমি আমাদিগকে প্রীত কর।

৮। হে মঘবন্! তুমি প্রীত হইয়া আমাদিগকে অক্ষয় অন্ন দান কর, তোমার ধন প্রভূত।

৯। তুমি আমাদিগকে গোযুক্ত, অশ্বযুক্ত ও হিরণ্যযুক্ত কর; আমরা যেন অন্নবিশিষ্ট হই।

১০। ইন্দ্র লোকগণকে রক্ষা করিবার জন্য বাহু প্রসৃত করেন এবং পালন করিবার জন্য সুকার্য্য সম্পাদন করেন। তিনি মহৎ উক্থবিশিষ্ট, আমরা তাঁহাকে আহ্বান করি।

১১। যিনি যুদ্ধে বহুকর্ম্মবিশিষ্ট হন, তৎপরে এই শক্র বধ করেন এবং যিনি বৃত্রহন্তা, স্তোতাগণের জন্য যাঁহার অনেক ধন আছে।

১২। সেই শক্র আমাদিগকে শক্তিবিশিষ্ট করুন। ইন্দ্র দানশীল, তিনি সমস্ত রক্ষা দ্বারা আমাদের ছিদ্র সমূহ পরিপূর্ণ করেন।

১৩। যিনি ধনপালক, মহান্, সুপার এবং সোমাভিষবকারীর সখা; সেই ইন্দ্রের উদ্দেশে স্তুতি কর।

১৪। তিনি আগমনশীল, মহান্, সংগ্রামে অচল, অন্নজয়কারী এবং বলপূর্ব্বক বহুধনের ঈশ্বর।

১৫। উহাঁর সৎকার্য্যের কেহই নিয়ামক নাই, উনি দান করেন না, ইহা কেহই বলে না।

১৬। সোমপায়ী এবং সোমাভিষবকারী স্তোতাগণের ঋণ থাকে না। সামান্য ধনবান্ ব্যক্তি সোম পান করিতে পারে না।

১৭। স্তুতিযোগ্য ইন্দ্রের উদ্দেশে গান কর, স্তুতিযোগ্য ইন্দ্রের উদ্দেশে স্তোত্র উচ্চারণ কর, স্তুতিযোগ্য ইন্দ্রের উদ্দেশে ব্রহ্ম (স্তোত্রসমূহ) সম্পাদন কর।

১৮। স্তুতিযোগ্য বলবান্ ইন্দ্র শত্রুগণ কর্ত্তৃক অপরিবৃত হইয়া শত ও সহস্র শত্রু বিদীর্ণ করিয়াছেন; তিনি যজ্ঞকারীর বর্দ্ধক।

১৯। হে আহ্বানযোগ্য! তুমি মনুষ্যগণের হব্যের নিকট বিচরণ কর এবং অভিষুত সোম পান কর।

২০। হে ইন্দ্র! ধেনু বিনিময়ে ক্রীত এবং জলসংসৃষ্ট তোমার এই সোম পান কর।

২১। হে ইন্দ্র! ক্রোধপূর্ব্বক অভিষবকারীকে ও অনুপযুক্ত স্থানে অভিষবকারীকে অতিক্রম করিয়া চলিয়া আইস। তুমি আমাদের দত্ত এই অভিষুত সোম পান কর।

২২। হে ইন্দ্র! তুমি স্তুতি অবগত হইয়াছ, তুমি দূরদেশ হইতে তিন পথে আগমন কর। তুমি পঞ্চজনকে (১) অতিক্রম করিয়া আগমন কর।

২৩। সূর্য্য যেরূপ রশ্মি দান করেন, তুমি সেইরূপ ধন দান কর, জল যেরূপ নিম্নদেশে মিলিত হয়, সেইরূপ আমার স্তুতি তোমার সহিত মিলিত হউক।

২৪। হে অধ্বর্য্যুগণ! সুন্দর হনুবিশিষ্ট বীর ইন্দ্রের উদ্দেশে শীঘ্র সোম সেক কর, সোমপানার্থে আহ্বান কর।

২৫। তিনি জলের জন্য মেঘ ভেদ করিয়াছেন, নিম্নাভিমুখে জল প্রেরণ করিয়াছেন, তিনি গোসমূহে দুগ্ধ প্রদান করিয়াছেন।

২৬। দীপ্তিপ্রতিম ইন্দ্র বৃত্র, ঔর্ণবাভ ও অহীশুবকে বধ করিয়াছেন, তিনি হিমজলে মেঘ বিদ্ধ করিয়াছেন।

২৭। তোমরা উগ্র, নিষ্ঠুর, অভিভবকারী এবং প্রসহনশীল ইন্দ্রের উদ্দেশে দেবপ্রসাদলব্ধ স্তোত্র গান কর।

২৮। সোমরূপ অন্নের মত্ততা হইলে পর, তিনি দেবগণকে সমস্ত কর্ম্ম বিজ্ঞাপিত করেন।

২৯। সেই একত্রে প্রমত্ত, হিরণ্যকেশবিশিষ্ট অশ্বদ্বয় এই যজ্ঞে হিতকর অন্নাভিমুখে ইন্দ্রকে আনয়ন করুক।

৩০। হে অনেকের স্তুত ইন্দ্র! প্রিয়মেধকর্ত্তৃক স্তুত অশ্বদ্বয় সোম পানার্থে তোমাকে আমাদের অভিমুখে আনয়ন করুক।

(১) পঞ্চজনের উল্লেখ। "Five Nations." Max Muller.

৩৩ সূক্ত।

ইন্দ্র দেবতা। কণ্বগোত্রীয় প্রিয়মেধ ঋষি।

১। হে বৃত্রহা! আমরা সোম অভিষব করিয়াছি। নিম্নাভিমুখে জলের ন্যায় আমরা তোমার অভিমুখে গমন করিব, পবিত্র সোম প্রস্তুত হইলে স্তোতাগণ তোমার উপাসনা করে।

২। হে নিবাসপ্রদ ইন্দ্র! অভিযুত সোম নির্গত হইলে উক্থবিশিষ্ট নেতাগণ স্তোত্র করিতেছে। ইন্দ্র কখন সোমের জন্য তৃষ্ণার্ত্ত হইয়া বৃষভের ন্যায় শব্দ করতঃ যজ্ঞ স্থানে আগমন করিবেন?

৩। হে শত্রুদমনকারী ইন্দ্র! কণ্বগণকে সহস্রসংখ্যক অন্ন দান কর। হে মঘবা, বিচক্ষণ ইন্দ্র! আমরা ধৃষ্ট, পিশঙ্গরূপবিশিষ্ট ও গোমান্ অন্ন যাচ্ঞা করিতেছি।

৪। হে মেধ্যাতিথি! সোম পান কর। যিনি অশ্বদ্বয়কে রথে যোজিত করেন, যিনি সোমে সহায় হন, যিনি বজ্রী এবং যাঁহার রথ হিরণ্ময়, সোমজনিত মত্ততা হইলে পর সেই ইন্দ্রের স্তুতি কর।

৫। যাঁহার বামহস্ত সুন্দর, দক্ষিণহস্ত সুন্দর, যিনি ঈশ্বর ও সুক্রতু যিনি সহস্রকর্ত্তা, যিনি বহুধনশালী, যিনি পুরী ভেদ করেন এবং যিনি যজ্ঞে স্থির, সেই ইন্দ্রের স্তুতি করি।

৬। যিনি ধর্ষক, যিনি শত্রুগণকর্ত্তৃক অপরিবৃত, যুদ্ধে যাঁহার আশ্রয় গ্রহণ করা হয়, যিনি প্রভূত বলবান্, সোমপায়ী এবং বহুস্তুত সেই ইন্দ্র স্বকার্য্যে সমর্থ যজমানের দুগ্ধপ্রদ গাভীস্বরূপ।

৭। যিনি সুন্দর হনুবিশিষ্ট, সোমদ্বারা পরিতৃপ্ত এবং বলপূর্ব্বক পুরী ভেদ করেন, সোমাভিষব হইলে ঋত্বিক্‌গণের সহিত সোমপায়ী সেই ইন্দ্রকে কে জানে? কে বা অন্ন দান করে?

৮। শত্রুগণের অন্বেষণকারী হস্তী যেরূপ মদজল ধারণ করে (১), সেইরূপ ইন্দ্র যজ্ঞে মত্ততা ধারণ করেন। হে ইন্দ্র! তোমাকে কেহ নিয়মিত করিতে পারে না, তুমি সোমাভিমুখে আগমন কর। তুমি বীর্য্য প্রভাবে সর্ব্বত্র বিচরণ করিয়া থাক।

---

(১) দানযুক্ত মত্তহস্তীর উল্লেখ এখানে পাওয়া যায়।

৯। ইন্দ্র উগ্র হইলে শত্রুরা তাঁহাকে আচ্ছাদিত করিয়া রাখিতে পারে না, তিনি অচল, তিনি যুদ্ধে অলঙ্কৃত হন। ধনবান্ ইন্দ্র যদি স্তোতার আহ্বান শ্রবণ করেন, অন্যত্র গমন করেন না, কেবল তথায় আগমন করেন।

১০। হে উগ্র! তুমি সত্যই এইরূপ, তুমি অভীষ্টবর্ষী, তুমি কামবর্ষিগণ-কর্তৃক আকৃষ্ট এবং আমাদের শত্রুকর্তৃক অপরিবৃত। তুমি অভীষ্টবর্ষী বলিয়া খ্যাত আছ, দূরে এবং সমীপে অভীষ্টবর্ষী বলিয়া খ্যাত আছ।

১১। হে মঘবন্! তোমার অশ্বরজ্জু অভীষ্টবর্ষী; হিরণ্ময়ী কশা অভীষ্টবর্ষী এবং তোমার অশ্বদ্বয় অভীষ্টবর্ষী, হে শতক্রতু! তুমি অভীষ্টবর্ষী।

১২। হে অভীষ্টবর্ষী! তোমার অভিষবণকারী অভীষ্টবর্ষী হইয়া অভিষব করুন; হে ঋজুগামী! ধন দান কর; হে ইন্দ্র! অশ্বাভিমুখে স্থিত বর্ষিতা তোমার জন্য জলে সোম ধারণ করিয়াছেন।

১৩। হে বলবান্ ইন্দ্র! সোমরূপ মধুপানার্থে আগমন কর। সুকর্ম্মা ধনবান্ এই ইন্দ্র আমাদের নিকটে আগমন না করিয়া স্তুতি, স্তোম এবং উক্থ শ্রবণ করেন।

১৪। হে বৃত্রহা শতক্রতু! তুমি রথস্থ এবং ঈশ্বর, রথে যোজিত অশ্বগণ অন্যের যজ্ঞ তিরস্কার করিয়া তোমাকে আমাদের যজ্ঞে আনয়ন করুন।

১৫। হে মহামহ! অদ্য আমাদের নিকটবর্ত্তী স্তোম ধারণ কর। হে দীপ্তসোমপা ইন্দ্র! তোমার মত্ততার জন্য আমাদের যজ্ঞ কল্যাণকর হউক।

১৬। যে বীর ইন্দ্র আমাদিগের নেতা, তিনি তোমার, আমার এবং অন্যের শাসনে প্রীত হন না।

১৭। ইন্দ্রই তাহা বলিয়াছেন যে, স্ত্রীর মন দুঃশাস্য, স্ত্রীর ক্রতু লঘু।

১৮। সোমাভিমুখে গমনকারী অশ্বমিথুন ইন্দ্রের রথ বহন করে। অভীষ্টবর্ষী ইন্দ্রের রথ অশ্ববিষয়ে শ্রেষ্ঠ।

১৯। হে প্রয়োগিন্! তুমি অধোদেশ নিরীক্ষণ কর, ঊর্দ্ধদেশ নিরীক্ষণ করিও না। পাদদ্বয় সংশ্লিষ্ট কর, অবয়ব গোপন কর, যেহেতু তুমি স্তোতা হইয়াও স্ত্রী হইয়াছ (২)।

(২) প্রয়োগী পুরুষ হইয়াও স্ত্রী হইয়া গিয়াছিলেন। সায়ণ।

৩৪ সূক্ত।

ইন্দ্র দেবতা। কণ্বগোত্রীয় নীপাতিথি ঋষি।

১। হে ইন্দ্র! তুমি অশ্বগণের সহিত কণ্বের সুন্দর স্তুতির অভিমুখে আগমন কর। ঐ ইন্দ্র দ্যুলোক শাসন করেন, হে দীপ্তহব্যবিশিষ্ট! তুমি দ্যুলোকে যাও।

২। এই যজ্ঞে সোমবান্ অভিষব প্রস্তর শব্দ করতঃ ধনীর সহিত তোমাকে দান করুন। ঐ ইন্দ্র দ্যুলোক শাসন করেন, হে দীপ্তহব্যবিশিষ্ট! তুমি দ্যুলোকে যাও।

৩। বৃক যেরূপ মেষীকে কম্পিত করে, সেইরূপ এই যজ্ঞে অভিষব-প্রস্তর সোমলতাকে কম্পিত করিতেছে। ঐ ইন্দ্র দ্যুলোক শাসন করেন। হে দীপ্তহব্যবিশিষ্ট! তুমি দ্যুলোকে যাও।

৪। কণ্বগণ রক্ষা ও অন্ন লাভের জন্য তোমাকে এই যজ্ঞে আহ্বান করিতেছে। ঐ ইন্দ্র দ্যুলোক শাসন করেন। হে দীপ্তহব্যবিশিষ্ট! তুমি দ্যুলোকে যাও।

৫। বর্ষক বায়ুকে যেরূপ প্রথমে সোমরস প্রদান করে, সেইরূপ আমি তোমাকে অভিষুত সোম প্রদান করিব। ঐ ইন্দ্র দ্যুলোক শাসন করেন। হে দীপ্তহব্যবিশিষ্ট! তুমি দ্যুলোকে যাও।

৬। হে স্বর্গের পুরন্ধি! তুমি আমাদের নিকট আগমন কর। হে সমস্ত জগতের ধারক! তুমি আমাদের রক্ষার্থে আগমন কর। ঐ ইন্দ্র দ্যুলোক শাসন করেন। হে দীপ্তহব্যবিশিষ্ট! তুমি দ্যুলোকে যাও।

৭। হে মহামতি, সহস্ররক্ষাবান্, বহুধন ইন্দ্র! আমাদের নিকট আগমন কর। ঐ ইন্দ্র দ্যুলোক শাসন করেন। হে দীপ্তহব্যবিশিষ্ট! তুমি দ্যুলোকে যাও।

৮। দেবগণের মধ্যে স্তুতিযোগ্য ও মনুষ্যগণকর্ত্তৃক গৃহে নিহিত হোতা অগ্নি তোমাকে বহন করুন্। ঐ ইন্দ্র দ্যুলোক শাসন করেন। হে দীপ্তহব্যবিশিষ্ট! তুমি দ্যুলোকে যাও।

৯। শ্যেনপক্ষী যেরূপ তাহার পক্ষদ্বয় বহন করে, সেইরূপ মদস্রাবী অশ্বদ্বয় তোমাকে বহন করুক। ঐ ইন্দ্র দ্যুলোক শাসন করেন। হে দীপ্তহব্যবিশিষ্ট! তুমি দ্যুলোকে যাও।

১০। হে স্বামী! তুমি সর্ব্বতোভাবে আগমন কর, তোমার পানার্থ সোম

স্বাহা করিতেছি। ঐ ইন্দ্র দ্যুলোক শাসন করেন। হে দীপ্তহব্যবিশিষ্ট! তুমি দ্যুলোকে যাও।

১১। উক্থ পাঠ হইলে তুমি এই যজ্ঞে আমাদের সমীপে আগমন কর এবং আমাদিগকে প্রীত কর। ঐ ইন্দ্র দ্যুলোক শাসন করেন। হে দীপ্তহব্যবিশিষ্ট তুমি দ্যুলোকে যাও।

১২। হে পুষ্ট অশ্ববিশিষ্ট ইন্দ্র! পুষ্ট এবং সমান রূপবিশিষ্ট অশ্বগণের সহিত আগমন কর। ঐ ইন্দ্র দ্যুলোক শাসন করেন। হে দীপ্তহব্যবিশিষ্ট! তুমি দ্যুলোকে যাও।

১৩। তুমি পর্ব্বত হইতে আগমন কর, অন্তরিক্ষ হইতে আগমন কর। ঐ ইন্দ্র দ্যুলোক শাসন করেন। হে দীপ্তহব্যবিশিষ্ট! তুমি দ্যুলোকে যাও।

১৪। হে শূর! তুমি আমাদিগের জন্য সহস্রসংখ্যক গাভী ও অশ্ব দান কর। ঐ ইন্দ্র দ্যুলোক শাসন করেন। হে দীপ্তহব্যবিশিষ্ট! তুমি দ্যুলোকে যাও।

১৫। হে ইন্দ্র! আমাদিগকে সহস্র, অযুত ও শত অভিলষিত দান কর। ঐ ইন্দ্র দ্যুলোক শাসন করেন। হে দীপ্তহব্যবিশিষ্ট! তুমি দ্যুলোকে যাও।

১৬। আমরা ধনের দ্বারা শোভা পাই, আমরা সকলে এবং ইন্দ্র বলবান্ অশ্বপশু গ্রহণ করি।

১৭। ঋজুগামী, বায়ুসদৃশ বেগবান্, আরোচমান, অন্ন অন্ন স্যন্দমান অশ্বগণ সূর্য্যের ন্যায় শোভা পায়।

১৮। পারাবত যখন এই সকল রথচক্রের গতি উৎপাদনকারী অশ্বসমূহকে প্রদান করেন, তখন আমি বনের মধ্যে ছিলাম।

---

৩৫ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। অত্রিগোত্রীয় শ্যাবাশ্ব ঋষি।

১। হে অশ্বিদ্বয়! তোমরা, অগ্নি, ইন্দ্র, বরুণ, বিষ্ণু, আদিত্যগণ, রুদ্রগণ, ও বসুগণের সহিত একত্রে এবং উষা ও সূর্য্যের সহিত মিলিত হইয়া সোম পান কর।

২। হে বলবান্ অশ্বিদ্বয়! তোমরা সমস্ত প্রজা, ভূতজাতি, দ্যুলোক,

পৃথিবী ও পর্ব্বতের সহিত একত্রে এবং উষা ও সূর্য্যের সহিত মিলিত হইয়া সোম পান কর।

৩। হে অশ্বিদ্বয়! তোমরা এই যজ্ঞে ভক্ষণকারী ত্রয়স্ত্রিংশ সংখ্যক দেবগণের সহিত (১) মরুৎগণ ও ভৃগুগণের সহিত একত্রে এবং উষা ও সূর্য্যের সহিত মিলিত হইয়া সোম পান কর।

৪। হে দেব অশ্বিদ্বয়! তোমরা যজ্ঞ সেবা কর, আমার আহ্বান জ্ঞাত হও, এই যজ্ঞে সমস্ত সবন অবগত হও, উষা ও সূর্য্যের সহিত মিলিত হইয়া আমাদের অন্ন গ্রহণ কর।

৫। হে দেব অশ্বিদ্বয়! যুবা পুরুষ যেরূপ কন্যার আহ্বান সেবা করে, সেইরূপ তোমরা এই যজ্ঞে স্তোম সেবা কর। এই যজ্ঞে সমস্ত সবন অবগত হও, উষা ও সূর্য্যের সহিত মিলিত হইয়া আমাদের অন্ন গ্রহণ কর।

৬। হে দেব অশ্বিদ্বয়! আমাদের স্তুতি সেবা কর, যজ্ঞ সেবা কর, এই যজ্ঞে সমস্ত সবন অবগত হও, উষা ও সূর্য্যের সহিত মিলিত হইয়া আমাদের অন্ন গ্রহণ কর।

৭। যেমন হারিদ্রব পক্ষিদ্বয় বনে পতিত হয়, সেইরূপ তোমরা অভিষুত সোমাভিমুখে পতিত হও। মহিষদ্বয়ের ন্যায় উহা অবগত হও, উষা ও সূর্য্যের সহিত মিলিত হইয়া ত্রিমার্গে গমন কর।

৮। হে অশ্বিদ্বয়! হংসদ্বয়ের ন্যায় এবং পথিকদ্বয়ের ন্যায় অভিষুত সোমাভিমুখে পতিত হও এবং মহিষদ্বয়ের ন্যায় অবগত হও, উষা ও সূর্য্যের সহিত মিলিত হইয়া ত্রিমার্গে গমন কর।

৯। হে অশ্বিদ্বয়! তোমরা শ্যেনদ্বয়ের ন্যায় অভিষুত সোমাভিমুখে পতিত হও এবং মহিষদ্বয়ের ন্যায় অবগত হও, উষা ও সূর্য্যের সহিত মিলিত হইয়া ত্রিমার্গে গমন কর।

১০। হে অশ্বিদ্বয়! তোমরা পান কর, তৃপ্ত হও, আগমন কর, সন্তান দান কর ও ধন দান কর এবং উষা ও সূর্য্যের সহিত মিলিত হইয়া আমাদিগকে বল দান কর।

১১। হে অশ্বিদ্বয়! তোমরা জয়লাভ কর, প্রশংসা কর, রক্ষা কর, সন্তান দান কর ও ধন দান কর এবং উষা ও সূর্য্যের সহিত মিলিত হইয়া আমাদিগকে বল দান কর।

---

(১) ত্রয়স্ত্রিংশৎ দেবের উল্লেখ।

১২। হে অশ্বিদ্বয়! তোমরা শত্রু বিনাশ কর, মিত্রযুক্ত হইয়া গমন কর, সন্তান দান কর ও ধন দান কর এবং উষা ও সূর্য্যের সহিত মিলিত হইয়া আমাদিগকে বল দান কর।

১৩। হে অশ্বিদ্বয়! তোমরা মিত্র ও বরুণযুক্ত ধর্ম্মবান্ এবং মরুৎগণযুক্ত। তোমরা স্তোতার আহ্বানাভিমুখে গমন কর এবং উষা ও সূর্য্য ও আদিত্যগণের সহিত একত্রে আগমন কর।

১৪। হে অশ্বিদ্বয়! তোমরা, অঙ্গিরাগণ, বিষ্ণু ও মরুৎগণের সহিত স্তোতার আহ্বানাভিমুখে গমন কর এবং উষা ও সূর্য্য ও আদিত্যগণের সহিত একত্রে গমন কর।

১৫। হে অশ্বিদ্বয়! তোমরা ঋভু, অভীষ্টবর্ষী বাজ ও মরুৎগণে যুক্ত হইয়া স্তোতার আহ্বানাভিমুখে গমন কর এবং উষা, সূর্য্য ও আদিত্যগণের সহিত একত্রে গমন কর।

১৬। হে অশ্বিদ্বয়! তোমরা স্তোত্র জয় কর এবং কর্ম্ম জয় কর। রাক্ষসগণকে বধ কর ও রাক্ষসসমূহ শাসন কর। উষা এবং সূর্য্যের সহিত একত্রে অভিষবকারীর সোম পান কর।

১৭। হে অশ্বিদ্বয়! তোমরা বল জয় কর ও মনুষ্যগণকে জয় কর। রক্ষগণকে বধ কর ও রাক্ষসসমূহ শাসন কর। উষা এবং সূর্য্যের সহিত একত্রে অভিষবকারীর সোমপান কর।

১৮। হে অশ্বিদ্বয়! ধেনু জয় কর এবং লোক সকল জয় কর, রক্ষগণকে বধ কর ও রাক্ষসসমূহ শাসন কর। উষা এবং সূর্য্যের সহিত একত্রে অভিষবকারীর সোমপান কর।

১৯। হে অশ্বিদ্বয়! তোমরা শত্রুগণের গর্ব্ব খর্ব্বকারী তোমরা যেরূপ অত্রির স্তুতি শ্রবণ করিতে, সেইরূপ সোমাভিষবকারী শ্যাবাশ্বের মুখ্য স্তুতি শ্রবণ কর। উষা এবং সূর্য্যের সহিত মিলিত হইয়া প্রাতঃকালের যজ্ঞে সোম পান কর।

২০। হে অশ্বিদ্বয়! শ্যাবাশ্বের সুন্দর স্তুতি আভরণের ন্যায় গ্রহণ কর। উষা এবং সূর্য্যের সহিত মিলিত হইয়া প্রাতঃকালের যজ্ঞে সোম পান কর।

২১। হে অশ্বিদ্বয়! অশ্বরজ্জুর ন্যায় শ্যাবাশ্বের যজ্ঞাভিমুখে গমন কর। উষা এবং সূর্য্যের সহিত মিলিত হইয়া প্রাতঃকালের যজ্ঞে সোম পান কর।

২২। হে অশ্বিদ্বয়! তোমাদের রথ আমাদের অভিমুখে আনয়ন কর,

সোমরূপ মধু পান কর, যজ্ঞে আগমন কর, সোমের অভিমুখে আগমন কর। আমি রক্ষাভিলাষী হইয়া তোমায় আহ্বান করিতেছি। তুমি হব্যদাতাকে রত্ন দান কর।

২৩। হে অশ্বিদ্বয়! তোমরা নেতা, আমি বিচক্ষণ, আমার এই প্রস্তুত নমোবাক্যযুক্ত যজ্ঞে সোমপানার্থে আগমন কর, সোমের অভিমুখে আগমন কর। আমি রক্ষাভিলাষী হইয়া তোমায় আহ্বান করিতেছি। তুমি হব্যদাতাকে রত্ন দান কর।

২৪। হে দেব অশ্বিদ্বয়! তোমরা অভিষুত স্বাহাকৃত সোমে তৃপ্তিলাভ কর, যজ্ঞে আগমন কর, সোমের অভিমুখে আগমন কর, আমি রক্ষাভিলাষী হইয়া তোমায় আহ্বান করিতেছি। তুমি হব্যদাতাকে রত্ন দান কর।

---

৩৬ সূক্ত।

ইন্দ্র দেবতা। শ্যাবাশ্ব ঋষি।

১। হে শতক্রতু! যে সোম অভিষব করে ও কুশ বিস্তার করে, তুমি তাহার রক্ষক হও। হে সৎপতি মরুৎগণযুক্ত ইন্দ্র! দেবগণ তোমার জন্য যে সোমের ভাগ কল্পনা করিয়াছেন, সমস্ত সেনা ও বহুবেগ অভিভূত করতঃ জলমধ্যে জেতা হইয়া মত্ত হইবার জন্য সেই সোমের ভাগ পান কর।

২। হে মঘবন্! স্তোতাকে রক্ষা কর, তোমাকে সোমপানের দ্বারা রক্ষা কর। হে সৎপতি মরুৎগণযুক্ত শতক্রতু! দেবগণ তোমার জন্য যে সোমের ভাগ কল্পনা করিয়াছেন, সমস্ত সেনা ও বহুবেগ অভিভূত করতঃ জল মধ্যে জেতা হইয়া মত্ত হইবার জন্য সেই সোমের ভাগ পান কর।

৩। তুমি দেবগণকে অন্নের দ্বারা রক্ষা কর, তোমাকে বলের দ্বারা রক্ষা কর। হে সৎপতি মরুৎগণযুক্ত শতক্রতু! দেবগণ তোমার জন্য যে সোমের ভাগ কল্পনা করিয়াছেন, সমস্ত সেনা ও বহুবেগ অভিভূত করতঃ জলমধ্যে জেতা হইয়া মত্ত হইবার জন্য সেই সোমের ভাগ পান কর।

৪। তুমি দ্যুলোকের জনক, পৃথিবীর জনক। হে সৎপতি মরুৎগণযুক্ত শতক্রতু! দেবগণ তোমার জন্য যে সোমের ভাগ কল্পনা করিয়াছেন, সমস্ত

সেনা ও বহুবেগ অভিভূত করতঃ জলমধ্যে জেতা হইয়া মত্ত হইবার জন্য সেই সোমের ভাগ পান কর।

৫। তুমি অশ্বের জনক, গাভীর জনক। হে সৎপতি মরুৎগণযুক্ত শতক্রতু! দেবগণ তোমার জন্য যে সোমের ভাগ কল্পনা করিয়াছেন, সমস্ত সেনা ও বহুবেগ অভিভূত করতঃ জলমধ্যে জেতা হইয়া মত্ত হইবার জন্য সেই সোমের ভাগ পান কর।

৬। হে অত্রিমান্! অত্রিগণের স্তোম পূজিত কর। হে সৎপতি মরুৎগণ যুক্ত শতক্রতু! দেবগণ তোমার জন্য যে সোমের ভাগ কল্পনা করিয়াছেন, সমস্ত সেনা ও বহুবেগ অভিভূত করতঃ জলমধ্যে জেতা হইয়া মত্ত হইবার জন্য সেই সোমের ভাগ পান কর।

৭। হে ইন্দ্র! তুমি যেরূপ যজ্ঞকারী অত্রির স্তুতি শ্রবণ করিয়াছিলে, সেইরূপ অভিষবকারী শ্যাবাশ্বের স্তুতি শ্রবণ কর। তুমি একাকীই যুদ্ধে স্তোত্র সমুদয় বর্দ্ধিত করতঃ ত্রসদস্যুকে রক্ষা করিয়াছিলে।

৩৭ সূক্ত।

ইন্দ্র দেবতা। শ্যাবাশ্ব ঋষি।

১। হে যজ্ঞপতি ইন্দ্র! তুমি সংগ্রামে সমস্ত রক্ষাদ্বারা এই স্তোত্র রক্ষা কর, সোমাভিষবকারীকে রক্ষা কর। হে অনিন্দনীয়, বজ্রবান্ বৃত্রহা! মাধ্যন্দিন সবনের সোম পান কর।

২। হে যজ্ঞপতি উগ্র ইন্দ্র! শত্রুসেনাগণকে অভিভূত করিয়া সমস্ত রক্ষা দ্বারা রক্ষা কর। হে অনিন্দনীয়, বজ্রবান্ বৃত্রহা! মাধ্যন্দিন সবনের সোম পান কর।

৩। হে যজ্ঞপতি ইন্দ্র! এই ভুবনের অদ্বিতীয় রাজা হইয়া ও সমস্ত রক্ষাযুক্ত হইয়া শোভা পাও। হে অনিন্দনীয়, বজ্রবান বৃত্রহা! মাধ্যন্দিন সবনের সোম পান কর।

৪। হে যজ্ঞপতি ইন্দ্র! তুমিই সমানরূপে অবস্থিত এই লোকদ্বয় পৃথক্ করিয়া থাক। হে অনিন্দনীয়, বজ্রবান্ বৃত্রহা! মাধ্যন্দিন সবনের সোম পান কর।

৫। হে যজ্ঞপতি ইন্দ্র! তুমি সমস্ত রক্ষাবিশিষ্ট হইয়া জগতের মঙ্গল ও প্রয়োগের ঈশ্বর হও। হে অনিন্দনীয়, বজ্রবান্ বৃত্রহা! মাধ্যন্দিন সবনের সোম পান কর।

৬। হে শচিপতি ইন্দ্র! তুমি সমস্ত রক্ষাবিশিষ্ট হইয়া বলের জন্য রক্ষা কর, তোমাকে কেহ রক্ষা করে না। হে অনিন্দনীয়, বজ্রবান্ বৃত্রহা! মাধ্যন্দিন সবনের সোম পান কর

৭। হে ইন্দ্র! তুমি যেরূপ যজ্ঞকারী অত্রির স্তুতি শ্রবণ করিয়াছিলে, সেইরূপ স্তুতিকারী শ্যাবাশ্বের স্তুতি শ্রবণ কর। তুমি একাকীই যুদ্ধে স্তোত্র-সমুদয় বর্দ্ধিত করতঃ ত্রসদস্যুকে রক্ষা করিয়াছিলে।

৩৮ সূক্ত।

ইন্দ্র ও অগ্নি দেবতা। শ্যাবাশ্ব ঋষি।

১। হে ইন্দ্র ও অগ্নি! তোমরা বিশুদ্ধ এবং ঋত্বিক্। যুদ্ধে এবং কর্ম্মে আমাকে অবগত হও।

২। হে ইন্দ্র ও অগ্নি! তোমরা শত্রুহিংসাকারী, রথে গমনশীল, বৃত্রহন্তা এবং অপরাজিত। তোমরা আমাকে অবগত হও।

৩। হে ইন্দ্র ও অগ্নি! যজ্ঞের নেতাগণ তোমাদের উদ্দেশে প্রস্তর দ্বারা এই মদকর মধু দোহন করিয়াছেন। তোমরা আমাকে অবগত হও।

৪। হে একত্রে স্তুতিযোগ্য, নেতা ইন্দ্র ও অগ্নি! যজ্ঞ সেবা কর, যজ্ঞার্থে অভিষুত সোমের অভিমুখে আগমন কর।

৫। হে ইন্দ্র ও অগ্নি! তোমরা নেতা, তোমরা যাহার দ্বারা হব্য বহন কর, সেই এই সবন সেবা কর, আগমন কর।

৬। হে নেতা ইন্দ্র ও অগ্নি! তোমরা গায়ত্রমার্গবিশিষ্ট এই সুস্তুতি সেবা কর, আগমন কর।

৭। হে ধনজেতা ইন্দ্র ও অগ্নি! তোমরা প্রাতঃকালে মিলিত দেবগণের সহিত সোমপানার্থে আগমন কর।

৮। হে ইন্দ্র ও অগ্নি! তোমরা সোমাভিষবকারী শ্যাবাশ্বের ঋত্বিক্-গণের আহ্বান সোমপানার্থে শ্রবণ কর।

৯। হে ইন্দ্র ও অগ্নি! প্রাজ্ঞগণ যেরূপে তোমাদিগকে আহ্বান করিয়াছে, সেইরূপে আমি রক্ষার্থ ও সোমপানার্থ তোমাদিগকে আহ্বান করি।

১০। যাঁহাদের উদ্দেশে সাম গান করা হয়, আমি সেই স্তুতিমান্ ইন্দ্র ও অগ্নির নিকট রক্ষা প্রার্থনা করি।

৩৯ সূক্ত।

অগ্নি দেবতা। কণ্বগোত্রীয় নাভাক ঋষি।

১। ঋক্‌মন্ত্রযোগ্য অগ্নির স্তব করি, যজ্ঞার্থে স্তুতিদ্বারা অগ্নির স্তুতি করি। অগ্নি আমাদের যজ্ঞে দেবগণকে হব্যের দ্বারা পূজা করুন। কবি অগ্নি, স্বর্গ ও পৃথিবী, এই উভয়ের মধ্যে দৌত্যকার্য্যে বিচরণ করেন। অগ্নি সমস্ত শত্রু হিংসা করুন।

২। হে অগ্নি! নূতন স্তোত্রের দ্বারা আমাদের অঙ্গে এই শত্রুর হিংসা দগ্ধ কর, হব্যপ্রদাতাগণের শত্রু দগ্ধ কর। সমস্ত অভিগমনশীল মূঢ় শত্রুগণ এখান হইতে চলিয়া যাউক। অগ্নি সমস্ত শত্রু হিংসা করুন।

৩। হে অগ্নি! তোমার মুখে সুখকর ঘৃতের ন্যায় স্তোত্র হোম করি। দেবগণের মধ্যে তুমি আমাদের স্তুতি অবগত হও, তুমি পুরাতন, সুখকর এবং দেবগণের দূত। অগ্নি সমস্ত শত্রু হিংসা করুন।

৪। যাহা যাহা যাজ্ঞা করে, অগ্নি সেই সেই অন্ন প্রদান করেন। তিনি অন্নের দ্বারা আহূত হইয়া যজমানের শান্তিকর ও বিষয়োপভোগজনিত সুখ দান করেন। তিনি সমস্ত দেবগণের আহ্বানে থাকেন। অগ্নি সমস্ত শত্রু হিংসা করুন।

৫। সেই অগ্নি অভিভবকর নানাবিধ কর্ম্মদ্বারা জ্ঞাত হন। তিনি সমস্ত দেবগণের হোতা, পশুগণে পরিবৃত এবং তিনি শত্রুর অভিমুখে গমন করেন। অগ্নি সমস্ত শত্রু হিংসা করুন।

৬। অগ্নি দেবগণের জন্ম জানেন, অগ্নি মনুষ্যগণের গুহ্য বিষয় জানেন। অগ্নি ধনদাতা, অগ্নি নূতন হব্যদ্বারা সুন্দররূপে আহুত হইয়া ধনের দ্বার উদ্‌ঘাটন করেন। অগ্নি সমস্ত শত্রু হিংসা করুন।

৭। অগ্নি দেবগণের মধ্যে বাস করেন, তিনি যজ্ঞার্হ, প্রজাগণের মধ্যে বাস করেন। তুমি যেরূপ বিশ্বপোষণ করেন, সেইরূপ তিনি সহর্ষে সমস্ত কার্য্য পোষণ করেন, অগ্নিদেব দেবগণের মধ্যে যজ্ঞার্হ। অগ্নি সমস্ত শত্রু হিংসা করুন।

৮। যে অগ্নি সপ্তমনুষ্যবিশিষ্ট (১) ও সমস্ত নদীতে আশ্রিত, আমরা তাঁহার নিকট গমন করি। তিনি তিনস্থানবিশিষ্ট, মান্ধাতার জন্য সর্ব্বাপেক্ষা অধিক দস্যু হনন করিয়াছেন। তিনি সকলের প্রধান। অগ্নি সমস্ত শত্রু হিংসা করুন।

৯। কবি অগ্নি, তিন বন্ধনবিশিষ্ট স্থানে বাস করেন। সেই অগ্নি দূত, প্রাজ্ঞ এবং অলঙ্কৃত হইয়া এই যজ্ঞে ত্রয়স্ত্রিংশ দেবগণের (২) যাগ করুন, আমাদের অভিলাষ পূরণ করুন। অগ্নি সমস্ত শত্রু হিংসা করুন।

১০। হে পূর্ব্বভাবী অগ্নি! তুমি এক হইয়া মনুষ্যগণের মধ্যে ধনের ঈশ্বর, দেবগণের মধ্যেও ধনের ঈশ্বর। স্বয়ং সেতুস্বরূপ, গমনশীল জল উঁহার চতুর্দ্দিকে গমন করে। অগ্নি সমস্ত শত্রু হিংসা করুন।

৪০ সূক্ত।

ইন্দ্র ও অগ্নি দেবতা। নাভাক ঋষি।

১। হে ইন্দ্র ও অগ্নি! তোমরা শত্রু অভিভব করতঃ আমাদের ধন দান কর। অগ্নি যেরূপ বায়ুদ্বারা বনকে অভিভব করেন, আমরা সেইরূপ সেই ধনের সাহায্যে দৃঢ় শত্রুবল অভিভব করিব। ইন্দ্র ও অগ্নি সমস্ত শত্রু হিংসা করুন।

২। হে ইন্দ্র ও অগ্নি! তোমাদের নিকট ধন যাচ্ঞা করিব না; সর্ব্বাপেক্ষা বলবান্ নেতাগণের নেতা ইন্দ্রেরই যজ্ঞ করিব। তিনি অশ্বে আরোহণ করতঃ কখন অন্নলাভার্থ আগমন করেন, কখন যজ্ঞলাভার্থ আগমন করেন। ইন্দ্র ও অগ্নি সমস্ত শত্রু হিংসা করুন।

৩। সেই প্রসিদ্ধ ইন্দ্র ও অগ্নি যুদ্ধে মধ্যস্থলে নিবাস করেন। হে নেতৃদ্বয়! কবিগণ জিজ্ঞাসা করিলে তোমরাই বন্ধুতাভিলাষী যজমানের কৃতকর্ম্ম ব্যাপ্ত কর। ইন্দ্র ও অগ্নি সমস্ত শত্রু হিংসা করুন।

৪। যজ্ঞ এবং বাক্যদ্বারা নাভাকের ন্যায় ইন্দ্র ও অগ্নিকে অর্চ্চনা কর। এই সমস্ত জগৎ ইন্দ্র ও অগ্নিতে বর্ত্তমান, ইঁহারই ক্রোড়ে মহতী পৃথিবী ও দ্যুলোক ধন ধারণ করেন। ইন্দ্র ও অগ্নি সমস্ত শত্রু হিংসা করুন।

(১) মূলে "সপ্তমানুষঃ" আছে। অর্থ বোধ হয় সপ্তসিন্ধুতীরস্থ প্রদেশের নিবাসিগণ। পরের কথাগুলি হইতে এই অর্থই আরও প্রতীয়মান হইতেছে।

(২) ৩৩ দেবের উল্লেখ।

৫। নাভাকের স্থায় ঋষি, ইন্দ্র ও অগ্নির উদ্দেশে স্তুতি প্রেরণ করিতেছেন। ইহারা সপ্তমূলবিশিষ্ট ও অবরুদ্ধ দ্বারবিশিষ্ট অর্ণবকে আচ্ছাদিত করেন। ইন্দ্র তেজোবলে ঈশ্বর। ইন্দ্র ও অগ্নি সমস্ত শত্রু হিংসা করুন।

৬। হে ইন্দ্র! প্রাচীন লোকে যেরূপ লতার শাখা ছেদ করে, সেইরূপ তুমি সমস্ত শত্রুদিগকে ছেদ কর। দাসের বল বিনাশ কর, আমরা ইন্দ্রের অনুগ্রহে এই দাসকর্ত্তৃক সংগৃহীত অর্থ ভাগ করিয়া লইব (১)। ইন্দ্র ও অগ্নি সমস্ত শত্রু হিংসা করুন।

৭। এই যে সকল লোক ধনদ্বারা এবং স্তুতিদ্বারা ইন্দ্র ও অগ্নিকে আহ্বান করিতেছেন, তাঁহাদের মধ্যে আমরা সসৈন্যে আমাদের মনুষ্যের সাহায্যে শত্রুগণকে অভিভূত করিব এবং শত্রুগণের স্তুতি ভজনা করিব। ইন্দ্র ও অগ্নি সমস্ত শত্রু হিংসা করুন।

৮। যে শ্বেতবর্ণ ইন্দ্র ও অগ্নি অধোদেশ হইতে দীপ্তির দ্বারা স্বর্গের উপরে গমন করেন, তাঁহাদেরই হব্য বহন করতঃ যজমানগণ কার্য্য অনুষ্ঠান করিতেছে। তাঁহারাই প্রসিদ্ধ সিন্ধুসমূহকে বন্ধন হইতে মুক্ত করিয়াছিলেন। ইন্দ্র ও অগ্নি সমস্ত শত্রু হিংসা করুন।

৯। হে হরিনামক অশ্বযুক্ত, বজ্রবান্ প্রেরক ইন্দ্র! তুমি প্রীতি প্রদান কর; তুমি বীর, তুমি ধনদান কর; তোমার অনেক উপমান বস্তু আছে, তোমার প্রাচীন প্রশস্তি অনেক আছে; ঐ প্রশস্তি সকল আমাদের কর্ম্ম সম্পন্ন করুক। ইন্দ্র ও অগ্নি সমস্ত শত্রু হিংসা করুন।

১০। হে স্তোতাগণ! দীপ্ত ধনভাক্, ঋক্‌মন্ত্রের যোগ্য ইন্দ্রকে উত্তম স্তুতিদ্বারা সংস্কৃত কর। আরও যে ইন্দ্র শুষ্মের অন্ত সকল ভেদ করেন, তিনিই স্বর্গীয় জল জয় করেন। ইন্দ্র ও অগ্নি সমস্ত শত্রু হিংসা করুন।

১১। হে স্তোতাগণ! উত্তম যজ্ঞবিশিষ্ট, বিনাশরহিত, ধনভাক্ যাগযোগ্য ইন্দ্রকে সংস্কৃত কর। যে ইন্দ্র যজ্ঞের অভিমুখে গমন করেন, তিনি শুষ্মের অন্ত সকল ভেদ করেন, তিনি স্বর্গীয় জল জয় করেন। ইন্দ্র ও অগ্নি সমস্ত শত্রু হিংসা করুন।

১২। আমি পিতার স্থায়, মান্ধাতার ন্যায়, অঙ্গিরার স্থায়, ইন্দ্র ও অগ্নির

(১) দাস অর্থে অনার্য্য বর্ব্বরজাতি।

উদ্দেশে নূতন স্তুতি পাঠ করিয়াছি। তাঁহারা ত্রিধাতু আশ্রয় দ্বারা (২) আমাদিগকে পালন করুন, আমরা ধনের স্বামী হইব।

৪১ সূক্ত।

বরুণ দেবতা। নাভাক ঋষি।

১। হে স্তোতা! প্রভূত ধনলাভার্থ এই বরুণের ও অতিশয় বিদ্বান্ মরুৎগণের উদ্দেশে স্তব কর। বরুণ কর্ম্মদ্বারা মনুষ্যগণের পশু সকলকে গো-সমূহের ন্যায় রক্ষা করেন। তিনি সমস্ত শত্রু হিংসা করেন (১)।

২। আমি সেই বরুণকেই সমান স্তুতির দ্বারা স্তব করিতেছি, পিতৃগণের স্তোমদ্বারা স্তব করিতেছি, নাভাক ঋষির স্তুতিদ্বারা স্তব করি। তিনি নদী সমূহের নিকটে উদগত হন, তাঁহার সপ্তস্বসা, তিনি মধ্যম। তিনি সমস্ত শত্রু হিংসা করুন।

৩। সেই বরুণ রাত্রিকে আলিঙ্গন করেন, তিনি দর্শনীয়, তিনি উর্দ্ধে গমন করতঃ মায়াদ্বারা সমস্ত জগৎ ধারণ করেন, তাঁহার কর্ম্মাভিলাষী প্রজাগণ তিন ঊষা বর্দ্ধিত করেন। তিনি সমস্ত শত্রু হিংসা করুন।

৪। যে বরুণ পৃথিবীর উপরে দিক্ সকল ধারণ করেন, তিনি দর্শনীয় নির্ম্মাণকারী। প্রাচীন পদ (২) এবং যে পদে আমরা বিচরণ করি এ উভয়েই বরুণের। তিনিই ঈশ্বর হইয়া আমাদের গোসমূহ রক্ষা করেন। তিনি সমস্ত শত্রু হিংসা করুন।

৫। যিনি ভুবনসমূহের ধারক, যিনি রশ্মিসমূহের অন্তর্হিত গুহ্য নাম জানেন, সেই বরুণ কবি হইয়া অনেক কবির কর্ম্মস্বরূপ দ্যুলোককে পোষণ করেন। তিনি সমস্ত শত্রু হিংসা করুন।

৬। সমস্ত কবি কর্ম্মচক্রের নাভির ন্যায় যে বরুণকে আশ্রয় করিয়াছে,

(২) মূলে "ত্রিধাতুনা শর্ম্মণা" আছে। সায়ণ তাহার অর্থ ত্রিপর্ব্ব গৃহ করিয়াছেন।

(১) ৩৯, ৪০ ও ৪১ সূক্তের প্রায় প্রত্যেক ঋকের শেষে "নভন্তাং অন্যকে সমে" শব্দগুলি আছে। ৪১ সূক্তেও সায়ণ ইন্দ্র ও অগ্নি সম্বন্ধে এই শব্দগুলির অর্থ করিয়াছেন। কিন্তু ৪১ সূক্তে অগ্নি বা ইন্দ্রের উল্লেখ আদৌ নাই।

(২) স্বর্গ। সায়ণ।

সেই স্থানত্রয়বিশিষ্ট বরুণের শীঘ্র পরিচর্য্যা কর। গোষ্ঠে যেরূপ গো গমন করে, সেইরূপ আমাদের পরিভবার্থ যুদ্ধের জন্য শত্রুগণ অশ্ব যোজনা করিতেছে। তিনি সমস্ত শত্রু হিংসা করুন।

৭। বরুণ এই দিক্‌সমূহে ব্যাপ্ত হইয়া রহিয়াছেন, তিনি শত্রুগণের সমস্ত ব্যাপ্তনগর বিনাশ করেন, তাঁহার রথের সম্মুখে সমস্ত দেবগণ কর্ম্মানুষ্ঠান করেন। তিনি সমস্ত শত্রু হিংসা করুন।

৮। সেই সমুদ্রস্বরূপ বরুণ অন্তর্হিত হইয়া শীঘ্র আদিত্যের ন্যায় স্বর্গে আরোহণ করেন এবং এই দিক্‌সমূহে প্রজাদিগকে দাম প্রদান করেন। তিনি দ্যুতিমান্ পদদ্বারা মায়া নাশ করেন ও স্বর্গে গমন করেন। তিনি সমস্ত শত্রু হিংসা করুন।

৯। অন্তরিক্ষ অধিবাসী যে বরুণের শ্বেতবর্ণ বিচক্ষণ তেজত্রয় তিন ভুবনে প্রথিত হয়, সেই বরুণের স্থান অচল, তিনি সপ্তসিন্ধুর ঈশ্বর। তিনি সমস্ত শত্রু হিংসা করুন।

১০। যিনি নিজ রশ্মিসমূহকে শ্বেতবর্ণ করেন এবং কৃষ্ণবর্ণ করেন, তাঁহার কর্ম্মের উদ্দেশে দ্যুলোক ও অন্তরিক্ষলোক নির্ম্মিত হইয়াছে। আদিত্য যেরূপ দ্যুলোক ধারণ করেন, সেইরূপ তিনি অন্তরিক্ষ দ্বারা দ্যাবাপৃথিবী ধারণ করিয়াছেন। তিনি সমস্ত শত্রু হিংসা করুন।

৪২ সূক্ত।

প্রথম তিনটী ঋকের বরুণ; অবশিষ্টের অশ্বিদ্বয় দেবতা। অর্চনানা, অথবা নাভাক ঋষি।

১। সর্ব্বজ্ঞানী অসুর বরুণ দ্যুলোককে স্তম্ভিত করিয়াছেন, পৃথিবীর বিস্তারের পরিমাণ করিয়াছেন, সমস্ত ভুবনের সম্রাট্‌রূপে আসীন হইয়াছেন। বরুণের এই সকল কর্ম্ম অনেক।

২। এই রূপে বৃহৎ বরুণের বন্দনা কর, অমৃতের রক্ষক প্রাজ্ঞ বরুণকে নমস্কার কর। তিনি আমাদিগকে ত্রিপর্ব্ববিশিষ্ট আশ্রয় দান করুন। আমরা তাঁহার ক্রোড়ে বর্ত্তমান। দ্যাবাপৃথিবী আমাদিগকে রক্ষা করুন।

৩। হে দেব বরুণ! এই কর্ম্মানুষ্ঠানকারীর কর্ম্ম ও দক্ষতা তীক্ষ্ণ কর।

যাহাদ্বারা সমস্ত দুরিত অতিক্রম করিতে পারি, তাদৃশ সুখে পারয়োগ্য নৌকাতে আরোহণ করিব।

৪। হে নাসত্য অশ্বিদ্বয়! বিপ্রগণ এবং অভিষব প্রস্তর সমূহ সোম পানার্থে স্বস্ব কার্য্যোদ্ধার দ্বারা তোমাদের অভিমুখে গমন করে। অশ্বিদ্বয় সমস্ত শত্রুগণ হিংসা করুন।

৫। হে নাসত্য অশ্বিদ্বয়! বিপ্র অত্রি যেরূপ স্তুতিদ্বারা সোমপানার্থে আহ্বান করিয়াছিলেন, সেইরূপ আমি আহ্বান করি। অশ্বিদ্বয় সমস্ত শত্রু হিংসা করুন।

৬। হে নাসত্যদ্বয়! মেধাবিগণ যেরূপ তোমাদিগকে সোমপানার্থে আহ্বান করিয়াছেন, সেইরূপ আমি রক্ষার্থে আহ্বান করি। অশ্বিদ্বয় সমস্ত শত্রু হিংসা করুন।

৪৩ সূক্ত।

অগ্নি দেবতা। অঙ্গিরার পুত্র বিরূপ ঋষি।

১। আমাদের এই স্তোতাগণ অগ্নির উদ্দেশে স্তুতি করিতেছেন। অগ্নি মেধাবী ও বিধাতা। তিনি কখন যজমানের হিংসা করেন না।

২। হে জাতবেদা সর্ব্বদর্শী অগ্নি! তুমি দান করিয়া থাক, অতএব তোমার উদ্দেশে সুন্দর স্তুতি করিতেছি।

৩। হে অগ্নি! তোমার তীক্ষ্ণ শিখাসকল দীপ্তিমান্, পশুগণের ন্যায় দন্তদ্বারা অরণ্য ভক্ষণ করিতেছেন।

৪। হরণশীল ও বায়ুপ্রেরিত ও ধূমচিহ্নিত অগ্নি সকল অন্তরিক্ষে পৃথক্ পৃথক্ গমন করিতেছে।

৫। পৃথক্ পৃথক্ সমিদ্ধ এই অগ্নিসমূহ উষার প্রজ্ঞাপকের ন্যায় দৃষ্ট হইয়াছিল।

৬। যখন অগ্নি পৃথিবীতে শুষ্ক কাষ্ঠ আশ্রয় করেন, তখন অগ্নির গমনকালে পাংশু সকল কৃষ্ণবর্ণ হইয়া যায়।

৭। অগ্নি ওষধি সকলকে অন্নস্বরূপ মনে করতঃ ভক্ষণ করিয়া প্রকাশিত হয়েন না, তরুণ ওষধির প্রতি ধাবমান হন*।

৮। অগ্নি জিহ্বাদ্বারা বনস্পতিগণকে অত্যন্ত অবনত করিয়া তেজোবলে প্রজ্বলিত হইয়া বনে শোভা পাইতেছেন।

৯। হে অগ্নি! জলের মধ্যে তোমার প্রবেশের স্থান আছে, তুমি ওষধিগণকে অবরোধ কর, আবার তাহাদের গর্ভে জন্মগ্রহণ কর।

১০। হে অগ্নি! ঘৃত দ্বারা আহুত জুহুর মুখ তুমি লেহন কর, তোমার শিখা শোভা পাইতেছে।

১১। যাঁহার হব্য ভক্ষণযোগ্য, যাঁহার অন্ন অভিলষণীয়, সেই সোমপৃষ্ঠ অভীষ্ট বিধাতা অগ্নির স্তোত্রদ্বারা পরিচর্য্যা করিব।

১২। হে দেবগণের আহ্বানকারী, বরণীয় প্রজ্ঞাযুক্ত অগ্নি! তোমাকে আমরা নমস্কারপূর্ব্বক ও সমিৎ প্রদানপূর্ব্বক যাচ্ঞা করিতেছি।

১৩। হে শুচি, আহুত অগ্নি! আমরা তোমাকে ভৃগুর ন্যায় এবং মনুর ন্যায় আহ্বান করিতেছি।

১৪। হে অগ্নি! তুমি বিপ্র, সাধু এবং সখা। তুমি বিপ্র, সাধু ও সখা অগ্নির সাহায্যে দীপ্ত হইতেছ।

১৫। হে অগ্নি! তুমি হব্যদায়ী বিপ্রকে সহস্রসংখ্যক ধন ও বীরযুক্ত অন্ন প্রদান কর।

১৬। হে ভ্রাতঃ অগ্নি! হে বলের দ্বারা উৎপাদিত! হে রোহিত নামক অশ্বযুক্ত! হে শুদ্ধকর্ম্মা! আমার স্তোত্র সেবা কর।

১৭। হে অগ্নি! আমার স্তুতিসকল তোমার নিকট গমন করিতেছে। এইরূপে গো সকল উৎসুক ও শব্দায়মান বৎসের উদ্দেশে গোষ্ঠে গমন করে।

১৮। হে অগ্নি! তুমি অঙ্গিরাগণের মধ্যে শ্রেষ্ঠ। সমস্ত প্রজাগণ অভিলষিত সিদ্ধির জন্য তোমার প্রতি আসক্ত হয়।

১৯। মনীষী, প্রাজ্ঞ, মেধাবিগণ অন্নলাভার্থ অগ্নিকে প্রীতি করে।

২০। হে অগ্নি! তুমি বলবান্, হব্যবাহী, হোতা ও প্রসিদ্ধ। যে স্তোতৃগণ গৃহে যজ্ঞ বিস্তার করেন, তাঁহারা তোমার স্তব করিতেছে।

২১। হে অগ্নি! যে হেতু তুমি প্রভু, সকল দেহে সকল প্রজার প্রতি সমদর্শী, অতএব সংগ্রামে তোমাকে আহ্বান করিতেছে।

২২। যে অগ্নি ঘৃতদ্বারা আহুত হইয়া শোভা পাইতেছেন, যিনি আমাদের এই আহ্বান শ্রবণ করেন, সেই অগ্নিকে স্তব কর।

২৩। হে অগ্নি! তুমি জাতবেদা, তুমি শত্রু হিংসা কর এবং আমাদের আহ্বান শ্রবণ কর, অতএব আমরা তোমায় আহ্বান করিতেছি।

২৪। মনুষ্যগণের ঈশ্বর, মহান্ কর্ম্মসমূহের অধ্যক্ষ এই অগ্নিকে স্তুতি করি, তিনি শ্রবণ করুন।

২৫। সর্ব্বত্রগামী, বলযুক্ত বলবান্, মনুষ্যের ন্যায় হিতকর অগ্নিকে অশ্বের ন্যায় বলবান্ করিব।

২৬। হে অগ্নি! তুমি হিংসকগণকে হিংসা করিয়া সর্ব্বদা রাক্ষসগণকে দহন করিয়া তীক্ষ্ণ তেজের দ্বারা দীপ্ত হও।

২৭। হে অঙ্গিরাগণের মধ্যে শ্রেষ্ঠ অগ্নি! মনুষ্যগণ তোমাকে মনুর ন্যায় দীপ্ত করে, তুমি মনুর ন্যায় অবগত হও।

২৮। হে অগ্নি! তুমি স্বর্গীয় ও অন্তরিক্ষজাত বলের দ্বারা উৎপাদিত, তোমাকে স্তুতিদ্বারা আহ্বান করি।

২৯। এই সকল লোক এবং প্রজাগণ তোমারই ভক্ষণার্থ পৃথক্ পৃথক্ অন্ন প্রেরণ করিতেছে।

৩০। হে অগ্নি! তোমারই অনুগ্রহে আমরা সুকর্ম্মবিশিষ্ট হইয়া প্রত্যহ সর্ব্বদর্শী হইয়া সমস্ত দুর্গম স্থান উত্তীর্ণ হইব।

৩১। অগ্নি হর্ষযুক্ত, বহুলোকের প্রিয়, যজ্ঞে শয়নকারী ও পবিত্র দীপ্তিযুক্ত। আমরা হর্ষযুক্তমনে তাঁহার নিকট যাচ্ঞা করিতেছি।

৩২। হে অগ্নি! তুমি বিভাবসু, তুমি উদিত সূর্য্যের ন্যায় রশ্মির দ্বারা বল বিস্তার করতঃ অন্ধকার নাশ করিতেছ।

৩৩। হে বলবান্ অগ্নি! তোমার যে দানযোগ্য বরণীয় ধন আছে, তাহা ক্ষীণ হয় না, আমরা তাহাই তোমার নিকট যাচ্ঞা করি।

৪৪ সূক্ত।

অগ্নি দেবতা। অঙ্গিরার পুত্র বিরূপ ঋষি।

১। হে ঋত্বিক্‌গণ! অতিথি অগ্নিকে হব্যদ্বারা পরিচর্য্যা কর, হব্যদ্বারা জাগরিত কর এবং উহাতে আহুতি প্রক্ষেপ কর।

২। হে অগ্নি! আমার স্তোত্র সেবা কর, এই মনোহর স্তোত্রদ্বারা বৃদ্ধিপ্রাপ্ত হও, আমাদের সূক্ত কামনা কর।

৩। দেবগণের দূত, হব্যবাহক অগ্নিকে সম্মুখে স্থাপন করি ও তাঁহার স্তব করি। তিনি যজ্ঞে দেবগণকে আনয়ন করুন।

৪। হে দীপ্ত অগ্নি! তুমি প্রজ্বালিত হইলে তোমার মহৎ উজ্জ্বল শিখা সকল প্রকাশ পায়।

৫। হে কামনাবিশিষ্ট অগ্নি! আমার ঘৃতদায়িনী স্রুক্ সকল তোমার নিকট গমন করুক, তুমি আমাদের হব্য সেবা কর।

৬। অগ্নি হর্ষযুক্ত, হোতা, ঋত্বিক্, বিচিত্র দীপ্তিযুক্ত ও বিভাবসু। তাঁহাকে স্তব করিতেছি, তিনি শ্রবণ করুন।

৭। অগ্নি প্রাচীন, হোতা, স্তুতিযোগ্য, প্রীত, কবি, কার্য্যকারী এবং যজ্ঞে আশ্রিত। তাঁহাকে স্তব করি।

৮। হে অঙ্গিরাগণের মধ্যে শ্রেষ্ঠ অগ্নি! ক্রমান্বয়ে এই সকল হব্য সেবা কর এবং কালে কালে যজ্ঞ সম্পন্ন কর।

৯। হে ভজনশীল, উজ্জ্বল দীপ্তিবিশিষ্ট অগ্নি! তুমি প্রজ্বলিত হইয়াই দেবগণকে জানিতে পারিয়া তাঁহাকে এই যজ্ঞে আনয়ন কর।

১০। অগ্নি মেধাবী, হোতা, দ্রোহরহিত, ধূমচিহ্নিত, বিভাবসু এবং যজ্ঞের পতাকাস্বরূপ। তাঁহার নিকট যাচ্ঞা করি।

১১। হে বলের দ্বারা উৎপাদিত অগ্নিদেব! বা হিংসাকারী! আমাদিগকে রক্ষা কর, শত্রুগণকে বিদীর্ণ কর।

১২। কবি অগ্নি পুরাতন, মনোহর স্তোত্রদ্বারা আপনার শরীর শোভিত করিয়া বিপ্রের সহিত বর্দ্ধিত হইতেছেন।

১৩। বলের পুত্র ও পবিত্র দীপ্তিযুক্ত অগ্নিকে এই হিংসাশূন্য যজ্ঞে আহ্বান করিতেছি।

১৪। হে মিত্রগণের পূজনীয় অগ্নি! তুমি দেবগণের সমভিব্যাহারে উজ্জ্বল তেজের সহিত যজ্ঞে আসীন হও।

১৫। যে মনুষ্য গৃহে অগ্নিকে ধন লাভার্থ পরিচর্য্যা করেন, অগ্নি তাঁহাকেই ধন প্রদান করেন।

১৬। দেবগণের মস্তকস্বরূপ, স্বর্গের ককুদ্স্বরূপ, পৃথিবীর পতি এই অগ্নি, জলের বীর্য্যস্বরূপ ভূতসমূহকে প্রীত করিতেছেন।

১৭। হে অগ্নি! তোমার নির্ম্মল, শুভ্রবর্ণ উজ্জ্বল দীপ্তিসকল জ্যোতিঃ প্রকাশ করিতেছে।

১৮। হে অগ্নি! তুমি স্বর্গের স্বামী এবং বরণীয় দানযোগ্য ধনের ঈশ্বর, আমি তোমার স্তোত্র, আমি যেন সুখী হই।

১৯। হে অগ্নি! মনীষিগণ তোমার স্তুতি করেন, কর্ম্মদ্বারা তোমায় প্রীত করেন, আমাদের স্তুতি তোমায় বর্দ্ধিত করুক।

২০। হে অগ্নি! তুমি হিংসাশূন্য, বলবান্, দেবগণের দূত ও স্তবকারী। আমরা সর্ব্বদা তোমার সখ্য প্রার্থনা করি।

২১। অগ্নি অতিশয় শুদ্ধকর্ম্মা, তিনি শুচি, মেধাবী ও কবি। তিনি শুচি ও আহূত হইয়া শোভা পাইতেছেন।

২২। হে অগ্নি! আমার কর্ম্ম ও স্তুতি সর্ব্বদা তোমায় বর্দ্ধিত করুক। আমরা যে বন্ধুর কার্য্য করিতেছি, তাহা অবগত হও।

২৩। হে অগ্নি! আমি যাহাই হই, তুমিই তুমি, আমিই আমি, তোমার আশীর্ব্বাদ সত্য হউক।

২৪। হে অগ্নি! তুমি বাসপ্রদ, বসুপতি এবং বিভাবসু, আমরা যেন তোমার অনুগ্রহ লাভ করিতে পারি।

২৫। হে অগ্নি! তুমি ধৃতব্রত, আমার শব্দকারী স্তুতিসকল, নদীগণ যেরূপ সমুদ্রের উদ্দেশে গমন করে, সেইরূপ তোমার উদ্দেশে গমন করিতেছে।

২৬। অগ্নি যুবা, লোকপতি, কবি, সর্ব্বভক্ষক ও বহুকর্ম্মা, তাঁহাকে স্তোত্র-দ্বারা শোভিত করিতেছি।

২৭। যজ্ঞের নেতা, তীক্ষ্ণবিশিষ্ট, বলবান্ অগ্নির উদ্দেশে আমরা স্তোমদ্বারা স্তুতি করিতে ইচ্ছা করি।

২৮। হে পাবক, ভজনীয় অগ্নি! আমাদের স্তোতা তোমাতে আসক্ত হউক। হে অগ্নি! তাহাকে সুখী কর।

২৯। হে অগ্নি! তুমি ধীর হব্যদানার্থ উপবিষ্ট মেধাবীর ন্যায়, তুমি সর্ব্বদা জাগরূক হইয়া অন্তরিক্ষে ক্রীড়া করিতেছ।

৩০। হে বাসপ্রদ, কবি অগ্নি! পাপ ও হিংসকগণের হস্ত হইতে আমা-দিগের কর্ম্ম উদ্ধার করিয়া দাও।

৪৫ সূক্ত।

ইন্দ্র দেবতা কণ্বগোত্রীয় ত্রিশোক ঋষি।

১। যে ঋষিগণ সম্যক্‌ভাবে অগ্নিকে দীপ্ত করিতেছেন, যুবা ইন্দ্র যাঁহাদের সখা, তাহারা পরস্পর মিলিত করিয়া কুশ বিস্তীর্ণ করিতেছেন।

২। এই ঋষিগণের সমিধ্ বৃহৎ ইঁহাদিগের স্তোত্র প্রচুর এবং সূক্ষ্ম, স্থূল, যুবা ইন্দ্র ইহাদিগের সখা।

৩। কোন অযোদ্ধা ব্যক্তি শত্রুগণকর্তৃক বেষ্টিত হইয়া নিজবলে বলবান্ হইয়া শত্রুগণকে অবনত করিলেন ? যুবা ইন্দ্র ইহাদিগের সখা।

৪। বৃত্রহা জাত হইয়া বাণ ধারণ করিলেন এবং মাতাকে জিজ্ঞাসা করিলেন, কাহারা উগ্র বলিয়া বিখ্যাত।

৫। বলবতী মাতা প্রত্যুত্তর দিলেন, যে তোমার শত্রুত্ব আকাঙ্ক্ষা করে, সে পর্ব্বতে দর্শনীয় গজের ন্যায় যুদ্ধ করে।

৬। আরও হে মঘবন্! তুমি আমাদের স্তুতি শ্রবণ কর, স্তোতা তোমার নিকট যাহা কামনা করে, তাহা প্রদান কর, তুমি যাহাকে দৃঢ় কর, সেই দৃঢ় হয়।

৭। যুদ্ধকারী ইন্দ্র যখন সুন্দর অশ্বলাভাভিলাষে যুদ্ধে গমন করেন তখন তিনি রথিগণের মধ্যে প্রধান রথী হন।

৮। হে বজ্রযুক্ত ইন্দ্র! তুমি সমস্ত প্রজা যাহাতে বৃদ্ধি প্রাপ্ত হয়, সেইরূপ তুমি প্রবৃদ্ধ হও, আমাদের জন্য সর্ব্বাপেক্ষা অধিক অন্নযুক্ত হও।

৯। হিংসকগণ যে ইন্দ্রকে হিংসা করিতে পারে না, সেই ইন্দ্র আমাদের অভীষ্ট প্রদানার্থ সুন্দর রথ সম্মুখে স্থাপন করুন।

১০। হে ইন্দ্র! আমরা যেন তোমার শত্রুগণের নিকট উপস্থিত না হই, কিন্তু তুমি যখন বহুগোবিশিষ্ট হও, তখন অভীষ্ট প্রদানক্ষম বলিয়া তোমারই নিকট যেন উপস্থিত হই।

১১। হে বজ্রবান্ ইন্দ্র! আমরা মন্দ মন্দ গমন করতঃ অশ্ববান্, বহুধনবান্ বিচক্ষণ ও উপদ্রবরহিত হইব।

১২। হে ইন্দ্র! তোমার স্তোতাগণের উদ্দেশে নিত্য নিত্য শত ও সহস্রসংখ্যক উৎকৃষ্ট, সুন্দর ও প্রিয় বস্তু প্রদান করিতেছে।

১৩। হে ইন্দ্র! তোমাকে ধনজয় ও পরাক্রমশালী, শত্রুর মথনশালী, ধনাপহারক ও গৃহের ন্যায় উপদ্রবশূন্য বলিয়া জানি।

১৪। হে কবি! হে ধৃষ্ণু! তুমি বণিক্, তোমার সম্মুখে যখন অভীষ্ট যাচ্ঞা করিতেছি। তখন সোম সকল তোমায় প্রমত্ত করুক, তুমি ককুদস্বরূপ।

১৫। হে ইন্দ্র! যে মনুষ্য ধনবান্ হইয়া দান করে না এবং তুমি ধনদাতা, তোমার অসূয়া করে, তাহার ধন আমাদের জন্য আহরণ কর।

১৬। হে ইন্দ্র! লোক যেমন ঘাস সংগ্রহ করিয়া পশুকে দেখে, সেইরূপ আমার এই সখা সকল সোমাভিষব করতঃ তোমায় দেখিতেছে।

১৭। হে ইন্দ্র! তুমি বধির নও, তোমার কর্ণ শ্রবণ করিতে পারে, অতএব আমরা তোমাকে রক্ষার্থ দূর হইতে আহ্বান করিতেছি।

১৮। হে ইন্দ্র! আমাদের এই আহ্বান শ্রবণ কর ও আপনার বল দুর্দ্ধর্ষ কর, আমাদের হৃদয়ঙ্গম বন্ধু হও।

১৯। হে ইন্দ্র! আমরা যখন দারিদ্র্য দ্বারা ব্যথিত হইয়া তোমার নিকট গমন করিব ও তোমায় স্তব করিব, তখন আমাদিগকে গো দান করিবার জন্যই জাগরিত হও।

২০। হে বলপতি! আমরা ক্ষীণ হইয়া দণ্ডের ন্যায় তোমায় লাভ করিব, যজ্ঞে তোমায় কামনা করিব।

২১। বহুধনবিশিষ্ট, দানশীল ইন্দ্রের উদ্দেশে স্তোত্র পাঠ কর, যুদ্ধে তাঁহাকে কেহই নিবারণ করিতে পারে না।

২২। হে বৃষভ ইন্দ্র! সোম অভিষুত হইলে, সেই অভিষুত সোমপানার্থ তোমার উদ্দেশে ত্যাগ করি, তৃপ্ত হও, মদকর সোম পান কর।

২৩। হে ইন্দ্র! মূঢ়লোক রক্ষাভিলাষী হইয়া তোমাকে যেন হিংসা না করে এবং তোমায় যেন উপহাস না করে, স্তুতিদ্বেষীকে কখন ভজনা করিও না।

২৪। হে ইন্দ্র! এই যজ্ঞে মহাধনলাভার্থ মনুষ্যগণ গব্যমিশ্রিত সোম পানে মত্ত হউক, তুমিও গৌরমৃগ যেরূপ সরোবর হইতে পান করে, সেইরূপ পানকর।

২৫। হে ইন্দ্র! হে বৃত্রহা! দূরদেশে যে নূতন এবং পুরাতন ধন প্রেরণ করিয়াছ, সভাস্থলে তাহার কথা কহ।

২৬। হে ইন্দ্র! তুমি রুদ্র ঋষির অভিযুত সোম পান করিয়াছ এবং সহস্রান্তরে শত্রুনাশ করিয়াছ, এই সময় ইন্দ্রের বীর্য্য অত্যন্ত দীপ্ত হইয়াছিল।

২৭। তুর্ব্বশু ও যদুর প্রসিদ্ধ কর্ম্ম সত্য জানিয়া তাহাদের জন্য সংগ্রামে অহ্নবায্যকে ইন্দ্র ব্যাপ্ত করিয়াছিলেন।

২৮। হে স্তোতাগণ! তোমাদের সন্তানগণের তারক, শত্রুগণের বিমর্দ্দক, গোবিশিষ্ট, অন্নদাতা, সাধারণ ইন্দ্রকে আমি স্তুতি করি।

২৯। জলবর্দ্ধী, মহান্ ইন্দ্রকে ধনদানার্থ সোম অভিষুত হইলে উক্‌থ উচ্চারণ কালে স্তব করি।

৩০। যে ইন্দ্র জল নির্গমণের দ্বারস্বরূপ, বিস্তীর্ণ মেঘকে তৃশোকের জন্য ছিন্ন করিয়াছিলেন, তিনি জলের গমনার্থ পথ করিয়াছিলেন।

৩১। হে ইন্দ্র! তুমি হর্ষযুক্ত হইয়া যাহা ধারণ কর, যাহার পূজা কর এবং যাহা দান কর, আমাদের জন্য তাহা কর নাই কেন? সুখী কর।

৩২। হে ইন্দ্র! তোমার মত কর্ম্ম অল্প করিলেও পৃথিবীতে প্রসিদ্ধ হয়। হে ইন্দ্র! তোমার মন আমার প্রতি গমন করুক।

৩৩। হে ইন্দ্র! তুমি যাহার দ্বারা আমাদিগকে সুখী কর, সেই কীর্ত্তি-সকল ও সেই স্তুতি সকল তোমারই যেন হয়।

৩৪। হে ইন্দ্র! এক অপরাধে আমাদিগকে বধ করিও না, দুই, তিন এবং বহু অপরাধেও আমাদিগকে বধ করিও না।

৩৫। হে ইন্দ্র! তোমার ন্যায় উগ্র, শত্রুদিগের প্রহারকারী, দর্শনীয়, হিংসাসহকারী দেব হইতে আমি নির্ভয় হই।

৩৬। হে প্রভূত ধনবান্ ইন্দ্র! তোমার সখার সমৃদ্ধির কথা নিবেদন করিতেছি, তাঁহার পুত্রের সমৃদ্ধির কথা নিবেদন করিতেছি, তোমার মন আমাদের হইতে যেন না ফিরিয়া যায়।

৩৭। হে মনুষ্যগণ! ইন্দ্র ভিন্ন কোন সখা প্রশ্ন করিবার পূর্ব্বেই সখাকে বলিতে পারে? আমি কাহাকে হনন করিব? কেবা আমার নিকট হইতে ভীত হইয়া পলায়ন করিবে?

৩৮। হে অভিলাষপ্রদ ইন্দ্র! সোম অভিষুত হইলে এবার নামক ব্যক্তিকে বহুধন দান না করিয়া সেই সোম ধূর্ত্তের ন্যায় তোমার নিকট আগমন করে। দেবগণ অধোমুখ হইয়া বর্জ্জিত হন।

৩৯। সুন্দর রথবিশিষ্ট, বাক্যমাত্রে রথে যোজিত অশ্বদ্বয়কে আকর্ষণ করি, যেহেতু তুমি স্তোতাদিগকে এই ধন দান করিয়াছ।

৪০। হে ইন্দ্র! তুমি সমস্ত শত্রুগণকে বিদীর্ণ কর, হিংসা কর, সংগ্রাম পরিহার কর, স্পৃহণীয় ধন আহরণ কর।

৪১। হে ইন্দ্র! তুমি দৃঢ় স্থানে যে ধন বিন্যাস করিয়াছ, স্থির স্থানে যাহা

বিন্যাস করিয়াছ, সন্দেহযুক্ত স্থানে যে ধন বিন্যাস করিয়াছ, সেই স্পৃহণীয় ধন আহরণ কর।

৪২। হে ইন্দ্র! তোমার দত্ত যে বহুধন আছে বলিয়া সকল লোকে জানে সেই স্পৃহণীয় ধন আহরণ কর।

৪৬ সূক্ত।

২১ হইতে ২৪ পর্য্যন্ত পৃথুশ্রবার পুত্র কনীতের দানস্তুতি দেবত; ২৫ হইতে ২৮ পর্য্যন্ত এবং ৩২ ঋকটীর বায়ু দেবতা; অবশিষ্টের ইন্দ্র দেবতা। অশ্বপুত্র বশ ঋষি।

১। হে বহুধনবান্, কর্ম্মপূরক ইন্দ্র! তোমার সদৃশ লোকেরাই আমার আত্মীয়, তুমি হরিনামক অশ্বের অধিষ্ঠাতা।

২। হে ইন্দ্র! তোমায় নিশ্চয়ই অন্নদাতা বলিয়া জানি। ধনদাতা বলিয়া জানি।

৩। হে অপরিমিত রক্ষাযুক্ত শতক্রতু! তোমার মহিমা স্তোতাগণ স্তুতি-দ্বারা স্তুতি করে।

৪। দ্রোহরহিত মরুৎগণ যাহাকে রক্ষা করেন, অর্য্যমা ও মিত্র যাহাকে রক্ষা করেন, সেই মনুষ্যই সুযোগ্য হয়।

৫। আদিত্যের অনুগৃহীত যজমান গোবিশিষ্ট, অশ্ববিশিষ্ট, সুন্দর বীর্য্য-বিশিষ্ট পুত্র প্রাপ্ত করিয়া সর্ব্বদা বর্দ্ধিত হয়, বহুসংখ্যক স্পৃহনীয় ধনের দ্বারা বৃদ্ধি প্রাপ্ত হয়।

৬। বলপ্রয়োগকারী, ভয়রহিত, সকলের স্বামী, সেই প্রসিদ্ধ ইন্দ্রের নিকট ধন যাচ্ঞা করি।

৭। সর্ব্বত্রগামী, ভয়রহিত, সমস্ত সহায়ভূত মরুৎ সেনা ইন্দ্রেরই। গমন-শীল হরিগণ, আনন্দার্থে বহুধনপ্রদ ইন্দ্রকে অভিষুত সোমের নিকট আনয়ন করুন।

৮। হে ইন্দ্র! তোমার যে হর্ষ বরণীয়, যাহাদ্বারা শত্রুদিগকে অতিশয় বধ কর, যাহাদ্বারা শত্রুর নিকট হইতে ধন গ্রহণ কর, সংগ্রামে যাহাকে পার হওয়া যায় না।

৯। হে সকলের বরণীয় ইন্দ্র! যুদ্ধে দুস্তর শত্রুগণের পারগ এবং সর্ব্বত্র

বিখ্যাত, হে সর্ব্বাপেক্ষা বলবান্ বাসপ্রদ ইন্দ্র! তোমার সেই হর্ষের সহিত আমাদের যজ্ঞে আগমন কর, আমরা গোযুক্ত গোষ্ঠে আগমন করিব।

১০। হে মহা ধনবান্ ইন্দ্র! আমাদের গোলাভের ইচ্ছা হইলে, কিম্বা অশ্ব লাভের ইচ্ছা হইলে, পূর্ব্বকালের ন্যায় দান কর।

১১। হে শূর ইন্দ্র! সত্যই আমি তোমার ধনের ইয়ত্তা জানি না, হে মঘবান্, বজ্রবান ইন্দ্র! আমাদিগকে শীঘ্র ধন দান কর, অন্নের দ্বারা আমাদের কর্ম্ম রক্ষা কর।

১২। যে ইন্দ্র দর্শনীয়, ঋত্বিকগণ যাহার সখা, যিনি বহুলোকের স্তুত, তিনি সমস্ত জাতবস্তু অবগত আছেন, সমস্ত মনুষ্যগণ হব্য গ্রহণ করতঃ সর্ব্বকালে সেই বলবান্ ইন্দ্রকে আহ্বান করে।

১৩। সেই বহু ধনবান্, মঘবান্, বিত্রহা ইন্দ্র সংগ্রামে আমাদের রক্ষক এবং অগ্রবর্ত্তী হউন।

১৪। হে স্তোতাগণ! তোমাদের জন্য সোমজনিত মত্ততা উৎপন্ন হইলে, বিশিষ্ট প্রাজ্ঞাযুক্ত, সর্ব্বত্র বিখ্যাত, সামর্থবান্ শত্রুগণের অবনতিকর, বীর ইন্দ্রকে তোমাদের যেরূপ বাক্য স্ফূর্ত্তি হয়, সেইরূপে মহতী স্তুতিদ্বারা স্তব কর।

১৫। হে ইন্দ্র! তুমি আমার শরীরের জন্য ধনের দাতা হও। সংগ্রামে অন্নবান্ ধনের দাতা হও। হে পুরুহূত! পুত্রদিগকে ধন দান কর।

১৬। সমস্ত ধনের ঈশ্বর এবং বাধাপ্রদ, যুদ্ধ কল্পনাকারী শত্রুর অভিভবকর ইন্দ্রকে স্তব করিতেছে। তিনি শীঘ্র ধন দান করিবেন।

১৭। হে ইন্দ্র! তুমি মহান্, আমি তোমার আগমন ইচ্ছা করি, তুমি গমনশীল, সংপূর্ণগামী ও সেচক, তোমায় যজ্ঞ ও স্তুতি দ্বারা স্তব করি, তুমি মরুৎগণের নেতা, সকল মনুষ্যের ঈশ্বর, নমস্কার ও স্তুতিদ্বারা তোমার গুণ গান করি।

১৮। যাহারা মেঘের পতনশীল জলের সহিত গমন করে, সেই প্রভূত ধ্বনিযুক্ত মরুৎগণের উদ্দেশে যজ্ঞ করিব এবং সেই যজ্ঞে মহাধ্বনিযুক্ত মরুৎগণ যে সুখ দিতে পারেন, তাহা প্রাপ্ত হইব।

১৯। তুমি দুর্ম্মতিগণের বিনাশক, তোমার নিকট যাচ্ঞা করি, হে অত্যন্ত বলবান্ ইন্দ্র! আমাদের জন্য উপযুক্ত ধন আহরণ কর। তোমার বুদ্ধি সর্ব্বদা ধনপ্রেরণ তৎপর। হে দেব! উৎকৃষ্ট ধন আহরণ কর।

২০। হে দাতা, উগ্র, বিচিত্র, প্রিয় সত্যভাষী, শত্রুপরাভবকারী, সকলের

স্বামী ইন্দ্র! শত্রু পরাভব কর, ভোগযোগ্য প্রবৃদ্ধ ধন যুদ্ধে আমাদিগকে প্রদান কর।

২১। যেহেতু অশ্বের পুত্র বশ (১) কন্যার পুত্র পৃথুশ্রবা রাজার নিকট প্রাতঃকালে ধন গ্রহণ করিয়াছেন, অতএব যে দেবশূন্য মনুষ্য পূর্ণ ধন গ্রহণ করিয়াছে, সে আগমন করুক।

২২। আমি ষষ্টিসহস্র অযুত অশ্ব লাভ করিয়াছি। বিংশতিশত উষ্ট্র লাভ করিয়াছি, কৃষ্ণবর্ণ দশশত বড়বা লাভ করিয়াছি। তিন স্থানে শুভ্রবর্ণযুক্ত দশ সহস্র গো লাভ করিয়াছি (২)।

২৩। দশটী কৃষ্ণবর্ণ অশ্ব রথ নেমি প্রবর্ত্তিত করিতেছে। তাহারা অত্যন্ত বেগবান্, বলবান্ মন্থনকারী।

২৪। উৎকৃষ্ট ধনযুক্ত কন্যাপুত্র পৃথুশ্রবার দান এই—তিনি হিরণ্ময় রথ দিয়াছেন, তিনি অতিশয় দাতা ও প্রাজ্ঞ। তিনি অত্যন্ত প্রবৃদ্ধ কীর্ত্তি লাভ করিয়াছেন।

২৫। হে বায়ু! তুমি মহাধনার্থ এবং পূজনীয় বলার্থ আমাদের নিকট আগমন কর। তুমি প্রভূত ধন দাতা, তোমার স্তুতি করিতেছি, তুমি মহা ধন-দাতা, এখনই তোমার স্তুতি করি।

২৬। হে সোমপায়ী, দীপ্ত ও পূত সোমের পানকর্ত্তা বায়ু! যিনি অশ্বে গমন করেন, গৃহে বাস করেন, ত্রিগুণিত সপ্ততিসংখ্যক গাভীর সাহায্যে গমন করেন, তিনিই তোমায় সোম প্রদানার্থ সোমযুক্ত হইয়াছেন ও অভিষবকারিগণের সহিত মিলিত হইয়াছেন।

২৭। যে পৃথুশ্রবা আপনি আমাকে এই বিচিত্র ধন দান করিব মনে করিয়া হৃষ্ট হইয়াছিলেন, তিনি আপনার কার্য্যাধ্যক্ষ অরব্দ, অক্ষ, নহুষ ও সুকৃত্বকে আজ্ঞা করিলেন।

২৮। হে বায়ু! যিনি উচথ্য ও বপু নামক রাজার অপেক্ষাও অধিক

(১) পৃথুশ্রবা অশ্বের পুত্র বশকে যিনি ধন প্রদান করিয়াছিলেন, এই চারিটী শ্লোকে তাহারই প্রশংসা করা হইয়াছে। অবিবাহিতা কন্যার পুত্র হইলে সেই পুত্রকে "কানীন" (কন্যাপুত্র) বলে।

(২) এ ঋকে অশ্ব ও উষ্ট্র ও কৃষ্ণবর্ণ বড়বা ও শুভ্রবর্ণযুক্ত গরুর উল্লেখ আছে।

বলবান্, সেই ঘৃতবৎ শুদ্ধ রাজা যে অন্ন, অশ্ব, উষ্ট্র ও কুকুর পৃষ্ঠে প্রেরণ করিয়াছিলেন, তাহা এই (৩), ইহা তোমারই অনুগ্রহ।

২৯। এক্ষণে ধনাদির প্রেরক সেই রাজার অনুগ্রহে সেচক অশ্বের ন্যায় ষষ্টিসহস্রসংখ্যক প্রিয় গাভীও লাভ করিলাম।

৩০। গাভী সমূহ যেমন যূথে গমন করে, সেইরূপ বলীবর্দ্দ সকল আমার নিকট আগমন করিতেছে। বলীবর্দ্দ সকল আমার নিকট আগমন করিতেছে।

৩১। উষ্ট্রগণ যখন বনাভিমুখে প্রেরিত হইয়াছিল, তখন শত উষ্ট্র আমার জন্য ডাকাইয়া আনিলেন। শ্বেতবর্ণ গাভীর মধ্যে বিংশতিশত গাভী আনিলেন।

৩২। আমি বিপ্র, আমি গো ও অশ্বের রক্ষক, বল্বথ নামক দাসের নিকট শত গো ও অশ্ব গ্রহণ করিলাম (৪)। হে বায়ু! এই লোক সকল তোমার, ইঁহারা ইন্দ্র কর্ত্তৃক ও দেবগণকর্ত্তৃক রক্ষিত হইয়া আনন্দিত হন।

৩৩। এক্ষণে তাহারা স্বর্ণাভরণবিশিষ্ট, পূজনীয় কন্যাকে (৫) অশ্বের পুত্র বংশের অভিমুখে আনয়ন করিতেছেন।

৪৭ সূক্ত।

আদিত্য দেবতা। আপ্ত্যত্রিত ঋষি।

১। হে মিত্র! হে বরুণ! হব্যদায়ীকে তোমরা যে রক্ষা কর, তাহা মহৎ, তোমরা যে যজমানকে শত্রু হস্ত হইতে রক্ষা কর, পাপ তাহাকে স্পর্শ করিতে পারে না। তোমরা রক্ষা করিলে উপদ্রব থাকে না, তোমাদের রক্ষাই সুরক্ষা।

(৩) অশ্ব ও উষ্ট্র পৃষ্ঠে দ্রব্য প্রেরণ করার প্রথা এখনও আছে, কিন্তু কুকুর কি কখনও দ্রব্য বহন করিত? গাভী ও বলীবর্দ্দের উল্লেখ পরের ঋকে দেখ।

(৪) "Professor Roth conjectures that the correct reading is *Satam Dásán*, I received a hundred slaves."—Muir's *Sanscrit Texts*, vol. V, p. 461.

(৫) মূলে "যোষনা" আছে। বহু পশুর সহিত স্বর্ণাভরণবিশিষ্টা কন্যা বা দাসী ও রাজা দ্বারা দান করা হইয়াছিল।

২। হে আদিত্যগণ! তোমরা কি প্রকারে দুঃখ নিবারণ করিতে হয়, তাহা জান। পক্ষিগণ যেমন আপনাদের শিশুদের উপরে পক্ষ বিস্তার করে, সেইরূপ আমাদিগকে সুখ প্রদান কর। তোমরা রক্ষা করিলে উপদ্রব থাকে না, তোমাদের রক্ষাই সুরক্ষা।

৩। পক্ষিগণের পক্ষের ন্যায় তোমাদের যে সুখ আছে, তাহা আমাদিগকে প্রদান কর। হে সর্ব্বধনবান্ আদিত্যগণ! সমস্ত গৃহের উপযুক্ত ধন তোমার নিকট যাচ্ঞা করিতেছি। তোমরা রক্ষা করিলে উপদ্রব থাকে না, তোমাদের রক্ষাই সুরক্ষা।

৪। প্রকৃষ্টচিত্ত আদিত্যগণ যাহার উদ্দেশে গৃহ ও জীবনোপযোগী অন্ন প্রদান করেন, তাহার জন্য ইহারা সমস্ত মনুষ্যের ধনের অধিপতি হন। তোমরা রক্ষা করিলে উপদ্রব থাকে না, তোমাদের রক্ষাই সুরক্ষা।

৫। রথগামী লোকে যেমন দুর্গম প্রদেশ পরিত্যাগ করে, সেইরূপ, আমরা পাপ পরিত্যাগ করিব, আমরা ইন্দ্রদত্ত সুখ ও আদিত্যদত্ত রক্ষা লাভ করিব। তোমরা রক্ষা করিলে উপদ্রব থাকে না, তোমাদের রক্ষাই সুরক্ষা।

৬। মনুষ্যগণ ক্লেশ দ্বারাই তোমাদের ধন প্রাপ্ত হয়। হে দেবগণ! তোমরা শীঘ্র গমনশীল, তোমরা যে যজমানকে প্রাপ্ত হও, সে অন্ন ধন লাভ করে। তোমরা রক্ষা করিলে উপদ্রব থাকে না, তোমাদের রক্ষাই সুরক্ষা।

৭। হে আদিত্যগণ! যাহার উদ্দেশে বিস্তীর্ণ সুখ প্রদান কর, সে ব্যক্তি তীক্ষ্ণ হইলেও ক্রোধ তাহার বিঘ্ন করিতে পারে না, অপরিহার্য্য দুঃখও তাহার নিকট গমন করে না। তোমরা রক্ষা করিলে উপদ্রব থাকে না, তোমাদের রক্ষাই সুরক্ষা।

৮। হে আদিত্যগণ! আমরা তোমাদের আশ্রয়েই থাকিব, যোদ্ধাগণ এইরূপে বর্ম্মের আশ্রয়ে অবস্থিতি করে। তোমরা আমাদিগকে মহৎ অনিষ্ট ও অল্প অনিষ্ট হইতে রক্ষা কর। তোমরা রক্ষা করিলে উপদ্রব থাকে না, তোমাদের রক্ষাই সুরক্ষা।

৯। অদিতি আমাদিগকে রক্ষা করুন, অদিতি আমাদিগকে সুখ প্রদান করুন। তিনি ধনবান্, মিত্র, বরুণ ও আর্য্যমার মাতা। তোমরা রক্ষা করিলে উপদ্রব থাকে না, তোমাদের রক্ষাই সুরক্ষা।

১০। হে আদিত্যগণ! তোমরা আমাদিগকে শরণীয়, ভজনীয়, রোগ-

রহিত, ত্রিগুণযুক্ত গৃহযোগ্য সুখ প্রদান কর। তোমরা রক্ষা করিলে উপদ্রব থাকে না, তোমাদের রক্ষাই সুরক্ষা।

১১। হে আদিত্যগণ! চর সকল যেমন কুল হইতে দর্শন করে, সেইরূপ তোমরা উপর হইতে নিম্নমুখে আমাদিগকে দর্শন কর। অশ্বকে যেমন ভাল ঘাটে লইয়া যায়, সেইরূপ আমাদিগকে ভাল পথে লইয়া চল। তোমরা রক্ষা করিলে উপদ্রব থাকে না, তোমাদের রক্ষাই সুরক্ষা।

১২। হে আদিত্যগণ! এই জগতে আমাদের হিংসক বলবান্ ব্যক্তির সুখ যেন না হয়। গোসমূহের সুখ হউক, ধেনুসমূহের সুখ হউক, অন্নাভিলাষী বীরের সুখ হউক। তোমরা রক্ষা করিলে উপদ্রব থাকে না, তোমাদের রক্ষাই সুরক্ষা।

১৩। হে আদিত্য দেবগণ! যে সকল পাপ আবির্ভূত হইয়াছে ও যে সকল পাপ অন্তর্হিত রহিয়াছে, আমি আপ্ত্যাত্রিত, আমার যেন্ তাহার কোনটাই না হয়। উহাদিগকে দূরে স্থাপন কর। তোমরা রক্ষা করিলে উপদ্রব থাকে না, তোমাদের রক্ষাই সুরক্ষা।

১৪। হে স্বর্গের দুহিতা উষা! আমাদের গোসমূহে যে দুঃস্বপ্ন আছে ও আমাদের যে দুঃস্বপ্ন হইয়াছে। হে বিভাবরি! আপ্ত্যাত্রিতের জন্য তাহা দূর করিয়া দাও। তোমরা রক্ষা করিলে উপদ্রব থাকে না, তোমাদের রক্ষাই সুরক্ষা।

১৫। হে স্বর্গের দুহিতা! আভরণকারীর অথবা মাল্যকারীর (১) যে দুঃস্বপ্ন আছে, আপ্ত্যাত্রিতের নিকট হইতে তাহা দূর হউক। তোমরা রক্ষা করিলে উপদ্রব থাকে না, তোমাদের রক্ষাই সুরক্ষা।

১৬। হে উষাদেবি! স্বপ্নে অন্নকর্ম্ম এবং ভাগ পাইলে আপ্ত্যাত্রিত হইতে দুঃস্বপ্নজনিত কষ্ট দূর কর। তোমরা রক্ষা করিলে উপদ্রব থাকে না, তোমাদের রক্ষাই সুরক্ষা।

১৭। যে প্রকারে যজ্ঞার্থ পশুর হৃদয়াদি এবং তাহার শৃঙ্গাদি ক্রমে ক্রমে বিলুপ্ত হয়, ঋণ যেমন ক্রমে ক্রমে শোধ করিতে হয়, সেইরূপ আপ্ত্যাত্রিতের সমস্ত দুঃস্বপ্ন ক্রমে ক্রমে দূর করিব। তোমরা রক্ষা করিলে উপদ্রব থাকে না, তোমাদের রক্ষাই সুরক্ষা।

১৮। আমরা অদ্য জয় করিব, আমরা অদ্য সুখলাভ করিব, আমরা অদ্য

(১) মূলে "নিষ্ক...কৃণবতে স্রজং বা" অর্থাৎ স্বর্ণকার বা মালাকার।

অপাপ হইব। হে উষাদেবি! যে হেতু আমরা দুঃস্বপ্ন হইতে ভীত হইয়াছি, অতএব সেই ভয় অপগত হউক। তোমরা রক্ষা করিলে উপদ্রব থাকে না, তোমাদের রক্ষাই সুরক্ষা।

৪৮ সূক্ত।

সোম দেবতা। কণ্বপুত্র প্রগাথ ঋষি।

১। আমি সুন্দর প্রজ্ঞাযুক্ত, সুন্দর অধ্যয়নবিশিষ্ট ও সুন্দর কর্ম্মবিশিষ্ট। আমি যেন অত্যন্ত পুজিত স্বাদু অন্নের আস্বাদন গ্রহণ করিতে পারি। বিশ্বদেবগণ ও মর্ত্ত্যগণ এই অন্ন মনোহর বলিয়া ইহাদিগের নিকটে উপস্থিত হন।

২। হে সোম! তুমি হৃদয় মধ্যে গমন কর, তুমি অদিতি, তুমি দেবগণের ক্রোধ পৃথক্ কর। হে ইন্দ্র! তুমি ইন্দ্রের সখ্যলাভ করিয়া শীঘ্র অশ্ব যেরূপ ভার বহন করে, সেইরূপ আমাদের ধন বহন কর।

৩। হে অমৃত সোম! আমরা তোমাকে পান করিব ও অমর হইব, পরে দ্যুতিমান্ স্বর্গে গমন করিব ও দেবগণকে অবগত হইব (১)। শত্রু আমাদের কি করিবে? আমি মনুষ্য, হিংসাকারী আমার কি করিবে?

৪। হে সোম! পিতা যেমন পুত্রের সখা, সেইরূপ আমরা তোমায় পান করিলে তুমি হৃদয়ের সুখকর হও। হে অনেকের প্রশংসিত সোম! তুমি বুদ্ধিমান্, তুমি আমাদের জীবনার্থ আয়ু প্রবর্দ্ধিত কর।

৫। এই যশস্কর, রক্ষাকরণাভিলাষী সোম পীত হইয়া গোসমূহকে যেরূপ পর্ব্বে পর্ব্বে রথ যোজনা করে, সেইরূপ পর্ব্বে পর্ব্বে আমাকে কর্ম্মে যোজিত করুক। আরও চরিত্রস্খলন হইতে আমাকে রক্ষা করুক এবং আমাকে ব্যাধি হইতে পৃথক্ করুক।

৬। হে সোম! তুমি পীত হইয়া, মথিত অগ্নির ন্যায় আমাকে দীপ্ত কর, আমাদিগকে বিশেষরূপে দর্শন কর, আমাদিগকে অতিশয় ধনবান্ কর। হে সোম! এক্ষণে তোমাকে আনন্দার্থ স্তব করিতেছি, অতএব তুমি ধনবান্ হইয়া পুষ্টি প্রাপ্ত হও।

৭। আমরা অভিলাষযুক্ত মনে পৈতৃক ধনের ন্যায় অভিষুত সোম পান

(১) মূলে এইরূপ আছে, "অপাম সোমং অমৃতাঃ অভূম অগন্ম জ্যোতিঃ অবিদাম দেবান্।"

করিব, হে রাজা সোম! তুমি আমাদের আয়ু বর্দ্ধিত কর। সূর্য্য এইরূপে দিবস সকলকে বর্দ্ধিত করেন।

৮। হে রাজা সোম! আমাদিগকে স্বস্তির জন্য সুখী কর, আমরা ব্রতযুক্ত, আমরা তোমারই হইব। তুমি আমাদিগকে অবগত হও। হে ইন্দ্র! আমাদের শত্রু প্রবৃদ্ধ হইয়া গমন করিতেছে, ক্রোধও গমন করিতেছে। এই উভয় শত্রুরই দণ্ড হইতে আমাদিগকে উদ্ধার কর।

৯। হে সোম! তুমি আমাদিগের শরীরের রক্ষক, তুমি কর্ম্মনেতা অতএব তুমি গাত্রে গাত্রে নিষণ্ণ হও। আমরা যদিও তোমার ব্রতের বিঘ্ন করি, তথাপি হে দেব! তুমি উৎকৃষ্ট অন্নযুক্ত ও উত্তম সখা হইয়া আমাদিগকে সুখী কর।

১০। হে সোম! তুমি উদরের পীড়া জন্মাইও না, তুমি সখা, আমি তোমার সহিত মিলিত হইব। সোম পীত হইয়া আমাকে হিংসা করিবেন না। হে হরিনামক অশ্বযুক্ত ইন্দ্র! এই যে সোম আমাতে নিহিত হইয়াছে, ইহারই জন্য চিরকাল জঠরে অবস্থান প্রার্থনা করিতেছি।

১১। সেই সকল চিকিৎসার অসাধ্য কঠিন পীড়া অপগত হউক, এই সকল পীড়া বলবান্ হইয়া আমাদিগকে একান্ত কম্পিত করিতেছে। মহান্ সোম আমাদিগকে প্রাপ্ত হইয়াছেন, ইহা পান করিলে আয়ুঃ বর্দ্ধিত হয়, আমরা মনুষ্য, আমরা ইহার নিকট গমন করিব।

১২। হে পিতৃগণ! যে সোম পীত হইলে মরণরহিত হইয়া, আমরা মর্ত্ত্য, আমাদের হৃদয়ে প্রবেশ করে, হব্যদ্বারা সেই সোমের পরিচর্য্যা করিব, অতএব উহার অনুগ্রহ বুদ্ধিতে অনুগ্রহ লাভ করিয়া সুখী হইব।

১৩। হে সোম! তুমি পিতৃগণের সহিত মিলিত হইয়া দ্যাবাপৃথিবীকে বিস্তীর্ণ করিয়াছ, আমরা হব্যদ্বারা এই সোমের পরিচর্য্যা করিব, আমরা ধনের পতি হইব।

১৪। হে ত্রাণকর্ত্তা দেবগণ! আমাদিগকে মিষ্টবাক্য বল, স্বপ্ন আমাদের যেন বশীভূত না করে, নিন্দকগণ যেন আমাদের নিন্দা না করে, আমরা যেন সর্ব্বদা সোমের প্রিয় হই, যেন সুন্দর স্তোত্রযুক্ত হইয়া স্তোত্র উচ্চারণ করিতে পারি।

১৫। হে সোম! তুমি সকল দিক্ হইতে আমাদের অন্নদাতা, তুমি স্বর্গদাতা ও সর্ব্বদর্শী, তুমি প্রবেশ কর। হে ইন্দ্র! তুমি একত্রে প্রীতিযুক্ত হইয়া রক্ষার সহিত পশ্চাদ্ভাগে ও সম্মুখভাগে আমাদিগকে রক্ষা কর।

৪৯ সূক্ত (১)।

ইন্দ্র দেবতা।

১। আমি যাহাতে ধনলাভ করিতে পারি, এইরূপে সুন্দর ধনবিশিষ্ট ইন্দ্রকে তোমাদের সম্মুখীন করতঃ অর্চ্চনা কর। তিনি মঘবা ও বহুধনযুক্ত, তিনি স্তোতৃগণকে সহস্র সহস্র দান করিয়া থাকেন।

২। তিনি সগর্ব্বে গমন করিতেছেন, যেন শত সেনার পতি, তিনি হব্যদাতার জন্য বৃত্রবধ করিতেছেন। তিনি বহুলোকের পালক, তাঁহার উদ্দেশে প্রদত্ত রস পর্ব্বতের রসের ন্যায় প্রীত করে।

৩। যে সকল সোম মদকর, হে স্তুতিভাক্ ইন্দ্র! তোমার জন্য তাহা অভিষুত হইয়াছে। হে বজ্রবান্ শূর! ধনার্থ জল সকল সম্প্রতি আপন বাসস্থান স্বরূপ সরোবরকে পূর্ণ করিতেছে।

৪। তুমি সোমের পাপশূন্য, ত্রাণকারী, স্বর্গপ্রদ, মধুরতম রস পান কর। কারণ তুমি প্রমত্ত হইলে আপনিই গর্ব্বিত হইয়া থাক এবং ক্ষুদ্রার ন্যায় আমাদিগকে অভিলষিত দান করিয়া থাক।

৫। হে অন্নবান্ ইন্দ্র! কণ্বগণের উদ্দেশে তুমি যে প্রীতিকর দান করিয়াছ, সেই দান স্তোমকে স্বাদু করিতেছে, অভিষবণকারিগণ আহ্বান করিলে, তুমি অশ্বের ন্যায় সেই স্তোম অভিমুখে দ্রুত আগমন কর।

৬। সম্প্রতি আমরা বিভূতিবিশিষ্ট, অক্ষয়ধনযুক্ত, উগ্র, বীর ইন্দ্রের নিকট নমস্কারের সহিত গমন করিব। হে বজ্রযুক্ত ইন্দ্র! জলবিশিষ্ট কূপ যেমন জল সেক করে, সেইরূপ স্তোত্র সকল তোমায় সিক্ত করিতেছে।

৭। এক্ষণে যেখানেই থাক, যজ্ঞেই থাক, অথবা পৃথিবীতেই থাক, সেই স্থান হইতেই, হে উগ্র মহামতি ইন্দ্র! তুমি উগ্র এবং আশুগামী অশ্বের সহিত আমাদের যজ্ঞে আগমন কর।

---

(১) ৪৯ হইতে ৫৯ এই ১১টী সূক্তকে বালখিল্য কহে। সায়ণাচার্য্য এই বালখিল্য সূক্তগুলির টীকা দেন নাই, সুতরাং এগুলির অনুবাদ অতিশয় শ্রমসাধ্য। ঐতরেয় ব্রাহ্মণের টীকায় সায়ণাচার্য্য বলিয়াছেন, যে আটটী মাত্র বালখিল্য সূক্ত আছে, কিন্তু মক্ষমুলরের প্রকাশিত গ্রন্থে একাদশটি দেখা যায়। ঋগ্বেদের সূক্ত গণনার সময় এইগুলি লইয়া গুণিলে ১০২৮ সূক্ত হয়, এগুলি ছাড়িয়া গুনিলে ১০১৭ সূক্ত হয়।

৮। তোমার যে গমনশীল হরিগণ আছে, তাহারা বায়ুর ন্যায় শীঘ্রগামী ও শত্রুপরাভবকারী। তুমি উহাদিগের সাহায্যে মনুষ্যগণের নিকট গমন কর এবং সমস্ত বস্তুজাত দর্শনার্থ জগতে গমন করিয়া থাক।

৯। হে ইন্দ্র! তোমার এতৎপরিমিত গোবিশিষ্ট ধন যাচ্ঞা করি, হে মঘবন্! যেহেতু তুমি মেধ্যাতিথি ও নীপাতিথিকে ধন বিষয়ে রক্ষা করিয়াছিলে।

১০। হে মঘবন্! যেহেতু তুমি কণ্ব, ত্রসদস্যু, পক্থ, দশব্রজ, গোশর্য ও ঋজিশ্বাকে গোযুক্ত ও হিরণ্যযুক্ত ধন দান করিয়াছিলেন।

৫০ সূক্ত।

ইন্দ্র দেবতা।

১। ধন লাভের জন্য বিখ্যাত এবং সুন্দর ধনবিশিষ্ট শক্রের অর্চ্চনা কর। তিনি অভিষবকারী ও স্তুতিকারীকে সহস্র সহস্র কমনীয় ধন দান করেন।

২। ইহার অস্ত্রসমূহ শত শত এবং দুস্তর ইন্দ্রের অন্ন প্রভূত। যখন অভিষুত সোম সকল ইহাকে প্রমত্ত করে, তখন ইনি পর্ব্বতের ন্যায় খাদ্যদাতা হইয়া ধনবান্‌গণের প্রীতি উৎপাদন করেন।

৩। অভিষুত সোমসকল যখন প্রিয় ইন্দ্রকে প্রমত্ত করিয়াছে, তখন হে বাসপ্রদ ইন্দ্র! হব্যদায়ীর উদ্দেশে গাভীগণের ন্যায় জলসমূহ আমার যজ্ঞে নিহিত হইয়াছে।

৪। হে ঋত্বিক্‌গণ! তোমাদের রক্ষার্থ কর্ম্ম সকল পাপশূন্য আহূয়মান ইন্দ্রের উদ্দেশে মধু ক্ষরণ করিতেছে। হে বাসপ্রদ! সোম আহূত হইয়া স্তোত্রকালে তোমার সম্মুখে নিহিত হইতেছে।

৫। ইন্দ্র আমাদের সুযজ্ঞবিশিষ্ট সোমে প্রেরিত হইয়া অশ্বের ন্যায় গমন করিতেছেন। হে আস্বাদবান্ ইন্দ্র! তোমার স্তোতাগণ এই সোম সুস্বাদু করিতেছে, তুমি পুরুর পুত্রের আহ্বানকে প্রীতিকর কর।

৬। বীর, উগ্র, ব্যাপ্ত ও ধনের দ্বারা প্রীতিকারী এবং মহাধনের বিভূতি স্বরূপ ইন্দ্রকে স্তুতি করি। হে বজ্রবান্! জলবিশিষ্ট কূপের ন্যায় সর্ব্বদা ব্যাপ্তি-যুক্ত ধনের সহিত হব্যদায়ী যজমানের মঙ্গলের জন্য পান কর।

৭। হে দর্শনীয়, মহামতি ইন্দ্র! তুমি দূরদেশেই থাক, পৃথিবীতেই থাক, অথবা স্বর্গেই থাক, দর্শনীয় হরিগণকে রথে যোজিত করতঃ আগমন কর।

৮। তোমার যে রথবাহক অশ্ব আছে, তাহারা হিংসারহিত, উহা বায়ুর বেগ পূর্ণ করে; ইহাদের সাহায্যে দস্যুগণকে নিহত করিয়াছ। তুমি মনুকে বিখ্যাত করিয়াছ এবং সমস্ত বস্তু ব্যাপ্ত করিয়াছ (১)।

৯। হে শূর নিবাসপ্রদ ইন্দ্র! তোমার এতৎ পরিমিত নূতন ধনের কথা জানি, তুমি এইরূপে কর্ত্তব্য ধনার্থ এতশকে এবং দশব্রজবিশিষ্ট বশকে রক্ষা করিয়াছিলে।

১০। হে মঘবন্! হে বজ্রবান্! পবিত্র যজ্ঞে কণ্বকে এবং শত্রুনাশাভিলাষী দীর্ঘনীথকে এবং গোশর্য্যকে যে প্রকারে রক্ষা করিয়াছ, অশ্বদ্বারা সেইরূপে আমাদিগকে রক্ষা কর।

৫১ সূক্ত।

ইন্দ্র দেবতা।

১। হে ইন্দ্র! তুমি সাম্বরণি মনুর জন্য যেরূপে অভিষুত সোম পান করিয়াছিলে, হে মঘবন্! পুষ্ট এবং শীঘ্রগামী গোবিশিষ্ট মেধ্যাতিথি ও নীপাতিথির জন্য যেরূপ সোম পান করিয়াছিলে।

২। পার্ষদ্বান্ ঋষি বৃদ্ধ, শয়ান প্রস্কণ্বকে ঊর্দ্ধে স্থাপিত করিয়া উপবেশন করাইয়াছিলেন। দস্যুগণের পক্ষে বৃকস্বরূপ ঋষি তোমাকর্তৃক রক্ষিত করিয়া সহস্র গো রক্ষা করিয়াছিলে।

৩। যাঁহাকে উকৃথের দ্বারা লাভ করা যায়, যিনি ঋষিকর্তৃক প্রেরিত হইয়া সকলের জ্ঞাতা, রক্ষাভিলাষী, সেই ইন্দ্রের অভিমুখে সেবার্থ নূতন স্তুতি উচ্চারণ কর।

৪। উত্তম স্থানে যাহার উদ্দেশে সপ্তশীর্ষবিশিষ্ট ও স্থানত্রয়যুক্ত অর্চ্চনামন্ত্র উচ্চারিত করে, তিনি এই বিশ্বভুবন শব্দযুক্ত করিয়াছেন এবং বল উৎপাদন করিয়াছেন।

৫। যিনি আমাদের ধনদাতা সেই ইন্দ্রকে আমরা আহ্বান করি, আমরা

(১) অর্থাৎ অনার্য্যদিগকে নিহত করিয়া মানব আর্য্যগণকে উন্নত করিয়াছ।

উঁহার নূতন অনুগ্রহ বৃদ্ধি জানি, আমরা যেন গোযুক্ত গোষ্ঠে গমন করিতে পারি।

৬। হে বাসপ্রদ, স্তুতিভাক্, মঘবান ইন্দ্র! তুমি দান করিব বলিয়া যাহাকে দান কর, সে ধনের পুষ্টিলাভ করে। তুমি এইরূপ, অতএব আমরা অভিষুত সোমবিশিষ্ট হইয়া তোমায় আহ্বান করিতেছি।

৭। হে ইন্দ্র! তুমি কখনও নিবৃত্ত প্রসব হও না, তুমি হব্যদায়ীর সহিত মিলিত হও। তুমি দেবতা, তোমার দান বারংবার নিকটে আসিয়া মিলিত হয়।

৮। যিনি বলপূর্ব্বক অস্ত্র প্রয়োগ করিয়া শুষ্ণকে বিনাশ করতঃ কূপ পূর্ণ করিয়াছিলেন, যিনি ঐ দ্যুলোককে প্রথিত করতঃ স্তম্ভিত করিয়াছেন এবং যিনি পার্থিব হইয়া সমস্ত বস্তু উৎপাদন করিয়াছেন।

৯। এই সমস্ত আর্য্য ও দাসগণ(১) যাহার ধনপালক ও স্তোতা, যিনি আর্য্য শ্বেতবর্ণ পবীরুর সম্মুখে উপস্থিত হন, সেই ধনদাতা তোমার সহিত মিলিত হন।

১০। ত্বরাযুক্ত বিপ্রগণ, মধুযুক্ত ঘৃতস্রাবী অর্চ্চণামন্ত্র উচ্চারণ করিতেছেন, ইঁহার উদ্দেশে ধন প্রথিত হইতেছে, পুরুষোচিত বল প্রথিত হইয়াছে, অভিষুত সোম প্রথিত হইতেছে।

৫২ সূক্ত।

ইন্দ্র দেবতা।

১। হে ইন্দ্র! বিবস্বান্ (১) মনুর সোম পূর্ব্বে যেরূপে পান করিয়াছ, ত্রিতের মন যেরূপ যোগাইয়াছ, আয়ুর সহিত যেরূপ প্রমত্ত হইয়াছ,—

২। মাতরিশ্বা যজ্ঞীয় পৃষধ্র অভিষব করিতে আরম্ভ করিলে, তুমি যেরূপ প্রমত্ত হও, এবং সম্বদ্ধ দীপ্তিবিশিষ্ট দশশিপ্র ও দশোণ্যের সোম পান করিয়া থাক,—

(১) আর্য্য ও অনার্য্যগণের উল্লেখ। অনেক অনার্য্যগণ আর্য্যদিগের দ্বারা ক্রমে বশীভূত বা শিক্ষিত হইয়া আর্য্যধর্ম্ম ও রীতিনীতি গ্রহণ করিয়াছিল ও ইন্দ্রাদিকে স্তুতি করিত, তাহা প্রতীয়মান হইতেছে।

(১) মূলে "মনৌ বিবস্বতি" আছে। এখানে মনুকেই বিবস্বান্ বলিতেছে।

৩। যিনি কেবল উক্‌থ ধারণ করেন, যিনি ধৃষ্টরূপে সোমপান করেন, যাহার উদ্দেশে মিত্রের কর্ম্মের নিকট বিষ্ণু তিন পদ ক্ষেপ করিয়াছিলেন,—

৪। হে বেগবান্, শতক্রতু স্তুতিকামী ইন্দ্র! সেই তোমাকে আমরা অন্নাভিলাষী হইয়া, গোদোহক যেমন দুগ্ধবতী গাভী আহ্বান করে, সেইরূপ আহ্বান করিতেছি।

৫। যিনি আমাদের দাতা, তিনি আমাদের পিতা, তিনি মহান্, তিনি উগ্র, তিনি ঐশ্বর্য্যকর্ত্তা। উগ্র, মঘবা, প্রভূত ধনবিশিষ্ট ইন্দ্র আমাদিগকে গাভী ও অশ্ব প্রদান করুন।

৬। হে ইন্দ্র! তুমি যাহাকে দান করিতে ইচ্ছা কর, সে ধন পুষ্টিলাভ করে। আমরা ধনাভিলাষী হইয়া বসুপতি ও শতক্রতু ইন্দ্রকে স্তোত্রদ্বারা আহ্বান করিতেছি।

৭। তুমি কথন কথন ভ্রমে পতিত হও, তুমি উভয় প্রকার প্রাণীকে রক্ষা কর। হে ত্বরাবান্ আদিত্য! তোমার সুখকর আহ্বান অমর দ্যুলোকে অবস্থান করে।

৮। হে স্তুতিভাক্, দাতা মঘবন! তুমি হব্যদায়ীকে দান কর। হে বাসপ্রদ! তুমি যেমন কণ্ব ঋষির আহ্বান শ্রবণ করিয়াছিলে, সেইরূপ আমাদের বাক্য, স্তুতি এবং আহ্বান শ্রবণ কর।

৯। ইন্দ্রের উদ্দেশে প্রাচীন স্তোত্র পাঠ কর, এবং স্তোত্র উচ্চারণ কর, যজ্ঞের পূর্ব্বকালীন মহতী স্তুতি উচ্চারণ কর এবং স্তোতার মেধা বর্দ্ধিত কর।

১০। ইন্দ্র প্রভূত ধন প্রেরণ করেন, দ্যাবাপৃথিবীকে প্রেরণ করিয়াছেন, সূর্য্যকে প্রেরণ করিয়াছেন এবং শ্বেতবর্ণ শুচি পদার্থ সমূহকে প্রেরণ করিয়াছেন। গব্যমিশ্রিত সোম ইন্দ্রকে সম্যক্‌রূপে প্রমত্ত করিয়াছিল।

৫৩ সূক্ত।

ইন্দ্র দেবতা।

১। তুমি ধনিগণের উপমাস্বরূপ, অভীষ্টবর্ষিগণের জ্যেষ্ঠ, সর্ব্বাপেক্ষা শত্রুপুরবিদারী, ধনজ্ঞ ও স্বামী। হে মঘবান্ ইন্দ্র! আমি ধনার্থ তোমায় বাঞ্ছা করিতেছি।

২। যিনি প্রত্যহ বর্দ্ধমান হইয়া আয়ু, কুৎস এবং অথিতিগ্বকে রক্ষা করিয়াছিলেন, আমরা সেই হরিনামক অশ্বযুক্ত শতক্রতু ইন্দ্রকে অন্নাভিলাষী হইয়া আহ্বান করিতেছি।

৩। যে সোম সকল দূরদেশে লোকসমূহ মধ্যে অভিষুত হয়, যাহারা নিকটে অভিষুত হয়, সেই সমস্ত সোমের রস আমাদের অভিষব প্রস্তর পেষণ করিয়া বাহির করুক।

৪। তুমি যেখানে সোম পান করিয়া তৃপ্ত হও, সেখানে সমস্ত শত্রুগণকে বিনাশ কর ও পরাভূত কর, সমস্ত ধন উপভোগ যোগ্য হউক। শিষ্টগণের মধ্যে সোম তোমার মদকর।

৫। হে ইন্দ্র! তুমি কল্যাণতমঃ এবং অত্যন্ত বন্ধু, তুমি মিতমেধা, কল্যাণকর, অভীষ্টপ্রদ, বন্ধুস্বরূপ রক্ষা কার্য্যের সহিত নিকটবর্ত্তী স্থানে আগমন কর।

৬। যুদ্ধে ত্বরাবান্, সাধুলোকের পালক, সমস্ত লোকের অধীশ্বর, ইন্দ্রকে প্রজাগণের মধ্যে পূজনীয় করা, যাহারা কর্ম্মসমূহদ্বারা সুফল প্রবর্ত্তিত করেন, সেই উক্থউচ্চারণকারিগণ অবিচ্ছিন্নভাবে যজ্ঞ সম্পাদন করুন।

৭। তোমার সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট যাহা কিছু আছে তাহা যেন আমরা পাই। আমরা রক্ষার্থ তোমারই হইব, যুদ্ধকালেও তোমারই হইব। আমরা স্তুতি এবং আহ্বানদ্বারা তোমাদের ভজনা করতঃ স্তুতি পাঠ কবিব।

৮। হে হরিনামক অশ্ববিশিষ্ট ইন্দ্র! আমি অন্নাভিলাষী, অশ্বাভিলাষী ও গবাভিলাষী হইয়া তোমার স্তোত্র করি এবং তোমার রক্ষালাভ করিয়া যুদ্ধে গমন করি। ভয়ের সময় তোমাকেই শত্রুগণের সম্মুখে স্থাপন করি।

৫৪ সূক্ত।

ইন্দ্র দেবতা। ৩ ও ৪ ঋকে অন্যান্য দেবেরও স্তুতি আছে।

১। হে ইন্দ্র! স্তুতিকারিগণ স্তোত্রদ্বারা তোমার এই বীর্য্যের প্রশংসা করিতেছেন। তাহারা স্তুতি করিয়া বল লাভ করিয়াছিল। পৌরগণ কর্ম্মদ্বারা ঘৃত ক্ষরণশীল ইন্দ্রকে ব্যাপ্ত করিয়াছিল।

২। হে ইন্দ্র! যাহাদের সোমাভিষবে তুমি প্রমত্ত হও, তাহারা উৎকৃষ্ট

কর্ম্মদ্বারা তোমায় ব্যাপ্ত করিতেছে। যেরূপ সম্বর্ত্ত ও কৃশের প্রতি প্রসন্ন হইয়াছিলে সেইরূপ আমাদের প্রতি প্রসন্ন হও।

৩। সমস্ত দেবগণ সমান প্রীতিযুক্ত হইয়া আমাদের অভিমুখে এবং আমাদের সমীপে আগমন করুন। বসু ও রুদ্রগণ রক্ষার্থ আগমন করুন, মরুৎগণ আহ্বান শ্রবণ করুন।

৪। পূষা, বিষ্ণু, সরস্বতী, সপ্তসিন্ধু, জল, বায়ু, পর্ব্বত, বনস্পতি আমার যজ্ঞ রক্ষা করুন, পৃথিবী আহ্বান শ্রবণ করুন।

৫। হে ইন্দ্র! তোমার যে ধন আছে, হে শ্রেষ্ঠ মঘবা! হে বৃত্রহা! একত্রে প্রমত্ত হইয়া সমৃদ্ধি ও দানার্থ সেই ধনের সহিত প্রবৃদ্ধ হও, তুমি ভজনীয়।

৬। হে যুদ্ধপতি, সুকর্ম্মা ও নৃপতি! তুমিই আমাদের যুদ্ধে লইয়া যাও, শুনা যায় দেবগণ স্তোত্র এবং যজ্ঞকালে ভক্ষণার্থ মিলিত হন।

৭। আর্য্য ইন্দ্রে অনেক আশীর্ব্বাদ আছে, মনুষ্যগণের আয়ু আছে, হে মঘবন্! আমাদিগকে ব্যাপ্ত কর, বৃদ্ধি কর অন্ন দান কর।

৮। হে ইন্দ্র! আমরা স্তুতিদ্বারা তোমার পরিচর্য্যা করিব, হে শতক্রতু! তুমি আমাদিগের। হে ইন্দ্র! তুমি প্রাকণের উদ্দেশে প্রচুর স্থূল এবং অক্ষীণ ধন প্রেরণ কর।

৫৫ সূক্ত।

ইন্দ্র দেবতা।

১। ইন্দ্রের কর্ম্ম ভূরি বলিয়া জানিয়াছি। হে দস্যুগণের বৃকস্বরূপ! তোমার ধন আমাদের অভিমুখে আগমন করিতেছে।

২। আকাশে যেরূপ তারা শোভা পায়, সেইরূপ শত শত বৃষ শোভা পাইতেছে, তাহারা মহত্ত্বে দ্যুলোককে যেন স্তম্ভিত করিতেছে।

৩। শতবেণু, শতশ্বা, শতম্লাত চর্ম্ম, শতবল্বজ স্তক এবং চারিশত অরুষী(১) রহিয়াছে।

(১) মূলে ঋক এই "শতং বেনুন্ শতং শুনঃ শতং চর্ম্মাণি ম্লাতানি শতং মে বল্বজ স্তুকাঃ অরুষীণাং চতুঃশতং।" এ সকল শব্দের অর্থ বুঝিতে পারি নাই।

৪। হে কণ্বগোত্রীয়গণ! তোমরা অগ্নে অগ্নে বিচরণ করতঃ অশ্বগণের ন্যায় পুনঃ পুনঃ গমন করতঃ সুন্দর দেববিশিষ্ট হইয়াছ।

৫। সপ্তসংখ্যাবিশিষ্ট, অন্তের অন্যূন, ইন্দ্রের উদ্দেশেই মহৎ অন্ন প্রক্ষিপ্ত হইতেছে। শ্যামবর্ণ পথ অতিক্রম করিয়া চক্ষুদ্বারা গৃহীত হইতেছে।

৫৬ সূক্ত।

অগ্নি দেবতা।

১। হে দস্যুগণের বৃকস্বরূপ! তোমার অক্ষীণ ধন দর্শিত হইয়াছে, তোমার সেনা দ্যুলোকের ন্যায় বিস্তৃত।

২। তুমি দস্যুর বৃকস্বরূপ, তোমার নিত্যধন হইতে আমাকে দশসহস্র প্রদান কর।

৩। আমাকে একশত গর্দ্দভ, একশত মেষী (১) এবং একশত দাস প্রদান কর।

৪। অশ্বযূথের ন্যায় সেই প্রকাশ্য ধন শুদ্ধপ্রজ্ঞ ব্যক্তির উদ্দেশে তাঁহাদের নিকট গমন করে।

৫। অগ্নি জাত হইয়াছেন, তিনি জ্ঞানবান্, সুন্দর রথবিশিষ্ট এবং হব্যবাহী। তিনি শুভ্র কিরণে গমনশীল ও বৃহৎ হইয়া শোভা পাইতেছেন, স্বর্গে সূর্য্যও শোভা পাইতেছেন।

৫৭ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা।

১। হে নাসত্যদ্বয়! তোমরা পূর্ব্বকালে নির্ম্মিত রথের সাহায্যে যজ্ঞে আগমন কর। তোমরা যজনীয় ও দেবতা; তোমরা নিজ কর্ম্মবলে তৃতীয় সবন পান কর।

২। দেবগণের সংখ্যা ত্রয়স্ত্রিংশ (১), তাঁহারা সত্য, তাঁহারা যজ্ঞের সম্মুখে

(১) মূলে উর্ণাবতী আছে, অর্থ মেষী। পশুর সহিত দাসগণকেও দান করা প্রথা ছিল, তাহা ঋগ্বেদের অনেক স্থলে দেখিতে পাওয়া যায়।

(১) ৩৩ জন দেবের উল্লেখ।

দৃষ্ট হন। হে দীপ্তিমান্ অগ্নিবিশিষ্ট অশ্বিদ্বয়! তোমরা আমার, এই সোম যজ্ঞে উপস্থিত হইয়া পান কর।

৩। হে অশ্বিদ্বয়! তোমরা দ্যুলোক, ভূলোক ও অন্তরিক্ষলোকের অভীষ্টবর্ষী, তোমাদের উদ্দেশে স্তুতি করিয়াছি। যাহারা সহস্র স্তুতি করে, যাহারা গোযাগে প্রবৃত্ত হয়, পানার্থ তাহাদের সকলের নিকট উপস্থিত হও।

৪। হে নাসত্যদ্বয়! এই তোমাদের ভাগ নিহিত হইয়াছে, এই তোমাদের স্তুতি, তোমরা আগমন কর, আমাদের জন্য মধুমান্ সোম পান কর, হব্যদায়ীকে কর্ম্মদ্বারা রক্ষা কর।

---

৫৮ সূক্ত।

অগ্নি দেবতা।

১। সহৃদয় ঋত্বিক্‌গণ যাঁহাকে বহুপ্রকারে কল্পনা করতঃ এই যজ্ঞ সম্পাদন করিতেছেন, যিনি বাক্য উচ্চারণ না করিলেও স্তুতিকারীরূপে নিযুক্ত আছেন, তাঁহার বিষয়ে যজমানের কি জ্ঞান আছে?

২। এক অগ্নি, বহু প্রকারে সমিদ্ধ হইয়াছেন, এক সূর্য্য সমস্ত বিশ্বে প্রভূত হইয়াছেন, এক উষা এই সমস্তকেই প্রকাশিত করিতেছেন। এই একই সর্ব্বপ্রকারে হইয়াছেন (১)।

৩। জ্যোতিষ্মান্, কেতুমান্, চক্রত্রয়বিশিষ্ট, সুখকর রথস্বরূপ ও উপবেশনযোগ্য অগ্নিকে প্রচুর পরিমাণে পানার্থ এই যজ্ঞে আহ্বান করি, তাঁহার সহিত মিলন হইলে বিচিত্র ধন লাভ হয়।

---

৫৯ সূক্ত।

ইন্দ্র ও বরুণ দেবতা।

১। হে ইন্দ্র ও বরুণ! মহাযজ্ঞে সোমাভিষবে তোমাদিগকে আহ্বান করিতেছি, এই তোমাদের ভাগধেয়, উহার অনুসরণ কর, প্রতি যজ্ঞে সবন সকলকে পোষণ কর, সোমাভিষবকারী যজমানকে দান কর।

---

(১) "একং বৈ ইদং বি বভূব সর্ব্বং।" মূলে এই আছে।

২। ইন্দ্র ও বরুণ অবস্থিতি করিতেছেন, তাঁহারা অন্তরিক্ষের পারে পথে গমন করিতেছেন। কোনও দেবশূন্য ব্যক্তি তাঁহাদের শত্রু হইতে পারে না। তাঁহাদের অনুগ্রহে সুসম্পন্ন ওষধি এবং জল মহিমা লাভ করিতেছে।

৩। হে ইন্দ্র ও বরুণ! একথা সত্য, যে সপ্তবাণি তোমাদের জন্য কৃশ ঋষির সোম প্রবাহ দোহন করিতেছে, তোমরা শুভকর্ম্মের পালক। যে অহিংসিত ব্যক্তি তোমাদিগের কর্ম্মদ্বারা পালন করে, সেই হব্যদায়ীকে হব্যদ্বারা পালন কর।

৪। ঘৃত ক্ষরণশীল, প্রভূত দানশীল, কমনীয়, সপ্তভগিণীগণ যজ্ঞগৃহে প্রভূত দানবিশিষ্ট হইয়াছেন। হে ইন্দ্র ও বরুণ! যাহারা তোমাদের উদ্দেশে ঘৃত ক্ষরণ করে, তাহাদের উদ্দেশে যজ্ঞ ধারণ কর এবং যজমানকে দান কর।

৫। দীপ্তিশীল ইন্দ্র ও বরুণের নিকট মহাসৌভাগ্য লাভের জন্য ইন্দ্রের সত্য মহিমা কীর্ত্তন করিব। আমরা ঘৃত ক্ষরণ করি, ইন্দ্র ও বরুণ শুভ কার্য্যের পতি, তাঁহারা ত্রিসপ্তসংখ্যক কার্য্যদ্বারা আমাদিগকে রক্ষা করুন।

৬। হে ইন্দ্র ও বরুণ! তোমরা পূর্ব্বে ঋষিগণকে যে মনীষা বাক্য, স্তুতি এবং শ্রুত প্রদান করিয়াছ এবং যে সকল স্থান প্রদান করিয়াছ, আমরা ধীর এবং যজ্ঞে ব্যাপৃত হইয়া তপঃ দ্বারা সেই সমস্ত দর্শন করিব।

৭। হে ইন্দ্র ও বরুণ! যে ধন বৃদ্ধিতে মনের তৃপ্তি হয়, গর্ব্ব জন্মায় না, যজমানকে তাহাই প্রদান কর, আমাদিগকে প্রজ্ঞা, পুষ্টি এবং ভূতি প্রদান কর। আমরা দীর্ঘায়ুঃ হইতে পারি এই জন্য আমাদের আয়ু রক্ষা কর। ইতি বালখিল্য সমাপ্ত।

৬০ সূক্ত।

অগ্নি দেবতা। প্রগাথের পুত্র ভর্গ ঋষি।

১। হে অগ্নি! অগ্নিগণের সহিত আগমন কর, তোমায় হোতা বলিয়া বরণ করিতেছি; ধৃতব্রতা হবিষ্মতী কুশে উপবেশন করাইয়া তোমাকে অলঙ্কৃত করুক।

২। হে বলের পুত্র অঙ্গিরা! স্রুক্ সকল যজ্ঞে তোমাকে লাভ করিবার জন্য গমন করিতেছে। বলের পুত্র প্রদীপ্ত জ্বালাযুক্ত, পুরাতন অগ্নিকে আমরা যজ্ঞে স্তব করি।

৩। হে অগ্নি! তুমি কবি, তুমি ফলের বিধাতা। হে পাবক! তুমি হোতা ও যাগযোগ্য। হে শুক্র! তুমি আমোদযোগ্য, তুমি সর্ব্বাপেক্ষা যাগযোগ্য, যজ্ঞে বিপ্রগণ মননমন্ত্রদ্বারা তোমার স্তুতি করে।

৪। হে যুবতম নিত্য অগ্নি! আমি দ্রোহরহিত, দেবগণ আমায় কামনা করেন, তাহাদিগকে আনয়ন কর। হে বাসপ্রদ অগ্নি! সুনিহিত অন্নের সমীপে গমন কর, স্তুতিদ্বারা নিহিত হইয়া আনন্দিত হও।

৫। হে অগ্নি! তুমি রক্ষক, সত্যস্বরূপ, তুমি কবি, তুমিই সর্ব্বতঃ বিস্তৃত। হে সমিধ্যমান, দীপ্ত অগ্নি! বিপ্র স্তোতাগণ তোমার পরিচর্য্যা করিতেছে।

৬। হে অত্যন্ত শুচিকারী অগ্নি! দীপ্ত হও ও দীপ্ত কর। প্রজাগণের জন্য ও স্তোতার জন্য সুখ প্রদান কর। তুমি মহান্! আমার স্তোতাগণ দেবদত্ত সুখ প্রাপ্ত হউক। তাহারা শত্রুপরাভবকর ও সুন্দর অগ্নিবিশিষ্ট হউক।

৭। হে অগ্নি! পৃথিবীস্থ শুষ্ককাষ্ঠ যে প্রকারে দগ্ধ কর, হে মিত্রগণের পূজক! আমাদের দ্রোহকারীকে এবং যে আমাদের মন্দ করিতে চায় তাহাকে সেই রকম করিয়া দগ্ধ কর।

৮। হে অগ্নি! আমাদিগকে হিংসাকারী বলবান্ মনুষ্যের বশীভূত করিও না। যে মন্দ কথা কয়, তাহার বশীভূত করিও না। হে যুবতম! তোমার রক্ষা কার্য্য হিংসা শূন্য আপদ্ হইতে উদ্ধারকারী ও সুখকর। উহা দ্বারা আমাদিগকে রক্ষা কর।

৯। হে অগ্নি! আমাদিগকে এক ঋকের দ্বারা রক্ষা কর, দ্বিতীয় ঋকের দ্বারা রক্ষা কর। হে বলপতি! তিন বাক্যের দ্বারা পালন কর। হে বাসপ্রদ! চারি বাক্যের দ্বারা পালন কর।

১০। সমস্ত রাক্ষস ও দানশূন্য লোক হইতে আমাদিগকে রক্ষা কর। সংগ্রামে আমাদিগকে রক্ষা কর। তুমি নিকটবর্ত্তী ও বন্ধুস্বরূপ; যজ্ঞের জন্য ও সমৃদ্ধির জন্য তোমায় প্রাপ্ত হইব।

১১। হে পাবক অগ্নি! আমাদিগকে অন্নবর্দ্ধক, প্রশংসনীয় ধন প্রদান কর। হে সমীপবর্ত্তী ধনদাতা! আমাদিগকে সুনীতি দ্বারা অনেকের স্পৃহণীয় অত্যন্ত কীর্ত্তিযুক্ত ধন দান কর।

১২। যে ধনদ্বারা আমরা যুদ্ধে ত্বরাবান্ শত্রু ও অস্ত্রক্ষেপকদিগের হস্ত হইতে উদ্ধার হইয়া তাহাদিগকে হিংসা করিব, তাহা প্রদান কর। তুমি প্রজ্ঞাবলে

বাসপ্রদ, তুমি আমাদিগকে বর্দ্ধিত কর। অন্নদ্বারা বর্দ্ধিত কর; আমাদিগের ধনপ্রদ কর্ম্মসকল সুসম্পন্ন কর।

১৩। বৃষভের ন্যায় শৃঙ্গ তীক্ষ্ণ করতঃ অগ্নি মস্তক কম্পিত করিতেছেন। অগ্নির হনুসকল তীক্ষ্ণ, কেহ উহা নিবারণ করিতে পারে না। অগ্নির দন্ত উত্তম, তিনি বলের পুত্র।

১৪। হে বৃষ্টিপ্রদ অগ্নি! যেহেতু তুমি বর্দ্ধিত হও, অতএব তোমার দন্ত কেহ নিবারণ করিতে পারে না। হে অগ্নি! তুমি হোতা, তুমি আমাদের হব্য উত্তমরূপে হোম কর, আমাদিগকে বরণীয় বহু ধন দান কর।

১৫। হে অগ্নি! মাতৃভূত বনে বর্ত্তমান অরণিদ্বয়ে নিদ্রা যাইতেছ। মনুষ্যগণ তোমাকে সম্যক্ বর্দ্ধিত করে, পশ্চাৎ তুমি অনলস হইয়া হব্যদায়ীর হব্য দেবগণের নিকট বহন কর। অনন্তর দেবগণের মধ্যে শোভা পাও।

১৬। হে অগ্নি! সেই তোমাকেই সপ্ত হোতা স্তব করে। তুমি দানশীল ও অক্ষীণ। তুমি তাপপ্রদ তেজোবলে মেঘকে ভেদ কর। হে অগ্নি! আমাদিগকে অতিক্রম করিয়া অগ্রে গমন কর।

১৭। হে স্তোতাগণ! তোমাদের জন্য অগ্নিকেই আহ্বান করি। আমরা বর্হি ছিন্ন করিয়াছি ও হব্য নিধান করিয়াছি, অগ্নি কর্ম্মধারী বহুলোকে বর্ত্তমান ও সমস্তলোকের হোতা।

১৮। হে অগ্নি! উত্তম সামযুক্ত গৃহে যজমান প্রজ্ঞাবলে প্রজ্ঞাবান্ লোকের সহিত তোমার স্তব করিতেছে। হে অগ্নি! আমাদের রক্ষার্থ আপন ইচ্ছায় নিকটবর্ত্তী নানা রূপধারী অন্ন আহরণ কর।

১৯। হে অগ্নি! হে দেব! হে স্তুত্য! তুমি প্রজাগণের পালক, রাক্ষসগণের সন্তাপপ্রদ। তুমি যজমানের গৃহপালক, উহা কখন ত্যাগ কর না, তুমি মহান্, তুমি দ্যুলোকের পাতা, যজমান গৃহে সর্ব্বদা বর্ত্তমান।

২০। হে দীপ্তধন অগ্নি! রাক্ষসাদি আমাদিগের মধ্যে প্রবিষ্ট না হউক, জাতুধানগণের পীড়া যেন প্রবিষ্ট না হয়। দারিদ্র্য, হিংসাকারী ও বলবান্ রাক্ষসগণকে বহুদূরে পরিহার কর।

৬১ সূক্ত।

ইন্দ্র দেবতা। প্রগাথের পুত্র ভর্গ ঋষি।

১। ইন্দ্র আমাদের এই উভয়বিধ বাক্য শ্রবণ করুন। আমাদের সহগামী কর্ম্মযুক্ত হইয়া মঘবান্ অত্যন্ত বল লাভ করতঃ সোমপানার্থ আগমন করুন।

২। দ্যাবাপৃথিবী সেই শোভমান বৃষ্টিপ্রদ ইন্দ্রের সংস্কার করিয়াছেন। তাহাকে বলের জন্য সংস্কার করিয়াছিলেন। এই জন্য হে ইন্দ্র! তুমি উপমানভূত দেবগণের মুখ্য হইয়া বেদীতে উপবিষ্ট হও এবং তোমার মন সোমাভিলাষী।

৩। হে বহুধনবান্ ইন্দ্র! তুমি জঠরে অভিষুত সোম সেক কর। হে হরি নামক অশ্বযুক্ত ইন্দ্র! তোমাকে সংগ্রামে শত্রুগণের অভিভবকারী, কাহারও দ্বারা অধর্ষণীয় ও অন্যের ধর্ষক বলিয়া জানি।

৪। হে মঘবান্ ইন্দ্র! তোমার সত্য কেহ হিংসা করিতে পারে না, যাহাতে ক্রতুদ্বারা ফল কামনা করিতে পারি তাহাই হউক। হে হনুযুক্ত বজ্রবান্! তোমার আশ্রয়ে অন্ন ভজনা করিব এবং শীঘ্র শত্রুগণকে অভিভব করিব।

৫। হে যজ্ঞপতি ইন্দ্র! সমস্ত রক্ষার সহিত অভিমত ফল প্রদান কর। হে শূর! তুমি যশস্বী ও ধনপ্রাপক, তোমাকে ভাগ্যের ন্যায় পরিচর্য্যা করি।

৬। হে ইন্দ্র! তুমি অশ্বের পোষক, তুমি গোসমূহের সংখ্যা বৃদ্ধি কর, তুমি হিরণ্ময়শরীর ও উৎস সদৃশ। তুমি আমাদের যাহা দান করিতে বাসনা কর, তাহা কেহই হিংসা করিতে পারে না। অতএব যাহা যাচ্ঞা করি, তাহা আহরণ কর।

৭। হে ইন্দ্র! তুমি আগমন কর। তুমি ধনদানার্থ পরিচর্য্যাকারীকে ধন প্রদান কর। আমি গাভী ইচ্ছা করি, আমাকে গোসমূহ প্রদান কর। আমি অশ্ব ইচ্ছা করি, আমাকে অশ্ব প্রদান কর।

৮। হে ইন্দ্র! তুমি বহুশত ও বহুসহস্র পশুযূথ প্রদানের অনুমতি কর। নগরবিদারক ইন্দ্রকে রক্ষার্থ স্তব করতঃ বিবিধ বাক্যযুক্ত হইয়া তাহাকে আমাদের অভিমুখে আনয়ন করিব।

৯। হে ইন্দ্র! হে শতক্রতু! হে অপ্রতিহত ক্রোধবিশিষ্ট! হে সংগ্রামে অহঙ্কারবিশিষ্ট! যে মেধাশূন্য, বা মেধাবী তোমার স্তব করে, তোমার অনুগ্রহে সে আনন্দিত হয়।

১০। উগ্রবাহু, বধকারী, নগরবিদারী ইন্দ্র যদি আমার আহ্বান শ্রবণ

করেন, তাহা হইলে আমরা ধনাভিলাষে ধনপতি, বহুকর্ম্মা ইন্দ্রকে স্তোত্রদ্বারা আহ্বান করিব।

১১। আমরা পাপী, আমরা ইন্দ্রকে জানি না। আমরা ধনশূন্য, আমরা অগ্নিরহিত, আমরা ইন্দ্রকে জানি না, অতএব এক্ষণে আমরা সোম অভিষুত হইলে তাহার জন্য একত্রিত হইয়া ইন্দ্রকে সখা করিয়া লইব।

১২। উগ্র ও যুদ্ধে শত্রুগণের অভিভবকর ইন্দ্রকে আমরা যোজিত করিব। তাঁহার পূজা ধ্যানের ন্যায় অবশ্য প্রদেয়। তিনি অহিংসনীয়, রথস্বামী এবং বহু অশ্বের সহিত মিলিত বেগবান্ অশ্বকে জানেন। তিনি দাতা, তিনি বহুলোকের মধ্যে আমাদিগকে প্রাপ্ত হইয়াছেন।

১৩। হে ইন্দ্র! যাহা হইতে আমরা ভয় পাই, তাহা হইতে আমাকে অভয় প্রদান কর। হে মঘবন্! তুমি সমর্থ, আমাদের অভয় প্রদানার্থ রক্ষা-কার্য্য সম্পাদনদ্বারা শত্রুগণকে ও হিংসাকারিগণকে বিনাশ কর।

১৪। হে ধনস্বামী! তুমিই মহাধনের পরিচর্য্যাকারীর গৃহের বর্দ্ধয়িতা। হে মঘবন্! হে স্তুতিভাক্! তুমি এইরূপ হওয়ায় আমরা সোম অভিষব করতঃ তোমায় আহ্বান করিতেছি।

১৫। এই ইন্দ্র সকলের জ্ঞাতা, ইনি বৃত্রহা, ইনি পরপালয়িতা ও বরণীয়। সেই ইন্দ্র আমাদের পুত্র রক্ষা করুন। শেষ পুত্র রক্ষা করুন, মধ্যমপুত্র রক্ষা করুন, আমাদিগকে সম্মুখ ও পশ্চাৎ উভয় দিক্ হইতে রক্ষা করুন।

১৬। হে ইন্দ্র! তুমি আমাদিগকে পশ্চাৎভাগ হইতে, পূর্ব্বভাগ হইতে ও অধোভাগ হইতে ও উত্তর ভাগ হইতে, সর্ব্বদিক্ হইতে রক্ষা কর। হে ইন্দ্র! দৈব ভয় আমাদের নিকট হইতে দূরে নিক্ষেপ কর, অদেব অস্ত্র শস্ত্র দূর করিয়া দেও।

১৭। হে ইন্দ্র! অদ্য ও কল্য এবং পরেও আমাদিগকে ত্রাণ কর। হে সাধুগণের পালক! আমরা তোমার স্তোতা, সকল দিন আমাদিগকে রক্ষা কর।

১৮। এই মঘবান্ শূর, বহুধনবিশিষ্ট, ইন্দ্র বীরত্বের জন্য সকলের সহিত মিলিত হন। হে শতক্রতু! তোমার সেই দুই অভিলাষপ্রদ বাহু বজ্র গ্রহণ করুক।

৬২ সূক্ত।

ইন্দ্র দেবতা। কণ্বের পুত্র প্রগাথ ঋষি।

১। যেহেতু ইন্দ্র সেবা করেন, অতএব উঁহার উদ্দেশে স্তুতি উচ্চারণ কর। সোমযুক্ত লোকে ইন্দ্রের প্রচুর অন্ন উক্‌থ মন্ত্রদ্বারা বর্দ্ধিত করে। ইন্দ্রের দান কল্যাণকর।

২। অসহায়, অসদৃশ, অন্য দেবগণের মুখ্য, বিনাশের অশক্য ইন্দ্র পূর্ব্ব প্রজাগণকে ও সমস্ত জাতবস্তুকে অতিক্রম করিয়া বর্দ্ধিত হইতেছেন। ইন্দ্রের দান কল্যাণকর।

৩। ধনদাতা ইন্দ্র অযোজিত অশ্বের সাহায্যে ভোগ করিতে ইচ্ছা করিতেছেন। হে ইন্দ্র! তুমি সামর্থ্যপ্রদ, তোমার মহত্ত্ব স্তুতিযোগ্য। ইন্দ্রের দান কল্যাণকর।

৪। হে ইন্দ্র! আগমন কর, তোমার উৎসাহবর্দ্ধক উৎকৃষ্ট স্তুতি করিব। হে সর্ব্বাপেক্ষা বলবান্ ইন্দ্র! তুমি এই স্তুতি প্রযুক্ত অন্নাভিলাষী স্তোতার মঙ্গল করিতে ইচ্ছা কর। ইন্দ্রের দান কল্যাণকর।

৫। হে ইন্দ্র! তোমার মন গর্ব্বিত হইতেও গর্ব্বিত, তুমি তীব্র সোম প্রদান দ্বারা পরিচর্য্যাকারী এবং নমস্কার দ্বারা অলঙ্কারকারী যজমানকে অভিমত ফল প্রদান কর। ইন্দ্রের দান কল্যাণকর।

৬। হে ইন্দ্র! তুমি স্তুতিদ্বারা পরিচ্ছিন্ন হইয়া মনুষ্য যেমন কূপ দর্শন করে, সেইরূপ আমাদিগকে দর্শন করিতেছ এবং প্রীত হইয়া প্রবৃদ্ধ সোমযুক্ত যজমানের উপযুক্ত বন্ধু হইতেছ। ইন্দ্রের দান কল্যাণকর।

৭। হে ইন্দ্র! তোমার বীর্য্য ও তোমার প্রজ্ঞা অনুসরণ করতঃ সমস্ত দেবগণ বীর্য্য ও প্রজ্ঞা ধারণ করে। তুমি গোপতি, বহুলোক স্তুত। ইন্দ্রের দান কল্যাণকর।

৮। হে ইন্দ্র! তোমার সেই উপমানভূত বল যজ্ঞার্থ স্তুতি করি। হে যজ্ঞপতি! তুমি বলের দ্বারা বৃত্রকে হনন করিয়াছ। ইন্দ্রের দান কল্যাণকর।

৯। প্রণয়বতী রমণী যেমন রূপাভিলাষী পুরুষকে বশীভূত করে, সেইরূপ ইন্দ্র মনুষ্যগণকে বশীভূত করেন। উঁহারা সংবৎসরাদি কাল লাভ করে, ইন্দ্র উঁহাদিগকে জানাইয়া দেন, অতএব তিনি সর্ব্বত্র বখ্যাত। ইন্দ্রের দান কল্যাণকর।

১০। হে ইন্দ্র! বহু পশুবিশিষ্ট যে যজমানগণ তোমার প্রদত্ত সুখভোগ করে, তাঁহারা তোমার উৎপন্ন বল প্রভৃতরূপে বর্দ্ধিত করে, তোমায় বর্দ্ধিত করে, তোমার প্রজ্ঞা বর্দ্ধিত করে। ইন্দ্রের দান কল্যাণকর।

১১। হে ইন্দ্র! যাবৎ ধন না পাই, তাবৎ তোমাতে ও আমাতে মিলিত হইব। হে বৃত্রহা, বজ্রবান্ ও শূর! অদানশীল ব্যক্তিও তোমার দানের প্রশংসা করিবে। ইন্দ্রের দান কল্যাণকর।

১২। আমরা ইন্দ্রকে সত্যই স্তব করিব, মিথ্যা স্তব করিব না, ইন্দ্র যজ্ঞ-বিরতদিগকে প্রভূত পরিমাণে বধ করেন, অভিষবকারীকে প্রভূত জ্যোতিঃ প্রদান করেন। ইন্দ্রের দান কল্যাণকর।

৬৩ সূক্ত।

ইন্দ্র দেবতা; কেবল শেষ ঋকের দেবগণ দেবতা। কণ্বের পুত্র প্রগাথ ঋষি।

১। তিনি প্রধান, তিনি পূজ্যগণের কর্ম্মপ্রযুক্ত কমনীয়, তিনি আগমন করিতেছেন। ইন্দ্রকে লাভ করিবার উপায়স্বরূপ কর্ম্ম সকলকে পিতা মনু দেবগণের মধ্যে প্রাপ্ত হইয়াছিলেন।

২। সোমাভিষবে নিযুক্ত প্রস্তর সকল স্বর্গের নির্ম্মাতা ইন্দ্রকে পরিত্যাগ করে না, উক্থ ও স্তোত্র সকল উচ্চারণ করা উচিত।

৩। বিদ্বান্ ইন্দ্র অঙ্গিরাগণের জন্য গোসকল অপাবৃত করিয়াছিলেন, তাঁহার সেই পুরুষত্বের স্তুতি করি।

৪। ইন্দ্র পূর্ব্বের ন্যায় একালেও কবিগণের বর্দ্ধয়িতা, স্তোতার কার্য্য নির্ব্বাহক, সুখকর, অর্চ্চনীয় সোমের হোমকালে আমাদিগের রক্ষার্থ গমন করুন।

৫। স্বাহাদেবীর পতির উদ্দেশে যাগকারিগণ, হে ইন্দ্র! তোমারই কীর্ত্তি-সকল গান করিতেছে, স্তোতাগণ শীঘ্র ধনদানার্থ ইন্দ্রের স্তব করিতেছে।

৬। সমস্ত বীর্য্য, সমস্ত কর্ত্তব্য কার্য্য ইন্দ্রেই বর্ত্তমান, স্তোতাগণ ইন্দ্রকে অধ্বর বলিয়া জানেন।

৭। যখন পঞ্চ জনপদের লোক ইন্দ্রের উদ্দেশে স্তুতি ঘোষণা করে, তখন ইন্দ্র আপনার মহিমায় শত্রুগণকে বধ করেন। আর্য্য ইন্দ্র স্তোতাকৃত পূজার নিবাস স্থান।

৮। হে ইন্দ্র! যেহেতু তুমি সেই সকল পৌরুষকর কার্য্য করিয়াছ, অতএব তোমায় এই স্তুতি করিতেছি, চক্রের পথ রক্ষা কর।

৯। বৃষ্টিপ্রদ ইন্দ্রের প্রদত্ত নানাপ্রকার অন্ন লব্ধ হইলে লোক সকল জীবনার্থে নানা প্রকার কর্ম্ম করে, পশুগণের ন্যায় তাহারা যব গ্রহণ করে।

১০। আমরা স্তোত্রকারী, রক্ষাভিলাষী ঋত্বিক্। তোমাদের সহিত যেন আমরা মরুৎবিশিষ্ট ইন্দ্রের বর্দ্ধনার্থ অন্নের পালক হই।

১১। তুমি যাগকালে প্রাদুর্ভূত ও তেজোবিশিষ্ট। হে শূর ইন্দ্র! মন্ত্রের দ্বারা সত্যই তোমার স্তব করিব, সহায়তায় জয়লাভ করিব।

১২। জলসেকবিশিষ্ট ভয়ঙ্কর মেঘগণ এবং আহ্বানে আনন্দযুক্ত যে বৃত্রহন্তা ইন্দ্র স্তুতিকারী ও শাস্ত্র পাঠকারী যজমানের নিকট বেগে আগমন করেন, তিনিও আমাদের রক্ষা করুন। ইন্দ্রই দেবগণের জ্যেষ্ঠ।

৬৪ সূক্ত।

ইন্দ্র দেবতা। প্রগাথ ঋষি।

১। হে ইন্দ্র! স্তুতি সকল তোমায় উত্তমরূপে প্রমত্ত করুক, হে বজ্রবান্! ধন প্রদান কর, স্তুতি বিদ্বেষিগণকে বিনাশ কর।

২। লুব্ধ ধনরহিতগণকে পদদ্বারা বাধা প্রদান কর। তুমি মহান্, তোমার কেহ প্রতিদ্বন্দ্বী নাই।

৩। তুমি অভিষুত সোমের ঈশ্বর, তুমি অনভিষুত সোমের ঈশ্বর, তুমি জনসমূহের রাজা।

৪। হে ইন্দ্র! আগমন কর, মনুষ্যাদিগের জন্য যজ্ঞগৃহ শব্দে পূর্ণ করতঃ স্বর্গ হইতে গমন কর। তুমি দ্যাবাপৃথিবীকে পরিপূর্ণ করিয়া থাক।

৫। তুমি স্তোতাগণের জন্য পর্ব্ববিশিষ্ট শত এবং সহস্র জলবিশিষ্ট মেঘকে বিদীর্ণ করিয়াছ।

৬। সোম অভিষুত হইলে আমরা দিবারাত্র তোমায় আহ্বান করি, আমাদের অভিলাষ পূর্ণ কর।

৭। সেই বৃষ্টিপ্রদ, নিত্য তরুণ, বিস্তীর্ণস্কন্ধবিশিষ্ট, অনবনত ইন্দ্র কোথায় আছেন? কোন্ স্তোতা তাঁহাকে স্তুতি করে?

৮। বৃষ্টিপ্রদ ইন্দ্র প্রীত হইয়া কোন্ যজমানের যজ্ঞ অবগত হন? কোন্ যজমান ইন্দ্রকে স্তব করিতে জানে?

৯। যজমানদত্ত দান তোমার সেবা করে। হে বৃত্রহা! শাস্ত্রপাঠ কালে সুন্দর বীর্য্যযুক্ত স্তোত্র সকল তোমায় সেবা করে। তুমি কীদৃশ? কে যুদ্ধে নিকটবর্ত্তী হয়?

১০। বহুসংখ্যক মনুষ্যের মধ্যে আমি তোমার জন্য সোম অভিষব করিতেছি, তাহার নিকট আগমন কর, দ্রুতগামী হও, এবং পান কর।

১১। এই সোম শর্য্যণাবতী (১), সুষোমা নদীতে তোমায় সর্ব্বাপেক্ষা অধিক প্রমত্ত করে, আর্জীকীয়তে তোমায় সর্ব্বাপেক্ষা প্রমত্ত করে।

১২। তুমি অদ্য সেই মনোহর সোম আমাদের ধনের জন্য ও শত্রুদের বিনাশকর মত্ততার জন্য পান কর। হে ইন্দ্র! শীঘ্র সোমপাত্রের দিকে গমন কর।

৬৫ সূক্ত।

ইন্দ্র দেবতা। প্রগাথ ঋষি।

১। হে ইন্দ্র! যেহেতু লোকে পূর্ব্বদিক্, পশ্চিমদিক্, উত্তরদিক্ ও নিম্ন দিক্ হইতে তোমাকে আহ্বান করে, অতএব শীঘ্র অশ্বের সাহায্যে আগমন কর।

২। তুমি দ্যুলোকের প্রস্রবণে প্রমত্ত হও; ভূলোকে প্রমত্ত হও, অন্নের অপাদানভূত অন্তরিক্ষে প্রমত্ত হও।

৩। অতএব হে ইন্দ্র! তোমাকে স্তুতিদ্বারা আহ্বান করি। তুমি মহান্ ও প্রভূত। সোমপানার্থ ও ভোগার্থ তোমাকে গাভীর ন্যায় আহ্বান করি।

৪। রথযোজিত অশ্বগণ তোমার মহিমা ও তোমার তেজঃ আহ্বান করুক।

৫। হে ইন্দ্র! বাক্য ও স্তুতিদ্বারা তোমার স্তব করা হইতেছে। তুমি মহান্, তুমি উগ্র, তুমি ঐশ্বর্য্যকারী, তুমি আগমন করতঃ সোমপান কর।

(১) "মূলে শর্য্যণাবতী" আছে। সায়ণ পূর্ব্বে "শর্য্যা" নদী বিশেষের নাম বলিয়া ব্যাখ্যা করিয়াছিলেন, কিন্তু এখানে শর্য্যণা শব্দে শরতৃণ করিয়াছেন। সুষোমা সিন্ধুনদীর একটী নাম। আর্জীকীয়া বিপাশা নদীর অর্থাৎ আধুনিক বেয়া নদীর একটী নাম। ১০।৭৫।৫ ঋকের টীকা দেখ।

৬। আমরা অভিষুত সোমবিশিষ্ট ও অন্নবিশিষ্ট হইয়া তোমাকে আমাদের কুশে উপবেশনার্থ আহ্বান করিতেছি।

৭। হে ইন্দ্র! যে হেতু তুমি অনেক যজমানের সাধারণ, অতএব আমরা তোমায় আহ্বান করিতেছি।

৮। হে ইন্দ্র! অধ্বর্য্যু প্রভৃতি সকলে সোমসম্বন্ধীয় মধু প্রস্তর দ্বারা অভিষব করিতেছে। তুমি প্রীত হইয়া উহা পান কর।

৯। হে ইন্দ্র! তুমি স্বামী, তুমি সমস্ত স্তোতাগণকে অতিক্রম করিয়া দর্শন কর; শীঘ্র আগমন কর, আমাদিগকে মহৎ অন্ন প্রদান কর।

১০। ইন্দ্র হিরণ্যবর্ণ গোসমূহের রাজা, তিনি আমাদের দাতা হউন। হে দেবগণ! মঘবা ইন্দ্র হিংসিত না হউন।

১১। আমি গোসহস্রের উপরি ধারিত, বৃহৎ, বিস্তীর্ণ, আহ্লাদকর, নির্ম্মল হিরণ্য স্বীকার করি।

১২। আমি অরক্ষিত ও দুঃখী, আমার লোক সকল অপরিমিত ধনে ধনবান্ হউক। দেবগণ প্রীত হইলে অন্ন লাভ করা যায়।

৬৬ সূক্ত।

ইন্দ্র দেবতা। প্রগাথের পুত্র কলি ঋষি।

১। তোমরা বাধাযুক্ত হইয়া বেগবান্ অশ্বের সাহায্যে যিনি ধন প্রদান করেন, সেই ইন্দ্রের উদ্দেশে বৃহৎ সাম গান করতঃ পরিচর্য্যা কর। লোকে যেমন হিতকারী কুটুম্বপোষক ব্যক্তিকে আহ্বান করে, আমি সেইরূপ অভিষুত সোমযুক্ত যজ্ঞে সেই ইন্দ্রকে আহ্বান করি।

২। দুর্দ্ধর্ষ শত্রুগণ সুন্দর হনুযুক্ত ইন্দ্রকে নিবারণ করিতে পারে না। স্থির দেবগণ তাঁহাকে নিবারণ করিতে পারে না, মনুষ্যগণও পারে না। তিনি সোমপানজনিত আনন্দলাভের উদ্দেশে প্রশংসাকারী, সোমাভিষবকারী স্তোতার উদ্দেশে দান করেন।

৩। যে শক্র পরিচর্য্যার যোগ্য, যিনি অশ্ববিদ্যাকুশল, যিনি অদ্ভুত, যিনি হিরণ্ময়। যে আশ্চর্য্যভূত বৃত্রহা ইন্দ্র বহুল গোসমূহকে অপাবৃত করতঃ চালিত করেন।

৪। যিনি ভূমিতে নিখাত সংগৃহীত বহুধন যজমানের উদ্দেশে উঠাইয়া দেন। সেই বজ্রযুক্ত উত্তম হনুযুক্ত হরিদ্বর্ণ অশ্ববিশিষ্ট ইন্দ্র যাহা ইচ্ছা করেন, কর্ম্মদ্বারা তাহাই সিদ্ধ করেন।

৫। হে বহুলোকের স্তুত শূর ইন্দ্র! পূর্ব্বকালের ন্যায় স্তোতাগণের নিকট যাহা কামনা করিয়াছ, তাহাই আমরা শীঘ্র তোমায় প্রদান করিয়াছি, তাহা যজ্ঞই হউক, উক্‌থই হউক, আর বাক্যই হউক, প্রদান করিয়াছি।

৬। হে পুরুহুত ও বজ্রবান্ ও স্বর্গযুক্ত সোমপায়ী! সোম অভিষুত হইলে মদযুক্ত হও। তুমিই স্তোত্রকারী সোমাভিষবকারীর উদ্দেশে সর্ব্বাপেক্ষা অধিক পরিমাণে কমনীয় ধনের দাতা হও।

৭। আমরা এক্ষণে এবং কল্য এই বজ্রযুক্ত ইন্দ্রকে আপ্যায়িত করিব। তাঁহারই উদ্দেশে এই যুদ্ধে অভিষুত সোম আহরণ কর। স্তোত্র শ্রুত হইলে তিনি যেন আগমন করেন।

৮। চোর যদিও সকলের নিবারণকারী এবং পথগামীদিগের বিনাশক, তথাপি সে ইন্দ্রের কার্য্যে ব্যাঘাত করিতে পারে না। হে ইন্দ্র! সেই তুমি প্রীত হইয়া আগমন কর। হে ইন্দ্র! বিচিত্র কর্ম্মবলে বিশেষরূপে আগমন কর।

৯। কোন্ পৌরুষকর কার্য্য ইন্দ্রের অনাচরিত আছে? উঁহার কোন্ প্রকার পৌরুষকার্য্য শ্রুতিগোচর না হয়? এই বৃত্রহা জন্মাবধি বিখ্যাত।

১০। ইন্দ্রের মহাবল কখন অধর্ষক হইয়াছিল? ইন্দ্রের হন্তব্য কবে অহিংসিত হইয়াছিল? হে ইন্দ্র! সমস্ত সুদখোর দিবসগণনাকারীদিগকে (১) এবং বণিকদিগকে তাড়নাদিদ্বারা অভিভব কর।

১১। হে বৃত্রহা, পুরুহুত, বজ্রবান্ ইন্দ্র! তোমারই উদ্দেশে আমরা অনেকে ভৃতির ন্যায় নূতন স্তোত্র প্রদান করি।

১২। হে বহুকর্ম্মবান্! বহুসংখ্যক আশা তোমাতেই অবস্থিত, রক্ষাও তোমাতেই অবস্থিত, স্তোতাগণ তোমাকে আহ্বান করে। অতএব হে ইন্দ্র! অরির সবন সকল অতিক্রম করিয়া আমাদের সবনে আগমন কর। হে মহাবল! আমাদের আহ্বান শ্রবণ কর।

১৩। হে ইন্দ্র! আমরা তোমারই, আমরা তোমার স্তোতা হইয়াছি। হে পুরুহুত মঘবন্! তোমা ভিন্ন আর কেহ সুখপ্রদ নাই।

(১) মূলে "বেকনাটান্ অহর্দৃশঃ" আছে।

১৪। হে ইন্দ্র! তুমি আমাদিগকে এই দারিদ্র্য, এই ক্ষুধা এবং এই নিন্দার হস্ত হইতে মোচিত কর। তুমি আমাদের উদ্দেশে রক্ষা এবং বিচিত্র কর্ম্ম দ্বারা অভিমত প্রদান কর। হে সর্ব্বাপেক্ষা বলবান্! তুমি উপায়জ্ঞ।

১৪। তোমাদেরই সোম অভিষুত হউক। হে কলিগণ (১)! ভীত হইও না। এই রাক্ষসাদি দূর হইয়া যাইতেছে। ইহারা আপনিই অপগত হইতেছে।

৬৭ সূক্ত।

আদিত্যগণ দেবতা। সমদ নামক মহামীণের পুত্র মৎস্য; মিত্র ও বরুণের পুত্র মান্য, অথবা অনেকগুলি মৎস্য জালবদ্ধ হইয়া এই স্তুতি করিয়াছিল, অতএব তাহারাই ঋষি (১)।

১। অভিমত ফল লাভার্থ, সুখপ্রদ, বলবান্ আদিত্যগণের নিকট রক্ষা যাচ্ঞা করিতেছি।

২। মিত্র, বরুণ, অর্য্যমা, আদিত্যগণ যেহেতু দুঃসহ বলিয়া জানেন, অতএব অংহতি পার করিয়া দিউন।

৩। আদিত্যগণের বিচিত্র স্তুতিযোগ্য ধন আছে, তাহা হব্যদায়ী যজমানের জন্য।

৪। হে বরুণাদি! তোমরা মহান্, হব্যদাতার প্রতি তোমাদের রক্ষা মহতী; অতএব তোমাদের রক্ষা প্রার্থনা করিতেছি।

৫। হে আদিত্যগণ! আমরা জীবিত; ইদানীং আমাদিগের অভিধাবন কর। হে আহ্বানশ্রবণকারিগণ! মৃত্যুর পূর্ব্বে আগমন করিও।

৬। শ্রান্ত অভিষবকারীকে দাতব্য তোমাদের যে বরণীয় ধন আছে, যে গৃহ আছে, তদ্দ্বারা প্রীত করিয়া আমাদিগের প্রতি মিষ্ট কথা কও।

৭। হে দেবগণ! পাপশীলের মহাপাপ আছে, অপাপ ব্যক্তির রমণীয় সুকৃত আছে। হে পাপশূন্য আদিত্যগণ! আমাদের অভিলষিত প্রদান কর।

(১) মূলে "কলয়ঃ" আছে।

(১) মৎস্যগণের কোনও উল্লেখ এ সূক্তে নাই, সুতরাং মৎস্য এই সূক্তের ঋষি বিবেচনা করিবার কোনও কারণ নাই। সূক্তে যে জালের উল্লেখ আছে, সে মাছধরা জাল নহে, সংসারের বিপদ্‌জাল, বা শত্রুতাজাল, বা পাপজাল. এইরূপ অর্থ করিলেই সুন্দর ব্যাখ্যা হয়।

৮। জাল যেন আমায় বন্ধন না করে, মহাকর্ম্মের জন্য আমাদিগকে জাল হইতে যেন ত্যাগ করে। ইন্দ্রই বিখ্যাত এবং সকলের বশকারী।

৯। হে দেবগণ! তোমরা আমাদিগকে পরিহার কর। আমাদিগকে রক্ষা করিতে ইচ্ছা করতঃ হিংসক রিপুদিগের জালদ্বারা আমাদিগকে বাধা দিও না।

১০। হে দেবী অদিতি! তুমি মহতী, আমি অভিমত লাভের জন্য তোমার স্তব করিতেছি।

১১। হে অদিতি! সকলদিক্ হইতে রক্ষা কর। ক্ষীণ, উগ্রপুত্রবিশিষ্ট জলে হিংসাকারীর জাল আমাদের তনয়কে যেন হিংসা না করে।

১২। হে বিস্তীর্ণগমনবিশিষ্টা ও গুরুতরা অদিতি! তুমি পুত্রের জীবনার্থ আমাদিগকে জীবিত রাখ।

১৩। সকলের শীর্ষস্থানীয়, মনুষ্যদিগের অহিংসাকারী, সুন্দর কীর্ত্তিযুক্ত ও দ্রোহরহিত হইয়া যাঁহারা আমাদিগের কর্ম্ম রক্ষা করেন।

১৪। হে আদিত্যগণ! সেই তোমরা হিংসাকারীদিগের মুখ হইতে ধৃত চোরের ন্যায় আমাদিগকে রক্ষা কর।

১৫। হে আদিত্যগণ! এই জাল আমাদের হিংসা করিতে অক্ষম হইয়া অপগত হউক। লোকের দুর্ব্বুদ্ধিও অপগত হউক।

১৬। হে সুন্দর দানশীল আদিত্যগণ! তোমাদের আশ্রয়ে আমরা পূর্ব্বের ন্যায় এক্ষণেও নানা ভোগ উপভোগ করিব।

১৭। হে প্রকৃষ্ট জ্ঞানযুক্ত দেবগণ! যে পাপকারী শত্রু বারংবার আমাদের প্রতি গমন করিতেছে, আমাদের জীবনার্থ তাহাদিগকে পৃথক্ কর।

১৮। হে আদিত্যগণ! তোমাদের অনুগ্রহে বন্ধন যেমন বদ্ধ পুরুষকে ত্যাগ করে, সেইরূপ যে জাল আমাদিগকে পরিত্যাগ করিতেছে, সেই জাল স্তুতিযোগ্য এবং ভজনাযোগ্য হউক।

১৯। হে আদিত্যগণ! তোমাদের ন্যায় বেগ আমাদের নাই। এই বেগ আমাদিগকে মুক্ত করিতে সমর্থ। তোমরা আমাদিগকে সুখী কর।

২০। হে আদিত্যগণ! বিবস্বানের আয়ুধ সদৃশ এই কৃত্রিম জাল পূর্ব্বকালে এবং এই কালে জীর্ণ ব্যক্তিকে বধ করে না।

২১। হে আদিত্যগণ! দ্বেষকারিগণকে উন্মূলিত কর। পাতকগণকে বিনাশ কর। জালকে বিনাশ কর। সর্ব্বব্যাপী পাপকে বিনাশ কর।

৬৮ সূক্ত।

শেষ ছয়টী ঋকের ঋক্ষ, ও অশ্বমেধের দানস্তুতি দেবতা; অপরগুলির ইন্দ্র দেবতা।
অঙ্গিরাগোত্রোৎপন্ন প্রিয়মেধ ঋষি।

১। হে বলবান্ এবং সৎপতি ইন্দ্র! তুমি বহুকর্ম্মা এবং হিংসকগণের অভিভবকারী আমরা রক্ষা এবং সুখের জন্য তোমাকে রথের ন্যায় আবর্ত্তিত করিতেছি।

২। হে প্রভূত বলশালী, অত্যন্ত প্রাজ্ঞ, বহুকর্ম্মা এবং পূজনীয় ইন্দ্র! তুমি বিশ্বব্যাপ্ত মহত্ত্বের দ্বারা জগৎ আপূরিত করিয়াছ।

৩। তুমি মহান্, তোমার মহত্ত্বদ্বারা পৃথিবীতে ব্যাপ্ত হিরণ্ময় বজ্র হস্তদ্বয়ে গ্রহণ করে।

৪। আমি সমস্ত শত্রুগণের প্রতিগমনকারী ও দুর্দ্দমনীয় বলের পতি ইন্দ্রকে তোমাদিগের সহিত এবং রথের আগমনার্থ আহ্বান করি (১)।

৫। নেতাগণ রক্ষার্থে যাঁহাকে নানা প্রকারে যুদ্ধে আহ্বান করেন, সেই সর্ব্বদা বর্দ্ধমান ইন্দ্রকে সাহায্যার্থে আগমনের জন্য আহ্বান করি।

৬। অপরিমিত শরীরবিশিষ্ট ও স্তুতিদ্বারা পরিচ্ছন্ন ও সুন্দর ধনবিশিষ্ট এবং ধনসমূহের স্বামী উগ্র ইন্দ্রকে আহ্বান করি।

৭। যিনি নেতা এবং মনুষ্যগণের যজ্ঞমুখস্থিত আনুপূর্ব্বিক স্তুতি শ্রবণ করিতে সক্ষম, সেই ইন্দ্রকেই আমি মহৎ ধন লাভ কবিবার জন্য সোমপানে আহ্বান করি।

৮। হে বলবান্! মনুষ্য তোমার সখ্য ব্যাপ্ত করিতে পারে না, তোমার বল ব্যাপ্ত করিতে পারে না।

৯। হে বজ্রবান্! আমরা যেন তোমাকর্ত্তৃক রক্ষিত হইয়া এবং তোমার সাহায্যে জলে স্নান করিবার জন্য এবং সূর্য্য দর্শন করিবার জন্য সংগ্রামে মহৎ ধন জয় করি।

১০। হে স্তুতির দ্বারা অত্যন্ত স্তুতিযোগ্য ইন্দ্র! আমি প্রাজ্ঞ, যাহাতে তুমি আমাদিগকে সংগ্রামে রক্ষা কর, আমরা তোমাকে সেইরূপে যজ্ঞের দ্বারা যাচ্ঞা করি, তোমাকে স্তুতি দ্বারা যাচ্ঞা করি।

১১। হে বজ্রবান্! তোমার সখ্য স্বাদু, তোমার প্রণয়ন স্বাদু, এবং তোমার যজ্ঞ বিস্তারযোগ্য।

(১) মরুৎগণকে, অথবা যজমানগণকে সম্বোধন করিয়া ঋষি বলিতেছেন।

১২। আমাদের পুত্রের জন্য প্রভূত দান কর, আমাদের পৌত্রের জন্য প্রভূত দান কর এবং আমাদের নিবাসের জন্য প্রভূত দান কর। আমাদের জীবনের জন্য অভিলষিত প্রদান কর।

১৩। মনুষ্যগণের জন্য হিত প্রার্থনা করি, গাভীর জন্য হিত প্রার্থনা করি, রথের জন্য সুন্দর পথ প্রার্থনা করি, যজ্ঞ প্রার্থনা করি।

১৪। ছয় জন নেতা সোমজন্য, হর্ষহেতু, উপভোগার্হ ধনযুক্ত হইয়া দুইজন দুইজন করিয়া আমার নিকট আগমন করে।

১৫। ইন্দ্রোতের নিকট হইতে ঋজুগামী অশ্বদ্বয় গ্রহণ করিয়াছি, ঋক্ষের পুত্রের নিকট হইতে হরিদ্বর্ণ অশ্বদ্বয় গ্রহণ করিয়াছি এবং অশ্বমেধের পুত্রের নিকট হইতে রোহিতবর্ণ অশ্বদ্বয় গ্রহণ করিয়াছি (২)।

১৬। অতিথিগ্বের পুত্রের নিকট হইতে সুরথবিশিষ্ট অশ্বসমূহ গ্রহণ করিয়াছি; ঋক্ষের পুত্রের নিকট হইতে সুন্দর রশ্মিবিশিষ্ট অশ্বসমূহ গ্রহণ করিয়াছি এবং অশ্বমেধের পুত্রের নিকট হইতে সুরূপ অশ্বসমূহ গ্রহণ করিয়াছি।

১৭। অতিথিগ্বের পুত্র শুদ্ধকর্ম্মা ইন্দ্রোতের নিকট হইতে বধূযুক্ত ছয়টী অশ্ব গ্রহণ করিয়াছি।

১৮। দীপ্তিমতী এবং সুন্দর বড়বা এই ঋজুগামী সেচনসমর্থ অশ্বগণের মধ্যে আছে।

১৯। হে অন্নপ্রদগণ! নিন্দক মনুষ্যও যেন তোমাদিগের প্রতি নিন্দা আরোপ না করে।

৬৯ সূক্ত।

একাদশ ঋকের প্রথমার্দ্ধের বিশ্বদেবগণ দেবতা; শেষার্দ্ধের বরুণ দেবতা; অবশিষ্ট ঋকগুলির বরুণ দেবতা। প্রিয়মেধ ঋষি।

১। যিনি বীরগণের হর্ষ উৎপন্ন করেন, সেই ইন্দ্রের উদ্দেশে তোমরা তিনটী স্তোভবিশিষ্ট অন্ন সংগ্রহ কর। তিনি যজ্ঞভোগার্থ বহুপ্রজ্ঞাবিশিষ্ট, কর্ম্মদ্বারা তোমাদিগের সংকার করিতেছেন।

(২) ঋক্ষের পুত্রের ও অশ্বমেধের পুত্রের যজ্ঞে ইন্দ্রোত তাঁহার পিতা অতিথিগ্বের সহিত আগমন করিয়া ঋষিকে অশ্বদ্বয় প্রদান করিয়াছিলেন। সায়ণ।

২। উষাগণের উৎপাদক, নদীগণের শব্দ উৎপাদক, গোসমূহের পতি ইন্দ্রকে আহ্বান কর, যেহেতুক তিনি ক্ষীরপ্রদ গাভী হইতে উৎপন্ন অন্ন ইচ্ছা করিতেছেন।

৩। দেবগণের জন্মস্থানে, আদিত্যের দীপ্তিযুক্ত প্রদেশে যাহারা প্রবেশ লাভ করিতে পারে, যাহাদের দুগ্ধে কূপ পূর্ণ হয়, সেই গাভী সকল সবনত্রয়ে ইন্দ্রের সোম মিশ্রিত করিতেছে।

৪। ইন্দ্র গোসমূহের স্বামী, যজ্ঞের পুত্র, সাধুলোকের পালক, তিনি যাহাতে জানিতে পারেন, সেইরূপে স্তুতিবাক্য দ্বারা তাঁহার অর্চ্চনা কর।

৫। হরি নামক অশ্বগণ দীপ্তিযুক্ত হইয়া কুশোপরি ইন্দ্রকে ত্যাগ করিয়াছেন, আমরা কুশস্থিত ইন্দ্রকে স্তুতি করিব।

৬। ইন্দ্র যখন চারিদিক হইতে সমীপস্থিত মধুলাভ করেন, তখন গোসমূহ সেই বজ্রযুক্ত ইন্দ্রের উদ্দেশে সোমের সহিত মিশ্রিত করিবার উপযুক্ত মধু দোহন করেন।

৭। যখন ইন্দ্র ও আমি সূর্য্যের গৃহে গমন করি, তখন আদিত্যের একবিংশতি স্থানে (১) মধুপান করিয়া উভয়ে মিলিত হই।

৮। হে প্রিয়মেধগণ! তোমরা ইন্দ্রকে অর্চ্চনা কর। বিশেষরূপে অর্চ্চনা কর, পুত্রগণ পুরবিদারীকে যেরূপ অর্চ্চনা করে, সেইরূপ ইন্দ্রের অর্চ্চনা করুক।

৯। গর্ গর্ ধ্বনিযুক্ত বাদ্য ভয়ঙ্কর শব্দ করিতেছে, গোধা (২) চতুর্দ্দিকে শব্দ করিতেছে। পিঙ্গলবর্ণ জ্যা শব্দ করিতেছে, অতএব ইন্দ্রের উদ্দেশে উৎকৃষ্ট স্তুতি কর।

১০। যখন শুভ্রবর্ণ, সুন্দর দোহনবিশিষ্ট নদীসকল অত্যন্ত প্রবৃদ্ধ হয়, তখন ইন্দ্রের পানার্থ অত্যন্ত প্রবৃদ্ধ সোম গ্রহণ কর।

১১। ইন্দ্র পান করিলেন, অগ্নি পান করিলেন, বিশ্বদেবগণ তৃপ্ত হইলেন, বরুণ এই গৃহে বাস করুন, বৎসের সহিত মিলিত গোসকল যেরূপ বৎসের জন্য শব্দ করে, সেইরূপ উদকসমূহ বরুণের স্তুতি করিতেছে।

(১) একবিংশতি স্থান যথা—দ্বাদশমাস, পাঁচঋতু, তিনলোক, আর আদিত্য। সায়ণ। এ অর্থ সঙ্গত বোধ হয় না।

(২) হস্তঘ্ন। সায়ণ।

১২। হে বরুণ! তুমি সুদেব, রশ্মিসমূহ যেরূপ সূর্য্যাভিমুখে ধাবিত হয়, সেইরূপ তোমার তালুতে সপ্তনদী অনুক্ষণ প্রবাহিত হইতেছে।

১৩। যে ইন্দ্র বিবিধ গমনবিশিষ্ট রথে সম্বদ্ধ অশ্বগণকে হব্যদাতার নিকটে গমনার্থ ছাড়িয়া দেন।। যে ইন্দ্র উপমাস্থল, যাঁহাকে সকলে পথ ছাড়িয়া দেন, সেই ইন্দ্র সকলের নেতা হন।

১৪। শত্রুসংগ্রামে শত্রুদিগকে অতিক্রম করিয়া চলিয়া গেলেন, সমস্ত দ্বেষকারিগণকে অতিক্রম করিয়া গমন করেন। কমনীয় উৎকৃষ্ট ইন্দ্র বাক্যদ্বারা তাড়না করতঃ মেঘ ভেদ করেন।

১৫। এই ইন্দ্র, ক্ষুদ্রশরীর কুমারের ন্যায় নূতন রথে অধিষ্ঠান করিতেছেন। ইন্দ্র পিতামাতার জন্য প্রকাণ্ড মৃগস্বরূপ, বহুকর্ম্মা মেঘকে পরিপক্ক করিতেছেন।

১৬। হে সুন্দর হনুবিশিষ্ট রথস্বামী! তুমি স্বচ্ছন্দগমনকারী, দীপ্ত, সহস্রপাদবিশিষ্ট, উজ্জ্বল হিরণ্ময় রথে আরোহণ কর, পরে আমরা দুজনে মিলিত হইব।

১৭। অন্নবান্‌গণ আপনিই দীপ্ত ইন্দ্রকেই এই প্রকারে সেবা করিতেছে। পরে যখন গমনার্থ এবং হব্যদানার্থ ইন্দ্রকে আবর্ত্তিত করে, তখন সুস্থাপিত ধন প্রাপ্ত হয়।

১৮। প্রিয় মেধাগণ! ইহাদিগের পুরাতন স্থান প্রাপ্ত হইয়াছেন, তাঁহারা পূর্ব্বপ্রদানের নিমিত্ত কুশ বিস্তীর্ণ করিয়াছেন এবং হব্য স্থাপন করিয়াছেন।

৭০ সূক্ত।

ইন্দ্র দেবতা। পুরুহন্মা ঋষি।

১। যিনি মনুষ্যগণের রাজা, যিনি রথে গমন করেন, যাঁহার গমনে কেহ বাধা দিতে পারে না, সমস্ত সৈন্যের উদ্ধারকর্ত্তা, সেই জ্যেষ্ঠ বৃত্রহা ইন্দ্রকে স্তব করি।

২। হে পুরুহন্মা! রক্ষার্থ ইন্দ্রকে অলঙ্কৃত কর। তোমার পালক ইন্দ্রের দুইপ্রকার স্বভাব। তিনি হস্তে দর্শনীয় বজ্র ধারণ করেন, ঐ বজ্র আকাশে দৃশ্যমান সূর্য্যের ন্যায়।

৩। সর্ব্বদা বৃদ্ধিশীল, সকলের স্তুত্য, মহান্ ও অন্যের অভিভবকর ইন্দ্রকে

যিনি যজ্ঞের দ্বারা অনুকূল করেন, তিনি ভিন্ন অন্য ব্যক্তি কর্ম্মের দ্বারা ইন্দ্রকে ব্যাপ্ত করিতে পারে না।

৪। অন্যের অসহ্য, উগ্র ও শত্রুসেনার অভিভবকর ইন্দ্রকে স্তব করি। ইন্দ্র জন্মগ্রহণ করিলে মহতী ও বহুবেগবিশিষ্টা ধেনু-সকল স্তুতি করিয়াছিল, দ্যুলোক সকল এবং পৃথিবী সকলও স্তুতি করিয়াছিল।

৫। হে ইন্দ্র! দ্যুলোক তোমার পরিমাণ করিতে পারে না, পৃথিবী শত শত হইলেও তোমার পরিমাণ করিতে পারে না, সহস্র সূর্য্যও প্রকাশ করিতে পারে না, যাহা কিছু জন্মিয়াছে, তাহা এবং দ্যাবাপৃথিবী তোমার পরিমাণ করিতে পারে না।

৬। হে অভিলাষপ্রদ, অত্যন্ত বলবান্, ধনবান্, বজ্রবান্ ইন্দ্র! তুমি মহৎ বলের দ্বারা বল ব্যাপ্ত করিয়াছ। আমাদের গোসমূহের নিমিত্ত আমাদিগকে বিচিত্র রক্ষাকার্য্য দ্বারা রক্ষা কর।

৭। হে দীর্ঘায়ু ইন্দ্র! যে ব্যক্তি শ্বেতবর্ণ অশ্বদ্বয়কে রথে যোজিত করে, ইন্দ্র তাহারই জন্য হরিদ্বয় যোজিত করেন। যে ব্যক্তি দেবরহিত, সে সমস্ত অন্ন পায় না।

৮। তোমরা পূজনীয়, মহনীয় এবং দানার্থ মিলিত ইন্দ্রের পরিচর্য্যা কর। জললাভার্থ ইন্দ্রকে আহ্বান করা উচিত; নিম্নস্থল লাভার্থ ইন্দ্রকে আহ্বান করা উচিত; সংগ্রামে আহ্বান করা উচিত।

৯। হে বাসপ্রদ, শূর ইন্দ্র! তুমি আমাদিগকে মহৎ ধন লাভের জন্য উত্থাপিত কর। হে শূর! হে মঘবা! হে ইন্দ্র! মহৎ ধন দানের জন্য এবং মহতী কীর্ত্তি দানের জন্য উদ্যোগবিশিষ্ট হও।

১০। হে ইন্দ্র! তুমি যজ্ঞাভিলাষী, যে তোমাকে নিন্দা করে, তাহার ধন অপহরণ করিয়া তুমি অত্যন্ত প্রীতি প্রাপ্ত হও। হে তর্পণীয়, প্রভূত ধনবিশিষ্ট ইন্দ্র! তুমি উরুদ্বয়ের মধ্যে আমাদিগকে আচ্ছাদিত কর; এবং অস্ত্র দ্বারা দাসকে মারিয়া ফেল (১)।

১১। হে ইন্দ্র! তোমার সখা পর্ব্বত অন্যরূপ ব্রতধারী, অমানুষ, যজ্ঞরহিত, দেবদ্বেষী ব্যক্তিকে স্বর্গ হইতে নিম্নে নিক্ষেপ করেন; তিনি দস্যুকে মৃত্যুর হস্তে প্রেরণ করেন।

(১) ১০ ও ১১ সূক্তে অনার্য্য শত্রুদিগের উল্লেখ।

১২। হে বলবান্ ইন্দ্র! তুমি আমাদের জন্য এই ভাজা যবের ন্যায় গোসমূহকে হস্তে গ্রহণ কর; তুমি আমাদিগকে অভিলাষ করিতেছ, আরও অভিলাষ করিয়া আরও গ্রহণ কর।

১৩। হে সখাগণ! কর্ম্ম করিতে ইচ্ছা কর। সেই হিংসাকারী ইন্দ্রকে কেমন করিয়া স্তুতি করিব? তিনি শত্রুগণের ভক্ষক এবং স্বামী, তিনি কখনও অবনত হন না।

১৪। হে সকলের পূজনীয় ইন্দ্র! বহুসংখ্যক ঋষি এবং হব্যদায়িগণ তোমার স্তব করে। হে হিংসক ইন্দ্র! তুমি এক এক করিয়া বহুতর প্রকারে স্তোতাগণকে বহুবৎস দান কর।

১৫। এই মঘবা তিন জন হিংসকের নিকট হইতে যুদ্ধে বিজিত, গো ও বৎস কর্ণে ধারণ করতঃ আমাদের নিকট আনয়ন করুন। স্বামী এইরূপে হননার্থ অজাকে আনয়ন করে।

৭১ সূক্ত।

অগ্নি দেবতা। সুদিতি এবং পুরুমীঢ় ঋষি।

১। হে অগ্নি! তুমি আমাদিগকে বহুসংখ্যক অদাতাগণ হইতে লব্ধ মহাধনের দ্বারা পালন কর; শত্রুলোকের হস্ত হইতেও রক্ষা কর।

২। হে প্রিয়জাত অগ্নি! পুরুষস্বভাবসুলভ ক্রোধ তোমাকে বাধা দিতে পারে না এবং তুমিই রাত্রিমান্।

৩। হে বলের পুত্র প্রশংসনীয় তেজোযুক্ত অগ্নি! তুমি সমস্ত দেবগণের সহিত অবস্থিত হইয়া আমাদিগকে সকলের বরণীয় ধন প্রদান কর।

৪। হে অগ্নি! যে আদাতা ধনবান্গণ হব্যদায়ীকে তুমি পালন কর, সেই ব্যক্তিকে পৃথক করিয়া দেও।

৫। হে মেধাবী অগ্নি! তুমি যে ব্যক্তিকে ধন লাভের উদ্দেশে যজ্ঞে প্রবর্ত্তিত কর, সে তোমার রক্ষার দ্বারা গোবিশিষ্ট হয়।

৬। হে অগ্নি। তুমি হব্যদায়ী মর্ত্তের জন্য বহুবীরবিশিষ্ট ধন প্রদান কর, বাসযোগ্য ধনের অভিমুখে আমাদিগকে প্রেরণ কর।

৭। হে জাতবেদা! আমাদিগকে রক্ষা কর, অনিষ্টাভিলাষী হিংসা বুদ্ধি মর্ত্ত্যের হস্তে আমাদিগকে সমর্পণ করিও না।

৮। হে অগ্নি! তুমি দ্যোতমান, কোন দেবরহিত ব্যক্তি তোমার ধন দান যেন রহিত করিতে না পারে।

৯। হে বলের পুত্র সখা, বাসপ্রদ অগ্নি! আমরা স্তোতা, তুমি আমাদিগকে মহাধন প্রদান কর।

১০। আমাদের স্তুতি সকল দাহকর শিখাবিশিষ্ট, দর্শনীয় অগ্নির অভিমুখে গমন করুক। যজ্ঞ সকল রক্ষার নিমিত্ত হব্যবিশিষ্ট হইয়া প্রভূত ধনবিশিষ্ট, অনেকের স্তুত অগ্নির অভিমুখে গমন করুক।

১১। স্তুতি সকল বলের পুত্র, জাতবেদা বরণীয় অগ্নির অভিমুখে গমন করুক। অগ্নি অমর মনুষ্য মধ্যেও থাকেন, তিনি দুই প্রকার। মনুষ্যগণের মধ্যে তিনি হোমসম্পাদক এবং মন্ত্রকারী।

১২। দেবগণের যাগের জন্য তোমাদের অগ্নিকে স্তব করিতেছি, যজ্ঞে প্রবৃত্ত হইলে অগ্নিকে স্তব করিতেছি, কর্ম্মকালে প্রথমে অগ্নিকে স্তব করিতেছি, শত্রু উপস্থিত হইলে অগ্নিকে স্তব করিতেছি, ক্ষেত্রের ফল লাভার্থ অগ্নিকে স্তব করিতেছি।

১৩। অগ্নি বরণীয় ধনের ঈশ্বর, আমরা তাঁহার সখা, তিনি আমাদিগকে অন্নদান করুন। পুত্রের জন্য, পৌত্রের জন্য সেই বাসপ্রদ অঙ্গপালক অগ্নির নিকট বহুধন যাচ্ঞা করি।

১৪। হে পুরুমীঢ়! তুমি রক্ষার জন্য অগ্নিকে গাথাদ্বারা স্তব কর, তাঁহার শিখা দাহ কর, ধনার্থ তাঁহাকে স্তুতি কর, অন্য লোকেও তাঁহাকে স্তুতি করে, সুদিতির জন্য গৃহ যাচ্ঞা কর।

১৫। শত্রুগণকে পৃথক্ করিবার জন্য অগ্নিকে স্তব করি, সুখ এবং অভয় দানের জন্য অগ্নিকে স্তব করি; অগ্নি সমস্ত প্রজাগণের মধ্যে রাজার ন্যায় ঋষিগণের বাসপ্রদ এবং আহ্বানযোগ্য হউন।

৭২ সূক্ত।

অগ্নি দেবতা। প্রগাথের পুত্র হর্য্যত ঋষি।

১। তোমরা শীঘ্র হব্য প্রস্তুত কর, অগ্নি আসিয়াছেন, অধ্বর্য্যু পুনরায় যজ্ঞ ভজনা করিতেছেন, উনি হবি প্রদান করিতে জানেন।

২। অগ্নির সহিত যজমানের সখ্য, সংস্থাপনকর্ত্তা, হোতা, তীক্ষ্ণ অংশ-বিশিষ্ট অগ্নির নিকটে উপবেশন করিতেছেন।

৩। যজমানের অভিলষিত সিদ্ধির জন্য তাঁহারা আপনাদের প্রজ্ঞা বলে সেই রুদ্র অগ্নিকে সম্মুখে স্থাপন করিতে ইচ্ছা করিতেছেন। জিহ্বা জাত স্তুতি দ্বারা নিন্দিত অগ্নিকে গ্রহণ করিতেছেন।

৪। যে অন্তরিক্ষ সমস্ত বৃহৎ বস্তুকে অতিক্রম করে। অন্নদাতা অগ্নি সেই অন্তরিক্ষকে অতিশয় তাপ প্রদান করিতেছেন। তিনি শিখাদ্বারা মেঘকে বধ করিতেছেন এবং জলের উপর আরোহণ করিয়াছেন।

৫। বৎসরের ন্যায় চঞ্চল এবং শ্বেতবর্ণ অগ্নি এই জগতে নিরোধকারী ব্যক্তির নিকট গমন করেন, স্তোতাকে কামনা করেন।

৬। এই অগ্নির মাহাত্ম্যযুক্ত, অশ্ববিশিষ্ট যে প্রকাণ্ডযুগ ও রথের রজ্জু আছে।

৭। সপ্ত ঋত্বিক্ শব্দযুক্তসিন্ধুনদীর ঘাটে জল দোহন করিতেছেন। দুই জন ঋত্বিক্ অপর পাঁচ জনকে প্রবর্ত্তিত করিতেছে।

৮। পরিচর্য্যাকারী দশ অঙ্গুল দ্বারা যাচিত হইয়া ইন্দ্র আকাশে মেঘ হইতে তিন প্রকার রশ্মিদ্বারা জলবর্ষণ করিয়াছিলেন।

৯। তিনবর্ণবিশিষ্ট, বেগবান্ অগ্নি নূতন শিখার সহিত যজ্ঞে গমন করিতেছেন। হোমনিষ্পাদক অধ্বর্য্যুগণ মধুদ্বারা উহার পূজা করিতেছেন।

১০। উপরিভাগে চক্রবিশিষ্ট, পরিণতদীপ্তি, নিম্নমুখদ্বারযুক্ত, অক্ষীণ, রক্ষাকারী অগ্নির উপরে অবনত হইয়া উহাকে সিক্ত করিতেছেন।

১১। আদরযুক্ত অধ্বর্য্যুগণ সমীপবর্ত্তী হইয়াই রক্ষাকারী অগ্নির বিসর্জ্জন সময়ে প্রকাণ্ডপাত্রে মধু সেক করিতেছেন।

১২। মন্ত্রের দ্বারা দোহনীয় প্রচুর দুগ্ধের প্রয়োজন হইলে, হে গো সকল! তোমরা রক্ষাকারী অগ্নির নিকটে গমন কর। অগ্নির উভয় কর্ম্ম হিরণ্ময়।

১৩। হে অধ্বর্য্যুগণ! দুগ্ধ দোহন করা হইলে দ্যাবাপৃথিবীতে আশ্রিত এবং অভিশ্রয়যোগ্য দুগ্ধ সেক কর। অনন্তর অজাদুগ্ধে অগ্নিকে স্থাপন কর।

১৪। তাহারা আপনাদিগের নিবাসস্বরূপ অগ্নিকে জানিয়াছে, বৎস যেমন জননীর সহিত মিলিত হয়, সেইরূপ গো সকল আপন বন্ধুজনের সহিত মিলিত হইতেছে।

১৫। শিখাদ্বারা ভক্ষণকারী অগ্নির অন্ন ইন্দ্র ও অগ্নিকে পোষণ করে, অন্তরিক্ষে উপকার করে, ইন্দ্র ও অগ্নিতে সমস্ত অন্ন প্রদান কর।

১৬। গমনশীল বায়ু চঞ্চল পাদযুক্ত, মাধ্যমিকী বাক্ হইতে সূর্য্যের সপ্ত-রশ্মিদ্বারা বর্দ্ধিত অন্ন ও রস গ্রহণ করিতেছেন।

১৭। হে মিত্র ও বরুণ! সূর্য্য উদিত হইলে তিনি সোম স্বীকার করেন, উহা আতুরের ঔষধ। এই হর্য্যত ঋষির যে স্থান হব্য স্থাপন করিবার উপযুক্ত, তথা হইতে অগ্নি শিখাদ্বারা দ্যুলোক ব্যাপ্ত করেন।

৭৩ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। সপ্তবধ্রি ঋষি।

১। হে অশ্বিদ্বয়! আমি যজ্ঞাভিলাষী, আমার জন্য উদিত হও, রথ যোজিত কর। তোমাদের রক্ষা আমাদের সমীপবর্ত্তী হউক।

২। হে অশ্বিদ্বয়! অতিশয় বেগবান্ রথে নিমেষ মধ্যে আগমন কর। তোমাদের রক্ষক আমাদের সমীপবর্ত্তী হউক।

৩। হে অশ্বিদ্বয়! অত্রির জন্য হিমজলের দ্বারা ঘর্ম্ম নিবারণ কর। তোমাদের রক্ষা আমাদের সমীপবর্ত্তী হউক।

৪। তোমরা কোথায় আছ? কোথায় যাইতেছ? শ্যেনপক্ষীর মত কোথায় পতিত হইতেছ? তোমাদের রক্ষা আমাদের সমীপবর্ত্তী হউক।

৫। কোন কালে, কোন স্থানে, অদ্য আমাদের এই আহ্বান শ্রবণ করিবে, তাহা জানি না। তোমাদের রক্ষা আমাদের সমীপবর্ত্তী হউক।

৬। যথাকালে অতিশয় আহ্বানযোগ্য অশ্বিদ্বয়ের নিকট গমন করি, নিকটবর্ত্তী বান্ধবের নিকট গমন করি। তোমাদের রক্ষা আমাদের সমীপবর্ত্তী হউক।

৭। হে অশ্বিদ্বয়! তোমরা অত্রির জন্য রক্ষাকারী গৃহ নির্ম্মাণ করিয়াছিলেন তোমাদের রক্ষা আমাদের সমীপবর্ত্তী হউক।

৮। হে অশ্বিদ্বয়! মনোহর স্তুতিকারী অত্রির জন্য অগ্নিকে তাপ হইতে পৃথক্ কর। তোমাদের রক্ষা আমাদের সমীপবর্ত্তী হউক।

৯। সপ্তবধ্রি তোমাদের স্তুতিদ্বারা অগ্নির ধারাকে শয়ন করাইয়াছিলেন (১)। তোমাদের রক্ষা আমাদের সমীপবর্ত্তী হউক।

১০। হে বৃষ্টিপ্রদ, ধনবিশিষ্ট অশ্বিদ্বয়! এই স্থানে আগমন কর, আমার আহ্বান শ্রবণ কর। তোমাদের রক্ষা আমাদের সমীপবর্ত্তী হউক।

১১। হে অশ্বিদ্বয়! জীর্ণ বৃদ্ধের ন্যায় তোমাদিগকে পুনঃ পুনঃ আইস আইস বলিতে হয় কেন? তোমাদের রক্ষা আমাদের সমীপবর্ত্তী হউক।

১২। হে অশ্বিদ্বয়! তোমাদের উভয়ের উৎপত্তি স্থান একই, তোমাদের বন্ধুও এক। তোমাদের রক্ষা আমাদের সমীপবর্ত্তী হউক।

১৩। হে অশ্বিদ্বয়! তোমাদের যে রথ আছে, সে দ্যাবাপৃথিবী এবং লোকসমূহে গমন করে। তোমাদের রক্ষা আমাদের সমীপবর্ত্তী হউক।

১৪। হে অশ্বিদ্বয়! সহস্র গোসমূহ এবং সহস্র অশ্বসমূহের সহিত আমাদের নিকট আগমন কর। তোমাদের রক্ষা আমাদের সমীপবর্ত্তী হউক।

১৫। হে অশ্বিদ্বয়! সহস্রসংখ্যক গোসমূহ ও অশ্বসমূহের সাহায্যে আমাদের নিবারণ করিও না। তোমাদের রক্ষা আমাদের সমীপবর্ত্তী হউক।

১৬। হে অশ্বিদ্বয়! উষা শুভ্রবর্ণা, তিনি যজ্ঞবতী, তিনি জ্যোতিঃ নির্ম্মাণ করেন। তোমাদের রক্ষা আমাদের সমীপবর্ত্তী হউক।

১৭। কুঠারবিশিষ্ট ব্যক্তি যেরূপ বৃক্ষ ছেদন করে, অত্যন্ত দীপ্তিমান্ সূর্য্য সেইরূপ তমঃ নিবারণ করেন, অতএব অশ্বিদ্বয়কে আহ্বান করি। তোমাদের রক্ষা আমাদের সমীপবর্ত্তী হউক।

১৮। হে পরাভবকারী সপ্তবধ্রি! তুমি কৃষ্ণপেটক মধ্যে আবৃত হইয়াছিলে, পরে তাহাকে নগরের ন্যায় দগ্ধ করিয়াছিলে। তোমাদের রক্ষা আমাদের সমীপবর্ত্তী হউক।

(১) সপ্তবধ্রি পেটক মধ্যে প্রবেশ করিয়াছিলেন এবং পরে অশ্বিদ্বয়ের অনুগ্রহে নির্গত হইয়াছিলেন। ৫।৭৮।৫ ঋক দেখ।

৭৪ সূক্ত।

শেষ তিনটী ঋকের শুতর্ব্বা নামক রাজার দানস্তুতি দেবতা ; অপরগুলির অগ্নি দেবতা। গোপবন ঋষি।

১। তোমরা অন্নাভিলাষী, সমস্ত প্রজাগণের অতিথি ও অনেকের প্রিয় অগ্নির স্তুতি সম্পাদন কর, আমি তোমাদের সুখের জন্য স্তোত্রের দ্বারা গূঢ়বাক্য উচ্চারণ করি।

২। যাঁহার উদ্দেশে ঘৃত হোম করা হয় এবং লোকে যাঁহার উদ্দেশে হব্য দান করতঃ স্তুতিদ্বারা প্রশংসা করে।

৩। যিনি স্তোতার প্রশংসা করেন, যিনি জাতবেদা এবং যিনি যজ্ঞে প্রদত্ত হব্যসমূহ দ্যুলোকে প্রেরণ করেন।

৪। যাঁহার শিখাসমূহে ঋক্ষপুত্র মহান্ শুতর্ব্বা বর্দ্ধিত হইয়াছেন, সেই বৃত্রহন্তা জ্যেষ্ঠ এবং মনুষ্যগণের হিতকর অগ্নির নিকট আমি উপস্থিত হইয়াছি।

৫। তিনি মরণরহিত, জাতবেদা ও স্তুতিযোগ্য, তিনি তমঃ দূর করেন. তাঁহার উদ্দেশে ঘৃত হোম করা হয়।

৬। বাধাবিশিষ্ট এই সকল লোকে যজ্ঞ করতঃ ও স্রুক্ সংযত করতঃ হব্যের দ্বারা তাহার স্তুতি করে।

৭। হে হৃষ্ট, সুজাত, সুক্রতু, অমূঢ় এবং দর্শনীয় অগ্নি! আমরা তোমার এই নূতন স্তুতি করিলাম।

৮। হে অগ্নি! উহা অত্যন্ত সুখকর, প্রভূত অন্নবিশিষ্ট ও তোমার প্রিয় হউক। তুমি উহা দ্বারা উত্তমরূপে স্তুত হইয়া বৃদ্ধি প্রাপ্ত হও।

৯। উহা প্রচুর অন্নবিশিষ্ট, উহা সংগ্রামে অন্নের উপরে প্রভূত অন্ন ধারণ করুক।

১০। যিনি বলপূর্ব্বক শত্রুর অন্ন ও প্রসংশনীয় ধন হিংসা করেন, সেই দীপ্ত এবং রথপূরক অগ্নিকে মনুষ্যগণ গমনশীল অশ্বের ন্যায় ও সৎপতি ইন্দ্রের ন্যায় পরিচর্য্যা করুন।

১১। হে অগ্নি! গোপবন স্তুতি করাতে, তুমি অন্ন প্রদান করিয়াছ ; তুমি সর্ব্বত্র গমনশীল ও পারক, তুমি তাহার অহ্বান শ্রবণ কর।

১২। লোক বাধাযুক্ত হইয়াও অন্ন লাভের জন্য তোমার স্তুতি করে, তুমি সংগ্রামে প্রবুদ্ধ হও।

১৩। আমি আহূত হইয়া শত্রুগণের গর্ব্ব খর্ব্বকারী, ঋক্ষপুত্র শুতর্ব্বা রাজার প্রদত্ত লোমযুক্ত অশ্ব চতুষ্টয়ের উন্নত লোমবিশিষ্ট মস্তক হস্তদ্বারা মার্জ্জনা করিব।

১৪। অত্যন্ত অন্নবিশিষ্ট শুতর্ব্বা রাজার চারিটী অশ্ব দ্রুতগামী ও উত্তম রথযুক্ত হইয়া পক্ষী সকল যেরূপ তুগ্রকে বহন করিয়াছিল, সেইরূপ অন্নবহন করিতেছে।

১৫। হে মহানদী পরুষ্ণী(১)! তোমাকে সত্যই বলিতেছি, হে জল! এই সর্ব্বাপেক্ষা অধিক বলবান্ শুতর্ব্বা হইতে অধিক অশ্ব আর কোন মনুষ্য দান করিতে পারেন না।

৭৫ সূক্ত।

অগ্নি দেবতা। অঙ্গিরা পুত্র বিরূপ ঋষি।

১। হে অগ্নি! রথীর ন্যায় তুমি দেবগণের আহ্বানে অত্যন্ত পটু অশ্বগণকে যোজিত কর; তুমি হোতা, তুমি প্রধান হইয়া উপবেশন কর।

২। হে দেব! তুমি দেবগণের নিকট আমাদিগকে বিদ্বান্‌শ্রেষ্ঠ বলিয়া বল, এবং সমস্ত বরণীয় হব্য সার্থক কর।

৩। হে যুবতম, বলের পুত্র আহূত অগ্নি! তুমি সত্যবান্ ও যজ্ঞার্হ।

৪। এই অগ্নি শত ও সহস্রসংখ্যক অন্নের স্বামী, শিরোবিশিষ্ট, কবি ও ধনপতি।

৫। হে গমনশীল অগ্নি! ঋভুগণ যেরূপ রথনেমি আনমিত করে, সেইরূপ তুমি একত্রে আহূত দেবগণের সহিত অতি নিকটবর্ত্তী যজ্ঞ আনমিত কর।

৬। হে বিরূপ! তুমি নিত্য বাক্য দ্বারা তৃপ্ত ও অভীষ্টবর্ষী অগ্নির স্তুতি কর।

৭। আমরা গাভীগণের জন্য অনম্র চক্ষুর্বিশিষ্ট, এই অগ্নির শিখা দ্বারা কোন্ পণির হিংসা করিব।

৮। আমরা দেবগণের পরিচারক, যেরূপ দুগ্ধপ্রদাত্রী গাভীকে পরিত্যাগ করা হয় না, যেরূপ গাভীগণ কৃশ বৎসকে পরিত্যাগ করে না, সেইরূপ আমাদের পরিত্যাগ করিও না।

---

(১) আধুনিক রাবীনদী। ১০।৭৫।৫ ঋকের টীকা দেখ।

৯। সমুদ্রতরঙ্গ যেরূপ নৌকাকে বাধা প্রদান করে, সেইরূপ যেন শত্রু সকলের দুষ্ট বুদ্ধি আমাদের বাধা না দেয়।

১০। হে অগ্নিদেব! মনুষ্যগণ বল লাভের জন্য তোমার উদ্দেশে নমস্কার শব্দ উচ্চারণ করে, তুমি বলদ্বারা শত্রুনাশ কর।

১১। হে অগ্নি! আমরা গাভী লাভ করিতে পারিব বলিয়া তুমি বহুধন দান কর, তুমি সমৃদ্ধিকারী, তুমি আমাদিগকে সমৃদ্ধ কর।

১২। তুমি ভারবাহী ব্যক্তির ন্যায় আমাদিগকে এই সংগ্রামে পরিত্যাগ করিও না। তুমি ধন জয় কর, উহা শত্রুগণের সহিত ছিন্ন হইতেছে।

১৩। হে অগ্নি! এই বাধাসমূহ, অন্য লোকের ভয় উৎপাদন করুক, তুমি আমাদের বলোপেত বেগ বর্দ্ধিত কর।

১৪। যে নমস্কারকারীর, অথবা অদুষ্ট যাগবিশিষ্ট ব্যক্তির কর্ম্ম সেবা করে, তাহারই নিকট অগ্নি বিশেষরূপে গমন করেন।

১৫। শত্রুসেনা হইতে পৃথক্ সেনাগণকে অভিমুখীন কর; যাহাদের মধ্যে আমি আছি, তাহাদের রক্ষা কর।

১৬। হে অগ্নি! তুমি পিতা, আমরা পূর্ব্বের ন্যায় এক্ষণে তোমার রক্ষা অবগত আছি, অনন্তর তোমার সুখ বাঞ্ছা করি।

---

৭৬ সূক্ত।

ইন্দ্র দেবতা। কণ্বগোত্রীয় কুরুসুতি ঋষি।

১। এই প্রাজ্ঞ ইন্দ্রকে শত্রুচ্ছেদনের জন্য আহ্বান করি, তিনি স্বীয় বলে সকলের স্বামী এবং মরুৎগণবিশিষ্ট।

২। এই ইন্দ্র মরুৎগণে মিলিত হইয়া শত সন্ধিবিশিষ্ট বজ্রদ্বারা বৃত্রের মস্তক [illegible]।

৩। ইন্দ্র সখিত্ব ও মরুৎগণে মিলিত হইয়া বৃত্রকে বিদীর্ণ করিয়াছেন এবং অন্তরিক্ষের জল অপসৃত করিয়াছেন।

৪। যিনি মরুৎগণযুক্ত হইয়া সোমপানার্থে এই স্বর্গ জয় করিয়াছেন, ইনিই সেই ইন্দ্র।

৫। ইনি মরুৎগণযুক্ত, ঋজীষ, সোমবিশিষ্ট, ওজস্বী এবং মহান্, আমরা স্তুতি দ্বারা তাঁহাকে আহ্বান করি।

৬। আমরা মরুৎগণযুক্ত ইন্দ্রকে এই সোমপানার্থে পুরাতন স্তোত্রদ্বারা আহ্বান করি।

৭। হে সেচনসমর্থ অনেকের আহূত শতক্রতু! তুমি মরুৎগণের সহিত এই যজ্ঞে সোম পান কর।

৮। হে বজ্রবান্! তোমার এবং মরুৎগণের জন্য সোম অভিষুত হইয়াছে, উকৃথ মন্ত্রোচ্চারণকারী ব্যক্তিগণ অন্তরের সহিত আহ্বান করিতেছে।

৯। হে ইন্দ্র! তুমি মরুৎগণের সখা, তুমি আমাদের স্বর্গপ্রাপ্তিহেতু যজ্ঞে (১) অভিষুত সোমপান কর, এবং বলপূর্ব্বক বজ্র তীক্ষ্ণ কর।

১০। তুমি অভিষবণ ফলকে অভিষুত সোমপান করতঃ বলের সহিত উঠিয়া হনুদ্বয় কম্পিত কর।

১১। তুমি শত্রুগণকে বিনাশ কর, দ্যাবাপৃথিবী উভয়েই তোমার কামনা করে; তুমি সর্ব্বদা দস্যুদিগকে বিনাশ কর।

১২। অষ্ট দিক্ ও নবদিকব্যাপী (২) যজ্ঞস্পর্শী স্তুতিও ইন্দ্র অপেক্ষা ন্যূন। আমি সেই স্তুতি সম্পাদন করিতেছি।

৭৭ সূক্ত।

ইন্দ্র দেবতা। কুরুসুতি ঋষি।

১। ইন্দ্র জন্মিয়াই বহু কর্ম্মবিশিষ্ট হইয়া মাতাকে জিজ্ঞাসা করিলেন, উগ্র কে এবং প্রসিদ্ধ কে?

২। শবসী তৎক্ষণাৎ বলিলেন, হে পুত্র! ঔর্ণবাভ, অহিশুব প্রভৃতি অনেক আছে, তাহাদের নিস্তার করা উচিত।

৩। বৃত্রহা ইন্দ্র তাহাদিগকে রজ্জুদ্বারা, রথচক্রের অরসমূহের ন্যায়, যুগপৎ আকর্ষণ করিলেন, এবং দস্যুগণকে হনন করিয়া প্রবৃদ্ধ হইলেন।

৪। ইন্দ্র, সোমপূর্ণ ত্রিশটী কমনীয় পাত্র যুগপৎ পান করিলেন।

৫। ইন্দ্র মূলরহিত অন্তরিক্ষ প্রদেশে স্তুতিকারীকে বৃদ্ধি করিবার জন্য চারিদিক্ হইতে মেঘকে হিংসা করিলেন।

(১) এই স্থানে ও অন্য অনেক স্থানে "দিবিষ্টিষু" শব্দ আছে। যজ্ঞদ্বারা স্বর্গ প্রাপ্ত হওয়া যায়, এই বিশ্বাস ইহাদ্বারা প্রতীয়মান হইতেছে।

(২) চারিদিক ও চারিকোণ এবং আদিত্য লইয়া নবদিক। সায়ণ।

৬। এই ইন্দ্র পক্ক অন্ন নির্ম্মাণ করতঃ বিস্তৃত বাণ গ্রহণ করিয়া মেঘ সকলকে বিদ্ধ করিলেন।

৭। হে ইন্দ্র! তোমার একমাত্র বাণ শতাগ্রবিশিষ্ট এবং সহস্র পত্রবিশিষ্ট; তুমি এই বাণকেই সহায় কর।

৮। স্তুতিকারী পুরুষ এবং স্ত্রীলোকের আহারার্থ সেই বাণদ্বারা প্রভূত ধন আহরণ কর, জাতমাত্রেই প্রভূত এবং স্থির হও।

৯। হে ইন্দ্র! তুমি এই সকল অত্যন্ত প্রবৃদ্ধ ও চতুর্দ্দিকে পরিণত পর্ব্বত নির্ম্মাণ করিয়াছ; বুদ্ধিতে উহাদের স্থিরভাবে ধারণ কর।

১০। হে ইন্দ্র! তোমার যে সমস্ত জল আছে, বিষ্ণু তাহা প্রদান করিতেছেন। তিনি উরুগতিবিশিষ্ট ও তোমার দ্বারা প্রেরিত (১)। ইন্দ্র শত মহিষ ক্ষীরপক্ক অন্ন ও বরাহ দান করিয়াছেন।

১১। তোমার ধনুঃ বহু বাণক্ষেপী, সুনির্ম্মিত ও সুখকর, তোমার বাণ কার্য্যসাধন ক্রমেও স্বর্ণময়; তোমার বাহুদ্বয় রমণীয় এবং মর্ম্মভেদী, উহারা সুসংস্কৃত ও যজ্ঞবর্দ্ধক।

৭৮ সূক্ত।

ইন্দ্র দেবতা। কুরুসুতি ঋষি।

১। হে শূর ইন্দ্র! পুরোডাস নামক অন্ন আহার করতঃ শত এবং সহস্র গাভী দান কর।

২। হে ইন্দ্র! তুমি আমাদের গো এবং অশ্ব প্রদান কর, মনোহর হিরণ্ময় অলঙ্কার যুগপৎ প্রদান কর।

৩। হে শত্রুপরাজয়কারী, বাসপ্রদ ইন্দ্র! তোমারই কথা শুনা যায় তুমি আমাদিগকে বহুসংখ্যক কর্ণাভরণ প্রদান কর।

৪। হে শূর ইন্দ্র! তোমা ভিন্ন অন্য বর্দ্ধনকারী কেহ নাই, তোমা অপেক্ষা উত্তম ভাগকারী অথবা উত্তম দাতা নাই, ঋত্বিক্‌গণের নেতাও নাই।

৫। ইন্দ্র কাহাকেও অবজ্ঞা করেন না, তিনি পরিভূত হন না, তিনি সমস্ত জগৎ দর্শন করেন এবং শ্রবণ করেন।

(১) বিষ্ণুর অর্থ ঋগ্বেদে সূর্য্য। সূর্য্যরূপ বিষ্ণু জল অর্থাৎ বৃষ্টি উৎপন্ন করেন। তিনি ইন্দ্রদ্বারা প্রেরিত, এবং তিনি উরুগতিবিশিষ্ট, অর্থাৎ আকাশে ভ্রমণ করেন।

৬। ইন্দ্র মনুষ্যদের অহিংসিত, তিনি ক্রোধকে মনে স্থান দেন না, নিন্দার পূর্ব্বেই স্থান নাই।

৭। ত্বরান্বিত, বৃত্রঘাতী, সোমপায়ী ইন্দ্রের উদর পরিচর্য্যাকারীর কর্ম্ম দ্বারাই পূর্ণ আছে।

৮। হে ইন্দ্র! সমস্ত ধন তোমাতে সঙ্গত হইয়াছে, হে সোমপায়ী! সমস্ত সৌভাগ্য সঙ্গত হইয়াছে, সুদান সর্ব্বদাই কুটিলতারহিত।

৯। আমার মন যবাভিলাষী, গবাভিলাষী, হিরণ্যাভিলাষী ও অশ্বাভিলাষী হইয়া তোমারই নিকট গমন করিতেছে।

১০। হে ইন্দ্র! আমি তোমার আশাতেই হস্তে দাত্র(১) ধারণ করিতেছি, হে মঘবন্! পূর্ব্বছিন্ন, অথবা পূর্ব্ব সংগৃহীত যবের মুষ্টি পূর্ণ কর।

৭৯ সূক্ত।

সোম দেবতা। কৃশ ঋষি।

১। এই সোম কর্ত্তা, কেহ ইহাকে গ্রহণ করিতে পারে না, ইনি বিশ্বজেতা এবং উদ্ভিদ। ইনি ঋষি, মেধাবী এবং স্তুতিযোগ্য।

২। যাহা নগ্ন, ইনি তাহা আচ্ছাদিত করেন, যাহা রুগ্ন ইনি তাহা আরোগ্য করেন, সমন্ধ হইয়াও দর্শন করেন, পঙ্গু হইয়াও গমন করেন।

৩। হে সোম! তুমি শরীরকৃশকারী অন্যকৃত অপ্রিয় কার্য্য হইতে রক্ষা কর।

৪। হে ঋজীষ সোমবান্! তুমি প্রজ্ঞা ও বলের দ্বারা দ্যুলোক ও পৃথিবীর সকাশ হইতে আমাদিগের শত্রুর কার্য্য পৃথক্ কর।

৫। ধনাভিলাষিগণ যদি ধনীর নিকট গমন করে, দাতার দান প্রাপ্ত হয়, ভিক্ষুকের অভিলাষ সম্পূর্ণরূপে পূর্ণ হয়।

৬। যখন পুরাণ নষ্ট ধন লাভ করে, তখনই যজ্ঞাভিলাষীকে প্রেরণ করে এবং দীর্ঘ আয়ুঃ লাভ করে।

৭। হে সোম! তুমি আমাদের হৃদয়ে সুন্দর, সুখকর, যজ্ঞসম্পাদক, নিশ্চল এবং মঙ্গলকর।

(১) মূলে "দাত্র" আছে। শস্য কাটিবার কাস্তে।

৮। হে সোম! তুমি আমাদিগকে চঞ্চলাঙ্গ করিও না, হে রাজন্! তুমি আমাদিগকে ভীত করিও না, আমাদের হৃদয় দীপ্তিদ্বারা বধ করিও না।

৯। তোমার গৃহে দেবগণের দুর্ম্মতি যেন না প্রবেশ করে, হে রাজা! শত্রুদিগকে দূর কর, হে সোমসেকী! হিংসকদিগকে বিনাশ কর।

৮০ সূক্ত।

ইন্দ্র দেবতা। নোধার পুত্র একদ্যূ ঋষি।

১। হে ইন্দ্র! তোমা ভিন্ন সুখদাতাকে বহুমান প্রদান করি না। হে শতক্রতু! তুমি আমাদিগকে সুখী কর।

২। যে অহিংসক ইন্দ্র পূর্ব্বে আমাদিগকে অন্ন লাভার্থ রক্ষা করিয়াছেন, তিনি আমাদিগকে সর্ব্বদা সুখী করুন।

৩। হে ইন্দ্র! তুমি আরাধীকে প্রবর্দ্ধিত কর; তুমি অভিষবনকারীর রক্ষক; অতএব তুমি আমাদিগকে বহুধন প্রদান কর।

৪। হে ইন্দ্র! তুমি আমাদের পশ্চাৎ অবস্থিত রথকে রক্ষা কর, হে বজ্রবান্! উহাকে সম্মুখভাগে আনয়ন কর।

৫। হে হন্তা ইন্দ্র! তুমি এক্ষণে কেন শব্দ শূন্য হইয়া আছ, আমাদের রথকে প্রদান কর, অন্নাভিলাষী হইয়া অন্ন সমীপবর্ত্তী করিয়া দাও।

৬। হে ইন্দ্র! আমাদের অন্নাভিলাষী রথকে রক্ষা কর। তোমার কি কর্ত্তব্য আছে? আমাদিগকে সংগ্রামে সর্ব্বতোভাবে জয়শীল কর।

৭। হে ইন্দ্র! দৃঢ় হও, তুমি নগরের ন্যায় মঙ্গলময়ী, স্তুতি ক্রিয়া যথাকালে তোমার নিকট গমন করে, তুমি যজ্ঞনিষ্পাদক।

৮। নিন্দাভাক্ ব্যক্তি যেন আমাদের নিকট উপস্থিত না হয়, বিস্তীর্ণ দিক্‌সমূহে নিহিত ধন আমাদের হউক, শত্রুসমূহ বিনাশ প্রাপ্ত হউক।

৯। হে ইন্দ্র! তুমি যখন যজ্ঞসম্বন্ধীয় চতুর্থ নাম ধারণ করিয়াছ, তখনই আমরা উহা কামনা করিয়াছি, তুমিই আমাদের পালক, তুমিই আমাদের প্রতিপালন করিতেছ।

১০। হে মরণরহিত দেবগণ! একদ্যূ ঋষি তোমাদিগকে ও দেবপত্নীগণকে বর্দ্ধিত করিতেছেন, তৃপ্ত করিতেছেন, তাঁহার উদ্দেশে প্রচুর ধন দান কর, কর্ম্মধন ইন্দ্র প্রাতঃকালেই দ্রুত আগমন করুন।

৮১ সূক্ত।

ইন্দ্র দেবতা। কণ্ব গোত্রীয় কুসীদী ঋষি।

১। হে ইন্দ্র! তুমি মহাহস্তবিশিষ্ট, তুমি আমাদিগকে দিবার জন্য শব্দবান্ বিচিত্র, গ্রহণযোগ্য ধন দক্ষিণ হস্তে গ্রহণ কর।

২। হে ইন্দ্র! আমরা তোমায় জানি, তুমি বহুকর্ম্মা, বহুদাতা, বহুধনবান্ এবং বহুরক্ষাযুক্ত।

৩। হে শূর ইন্দ্র! তুমি দান করিতে ইচ্ছা করিলে, দেবগণ ও মনুষ্যগণ ভয়ঙ্কর বৃষভের ন্যায় তোমাকে নিবারণ করিতে পারে না।

৪। তোমরা আগমন কর, ইন্দ্রকে স্তব কর, তিনি স্বয়ং দীপ্যমান ধনের অধিপতি, ধনের দ্বারা অন্য ধনীর ন্যায় যেন বাধা প্রদান না করেন।

৫। ইন্দ্র তোমাদের স্তুতির প্রশংসা করুন এবং তদনুরূপ গান করুন, তিনি সামস্তোত্র শ্রবণ করুন, ধনযুক্ত হইয়া আমাদিগকে অনুগ্রহ করুন।

৬। হে ইন্দ্র! আমাদের জন্য আগমন কর, বাম ও দক্ষিণ উভয় হস্তে দান কর, আমাদিগকে ধন হইতে পৃথক্ করিও না।

৭। হে ইন্দ্র! তুমি ধনের নিকট গমন কর, হে শত্রু অভিভবকারী! তুমি সাহঙ্কার মনে জনমধ্যে যে অত্যন্ত অদাতা, তাহার ধন আহরণ কর।

৮। হে ইন্দ্র! বিপ্রগণের ভজনীয়, তোমার যে ধন আছে, যাচিত হইয়া আমাদিগকে প্রদান কর।

৯। হে ইন্দ্র! তোমার অন্ন আমাদের নিকট শীঘ্র আগমন করুক; সে অন্ন সকলের প্রীতিকর। আমাদের স্তোতা সকল নানা অভিলাষযুক্ত হইয়া শীঘ্র তোমাকে স্তুতি করিতেছে।

৮২ সূক্ত।

ইন্দ্র দেবতা। কণ্বপুত্র কুসীদী ঋষি।

১। হে বৃত্রহন্! যজ্ঞস্থ মধুর জন্য দূরদেশ হইতে ও সমীপদেশ হইতে আগমন কর।

২। তীব্র মদকর সোম অভিষুত হইয়াছে, আগমন কর, পান কর এবং মত্ত হইয়া উহার সেবা কর।

৩। সোমরূপ অন্নদ্বারা মত্ত হও। উহা তোমার শত্রুনিবারক ক্রোধের জন্য পর্য্যাপ্ত হউক। তোমার হৃদয়ে সোম সুখকর হউক।

৪। হে শত্রুরহিত! শীঘ্র আগমন কর, যেহেতু তুমি দ্যুলোক হইতে দীপ্যমান সমীপস্থ যজ্ঞ প্রদেশে উক্‌থমন্ত্রদ্বারা আহূত হইতেছ।

৫। হে ইন্দ্র! এই সোম প্রস্তরদ্বারা অভিষুত এবং গব্যদ্বারা মিশ্রিত হইয়া তোমার আনন্দার্থ আহূত হইতেছে।

৬। হে ইন্দ্র! আমার আহ্বান শ্রবণ কর, আমাদের অভিষুত ও গব্যযুক্ত সোম পান কর এবং বিবিধ তৃপ্তিলাভ কর।

৭। হে ইন্দ্র! যে অভিষুত সোম চমস ও চমূ নামক পাত্রে রহিয়াছে, তাহা পান কর। তুমি ঈশ্বর, অতএব পান কর।

৮। জলের মধ্যে চন্দ্রমার ন্যায় চমূর মধ্যে যে সোম দৃষ্ট হয়, তুমি ঈশ্বর; তুমি তাহা পান কর।

৯। শ্যেনপক্ষী অন্তরিক্ষ তিরস্কৃত করিয়া পদদ্বারা যে সোম আহরণ করিয়াছিল, হে ইন্দ্র! তুমি ঈশ্বর, তুমি তাহা পান কর (১)।

৮৩ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। কুসীদী ঋষি।

১। হে দেবগণ! দেবগণের কামবর্ষী, সেই মহারক্ষা আমাদের পালনার্থ প্রার্থনা করিতেছি।

২। হে দেবগণ! বরুণ, মিত্র, অর্য্যমা সর্ব্বদা আমাদের সহায় হউন, তাঁহারা প্রকৃষ্টজ্ঞানবান্ ও আমাদের বর্দ্ধক হউন।

৩। হে সত্যের নেতা দেবগণ! নৌকাদ্বারা জলের ন্যায় আমাদিগকে বিস্তৃত বহু শত্রুসেনা হইতে পারে লইয়া যাও।

৪। হে অর্য্যমা! ভজনীয় ধন আমাদের হউক। হে বরুণ! প্রশংসনীয় ধন আমাদের হউক। আমরা ভজনীয় ধন প্রার্থনা করি।

(১) যজুর্ব্বেদের ব্রাহ্মণে উক্ত আছে, যে গায়ত্রী শ্যেনরূপ ধারণ করিয়া পদদ্বয়ে সোম আনিয়াছিলেন। আমরা পূর্ব্বেই বলিয়াছি যে, শ্যেনপক্ষী যে গায়ত্রীরূপ ধরিয়াছিল, সে উপাখ্যান ঋগ্বেদে নাই, পরে কল্পিত হইয়াছে।

৫। হে প্রকৃষ্টজ্ঞানযুক্ত শত্রুভক্ষক! তোমরা ভজনীয় ধনের ঈশ্বর। হে আদিত্যগণ! যাহা পাপিষ্ঠের তাহা আমার নিকট উপস্থিত হউক।

৬। হে সুন্দরদানশীল দেবগণ! আমরা গৃহেই থাকি, অথবা পথে গমন করি, অমরা হব্যবর্দ্ধনার্থ তোমাদিগকেই আহ্বান করি।

৭। হে ইন্দ্র! হে বিষ্ণু! হে মরুৎগণ! হে অশ্বিদ্বয়! এক জাতীয়গণের মধ্যে আমাদেরই নিকট আগমন কর।

৮। হে সুন্দরদানশীলগণ! অনন্তর আমরা তোমাদের সকলের এবং পরে তোমাদের মাতৃগর্ভে দুইটী দুইটী করিয়া জন্ম গ্রহণ করায়, যে ভ্রাতৃত্ব আছে, তাহাই প্রকাশ করিব।

৯। তোমরা সুদানশীল, ইন্দ্র তোমাদের জ্যেষ্ঠ, তোমরা দীপ্তিযুক্ত, তোমরা যজ্ঞে অবস্থিতি কর। অনন্তর আমি তোমাদিগকে স্তব করিতেছি।

৮৪ সূক্ত।

অগ্নি দেবতা। কবির পুত্র উশনা ঋষি।

১। প্রিয়তম অতিথিও মিত্রের ন্যায় প্রিয় এবং রথের ন্যায় ধনবাহক অগ্নিকে তোমাদের জন্য স্তব করিতেছি।

২। দেবগণ, যে অগ্নিকে প্রকৃষ্টজ্ঞানবিশিষ্ট পুরুষের ন্যায় মনুষ্যগণের মধ্যে দুই প্রকারে স্থাপিত করিয়াছেন।

৩। হে সর্ব্ব কনিষ্ঠ! হব্যদাতার লোক সকলকে পালন কর, স্তুতি শ্রবণ কর, স্বয়ংই সন্তানগণকে রক্ষা কর।

৪। হে অঙ্গিরা! হে বলের পুত্র! হে দেব! তুমি সকলের বরণীয় ও শত্রুদিগের অভিগামী, কিরূপ বাক্যে তোমার স্তুতি করিব?

৫। হে বলের পুত্র! কীদৃশ যজমানের অভিপ্রায় অনুসারে আমরা হব্য দান করিব এবং কথনই বা এই নমস্কার উচ্চারণ করিব।

৬। তুমিই আমাদিগের উদ্দেশে আমাদের সমস্ত স্তুতিকেই উত্তমগৃহবিশিষ্ট ও অন্নযুক্ত ধনবিশিষ্ট কর।

৭। হে দম্পতি অগ্নি (১)! তুমি এক্ষণে কীদৃশ ব্যক্তির বহুকর্ম্ম প্রীত কর। তোমার স্তুতি ধন লাভকর।

(১) গার্হপত্য অগ্নি জায়াপতি স্বরূপ।

৮। যজমানগণ আপনার গৃহে সুন্দর প্রজ্ঞাবিশিষ্ট, সুকর্ম্মযুক্ত, যুদ্ধে অগ্রগামী, বলবান্ অগ্নির পরিচর্য্যা করে।

৯। হে অগ্নি! যে ব্যক্তি সাধু পালনের সহিত স্বগৃহে যাগ করে, যাহাকে কেহ হিংসা করিতে পারে না, যিনি শত্রুকে হিংসা করেন, তিনিই সুন্দর পুত্রাদিযুক্ত হইয়া বৰ্দ্ধিত হন।

৮৫ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। আঙ্গিরস কৃষ্ণ ঋষি।

১। হে নাসত্য অশ্বিদ্বয়! তোমরা উভয়ে আমার আহ্বান শ্রবণ করিয়া মদকর সোম পানার্থ আমাদের যজ্ঞের প্রতি আগমন কর।

২। হে অশ্বিদ্বয়! মদকর সোম পানার্থ আমাদের স্তোত্র শ্রবণ কর। আমাদের আহ্বান শ্রবণ কর।

৩। হে অন্নযুক্ত, ধনবান্ অশ্বিদ্বয়! মদকর সোম পানার্থ এই কৃষ্ণ ঋষি তোমাকে আহ্বান করিতেছে।

৪। হে নেতাদ্বয়! স্তোত্রশীল, স্তুতিকারী কৃষ্ণের আহ্বান মদকর সোম পানার্থ শ্রবণ কর।

৫। হে নেতাদ্বয়! মদকর সোম পানার্থ বিপ্র স্তুতিকারী কৃষ্ণকে অহিংসনীয় গৃহ প্রদান কর।

৬। হে অশ্বিদ্বয়! এই প্রকারে স্তুতিকারী হব্যদাতার গৃহের উদ্দেশে মদকর সোম পানার্থ আগমন কর।

৭। হে বর্ষণশীল, ধনযুক্ত অশ্বিদ্বয়! মদকর সোম পানার্থ দৃঢ়াঙ্গ রথে রাসভ যোজিত কর।

৮। হে অশ্বিদ্বয়! তিনটী বন্ধুরবিশিষ্ট ত্রিকোণ রথে মদকর সোম পানার্থ আগমন কর।

৯। হে নাসত্য অশ্বিদ্বয়! মদকর সোম পানার্থ আমার স্তুতি বাক্যের প্রতি তোমরা শীঘ্র আগমন কর।

৮৬ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। কৃষ্ণের পুত্র বিশ্বকায় ঋষি (১)।

১। হে দস্র ভিষক্‌দ্বয়! তোমরা উভয়ে সুখকর। তোমরা দক্ষের স্তুতি-কালে উপস্থিত ছিলে। তোমাদিগকে বিশ্বক সন্তানের জন্য আহ্বান করিতে-ছেন। আমাদের সখ্য যেন বিযুক্ত না হয়। মুক্ত কর।

২। হে অশ্বিদ্বয়! বিমনা নামক ঋষি পূর্ব্বকালে কি প্রকারে তোমাদের স্তুতি করিয়াছিলেন, যে তোমরা ধনলাভার্থ মন করিয়াছিলে। সেই তোমা-দিগকে বিশ্বক সন্তানের জন্য আহ্বান করিতেছে। আমাদের সখ্য যেন বিযুক্ত না হয়। মুক্ত কর।

৩। হে অনেকের পালক অশ্বিদ্বয়! বিষ্ণাপুর উৎকৃষ্ট ধনবাঞ্ছা পূরণার্থ তোমরা তাঁহাকে ধন বৃদ্ধি প্রদান কর। সেই তোমাদিগকে বিশ্বক সন্তানের জন্য আহ্বান করিতেছে। আমাদের সখ্য যেন বিযুক্ত না হয়। মুক্ত কর।

৪। হে অশ্বিদ্বয়! বীর, ধনভোগী, অভিষুতসোমযুক্ত, দূরে স্থিত বিষ্ণাপুকে আহ্বান করিতেছি, পিতার ন্যায় উহারও সুস্তুতি অত্যন্ত স্বাদু। আমাদের সখ্য যেন বিযুক্ত না হয়। মুক্ত কর।

৫। হে অশ্বিদ্বয়! সবিতাদেব সত্যদ্বারা রশ্মি সংযত করেন। পরে সত্যের শৃঙ্গকে বিশেষরূপে প্রথিত করেন। সত্যই তিনি সেনাযুক্ত শত্রুর অভিভব করেন। সত্যদ্বারা আমাদের সখ্য যেন বিযুক্ত না হয়। মুক্ত কর।

---

৮৭ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। বসিষ্ঠের পুত্র দ্যুম্নীক, অথবা অঙ্গিরার পুত্র প্রিয়মেধা ঋষি, অথবা কৃষ্ণই ঋষি।

১। হে অশ্বিদ্বয়! দ্যুম্নীক তোমার স্তোতা, বর্ষাকালে কূপের ন্যায় তোমরা আগমন কর। হে নেতাদ্বয়! এই স্তোতা দ্যুতিমান্ যজ্ঞে অভিষুত মদকর সোমের প্রিয়তম। অতএব গৌরমৃগ যেরূপ তড়াগাদির জল পান করে, সেই-রূপ অভিষুত সোম পান কর।

---

(১) কৃষ্ণের পুত্র বিশ্বকায় নামক ঋষির পুত্র বিষ্ণাপু বিনষ্ট হইলে, অশ্বিদ্বয় সেই নষ্ট পুত্র আনিয়া দিয়াছিলেন, তাহা আমরা পূর্ব্বে দেখিয়াছি। ১। ১১৬। ২৩ ও ১।১১৭। ৭ ঋক্ দেখ।

২। হে অশ্বিদ্বয়! রসবান্, ক্ষরণশীল সোম পান কর। হে নেতাদ্বয়! যজ্ঞে উপবেশন কর। মনুষ্যের গৃহে প্রমত্ত হইয়া তোমরা হব্যের সহিত সোম পান কর।

৩। হে অশ্বিদ্বয়! প্রিয়মেধা যজমান সমস্ত রক্ষার সহিত তোমাদিগকে আহ্বান করিতেছেন। যে বর্হি আস্তৃত করিয়াছে, সেই যজমানের সর্ব্বদেব সেবিত হবির উদ্দেশে তোমরা প্রাতঃকালে গৃহে আগমন কর।

৪। হে অশ্বিদ্বয়! রসবান্ সোম তোমরা পান কর, পরে সুন্দর বর্হিতে উপবেশন কর; পরে প্রবৃদ্ধ হইয়া গৌরমৃগদ্বয় যেরূপ তড়াগাদিতে গমন করে, সেইরূপ স্বর্গ হইতে আমাদের স্তুতি অভিমুখে আগমন কর।

৫। হে অশ্বিদ্বয়! তোমরা স্নিগ্ধ রূপবান্ অশ্বের সহিত ইদানীং আগমন কর। হে দর্শনীয় সুবর্ণময় রথযুক্ত, জলের পালক, যজ্ঞের বর্দ্ধক অশ্বিদ্বয়! সোম পান কর।

৬। হে অশ্বিদ্বয়! আমরা স্তোতা ও বিপ্র, আমরা অন্নলাভার্থ তোমাদের আহ্বান করিতেছি: তোমরা সুন্দর গমনশীল ও বহুকর্ম্মা। আমাদের স্তুতিদ্বারা আহূত হইয়া শীঘ্র আগমন কর।

৮৮ সূক্ত।

ইন্দ্র দেবতা। গৌতম নোধা ঋষি।

১। গোষ্ঠে ধেনুগণ দিবসে যেরূপ বৎসকে আহ্বান করে, সেইরূপ দর্শনীয়, শত্রুনাশক, দুঃখ দূর কর। সোমরস পানে প্রমত্ত ইন্দ্রকে স্তুতিদ্বারা আমরা আহ্বান করিতেছি।

২। ইন্দ্র দীপ্তির নিবাসস্থানস্বরূপ, স্বর্গে নিবাসকারী, উত্তম দানযুক্ত, পর্ব্বতের ন্যায় বলের দ্বারা আবৃত ও বহুলোকের ভোজয়িতব্য। ইন্দ্রের নিকট শব্দবান্ শত ও সহস্রসংখ্যক ধনযুক্ত, গোযুক্ত অন্ন যাচ্ঞা করি।

৩। হে ইন্দ্র! বৃহৎ ও দৃঢ় পর্ব্বত সকলও তোমাকে নিবারণ করিতে পারে না, মাদৃশ স্তোতাকে যে ধন দিতে ইচ্ছা কর, কেহই তাহা হিংসা করিতে পারে না।

৪। হে ইন্দ্র! কর্ম্ম ও বলদ্বারা তুমি শত্রুদিগের বিনাশক; তুমি আপনার

কর্ম্ম এবং বলের দ্বারা সমস্ত জাত বস্তুকে অভিভব কর। অর্চ্চনামন্ত্র রক্ষার্থ তোমায় আবর্ত্তিত করিতেছে, গোতমগণ তোমাকে আবির্ভূত করিয়াছেন।

৫। হে ইন্দ্র! দ্যুলোকের পর্য্যন্ত প্রদেশ হইতেই তুমি সকলের প্রধান। পার্থিব লোক তোমায় ব্যস্ত করিতে পারে না। তুমি আমাদের অন্ন বহন করিতে ইচ্ছা কর।

৬। হে মেঘবান্ ইন্দ্র! তুমি যে ধন হব্যদাতাকে প্রদান কর, তাহার কেহ নিরোধক নাই। তুমি ধনপ্রেরক ও অত্যন্ত দানশীল হইয়া আমাদের উচথ্যের ধন লাভার্থে স্তোত্র অবগত হও।

৮৯ সূক্ত।

ইন্দ্র দেবতা। নৃমেধ ও পুরুমেধ ঋষি।

১। হে মরুৎগণ! ইন্দ্রের উদ্দেশে পাপবিনাশকারী বৃহৎ গান কর। যজ্ঞবর্দ্ধক বিশ্বদেবগণ দ্যুতিমান্ ইন্দ্রের উদ্দেশে এই গানদ্বারা দীপ্ত, সর্ব্বদা জাগরূক জ্যোতিঃ উৎপন্ন করিয়াছিলেন।

২। স্তোত্ররহিতগণের বিনাশক ইন্দ্র শত্রুকৃত হিংসা দূরীকৃত করিয়াছিলেন। পরে দ্যুতিমান্, যশোযুক্ত হইয়াছিলেন। হে বৃহৎ দীপ্তিবিশিষ্ট মরুৎগণযুক্ত ইন্দ্র! দেবগণ তোমার সখ্যার্থ তোমায় বরণ করিয়াছিলেন।

৩। হে মরুৎগণ! ইন্দ্র মহান্, তাঁহার উদ্দেশে স্তোত্র উচ্চারণ কর। বৃত্রহা শতক্রতু ইন্দ্র শত পর্ব্ববিশিষ্ট বজ্রের দ্বারা বৃত্রকে বধ করিয়াছিলেন।

৪। হে শত্রুবধার্থ উদ্যুক্ত ইন্দ্র! তোমার অতি প্রভূত অন্ন আছে, তুমি প্রগল্ভ মনে আমাদিগকে তাহা প্রদান কর। হে ইন্দ্র! আমাদের মাতৃভূত জলসমূহ বেগে ভূমি অভিমুখে ধাবমান হউক, জলাবরক শত্রুকে বিনাশ কর, স্বর্গ জয় কর।

৫। হে অপূর্ব্ব মঘবান্ ইন্দ্র! তুমি বৃত্র হননার্থ যখন প্রাদুর্ভূত হইয়াছ, তখন পৃথিবীকে দৃঢ় করিয়াছ এবং দ্যুলোককে নিরুদ্ধ করিয়াছ।

৬। তখন তোমার জন্য যজ্ঞ উৎপন্ন হইয়াছে, হাস্যকর অর্চনামন্ত্র উৎপন্ন হইয়াছে, তখন তুমি সমস্ত জাত এবং জনিতব্য বিশ্বকে অভিভূত করিয়াছ

৭। হে ইন্দ্র! তুমি অপক্ক গোসমূহে পক্ক দুগ্ধ প্রেরণ করিয়াছ, দ্যুলোকে সূর্য্যকে আরোহণ করাইয়াছ। সামদ্বারা প্রবর্গের ন্যায় শোভন স্তুতিদ্বারা ইন্দ্রকে তীক্ষ্ণ কর। স্তুতিভোগী ইন্দ্রের জন্য প্রীতিকর বৃহৎ সাম গান কর।

---

৯০ সূক্ত।

ইন্দ্র দেবতা। নৃমেধ ও পুরুমেধ ঋষি।

১। সমস্ত যুদ্ধে আহ্বানযোগ্য ইন্দ্র আমাদের স্তোত্র সেবা করুন, সবন সকল সেবা করুন। তিনি বৃত্রহা, তাঁহার মৌর্ব্বী অবিনশ্বর, তিনি স্তুতিদ্বারা সম্বোধন যোগ্য।

২। হে ইন্দ্র! তুমি সকলের মুখ্য ধন দাতা, তুমি সত্য, তুমি স্তোতাগণকে ঐশ্বর্য্যযুক্ত কর। তুমি বহু ধনবিশিষ্ট এবং বলের পুত্র। তুমি মহান্, তোমার যোগ্যধন সম্ভজনা করি।

৩। হে স্তুতিভোগী ইন্দ্র! আমরা তোমার জন্য যে যথার্থভূত স্তোত্র করিতেছি। হে হর্য্যশ্ব! তুমি তাহাতে যোজিত হও, তুমি তাহা সেবা কর। হে ইন্দ্র! তোমার জন্য যে স্তোত্র উচ্চারণ করিতেছি, তাহাও সেবা কর।

৪। হে মঘবান্ ইন্দ্র! তুমি সত্য, তুমি কাহারও নিকট অবনত না হইয়া প্রভূত বৃত্রকে নাশ করিয়াছ। হে ইন্দ্র তুমি হব্যদাতার অভিমুখে ধন যাহাতে যায়, তাহা সম্যক্‌রূপে কর।

৫। হে বলপতি ইন্দ্র! তুমি উপার্জ্জিত সোমপান হইয়া যশস্বী হইয়াছ, তুমি একাকী অপ্রতিগত এবং পরাজয়ে অশক্য বৃত্রগণকে মনুষ্যদিগের রক্ষক বজ্রদ্বারা হনন করিয়াছ।

৬। হে অসুর ইন্দ্র! তুমি প্রকৃষ্ট জ্ঞানবান্ তোমারই নিকট পৈত্রিক বিত্তের ভাগের ন্যায় ধন যাচ্ঞা করি। হে ইন্দ্র! তোমার কীর্ত্তির ন্যায় গৃহ দ্যুলোকে প্রকাণ্ড ভাবে অবস্থিতি করিতেছে। তোমার সুখ সকল আমাদিগকে ব্যাপ্ত করুক।

---

৯১ সূক্ত।

ইন্দ্র দেবতা। অপালা ঋষি।

১। জলের অভিমুখে গমন কালে কন্যা পথে সোমও লাভ করিলেন; গৃহে আনয়ন কালে সোমকে বলিলেন ইন্দ্রের উদ্দেশে তোমাকে অভিষব করি, সমর্থ ইন্দ্রের উদ্দেশে তোমায় অভিষব করি (১)।

২। হে ইন্দ্র! তুমি বীর, তুমি অত্যন্ত দীপ্তিমান্, তুমি গৃহে গৃহে গমন কর, এই দন্তদ্বারা অভিষুত, ভ্রষ্টযব শক্তু, অপূপ এবং উক্থস্তুতিবিশিষ্ট সোম পান কর।

৩। হে ইন্দ্র! তোমায় জানিতে ইচ্ছা করি, এখন তোমার সহিত অধিগত হইব না। হে সোম! ইহাঁর উদ্দেশে প্রথম মন্দ মন্দ পরে দ্রুত বেগে ক্ষরিত হও।

৪। সেই ইন্দ্র বহুবার আমাদিগকে সামর্থ্যযুক্ত করুন, আমাদিগকে বহুসংখ্যক করুন, তিনি আমাদিগকে অনেক বার ধনবান্ করুন। আমরা পতিকর্ত্তৃক পরিত্যক্ত হইয়া এখানে আসিয়াছি, আমরা ইন্দ্রের সহিত সঙ্গত হইব।

৫। হে ইন্দ্র! আমার পিতার মস্তক ও ক্ষেত্র এবং আমার অঙ্গ উৎপাদনশীল কর।

৬। আমাদের পিতার উষরক্ষেত্র শস্যযুক্ত কর এবং আমার শরীর ও আমার পিতার মস্তক লোমযুক্ত কর।

৭। হে শতক্রতু! তুমি রথের ছিদ্রে, শকটের ছিদ্রে এবং যুগের ছিদ্রে তিনবার নিষ্কর্ষণদ্বারা শোধন করতঃ অপালাকে সূর্য্য সমান চর্ম্মবিশিষ্ট করিয়াছিলে।

---

(১) পূর্ব্বকালে অত্রির কন্যা অপালা ত্বক্ রোগে আক্রান্ত হইয়াছিলেন এবং তাঁহার পিতার মস্তক কেশশূন্য ও ক্ষেত্র ফলশূন্য ছিল। ইন্দ্র তাঁহার দন্তদ্বারা অভিষুত সোমপান করিয়া তাঁহাকে নিজ রথের ছিদ্রে আকর্ষণ করিয়া সকল দোষ অপনয়ন করিলেন।

৯২ সূক্ত।

ইন্দ্র দেবতা। শ্রুতকক্ষ বা সুকক্ষ ঋষি।

১। হে ঋত্বিক্‌গণ! তোমাদের সোমপানকারী ইন্দ্রকে বিশেষ রূপে স্তব কর। তিনি সকলের অভিভবকারী, শতক্রতু এবং মনুষ্যদিগকে সর্ব্বাপেক্ষা অধিক ধন দান করেন।

২। তোমরা সকলের আহূত, সকলের স্তুত গাথাযোগ্য এবং সনাতন বলিয়া প্রসিদ্ধ দেবতাকে ইন্দ্র বলিয়া সম্বোধন কর।

৩। ইন্দ্রই আমাদের মহাধনের দাতা, মহা অন্নের দাতা, তিনিই নর্ত্তনকারী মহান্ ইন্দ্র, আমাদিগের অভিমুখে আগত ধন আমাদিগকে প্রদান করুন।

৪। সুন্দর শিরস্ত্রাণযুক্ত ইন্দ্র, হোমকারী সুদক্ষ ঋষির যবমিশ্রিত ক্ষরণশীল সোম প্রকৃষ্টরূপে পান করিয়াছিলেন।

৫। সোমপানার্থ ইন্দ্রকেই তোমরা বিশিষ্টরূপে অর্চ্চনা কর। সোমই ইন্দ্রকে বর্দ্ধিত করেন।

৬। দ্যোতমান ইন্দ্র সোমের মদকর রস পান করিয়া বলদ্বারা সমস্ত ভুবন অভিভব করেন।

৭। সকলের অভিভবকারী এবং তোমাদের সমস্ত স্তোত্রে বিস্তৃত ইন্দ্রকেই রক্ষার্থ অভিমুখে আগমন করাও।

৮। তিনি শত্রুদিগের সম্প্রহারক, সৎ, অন্যকর্ত্তৃক অনভিগত, অহিংসিত, সোমপানকারী ও সকলের নেতা। ইঁহার কর্ম্ম কেহ নিবারণ করিতে পারে না।

৯। হে স্তুতিদ্বারা সম্বোধনযোগ্য ইন্দ্র! তুমি বিদ্বান্, তুমি শত্রুদিগের নিকট হইতে আমাদিগকে প্রভূত ধন দান কর, শত্রুদিগের ধনদ্বারা আমাদিগকে রক্ষা কর।

১০। হে ইন্দ্র! এই দ্যুলোক হইতেই শতবলযুক্ত ও সহস্রবলযুক্ত অন্নদ্বারাযুক্ত হইয়া আমাদের নিকট আগমন কর।

১১। হে সমর্থ ইন্দ্র! আমরা কর্ম্মবান্, আমরা কর্ম্ম করিব। হে পর্ব্বতবিদারক, বজ্রবান্ ইন্দ্র! সংগ্রামে অশ্বের দ্বারা জয় লাভ করিব।

১২। গোপাল যেরূপ তৃণদ্বারা গাভীগণকে সন্তুষ্ট করে, হে শতক্রতু! তোমাকে সকল দিক্ হইতে উক্থস্তোত্রে সেইরূপ সন্তুষ্ট করিব।

১৩। হে শতক্রতু ! সমস্ত বিশ্বই অভীষ্টযুক্ত। হে বজ্রবান্! আমরা অশংসনীয় অভীষ্ট যে লাভ করি।

১৪। হে বলপুত্র! অভীষ্ট কাতর শব্দযুক্ত মনুষ্যগণ তোমাতেই অবস্থান করে; অতএব হে ইন্দ্র! কোনও দেবতাই তোমাকে অতিক্রম করিতে পারে না।

১৫। হে অভিলাষপ্রদ ইন্দ্র! তুমি সর্ব্বাপেক্ষা ধনপ্রদ, ভয়ঙ্কর শত্রুদূরকারী ও অনেকের ধারণ সমর্থ, তুমি কর্ম্মদ্বারা আমাদিগকে চালিত কর।

১৬। হে শতক্রতু! যে সর্ব্বাপেক্ষা যশস্বী সোম পূর্ব্বকালে তোমার জন্য আমরা অভিষব করিয়াছি, তদ্দ্বারা প্রমত্ত হইয়া ইদানীং আমাদিগকে প্রমত্ত কর।

১৭। হে ইন্দ্র! তোমার প্রমত্ততা সর্ব্বাপেক্ষা নানাবিধ কীর্ত্তিযুক্তা, সর্ব্বাপেক্ষা পাপহন্ত্রী এবং সর্ব্বাপেক্ষা বলদাতা।

১৮। হে বজ্রবান্, যথার্থকর্ম্মা, সোমপা, দর্শনীয় ইন্দ্র! সমস্ত মনুষ্যের মধ্যে তোমার দত্ত যে ধন আছে, তাহাই আমরা জানিব।

১৯। মত্ততাযুক্ত ইন্দ্রের উদ্দেশে আমাদের স্তুতিবাক্য সকল অভিষুত সোমকে স্তব করুক; স্তুতিকারিগণ অর্চ্চনীয় সোমকে পূজা করুন।

২০ সমস্ত শ্রী যে ইন্দ্রে অধিষ্ঠিত, সপ্তসংখ্যক হোত্রকগণ যাঁহাতে প্রীত হন, সোম অভিষুত হইলে সেই ইন্দ্রকে আহ্বান করিতেছি।

২১। হে দেবগণ! তোমরা ত্রিকদ্রুকে জ্ঞানসাধন যজ্ঞ বিস্তার করিয়াছিলে। আমাদের স্তুতিবাক্য সেই যজ্ঞকেই বর্দ্ধিত করুক।

২২। সিন্ধুসকল যেরূপ সমুদ্রে প্রবেশ করে, সেইরূপ সোমসকল তোমাতে প্রবিষ্ট হউক। হে ইন্দ্র! তোমায় কেহ অতিক্রম করিতে পারে না।

২৩। হে অভিলাষপ্রদ, জাগরণশীল ইন্দ্র! তুমি স্বমহিমায় সোম পানে ব্যাপ্ত হইয়াছ। উহা তোমার জঠরে প্রবেশ করিতেছে।

২৪। হে বৃত্রহা ইন্দ্র! সোম তোমার কুক্ষির পক্ষে পর্য্যাপ্ত হউক, ক্ষরণশীল সোম তোমার শরীরে পর্য্যাপ্ত হউক।

২৫। এই শ্রুতকক্ষ ঋষি অশ্বলাভের জন্য অত্যন্ত গান করিতেছে, গো লাভের জন্য অত্যন্ত গান করিতেছে, ইন্দ্রের গৃহার্থ অত্যন্ত গান করিতেছে।

২৬। হে ইন্দ্র! সোম অভিষুত হইলে, তুমি তাহাদের পানার্থ পর্য্যাপ্ত হও। হে সমর্থ ইন্দ্র! তুমিই ধন দাতা, সোম তোমার জন্য পর্য্যাপ্ত হউক।

২৭। হে বজ্রবান্ ইন্দ্র! আমাদের স্তুতিবাক্য অতিদূর হইতেও তোমায়

ব্যাপ্ত করুক। আমরা স্তোতা, তোমার নিকট হইতে প্রচুর ধন লাভ করিব।

২৮। হে ইন্দ্র! তুমি বীরগণকেই কামনা কর, তুমি শূর, তুমি ধৈর্য্যবান্, তোমার মন সকলের আরাধনীয়।

২৯। হে বহু ধনবান্ ইন্দ্র! সমস্ত যজমান তোমার দান ধারণ করে, হে ইন্দ্র! আমার সহায় হও।

৩০। হে অন্নপতি ইন্দ্র! তন্দ্রাযুক্ত স্তোতার ন্যায় হইও না, অভিষুত গব্যযুক্ত সোম পানে হৃষ্ট হও।

৩১। হে ইন্দ্র! আয়ুধক্ষেপী শূর সকল রাত্রিকালে আমাদের নিযন্ত্রণা হউক। আমরা তোমার সহায়তায় তাহাদিগকে বিনাশ করিব।

৩২। হে ইন্দ্র! তোমার সহায়তা লাভ করিয়া, আমরা শত্রুদিগকে নিরাকৃত করিব, তুমি আমাদিগের এবং আমরা তোমার।

৩৩। হে ইন্দ্র! তোমাকে কামনা করিয়া পুনঃ পুনঃ তোমার স্তুতি করিয়া, তোমার সখারূপ স্তোতা সকল তোমারই পরিচর্য্যা করিতেছে।

৯৩ সূক্ত।

ইন্দ্র দেবতা। সুকক্ষ ঋষি।

১। হে সূর্য্যরূপ ইন্দ্র! বিখ্যাত ধনবিশিষ্ট, অভিলাষপ্রদ, নরহিতকর কর্ম্মযুক্ত, ঔদার্য্যবিশিষ্ট যজমানের চতুর্দ্দিকে উদিত হও।

২। যিনি বাহুবলে নবনবতিসংখ্যক পুরীভেদ করিয়াছিলেন, যে বৃত্রহা অহিকে বধ করিয়াছিলেন।

৩। সেই কল্যাণকর, বন্ধু ইন্দ্র আমাদিগের উদ্দেশে অশ্বযুক্ত, গোযুক্ত, যবযুক্ত ধন প্রভৃত পয়োবিশিষ্ট গাভীর ন্যায় দোহন করুন।

৪। হে বৃত্রহা, সূর্য্যরূপ ইন্দ্র! অদ্য যৎকিঞ্চিৎ পদার্থের অভিমুখে প্রাদুর্ভূত হইয়াছ, অমনি সমস্ত জগৎ তোমার বশীভূত হইয়াছে।

৫। হে প্রবৃদ্ধ, সৎপতি ইন্দ্র! যদি আপনাকে অমর মনে কর, তবে তোমার সেই মনে করাই সত্য।

৬। দূরদেশে এবং নিকটবর্ত্তী প্রদেশে যে সকল সোম অভিষুত হয়, হে ইন্দ্র! তুমি সেই সকলেরই অভিমুখে গমন কর।

৭। আমরা মহান্ বৃত্রকে হননার্থ সেই ইন্দ্রকেই অন্নদ্বারা বলবান্ করিব। ধনবর্ষী ইন্দ্র অভিলাষপ্রদ হউন।

৮। সেই ইন্দ্র ধনার্থ সৃষ্ট হইয়াছেন, তিনি সর্ব্বাপেক্ষা ওজস্বী, তিনি সোমপানার্থ স্থাপিত, অত্যন্ত যশস্বী, স্তুতিবান্ এবং সোমার্হ।

৯। স্তুতিবাক্যদ্বারা বজ্রের ন্যায় তীক্ষ্ণীকৃত, বল সহিত অনভিভূত, মহান্, অহিংসিত ইন্দ্র ধনাদি বহন করিতে ইচ্ছা করেন।

১০। হে স্তুতিভোগী ইন্দ্র! হে মঘবন্! তুমি যদি আমাদের কামনা কর, তবে তুমি স্তূয়মান হইয়া দুর্গমস্থানে আমাদের পথ করিয়া দাও।

১১। হে ইন্দ্র! অদ্যাপিও কেহ তোমার বলের অথবা স্বকীয় রাজ্যের হিংসা করে না; দেবগণ হিংসা করে না এবং সংগ্রামে ত্বরমাণ ব্যক্তিও হিংসা করে না।

১২। হে শোভন হনুবিশিষ্ট ইন্দ্র! দ্যাবাপৃথিবী দেবীদ্বয় তোমার অপ্রতিরোধনীয় বলের পূজা করে।

১৩। তুমি, কৃষ্ণবর্ণ এবং রোহিতবর্ণ গোসমূহে এই দীপ্তিমান্ দুগ্ধ স্থাপন করিতেছ।

১৪। যখন সমস্ত দেবগণ অহির দীপ্তি হইতে পলায়ন করিয়াছিলেন এবং তাঁহারা মৃগরূপী অহি হইতে ভয় পাইয়াছিলেন।

১৫। তখন আমার ইন্দ্র বৃত্রাসুরের নিবারক হইয়াছিলেন, অজাত-শত্রু, বৃত্রহা ইন্দ্র পৌরুষ প্রয়োগ করিয়াছিলেন।

১৬। হে ঋত্বিক্‌গণ! প্রসিদ্ধ, বৃত্রহন্তা, বলস্বরূপ ইন্দ্রের স্তুতি করিয়া তোমাদিগকে প্রভূত ধন দান করি।

১৭। হে বহু নামবিশিষ্ট, বহুকর্তৃক স্তুত ইন্দ্র! যখন তুমি প্রত্যেক সোমে উপস্থিত হইয়াছ, তখন আমরা এই গবাভিলাষী বুদ্ধিযুক্ত হইব।

১৮। বৃত্রহন্তা, বহু অভিষবণযুক্ত ইন্দ্র, আমাদের অভিলষিত অবগত হউন, শত্রু আমাদের স্তুতি শ্রবণ করুন।

১৯। হে অভীষ্টবর্ষী! তুমি কোন্ অভিগমনের দ্বারা আমাদিগকে প্রমত্ত করিবে? কোন্ অভিগমনের দ্বারা স্তোতাগণকে ধন প্রদান করিবে।

২০। অভীষ্টবর্ষী, সেচনসমর্থ বৃত্রহা, নিযুৎবিশিষ্ট ইন্দ্র, কাহার যজ্ঞে সোমপানের জন্য ঋত্বিক্‌গণের সহিত বিহার করিতেছেন?

২১। তুমি মত্ত হইয়া আমাদিগকে সহস্রসংখ্যক ধন দান কর, তুমি হব্য-দাতার নিয়ন্তা বলিয়া অবগত হও।

২২। জলবিশিষ্ট এই সকল সোম অভিষুত হইয়াছে, ইন্দ্র পান করুন, এই অভিলাষে ইহারা ইন্দ্রের পানার্থে গমন করিতেছে। ইহারা ভক্ষিত হইলে প্রীতিকর হয়, ইহারা জলের নিকট গমন করে।

২৩। যজ্ঞে বর্দ্ধনকারী, বজ্রকারী হোতাগণ যজ্ঞান্তে দিবসের অভিমুখে নিজ তেজোবিশিষ্ট হইয়া ইন্দ্রকে বিসর্জ্জন করিতেছে।

২৪। প্রসিদ্ধ ইন্দ্রের সহিত প্রমত্ত, হিরণ্ময় কেশযুক্ত অশ্বদ্বয়, হিতকর অন্নের অভিমুখে ইন্দ্রকে বহন করুক।

২৫। হে বিভাবসু! তোমার জন্য এই সোম অভিষুত হইয়াছে, কুশ আস্তীর্ণ হইয়াছে, অতএব স্তোতাদের জন্য সোমপানার্থ ইন্দ্রকে আহ্বান কর।

২৬। তুমি ইন্দ্রের উদ্দেশে, হব্যদায়ী ইন্দ্র তোমার উদ্দেশে দীপ্যমান বল প্রেরণ করুন, রত্ন প্রেরণ করুন, স্তোতাগণের জন্যও প্রেরণ করুন, তোমরা ইন্দ্রকে অর্চ্চনা কর।

২৭। হে শতক্রতু! তোমার উদ্দেশে বীর্য্যবান্ সোম ও সমস্ত স্তোত্র সম্পাদন করিতেছি, হে ইন্দ্র! তুমি স্তোতাগণকে সুখী কর।

২৮। হে ইন্দ্র! যদি তুমি আমাদের সুখী করিতে চাও, তাহা হইলেও হে শতক্রতু! তুমি আমাদের কল্যাণ সম্পাদন কর, অন্ন সম্পাদন কর ও বল সম্পাদন কর।

২৯। হে ইন্দ্র! যদি তুমি আমাদের সুখী করিতে চাও, তাহা হইলে হে শতক্রতু, তুমি সমস্ত মঙ্গল আমাদের জন্য আহ্বান কর।

৩০। হে ইন্দ্র! যেহেতু তুমি আমাদিগকে সুখী করিতে ইচ্ছা কর, অতএব হে শ্রেষ্ঠ বৃত্রহা! আমরা অভিষুত সোমবিশিষ্ট হইয়া তোমাকে আহ্বান করিতেছি।

৩১। হে সোমপতি ইন্দ্র! হরিগণের সাহায্যে আমাদের অভিষুত সোমের নিকট আগমন কর, আমাদের অভিষুত সোমের নিকট আগমন কর।

৩২। শ্রেষ্ঠ বৃত্রহা, শতক্রতু ইন্দ্র দুইপ্রকারে জ্ঞাত হয়েন। সেই তুমি হরিগণের সাহায্যে আমাদের অভিষুত সোমের নিকট আগমন কর।

৩৩। হে বৃত্রহা! যেহেতু তুমি এই সোমসমূহের পানকর্ত্তা, অতএব হরিগণের সহিত অভিষুত সোমের নিকট আগমন কর।

৩৪। ইন্দ্রই অন্নার্থ দাতা ও অমর ঋভুক্ষাদেবকে (১) আমাদের দান করুন। বলবান ইন্দ্ররাজকে আমাদের দান করুন।

৯৪ সূক্ত।

মরুৎগণ দেবতা। বিন্দু অথবা পুতদক্ষ ঋষি।

১। মঘবান্, মরুৎগণের মাতা গো সোম পান করাইতেছেন, তিনি অন্নাভিলাষিণী, মরুৎগণের রথ সংযোজনকারিণী এবং সর্ব্বত্র পূজ্যা।

২। সমস্ত দেবগণ ইঁহার ক্রোড়ে বর্ত্তমান হইয়া আপন আপন ব্রত ধারণ করেন, সূর্য্য এবং চন্দ্রমা সর্ব্বলোক প্রকাশনার্থ ইহার সমীপে বর্ত্তমান।

৩। সর্ব্বত্রগামী আমাদের স্তোতাগণ সর্ব্বদা সোম পানার্থ মরুৎগণকে স্তব করিতেছে।

৪। এই সোম অভিষুত হইয়াছে, স্বভাবতঃ দীপ্ত মরুৎগণ এবং অশ্বিদ্বয় ইহার অংশ পান করুন।

৫। মিত্র, অর্য্যমা ও বরুণ, দশাপবিত্রদ্বারা শোধিত স্থানত্রয়ে অবস্থাপিত, স্তুত্যজনবিশিষ্ট সোমপান করিতেছেন।

৬। ইন্দ্র প্রাতঃকালে হোতার ন্যায় অভিষুত এবং গব্যসূক্ত সোম সেবার প্রশংসা করিতেছেন।

৭। প্রাজ্ঞ মরুৎগণ জলের ন্যায় তির্য্যকগতিবিশিষ্ট হইয়া কবে দীপ্ত হইবেন? শত্রুশোষক মরুৎগণ কবে শুদ্ধ বল হইয়া আগমন করিবেন?

৮। হে মরুৎগণ! তোমরা মহৎ, তোমাদের তেজঃ স্বতঃই ধর্ষণীয়। তোমরা দ্যুতিমান্, কবে তোমাদের রক্ষা লাভ করিব?

৯। যে মরুৎগণ সমস্ত পার্থিব পদার্থকে এবং সমস্ত জোতিঃকে প্রথিত করিয়াছেন, সোমপানার্থ তাঁহাদিগকে আহ্বান করিতেছি।

১০। হে মরুৎগণ! তোমাদিগের বল পবিত্র, তোমরা অতিশয় দ্যুতিমান্; এই সোম পানার্থ তোমাদিগকে সত্বর আহ্বান করিতেছি।

১১। যাঁহারা দ্যাবাপৃথিবীকে স্তম্ভিত করিয়াছেন, এই সোমের পানার্থ তাঁহাদিগকে আহ্বান করিতেছি।

(১) ঋভুক্ষা অর্থে ঋভু, স্পষ্টই বোধ হইতেছে।

১২। সর্ব্বতঃ বিস্তৃত, পর্ব্বতে স্থিত, জলবর্ষী মরুৎগণকে এই সোম পানার্থ আহ্বান করিতেছি।

৯৫ সূক্ত।

ইন্দ্র দেবতা। তিরশ্চী ঋষি।

১। হে স্তুতিভাক্ ইন্দ্র! সোম অভিষুত হইলে, আমাদের স্তুতিবাক্য রথীর ন্যায় তোমার অভিমুখে অবস্থিত হয়, মাতা বৎসের অভিমুখে যেরূপ শব্দ করে, সেইরূপ তোমার উদ্দেশে শব্দ করে।

২। হে স্তুতিভাক্ ইন্দ্র! দীপ্তিমান্, অভিষুত সোম তোমার নিকট আগমন করুক, এই অন্নের ভাগ শীঘ্র পান কর। হে ইন্দ্র! চারিদিকে তোমার জন্য চরু পুরোডাষাদি নিহিত আছে।

৩। হে ইন্দ্র! শ্যেনকর্ত্তৃক আহৃত অভিষুত সোম আনন্দার্থ সুখে পান কর, যেহেতু তুমি বহুতর প্রজার পালক ও রাজা।

৪। যে তিরশ্চী তোমার পূজা করিতেছে, তাহার আহ্বান শ্রবণ কর। তুমি মহান্, তুমিই সুবীরযুক্ত ও গবাদিযুক্ত ধনদানে আমাদিগকে পূর্ণ কর।

৫। হে ইন্দ্র! যে ব্যক্তি তোমার উদ্দেশে নূতন মদকর বাক্য উৎপাদন করে, সেই স্তোতার উদ্দেশে তুমি পুরাতন, সত্যযুক্ত, প্রবৃদ্ধ, সকলের হৃদয়ঙ্গম রক্ষাকার্য্য সম্পাদন কর।

৬। যে ইন্দ্র আমাদের স্তুতি ও উক্‌থ বৰ্দ্ধিত করেন, তাঁহাকেই স্তব করিব। আমরা তাঁহার বহুতর বীর্য্য সম্ভোগ করিবার অভিলাষে তাঁহার ভজনা করিব।

৭। শীঘ্র আগমন কর, শুদ্ধ সাম ও শুদ্ধ উক্‌থসমূহের দ্বারা বিশুদ্ধ ইন্দ্রকে স্তব করিব, দশাপবিত্রের দ্বারা শোধিত সোম বৰ্দ্ধিত ইন্দ্রকে হৃষ্ট করুক।

৮। হে ইন্দ্র! তুমি শুদ্ধ, তুমি আগমন কর। তুমি শুদ্ধ, শুদ্ধ রক্ষাকার্য্যের সহিত আগমন কর। তুমি শুদ্ধ, ধন স্থাপন কর। তুমি শুদ্ধ ও সোমার্হ, হৃষ্ট হও।

৯। হে ইন্দ্র! তুমি শুদ্ধ, আমাদিগকে ধন দাও। তুমি শুদ্ধ, হব্যদায়ীকে রত্ন দাও, তুমি শুদ্ধ, বৃত্রগণকে বধ করিয়া থাক, তুমি শুদ্ধ অন্নভোগ করিতে ইচ্ছা করিয়া থাক।

৯৬ সূক্ত।

ইন্দ্র দেবতা। মরুৎগণের পুত্র দ্যুতান ঋষি, অথবা তিরশ্চী ঋষি।

১। উষা সকল এই ইন্দ্রের ভয়ে আপনাদের গতি বর্দ্ধিত করিতেছেন। রাত্রি সকল ইন্দ্রের জন্য অপর রাত্রে সুন্দর বাক্যবিশিষ্ট হন। এই ইন্দ্রের জন্য সর্ব্বতোব্যাপ্ত মাতৃস্থানীয় সপ্তসিন্ধু (১) মনুষ্যদের তরণার্থ সুখে পারযোগ্য হন।

২। অসহায় অস্ত্রের দ্বারা একত্রিত এ কবিংশতি সংখ্যক পর্ব্বত সানুসমূহ বিদ্ধ হইয়াছিল। অভিলাষপ্রদ, প্রবৃদ্ধ ইন্দ্র যাহা করিয়াছেন, মর্ত্ত্য অথবা দেব তাহা করিতে পারে না।

৩। ইন্দ্রের বজ্র অয়োনির্ম্মিত, এবং তাঁহার হস্তে সম্বদ্ধ; তাঁহার হস্তে বহুতর বল আছে। যুদ্ধগমনকালে ইন্দ্রের মস্তকে শিরস্ত্রাণ থাকে(২) তাঁহার আজ্ঞা শ্রবণার্থ সকলে তাঁহার সমীপে আগমন করে।

৪। হে ইন্দ্র! তোমাকে যজ্ঞার্হদিগের মধ্যেও যজ্ঞার্হ মনে করি, অচ্যুত পদার্থের চ্যুতিকারী মনে করি, তোমাকে সৈন্যদিগের কেতু বলিয়া মনে করি, মনুষ্যগণের অভিমত ফলবর্দ্ধক বলিয়া মনে করি।

৫। হে ইন্দ্র! তুমি যখন বাহুদ্বয়ে শত্রুদিগের গর্ব্ব চূর্ণ কর, বজ্র, অহির হননার্থ ধারণ কর, যখন মেঘ সকল শব্দ করে, যখন জলসমূহ শব্দ করে, তখন চারিদিক হইতে অভিগমন করতঃ স্তুতিকারিগণ ইন্দ্রের পরিচর্য্যা করে।

৬। যিনি এই সমস্ত ভূতগণকে সৃষ্টি করিয়াছেন, সমস্ত বস্তুজাত যাহার পরে উৎপন্ন হইয়াছে, আমরা স্তুতিদ্বারা সেই মিত্র ইন্দ্রের মিত্র হইব, নমস্কার-দ্বারা অভিলাষপ্রদ ইন্দ্রকে আমাদের অভিমুখীন করিব।

৭। হে ইন্দ্র! যে বিশ্বদেবগণ তোমার সখা হইয়াছিলেন, তাহারা বৃত্রের নিশ্বাস হইতে ভীত হইয়া পলায়ন করতঃ তোমায় ত্যাগ করিয়া গেলেন। মরুৎ-গণের সহিত তোমার সখ্য হইল। পরে তুমি সমস্ত শত্রুসেনা জয় করিলে।

৮। হে ইন্দ্র! ত্রিষষ্টিসংখ্যক মরুৎগণ (৩) একত্রীভূত গোসমূহের ন্যায় তোমায় বর্দ্ধিত করিয়াছিলেন বলিয়া যজ্ঞার্হ হইয়াছেন; আমরা সেই ইন্দ্রের

(১) ১০।৭৫।৩ ঋকের টীকা দেখ।

(২) মূলে "ক্রতবঃ" আছে। সায়ণ অর্থ করিয়াছেন "শিরস্ত্রাণপ্রভৃতীনি"।

(৩) মূলে 'ত্রিঃ ষষ্টি মরুৎ' আছে। অন্যান্য স্থানে সাতজন মরুতের উল্লেখ আছে, এখানে তাহার নয়গুণ অর্থাৎ ৬৩ মরুতের উল্লেখ দেখা যায়।

নিকট গমন করিব। আমাদের ভজনীয় ধন দান কর, তোমার উদ্দেশে শত্রু-শোষক বল বিধান করিব।

৯। হে ইন্দ্র! তোমার তীক্ষ্ণ আয়ুধ, তোমার মরুৎ সৈন্য, তোমার বজ্রের কে প্রতিকূলতা করিতে পারে? হে ঋজীষী! তুমি চক্রের দ্বারা আয়ুধরহিত, দেবদ্রোহী অসুরদিগকে(৪) দূর করিয়া দাও।

১০। পশু লাভের জন্য মহান্, উগ্র, প্রবৃদ্ধ কল্যাণতম, ইন্দ্রের উদ্দেশে সুন্দর স্তুতি প্রেরণ কর। স্তুতিভাক্ ইন্দ্রের উদ্দেশে বহুতর স্তুতি বিধান কর, ইন্দ্র পুত্রের জন্য বহু ধন প্রেরণ করুন।

১১। উক্থ বাহিত, মহান্ ইন্দ্রের উদ্দেশে নদী পারকারী নৌকার ন্যায় স্তুতি উচ্চারণ কর। বহু বিস্তৃত, প্রীতিপ্রদ ইন্দ্র ধন প্রেরণ করুন, পুত্রের জন্য বহুধন প্রেরণ করুন।

১২। ইন্দ্র যাহা স্বীকার করেন, তাহা কর, সুন্দর স্তুতি উচ্চারণ কর, স্তোত্রদ্বারা ইন্দ্রের পরিচর্য্যা কর। হে স্তোতা! অলঙ্কৃত হও, রোদন করিও না, বাক্য শ্রবণ করাও, ইন্দ্র বহুধন প্রদান করিবেন।

১৩। দশসহস্র(৫) সৈন্যের সহিত দ্রুতগমনকারী কৃষ্ণ অংশুমতী নদীতীরে অবস্থান করিতেছিলেন, ইন্দ্র প্রজ্ঞাদ্বারা সেই শব্দকারীকে প্রাপ্ত হইলেন। মনুষ্যদিগের হিতাভিপ্রায়ে হিংসাকারিণী সেনাদিগকে বধ করিলেন।

১৪। ইন্দ্র বলিলেন, দ্রুতগামী কৃষ্ণকে দেখিতে পাইলাম, সে অংশুমতী নদীর গূঢ়স্থানে বিস্তৃত প্রদেশে বিচরণ করিতেছে ও সূর্য্যের ন্যায় অবস্থিতি করিতেছে। হে অভিলাষপ্রদ মরুদ্গণ! আমি ইচ্ছা করি, তোমরা যুদ্ধ কর এবং যুদ্ধে তাঁহাকে সংহার কর।

১৫। দ্রুতগামী কৃষ্ণ অংশুমতী নদীর সমীপে দীপ্তিমান্ হইয়া শরীর ধারণ করিতেছে। ইন্দ্র বৃহস্পতিকে সহায় লাভ করিয়া দেবশূন্য আগমনশীল সেনাগণকে বধ করিলেন।

১৬। হে ইন্দ্র! তুমিই সেই কর্ম্ম করিয়াছ, তুমিই জন্মিবামাত্রেই শত্রুশূন্য

(৪) মূলে "অনায়ুধাস, অসুরা, অদেবা" আছে। অর্থ আয়ুধশূন্য, শ্রদ্ধাশূন্য, বলবান্ শত্রুগণ। বোধ হয় অনার্য্যদিগের উল্লেখ; ১৩, ১৪ ও ১৫ ঋক্ দেখ।

(৫) ইন্দ্রকর্তৃক কৃষ্ণ নামক অনার্য্য যোদ্ধা ও তাহার সৈন্যের বিনাশ কথা আমরা পূর্ব্বেই পাইয়াছি।

সপ্তশত্রুর শত্রু হইয়াছ, অন্ধকারাবৃত দ্যাবাপৃথিবীকে প্রাপ্ত হইয়াছ, মহৎযুক্ত ভুবনসমূহের উদ্দেশে আনন্দ ধারণ করিয়াছ।

১৭। হে ইন্দ্র! তুমি সেই কার্য্য করিয়াছ। হে বজ্রী! তুমিই কুশল হইয়া অনুপম বল বজ্রের দ্বারা নষ্ট করিয়াছ, তুমিও আয়ুধের দ্বারা শুষ্ণকে নিম্নমুখ করিয়া বধ করিয়াছ, তুমি আপনার কার্য্যদ্বারা গোলাভ করিয়াছ।

১৮। হে ইন্দ্র! তুমিই সেই কার্য্য করিয়াছ. হে অভিলাষপ্রদ! তুমি মনুষ্যদিগের উপদ্রবের হন্তা, অতএব প্রবৃদ্ধ হইয়াছিলে, তুমি স্তম্ভমান সিন্ধুগণকে গমনার্থ ছাড়িয়া দিয়াছিলে. পরে দাসগণের অধিকৃত জল জয় করিয়াছিলে।

১৯। সেই ইন্দ্র শোভন প্রজ্ঞাবিশিষ্ট ও অভিষুত সোম পানার্থ আনন্দিত। তাঁহার ক্রোধ কেহ সহ্য করিতে পারে না, তিনি দিবসের ন্যায় ধনবান্, তিনি একাকীই মনুষ্যের কর্ম্মকর্ত্তা, তিনি বৃত্রহা, তিনি সকল শত্রুসৈন্য বিনাশ করেন।

২০। সেই ইন্দ্র বৃত্রঘ্ন. তিনি মনুষ্যগণের পোষক, তিনি আহ্বানযোগ্য, তাঁহাকে স্তুতিদ্বারা হোম করিব. তিনি আমাদের বিশেষ রক্ষক ও ধনবান্, তিনি কীর্ত্তিপ্রদ, অন্নের দাতা, তিনি আদরপূর্ব্বক কথা বলিয়া থাকেন।

২১। সেই বৃত্রহা ইন্দ্র মহান্, তিনি জাতমাত্রেই তৎক্ষণাৎ আহ্বানযোগ্য হইয়াছিলেন। মনুষ্যগণের হিতকর বহুকার্য্য করতঃ পীত সোমের ন্যায় সখাগণের আহ্বানযোগ্য হইয়াছিলেন।

৯৭ সূক্ত।

ইন্দ্র দেবতা। রেভ ঋষি।

১। হে ইন্দ্র! তুমি সুখবান্। তুমি অসুরগণের নিকট হইতে(১) যে ভোক্তব্য ধন আহরণ করিয়াছ, হে ধনবান্! তাহার দ্বারা স্তোত্রকারীকে বর্দ্ধিত কর, উহারা বর্হি আস্তীর্ণ করিয়াছে।

(১) এখানেও বোধ হয় অসুর অর্থে বলবান্ অনার্য্যগণ। অনার্য্যগণের নিকট হইতে ধন কাড়িয়া লইয়া তোমার উপাসক আর্য্যগণকে দাও, এই বোধ হয় ঋকের মর্ম্ম। নীচের ঋকে দুইটী যজ্ঞবিহীন ও দেববিহীন লোকের উল্লেখ দেখ।

২। হে ইন্দ্র! তুমি যে গো, যে অশ্ব এবং যে অবিনশ্বর ধন ধারণ কর, যজমান দক্ষিণাযুক্ত হইয়া সোমাভিষব করিলে তাহাকেই সেই ধনপ্রদান কর। যজ্ঞবিহীনকে প্রদান করিও না।

৩। অদেবাভিলাষী, ব্রতরহিত যে ব্যক্তি স্বপ্নাচ্ছন্ন হইয়া নিদ্রা যায়, সে আপনার গতিদ্বারাই পোষণীয় ধনবিনাশ করুক, তুমি তাহাকে কর্ম্মরহিত প্রদেশে স্থাপন কর।

৪। হে শক্র! হে বৃত্রহন্! তুমি দূরদেশে থাক, বা নিকট দেশেই থাক, তথাহইতে, এই ভূলোক হইতে স্বর্গাভিমুখে কেশরবিশিষ্ট অশ্বের ন্যায়, এই স্তুতিদ্বারা অভিষুত সোমবান্ যজমান যজ্ঞে আনয়ন করিতেছে।

৫। হে ইন্দ্র! যদি স্বর্গের দীপ্ত স্থানে থাক, যদি সমুদ্রের মধ্যে কোন স্থানে থাক, হে বৃত্রহন্! যদিবা পৃথিবীর কোন স্থানে থাক, অথবা অন্তরিক্ষে থাক, আগমন কর।

৬। হে সোমপা, বলপতি ইন্দ্র! সোম অভিষুত হইলে সুবাক্যযুক্ত, বহুপরিমিত ধনের দ্বারা ও বলসাধন অন্নের দ্বারা আমাদিগকে আনন্দিত কর।

৭। হে ইন্দ্র! আমাদিগকে পরিত্যাগ করিও না, আমাদের সহিত একত্র সোম পানে প্রমত্ত হও, তুমি আমাদিগকে রক্ষায় স্থাপন কর, তুমিই আমাদিগের বন্ধু। হে ইন্দ্র! তুমি আমাদিগকে পরিত্যাগ করিও না।

৮। হে ইন্দ্র! আমাদের সহিত অভিষুত সোম মধুপানার্থ উপবেশন কর। হে মঘবা! স্তোতাকে মহারক্ষা প্রদান কর, অভিষুত সোমে আমাদের সহিত উপবেশন কর।

৯। হে বজ্রবান্ ইন্দ্র! দেবগণ তোমাকে ব্যাপ্ত করিতে পারে না, মর্ত্ত্যগণও পারে না। তুমি বলদ্বারা সমস্ত ভূতজাতকে অভিভূত কর, দেবগণ তোমায় ব্যাপ্ত করিতে পারে না।

১০। সমস্ত সেনা পরস্পর মিলিত হইয়া শত্রুপরাজয়কর, নেতাকে তীক্ষ্ণ করিতেছে এবং অত্যন্ত প্রকাশার্থ সূর্য্যাত্মক ইন্দ্রকে সৃষ্টি করিতেছে, কর্ম্মদ্বারা বলিষ্ঠ ও শত্রুদিগের সম্মুখ বিনাশকারী, উগ্র, ওজস্বী, প্রবৃদ্ধ ও বেগবান্ ইন্দ্রকে বরণীয় ধনের জন্য স্তব করিতেছে।

১১। রেভগণ এই ইন্দ্রকে সোমপানার্থ সম্যক্‌রূপে স্তুতি করিয়াছিল। স্বর্গের পালক ইন্দ্রকে বর্দ্ধনার্থ যখন স্তুতি করে, তখন কর্ম্মধারী ইন্দ্র বলের দ্বারা এবং পালনের দ্বারা মিলিত হন।

১২। রেভগণ নেমির ন্যায় ইন্দ্রকে দর্শনমাত্রেই নমস্কার করে। মেধাবিগণ সেই মেষকে(২) স্তোত্রদ্বারা নমস্কার করে, তোমরা সুন্দর দীপ্তযুক্ত এবং অদ্রোহী তোমরা ত্বরাযুক্ত হইয়া ইন্দ্রের কর্ণে অর্চ্চনা মন্ত্রদ্বারা স্তব কর।

১৩। সেই মঘবান্, উগ্র যথার্থ বলধারী, অপ্রতিরোধনীয়, ইন্দ্রকে বারংবার অহ্বান করি। পূজ্যতম, যাগযোগ্য ইন্দ্র, আমাদের স্তুতিদ্বারা আবর্ত্তিত হউন। বজ্রী ধনের জন্য সমস্তই আমাদের সুপথ করুন।

১৪। হে সর্ব্বাপেক্ষা বলবান্! হে শক্র! হে ইন্দ্র! তুমি এই সকল পুরী বলের দ্বারা বিনাশ করিবার জন্য অবগত হও। হে বজ্রী! সমস্ত ভূতজাত তোমার ভয়ে কম্পিত হয়, দ্যাবাপৃথিবীও কম্পিত হয়।

১৫। হে শূর! হে চিত্র ইন্দ্র! তোমার প্রশস্ত সত্য আমাকে রক্ষা করুক, হে বজ্রবান্ ইন্দ্র! জলের ন্যায় বহুপাপ হইতে আমাদিগকে পার কর। হে রাজা ইন্দ্র! বহুরূপ এবং স্পৃহণীয় ধন আমাদের অভিমুখে কবে প্রদান করিবে?

৯৮ সূক্ত।

ইন্দ্র দেবতা। অঙ্গিরাগোত্রীয় নৃমেধ ঋষি।

১। মেধাবী, মহান্, কর্ম্মকর্ত্তা, বিদ্বান্, স্তুতি-অভিলাষী ইন্দ্রের উদ্দেশে বৃহৎ স্তোত্র গান কর।

২। হে ইন্দ্র! তুমি অভিভবিতা হও, তুমি সূর্য্যকে প্রদীপ্ত করিয়াছ; তুমি বিশ্বকর্ম্মা, বিশ্বদেবস্বরূপ এবং মহান্।

৩। হে ইন্দ্র! তুমি জ্যোতিঃ দ্বারা দ্যুলোকের প্রকাশক, স্বর্গকে প্রকাশিত করতঃ গমন করিয়াছিলে; দেবগণ তোমার সখ্য লাভের জন্য যত্ন করিয়াছিলেন।

৪। হে ইন্দ্র! তুমি প্রিয় এবং মহৎ ব্যক্তিদিগের জয়কারী; তোমাকে কেহ গোপন করিতে পারে না; তুমি পর্ব্বতের ন্যায় সর্ব্বতঃ বিস্তৃত এবং স্বর্গের পতি; তুমি আমাদের নিকট আগমন কর।

(২) ইন্দ্র মেষ হইয়া মেধাতিথি ঋষিকে স্বর্গে লইয়া গিয়াছিলেন। সায়ণ। এ গল্পটী বোধ হয় ঋগ্বেদ রচনার পরে কল্পিত; ঋগ্বেদের কবি বোধ হয় কেবল ইন্দ্রের যুদ্ধপ্রিয়তা, বা নর-হিতকারিতা দেখিয়া মেষের সহিত তুলনা করিয়াছেন।

৫। হে সত্যস্বরূপ, সোমপা ইন্দ্র! যেহেতু তুমি দ্যাবাপৃথিবী উভয়কেই অভিভূত করিয়াছ, অতএব তুমি সোমাভিষবকারীর বর্দ্ধক হও এবং স্বর্গের পতি হও।

৬। হে ইন্দ্র! তুমি বহুপুরী ভেদ করিয়া থাক; তুমি দস্যুহন্তা, মনুষ্যের বর্দ্ধক এবং দ্যুলোকের পতি।

৭। হে স্তুতিভাক্ ইন্দ্র! জলে গমনকারী ব্যক্তিগণ যেরূপ জল বিসৃষ্ট করে, সেইরূপ আমরা সম্প্রতি তোমার উদ্দেশে মহৎ কমনীয় স্তোম প্রেরণ করিতেছি।

৮। হে বজ্রবান্, শূর ইন্দ্র! নদীগণ যেরূপ উদকস্থান বর্দ্ধিত করে, সেই-রূপ আমরা স্তোত্রদ্বারা প্রবৃদ্ধ তোমাকে প্রতি দিবস বর্দ্ধিত করি।

৯। গমনশীল ইন্দ্রের প্রশস্ত যুগবিশিষ্ট মহৎরথে তাঁহার বাহনভূত এবং বাক্যমাত্রে যোজিত অশ্বদ্বয়কে স্তোতাগণ স্তোত্রের দ্বারা যোজিত করেন।

১০। হে শতক্রতু, বিচক্ষণ, বীর্য্যোপেত এবং সেনাগণের অভিভবকর ইন্দ্র! তুমি আমাদিগকে বল এবং ধন দান কর।

১১। হে নিবাসপ্রদ, শতক্রতু! তুমি আমাদের পিতা এবং মাতা হও, অনন্তর আমরা তোমার সুখ যাচ্ঞা করিব।

১২। হে বলবান্, বহুকর্ত্তৃক আহূত শতক্রতু! তুমি বলাভিলাষী, আমি তোমার স্তুতি করিতেছি; তুমি আমাদিগকে সুন্দর বীর্য্যোপেত ধন দান কর।

৯৯ সূক্ত।

ইন্দ্র দেবতা। নৃমেধ ঋষি।

১। হে বজ্রবান্ ইন্দ্র! হব্যের দ্বারা ভরণশীল নেতাগণ তোমাকে অদ্য এবং কল্য সোমপান করাইয়াছে; তুমি এই যজ্ঞে স্তোত্রবাহকগণের স্তোত্র শ্রবণ কর এবং গৃহে উপাগত হও।

২। হে সুন্দর হনুবিশিষ্ট, অশ্ববান্, স্তুতিভাক্ ইন্দ্র! পরিচারকগণ তোমার জন্য সোম অভিষুত করিতেছে তুমি মত্ত হও। আমরা তোমার নিকট প্রার্থনা করিতেছি, সোম অভিষুত হইলে তোমার অন্ন উপমাযোগ্য এবং প্রশংসনীয় হউক।

৩। সমাশ্রিত রশ্মিসমূহ যেরূপ সূর্য্যকে ভজনা করে, সেইরূপ তোমরা ইন্দ্রের

সমস্ত ধন ভজনা কর; তিনি বলদ্বারা জাত ও জনিষ্যমাণ ধনসমূহ উৎপাদন করেন, আমরা উহা পৈতৃক ভাগের ন্যায় ধারণ করিব।

৪। পাপশূন্য ব্যক্তির প্রতি যিনি দানশীল ও ধনদাতা, সেই ইন্দ্রের স্তব কর, যে হেতু ইন্দ্রের দান কল্যাণকর। তিনি স্বীয় মনকে দান বিষয়ে প্রেরণ করিয়া এই পরিচর্য্যাকারীর ইচ্ছার বাধা দেন না।

৫। হে ইন্দ্র! তুমি যুদ্ধে সমস্ত যুদ্ধকারিগণকে অভিভূত কর। হে শত্রুগণের বাধক! তুমি অমঙ্গলনাশক, জনয়িতা, সমস্ত শত্রুগণের হিংসক এবং বাধকগণের বাধাদানকারী।

৬। হে ইন্দ্র! মাতা যেরূপ শিশুর অনুগমন করে, সেইরূপ মাতৃভূত দ্যাবাপৃথিবী তোমার বল হিংসকের অনুগমন করে। যেহেতু তুমি বৃত্রকে বধ কর, অতএব সমস্ত সংগ্রামকারীগণ তোমার ক্রোধে খিন্ন হয়।

৭। জরারহিত, শত্রুগণের প্রেরক, অপ্রতিহত, বেগশালী, জয়শীল, গমনশীল, রথিশ্রেষ্ঠ, অহিংসিত ও জলবর্দ্ধক ইন্দ্রকে তোমরা রক্ষার্থে অগ্রগামী কর।

৮। শত্রুগণের সংস্কর্ত্তা, স্বয়ং অসংস্কৃত, বলকৃৎ, বহুরক্ষাবিশিষ্ট, শতক্রতু সাধারণ ও ধনাচ্ছাদক ও বসুপ্রেরক ইন্দ্রকে আমরা রক্ষার্থে আহ্বান করি।

১০০ সূক্ত।

দশম ও একাদশ ঋকের বাক্‌দেবতা; অবশিষ্টের ইন্দ্র দেবতা। ভৃগুগোত্রীয় নেম ঋষি।

১। হে ইন্দ্র! আমি পুত্রের সহিত শত্রুজয়ার্থে তোমার অগ্রে অগ্রে গমন করি, সমস্ত দেবগণ আমার পশ্চাতে আগমন করেন; যখন তুমি আমাকে শত্রুধনের ভাগ দান কর, অতএব আমার সহিত পৌরুষ প্রকাশ কর।

২। তোমাকে অগ্রে মদকর সোমরূপ অন্নদান করিতেছি, অভিষুত সোম তোমার হৃদয়ে নিহিত হউক। তুমি আমার দক্ষিণ পার্শ্বে সখারূপে অবস্থান কর, অনন্তর আমরা দুইজনে বহুসংখ্যক বৃত্র বধ করিব।

৩। হে সগ্রামেচ্ছুগণ! ইন্দ্র আছেন ইহা যদি সত্য হয়, তবে ইন্দ্রের উদ্দেশে সত্যভূত সোম উচ্চারণ কর। নেম ঋষি বলেন ইন্দ্র নামে কেহ নাই। কে তাহাকে দেখিয়াছে? আমরা কাহাকে স্তুতি করিব (১)।

(১) দেবগণের অস্তিত্ব সম্বন্ধে লোকের মনে কিছু কিছু সন্দেহ ও অবিশ্বাস জন্মিতেছিল, তাহা এই ঋক হইতে অনুমান হয়, পরের দুইটী ঋকে ঋষি ইন্দ্রের উক্তিচ্ছলে সে সন্দেহ ভঞ্জন করিতেছেন।

৪। হে স্তোতা! এই আমি তোমার নিকট আসিয়াছি, আমাকে দর্শন কর; সমস্ত ভুবনকে আমি মহিমাদ্বারা অভিভূত করি। যজ্ঞের প্রদেষ্টৃগণ আমাকে বর্দ্ধিত করে, আমি বিদারণশীল, আমি ভুবন বিদীর্ণ করি।

৫। যখন যজ্ঞাভিলাষিগণ কমনীয় অন্তরিক্ষের পৃষ্ঠে একাকী আসীন আমাকে আরোহণ করাইয়াছিল, তখন তাহাদের মনই আমার হৃদয়ের প্রত্যুত্তর প্রদান করিয়াছিল যে, পুত্রযুক্ত প্রিয় এই ঋষিগণ আমার জন্য ক্রন্দন করিতেছে।

৬। হে মঘবান্ ইন্দ্র! তুমি যজ্ঞে সোমাভিষবকারীর জন্য যাহা করিয়াছ, সেই সমস্ত কার্য্য বলিবার যোগ্য। তুমি পরাবৎনামক শত্রুর যে ধন আছে, তাহা ঋষিবন্ধু শরভের উদ্দেশে প্রভূত পরিমাণে অপাবৃত করিয়াছ।

৭। যে এক্ষণে প্রধাবিত হইতেছে, পৃথক্ থাকিতেছে না, যে তোমাদিগকে আবরণ করিতেছে না, ইন্দ্র তাহার মর্ম্মস্থানে বজ্র পাতিত করিয়াছেন।

৮। মনের ন্যায় বেগবিশিষ্ট, গমনশীল, সুপর্ণ অয়োময় নগর উত্তীর্ণ হইলেন পরে স্বর্গে গমন করতঃ ইন্দ্রের উদ্দেশে সোম আহরণ করিলেন।

৯। যে বজ্র সমুদ্রের মধ্যে শয়ন করে, যে জলে আবৃত, সেই বজ্রের উদ্দেশে সংগ্রামের অগ্রভাগে গমনকারী শত্রুগণ উপহার ধারণ করিতেছে।

১০। দীপ্তিশীল, দেবগণের উন্মাদকর বাক্য যখন জ্ঞানরহিতগণকে জ্ঞান প্রদান করতঃ যজ্ঞে উপবেশন করেন, তখন চারিদিকে অন্ন, জল দোহন করে। উহার যাহা শ্রেষ্ঠ আছে, তাহা কোথায় গমন করিতেছে?

১১। দেবগণ যে দীপ্তিমতী বাক্‌দেবতাকে উৎপাদন করিতেছেন, সর্ব্ব প্রকার পশুগণ সেই বাক্য উচ্চারণ করে। তিনি হর্ষদায়িনী ও অন্ন ও রস-প্রদানকারিণী ধেনুর ন্যায় হইয়া আমাদের স্তুতি গ্রহণ করতঃ আমাদের নিকট আগমন করুন।

১২। সখে বিষ্ণু! তুমি অত্যন্ত পদবিক্ষেপ কর, হে দ্যুলোক! তুমি বজ্রের গতির নিকট অবকাশ প্রদান কর। হে বিষ্ণু! তুমি ও আমি বৃত্রকে বধ করিব, নদী সকলকে লইয়া যাইব, নদী সকল ইন্দ্রের আজ্ঞানুসারে গমন করুক।

১০১ সূক্ত।

পঞ্চমের শেষাংশের ও ষষ্ঠের আদিত্য দেবতা; সপ্তম ও অষ্টমের অশ্বি দেবতা; নবমের ও দশমের বায়ু দেবতা; একাদশ ও দ্বাদশের সূর্য্য দেবতা; ত্রয়োদশের উষা দেবতা; চতুর্দ্দশের পবমান দেবতা; পঞ্চদশ ও ষোড়শের গো দেবতা; অবশিষ্টের দেবতা মিত্র ও বরুণ। ভৃগুগোত্র জমদগ্নি ঋষি।

১। যে হব্যদায়ী যজমানের উদ্দেশে অভিমত সিদ্ধির জন্য মিত্র ও বরুণকে সম্বোধন করে, সেই মনুষ্য সত্যই এই প্রকারে যজ্ঞার্থ হবিঃ সংস্কার করে।

২। অতিশয় বর্দ্ধিতবল, মহাদর্শন নেতা, দীপ্তিমান্, অতিশয় বিদ্বান্, সেই মিত্র ও বরুণদ্বয় বাহুদ্বয়ের ন্যায় সূর্য্যকিরণের সহিত কর্ম্ম লাভ করেন।

৩। হে মিত্র ও বরুণ! যে শীঘ্রগামী তোমাদের অভিমুখে গমন করে, সে দেবগণের দুত হয়, তাহার মস্তক সুবর্ণ ভূষিত হয় এবং সে মদকর ধন লাভ করে।

৪। যে পুনঃ পুনঃ প্রশ্ন করিলেও আনন্দিত হয় না, যে পুনঃ পুনঃ আহ্বান করিলেও আনন্দিত হয় না, কথোপকথনের জন্যও আনন্দিত হয় না, তাহার সংগ্রাম হইতে আমাদিগকে আজি রক্ষা কর, তাহার বাহুদ্বয় হইতে আমাদিগকে রক্ষা কর।

৫। হে যজ্ঞধন! মিত্রের উদ্দেশে সেবার্হ, যজ্ঞগৃহভব স্তোত্র গান কর, অর্য্যমা উদ্দেশে গান কর, বরুণের উদ্দেশে প্রীতি উৎপাদক বাক্য গান কর, মিত্রাদি রাজগণের উদ্দেশে স্তোত্র গান কর।

৬। অরুণবর্ণ, বিজয়সাধন, বাসপ্রদ, তিন জনের এক পুত্রকে দেবগণ প্রেরণ করিতেছেন। অহিংসিত, মরণরহিত দেবগণ মনুষ্যদিগের স্থান সকল দেখিতে পান।

৭। হে একত্র মিলিত নাসত্যদ্বয়! তোমরা আমার উচ্চারিত দীপ্ততম বাক্যে ও কার্য্যে আগমন কর, হব্য ভক্ষণের উদ্দেশে গমন কর।

৮। হে অন্নবিশিষ্ট, ধনযুক্ত অশ্বিদ্বয়! তোমাদের যে রাক্ষসরহিত দান আছে, তাহা যখন আহ্বান করিব, তখন তোমরা জমদগ্নিকর্ত্তৃক স্তুয়মান হইয়া পূর্ব্বমুখী ও স্তুতিবর্দ্ধনকারী নেতাস্বরূপ হইয়া আগমন কর।

৯। হে বায়ু! তুমি আমাদের সুস্তুতিপ্রযুক্ত স্বর্গস্পর্শী যজ্ঞে আগমন কর। পবিত্রের মধ্যে আশ্রিত এই শুভ্রসোম তোমার উদ্দেশে নিয়ত হইয়াছিল।

১০। হে নিধুৎবান্ বায়ু! অধ্বর্য্যু ঋজুতম পথে গমন করিতেছে, তোমার ভক্ষণার্থ হবিঃ লইয়া যাইতেছে, আমাদের উভয় প্রকার অর্থাৎ শুদ্ধ সোম ও গব্যযুক্ত সোম পান কর।

১১। হে সূর্য্য! তুমি সত্যই মহান্, হে আদিত্য! তুমি মহান্, একথা সত্য। তুমি মহান্, তোমার মহিমা স্তুত হইতেছে। হে দেব! তুমি মহান্, একথা সত্য।

১২। হে সূর্য্য! তুমি শ্রবণে মহান্, একথা সত্য। তুমি দেবগণের মধ্যে মহিমায় মহান্, একথা সত্য। তুমি শত্রুবিনাশী, তুমি দেবগণের হিতোপদেষ্টা, তোমার তেজ মহৎ এবং অহিংসণীয়।

১৩। এই যে নিম্নমুখী, স্তুতিমতী, রূপবতী, প্রকাশযুক্তা উষা উৎপাদিত হইয়াছিলেন, তিনি বহুস্থানীয় দশদিকে গমন করতঃ চিত্রিত গাভীর ন্যায় দৃষ্ট হইতেছেন।

১৪। তিন প্রজা অতিক্রমণ করতঃ গমন করিয়াছিল, অন্য প্রজাগণ অর্চ্চনীয় অগ্নির চতুর্দ্দিক আশ্রয় করিয়াছিল। ভুবন মধ্যে আদিত্য মহান্ হইয়া অবস্থিতি করিতেছিলেন, পবমান্, দিক্‌সমূহে প্রবেশ করিলেন।

১৫। যিনি রুদ্রগণের মাতা, বসুগণের দুহিতা, আদিত্যের ভগিনী, অমৃতের আবাসস্থান, হে জনগণ! সেই নির্দ্দোষ অদিতি গো দেবীকে হিংসা করিও না। এই কথা চেতনাবিশিষ্ট জনগণকে বলিয়াছিলাম।

১৬। বাক্যপ্রদায়িনী, বাক্য উচ্চারণকারিণী, সমস্ত বাক্যের সহিত উপস্থিতা, দ্যোতমানা, দেবগণের জন্য আমার পরিচয় বিশিষ্টা গো দেবীকে অল্প বুদ্ধি মনুষ্য পরিবর্জ্জন করে।

১০২ সূক্ত।

অগ্নি দেবতা। এই সূক্তের ভৃগুগোত্রোৎপন্ন প্রয়োগ ঋষি, অথবা বৃহস্পতির পুত্র অগ্নি নামক ঋষি, অথবা সহের পুত্র গৃহপতি ও বশিষ্ঠ নামক ঋষি।

১। হে দ্যোতমান অগ্নি! তুমি কবি, গৃহপতি, যুবা, তুমি হব্যদায়ী যজমানের উদ্দেশে মহা অন্ন প্রদান কর।

২। হে বিশিষ্ট দীপ্তিযুক্ত অগ্নি! তুমি জাত হইয়া আমাদের বাক্যের দ্বারা দেবগণকে আনয়ন কর। আমরা স্তুতি ও পরিচর্য্যা করিতেছি।

৩। হে যুবতম অগ্নি! তুমি অতিশয় ধনপ্রেরক, তোমাকে সহায় লাভ করিয়া আমরা অন্ন লাভার্থ শত্রুগণকে অভিভব করি।

৪। আমি সমুদ্রমধ্যবর্ত্তী শুচি অগ্নিকে, ঔর্ব্ব্য, ভৃগু ও অপ্নবাণের ন্যায় আহ্বান করি।

৫। বাতসদৃশ ধ্বনিবিশিষ্ট, পর্জ্জন্যসদৃশ ক্রন্দনবিশিষ্ট, কবি, বলবান্, সমুদ্রশায়ী অগ্নিকে আহ্বান করি।

৬। সবিতাদেবতার প্রসবের ন্যায়, ভগদেবতার ভোগের ন্যায়, সমুদ্রশায়ী অগ্নিকে আহ্বান করি।

৭। অহিংসনীয়গণের বন্ধু, বলবান্, বর্দ্ধমান ও বহুতম অগ্নিকে, হে ঋত্বিক্‌গণ! তোমরা অভিগমন কর।

৮। এই অগ্নি, আমাদিগের কর্ত্তব্যের রূপ নির্ম্মাণ করেন, আমরা অগ্নির কার্য্যদ্বারা যশোবিশিষ্ট হই।

৯। দেবগণের মধ্যে অগ্নিই মনুষ্যগণের সমস্ত সম্পদ্ লাভ করেন, তিনি অন্নের সহিত আমাদের নিকট আগমন করুন।

১০। হে স্তোতা! সমস্ত হোতৃগণের মধ্যে সর্ব্বাপেক্ষা অধিক যশস্বী যজ্ঞে প্রধান অগ্নিকে এই যজ্ঞে স্তব কর।

১১। দেবগণের মধ্যে প্রধান ও অতিশয় বিদ্বান্ অগ্নি যাজ্ঞিক গণের গৃহে আদীপ্ত হন। পবিত্রকর, দীপ্তিযুক্ত, অনুশয়নকারী অগ্নিকে স্তব কর।

১২। হে মেধাবী! অশ্বের ন্যায় ভোগযোগ্য, বলবান্, মিত্রের ন্যায় নিধনকারী অগ্নিকে স্তব কর।

১৩। হে অগ্নি! যজমানের জন্য স্তুতি সকল ভগিনী সকলের ন্যায় তোমার গুণকীর্ত্তন করতঃ তোমার সেবা করিতেছে, বায়ুর সমীপে তোমাকে অবস্থাপিত করিতেছে।

১৪। যে অগ্নির তিনটী অনাবৃত অবদ্ধ বর্হি আছে, সেই অগ্নিতে জল ও স্থান প্রাপ্ত হয়।

১৫। অভীষ্টবর্ষী ও দ্যুতিমান্ অগ্নির স্থান সুরক্ষিত এবং ভোগযোগ্য, তাঁহার দৃষ্টিও সূর্য্যের ন্যায় মঙ্গলকর।

১৬। হে অগ্নিদেব! দীপ্তিসাধন ঘৃতের নিধানদ্বারা তৃপ্ত হইয়া জ্বালাদ্বারা দেবগণকে আনয়ন কর এবং যজ্ঞ কর।

১৭। হে অঙ্গিরা অগ্নি! দেবগণ মাতৃগণের স্থায় কবি, মরণরহিত, হব্যবাহী ও প্রসিদ্ধ অগ্নিকে উৎপন্ন করিয়াছেন।

১৮। হে কবি অগ্নি! তুমি প্রকৃষ্টবুদ্ধিবিশিষ্ট, বরণীয়, দূতস্বরূপ এবং দেবগণের হব্যবাহী, তোমার চারিদিকে দেবগণ উপবিষ্ট হইলেন।

১৯। হে অগ্নি! আমার গাভী নাই, আমার কাষ্ঠচ্ছেদক পরশু নাই। হে অগ্নি! এই সমস্তই আমি তোমায় দান করিয়াছি।

২০। হে যুবতম অগ্নি! তোমার উদ্দেশে যখন কোন কোন কার্য্য ধারণ করি, তখন সেই সকল পরশু ছিন্ন কাষ্ঠ তুমি সেবা কর।

২১। তোমার জিহ্বা যে কাষ্ঠ সকল ভক্ষণ করে, যে কাষ্ঠ সকলকে তোমার জিহ্বা অতিক্রম করিয়া গমন করে, সে সমস্ত ঘৃতসদৃশ হউক।

২২। মনুষ্য কাষ্ঠদ্বারা অগ্নিকে প্রজ্বালিত করতঃ মনের দ্বারা কর্ম্ম আচরণ করে ও ঋত্বিক্‌গণদ্বারা অগ্নিকে সমিদ্ধ করে।

১০৩ সূক্ত।

অগ্নি ও মরুৎগণ দেবতা। সোভরি ঋষি।

১। যে অগ্নিতে কর্ম্ম সকল আহূত হয়, সর্ব্বাপেক্ষা পথজ্ঞ সেই অগ্নি দৃষ্ট হইলেন। আর্য্যগণের বর্দ্ধনকর অগ্নি প্রাদুর্ভূত হইলে আমাদের স্তুতি বাক্য সকল তাঁহার নিকট গমন করিতেছে।

২। দিবোদাসকর্ত্তৃক আহূত অগ্নি, মাতৃভূত পৃথিবীর অভিমুখে দেবগণের প্রতি হব্য বহন করিতে প্রবৃত্ত হন নাই। দিবোদাস বলের দ্বারা আহ্বান করিলে অগ্নি স্বর্গের সানুপ্রদেশে অবস্থিতি করিলেন।

৩। কর্ত্তব্যকর্ম্মকারী মনুষ্যগণের নিকট ইতর মনুষ্যগণ কম্পিত হয়। অতএব হে জনগণ! এক্ষণে তোমরা সহস্রধনধাতা অগ্নিকে যজ্ঞে কর্ত্তব্যকর্ম্মদ্বারা আপনি পরিচর্য্যা কর।

৪। হে নিবাসপ্রদ অগ্নি! তুমি যাহাকে ধনদানার্থে শিক্ষিত কর, যে তোমায় হব্য প্রদান করে সেই উক্‌থশংসী নিজেই সহস্রপোষক পুত্রলাভ করে।

৫। হে বহুধনবিশিষ্ট অগ্নি! যে তোমার উদ্দেশে হব্য প্রদান করে, সে দৃঢ় শত্রুপুরস্থিত অন্ন অশ্বের দ্বারা হিংসা করে, সে অক্ষীণ অন্নধারণ করে।

আমরাও তোমার উদ্দেশে হব্যদান করতঃ, তুমি দেবতা, তোমাতে স্থিত সর্ব্বপ্রকার ধন ধারণ করিব।

৬। যিনি দেবগণের আহ্বাতা ও আনন্দময়, যিনি জনগণকে ধনপ্রদান করেন, সেই অগ্নির উদ্দেশে মদকর সোমের প্রথম পাত্র সকল গমন করে।

৭। হে দর্শনীয়, লোকপালক অগ্নি! সুন্দর দানবিশিষ্ট, দেবাভিলাষিগণ রথবাহক অশ্বের ন্যায় যে তোমাকে স্তুতিদ্বারা পরিচর্য্যা করে, সেই তুমি, আমাদের পুত্র ও পৌত্রগণকে ধনবান্‌গণের দান প্রদান কর।

৮। হে স্তোতাগণ! তোমরা সর্ব্বপেক্ষা দাতা, যজ্ঞবান্‌, সত্যবান্‌, বৃহৎ, দীপ্ততেজোবিশিষ্ট অগ্নির উদ্দেশে স্তোত্র পাঠ কর।

৯। ধনবান্‌, অন্নবান্‌ অগ্নি সমিদ্ধ ও আহুত হইয়া যশস্কর অন্ন প্রদান করেন, উহার নূতন অনুগ্রহবুদ্ধি অন্নের সহিত বহুবার আমাদের অভিমুখে আগমন করুন।

১০। হে স্তোতা! প্রিয়গণের মধ্যে প্রিয়তম অতিথি ও যজ্ঞার্হ অগ্নিকে স্তব কর।

১১। জ্ঞানযুক্ত, যজ্ঞার্হ যে অগ্নি উদ্গত শ্রুতধন আবর্ত্তিত করেন। কর্ম্ম দ্বারা সংগ্রামাভিলাষী যে অগ্নির জ্বালা নিম্নাভিমুখ সমুদ্র তরঙ্গের ন্যায় দুস্তর, সেই অগ্নিকে স্তব কর।

১২। বাসপ্রদ, অতিথি, অনেকের স্তুত, ও দেবগণের উত্তম আহ্বানকারী, এবং সুযজ্ঞবিশিষ্ট অগ্নি আমাদের বিষয়ে যেন অবরুদ্ধ না হন।

১৩। হে বাসপ্রদ অগ্নি! যে মনুষ্যগণ স্তুতিদ্বারা এবং সুখকর অনুগমনের দ্বারা তোমার পরিচর্য্যা করে, তাহারা যেন হিংসিত না হয়; সুন্দর যজ্ঞবিশিষ্ট, হব্যদায়ী স্তোতাও তোমার দূতকর্ম্মের জন্য উপাসনা করে।

১৪। হে অগ্নি! তুমি মরুৎগণের প্রিয়, আমাদের যাগকর্ম্মে সোম পানার্থ রুদ্রগণের সহিত আগমন কর, সোভরির শোভনস্তুতির নিকট আগমন কর, প্রমত্ত হও।

নবম মণ্ডল।

——:-০-:——

১ সূক্ত।

পবমান সোম দেবতা। বিশ্বামিত্রগোত্রোৎপন্ন মধুচ্ছন্দা ঋষি। (১)

১। হে সোম! তুমি ইন্দ্রের পানার্থে অভিষুত হইয়া স্বাদুতম ও অতিশয় মদকর ধারাতে ক্ষরিত হও।

২। রাক্ষসহন্তা, সকলের দর্শক সোম লৌহদ্বারা পিষ্ট হইয়া দ্রোণকলস-বিশিষ্ট অভিষবন স্থানে উপবিষ্ট হন।

৩। তুমি প্রভূত ধন দান কর, সমস্ত বস্তু দান কর এবং বিশেষরূপে বৃত্র বধ কর; ধনবান্ শত্রুগণের ধন আমাদিগকে দান কর।

৪। তুমি মহান্, দেবগণের যজ্ঞাভিমুখে অন্নের সহিত গমন কর, বল ও অন্ন দান কর।

৫। হে ইন্দু! আমরা তোমার পরিচর্য্যা করি, প্রত্যহ ইহাই আমাদের কার্য্য; আমরা তোমারই উদ্দেশে স্তুতি করি।

৬। সূর্য্যের দুহিতা (২) তোমার ক্ষরণশীল রসকে বিস্তৃত এবং নিত্য দশাপবিত্রদ্বারা পূত করেন।

৭। অভিষবণকালে যজ্ঞে ভগিনীভূত দশ অঙ্গুলিরূপ স্ত্রীগণ সেই সোমকেই গ্রহণ করে।

৮। অঙ্গুলিগণ তাঁহাকেই প্রেরণ করে, চর্ম্মের ন্যায় দীপ্তিমান্ সেই সোমকে অভিষব করে; ঐ সোমাত্মক মধু তিন স্থানে থাকে এবং শত্রুগণের প্রতিবন্ধকতা করে।

---

(১) অঙ্গিরা বা তদ্বংশীয়গণ নবম মণ্ডলের ঋষি। সমস্ত নবম মণ্ডলে কেবল সোম দেবের অর্চনা। সামবেদের তৃতীয়াংশ এই ঋগ্বেদে নবম মণ্ডল হইতে গৃহীত। তৎকালে লোকে সোমলতা প্রস্তরে নিষ্পীড়িত করিয়া পরে দশ অঙ্গুলিদ্বারা চটকাইয়া রস বাহির করিত। পরে মেষ লোমের ছাঁকনি দ্বারা ছাঁকিয়া পাত্রে রাখিত, এবং "সিদ্ধির" ন্যায় দুগ্ধ প্রভৃতির সহিত মিশ্রিত করিয়া পান করিত।

(২) শ্রদ্ধাদেবী। সায়ণ। কিন্তু সূর্য্যাদুহিতার সোমের সহিত বিবাহ সম্বন্ধে ১।১১৬।১৭ ঋকের টীকা দেখ।

৯। অবধ্য ধেনুগণ এই বালক সোমকে ইন্দ্রের পানার্থে দুগ্ধের দ্বারা সংস্কৃত করে।

১০। শূর ইন্দ্র এই সোমপানে মত্ত হইয়া সমস্ত শত্রু বিনাশ করেন এবং যজমানগণকে ধন দান করেন।

২ সূক্ত।

পবমান সোম দেবতা। মেধাতিথি ঋষি।

১। হে সোম! তুমি দেবাভিলাষী হইয়া বেগে পবিত্রভাবে ক্ষরিত হও, হে অভীষ্টবর্ষী ইন্দ্র! তুমি সোম মধ্যে প্রবেশ কর।

২। হে সোম! তুমি মহান্, অভীষ্টবর্ষী, অত্যন্ত যশস্বী এবং ধারক, তুমি পানীয় প্রেরণ কর, স্বস্থানে উপবেশন কর।

৩। অভিষুত, অভিলষিতপ্রদ সোমের ধারা প্রিয় মধু দোহন করে, সুকর্ম্মা সোম জল আচ্ছাদন করে।

৪। যখন তুমি গব্যের দ্বারা আচ্ছাদিত হও তখন হে মহান্ সোম! তোমার অভিমুখে ক্ষরণশীল মহৎজল গমন করে।

৫। সোম হইতে রস উৎপন্ন হয়, তিনি স্বর্গ ধারণ করেন, তিনি জগৎ স্তম্ভিত করেন, তিনি আমাদের কামনা করেন এবং জল মধ্যে সংস্কৃত হন।

৬। অভীষ্টবর্ষী, হরিতবর্ণ, মহান্ এবং মিত্রের ন্যায় দর্শনীয় সোম শব্দ করেন এবং সূর্য্যের সহিত প্রদীপ্ত হন।

৭। হে ইন্দু! মত্ততার জন্য তুমি যাহার দ্বারা অলঙ্কৃত হও, সেই কর্ম্মেচ্ছাসম্বন্ধীয় স্তুতি তোমার বলপ্রভাবে সংশোধিত হয়।

৮। তোমার প্রশংসা মহতী, তুমি শত্রুঘর্ষণশীল যজমানের জন্য উত্তমলোক সৃষ্টি করিয়া থাক, আমরা তোমার নিকট মত্ততা যাচ্ঞা করি।

৯। হে ইন্দু! তুমি ইন্দ্রাভিলাষী হইয়া বর্ষণশীল মেঘের ন্যায় মধুধারাতে আমাদের অভিমুখে ক্ষরিত হও।

১০। হে ইন্দু! তুমি যজ্ঞের পুরাতন আত্মা, তুমি গো, পুত্র, অশ্ব ও অন্ন দান কর।

৩ সূক্ত।

পবমান সোম দেবতা। শুনঃশেফ ঋষি।

১। মরণরহিত এই সোমদেব দ্রোণকলসাভিমুখে উপবিষ্ট হইবার জন্য পক্ষীর ন্যায় গমন করিতেছেন।

২। অঙ্গুলিদ্বারা অভিষুত এই সোমদেব ক্ষরিত ও অভিষুত হইয়া গমন করেন।

৩। যজ্ঞাভিলাষী স্তোতাগণ ক্ষরণশীল এই সোমদেবকে অশ্বের ন্যায় সংগ্রামার্থে অলঙ্কৃত করেন।

৪। ক্ষরণশীল এই বীর সোম স্ববলে গমনকারীর ন্যায় সমস্ত ধন বিভাগ করিতে ইচ্ছা করেন।

৫। এই ক্ষরণশীল সোমদেব রথ কামনা করেন, অভিলাষ প্রদান করেন এবং শব্দ করেন।

৬। মেধাবিগণ এই সোমের স্তব করিলে, ইনি হব্যদাতাকে রত্নদান করতঃ জল মধ্যে প্রবেশ করেন।

৭। ক্ষরণশীল এই সোম শব্দ করিয়া ও লোকসমূহকে পরাভূত করিয়া স্বর্গে গমন করেন।

৮। ক্ষরণশীল এই সোম সুন্দর যজ্ঞবিশিষ্ট ও অহিংসিত হইয়া লোক-সমূহকে পরাভূত করতঃ স্বর্গে গমন করেন।

৯। হরিদ্বর্ণ এই সোমদেব পুরাতন জন্মদ্বারা দেবার্থে অভিষুত হইয়া দশাপবিত্রে গমন করেন।

১০। এই বহুকর্ম্মা সোমই জাতমাত্র অন্ন: উৎপাদন করিয়া ও অভিষুত হইয়া ধারারূপে ক্ষরিত হন।

---

৪ সূক্ত

পবমান সোম দেবতা। অঙ্গিরাকুলোৎপন্ন হিরণ্যস্তূপ ঋষি।

১। হে মহৎ অন্নভূত পবমান সোম! ভজনা কর, জয় কর, অনন্তর আমাদের মঙ্গল বিধান কর।

২। হে সোম! জ্যোতিঃ দান কর, স্বর্গ দান কর এবং সমস্ত সৌভাগ্য দান কর, অনন্তর আমাদের মঙ্গল বিধান কর।

৩। হে সোম! বল এবং কর্ম্ম দান কর, হিংসকগণকে বধ কর, অনন্তর আমাদের মঙ্গল বিধান কর।

৪। হে সোমাভিষবকারিগণ! তোমরা ইন্দ্রের পানার্থে সোম অভিষব কর, অনন্তর আমাদের মঙ্গল বিধান কর।

৫। হে সোম! তুমি তোমার কর্ম্ম ও রক্ষাদ্বারা আমাদিগকে সূর্য্য লাভ করাও, অনন্তর আমাদের মঙ্গল বিধান কর।

৬। আমরা তোমার কর্ম্ম এবং রক্ষাদ্বারা চিরকাল সূর্য্য দর্শন করিব, অনন্তর আমাদের মঙ্গল বিধান কর।

৭। হে শোভনাস্ত্রবিশিষ্ট সোম! তুমি স্বর্গ ও পৃথিবীতে বৃদ্ধিপ্রাপ্ত ধন দান কর, অনন্তর আমাদের মঙ্গল বিধান কর।

৮। সংগ্রামে তুমি নিজে আহত হও না, শত্রুগণকে অভিভব করিয়া থাক, তুমি ধন দান কর, অনন্তর আমাদের মঙ্গল বিধান কর।

৯। হে ক্ষরণশীল সোম! যজমানগণ বিধারণার্থে তোমাকে যজ্ঞে বর্দ্ধিত করে, অনন্তর আমাদের মঙ্গল বিধান কর।

১০। হে ইন্দু! তুমি আমাদিগকে নানাবিধ অশ্ববান্, সর্ব্বগামী ধন দান কর।

৫ সূক্ত।

আপ্রী দেবতা। কশ্যপগোত্রোৎপন্ন অসিত, অথবা দেবল ঋষি।

১। সমিদ্ধ, সকলের পতি, অভীষ্টবর্ষী, পবমান (১) সোম শব্দ করিয়া ও দেবগণকে প্রীতি করিয়া বিরাজিত হন।

২। জলের পৌত্র পবমান সোম উন্নত প্রদেশে তীক্ষ্ণ হইয়া ও অন্তরিক্ষে প্রদীপ্ত হইয়া গমন করেন।

৩। স্তুতিযোগ্য, অভীষ্টদাতা, দীপ্তিমান্, পবমান সোম মধুধারার সহিত তেজোবলে বিরাজিত হন।

(১) ক্ষরণশীল।

৪। হরিতবর্ণ সোমদেব যজ্ঞে পূর্ব্বাগ্র বর্হি বিস্তার করতঃ তেজোবলে আগমন করেন।

৫। হিরণ্ময়ী দ্বারদেবীগণ পবমান সোমের সহিত স্তুত হইয়া বৃহৎ দিক্‌-সমূহে উদ্গমন করেন।

৬। সম্প্রতি পবমান সোম সুরূপা, বৃহতী, মহতী, দর্শনীয়া, দিবা রাত্রিকে কামনা করিতেছেন।

৭। মনুষ্যগণের দর্শক, দেবগণের হোতা, দেবদ্বয়কে আহ্বান করি। পবমান সোম ইন্দ্র(২) এবং অভীষ্টবর্ষী।

৮। ভারতী, সরস্বতী এবং মহতী ইলানামক তিন জন সুরূপা দেবী আমাদের এই সোমযজ্ঞে আগমন করুন।

৯। অগ্রজাত, প্রজাপালক, পুরোগামী ত্বষ্টাকে আহ্বান করি, হরিদ্বর্ণ পবমান সোম:ইন্দ্র, কামবর্ষী এবং প্রজাপতি।

১০। হে পবমান সোম! হরিদ্বর্ণ, হিরণ্যবর্ণ, দীপ্তিমান্, সহস্রশাখাবিশিষ্ট বনস্পতিকে মধুধারাদ্বারা সংস্কৃত কর।

১১। হে বিশ্বদেবগণ! বায়ু, বৃহস্পতি, সূর্য্য, অগ্নি, এবং ইন্দ্র তোমরা সকলে মিলিত হইয়া সোমের স্বাহা শব্দের নিকট আগমন কর।

৬ সূক্ত।

পবমান সোম দেবতা। কশ্যপগোত্রোৎপন্ন অসিত, অথবা দেবল ঋষি।

১। হে সোম! তুমি অভীষ্টবর্ষী ও দেবাভিলাষী, তুমি আমাদিগকে অভিলাষ করিয়া থাক। তুমি আমাদের রক্ষা কর এবং দশাপবিত্রে মধুধারায় ক্ষরিত হও।

২। হে সোম! যেহেতু তুমি স্বামী, অতএব মদকর সোম বর্ষণ কর, বলবান্ অশ্ব প্রদান কর।

৩। তুমি অভিষুত হইয়া সেই পুরাতন মদকর রস দশাপবিত্রে প্রেরণ কর, বল এবং অন্ন প্রেরণ কর।

---

(২) দীপ্ত।

৪। জল যেরূপ নিম্নদিকে গমন করে, সেইরূপ দ্রুতগতি, ক্ষরণশীল সোম ইন্দ্রের অনুসরণ করে এবং তাঁহাকে ব্যাপ্ত করে।

৫। দশ অঙ্গুলিরূপ স্ত্রীগণ দশাপবিত্রকে অতিক্রম করিয়া অরণ্যে ক্রীড়াকারী বলবান্ অশ্বের ন্যায় যে সোমের পরিচর্য্যা করে।

৬। দেবগণ পান করিয়া মত্ত হইবেন বলিয়া অভিষুত এবং অভীষ্টবর্ষী সেই সোমরসে সংগ্রামার্থে গব্য মিশ্রিত কর।

৭। ইন্দ্রদেবের জন্য অভিষুত সোমদেব ধারারূপে ক্ষরিত হন, যেহেতু ইহার পয়ঃ আপ্যায়িত করে।

৮। যজ্ঞের আত্মা অভিষুত সোম অভিলাষ প্রদান করিয়া বেগে ক্ষরিত হন এবং পুরাতন কবিত্ব রক্ষা করেন।

৯। হে মদকর সোম! তুমি ইন্দ্রাভিলাষী হইয়া তাঁহার পানার্থে ক্ষরিত হইয়া যজ্ঞশালায় শব্দ উৎপন্ন কর।

৭ সূক্ত।

পবমান সোম দেবতা। অসিত, অথবা দেবল ঋষি।

১। সুন্দর শ্রীবিশিষ্ট সোমের সম্বন্ধি৺ সোমসমূহ যজ্ঞে সত্য পথে সৃষ্ট হইতেছেন।

২। সোম হব্যের মধ্যে স্তুতিযোগ্য হব্য, তিনি মহৎ জলে বিগাহন করিতেছেন। সেই সোমের শ্রেষ্ঠ ধারাসমূহ পতিত হইতেছে।

৩। অভীষ্টবর্ষী, সত্যভূত, হিংসাবর্জ্জিত, প্রধান সোম যজ্ঞগৃহাভিমুখে জলযুক্ত শব্দ করিতেছেন।

৪। কবি সোম ধন গ্রহণ করতঃ যখন স্তোত্র অবগত হন, তখন স্বর্গে বলবান্ ইন্দ্র বল প্রকাশ করেন।

৫। যখন কর্ম্মকর্ত্তাগণ এই সোম প্রেরণ করেন, তখন পবমান সোম রাজার ন্যায় যজ্ঞবিঘ্নকারী মনুষ্যগণের অভিমুখে গমন করে।

৬। হরিদ্বর্ণ প্রিয় সোম জল সম্পৃক্ত হইয়া মেষলোমোপরি উপবেশন করেন এবং শব্দ করতঃ স্তুতি সেবা করেন।

৭। যে এই সোমের কর্ম্মে প্রীত হয়, সে মদমত্ত বায়ু, ইন্দ্র ও অশ্বিদ্বয়কে প্রাপ্ত হয়।

৮। যাহাদের সোমের তরঙ্গ মিত্র ও বরুণ ও ভগদেবের অভিমুখে ক্ষরিত হয়, তাহারা এই সোমকে বিদিত হইয়া সুখ লাভ করে।

৯। হে দ্যাবাপৃথিবি! তোমরা মদকর সোমরূপ অন্ন লাভার্থে আমাদিগকে ধন, অন্ন ও বসু দান কর।

৮ সূক্ত।

পবমান সোম দেবতা। অসিত, অথবা দেবল ঋষি।

১। এই সোমসমূহ ইন্দ্রের বীর্য্য বর্দ্ধিত করিয়া তাঁহার অভিলষণীয় ও প্রীতিকর রস বর্ষণ করেন।

২। সেই সোম অভিষুত হইতেছে, চমষ মধ্যে আহ্বান করিতেছে এবং বায়ুও অশ্বিদ্বয়ের নিকট গমন করিতেছেন। উহা আমাদিগকে সুবীর্য্য দান করুন্।

৩। হে সোম! তুমি অভিষুত ও মনোজ্ঞ হইয়া ইন্দ্রের আরাধনার্থে যজ্ঞস্থানে উপবেশন কর এবং ইন্দ্রকে প্রেরণ কর।

৪। দশ অঙ্গুলি তোমার পরিচর্য্যা করে, সাত জন হোতা তোমাকে প্রীত করে, মেধাবিগণ তোমাকে প্রমত্ত করে।

৫। তুমি মেষলোম ও উদকে সৃষ্ট হইয়া থাক, আমরা দেবগণের মদার্থে তোমাকে গব্যদ্বারা মিশ্রিত করিব।

৬। অভিষুত ও কলস মধ্যে নিষিক্ত দীপ্তিমান্ হরিদ্বর্ণ সোম বস্ত্রের ন্যায় গব্যসমূহকে আচ্ছাদিত করিতেছে।

৭। হে সোম! আমরা ধনবান্, তুমি আমাদের অভিমুখে ক্ষরিত হও, সমস্ত শত্রুর বিনাশ কর, সখা ইন্দ্রকে লাভ কর।

৮। হে সোম! তুমি দ্যুলোক হইতে পৃথিবীর উপরে বৃষ্টি বর্ষণ কর, ধন উৎপাদন কর, সংগ্রামে আমাদের বাস দান কর।

৯। তুমি নেতাগণের দর্শক এবং সর্ব্বজ্ঞ, ইন্দ্র পান করিলে আমরা তোমায় পান করি, আমরা যেন সন্তান ও অন্ন লাভ করি।

৯ সূক্ত।

পবমান সোম দেবতা। অসিত, অথবা দেবল ঋষি।

১। কবিপ্রাস্তদর্শী সোম অভিষবণ প্রস্তরে নিহিত এবং অভিষুত হইয়া দ্যুলোকের অত্যন্ত প্রিয় পক্ষিগণের নিকট গমন করে।

২। তুমি তোমার নিবাসভূত, দ্রোহরহিত, স্তুতিকারী, মনুষ্যের ভক্ষণের জন্য পর্য্যাপ্ত, তুমি অন্নবিশিষ্ট ধারাদ্বারা আগমন কর।

৩। জাতবিশুদ্ধ, মহান্ সেই পুত্র মহতী ও যজ্ঞের বর্দ্ধয়িত্রী ও জনয়ত্রী ও মাতৃভূতা দ্যাবাপৃথিবীকে প্রদীপ্ত করেন।

৪। নদীগণ একমাত্র যে সোমকে অক্ষীণরূপে বর্দ্ধিত করে, সেই সোম অঙ্গুলিদ্বারা নিহিত হইয়া দ্রোহরহিত সপ্ত নদীকে প্রীত করেন।

৫। হে ইন্দ্র! তোমার কর্ম্ম সেই অঙ্গুলিগণ অহিংসিত, বিদ্যমান্ সোমকে মহৎ কর্ম্মের জন্য ধারণ করে।

৬। বাহক, মরণরহিত দেবগণের তৃপ্তিকর সোম সপ্ত নদী দর্শন করেন, তিনি কূপরূপে পরিপূর্ণ হইয়া নদীগণকে তৃপ্ত করেন।

৭। হে পুরুষ সোম! কল্পনীয় দিবসে আমাদিগকে রক্ষা কর, হে পবমান সোম! যে সকল রাক্ষসের সহিত যুদ্ধ করা উচিত, তাহাদিগকে বিনাশ কর।

৮। হে সোম! তুমি নব্য ও স্তুতিযোগ্য সূক্তের জন্য শীঘ্র যজ্ঞপথে আগমন কর এবং পূর্ব্বের ন্যায় দীপ্তি প্রকাশ কর।

৯। হে শোধনকালীন সোম! তুমি পুত্রযুক্ত, মহৎ অন্ন, গাভী ও অশ্ব আমাদিগকে দান করিয়া থাক। তুমি দান কর, আমাদের অভিলাষ প্রদান কর।

১০ সূক্ত।

পবমান সোম দেবতা। অসিত, অথবা দেবল ঋষি।

১। রথের এবং অশ্বের ন্যায় শব্দকারী সোম অন্ন ইচ্ছা করতঃ যজমানের ধনের জন্য আগমন করিয়াছেন।

২। সোম রথের ন্যায় যজ্ঞাভিমুখে গমন করেন, ভারবাহী যেরূপ বাহুতে ভার ধারণ করে, সেই রূপ ঋত্বিক্‌গণ বাহুতে তাঁহাকে ধারণ করেন।

৩। স্তুতিদ্বারা রাজা যেরূপ তুষ্ট হয়েন এবং সপ্ত হোতাদ্বারা যজ্ঞ যেরূপ সংস্কৃত হয়, সেইরূপ গব্যের দ্বারা সোম সংস্কৃত হয়।

৪। অভিযুত সোম মহতী স্তুতিদ্বারা অভিযুত হইয়া মত্ত করিবার জন্য ধারারূপে গমন করেন।

৫। ইন্দ্রের আপানভূত, উষার ভাগ্য উৎপাদনকারী স্বর সোম শব্দ করিতেছেন।

৬। স্তুতিকারী, পুরাতন, অভীষ্টবর্ষী সোমের আহারকারী মনুষ্যগণ যজ্ঞের দ্বার উদ্ঘাটন করিতেছেন।

৭। সমীচীন সপ্তবন্ধুসদৃশ একমাত্র সোমের স্থান পূরণকারী সপ্তহোত যজ্ঞে উপবেশন করেন।

৮। আমি যজ্ঞের নাভিভূত, সোমকে আমাদের নাভিদেশে গ্রহণ করি, চক্ষু সূর্য্যে সঙ্গত হয়। আমি কবি সোমের অংশু আপূরিত করিব।

৯। গমনশীল, দীপ্ত ইন্দ্র আপনার প্রিয় পদার্থ হৃদয়ে নিহিত সোমকেও চক্ষে দেখিতে পান।

১১ সূক্ত।

পবমান সোম দেবতা। অসিত, অথবা দেবল ঋষি।

১। হে নেতাগণ! এই ক্ষরণশীল সোম দেবগণকে যাগ করিতে অভিলাষী, ইহার উদ্দেশে গান কর।

২। হে সোম! অথর্ব্বা ঋষিগণ তোমার দীপ্তিবিশিষ্ট দেবাভিলাষী রসকে ইন্দ্র দেবের জন্য গোদুগ্ধে সংস্কৃত করিয়াছেন।

৩। হে রাজা! তুমি আমাদের গাভীর জন্য সুখে ক্ষরিত হও, পুত্রাদির জন্য সুখে ক্ষরিত হও, অশ্বের জন্য সুখে ক্ষরিত হও, ওষধিগণের জন্য সুখে ক্ষরিত হও।

৪। তোমরা, বভ্রুবর্ণ, স্ববলভূত, অরুণবর্ণ, স্বর্গস্পৃক্ সোমের উদ্দেশে শীঘ্র গাথা উচ্চারণ কর।

৫। হস্তস্থিত অভিষব প্রস্তরদ্বারা অভিযুত সোম পূত কর, মদকর সোমে গোদুগ্ধ প্রক্ষেপ কর।

৬। নমস্কারের সহিত তাঁহার নিকট গমন কর, দধিমিশ্রিত কর, ইন্দ্রের উদ্দেশে সোম প্রদান কর।

৭। হে সোম! তুমি শত্রুবিনাশক, বিচক্ষণ ও দেবগণের অভিলাষপ্রদ, তুমি আমাদের গাভীর জন্য সুখে ক্ষরিত হও।

৮। হে সোম! তুমি মনোজ্ঞ ও মনের ঈশ্বর, ইন্দ্র পান করিয়া মত্ত হইবেন বলিয়া তুমি পরিষিক্ত হইয়া থাক।

৯। হে ক্লেদবিশিষ্ট পবমান সোম! তুমি ইন্দ্রের সহিত আমাদিগকে সুন্দর বীর্য্যযুক্ত ধন দান কর।

---

১২ সূক্ত।

পবমান সোম দেবতা। অসিত, অথবা দেবল ঋষি।

১। অভিষুত, অত্যন্ত মধুর সোম ইন্দ্রের জন্য যজ্ঞগৃহে প্রস্তুত হইতেছে।

২। মাতা গাভীগণ যেরূপ বৎসের অভিমুখে শব্দ করে, সেইরূপ মেধাবিগণ সোম পানের জন্য ইন্দ্রের অভিমুখে শব্দ করে।

৩। মদস্রাবী সোম নদীতরঙ্গস্থলে বাস করেন, বিদ্বান্ সোম মাধ্যমিক বাক্যে আশ্রয় গ্রহণ করেন।

৪। সুকর্ম্মা, কবি, বিচক্ষণ সোম, অন্তরিক্ষের নাভিস্বরূপ মেষলোমে পূজিত হন।

৫। যে সোম কুম্ভে আছেন এবং দশাপবিত্র মধ্যে নিহিত আছেন, সেই সোম মধ্যে সোমদেব প্রবেশ করেন।

৬। সোম মদস্রাবী মেঘকে প্রীত করতঃ অন্তরিক্ষের স্তম্ভনকর স্থানে বাক্য উচ্চারণ করেন।

৭। নিত্য স্তোত্রবিশিষ্ট, ক্ষীর প্রসবকারী বনস্পতি সোম মনুষ্যগণের জন্য একদিন কর্ম্মমধ্যে প্রীতভাবে বাস করেন।

৮। কবি সোম দ্যুলোক হইতে প্রেরিত হইয়া মেধাবিগণের ধারারূপে প্রিয় স্থানে গমন করেন।

৯। হে পবমান সোম! তুমি আমাদিগকে বহু দীপ্তিবিশিষ্ট, সুন্দর গৃহবিশিষ্ট ধন দান কর।

---

১৩ সূক্ত ।

সোম দেবতা। অসিত, অথবা দেবল ঋষি।

১। অপরিমিত, ধারাবিশিষ্ট, পাবক সোম দশাপবিত্র অতিক্রম করিয়া বায়ু ও ইন্দ্রের পানার্থ সংস্কৃত পাত্রে গমন করিতেছে।

২। হে রক্ষাভিলাষিগণ! তোমরা পবমান বিপ্র এবং দেবগণের পানার্থ অভিষুত সোমের উদ্দেশে গমন কর।

৩। বহু বলপ্রদ, স্তূয়মান সোম যজ্ঞসিদ্ধি ও অন্ন লাভের জন্য ক্ষরিত হইতেছে।

৪। হে সোম! আমাদের অন্ন লাভের জন্য দীপ্তিমতী এবং সুবীর্য্যসম্পন্না মহতী রসধারা বর্ষণ কর।

৫। সেই অভিষুত সোমদেব আমাদের সহস্র ধন ও সুবীর্য্য দান করুন।

৬। সংগ্রামে প্রেরিত অশ্বের ন্যায় প্রেরকগণকর্ত্তৃক প্রেরিত হইয়া শীঘ্রগামী সোম অন্ন লাভের জন্য দশাপবিত্র অতিক্রম করিয়া চলিয়া যাইতেছেন।

৭। ধেনুগণ যেরূপ শব্দ করিয়া গাভীর অভিমুখে গমন করে, সোম সেইরূপ শব্দ করিয়া পাত্রের অভিমুখে গমন করেন। ঋত্বিক্‌গণ হস্তে উহা গ্রহণ করেন।

৮। সোম ইন্দ্রের প্রিয় ও মদকর। হে পবমান সোম! তুমি শব্দ করিয়া সমস্ত শত্রু বিনাশ কর।

৯। হে পবমান, শত্রুহিংসক সর্ব্বদর্শী, সোমগণ! তোমরা যজ্ঞস্থানে উপবেশন কর।

---

১৪ সূক্ত।

সোম দেবতা। অসিত, অথবা দেবল ঋষি।

১। নদীতরঙ্গে, অধিমিশ্রিত কবি সোম অনেকের স্পৃহণীয় শব্দ উচ্চারণ করিয়া ক্ষরিত হইতেছেন।

২। বন্ধুভূত পঞ্চ জনপদের মনুষ্য কর্ম্মাভিলাষে যখন ধারক সোমকে স্তুতি দ্বারা অলঙ্কৃত করে।

৩। তখন, সোম গো দুগ্ধে মিশ্রিত হইলে সমস্ত দেবগণ বলবান্ সোম-রসে প্রমত্ত হয়।

৪। সোম দশাপবিত্র বস্ত্রেরদ্বারা পরিত্যাগ করিয়া অধোদেশে ধাবিত হন, এই যজ্ঞে সখা ইন্দ্রের সহিত সঙ্গত হন।

৫। যুবা অশ্বিকে যেরূপ মার্জ্জিত করে, সেইরূপ সোম গব্যের সহিত আপন শরীর মিশ্রিত করতঃ পরিচর্য্যাকারীর পৌত্রস্থানীয় অঙ্গুলিসমূহদ্বারা মার্জ্জিত হইতেছেন।

৬। অঙ্গুলিদ্বারা অভিষুত সোম গব্যের সহিত মিশ্রিত হইবার জন্য তদভিমুখে গমন করিতেছেন এবং শব্দ করিতেছেন। আমি উহাকে লাভ করিব।

৭। অঙ্গুলিসকল মার্জ্জনা করতঃ অন্নপতি সোমের সহিত মিলিত হইতেছে, এবং বলবান্ সোমের পৃষ্ঠে আরোহণ করিল।

৮। হে সোম! তুমি স্বর্গীয় ও পার্থিব সমস্ত ধন গ্রহণ করতঃ আমাদিগকে কামনা করিয়া গমন কর।

১৫ সূক্ত।

সোম দেবতা। অসিত, অথবা দেবল ঋষি।

১। এই বিক্রান্ত সোম অঙ্গুলিদ্বারা অভিষুত হইয়া কর্ম্মবলে শীঘ্রগামী রথের সাহায্যে ইন্দ্রের নির্ম্মিত স্বর্গ স্থানে গমন করিতেছেন।

২। যে বৃহৎ যজ্ঞে দেবগণ বাস করেন, সেই যজ্ঞে সোম বহুল কর্ম্ম ইচ্ছা করেন।

৩। এই সোম হবির্ধানে আহিত হইয়া, নীত হইয়া আহ্বনীয়দেশে যখন মধ্যবর্ত্তী শোভাযুক্ত পথে প্রদত্ত হয়েন, তখন অধ্বর্য্যুগণও নীত হয়।

৪। এই সোম শৃঙ্গ কম্পিত করেন। উহাঁর শৃঙ্গযূথপতি বৃষভের ন্যায় তীক্ষ্ণ, ইনি বলপ্রযুক্ত আমাদের জন্য ধন ধারণ করেন।

৫। এই বেগবান্ শুভ্র লতাবিশিষ্ট সোম স্যন্দমান রসের পতি হইয়া গমন করেন।

৬। এই সোম আচ্ছাদক, পীড়িত রাক্ষসগণকে পর্ব্বতদ্বারা অতিক্রম করতঃ তাহাদিগকে অবগত হইতেছেন।

৭। মনুষ্যগণ এই মার্জ্জনীয় সোমকে দ্রোণকলসে নিষ্পীড়িত করিতেছে, ইনি প্রভূতরস প্রদান করিতেছেন।

৮। দশটী অঙ্গুলি ও সাত জন ঋত্বিক্ উত্তম অস্ত্রবিশিষ্ট ও মদক সোমকে মার্জ্জিত করিতেছেন।

১৬ সূক্ত।

সোম দেবতা। অসিত, অথবা দেবল ঋষি।

১। হে সোম! অভিশাপকারিগণ দ্যাবাপৃথিবীর মধ্যে শক্রপরাভবকর মত্ততার জন্য উৎপাদিত হইয়া অশ্বের ন্যায় গমন করিতেছে।

২। আমরা বলের নেতা, জলের আচ্ছাদক, অন্নের সহিত বর্ত্তমান সোমকে কর্ম্মের দ্বারা অঙ্গুলিসমূহে মিলিত করিতেছি।

৩। শক্রগণকর্ত্তৃক অপ্রাপ্ত, অন্তরিক্ষে বর্ত্তমান, অন্যের অনভিভবনীয় সোমকে দশাপবিত্রে নিক্ষেপ কর, ইন্দ্রের পানার্থ শোধিত কর।

৪। স্তুতিদ্বারা পূত পদার্থসমূহের মধ্যে সোম দশাপবিত্রে গমন করিতেছেন ও পরে কর্ম্মবলে দ্রোণকলসে উপবেশন করিতেছেন।

৫। হে ইন্দ্র! নমস্কারযুক্ত স্তোত্রের সহিত সোম সকল বলকর হইয়া মহাসংগ্রামার্থ তোমার নিকট গমন করিতেছেন।

৬। যে লোমযুক্ত বস্ত্রে শোধিত, সমস্ত শোভাযুক্ত গোসমূহ লাভার্থ সোম বীরের ন্যায় বর্ত্তমান রহিয়াছেন।

৭। অন্তরিক্ষ হইতে উর্দ্ধে অবস্থিত জল যেরূপ নিম্নে পতিত হয়, সেইরূপ বলকারক অভিষুত সোমের স্ফীতধারা পবিত্রে পতিত হইতেছে।

৮। হে সোম! তুমি পণ্ডিত স্তোতাকে মনুষ্যগণের মধ্যে রক্ষা কর, তুমি বস্ত্রের দ্বারা শোধিত হইয়া মেষলোমের প্রতি ধাবমান হও।

১৭ সূক্ত।

সোম দেবতা। অসিত, অথবা দেবল ঋষি।

১। নদীগণ যেরূপ নিম্নপ্রদেশে গমন করে, সেইরূপ শক্রবিনাশক, শীঘ্রগামী ব্যাপ্ত সোম দ্রোণকলসের অভিমুখে গমন করিতেছেন।

২। অভিষুত সোম, বৃষ্টি যেরূপ পৃথিবীতে পতিত হয়, সেইরূপ ইন্দ্রের প্রীতির জন্য ক্ষরিত হইতেছেন।

৩। অত্যন্ত প্রবৃদ্ধ, মদকর, মদাত্মক সোম, রাক্ষস সকলকে বিনাশ করতঃ দেবাভিলাষী হইয়া পবিত্রে গমন করিতেছেন।

৪। সোম কলসে যাইতেছেন, পবিত্রে সিক্ত হইতেছেন এবং উক্‌থমন্ত্রদ্বারা বর্দ্ধিত হইতেছেন।

৫। হে সোম! তুমি লোকত্রয় অতিক্রম করিয়া উঠিয়া স্বর্গকে প্রকাশিত করিতেছ এবং গমনশীল হইয়া সূর্য্যকে প্রেরিত করিতেছ।

৬। মেধাবিগণ পরিচর্য্যাকারী ও সোমের প্রিয়কারী হইয়া যজ্ঞের মস্তকে সোমের স্তব করিতেছেন।

৭। হে সোম! নেতা মেধাবিগণ অন্নাভিলাষী হইয়া কর্ম্মদ্বারা যজ্ঞার্থ সেই তোমাকেই শোধিত করিতেছেন।

৮। হে সোম! তুমি মধুর ধারাভিমুখে প্রবাহিত হও, তীব্র হইয়া অভিষব স্থানে উপবেশন কর এবং মনোহর হইয়া যজ্ঞে পানার্থ উপবেশন কর।

---

১৮ সূক্ত।

সোম দেবতা। অসিত, অথবা দেবল ঋষি।

১। এই সোম সবনকালে প্রস্তরে অবস্থিত। তিনি পবিত্রে ক্ষরিত হন। তুমি মাদক পদার্থের মধ্যে সকলের ধারক।

২। হে সোম! তুমি মেধাবী, তুমি কবি, তুমি অন্ন হইতে সঞ্জাত মধুররস প্রদান কর। তুমি মাদক পদার্থের মধ্যে সকলের ধারক।

৩। সমস্ত দেবগণ সমান প্রীতিযুক্ত হইয়া তোমাকে পান করেন, তুমি মাদক পদার্থের মধ্যে সকলের ধারক।

৪। তিনি সমস্ত বরণীয় ধন হস্তদ্বারা ধারণ করেন। তুমি মাদক পদার্থের মধ্যে সকলের ধারক।

৫। তিনি মাতৃদ্বয়ের ন্যায় মহতী দ্যাবাপৃথিবীকে দোহন করেন। তুমি মাদক পদার্থের মধ্যে সকলের ধারক।

৬। তিনি অন্নদ্বারা তৎক্ষণাৎ উভয় পৃথিবীকে ব্যাপ্ত করেন। তুমি মাদক পদার্থের মধ্যে সকলের ধারক।

৭। তিনি বলবান্, তিনি শোধিত হইবার সময় কলসের মধ্যে শব্দ করেন। তুমি মাদক পদার্থের মধ্যে সকলের ধারক।

১৯ সূক্ত।

সোম দেবতা। অসিত, অথবা দেবল ঋষি।

১। যে কিছু স্তুতিযোগ্য, পার্থিব ও স্বর্গীয় বিচিত্র ধন আছে, তুমি শোধিত হইবার সময় আমাদের জন্য তাহা আনয়ন কর।

২। হে সোম! তুমি ও ইন্দ্র সকলের স্বামী, গোসমূহের পালক ও ঈশ্বর হইয়াছ। তোমরা আমাদের কর্ম্ম বর্দ্ধিত কর।

৩। অভিলাষপ্রদ সোম শোধিত হইয়া মনুষ্যগণের মধ্যে শব্দ করতঃ কুশোপরি হরিদ্বর্ণ আপনার স্থানে উপবেশন করিতেছেন।

৪। পুত্রস্থানীয় সোমের মাতৃস্থানীয় বসতীরবী প্রভৃতি সোমকর্ত্তৃক পীত হইয়া অভিলাষপ্রদ সোমের সারবত্তার কামনা করিতেছে।

৫। মিশ্রিত হইবার সময় সোম অভিলাষিণী বসতীরবী প্রভৃতিগণের গর্ভ উৎপাদন করেন, এই জল সকল হইতে দীপ্ত দুগ্ধ দোহন করেন।

৬। হে পবমান সোম! যাহারা দূরে অবস্থিত রহিয়াছে, তাহাদিগকে সমীপবর্ত্তী কর, শত্রুগণের ভয় উৎপাদন কর, তাহাদের ধন অবগত হও।

৭। হে সোম! তুমি দূরেই থাক, বা নিকটেই থাক, শত্রুর বর্ষণকর বল বিনাশ কর, তাহাদের অন্ন বিনাশ কর, তাহাদের শোষক তেজ বিনাশ কর।

২০ সূক্ত।

সোম দেবতা। অসিত, অথবা দেবল ঋষি।

১। কবি সোম দেবগণের পানার্থ মেষলোমের মধ্য দিয়া প্রবেশ করিতেছেন, শত্রুগণের অভিভবকর সোম সমস্ত স্পর্দ্ধাকারীকে বিনাশ করুন।

২। সেই পবমান সোম স্তোতাগণকে গোযুক্ত সহস্রসংখ্যক অন্ন প্রদান করেন।

৩। হে সোম! তুমি আপন মনে সমস্ত ধন প্রদান কর; হে সোম! সেই তুমি আমাদিগকে অন্ন প্রদান কর।

৪। হে সোম! তুমি মহাকীর্ত্তি প্রেরণ কর, তুমি হব্যদায়িগণকে ধ্রুব ধন প্রদান কর, তুমি স্তোতাগণকে অন্ন প্রদান কর।

৫। হে সোম! তুমি সুকর্ম্মা, তুমি শোধিত হইয়া রাজার ন্যায় আমাদের স্তুতি স্বীকার কর। তুমি অদ্ভুত ও তুমি বাহক।

৬। সেই সোম বাহক, অন্তরিক্ষে বর্ত্তমান ও দুস্তর হস্তদ্বারা মার্জ্জিত হইয়া পাত্রে অবস্থান করিতেছেন।

৭। হে সোম! তুমি ক্রীড়নশীল ও দানেচ্ছুক, তুমি স্তুতিকারীকে সুবীর্য্য দান করিয়া দানের ন্যায় পবিত্রে গমন করিতেছ।

২১ সূক্ত।

সোম দেবতা। অসিত, অথবা দেবল ঋষি।

১। এই ক্লেদকর, দীপ্ত, অভিভবশীল, মদকর, লোকপালক সোম সকল ইন্দ্রের অভিমুখে গমন করিতেছেন।

২। ইঁহারা অভিষবকারীকে বিশেষরূপে ভজনা করেন, সকলের সহিত মিলিত হন, অভিভবকারীকে ধন প্রদান করেন এবং স্তোতাকে অন্ন দান করেন।

৩। অনায়াসে ক্রীড়াকারী সোমসকল একমাত্র দ্রোণকলসে ক্ষরিত হইতে-ছেন, সিন্ধুর উর্ম্মির ন্যায় ক্ষরিত হইতেছেন।

৪। এই সোম সংশোধিত হইয়া রথে স্থাপিত অশ্বগণের ন্যায় সমস্ত বরণীয় ধন ব্যাপ্ত করেন।

৫। হে সোমগণ! ইহার নানারূপ কামনা পূরণার্থ ধন প্রদান কর, ইনি আমাদের দানের সময় নিঃশব্দে দান করেন।

৬। ঋভু যেরূপ রথবাহক, স্তুতিযোগ্য সারথিকে প্রজ্ঞা দান করেন, সেইরূপ তোমরা এই যজমানের প্রজ্ঞা প্রদান কর। হে সোম! কেবল জলদ্বারা পরিষ্কৃত হও।

৭। সেই এই সোম সকল যজ্ঞে কামনা করেন, বলবান্ সোম সকল যজমানের বুদ্ধি প্রেরণ করেন।

২২ সূক্ত।

সোম দেবতা। অসিত, অথবা দেবল ঋষি।

১। এই সোম সকল যুদ্ধে প্রেরিত অশ্বের ও রথের ন্যায় সমীপে গমন করেন।

২। এই সোম সকল মহাবায়ুর ন্যায়, মেঘের বৃষ্টির ন্যায়, অগ্নির শিখার ন্যায় সমস্ত ব্যাপ্ত করেন।

৩। এই সোম সকল শুদ্ধ, প্রাজ্ঞ ও দধিযুক্ত হইয়া প্রজ্ঞানবলে আমাদের ব্যাপ্ত করিতেছেন।

৪। এই সোম সকল শোধিত ও মরণরহিত, ইঁহারা গমনকালে ও পথে লোকসমূহে ভ্রমণ করিতে ক্লান্ত হন না।

৫। এই সোম সকল দ্যাবাপৃথিবীর পৃষ্ঠদেশে বিবিধ প্রকারে বিচরণ করিয়া ব্যাপ্ত হন। আরও এই উত্তম দ্যুলোকে ব্যাপ্ত করেন।

৬। নদী সকল যজ্ঞবিস্তারকারী উৎকৃষ্ট সোমকে ব্যাপ্ত করেন, আরও এই কর্ম্ম সোমের দ্বারা উৎকৃষ্ট করিয়া লওয়া হয়।

৭। হে সোম! তুমি পণিগণের নিকট হইতে গোসমূহের হিতকর ধন ধারণ কর, যজ্ঞ যাহাতে বিস্তীর্ণ হয়, সেইরূপে শব্দ কর।

২৩ সূক্ত।

সোম দেবতা। অসিত, অথবা দেবল ঋষি।

১। মধুর মদের ধারায় শীঘ্রগামী সোম সমস্ত স্তোত্রকালে সৃষ্ট হয়েন।

২। কোন পুরাণ অশ্ব নূতন পদ অনুসরণ করে, সূর্য্যকে দীপ্ত করে(১)

৩। হে শোধিত সোম! যে হব্য প্রদান করে না, তাহার গৃহ আমাদের জন্য প্রদান কর। আমাদিগকে প্রজাবিশিষ্ট ধন দান কর।

৪। গমনশীল সোম সকল মদকররস ক্ষরণ করেন এবং মধুস্রাবী কোশও উৎপাদন করেন॥

৫। জগতের ধারক সোম ইন্দ্রিয় বর্দ্ধনকর রস ধারণ করতঃ উত্তম বীরযুক্ত ও হিংসা হইতে ত্রাণপ্রদ হইয়াছেন।

৬। হে সোম! তুমি যজ্ঞার্হ, তুমি ইন্দ্র ও অন্যান্য দেবগণের জন্য ক্ষরিত হইতেছ এবং আমাদিগকে অন্ন দান করিতে ইচ্ছা করিতেছ।

৭। মদকর পদার্থসমূহের মধ্যে অত্যন্ত মদকর এই সোমকে পান করিয়া অনভিভবনীয় ইন্দ্র শত্রুগণকে হনন করিয়াছেন এবং এখনও হনন করিতেছেন।

(১) সায়ণ বলেন এস্থলে রূপকদ্বারা সোমেরই স্তুতি হইতেছে।

২৪ সূক্ত।

সোম দেবতা। অসিত, অথবা দেবল ঋষি।

১। সোমসকল শোধিত ও দীপ্ত হইয়া গমন করিতেছেন। এবং মিশ্রিত হইয়া জলমধ্যে মার্জ্জিত হইতেছেন।

২। গমনশীল সোম সকল নিম্নাভিমুখগামী জলসমূহের ন্যায় গমন করিতেছেন এবং পরে ইন্দ্রকে ব্যাপ্ত করিতেছেন।

৩। হে শোধিত সোম! মনুষ্যগণ তোমাকে যেখান হইতে লইয়া যাইতেছে, তুমি সেইখান হইতে ইন্দ্রের পানার্থ গমন করিতেছ।

৪। হে সোম! তুমি মনুষ্যগণের মদকর। হে শত্রুগণের অভিভবকারী সোম! তুমি ইন্দ্রের উদ্দেশে ক্ষরিত হও। তুমিও স্তুতিযোগ্য।

৫। হে সোম! তুমি যখন প্রস্তরদ্বারা অভিষুত হইয়া পবিত্রের অভিমুখে ধাবিত হও, তখন ইন্দ্রের উদরের জন্য পর্য্যাপ্ত হও।

৬। হে সর্ব্বাপেক্ষা বৃত্রহা! তুমি ক্ষরিত হও, তুমি উকৃথমন্ত্রদ্বারা স্তুতিযোগ্য, শুদ্ধ, শোধক ও অদ্ভুত।

৭। অভিষুত মদকর সোম শুদ্ধ ও শোধক বলিয়া উক্ত হন, তিনি দেবগণের প্রীতিকর এবং শত্রুগণের বিনাশক।

---

২৫ সূক্ত।

পবমান সোম দেবতা। অগস্ত্যের পুত্র দৃঢ়চ্যুত ঋষি।

১। হে হরিদ্‌বর্ণ সোম! তুমি মদকর, তুমি দেবগণের, মরুৎগণের ও বায়ুর পানার্থ ক্ষরিত হও।

২। হে শোধনকালীন সোম! আমাদের কর্ম্মদ্বারা ধৃত হইয়া শব্দ করতঃ স্বস্থানে প্রবেশ কর, কর্ম্মদ্বারা বায়ুতে প্রবেশ কর।

৩। এই সোম আপন স্থানে অধিষ্ঠিত, অভিলাষপ্রদ, কবি, প্রিয়, বৃত্রহা এবং অত্যন্ত দেবাভিলাষী হইয়া শোভিত হইতেছেন।

৪। শোধিত কমনীয় সোম সমস্তরূপ মধ্যে প্রবেশ করতঃ যে স্থলে অমৃতগণ বাস করে সেই স্থানে গমন করিতেছে।

৫। শোভমান সোম শব্দ উৎপাদন করতঃ ক্ষরিত হইতেছেন, নিকটবর্ত্তী ইন্দ্রের নিকট গমন করিয়া প্রজ্ঞাবিশিষ্ট হইতেছেন।

৬। হে সর্ব্বাপেক্ষা মদপ্রদ কবি সোম! তুমি অর্চ্চনীয় ইন্দ্রের স্থান প্রাপ্ত হইবার জন্য পবিত্র অতিক্রম করিয়া ধারাক্রমে প্রবাহিত হও।

২৬ সূক্ত।

সোম দেবতা। দৃঢ়চ্যুত ঋষির পুত্র ইধ্মবাহ ঋষি।

১। পৃথিবীর ক্রোড়দেশে সেই বেগবান্ সোমকে মেধাবিগণ অঙ্গুলিদ্বারা এবং স্তুতিদ্বারা মার্জ্জিত করিতেছেন।

২। স্তুতি সকল সহস্রধারাবিশিষ্ট, দীপ্ত, স্বর্গের ধারক সোমকে স্তুতি করিতেছে।

৩। সকলের ধারক ও বহু কার্য্যকারী, সকলের বিধাতা সেই সোমকে প্রজ্ঞাদ্বারা স্বর্গের প্রতি প্রেরণ করিতেছেন।

৪। সোম পাত্রে অবস্থিত, স্তুতির পতি ও অহিংসনীয়। পরিচর্য্যাকারিগণ বাহুদ্বয়ের ক্রিয়াদ্বারা তাঁহাকে প্রেরণ করিতেছেন।

৫। অঙ্গুলি সকল সেই হরিদ্বর্ণ সোমকে উন্নত প্রদেশে প্রেরণ করিতেছেন, তিনি কমনীয় ও বহুদ্রষ্টা।

৬। হে শোধনকারী সোম! তোমাকে ইন্দ্রের উদ্দেশে প্রেরণ করিতেছে, তুমি স্তুতিদ্বারা বর্দ্ধিত, দীপ্ত ও মদকর।

২৭ সূক্ত।

পবমান সোম দেবতা। অঙ্গিরার পুত্র নৃমেধ ঋষি।

১। এই সোম কবি ও চারিদিক্ হইতে স্তুত, ইনি দশাপবিত্র অতিক্রম করিয়া গমন করিতেছেন, ইনি শোধিত হইয়া শত্রুগণকে বিনাশ করিতেছেন।

২। এই সোম সকলের জেতা, ইনি বলকারী, ইন্দ্র ও বায়ুর উদ্দেশে ইহাকে পবিত্রে সেক করা হইতেছে।

৩। এই সোম মনুষ্যগণকর্ত্তৃক নানা প্রকারে নিহিত হইতেছেন, ইনি দ্যুলোকের মস্তক, অভিষুত মনোহর পাত্রে অবস্থিত হইয়া সকল অবগত আছেন।

৪। এই সোম আমাদের গো হিরণ্য ইচ্ছা করতঃ দীপ্ত ও মহাশত্রুর জেতা এবং স্বয়ং অহিংসনীয় হইয়া শব্দ করিতেছেন।

৫। এই শোধনকালীন সোম সূর্য্যকর্ত্তৃক পবিত্র দ্যুলোকে পরিত্যক্ত হন, সোম অত্যন্ত মদকর।

৬। এই বলবান্ সোম, অন্তরিক্ষে গমন করিতেছেন, ইনি অভিলাষপ্রদ, পবিত্রকারী এবং দীপ্ত ইন্দ্রের অভিমুখে গমন করিতেছেন।

২৮ সূক্ত।

সোম দেবতা। প্রিয়মেধ ঋষি।

।১ এই সোম বেগবান্ পাত্রে স্থাপিত, সর্ব্বজ্ঞ এবং সকলের পতি, ইনি মেষলোমে গমন করিতেছেন।

২। এই সোম দেবগণের জন্য অভিষুত হইয়া তাঁহাদের সমস্ত শরীরে প্রবেশ লাভ করিবার জন্য পবিত্রে ক্ষরিত হইতেছে।

৩। এই মরণরহিত, বৃত্রহা, দেবাভিলাষী সোম আপনার স্থানে শোভা পাইতেছেন।

৪। এই অভিলাষপ্রদ, শব্দকারী, অঙ্গুলিদ্বারা ধৃত সোম দ্রোণকলসাভিমুখে গমন করিতেছেন।

৫। শোধনকালীন সর্ব্বদর্শী, সর্ব্বজ্ঞ সোম সূর্য্যকে এবং সমস্ত তেজঃ পদার্থকে শোধিত করিতেছেন।

৬। এই শোধনকালীন সোম বলবান্, অহিংসনীয় দেবগণের রক্ষক এবং অমঙ্গলবাদিদিগের বিনাশক। ইনি গমন করিতেছেন।

২৯ সূক্ত।

সোম দেবতা। অঙ্গিরার পুত্র নৃমেধ ঋষি।

১। বর্ষণকারী, এই অভিষুত সোমের ধারা দেবগণের উপর স্বসামর্থ্য প্রকাশ করিতে ইচ্ছা করিয়া ক্ষরিত হইতেছেন।

২। স্তুতিকারী, বিধাতা, কর্ম্মকর্ত্তা অধ্বর্য্যুগণ দীপ্তিমান্ প্রবৃদ্ধ স্তুতিযোগ্য, অশ্বসদৃশ সোমকে মার্জ্জিত করিতেছেন।

৩। হে প্রভূত ধনবিশিষ্ট সোম! শোধনকালে তোমার সেই তেজঃ সকল অত্যন্ত অভিভবপর হয়, অতএব তুমি সমুদ্রসদৃশ স্তুতিযোগ্য দ্রোণ কলসকে পূর্ণ কর।

৪। হে সোম! সহস্র ধন জয় করতঃ ধারা প্রবাহে ক্ষরিত হও এবং সমস্ত শত্রুগণকে এক যোগে দূরদেশে প্রেরণ কর।

৫। হে সোম! যাহারা দান করে না, তাহাদিগের এবং অন্যান্য নিন্দক সকলের অপবাদ হইতে আমাদিগকে রক্ষা কর, আমরা যেন মুক্ত হইতে পারি।

৬। হে সোম! তুমি ধারারূপে ক্ষরিত হও, পার্থিব এবং স্বর্গীয় ধন ও দীপ্তিযুক্ত বল আহরণ কর।

---

৩০ সূক্ত।

সোম দেবতা। অঙ্গিরার পুত্র বিন্দু ঋষি।

১। বলবান এই সোমের ধারা অনায়াসে ক্ষরিত হইতেছে, শোধনকালে ইনি স্বীয় ধ্বনি প্রেরণ করিতেছেন।

২। এই সোম অভিষবকারিগণকর্ত্তৃক প্রেরিত হইয়া শোধনকালে শব্দ করতঃ ইন্দ্র সম্বন্ধীয় শব্দ প্রেরণ করিতেছেন।

৩। হে সোম! তুমি ধারাপ্রবাহে ক্ষরিত হও, এবং তদ্দ্বারা মনুষ্যগণের অভিভবকর বীরযুক্ত অনেকের স্পৃহণীয় বল লাভ হউক।

৪। এই সোম শোধনকালে ধারাপ্রবাহে দ্রোণকলসে উপস্থিত হইবার জন্য পবিত্রকে অতিক্রম করিয়া ক্ষরিত হইতেছে।

৫। হে সোম! জলমধ্যে তুমি সর্ব্বাপেক্ষা মধুর ও হরিদ্বর্ণ। ইন্দ্রের পানার্থ তোমাকে প্রস্তরদ্বারা পেষণ করিতেছে।

৬। হে ঋত্বিক্‌গণ! তোমরা অত্যন্ত মধুররসবিশিষ্ট, মনোহর মদকর সোমকে আমাদের বলার্থ ঐ ইন্দ্রের পানার্থে অভিষব কর।

৩১ সূক্ত।

সোম দেবতা। রহূগণের পুত্র গোতম ঋষি।

১। উত্তমঃ কর্ম্মবিশিষ্ট, শোধনকালীন সোম গমন করিতেছেন, এবং আমাদিগকে চেতন ধন প্রদান করিতেছেন।

২। হে সোম! তুমি অন্নের পতি, তুমি দ্যাবাপৃথিবীর দ্যুতিযুক্ত পদার্থের বর্দ্ধক হও।

৩। হে সোম! বায়ু সকল তোমার তৃপ্তিপ্রদ হউক, নদী সকল তোমার উদ্দেশে গমন করুক, তাহারা তোমার মহত্ত্ব বর্দ্ধন করুক।

৪। হে সোম! তুমি বায়ু ও জলেরদ্বারা প্রবৃদ্ধ হও, বর্ষণযোগ্য বল চারিদিক্ হইতে তোমাতে সঙ্গত হউক। তুমি সংগ্রামে অন্নের প্রাপক হও।

৫। হে পিঙ্গলবর্ণ সোম! গোসমূহ তোমার জন্য ঘৃত এবং অক্ষীণদুগ্ধ দোহন করিতেছে, তুমি উন্নত প্রদেশে অবস্থিত রহিয়াছ।

৬। হে ভুবনের পতি সোম! আমরা তোমার সখিত্ব কামনা করিতেছি, তুমি উৎকৃষ্ট আয়ুধবিশিষ্ট।

---

৩২ সূক্ত।

সোম দেবতা। অত্রিগোত্রোৎপন্ন শ্যাবাশ্ব ঋষি।

১। সোমসমূহ অভিষুত ও মদস্রাবী হইয়া যজ্ঞে হব্যদাতার অন্নার্থ গমন করিতেছেন।

২। ইন্দ্র পান করিতে পারেন এই উদ্দেশে এই হরিদ্বর্ণ সোমকে ত্রিতের অঙ্গুলি সকল প্রস্তরদ্বারা আহুত করিতেছে।

৩। হংস যেমন জলমধ্যে প্রবেশ করে, এই সোম সেইরূপ সমস্ত স্তোতাগণের মনকে বশ করে। এই সোম গব্যদ্বারা স্নিগ্ধ হয়।

৪। হে সোম! তুমি যজ্ঞের স্থান আশ্রয় করতঃ মিশ্রিত হইয়া মৃগের ন্যায় দ্যাবাপৃথিবীকে অবলোকন কর।

৫। রমণী যেমন জারকে স্তুতি করে, সেইরূপ হে সোম! শব্দগণ তোমার স্তুতি করিতেছে।

৬। সেই সোম মিত্রের ন্যায় যুদ্ধে গমন করেন। হে সোম! আমাদিগকে দীপ্তিযুক্ত অন্ন প্রদান কর, হব্যদাতাকে দান কর এবং আমাকেও দান কর, ধন, মেধা এবং কীর্ত্তি দান কর।

---

৩৩ সূক্ত।

সোম দেবতা। ত্রিত ঋষি।

১। বিপশ্চিৎ সোমসকল জলের তরঙ্গের ন্যায় গমন করিতেছেন, মহিষগণ যেরূপ বনে গমন করে, সেইরূপ গমন করেন।

২। পিশঙ্গবর্ণ, দীপ্ত, সোমসকল অমৃতের ধারাকারে গোবিশিষ্ট অন্ন প্রদান করতঃ দ্রোণকলসে ক্ষরিত হইতেছেন।

৩। অভিষুত সোম সকল ইন্দ্র, বায়ু, বরুণ, মরুৎগণ ও বিষ্ণুর অভিমুখে গমন করিতেছেন।

৪। তিন বাক্য উদীরিত হইতেছে, প্রীতিদায়ক গো সকল শব্দ করিতেছে, হরিতবর্ণ সোম শব্দ করিয়া গমন করিতেছেন।

৫। স্তোতাকর্তৃক প্রেরিত, যজ্ঞের মাতৃস্বরূপ, বহু স্তুতি উচ্চারিত হইতেছে এবং দ্যুলোকের শিশুসদৃশ সোম মার্জ্জিত হইতেছেন

৬। হে সোম! ধনসম্বন্ধীয় চারটী সমুদ্রকে চারিদিক্ হইতে আমাদের নিকট আনয়ন কর এবং অপরিমিত অভিলাষসমূহকেও আনয়ন কর।

৩৪ সূক্ত।

সোম দেবতা। মিত্র ঋষি।

১। অভিষুত সোম প্রেরিত হইয়া ধারাপ্রবাহের পবিত্রে গমন করিতেছেন এবং দৃঢ় শত্রুপুরী সকলকেও বিশ্লথ করিতেছেন।

২। অভিষুত সোন সকল ইন্দ্র, বায়ু, বরুণ, মরুৎগণ ও বিষ্ণুর অভিমুখে গমন করিতেছেন।

৩। রসের সেক্তা নিয়ত সোমকে বর্ষণ কর। প্রস্তরদ্বারা অভিষব করিতেছে। কর্ম্মবলে সোমরস হইতে দুগ্ধ দোহন করিতেছ।

৪। ত্রিত ঋষির মদকর সোম তাঁহার নিজের জন্য শুদ্ধ হইয়াছে, সেই সোম আপন রূপ প্রাপ্ত হইয়াছেন।

৫। পৃশ্নির পুত্র মরুৎগণ যজ্ঞাশ্রয়, প্রিয়তম, মনোহর, সোমলাঘন সোমকে দোহন করিতেছেন।

৬। অকুটিল বাক্য সকল উচ্চারিত হইয়া ইহার সহিত মিশ্রিত হইতেছে। সোমও শব্দ করতঃ প্রীতিকর স্তুতি কামনা করিতেছেন।

৩৫ সূক্ত।

সোম দেবতা। অঙ্গিরার পুত্র প্রভূবসু ঋষি।

১। হে শোধনকালীন সোম! তুমি ধারাপ্রবাহে ক্ষরিত হও, বিস্তীর্ণ ধন এবং দ্যুতিমান্ যজ্ঞ আমাদিগকে প্রদান কর।

২। হে সোম! হে জলপ্রেরক! হে শত্রুগণের কম্পোৎপাদক! তুমি আপন বলে আমাদের ধনের ধারক হও।

৩। হে বীর সোম! তোমার বলে আমরা সংগ্রামাভিলাষী শত্রুগণকে অভিভব করিব। আমাদের অভিমুখে বরণীয় ধন প্রেরণ কর।

৪। যজমানদিগের সহিত মিলিত হইতে ইচ্ছা করতঃ অন্নদাতা, সর্ব্বদর্শী, কর্ম্মজ্ঞ ও আয়ুধজ্ঞ সোম অন্ন প্রেরণ করেন।

৫। সেই সোমকে স্তুতিবাক্যদ্বারা স্তব করিতেছি, স্তুতির প্রেরক পবিত্র সোমকে বাসিত করিব। এই সোম গোসমূহের পালক।

৬। সকল মনুষ্য কর্ম্মপতি, পবিত্র, প্রভূত ধনবিশিষ্ট সোমের ব্রতে মন ধারণ করিতেছেন।

৩৬ সূক্ত।

সোম দেবতা। প্রভূবসু ঋষি।

১। রথযোজিত অশ্বের ন্যায় চমূদ্বয়ে অভিষুত সোম স্থাপিত হইলেন, বেগবান্ সোম সংগ্রামে বিচরণ করিতেছেন।

২। হে সোম! তুমি বাহনকারী, জাগরূক, দেবাভিলাষী, তুমি মধুস্রাবী দশাপবিত্রকে অতিক্রম করিয়া ক্ষরিত হও।

৩। হে পুরাণ শোধনকালীন সোম! আমাদের স্বর্গীয় স্থান সকল প্রকাশিত কর এবং যজ্ঞ ও বলার্থ আমাদের প্রেরণ কর।

৪। যজ্ঞাভিলাষী, ঋত্বিক্‌গণকর্ত্তৃক অলঙ্কৃত, তাহাদের হস্তদ্বারা মার্জ্জিত সোম মেষলোমময় দশাপবিত্রে শোধিত হইতেছে।

৫। সেই অভিষুত সোম হব্যদাতাকে দ্যুলোক, ভূলোক ও অন্তরিক্ষে সমস্ত ধন ধারণ করুন।

৬। হে বলপতি সোম! তুমি স্তোতাগণের অশ্বাভিলাষী, গবাভিলাষী ও বীরাভিলাষী হইয়া স্বর্গের পৃষ্ঠে আরোহণ কর।

৩৭ সূক্ত।

সোম দেবতা। রহূগণ ঋষি।

১। ইন্দ্রাদির পানার্থ অভিষুত সোম অভিলাষপ্রদ, রাক্ষসবিনাশক এবং দেবাভিলাষী হইয়া পবিত্রে গমন করেন।

২। সেই সোম সর্ব্বদর্শী, হরিদ্বর্ণ, সকলের ধারক। তিনি পবিত্রে ধৃত হয়েন এবং পরে শব্দ করতঃ দ্রোণকলসে গমন করেন।

৩। বেগবান্, স্বর্গের দীপ্তিপ্রদ, শোধনকালীন সোম রাক্ষসগণের হন্তা হইয়া মেষলোমময় দশাপবিত্র অতিক্রম করিয়া ধাবিত হইতেছেন।

৪। সেই সোম ত্রিতের উন্নত যজ্ঞে পূত হইয়া বন্ধুগণের সহিত সূর্য্যকে প্রকাশিত করিয়াছেন।

৫। অশ্ব যেরূপ সংগ্রামে গমন করে, সেইরূপ বৃত্রঘাতী অভিলাষপ্রদ, অভিষুত, অহিংসনীয় সোম কলসে গমন করিতেছেন।

৬। সেই মহান্, ক্লেদযুক্ত, কবিকর্ত্তৃক প্রেরিত সোম ইন্দ্রের জন্য দ্রোণমধ্যে ধাবিত হইতেছেন।

৩৮ সূক্ত।

সোম দেবতা। রহূগণ ঋষি।

১। সেই সোম অভিলাষপ্রদ ও রথস্বরূপ হইয়া যজমানকে সহস্র অন্ন দান করিবার জন্য দশাপবিত্রদ্বারা দ্রোণে গমন করিতেছেন।

২। এই ক্লেদযুক্ত হরিদ্বর্ণ সোমকে ত্রিতের অঙ্গুলি সকল ইন্দ্রের পানার্থ প্রস্তরদ্বারা পিষ্ট করিতেছেন।

৩। দশটী হরিদ্বর্ণ অঙ্গুলি কর্ম্মাভিলাষী হইয়া এই সোমকে মার্জ্জিত করিতেছে। সোম ইহাদের সাহায্যে ইন্দ্রের মদের জন্য শোভিত হইতেছে।

৪। এই সোম মনুষ্য প্রজাগণের মধ্যে শ্যেনপক্ষীর ন্যায় উপবেশন করিতেছেন, উপপত্নীর নিকট যেরূপ উপপতি গমন করে সেইরূপ গমন করিতেছেন।

৫। এই মদ্যরস সকল পদার্থ দর্শন করিতেছে। তিনি স্বর্গের শিশু, এই সোম দশাপবিত্রে প্রবেশ করিতেছেন।

৬। পানার্থ অভিষুত ও সকলের ধারক, হরিদ্‌বর্ণ, সোম শব্দ করতঃ প্রিয় স্থানে গমন করিতেছেন।

---

৩৯ সূক্ত।

সোম দেবতা। অঙ্গিরাগোত্রোৎপন্ন বৃহৎমতি ঋষি।

১। হে মহামতি সোম! দেবগণের প্রিয়তম শরীরযুক্ত হইয়া শীঘ্র গমন কর, দেবগণ কোথায় বলিতে থাক।

২। অসংস্কৃত স্থানকে সংস্কৃত করতঃ এবং যাগকারীকে অন্ন প্রদান করতঃ অন্তরিক্ষ হইতে বৃষ্টি ক্ষরিত কর।

৩। অভিষুত সোম দীপ্তি ধারণ করতঃ এবং সমস্ত পদার্থকে দর্শন ও দীপ্ত করতঃ শীঘ্র বেগে দশাপবিত্রে গমন করিতেছেন।

৪। এই সোম দশাপবিত্রে ন্যস্ত হইয়া সিন্ধুর ঊর্ম্মিতে ক্ষরিত হইতেছেন, ইনি স্বর্গের উপরে শীঘ্র গমন করিয়া থাকেন।

৫। দূরস্থ এবং অন্তিকস্থ দেবগণের পরিচর্য্যার্থ অভিষুত সোম ইন্দ্রের জন্য মধুসেক করিতেছেন।

৬। সম্যক্ মিলিত স্তোতা সকল স্তব করিতেছেন, হরিদ্‌বর্ণ সোমকে প্রস্তর সাহায্যে প্রেরণ করিতেছেন; অতএব হে দেবগণ! যজ্ঞস্থানে নিষণ্ণ হও।

---

৪০ সূক্ত।

সোম দেবতা। বৃহৎমতি ঋষি।

১। সর্ব্বদর্শী সোম শোধনকালে সমস্ত হিংসকদিগকে অতিক্রম করিয়াছেন তাঁহাকে কর্ম্মদ্বারা সকলে শোভিত করিতেছেন।

২। অরুণবর্ণ সোম দ্রোণকলসে আরোহণ করিতেছেন, পরে অভিলাষপ্রদ ও অভিষুত হইয়া ইন্দ্রের নিকট গমন করিতেছেন এবং ধ্রুবস্থানে উপবিষ্ট হইতেছেন।

৩। হে সোম! হে ইন্দ্র! তুমি অভিষুত হইয়া আমাদের উদ্দেশে শীঘ্র মহান্ সহস্রসংখ্যক ধন চারিদিক্ হইতে ক্ষরিত কর।

৪। হে শোধনকালীন সোম! হে ইন্দু! তুমি বহুবিধ ধন আহরণ কর এবং সহস্রসংখ্যক অন্ন প্রদান কর।

৫। হে সোম! তুমি অভিষবকালে আমাদের জন্য উত্তম বীর্য্যযুক্ত ধন আহরণ কর এবং স্তোতার স্তুতি বর্দ্ধিত কর।

৬। হে ইন্দু! হে সোম! তুমি শোধনকালে আমাদের জন্য দ্যাবাপৃথিবীতে পরিবৃদ্ধ ধন আহরণ কর। হে বর্ষক ইন্দু! আমাদিগকে স্তুতিযোগ্য ধন প্রদান কর।

---

৪১ সূক্ত।

সোম দেবতা। কণ্ব গোত্রীয় মেধ্যাতিথি ঋষি।

১। যে সোম সকল জলের ন্যায় শীঘ্র দীপ্তিযুক্ত ও গমনশীল হইয়া কৃষ্ণত্বক্দিগকে হনন করিয়া বিচরণ করেন (১), তাহাদিগকে স্তব কর।

২। ব্রতরহিত দস্যুকে অভিভব করিয়া আমরা সুন্দর সোমের রাক্ষস-বন্ধন ও রাক্ষস-হনন ইচ্ছায় স্তব করিব।

৩। অভিষবকালে বলবান্ সোমের দীপ্তি সকল অন্তরিক্ষে বিচরণ করে এবং বৃষ্টির ন্যায় তাহার শব্দ শ্রুতিগোচর হয়।

৪। হে সোম! তুমি অভিষুত হইয়া গোযুক্ত, অশ্বযুক্ত এবং বলযুক্ত মহা অন্ন আমাদের অভিমুখে প্রেরণ কর।

৫। হে সর্ব্বদর্শী সোম! তুমি ক্ষরিত হও, সূর্য্য যেমন রশ্মিদ্বারা দিন সকলকে পূর্ণ করেন, সেইরূপ আপন রসের দ্বারা, দ্যাবাপৃথিবীকে পূর্ণ কর।

৬। হে সোম! আমাদের সুখকর ধারাদ্বারা নদী যেরূপ ভূমণ্ডলে গমন করে, সেইরূপ চারিদিকে গমন কর।

---

(১) কৃষ্ণবর্ণ অনার্য্যদিগের উল্লেখ।

৪২ সূক্ত।

সোম দেবতা। মেধাতিথি ঋষি।

১। এই হরিদ্বর্ণ সোম দ্যুলোক সম্বন্ধীয় জ্যোতিঃ এবং অন্তরিক্ষে সূর্য্যকে উৎপন্ন করতঃ অধোগামী জলসমূহে আবৃত হইয়া গমন করিতেছেন।

২। এই সোম পুরাতন স্তোত্রযুক্ত ও বিশদ হইয়া দেবগণের অভিমুখে ধারাক্রমে গমন করিতেছেন।

৩। বর্দ্ধমান অন্ন শীঘ্র লাভের জন্য অপরিমিত বলবিশিষ্ট সোম সকল পরিপূর্ণ হইতেছেন।

৪। পুরাণ রসবিশিষ্ট সোম পবিত্রে সিক্ত হইতেছেন, এবং শব্দ করতঃ দেবগণকে উৎপাদন করিতেছেন।

৫। এই সোম অভিষবকালে সমস্ত বরণীয় ধন ও যজ্ঞবর্দ্ধক দেবগণের অভিমুখে গমন করে।

৬। হে সোম! তুমি অভিষুত হইয়া আমাদিগকে গোযুক্ত, অশ্বযুক্ত, বীরযুক্ত, সংগ্রামযুক্ত ধন এবং প্রভূত অন্ন প্রদান কর।

---

৪৩ সূক্ত।

সোম দেবতা। মেধাতিথি ঋষি।

১। যে সোম অশ্বের ন্যায় দেবগণের মত্ততার জন্য গব্যদ্বারা মিশ্রিত হন, যিনি কমনীয়, সেই সোমকে স্তুতিদ্বারা প্রসন্ন করি।

২। সমস্ত রক্ষাভিলাষী স্তুতি সকল পূর্ব্ব কালের ন্যায় এই সোমকে ইন্দ্রের পানার্থ দীপ্ত করিতেছে।

৩। কমনীয় সোম বিপ্র মেধাতিথির জন্য শোধনকালে স্তুতিদ্বারা অলঙ্কৃত হইয়া কলসের প্রতি ধাবমান হইতেছেন।

৪। হে শোধনকালীন ইন্দু! আমাদিগকে উত্তম দীপ্তিযুক্ত ও বহু শ্রীযুক্ত ধন প্রদান কর।

৫। যুদ্ধগামী অশ্বের ন্যায় সোম পবিত্রে শব্দ করিতেছেন, যখন দেবাভিলাষী হয়েন, তখন শব্দ করেন।

৬। হে সোম! আমাদের অন্ন দানার্থ এবং স্তোতা মেধাবীর বর্দ্ধনার্থ ক্ষরিত হও, হে সোম! সুন্দর বীর্য্যযুক্ত পুত্রও দান কর।

৪৪ সূক্ত।

পবমান সোম দেবতা। অযাস্য ঋষি।

১। হে সোমরস! আমাদিগের প্রচুর ধনের জন্য তুমি আসিতেছ। তোমার তরঙ্গ ধারণপূর্ব্বক অযাস্য ঋষি দেবতাদিগের সম্মুখে চলিলেন।

২। সোমরস যিনি, তিনি কবি, অর্থাৎ কার্য্যে পটু। বুদ্ধিমান্ তাঁহাকে স্তব করিলেন, যজ্ঞের কার্য্যে নিযুক্ত করিলেন, ইহাতে সোমরসের ধারা অনেক দূর বিস্তার হইল।

৩। এই সোমরস সকলদিক্ দেখেন। ইনি সতর্ক ও সাবধান, ইনি লতা হইতে নিষ্পীড়িত হইয়া দেবতাদিগের উদ্দেশে আসিতেছেন। ইনি পবিত্রের দিকে যাইতেছেন।

৪। হে সোমরস! হস্তে কুশধারী পুরোহিত তোমার পরিচর্য্যা করিতে-ছেন। তুমি আমাদিগের অন্ন কামনা কর, যজ্ঞ সুচারুরূপে সম্পন্ন কর, আমা-দিগকে পবিত্র কর।

৫। সেই সোমরসকে পণ্ডিতেরা বায়ুর উদ্দেশে এবং ভগ নামক দেবতার উদ্দেশে প্রেরণ করেন। সেই সোমরস সর্ব্বদাই বর্দ্ধিষ্ণু। তিনি আমাদিগকে দেবতাদিগের নিকট লইয়া চলুন।

৬। হে সোমরস! তুমি এতাদৃশ। তুমি পুণ্য সঞ্চয়ের উপায় স্বরূপ, তুমি সদ্গতি লাভের সর্ব্বশ্রেষ্ঠ উপায়। তুমি অদ্য আমাদিগের ধন লাভের উপায় করিয়া দাও, তুমি প্রচুর অন্ন, প্রচুর বল উপার্জ্জন করিয়া দাও।

৪৫ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। হে সোমরস! যাঁহারা পথ প্রদর্শন করেন, তাঁহাদিগের প্রতিই তোমার দৃষ্টি। দেবতাদিগের সমাগমের জন্য, ইন্দ্রের পানের জন্য, বিশিষ্ট আমোদের জন্য, তুমি জলকে পবিত্র কর।

২। হে সোমরস! তুমি আমাদিগের দূতস্বরূপ হও। ইন্দ্রের উদ্দেশে তুমি পীত হইয়া থাক। আমরা তোমার সখা। দেবতাদিগের নিকট হইতে আমাদিগের ধন আহরণ করিয়া দাও।

৩। অপিচ। তোমার লোহিতমূর্ত্তি আমরা দুগ্ধ সংযোগের দ্বারা সুবাসিত করিতেছি। তাহাতে আমোদ, তাহাতে সুখ। ধন লাভের দ্বারা তুমি উদ্‌ঘাটন করিয়া দাও।

৪। যেমন অশ্ব পথে গমন কালে রথের ধুরাকে উল্লঙ্ঘন করে, তেমনি সোমরস পবিত্রকে অতিক্রম করিলেন, তিনি দেবগণের মধ্যে গিয়া পড়িলেন।

৫। সোমরস পবিত্রকে অতিক্রমপূর্ব্বক যখন জল মধ্যে ক্রীড়া করিতেছেন, তখন তাঁহার প্রিয়বন্ধু স্তবকর্ত্তারা এক স্বরে তাঁহার স্তব করিতে লাগিলেন এবং বাক্য প্রয়োগসহকারে গুণকীর্ত্তন করিতে লাগিলেন।

৬। হে সোমরস! তুমি সেই ধারার আকারে ক্ষরিত হও, যে ধারা পান করিলে বিচক্ষণ স্তবকর্ত্তা চমৎকার বীরত্ব লাভ করিয়া থাকেন।

---

৪৬ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। সোম লতাগুলি পার্ব্বতীয় প্রদেশে বৃদ্ধি প্রাপ্ত হইয়া দেবতাদিগের সমাগমস্থল যজ্ঞস্থানে ক্ষরিত হইতেছেন, তাহারা সুপটু ঘোটকের ন্যায় ক্ষরিত হইতেছেন। [যাজ্ঞিকেরা তাহাদিগকে প্রস্তুত করিতেছেন]।

২। যেমন পিতার প্রদত্ত অলঙ্কারদ্বারা সুশোভিতা হইয়া কোন নববধূ স্বামীর নিকটে যাইয়া থাকে(১), সোমগুলি তদ্রূপ বায়ুর দিকে যাইতেছে।

৩। এই সমস্ত উজ্জ্বল সোমরসগুলি খাদ্যদ্রব্যসহকারে নানাবিধ কার্য্যের দ্বারা ইন্দ্রের আনন্দ বর্দ্ধন করিতেছে। ইহারা প্রস্তর ফলকদ্বয়ের নিষ্পীড়নদ্বারা উৎপত্তি লাভ করিয়াছে।

৪। হে সুচতুর পুরোহিতগণ! দ্রুতপদে আগমন কর। মন্থনোপযোগী দণ্ডের সহিত শুক্লবর্ণ সোমরস ধারণ কর। এই আমোদবৃদ্ধিকারী পদার্থকে দুগ্ধ সংযোগদ্বারায় সুস্বাদু কর।

---

(১) বিবাহকালে পিতাকর্ত্তৃক কন্যাকে অলঙ্কার দানের উল্লেখ।

৫। হে সোমরস! তোমাকে পানপূর্ব্বক বীর্য্যবান্ হইয়া শত্রুর সম্পত্তি জয় করা যায়, বিস্তর অন্ন আহরণ করা যায়, দুর্গম স্থানে তুমি পথ প্রকাশ করিয়া দাও। ঈদৃশ গুণধারী, তুমি আমাদিগের জন্য ক্ষরিত হও।

৬। এই সোমরস ক্ষরিত হইতেছেন। দশ অঙ্গুলিপ্রয়োগপূর্ব্বক ইঁহাকে শোধন করিতে হইবেক। ইনি মত্ততা আনয়ন করেন, ইনি ইন্দ্রের আনন্দ বৃদ্ধি করেন।

---

৪৭ সূক্ত

পবমান সোম দেবতা। ভৃগুপুত্র কবি ঋষি।

১। উত্তমরূপে নিষ্পীড়িত হইয়া এই সোমরস বিলক্ষণ বৃদ্ধি পাইলেন। ইনি আনন্দভরে বৃষের ন্যায় শব্দ করিতেছেন।

২। এই সোমরসের উপযোগী যে যে উদ্যোগ, সকলই করা হইয়াছে। দস্যু বধের জন্য সকলে উদ্যোগী হইতেছেন। এই বলবান্ সোমরস সকল ঋণ পরিশোধ করিতেছেন।

৩। যে পরিমাণে এই সোমরসের উপযোগী মন্ত্রগুলি পাঠ করা যাইতেছে, সেই পরিমাণে সহস্রধারায় প্রবাহিত হইতেছেন, ইন্দ্রের প্রীতিকর পানীয়স্বরূপ হইতেছেন এবং বজ্রের ন্যায় ইন্দ্রের সহায়স্বরূপ হইতেছেন।

৪। যদি অঙ্গুলি প্রয়োগদ্বারা এই সোমের শোধন করা যায়, তবে তিনি আপনা হইতেই কৃতকর্ম্মা হইয়া ইন্দ্রের প্রীতি উৎপাদনপূর্ব্বক পণ্ডিতকে নানা ধন দেওইয়া দেন।

৫। হে সোমরস! যেমন যুদ্ধভূমিতে ঘোটকদিগকে ঘাস বণ্টন করিয়া দেওয়া যায়, তদ্রূপ যাহারা রণে জয়ী হন, তুমি তাঁহাদিগকে শত্রুর নিকট অপহৃত সম্পত্তি বণ্টন করিয়া দাও।

---

৪৮ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। হে সোম! তুমি প্রকাণ্ড নভোমণ্ডলের একস্থানবাসীদিগের মধ্যবর্ত্তী। তুমি ধনের ধারণকর্ত্তা, তুমি মঙ্গলের ধারণকর্ত্তা। আমরা শোভন কর্ম্মের অনুষ্ঠানপূর্ব্বক তোমার নিকট ধন যাচ্ঞা করিতেছি।

২। হে সোম! পরাভবকারী শত্রুদিগকে তুমি বিনাশ কর। তুমি প্রশংসার যোগ্য এবং তোমার অশেষবিধ মহৎকার্য্য অবশ্য প্রশংসা করিতে হয়। তুমি আনন্দের বিধাতা এবং শত্রুপুরের ধ্বংসকারী।

৩। হে চমৎকার কার্য্যকারী সোম! এই নিমিত্ত শ্যেনপক্ষী অবলীলাক্রমে তোমাকে স্বর্গলোক হইতে আহরণ করিয়াছিল, কেন না, তুমি ধন বিতরণ করিবার রাজা।

৪। এই সোম বৃষ্টির জল বিতরণ করেন, ইনি স্বর্গবাসী তাবৎ দেবতার পক্ষে সমান, ইনি পুণ্যকর্ম্মের বিঘ্ন নিবারণ কর্ত্তা, সুপর্ণ ইহা জানিয়াই সোম আহরণ করেন।

৫। এই সোম অতি সতর্ক, ইনি মনোবাঞ্ছা পূর্ণ করেন, ইনি কিঞ্চিৎ পরে নিজ বলপ্রয়োগ পূর্ব্বক প্রকাণ্ড বীর্য্য ধারণ করিলেন।

---

৪৯ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। হে সোম! চতুর্দ্দিকে বৃষ্টিবারি বর্ষণ কর। নভোমণ্ডলের সর্ব্বত্র জলের তরঙ্গ আনয়ন কর। অক্ষয় অন্নের মহা ভাণ্ডার উপস্থিত কর।

২। হে সোম! তুমি সেই ধারাতে ক্ষরিত হও, যাহাতে বিপক্ষ দেশজাত গোধন সকল অস্মদ্ ভবনে আসিয়া উপনীত হয়।

৩। হে সোম! তুমি দেবতাগণের সমাগম প্রার্থী, অতএব যজ্ঞেতে ঘৃতধারা ক্ষরণ কর। আমাদিগের নিকট বৃষ্টি উপস্থিত কর।

৪। হে সোম! তুমি নিষ্পীড়নদ্বারা উৎপন্ন হইয়াছ, এক্ষণে ধারারূপে ক্রমাগত কুশময় পবিত্রের দিকে বহমান হও, তাহাতেই আমাদিগের অন্ন হইবে। তোমার ক্ষরণের ধ্বনি দেবতারা শ্রবণ করুন।

৫। ঐ সোম ক্ষরিত হইতে হইতে প্রবাহিত হইলেন, রাক্ষসবর্গকে বিনাশ করিলেন, তাঁহার চির পরিচিত জ্যোতিঃপুঞ্জ চতুর্দ্দিকে বিকীর্ণ হইল।

---

৫০ সূক্ত।

পবমান সোম দেবতা। অঙ্গিরাবংশীয় উতথ্য ঋষি।

১। হে সোম! সমুদ্রের তরঙ্গের বেগের ন্যায় তোমার ধারা বহমান হইতেছে। যেমন ধনুগুর্ণ হইতে বিক্ষিপ্ত বাণ শব্দ করে, তুমি তদ্রূপ শব্দ ছাড়িতে থাক।

২। যখন তুমি উন্নত কুশময় পবিত্রে গিয়া আরোহণ কর, তোমার উৎপত্তি দর্শনে যজ্ঞানুষ্ঠানেচ্ছু যজ্ঞকর্ত্তা ব্যক্তির তিন প্রকার বাক্য নির্গত হইতে থাকে।

৪। এই যে সোম, যিনি দেবতাদিগের প্রীতিকর, যাঁহার বর্ণ দূর্ব্বাদলবৎ যিনি প্রস্তরফলকদ্বারা নিষ্পীড়িত হইয়াছেন, যিনি মধুর রস ক্ষরিত করিতেছেন, ইহাকে ঋত্বিক্‌গণ ছাঁকিবার জন্য মেষলোমের উপর অর্পণ করিতেছেন।

৪। হে কর্ম্মিষ্ঠ আনন্দ বিধাতা সোম! তুমি কুশময় পবিত্রের চতুঃপার্শ্বে ক্ষরিত হও। তাহা হইলে পূজনীয় দেবতার উদরে প্রবিষ্ট হইবে।

৫। হে আনন্দ বিধাতা সোম! তোমাকে সুস্বাদু করিবার জন্য গব্য, ক্ষীরাদি তোমার সহিত মিশ্রিত করা হইয়াছে। তুমি ইন্দ্রের পানের জন্য ক্ষরিত হও।

---

৫১ সূক্ত।

পবমান সোম দেবতা। উতথ্য ঋষি।

১। হে পুরোহিত! প্রস্তরফলকদ্বারা সোম নিষ্পীড়িত হইয়াছেন, ইহাকে কুশময় পবিত্রের চতুঃপার্শ্বে ঢালিয়া দাও। ইন্দ্র ইঁহার পান কর্ত্তা তাঁহার জন্য ইহার শোধন কর।

২। হে পুরোহিতগণ! এই সোম চমৎকার রসযুক্ত, স্বর্গধামের সর্ব্ব-শ্রেষ্ঠ পানীয়; বজ্রধারী ইন্দ্রের উদ্দেশে এই সোমের নিষ্পাড়ন কর।

৩। হে সোম! তুমি ক্ষরিত হইয়া সুস্বাদু হইয়াছ, তোমার সহযোগী খাদ্যদ্রব্য সকল আছে, উহার চতুঃপার্শ্বে দেবতাগণ ও মরুৎগণ আসিয়া ঘেরিয়া বসিতেছেন।

৪। হে সোম! তুমি নিষ্পীড়িত হইয়া ত্বরিত আনন্দ বিধান কর,

তোমার প্রকৃতি (দেহ) পুষ্ট কর, তুমি অভীষ্ট ফল বিতরণ কর এবং উপাসককে রক্ষা কর।

৫। হে সোম! তুমি নিষ্পীড়িত হইয়াছ, ধারারূপে বহমান হও, কুশময় পবিত্রের দিকে গমন কর, বিবিধ প্রকার অন্নের দিকে গমন কর।

৫২ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। সেই সোম জ্যোতিঃপুঞ্জ মূর্ত্তি, তিনি ধনের বিতরণকর্ত্তা, তিনি খাদ্য-দ্রব্যসহকারে বলকর হয়েন। হে সোম! নিষ্পীড়িত হইয়া কুশময় পবিত্রের চতুঃপার্শ্বে ক্ষরিত হও।

২। হে সোম! তোমার অতি চমৎকার সহস্রধারা বিস্তৃত হইয়া চিরাভ্যস্ত প্রকারে মেষলোমে যাইতেছে।

৩। হে সোম। চরুর মত যে খাদ্য, তাহা আনিয়া দাও, দেয় বস্তু আমাদিগকে আনিয়া দাও; প্রহার করিলে তুমি নিঃসৃত হইয়া থাক, এই তোমার প্রকৃতি, সেই প্রহার সহকারে নির্গত হও।

৪। যে সকল বিপক্ষ আমাদিগকে যুদ্ধার্থ আহ্বান করিতেছে, হে সর্ব্বজন কমনীয় সোমরস! সেই সকল ব্যক্তির তেজঃ হ্রাস করিয়া দাও।

৫। হে সোম! তুমি ধনের বিতরণ কর্ত্তা, আমাদিগকে রক্ষা করিবার জন্য তোমার নির্ম্মল শতধারা বহমান করিয়া দাও।

---

৫৩ সূক্ত।

পবমান দেবতা। কশ্যপগোত্রীয় অবৎসার ঋষি।

১। হে প্রস্তরসমুদ্ভূত সোমরস! রাক্ষস ধ্বংসকারী তোমার তেজঃ সমস্ত উদ্রিক্ত হইয়াছে। যে সকল বিপক্ষ চতুর্দ্দিকে আস্ফালন করিতেছে, তাহাদিগকে তাড়াইয়া দেও।

২। এই আমি নির্ভয় হৃদয়ে বিপক্ষের রথমধ্যনিহিত ধন লুণ্ঠন করিবার জন্য এবং নিজ বলে বিপক্ষ সংহার করিবার উদ্দেশে সোমের গুণ গান করিতেছি।

৩। নির্ব্বোধ শত্রু এই ক্ষরিত সোমের প্রভাব কখনই সহ্য করিতে পারে না। যে তোমার সহিত যুদ্ধ করিতে চাহে, তাহাকে বিনাশ কর।

৪। সেই যে সোম, যিনি মদিরা ক্ষরিত করেন, যাঁহার বর্ণ দূর্ব্বাদলবৎ, যিনি বলকর, তাঁহাকে ইন্দ্রের আনন্দ বিধানের জন্য ঋত্বিক্‌গণ নদীতে ঢালিয়া দিতেছেন।

৫৪ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। পণ্ডিতগণ এই সোমের চিরপরিচিত জ্যোতিঃ দেখিয়া শুভ্রবর্ণ দুগ্ধ দোহন করিলেন। সেই দুগ্ধ অপরিমিত বলের আধায়ক।

২। এই সোমরস সূর্য্যের ন্যায় সর্ব্ব সংসার নিরীক্ষণ করেন। ইনি সরোবরের দিকে ধাবিত হন। ইনি সপ্তসিন্ধু হইতে দ্যুলোক পর্য্যন্ত ঘেরিয়া আছেন।

৩। এই সোম যখন সংশোধিত হইতেছেন, ইনি সমস্ত ব্রহ্মাণ্ডের উপরিস্থিত হয়েন। ইনি সূর্য্যদেবের ন্যায়।

৪। হে সোম! তুমি শোধিত হইতেছ, ইন্দ্রকর্ত্তৃক পীত হইবে, আমাদিগের যজ্ঞের জন্য গোধন এবং বিবিধ খাদ্যদ্রব্য আহরণ করিয়া দাও।

৫৫ সূক্ত।

পবমান সোম দেবতা। কশ্যপগোত্রীয় অবৎসার ঋষি।

১। হে সোম! প্রচুর খাদ্যদ্রব্য ও প্রচুর যব আমাদিগকে আহরণ করিয়া দাও এবং যাবতীয় কাম্যবস্তু আমাদিগকে দাও।

২। হে সোম! তোমার যে প্রকার গুণ কীর্ত্তন করিলাম, যেরূপ তোমার আহুত অন্নের স্তব করিলাম, এক্ষণে আমাদিগের কুশে আসিয়া উপবেশন কর।

৩। হে সোম! তুমি আমাদিগের গোধন আহরণ করিয়া দাও, অশ্বও আহরণ করিয়া দাও, অল্প দিনের মধ্যেই প্রচুর অন্নসহকারে ক্ষরিত হও, এই প্রার্থনা।

৪। যে তুমি জয়ী হইয়া থাক, কখন পরাজিত হওনা, যে তুমি শত্রুর দিকে ধাবিত হইয়া উহাদিগকে নিপাত কর, সেই তুমি সহস্রজয়ী সোম ক্ষরিত হও।

---

৫৬ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। এই সোম কুশময় পবিত্রে বিস্তারিত হইতেছেন, ইহার কামনা, যে দেবতাদিগের কর্ত্তৃক পীত হয়েন, ইনি রাক্ষসগণকে ধ্বংস করিতেছেন এবং প্রচুর অন্নরাশি দান করিতেছেন।

২। এই সোমের বিশিষ্ট কার্য্যোপযোগী শতধারা ইন্দ্রের সহিত বন্ধুত্ব লাভ করিবা মাত্র ইনি অন্ন দান করেন।

৩। হে সোম! যেমন নারী বল্লভকে আহ্বান করে, তদ্রূপ দশ অঙ্গুলি শব্দ করিতে করিতে তোমাকে শোধন করে। তোমার শোধন হইলে আমাদিগের অশেষ লাভ।

৪। বিশ্বব্যাপী ইন্দ্রের জন্য, হে সোম! তুমি সুস্বাদু হইয়া ক্ষরিত হও, তোমার গুণগানকারী প্রধান ব্যক্তিদিগকে পাপের তাড়না হইতে রক্ষা কর।

---

৫৭ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। স্বর্গের বৃষ্টিধারার ন্যায় তোমার ধারাগুলি অবাধে ক্ষরিত হইতেছে এবং আমাদিগকে অপরিমিত খাদ্যদ্রব্য দান করিতেছে।

২। এই হরিতবর্ণ সোমরস দেবতাদিগের প্রীতিকর, সকল কার্য্যের প্রতিই মনোযোগী; ইনি অস্ত্রশস্ত্র নিক্ষেপ করিতে করিতে আসিতেছেন।

৩। সোমরসের সকল কার্য্যই উত্তম। যখন ব্যক্তিকেরা ইঁহাকে শোধন করিতে থাকেন, ইনি রাজার ন্যায়, শ্যেনপক্ষীর ন্যায় নির্ভয়ে যাইয়া আপন স্থান গ্রহণ করেন।

৪। হে সোম! তুমি ক্ষরিত হইতে হইতে কি পৃথিবীস্থ, কি স্বর্গলোকস্থ সমস্ত ধন সামগ্রী আমাদিগকে বিতরণ কর

---

৫৮ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। সেই আনন্দকর সোম গড়াইয়া যাইতেছেন, তিনি দেবতাদিগের অন্ন। নিষ্পীড়িত হইবার পর তাঁহার ধারা গড়াইয়া যাইতেছে। সেই আনন্দকর সোম গড়াইয়া যাইতেছেন।

২। সেই সোম ধনের প্রস্রবণস্বরূপ, সেই জ্যোতিঃপুঞ্জ সোম মানুষকে রক্ষা করিতে জানেন। সেই আনন্দকর সোম গড়াইয়া যাইতেছেন।

৩। ধ্বস্রদ্বয় ও পুরুষন্তিদ্বয়ের নিকট সহস্র সহস্র ধন আমরা গ্রহণ করিতেছি। সেই আনন্দকর সোম গড়াইয়া যাইতেছেন(১)।

৪। ঐ দুই জনের নিকট ত্রিশসহস্র বস্ত্র গ্রহণ করিয়াছি। সেই আনন্দকর সোম গড়াইয়া যাইতেছেন।

৫৯ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। হে সোম! তুমি গোধন জয় করিয়া লও, তুমি অশ্ব জয় করিয়া লও, তুমি সকলই জয় কর, তাবৎ সুন্দর বস্তু জয় কর, তুমি সন্তানসন্ততি ও উত্তম উত্তম বস্তু সকল আহরণ করিয়া দাও। তুমি ক্ষরিত হও।

২। হে সোম! তুমি জল হইতে ক্ষরিত হও, কিরণ হইতে ক্ষরিত হও, ওষধি হইতে ক্ষরিত হও, প্রস্তর হইতে ক্ষরিত হও।

৩। তুমি ক্ষরিত হইয়া সকল উপদ্রব নিবারণ কর। কর্ম্মিষ্ঠব্যক্তির কুশে যাইয়া উপবেশন কর।

৪। হে সোম! তুমি সকলই প্রদান কর। তুমি দর্শন দিয়াই তেজস্বী হও। তুমি সকল শত্রুর প্রতি ধাবমান হও।

৬০ সূক্ত।

পবমান সোম দেবতা। কশ্যপগোত্রীয় অবৎসার ঋষি।

১। তোমরা সকলে গায়ত্রীচ্ছন্দে সোমের গুণ গান কর। তিনি সকল দিক্ দেখেন। তাঁহার সহস্র চক্ষু।

(১) সায়ণ কহেন ধ্বস্র ও পুরুষন্তি দুইজন রাজার নাম।

২। তুমি সহস্র চক্ষু। তুমি অনেক পাত্রে পূর্ণ হইয়াছ। তোমাকে মেষলোমের উপর দিয়া তাঁহারা শোধন করিলেন, অর্থাৎ ছাঁকিলেন।

৩। এই ক্ষরণশীল সোম মেষলোম ভেদপূর্ব্বক দ্রুত হইলেন। এক্ষণে কলসের মধ্যে দ্রুতবেগে যাইতেছেন। ইন্দ্রের হৃদয়ে প্রবেশ করিতেছেন।

৪। হে বহুদর্শিন্! তুমি ইন্দ্রের প্রীতির জন্য স্বচ্ছন্দে ক্ষরিত হও, আমাদিগকে সন্তানসন্ততি ও খাদ্যদ্রব্য বিতরণ কর।

---

৬১ সূক্ত।

পবমান সোম দেবতা। অঙ্গিরাগোত্রীয় অমহীয়ু ঋষি।

১। হে সোম! তুমি সেই রস ধারণপূর্ব্বক ইন্দ্রের পানের নিমিত্ত ক্ষরিত হও। যে রসের প্রভাবে নবনবতি সংখ্যক শত্রুপুরি যুদ্ধের সময় ধ্বংশ হইয়াছিল।

২। যে রসের প্রভাবে এক দিনের মধ্যে শম্বর নামক শত্রু সত্যকর্ম্মা দিবোদাস রাজার বশতাপন্ন হইল, তদনন্তর সেই প্রসিদ্ধ তুর্ব্বসু ও যদু বশতাপন্ন হইল।

৩। হে সোম! তুমি অশ্ব বিতরণ কর্ত্তা, তুমি অশ্ব ও গোধন ও সুবর্ণ আমাদিগের নিমিত্ত বর্ষণ কর। প্রভূত খাদ্যদ্রব্য বিতরণ কর।

৪। তুমি যখন ক্ষরিত হইয়া পবিত্রকে আর্দ্র করিতে থাক, তখন আমাদিগের সখাস্বরূপ হও, ইহাই প্রার্থনা করি।

৫। তোমার যে সকল তরঙ্গ ধারাস্বরূপে বহমান হইয়া পবিত্রের চতুর্দ্দিকে ক্ষরিত হয়, তাহাদিগের দ্বারা আমাদিগকে সুখী কর।

৬। হে সোম! তুমি সমস্ত জগতের প্রভু। তুমি নিষ্পীড়িত হইয়া আমাদিগকে প্রচুররূপে ধন, জন, ও অন্ন বিতরণ কর।

৭। নদীগণ এই সোমের মাতা। দশ অঙ্গুলি মিলিত হইয়া ইহাকে শোধন করে। ইনি অদিতি সন্তান দেবতাদিগের সহিত মিলিত হয়েন।

৮। এই নিষ্পীড়িত সোম পবিত্রের উপর যাইয়া ইন্দ্রের সহিত, বায়ুর সহিত এবং সূর্য্য কিরণের সহিত মিলিত হইতেছেন।

৯। হে সোম! তুমি মধুর রস ও সুন্দর রূপ ধারণপূর্ব্বক ভগ নামক দেবতার জন্য এবং পূষা, বায়ু, ও মিত্র বরুণের জন্য ক্ষরিত হও।

১০। তোমার যে অন্ন সঞ্চয়, তাহা ঊর্দ্ধলোকে, স্বর্গলোকে থাকে, তোমার অতি প্রবৃদ্ধ সুখকরী শক্তি এবং তোমার প্রভূত অন্ন পৃথিবী ভোগ করে।

১১। এই সোমের সাহায্যে আমরা মনুষ্যদিগের সকল খাদ্য দ্রব্য উপার্জ্জন করি এবং ভাগ করিবার ইচ্ছা হইলে ভাগ করিয়া লই।

১২। হে সোম! তুমি অন্নদাতা, অতএব আমাদিগের আরাধ্য ইন্দ্র ও বায়ুগণ ও বরুণদেবের উদ্দেশে ক্ষরিত হও।

১৩। সেই যে সোম, যাঁহাকে উত্তমরূপে প্রস্তুত করিয়া স্থানে স্থানে রাখা হইয়াছে এবং ক্ষীর প্রভৃতি সংযোগে সুস্বাদু করা হইয়াছে, যাঁহাকে পান করিলে শত্রুদিগকে পরাজয় করা যায়, ইন্দ্রাদি দেবগণ সেই সোমের দিকে যাইতেছেন।

১৪। যে সোম ইন্দ্রের হৃদয়গ্রাহী, তাঁহাকেই আমাদিগের স্তুতিগীতিগণ উত্তমরূপে সংবর্দ্ধনা করুক। যেরূপ বহুক্ষণ স্তনপান না করাইলে জননীগণের স্তন স্ফীত হইয়া উঠে, তখন সন্তানকে পাইলে তাঁহারা পরম সমাদরে গ্রহণ করেন। তদ্রূপ স্তুতিগণ সোমকে চাহে।

১৫। হে সোম! তুমি আমাদিগের গোধনকে নিরুপদ্রব কর। প্রচুর অন্ন নিতরণ কর। চমৎকার বারি বর্ষণ কর।

১৬। সোম ক্ষরিত হইতে হইতে এক বিশ্বব্যাপী প্রকাণ্ড জ্যোতিঃপুঞ্জ আবির্ভূত করিলেন, উহা আশ্চর্য্যরূপে আকাশময় বিস্তারিত হইল।

১৭। হে জ্যোতির্ম্ময় সোম! তুমি ক্ষরিত হইতেছ, তোমার সেই আনন্দকর রস অবাধে মেষলোমের দিকে যাইতেছে।

১৮। হে সোম! তোমার অতি প্রবৃদ্ধ দীপ্তিশালী রস ক্ষরিত হইয়া সমস্ত ব্রহ্মাণ্ডকে দীপ্যমান করিয়া দৃষ্টিগোচর করিয়া দিতেছে।

১৯। হে সোম! তোমার যে রস দেবতাদিগের সংসর্গ বাঞ্ছা করে এবং রাক্ষসদিগকে ধ্বংস করিয়া থাকে, যাহা আনন্দ বিধান করে এবং সর্ব্ব লোকের প্রার্থনীয় হয়, সেই রস ধারণপূর্ব্বক তুমি ক্ষরিত হও।

২০। হে সোম! তুমি বিপক্ষ শ্রেণীস্থ বৃত্রকে বধ করিয়াছ, প্রতিদিন অন্ন বিভাগ করিয়া দাও। তুমি গোধন বিতরণকারী এবং অশ্ব প্রদানকর।

২১। হে সোম! তুমি সুস্বাদু ক্ষীরাদির সহিত মিশ্রিত হইয়া সত্বর আপন স্থান গ্রহণপূর্ব্বক দীপ্তিশালী হও; যেমন শ্যেনপক্ষী দ্রুতবেগে যাইয়া আপন স্থানে উপবেশন করে।

২২। হে সোম! যখন বৃত্র তাবৎ জলভাণ্ডার রোধ করিয়া রাখিয়াছিল, সেই সময়ে ইন্দ্রের বৃত্রসংহারস্বরূপ ব্যাপারের সময় তুমি ইন্দ্রকে রক্ষা করিয়াছিলে। সেই তুমি এক্ষণে ক্ষরিত হও।

২৩। হে ধনবর্ষণকারী সোম! আমরা যেন বীরপুত্র সহকারে সমস্ত ধন জয় করিয়া লই। তুমি শোধিত হইতে হইতে আমাদিগের স্তুতিবাক্যসমূহের উন্নতি বিধান কর।

২৪। হে সোম! তোমার রক্ষায় রক্ষিত হইয়া আমরা যেমন বিপক্ষদিগকে খণ্ড খণ্ড করিয়া নিধন করি। হে সোম! আমাদিগের সৎকর্ম্মের সময় তুমি সতর্ক থাক।

২৫। এই সোম ক্ষরিত হইতেছেন; ইনি হিংসকদিগকে নষ্ট করিতেছেন, ইনি ব্যয়কুণ্ঠ কৃপণদিগকে নষ্ট করিতেছেন, ইনি ইন্দ্রের নিকট যাইতেছেন।

২৬। হে ক্ষরৎ সোম! প্রচুর ধন আমাদিগকে দাও; হিংসকদিগকে ধ্বংস কর; আমাদিগকে ধন, জন ও যশ বিতরণ কর।

২৭। হে সোম! যখন তুমি শোধন হইতে হইতে আমাদিগকে ধন দান করিতে উদ্যত হও, যখন খাদ্যদ্রব্য দিতে উদ্যোগ কর, তখন শত শত হিংসক শত্রু মিলিত হইয়াও তোমার কিছুই করিতে পারে না।

২৮। হে সোম! তুমি নিষ্পীড়িত হইয়া ধন বর্ষণ করিতে করিতে ক্ষরিত হও; দেশ মধ্যে আমাদিগকে যশস্বী কর; সকল শত্রু নিধন কর।

২৯। হে সোম! আমরা এক্ষণে তোমার বন্ধুত্ব লাভ করিয়া তোমার অন্নে পুষ্ট হইয়া যুদ্ধার্থ সমাগত বিপক্ষদিগকে যেন পরাজয় করিতে পারি।

৩০। হে সোম! বিপক্ষ সংহারের জন্য তোমার যে সকল সুশাণিত ভয়ঙ্কর অস্ত্রশস্ত্র বিদ্যমান আছে, তৎসহকারে আমাদিগকে পরাজয়রূপ অযশ হইতে রক্ষা কর।

---

৬২ সূক্ত।

পবমান সোম দেবতা। জমদগ্নি ঋষি।

১। এই দেখ সোমরসগুলি সমস্ত সৌভাগ্য আমাদিগকে দিবেন বলিয়া পবিত্রের নিকট শীঘ্র শীঘ্র উৎপাদিত হইতেছেন।

২। এই সকল অতি তেজস্বী সোমরস যাবতীয় দুষ্কর্ম্ম নষ্ট করিতেছেন,

আমাদিগকে সন্তান সন্ততি ও অশ্ব দিতে মনস্থ করিয়াছেন এবং আমাদিগকে চমৎকার বস্ত্রাদি দিতেছেন।

৩। এই সকল সোমরস আমাদিগের নিমিত্ত এবং গোধনের নিমিত্ত চমৎকার অন্নবিধান করিতে করিতে আমাদিগের স্তুতিবাক্য গ্রহণ করিতেছেন।

৪। পর্ব্বতোৎপন্ন সোম আনন্দের জন্য নিষ্পীড়িত হইলেন এবং জলমধ্যে বৃদ্ধি প্রাপ্ত হইলেন। শ্যেনপক্ষীর ন্যায় দ্রুতবেগে আপন স্থানে গিয়া উপবেশন করিলেন (১)।

৫। যে নির্ম্মল খাদ্যদ্রব্যকে দেবতারা প্রার্থনা করেন, তিনি সোম। পথ প্রদর্শনকারী ঋত্বিকেরা তাহাকে নিষ্পীড়নপূর্ব্বক জলে শোধন করেন, যজ্ঞ শেষে গোধন তাহার আস্বাদন গ্রহণ করেন।

৬। অনন্তর অনুষ্ঠানকর্ত্তা ঋত্বিকেরা যজ্ঞস্থলে সেই সোমের আনন্দকর রসকে অমরত্ব লাভের জন্য সুশোভিত করেন; যেমন লোকে ঘোটককে সুশোভিত করিয়া থাকে।

৭। হে সোম! তোমার যে সমস্ত সুরস ধারা উপদ্রব নিবারণের জন্য উৎপাদিত হইয়াছে, তৎসহকারে পবিত্রে যাইয়া উপবেশন কর।

৮। হে সোম! তুমি মেষলোমের মধ্য দিয়া নির্গত হইয়া ইন্দ্রের পানের জন্য পাত্রে পাত্রে যাইয়া স্থান গ্রহণ কর।

৯। হে সোম! তুমি অতি সুস্বাদু হইয়া ক্ষরিত হও। অঙ্গিরার সন্তানদিগকে উত্তম উত্তম সামগ্রী ও ঘৃত দুগ্ধ আহরণ করিয়া দাও।

১০। এই দেখ বহুদর্শী সোমরস পাত্রে স্থাপিত হইয়াছেন, ক্ষরিত হইতেছেন এবং জলমধ্যস্থ খাদ্যদ্রব্যকে আন্দোলিত করিয়া আপনার সন্নিধান জানাইয়া দিতেছেন।

১১। এই যে সোম, ইনি ধনবর্ষণকারী, তাহাই ইহার একমাত্র কার্য্য, ইনি রাক্ষসদিগকে সংহার করেন এবং দাতা ব্যক্তিকে অশেষ ধন দিয়া থাকেন।

১২। হে সোম! তুমি অতি প্রচুর ধন ক্ষরণ করিয়া দাও। গো, অশ্ব,

(১) সোমরস পাত্রে ঢালার সহিত ও শ্যেনপক্ষীর উড়িয়া আসার সহিত, অনেক স্থানে তুলনা করা হইয়াছে। এইরূপ উপমা হইতে কি শ্যেনপক্ষীকর্ত্তৃক সোম আহরণ সম্বন্ধীয় বৈদিক উপাখ্যান উৎপন্ন হইয়াছে? এই সূক্তের ১৫ ঋক্ দেখ। এবং ৯।৬৭।১৪ ও ১৫ ঋক্ এবং ৯।৭১।৬ ও ৯।৮৫।১১ এবং ৯।৮৬।৩৫ ও ৯।৯৬।১৯ ও ৯।৯৭।৩৩ দেখ।

সকলি দাও। এমন ধন দাও, যাহাতে সকলের উল্লাস হয়, যাহা সকলেই পাইতে বাঞ্ছা করে।

১৩। এই দেখ, মনুষ্যেরা সোমকে সেচন করিতেছেন, ইঁহাকে শোধন করা হইতেছে, ইহার যশ গান করা হইতেছে, কারণ ইনি অত্যন্ত কার্য্যক্ষম।

১৪। এই সোম অশেষ প্রকারে রক্ষা করেন, বিস্তর ধন দান করেন, ইনি লোকের নির্ম্মাণ কর্ত্তা, ইঁহার ক্রিয়াশক্তি অদ্ভুত, ইনি আনন্দের বিধাতা; ইন্দ্রের জন্য ক্ষরিত হইতেছেন।

১৫। এই সোম জন্ম গ্রহণপূর্ব্বক নানা স্তুতিবাক্য লাভ করিয়া ইন্দ্রের পানের জন্য যেরূপ পক্ষী আপন কুলায়ে স্থান গ্রহণ করে, সেইরূপ যথাযোগ্য পাত্রে সংস্থাপিত হইতেছেন।

১৬। যখন পথ প্রদর্শনকারী ঋত্বিক্‌গণ সোমকে নিষ্পীড়িত করেন, তিনি পাত্রে পাত্রে উপবেশন করতঃ যেন রণভূমিতে প্রবল বেগে অগ্রসর হইতে থাকেন।

১৭। ঋত্বিক্‌গণ সেই সোমকে ঋষিদিগের রথে ঘোটকের ন্যায় যোজনা করিতেছেন; সেই রথের তিন পৃষ্ঠ, তিন স্থান উন্নত, সপ্তচ্ছন্দ তাহার রজ্জু। এই রূপ রথে যোজনা করিলে দেবতাদিগের নিকট যাওয়া যায়।

১৮। হে সোমনিষ্পীড়নকারিগণ! সেই সোম দ্রুতগামী অশ্ববৎ, তিনি ধন স্পর্শ করেন, অর্থাৎ আনিয়া দেন; যুদ্ধে যাইবার জন্য তাঁহাকে সজ্জিত কর।

১৯। সোম নিষ্পীড়িত হইয়া কলসের মধ্যে যাইতেছেন, সর্ব্বপ্রকার সৌভাগ্যলক্ষ্মী আমাদিগকে আনিয়া দিতেছেন এবং বিপক্ষের গোযূথ মধ্যে ধীরের ন্যায় দণ্ডায়মান হইয়াছেন।

২০। হে সোম! মনুষ্যগণ তোমার সেই মধুময় রসের গুণ কীর্ত্তন করিতে করিতে দেবতাদিগের আনন্দ বর্দ্ধন করিবার জন্য দোহন করিতেছেন।

২১। দেবতারা যাহার নাম শুনিতে ভাল বাসেন, যাহার আস্বাদন অতি মধুর, হে ঋত্বিক্‌গণ! সেই সোমরসকে দেবতাদিগের নিমিত্ত পবিত্রের উপর রাখিয়া দাও।

২২। ঋত্বিক্‌গণ এই সকল সোমরস উৎপাদন করিয়াছেন, ইহাদের গুণ-কীর্ত্তন হইতেছে, ইহারা প্রচুর অন্ন বিতরণ করিবে, ইহাদিগের শক্তি অতি চমৎকার ও আনন্দপ্রদ।

২৩। হে সোম! যে তুমি শোধন কালে গব্য ক্ষীরাদির সহিত মিশ্রিত

হইয়া ভক্ষণের উপযোগী হইয়া থাক, সেই তুমি এক্ষণে অন্নদান করিতে করিতে ক্ষরিত হও।

২৪। হে সোম! আমি জমদগ্নি, তোমার স্তব করিতেছি। তুমি আমাদিগকে সর্ব্বপ্রকার প্রশস্ত খাদ্যদ্রব্য ও গোধন আহরণ করিয়া দাও।

২৫। হে সোম! তুমি শ্রেষ্ঠ বস্তু। যেমন আমরা তোমার স্তুতিবাক্য উচ্চারণ করি, যেমন আমরা নানাবিধ কবিতা তোমার বিষয়ে রচনা করি, তেমনি তুমি ক্ষরিত হও।

২৬। হে সোম! তুমি শ্রেষ্ঠ, তুমি ব্রহ্মাণ্ডকে কাঁপাইয়া থাক। তুমি আমাদিগের স্তুতিবাক্য গ্রহণপূর্ব্বক আকাশ হইতে বারি বর্ষণ করিয়া দাও।

২৭। হে সোম! তোমার মহিমাতেই এই সকল ভুবন সুস্থির হইয়া আছে। এই সমস্ত নদী তোমার দিকেই ধাবিত হইতেছে।

২৮। যেমন স্বর্গের বৃষ্টি অবাধে পতিত হয়, তদ্রূপ, হে সোম! তোমার ধারা সমস্ত শুক্লবর্ণ পবিত্রের দিকে ধাবিত হইতেছে।

২৯। তোমরা ইন্দ্রের নিমিত্ত প্রচুর পরিমাণ সোম প্রস্তুত কর, কারণ ইহার দ্বারা বলের পুষ্টি, ধনের লাভ এবং আহারের আহরণ হইয়া থাকে।

৩০। বিবিধ কার্য্যোপযোগী সত্যস্বভাব সোম ক্ষরিত হইতে হইতে পবিত্রে গিয়া বসিলেন এবং স্তবকর্ত্তা ব্যক্তিকে বলবীর্য্য দিতে লাগিলেন।

---

৬৩ সূক্ত।

পবমান সোম দেবতা। কশ্যপগোত্রীয় নিধ্রুব ঋষি।

১। হে সোম! বলাধায়ক প্রচুর ধন ক্ষরণ কর এবং আমাদিগকে অশেষ খাদ্য আনিয়া দাও।

২। হে সোম! তোমার তুল্য আনন্দ দাতা কেহ নাই। তুমি আহার দাও, বল ও পুষ্টি প্রদান কর এবং ইন্দ্রের জন্য পাত্রে পাত্রে উপবেশন কর।

৩। নিষ্পীড়িত হইয়া সোমরস ইন্দ্রের জন্য এবং বিষ্ণুর জন্য ক্ষরিত হইলেন। বায়ু যেন তাঁহার মধুর রস প্রাপ্ত হয়েন।

৪। এই সকল পিঙ্গলবর্ণ সোমরস জলের ধারাতে উৎপাদিত হইয়াছেন এবং দ্রুতবেগে রাক্ষসদিগের দিকে যাইতেছেন।

৫। ইহারা ইন্দ্রের সংবর্দ্ধনা করে, বৃষ্টি আনয়ন করে, সর্ব্বপ্রকার মঙ্গল বিধান করে, আর দানকুণ্ঠ কৃপণদিগের সর্ব্বনাশ করে।

৬। এই সমস্ত সোমরস নিষ্পীড়িত হইয়া পিঙ্গলবর্ণ ধারণপূর্ব্বক ইন্দ্রের প্রতি যাইবার জন্য আপন স্থান প্রাপ্ত হইতেছে।

৭। হে সোম! সেই ধারাসহকারে ক্ষরিত হও, যাহাদ্বারা মনুষ্যকুলের হিতের জন্য বৃষ্টির জল বর্ষণপূর্ব্বক সূর্য্যের দীপ্তি উজ্জ্বল করিয়াছিলে।

৮। শোধনকালে সোম আকাশে গতিবিধির জন্য, মনুষ্যের হিতের জন্য সূর্য্যের অশ্ব যোজনা করিতেছেন।

৯। অপিচ। সোম ইন্দ্রের নাম উচ্চারণপূর্ব্বক দশদিকে গতিবিধির জন্য সূর্য্যের অশ্ব যোজনা করিলেন।

১০। হে স্তবকারগিণ! তোমরা ইন্দ্রের উদ্দেশে এবং বায়ুর উদ্দেশে আনন্দ বিধাতা নিষ্পীড়িত সোমকে এই স্থান হইতে লইয়া মেষলোমে সেচন কর।

১১। হে ক্ষরৎ সোম! হিংসক শত্রু যে ধন নষ্ট করিতে না পারে, এরূপ শত্রুর দুর্লভ ধন আমাদিগকে দান কর।

১২। গোধন ও অশ্ব সহস্রসংখ্যক ধন আমাদিগকে বিতরণ কর এবং বলবীর্য্য ও খাদ্যদ্রব্য বিতরণ কর।

১৩। সূর্য্যদেবের ন্যায় দীপ্তিশালী সোম প্রস্তরফলকদ্বারা নিষ্পীড়িত হইয়া কলসের মধ্যে রস স্থাপন করিতে করিতে ক্ষরিত হইতেছেন।

১৪। এই সমস্ত শুক্লবর্ণ সোমরস জলধারাসহকারে আর্য্যদিগের গৃহে গোধন ও খাদ্যদ্রব্য বর্ষণ করিতেছেন।

১৫। বজ্রধারী ইন্দ্রের নিমিত্ত নিষ্পীড়িত হইয়া সোমরসগুলি দধি সংযোগে সুস্বাদু হইয়া পবিত্র অতিক্রমপূর্ব্বক ক্ষরিত হইতেছেন।

১৬। হে সোম! তোমার যে রস দেবতাগণের পক্ষে যৎপরোনাস্তি সুখকর ও আনন্দবিধাতা হয়, তুমি সেই মধুরতম রস ধারণপূর্ব্বক ধন দান করিবার জন্য পবিত্রে গমন কর।

১৭। মনুষ্যেরা সেই সোমকে শোধন করিতেছেন, যিনি হরিতবর্ণ ও তেজোযুক্ত এবং জলের সহিত মিশ্রিত হয়েন এবং যিনি ইন্দ্রের আমোদ বৃদ্ধি করেন।

১৮। হে সোম! তুমি সুবর্ণ ও অশ্ব ও ধন, জন বিতরণ করিতে করিতে ক্ষরিত হও। তুমি গোধন ও খাদ্যদ্রব্য আহরণ কর।

১৯। যেরূপ যুদ্ধকালে, তদ্রূপ এই ক্ষণে তেজোযুক্ত সোমকে মেষলোমের উপরি সেচন কর, কারণ সোম ইন্দ্রের নিকটে অতি মধুর।

২০। যাঁহারা আপনাদিগের রক্ষা প্রার্থনা করেন, সেই বুদ্ধিমান্ ব্যক্তিগণ শোধনযোগ্য সোমরসকে অঙ্গুলিদ্বারা শোধন করেন। সোম শব্দ করিতে করিতে দ্রব মূর্ত্তিতে ক্ষরিত হয়েন।

২১। বুদ্ধিমানেরা সেই বৃষ্টি বিধাতা জলসেচনকারী সোমকে অঙ্গুলি সহযোগে ও স্তুতি পাঠ করিতে করিতে এবং জলধারা দিতে দিতে সরাইয়া দেন।

২২। হে দীপ্তিশীল সোম! ক্ষরিত হও। তোমার মদ ক্রমাগত ইন্দ্রকে স্পর্শ করুক। তোমার শক্তি বায়ুতে গিয়া আরোহণ করুক।

২৩। হে ক্ষরৎ সোম! তুমি শত্রুর বিপুল সমস্ত ধন নিঃশেষে নষ্ট করিয়া দাও। প্রিয় হইয়া তুমি কলসের মধ্যে প্রবেশ কর।

২৪। হে সোম! তুমি কর্ম্মিষ্ঠ ও আনন্দবিধাতা। তুমি শত্রুদিগকে সংহার করিতে করিতে ক্ষরিত হও। দেবদ্বেষী লোককে অপদস্থ কর।

২৫। শুভ্রবর্ণ সোমরসগুলি ক্ষরিত হইতে হইতে এবং নানাবিধ স্তুতিবাক্য গ্রহণ করিতে করিতে উৎপাদিত হইলেন।

২৬। দ্রুতগামী শুভ্রবর্ণ সোমরসগুলি তাবৎ শত্রু সংহার করিতে করিতে ক্ষরিত হইলেন এবং উৎপাদিত হইলেন।

২৭। ক্ষরিত সোমগুলি স্বর্গলোক ও নভোমণ্ডল হইতে আনীত হইয়া পৃথিবীর উন্নতপ্রদেশে উৎপাদিত হইলেন।

২৮। হে সুচারু কর্ম্মকারী সোম। তুমি ধারারূপে ক্ষরিত হইয়া তাবৎ রাক্ষস শত্রুদিগকে সংহার কর।

২৯। হে সোম! রাক্ষসদিগকে নষ্ট করিতে করিতে এবং শব্দ করিতে করিতে উজ্জ্বল ও উৎকৃষ্ট বল আমাদিগকে দান কর।

৩০। হে সোম! যাবতীয় দিব্য বস্তু ও যাবতীয় পার্থিব সামগ্রী ও সর্ব্ব-প্রকার কাম্য পদার্থ আমাদিগকে দান কর।

---

৬৪ সূক্ত।

পবমান সোম দেবতা। মরীচিপুত্র কশ্যপ ঋষি।

১। হে সোম! তুমি দীপ্তিমান্ বর্ষণকর্ত্তা। হে দেব! বর্ষণ করাই তোমার একমাত্র কার্য্য। বর্ষণ করতঃ তুমি ধর্ম্ম সমস্ত ধারণ কর।

২। বর্ষণই তোমার ধর্ম্ম। বর্ষণের জন্যই তোমার বল বীর্য্য, বর্ষণের জন্যই তোমার বিভাগ এবং বর্ষণের জন্যই তোমার রস। হে বর্ষণকারী! তুমিই যথার্থ বর্ষণকর্ত্তা।

৩। তুমি ঘোটকের ন্যায় শব্দ করিতে করিতে বর্ষণ কর। আমাদিগকে গোধন ও বেগবান্ অনেক অশ্ব বিতরণ কর। আমাদিগের ধনাগমের পথ পরিষ্কার করিয়া দাও।

৪। গো, অশ্ব প্রভৃতি কামনাপূর্ব্বক এবং লোকবল বাঞ্ছা করিয়া ঋত্বিকেরা বেগযুক্ত উজ্জ্বল শুভ্রবর্ণ সতেজ সোমরস সকল সৃষ্টি করিলেন।

৫। যজ্ঞকর্ত্তারা সোমকে সুশোভিত করিতেছেন, দুই হস্তে শোধন করিতেছেন। সেই সোম মেষলোমে ক্ষরিত হইতেছেন।

৬। যিনি দাতা, তাঁহার জন্য সোমরসেরা যেন কি নরলোক হইতে, কি দেবলোক হইতে, কি আকাশ হইতে সর্ব্বস্থান হইতে ধন আহরণ করিয়া দেন।

৭। হে সোম! যখন তুমি ক্ষরিত হও, তখন তোমার ধারা সমস্ত যেন কিরণ শ্রেণীর ন্যায় বাহির হইতে থাকে।

৮। হে সোম! তুমি সঙ্কেত করিয়া আকাশের উপর হইতে আগমন কর এবং অশেষ রসের আধার হইয়া আমাদিগকে ধন দান কর।

৯। হে সোম! যখন তোমার রস সূর্য্যদেবের ন্যায় পবিত্রের উপর আরোহণ করে, তখন তুমি সেই পথে প্রেরিত হইয়া শব্দ করিতে থাক।

১০। যেরূপ রথী অশ্ব চালনা করে, তদ্রূপ সোম স্তবকর্ত্তাদিগের স্তুতি-বাক্য শ্রবণমাত্র চালিত হইলেন, যেহেতু তিনি চৈতন্যবিশিষ্ট এবং সকলের প্রীতিকর।

১১। তোমার সেই যে তরঙ্গ, যাহা দেবতাদিগের দিকেই ধাবিত হয় এবং যজ্ঞ মধ্যে স্থান গ্রহণ করে, তাহা পবিত্রের উপর ক্ষরিত হইল।

১২। হে সোম! যে তুমি দেবতাদিগের নিকট যাইবার জন্য নিতান্ত

ব্যস্ত এবং আনন্দের বিধাতা, সেই তুমি ইন্দ্রের পানের জন্য আমাদিগের পবিত্রের উপর ক্ষরিত হও।

১৩। হে সোম! ঋত্বিকেরা তোমাকে শোধন করিতেছেন, অতএব তোমার ক্ষরণ হউক, তাহা হইলেই আমাদের অন্ন লাভ হইবে। তুমি তেজঃপুঞ্জ মূর্ত্তিতে গোধনের দিকে গমন কর।

১৪। হে হরিদ্বর্ণ সোম! স্তুতি বাক্য তোমাকেই অর্শে। তোমাকে ক্ষীরের সহিত মিশ্রিত করা হইতেছে। এক্ষণে তুমি লোকে যাহা প্রার্থনা করে, এরূপ ধন ও অন্ন বিতরণ কর।

১৫। হে সোম! তোমার মূর্ত্তি দীপ্তিশীল। বলশালী যজ্ঞকর্ত্তা ব্যক্তি-গণ তোমাকে সংগ্রহ করিয়াছেন, যজ্ঞের জন্য তোমার শোধন হইতেছে, তুমি এক্ষণে ইন্দ্রের নিকটে যাও।

১৬। সোমরসগুলি আকাশের দিকে প্রেরিত হইতেছে, অঙ্গুলি সহযোগে তাহাদিগকে উত্তোলন করা হইতেছে, তাহারা শীঘ্র শীঘ্র উৎপাদিত হইতেছে।

১৭। সোমগুলিকে শোধন করা হইতেছে। তাহাদিগের স্বভাবই গতি। তাহারা অক্লেশে আকাশের দিকে যাইতেছে। তাহারা জলপাত্রে যাইতেছে।

১৮। হে সোম! আমাদিগকে তুমি স্নেহ কর, আমাদিগের তাবৎ ধন সম্পত্তি নিজ বলে রক্ষা কর এবং আমাদিগকে লোকবল দাও এবং বাসের জন্য গৃহ দাও।

১৯। হে সোম! তুমি যেন একটী সুচারু গতিশীল ঘোটক। ঋত্বিকেরা তোমাকে যোজনা করিলে, তুমি পরিমাণপূর্ব্বক পাদন্যাস করিতে থাক, এইরূপে তুমি জলপাত্রে যাইয়া স্থিতি কর।

২০। দ্রুতগামী সোম যখন সুবর্ণময় যজ্ঞস্থলে উপবেশন করেন, তখন নির্ব্বোধ লোকদিগের সহিত তাঁহার সম্পর্ক উঠিয়া যায়।

২১। সুশ্রী পুরুষেরা স্তব করিলেন। সুবোধ লোকে যজ্ঞের দিকে মন দেন, নির্ব্বোধ লোকে তলাইয়া যায়।

২২। হে সোম! ইন্দ্রের পানের জন্য এবং তাঁহার সহচর মরুৎগণের পানের জন্য, তুমি অতি চমৎকার আস্বাদন ধারণপূর্ব্বক ক্ষরিত হও, যজ্ঞের স্থানে উপবেশন কর।

২৩। হে সোম! যখন তুমি ক্ষরিত হও, তখন বচন রচনাকুশল

ব্যক্তিগণ তোমাকে সুশোভিত করে। অন্যান্য লোকে তোমাকে শোধন করে।

২৪। হে কার্য্যকুশল সোম! যখন তুমি ক্ষরিত হও, তখন মিত্র, অর্য্যমা ও বরুণ ও আর আর তাবৎ দেবতা তোমার রস পান করেন।

২৫। হে সোম! শোধন কালে তুমিই স্তবকারীদিগকে এরূপ স্তুতিবাক্য উচ্চারণ করিতে প্রবৃত্ত কর, যাহা বুদ্ধিমত্তাসূচক এবং নানা প্রকার বাক্যালঙ্কারে সুশোভিত।

২৬। হে সোম! শোধন কালে তুমি আমাদিগের মুখে এরূপ বাক্য আনয়ন করিয়া দাও, যাহার রচনা অতি সুন্দর এবং যাহার উচ্চারণ করিয়া আমরা তোমার নিকট ধনের কামনা করিতে পারি।

২৭। হে সোম! বিস্তর লোকে তোমাকে ডাকিয়া থাকে। এই যজ্ঞে তুমি শোধন প্রাপ্ত হইয়া এই সকল ব্যক্তির প্রীতি উৎপাদন করিতে করিতে কলসের মধ্যে প্রবিষ্ট হও।

২৮। শুক্লবর্ণ সোমরসগুলি অত্যন্ত দীপ্তিশালী রূপধারণপূর্ব্বক এবং ধারাসহযোগে শব্দ করিতে করিতে ক্ষীরের সহিত যাইয়া মিশ্রিত হইতেছে।

২৯। যেমন যোদ্ধারা বিপক্ষদিগের দর্শন পরিহারের জন্য বসিতে বসিতে গুড়ি মারিয়া গিয়া যুদ্ধে প্রবেশ করে, তদ্রূপ দ্রুতগামী সোমরস সতর্কভাবে যজ্ঞে প্রবেশ করিলেন, কারণ যাঁহারা তাঁহাকে প্রস্তুত করেন, তাঁহারা তাঁহাকে চালাইয়া দিলেন।

৩০। হে সোমরস! তুমি কর্ম্মকুশল, তুমি দীপ্তিমান্ ও বলশালী, তুমি দর্শন দাও, তুমি উপস্থিত হইয়া আমাদিগের মঙ্গল কর।

৬৫ সূক্ত।

পবমান সোম দেবতা। বরুণের পুত্র ভৃগু ঋষি। অথবা ভৃগুতনয় জমদগ্নি ঋষি।

১। অঙ্গুলি গুলি যেন কয় ভগিনী, যেন তাহারা পরস্পর স্বসম্পর্কীয় কয়েকটী স্ত্রীলোক, সোম যেন তাঁহাদিগের স্বামী(১)। এই কয়েকটী স্ত্রীলোক

(১) এই উপমাটী ঋগ্বেদের অনেক স্থলে ব্যবহার হইয়াছে, কার্য্যপটু অঙ্গুলিগুলিকে অগ্নি, বা ইন্দ্র, বা সোমদেবের স্ত্রী বলিয়া বর্ণনা করিতে ঋষিগণ ভাল বাসিতেন।

অতিশয় কার্য্যকুশল, ইহারা তাহাদিগের বলশালী মাননীয় স্বামীকে চালাইতেছে, ইহাদের বাসনা এই যে সোমরস ক্ষরিত হয়।

২। হে সোম! তুমি উজ্জ্বলভাবে ক্ষরিত হও, তুমি ঔজ্জ্বল্য গুণে সকল দেবতার শ্রেষ্ঠ। সর্ব্বপ্রকার ধনসম্পত্তি আহরণ করিয়া দাও।

৩। হে সোম! তোমাকে উত্তমরূপ স্তব করা হইয়াছে, দেবতাদিগের আরাধনাপূর্ব্বক বৃষ্টি উপস্থিত কর। তোমার ক্ষরণের দ্বারা যেন আমরা উত্তমরূপ অন্ন লাভ করি।

৪। হে সোম! তুমি আপন ঔজ্জ্বল্যে উজ্জ্বল, আমরা সৎকর্ম্মানুষ্ঠান উপলক্ষে তোমাকে আহ্বান করিতেছি, কারণ তুমি অভিলষিত ফল বর্ষণ করিয়া থাক।

৫। হে সোম! তোমার অস্ত্রশস্ত্র অতি চমৎকার, তুমি আনন্দ বিধান করিতে করিতে এই ভাবে ক্ষরিত হও, যাহাতে আমাদিগের লোকবল হইতে পারে। তুমি সুচারুরূপে এই স্থানে আগমন কর।

৬। যৎকালে দুই হস্তে তোমাকে শোধন করা হয় এবং সেই সঙ্গে তোমার উপর জল সেচন করা হয়; তৎকালে তুমি কাষ্ঠময় পাত্রে স্থাপিত হইয়া পরে তৎসংসৃষ্ট অন্যান্য পাত্রে গমন কর।

৭। হে ঋত্বিকৃগণ! যেরূপ ব্যশ্বঋষি গান করিয়াছিলেন, তদ্রূপ তোমরা সোমের উদ্দেশে গান আরম্ভ কর, কারণ তিনি অতি প্রধান এবং চতুর্দ্দিকেই তাঁহার দৃষ্টি।

৮। সেই সোম শত্রুবর্গের নিবারণকর্ত্তা, তাঁহা হইতে মধুর রস নির্গত হয়, ইন্দ্রের পানের জন্য সেই হরিতবর্ণ রস প্রস্তরফলকের দ্বারা নিষ্পীড়িত হয়।

৯। হে সোম! তুমি ঈদৃশ বলশালী, তোমার বন্ধুত্ব আমরা প্রার্থনা করিতেছি, আমাদিগের বাসনা যে সর্ব্বপ্রকার ধনসম্পত্তি জয় করি।

১০। হে অভিলষিত ফলবর্ষণকারী সোম! তুমি ইন্দ্রের আনন্দ বিধান করিতে করিতে ধারারূপে ক্ষরিত হও। তোমার ক্ষমতার দ্বারা যেন আমরা সকল ধন লাভ করি।

১১। হে সোম! তুমি ভূলোক, দ্যুলোক এ উভয়ের ধারণকর্ত্তা এবং স্বর্গের দিকেই তোমার দৃষ্টি। তোমাকে আমি বলশালী জানিয়া যুদ্ধ অভিমুখে প্রেরণ করিতেছি।

১২। হে সোম! এই অঙ্গুলিদ্বারা আমি তোমাকে স্পর্শ করিতেছি, তুমি

হরিতবর্ণ আকারে ধারারূপে ক্ষরিত হও। তোমার সখাকে যুদ্ধের দিকে পাঠাইয়া দাও।

১৩। হে সোম! তুমি সকল দিক দর্শন কর। আমাদিগের জন্য প্রচুর আহার আনিয়া দাও এবং আমরা কোন্ পথে যাইব তাহা দেখাইয়া দাও।

১৩। হে সোম! কলসগুলিকে স্তব করা হইয়াছে। অতএব তুমি ইন্দ্রের পানের জন্য ধারারূপে প্রবলবেগে উহার মধ্যে প্রবেশ কর।

১৫। তোমার যে সুতীক্ষ্ণ ও আনন্দকর রস, তাহা প্রস্তরফলকদ্বারা নিষ্পীড়িত হইয়া থাকে। তুমি দর্পহারী হইয়া:ক্ষরিত হও।

১৬। এই যে সোম ইহাকে স্তব করা হইতেছে, ইনি আকাশের দিকে যাইবার জন্য রাজার ন্যায় মনুষ্যের প্রতি যাইতেছেন।

১৭। হে সোম! আমাদিগের রক্ষার জন্য আমাদিগকে শতশত গোধন ও ঘোটক এবং উত্তম উত্তম সম্পত্তি আনয়ন করিয়া দাও।

১৮। হে সোম! দেবতাদিগের পানের জন্য তোমাকে নিষ্পীড়ন করা হইয়াছে, তুমি আমাদিগকে উজ্জ্বলরূপ এবং বিপক্ষ পরাভবকারী তেজঃ প্রদান কর।

১৯। হে সোম! যেমন শ্যেনপক্ষী আপন কুলায়ে উপবেশন করে, তদ্রূপ তুমি তেজঃপুঞ্জ মূর্ত্তি ধারণপূর্ব্বক এবং শব্দ করিতে করিতে কলসের মধ্যে প্রবেশ কর(২)।

২০। এই সোমরস জলের সহিত মিশ্রিত হইয়া ইন্দ্র, বায়ু এবং বরুণ এবং অন্যান্য দেবতা ও বিষ্ণুর উদ্দেশে চলিয়াছেন।

২১। হে সোম! আমাদিগের সন্তানবর্গকে খাদ্যদ্রব্য বিতরণ কর এবং এইরূপে ক্ষরিত হও, যাহাতে আমরা সহস্র প্রকার ধন সম্পত্তি প্রাপ্ত হই।

২২। যে সকল সোমরস অতি দূরদেশে, কিংবা অতি সন্নিহিত দেশে প্রস্তুত হইয়াছে, কিংবা যে সকল সোম শর্য্যণাবৎ(৩) নামক সরোবরে প্রস্তুত হইয়াছে।

(২) সোমরসের কলসে প্রবেশের সহিত শ্যেনপক্ষীর কুলায় প্রবেশের উপমা, এটী ঋষিগণের বড় মনোগত উপমা। ৯।৬২।৪ ঋক্ দেখ।

(৩) শর্য্যাণাবতী নদীর উল্লেখ আমরা পূর্ব্বেই পাইয়াছি। ৮।৬।৩৯ এবং ৮।৭।২৯ এবং ৯।৬৪।১১ ঋক্ দেখ।

২৩। কিংবা যে সকল সোম আর্জীকদেশে, কিংবা কৃত্বদেশে, কিংবা সরস্বতী প্রভৃতি নদীর মধ্যে, কিংবা পঞ্চজনের মধ্যে প্রস্তুত হইয়াছে(৪)।

২৪। সেই সমস্ত সোম উজ্জ্বলভাবে ক্ষরিত হইতে হইতে নভোমণ্ডল হইতে বৃষ্টি আনয়ন করিয়া দিন এবং আমাদিগকে লোকবল প্রদান করুন।

২৫। এই যে সোম যিনি দেবতাদিগের সংসর্গ কামনা করেন, জমদগ্নি তাঁহাকে স্তব করিতেছেন, তিনি চালিত হইয়া গোচর্ম্মের উপর ক্ষরিত-হইতেছেন।

২৬। যেরূপ অশ্বদিগকে জলমধ্যে লইয়া গিয়া তাহাদিগের গাত্র শোধন করিয়া দেয়, তদ্রূপ এই সকল শুভ্রবর্ণ সোমরসগুলি ক্ষীর প্রভৃতি বস্তুর সহিত মিশ্রিত হইয়া খাদ্যদ্রব্য বিতরণ করিতে করিতে জলের মধ্যে শোধিত হইতেছেন।

২৭। হে সোম! যখন তোমাকে নিষ্পীড়ন করা হয়, তখন চতুঃপার্শ্ববর্ত্তী ঋত্বিকেরা দেবতাদিগের উদ্দেশে তোমাকে প্রেরণ করেন। তুমি উজ্জ্বলভাবে ক্ষরিত হও।

২৮। হে সোম! তোমার সেই যে প্রভাব, যাহা সকলকে সুখী করে, যাহা ধনসম্পত্তি আনিয়া দেয়, শত্রু হইতে রক্ষা করে এবং সকল লোকের প্রার্থনীয় হয়, আমরা তাহা কামনা করিতেছি।

২৯। সেই বল আমাদিগকে মদমত্ত করে, সকলেই তাহা কামনা করে। তাহা বুদ্ধিমান্ ব্যক্তির ন্যায় এবং জ্ঞানী ব্যক্তির ন্যায় রক্ষা করে এবং সকলেই তাহা প্রার্থনা করে।

৩০। আমরা তোমার নিকট ধন ও জ্ঞান প্রার্থনা করিতেছি। হে সৎকর্ম্মকারী সোম! আমরা তোমার নিকট সন্তানসন্ততি প্রার্থনা করিতেছি, যেহেতু তুমি সকলকে রক্ষা কর এবং বিস্তর লোকে তোমাকে প্রার্থনা করে।

৬৬ সূক্ত।

অগ্নি ও পবমান সোম দেবতা। শতসংখ্যক বৈখানশ ঋষি।

১। হে সোম! তুমি সকল দিক দর্শন কর, তুমি সখা, তুমি মান্য, আমরা তোমার বন্ধু, আমাদিগের এই সমস্ত কবিতা শ্রবণপূর্ব্বক তুমি ক্ষরিত হও।

(৪) আর্জীকীয়া আধুনিক বেয়ানদী। পঞ্চজন অর্থে সিন্ধুর পঞ্চশাখা তীরস্থ জনপদের (আধুনিক পঞ্জাব প্রদেশের) অধিবাসী আর্য্যগণ। "Five tribes."—*Muir*

২। হে সোম তোমার যে দুইটি পত্র বক্রভাবে অবস্থিত ছিল, তদ্দ্বারা তোমার সর্ব্বাপেক্ষা চমৎকার শোভা হইয়াছিল।

৩। হে সোম! তোমার চতুর্দ্দিকে লতা অবস্থায় যে সকল পত্র বিদ্যমান ছিল, তদ্দ্বারা তুমি তাবৎ ঋতুতে সুশোভিত ছিলে।

৪। হে সোম! তুমি আমাদিগের সখা, আমরা তোমার সখা, আমাদিগের রক্ষার জন্য উত্তম উত্তম নানাবিধ আহার সামগ্রী উৎপাদন করিতে করিতে ক্ষরিত হও।

৫। হে সোম! তোমার যে শুভ্রবর্ণ কিরণসমূহ, তাহারা আপন তেজঃ বিস্তার করিতে করিতে পৃথিবীর উপর জল বর্ষণ করিয়া থাকে।

৬। এই যে সপ্তনদী(১), ইহারা তোমারই আদেশে বহমান হইতেছে, এই সকল গাভী তোমারই দিকে ধাবমান হইতেছে।

৭। হে সোম! তোমাকে নিষ্পীড়ন করা হইয়াছে, তুমি আনন্দ বিধান করিতে করিতে ধারারূপে ইন্দ্রের দিকে যাও এবং অক্ষয় আহার বিতরণ কর।

৮। সাতটি স্ত্রীলোক অঙ্গুলিদ্বারা তোমাকে চালনা করিতে করিতে এক স্বরে তোমার বিষয়ে গান করিল, তাহারা কহিল, যে তুমি যজ্ঞকর্ত্তা ব্যক্তির যজ্ঞস্থলে সকল কার্য্য স্মরণ করাইয়া দাও।

৯। যখন তুমি শব্দ করিতে করিতে জলের সহিত মিশ্রিত হও, তখন কয়েকটি অঙ্গুলি একত্র হইয়া মেষলোমের উপর তোমাকে শোধন করিতে থাকে, তৎকালে তোমার কণা নিক্ষিপ্ত হইতে থাকে এবং মেষলোম হইতে শব্দ উঠিতে থাকে।

১০। হে সৎকর্ম্মশীল বলশালী সোম! যখন তুমি ক্ষরিত হও, তখন তোমার ধারাগুলি এরূপভাবে বহিতে থাকে, যেরূপ ঘোটকগণ অন্ন আহরণ করিবার অভিপ্রায়ে ধাবিত হইয়া থাকে।

১১। কলসের উপর মেষলোম সংস্থাপনপূর্ব্বক অঙ্গুলিবর্গ সুমধুর রসের ক্ষরণকারী সোমকে পুনঃ পুনঃ চালিত করিতে লাগিল।

১২। সোমরসগুলি কলসের মধ্যে সেইরূপে অন্তর্ধান হইয়া গেল, যেরূপ নবপ্রসূত গাভীগণ গৃহের মধ্যে প্রবেশ করে।

১৩। হে সোম! যখন তুমি ক্ষীরপ্রভৃতি বস্তুর সহিত মিশ্রিত হও,

(১) সপ্তনদীর উল্লেখ।

তৎকালে জল প্রবাহিত হইয়া বিলক্ষণ শব্দ করিতে করিতে তোমার দিকে যাইয়া থাকে।

১৪। হে সোম! তোমার বন্ধুত্ব আমরা প্রার্থনা করি, তুমি আমাদের রক্ষাকর্ত্তা, তোমার বন্ধুত্ব উপলক্ষে এই যজ্ঞ অনুষ্ঠান করিতে ইচ্ছা করিয়াছি।

১৫। হে সোম! যিনি গোধন অন্বেষণ করেন, যিনি মহান্, যিনি মনুষ্য-মাত্রেরই তত্ত্বাবধান করেন, তুমি তাঁহার জন্য ক্ষরিত হও। তুমি ইন্দ্রের উদরে প্রবেশ কর।

১৬। হে সোম! তুমি অতি প্রধান, তুমি বলশালীদিগের অগ্রগণ্য, তুমি সর্ব্বাপেক্ষা অধিক তেজস্বী, তুমি যখনই যুদ্ধ করিয়াছ, তখনই জয়ী হইয়াছ।

১৭। সেই সোম সকল বলশালী অপেক্ষা অধিক তেজস্বী, তিনি সকল বীর অপেক্ষা অধিক বীর, তিনি সকল বদান্য অপেক্ষা অধিক দাতা।

১৮। হে সোম! তুমি খাদ্যদ্রব্য প্রেরণ কর, বংশ বৃদ্ধি কর; আমরা তোমার বন্ধুত্ব প্রার্থনা করি, তোমার সহায়তা অভিলাষ করি।

১৯। হে অগ্নি! তুমি আমাদিগের প্রাণরক্ষা কর, বল এবং খাদ্যদ্রব্য বিতরণ কর এবং দূর হইতে রাক্ষসদিগকে পরাভব কর।

২০। অগ্নি ঋষি, তিনি পবিত্র, তিনি পঞ্চ জনের হিতকারী, তিনি পুরোহিত। সেই অতি যশস্বী অগ্নিকে আমরা আশ্রয়রূপে গ্রহণ করি।

২১। হে অগ্নি! তোমার কার্য্য অতি সুন্দর, তুমি আমাদিগকে তেজস্বী ও বীর্য্যবান্ কর। তুমি আমাকে হৃষ্ট পুষ্ট গোধন বিতরণ কর।

২২। এই যে সোমরস ক্ষরিত হইতেছেন, ইনি সূর্য্যের ন্যায় ব্রহ্মাণ্ড দর্শন করেন। ইনি শত্রুবর্গকে পরাভব করেন, ইনি আমাদিগের স্তুতি বাক্য গ্রহণ করিতে উপস্থিত হইতেছেন।

২৩। এই যে সোমরস, যাহাকে মনুষ্যেরা শোধন করেন, ইহার বিস্তর খাদ্য দ্রব্য আছে, ইনি সুন্দর আহার বিতরণ করেন, দেবতাদিগের দিকেই ইহার গতি।

২৪। এই যে ক্ষরণশীল সোমরস, ইনি এক প্রকাণ্ড শুভ্রবর্ণ জ্যোতির্ম্ময় পদার্থ উৎপাদন করিলেন, সেই জ্যোতিঃ যথার্থ, তাহা কৃষ্ণবর্ণ অন্ধকারসমূহকে নষ্ট করিল।

২৫। এই যে ক্ষরণশীল সোমরস, যাঁহার তেজঃ সর্ব্বব্যাপী হইয়া থাকে, তিনি অন্ধকার নষ্ট করিতেছেন, আহ্লাদকর ধারা সমস্ত তাঁহার হরিতবর্ণ মূর্ত্তি হইতে নির্গত হইতেছে।

২৬। এই যে ক্ষরণশীল সোমরস, ইহাঁর তুল্য রথী নাই, যত শুভ্রবর্ণ বস্তু আছে, ইনিই সর্ব্বাপেক্ষা অধিক নির্ম্মল, ইহার ধারা হরিতবর্ণ, দেবতারা ইহার সহায়, ইনি তাহাদিগকে আহ্লাদিত করেন।

২৭। এই যে ক্ষরণশীল সোম, ইঁহার তুল্য অন্নদাতা কেহ নাই, ইঁহারা গুণকীর্ত্তনকারী ব্যক্তিকে বিশিষ্ট বল প্রদান করেন। প্রার্থনা করি, ইনি আপন তেজে সর্ব্বব্যাপী হউন।

২৮। এই যে সোমরস, ইনি নিষ্পীড়িত হইতে হইতে মেষলোমনির্ম্মিত পবিত্রকে অতিক্রমপূর্ব্বক ক্ষরিত হইলেন। ইনি ক্ষরিত হইয়া ইন্দ্রের শরীরে প্রবেশ করিলেন।

২৯। এই যে সোমরস, ইনি গোচর্ম্মের উপর প্রস্তরের সহিত ক্রীড়া করিতেছেন, ইনি আনন্দ লাভের জন্য ইন্দ্রকে আহ্বান করিতেছেন (২)

৩০। হে ক্ষরণশীল সোম! তোমার যে অতি চমৎকার রস, যাহা স্বর্গ হইতে আহরণ করা হইয়াছিল, তদ্দ্বারা আমাদিগের প্রাণ দান কর এবং আমাদিগকে আনন্দিত কর।

---

৬৭ সূক্ত।

পবমান সোম দেবতা। ভরদ্বাজ, কশ্যপ, গোতম, অত্রি, বিশ্বামিত্র, জমদগ্নি, বশিষ্ঠ ও পবিত্র এই কএক জন ঋষি।

১। হে ক্ষরণশীল সোমরস! তুমি আনন্দ দান কর, তুমি অতিশয় বলশালী, তুমি ধন বিতরণ করিতে করিতে এই যজ্ঞে ধারারূপে ক্ষরিত হও।

---

(২) সোমরস প্রস্তুত করিবার সমস্ত পদ্ধতিই এই সূক্ত হইতে উপলব্ধি হয়, প্রথমে সোম লতারূপে থাকে, তাহার দুইটী করিয়া পত্র বক্রভাবে অবস্থিত থাকে, (২ ঋক্)। প্রস্তর দ্বারা সেই লতা নিষ্পীড়িত হইলে, (৭ ঋক্)। পরে রমণীগণ অঙ্গুলিদ্বারা তাহা চট্‌কাইয়া রস বাহির করে, (৮ ঋক্)। পরে সেই রস জলের সহিত মিশ্রিত হইয়া মেষলোমনির্ম্মিত পবিত্র অর্থাৎ ছাঁকনি দ্বারা ছাঁকা হয়, (৯ ঋক্)। সে ছাকনি কলসের মুখে স্থাপিত হয়, অঙ্গুলিদ্বারা উপরের রস সঞ্চালিত করা হয়, সুতরাং ছাঁকা শোধিত রস কলসের ভিতর পড়ে, (১০, ১১, ১২ ঋক্)। সেই শোধিত ছাঁকা রস ক্ষীর বা দধির সহিত মিশ্রিত করিয়া পান করা হয়, (১৩ ঋক্)। ক্ষরণশীল সোমরস শুভ্রবর্ণ, (২৪ ঋক্)। অথবা ঈষৎ হরিতবর্ণ বা পিঙ্গল বর্ণ বলিয়াও কোন কোন স্থলে বর্ণিত হইয়াছে। গোচর্ম্মের পাত্রে এই সোমরস স্থাপিত হয়, (২৯ ঋক্)।

২। হে সোম! তুমি নিষ্পীড়িত হইয়া মনুষ্যদিগকে আনন্দিত ও উন্মত্ত কর, তুমি পণ্ডিত ও ধনদান কর্ত্তা, তুমি ইন্দ্রের আহার স্বরূপ হইয়া তাঁহাকে যারপর নাই আহ্লাদিত কর।

৩। তুমি প্রস্তরের দ্বারা নিষ্পীড়িত হইয়া অতি উত্তম জাজ্জ্বল্যমান তেজঃ (তীব্রতা) ধারণ কর।

৪। হরিতবর্ণ সোমরস প্রস্তরদ্বারা নিষ্পীড়িত হইয়া মেষলোমের মধ্য দিয়া নির্গত হইতেছে এবং অল্প অল্প এরূপ শব্দ করিতেছে।

৫। হে সোমরস! তুমি যদি মেষলোমের মধ্য দিয়া নির্গত হও, তাহা হইলে নানাবিধ সম্পত্তি, নানা প্রকার খাদ্যদ্রব্য এবং বলবীর্য্য এবং গোধন লাভ হইয়া থাকে।

৬। হে সোমরস! আমাদিগকে শতশত গোধন এবং সহস্র ঘোটক এবং নানাপ্রকার সম্পত্তি আনয়ন করিয়া দাও।

৭। এই সকল সোমরস মেষলোমের মধ্যদিয়া শীঘ্র শীঘ্র নির্গত হইয়া মুহুর্মুহু ইন্দ্রের শরীরে প্রবেশপূর্ব্বক তাঁহার সর্ব্ব শরীরে ব্যাপী হইল।

৮। সোমের রস সর্ব্বশ্রেষ্ঠ পদার্থ। সোমরস ইন্দ্রের নিমিত্ত আমাদিগের পূর্ব্বপুরুষকর্ত্তৃক নিষ্পীড়িত হইয়াছিল। সে নিজে ক্রিয়াতৎপর, যে ব্যক্তি ক্রিয়াতৎপর, তাহারই জন্য সে ক্ষরিত হয়।

৯। এই যে সোম, যিনি সকলকে কর্ম্মতৎপর করেন এবং ক্ষরিত হইয়া অতি মধুর রস প্রদান করেন, তিনি অঙ্গুলিদ্বারা চালিত হইতেছেন, এবং বচন রচনাদ্বারা তাঁহার গুণগান হইতেছে।

১০। পূষা নামক যে দেবতা, যিনি ছাগ বাহনে গমন করেন, তিনি যেন, যখন যখন আমরা যাত্রা করি, তখনই আমাদিগকে রক্ষা করেন। তাঁহার প্রসাদে যেন আমরা সুশ্রী নারী প্রাপ্ত হই।

১১। কপর্দ্দী নামক যে দেবতা, তাঁহার উদ্দেশে এই সোমরস ঘৃতের ন্যায়, মধুর ন্যায়, ক্ষরিত হইতেছে। আমরা যেন অনেক সংখ্যক সুশ্রী নারী লাভ করি।

১২। হে তেজঃপুঞ্জ! তোমার নিমিত্ত নিষ্পীড়িত হইয়া ঘৃতের ন্যায় নির্ম্মলভাবে এই সোমরস ক্ষরিত হইতেছে। আমরা যেন বহুসংখ্যক সুশ্রী নারী প্রাপ্ত হই।

১৩। হে সোম! তুমি কবিদিগের রচনাকে উত্তেজিত কর। প্রার্থনা

করি, তুমি ধারারূপে ক্ষরিত হও। তুমি দেবতাদিগের জন্য রত্ন স্থাপন করিয়া থাক।

১৪। যেরূপ শ্যেনপক্ষী সুন্দর কুলায়ে প্রবেশ করে, তদ্রূপ এই সোমরস শব্দ করিতে করিতে কলসের মধ্যে প্রবেশ করিতেছে(১)।

১৫। হে সোম! তোমার যে নিষ্পীড়িত রস, তাহা চতুর্দ্দিকে কলসের মধ্যে সংস্থাপিত হইয়াছে, তাহা শ্যেনপক্ষীর ন্যায় সর্ব্বত্র গতায়াত করিতেছে।

১৬। হে সোম! তোমার তুল্য মধুর বস্তু কিছুই নাই। তুমি ইন্দ্রের আনন্দ বিধানের জন্য ক্ষরিত হও।

১৭। এই সকল সোমরস দেবতাদিগের উদ্দেশে প্রস্তুত হইয়াছে। ইহারা রথের ন্যায় বিপক্ষদিগের নিকট হইতে সম্পত্তি হরণ করিয়া আনিয়া দেয়।

১৮। সেই সমস্ত নিষ্পীড়িত সোমরস, যাহাদিগের তুল্য আনন্দকর পদার্থ আর কিছুই নাই, তাহারা প্রস্তুত হইবার সময়ে শব্দ করিতে লাগিল।

১৯। এই সোমরস প্রস্তরদ্বারা নিষ্পীড়িত হইয়াছে, ইহার গুণ গান করা হইয়াছে, ইহা পবিত্রের উপর যাইতেছে। যে তোমাকে স্তব করে, তাহাকে তুমি বীর্য্যবান্ কর।

২০। এই যে সোম! ইনি নিষ্পীড়িত হইয়াছেন, ইহার গুণ গান করা হইয়াছে, ইনি রাক্ষসদিগকে হনন করেন, এক্ষণে পবিত্রকে অতিক্রমপূর্ব্বক ইনি মেষলোমে যাইতেছেন।

২১। হে ক্ষরণশীল সোম! কি নিকটে, কি দূরে, যেখানে যত ভয় আমার উপস্থিত হয়, সে সমস্ত নষ্ট কর।

২২। সেই বিশ্বনিরীক্ষণকারী সোমরস পবিত্রের মধ্য দিয়া ক্ষরিত হইয়া আমাদিগকে পবিত্র করুন, কারণ পবিত্র করাই তাঁহার স্বভাব।

২৩। হে অগ্নি! তোমার শিখা মধ্যে যে পবিত্র গুণ বিস্তারিত আছে, তদ্দ্বারা আমাদিগের দেহ পবিত্র কর।

২৪। হে অগ্নি! তোমার শিখা মধ্যে যে পবিত্র গুণ আছে, তদ্দ্বারা আমাদিগকে পবিত্র কর। সোমরস নিষ্পীড়নের দ্বারা আমাদিগকে পবিত্র কর।

২৫। হে দেব সবিতা! পবিত্রদ্বারা এবং সোম নিষ্পীড়নদ্বারা এই উভয়ের দ্বারা আমার সর্ব্ব ভাগ শোধন কর।

(১) ১৪ ও ১৫ ঋকে শ্যেনপক্ষীর সহিত সোমের তুলনা।

২৬। হে সোম! তুমিই সবিতা, তুমিই অগ্নি। তোমার এই তিন বিপুল ও কার্য্যক্ষম মূর্ত্তি, এই তিন মূর্ত্তিদ্বারা আমাদিগকে পবিত্র কর।

২৭। দেবতারা আমাকে পবিত্র করুন। বসুগণ তাঁহাদিগের নিজ কার্য্য-দ্বারা পবিত্র করুন। হে অশেষ দেবতা! আমাকে পবিত্র কর। হে অগ্নি! আমাকে শোধন কর।

২৮। হে সোম! তোমার তাবৎ ধারা সহকারে বিশেষরূপে প্রবহমান হও, আমাদিগকে বিশেষরূপে আপ্যায়িত কর, তুমি দেবতাদিগের সর্ব্বশ্রেষ্ঠ আহার।

২৯। সেই যে সোমরস, যিনি সকলের প্রীতিপাত্র, যিনি বৃদ্ধিপ্রাপ্ত হইয়া শব্দ করিতে থাকেন, যাঁহাকে আহুতিদ্বারা বর্দ্ধিত করিতে হয়, আমরা নমস্কার করিতে করিতে তাঁহার নিকট আসিতেছি।

৩০। সর্ব্বস্থান আক্রমণকারী সেই বিপক্ষের কুঠার যাহাতে নষ্ট হইয়া যায়, হে দেব সোম! তুমি সেইরূপে ক্ষরিত হও, তুমি সেই পীড়াদায়ক শত্রুকেই সংহার কর।

৩১। যে ব্যক্তি পবমান সোমবিষয়ক এই সমস্ত শ্লোকগুলি অধ্যয়ন করে যাহার রসশালিনী রচনা ঋষিগণ করিয়া গিয়াছেন, তিনিই সেই সমস্ত সর্ব্ব-প্রকার পবিত্র খাদ্য আহার করেন, যাহা বায়ু আহার করিয়াছেন।

৩২। যিনি ঋষিদিগের রসময়ী রচনা, পবমান সোম বিষয়ক এই সমস্ত শ্লোক অধ্যয়ন করেন, তাঁহাকে সরস্বতী ঘৃত, দুগ্ধ ও সুমধুর জল দোহন করিয়া দেন।

৬৮ সূক্ত।

পবমান সোম দেবতা। বৎস ঋষি।

১। সুমধুর সোমরসগুলি ইন্দ্রের উদ্দেশে প্রবহমান হইতেছে, তাহারা যেন দুগ্ধদায়িনী গাভীর ন্যায়। গাভীগণ হম্বা রব করিতে করিতে কুশের উপর উপবেশনপূর্ব্বক অতি পরিষ্কার দুগ্ধ দান করিতেছে।

২। সেই সোমরস শব্দ করিতে করিতে এবং লতাবর্গকে শিথিল করিতে করিতে হরিতবর্ণ ধারণপূর্ব্বক সুস্বাদ হইতেছে এবং পবিত্রের মধ্য দিয়া মহাবেগে নির্গত হইয়া শত্রুবর্গকে সংহার করিতেছে এবং ধন বিতরণ করিতেছে।

৩। মত্ততা উৎপাদক যে সোম পরস্পর সংলগ্ন ভূমণ্ডল ও নভোমণ্ডল এই দুই যুগল ভুবন নির্ম্মল করিলেন, যিনি অক্ষয় দুগ্ধদ্বারা বৃদ্ধিপ্রাপ্ত হইলেন, যে দুগ্ধ তাঁহার সঙ্গে সঙ্গে বৃদ্ধিপ্রাপ্ত হইয়াছিল, যিনি প্রকাণ্ড অসীম দুই ভুবন পৃথক্ করিয়াছেন, যিনি অগ্রসর হইতে হইতে অক্ষয় বল ধারণ করিলেন।

৪। সেই মেধাবী পুরুষ আপনার দুই জননীর মধ্যে ভ্রমণ করিতে করিতে জল সমস্ত সঞ্চালন করিতে করিতে আহারদ্বারা আপন স্থান আপ্যায়িত করিতেছেন। মনুষ্যগণ ঘনীভূত সোমরসকে যবের সহিত মিশ্রিত করিলেন, তিনি অঙ্গুলিদিগের সমাগম প্রাপ্ত হইতেছেন এবং তাবৎ প্রাণীকে রক্ষা করিতেছেন।

৫। সুচতুর বুদ্ধিদ্বারা ক্রিয়াকুশল সোম জন্ম গ্রহণ করেন, তিনি জল হইতে উৎপন্ন, বিশেষ যত্নের সহিত তাঁহাকে রক্ষা করা হইয়াছে। সেই দুই জন একবারেই যৌবনাবস্থা প্রাপ্ত হইয়া জন্ম গ্রহণ করিল। তাহাদিগের একটী গুহার মধ্যে সংস্থাপিত আছে, আর একটী প্রকাশ পাইতেছে।

৬। বুদ্ধিমান্ লোকগণ সেই আনন্দকর সোমের রূপ চিনিতে পারেন, যাঁহাকে শ্যেনপক্ষী অতি দূরবর্ত্তী স্থান হইতে আহরণ করিয়াছিল, তাহাতেই এক্ষণে উহা খাদ্যদ্রব্যস্বরূপ হইয়াছে। সেই সোমকে জলের মধ্যে শোধন করে, তাহাতে উহার বৃদ্ধি হয়, সে অতি চমৎকার ও তেজস্বী ও প্রশংসার যোগ্য হয়।

৭। হে সোম! দুই হস্তের দশ অঙ্গুলি মিলিত হইয়া তোমাকে মেষ লোমের উপর শোধন করিতেছে, তুমি নিষ্পীড়নের দ্বারা ঋষিদিগের কর্ত্তৃক উৎপাদিত হইয়াছ, শোধনকালে তোমার উদ্দেশে নানা প্রকার স্তব পাঠ করা হইতেছে, তুমি পাত্রে পাত্রে সংস্থাপিত হইয়াছ। যাহারা দেবতাদিগের নাম লইয়া থাকে, তোমার কার্য্য এই যে, তুমি তাহাদিগকে অন্ন বিতরণ কর।

৮। যখন সোমরস চমৎকাররূপে পাত্রে পাত্রে গমনপূর্ব্বক উহার মধ্যে উত্তমরূপে অবস্থিত হয়, তখন তাহার উদ্দেশে মনোমত স্তব পাঠ করিয়া থাকে। এই সোমরস অতি মধুর ধারার আকারে আকাশ হইতে পতিত হইয়া জলের সহিত মিশ্রিত হয়, ইহার সাহায্যে শত্রুর সম্পত্তি জয় করিয়া লওয়া যায়, ইনি দেবতার ন্যায় অমর, ইহার প্রভাবে উত্তমরূপ বচন রচনা করা যায়।

৯। এই যে সোমরস ইনি আকাশ হইতে পতিত হইয়া জলের সহিত মিশ্রিত হইতেছেন, ইনি ক্ষরিত হইয়া কলসের মধ্যে স্থান গ্রহণ করিতেছেন, ইনি প্রস্তরের দ্বারা নিষ্পীড়িত হইয়া দুগ্ধাদি সহযোগে সুস্বাদু হইতেছেন, আর

যাহা কামনা করা যায় এবং যাহা প্রীতিকর, ইনি সেইরূপ বস্তুই আনিয়া দিতেছেন।

১০। হে সোমরস! তোমাকে সেচন করিতেছি, তুমি আমাদিগের জন্য নানা প্রকার খাদ্যদ্রব্য আহরণ করিতে করিতে ক্ষরিত হও। আর সেই যে দ্যুলোক ও ভূলোক যাঁহারা কাহাকেও দ্বেষ করেন না, তাঁহাদিগকে আমরা আহ্বান করি। হে দেবতাবর্গ আমাদিগকে ধনসম্পত্তি এবং কর্ম্মক্ষম সন্তান প্রদান কর।

৬৯ সূক্ত।

পবমান সোম দেবতা। হিরণ্যস্তুব ঋষি।

১। যেরূপ ধনুকের সহিত বাণের যোজনা করা হয়, তদ্রূপ ইন্দ্রের উদ্দেশে আমরা স্তুতিবাক্য যোজনা করিতেছি। যেরূপ বৎস মাতার স্তনের সহিত সংসৃষ্ট হয়, তদ্রূপ ইন্দ্রের সহিত আমরা সোমরস সংসৃষ্ট করিতেছি। যেরূপ প্রচুর দুগ্ধধারা দিতে দিতে গাভী সম্মুখে আসে, তদ্রূপ ইন্দ্র আসিতেছেন। ইন্দ্রের সময়ও সোমরস দেওয়া হইয়া থাকে।

২। ইন্দ্রের উদ্দেশে স্তুতিবাক্য যোজনা করা হইতেছে, আনন্দকর সোম সেচন করা হইতেছে, তাঁহার মুখ মধ্যে সোমরসের আনন্দকর ধারা ঢালিয়া দেওয়া হইতেছে। এই সোমরস ক্ষরিত হইয়া চতুর্দ্দিকে বিস্তৃত হন এবং যেমন উত্তম ধনুর্দ্ধারীর হস্ত হইতে বাণ নিক্ষিপ্ত হইয়া শীঘ্র যথাস্থানে যাইয়া থাকে, তদ্রূপ এই সুমধুর সোমরস মেষলোমের দিকে যাইতেছে।

৩। সোমরস যে জলের সহিত মিশ্রিত হন, সেই জল তাঁহার বধূ তুল্য। তিনি সেই বধূর সহিত মিলিত হইবার জন্য মেষচর্ম্মের সর্ব্বভাগে ক্ষরিত হইতেছেন। বৃক্ষলতাদি উদ্ভিদ্‌গণ পৃথিবীর সন্তান স্বরূপ। যিনি পুণ্যকর্ম্মের অনুষ্ঠান করেন, সেই ব্যক্তির জন্য হরিতবর্ণ সোমরস পৃথিবীর সন্তানদিগকে শিথিল অর্থাৎ ফলবান্ করিয়া দেন। সোমরস মদিরার ন্যায় লোককে মত্ত করেন। তিনি যজ্ঞকালে পাত্রে পাত্রে গমন করিতেছেন। যেরূপ মহিষ আপনার শৃঙ্গ শাণিত করে, সোমরস যেন তদ্রূপ করিতেছেন।

৪। বৃষ শব্দ করিতেছে, গাভীগণ তাহার দিকে দৌড়িয়া যাইতেছি।

দেবীরা দেবের ভবনে উপস্থিত হইতেছে। অর্থাৎ সোমরসকে দেখিয়া আমাদিগের স্তুতিবাক্য আপনা হইতে নির্গত হইতেছে। এই সোমরস শুভ্রবর্ণ মেষলোম অতিক্রম করিয়া গেলেন এবং উজ্জ্বল কবচের ন্যায় আপনার শরীরকে দুগ্ধাদির দ্বারা আচ্ছাদিত করিলেন।

৫। হরিতবর্ণ অমর সোমরস শোধিত হইবার সময় এরূপ বস্ত্র পরিধান করিলেন, যাহা বিনা যত্নে শুভ্র হইয়া আছে, অর্থাৎ দুগ্ধের সহিত মিশ্রিত হইলেন। পরে তিনি আকাশের উপরিভাগে, পাপ নষ্ট হয়, এরূপ শোধন করিবার জন্য সূর্য্যদেবকে সংস্থাপন করিলেন। সেই সূর্য্যের আলোকে দ্যুলোক ও ভূলোক আচ্ছাদিত হইয়া গেল।

৬। এই সকল সোমরস সূর্য্যের কিরণের ন্যায় উজ্জ্বল, ইহারা ইতস্তত ক্ষরিত হইতেছে, ইহারা লোকদিগকে মদমত্ত করে এবং তাহাদিগের নিদ্রা উপস্থিত করিয়া দেয়, ইহারা পাত্রে পাত্রে বিস্তৃত হইতেছে, ইহারা মিলিত হইয়া বিস্তারিত বস্ত্রের চতুর্দ্দিকে যাইতেছে। ইহারা ইন্দ্র ব্যতীত আর কোন দেবতার জন্য ক্ষরিত হয় না।

৭। ঋত্বিকৃগণ যখন সোমকে নির্গলিত করিল, তখন নদীর জল যেমন নিম্নাভিমুখে গমন করে, তদ্রূপ মত্ততাকারী সোমরসগুলি নিম্নাভিমুখে যাইতে লাগিল। হে সোমরস! আমাদিগের ভবনে দ্বিপদ, চতুষ্পদ সকলকে কুশলে রাখ, আমাদিগের গৃহে যেন খাদ্য দ্রব্য ও সন্তান সন্ততির অভাব না হয়।

৮। হে সোম! তুমি এইরূপে ক্ষরিত হও, যাহাতে আমরা ধন সম্পত্তি এবং সুবর্ণ এবং ঘোটক এবং গাভী এবং যব এবং সন্তানসন্ততি প্রাপ্ত হই(১)। তোমরাই আমার পিতৃতুল্য, তোমরা স্বর্গের মস্তকস্বরূপ এবং আমাদিগকে অন্ন দিবার জন্য প্রস্তুত আছ।

৯। এই সমস্ত হরিতবর্ণ সোমরস ইন্দ্রের দিকে যাইতেছে, যে প্রকার রথ সমস্ত যুদ্ধাভিমুখে যাইয়া থাকে। ইহারা নিষ্পীড়িত হইয়া মেষলোমময় পবিত্রকে অতিক্রম করিতেছে এবং যুবা হইয়া বৃষ্টি উপস্থিত করিতেছে।

১০। হে সোমরস! অতি সুস্বাদু ও নির্ম্মল হইয়া মহীয়ান ইন্দ্রের নিমিত্ত

(১) সন্তানসন্ততি এবং সুবর্ণ, ঘোটক, গাভী ও যব তৎকালে সংসার সুখের প্রধান উপকরণ ছিল।

ক্ষরিত হও এবং বিপক্ষদিগকে পরাভব কর। যে তোমাকে স্তব করে, তাহাকে উত্তম উত্তম ধন দান কর। হে দ্যুলোক ও ভূলোক! তোমরা উত্তম উত্তম বস্তু দিয়া আমাদিগকে অনুগ্রহ কর।

৭০ সূক্ত।

পবমান সোম দেবতা। রেণু ঋষি।

১। যৎকালে সোমরস যজ্ঞদিগের সহিত বৃদ্ধি পাইলেন, ত...
জন্য পূর্ব্বপরম্পরাগত যজ্ঞ মধ্যে একুশটি ধেনু, একুশটি গাভী দুগ্ধ দোহন করিয়া দিল, তিনি চারিটি জলপাত্রে শোধনের নিমিত্ত প্রবেশপূর্ব্বক জলপাত্রগুলিকে সুশোভিত করিলেন।

২। তিনি নির্ম্মল জল অন্বেষণ করিতে করিতে আপন কার্য্যের দ্বারা দ্যুলোক ও ভূলোককে পৃথক্ করিয়া দিলেন। যখন সোমদেবের স্থানকে খাদ্যযুক্ত করা হইল, তখন তিনি আপনার মহত্ত্ব গুণে উজ্জ্বল জলের মধ্যে বিস্তৃত হইয়া পড়িলেন।

৩। সোমরসের ঔজ্জ্বল্য অবিনাশী ও অক্ষয় হউক, তাহাদ্বারা স্থাবর, জঙ্গম এই দুই প্রকার বস্তু রক্ষাপ্রাপ্ত হউক। সেই ঔজ্জ্বল্যদ্বারা তিনি আমাদিগকে বলবান্ ও ধনবান্ করেন। নিষ্পীড়নের অব্যবহিত পরেই তাঁহার উদ্দেশে স্তুতিপাঠ হইতে লাগিল।

৪। সেই সোমরস কর্ম্মক্ষম দশ অঙ্গুলির দ্বারা শোধিত হইতেছেন, তিনি আকাশ পথে অবস্থিতি করিতেছেন। তিনি মনুষ্যবর্গ এবং দেবতাবর্গ এই উভয়ের উপকারের জন্য বৃষ্টির উদ্দেশে যজ্ঞাদি অনুষ্ঠানকে নির্ব্বিঘ্নে সম্পন্ন করেন।

৫। তিনি শোধিত হইয়া ইন্দ্রের বল বৃদ্ধি করিবার জন্য দ্যুলোক ও ভূলোকের মধ্যে সংস্থাপিত হইয়া চতুর্দ্দিকে যাইতেছেন। তিনি বৃষ্টির কারণ, তিনি আপন প্রতাপে দুর্ম্মতি লোকদিগকে ক্লেশ দিয়া থাকেন, তিনি যোদ্ধার ন্যায় শত্রুদিগকে যুদ্ধার্থ আহ্বান করেন।

৬। তিনি আপনার জননীস্বরূপ দ্যুলোক ও ভূলোককে দর্শন করিয়া গো বৎসের ন্যায় শব্দ করিতে করিতে আসিতেছেন, তিনি বায়ুগণের ন্যায় শব্দ করিতেছেন। তাঁহার কার্য্য অতি চমৎকার, তিনি দেখিলেন যে, জইল

লোকদিগের যথার্থ উপকারী, অতএব তিনি সর্ব্বাগ্রে জলই বিতরণ করিলেন, তাঁহার বাঞ্ছা যে. তিনি প্রশংসা প্রাপ্ত হন।

৭। সোম যেন একটি ভয়ঙ্কর বৃষভ, তাহাকে যখন কলসের মধ্যে ঢালা হয়, তখন তাহার যে দুই ধারা বিগলিত হইতে থাকে, তাহাই যেন তাহার দুই শৃঙ্গ, সতর্ক সাবধান সোম আপনার বল বৃদ্ধি করিবার জন্য সেই দুই শৃঙ্গ শাণিত করিতে করিতে শব্দ করিতেছেন। তিনি তাহার আধারস্বরূপ সুগঠন কলসের মধ্যে উপবেশন করিতেছেন, গো চর্ম্ম এবং মেষচর্ম্ম তাহাকে শোধন করিতেছেন।

৮। হরিতবর্ণ সোমরস যখন নির্ম্মল হইয়া ক্ষরিত হয়, তখন মেষলোমময় উন্নত শোধন যন্ত্রে তাঁহাকে কর্ম্মিষ্ঠ ঋত্বিক্‌গণ নিশ্চলভাবে সংস্থাপন করেন। সোমের সহিত দধি, দুগ্ধ ও জল মিশ্রিত হইয়া তাঁহাকে ত্রিবিধ উপকরণ সম্পন্ন করে, এই রূপে তিনি মিত্র বরুণ ও বায়ু এই তিন দেবতার সেবনীয় হন।

৯। হে সোম! তুমি অভিলাষ পূরণকর্ত্তা, তুমি দেব[illegible] [illegible] জন্য ক্ষরিত হও, তুমি ইন্দ্রের প্রীতিকর পানপাত্রে প্রবেশ কর। [illegible] পর আমাদিগকে আক্রমণ না করিতে করিতে উহাদিগের হস্ত হইতে আমাদিগকে পরিত্রাণ কর। যে ব্যক্তি পথ জানে, সে অবশ্যই জিজ্ঞাসা[illegible] ব্যক্তিকে পথ বলিয়া দেয়, অর্থাৎ সেইরূপ তুমি আমাদিগকে বলিয়া দেও।

১০। যেমন ঘোটককে চালাইলে সে যুদ্ধাভিমুখে ধাবমান হয়, তদ্রূপ তুমি কলসের দিকে ধাবমান হও। যেমন বিচক্ষণ ব্যক্তি নৌকা যোগে নদী পার হয়, তদ্রূপ তুমি আমাদিগকে বিপদ পার করিয়া দেও। বীর পুরুষের ন্যায় যুদ্ধ করিয়া আমাদিগের শত্রুবর্গকে সংহার কর।

৭১ সূক্ত।

পবমান সোম দেবতা। ঋষিভ ঋষি।

১। দক্ষিণা দান করা হইতেছে, সোমরস প্রবল বেগে কলসের মধ্যে যাইতেছেন, তিনি সতর্ক হইয়া হিংসাকারী রাক্ষসদিগের হস্ত হইতে ভক্তদিগকে রক্ষা করিতেছেন, তিনি বিশ্বব্যাপী আকাশ মধ্যে বৃষ্টির জল সঞ্চয় করিতেছেন, তিনি দ্যুলোক ও ভূলোকের অন্ধকারস্বরূপ মলিনতা শোধন করিবার জন্য সূর্য্যের আলোক বিস্তারিত করিতেছেন।

২। শত্রুবর্গের শোষনকারী সোমরস বিলক্ষণ শব্দ করিতে করিতে বিপক্ষ সংহারক যোদ্ধার ন্যায় আসিতেছেন, আপনার অসূর্য্য প্রতাপ প্রদর্শন করিতেছেন, তিনি জরা পরিত্যাগ করিতেছেন, পানীয় দ্রব্যস্বরূপ হইয়া কলসের মধ্যে যাইতেছেন, বিস্তারিত মেষচর্ম্মের উপর আপনার নির্ম্মল মূর্ত্তি সংস্থাপন করিতেছেন।

৩। প্রস্তরের দ্বারা এবং দুই হস্তের দ্বারা নিষ্পীড়িত হইয়া সোমরস ক্ষরিত হইতেছে, তাহার ভাব ভঙ্গী যেন বৃষের ন্যায়। তাহার গুণ গান করিলে তিনি আকাশ পথে সর্ব্বত্র গমন করেন। তিনি আনন্দ প্রকাশ করেন, পাত্রে পাত্রে মিলিত হন, তাহাকে স্তব করিলে মনোবাঞ্ছা পূর্ণ করেন, জলের সহিত মিশ্রিত হন এবং দেবতারা যে যজ্ঞে আহ্বানিত হন, সেই যজ্ঞে তিনি পূজিত হন।

৪। মাদকতা-শক্তিধারী সোমরসগণ সেই ইন্দ্রকে সেচন করিতেছেন, যিনি স্বর্গলোকে বাস করেন, যিনি মেঘদিগকে সঞ্চয় করেন, যিনি বিপক্ষের অট্টালিকা ধ্বংস করেন, যাহার জন্য উৎকৃষ্টদ্রব্য ভক্ষণকারী গাভীগণ আপনাদিগের উন্নত উধোভার হইতে অতি চমৎকার দুগ্ধ প্রচুর পরিমাণে দিয়া থাকে।

৫। দুই হস্তের দশ অঙ্গুলি মিলিত হইয়া যজ্ঞস্থানের সন্নিহিত প্রদেশে সোমরসকে রথের ন্যায় চালাইয়া দেয়। যৎকালে স্তুতি পাঠকারী ঋত্বিক্‌গণ সোমরসের আধার সংস্থাপন করেন, তখন তিনি গাভীর দুগ্ধের সহিত মিশ্রিত হন এবং পাত্রে পাত্রে গমন করেন।

৬। যেমন শ্যেনপক্ষী আপন কুলায়ে প্রবেশ করে(১) তদ্রূপ দীপ্তিশালী সোমরস সুগঠিত হিরণ্ময় আধারে প্রবেশ করেন। সেই প্রীতিপ্রদানকারী সোমরসকে স্তব করিতে করিতে যজ্ঞ স্থানে প্রেরণ করা হয়। এই পূজনীয় সোমরস ঘোটকের ন্যায় দেবতাদিগের নিকট গমন করেন।

৭। এই দীপ্তিশালী সুচতুর সোমরস বিশেষরূপে জলসিক্ত হইয়া শূন্য পথে কলসের মধ্যে পতিত হন। ইনি মনোবাঞ্ছা পূর্ণ করেন। ইহাকে তিন বার নিষ্পীড়িত করা হইয়াছে। ইনি স্তবের সঙ্গে সঙ্গে নিজেও শব্দ করিতে থাকেন, ইনি নানা পাত্রে এবং কলসে কলসে গতায়াত করেন, ইনি প্রতিদিন প্রভাত কালে শব্দ করিতে করিতে শোভমান হয়েন।

৮। এই সোমরসের সেই যে মূর্ত্তি, যাহা যজ্ঞস্থলে অবস্থিতিপূর্ব্বক বিপক্ষ-

দিগকে পরাভব করে, তাহা জাজ্জ্বল্যমান রূপ ধারণ করিতেছেন। জলের সহিত মিশ্রিত হইয়া নৈবেদ্য সহকারে দেবতাদিগের নিকট যাইতেছে, সুন্দর স্তব প্রাপ্ত হইতেছে এবং দুগ্ধ ইত্যাদির সহিত মিশ্রিত হইতেছে।

৯। যেরূপ বৃষ গাভীর দলের সহিত মিলিত হইবার সময় শব্দ করিতে থাকে, তদ্রূপ এই সোমরস শব্দ করে। ইহারই প্রভাবে সূর্য্যের প্রভা আকাশে স্থাপিত হয়, ইনি গগনবিহারী পক্ষীর ন্যায় পৃথিবীর দিকে দৃষ্টিপাত করেন, ইনি সৎকর্ম্ম অনুষ্ঠানদ্বারা প্রজাদিগের তত্ত্বাবধান করেন।

৭২ সূক্ত।

পবমান সোম দেবতা। হরিমন্ত ঋষি।

১। হরিতবর্ণ সোমরসকে শোধন করা হইতেছে, ঘোটকের ন্যায় তাঁহাকে যোজনা করা হইতেছে, তিনি কলসের মধ্যে ক্ষীর দুগ্ধাদির সহিত মিশ্রিত হইতেছেন, তিনি যখন শব্দ করেন, তখন তাঁহাকে স্তব করে। যে ব্যক্তি উত্তমরূপ স্তব করে, তাহার কামনা তিনি পূর্ণ করেন।

২। যখন সোমরস ইন্দ্রের উদর অর্থাৎ কলসের মধ্যে স্থাপিত হন, কিংবা যখন সুগঠন বাহুবিশিষ্ট ব্যক্তিগণ আপনাদিগের দশ অঙ্গুলিদ্বারা তাহার সুমধুর ও প্রীতিকর রস শোধন করিতে থাকে, তখন অনেক বুদ্ধিমান্ লোক এক বাক্যে তাঁহার গুণ কীর্ত্তন করেন।

৩। এই সোমরস ক্রমাগত দুগ্ধাদির সহিত মিশ্রিত হইতেছেন, ইনি এ প্রকার শব্দ করিতেছেন, যে সূর্য্যের কন্যা শুনিয়া আহ্লাদ পাইতেছেন(১) গুণকীর্ত্তনকারী ব্যক্তি পরিতোষপূর্ব্বক ইহার গুণকীর্ত্তন করিতেছেন। ইনি দুই হস্তে দশ অঙ্গুলির সহিত মিশ্রিত হইতেছেন।

৪। এই যে সোমরস, যিনি প্রস্তরদ্বারা নিষ্পীড়িত হইয়া মনুষ্যাদিগের কর্ত্তৃক যজ্ঞস্থানে চালিত হন, যিনি গাভীগণের প্রেমাস্পদ স্বামীস্বরূপ, অর্থাৎ বৃষের ন্যায় শব্দ করেন, যিনি অতি প্রাচীন, যাঁহাকে উপযুক্ত ঋতুর সময় সংগ্রহ করা হইয়াছে, যিনি অনেক কর্ম্ম সিদ্ধ করেন এবং মনুষ্যাদিগের যজ্ঞানুষ্ঠানের উপযোগী হন, হে ইন্দ্র! সেই নির্ম্মল সোমরস তোমার জন্য ধারারূপে ক্ষরিত হইতেছে।

(১) ৯।১১৩।১৭ ঋকের টীকা দেখ।

৫। হে ইন্দ্র! এই সোমরস ধারারূপে নিষ্পীড়িত হইয়া মনুষ্যের দুই হস্তে চালিত হইয়া তোমার আহারের জন্য ক্ষরিত হইতেছে। তুমি ইহার বলে বলবান্ হইয়া সকল কার্য্য সম্পন্ন কর এবং যজ্ঞস্থানে দর্পযুক্ত শত্রুদিগকে পরাভব কর। যেমন পক্ষী বৃক্ষে উপবেশন করে, তদ্রূপ সোম নিষ্পীড়নোপ যোগী দুই প্রস্তর ফলকের উপর উপবেশন করেন।

৬। কর্ম্মদক্ষ, সুনিপুণ, বুদ্ধিমান্ ব্যক্তিগণ এই সোমকে নিষ্পীড়িত করেন, তিনি শব্দ করিতে করিতে প্রচুর পরিমাণে নির্গত হইয়া বিস্তর কার্য্য সিদ্ধ করেন, তখন দুগ্ধ ক্ষীর প্রভৃতি অনেক প্রকার বস্তু এবং নানাবিধ স্তুতিবাক্য একত্র মিলিত হইয়া যজ্ঞ স্থানে সোমরসের গমনাগমন প্রাপ্ত হন।

৭। এই সোমরস পৃথিবীর মধ্যস্থানস্বরূপ, প্রকাণ্ড আকাশমণ্ডলের আধারস্বরূপ, ইনি জলের তরঙ্গ মধ্যে এবং নদীর মধ্যে সিক্ত হইয়া থাকেন, ইনি ইন্দ্রের বজ্রের স্বরূপ, ইনি বৃষের ন্যায়, ইনি তাবৎ ধন আহরণ করিয়া দেন, ইনি মাদকতা শক্তিবিশিষ্ট হইয়া লোকদিগের সুখের জন্য চমৎকারভাবে ক্ষরিত হয়েন।

৮। হে সুন্দর কর্ম্মকারী সোমরস! তুমি পার্থিব শরীরধারী লোকদিগের জন্য শীঘ্র শীঘ্র ক্ষরিত হও, যে তোমার আন্দোলন করিতে করিতে স্তব করে, তাহাকে ধন দান কর। আমাদিগের গৃহমধ্যস্থিত সম্পত্তি হইতে আমাদিগকে বঞ্চিত করিও না, আমরা যেন অশেষবিধ সম্পত্তি লাভ করিতে পারি।

৯। হে সোমরস! তুমি আমাদিগকে শতসহস্র পরিমাণে ঘোটক ও অন্যান্য পশু ও সুবর্ণ বিতরণ কর, তুমি আমাদিগকে বৃহৎ বৃহৎ দুগ্ধবতী গাভী ও খাদ্যদ্রব্য আনিয়া দেও, তুমি ক্ষরিত হইতে হইতে উপস্থিত হইয়া আমাদিগের গুণগান গ্রহণ কর।

---

৭৩ সূক্ত।

পবমান সোম দেবতা। পবিত্র ঋষি।

১। যাহার দ্বারা সোমরস নিষ্পীড়িত হন, সেই দুই খানি প্রস্তরফলক যেন যজ্ঞের সৃক্কস্বরূপ নিষ্পীড়নের সময় সোমরসের ধারাগুলি সেই দুই সৃক্ককে (অর্থাৎ ওষ্ঠ প্রান্তকে) প্রতিধ্বনিত করে। সোমরসগুলি যজ্ঞস্থানে উপস্থিত

হয়। সেই অসুর(১) সোমরস হইতেই দেবতা ও মনুষ্যদিগের বিহারার্থ তিন ভুবনের নির্ম্মাণ হইয়াছে। সেই সোমই যথার্থ। তাহাকে রাখিবার জন্য যে চারটি স্থালী প্রস্তুত করা হয়, সে চারিটি স্থালী নৌকাস্বরূপ হইয়া সৎকর্ম্মানুষ্ঠানকারী ব্যক্তিকে পার করিয়া দেয়।

২। প্রধান প্রধান ঋত্বিক্‌গণ সকলেই মিলিত হইয়া সুন্দররূপে সোমরসকে প্রেরণ করিতেছেন; তাঁহারা নানাবিধ ফল লাভের উদ্দেশে জলের মধ্যে সোমরসকে আন্দোলন করিতেছেন। তাঁহারা অতি চমৎকার স্তব পাঠ করিতে করিতে মাদকতা শক্তিযুক্ত সোমরসের ধারার দ্বারা ইন্দ্রের তেজঃ বর্দ্ধিত করিতেছেন, যেহেতু ইন্দ্রের তেজঃ বৃদ্ধি হইলে তাঁহাদিগের মনে প্রীতি হয়।

৩। যাঁহাদিগের পবিত্র আছে, তাঁহারা বাক্যের চতুর্দ্দিকে উপবেশন করেন। ইঁহাদিগের প্রাচীন পিতার ব্রত রক্ষা করেন। প্রকাণ্ড সমুদ্রকে বরুণ আচ্ছাদন করিলেন। পণ্ডিতেরাই ভিন্ন ভিন্ন আধারে আরম্ভ করিতে পারেন(২)।

৪। তাহারা সহস্রধারা বর্ষণকারী আকাশে অবস্থিত হইয়া নিম্নের দিকে শব্দ করিতেছে, আকাশের উচ্চ প্রদেশে জিহ্বাতে মধুধারণপূর্ব্বক পরস্পর পৃথক্‌রূপে তাহারা অবস্থিতি করে। ইহার শীঘ্রগামী, সার সমস্ত একবারও চক্ষু উন্মীলন করে না। তাহারা পদে পদে পরস্পর মিলিত হইয়া পাপীদিগকে পাশবদ্ধ করে।

৫। পিতা এবং মাতার উপর অধিষ্ঠানপূর্ব্বক যাহারা শব্দ করিয়াছিল, তাহারা গুণকীর্ত্তন লাভ করিয়া দীপ্তি পাইতে পাইতে অধার্ম্মিক লোকদিগকে দগ্ধ করে। যে কৃষ্ণবর্ণ চর্ম্মকে ইন্দ্র দেখিতে পারেন না (৩) তাহার ক্ষমতা বলে সেই কৃষ্ণবর্ণ চর্ম্মকে ভূলোক ও দ্যুলোক হইতে দূর করিয়া দেয়।

---

(১) নবম মণ্ডলে "অসুর" শব্দ তিন বার ব্যবহৃত হইয়াছে, যথা—

৭৪ সূক্তের ১ ঋকে অসুর শব্দ মাত্র সম্বন্ধে

অসুর শব্দের পৌরাণিক অর্থে ঐ শব্দ এক বারও ব্যবহৃত হয় নাই।

(২) এই ঋকের অর্থ অস্পষ্ট। সায়ণের কষ্টকল্পনা অবলম্বন না করিয়া কেবল অনুবাদ মাত্র এস্থলে সন্নিবেশিত হইল। ইহার পরের কয়েকটী ঋকেরও অর্থ স্পষ্ট নহে।

(৩) এই স্থানে এবং পরের কয়েকটী ঋকে বোধ হয় যজ্ঞ বিরোধী কৃষ্ণচর্ম্ম অসভ্যদিগের উল্লেখ আছে।

৬। তাহারা শ্লোক উত্তেজনা করিতে করিতে এবং সাতিশয় বেগধারণ-পূর্ব্বক পুরাতন স্থানে অধিষ্ঠান হইয়া শব্দ করিয়াছিল। যাহাদিগের চক্ষু নাই ও কর্ণ নাই, তাহারা সত্যের পথ পরিত্যাগ করিল। দুষ্কর্ম্মান্বিত লোকে কখন উত্তীর্ণ হয় না।

৭। সোম শোধন করিবার যে আধার, যাহা হইতে সহস্রধারা নিপতিত হয়, তাহা যখন বিস্তারিত হইল, তখন বিদ্বান্ কবিগণ বাক্য উচ্চারণ করিতে লাগিলেন। ইহাদিগের মধ্যে যে সারভূত পদার্থ আছে, তাহা রুদ্র এবং অন্ন-দাতা এবং দ্বেষহীন, তাহাদিগের গতি সুন্দর, দৃষ্টি সুন্দর, সকলের প্রতি তাহাদিগের চক্ষু।

৮। তিনি সত্যের রক্ষাকর্ত্তা, উত্তম কার্য্যকারী, কখন ছলনা করেন না। তিনি হৃদয় মধ্যে তিন পবিত্র সংস্থাপন করিলেন। তিনি বিদ্বান্, তাবৎ ভুবন দৃষ্টি করেন। যাহারা সৎকর্ম্মে অনাবিষ্ট, যাহারা ব্রতের অনুষ্ঠান করেন না, তিনি তাহাদিগকে বিনাশ করেন।

৯। বরুণের জিহ্বার অগ্রভাগে তাঁহার ক্ষমতাবলে সৎকর্ম্মের সূত্র পবিত্রের উপর বিস্তারিত হইল। পণ্ডিতেরাই তাহার চতুঃপার্শ্বে পরিবেষ্টন-পূর্ব্বক উপবেশন করেন। যাহারা সৎকর্ম্ম অনুষ্ঠানে অপারক হয়, তাহারা অধোগামী হয়।

৭৪ সূক্ত।

পবমান সোম দেবতা। কক্ষীবান্ ঋষি।

১। যিনি জন্মগ্রহণমাত্র শিশুর ন্যায় জলে পতিত হইয়া ক্রন্দন করিয়া উঠেন, যিনি বলবান্ ঘোটকের ন্যায় আকাশে উঠিতে যান, যিনি বারিবৃদ্ধিকারী নিজ ক্ষমতার দ্বারা আকাশকে সংযোজিত করেন, আমরা প্রশস্ত গৃহলাভের জন্য উত্তম স্তবের দ্বারা সেই সোমকে স্মরণ করি।

২। স্তম্ভের ন্যায় যিনি আকাশকে ধারণ করিয়া আছেন, যিনি সুবিস্তৃত ও পরিপূর্ণভাবে সর্ব্বত্র গমন করেন, তিনি এই দ্যুলোক ও ভূলোককে নিজ ক্ষমতার দ্বারা যোজনা করিয়া দিন। তিনি পরস্পর মিলিত এই দুই ভুবনকে ধারণ করিয়াছিলেন, তিনি কবি এবং অন্নদাতা।

৩। যিনি বৃষ্টির অধিপতি, যিনি বর্ষণকারী এবং বৃষের ন্যায় জল আনয়ন কর্ত্তা, যাঁহাকে স্তব করিলে এই স্থানে আসিবেন, তিনি যদি যজ্ঞে আগমন করেন, তবে পৃথিবীতে আগমনের জন্য প্রশস্ত পথ বিদ্যমান রহিয়াছে, বিস্তর খাদ্যদ্রব্য রহিয়াছে, সুমধুর সোমরস অতি সুন্দররূপে প্রস্তুত করা আছে।

৪। তিনি সৎকর্ম্মের অবলম্বনস্বরূপ আকাশ হইতে অতি শ্রেষ্ঠ ঘৃত, দুগ্ধ দোহন করেন, অমৃত উৎপাদন করেন। দানশীল মনুষ্যগণ পরস্পর মিলিত হইয়া তাঁহাকে সন্তুষ্ট করিলে, তিনি জল বর্ষণ করেন। তাহাতে সকলের হিত এবং সংসার রক্ষা হয়।

৫। সোম জলের সহিত মিশ্রিত হইয়া শব্দ করিলেন। মনুষ্যের শরীরে দেবতার উপযুক্ত চর্ম্ম সংস্থাপন করিলেন। তিনি পৃথিবীর নিকটে গর্ভাধান করেন, তাহাতে আমরা পুত্র পৌত্র লাভ করিয়া থাকি।

৬। যে সমস্ত সোমরসগুলি সহস্রধারাবর্ষণকারী স্বর্গ লোকে পৃথক্ পৃথক্ রূপে অবস্থিতি করে ও যাহারা সন্তানসন্ততি উৎপাদন করে, তাহারা পৃথিবীতে পতিত হউক, সোমের সেই চারি অংশ আকাশকে আচ্ছাদন করে, সোম তাহাদিগকে আকাশ হইতে আনয়নপূর্ব্বক পৃথিবীতে স্থাপন করিয়াছেন। তাহারা বৃষ্টিবর্ষণ করিতে করিতে যজ্ঞের উপকরণ এবং দুগ্ধ ইত্যাদি উৎপন্ন করিয়া দেয়।

৭। যখন সোম পাত্রে পাত্রে বিভক্ত হয়, তখন তিনি উহাদিগকে শুভ্রবর্ণ করিয়া দেন। সেই অসুর সোম মনোবাঞ্ছা পূর্ণ করেন এবং বিস্তর ধন দান করেন। তিনি আপনার জ্ঞানদ্বারা উত্তম উত্তম তাবৎ কর্ম্মের মধ্যে অন্তর্ভূত হইয়া থাকেন এবং জল বর্ষণকারী মেঘকে বিদীর্ণ করিয়া দেন।

৮। সোমরস ঘোটকের ন্যায় জলপূর্ণ-শুভ্রবর্ণ কলসের মধ্যে পতিত হইতেছেন। যজ্ঞকারী ব্যক্তিগণ তাঁহার প্রতি স্তুতিবাক্য প্রেরণ করিতেছেন। তিনি কক্ষীবান্ ঋষিকে বিস্তর গাভী প্রদান করুন।

৯। হে সোম! যখন তুমি জলের সহিত মিশ্রিত হইতে থাক, তখন তোমার রস ক্ষরিত হইয়া মেষলোমের দিকে ধাবমান হয়। হে মাদকতা শক্তিধারী সোম! কবিগণ তোমাকে সংশোধন করিলে ইন্দ্রের পানের জন্য সুস্বাদু হও।

---

৭৫ সূক্ত।

পবমান সোম দেবতা। কবি ঋষি।

১। সোমরস অন্ন উৎপাদনকারী। তিনি সকলের প্রীতিকর জলের। দিকে ক্ষরিত হইতেছেন, তিনি প্রবল হইয়া জলের মধ্যে বৃদ্ধি পাইতেছেন। তিনি নিজে প্রকাণ্ড ও বিচক্ষণ। প্রকাণ্ড সূর্য্যের বিশ্ববিহারী রথের উপর আরোহণ করিলেন।

২। সোম যজ্ঞের জিহ্বাস্বরূপ, সেই জিহ্বা হইতে অতি চমৎকার মাদকতা শক্তিযুক্ত রস ক্ষরিত হইতেছে। তিনি শব্দ করিতে থাকেন, তিনি এই যজ্ঞানুষ্ঠানের পালন কর্ত্তা, তাঁহাকে কেহ নষ্ট করিতে পারে না। আকাশের ঔজ্জ্বল্য বর্দ্ধনকারী সোমরস প্রস্তুত হইলে পুত্রের এরূপ একটী নূতন নাম উৎপন্ন হয়, যাহা তাহার পিতা মাতা জানিতেন না।

৩। যখন ঋত্বিক্‌গণ সোমকে সুবর্ণময় চর্ম্মের দ্বারা আচ্ছাদিত পাত্রে স্থাপন করেন, তখন সোমরস দীপ্তি পাইতে পাইতে শব্দের সহিত কলসে প্রবেশ করেন, যজ্ঞের ঋত্বিক্‌গণ তাঁহাকে স্তব করিতে থাকেন, তিনি তিন বার নিষ্পীড়নের দ্বারা উৎপাদিত হইয়া যজ্ঞদিবসে প্রাতঃকালে শোভা পাইতেছেন।

৪। অন্ন-উৎপাদনকারী সোমরস গুণকীর্ত্তন সহকারে প্রস্তরদ্বারা নিষ্পীড়িত হইয়া দ্যুলোক ও ভূলোক আলোকময় করিতে করিতে নির্ম্মলভাবে মেষলোমের দিকে ধাবমান হইতেছেন। নিত্য নিত্য মধুর ধারা ক্ষরিত হইতেছে।

৫। হে সোমরস! তুমি চতুর্দ্দিকে গতি বিধি করিয়া মঙ্গল বিধান কর, তুমি মনুষ্যদিগের কর্ত্তৃক শোধিত হইয়া দুগ্ধ, ক্ষীর প্রভৃতি বস্তু সকলের সহিত মিশ্রিত হও। তোমার যে সমস্ত মাদকতা শক্তিযুক্ত প্রখর রস আছে, তদ্দারা ধন বিতরণকারী ইন্দ্রকে আমাদিগের নিকট প্রেরণ কর।

---

৭৬ সূক্ত।

পবমান সোম দেবতা। কবি ঋষি।

১। এই সোমরস দ্যুলোক ধারণ করেন। ইনি শূন্যপথে ক্ষরিত হইতেছেন। ইহাকে শোধন করিতে হইবেক। ইহার রস দেবতাদিগের

বলাধান করে, পরে মনুষ্যগণ সেই রসপানে মত্ত হয়। বেগবান্ ঘোটককে ঘোটকপালেরা সজ্জিত করিয়া দিলে, সে যেরূপ অবলীলাক্রমে অগ্রসর হয়, সেইরূপ এই সোমরস জলের সহিত মিশ্রিত হইয়া বিস্তর অন্ন আহরণ করিয়া দেন।

২। ইনি বীরপুরুষের ন্যায় দুই হস্তে অস্ত্র ধারণ করেন। ইনি স্বর্গলাভের উপায়স্বরূপ, ইনি গাভী উপার্জ্জন ব্যাপারের সময় রথীর ন্যায় কার্য্য করেন, ইনি ইন্দ্রের বল বৃদ্ধি করিয়া তাঁহাকে পাঠাইয়া দেন। বুদ্ধিমান্ ঋত্বিকেরা চালনা করিলে, ইনি দুগ্ধ ও ক্ষীরের সহিত মিশ্রিত হন।

৩। হে বর্দ্ধিষ্ণু সোমরস! তুমি ধারারূপে ক্ষরিত হইয়া ইন্দ্রের উদরে প্রবেশ কর। বিদ্যুৎ যেরূপ মেঘকে দোহনপূর্ব্বক বৃষ্টি বর্ষণ করে, তদ্রূপ তুমি আপন ক্রিয়াদ্বারা দ্যুলোক ও ভূলোককে দোহনপূর্ব্বক নিরন্তর আমাদিগকে অন্ন দান কর।

৪। বিশ্বের রাজা সোমরস ক্ষরিত হইতেছেন, তাঁহার ক্ষমতা ঋষিদিগের অপেক্ষাও অধিক, তিনি সংকার্য্যের অনুষ্ঠান কামনা করেন, তিনি সূর্য্যের আলোকের সহিত মিশ্রিত হন, তিনি সর্ব্বপ্রকার স্তবের উৎপাদনকর্ত্তা, তাঁহার কার্য্য অনির্ব্বচনীয়।

৫। হে সোম! বৃষ যেমন যূথের মধ্যে প্রবেশ করে, তেমনি তুমি, কলসের মধ্যে প্রবেশ করিতেছ। সেই বৃষ জলের মধ্যে শব্দ করিতে থাকে মাদকতা শক্তিতে তুমি সর্ব্বশ্রেষ্ঠ। আমরা যেন তোমার আশ্রয় পাইয়া যুদ্ধে জয়ী হই।

---

৭৭ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। এই দেখ মধুর সোমরস, যাহার শক্তি ইন্দ্রের বজ্রের ন্যায়, যাহার রূপ আর সকলের অপেক্ষা সুশ্রী, তিনি শব্দ করিতে করিতে কলসের মধ্যে যাইতেছেন। ঋতের গাভীগণ, যাহাদিগকে অনায়াসে দোহন করা যায়, যাহারা ঘৃত তুল্য দুগ্ধ দোহন করিয়া দেয়, তাহারা দুগ্ধ লইয়া এই সোমরসের দিকে দৌড়িয়া যাইতেছে।

২। শ্যেনপক্ষী আপন জননীকর্ত্তৃক প্রেরিত হইয়া, যাহাকে আকাশ

হইতে বায়ুপথের মধ্য দিয়া অবতীর্ণ করিয়াছিল(১), সেই প্রাচীন দেবতা সোম ক্ষরিত হইতেছেন। তিনি যেন কৃশানু নামক বাণ নিক্ষেপকারী ব্যক্তির বাণপাত ভয়ে ভীত হইয়া উদ্বিগ্নভাবে মধুর সহিত মিশ্রিত হইতেছেন।

৩। সেই সমস্ত প্রাচীন ও আধুনিক সোমরসগুলি সুরূপা নারীগণের ন্যায় দেখিতে সুশ্রী এবং তাবৎ পুণ্যকর্ম্ম ও তাবৎ আহুতির সময় উপস্থিত থাকেন। তাঁহারা প্রচুর অন্ন ও গাভী দিবার জন্য আমাদের নিকটে আগমন করুন।

৪। এই প্রবীন সোমরস, যাঁহাকে আমরা বিশেষরূপে স্তব করিলাম, তিনি বিশিষ্টমনোযোগের সহিত আমাদিগের হিংসকদিগকে বিনষ্ট করুন। তিনি প্রভুর ভবনে গর্ভ আধান করেন। তিনি প্রচুর দুগ্ধ দানকারী গাভীগণের প্রতি ধাবমান হন।

৫। এই যে যজ্ঞসম্বন্ধীয় সোমরস, যিনি উজ্জ্বল মূর্ত্তিতে সৃষ্ট হইয়াছেন, যিনি বরুণের ন্যায় মহৎ, যাঁহাকে কেহ পরাজয় করিতে পারে না, তিনি বিপদ-গ্রস্থ ব্যক্তিকে রক্ষা করিবার জন্য ক্ষরিত হইতেছেন। যজ্ঞের সময় নিষ্পীড়নের দ্বারা তাঁহাকে প্রস্তুত করা হইলে, তিনি মিত্রদেবতার ন্যায় দুরদৃষ্ট নষ্ট করেন। ঘোটক যেমন শব্দ করিতে করিতে ঘোটকীগণের দলের মধ্যে গিয়া পতিত হয়, তদ্রূপ তিনি আসিতেছেন।

---

৭৮ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। এই শোভাধারী সোমরস শব্দ করিতে করিতে ক্ষরিত হইতেছেন, ইনি জলের সহিত মিশ্রিত হইয়া স্তুতিবাক্য গ্রহণ করিতেছেন। ইহার যে সমস্ত অসার অংশ থাকে, মেষলোমময় পবিত্র বস্ত্রের দ্বারা তাহা ধরিয়া রাখে। এইরূপে শোধিত হইয়া ইনি দেবতাদিগের নিকট গমন করেন।

২। হে বিচক্ষণ, সুপণ্ডিত সোমরস! ঋত্বিকেরা তোমাকে ইন্দ্রের উদ্দেশে ঢালিয়া দিতেছেন, তুমি জলের সহিত মিশ্রিত হইতেছ। তোমার যাইবার জন্য বিস্তর পথ বিদ্যমান রহিয়াছে। যখন তুমি প্রস্তরফলকে অবস্থিত থাক, তখন তোমার সহস্রসহস্র হরিতবর্ণ কিরণ নির্গত হয়।

---

(১) শ্যেনপক্ষী আকাশ হইতে অথবা মুজবান পর্ব্বত হইতে (১০।৩৪।১) সোম আনিয়াছিলেন, তাহা ঋগ্বেদের অনেক স্থানে দেখিতে পাওয়া যায়।

৩। আকাশবিহারিণী কয়েক জন অপ্সরা(১) আসিয়া মধ্যে উপবেশন-পূর্ব্বক সুপণ্ডিত সোমরসকে প্রস্তুত করিল। যাহাতে যজ্ঞের গৃহ অভিষিক্ত হইয়া যায়, তাহারা তাহাকে এইরূপে চালাইয়া দিতেছে এবং ইনি যখন ক্ষরিত হন, ইহার নিকট অক্ষয় সুখ যাচ্ঞা করিতেছে।

৪। সোমের প্রভাবে আমরা গাভী জয় করি, রথ, সুবর্ণ, পরম সুখ সকলি জয় করি, আমরা জল জয় করি এবং নানাবিধ বস্তু উপার্জ্জন করি। ইনি মাদকতাশক্তিযুক্ত, ইহার তুল্য সুস্বাদু বস্তু আর কিছুই নাই, ইহার রস অতি চমৎকার, ইহার বর্ণ লোহিত, ইনি সুখের উৎপত্তিস্থান, এতাদৃশ এই সোম-রসকে দেবতারা পান করিবার জন্য সৃষ্টি করিয়াছেন।

৫। হে সোমরস! তুমি ক্ষরিত হইয়া আমাদিগের নিকট আগমন কর এবং পূর্ব্বোক্ত সমস্ত সম্পত্তি আমাদিগের যথার্থ কর। কি দূরে, কি নিকটে আমাদিগের সকল শত্রু নষ্ট কর। আমাদি :ক সুবিস্তীর্ণ পথ প্রদান কর এবং সমস্ত ভয় নষ্ট কর।

---

৭৯ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। যজ্ঞের সময় উজ্জ্বল ও শান্ত স্বভাব সোমরসগুলি নিষ্পীড়িত হইয়া আমাদিগের নিকট আগমন করুক, আমাদিগের অন্নের হিংসাকারী শত্রুবর্গ নষ্ট হউক, আমাদিগের শত্রুরাও নষ্ট হউক, আমাদিগের সৎকর্ম্মগুলি দেবতারা গ্রহণ করুন।

২। মাদকতাশক্তিধারী সোমরসগণ আমাদিগের নিকট আগমন করুন; তাঁহাদিগের প্রভাবে আমরা শত্রুর ধন জয় করিয়া লই। তাঁহার প্রভাবে আমরা কোন ব্যক্তির বাধা গ্রাহ্য না করিয়া চতুর্দ্দিক হইতে ধন উপার্জ্জন করিয়া থাকি।

---

(১) পৌরাণিক অপ্সরা কাহাকে বলে, তাহা আমরা জানি, কিন্তু ঋগ্বেদের অপ্সরা কি? পণ্ডিতবর গোল্‌ডষ্টুকর বিবেচনা করেন যে, সূর্য্যদ্বারা আকৃষ্ট জলীয় বাষ্প মেঘরূপ ধারণ করিলে তাহাকেই প্রথমে অপ্সরা কহিত। "Personifications of the vapours which are attracted by the sun and form into mist or clouds." কিন্তু অপ্সরার প্রথম কল্পনা যাহাই হউক, ঋগ্বেদ রচনার পূর্ব্বেই অপ্সরাগণ সুন্দরী রমণী এরূপ বিশ্বাস উৎপন্ন হইয়াছিল।

৩। সেই সোম নিজের শত্রুকে নষ্ট করেন এবং অপরের শত্রুকেও হিংসা করেন। মরুভূমির মধ্যে যেমন পিপাসা লাগিয়াই আছে, তিনি তেমনি শত্রুর পশ্চাৎ লাগিয়াই আছেন। হে রক্ষণশীল সোম! তাহাদিগকে বিনাশ কর।

৪। হে সোম! তোমার প্রধান উৎপত্তিস্থান স্বর্গের মধ্যে বিদ্যমান আছে। তথা হইতে গ্রহণ পূর্ব্বক পৃথিবীর উন্নতপ্রদেশে তোমার অবয়বগুলি নিক্ষিপ্ত হইয়াছিল, সেই স্থানে তাহারা বৃক্ষরূপে জন্মিল। প্রস্তরের দ্বারা নিষ্পীড়ন পূর্ব্বক গোচর্ম্মের উপর তোমাকে শোধন করা হয়। বিচক্ষণ ব্যক্তিগণ দুই হস্ত প্রয়োগ পূর্ব্বক জলমধ্যে তোমাকে প্রস্তুত করেন।

৫। হে সোমরস! প্রধান প্রধান ঋত্বিক্‌গণ তোমার সুদৃশ্য সুশ্রী রস চালাইয়া দিতেছেন। হে ক্ষরণশীল সোম! আমাদিগের শত্রুমাত্রকে বধ কর। তোমার প্রখর ও প্রীতিকর মাদকতাশক্তিধারী রস নির্গত হউক।

৮০ সূক্ত।

পবমান সোম দেবতা। বসুনামা ঋষি।

১। বিচক্ষণ সোমরসের ধারা ক্ষরিত হইতেছে। ইনি যজ্ঞের দ্বারা আকাশবাসী দেবতাদিগকে সন্তুষ্ট করিতেছেন। বৃহস্পতির শব্দ শুনিয়া ইনি উজ্জ্বল হইতেছেন। ইনি পুনঃ পুনঃ নিষ্পীড়িত হইয়া সমুদ্রের ন্যায় সর্ব্বস্থান আচ্ছাদন করিতেছেন।

২। হে অন্নদাতা! সুন্দর সুন্দর স্তুতিবাক্য তোমার প্রতি প্রেরিত হইলে, তুমি উজ্জ্বল হইয়া লৌহনির্ম্মিত আপন স্থানে আরোহণ কর। হে সোমরস! তুমি যজ্ঞকর্ত্তা ব্যক্তিদিগকে দীর্ঘ আয়ুঃ ও বিস্তর অন্ন প্রদান করিতে করিতে মাদকতাশক্তি ধারণপূর্ব্বক মনোবাঞ্ছা পূর্ণ করিয়া ইন্দ্রের জন্য ক্ষরিত হও।

৩। সর্ব্বশ্রেষ্ঠ মাদকতাশক্তিধারী সোমরস বলাধায়ক দ্রব দ্রব্যরূপে ইন্দ্রের উদরে প্রবেশ করিতেছেন। তিনি চমৎকার মঙ্গল প্রদান করেন। তিনি বিশ্বভুবনে বিস্তারিত হইতেছেন। মনোবাঞ্ছা পূরণকারী নানাস্থানবিহারী সোমরস যজ্ঞবেদীর উপর ক্রীড়া করিতে করিতে উজ্জ্বলভাবে বহিয়া যাইতেছেন।

৪। হে সোমরস! তোমার আস্বাদন দেবতার নিকট সর্ব্বাপেক্ষা মধুর। ঋত্বিক্‌গণ দশ অঙ্গুলি প্রয়োগপূর্ব্বক সহস্র ধারারূপে তোমাকে প্রস্তুত করেন। হে সোমরস! তুমি প্রস্তরের দ্বারা নিষ্পীড়িত হইয়াছ, ঋত্বিক্‌গণ তোমাকে

প্রস্তুত করিয়াছেন। এক্ষণে সহস্রপ্রকার সম্পত্তি বিতরণ করিতে করিতে তাবৎ দেবতার জন্য ক্ষরিত হও।

৫। সুনিপুণ-হস্ত-বিশিষ্ট ব্যক্তির দশ অঙ্গুলি মিলিত হইয়া মনোবাঞ্ছা পূরণকারী তোমার সুমধুর রস জলমধ্যে প্রস্তুত করে। হে সোমরস! তুমি সমুদ্রের তরঙ্গের ন্যায় ক্ষরিত হইয়া ইন্দ্রকে মদমত্ত করিতে করিতে তাবৎ দেবতার নিকট গমন কর।

৮১ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। সুগঠন ও ক্ষরণশীল সোমরসের তরঙ্গগুলি ইন্দ্রের উদরে প্রবেশ করিতেছে, অর্থাৎ সোমরসগুলি নিষ্পীড়িত হইয়া অতি প্রশস্ত গবাদির দ্বারা সুস্বাদু হইয়া যজ্ঞকর্ত্তা ব্যক্তিকে সম্পত্তি দান করিবার জন্য বলশালী ইন্দ্রকে মদমত্ত করিয়া তুলিল।

২। যেরূপ রথ বহনকারী ঘোটক দ্রুতবেগে যায়, তদ্রূপ মনোবাঞ্ছা পূরণকারী সোমরস কলসগুলির দিকে বহিয়া যাইতেছেন। এই জ্ঞানী সোমরস পৃথিবীবাসী, স্বর্গবাসী এই দুই জাতি দেবতাদিগকে প্রীত করিতেছেন।

৩। হে সোমরস! তুমি ক্ষরিত হইয়া আমাদিগের চতুঃপার্শ্বে সম্পত্তি ছড়াইয়া দাও, বিস্তর অন্ন আমাদিগকে বিতরণ কর, আমি তোমার দাস, হে অন্নদাতা! বিশেষ মনোযোগের সহিত আমার কল্যাণ কর, সম্পত্তি যেন আমাদিগের দূরে আর কুত্রাপি বিতরণ করিও না।

৪। অতিবদান্য এই সকল দেবতা পরস্পর মিলিত হইয়া আমাদিগের নিকট আগমন করুন; অর্থাৎ পূষা ও পবমান ও মিত্র ও বরুণ ও বৃহস্পতি ও মরুৎ ও বায়ু ও অশ্বিদ্বয় ও ত্বষ্টা ও সবিতা ও সুগঠন মূর্ত্তিধারিণী সরস্বতী সকলে আগমন করুন।

৫। দ্যুলোক ও ভূলোক এই দুই ভুবন, যাঁহারা সমস্ত বিশ্ব ঘেরিয়া আছেন এবং অর্য্যমা এবং অদিতি ও বিধাতা ও মনুষ্যগণের প্রশংসাভাজন ভগ নামক দেবতা ও প্রকাণ্ড অন্তরিক্ষ, এই সকল দেবতা ক্ষরণশীল সোমের নিকটবর্ত্তী হইতেছেন।

৮২ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। লোহিতবর্ণ সোমরসকে নিষ্পীড়নের দ্বারা প্রস্তুত করা হইল। তিনি মনোবাঞ্ছা পূরণকারী। তিনি রাজার ন্যায় উজ্জ্বল ও সুশ্রী। তিনি জলের সহিত মিশ্রিত হইয়া শব্দ করিতেছেন, তিনি শোধিত হইবার জন্য মেষলোমে মিলিত হইতেছেন, তিনি শ্যেনপক্ষীর ন্যায় ঘৃতযুক্ত আপন স্থানে উপবেশন করিতেছেন।

২। হে সুপণ্ডিত! তুমি যজ্ঞানুষ্ঠানের ইচ্ছাতে কলসের দিকে যাইতেছ। স্নান করাইলে ঘোটক যেমন যুদ্ধে যায়, তদ্রূপ তুমি যাইতেছ। হে সোমরস তুমি আমাদিগের অনিষ্ট নষ্ট করিয়া আমাদিগকে সুখী কর, তুমি ঘৃতের দ্বারা আচ্ছাদিত হইয়া নির্ম্মল ঔজ্জ্বল্য ধারণ কর।

৩। পর্জ্জন্য মহান্ সোমের পিতা(১), সেই পত্রলতাদিবিশিষ্ট সোম পৃথিবীর মধ্যস্থানস্বরূপ পর্ব্বতের উপর বাস করেন। অঙ্গুলিবর্গ জলের নিকট দুগ্ধ, ক্ষীর ইত্যাদি লইয়া গেল। তিনি সুন্দর যজ্ঞ মধ্যে প্রস্তরের সহিত মিলিত হইতেছেন।

৪। হে পৃথিবীর সন্তান সোম! তোমাকে আর অধিক কি বলিব। স্ত্রী যেমন আপন স্বামীর অশেষ সুখ বিধান করে, তদ্রূপ তুমি আমাদিগের সুখ বিধান করিয়া থাক। আমাদিগের গুণ কীর্ত্তন শ্রবণ করিতে করিতে তুমি দর্শন দাও, তাহাতেই আমাদের জীবনের মঙ্গল। তুমি সর্ব্বগুণে গুণান্বিত। আমাদিগের বিপদের সময় আমাদিগের উপর প্রহরীর কার্য্য কর।

৫। হে দুর্দ্ধর্ষ সোম! যেরূপ তুমি আমাদিগের পূর্ব্বপুরুষদিগের সময়ে করিয়াছিলে, তদ্রূপ এক্ষণে আমাদিগের এই নূতন পুণ্যকর্ম্মের সময় প্রবল হও; এবং ক্ষরিত হও; তুমি মনে করিলে শতশত সংখ্যায় সহস্র সহস্র দান করিতে পার। এই সকল জল তোমার সেবা করিবার জন্য তোমার সহিত মিলিত হইতেছে।

(১) এই স্থানে এবং ৯।১১৩।৩ ঋকে পর্জ্জন্যকে সোমের পিতা বলিয়া অভিহিত হইয়াছে। পর্জ্জন্য বৃষ্টির দেবতা, বৃষ্টিদ্বারা সোমলতা বৃদ্ধি প্রাপ্ত হয়।

৮৩ সূক্ত।

পবমান সোম দেবতা। অঙ্গিরার সন্তান পবিত্র ঋষি।

১। হে সোম! তুমি যাগযজ্ঞাদি পবিত্রকার্য্যের অধিপতি। তোমার পবিত্র অঙ্গ বিস্তারিত হইয়াছে। যে তোমাকে পান করে, তাঁহার সর্ব্বাঙ্গ শরীরে তুমি বিস্তৃত হও। তাহার শরীর যদি দৃঢ় ও পরিপক্ক না হয়, তাহা হইলে সাধ্য নাই যে তোমাকে ধারণ করে। যাহাদের দেহ পরিপক্ক, তাহারাই তোমাকে ধারণ ও তোমার প্রীতিকর রস ভোগ করিতে পারে।

২। উত্তপ্ত সোমরস শোধনের জন্য শোধন যন্ত্র, অর্থাৎ ছাঁকুনি, বিস্তারিত আছে। ইহার প্রতানগুলি, অর্থাৎ ডাঁটা, অগ্নি স্থানের উপর নিক্ষিপ্ত হইয়া দীপ্যমান ভাবে গমনাভিমুখে যাইতেছে। তাহারা চতুর্দ্দিকে ব্যাপ্ত হইয়া যজ্ঞকর্ত্তা ব্যক্তিকে রক্ষা করিতেছে। তাহারা সতেজভাবে আকাশের দিকে উঠিতেছে।

৩। সোমরস প্রভাত কালেই সর্ব্বাগ্রে সূর্য্যের ন্যায় দীপ্তি পাইয়াছেন। ইনি অভিষেককারী, অর্থাৎ জলাত্মক। ইনি অন্ন বিতরণকর্ত্তা, ইহার প্রভাবে ভুবন রক্ষা হয়। ইহার অদ্ভুত ক্ষমতা, যখন পূর্ব্বপুরুষদিগকে সমাবৃত করিল, তখন তাঁহারা সন্তান উৎপাদন করিলেন, তাঁহারা অনেক মনুষ্য সৃষ্টি করিলেন।

৪। গন্ধর্ব্বই(১) এই সোমরসের স্থান রক্ষা করেন। অদ্ভুত শক্তিধারী এই সোমরস দেবতার সন্তানদিগকে রক্ষা করেন। ইনি পাশের প্রভু, পাশের দ্বারা শত্রুকে গ্রহণ করেন। যাঁহারা বিলক্ষণ পুণ্যশীল, তাঁহারাই ইহার চমৎকার আস্বাদন গ্রহণ করেন।

৫। হে সোমরস! তুমি জলের সহিত মিশ্রিত হইয়া এবং নির্ম্মল জল বস্ত্রের ন্যায় ধারণ করিয়া যজ্ঞকার্য্য নির্ব্বাহ করিবার জন্য পবিত্র যজ্ঞধামে আগমন কর। তুমি রাজা, শোধন কলসই তোমার রথ, তুমি সেই রথে আরোহণ পূর্ব্বক সহস্র স্থানে গতিবিধি করিয়া প্রচুর অন্ন জয় কর।

---

(১) এখানে গন্ধর্ব্ব অর্থে সায়ণ সূর্য্য করিয়াছেন। ১।২২।১৪ ঋকে অন্তরিক্ষই গন্ধর্ব্বের নিবাস স্থান বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। ৯।১৬৩।২ ঋকে গন্ধর্ব্ব ইন্দ্রের রথের বল্গা ধারণ করিলেন। এই সকল ও অন্যান্য ঋক্ হইতে অনুমান হয়, যে সায়ণের ব্যাখ্যাই ঠিক, গন্ধর্ব্বের আদি অর্থ সূর্য্য, বা সূর্য্য রশ্মি। কিন্তু ঋগ্বেদের রচনার সময়ই গন্ধর্ব্বগণ একরূপ কাল্পনিক জীব হইয়া দাঁড়াইয়াছিলেন। পরে অপ্সরাগণ গন্ধর্ব্বগণের স্ত্রী এইরূপ উপাখ্যান সৃষ্ট হইল। সূর্য্য রশ্মিদ্বারা জলীয় বাষ্প আকৃষ্ট হয় এই কি এই উপাখ্যানের আদি কারণ?

৮৪ সুক্ত।

পবমান সোম দেবতা। প্রজাপতি ঋষি।

১। হে সোমরস! তুমি দেবতাদিগের আনন্দ কর; সকল দিকে দৃষ্টিপাতপূর্ব্বক জলের সহিত মিশ্রিত হইয়া ইন্দ্র ও বরুণ ও বায়ুর জন্য ক্ষরিত হও। এক্ষণে আমাদিগের মঙ্গল কর এবং উত্তম উত্তম সামগ্রী দাও। এই বিস্তীর্ণ ভূমণ্ডলের মধ্যে যে ব্যক্তি যথার্থ দেবভক্ত, তাহাকেই ডাকিয়া লও।

২। যে সোম সকল ভুবনের উপর আধিপত্য করেন, সেই অমর সোম সেই সমস্ত যজ্ঞে আসিতেছেন। যাহা পূর্ব্বে পরস্পর সংবদ্ধ ছিল, ইনি তাহা পৃথক্ করিয়া দিতেছেন এবং সূর্য্য যেরূপ প্রভাত কাল করিয়া দেন, তদ্রূপ এই সোম আমাদিগকে আলোক দান করিতেছেন।

৩। যে সোমরসকে গাভীর দুগ্ধ সহযোগে প্রস্তুত করে, উদ্ভিজ্জ জাতির মধ্যে কেবল যিনি একমাত্র দেবতাদিগের বলাধান করেন এবং ধন ও অন্ন আহরণ করিয়া দেন। যিনি নিষ্পীড়িত হইয়া ঔজ্জ্বল্যযুক্ত ধারার আকারে ক্ষরিত হয়েন এবং ইন্দ্র ও অপরাপর দেবতাদিগকে মাতাইয়া দেন।

৪। সেই এই সোমরস ক্ষরিত হইতেছেন। ইনি অসংখ্য ধন জয় করেন, ইনি প্রাতঃকাল অবধি ক্রমাগত আমাদিগের স্তোত্র গ্রহণ করিতেছেন। ইনি নানা দিক্ দিয়া কলসের মধ্যে যাইতেছেন। ইনি এরূপভাবে কলসের মধ্যে যাইয়া অবস্থিতি করিতেছেন, যে দেখিয়া ইন্দ্রের আহ্লাদের আর সীমা থাকিতেছে না।

৫। চতুর্দ্দিকে স্তোত্র পাঠ হইতেছে, সেই সোমরসের চতুর্দ্দিকে গাভীগণ দুগ্ধ দিবার জন্য আসিয়া দাঁড়াইতেছে, সোমরসের সহিত মিশ্রিত সেই দুগ্ধের মধুরতা আরও বৃদ্ধি হয়, সেই সোমরস চমৎকার সুখ দিয়া থাকেন। তিনি প্রস্তুত হইয়া ক্ষরিত হইতেছেন, সেই সঙ্গে কবিতা পাঠ হইতেছে। কারণ তিনি বুদ্ধিমান্ কবি, তাঁহার প্রভাবেই কবিতার স্ফূর্ত্তি। তিনি সর্ব্বপ্রকার অন্ন বিতরণ করেন।

৮৫ সূক্ত।

পবমান সোম দেবতা। বেণ ঋষি।

১। হে সোম! তোমাকে উত্তমরূপ প্রস্তুত করা হইয়াছে। তুমি ইন্দ্রের উদ্দেশে ক্ষরিত হও। রাক্ষস ও রোগ দূর হউক। যাহারা মুখে মনে ভিন্ন, তাহারা যেন তোমার রস আস্বাদনের আনন্দ অনুভব না করে। সোমরসগুলি যেন এই আমাদিগের যজ্ঞস্থানে ধনের সহিত উপস্থিত হয়।

২। যুদ্ধস্থলে আমাদিগকে প্রেরণ কর, তুমি অতি নিপুণ। তুমি দেবতাদিগের প্রিয় আনন্দ। আমরা চতুর্দ্দিকে তোমার স্তব করিতেছি, শত্রুদিগকে নষ্ট কর। হে ইন্দ্র! আমাদিগকে রক্ষা কর, বিপক্ষদিগকে সংহার কর।

৩। হে সোম! তুমি বিনা বাধায় ক্ষরিত হইতেছ। তোমার তুল্য আনন্দ বিধাতা কেহ নাই। তুমিও যে, ইন্দ্রও সে। তোমার মত আহার আর নাই। বিস্তর বিদ্বান্ লোক তোমাকে স্তব করিতেছেন। তুমি এই ভুবনের রাজা। তোমার নিকটবর্ত্তী তাঁহারা হইতেছেন।

৪। এই আশ্চর্য্য সোমরস সহস্রধারায়, শতধারায় ইন্দ্রের জন্য অতি চমৎকার মধু ক্ষরিত করিতেছেন। আমাদিগের জন্য ক্ষেত্র জয় করিয়া দাও, জল জয় করিয়া দাও। হে সোম! তুমি সেচনকর্ত্তা দ্রবাত্মক। আমাদিগের পথ প্রশস্ত করিয়া দাও। আমরা যেন অবারিতগতি হই।

৫। কলশের মধ্যে শব্দ করিতে করিতে তুমি ক্ষীরের সহিত মিশ্রিত হইতেছ। মেষলোমময় পবিত্রের মধ্য দিয়া নানা গতিতে যাইতেছে। তোমাকে শোধন করা হইলে, তুমি উৎকৃষ্ট বিবিধ দ্রব্যবাহী ঘোটকের ন্যায় গমনপূর্ব্বক ইন্দ্রের উদরে যাইতেছ।

৬। তুমি মধুরভাবে তাবৎ দেবতার জন্য ক্ষরিত হও। তুমি ইন্দ্রের জন্য মিষ্ট হও, সেই ইন্দ্রের নামোচ্চারণে কল্যাণ হয়, তুমি মিত্র ও বরুণ ও বায়ু ও বৃহস্পতির জন্য মিষ্ট হও। তুমি মধুপূর্ণ, তোমার বিনাশ নাই।

৭। এই দ্রুতগতিশীল সোমরসকে দশ অঙ্গুলি মিলিত হইয়া শোধন করিতেছে। পুরুষদিগের স্তোত্রবাক্য ইহার প্রতি প্রযুক্ত হইতেছে, সোমরসেরা ক্ষরিত হইতে হইতে সেই চমৎকার স্তোত্রবাক্যের দিকে ধাবিত হইতেছে। এই সকল মাদকতাশক্তিধারী সোমরস ইন্দ্রের শরীরে প্রবেশ করিতেছে।

৮। হে সোম! ক্ষরিত হইতে হইতে তুমি আমাদিগের লোকবল করিয়া দাও, গব্যূতি পরিমাণ ভূমি করিয়া দাও, প্রশস্ত বাস্তবাটী করিয়া দাও। আমাদিগের যজ্ঞের বিঘ্নকর্ত্তা যেন ক্ষমতাপন্ন না হয়। হে সোম! তোমার সাহায্যে আমরা যেন যেখানে যত ধন আছে, জয় করিতে পারি।

৯। এই বহুদর্শী সেচনকারী সোম আকাশে রহিলেন, এই কার্য্যকুশল সোম অন্যান্য দীপ্তিশালী বস্তুদিগকে অধিক দীপ্তিযুক্ত করিয়া দিলেন, ইনি রাজা, পবিত্রের মধ্য দিয়া যাইতেছেন এবং মনুষ্যের হিতের জন্ম সশব্দে স্বর্গের অমৃত ঢালিয়া দিতেছেন।

১০। বেন নামক ব্যক্তিগণ আকাশের উন্নতস্থানে এই উন্নতস্থানবর্ত্তী সেচনকারী সোমকে সুমিষ্ট বচনে সম্ভাষণ করিতে করিতে এবং পরস্পর পৃথক্-ভাবে দোহন করিতেছেন। এই দ্রবময় সোমরস জলে মিশ্রিত হইতেছেন, ইনি মধুর রসরূপী হইয়া পবিত্রে এবং বৃহৎ কলসের মধ্যে সমুদ্রের তরঙ্গের ন্যায় যাইতেছেন।

১১। এই সুপর্ণ সোম (১) আকাশে উড়িতে ছিলেন, বেন নামকব্যক্তিরা সাধ্য সাধনা করিয়া আনিয়াছে। এই সোম শিশুর ন্যায় শব্দ করিতেছেন, ইহার প্রতি স্তোত্রবাক্য প্রেরিত হইতেছে। ইনি সুবর্ণের পক্ষী, পৃথিবীতে আসিয়া আছেন

১২। ইনি গন্ধর্ব্ব (২), আকাশের ঊর্দ্ধভাগে ছিলেন। ইনি সেই স্থান হইতে তাবৎ বস্তু নিরীক্ষণ করিতে ছিলেন, ইঁহার তেজঃ শুভ্রবর্ণ কিরণ বিস্তার-পূর্ব্বক দীপ্তি পাইতেছিল, সেই শুভ্র আলোক জনক জননী স্বরূপ দ্যুলোক ও ভূলোককে জ্যোতির্ম্ময় করিল।

৮৬ সূক্ত।

পবমান সোম দেবতা। প্রথম ১০ ঋক আকৃষ্ট ও মাষ নামে ঋষিগণ; দ্বিতীয় ১০ ঋক্ সিকতা ও যনীবাবরী নামক ঋষিগণ; তৃতীয় ১০ ঋক্ পৃশ্নি ও ইতিজ নামক ঋষিগণ; চতুর্থ ১০ ঋক্ আকৃষ্ট ও মাষ নামক ঋষিগণ; তদনন্তর ৫ ঋক্ অত্রি ঋষি; তদনন্তর ৩ ঋক্ গৃৎসমদ ঋষি।

১। হে ক্ষরণশীল সোম! তোমার রসগুলি বিস্তার হইতেছে, ইহারা মানসবেগে অগ্রসর হইতেছ, ইহারা আনন্দকর, ইহারা শীঘ্রগামিনী ঘোটকীর

(১) এখানে সোমকেই "সুপর্ণ" বলিয়া বর্ণনা করা হইয়াছে।

(২) এখানেও গন্ধর্ব্ব অর্থে সূর্য্য। সোমকে সূর্য্যরূপে স্তুতি করা হইতেছে।

শাবকের ন্যায় অবলীলাক্রমে ধাবিত হইতেছে। ইহারা পক্ষীর ন্যায় আকাশ হইতে পতিত হইতেছে। মধুর রসশালী অতি চমৎকার মাদকতাশক্তিসম্পন্ন এই সোমরসগুলি কলসটীকে পরিপূর্ণ করিয়া উপবেশন করিতেছে।

২। মাদকতাশক্তিযুক্ত মধুরতাসম্পন্ন তোমার রসগুলি রথবাহ ঘোটকদিগের ন্যায় পৃথক্ পৃথক্ প্রস্তুত হইতেছে। মধুপূর্ণ ও পূর্ণপ্রবাহে প্রবহমাণ এই সকল সোমরস বজ্রধারী ইন্দ্রকে সেইরূপ আপ্যায়িত করিতেছে, যেরূপ গাভী আপন বৎসকে আপ্যায়িত করে।

৩। ঘোটককে চালাইয়া দিলে সে যেরূপ যুদ্ধ অভিমুখে ধাবিত হয়, হে সোম! তদ্রূপ দ্রুত বেগে তুমি আইস। তুমি স্বর্গীয় বস্তু তুল্য, তুমি প্রস্তরনির্ম্মিত কলসে আকাশ হইতে প্রবেশ কর। উচ্চস্থানস্থিত মেষলোমময় পবিত্রের উপর এই সোম ইন্দ্রের পানের জন্য ক্ষরিত হইতেছে।

৪। হে সোম! চতুর্দ্দিগ্‌ব্যাপিনী তোমার ধারাগুলি নানসংযোগ শূন্য পথ দিয়া কলসের মধ্যে যাইয়া দুগ্ধের সহিত মিশ্রিত হইতেছে। যে সমস্ত ঋষি তোমাকে প্রস্তুত ও শোধন করেন, তাঁহারা তোমার ধারাগুলি কলসের মধ্যে প্রবিষ্ট করাইয়া দিতেছেন, যেহেতু ঋষিগণের সেবনীয় বস্তু।

৫। হে সোম! তুমি সর্ব্বদ্রষ্টা তুমি প্রভু। তোমার চমৎকার কিরণপুঞ্জ সর্ব্বস্থানে গতিবিধি করে। তুমি বিশ্বজগতের পতি, সর্ব্বস্থানব্যাপী, সর্ব্ববস্তুর অবলম্বনস্বরূপ। এইরূপে তুমি ক্ষরিত হও।

৬। যখন সোম নিষ্পীড়িত হয়েন, তখন তিনি নিজে একস্থানবর্ত্তী, সুস্থির, কিন্তু তাঁহার কিরণপুঞ্জ চতুর্দ্দিকে ছড়াইয়া পড়ে। যখন তিনি হরিতবর্ণ ধারণপূর্ব্বক মেষলোমময় পবিত্রে শোধিত হয়েন, তখন তিনিও উপবেশনকর্ত্তা হইয়া নিজ বাসস্থান কলসের মধ্যে উপবেশন করেন।

৭। সোমরস যজ্ঞের ধ্বজাস্বরূপ, তিনি যজ্ঞের শোভাবিধাতা; তিনি দেবতাদিগের গৃহে গমন করেন। তিনি সহস্রধারারূপে কলসের মধ্যে যাইয়া থাকেন, তিনি রস সেচন করিতে করিতে সশব্দে মেষলোমময় পবিত্র অতিক্রম করেন।

৮। তিনি রাজা, নদী হইতে সমুদ্রে প্রবিষ্ট হইতেছেন। তিনি নদী মধ্যে ছিলেন জলের তরঙ্গে মিলিত হইতেছেন (১)। তিনি ক্ষরণকালে উচ্চস্থান-

(১) অর্থাৎ ধারারূপ নদীমূর্ত্তি ত্যাগ করিয়া কলসরূপ সমুদ্রমূর্ত্তি ধারণ করিলেন।

স্থিত মেষলোমময় পবিত্রে আরোহণ করিতেছেন। তিনি পৃথিবীর ধারণকর্ত্তা নাভিস্বরূপ, তিনি আকাশের আলোকস্বরূপ।

৯। সোম এরূপ শব্দ করিলেন, যে গগনের ঊর্দ্ধভাগ প্রতিধ্বনিত হইল। তাঁহার অবলম্বনে লোক ও ভূলোক সুস্থির আছে। তিনি ইন্দ্রের বন্ধুত্বের অনুরোধে ক্ষরিত হইতেছেন। তিনি ক্ষরিত হইয়া কলসের মধ্যে গিয়া বসিতেছেন।

১০। এই সোম যজ্ঞের ঔজ্জ্বল্যসম্পাদক আলোকস্বরূপ, ইনি সুমিষ্ট মধুর ন্যায় ক্ষরিত হইতেছেন। ইনি দেবতাদিগের জন্মদাতা পিতা, ধনের অধিপতি। ইনি বিবিধ অপ্রত্যক্ষ বস্তু দ্যুলোক ও ভূলোকে বিতরণ করেন। ইনি ইন্দ্রের পানোপযোগী অতি চমৎকার রস, ইহার মাদকতাশক্তি নিরুপম।

১১। ইনি সবেগে, সশব্দে কলসে যাইতেছেন। ইনি দ্যুলোকের অধিপতি সর্ব্বদ্রষ্টা; ইহার ধারা শতসংখ্যক। ইনি হরিতবর্ণ ধারণ করিয়া যজ্ঞের স্থানে স্থানে বসিতেছেন, ইনি পবিত্রের ছিদ্র পথে ক্ষরিত হইয়া রস বর্ষণ করিতেছেন।

১২। ইনি ক্ষরণকালে নদীর অগ্রে ধাবিত হয়েন, সেইরূপ বাক্যের অগ্রে এবং গাভীগণের অগ্রে ধাবিত হয়েন, এতাদৃশ ইহার বেগ। ইনি উত্তম অস্ত্র-শস্ত্র ধারণপূর্ব্বক যুদ্ধের সম্মুখভাগে প্রচুর ধন জয় করেন। সেই রস সেচনকারী সোমকে নিষ্পীড়ন কর্ত্তারা নিষ্পীড়ন করিতেছেন।

১৩। স্তোত্র শ্রবণে প্রীত হইয়া এই [illegible] অশ্বের ন্যায় যাইয়া মেষলোমময় পবিত্রে তরঙ্গরূপ প্রচুর [illegible] যাইতেছে। হে ইন্দ্র! হে কবি দ্যুলোক ও ভূলোকের মধ্যে তোমার যজ্ঞ হইলেই এই নির্ম্মল সোম স্তোত্র শুনিতে শুনিতে ক্ষরিত হয়।

১৪। এই সোম এরূপ এক আলোকময় কবচে আচ্ছাদিত, যাহার কিরণ আকাশকে স্পর্শ ও পূর্ণ করিতেছে। যজ্ঞের সময় জলের সহিত মিশ্রিত হইয়া ইনি শূন্যপথে গতি করেন। ইনি স্বর্গের উৎপাদন কর্ত্তা। ইনি স্বর্গের প্রাচীন পিতা ইন্দ্রকে সেবা করেন।

১৫। এই সোম সর্ব্বাগ্রে ইন্দ্রের তেজঃ বাড়াইয়া ছিলেন, সেই ইন্দ্রের আগমনের জন্য ইনি ইন্দ্রকে পরম সুখী করিতেছেন। সেই সর্ব্বোচ্চস্থানে যথায়, ইন্দ্রের ধাম, তথাহইতে তিনি সোম পানের প্রভাবে সকল যুদ্ধে গমন করেন।

১৬। সোম ইন্দ্রের উদরে প্রবেশ করেন, কারণ ইন্দ্র তাঁহার বন্ধু। তিনি ইন্দ্রের উদরের কোন অনিষ্ট করেন না। মানব যেমন যুবতীদিগের সহিত

মিলিত হয়, তদ্রূপ ইনি শতচ্ছিদ্র পথ দিয়া নির্গত হইয়া জলের সহিত মিশ্রিত হইতেছেন।

১৭। হে সোম! তোমার সেবকেরা সুমধুর স্বরে তোমার স্তব করিবার অভিলাষে যজ্ঞগৃহ মধ্যে ঘুরিয়া বেড়াইতেছে। বুদ্ধিমানেরা স্তোত্রসহকারে সোমের আবাহন করিতেছেন। গাভী ইঁহার উপর দুগ্ধ ঢালিয়া দিতেছে।

১৮। হে সোম! যে যুদ্ধ তিন দিন অবিরত প্রবর্ত্তমান হইয়া আমাদিগের জন্য প্রচুর ইক্ষু, অন্ন, মধু ও লোকজন আনিয়া দিয়াছে(২), সেই অক্ষয় অন্ন বর্দ্ধনকারী যুদ্ধের অভিমুখে তুমি ক্ষরিত হও।

১৯। স্তোত্র বর্ষণকারী বিচক্ষণ সোম ক্ষরিত হইতেছেন, ইনি দিন ও প্রাতঃকাল ও সূর্য্যের সৃষ্টিকর্ত্তা। ইনি ধারার আকারে কলসে প্রবেশ করিতেছেন। ইনি বুদ্ধিমানদিগের স্তোত্রের ভাগী হইয়া ইন্দ্রের হৃদয়ঙ্গম হইতেছেন।

২০। এই প্রাচীন কবি সোম বুদ্ধিমান্ লোকদিগের দ্বারা প্রস্তুত হইয়া ক্ষরিত হইতেছেন। ইনি কলসের মধ্যে সশব্দে যাইতেছেন। ইনি যেন ত্রিতের নাম উচ্চারণ করিতেছেন। ইনি ইন্দ্র ও বায়ুর সহিত বন্ধুত্ব করিবার জন্য মধু ঢালিয়া দিতেছেন।

২১। এই সোম শোধিত হইয়া প্রাতঃকালকে আলোকময় করেন, ইনি নদী অর্থাৎ ধারা হইতে উৎপন্ন হইয়াছেন, ইনি সংসারের সৃষ্টিকর্ত্তা। ইনি একবিংশতি গাভী হইতে আপনার অনুপানস্বরূপ দুগ্ধ দোহন করিতেছেন। এই আনন্দকর সোম হৃদয়ের মধ্যে যাইবার জন্য রমণীয়ভাবে ক্ষরিত হইতেছেন।

২২। হে সোম! তুমি শোধিত হইয়াছ। দিব্য ধামের দিকে ক্ষরিত হও। তুমি পবিত্রের পথ দিয়া কলসে যাও। শব্দ করিতে করিতে ইন্দ্রের উদরে প্রবেশ কর। মনুষ্যেরা তোমাকে প্রস্তুত করিয়াছে। তুমি সূর্য্যকে আকাশে স্থাপন করিয়াছ।

২৩। প্রস্তরের দ্বারা নিষ্পীড়িত হইয়া তুমি পবিত্রে ক্ষরিত হও। হে সোম! তুমি ইন্দ্রের উদরে প্রবেশ কর। তুমি বিচক্ষণ, তুমি মানুষ চেন। তুমি অঙ্গিরার সন্তানদিগকে গাভীসমূহ দেখাইয়া দিয়াছিলে।

(২) মূলে আছে, যথা। "যা নঃ দোহতে ত্রিঃ অহন্ অসশ্চুষীক্ষুমৎ বাজবৎ মধুমৎ সুবীর্য্যং।" তিন দিন যুদ্ধের পর ইক্ষু আদি খাদ্য লাভের উল্লেখ পাওয়া যাইতেছে।

২৪। হে পবিত্র সোম! সৎকর্ম্মানুষ্ঠানকারী বিদ্বান্ ব্যক্তিগণ তোমার আশ্রয় কামনা করিয়া তোমার গুণ গান করিয়া থাকে। পক্ষী তোমাকে দ্যুলোক হইতে মর্ত্ত্যে আনয়ন করিয়াছে। যাবতীয় স্তুতিবাক্য তোমার শোভা বৃদ্ধি করিয়াছে।

২৫। যখন সোমরস তরঙ্গবেগে মেষলোমময় পবিত্রের চতুঃপার্শ্ব দিয়া ক্ষরিত হইতে থাকেন, তখন সাতটী গাভী তাঁহার নিকটে যাইয়া থাকে। ঋতের যজ্ঞস্থানে প্রকাণ্ড দেহধারী আয়ুগণ কতকগুলি ব্যক্তির নাম জলের আধারের দিকে সেই কর্ম্মকুশল সোমকে প্রেরণ করিতেছে।

২৬। সোমরস ক্ষরণপূর্ব্বক তাবৎ শত্রুকে পরাজয় করিতেছেন; যজ্ঞকর্ত্তা ভক্তব্যক্তির জন্য সর্ব্বপ্রকার সুবিধা করিয়া দিতেছেন। সেই সুশ্রী ও সুবোধ সোমরস আপনার মূর্ত্তি দুগ্ধের সহিত মিশ্রিত করিতেছেন, ক্রীড়াপ্রসক্ত ঘোটকের ন্যায় মেষলোমের দিকে যাইতেছেন।

২৭। শতসংখ্যক ধারা জলের ন্যায় অবাধে বহমান হইয়া পরস্পর মিলন-পূর্ব্বক হরিতবর্ণ সোমরস প্রস্তুত করিতেছে। তাঁহাকে ক্ষীরে আচ্ছাদনপূর্ব্বক অঙ্গুলিগণ শোধন করিতেছে। তিনি বেদির তৃতীয়তলে দীপ্যমান অগ্নির উপর সংস্থাপিত হইতেছেন।

২৮। হে সোম! এই তাবৎ প্রাণী তোমার স্বর্গীয় রেতঃ হইতে উৎপন্ন। তুমি সমস্ত বিশ্বভুবনের প্রভু। হে ক্ষরণশীল সোম! এই নিখিল জগৎ তোমার আজ্ঞাধীন। হে সোম! তুমি সর্ব্বশ্রেষ্ঠ ক্ষমতার অধিকারী।

২৯। হে সোম! তুমি বিশাল, বিস্তৃত সমুদ্র। হে কবি! তুমিই এই পাঁচ দিক ঊর্দ্ধের দিক্ লইয়া পাঁচ ধারণ করিয়াছ। তুমি দ্যুলোক ও ভূলোককে ধারণ কর। হে ক্ষরণশীল সোম! তোমার জ্যোতি রাশি সূর্য্যের তুল্য।

৩০। হে সোম! এই ধূলিময় পৃথিবী ধারণ করিবার জন্য দেবতাদিগের উদ্দেশে পবিত্রেতে শোধিত হইয়া থাক। উশিজ্ নামক ব্যক্তিগণ সর্ব্বাগ্রে তোমাকে গ্রহণ করিয়াছিল। এই তাবৎ লোক তোমার দ্বারা চালিত হইয়াছে।

৩১। সোমরস শব্দ করিতে করিতে মেষলোম অতিক্রম করিতেছে। এই দ্রবাত্মক হরিতবর্ণ রস জলে পড়িয়া শব্দ করিতেছে। ইহার ধ্যান করিতে করিতে ইহার অভিলাষিগণ ইহার স্তব করিতেছেন। ইনি যেন একটী শব্দায়মান শিশু, স্তুতিরা যেন বাৎসল্যভরে ইহাকে লেহন করিতেছে।

৩২। এই সোম যেন সূর্য্য কিরণময় পরিচ্ছদ ধারণ করিতেছেন, আমার বোধ হয় ইনি ত্রিগুণ সূত্র টানিতেছেন, অর্থাৎ দিনের মধ্যে তিনবার যজ্ঞ হয় ইনি ঋতের নূতন নূতন স্তোত্র যোগাইয়া দিতেছেন। এই নরপতি সোম আপন পাত্রে যাইতেছেন।

৩৩। এই সোম যিনি নদীগণের রাজা, স্বর্গের অধিপতি, তিনি ক্ষরিত হইতেছেন। ঋত যে পথ দেখাইয়া দিতেছে সশব্দে সেই সমস্ত পথ দিয়া যাইতেছেন। এই হরিতবর্ণ সোম সহস্রধারায় সিক্ত হইতেছেন। ইনি শোধিত হইতেছেন, তদ্দর্শনে লোকের নানাবিধ বাক্যস্ফূর্ত্তি হইতেছে, ইহার সঙ্গে সঙ্গেই ধন আছে।

৩৪। হে ক্ষরণশীল সোম! তুমি সূর্য্যের ন্যায় অদ্ভুত। তোমার প্রচুর রস, তুমি মেষলোমের পবিত্র স্বরূপ পথ দিয়া চালাইয়া দিতেছ। তুমি প্রস্তরে নিষ্পীড়িত হইয়াছ; অধ্বর্য্যুগণ তোমাকে অঙ্গুলিদ্বারা শোধন করিয়াছে, এখন তুমি প্রচুর ধন লাভের উদ্দেশে তুমুল যুদ্ধে যাইতেছ।

৩৫। হে সোম! তুমি অন্ন ও পরাক্রম উৎপাদন কর। শ্যেনপক্ষী যেমন আপনার বাসায় বসে, তেমনি তুমি কলসের মধ্যে উপবেশন কর (৩)। তুমি নিষ্পীড়িত হইয়া ইন্দ্রের আনন্দ ও মত্ততা উপস্থিত কর, যেহেতু তুমি মাদকতাশক্তিসম্পন্ন। তুমি দ্যুলোকের সমযোগ্য স্তম্ভস্বরূপ, তুমি চতুর্দ্দিক্ দৃষ্টি কর।

৩৬। এই যে নবীন বালক সোম, যিনি বিশ্বজয়ী হইবার জন্য জন্মিয়াছেন, যিনি দিব্য লোকবাসী গন্ধর্ব্বের ন্যায় রূপবান্ (৪), যিনি নরজাতির প্রতি কৃপাবান্ সেই সোমকে সাত জন ভগিনীতে মিলিয়া জলের মধ্যে লালন পালন করে, কেননা তিনি পালিত হইলে সমস্ত বিশ্বভুবনের শ্রীবৃদ্ধি হইবে।

৩৭। হে সোম! তুমি উজ্জ্বল ও পক্ষযুক্ত ঘোটকী যুড়িয়া প্রভুর ন্যায় বিশ্বভুবনে গতিবিধি কর। সেই ঘোটকীরা যেন ঘৃত, দুগ্ধ, মধু আহরণ করিয়া দেয়। হে সোম! মনুষ্যগণ যেন তোমার কার্য্য সিদ্ধ করিতেই ব্যাপৃত থাকে।

৩৮। হে ক্ষরণশীল সোম! নরজাতির প্রতি তোমার কৃপাদৃষ্টি। তুমি রস বৃষ্টি করিয়া থাক। তোমার রসময় তরঙ্গ তুমি চতুর্দ্দিকে চালাইয়া দিয়া

(৩) শ্যেন পক্ষীর সহিত তুলনা।

(৪) এখানেও গন্ধর্ব্ব অর্থে সূর্য্য।

থাক। অতএব তুমি এইরূপে ক্ষরিত হও, যে আমরা যেন অর্থ ও সুবর্ণ লাভ করি। যেন ত্রিভুবনে আমরা নিরুপদ্রবে প্রাণ ধারণ করি।

৩৯। হে সোম! তুমি এইরূপে ক্ষরিত হও, যেন আমরা গাভী ও অশ্ব ও সুবর্ণ লাভ করি। তুমি ত্রিভুবনে গর্ভাধানকারী জনকের স্বরূপ সংস্থাপিত আছ। হে সোম! তুমি বিশ্বব্যাপী; তোমার প্রসাদে লোকবল পাওয়া যায়। তোমাকে এতাদৃশ জানিয়া বিদ্বানগণ বিবিধ বাক্য উচ্চারণপূর্ব্বক তোমার উপাসনা করিতেছে।

৪০। এই যে সোম, ইনি অতি চমৎকার মধুর তরঙ্গ উঠাইতেছেন। জলের পরিচ্ছদ পরিধান করিয়া মহিষের স্থায় অবগাহন করিতেছেন। ইনি রাজা, পবিত্রই ইহার রথ, ইনি যুদ্ধে চলিলেন; ইনি সহস্র স্থানে গতিবিধি করিয়া প্রচুর অন্ন জয় করিতেছেন।

৪১। সোম সংসারের আয়ুঃ অর্থাৎ জীবনস্বরূপ; তিনি আমাদিগের স্তুতিবাক্য অহর্নিশি উদয় করিয়া দিতেছেন, সেই স্তুতিবাক্য যাহার প্রভাবে আমরা সন্তানাদি লাভ করি, যাহা আমাদিগের জন্য অশেষ কাম্যবস্তুতে পরিপূর্ণ আছে। হে সোম! তুমি ইন্দ্রকর্ত্তৃক পীত হইয়া তাঁহার নিকট আমাদিগের জন্য সন্তান ও ধন ও ঘোটক ও উত্তম অট্টালিকা চাহিয়া দাও।

৪২। প্রভাত উপস্থিত হইবামাত্র সুবোধ ব্যক্তি সেই রমণীয় মূর্ত্তিধারী হরিতবর্ণ আনন্দকর সোমরসের ঔজ্জ্বল্য অবলোকন করেন। সেই সোম সংসার রক্ষা করিবার উদ্দেশে নরলোকবাসী ও দেবলোকবাসী এই দুই জাতীয় ব্যক্তি-বর্গের বলাধান করিবার জন্য তাহাদিগের উদরে প্রবেশ করিয়া থাকেন।

৪৩। পুরোহিতগণ সোমকে মাখিতেছেন, পৃথক্ করিতেছেন, উত্তমরূপে মাখিতেছেন, মধুসংযুক্ত করিতেছেন ও তৎপ্রতিভাবে মাখিতেছেন, যেহেতু সেই সোম ক্রতু অর্থাৎ কার্য্যকুশল। যখন সিক্ত, অর্থাৎ তাঁহার রস উচ্ছ্বসিত হয়, তখন তিনি নিম্নে পতিত হন, তিনি রস সেচন করিতে থাকেন, তৎক্ষণাৎ স্বর্ণাভরণধারী পুরোহিতগণ তাঁহাকে জলে লইয়া যান, যেরূপ লোকে পশুকে জলে লইয়া যায়।

৪৪। সেই ক্ষরণশীল জ্ঞানী সোমের নাম করিয়া সকলে গান কর, তাঁহার প্রকাণ্ড ধারা অন্ন আহরণ করিতে যাইতেছে। যেরূপ সর্প আপনার পুরাতন চর্ম্ম ত্যাগ করে, সেইরূপ সেই ধারা যাইতেছে। সেই রস সেচনকারী হরিত-বর্ণ সোম ক্রীড়াপ্রসক্ত ঘোটকের স্থায় দৌড়িতেছেন।

৪৫। সেই সোম রাজার ন্যায় অগ্রে চলিয়াছেন; তিনি জলের স্রোতের ন্যায় সতেজে যাইতেছেন। সংসারে দিন পরিমাণ করিবার জন্য তিনি নিযুক্ত আছেন। তিনি হরিতবর্ণ, তিনি জলে স্নান করিয়াছেন, তিনি দেখিতে এমনি সুশ্রী, যেন তাঁহার শরীরে ঘৃত গড়াইয়া পড়িতেছে। তিনি ধনের ভাণ্ডার স্বরূপ। তিনি উজ্জ্বল রথে আরোহণপূর্ব্বক ক্ষরিত হইতেছেন।

৪৬। সোম দ্যুলোকের ধারণকর্ত্তা, স্তম্ভস্বরূপ, তিনি উচ্চ হইয়া আছেন, তিনি মত্ততার উৎপাদক, তিনি সর্ব্বতোভাবে তিন প্রকার উপাদানে (ঘৃত ও দুগ্ধ ও সোমের নিজ রস) প্রস্তুত। তিনি সর্ব্বলোকে বিচরণ করেন। সেই উজ্জ্বল সোমরস যখন শব্দ করেন, তখন স্তবকর্ত্তারা তাঁহাকে লেহন করেন, সেই সময়ে আবার ঋক্ উচ্চারণকারীরা শোধিত সোমের নিকটবর্ত্তী হন।

৪৭। হে সোম! শোধনকালে তোমার অস্থির ধারাগুলি একত্র মিলিত হইয়া মেষের সূক্ষ্ম সূক্ষ্ম লোমগুলি অতিক্রম করিতেছে। সেই সময়ে তুমি দুই পাত্রের মধ্যে সংস্থাপিত হইয়া দুগ্ধের সহিত মিশ্রিত হও। প্রস্তুত হইয়া তুমি কলসে যাইয়া উপবেশন কর।

৪৮। হে ক্রিয়াকুশল সোম! তুমি স্তবের দ্বারা পরিতোষিত হইতেছ, এখন মেষলোমের উপর সুমিষ্ট রস ঢালাইয়া দাও। তাবৎ রাক্ষসদিগকে ধ্বংস কর, অত্রত্র যজ্ঞে আমরা এই দীর্ঘ ছন্দের স্তব পাঠ করিতেছি, যেন আমরা বীরপুত্র লাভ করি।

৮৭ সূক্ত।

পবমান সোম দেবতা। উশনা ঋষি।

১। হে সোম! তুমি ধাবমান হও, কলসে যাইয়া উপবেশন কর, অধ্বর্য্যুগণ তোমাকে শোধন করিতেছে, অন্নের দিকে যাও, ঘোটকের ন্যায় তোমাকে ধোয়াইয়া দিতেছে এবং বল্গা ধরিয়া তোমাকে কুশের দিকে লইয়া যাইতেছে।

২। সোমদেব উত্তম অস্ত্রশস্ত্র ধারণপূর্ব্বক ক্ষরিত হইতেছেন, তিনি অমঙ্গল নষ্ট করেন, উপদ্রব নিবারণ করেন। তিনি দেবতাদিগের জন্মদাতা পিতা, তিনি দ্যুলোকের স্তম্ভস্বরূপ, পৃথিবীর আধারস্বরূপ।

৩। উশনা ঋষি বুদ্ধিমান্ ও একজন অগ্রগণ্য ব্যক্তি, উজ্জ্বলমূর্ত্তি ও ধীর, তিনি এই সকল গাভীর নিগূঢ় ও গোপনীয় নাম পুণ্যানুষ্ঠান প্রভাবে জানিতে পারিয়াছেন।

৪। হে ইন্দ্র! এই লও, তোমার সোমরস, ইহা রস সেচনকারী, তুমি ও বৃষ্টিবর্ষণকারী; তোমার নিমিত্ত ইহা পবিত্রের উপর ক্ষরিত হইতেছে। এই সোম শতদাতা, সহস্রদাতা, বিস্তরদাতা, ইনি ক্রমাগত যজ্ঞেতে অধিষ্ঠান হন।

৫। এই সকল সহস্রসংখ্যক সোমরস, ইহারা দুগ্ধের দিকে ধাবমান, বিস্তর চমৎকার অন্ন লাভ ইহাদিগের লক্ষ্য, পবিত্রের ছিদ্র পথ দিয়া ইহাদিগকে প্রস্তুত করা হইতেছে। অন্নই ইঁহাদের কামনা, অন্ন কামনাই ইহাদিগকে প্রস্তুত করিবার উদ্দেশ্য। ইহারা যেন যুদ্ধজয়ী ঘোটকের ন্যায়।

৬। এই সোমকে বিস্তর লোকে ডাকে। ইনি শোধিত হইয়া লোকদিগকে নানাবিধ অন্ন আহরণ করিয়া দেন। হে সোম! তোমাকে শ্যেনপক্ষী আনয়ন করিয়াছে, অন্ন পরিপূর্ণ করিয়া দাও, ধন দান করিতে করিতে অন্নের দিকে যাও।

৭। এই যে নিষ্পীড়িত সোম, ইনি পবিত্রের চতুঃপার্শ্বে দৌড়িতেছেন, যেমন ঘোটককে ছাড়িয়া দিলে সে দৌড়িয়া যায়, যেমন তীক্ষ্ণ দুই শৃঙ্গ শানাইয়া মহিষ দৌড়িয়া যায়; অথবা যেমন বীরপুরুষ বিস্তর গাভী জয় করিবেন বলিয়া ধাবিত হয়েন।

৮। এই যে সোম, ইনি পরমধাম হইতে নিষ্পীড়নোপযোগী প্রস্তরফলকের মধ্যে আসিয়াছেন। কোন নিভৃত স্থানে গাভীগণ ছিল, ইনি তাহা জানিতে পারিয়াছেন। হে ইন্দ্র! তোমার জন্য সোমের ধারা ক্ষরিত হইতেছে, যেরূপ আকাশের বিদ্যুৎ মেঘদ্বারা প্রেরিত হইয়া শব্দ করিতে করিতে নির্গত হয়।

৯। হে সোম! তুমি শোধিত হইয়া ইন্দ্রের সহিত একরথে আরোহণপূর্ব্বক বিস্তর গাভী আহরণ কর, তোমার স্বভাব যে, তুমি শীঘ্রই দান কর। প্রচুর ও বিস্তর অন্ন দাও, হে স্তব গ্রহণকর্ত্তা! তুমিই অন্নের অধিপতি, সে সমস্ত অন্নই তোমার।

---

৮৮ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। হে ইন্দ্র! তোমার জন্য এই সোম প্রস্তুত করিতেছি। তোমার জন্য ক্ষরিত হইতেছে। তুমি ইহা পান কর। তুমি তাহাকে প্রস্তুত করিয়াছ। তুমি তাহাকে মনোনীত করিয়াছ এই অভিপ্রায় যে, সে তোমার সাহায্য করিবে, সে তোমাকে মত্ত করিবে।

২। যেরূপ বিস্তর ভারবহনক্ষম রথকে লোকে যোজনা করে, তদ্রূপ সোমকে যোজনা করা হইল, কেননা তিনি প্রভূত ধন দিবেন। পরে তাবৎ ব্যক্তি ব্যস্তসমস্ত হইয়া স্বর্গলাভের দ্বারস্বরূপ সংগ্রাম মধ্যে প্রবিষ্ট হউক।

৩। যে সোম, নিযুৎ নামক ঘোটকের অধিপতি, বায়ুদেবের ন্যায় অনবরত গমন করেন, অশ্বিদ্বয়ের ন্যায় ডাকিবা মাত্র আসিয়া সুখ দান করেন। ধনদান-কর্ত্তা ব্যক্তির ন্যায় যিনি সকলের প্রার্থনীয় এবং সূর্য্যের ন্যায় যিনি মানস বেগে গমন করেন, তাঁহারই নাম সোম।

৪। যে তুমি ইন্দ্রের ন্যায় অনেক গুরুতর কার্য্য সম্পন্ন করিয়াছ, সেই তুমি বৃত্রদিগকে বধ করিয়াছ, শত্রুর পুরী ধ্বংস করিয়াছ। ঘোটকের ন্যায় অহিদিগকে নিধন করিয়াছ। তুমি তাবৎ দস্যুর নিধনকর্ত্তা।

৫। বনমধ্যে অগ্নি উৎপন্ন হইয়া যেরূপ বল প্রকাশ করে, তদ্রূপ তুমি জলের মধ্যে আপনার বীর্য্য প্রকাশ কর। যেরূপ যুদ্ধে উদ্যত কোন বীরপুরুষ বিপক্ষকে উচ্চৈঃস্বরে আহ্বান করিতে করিতে অগ্রসর হয়েন, তদ্রূপ ক্ষরণশীল সোম শব্দ করিতে করিতে পূর্ণ রস প্রদান করিতেছেন।

৬। আকাশের মেঘ হইতে যেমন বারি বর্ষণ হয়, কিংবা যেমন নদীগণ নিম্নের দিকে সমুদ্রে যায়, তদ্রূপ এই সমস্ত নিষ্পীড়িত সোমরস মেষলোম অতিক্রমপূর্ব্বক কলসের মধ্যে যাইতেছে।

৭। হে সোম! তুমি বায়ুর ন্যায় প্রবল বেগে বহমান হও; স্বর্গের অতি সুন্দর প্রজার ন্যায় অর্থাৎ বায়ুর ন্যায় বহমান হও। জলের ন্যায় বেগে ক্ষরিত হও। আমাদিগকে সুমতি দাও। বহুসৈন্য বিজয়ী ইন্দ্রের ন্যায় তুমি আমা-দিগের যজ্ঞভাগের অধিকারী। সহস্রদিক্ দিয়া তোমার গতি।

৮। হে সোম! বরুণ রাজার ন্যায় তোমার সমস্ত কার্য্য। প্রকাণ্ড ও গভীর স্থানে তোমার অবস্থিতি। তুমি প্রেমাস্পদ বন্ধুর ন্যায় নির্ম্মল। তুমি সূর্য্যদেবের ন্যায় পূজনীয়।

৮৯ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। যেরূপ আকাশ হইতে বৃষ্টি ক্ষরিত হইয়া চতুর্দ্দিক আচ্ছন্ন করে, তদ্রূপ সোম বহিতে বহিতে নানা পথে যাইতেছেন। সহস্রধারাতে তিনি আমাদিগের মাতৃভূতা পৃথিবীর অঙ্গে স্থান গ্রহণ করিতেছেন এবং কাষ্ঠময় পাত্রে সঞ্চিত হইতেছেন।

২। সোম নদীগণের (ক্ষুদ্র ক্ষুদ্র ধারাগণের) রাজা, ইনি বস্ত্র পরিধান করিলেন (দুগ্ধে মিশাইলেন)। ইনি যজ্ঞের সুগঠন নৌকায় আরোহণ করিলেন। এই যে সোম যাঁহাকে শ্যেনপক্ষী আহরণ করিয়াছেন, ইনি নিজে দ্রবময়, জলের সহিত মিশ্রিত হইয়া বাড়ীয়া গেলেন। অগ্নি ইঁহার পিতা, অগ্নি যজ্ঞেরও পিতা, সেই অগ্নি আপন সন্তান সোমকে পান করিলেন।

৩। এই যে সোম, যিনি সিংহ তুল্য, যিনি মধু বহাইয়া দেন, যিনি দেখিতে সুন্দর, যিনি দ্যুলোকের অধিপতি, সকলে তাঁহাকে ঘেরিয়া দাঁড়াইতেছে। ইনি বীর, ইনি যুদ্ধের সময় অগ্রগামী, ইনি, গাভী কোথা, ইহা জিজ্ঞাসা করেন, অর্থাৎ গাভী জয় করিয়া আনেন। ইঁহারই সাহায্যে বৃষ্টি সেচনকারী ইন্দ্র বিশ্বভুবন রক্ষা করেন।

৪। এই যে সোম, ইনি যেন একটী দুর্দ্দান্ত ঘোটক, ইঁহার পৃষ্ঠে মধু আছে, ইনি ক্রমাগত গমন করেন, ইঁহাকে প্রকাণ্ড চক্রযুক্ত রথ অর্থাৎ যজ্ঞে যোজনা করিয়া থাকে, আর শোধনকারিণী দশ অঙ্গুলি পরস্পর ভগিনীর ন্যায়, অথবা সপত্নীর ন্যায়, অথবা এক বংশোৎপন্ন স্ত্রীলোকের ন্যায়, ইহারা সোমস্বরূপ ঘোটকের গাত্র মার্জ্জনা করিয়া দিতেছেন, ইঁহারা এই ঘোটককে উৎসাহিত করিতেছেন।

৫। চারিটী গাভী এই সোমের সেবা করিতেছে, তাহাদিগের দুগ্ধ যেন ঘৃতের ন্যায়, তাহারা একই আশ্রয় স্থানের মধ্যে উপবেশন করিয়াছে, তাহারা দুগ্ধ দানপূর্ব্বক ইঁহার সন্নিহিত হইতেছে। সেই বৃহৎ বৃহৎ গাভী ইঁহাকে ঘেরিয়া আছে।

৬। এই সোম দ্যুলোকের অবলম্বনকারীস্বরূপ; পৃথিবীর আধার স্বরূপ, সমস্ত জীবজন্তু ইঁহার হস্তগত। তুমি স্তব করিতেছ, তোমার নিকট আসিবার

জন্য শীঘ্রগামী ঘোটক যোজনা করিতেছেন। তিনি মধুময় অংশু ধারণ করেন, তিনি বল উৎপাদন করিবার জন্য ক্ষরিত হইতেছেন।

৭। হে বলশালী সোম! দেবতাদিগের উদ্দেশে এই যে অনুষ্ঠান করিতেছি, তুমি ইহার দিকে ইন্দ্রের নিমিত্ত ক্ষরিত হও, কারণ তুমিই বৃত্রের নিধনকর্ত্তা। আমাদিগের প্রার্থনা যেন তোমার প্রভাবে আমরা মনোমত অর্থ ও পুত্রসন্তান লাভ করি।

৯০ সূক্ত।

পবমান সোম দেবতা। বশিষ্ঠ ঋষি।

১। পুরোহিতগণ সোমকে চালাইয়া দিলেন। তিনি রথের ন্যায় চলিলেন। অন্ন দান করা তাঁহার অভিপ্রায়। তিনি দ্যুলোক ও ভূলোকের সৃষ্টিকর্ত্তা। তিনি ইন্দ্রের নিকটে যাইবেন, সেই জন্য অস্ত্রশস্ত্র শাণ দিতেছেন, তিনি আমাদিগকে দিবার জন্য দুই হস্তে অশেষ ধন ধারণ করিয়া আছেন।

২। এই যে সোম, যাঁহাকে তিনবার নিষ্পীড়ন করা হইয়াছে, যিনি অন্ন বিতরণ করেন, তাঁহার উদ্দেশে পুরোহিতদিগের স্তুতিবাক্য উচ্চারিত হইতেছে। যেমন বরুণ নদীর পরিচ্ছেদ পরিধান করেন, ইনি তেমনি জলের পরিচ্ছদ পরিতেছেন, ইনি রত্নের বিতরণকর্ত্তা, মনোমত অশেষ বস্তু দয়া করিয়া দিতেছেন।

৩। হে সোম! তুমি একাই একদল বীরের তুল্য, তুমি সর্ব্বাপেক্ষা বীর, তোমার ক্ষমতা অতুল, তুমি জয়ী ও ধনদাতা, প্রার্থনা, যে তুমি ক্ষরিত হও। তোমার অস্ত্রশস্ত্র তীক্ষ্ণ, তোমার ক্ষিপ্রহস্ত ধনুর্দ্ধর, যুদ্ধে তোমাকে কেহ আঁটিতে পারে না, তুমি সকল শত্রু পরাভব কর।

৪। হে সোম! কি বিশাল, তোমার যাইবার পথ, তুমি অভয় দান করিতে করিতে ক্ষরিত হও, অতি উত্তম দুই পাত্রের মধ্যে ক্ষরিত হও। তোমা হইতে জল লাভ হয়, প্রভাত হয়, স্বর্গ লাভ ও গাভী লাভ হয়। তুমি একবার শব্দ কর, তাহা হইলেই আমাদিগের প্রচুর অন্ন লাভ হইয়া যায়।

৫। হে সোম! প্রার্থনা করি যে, তুমি ইন্দ্রকে মত্ত কর, বরুণ ও মিত্র ও বিষ্ণু ও বলবান্ বায়ু ও সকল দেবতাকে মত্ত কর। তাঁহাদিগের বিপুল আনন্দ উৎপাদন কর।

৬। হে সোম! এইরূপে তোমাকে স্তব করিলাম। তুমি কর্ম্মানুষ্ঠান তৎপর রাজার ন্যায় নিজ বলের দ্বারা আমাদিগের পাপসমূহ ধ্বংস করিতে করিতে ক্ষরিত হও। সুন্দররূপে তোমার স্তোত্র পাঠ করা হইয়াছে, অন্ন বিতরণ কর। তোমরা সকলে পান কর, তাহাতে যেন আমাদিগের কল্যাণ হয়।

৯১ সূক্ত।

পবমান সোম দেবতা। কশ্যপ ঋষি।

১। বুদ্ধিমান্ ও সর্ব্বশ্রেষ্ঠ ও সুপণ্ডিত সোমকে প্রেরণ করা হইল, যেরূপ যুদ্ধস্থলে রথচক্রের শব্দ হয়, তদ্রূপ তিনি শব্দ করিলেন। দশ ভগিনী মিলিয়া ঊর্দ্ধে ধাবিত পবিত্রের উপর অগ্নি তুল্য সেই সোমকে এমনিভাবে চালিতেছে, যেন তিনি স্বীয় আধারে গিয়া পড়েন।

২। নহুষ সন্তানেরা উত্তম স্তব পাঠ করিতে করিতে সোমকে প্রস্তুত করিলেন, এখন ইনি স্বর্গবাসীদিগের নিকট যাইবেন। ইনি অমৃত, মরণ-ধর্ম্মশীল মনুষ্যগণ ইহাকে মেষলোম ও গোচর্ম্ম ও জলের দ্বারা শোধন করিতেছে, ইনি যজ্ঞে যাইতেছেন।

৩। রস বর্ষণকারী সোম, জল বর্ষণকারী ইন্দ্রের উদ্দেশে ক্ষরিত হইয়া এই উজ্জল গব্য দুগ্ধের দিকে যাইতেছেন। তিনি ঋক্ প্রাপ্ত হয়েন, তিনি স্তোত্র লাভ করেন, তিনি বীর, ধ্বংসবর্জ্জিত সহস্র পথ দিয়া পবিত্রের সূক্ষ্ম ছিদ্র অতিক্রমপূর্ব্বক যাইতেছেন।

৪। হে সোম! রাক্ষসদিগের পুরী দৃঢ় হইলেও ধ্বংস কর, ক্ষরিত হইয়া তুমি তাহাদিগের অন্ন আচ্ছাদন কর, অর্থাৎ আহরণ করিয়া আমাদিগকে দাও। কি উপরে, কি নিকটে, কি দূরে, যে স্থান হইতে তাহাদিগকে কেহ আনয়ন করে ও তাহাদিগের নেতা হয়, তাহাকে এমনি ছেদন কর, যে তাহার প্রাণ বিনষ্ট হইয়া যায়।

৫। হে সর্ব্বলোকের প্রার্থনীয় সোম! আমি নবীন লোক, আমি তোমার উত্তমরূপ স্তব করিয়াছি, যেরূপ প্রাচীন লোকদিগকে তুমি পথ দেখাইয়া দিয়াছ, তদ্রূপ আমাকেও প্রাচীন পথ সমস্ত দেখাইয়া দাও। তোমার এতাদৃশ যে সকল প্রকাণ্ড অংশ আছে, যাহা বিপক্ষেরা সহ্য করিতে পারে না, যাহা বিপক্ষ-

দিগকে সংহার করে। হে বহুকর্ম্মকারী, বহুশব্দকারী সোম! আমরা যেন সেই সমস্ত অংশ প্রাপ্ত হই।

৬। হে সোম! তুমি শোধিত হইতেছ, আমাদিগকে জল, স্বর্গ ও গোধন ও বহুসংখ্যক পুত্রপৌত্র দাও। আমাদিগের ক্ষেত্রের মঙ্গল কর। আমাদিগের আকাশের গ্রহনক্ষত্র যেন জাজ্বল্যমান থাকে। আমরা যেন চিরকাল সূর্য্যের আলোক প্রাপ্ত হই।

৯২ সূক্ত।

পবমান সোম দেবতা। কশ্যপ ঋষি।

১। এই যে হরিদ্বর্ণ ও লতা তন্তুর আকারধারী সোম যাহাকে পবিত্রের উপর নিষ্পীড়নপূর্ব্বক ইতস্ততঃ সঞ্চালিত করা হইতেছে, ইনি যুদ্ধের রথের ন্যায় চলিলেন, ইহার অভিপ্রায় ধন দান করিবেন, শোধিত হইবার সময় ইনি ইন্দ্রের যোগ্য শ্লোকের স্তব প্রাপ্ত হইলেন; ইনি তৃপ্তি উৎপাদক বিবিধ অন্ন লইয়া দেবতাদিগের নিকট গেলেন।

২। মনুষ্যদিগের হিতৈষী বুদ্ধিমান্ সোম জলের সহিত মিশ্রিত হইয়া পবিত্রের উপর বিস্তারিত হইলেন। পরে আপন স্থানে গেলেন, যেরূপ হোমকর্ত্তা পুরোহিত যজ্ঞে উপবেশন করেন, ইনি তদ্রূপ পাত্রে পাত্রে স্থান গ্রহণ করিতেছেন। সাতজন সুপণ্ডিত ঋষি ইহার দিকে যাইতেছেন।

৩। সুবোধ, পথপ্রদর্শনকারী এবং তাবৎ দেবতার প্রীতিপ্রদ সোম শোধিত হইতে হইতে কলসে যাইতেছেন। সর্ব্বপ্রকার স্তুতিবাক্যে প্রীতিলাভপূর্ব্বক এই সুপণ্ডিত সোম পাঁচ জনপদের লোকের অনুগমন করিতেছেন।

৪। হে ক্ষরণশীল সোম! তোমার সেই সুপ্রসিদ্ধ তেত্রিশ দেবতা(১) লোচনের অগোচর স্থানে রহিয়াছেন। উন্নত স্থানে সংস্থাপিত মেষলোমময় পবিত্রের মধ্যে রাখিয়া দশ অঙ্গুলি তোমাকে শোধন করিতেছে। আর প্রকাণ্ড সপ্তনদী নিজ নিজ বারি দিয়া তোমাকে শোধন করিতেছে।

৫। যে স্থানে তাবৎ স্তুতিবাক্য রচয়িতারা স্তব করিবার জন্য মিলিত হয়, সোমের সেই সত্যস্বরূপ স্থান আমরা যেন প্রাপ্ত হই। সেই সোম যাঁহার

(১) ৩৩ দেবতার উল্লেখ।

জ্যোতিঃদ্বারা আলোক উদয় হইয়া দিবসের আবির্ভাব করিয়াছে। যাঁহার জ্যোতিঃ মনু রক্ষা করিয়াছে(২) এবং দস্যুর দিকে প্রেরিত হইয়াছে।

৬। যেমন পুরোহিত, যে বাটীতে যজ্ঞীয় পশু থাকে, সেই বাটীতে যায়, যেমন প্রকৃত রাজা যুদ্ধস্থলে যান; তদ্রূপ সোম শোধিত হইতে হইতে কলসে যাইতেছেন; যাইয়া বনচারী মহিষের ন্যায় জলের মধ্যে উপবেশন করিতেছেন।

৯৩ সূক্ত।

পবমান সোম দেবতা। নোধা ঋষি।

১। দশ ভগ্নী, অর্থাৎ দশ অঙ্গুলি একসঙ্গে জল সেচন করিতে করিতে সোমকে শোধন করিতেছে, সেই দশ অঙ্গুলি সুস্থির সোমকে চালাইয়া দিতেছে। হরিদ্বর্ণ ধারণ পূর্ব্বক সোম সূর্য্যের পত্নীর দিকে ধাবমান হইতেছেন(১), বেগবান্ ঘোটকের ন্যায় সোম কলস পূর্ণ করিলেন।

২। যেমন মাতৃবৎসল শিশুকে জননীরা ধারণ করেন, তদ্রূপ সর্ব্বজনের রসবর্ষণকারী এই সোমরস জলদিগের দ্বারা ধাবিত হইতেছেন। যেমন পুরুষ যুবতীর দিকে গমন করেন, ইনি তদ্রূপ আপন স্থানে যাইতেছেন; যাইয়া কলসের মধ্যে দুগ্ধের সহিত মিশ্রিত হইতেছেন।

৩। সোম গাভীর দুগ্ধস্থান অপ্যায়িত করিয়াছেন। সেই সুপণ্ডিত সোম ধারার আকারে ক্ষরিত হইতেছেন। সেই সোম যখন উন্নত স্থানে পানপাত্রের মধ্যে সঞ্চিত হইলেন, তখন ধৌত বস্ত্রসন্নিভ শ্বেতবর্ণ দুগ্ধের দ্বারা গাভীগণ তাঁহাকে ঢাকিয়া দিল।

৪। হে ক্ষরণশীল সোম! তুমি আমাদিগের প্রতি বৎসল হইয়া দেবতাদিগের সঙ্গে মিলিত হইয়া আমাদিগকে ঘোটক ও ধন বিতরণ কর, তোমার বুদ্ধিতে যেন আমাদিগের প্রতি স্নেহ উপস্থিত হয় এবং আমাদিগের প্রতি কৃপাদৃষ্টি করিয়া যেন প্রচুর ধন দিবার বুদ্ধি তোমার উপস্থিত হয়।

৫। হে সোম! তুমি শোধিত হইতেছ, আমাদিগের লোকবল করিয়া দাও

(২) এস্থানে মনু অর্থে আর্য্যমনুষ্য এবং দস্যু অর্থে অনার্য্যবর্ব্বর করিলে সুন্দর ব্যাখ্যা হয়।

(১) সায়ণ সূর্য্যের পত্নী অর্থে দিক সমুদয় করিয়াছেন, কিন্তু সূর্য্যা ও সোমসম্বন্ধে ১।১১৬।১৭ ঋকের টীকা দেখ।

এবং ধন মাপিয়া দাও, সকলের আহ্লাদ উৎপাদন করে, এরূপ জল আমাদিগকে দাও। তোমাকে যে স্তব করে, যেন তাহার পরমায়ু বৃদ্ধি হয়, তিনি যেন প্রাতঃকালে ধন দিবার অভিপ্রায়ে উপস্থিত হয়েন।

৯৪ সূক্ত।

পবমান সোম দেবতা। কণ্ব ঋষি।

১। ঘোটকের ন্যায় যখন এই সোমকে সুসজ্জিত করা হইল, কিংবা যখন সূর্য্যের ন্যায় ইহার কিরণ নির্গত হইতে লাগিল, তখন অঙ্গুলীবর্গ পরস্পর স্পর্দ্ধা সহকারেই শোধন করিতে যাইতেছে, ইনি জলের সহিত মিশ্রিত হইয়া কবিদিগের স্তুতিবাক্য গ্রহণ করিতে করিতে ক্ষরিত হইতেছেন, যেরূপ কোন গোপাল গোচারণের জন্য অতি সুন্দর গোষ্ঠে যায়, তদ্রূপ ইনি যাইতেছেন।

২। জলের আধারস্বরূপ যে আকাশ সোম, সেই আকাশের দুই অংশ নিজ তেজে আচ্ছাদন করিতেছেন। সেই সর্ব্বজ্ঞ সোমের কিরণসমূহ বিস্তারিত হইবে বলিয়া সমস্ত ভুবন বিস্তীর্ণ হইতেছে। যেমন গাভীগণ গোষ্ঠে শব্দ করে, তদ্রূপ যজ্ঞের উপযোগী চমৎকার স্তুতিবাক্যগুলি সোমের উদ্দেশে শব্দ করিতেছে।

৩। বুদ্ধিমান্ সোম যখন স্তুতিবাক্য সমস্ত গ্রহণ করেন; তখন বীরপুরুষের রথের ন্যায় তিনি সর্ব্বত্র গতি বিধি করেন। তিনি দেবতাদিগের ধন মনুষ্যদিগকে দেন, সেই ধনের বৃদ্ধির জন্য যজ্ঞ ভবনে সোমকে স্তব করা উচিত।

৪। সম্পত্তির জন্য সোমের জন্ম, সম্পত্তির জন্য তিনি অংশু ও লতাপ্রতান হইতে নির্গত হয়েন। স্তুতিকারী ব্যক্তিদিগকে তিনি সম্পত্তি ও অন্ন বিতরণ করেন। তাঁহার নিকট সম্পত্তি প্রাপ্ত হইয়া অমরত্ব লাভ করা যায়, তিনি শনৈঃ শনৈঃ গমন করিয়া সকল সংগ্রামে জয়ী হয়েন।

৫। হে সোম! যেন তোমার প্রসাদে সম্পত্তি ও অন্ন ও বল, বীর্য্য ও গো, অশ্ব প্রাপ্ত হই। তুমি প্রচুর জ্যোতিঃ বিধান কর, দেবতাদিগকে আনন্দিত কর। সকলকেই তুমি অবলীলাক্রমে পরাভব কর। হে ক্ষরণশীল সোম! শত্রুদিগকে বধ কর।

৯৫ সূক্ত।

পবমান সোম দেবতা। প্রস্কণ্ব ঋষি।

১। চতুর্দ্দিকে প্রস্তুত হইতে হইতে হরিদ্বর্ণ সোম পুনঃ পুনঃ শব্দ করিতেছেন, শোধিত হইতে হইতে কলসের মধ্যে বসিতেছেন; মনুষ্যদিগের কর্তৃক প্রেরিত হইয়া দুগ্ধের সহিত মিশ্রিত হইতেছেন, তাঁহার মূর্ত্তি তাহাতে ধৌত বস্ত্রবৎ শুভ্রবর্ণ হইতেছে। একারণ তাঁহার উদ্দেশে হোমের বস্তু দিতেছে এবং স্তুতিবাক্য উচ্চারণ করিতেছে।

২। যেরূপ নাবিক নৌকাকে চালাইয়া দেয়, তদ্রূপ সোম প্রস্তুত হইতে হইতে যজ্ঞের উপযোগী বাক্য সমস্ত স্ফূর্ত্তি করিয়া দিতেছেন। তিনি নিজে দেব; যজ্ঞস্থানে বক্তার মুখে দেবতাদিগের গোপনীয় নাম সকল উপস্থিত করিয়া দিতেছেন।

৩। স্তুতিবাক্যগুলি সোমের উদ্দেশে জলের তরঙ্গের ন্যায় প্রবল বেগে নির্গত হইতেছে। তাঁহাকে নমস্কার করিতে করিতে তাঁহার নিকটে যাইতেছে, তাঁহার সহিত এক হইয়া যাইতেছে, তাঁহার মধ্যে প্রবেশ করিতেছে, যেহেতু তাহারা তাঁহাকে চায়, তিনিও তাহাদিগকে চান।

৪। যেরূপ পর্ব্বতের উচ্চস্থানে মহিষ থাকে, তদ্রূপ সেই সোম প্রস্তরনির্ম্মিত আধারে অবস্থিতি করিতেছেন। সেই রস বর্ষণকারী অংশুরূপী (আঁস ডাঁটা) সোমকে ঋত্বিকেরা শোধনপূর্ব্বক প্রস্তুত করিতেছে। সেই শব্দকারী সোমের উদ্দেশে স্তুতিবাক্যগুলি যাইয়া মিলিত হইতেছে। সেই সোম তিন আধারে স্থাপিত হইয়া আকাশস্থিত শত্রু নিবারণকারী ইন্দ্রকে পরিপুষ্ট করিতেছেন।

৫। যেরূপ উপবক্তা নামক পুরোহিত হোতাকে বলিয়া দেয়, তদ্রূপ হে সোম! তুমি শোধিত হইবার সময় স্তুতিবাক্যগুলি স্ফূর্ত্তি করিয়া দাও। যে সময়ে তুমি ও ইন্দ্র একত্রে যজ্ঞে উপস্থিত হও, তখন যেন আমরা সৌভাগ্যশালী ও বলবীর্য্য সম্পন্ন হই।

---

৯৬ সূক্ত।

পবমান সোম দেবতা। প্রতর্দ্দন ঋষি।

১। এই দেখ সোম বীরপুরুষ ও সেনাপতির ন্যায় বিপক্ষদিগের গোধন হরণ করিবার জন্য রথের অগ্রে অগ্রে যাইতেছেন, ইহার সেনা ইহাকে দেখিয়া

উৎসাহিত হইতেছে। যজ্ঞকর্ত্তা ব্যক্তিরা ইহার সখা, তাহারা ইন্দ্রের আহ্বান করে, ইনি তাহাদিগের সেই কার্য্য সুসম্পন্ন করেন, যে সকল দুগ্ধ আদি বস্তু দেখিয়া ইন্দ্র শীঘ্র আসিবেন, ইনি সেই সকল বস্তুর সহিত মিশ্রিত হইতেছেন।

২। অঙ্গুলিগণ ইহার হরিতবর্ণ অংশু নিষ্পীড়িত করিতেছে। ইঁহার নিষ্পীড়িত রস পবিত্রের সর্ব্বত্রব্যাপী হইয়াও সংলগ্ন থাকিতেছে না, (অর্থাৎ অক্লেশে ছাঁকা হইতেছে)। সোম সেই পবিত্রস্বরূপ রথে আরোহণ করিতেছেন। সেই রথে আরোহণপূর্ব্বক সুপণ্ডিত সোম ইন্দ্রের সহিত স্তুতিবাক্যের দিকে যাইতেছেন।

৩। হে সোম! এই যজ্ঞ দেবতাদিগের দ্বারা আকীর্ণ হইয়াছে, ইন্দ্র তোমাকে পান করিবেন, যাহাতে প্রচুররূপে তোমাকে তাঁহারা পান করেন, তদর্থে তুমি দীপ্যমান মূর্ত্তিতে ক্ষরিত হও। তুমি জল সৃষ্টি কর, দ্যুলোক ও ভূলোক অভিষিক্ত কর। আকাশ হইতে আসিয়া শোধিত হও এবং আমাদিগের উপকার কর।

৪। হে ক্ষরণশীল সোম! যাহাতে আমরা পরাজয় বা নিধন না হই, যাহাতে আমাদিগের মঙ্গল এবং সকল বিষয়ের বিশিষ্ট বৃদ্ধি হয়, তুমি তদর্থে ক্ষরিত হও। এই সকল বন্ধুবর্গ তাহাই কামনা করিতেছেন। আমিও তাহাই কামনা করিতেছি।

৫। সোম ক্ষরিত হইতেছেন। ইহা হইতেই স্তুতিবাক্য সমূহের উৎপত্তি ইহা হইতেই দ্যুলোক ও ভূলোক ও অগ্নি ও সূর্য্য ও ইন্দ্র ও বিষ্ণুর উৎপত্তি।

৬। এই সোম শব্দ করিতে করিতে পবিত্রকে অতিক্রম করিতেছেন, ইনি দেবতাদিগের মধ্যে ব্রহ্মা, ইনি কবিদিগের শব্দবিন্যাস স্ফূর্ত্তি করিয়া দেন, ইনি মেধাবীদিগের মধ্যে ঋষি তুল্য, ইনি বনচারী পশুদিগের মধ্যে মহিষবৎ; গৃধ্রদিগের পক্ষে পক্ষিরাজ স্বরূপ, অস্ত্রের মধ্যে স্বধিতি নামক সর্ব্বপ্রধান অস্ত্র।

৭। যেরূপ সমুদ্র তরঙ্গকে প্রেরণ করে, তদ্রূপ সোম ক্ষরিত হইতে হইতে পুরোহিতমুখোচ্চারিত অতি চমৎকার স্তুতিবাক্য প্রেরণ করিতেছেন, ইনি অন্তর্যামী; ইনি দুর্নিবার বীর্য্য ধারণপূর্ব্বক শব্দ করিতে করিতে বিপক্ষের গোধন লইবার উদ্দেশে শত্রু সৈন্যে প্রবেশ করিতেছেন।

৮। হে সোম! তুমি মত্ততার উৎপাদক; তোমার সহস্রধারা ক্ষরিতেছে; তুমি শত্রুদিগকে সংহার কর। তোমার নিকটে কেহ যাইতে পারে না; এতাদৃশ তুমি বিপক্ষ সৈন্যের দিকে গমন কর। হে ক্ষরণশীল সোম! তুমি

পণ্ডিত ; তুমি গাভীদিগকে প্রেরণ করিতে করিতে তোমার অংশুর তরঙ্গ ইন্দ্রের প্রতি প্রেরণ কর।

৯। সোম প্রীতি উৎপাদন করেন ; তিনি চমৎকার ; দেবতারা তাঁহার নিকটে যান ; তিনি ইন্দ্রকে মত্ত করিবার জন্য সহস্রধারা ধারণপূর্ব্বক মহাবেগে যুদ্ধস্থলগামী ঘোটকের ন্যায় যাইতেছেন।

১০। সেই সোম আমাদিগের পূর্ব্বপুরুষদিগের উপার্জ্জিত বস্তু ; তাঁহার অশেষ ধন আছে ; তিনি জন্ম মাত্র জলে শোধিত হয়েন ; প্রস্তরফলকে তাঁহাকে নিষ্পীড়িত করে। তিনি হিংসকদিগের হস্ত হইতে রক্ষা করেন। তিনি তাবৎ প্রাণীর রাজা। তিনি শোধিত হইতে হইতে যজ্ঞানুষ্ঠানের পদ্ধতি দেখাইয়া দিতেছেন।

১১। হে ক্ষরণশীল সোম ! আমাদিগের সুবোধ পূর্ব্বপুরুষেরা তোমাকে আশ্রয় করিয়া পুণ্য কার্য্যের অনুষ্ঠান করিতেন। তুমি দুর্দ্ধর্ষভাবে বিপক্ষ-দিগকে হিংসা করিতে করিতে রাক্ষসদিগকে তাড়াইয়া দেও, আমাদিগকে ঘোটক ও সৈন্য ও ধন প্রদান কর।

১২। যেরূপ তুমি মনুর জন্য ক্ষরিত হইয়াছিলে, অন্ন দিয়াছিলে, বিপক্ষ সংহার করিয়াছিলে, অশেষ প্রকার কাম্যবস্তু দিয়াছিলে এবং হোমের দ্রব্য পাইয়াছিলে ; তদ্রূপ এখন ক্ষরিত হও ; ধন দান কর ; ইন্দ্রকে আশ্রয় কর ; যুদ্ধে অস্ত্রসমূহ উৎপাদন কর।

১৩। হে সোম ! তুমি যজ্ঞবান্, অর্থাৎ যজ্ঞ তোমারই ; তোমাতে মধু আছে ; তুমি জলের বস্ত্র পরিধান করিয়া মেষলোমময় উন্নত আধারে ক্ষরিত হও। তাহার নিম্নস্থিত ঘৃতযুক্ত কলসে যাইয়া উপবেশন কর, ইন্দ্রের যত পানীয় বস্তু আছে, তুমি সর্ব্বাপেক্ষা আনন্দকর ও মত্ততাজনক।

১৪। হে সোম ! তুমি আকাশ হইতে বৃষ্টির আকারে সহস্রধারায় ক্ষরিত হও ; অশেষ বস্তু আহরণ কর ; অন্ন বিতরণ কর। এই দেবতাবর্গ সমাকীর্ণ যজ্ঞ মধ্যে তুমি ধারায় ধারায় কলসে গমন কর ; দুগ্ধের সহিত মিশ্রিত হইয়া আমাদিগের পরমায়ু বর্দ্ধন কর।

১৫। এই সেই সোম স্তবের সহিত ক্ষরিত হইতেছেন ; বেগবান্ ঘোটকের ন্যায় বিপক্ষদিগকে ছাড়াইয়া যাইতেছেন। গাভীর অতি চমৎকার দুগ্ধের ন্যায় ইঁহার আস্বাদন ; প্রশস্ত পথের ন্যায় ইনি সুবিধা করিয়া দেন ; সুশিক্ষিত ও সুবশীভূত অশ্বের ন্যায় ইনি কার্য্যোপযোগী হয়েন।

১৬। হে সোম! তোমার বুদ্ধাস্ত্র অতি সুন্দর। নিষ্পীড়ন করিয়া তোমাকে নিষ্পীড়িত করিতেছেন; তোমার সেই যে মনোহর মূর্ত্তি, যাহা আচ্ছাদিত আছে, তাহা ধারণ কর। যখন আমাদিগের অন্ন কামনা হয়, তখন ঘোটকের ন্যায় তুমি অন্ন আহরণ করিয়া দাও। হে দেব সোম! তুমি পরমায়ু বৃদ্ধি কর; গাভী আহরণ করিয়া দাও।

১৭। হরিতবর্ণ সোম যখন বালকের ন্যায় জন্ম গ্রহণ করেন, তখন দেবতারা ইহার গাত্র মার্জ্জনা করিয়া দেন, ইহাকে সপ্ত প্রকার অলঙ্কারে সুশোভিত করেন। পরে বুদ্ধিমান্ সোম কবিতা প্রাপ্ত হইয়া নিজে কবি হইয়া শব্দ করিতে করিতে পবিত্র অতিক্রম করেন।

১৮। সোমের মন ঋষি অর্থাৎ সকলি দেখিতে পায়; সোম সকলি দেখেন, সহস্র প্রকার তাঁহার স্তব; কবিদিগের পদ স্খলিত হইলেই তিনি বলিয়া দেন। তিনি প্রকাণ্ড; তিনি তৃতীয় লোক অর্থাৎ স্বর্গধামে যাইতে উদ্যত হইয়া বিরাট্ অর্থাৎ অতি দীপ্তিশালী ইন্দ্রের সঙ্গে দীপ্তি পাইতেছেন; তাঁহাকে সকলে স্তব করিতেছে।

১৯। শ্যেনপক্ষীর ন্যায় সোম পানপাত্রে বসিতেছেন(২); তিনি এক পাত্র হইতে পাত্রান্তরে বিচরণ করিতেছেন; তাঁহার সাহায্যে গোধনের লাভ হয়, তিনি দ্রবময়; তিনি যুদ্ধের অস্ত্র ধারণ করেন; তিনি জলে তরঙ্গে মিশিয়া যাইতেছেন, তিনি প্রকাণ্ড হইয়া তাঁহার চতুর্থ স্থান কলসের মধ্যে যাইতেছেন।

২০। সোম সুন্দর পুরুষের ন্যায় আপনার শরীর পরিষ্কার করিতেছেন, তিনি ঘোটকের ন্যায় ধন দান করিতে ধাবিত হইতেছেন। যেমন বৃষ যূথের দিকে যায়, সেইরূপ তিনি কলসে যাইতেছেন; তিনি শব্দ করিতে করিতে নিষ্পীড়নোপযোগী প্রস্তর ফলকদ্বয়ে বিসারিত হইতেছেন।

২১। হে সোম! প্রধান ব্যক্তিরা তোমাকে প্রস্তুত করিয়াছেন, তুমি ক্ষরিত হও। শব্দ করিতে করিতে মেষলোমের সর্ব্ব ভাগে বিস্তারিত হও, দুই ফলকের উপর ক্রীড়া করিতে করিতে কলসে প্রবেশ কর। তোমার আনন্দকর রস শোধিত হইয়া ইন্দ্রকে মত্ত করুক।

২২। ইঁহার বৃহৎ বৃহৎ ধারাগুলি চতুর্দ্দিকে বিস্তৃত হইল। দুগ্ধের সহিত মিশ্রিত হইয়া ইনি ভিন্ন ভিন্ন কলসে প্রবেশ করিলেন। ইনি গান করিতে পটু,

---

(২) শ্যেনপক্ষীর সহিত তুলনা।

অতএব গান করিতে করিতে এই পণ্ডিত আসিতেছেন, লম্পট কোন বন্ধুব্যক্তির প্রণয়িনীর দিকে যেরূপ যায়, সেইরূপ আগ্রহের সহিত আসিতেছেন।

২৩। হে ক্ষরণশীল! শত্রুদিগকে সংহার করিতে করিতে আসিতেছ। যেরূপ প্রণয়ী প্রণয়িনীর নিকট যায়, সেইরূপে আসিতেছ। তোমাকে চতুর্দ্দিকে স্তব করিতেছে। যেরূপ পক্ষী উড্ডীন হইয়া বনে যাইয়া বসে, তদ্রূপ সোম শোধিত হইতে হইতে কলসে যাইয়া বসিতেছেন।

২৪। হে সোম! ক্ষরণকালে তোমার দীপ্যমান ধারাগুলি রমণীবর্গের ন্যায় চলিতেছে; তাহারা অতি সুন্দর এবং অনায়াসে নিষ্পীড়িত হইয়া আসে। দৈবকর্ম্মনিষ্ঠ ব্যক্তিদিগের কলসের মধ্যে আনীত হইয়া সেই উজ্জ্বল সর্ব্বজন কামনীয় সোম জলের মধ্যে শব্দ করিতে লাগিলেন।

---

৯৭ সূক্ত।

পবমান সোম দেবতা। বসিষ্ঠ ঋষি।

১। সুবর্ণের দণ্ড এই সোমকে আহ্লাদিত করিল; তদ্দ্বারা শোধিত হইয়া ইনি আপনার রস দেবতাদিগের নিকট আনয়ন করিলেন। যেরূপ ইনি কোন পুরোহিত যজমানের ধনধান্যসম্পন্ন সুনির্ম্মিত ভবনে যান, তদ্রূপ পুনঃ নিষ্পীড়িত হইয়া শব্দ করিতে করিতে পবিত্রের চতুর্দ্দিকে যাইতেছেন।

২। তুমি যুদ্ধের উপযোগী উত্তম উত্তম বস্ত্র পরিধান করিয়াছ; তুমি মহাকবি, অনেক প্রকার বর্ণনা পাঠ করিতেছ, তুমি শোধিত হইতেছ, দুই ফলকের উপর বিস্তারিত হও। তুমি পণ্ডিত এবং যজ্ঞের বিষয়ে সতর্ক ও সাবধান।

৩। সেই যে সোম, যিনি পৃথিবীতে সকল যশস্বী অপেক্ষা অধিক যশস্বী, তিনি আমাদিগের জন্য মেষলোমময় উচ্চস্থানস্থিত পবিত্রে শোধিত হইতেছেন। তুমি শোধিত হইতে হইতে শব্দ কর, আগমন কর। তোমরা সর্ব্বদা আমাদিগকে স্বস্তিবাক্যের দ্বারা রক্ষা কর।

৪। তোমরা গান ধর। এস দেবতাদিগকে অর্চ্চনা করি। বিপুল অর্থ লাভের জন্য সোমকে প্রেরণ কর। তিনি দৈবকর্ম্মনিষ্ঠ, তিনি সুস্বাদু হইয়া ক্ষরিত হইতেছেন, কলসের মধ্যে বসিতেছেন।

৫। সোম দেবতাদিগের বন্ধুত্ব লাভ করিতে করিতে মত্ততা উৎপাদন করিবার জন্য সহস্র ধারায় ক্ষরিত হইতেছেন। মনুষ্যগণ তাঁহাকে স্তব করিতেছে, তিনি আপনার পূর্ব্বতন স্থান গ্রহণ করিতেছেন, বিশিষ্ট সৌভাগ্য লাভের জন্য তিনি ইন্দ্রের নিকট গেলেন।

৬। হে উজ্জ্বল! স্তবকর্ত্তাকে ধন দিবার জন্য এস। যুদ্ধের জন্য তোমার উৎপাদিত মত্ততা ইন্দ্রকে প্রাপ্ত হউক। রথে আরোহণপূর্ব্বক দেবতাদিগের সহিত যাও, অন্ন লইয়া এস। তোমরা সকলে স্বস্তিবচনের দ্বারা আমাদিগকে রক্ষা কর।

৭। উশনার ন্যায় কবির রচনা উচ্চারণ করিতে করিতে এই দেব সোম দেবতাদিগের জন্ম বৃত্তান্ত কহিতেছেন। ইঁহার ব্রত অতিমহৎ, ইনি সাধুদিগেরই বন্ধু, ইনি পবিত্রতার উৎপাদক, ইনি শব্দ করিতে করিতে বরাহ গতিতে আসিতেছেন।

৮। সোমরসের অভিষেকগুলি হংসের ন্যায় যজ্ঞগৃহ মধ্যে বেগে প্রবেশ করিল, কারণ দীপ্তিশালী সোমদেব উপস্থিত। বন্ধুগণ সেই দুর্দ্ধর্ষ তেজস্বী বাদ্যবাদনকারী সোমকে একত্রে মিলিত হইয়া বর্ণনা করিতেছে।

৯। তিনি যশস্বী পুরুষের ন্যায় বেগে চলিয়াছেন। তিনি অবলীলাক্রমে ক্রীড়া করিতেছেন, গাভীগণ তাঁহার সঙ্গে যাইতে পারে না। তিনি তীক্ষ্ণশৃঙ্গসঞ্চালনকারী বৃষের ন্যায় আপনার কলেবর স্ফীত করিতেছেন, সেই সরল স্বভাব সোম দিবারাত্র উজ্জ্বল হইয়া থাকেন।

১০। গাভীদুগ্ধে পরিপুষ্ট হইয়া ঘোটকের ন্যায় সোম ক্ষরিত হইতেছেন। তিনি ইন্দ্রের বলাধান এবং মত্ততা উৎপাদন করিতেছেন। তিনি রাক্ষস সংহার এবং বিপক্ষ পরাভব করিতেছেন, তিনি বলশালী রাজা, তিনি সর্ব্বপ্রকার কাম্যবস্তু উৎপাদন করেন।

১১। মধুর ন্যায় সুস্বাদু ধারাযুক্ত হইয়া প্রস্তরফলকে নিষ্পীড়িত সোম মেষলোমের মধ্য দিয়া ক্ষরিত হইতেছেন। তিনি ইন্দ্রের সহিত বন্ধুত্ব করিতেছেন। তিনি নিজে দেবতা, অন্যান্য দেবতার মত্ততা উৎপাদন করিতেছেন।

১২। সোমদেব শোধিত হইতে হইতে আমাদিগের প্রিয়বস্তু দিবার জন্য ক্ষরিত হইতেছেন। তিনি দেবতাদিগের নিকট আপনার রস লইয়া যাইতেছেন। যে কালের যে ধর্ম্মকর্ম্ম সকলই তিনি সম্পন্ন করেন। উচ্চস্থানস্থিত মেষলোমময় পবিত্রের উপর দশ অঙ্গুলি তাঁহাকে লইয়া গেল।

১৩। রসবর্ষণকারী উজ্জ্বল লোহিত বর্ণধারী সোম শব্দ করিয়া উঠিলেন। গাভীদিগকে শব্দ করাইতে করাইতে তিনি দ্যুলোকে ও ভূলোকে গমন করেন। ইন্দ্রের বজ্রের ন্যায় তাঁহার শব্দ শুনা যাইতেছে। তিনি আমাদিগের এই স্তুতি-বাক্যের প্রতি কর্ণপাত করিতে করিতে যুদ্ধে যাইতেছেন।

১৪। হে রসশালী সোম! দুগ্ধসহযোগে তুমি বৃদ্ধি প্রাপ্ত হইয়াছ। তুমি তোমার সুমধুর অংশু চালাইতে চালাইতে আসিতেছ। তুমি অবিচ্ছিন্ন ধারা-রূপে ক্ষরিত হইয়া আসিতেছ। আমরা ইন্দ্রের উদ্দেশে তোমাকে সেচন করিতেছি।

১৫। তুমি মত্ততার উৎপাদনকারী, মত্ততার জন্য ক্ষরিত হও। জল-বর্ষণকারী মেঘকে আপনার নিয়মের বশীভূত কর। তোমাকে চতুর্দ্দিকে সেচন করা হইয়াছে, তুমি উজ্জ্বলবর্ণ ধারণপূর্ব্বক গোধন লাভের নিমিত্ত আগমন কর।

১৬। আমাদিগের এই সকল স্তব গ্রহণ কর, আমাদিগের সুগম পথ করিয়া দাও; আমাদিগকে নানা প্রকার কাম্যবস্তু দিতে দিতে প্রকাণ্ড কলসের মধ্যে ক্ষরিত হও; আমাদিগের চতুর্দ্দিকে অনিষ্ট সমস্ত মুদ্গরের ন্যায় নিবারণ কর উচ্চস্থানস্থিত মেষলোমময় পবিত্রের উপর ধারার আকারে আগমন কর।

১৭। তুমি আমাদিগের জন্য দিবালোক হইতে এরূপ বৃষ্টি আনিয়া দাও, যাহা শীঘ্র এবং প্রচুর পরিমাণে উপস্থিত হইয়া আমাদিগের কল্যাণ বিধান করে এবং সত্বর ফল দান করে। হে সোম! পৃথিবীস্থিত এই সকল বায়ু প্রেমাস্পদ পুত্রের ন্যায় ইহাদিগকে অন্বেষণ করিতে করিতে তুমি আগমন কর।

১৮। আমি পাপে পরিবেষ্টিত, আমার পাপের বন্ধন মোচন করিয়া দাও। শোধিত হইতে হইতে তুমি আমাকে সরল পথ দেখাইয়া দাও এবং বলশালী কর। হে সোম! যখন তোমাকে প্রস্তুত করে, তখন তুমি ঘোটকের ন্যায় শব্দ করিতেছিলে। হে দেব! এই ব্যক্তির এই গৃহ রহিয়াছে, তুমি আগমন কর।

১৯। দেবতাবর্গে সমাকীর্ণ এই যজ্ঞে মত্তাতর জন্য তোমার সেবা করা হইতেছে। তুমি উচ্চস্থানস্থিত মেষলোমময় পবিত্রের উপর ধারার আকারে গমন কর। তুমি সহস্রধারা ধারণপূর্ব্বক সুন্দর গন্ধবিশিষ্ট হইয়া অবারিত বেগে উপস্থিত হও, যেহেতু তোমাকে উপস্থিত ব্যক্তিবর্গের নিমিত্ত অন্ন আহরণ করিয়া দিতে হইবে।

২০। যেরূপ ধাবন ক্ষেত্রে রশ্মি মোচন করিয়া দিলে এবং রথে যোজিত না থাকিলে ঘোটকেরা দ্রুতবেগে ধাবিত হয়, তদ্রূপ এই সমস্ত

শুভ্রবর্ণ উজ্জ্বল সোমরস ধাবিত হইতেছে, পান করিবার জন্য তোমরা নিকটবর্ত্তী হও।

২১। হে সোম! এই দেব সমাগমে তুমি উজ্জ্বল রসের আকারে পাত্রে পাত্রে ক্ষরিত হও, সোম আমাদিগকে প্রচুর পরিমাণে কাম্যবস্তু এবং ধন এবং বীরপুত্রপৌত্র প্রদান করুন।

২২। যেই মাত্র ভক্তিপূর্ণ অন্তঃকরণ হইতে স্তুতিবাক্য নির্গত হয়, অথবা যেই মাত্র অতি চমৎকার যজ্ঞীয় দ্রব্য অনুষ্ঠান কাল আহরণ করা হয়, অমনি গাভীর দুগ্ধ সাভিলাষে সোমের দিকে যাইয়া থাকে, তিনি তৎকালে কলসের মধ্যে অবস্থিতি করিতেছেন এবং তিনি যেন উহাদিগের প্রেমাস্পদ স্বামীর তুল্য।

২৩। এই স্বর্গলোকবাসী সুপণ্ডিত সোম, যিনি দাতাদিগকে দান করেন এবং বদান্য ব্যক্তিদিগের শ্রীবৃদ্ধি সম্পাদন করেন, তিনি যজ্ঞের নিমিত্ত যজ্ঞীয় রস সেচন করিতেছেন। ইনি ধর্ম্মকার্য্যের সহায়স্বরূপ, ইনি বলশালী রাজার তুল্য, দশ অঙ্গুলী ইঁহাকে প্রচুর পরিমাণে প্রস্তুত করিয়াছে।

২৪। সতর্ক সাবধান সোম দেবতাদিগের রাজা, ইনি পবিত্র ধারার আকারে ক্ষরিত হইতেছেন, ইনি দেবতা ও মনুষ্যবর্গ, এই দুই বর্গের নিমিত্ত দুই প্রকারে আগমন করেন। ইনি সকল ধনের অধিপতি, সুন্দররূপে অনুষ্ঠিত যজ্ঞের অনুষ্ঠানকল্পে ইনি সহায়তা করিতেছেন।

২৫। অন্নদান করিবার জন্য, ইন্দ্র এবং বায়ুর জন্য, যজ্ঞের সময় সেই সোম ঘোটকের ন্যায় আসিতেছেন। সেই তুমি আমাদিগকে প্রচুর পরিমাণে নানা প্রকার অন্ন দান কর। তুমি শোধিত হইতে হইতে আমাদিগের নিমিত্ত ধন আনিয়া দাও।

২৬। এই যে সমস্ত সোমরস দেবতাদিগের তৃপ্তি বিধানের উদ্দেশে যাঁহাদিগকে সেচন করা হইতেছে, তাঁহারা আমাদিগের গৃহ, সন্তানসন্ততি সমাকীর্ণ করিয়া দিন। তাঁহারা স্তব প্রাপ্ত হইয়া যজ্ঞের উপযোগী হইতেছেন, তাঁহারা তাবৎ লোকের কামনীয়, তাঁহারা হোমকর্ত্তা পুরোহিতদিগের ন্যায় দেবতার পূজা করেন, তাঁহাদিগের তুল্য আনন্দ বিধানকারী কেহই নাই।

২৭। হে দেব! দেবতারা তোমাকে পান করেন; এই দেবতা সমাকীর্ণ যজ্ঞে ক্ষরিত হও, প্রচুররূপে তোমার পান হইবেক। যুদ্ধে যেন আমরা বলশালী ও বিপক্ষ পরাভবকারী হই; তুমি শোধিত হইতে হইতে দ্যুলোক ও ভূলোককে আমাদিগের পক্ষে শুভকর করিয়া দাও।

২৮। ধারার সহিত মিলিত হইয়া, তুমি অশ্বের ন্যায় শব্দ কর। তুমি ভয়ানক সিংহের ন্যায়। তুমি মানস অপেক্ষাও অধিক বেগশালী। অতি সরল যে সকল প্রাচীন পথ আছে, সেই পথ দিয়া আমাদিগের সুখ ও মনের প্রসন্নতার জন্য ক্ষরিত হও।

২৯। দেবতাদিগের জন্য উৎপন্ন হইয়া ইঁহার শতধারা প্রস্তুত হইল। কবিরা সহস্র প্রকারে সেই সমস্ত ধারার শোধন করিতেছেন। হে সোম! স্বর্গের গুপ্তধন তুমি ক্ষরণ করিয়া দাও; তুমি প্রকাণ্ড ধন সঞ্চয়ের অগ্রে অগ্রে গিয়া থাক।

৩০। স্বর্গীয় পদার্থের ন্যায় তাঁহার ধারাসৃষ্ট হইল, দিনের অধিপতির ন্যায় সেই পণ্ডিত মিত্র দেবতার নিকটে যাইতেছেন। যেরূপ পুত্র নানা প্রকারে পিতার উপকার করে, তদ্রূপ তুমি এই ব্যক্তিকে সর্ব্বত্র জয়ী কর।

৩১। অগ্রে তোমার মধুময় ধারাসমস্ত প্রস্তুত হইল, পরে তুমি মেষলোম অতিক্রমপূর্ব্বক শোধিত হইলে। হে ক্ষরণশীল! তুমি দুগ্ধের আধারে গেলে; তুমি উৎপন্ন হইয়া স্তুতিবাক্যের দ্বারা সূর্য্যকে প্রীত করিলে।

৩২। হে শুভ্রবর্ণ সোম! তুমি যজ্ঞের পথে শব্দ করিতে করিতে অমৃতের আধারের ন্যায় শোভা পাইতেছ। তুমি মত্ততার জন্য ইন্দ্রের উদ্দেশে ক্ষরিত হইতেছ। তোমার স্তবের জন্য কবিদিগের বাক্য স্ফূর্ত্তি হইতেছে।

৩৩। হে সোম! তুমি আকাশবিহারী সুপর্ণ (১), নিম্নদিকে দৃষ্টিপাত কর। দেবতাদিগের সমাগমস্থানস্বরূপ এই যজ্ঞের কার্য্যে আপনার ধারাগুলি বিস্তারিত করিতেছ। সোমের আধারভূত কলসের মধ্যে প্রবেশ কর। শব্দ করিতে করিতে সূর্য্যের কিরণে গমন কর।

৩৪। সোম বহনকর্ত্তা, তিনি তিন প্রকার বাক্য উচ্চারণ করেন। সেই সকল শব্দই যজ্ঞানুষ্ঠানের আশ্রয়স্বরূপ ও স্তোতার অনুষ্ঠানের উপযোগী। যেরূপ গাভীগণ সম্ভাষণ করিতে করিতে বৃষের দিকে যায়, তদ্রূপ স্তুতিবাক্যগুলি সাভিলাষে সোমের দিকে যাইতেছে।

৩৫। নবপ্রসূত গাভীগণ সোমের কামনা করে। বুদ্ধিমান্ ব্যক্তিগণ স্তবের দ্বারা সোমের সম্ভাষণ করেন। সোম প্রস্তুত হইতে হইতে ঘৃতাদি সংযোগে শোধিত হইতেছেন। ত্রিষ্টুভ্ছন্দঃ সোমকে স্তব করিতেছে।

(১) গগনবিহারী সুপর্ণের সহিত সোমের তুলনা।

৩৬। হে সোম! তোমাকে সেচন করা হইতেছে। তুমি শোধিত হইয়া ক্ষরিত হও, যাহাতে আমাদিগের কল্যাণ হয়, উচ্চৈঃস্বরে রব করিতে করিতে ইন্দ্রের দেহ মধ্যে প্রবেশ কর। স্তবের বৃদ্ধি কর, স্তব বিস্তারিত কর।

৩৭। সাবধান, সতর্ক, বুদ্ধিমান্ সোম শোধিত হইয়া যজ্ঞস্থলে স্তবের সহিত ভিন্ন ভিন্ন পান পাত্রে উপবেশন করিলেন। প্রধান প্রধান সুনিপুণ পুরোহিতগণ আদরের সহিত দুই দুই জন করিয়া তাঁহার গুণকীর্ত্তন করিতেছে।

৩৮। তিনি শোধিত হইয়া যেন সূর্য্যের নিকটবর্ত্তী হইলেন, তিনি দ্যুলোক ও ভূলোককে আপন জ্যোতিতে পরিপূর্ণ করিলেন। তাঁহার বন্ধুগণ যেন তাঁহার সাহায্য প্রাপ্ত হন; যেরূপ কেহ কোন কার্য্য করিলে তাহাকে বেতন দেওয়া হয়, তদ্রূপ তিনি যজ্ঞকর্ত্তাকে ধন দেন।

৩৯। তিনি বৃদ্ধিপ্রাপ্ত হইয়া শ্রীবৃদ্ধি সম্পাদন করেন; রসসেচনকারী সোম শোধিত হইয়া আপনার জ্যোতিঃদ্বারা আমাদিগকে রক্ষা করিলেন; তাঁহার আশ্রয় পাইয়া অশেষ জ্ঞানসম্পন্ন আমাদিগের পূর্ব্বপুরুষগণ পর্ব্বত হইতে গাভী আহরণ করিয়াছিলেন।

৪০। রসের সমুদ্রস্বরূপ সেই সোম প্রথমেই সৃষ্ট হইয়া শব্দ করিলেন, তিনি সর্ব্বভূতের রাজা, তাঁহা হইতে প্রজা বৃদ্ধি হয়। রসবর্ষণকারী জ্যোতির্ম্ময় সোম নিষ্পাড়িত হইবার সময় উচ্চস্থানস্থিত মেষলোমময় পবিত্রের উপর সাতিশয় বৃদ্ধিপ্রাপ্ত হইলেন।

৪১। বিপুলমূর্ত্তি সোম মহৎ কার্য্য করিয়াছেন, তিনি দেবতাদিগের নিকট প্রচুর বৃষ্টি চাহিয়া লইলেন। তিনি ক্ষরিত হইয়া ইন্দ্রের বলাধান করিলেন, সূর্য্যের ঔজ্জ্বল্য উৎপাদন করিলেন।

৪২। হে সোম! ক্ষরণকালে তুমি যজ্ঞকার্য্য ও অন্নের জন্য ইন্দ্রকে মত্ত কর, মিত্র ও বরুণ এবং বায়ুকে মত্ত কর। মরুদ্‌গণের দলকে মত্ত কর, হে সোম দেব! সকল দেবতাকে মত্ত কর। দ্যুলোক ও ভূলোককে মত্ত কর।

৪৩। সরল পথে তুমি ক্ষরিত হও, পাপ নষ্ট কর। শত্রুদিগের বেগের বাধা দাও। গাভীর দুগ্ধ ও জলকে আশ্রয় কর। তুমি ইন্দ্রের সখা, আমরা তোমার সখা।

৪৪। তুমি মধুর ভাণ্ডার ক্ষরণ করিয়া দাও, ধনের প্রস্রবণ এবং সন্তান-সন্ততি ও ধন ক্ষরণ করিয়া দাও। তুমি ক্ষরিত হইয়া ইন্দ্রের রসনায় সুস্বাদু হও, আকাশ হইতে আমাদিগকে ধন আহরণ করিয়া দাও।

৪৫। সোম ধারার আকারে নিষ্পীড়িত হইলেন, তিনি ঘোটকের ন্যায় গমনকারী, তিনি নদীর ন্যায় সবেগে নিম্নের দিকে গেলেন। তিনি শোধিত হইয়া জলের আধারে বসিলেন, তিনি জল ও দুগ্ধে মিশ্রিত হইলেন।

৪৬। এই সেই বুদ্ধিমান্ সোম পাত্রে পাত্রে ক্ষরিত হইতেছেন, ভক্তের দিকে যাইতে তাঁহার বিশেষ ত্বরা আছে। তিনি সকল দিক্ দেখেন, তিনি প্রধান, তাঁহার তেজঃই যথার্থ। দৈবকর্ম্মনিষ্ঠ ব্যক্তিদিগের মূর্ত্তিমান্ অভিলাষের ন্যায় তাঁহার সৃষ্টি হইয়াছে।

৪৭। এই সোম চিরাভ্যস্ত ভক্ষ্যদ্রব্যের সহিত শোধিত হইতেছেন, দুগ্ধদোহনকারিণী কন্যার জ্যোতিঃ ইহার নিকট অন্তর্হিত হইয়া যাইতেছে। যেরূপে হোমকর্ত্তা পুরোহিত সভায় গমন করেন সেইরূপে ইনি জল ও দুগ্ধ ও নিজ রস এই ত্রিমিশ্রিত মূর্ত্তি ধারণপূর্ব্বক শব্দ করিতে করিতে জলের মধ্যে যাইতেছেন।

৪৮। হে সোমদেব! তুমি প্রধান, তুমি ফলকদ্বয় হইতে অতি সুস্বাদু হইয়া জলের মধ্যে ক্ষরিত হও। শোধিত হইয়া তোমার রস মধুবৎ। যজ্ঞ তোমারই; তুমি সূর্য্যদেবের ন্যায়, তোমার স্তবই যথার্থ।

৪৯। শোধিত হইয়া স্তব লইতে লইতে বায়ুর পানের নিমিত্ত যাও, মিত্র ও বরুণের দিকে যাও; মানস তুল্য বেগশালী নরের দিকে যাও; বৃষ্টি-বর্ষণকারী রথারূঢ় বজ্রধারী ইন্দ্রের দিকে যাও।

৫০। তুমি এস, সেই সঙ্গে উত্তম উত্তম পরিধানীয় বস্ত্র আনয়ন কর, তুমি শোধিত হইতেছ, অনায়াসে দোহন করা যায়, এই প্রকার গাভী লইয়া আইস। মনের আহ্লাদদায়ী প্রচুর স্বর্ণ লইয়া আইস এবং রথযুক্ত অশ্ব আনয়ন কর।

৫১। স্বর্গীয় নানাবিধ সম্পত্তি আমাদিগের দিকে লইয়া এস। শোধিত হইতেছ, সর্ব্বপ্রকার পৃথিবীর ধন আহরণ কর। যাহাতে আমরা জমদগ্নির ন্যায় ঋষিজনোচিত ধন প্রাপ্ত হই, সেইরূপ আইস।

৫২। এই প্রকারে ক্ষরিত হইয়া এই সমস্ত ধন আনিয়া দাও। আমাদিগের স্তবে ও হোমে অধিষ্ঠান কর। তোমার নিষ্পীড়নফলক বায়ুর ন্যায় আন্দোলিত হইয়া ভক্তব্যক্তিকে যেন তোমার সর্ব্বজন কামনীয় রস দান করে।

৫৩। বিখ্যাত ব্যক্তির বিখ্যাত তীর্থে তুমি এইরূপে ক্ষরিত হও। যেরূপ

পরিপক্ক ফলপূর্ণ বৃক্ষকে কম্পিত করিয়া লোকে ফল পাতিত করে, তদ্রূপ সোম ষষ্টিসহস্র বিপক্ষের নিকট ধন হরণ করিলেন (২)।

৫৪। ঐ সোমের এই দুটী বিষয় মহৎ ও সুখকর, অর্থাৎ রস সেচন ও স্তুতি পাঠ, ইহাতেই তাঁহার তেজঃ বৃদ্ধি হয়। শত্রুদিগকে তিনি ভূমিশায়ী করিলেন এবং তাড়াইয়া দিলেন। হে সোম! শত্রুদিগকে দূরীভূত কর। যাহারা অগ্নিহোত্রের অনুষ্ঠান না করে, তাহাদিগকে দূরীভূত কর।

৫৫। তিন খানি বিস্তারিত পবিত্রের মধ্য দিয়া তুমি আসিয়া থাক, শোধিত হইয়া তুমি একটা আধারের দিকে যাও। তুমি ধনস্বরূপ, তুমি দাতাকে দান কর, তুমি যজ্ঞকর্ত্তাদিগের পক্ষে ইন্দ্রের স্বরূপ।

৫৬। এই বুদ্ধিমান্ সর্ব্বজ্ঞ সোম ক্ষরিত হইতেছেন, ইনি বিশ্ব ভুবনের রাজা, ইনি যজ্ঞের সময় আপন রসের ধারা চালাইয়া দেন, ইনি মেষলোমের মধ্য দিয়া বাহির হইয়া যাইতেছেন।

৫৭। বিপুল মূর্ত্তি দুর্দ্ধর্ষ কবিগণ সোমকে আস্বাদন করিতেছেন এবং শকুনিপক্ষীর ন্যায় কবিতার পদ উচ্চারণ করিতেছেন। পণ্ডিতেরা দশ অঙ্গুলী-দ্বারা তাঁহাকে চালাইয়া দিতেছেন। তিনি জলের রসের সহিত আপনার মূর্ত্তি-মিশ্রিত করিতেছেন।

৫৮। হে ক্ষরণশীল সোম! তোমার সাহায্যে আমরা যেন যুদ্ধে কার্য্যদক্ষ হইতে পারি। অতএব মিত্র ও বরুণ ও অদিতি ও সিন্দু ও পৃথিবী ও দ্যুলোক ইঁহারা আমাদিগের পূজা গ্রহণ করুন।

---

৯৮ সূক্ত।

পবমান সোম দেবতা। অম্বরীষ ও ঋজিশ্বান্ ঋষি।

১। হে সোম! আমাদিগের নিকট এতাদৃশ ধন লইয়া এস, যাহাতে প্রভূত অন্ন পাওয়া যায়, যাহা সর্ব্বজনের কামনীয়, যাহাদ্বারা সহস্র প্রকার অভীষ্ট ফল লাভ হয়, যাহার জ্যোতিঃ অতি চমৎকার, যাহা বলবান্‌কে আরও বলশালী করে।

---

(২) ৫৩ ও ৫৪ ঋকে আনার্য্য বর্ব্বরদিগের উল্লেখ।

২। যেরূপ যোদ্ধা রথে আরোহণ করিয়া কবচ ধারণ করে, তুমি তদ্রূপ নিষ্পীড়িত হইয়া মেষলোমে বিস্তীর্ণ হও। সোম কাষ্ঠদণ্ডদ্বারা চালিত হইয়া ধারা প্রেরণ করিতে করিতে ক্ষরিত হইলেন।

৩। মাদকতাশক্তিধারী সোম নিষ্পীড়িত হইয়া মেষলোমের চতুর্দ্দিকে ক্ষরিত হইলেন। তাঁহার ধারা যজ্ঞস্থলে ঊর্দ্ধে যাইতেছে; তিনি দীপ্তিশালী হইয়া দুগ্ধের সহিত মিশ্রিত হইবার নিমিত্ত আসিতেছেন।

৪। হে সোমদেব! সেই তুমি নিত্যকাল দাতা ব্যক্তির পক্ষে সাক্ষাৎ ধনস্বরূপ হও। হে সোম! তুমি শতসহস্র প্রকার ধন বিতরণ কর।

৫। হে বৃত্রের নিধনকারিন্! হে ধন স্বরূপ! হে অনিবার্য্য বেগশালী আমরা যেন তোমার এই সর্ব্বজন কামনীয় ধনের এবং প্রচুর অন্নের অতি নিকটে যাইতে পারি।

৬। সেই সোম যখন প্রস্তরফলকের উপর স্থাপিত হয়েন, তখন সেই যশস্বীকে দশ ভগিনী স্বরূপ দশ অঙ্গুলী স্নান করাইয়া দেয়, তখন তিনি তরঙ্গশালী হইয়া ইন্দ্রের প্রার্থনীয় অতি চমৎকার বস্তু হয়েন।

৭। সেই উজ্জ্বল হরিতবর্ণ ও পিঙ্গলবর্ণধারী সোমকে মেষলোমের দ্বারা সর্ব্বতোভাবে শোধন করিতেছে। তখন তিনি মাদকতা শক্তিসম্পন্ন হইয়া তাবৎ দেবতার নিকটে যাইতেছেন।

৮। এই সোম দ্যুলোকের ন্যায় উজ্জ্বল, ইহার দ্বারা রক্ষিত হইয়া তোমরা ইহার রস পান কর। তাহাতে তোমাদিগের বলাধান হয়। তিনি সেই সোম, যিনি পণ্ডিতদিগের জন্য প্রচুর অন্ন সৃষ্টি করিয়াছেন।

৯। হে দ্যুলোক ও ভূলোক! হে মনুসন্ততিদ্বয়! সেই পর্ব্বতবাসী সোম যজ্ঞের সময় তোমাদের উভয়কে সৃষ্টি করিয়াছেন, উচ্চশব্দ সহকারে তাঁহাকে আঘাত (থেঁৎলাইতে) করিতে লাগিল।

১০। হে সোম! বৃত্রের নিধনকারী ইন্দ্রের জন্য তোমাকে সেচন করা যাইতেছে, যে ব্যক্তি দক্ষিণা দিয়া যজ্ঞ করিতেছে, তাহার গৃহে যে দেবতা আসিয়াছেন, তাঁহারও জন্য তোমাকে সেচন করা যাইতেছে।

১১। দিন দিন প্রাতঃকালে সোমরস পুরাতন নিয়মে পবিত্রের উপরি ক্ষরিত হইল। নির্ব্বোধ হুরশ্চিৎ নামক দস্যুরা প্রাতঃকালে তাঁহাকে দেখিয়া অন্তর্হিত ও দ্রবীভূত হইল (১)।

(১) এ হুরশ্চিৎ দস্যুরা কাহারা?

১২। হে বুদ্ধিমান্ বন্ধুগণ! এই দেখ, সেই সোম আমাদিগের সম্মুখভাগে ঔজ্জ্বল্য প্রকাশ করিতেছে, ইহার গন্ধ আঘ্রাণ করিলে কিংবা ইহা ইহাকে পান করিলে বল পাওয়া যায়। এস, তোমরা আমরা উভয়ে ভাগ করিয়া লই এবং পান করি।

---

৯৯ সূক্ত।

পবমান সোম দেবতা। রেভ, সূনু নামক দুই ঋষি।

১। এই সুশ্রী অসুর সোমের জন্য পুরুষের ধারণযোগ্য ধনুকে গুণ যোজনা করিতেছে। পূজা করিবার জন্য পুরোহিতগণ এই অসুরের জন্য শুভ্রবর্ণ বস্ত্র বিস্তার করিতেছেন, দেবতারা দেখিতেছেন(১)।

২। সোম সমস্ত রাত্রি ধরিয়া শোধিত হইয়াছেন, এক্ষণে পণ্ডিতেরা ইহাকে চালাইবার জন্য স্তব আরম্ভ করিয়াছেন। ইনি নানাবিধ অন্নের উদ্দেশে ধাবিত হইতেছেন।

৩। ইহার যে অতি চমৎকার রস, যাহা ইন্দ্রের সর্ব্বশ্রেষ্ঠ পানীয় বস্তু, যাহা গাভীগণ এবং প্রাচীন পণ্ডিতগণ মুখে ধারণপূর্ব্বক আস্বাদন করিয়াছেন, এস সেই রস আমরা শোধন করি।

৪। শোধন কালে তাঁহাকে প্রাচীন গাথার দ্বারা স্তব করা হইল। দেবতার নামসম্বলিত অনেক স্তব তাঁহার জন্য প্রস্তুত হইল।

৫। বলের ধারণকর্ত্তা রসসেচনকারী সোমকে মেষলোমে শোধন করিতেছে। পণ্ডিতগণ দেবতাদিগের নিকট অগ্রে সংবাদ দিবার উদ্দেশে তাঁহাকে দূত হইবার জন্য প্রার্থনা করিতেছেন।

৬। যেরূপ পশুযোনিতে অপর পশু নিজ শুক্র আধান করে, তদ্রূপ সর্ব্বোৎকৃষ্ট মাদকতাশক্তিসম্পন্ন সোম পাত্রে পাত্রে উপবেশন করিতেছেন, ইনি স্তবের স্বামী, স্তুতিবাক্য চাহিতেছেন।

৭। সোমদেব দেবতাদিগের উদ্দেশে প্রস্তুত হইয়াছেন, কর্ম্মিষ্ঠ ব্যক্তিগণ তাঁহাকে শোধন করিতেছেন। ইনি পবিত্রজলে প্রবেশ করিতেছেন অভিপ্রায় যে অশেষ বস্তু দান করিবেন। প্রবেশ কালে বিলক্ষণ জানা যাইতেছে।

৮। হে সোম! নিষ্পীড়নের পর তুমি বিস্তৃত হইয়াছ, অধ্যক্ষগণ তোমাকে সর্ব্বত্র সঞ্চালিত করিতেছেন। তুমি ইন্দ্রের সর্ব্বশ্রেষ্ঠ প্রীতিকর পানীয় স্বরূপ হইয়া পাত্রে পাত্রে যাইতেছ।

---

(১) অর্থাৎ ছাঁকনি বিস্তার করিতেছেন। সায়ণ।

১০০ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। দুর্দ্ধর্ষ পুরোহিতগণ ইন্দ্রের প্রীতিপ্রদ রমণীয় সোমকে স্তব করিতেছেন। ইনি যেন প্রথম বয়সের সন্তান, ইহাকে জননীরা স্নেহভরে লেহন করিতেছেন।

২। হে সোম! তুমি শোধিত হইতেছ, প্রচুর ধন পরিপূর্ণ করিয়া দাও। দাতা ব্যক্তির ভবনে তুমি সর্ব্বপ্রকার ধন সমর্পণ করিয়া থাক।

৩। যেরূপ মেঘ বৃষ্টি করে, তুমি তদ্রূপ চমৎকার স্তব রচনা কর। হে সোম! তুমি স্বর্গীয় ও পৃথিবীস্থ দুই প্রকার ধন বিতরণ কর।

৪। যেরূপ যুদ্ধজয়ী ব্যক্তির ঘোটক চতুর্দ্দিকে ধাবিত হয়, তদ্রূপ হে সোম! নিষ্পীড়নের পর তোমার ধারাগুলি মেষলোমময় পবিত্র অতিক্রমপূর্ব্বক ধাবিত হইতেছে।

৫। হে কবি সোম! তুমি, ইন্দ্র ও মিত্র ও বরুণের পানের জন্য প্রস্তুত হইয়াছ, তুমি ধারারূপে ক্ষরিত হও, তাহাতে আমাদিগের কর্ম্ম সম্পন্ন হইবেক, আমরা বলশালী হইব।

৬। হে সোম! তোমাকে প্রস্তুত করা হইয়াছে, তোমার তুল্য অন্নদাতা কেহ নাই। তোমার ন্যায় মধুর কিছুই নাই। ইন্দ্র, বিষ্ণু ও তাবৎ দেবতার জন্য, ধারারূপে পবিত্রের উপর ক্ষরিত হও।

৭। যে সময় তোমাকে রাখিয়া দেওয়া হয়, সেই সময়ে, যেমন গাভীগণ সদ্যোজাত বৎসকে স্নেহভরে লেহন করে, তদ্রূপ তোমাকে তোমার দুর্দ্ধর্ষ জননীরা (অর্থাৎ যে জলে সোমরস ঢালিয়া দেওয়া হয় সেইজল) তোমাকে লেহন করিতেছে।

৮। হে ক্ষরণশীল! তুমি বিচিত্র কিরণ ধারণপূর্ব্বক প্রচুর অন্ন আহরণ করিতে যাইতেছ। দাতা ব্যক্তির ভবনের তাবৎ অন্ধকার তুমি নিজবলে নষ্ট করিয়া থাক।

৯। তোমার কার্য্য কি মহৎ। তুমি আকাশ ও পৃথিবীকে ধারণ করিয়া আছ। হে ক্ষরণশীল! মহত্ব প্রদর্শনপূর্ব্বক তুমি কবচ ধারণ অর্থাৎ যুদ্ধবেশ ধারণ করিয়া থাক।

১০১ সূক্ত।

পবমান সোম দেবতা। অন্ধিগু, যযাতি, নহুষ, মনু ও প্রজাপতি ঋষিগণ।

১। হে বন্ধুগণ! পূর্ব্বে যে সমস্ত অন্ন জয় করিয়া আনা হইয়াছে, তৎসহকারে ব্যবহার করিবার জন্য হর্ষ কর, সোমরস প্রস্তুত করা হইয়াছে। ঐ দেখ, দীর্ঘ জিহ্বা সঞ্চালন করিতে করিতে কুক্কুর আসিতেছে, উহাকে তাড়াইয়া দিও।

২। সেই সোম, যিনি যজ্ঞকর্ম্মে নিতান্ত উপযোগী, যিনি ঘোটকের ন্যায় পবিত্রধারার আকারে ক্ষরিত হইতেছেন।

৩। তিনি দুর্দ্ধর্ষ, তিনিই যজ্ঞ; অধ্যক্ষগণ বিবিধ স্তুতিবাক্য উচ্চারণ করিতে করিতে প্রস্তরসহকারে নিষ্পীড়নপূর্ব্বক তাঁহাকে চালাইয়া দিতেছে।

৪। এই সমস্ত সোমরস প্রস্তুত করা হইয়াছে, পবিত্রের উপর দিয়া ইহারা ক্ষরিত হইয়াছে, ইহাদের তুল্য মধুর বা আনন্দকর কিছুই নাই। হে সোমরস সকল! তোমরা যে মত্ততা উৎপাদন করিবে, তাহা দেবতাদিগের নিকট উপস্থিত হউক।

৫। দেবতারা স্তব করিলেন, সোম ইন্দ্রের জন্য ক্ষরিতেছেন; ইনি ব্রহ্মাণ্ডের অধিপতি, নিজ তেজে প্রভুত্ব করেন, ইনি যজ্ঞের কামনা করিতেছেন।

৬। দিন দিন সোম সহস্রধারায় ক্ষরিতেছেন, ইনি সমুদ্রবৎ, ইহা হইতে বাক্যের স্ফূর্ত্তি হয়, ইনি ধনের অধিপতি এবং ইন্দ্রের বন্ধু।

৭। ইনিই পূষা, ইনিই ধন, ইনিই ভগ নামক দেবতা, ইনিই শোধিত হইয়া যাইতেছেন, ইনি সমস্ত বিশ্বভুবনের অধিপতি, ইনিই পৃথিবী ও আকাশকে পরস্পর পৃথক্ করিয়া দিয়াছেন।

৮। স্তুতিসমূহ যেন পরস্পর স্পর্দ্ধা করিয়া ইঁহাকে উত্তমরূপে স্তব করিল। উজ্জ্বল সোমরসগুলি ক্ষরিত হইতে হইতে পথ করিয়া লইলেন।

৯। হে সোম! তোমার সেই রস ঢালিয়া দেও, যাহা অতি তীব্র, অতি চমৎকার, যাহা পঞ্চ জনপদের মনুষ্যের উপকারে আইসে এবং যাহা পান করিয়া আমরা ধন লাভ করিতে পারি।

১০। এই দেখ সোমরসগুলি ক্ষরিত হইতেছে, ইহারা উজ্জ্বল, ইহাদের তুল্য আমাদিগের পথ প্রদর্শক আর কেহ নাই, ইহারা নিষ্পীড়নকালে সূর্য্যের

ন্যায় উজ্জ্বল, ইহারা নির্ম্মল, ইহাদিগের বিষয় ভাবিতেও আনন্দ আছে, ইহারা সকলেই অবগত আছে।

১১। প্রস্তরের আঘাতে চৈতন্যযুক্ত হইয়া ইহারা সশব্দে গোচর্ম্মের উপর ঝরিতেছে, ধন কোথায় আছে, তাহা ইহারা জানে, ইহাদিগের ঐ যে মধুর শব্দ, তাহাই আমাদিগের অন্ন।

১২। ইহারা শোধিত হইয়াছে, ইহারা বিজ্ঞ, ইহারা দধির সহিত মিশ্রিত হইয়া সূর্য্যের ন্যায় সুদৃশ্য হইয়াছে, ইহারা চলিতেছে, কিন্তু ঘৃতের সংসর্গ ত্যাগ করে না।

১৩। যখন এই অন্নরূপী সোমরস প্রস্তুত হয়েন, কোন ব্যক্তি যেন তাঁহাকে নীরব না করে। যেরূপ ভৃগু বংশীয়েরা মখ নামক ব্যক্তির প্রাণ বধ করিয়াছিল, তদ্রূপ এই যজ্ঞ বিঘ্নকর্ত্তা কুক্কুরকে নিধন কর(১)।

১৪। আমাদিগের আত্মীয় এই সোম পবিত্রের উপর তেমনিভাবে অঙ্গ সংস্থাপন করিতেছেন, যেরূপ কোন বালক তাহাকে ধারণ করিবার নিমিত্ত উদ্যত পিতা মাতার হস্তের উপর ঝাপিয়া পড়ে। যেরূপ উপপতি প্রণয়িণীর প্রতি, কিংবা যেরূপ বর কন্যার প্রতি যায়, তদ্রূপ ইনি নিজ আধারভূত কলসে যাইবার জন্য অগ্রসর হইতেছেন।

১৫। তিনি বীর, তাহার কার্য্যে বিশেষ নৈপুণ্য আছে, তিনি স্তম্ভের ন্যায় স্বর্গ ও পৃথিবী ধারণ করিয়াছেন। যেরূপ যজ্ঞকর্ত্তা নিজ গৃহে যান, তদ্রূপ তিনি কলসে যাইতেছেন।

১৬। মেষের লোমের ভিতর দিয়া সোম গোচর্ম্মের উপর ঝরিতেছেন, রস বর্ষণ এবং শব্দ করিতে করিতে ইনি উজ্জ্বল মূর্ত্তিতে ইন্দ্রের ভবনে চলিলেন।

---

১০২ সূক্ত।

পবমান সোম দেবতা। ত্রিত ঋষি।

১। এই দেখ জলের পুত্র সোম, যজ্ঞের উপযোগী নিজ রস চালাইয়া দিতেছেন, ইনি দুই ধারাতে বিভক্ত হইয়া যাবতীয় প্রিয় বস্তুর সহিত মিশ্রিত হইতেছেন।

---

(১) মূলে "শ্বানং অরাধসং" আছে।

২। ত্রিতের যে দুই প্রস্তরফলক নিভৃত স্থানে সংস্থাপিত ছিল, সোম তাহার মধ্যে অর্পিত হইয়া দুই ফলক পৃথক্ করিলেন, অমনি পুরোহিতগণ সপ্তপ্রকার ছন্দ আবৃত্তি করিয়া প্রেমাস্পদ সোমকে স্তব করিতে লাগিলেন।

৩। আমি ত্রিত, তিনবার নিষ্পীড়ন করিয়াছি; হে সোম! তুমি সেই ত্রিগুণিত রস তোমার ধারাতে ধারণ কর। সামগানের সময় ধন আনিয়া দাও। কর্ম্মিষ্ঠ পুরোহিত ইঁহার স্তব রচনা করিতেছেন।

৪। যখন সোম জন্মগ্রহণ করিতেছেন, তখন সপ্তমাতা (অর্থাৎ সপ্তছন্দ) সম্পত্তির নিমিত্ত তাঁহাকে স্তব করিতেছে, কারণ তিনিই বেধা, অর্থাৎ যজ্ঞের ধারণকর্ত্তা এবং তিনিই নিশ্চিত জানেন ধন কোথায় আছে।

৫। যখন সোম নিজ কর্ম্মে উদ্যত হয়েন, দুর্দ্ধর্ষ তাবৎ দেবতা আসিয়া তাঁহার সহিত মিলিত হয়েন, মিলিত হইয়া সুদৃশ্য রমণীয় মূর্ত্তি ধারণ করেন।

৬। যজ্ঞের সময় যজ্ঞানুষ্ঠানকারী ব্যক্তিগণ অতি সুদৃশ্য, অতি পূজ্য বহুজন কামনীয় কর্ম্মিষ্ঠ সোমকে উৎপাদন করিলেন।

৭। যৎকালে যজ্ঞ আরম্ভ করিয়া পুরোহিতগণ সোমকে জলের সহিত মিশ্রিত করে, তখন তিনি পরস্পর সংলগ্ন দুই প্রস্তরফলকের মধ্যে আপন হইতেই যান, সেই ফলকদ্বয়ই যজ্ঞের প্রসূতিস্বরূপ।

৮। হে সোম! তোমার নিজ কার্য্যদ্বারা তুমি নির্ম্মল কিরণসহকারে আকাশের অন্ধকার নষ্ট করিলে। তুমি যজ্ঞমধ্যে যজ্ঞোপযোগী তোমার রস চালাইয়া দিলে।

১০৩ সূক্ত।

পবমান সোম দেবতা। দ্বিত ঋষি।

১। যজ্ঞের ধারণকর্ত্তা সোম শোধিত হইতেছেন, ইনি স্তবের প্রতি অতি সন্তুষ্ট। যে স্তুতিবাক্য উপস্থিত হইতেছে, তাহা পরিপূর্ণরূপে ইঁহাকে অর্পণ কর, ইঁহার পারিতোষিকের ন্যায় ইঁহাকে তাহা দাও।

২। দুগ্ধের সহিত মিশ্রিত হইয়া ইনি মেষলোম অতিক্রমপূর্ব্বক যাইতেছেন। উজ্জ্বলবর্ণ ধারণপূর্ব্বক ইনি শোধিত হইয়া তিন আধারে সঞ্চিত হইতেছেন।

৩। মধুপূর্ণ কলসের উপরে যে মেষলোম আছে, তাহাতে সোম যাইতে-ছেন। ঋষিগণ সপ্তছন্দের স্তবের দ্বারা তাঁহাকে স্তব করিলেন।

৪। দুর্দ্ধর্ষ সোম সর্ব্বদেবময়, ইনি স্তবগুলি স্ফূর্ত্তি করিয়া দেন, ইনি শোধিত হইয়া উজ্জ্বলবর্ণ ধারণপূর্ব্বক ফলকদ্বয়ের মধ্যে প্রবেশ করিলেন।

৫। হে অমর সোম! পুরোহিতগণ তোমাকে শোধন করিতেছেন, তুমি দাতা হইয়া ইন্দ্রের সহিত এক রথে আরোহণপূর্ব্বক দেবতাদিগের সমস্ত আহারীয় সামগ্রার সহিত মিলিত হও।

৬। সোমদেব দেবতাদিগের জন্য প্রস্তুত হইয়াছেন, ইনি ক্ষরণশীল হইয়া যুদ্ধ ঘোটকের ন্যায় চতুর্দ্দিকে যাইতেছেন।

১০৪ সূক্ত।

পবমান সোম দেবতা। নারদ ও পর্ব্বত দুই ঋষি।

১। হে বন্ধুগণ! চতুঃপার্শ্বে উপবেশন কর; সোম শোধিত হইতেছেন, ইঁহাকে সম্বোধনপূর্ব্বক সুচারুরূপে গান কর; ইনি যেন একটী বালক, যজ্ঞীয় দ্রব্যের দ্বারা ইঁহাকে সুশোভিত কর; তাহাতে সম্পত্তি লাভ হইবেক।

২। এই যে সোম, ইঁহার প্রসাদে গৃহ লাভ হয়, ইনি দেবতাদিগের নিকট যাইয়া মত্ততা উৎপাদন করেন, ইনি প্রভূতবলে বলী; যেরূপ গোবৎসকে তাহার মাতার সহিত সংযোজিত করে, তদ্রূপ সোমের মাতৃস্বরূপ জলের সহিত সোমকে সংযোজিত কর।

৩। যাহাতে সোম শীঘ্র পানোপযোগী হন, যাহাতে বিশিষ্টরূপে মিত্র ও বরুণদেবের সুখকর হন, সেই উদ্দেশে এই ধন বৃদ্ধিকারী সোমকে শোধন কর।

৪। হে সোম! তুমি আমাদিগকে ধন দান করিবে এইজন্য আমাদিগের স্তুতিবাক্যগুলি তোমাকে স্তব করিয়াছে। দুগ্ধের দ্বারা তোমার বর্ণ অনুগাভূক্ত করিতেছি।

৫। হে মত্ততার অধিপতি সোম! সেই তুমি দেবতাদিগের আহার-সামগ্রী হইতেছ। যেরূপ বন্ধু বন্ধুকে পথ বলিয়া দেয়, তদ্রূপ তোমার তুল্য পথ বলিয়া দিবার লোক আর কে আছে?

৬। হে সোম! তুমি পূর্ব্ববৎ আমাদিগের বন্ধুর কার্য্য কর; যে কোন

নাস্তিক ও মায়াবী রাক্ষস আমাদিগের অনিষ্ট করিতে আসে, তাহাকে তাড়াইয়া দেও; আমাদিগের পাপ খণ্ডন কর।

---

১০৫ সূক্ত।

পবমান সোম দেবতা। পর্ব্বত ও নারদ দুই ঋষি।

১। হে বন্ধুগণ! মত্ততা উৎপাদন করিবার জন্য সোম শোধিত হইতেছে, সেই সোমকে তোমরা গানের দ্বারা সন্তুষ্ট কর। যেরূপ বালককে আহারের দ্রব্য দিয়া আহ্লাদিত করে, তদ্রূপ সোমকে যজ্ঞীয় দ্রব্য দিয়া সন্তুষ্ট করা হইতেছে, সেই সঙ্গে স্তব পাঠ করা হইতেছে।

২। এই দেখ, সোম, যিনি দেবতাদিগের মত্ততা উৎপাদন করিতে যাইবেন বলিয়া বিবিধ স্তুতি বাক্যসহকারে উত্তমরূপে পরিস্কৃত হইয়াছেন, তিনি যাইয়া জলের সহিত মিশ্রিত হইতেছেন যেন গোবৎস তাহার মাতার সহিত মিলিত হইতেছে।

৩। এই যে সোম প্রস্তুত হইয়াছেন, ইঁহা হইতে বলাধান হয়, ইনি শীঘ্রই দেবতাদিগের পানের উপযোগী হয়েন, দেবতাদিগের নিকট ইঁহার তুল্য মধুর আর কিছুই নাই।

৪। হে সোম! তোমার শুভ্রবর্ণ রস আমি দুগ্ধের সহিত মিশ্রিত করিতেছি, তোমার বর্ণ অতি চমৎকার; তোমাকে প্রস্তুত করা হইয়াছে; তুমি আগমন কর এবং গো, অশ্ব সঙ্গে লইয়া এস।

৫। হে সর্ব্বশ্রেষ্ঠ ঔজ্জ্বল্যসম্পন্ন সোম! তুমি দেবতাদিগের সর্ব্বশ্রেষ্ঠ আহারীয় বস্তু; যেরূপ বন্ধু বন্ধুর উপকার করে, তদ্রূপ তুমি যজ্ঞের অধ্যক্ষদিগের উপকার কর, তাঁহাদিগের মুখ উজ্জ্বল কর।

৬। হে সোম! তুমি পূর্ব্ববৎ আমাদিগের সহিত বন্ধুত্ব কর; যে কোন দেবশূন্য মায়াবী রাক্ষস আমাদিগের অনিষ্ট করে, তুমি বল প্রকাশপূর্ব্বক তাহাকে পরাভব কর।

---

১০৬ সূক্ত।

পবমান সোম দেবতা। অগ্নি, চক্ষু ও মনু ঋষি।

১। এই সমস্ত সোমরস এইমাত্র নিষ্পীড়িত ও প্রস্তুত হইয়াছে, ইহারা সকল বস্তুই দিতে জানে; প্রার্থনা, যেন ইহারা বৃষ্টি বর্ষণকারী ইন্দ্রের নিকটে যাইয়া উপস্থিত হয়।

২। যুদ্ধের উপলক্ষে এই সোমকে ভাগ করিয়া পান করিতে হইবেক, ইনি প্রস্তুত হইয়াছেন, ইন্দ্রের জন্য ক্ষরিত হইতেছেন। যেরূপ তাবৎ লোকে জানে, তদ্রূপ ইনিও জানেন, যে ইন্দ্র কেমন বিজেতা পুরুষ।

৩। যখন পুনঃ পুনঃ সোম পান করিয়া ইন্দ্র মত্ত হয়েন, তখন তিনি গ্রহণ করিবার উপযুক্ত উত্তম উত্তম ধন গ্রহণ করিতে থাকেন। তিনি তখন বৃষ্টিবর্ষণ-কারী বজ্র ধারণপূর্ব্বক জলের রোধকর্ত্তা বৃত্রকে পরাজয় করেন।

৪। হে সোম! সতর্ক হইয়া এস। ইন্দ্রের জন্য ক্ষরিত হও। যাহাতে তাবৎ বস্তু লাভ হইতে পারে, এরূপ প্রদীপ্ত তেজঃ তাঁহার শরীরে পরিপূর্ণরূপে প্রদান কর।

৫। হে সোম! তুমি অতি সতর্ক; তুমি সহস্রপথ দিয়া গমন কর, তুমি সেবককে পথ দেখাইয়া দেও; তুমি সমস্ত সংসার নিরীক্ষণ কর; অতএব প্রার্থনা, যে যাহাতে বৃষ্টি বর্ষণ হয়, ইন্দ্রের এপ্রকার মত্ততা উৎপাদন কর।

৬। আমাদিগকে পথ দেখাইয়া দিবার লোক তোমার তুল্য আর কেহ নাই; দেবতাদিগের নিকট তোমার তুল্য মধুর কিছুই নাই। তুমি সশব্দে সহস্র পথে গমন কর।

৭। হে উজ্জ্বল সোম! দেবতাদিগের পানের জন্য ধারায় ধারায় প্রবল বেগে গমন কর। আমাদিগের কলসকে মধুময় রসে পরিপূর্ণ কর।

৮। হে সোম! তোমার রসগুলি জলের সহিত মিশ্রিত হইয়া ইন্দ্রের মত্ততা উৎপাদন করিবার জন্য তাঁহাকে যাইয়া সম্ভাষণ করিতেছে। দেবতাবর্গ অমরত্ব পাইবার জন্য তোমার সুখকর রস পান করিলেন।

৯। হে নিষ্পীড়িত সোমরসগণ! তোমরা শোধিত হইতেছ; আমাদিগের চতুঃপার্শ্বে এইরূপে ধাবমান হও, যে আমরা ধন লাভ করি। তোমরা দ্যুলোকে বৃষ্টির অনুকূল করিয়া পৃথিবীতে জল বহাইয়া দেও এবং তাবৎ বস্তুর লাভ বিষয়ে সহায়তা কর।

১০। ক্ষরণশীল সোম শব্দ করিতেছেন, তাঁহার সম্মুখে স্তুতিবাক্য উচ্চারিত হইতেছে ; তিনি শোধিত হইতে হইতে তরঙ্গের আকারে মেষের লোম অতিক্রম করিতেছেন।

১১। দ্রুতগামী সোম মেষলোম অতিক্রমপূর্ব্বক জলমধ্যে ক্রীড়া করিতে-ছেন, স্তুতিবাক্যসহকারে তাঁহাকে চালাইয়া দিতেছে ; তিনধারে নিষ্পীড়নপূর্ব্বক তিনি প্রস্তুত হইয়াছেন এবং স্তবের দ্বারা প্রতিধ্বনিত হইতেছেন।

১২। যুদ্ধের বলবান্ ঘোটকের ন্যায় দ্রুতগামী সোমকে কলসের দিকে চালিয়া দেওয়া হইতেছে। তিনি শোধিত হইতে হইতে এবং নানাবিধ স্তবের জন্ম দান করিতে করিতে ক্ষরিত হইলেন।

১৩। অতি চমৎকার ঔজ্জ্বল্যধারী সোম দ্রুতবেগে কুটিল পবিত্রের মধ্য দিয়া ক্ষরিতেছেন। তাঁহাকে যাহারা স্তব করে, তাহাদিগকে তিনি লোকবল ও কীর্ত্তি প্রদান্ করিতেছেন।

১৩। হে সোম! তুমি এই ধারার আকারে ক্ষরিত হও ; তোমার মধুপূর্ণ ধারা সমস্ত প্রস্তুত হইতেছে। তুমি চতুর্দ্দিকে শব্দ করিতে করিতে পবিত্র অতিক্রম করিতেছে।

১০৭ সূক্ত।

পবমান সোম দেবতা। ভরদ্বাজ কশ্যপ প্রভৃতি সপ্ত ঋষি।

১। এই যে সোম, যিনি সর্ব্বশ্রেষ্ঠ যজ্ঞীয়দ্রব্য, যিনি যজ্ঞাধ্যক্ষদিগের হিতসাধন করিতে করিতে জলের মধ্যে অন্তর্দ্ধান হয়েন, যাহাকে প্রস্তরের দ্বারা নিষ্পীড়নপূর্ব্বক প্রস্তুত করা হইয়াছে, সেই নিষ্পীড়িত সোমকে এই দিকে উত্তমরূপে সেচন কর।

২। হে দুর্দ্ধর্ষ সোম! তুমি চমৎকার সৌরভ ধারণপূর্ব্বক মেষলোমদ্বারা শোধিত হইতে হইতে শীঘ্র ক্ষরিত হও। প্রস্তুত হইবার পর তোমাকে জলের সহিত, দুগ্ধের সহিত এবং আহার সামগ্রীর সহিত মিশ্রিত করিয়া আনন্দের সহিত সেবন করিব।

৩। সোম কর্ম্মিষ্ঠ, উজ্জ্বল ও দেবতাদিগের মত্ততা উৎপাদনকর্ত্তা, তিনি চতুর্দ্দিক দেখিবার জন্য ক্ষরিত হইতেছেন।

৪। হে সোম! তুমি শোধিত হইতে হইতে জলের সহিত মিশ্রিত হইয়া ধারার আকারে যাইতেছ। হে দেব! তুমি সুবর্ণের আকরস্বরূপ, তুমি উত্তম উত্তম বস্তু দিবে বলিয়া যজ্ঞস্থানে উপবেশন করিতেছ।

৫। আকাশস্বরূপ গাভীর উধঃ হইতে হইতে অতি মধুর বৃষ্টি বারি দোহন করিতে করিতে সোম তাহার চিরপরিচিত যজ্ঞস্থানে যাইয়া উপবেশন করিতেছেন। সেই সর্ব্বদ্রষ্টা সোমকে সঞ্চালনপূর্ব্বক যজ্ঞাধ্যক্ষগণ শোধন করিলেন। তিনি তখন দ্রুতবেগে যজ্ঞের অবলম্বনস্বরূপ যজ্ঞকর্ত্তা ব্যক্তিকে সম্ভাষণ করিতে চলিলেন।

৬। হে সতর্ক সোম! তুমি শোধিত হইতে হইতে অতি সুন্দররূপে মেষলোমের সর্ব্বাংশে বিস্তারিত হইলে। তুমি মেধাবী এবং অঙ্গিরা নামক পিতৃলোকদিগের শ্রেষ্ঠ হইয়াছ, মধুপূর্ণ রসের দ্বারা আমাদিগের যজ্ঞ অভিষিক্ত কর।

৭। সোমের তুল্য পথ দেখাইয়া দিবার লোক আর কেহ নাই, ইনি পণ্ডিত ও মেধাবী ও ঋষিতুল্য, ইনি রস সেচন করিতে করিতে ঝরিতেছেন। হে সোম! তুমি কবি, তুমি দেবতাদিগের নিকট সর্ব্বশ্রেষ্ঠ কাম্যবস্তু হইয়াছ, তুমি সূর্য্যকে আকাশে আরোহণ করাইয়াছ।

৮। নিষ্পীড়নকর্ত্তারা সোমকে প্রস্তুত করিতেছেন, তিনি উচ্চস্থানস্থিত মেষলোমের পবিত্রদ্বারা ঝরিতেছেন। তাহার উজ্জ্বল ধারা ঘোটকের ন্যায় দ্রুত যাইতেছে, তিনি আনন্দ বর্দ্ধনকারী ধারার আকারে যাইতেছেন।

৯। সোম দুগ্ধবিশিষ্ট, কেননা দুগ্ধ দোহনপূর্ব্বক তাঁহার সহিত মিশ্রিত করা হইয়াছে, তিনি তৎসংশ্লিষ্ট হইয়া ক্ষরিত হইলেন। তাঁহার যে সকল রস সকলে ভাগ করিয়া লইতে হইবেক, তাহারা যেন সমুদ্রের মধ্যে (অর্থাৎ কলসের মধ্যে) প্রবেশ করিল। তিনি মত্ততার উৎপাদনকর্ত্তা, মত্ততার জন্য তাঁহাকে আঘাত করিতেছে (থেঁৎলাইতেছে)।

১০। হে সোম! প্রস্তরের দ্বারা তুমি নিষ্পীড়িত হইতে হইতে মেষের লোমকে আচ্ছাদন করিতেছ। দুই ফলকের উপরিস্থিত কলসের মধ্যে সোম প্রবেশ করিতেছেন, যেন কোন ব্যক্তি নগর মধ্যে প্রবেশ করিতেছে। পরে উজ্জ্বল হইয়া ভিন্ন ভিন্ন কাষ্ঠনির্ম্মিত পাত্রে স্থান গ্রহণ করিতেছেন।

১১। মেষলোম আচ্ছাদন কালে সোমকে শোধন করিতেছে, তিনি যেন যুদ্ধের ঘোটকের ন্যায় সজ্জিত হইতেছেন। তিনি যখন ক্ষরিত হয়েন, স্তবকারী মেধাবী পণ্ডিতদিগের উচিত তাঁহাকে অভিনন্দন করা।

১২। হে সোম যেমন নদী জলের দ্বারা স্ফীত হয়, তদ্রূপ তুমি দেবতাদিগের পানের জন্য স্ফীত হইতেছ। মদিরার ন্যায় তুমি সতেজ, তুমি তোমার লতার রস লইয়া মধুক্ষরণকারী কলসের মধ্যে যাইতেছ।

১৩। যেরূপ প্রিয় পুত্রকে সুশোভিত করিতে হয়, তদ্রূপ সোমকে সুশোভিত করিতে হয়; তিনি উজ্জ্বল হইয়া শুভ্রবর্ণ পবিত্রের উপর বিস্তারিত হইলেন। দুই হস্তের অঙ্গুলিগণ তাঁহাকে জলের দিকে চালাইয়া দিতেছে। যেন বলবান্ লোকে রথ চালাইয়া দিতেছে।

১৪। এই সমস্ত সোমরস, যাহারা দ্রুতগামী, পণ্ডিত, আনন্দকর এবং তাবৎ বস্তু দিতে পারে, তাহারা কলসের উপরিস্থিত উন্নত পবিত্রে ক্ষরিত হইতেছে।

১৫। সোম যিনি, তিনি রাজা, তিনি দেব, তিনি প্রধান, সত্য, তিনি তরঙ্গে তরঙ্গে ক্ষরিত হইয়া কলসে যাইতেছেন। মিত্র ও বরুণের নিমিত্ত প্রস্তুত হইয়া তিনি চলিয়াছেন। তিনি অতি প্রধান সত্যস্বরূপ।

১৬। এই উজ্জ্বল সতর্ক রাজার ন্যায় সোমদেব কলসের মধ্যে যজ্ঞের অধ্যক্ষদিগের কর্তৃক সংধাবিত হইতেছে।

১৭। মরুৎ পরিবেষ্টিত ইন্দ্রের জন্য প্রস্তুত হইয়া, মত্ততার উৎপাদনকারী সোম ক্ষরিত হইতেছেন। তিনি সহস্রধারায় মেষলোমকে অতিক্রম করিতে-ছেন। পুরোহিতগণ তাঁহাকে সুশোভিত করিতেছেন।

১৮। বুদ্ধিমান্ সোম দুই ফলকের উপর শোভিত হইতেছেন এবং স্তুতি-বাক্য উৎপাদন করিতে করিতে দেবতাদিগের নিকট যাইতেছেন। তিনি জলের বস্ত্র পরিধানপূর্ব্বক এবং মস্তকে ক্ষীর ধারণ করিয়া কাষ্ঠময় পাত্রে উপবেশন করিতেছেন এবং তাঁহাকে আচ্ছাদন করা হইতেছে।

১৯। হে সোম! তোমার বন্ধুত্ব লাভের জন্য আমি প্রত্যহ তোমাকে আহ্বান করি। বিস্তর রাক্ষস আমার প্রতি অত্যাচার করিতেছে এবং আমাকে ঘেরিয়া দাঁড়াইয়াছে। হে পিঙ্গলবর্ণধারিন্! আমাকে রক্ষা কর, রাক্ষস-দিগকে নিধন কর।

২০। হে সোম! কি দিন, কি রাত্রি, আমি তোমার বন্ধুত্ব লাভের জন্য তোমার নিকট উপস্থিত আছি। হে পিঙ্গলবর্ণধারিন্! তুমি নিজ কিরণে সূর্য্য অপেক্ষাও অধিক দীপ্তিশালী, তুমি সর্ব্বশ্রেষ্ঠ স্থানে অধিষ্ঠান কর। যেরূপ পক্ষি-গণ সূর্য্যকে অতিক্রম করিয়া যায়, তদ্রূপ আমরা তোমার নিকট যাইতে ব্যস্ত।

২১। হে সুন্দর অঙ্গুলধারী সোম! তুমি কলসের মধ্যে শোধিত হইবার সময় শব্দ করিতে থাক। হে ক্ষরণশীল! সুবর্ণময়, পিঙ্গলবর্ণ, সর্ব্বজনকামনীয় তুমি বিস্তর অর্থ আনিয়া দিয়া থাক।

২২। মেষলোমের উপর ক্ষরিত হইয়া তুমি শোধিত হইতে হইতে রস বর্ষণ কর এবং জলের মধ্যে শব্দ করিতে থাক। হে ক্ষরণশীল সোম! দুগ্ধের সহিত মিশ্রিত হইয়া তুমি দেবতাদিগের ভবনে গমন কর।

২৩। হে সোম! সর্ব্বপ্রকার কবিতার প্রতি দৃষ্টি রাখিয়া অন্ন লাভের নিমিত্ত গমন কর। হে সোম! তুমি শ্রেষ্ঠ এবং দেবতাদিগের আনন্দবিধাতা। তুমি কলসকে ধারণ করিয়া (আশ্রয় করিয়া) থাক।

২৪। হে সোম! পুনঃ পুনঃ তোমাকে সঞ্চয় করা হইতেছে, তুমি মর্ত্ত্য লোকে ও দিবালোকে ক্ষরিত হও। হে পণ্ডিত! মেধাবী ব্যক্তিরা তোমাকে মনন ও ধ্যান করিতে করিতে তোমার শুভ্রবর্ণ রস চালাইয়া দিতেছেন।

২৫। এই যে সোমরস সকল, যাঁহাদিগের সঙ্গে দেবতারা আছেন, ইন্দ্র যাঁহাদিগকে সেবন করেন, যাঁহারা স্তব ও অন্ন লাভের জন্য যাইয়া থাকেন, তাঁহারা ধারার আকারে প্রস্তুত হইয়া পবিত্রকে অতিক্রম করিতেছেন।

২৬। প্রস্তুতকর্ত্তারা চালাইয়া দিতেছে, সোম জলের বস্ত্র পরিধানপূর্ব্বক কলসের দিকে যাইতেছেন, তিনি জ্যোতিঃ উৎপাদন করিতেছেন, ক্ষীরের সহিত মিশ্রিত হইয়া ধৌত বস্ত্রের ন্যায় হইতেছেন এবং স্তুতির প্রার্থনা করিতেছেন।

১০৮ সূক্ত।

পাবমান সোম দেবতা। গৌরিবীতি, শক্তি, উরু, ঋজিশ্বা, উর্দ্ধসদ্মা, কৃতযশা ও ঋণঞ্চয় ইহারা ঋষি।

১। হে সোম! তুমি মত্ততার উৎপাদনকারী, দীপ্তিমান্ ও কর্ম্মে অতি পটু, তুমি যারপর নাই মধুপূর্ণ হইয়া ইন্দ্রের জন্য ক্ষরিত হও।

২। বৃষ্টিবর্ষণকারী ইন্দ্র তোমাকে পান করিয়া বৃষের ন্যায় বলবান্ হন। তুমি তাবৎ বস্তু দান করিতে পার। এতাদৃশ তোমাকে পান করিয়া ইন্দ্রের বুদ্ধি সুন্দররূপে স্ফূর্ত্তিযুক্ত হয়, যেমন ঘোটক যুদ্ধে যায়, তিনি তদ্রূপ শত্রুর আহারীয় সামগ্রী লুণ্ঠন করিতে যান।

৩। হে সোম! তোমার ন্যায় উজ্জ্বল কিছুই নাই। তুমি যখন ক্ষরিত হও, তখন দেবতাবংশজাত তাবৎ ব্যক্তিকে অমরত্ব দিবার নিমিত্ত আহ্বান করিতে থাক (১)।

৪। তুমি সেই সোম, যাঁহার সাহায্যে অঙ্গিরবংশসম্ভূত দধ্যঙ্ নামক ব্যক্তি তাঁহার নিজের অপহৃত গাভীর সন্ধান পাইয়াছিলেন; যাঁহার সাহায্যে তাঁহার মেধাবী পুত্রেরা সেই গাভী প্রাপ্ত হয়; যাঁহার সাহায্যে সুচারুরূপে যজ্ঞকার্য্য সম্পন্ন হইয়া দেবতারা পরিতোষ প্রাপ্ত হইলে যজ্ঞকর্ত্তা ব্যক্তিগণ অন্নলাভ করিয়া থাকেন।

৫। এই দেখ, সেই তিনি সর্ব্বশ্রেষ্ঠ মাদকতাশক্তিসম্পন্ন হইয়া ধারার আকারে ক্ষরণপূর্ব্বক মেষলোম পথে নির্গত হইতেছেন, যেন জলের একটী তরঙ্গ ক্রীড়া করিতেছে।

৬। হে সোম! তুমি আকাশ হইতে ক্ষরণশীল জল সমস্ত মেঘের মধ্য হইতে নিজ বলে নির্গত করিয়াছিলে. তুমি গোসমূহ ও ঘোটকসমূহকে রক্ষা করিয়াছিলে, সেই তুমি দুর্দ্ধর্ষ কবচধারী বীরের ন্যায় শত্রু সংহার কর।

৭। হে পুরোহিতগণ! এই যে সোম, যিনি ঘোটকের ন্যায় দ্রুতগামী যিনি স্তবের যোগ্য, যিনি জলবর্ষণ করেন, আপনার তেজঃ বিকীর্ণ করেন, যিনি কাষ্ঠময় পাত্রে পাত্রে সঞ্চিত হইয়া জলের সহিত মিশ্রিত হয়েন, সেই সোমকে প্রস্তুত কর, সেই সোমকে চতুর্দ্দিকে সেচন কর।

৮। যিনি রসসেচনকারী এবং সহস্রধারায় ক্ষরিত হইয়া থাকেন, যিনি জলের সহযোগে বৃদ্ধিপ্রাপ্ত হইয়া দেবতামাত্রের প্রীতিপ্রদ হয়েন, যজ্ঞে যাহার জন্ম, যজ্ঞেতেই যাঁহার বৃদ্ধি. যিনি রাজা এবং দেবতাস্বরূপ এবং অতি প্রধান সত্যস্বরূপ।

৯। হে অন্নের অধিপতি দেব! দেবতাদিগের নিকট গমনপূর্ব্বক তুমি উজ্জ্বল ও প্রভূত অন্নরাশি আহরণ করিয়া দাও এবং আকাশস্থিত মেঘকে দ্বিখণ্ড করিয়া বৃষ্টিবর্ষণ কর।

১০। হে সুনিপুণ সোম! তুমি দুই ফলক সহযোগে প্রস্তুত হইয়া রাজ্য-

(১) অমৃত পান করিয়া দেবগণের অমরত্ব লাভ করা স্বরূপ পৌরাণিক গল্প সোমরসের বৈদিক বর্ণনা হইতে উৎপন্ন।

ভারবহনকারী নরপতি রাজার ন্যায় আগমন কর। আকাশ হইতে জলের স্রোত বর্ষণ কর, গোধনের অভিলাষী যজ্ঞকর্ত্তা ব্যক্তির অনুষ্ঠান সকল সম্পন্ন কর।

১১। এই যে সোম, যিনি মাদকরস বর্ষণ করেন, সহস্রধারায় ক্ষরিত হয়েন, তাবৎ সম্পত্তি ধারণ করেন, পুরোহিতেরা, তাঁহাকে দোহন, অর্থাৎ প্রস্তুত করিতেছেন।

১২। রসবর্ষণকারী সোম জন্মগ্রহণ করিলেন, তিনি শব্দ করিতেছেন, আপনার কিরণদ্বারা অন্ধকার নষ্ট করিতেছেন। কবিরা তাঁহাকে স্তব করিলে তিনি দুগ্ধের সংসর্গে শুভ্র মূর্ত্তি হইতেছেন, তাঁহার ক্ষরণ ক্রিয়াদ্বারা তিনটি আধার পরিপূর্ণ হইতেছে।

১৩। যে সোম অন্ন ও গাভী ও ধন ও উত্তম উত্তম গৃহ উপার্জ্জন করাইয়া দেন, তাঁহাকে পুরোহিতেরা প্রস্তুত করিলেন।

১৪। আমরা প্রস্তুত করিলে সোমকে ইন্দ্র পান করিলেন এবং মরুৎগণ ও অর্য্যমা ও ভগ পান করিলেন। তাহার সাহায্যে আমরা মিত্র ও বরুণকে এবং ইন্দ্রকে অনুকূল করিয়া উত্তমরূপে রক্ষা প্রাপ্ত হই।

১৫। হে সোম! যজ্ঞের অধ্যক্ষগণ তোমাকে সঞ্চয় করিয়াছেন, তোমার আধারভূত পাত্র সকল তোমার মধুর শব্দের ন্যায় শোভা পাইতেছে, তুমি যাবপর নাই মধুর ও মাদক ভাগাক্রান্ত হইয়া ইন্দ্রের পানের জন্য ক্ষরিত হও।

১৬। হে সোম! যেমন নদীগণ সমুদ্রে প্রবেশ করে, তদ্রূপ তুমি ইন্দ্রের আহ্লাদ উৎপাদনকারী কলসে প্রবেশ কর। মিত্র ও বরুণ এবং বায়ুর জন্য তোমাকে নিবেদন করা হইয়াছে। তুমি স্বর্গধামের সর্ব্বশ্রেষ্ঠ অবলম্বনস্বরূপ।

১০৯ সূক্ত।

পবমান সোম দেবতা। অগ্নি নামক ঋষিগণ।

১। হে সোম! তুমি সুস্বাদু হইয়া ইন্দ্র ও মিত্র ও পূষা ও ভগের নিমিত্ত অগ্রসর হও।

২। হে সোম! ইন্দ্র এবং তাবৎ দেবতা যেন তোমাকে পান করে, তাহা হইলে জ্ঞান লাভ ও বলাধান হইবে।

৩। হে সোম! তুমি শুক্রবর্ণ এবং দেবতাদিগের পেয় বস্তু, তুমি অমরত্ব লাভের জন্য এবং বৃহৎ বৃহৎ বাসস্থান লাভের জন্য অগ্রসর হও।

৪। হে সোম! তুমি সমুদ্রের ন্যায় বৃহৎ, তুমি দেবতাদিগের পিতা, তুমি সর্ব্বস্থানে ক্ষরিত হও।

৫। হে সোম! শুভ্রবর্ণ হইয়া তুমি ক্ষরিত হও এবং স্বর্গে ও পৃথিবীতে প্রজাদিগের সুখ সাধন কর।

৬। তুমি স্বর্গের ধারণকর্ত্তা, তুমি শুভ্রবর্ণ পেয়বস্তু। এই সত্যস্বরূপ ধর্ম্মানুষ্ঠানের সময় দ্রুতবেগে ক্ষরিত হও।

৭। হে সোম! তুমি উজ্জ্বল হইয়া এবং সুন্দর ধারার আকার ধারণ করিয়া বৃহৎ বৃহৎ মেষলোমের মধ্য দিয়া পূর্ব্বের মত আনুপূর্ব্বিক ক্ষরিত হও।

৮। যজ্ঞের অধ্যক্ষগণ যথা নিয়মে সোমকে উৎপাদন করিতেছেন, তিনি শোধিত হইয়া মাদকতাশক্তিযুক্ত হইয়াছেন, তিনি ক্ষরিত হইয়া আমাদিগকে তাবৎ ধন আনিয়া দিন।

৯। সোম শোধিত হইয়া প্রজাবর্গের শ্রীবৃদ্ধি করুন, আমাদিগের তাবৎ ধন উৎপন্ন করুন।

১০। হে সোম! ঘোটকের ন্যায় তোমাকে প্রক্ষালণকরা হইয়াছে, তুমি আমাদিগের জ্ঞান ও বল ও ধনের জন্য ক্ষরিত হও।

১১। নিষ্পীড়নকর্ত্তারা সেই রসরূপী সোমকে শোধন করিতেছেন, তাঁহাদের উদ্দেশ্য, যে আনন্দ ও প্রচুর ধন পাইবেন।

১২। সোম জলের শিশুর ন্যায়, জলের মধ্য হইতে জন্মগ্রহণ করিতেছেন, দেবতাদিগের জন্য পবিত্রের উপর তাঁহাকে শোধন করিতেছে।

১৩। সুশ্রী সোম কবি, তিনি ভগ দেবতার মত্ততা উৎপাদন করিবার জন্য জলের আধারে ক্ষরিত হইলেন।

১৪। সোম ইন্দ্রের মনোহর শরীরে পুষ্টি আধান করেন, তাহাতে তিনি বৃত্র নামক তাবৎ রাক্ষসকে নিধন করেন।

১৫। যজ্ঞের অধ্যক্ষগণ সোমকে প্রস্তুত করিয়া দুগ্ধের সহিত মিশ্রিত করিলে, সকল দেবতা পান করিতেছেন।

১৬। প্রস্তুত হইয়া সোম পবিত্রের মেষলোম অতিক্রমপূর্ব্বক সহস্রধারায় ক্ষরিত হইলেন।

১৭। জলের দ্বারা শোধিত হইয়া এবং দুগ্ধের সহিত মিশ্রিত হইয়া দ্রুতগামী সেই সোম সহস্রধারায় ক্ষরিত হইলেন।

১৮। হে সোম! প্রস্তরের আঘাতে তুমি প্রস্তুত হইয়াছ, অধ্যক্ষগণ তোমাকে সঞ্চয় করিয়াছেন, তুমি ইন্দ্রের উদরে প্রবেশ কর।

১৯। দ্রুতগামী সোম সহস্রধারায় পবিত্রকে অতিক্রমপূর্ব্বক ইন্দ্রের নিমিত্ত প্রস্তুত হইলেন।

২০। বৃষ্টি বর্ষণকারী ইন্দ্রের মত্ততার জন্য এই সোমকে মধুর রসের সহিত মিশ্রিত করিতেছে।

২১। হে উজ্জ্বল সোম! তুমি জলের পরিচ্ছদ পরিধান করিতেছ, দেবতাদিগের বলাধানের জন্য তোমাকে অবলীলাক্রমে শোধন করিতেছে।

২২। ইন্দ্রের জন্য এই প্রখর সোমরস প্রস্তুত হইতেছেন, ইনি জল আলোড়ন করিতেছেন এবং উহার সহিত মিশ্রিত হইতেছেন।

১১০ সূক্ত।

পবমান সোম দেবতা। ত্র্যরুণ ও ত্রসদস্যু নামক দুই ঋষি।

১। হে অবিচলিত পরাক্রমশালী সোম! অন্নদানের জন্য তুমি শত্রুদিগের অভিমুখে গমন কর। তোমার সাহায্যে আমরা ঋণ হইতে মুক্তি লাভ করি। শত্রু সংহার করিবার জন্য তুমি যাইতেছ।

২। হে সোম! তুমি প্রস্তুত হইয়াছ, এই লোকাকীর্ণ রাজ্য মধ্যে আমরা তোমার স্তব করিতেছি। হে ক্ষরণশীল! তুমি বিবিধ অন্নের জন্য চলিতেছ।

৩। হে সোম! তুমি জলের আশ্রয়স্থানস্বরূপ আকাশে সূর্য্যকে নিজ বলে সংস্থাপন করিয়াছ। তোমার জ্ঞান অতি মহৎ, তাহাতে তুমি অতি সত্বর গোধন আহরণ করিয়া দিয়া থাক।

৪। হে অমৃত তুল্য সোম! অমৃত তুল্য চমৎকার বৃষ্টিবারির আধারভূত আকাশের উপর মানুষদিগের উপকারের নিমিত্ত তুমি সূর্য্যকে সৃষ্টি করিয়াছ, অন্ন ভাগ করিয়া দিতে দিতে তুমি সর্ব্বদাই যুদ্ধে যাইয়া থাক।

৫। যেরূপ কোন ব্যক্তি লোকদিগের জল পানের নিমিত্ত অক্ষয় জলপূর্ণ জলাশয় খনন করে, কিংবা যেমন কেহ দুই হস্তের অঞ্জলিদ্বারা জল ভরিতে থাকে, তদ্রূপ তুমি অন্ন দিবার নিমিত্ত পবিত্র ভেদ করিয়া যাইয়া থাক।

৬। যখনই সূর্য্যদেব অন্ধকার অপনয়ন করিলেন, তখনই দিব্য লোকবাসী

বসুরুচ্ নামক কতগুলি ব্যক্তি এই পরমাত্মীয় সোমকে দর্শন করিতে করিতে স্তব করিতে লাগিল।

৭। হে সোম! তাঁহারাই সর্ব্ব প্রথম কুশচ্ছেদনপূর্ব্বক প্রচুর অন্ন ও বল লাভের জন্য তোমাকে ধ্যান করিতে লাগিলেন। অতএব তুমি আমাদিগকে যুদ্ধে বীরত্ব প্রকাশের জন্য প্রেরণ কর।

৮। প্রশংসিত সোম প্রাচীন কাল হইতে দেবতাদিগের পেয় বস্তু হইয়াছেন। স্বর্গধামের নিগূঢ় স্থান হইতে তাঁহাকে দোহন করা হইয়াছিল (১)। ইন্দ্রের উদ্দেশে তিনি প্রস্তুত হইলেন, তখন তাহাকে স্তব করিতে লাগিল।

৯। হে ক্ষরণশীল! এই যে দ্যুলোক ও ভূলোক, এই যে সমস্ত প্রাণীবর্গ তুমি নিজ বলে সকলের উপর আধিপত্য কর। যেমন যূথের উপর বৃষ আধিপত্য করে, তদ্রূপ তুমি করিয়া থাক।

১০। সোমের সহস্রধারা, তাঁহার সাতিশয় বেগ, তিনি শোধিত হইবার সময় বালকের ন্যায় মেষলোমের উপর ক্রীড়া করেন; এইরূপে তিনি ক্ষরিত হইলেন।

১১। এই যে সোম, যিনি শোধিত হইয়া মধু তুল্য হয়েন, যিনি যজ্ঞের স্বামী, উজ্জ্বল ও সুরস, যিনি অন্ন দান করেন, খাদ্যবস্তু দিতে জানেন এবং পরমায়ুঃ বৃদ্ধি করেন, তিনি তরঙ্গে তরঙ্গে ইন্দ্রের জন্য ক্ষরিত হইতেছেন।

১২। হে সোম! তুমি প্রতিযোদ্ধাদিগকে পরাভব কর, দুদ্ধর্ষ রাক্ষসদিগকে দূরীভূত কর, উত্তম অস্ত্র ধারণ পূর্ব্বক বিপক্ষদিগকে সংহার করিয়া থাক; এতাদৃশ তুমি ক্ষরিত হও।

(১) সোমরস দেবগণের প্রাচীন পানীয় দ্রব্য; স্বর্গধামের নিগূঢ় স্থান হইতে সোমকে দোহন করা হইয়াছে, ইত্যাদি, বৈদিক বর্ণনা হইতে পৌরাণিক অমৃতের উপাখ্যান উৎপন্ন হইয়াছে। ঋগ্বেদে আকাশকে জলীয় বলিয়া বিশ্বাস করিত এবং অনেক সময় "সমুদ্র" বলিয়া বর্ণনা করা হইয়াছে। সুতরাং সমুদ্র হইতে অমৃতমন্থনস্বরূপ পৌরাণিক গল্প অনায়াসে উৎপন্ন হইল।

১১১ সূক্ত।

পবমান সোম দেবতা। অনানত ঋষি।

১। যেমন সূর্য্য নিজ মণ্ডলসংযুক্ত কিরণমালাদ্বারা অন্ধকার নষ্ট করেন, তদ্রূপ সোম এই উজ্জ্বল দীপ্তি ধারণপূর্ব্বক সকল শত্রু সংহার করিতেছেন। প্রস্তুত হইবার পর ইঁহার ধারা ঔজ্জ্বল্য ধারণ করিতেছে, ইনি শোধিত হইয়া হরিতবর্ণ ও তেজোময় হইতেছেন। সপ্তছন্দের স্তুতি প্রাপ্ত হইয়া ইনি তাবৎ বস্তুর দিকে নিজ তেজঃ বিস্তার করিতেছেন।

২। হে সোম! পণিগণ যে গোধন অপহরণ করিয়াছিল, তাহা কোথায় ছিল, তুমি তাহা জানিতে। তুমি যজ্ঞস্থানে স্তুতিবাক্য লাভ করিতে করিতে জলের দ্বারা শোধিত হও। যেরূপ দূর হইতে সামধ্বনি শুনা যায়, তদ্রূপ তথায় তোমার শব্দ শুনা যায়। তিন আধারে স্থাপিত মূর্ত্তিদ্বারা অন্ন দান কর এবং ঔজ্জ্বল্য ধারণ কর।

৩। অতি সুদৃশ্য স্বর্গীয় রথ কিরণমণ্ডলে পরিবেষ্টিত হইয়া সংকভাবে পূর্ব্বদিকে অগ্রসর হইতে থাকে। ইন্দ্র যাহাতে জয়ী হয়েন, সেই নিমিত্ত পুরুষবর্গের প্রশংসা বাক্য ইন্দ্রকে আহ্লাদিত করিয়া উচ্চারিত হইতে থাকে। হে সোম! যুদ্ধে জয়লাভের জন্য তখন তুমি এবং বজ্র ইন্দ্রের নিকট একত্র হইয়া থাক।

---

১১২ সূক্ত।

পবমান সোম দেবতা। শিশু ঋষি।

১। হে সোম! সকল ব্যক্তির কার্য্য এক প্রকার নহে, ভিন্ন ভিন্ন ব্যক্তির কার্য্য ভিন্ন ভিন্ন প্রকার, আমাদিগেরও কার্য্য নানাবিধ। দেখ, তক্ষ কাষ্ঠতক্ষণ করে, বৈদ্য রোগের প্রার্থনা করে, স্তোতা যজ্ঞকর্ত্তা ব্যক্তিকে চাহে (১)। অতএব তুমি ইন্দ্রের জন্য ক্ষরিত হও।

২। দেখ, শুষ্ক বৃক্ষশাখা, পক্ষীর পক্ষ ও শান্ দিবার নিমিত্ত উজ্জ্বল

(১) ছুতার ও বৈদ্য ও স্তোতাদিগের উল্লেখ পাওয়া গেল। ভিন্ন ভিন্ন জাতি তখন সৃষ্ট হয় নাই, কেবল ভিন্ন ভিন্ন ব্যবসা ছিল। স্তোত্র পাঠকগণ যজ্ঞকর্ত্তা ধরিবার চেষ্টা করিতেন, তাহাও এই ঋক্ হইতে প্রতীয়মান হয়।

প্রস্তর এই কয় বস্তুর সহযোগে কর্ম্মকার বাণ প্রস্তুত করিয়া সেই বাণ ক্রয় করিবার উপযুক্ত কোন ধনাঢ্য ব্যক্তিকে অন্বেষণ করে (২)। অতএব হে সোম! ইন্দ্রের জন্য ক্ষরিত হও।

৩। দেখ, আমি স্তোত্রকার, পুত্র চিকিৎসক ও কন্যা প্রস্তরের উপর যব-ভর্জন-কারিণী (৩)। আমরা সকলে ভিন্ন ভিন্ন কর্ম্ম করিতেছি। যেরূপ গাভীগণ গোষ্ঠ মধ্যে বিচরণ করে, তদ্রূপ আমরা ধন কামনাতে তোমার পরিচর্য্যা করিতেছি। অতএব হে সোম! ইন্দ্রের জন্য ক্ষরিত হও।

৪। সুন্দর বহন করিতে পারে এতাদৃশ ঘোটক সুগঠন রথে যোজিত হইতে ইচ্ছা করে, নর্ম্মসচিবেরা অর্থাৎ মোসাহেব হাস্য পরিহাস কামনা করে, পুরুষাঙ্গ রোম-বিশিষ্ট দ্বিধাভিৎ প্রার্থনা করে। ভেক জলের কামনা করে। অতএব হে সোম! ইন্দ্রের জন্য ক্ষরিত হও।

১১৩ সূক্ত।

পবমান সোম দেবতা। কশ্যপ ঋষি।

১। শর্য্যনাবৎ নামক সরোবর মধ্যে যে সোম আছেন, তাহা বৃত্রসংহারকারী ইন্দ্র পান করুন. তাহাতে তাঁহার বলাধান হইবে, তিনি অদ্ভুত বীরত্ব প্রকাশ করিবেন। হে সোম! ইন্দ্রের জন্য ক্ষরিত হও (১)।

২। হে রসসেচনকারী সোম! হে সকল দিকের অধীশ্বর! আর্জ্জীক (২) নামক দেশ হইতে আসিয়া ক্ষরিত হও। পবিত্র সত্য বচনসহকারে এবং শ্রদ্ধা ও পুণ্যকর্ম্মের সহিত তোমাকে প্রস্তুত করা হইয়াছে। ইন্দ্রের জন্য ক্ষরিত হও।

৩। সোম পর্জ্জন্যদ্বারা বর্দ্ধিত হইয়াছেন, সূর্য্যের দুহিতা (৩) সোমকে

(২) প্রস্তরে শাণ দিয়া কাষ্ঠ হইতে কর্ম্মকারগণ বাণ প্রস্তুত করিত।

(৩) জাতি বিধি সৃষ্ট হইবার পর স্তোত্রকারের পুত্র ভিষক হইতে পারিতেন না, ঋগ্বেদ রচনার সময় জাতি বিধি ছিল না।

(১) শর্য্যনাবৎ নামে সরোবর কুরুক্ষেত্রের নিম্নভাগে। সায়ণ।

(২) আর্জীকীয়া নদীর আধুনিক নাম বেয়া। তাহারই নিকটবর্ত্তী প্রদেশ।

(৩) সূর্য্যদুহিতা সম্বন্ধে ১।১১৬।১৭ ঋকের টীকা দেখ। পর্জ্জন্য বৃষ্টিদেবতা সোমলতা বৃষ্টিদ্বারা বর্দ্ধিত। গন্ধর্ব্বের আদি অর্থ সূর্য্যরশ্মি, অতএব গন্ধর্ব্ব দ্বারা সোমলতার রস আধানের অর্থ আমরা অনায়াসে বুঝিতে পারি।

স্বর্গ হইতে আহরণ করিয়াছে, গন্ধর্ব্বেরা তাঁহাকে সমাদরপূর্ব্বক গ্রহণ করিলেন এবং তাহাতে রস আধান করিলেন। হে সোম! তুমি ইন্দ্রের জন্য ক্ষরিত হও।

৫। হে সোম! তোমার বলই যথার্থ, তুমিই মহৎ; তোমার ধারাগুলি ক্ষরিতেছে। তুমি রসশালী; তোমার রসসমস্ত যাইতেছে। হে হরিতবর্ণধারিন্! মন্ত্রের দ্বারা পূত হইয়া ইন্দ্রের জন্য ক্ষরিত হও।

৬। হে ক্ষরণশীল! যে স্থানে ব্রহ্মা নামক পুরোহিত ছন্দোময়বাক্য উচ্চারণ করিতে করিতে প্রস্তরের দ্বারা সোমকে প্রস্তুত করিয়া সেই সোমের দ্বারা আনন্দ উৎপাদন করেন এবং সকলের নিকট পূজিত হয়েন, সেই স্থানে তুমি ইন্দ্রের জন্য ক্ষরিত হও।

৭। যে ভুবনে (৪) সর্ব্বদা আলোক, যে স্থানে স্বর্গলোক সংস্থাপিত আছে; হে ক্ষরণশীল! সেই অমৃত ও অক্ষয় ধামে আমাকে লইয়া চল। ইন্দ্রের জন্য ক্ষরিত হও।

৮। যে স্থানে বৈবস্বত রাজা আছেন, যে স্থানে স্বর্গের দ্বার আছে, যে স্থানে এই সমস্ত প্রকাণ্ড নদী আছে, তথায় আমাকে লইয়া গিয়া অমর কর। ইন্দ্রের জন্য ক্ষরিত হও।

৯। সেই যে তৃতীয় নাগলোক, তৃতীয় দিবালোক, যাহা নভোমণ্ডলের ঊর্দ্ধে আছে, যথায় ইচ্ছানুসারে বিচরণ করা যায়, যে স্থান সর্ব্বদা আলোকময়, তথায় আমাকে অমর কর। ইন্দ্রের জন্য ক্ষরিত হও।

১০। যথায় সকল কামনা নিঃশেষে পূর্ণ হয়, যথায় প্রধনামক দেবতার ধাম আছে, যথায় যথেষ্ট আহার ও তৃপ্তি লাভ হয়, তথায় আমাকে অমর কর। ইন্দ্রের জন্য ক্ষরিত হও।

১১। যথায় বিবিধ প্রকার আমোদ, আহ্লাদ, আনন্দ বিরাজ করিতেছে, যথায় অভিলাষী ব্যক্তির তাবৎ কামনা পূর্ণ হয়, তথায় আমাকে অমর কর। ইন্দ্রের জন্য ক্ষরিত হও।

(৪) এই স্থান হইতে পাঁচটী ঋকে স্বর্গধামের বিস্তীর্ণ বর্ণনা আছে।

১১৪ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। যে ব্যক্তি ক্ষরণশীল সোমের তাবৎ আধারে তাঁহার পরিচর্য্যা করে, যে তাঁহার মনের মত কার্য্য করে, তাহাকে সৌভাগ্যশালী কহে। হে সোম! ইন্দ্রের জন্য ক্ষরিত হও।

২। হে কশ্যপ ঋষি! মন্ত্রের রচয়িতারা যে সকল স্তুতিবাক্য রচনা করিয়াছেন, তাহা অবলম্বনপূর্ব্বক তোমার নিজের বাক্য বৃদ্ধি কর এবং সোমরাজকে নমস্কার কর। তিনি সকল উদ্ভিজ্জের শ্রেষ্ঠ হইয়া জন্ম গ্রহণ করিয়াছেন। হে সোম! ইন্দ্রের জন্য ক্ষরিত হও।

৩। অনেক সূর্য্যের অধিষ্ঠানস্বরূপ যে সাত দিক্ আছে এবং হোমকর্ত্তা যে সাতজন পুরোহিত আছেন এবং সাতজন যে সূর্য্যদেব আছেন; হে সোম! তাহাদিগের সহিত আমাদিগকে রক্ষা কর। ইন্দ্রের জন্য ক্ষরিত হও।

৪। হে সোমরাজ! তোমার জন্য যে হোমের দ্রব্য পাক করা হইয়াছে, তাহার দ্বারা আমাদিগকে রক্ষা কর, শত্রু যেন আমাদিগকে হিংসা না করে, যেন আমাদিগের কোন বস্তু অপহরণ না করে। ইন্দ্রের জন্য ক্ষরিত হও।

দশম মণ্ডল (১)।

১ সূক্ত।

অগ্নি দেবতা। ত্রিত ঋষি।

১। প্রভাত না হইতে হইতেই প্রকাণ্ড ও সুন্দর মূর্ত্তিধারী অগ্নি অন্ধকারের মধ্য হইতে নির্গত হইয়া আলোকযুক্ত হইলেন। তিনি দীপ্যমান শিখাসম্পন্ন হইয়া তাবৎ গৃহ আলোকে পরিপূর্ণ করিলেন।

২। হে অগ্নি! তুমি দ্যুলোক ও ভূলোকের সুশ্রী সন্তানস্বরূপ, তাঁহাদিগের হইতেই তোমার উৎপত্তি, তুমি ওষধি অর্থাৎ কাষ্ঠের মধ্যে সঞ্চিত থাক। তুমি আশ্চর্য্য বালক, তোমার শত্রুস্বরূপ অন্ধকারকে দূর করিয়া থাক, ওষধী অর্থাৎ কাষ্ঠ তোমার মাতা, তুমি শব্দ করিতে করিতে তোমার সেই মাতৃবর্গের দিকে ধাবিত হও।

৩। অগ্নি বিষ্ণু, কেননা চতুর্দ্দিগ্‌ব্যাপী, ইনি বিদ্বান্‌ অর্থাৎ জানেন, ইনি প্রকাণ্ড হইয়া আমি যে ত্রিত, আমাকে উত্তমরূপে রক্ষা করেন। ইহার জল মুখে করিয়া অর্থাৎ জল যাচ্ঞা করিতে করিতে যজ্ঞকর্ত্তা ব্যক্তিরা একমনে তাঁহাকে অর্চ্চনা করেন।

৪। তোমার মাতাস্বরূপ ওষধীবর্গ খাদ্যদ্রব্যের ধারণকর্ত্রী, তাঁহারা নানাবিধ অন্নসহকারে তোমার পূজা করেন, যে হেতু তুমি অন্নের বৃদ্ধি করিয়া দাও। তুমি আবার সেই ওষধিবর্গের প্রতি যাইয়া থাক, তাহাতে তাহারা অন্যরূপ অর্থাৎ দগ্ধ হইয়া যায়, তুমি মনুষ্য জাতীয় প্রজাদিগের হোতাস্বরূপ, অর্থাৎ যজ্ঞে দেবতাদিগকে আহ্বান কর।

---

(১) ঋগ্বেদের নবম মণ্ডলের সহিত যেরূপ সামবেদের বিশেষ সম্পর্ক, সেইরূপ ঋগ্বেদের দশম মণ্ডলের সহিত অথর্ব্ববেদের বিশেষ সম্পর্ক। অথর্ব্ববেদের অনেকগুলি সূক্ত এই দশম মণ্ডল হইতে লওয়া। প্রথম মণ্ডলের ন্যায় দশম মণ্ডল নানা বংশীয় ঋষিকর্তৃক রচিত।

৫। অগ্নির রথ নানা বর্ণ, ইনি যজ্ঞের হোতা, ইনি যজ্ঞের উজ্জ্বল পতাকা-স্বরূপ, অর্থাৎ যজ্ঞানুষ্ঠানের বিষয় সকলকে জানাইয়া দেন, ইনি সকল দেবতার অধিপতি ইন্দ্রের প্রতি যাইয়া থাকেন, ইনি লোকদিগের নিকট অতিথির ন্যায় পূজ্য; ইহাকে বিপুল সম্পত্তির জন্য স্তব করিতেছি।

৬। হে অগ্নি! তুমি সুবর্ণময় বস্ত্র পরিধানপূর্ব্বক পৃথিবীর নাভি, অর্থাৎ মধ্যস্থানস্বরূপ উত্তর বেদির উপর অধিষ্ঠান করিয়া এবং লোহিতবর্ণ হইয়া দীপ্তি পাইতে পাইতে দেবতাদিগকে অর্চ্চনা করিতেছ।

৭। যেরূপ পুত্র জননীকে আলিঙ্গন করে, তদ্রূপ, হে অগ্নি! তুমি দ্যাবা-পৃথিবীকে আপনার আলোকে পরিপূর্ণ কর। হে যুবা পুরুষ! তুমি ভক্ত-দিগের নিকট গমন কর। হে বলশালী! তুমি দেবতাদিগকে এই স্থানে লইয়া আইস।

২ সূক্ত।

অগ্নি ও দেবতা প্রসঙ্গ।

১। হে যুবা পুরুষ! যজ্ঞের অভিলাষী দেবতাদিগকে সন্তুষ্ট কর। হে ঋতুর অধিপতি! কোন্ সময় যজ্ঞ করিতে হয়, তাহা তুমি জান, অতএব সময় বুঝিয়া যজ্ঞ কর। দেবলোকে যাঁহারা পুরোহিতের কার্য্য করেন, তাঁহাদিগের সহিত একত্র হইয়া যজ্ঞ কর; কেননা তুমি হোমকর্ত্তাদিগের মধ্যে শ্রেষ্ঠ।

২। হে অগ্নি! তুমিই হোতা, তুমিই পোতা, আর তুমি মেধাবী, সত্যনিষ্ঠ এবং লোকদিগকে ধন দান করিয়া থাক। এস আমরা যজ্ঞের দ্রব্য সমস্ত দেবতাদিগের উদ্দেশে নিবেদন করিয়া দিই। পূজনীয় অগ্নিদেব দেবতাদিগকে অর্চ্চনা করুন।

৩। যেন আমরা দেবতাদিগের পথে অগ্রসর হইতে সমর্থ হই, যেন যজ্ঞানুষ্ঠান উত্তমরূপে সম্পন্ন করিতে সমর্থ হই। অগ্নিই যজ্ঞের বিষয় জানেন, তিনিই যজ্ঞ করুন। তিনি হোতা, তিনি যজ্ঞ সম্পন্ন করেন, যজ্ঞের কাল নিরূপণ করেন।

৪। হে দেবতাবর্গ! আমরা নিতান্ত অজ্ঞান; তোমাদের অবিদিত কিছুই নাই; যদি আমরা তোমাদিগের কোন কার্য্য নষ্ট করি, অর্থাৎ উত্তমরূপে

সম্পন্ন না করি, তবে যে যে সময়ে অগ্নি দেবার্চ্চনা করিয়া থাকেন, সেই সেই সময়ে তিনি আমাদিগের সমস্ত ত্রুটি পূর্ণ করিয়া দিন।

৫। মনুষ্যগণ দুর্ব্বল, ইহাদিগের মন অপরিণত, অতএব যজ্ঞের যে যে অনুষ্ঠান ইহাদিগের স্মরণ না হয়, অগ্নি যেন যথা সময়ে যজ্ঞ করিয়া সেই সমস্ত পূরণ করেন ; কারণ তিনি হোতা, তিনি যজ্ঞ উত্তম জানেন, তাঁহার তুল্য যাজ্ঞিক কেহ নাই।

৬। হে অগ্নি ! তুমি সর্ব্বপ্রকার যজ্ঞানুষ্ঠানের বিচিত্র পতাকা স্বরূপ; এতাদৃশ তোমাকে তোমার জন্মদাতা উৎপাদন করিয়াছেন। সেই তুমি এই স্থানে এস, এস্থানে যজ্ঞের অধ্যক্ষগণ আছেন। এস্থানে স্তুতি পাঠ হইতেছে। এই সমস্ত সর্ব্বজনহিতকর চমৎকার অন্ন দেবতাদিগের উদ্দেশে নিবেদন কর।

৭। দ্যাবাপৃথিবী হইতে তোমার জন্ম, জল হইতে তুমি জন্মিয়াছ, যিনি উত্তম নির্ম্মাণ করিতে পারেন, সেই ত্বষ্টা তোমাকে জন্ম দিয়াছেন। পিতৃলোকে যাইবার কোন পথ, তাহা তুমি জান ; অতএব তুমি এরূপ ঔজ্জ্বল্য ধারণ কর, যাহাতে ঐ পথ আলোকময় হইয়া উঠে।

৩ সূক্ত।

ঋষি ও দেবতা। পূর্ব্ববৎ।

১। হে রাজন্ ! সেই প্রভু অগ্নির স্বভাবত অগ্রসর হওয়া, যিনি ভয়ঙ্কর ও সুন্দর, তিনি বিশিষ্টরূপ উজ্জ্বল হইয়া দেখা দিলেন। তিনি সচেতন হইয়া বিপুল আলোকে শোভা পাইতেছেন ; তিনি কৃষ্ণবর্ণ রাত্রিকে দূর করিয়া শুক্লবর্ণ দীপ্তি ধারণ করিতেছেন।

২। এই অগ্নি পলায়নোদ্যত কৃষ্ণবর্ণ রাত্রিকে পরাভব করিলেন ; সেই বৃহৎ পিতা অর্থাৎ সূর্য্যের পত্নী উষাদেবীকে জন্ম দান করিলেন। তিনি উর্দ্ধে আলোক বিস্তার করিয়া সূর্য্যের কিরণ আচ্ছাদনপূর্ব্বক গগনবিসারী নিজ তেজের দ্বারা সুশোভিত হইয়াছেন।

৩। অগ্নি নিজে সুরূপ, সুরূপা দীপ্তির সহিত সমাগত হইয়া আসিতেছেন, তিনি উপপতির ন্যায় উষার পশ্চাৎ পশ্চাৎ যাইতেছেন। উজ্জ্বল আলোকে পরিপূর্ণ হইয়া তিনি আপনার শ্বেতবর্ণ কিরণসহকারে কৃষ্ণবর্ণ অন্ধকারকে পরাভব করিতেছেন।

৪। এই প্রকাণ্ড অগ্নির প্রদীপ্ত কিরণসমূহ স্তবকর্ত্তাদিগকে ক্লেশ দেয় না; অগ্নি হিতৈষী বন্ধুর ন্যায়; তিনি পূজ্য এবং অভিলষিত ফলদাতা; তাঁহার মুখশ্রী সুন্দর; তাঁহার দীপ্তি অন্ধকার নষ্ট করতঃ অগ্রসর হইতেছে, সকলে তাহা জানিতে পারিতেছে।

৫। এই প্রকাণ্ড দীপ্তিশালী অগ্নির শিখা সমস্ত বায়ুর ন্যায় শব্দ করিতেছে। ইনি অতি চমৎকার ক্রীড়াশীল, অতি তেজস্বী ও অত্যন্ত বৃদ্ধিপ্রাপ্ত নিজ কিরণের দ্বারা আকাশ পরিপূর্ণ করিতেছেন।

৬। এই অগ্নির শিখা দৃষ্ট হইতেছে, ইনি চলিয়াছেন; ইঁহার উত্তাপযুক্ত কিরণসমূহ বায়ুর ন্যায় শব্দ করিতেছে। ইনি সর্ব্বাপেক্ষা অধিক উজ্জ্বল, ইঁহার স্বভাব অগ্রসর হওয়া এবং সর্ব্বদিকে বিস্তারিত হওয়া। ইঁহার চিরপরিচিত শুভ্রবর্ণ শব্দায়মান শিখাসমূহ শোভা পাইতেছে।

৭। হে অগ্নি! সেই তুমি আমাদিগের যজ্ঞে পূজনীয় দেবতাদিগকে লইয়া আইস, দ্যুলোক ও ভূলোক দুই যুবতীর ন্যায় তাঁহাদিগের মধ্যে তুমি অগ্রসর হইয়া উপবেশন কর। তুমি নিজে সৌম্য ও বেগবান্, তোমার অশ্বগণও সৌম্য ও বেগবান্, সেই ঘোটকদিগকে লইয়া তুমি এস্থানে আগমন কর।

৪ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। আমাদিগের যজ্ঞে তুমি পূজনীয় হইয়া উপস্থিত হইয়াছ, অতএব তোমাকে অর্চ্চনা করি, তোমাকে স্তব করি। হে অগ্নি! হে প্রাচীন রাজা! মরুভূমির মধ্যবর্ত্তী জলাশয়ের ন্যায় তুমি যজ্ঞকর্ত্তা ব্যক্তির প্রীতিপ্রদ হইয়া থাক।

২। হে যুবাপুরুষ! যেমন গাভীগণ উষ্ণ গোষ্ঠের মধ্যে শীত হইতে রক্ষা পায়, তদ্রূপ লোকে তোমার শরণাগত হয়। মনুষ্যগণ তোমাকে দূতের ন্যায় দেবতাদিগের নিকট প্রেরণ করে। তুমি প্রকাণ্ড মূর্ত্তিতে দ্যুলোক, ও ভূলোক মধ্যে দীপ্তিবিশিষ্ট হইয়া বিচরণ কর।

৩। পৃথিবী যেন তোমার মাতা, তুমি যেন তাঁহার বিনয়ী পুত্র। সেই মাতা তোমাকে আলিঙ্গন করিয়া সমাদর করেন। হে উজ্জ্বল! যেরূপ পশুকে ছাড়িয়া দিলে সে গোষ্ঠের দিকে যায়, তদ্রূপ তুমি আকাশের দিকে অভিমুখ হইয়া গমন কর।

৪। হে অগ্নি! তোমার মোহ নাই, আমরাই মূর্খ। তোমার মহত্ত্ব আমরা অবগত নহি, তুমিই তাহা জান। সেই অগ্নি কাষ্ঠসমূহ আচ্ছাদনপূর্ব্বক শয়ন করিতেছেন, জিহ্বাদ্বারা ভক্ষণ করিতে করিতে বিচরণ করিতেছেন, তিনি প্রজাবর্গের অধিপতি হইয়া আহুতি আস্বাদন করিতেছেন।

৫। যজ্ঞকর্ত্তারা একমন হইয়া যে অগ্নি সৃষ্টি করিলেন, সেই অগ্নি কোথাও পুরাতন কাষ্ঠের উপর নূতন হইতেছেন, তিনি ধূমস্বরূপ পতাকা তুলিয়া কাষ্ঠের উপর শুভ্রমূর্ত্তি ধারণ করিতেছেন। তিনি স্নান করেন না, বৃষের ন্যায় জলের দিকে যাইতেছেন।

৬। যেরূপ অসংসাহসিক দুই দস্যু বন মধ্যে পথিককে রজ্জুদ্বারা বদ্ধ করিয়া আকর্ষণ করে (১), তদ্রূপ আমার দুই হস্ত দশ অঙ্গুলি প্রয়োগপূর্ব্বক যজ্ঞ কাষ্ঠ হইতে অগ্নি মন্থন করিতেছে। হে অগ্নি! তোমার নিমিত্ত এই নূতন স্তব রচনা করিলাম। তোমার শুভ্রালোকবিসারী অবয়ব লইয়া তুমি যেন রথ যোজনাপূর্ব্বক এস্থানে আগমন কর।

৭। হে জ্ঞানবান্ অগ্নি! এই যজ্ঞীয় দ্রব্য তোমাকে দিলাম, এই নমস্কার করিলাম, এই স্তব যেন সর্ব্বদাই তোমার সম্ভাবণের জন্য প্রয়োগ করিতে পারি। হে অগ্নি! আমাদিগের পুত্রপৌত্রদিগকে রক্ষা কর; অনন্যমনা হইয়া আমাদিগের দেহ রক্ষা কর।

৫ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। এক যে অগ্নি, ইনি সমুদ্রের ন্যায় ধনের আধারস্বরূপ, ইনি নানারূপে জন্ম গ্রহণ করেন, ইনি আমাদিগের মনের অভিলাষ সকল অবগত আছেন, ইনি প্রাতঃকাল ও সায়ংকালের নিকটবর্ত্তী রাত্রিকালে দেখা দেন। হে অগ্নি! মেঘের মধ্যে তোমার যে বিদ্যুৎস্বরূপ স্থান আছে, তথায় গমন কর।

২। যজ্ঞকর্ত্তারা আহুতি সেচন করিতে করিতে সকলে এক প্রকার নীলবস্ত্র পরিধানপূর্ব্বক ঘোটকী লাভ করিলেন। অগ্নি যজ্ঞের স্থানস্বরূপ, পণ্ডিতেরা সেই অগ্নি যত্নপূর্ব্বক রাখিয়া থাকেন। অগ্নির ভিন্ন নিগূঢ় নামসমূহ তাঁহারা ভিন্ন হৃদয়ে ধারণ করেন।

(১) বনমধ্যে দস্যুর উল্লেখ।

৩। দুই অরণি যজ্ঞের অবলম্বনস্বরূপ, তাহাদিগের কার্য্য অতি আশ্চর্য্য, তাহারা একত্র হইল এবং যথাসময়ে অগ্নিরূপী বালককে জন্ম দান করিয়া লালন পালন করিল। স্থাবর, জঙ্গম সমস্ত জগতের শ্রেষ্ঠ সেই অগ্নির যে সন্তান, আমরা যেন তাঁহাকে মনে মনে ধ্যান করি।

৪। যে সকল প্রাচীন পুরোহিত ও যজ্ঞকর্ত্তা ব্যক্তি ছিলেন, যাঁহারা যজ্ঞের কার্য্যের প্রবর্ত্তকস্বরূপ, অগ্নি উত্তমরূপে উৎপন্ন হইবামাত্র তাঁহার অন্ন কামনাতে অগ্নির সেবা আরম্ভ করিলেন। যে দ্যুলোক ও ভূলোক তাবৎ বস্তুর আস্বাদনকারী, অগ্নি তাহারই মধ্যে বাস করেন, সেই অগ্নিকে যজ্ঞকর্ত্তারা ঘৃত ও মধুপূর্ণ খাদ্যদ্রব্য অর্পণপূর্ব্বক সংবর্দ্ধনা করিতেছেন।

৫। অগ্নি মধু জানেন, তিনি মধুর অভিলাষী হইয়া তাঁহার স্বকীয় সপ্তসংখ্যক লোহিতবর্ণ শিখা আবির্ভূত করিলেন, অভিপ্রায় যে সকলে অনায়াসে আলোকসহকারে চতুর্দ্দিকে দেখিতে পায়। তিনি প্রথমে জন্ম গ্রহণ করিয়া আকাশে সেই সমস্ত শিখা প্রেরণ করিলেন, তিনি যেন সূর্য্যের আলোক আবরণ করিতে পারে, এরূপ ঔজ্জ্বল্য ইচ্ছাপূর্ব্বক ধারণ করিলেন।

৬। পণ্ডিতেরা সাতটী সীমা, অর্থাৎ অকর্ত্তব্য কর্ম্ম নিরূপণ করিয়াছেন; যে কেহ তাহার একটীও করে সেই পাপী। অগ্নি মনুষ্যকে পাপ হইতে রুদ্ধ রাখেন, তিনি নিকটবর্ত্তী মনুষ্যের ভবনে থাকেন, সূর্য্যকিরণের বিচরণ মার্গে এবং জলের মধ্যেও থাকেন।

৭। অগ্নিই অসৎও বটেন, সৎও বটেন (১)। তিনি পরমধামে আছেন, তিনি আকাশের উপরে সূর্য্যরূপে জন্মিয়াছেন। অগ্নিই আমাদিগের অগ্রে জন্মিয়াছেন, তিনি যজ্ঞের পূর্ব্ববর্ত্তী কালে অবস্থিত ছিলেন। তিনি বৃষও বটেন, গাভীও বটেন, অর্থাৎ স্ত্রীপুরুষ উভয়রূপী।

(১) এস্থলে সৃষ্টির পূর্ব্বে জগতের যে অপরিণত অবস্থা ছিল, তাহাকে অসৎ বলা হইয়াছে। আর সৃষ্টির পরবর্ত্তী অবস্থা সৎ। সায়ণ।

৬ সূক্ত।

অগ্নি দেবতা। ত্রিত ঋষি।

১। এই সেই অগ্নি, যজ্ঞের সময় যাঁহাকে স্তব করিয়া তাঁহার আশ্রয় পাওয়া যায় এবং নিজ গৃহে অশেষ প্রকার শ্রীবৃদ্ধি প্রাপ্ত হওয়া যায়; যিনি দীপ্তিবিশিষ্ট এবং সূর্য্যকিরণ অপেক্ষা উজ্জ্বলতর আলোকে পরিচ্ছন্ন হইয়া সর্ব্বত্র বিচরণ করেন।

২। যিনি দুর্দ্ধর্ষ এবং যজ্ঞের অধিপতি এবং দীপ্তিশীল, তিনি উজ্জ্বল-কিরণমণ্ডলের দ্বারা প্রদীপ্ত হইতেছেন। যিনি নিজ মিত্রস্বরূপ যজমান-দিগের প্রতি বন্ধুজনোচিত কার্য্য করিবার জন্য উত্তম ঘোটকের ন্যায় অক্লিষ্ট ভাবে আসিতেছেন।

৩। তিনি সর্ব্বপ্রকার দেবারাধনার প্রভু, তিনি সর্ব্বত্র বিচরণ করেন, প্রাতঃকাল হইতেই তাঁহার প্রভুত্ব আরম্ভ হয়, যজ্ঞকর্ত্তা ব্যক্তি সেই অগ্নিতে মনোমত হোমের দ্রব্য নিক্ষেপ করেন, তাহা হইলেই তাঁহার রথ বিপক্ষদিগের নিকট দুর্দ্ধর্ষ হয়।

৪। সেই অগ্নি নিজ বলে বলী হইয়া এবং স্তবসমূহ গ্রহণ করিতে করিতে দ্রুত গমনে দেবতাদিগের উদ্দেশে যাইতেছেন। তিনি স্তব করেন, হোম করেন, দেবতাদিগকে আহ্বান করেন, তিনিই প্রধান যজ্ঞকর্ত্তা; তিনি দেবতাদিগের সহিত মিলিত হইয়া তাঁহাদিগকে আনয়ন করিতেছেন।

৫। সেই যে অগ্নি, যিনি ভোগ্যবস্তু দান করেন, ইন্দ্রের ন্যায় দীপ্তি পান, তোমরা তাঁহাকে নমস্কার ও স্তবের দ্বারা সংবর্দ্ধনা কর। তিনি ধনের কর্ত্তা, তিনি বিপক্ষপরাভবকারী দেবতাদিগকে আহ্বান করেন, তাঁহাকে মেধাবী ব্যক্তিগণ স্তুতি বাক্যদ্বারা আপ্যায়িত করেন।

৬। দ্রুতগামী ঘোটকেরা যেমন যুদ্ধে যায়, তদ্রূপ অশেষ ধন সেই অগ্নির সহিত যাইয়া মিলিত হয়। হে অগ্নি! তুমি ইন্দ্রের সহিত একত্র হইয়া আমাদিগের মঙ্গলের জন্য তোমার আশ্রয় প্রদান কর।

৭। হে অগ্নি! তুমি জন্মিবামাত্র মহত্ত্ব লাভ করিলে এবং স্থান গ্রহণ করিয়াই আহুতিযোগ্য হইলে। অতএব তোমাকে দেখিয়াই দেবতারা তোমার নিকটে আসিলেন; তাঁহারা তোমার সহিত মিলিত হইয়া সর্ব্বাগ্রেই বর্দ্ধিষ্ণু হইলেন।

৭ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। হে অগ্নি! আকাশ ও পৃথিবী হইতে কল্যাণ আহরণপূর্ব্বক আমাদিগকে দাও। হে দেব! আমাদিগের যজ্ঞের জন্য সর্ব্বপ্রকার অন্ন আহরণ কর। হে সৌম্যমূর্ত্তি! আমরা যেন তোমার জ্ঞানে জ্ঞানবান্ হই। হে দেব! তোমাকে যে এত বৃহৎ বৃহৎ স্তব অর্পণ করিতেছি, সেই কারণে আমাদিগকে রক্ষা কর।

২। হে অগ্নি! তোমার জন্য এই সমস্ত স্তব প্রস্তুত হইয়াছে; তুমি যে সকল গাভী ও ঘোটক ও ধন দিয়াছ, তাহারই জন্য তোমার গুণ কীর্ত্তন করা হইতেছে। হে সৌম্যমূর্ত্তি! হে ধনস্বরূপ! যখন মনুষ্য তোমার নিকট ভোগ্যবস্তু প্রাপ্ত হয়, তখন তাহার অনেক প্রকার স্তব আসিয়া উপস্থিত হয়।

৩। অগ্নিকে আমি পিতা ও আত্মায় জ্ঞান করি; অগ্নিই ভ্রাতা, অগ্নিই চিরকালের বন্ধু। যেমন আকাশস্থ শুভ্রবর্ণ সূর্য্যমণ্ডলকে লোকে আরাধনা করে, তদ্রূপ আমি প্রকাণ্ড অগ্নির মূর্ত্তিকেই সেবা করিয়া থাকি।

৪। হে অগ্নি! এই সকল স্তব সম্পন্ন হইয়াছে, এই স্তব হইতেই আমরা সকল বস্তু পাইয়া থাকি। আমি সেই ব্যক্তি, যাহার ভবনে তুমি নিত্য নিত্য দেবতাদিগকে আহ্বান কর এবং রক্ষা কর। সেই আমি যেন যজ্ঞবান্ হই, যেন লোহিতবর্ণ ঘোটক ও প্রচুর অন্ন প্রাপ্ত হই, যেন উজ্জ্বল আলোকসম্পন্ন দিনে তোমার উপর হোমের দ্রব্য অর্পণ করি।

৫। উজ্জ্বলমূর্ত্তিধারী পুরুষেরা অগ্নিকে আধান করিলেন, প্রাচীন বন্ধুর ন্যায় তাহাকে সন্তুষ্ট করা উচিত; তিনি যজ্ঞের পুরোহিত, যজ্ঞের সমাপন-কর্ত্তা। মনুষ্যবর্গ বাহুসঞ্চালনপূর্ব্বক সেই অগ্নিকে জন্ম দান করিলেন। তিনি রূপধারী দেবতাদিগকে আহ্বান করিবেন বলিয়া তাঁহাকে সংস্থাপন করা হইল।

৬। হে দেব! দিব্যলোকবাসী দেবতাদিগকে তুমি নিজেই অর্চ্চনা কর। অপরিণতমতি নির্ব্বোধ মনুষ্য তোমার কি সাহায্য করিবে। যেরূপ তুমি সময়ে সময়ে দেবতাদিগকে অর্চ্চনা কর, তদ্রূপ হে সৌম্যমূর্ত্তি! তোমার, আপনার উদ্দেশেও তুমি যজ্ঞ সম্পন্ন কর

৭। হে অগ্নি! আমাদিগের রক্ষাকর্ত্তা হও, আমাদিগের গাভী-গণের রক্ষাকর্ত্তা হও, আমাদিগের অন্নের উৎপাদনকর্ত্তা এবং অন্নের সঞ্চয়কর্ত্তা হও। হে পূজনীয়! হোম করিবার সামগ্রী সমস্ত আমাদিগকে দান কর, সাবধান হইয়া আমাদিগের দেহ রক্ষা কর।

৮ সূক্ত।

প্রথমে অগ্নি, পরে ইন্দ্র দেবতা। ত্রিশিরা ঋষি।

১। প্রকাণ্ড পতাকা লইয়া অগ্নি যাইতেছেন। বৃষের ন্যায় শব্দ করিতে-ছেন, শব্দে দ্যুলোক ও ভূলোক শব্দায়মান। গগনের কি দূর, কি নিকট, সকল স্থান ব্যাপিয়া ফেলিলেন। জলের ভাণ্ডারের নিকট, অর্থাৎ আকাশে, তিনি প্রকাণ্ড মূর্ত্তিতে অর্থাৎ বিদ্যুতের আকারে বৃদ্ধি প্রাপ্ত হইলেন।

২। অগ্নি অল্পবয়স্ক বৃষের ন্যায় আমোদ করিলেন, দেখ তাঁহার শিখাই তাহার ককুদ। বৎসটী দেখিতে সুশ্রী, কত খেলা খেলিতেছে, শব্দ করিতেছে। দেবারাধনার কালে কত উৎসাহ প্রদর্শন করিতেছে এবং সর্ব্বাগ্রে আপনা হইতেই আপন স্থানে যাইতেছে।

৩। দ্যুলোক ও ভূলোক অগ্নির পিতা মাতার তুল্য, তাহাদিগের মস্তকে ইনি আরোহণ অর্থাৎ শিখা বিস্তার করেন। এই বীরের অস্থিরমূর্ত্তিকে যজ্ঞে আধান করা হইল। ইনি যখন চলিলেন, তখন যজ্ঞ স্থানের লোকেরা চতুর্দ্দিগ্-ব্যাপী ইহার দীপ্তিবিশিষ্ট মূর্ত্তিসমূহের নিকটবর্ত্তী হইল।

৪। হে ধন স্বরূপ! প্রতি দিন প্রভাতে তুমি অগ্রে আসিয়া থাক। রাত্রি ও দিনের সন্ধিসময়ে তুমি দীপ্তিশালী হও। তুমি নিজ দেহ হইতে সূর্য্যের ন্যায় তেজঃ উৎপাদনপূর্ব্বক যজ্ঞের জন্য সপ্তস্থানে উপবেশন কর।

৫। হে অগ্নি! তুমি মহত্ত্বযুক্ত যজ্ঞের চক্ষুস্বরূপ। যখন তুমি যজ্ঞের জন্য গমন কর, তৎকালে তুমি আবরণকারী রক্ষাকর্ত্তা হইয়া থাক। হে বুদ্ধিমান্! তুমি জলের পৌত্র (১)। যাহার আহুতি গ্রহণ কর, তুমি তাহার দূত হইয়া থাক।

(১) জলের পুত্র মেঘ, মেঘের পুত্র বিদ্যুৎ, অর্থাৎ অগ্নি। সায়ণ

৬। হে অগ্নি! তুমি যে আকাশে নিযুৎ নামক ঘোটকের সহিত বায়ুর সঙ্গে মিলিত হও, তথায় তুমি যজ্ঞের নির্ব্বাহকর্ত্তা এবং জলের প্রেরণকর্ত্তা হইয়া থাক। তুমি আকাশের দিকে তোমার মস্তক উত্তোলন কর। হে অগ্নি! সর্ব্ববস্তু প্রদানকারিণী শিখাস্বরূপ তোমার জিহ্বার উপর তুমি হোমের দ্রব্য বহন কর।

৭। ত্রিত যজ্ঞ করিয়া এই প্রার্থনা করিলেন, তাঁহার ইচ্ছা যে, যজ্ঞের মধ্যে পিতার ধ্যান করিয়া নানা বিপদে রক্ষা পান। তিনি প্রার্থনার অনুরোধে পিতা-মাতার নিকটে উপযুক্ত বাক্য বলিতে বলিতে যুদ্ধের অস্ত্র লইতে গেলেন।

৮। আপ্তের পুত্র সেই ত্রিত, ইন্দ্রকর্তৃক প্রেরিত হইয়া নিজ পিতার যুদ্ধাস্ত্র সকল গ্রহণপূর্ব্বক যুদ্ধ করিলেন। সপ্তরশ্মি ত্রিশিরাকে (২) বধ করিলেন। ত্বষ্টার পুত্রের গাভী সমস্ত অপহরণ করিলেন।

৯। শিষ্ট পালনকর্ত্তা ইন্দ্র, অভিমানী ও সর্ব্বব্যাপিতেজোবিশিষ্ট ত্বষ্টার পুত্রকে বিদীর্ণ করিলেন। তিনি গাভীদিগকে আহ্বান করিতে করিতে ত্বষ্টার পুত্র বিশ্বরূপের তিন মস্তক ছেদন করিলেন (৩)।

৯ সূক্ত।

জল দেবতা। সিন্ধুদ্বীপ ঋষি অথবা ত্রিশিরা ঋষি।

১। হে জল! তুমি সুখের আধারস্বরূপ। তুমি অন্ন সঞ্চয় করিয়া দাও। তুমি মহৎ ও সুন্দর দৃষ্টি দান কর।

২। হে জলগণ! তোমরা স্নেহময়ী জননীর ন্যায়, তোমাদিগের যে রস অতি সুখকর, আমাদিগকে তাহার ভাগী কর।

৩। হে জলগণ! যে পাপের ক্ষয়ের নিমিত্ত তোমরা প্রস্তুত আছ, সেই পাপক্ষয় কামনায় আমরা তোমাদিগকে মস্তকে নিক্ষেপ করি! তোমরা আমা-দিগের বংশ বৃদ্ধি কর।

(২) "The three-headed seven-rayed (monster)."—Muir's *Sanscrit Texts*, vol. V (1884), p. 230.

(৩) ইন্দ্রের ও ত্রিতের ত্বষ্টার সহিত বৈরভাব ছিল এবং ইন্দ্র ত্বষ্টার পুত্র বিশ্বরূপকে হনন করেন, এরূপ একটী বৈদিক আখ্যান আছে, তাহা পূর্ব্বেই বলা হইয়াছে।

৪। জলস্বরূপ দেবতাগণ আমাদিগের যজ্ঞের জন্য সুখ বিধান করুন, পানের উপযোগী হউন, মঙ্গল বিধান ও অমঙ্গল নিবারণ করুন, আমাদিগের মস্তকে ক্ষরিত হউন।

৫। অভিলষিত বস্তুর অধীশ্বর জলেরাই আছেন, মনুষ্যদিগকে তাঁহারাই বাস করাইয়া থাকেন; সেই জলদিগকে আমি ঔষধের জন্য প্রার্থনা করি।

৬। সোম আমাকে বলিয়াছেন যে, জলের মধ্যে তাবৎ ঔষধ আছে এবং জগতের সুখকর অগ্নিও আছেন।

৭। হে জলগণ! আমার দেহরক্ষাকারী ঔষধ পরিপুষ্ট কর, যেন আমরা বহুকাল সূর্য্যকে দেখিতে পাই।

৮। হে জলগণ! যাহা কিছু দুষ্কৃত আমার আছে, অথবা যে কোন হিংসার কার্য্য করিয়াছি, কিংবা অভিসম্পাত করিয়াছি, অথবা মিথ্যা কথা কহিয়াছি, সে সমস্ত অপসারিত কর।

৯। আমি অদ্য জলে প্রবেশ করিয়াছি, ইহার রস পাইয়াছি। হে অগ্নি! জলবিশিষ্ট হইয়া তুমি এস। আমাকে তেজোযুক্ত কর (১)।

উত্ত

---

১০ সূক্ত। (১)

যম ও যমী দেবতা। এবং তাঁহারাই ঋষি।

১। [যমী ও যম যমজ ভ্রাতৃভগিনী, তন্মধ্যে যমী যমকে কহিতেছেন]—বিস্তীর্ণ সমুদ্রমধ্যবর্ত্তী এই দ্বীপে আসিয়া এই নির্জ্জন প্রদেশে তোমার সহবাসের জন্য আমি অভিলাষিণী, কারণ গর্ভাবস্থা অবধি তুমি আমার সহচর। বিধাতা মনে মনে চিন্তা করিয়া রাখিয়াছেন, যে তোমার ঔরসে আমার গর্ভে আমাদিগের পিতার এক সুন্দর নপ্তা (নাতি) জন্মিবে।

(১) ৬—৯ এই কয়েক ঋক্ প্রথম মণ্ডলের ২৩ সূক্তের ২০ হইতে ২৩ ঋকের সহিত এক।

(১) এই সূক্তটী অতি প্রসিদ্ধ। ইহাতে ভগ্নী যমী ভ্রাতা যমকে আলিঙ্গন করিবার অভিলাষ প্রকাশ করিতেছেন, কিন্তু যম সেই পাপকার্য্যে অসম্মতি প্রকাশ করিতেছেন। যম ও যমীর আদি অর্থ দিবা ও রাত্রি; রাত্রি দিবার পশ্চাতে আইসে, কিন্তু তাহাদিগের সঙ্গমন হয় না। এই প্রসিদ্ধ সূক্তের মৌলিক অর্থ আমি এইরূপ বুঝিয়াছি।

২। [যমের উত্তর]—তোমার গর্ভসহচর তোমার সহিত এপ্রকার সম্পর্ক কামনা করেন না। যেহেতু তুমি সহোদরা ভগিনী অগম্যা। আর এস্থান নির্জ্জন নহে, যেহেতু সেই মহান্ অসুরের স্বর্গধারণকারী বীরপুত্রগণ পৃথিবীর সর্ব্বভাগ দেখিতেছেন (২)।

৩। [যমীর উক্তি]—যদিচ কেবল মনুষ্যের পক্ষে এপ্রকার সংসর্গ নিষিদ্ধ, তথাপি দেবতারা এরূপ সংসর্গ ইচ্ছাপূর্ব্বক করিয়া থাকেন। অতএব আমার যেরূপ ইচ্ছা হইতেছে, তুমিও তদ্রূপ ইচ্ছা কর। তুমি পুত্রজন্মদাতা পতির ন্যায় আমার শরীরে প্রবেশ কর।

(২) অসুরেব বীর পুত্রগণ বোধ হয় স্বর্গধারী দেবগণ। দশম মণ্ডলে "অসুর" শব্দ ১৯ বার ব্যবহৃত হইয়াছে, যথা—

১০ সূক্তের	২ ঋকে	স্বর্গদেব সম্বন্ধে
১১ ,,	৬ ,,	পুরোহিত ,,
৩১ ,,	৬ ,,	যজ্ঞ ,,
৫৩ ,,	৪ ,,	বলবান্ শত্রু ,,
৫৬ ,,	৬ ,,	সূর্য্য ,,
৭৪ ,,	২ ,,	[illegible] ,,
৮২ ,,	৫ ,,	দেবগণ ,,
৯২ ,,	৬ ,,	মেঘ ,,
৯৩ ,,	১৪ ,,	রামরাজা ,,
৯৬ ,,	১১ ,,	ইন্দ্র ,,
৯৯ ,,	১২ ,,	ইন্দ্র ,,
১২৪ ,,	৩ ,,	দেবগণ ,,
১২৪ ,,	৫ ,,	দেবগণ ,,
১৩২ ,,	৪ ,,	মিত্র ,,
১৩৮ ,,	৩ ,,	দেবশত্রু ,,
১৫১ ,,	৩ ,,	দেবশত্রু ,,
১৫৭ ,,	৪ ,,	দেবশত্রু ,,
১৭০ ,,	২ ,,	দেবশত্রু ,,
১৭৭ ,,	১ ,,	দেবশত্রু ,,

দশম মণ্ডলের শেষ ভাগের সূক্তগুলি অপেক্ষাকৃত আধুনিক। সুতরাং সেই সূক্তগুলিতে "অসুর" শব্দ অনেকটা পৌরাণিক অর্থে ব্যবহৃত হইয়াছে।

৪। [যমের উত্তর]—একার্য্য পূর্ব্বে কখন আমরা করি নাই। আমরা সত্যবাদী, কখন মিথ্যা কহি নাই। গন্ধর্ব্ব আমাদিগের পিতা, আর আপ্যা যোষা আমাদিগের উভয়ের মাতা (৩); সুতরাং আমাদিগের উভয়ের অতি নিকট সম্পর্ক।

৫। [যমীর উক্তি]—নির্ম্মাণকর্ত্তা ও প্রসবিতা ও বিশ্বরূপ দেবত্বষ্টা (৪), আমাদিগকে গর্ভাবস্থাতেই বিবাহিত স্ত্রীপুরুষবৎ করিয়াছেন। তাঁহার অভিপ্রায় অন্যথা করিতে কাহারও সাধ্য নাই। আমাদিগের এই সম্পর্ক পৃথিবী ও আকাশ উভয়েই জানেন।

৬। [যমের উক্তি]—এই প্রথম দিন কে জানে? কে বা দেখিয়াছে? কেই বা প্রকাশ করিয়াছে? মিত্র ও বরুণের আবাসভূত এই বিশ্বজগৎ অতি প্রকাণ্ড। অতএব হে আহন (৫)! তুমি নরদিগকে ইহার কি বল?

৭। [যমীর উক্তি] তুমি যম, আমি যমী, তুমি আমার প্রতি অভিলাষযুক্ত হও, এস এক স্থানে উভয়ে শয়ন করি। পত্নী যেমন পতির নিকট, তদ্রূপ আমি তোমার নিকট নিজ দেহ সমর্পণ করিয়া দিই। রথ ধারণকারী চক্রদ্বয়ের ন্যায় এস, আমরা এক কার্য্যে প্রবৃত্ত হই।

৮। [যমের উত্তর]—এই যে সকল দেবতাদিগের গুপ্তচর, ইহাদের সর্ব্বত্র গতিবিধি, ইহারা চক্ষুঃ নিমীলন করে না। হে ব্যথাদায়িনি (৬) যাও, শীঘ্র

(৩) সায়ণ গন্ধর্ব্ব অর্থে বিবস্বান্ বা সূর্য্য এবং আপ্যা যোষা অর্থে সরণ্যু বা সূর্য্যপত্নী উষা করিয়াছেন। আচার্য্য মক্ষ মুলর এই অর্থই গ্রহণ করিয়াছেন।

(৪) মূলে "জনিতা * * দেবঃ ত্বষ্টা সবিতা বিশ্বরূপঃ" আছে। সায়ণ "সবিতা" শব্দ বিশেষ্য করিয়া জনিতা ও ত্বষ্টা ও বিশ্বরূপ শব্দকে তাহার বিশেষণ শব্দ করিয়াছেন। কিন্তু ত্বষ্টাই বোধ হয় বিশেষ্য, সবিতা প্রভৃতি শব্দগুলি বিশেষণ। "The divine Twashtri, the creator, the vivifier, the shaper of all forms." —*Muir*.

(৫) এই শব্দের অর্থ সম্বন্ধে সন্দেহ আছে। সায়ণ এই ষষ্ঠ ঋক্‌টী যমীর উক্তি করিয়াছেন। সুতরাং "আহনঃ" যমের বিশেষণ করিয়াছেন। মিউয়র এই ঋক্ যমের উক্তি করিয়া "আহনঃ" অর্থে "O! Wanton woman!" করিয়াছেন। আমি সেই অর্থ গ্রহণ করিয়াছি কেন না অষ্টম ঋকে "অহনঃ" শব্দ যমীর সম্বন্ধেই ব্যবহৃত হইয়াছে।

(৬) এখানে "অহনঃ" শব্দ আছে।

অশ্বের নিকট গমন কর; রথধারণকারী চক্রদ্বয়ের স্থায় তাহার সহিত এক কার্য্য কর।

৯। [যমীর উক্তি]—কি দিবসে, কি রাত্রিতে, যজ্ঞের ভাগ যেন যমকে দান করা হয়, সূর্য্যের তেজঃ যেন পুনঃ পুনঃ আবির্ভূত হয়। দ্যুলোক ও ভূলোক স্ত্রীপুরুষবৎ সম্বন্ধ। যমী যাইয়া ভ্রাতা যমের আশ্রয় গ্রহণ করুক (৭)।

১০। [যমের উক্তি]—ভবিষ্যতে এমন যুগ হইবে, যখন ভ্রাতা ভগ্নীর সহিত সহবাস করিবে। হে সুন্দরি! এক্ষণে আমা ভিন্ন অস্ত পুরুষকে পতিত্বে বরণ কর। তিনি যখন তোমাকে গ্রহণ করিবেন, তখন তাঁহাকে বাহুদ্বারা আলিঙ্গন কর।

১১। [যমীর উক্তি]—সে কিসের ভ্রাতা, যদি সে থাকিতেও ভগিনী অনাথা হয়? সে কিসের ভগিনী, যদি সেই ভগিনী সত্ত্বেও ভ্রাতার দুঃখ দূর না হয়? আমি অভিলাষে মূর্ছিতা হইয়া এত করিয়া বলিতেছি; তোমার শরীরে আমার শরীরে মিলাইয়া দাও।

১২। [যমের উত্তর]—তোমার শরীরের সহিত আমার শরীর মিলাইতে ইচ্ছা নাই। ভগিনীতে যে ব্যক্তি উপগত হয়, তাহাকে পাপী কহে। আমি ভিন্ন অন্য পুরুষের সহিত সুখ সম্ভোগের চেষ্টা দেখ। হে সুন্দরি! তোমার ভ্রাতার তাদৃশ অভিলাষ নাই।

১৩। [যমীর উক্তি]—হায়! যম! তুমি নিতান্ত দুর্ব্বল পুরুষ দেখিতেছি! এ তোমার কি প্রকার মন, কি প্রকার অন্তঃকরণ, আমি কিছুই বুঝিতে পারিতেছি না। রজ্জু যেরূপ ঘোটককে বেষ্টন করে, কিংবা যেরূপ লতা বৃক্ষকে আলিঙ্গন করে, তদ্রূপ অন্য নারী অনায়াসেই তোমাকে আলিঙ্গন করে, অথচ তুমি আমার প্রতি বিমুখ!

১৪। [যমের উত্তর]—হে যমি! তুমিও অন্য পুরুষকে আলিঙ্গন কর। যেরূপ লতা বৃক্ষকে, তদ্রূপ অন্য পুরুষই তোমাকে আলিঙ্গন করুক। তাহারই মন তুমি হরণ কর, সেও তোমার মন হরণ করুক। তাহারই সহবাসের ব্যবস্থা স্থির কর, তাহাতেই মঙ্গল হইবে।

(৭) পণ্ডিতবর মিউয়র এই ঋক্ যমীর উক্তি করিয়াছেন। আমি তাহাই সঙ্গত বলিয়া গ্রহণ করিয়াছি।

১১ সূক্ত।

অগ্নি দেবতা। হবির্দ্ধান ঋষি।

১। সেই মহত্ত্বযুক্ত দুর্দ্ধর্ষ অগ্নি বৃষ্টিবর্ষণের মূলীভূত, তিনি উজ্জ্বল, আকাশ হইতে আশ্চর্য্য দোহন প্রক্রিয়াদ্বারা জল দোহন করিলেন। যেরূপ বরুণ, তদ্রূপ তিনিও নিজ জ্ঞানে সর্ব্বজ্ঞ হইয়া আছেন। তিনি যজ্ঞের মূল, প্রার্থনা করি যে, যজ্ঞের উপযুক্ত সর্ব্বসময়েই তিনি যজ্ঞ সম্পন্ন করুন।

২। গন্ধর্ব্বী ও অপ্যা যোষণা (১) স্তব করিতেছেন। নদ যে স্তব করিতেছে, তাহাতে আমার মনঃ সংযোগ হউক। অদিতিদেবী আমাদিগকে তাবৎ অভিলষিত ফলের মধ্যে লইয়া চলুন। আমাদিগের জ্যেষ্ঠ ভ্রাতা সর্ব্বাগ্রে স্তব করিতেছেন।

৩। যেই মাত্র গগনবিহারিণী, শব্দায়মানা, কল্যাণমূর্ত্তি চিরপরিচিতা ঊষাদেবী মনুষ্যকে দেখা দিলেন, তখনই যজ্ঞের জন্য অগ্নিকে উৎপাদন করা হইল; যাহারা যজ্ঞের অভিলাষী, এই অগ্নি তাহাদিগের প্রতিই প্রীতিযুক্ত, ইনি দেবতাদিগকে আহ্বান করেন।

৪। শ্যেনপক্ষী অগ্নিকর্তৃক প্রেরিত হইয়া যজ্ঞে সেই দ্রবমূর্ত্তি সর্ব্বব্যাপী সর্ব্বজ্ঞ সোমকে আনিয়া দেন। যখন আর্য্য মনুষ্যগণ সৌম্যমূর্ত্তি ও দেবতাদিগের আহ্বানকারী অগ্নিকে বেষ্টন করিয়া অবস্থিত হয়েন, তখন স্তব উঠিতে থাকে।

৫। হে অগ্নি! যেরূপ ঘাস পশুর পক্ষে, তদ্রূপ তুমি সর্ব্বদাই আমাদিগের পক্ষে প্রিয়। মনুষ্যের আহুতি প্রাপ্ত হইয়া তুমি উত্তমরূপে যজ্ঞ সম্পন্ন কর। মেধাবী ব্যক্তির স্তুতিবাক্য গ্রহণপূর্ব্বক এবং হোমের দ্রব্য প্রাপ্ত হইয়া তুমি বিস্তর দেবতা লইয়া এস।

৬। হে অগ্নি! তোমার শিখাকে তেজোময় মাতাপিতাস্বরূপ দ্যাবা-পৃথিবীর দিকে প্রেরণ কর। যেরূপ জীর্ণকারী সূর্য্য আপনার আলোক দ্যুলোক ও ভূলোকে ভাগ করিয়া দেন। যজ্ঞাভিলাষী দেবতাদিগের উদ্দেশে যজ্ঞকর্ত্তা যজ্ঞ করিতে উদ্যত, তিনি মনের সহিত ব্যগ্র হইয়াছেন। অগ্নি স্তব স্ফূর্ত্তি করিয়া দিতেছেন। প্রধান পুরোহিত উত্তমরূপে কর্ম্ম সম্পন্ন

(১) অপ্যা যোষণা অর্থে ঊষা। পূর্ব্বের সূক্তের ৪ ঋকের টীকা দেখ। গন্ধর্ব্ব অর্থে যদি সূর্য্য হয়, তবে গন্ধর্ব্বী অর্থেও সূর্য্যপত্নী ঊষা।

করিবার জন্য উৎসুক হইয়াছেন এবং স্তব বাড়াইয়া দিতেছেন। ব্রহ্মা নামক বুদ্ধিমান্ পুরোহিত মনে মনে আশঙ্কা করিতেছেন, পাছে কোন দোষ ঘটে।

৭। হে বলের পুত্র অগ্নি! যে ব্যক্তি তোমার অনুগ্রহ লাভ করিয়াছে, তাহার যশ সর্ব্বাতিশায়ী। সে অন্ন বিতরণ করে, ঘোটকগণ তাহাকে বহন করে, তাহার মূর্ত্তি উজ্জ্বল ও বলিষ্ঠ, সে দিন দিন অধিক সুখী হয়।

৮। হে পূজনীয় অগ্নি! যখন আমরা এই সমস্ত পুঞ্জ পুঞ্জ স্তব দেবতাদিগের যজ্ঞ উদ্দেশে উচ্চারণ করি, সেই সময়ে রমণীয় বস্তু সকল আমাদিগকে দিও। হে যজ্ঞীয় দ্রব্য গ্রহণকারী! আমরা যেন ইহা হইতে ধনের অংশ প্রাপ্ত হই।

৯। আমাদিগের গৃহে সর্ব্বদেবতার উদ্দেশে এই যে যজ্ঞ হইতেছে, ইহাতে, হে অগ্নি! তুমি আমাদিগের কথা শ্রবণ করিও। অমৃতক্ষরণ করে, এতাদৃশ রথ যোজনা কর। দেবতাদিগের জনকজননী দ্যাবা-পৃথিবীকে আমাদিগের নিকট লইয়া এস, তুমি এই স্থানেই থাক। দেবতা-দিগের নিকট হইতে তুমি অপসৃত হইও না।

১২ সূক্ত।

অগ্নি দেবতা। হবির্দ্ধান ঋষি।

১। দ্যুলোক ও ভূলোক ইঁহারা যজ্ঞের সময় সর্ব্বপ্রথম অগ্নিকে আহ্বান করুন, তাঁহাদের সেই আহ্বান সত্য হউক। তখন অগ্নি যজ্ঞের জন্য মনুষ্য-দিগকে প্রেরণ করিয়া আপন শিখা ধারণপূর্ব্বক দেবতাদিগের আহ্বানের জন্য উপবেশন করুন।

২। হে অগ্নি! তুমি নিজে দেব, অন্যান্য দেবতাদিগের নিকট গমনপূর্ব্বক আমাদিগের যজ্ঞ ও হোমের দ্রব্য বহন করিয়া লইয়া যাও। তুমি শ্রেষ্ঠ, তুমি বিজ্ঞ; ধূমই তোমার পতাকা; তুমি প্রজ্বলিত হইয়া সরল শিখা ধারণ কর; তুমি হোতা ও নিত্য বাক্যপ্রয়োগসহকারে যজ্ঞ করিতে তোমার তুল্য কেহ নাই।

৩। অগ্নিদেব আপনা হইতে যে জল উপার্জ্জন করেন, তাহাতে উদ্ভিজ্জ-গণ উৎপন্ন হইয়া পৃথিবীকে পালন করে। পরে সমস্ত দেবগণ তোমার সেই

জল বিতরণের বিষয় গান করেন। তোমার শুভ্রবর্ণ শিখা স্বর্গের ঘৃতস্বরূপ বৃষ্টিবারি দোহন করে।

৪। হে অগ্নি! আমাদিগের যজ্ঞকার্য্য সম্পন্ন কর; হে দ্যাবাপৃথিবি! আমি তোমাদিগকে স্তব করি। হে ঘৃততুল্য বৃষ্টি বর্ষণকারী! আমার স্তব শ্রবণ কর। যখন স্তবকর্ত্তারা যজ্ঞের সময় স্তব করিলেন, হে জনকজননী! তখন মধুতুল্য জল বর্ষণ করিয়া আমাদিগের মালিন্য অপনয়ন কর।

৫। অগ্নি কি ভবে আমাদিগের হোম গ্রহণ করিয়াছেন? আমরা কি তাঁহার উপযুক্ত পূজা করিতে পারিয়াছি? কেই বা তাহা জানে? বন্ধুকে আহ্বান করিলে তিনি যেমন আসেন, তদ্রূপ অগ্নি আসিতে পারেন। আমাদিগের এই স্তুতিবাক্য দেবতাদিগের নিকট গমন করুক। আর যাহা কিছু খাদ্যদ্রব্য আছে, তাহাও দেবতাদিগের নিকট গমন করুক।

৬। এক্ষণে অমৃতের আহুতি দুঃসাধ্য, কারণ একবংশীয়া ও ভিন্ন রূপধারিণী দেবতা রহিয়াছেন। হে মহান্ অগ্নি! যে ব্যক্তি যমের প্রসন্নতা লাভ করিয়াছে, সাবধানতাসহকারে তাহাকে রক্ষা কর (১)।

৭। সেই অগ্নি উপস্থিত থাকিলেই যজ্ঞে দেবতাদিগের আমোদ হয়, এই নিমিত্ত অগ্নিকে যজ্ঞকর্ত্তা ব্যক্তির গৃহে স্থাপনা করা হয়। দেবতারা সূর্য্যের আলোক সঞ্চয় করিয়া রাখিয়াছেন এবং চন্দ্রেতে রাত্রি সমস্ত সঞ্চয় করিয়া রাখিয়াছেন। তাহারা নিরন্তর দীপ্তি প্রাপ্ত হইয়া থাকে।

৮। যে নিগূঢ় জ্ঞানস্বরূপ অগ্নি উপস্থিত থাকিলে দেবতারা নিজ কার্য্য সম্পাদন করেন, তাঁহার বিষয় আমরা অবগত নহি। এই যজ্ঞে মিত্র ও অদিতি ও সবিতাদেব যেন আমাদিগকে বরুণদেবের নিকট নিরপরাধী বলিয়া জানাইয়া দেন।

৯। আমাদিগের গৃহে সর্ব্বদেবতার উদ্দেশে এই যে যজ্ঞ হইতেছে, ইহাতে হে অগ্নি! তুমি আমাদিগের কথা শ্রবণ কর। অমৃত ক্ষরণ করে, এতাদৃশ রথ যোজনা কর। দেবতাদিগের জনকজননী দ্যাবাপৃথিবীকে আমাদিগের নিকট লইয়া আইস। তুমি এই স্থানেই থাক, দেবতাদিগের নিকট হইতে অপসৃত হইও না (২)।

(১) সায়ণ এই ঋক্ ব্যাখ্যা করেন নাই, ইহার অর্থ অপরিষ্কার।

(২) পূর্ব্বের সূক্তের শেষ ঋকের সহিত এই ঋক্ একই।

১৩ সূক্ত।

হবির্দ্ধান নামক শকটদ্বয় ইহার দেবতা, অর্থাৎ বর্ণনীয় বিষয়। বিবস্বত ঋষি।

১। হে শকটদ্বয়! আমি প্রাচীনমন্ত্র উচ্চারণপূর্ব্বক হোমের দ্রব্য আরোপণ করিয়া তোমাদিগকে যোজনা করিতেছি। আমার স্তুতিবাক্য পণ্ডিত ব্যক্তির আহুতির ন্যায় দেবতাদিগের নিকট গমন করুক। যেন যে সকল অমৃতের পুত্র অর্থাৎ দেবগণ দিব্যধামে অধিষ্ঠান কারতেছেন, তাঁহারা সকলে শ্রবণ করুন।

২। যৎকালে তোমরা যমজ সন্তানের ন্যায় গমন কর, তখন দেবপূজাকারী মনুষ্যগণ তোমাদিগের উপর হোমের দ্রব্য পরিপূর্ণ করিয়া আরোপণ করে। তোমরা নিজ স্থানে যাইয়া অবস্থিতি কর। আমাদিগের সোমের জন্য উত্তম স্থান গ্রহণ কর।

৩। যজ্ঞের যে পঞ্চ উপকরণ আছে, (অর্থাৎ ধানা, সোম, পশু, পুরোডাশ ও ঘৃত), তাহা আমি যথাযোগ্যরূপে বিনিয়োগ করিতেছি। যথানিয়মে চারি প্রকার ছন্দ প্রয়োগ করিতেছি। ওঙ্কার উচ্চারণ পূর্ব্বক উপাস্থত কার্য্য সম্পন্ন করিতেছি। যজ্ঞের নাভি স্বরূপ যে বেদী, তথায় আমি শোধন কার্য্য সমাধা করিতেছি।

৪। দেবদিগের মধ্যে কাহাকে মৃত্যুসদনে পাঠান যায়? প্রজাদিগের মধ্যে কাহাকে অমৃতের ন্যায় করা যায়? যজ্ঞকর্ত্তারা মন্ত্রপূত যজ্ঞের অনুষ্ঠান করেন, তাহাতে যম আমাদিগের প্রিয় এই শরীর পরিহার করেন, অর্থাৎ ধ্বংস করেন না।

৫। স্তোত্রবর্গ পরিবেষ্টিত সোমদেবের উদ্দেশে সপ্তছন্দ উচ্চারিত হইতেছে। সোম পিতাস্বরূপ, তাঁহার পুত্রস্বরূপ পুরোহিতগণও স্তব আরম্ভ করিয়াছেন; দুই খানি শকট দেবতা ও মনুষ্যদিগের জন্য দীপ্তি পাইতেছে, দুই খানি শকটই কার্য্য করিতেছে এবং দেবতা ও মনুষ্যদিগের পুষ্টি সাধন করিতেছে।

---

১৪ সূক্ত।

পিতৃলোক ও যম প্রভৃতি দেবতা। যম ঋষি।

১। হে অন্তঃকরণ! তুমি বিবস্বানের পুত্র যমকে হোমের দ্রব্য দিয়া সেবা কর। তিনি সৎকর্ম্মান্বিত ব্যক্তিদিগকে সুখের দেশে লইয়া যান, তিনি

অনেকের পথ পরিষ্কার করিয়া দেন, তাঁহার নিকটই সকল লোকে গমন করে (১)।

২। আমরা কোন্ পথে যাইব, তাহা যমই প্রথমে দেখাইয়া দেন। সেই পথ আর বিনষ্ট হইবে না। যে পথে আমাদিগের পূর্ব্ব পুরুষেরা গিয়াছেন, সকল লোকই নিজ নিজ কর্ম্ম অনুসারে সেই পথে যাইবেন।

৩। মাতলির প্রভু ইন্দ্র কব্য নামক পিতৃলোকদিগের সাহায্যে বৃদ্ধি প্রাপ্ত হয়েন, যম অঙ্গিরাদিগের সাহায্যে বর্দ্ধিত হয়েন। যাহারা দেবতাদিগকে সংবর্দ্ধনা করে এবং যাহাদিগকে দেবতারা সংবর্দ্ধনা করেন, সকলেই বৃদ্ধি প্রাপ্ত হয়েন, কেহ স্বাহাদ্বারা আনন্দিত হয়েন, কেহ বা স্বধাদ্বারা।

৪। হে যম! এই অনুষ্ঠিত যজ্ঞে আসিয়া উপবেশন কর, তুমি এই যজ্ঞ জান, তোমার সঙ্গে অঙ্গিরানামক পিতৃলোকদিগকে লইয়া আইস। তোমার উদ্দেশে কবিদিগের মুখোচ্চারিত মন্ত্র সকল চলিতে থাকুক। হে রাজন্! এই হোমের দ্রব্য গ্রহণপূর্ব্বক আমোদ কর।

৫। হে যম! নানা মূর্ত্তিধারী অঙ্গিরা নামক যজ্ঞভোক্তা পিতৃলোকদিগের সহিত এস, এই স্থানে আমোদ কর। তোমার যে পিতা বিবস্বৎ, তাঁহাকে আহ্বান করিতেছি। এই যজ্ঞে কুশের উপর আসিয়া উপবেশন কর।

৬। অঙ্গিরা নামক, অথর্ব্বন্ নামক এবং ভৃগু নামক, আমাদিগের পিতৃলোকগণ এই মাত্র আসিয়াছেন, তাঁহারা সোমরস পাইবার অধিকারী, সেই যজ্ঞভোক্তা পিতৃলোকগণ যেন আমাদিগের শুভানুধ্যান করেন; যেন আমরা তাহাদিগের প্রসন্নতা লাভ করিয়া কল্যাণভাগী হই (২)।

৭। [যজ্ঞকর্ত্তা ব্যক্তির মৃত্যু হইলে তাহাকে সম্বোধন করিয়া এই উক্তি]— আমাদিগের পূর্ব্বপুরুষেরা যে পথ দিয়া, যে স্থানে গিয়াছেন, তুমিও সেই পথ

---

(১) পরকালের সুখ সম্বন্ধে ইতিপূর্ব্বে আমরা স্থানে স্থানে উল্লেখ পাইয়াছি, নবম মণ্ডলের ১১৩ সূক্তে একটী বর্ণনাও পাইয়াছি। এই সূক্তেও সেই পরকালিক সুখের বর্ণনা আছে, সেই সুখবিধানকর্ত্তা যমের কথা আছে অন্ত্যেষ্টি ক্রিয়ার উচ্চার্য্য মন্ত্র গুলিও আছে। ঋগ্বেদের যম পৌরাণিক যম নহে, ঋগ্বেদের যম পুণ্যকর্ম্মের পুরস্কারবিধাতা।

(২) ৩ হইতে ৬ ঋকে প্রকাশ হইতেছে, যে পুণ্যাত্মা পূর্ব্বপুরুষগণ দেবদিগের সহিত সহবাস করেন এবং দেবদিগের সহিত যজ্ঞের ভাগী, এরূপ বিশ্বাস ঋগ্বেদ রচনাকালে প্রচলিত ছিল।

দিয়া সেই স্থানে যাও। সেই যে দুই রাজা যম আর বরুণ, যাঁহারা স্বধা প্রাপ্ত হইয়া আমোদ করিতেছেন, তাঁহাদিগকে যাইয়া দর্শন কর।

৮। সেই চমৎকার স্বর্গধামে পিতৃলোকদিগের সঙ্গে মিলিত হও, যমের সহিত ও তোমার ধর্ম্মানুষ্ঠানের ফলের সহিত মিলিত হও। পাপ পরিত্যাগ-পূর্ব্বক অস্ত নামক গৃহে প্রবেশ কর এবং উজ্জ্বল দেহ গ্রহণ কর।

৯। [শ্মশানে দাহ কালে উক্তি]—হে ভূতপ্রেতগণ! দূর হও, চলিয়া যাও, সরিয়া যাও, সরিয়া যাও, পিতৃলোকেরা তাঁহার জন্য এই স্থান প্রস্তুত করিয়াছেন। এই স্থান দিবাদ্বারা, জলদ্বারা ও আলোকদ্বারা শোভিত; যম এই স্থান মৃতব্যক্তিকে দিয়া থাকেন।

১০। [যমদ্বারবর্ত্তী দুই কুক্কুরের বিষয়ে উক্তি]—হে মৃত! এই যে দুই কুক্কুর, যাহাদিগের চারি চারি চক্ষুঃ ও বর্ণ বিচিত্র; ইহাদিগের নিকট দিয়া শীঘ্র চলিয়া যাও। তৎপরে যে সকল সুবিজ্ঞ পিতৃলোক যমের সহিত সর্ব্বদা আমোদ আহ্লাদে কালক্ষেপ করেন, তুমি উত্তম পথ দিয়া তাহাদিগের নিকট গমন কর(৩)।

১১। হে যম! তোমার প্রহরীস্বরূপ যে দুই কুক্কুর আছে যাহাদিগের চারি চারি চক্ষুঃ, যাহারা পথ রক্ষা করে এবং যাহাদিগের দৃষ্টিপথে সকল মনুষ্যকেই পতিত হইতে হয়; তাহাদিগের কোপ হইতে এই মৃতব্যক্তিকে রক্ষা কর। হে রাজন্! ইহাকে কল্যাণভাগী ও নিরোগী কর।

১২। সেই যে দুই যমদূত, যাহাদিগের বৃহৎ বৃহৎ নাসিকা, যাহারা শীঘ্র তৃপ্ত হয় না এবং সকল ব্যক্তির পশ্চাৎ পশ্চাৎ যাইয়া থাকে, তাহারা যেন আমাদিগকে অদ্য এই স্থানে বল ও মঙ্গল প্রদান করে, যেন আমরা সূর্য্যের দর্শন পাই।

১৩। যমের জন্য সোম প্রস্তুত কর, যমের জন্য হোমের দ্রব্য হোম কর। এই যে যজ্ঞ, অগ্নি যাহার দূত হইতেছেন এবং যাহাকে নানা সজ্জায় সুশোভিত করা হইয়াছে, এই যজ্ঞ যমের দিকেই যাইয়া থাকে।

১৪। যমের সেবা কর, ঘৃতযুক্ত হোমের দ্রব্যে তাঁহার জন্য হোম কর; দেবতাদিগের মধ্যে যম যেন বহুকাল বাঁচিয়া থাকিবার জন্য আমাদিগকে দীর্ঘ পরমায়ু প্রদান করেন।

(৩) ৭ হইতে ১০ ঋকে স্পষ্টই প্রতীয়মান হইতেছে, যে ঋগ্বেদের যম পরকালের সুখের বিধাতা। তথাপি যমের কুক্কুর মনুষ্যের ভয়ের পদার্থ তাহা ১০ হইতে ১২ ঋকে প্রকাশ।

১৫। যমরাজার উদ্দেশে অতি মিষ্ট হোমের দ্রব্য হোম কর। যে সকল পূর্ব্বকালের ঋষি আমাদিগের অগ্রে জন্ম গ্রহণ করিয়া ধর্ম্মের পথ দেখাইয়া দিয়াছেন, তাঁহাদিগকে নমস্কার করি।

১৬। যম ত্রিকদ্রুক নামক যজ্ঞ পাইয়া থাকেন, তিনি ছয় স্থানে এবং এক বৃহৎ জগতে গতিবিধি করেন। ত্রিষ্টুপ্ গায়ত্রী প্রভৃতি সকল ছন্দই যমের প্রতি প্রয়োগ করা হয়।

১৫ সূক্ত।

পিতৃলোক দেবতা(১)। শঙ্খ ঋষি।

১। অধম, উত্তম ও মধ্যম তিন শ্রেণীর পিতৃলোকগণ আমাদিগের প্রতি অনুগ্রহযুক্ত হইয়া হোমের দ্রব্য গ্রহণ করুন। যাহারা হিংসাবর্জ্জিত হইয়া আমাদিগের ধর্ম্মানুষ্ঠানের প্রতি দৃষ্টি রাখিয়া আমাদিগের প্রাণরক্ষা করিতে আসিয়াছেন, তাঁহারা যজ্ঞের সময় আমাদিগকে রক্ষা করুন।

২। যে সকল পিতৃলোক অগ্রে কিংবা পশ্চাৎগত হইয়াছেন, যাঁহারা পৃথিবীলোকে আছেন, অথবা যাঁহারা ভাগ্যবান্ লোকদিগের মধ্যে আছেন, তাঁহাদিগের সকলকে অদ্য এই নমস্কার করিলাম।

৩। পিতৃলোকগণ বিলক্ষণ পরিচিত, আমি তাহাদিগকে পাইয়াছি, এই যজ্ঞের সুসম্পাদনের উপায়ও আমি পাইয়াছি। যে সকল পিতৃলোক কুশে উপবেশন করিয়া হব্যের সহিত সোমরস গ্রহণ করেন, তাঁহারা সকলে আসিয়াছেন।

৪। হে কুশে উপবেশনকারী পিতৃলোকগণ! এক্ষণে আমাদিগকে আশ্রয় দাও। তোমাদের জন্য এই সমস্ত দ্রব্য প্রস্তুত করিয়াছি, ভোগ কর। এক্ষণে এস, আমাদিগকে রক্ষা কর ও আমাদিগের সর্ব্বশ্রেষ্ঠ মঙ্গল বিধান কর। আমাদিগকে কল্যাণভাগী, অকল্যাণবর্জ্জিত ও পাপরহিত কর।

৫। কুশের উপর এই সমস্ত মনোহর দ্রব্য সংস্থাপন করা হইয়াছে, পিতৃলোকগণ সোমরস গ্রহণের জন্য এবং ঐ সকল দ্রব্য ভোগ করিবার জন্য আহূত

(১) এই পিতৃলোক সম্বন্ধে সূক্তটী বিশেষ জ্ঞাতব্য। পুণ্যাত্মা পিতৃলোক দেবগণের ন্যায় স্বর্গে বাস করেন, দেবদিগের সহিত যজ্ঞে আগমন করেন, মনুষ্যের হিত সাধন করেন, ইত্যাদি বিশ্বাস এই সূক্তে লক্ষিত হয়।

হইয়াছেন। তাঁহারা আগমন করুন, আমাদিগের মন্ত্রপাঠ শ্রবণ করুন, আমাদের প্রকাশ করুন এবং আমাদিগকে রক্ষা করুন।

৬। হে পিতৃগণ! তোমরা দক্ষিণ দিকে ভূমিনিহিতজানু হইয়া উপবেশন-পূর্ব্বক এই যজ্ঞকে প্রশংসা কর। আমরা মনুষ্য, সুতরাং কোন কিছু অপরাধ করা আমাদিগের সম্ভব; কিন্তু সেই নিমিত্ত যেন আমাদিগকে হিংসা করিও না।

৭। এই সকল লোহিতবর্ণ অগ্নিশিখার নিকটে বসিয়া দাতালোককে ধন দান কর। হে পিতৃগণ! তাহার পুত্রদিগকে ধন দান কর, তাহাদিগকে এই যজ্ঞে উৎসাহযুক্ত কর।

৮। সোমপানকারী পূর্ব্বতন পিতৃলোক বসিষ্ঠগণ (২) যথানিয়মে সোম-যজ্ঞ সম্পন্ন করিয়াছিলেন। তাঁহারাও হোমের দ্রব্য কামনা করেন, যমও কামনা করেন, যম তাঁহাদিগের সহিত একত্রে সুখী হইয়া যথা ইচ্ছা এই সকল হোমের দ্রব্য ভোজন করুন।

৯। হে অগ্নি! যে সকল পিতৃলোক হোম করিতে জানিতেন এবং বিবিধ ঋক্ রচনাপূর্ব্বক স্তব প্রস্তুত করিতেন, সুতরাং যাঁহারা নিজ সৎকর্ম্মপ্রভাবে এক্ষণে দেবত্ব প্রাপ্ত হইয়াছেন, যদি তাঁহারা ক্ষুধাতৃষ্ণাযুক্ত হইয়া থাকেন, তাঁহা-দিগকে লইয়া আমাদিগের নিকট এস, তাঁহারা বিশেষ পরিচিত, তাঁহারা যজ্ঞে উপবেশন করেন, তাঁহারাই পিতৃলোক, তাঁহাদিগের জন্য এই সকল উৎকৃষ্ট কব্য অর্থাৎ দ্রব্য রহিয়াছে।

১০। যে সকল সাধুশীল পিতৃলোক দেবতাদিগের সঙ্গে একত্র হইয়া হোমের দ্রব্য ভক্ষণ ও পান করেন এবং ইন্দ্রের সঙ্গে এক রথে আরোহণ করেন; হে অগ্নি! সেই সমস্ত দেবারাধনাকারী যজ্ঞের অনুষ্ঠানকারী, প্রাচীন ও আধুনিক পিতৃলোক দিগের সহিত এস (৩)।

১১। হে অগ্নিস্বত্ত পিতৃগণ! তোমরা উত্তম গতি প্রাপ্ত হইয়াছ, এই স্থানে আগমন কর এক এক আসনে প্রত্যেকে উপবেশন কর। এস্থানে কুশের উপর হোমের দ্রব্য সমস্ত প্রসারিত আছে, তাহা গ্রহণ করিয়া আমাদিগকে ধন দাও এবং পুত্রপৌত্রাদি দাও।

---

(২) মূলে "বসিষ্ঠাঃ" আছে।

(৩) পুণ্যপুরুষগণ পুণ্যবলে স্বর্গধামে যাইয়া দেবগণের সহিত একরথে আরোহণ করেন, অর্থাৎ দেবদিগের তুল্য পদ লাভ করেন।

১২। হে অগ্নি! তুমি জাতবেদা। তোমাকে স্তব করা হইয়াছে, তুমি হোমের দ্রব্য সমস্ত সুগন্ধযুক্ত করিয়া দেবতাদিগের নিকট বহন করিয়াছ। তুমি পিতৃলোকদিগকে তাহা দিয়াছ। তাঁহারা 'স্বধা' 'স্বধা' এই শব্দ উচ্চারণ-পূর্ব্বক ভোজন করুন। হে দেব! এই সমস্ত প্রসারিত হোমের দ্রব্য তুমি ভোজন কর।

১৩। এই স্থানে যে সকল পিতৃলোক আসিয়াছেন, কিংবা যাঁহারা আসেন নাই, যাঁহাদিগকে আমরা জানি, কিংবা যাঁহাদিগকে আমরা না জানি, হে জাতবেদা অগ্নি! তুমি জান, তাঁহারা কে কে। হে পিতৃলোকগণ! 'স্বধা' এই শব্দ উচ্চারণপূর্ব্বক এই সুসম্পন্ন যজ্ঞ ভোগ কর।

১৪। হে স্বপ্রকাশ অগ্নি! (৪) যে সকল পিতৃলোক অগ্নিদ্বারা দগ্ধ হইয়াছেন, কিংবা যাঁহারা অগ্নিদ্বারা দগ্ধ (৫) হয়েন নাই, যাঁহারা স্বর্গ মধ্যে স্বধার দ্রব্য প্রাপ্ত হইয়া আমোদ করিয়া থাকেন; তাঁহাদিগের সহিত একত্র হইয়া তুমি আমাদিগের এই সজীব দেহকে তোমার ও তাঁহাদিগের অভিলাষ পূর্ণ করিতে প্রবৃত্ত কর।

১৬ সূক্ত(১)।

অগ্নি দেবতা। দমন ঋষি।

১। হে অগ্নি! এই মৃতব্যক্তিকে একেবারে ভস্ম করিও না (২), ইহাকে ক্লেশ দিও না; ইহার চর্ম্ম বা ইহার শরীর ছিন্ন ভিন্ন করিও না। হে জাত-

(৪) মূলে "স্বরাট," শব্দ আছে। অর্থ "স্বপ্রকাশ অগ্নি।" কিন্তু শুক্ল যজুর্ব্বেদ সংহিতার টীকাকার (শু, যজু, ১৯। ৬০) ইহার অর্থ যম করিয়াছেন এবং পণ্ডিতবর রোথও সেই অর্থ গ্রহণ করিয়াছেন।

(৫) মূলে "যে অগ্নিদগ্ধাঃ যে অনগ্নিদগ্ধাঃ" আছে। অগ্নিদাহ প্রথা কতক পরিমাণে প্রচলিত ছিল, তাহা এতদ্দারা প্রকাশিত হইতেছে। ১১ ঋকে যে "অগ্নি সত্ত" শব্দ আছে সায়ণ তাহার অর্থও অগ্নিদগ্ধ করিয়াছেন।

(১) এ সূক্তটীও অতিশয় জ্ঞাতব্য। মৃত্যুর পর পরলোকে গমনের কথা ইহাতে আছে। অন্ত্যেষ্টিক্রিয়ার সময় এই সূক্তেরও কয়েকটি ঋক্ উচ্চার্য্য।

(২) অগ্নিদাহপ্রথা প্রচলিত ছিল, তাহা এতদ্দারা প্রকাশিত হইতেছে।

বেদা! যখন ইহার শরীর তোমার তাপে উত্তমরূপে পক্ক হয়, তখনই ইঁহাকে পিতৃলোকদিগের নিকট পাঠাইয়া দেও।

২। হে অগ্নি! যখন ইহার শরীর উত্তমরূপে পক্ক করিবে, তখনই পিতৃলোকদিগের নিকট ইঁহাকে দিবে। যখন ইনি পুনর্ব্বার সজীবত্ব প্রাপ্ত হইবেন, তখন দেবতাদিগের বশতাপন্ন হইবেন।

৩। হে মৃত! তোমার চক্ষুঃ সূর্য্যে গমন করুক, তোমার শ্বাস বায়ুতে যাউক। তুমি তোমার পুণ্যফলে আকাশে ও পৃথিবীতে যাও। অথবা যদি জলে যাইলে তোমার হিত হয়, তবে জলে যাও। তোমার শরীরের অবয়বগুলি উদ্ভিজ্জবর্গের মধ্যে যাইয়া অবস্থিতি করুক।

৪। এই মৃতব্যক্তির যে অংশ অজ অর্থাৎ জন্মরহিত, চিরকালই আছে, হে অগ্নি! তুমি সেই অংশকে তোমার তাপদ্বারা উত্তপ্ত কর, তোমার ঔজ্জ্বল্য, তোমার শিখা, সেই অংশকে উত্তপ্ত করুক। হে জাতবেদা বহ্নি! তোমার যে সকল মঙ্গলময়ী মূর্ত্তি আছে, তাহাদিগের দ্বারা এই মৃতব্যক্তিকে পুণ্যবান্ লোকদিগের ভুবনে বহন করিয়া লইয়া যাও (৩)।

৫। হে অগ্নি! যে তোমার আহুতিস্বরূপ হইয়া যজ্ঞের দ্রব্য ভোজন করিয়া আসিতেছে, সেই মৃতকে পিতৃলোকদিগের নিকট প্রেরণ কর। ইহার যাহা অবশিষ্ট আছে, তাহা জীবনপ্রাপ্ত হইয়া উত্থিত হউক। হে জাতবেদা! সে পুনর্ব্বার শরীর লাভ করুক।

৬। হে মৃত! কৃষ্ণবর্ণ পক্ষী অর্থাৎ কাক, তোমার শরীরের যে অংশে ব্যথা দিয়াছে, কিংবা পিপীলিকা, বা সর্প, বা হিংস্র জন্তু যে অংশে ব্যথা দিয়াছে, এই সর্ব্বভক্ষণকারী অগ্নি তাহা নীরোগ করুন, আর সোম, যিনি স্তোতাদিগের শরীরে প্রবেশ করিয়াছেন, তিনিও তাহা নীরোগ করুন।

৭। হে মৃত! তুমি গোচর্ম্মের সহিত অগ্নি শিখাস্বরূপ কবচ ধারণ কর, তোমার প্রচুর মেদের দ্বারা তুমি আচ্ছাদিত হও, তাহা হইলে এই যে দুর্দ্ধর্ষ অগ্নি, যিনি বলপূর্ব্বক ও অহঙ্কারের সহিত তোমাকে দগ্ধ করিতে উদ্যত হইয়াছেন, তিনি একেবারে তোমার সর্ব্বাংশে ব্যাপ্ত হইতে পারিবেন না।

(৩) মৃত্যুর পর চক্ষু, নিশ্বাস ভিন্ন ভিন্ন অবয়বগুলি সূর্য্য, বা বায়ু, বা মৃত্তিকা, বা জল, বা উদ্ভিজ্জে যায়; কিন্তু মনুষ্যের জন্মরহিত অংশ অগ্নির প্রসাদে পুণ্যস্থানে গমন করে, এইরূপ বিশ্বাস ৩ ও ৪ ঋক্ হইতে প্রতীয়মান হইতেছে।

৮। হে অগ্নি! এই চমসকে বিচলিত করিও না, ইহা সোমপানকারী দেবতাদিগের প্রীতি উৎপাদন করে। এই যে দেবতাদিগের পান করিবার জন্য চমস রহিয়াছে, ইহা দর্শন করিয়া মৃত্যুরহিত দেবতাগণ অহ্লাদিত হয়েন।

৯। মাংস ভোজনকারী এই অগ্নিকে আমি দূরে অপসারিত করি। ইহা অশুদ্ধবস্তু বহন করিতেছে, যম যাহাদিগের রাজা, এই অগ্নি তাহাদিগের নিকট গমন করুক। আর এই স্থানেই আর এক অগ্নি রহিয়াছেন, ইনিই বিবেচনাপূর্ব্বক দেবতাদিগের নিকট হোমের দ্রব্য বহন করুন।

১০। এই যে মাংস ভোজনকারী অগ্নি, অর্থাৎ চিতার অগ্নি, তোমাদিগের গৃহে প্রবেশ করিয়াছে, তাহাকে আমি অপসারিত করি। আর এই দ্বিতীয় জাতবেদা অগ্নিকে আমি পিতৃলোকের উদ্দেশে যজ্ঞ দিবার জন্য গ্রহণ করিতেছি। ইনিই পরমধামে যজ্ঞ লইয়া গমন করুন।

১১। যে অগ্নি শ্রাদ্ধের দ্রব্য বহন করেন এবং যজ্ঞের উন্নতি সাধন করেন, তিনি দেবতাদিগকে এবং পিতৃলোকদিগকে আরাধনা করেন, তিনি দেবতাদিগের ও পিতৃলোকদিগের নিকট হোমের দ্রব্য নিবেদন করিয়া দেন।

১২। হে অগ্নি! যত্নপূর্ব্বক তোমাকে সংস্থাপন করিতেছি, যত্নপূর্ব্বক তোমাকে প্রজ্বলিত করিতেছি। যজ্ঞকামনাকারী দেবতাবর্গ ও পিতৃলোকদিগের নিকট তুমি যত্নপূর্ব্বক হোমের দ্রব্য তাঁহারা ভোজন করিবেন বলিয়া বহন কর।

১৩। হে অগ্নি! তুমি যাহাকে দাহ করিলে, পুনর্ব্বার তাহাকে নির্ব্বাপিত কর। কিঞ্চিৎ জল এই স্থানে উপস্থিত হউক এবং শাখাপ্রশাখাযুক্ত পরিণত দূর্ব্বা এই স্থানে উৎপন্ন হউক।

১৪। হে পৃথিবি! তুমি শীতল, তোমাতে অনেক শীতল উদ্ভিজ্জ আছে। তুমি আহ্লাদকারিণী তোমাতে অনেক আহ্লাদকারী উদ্ভিজ্জ আছে। ভেকী যাহাতে সন্তুষ্ট হয়, সেই বৃষ্টি আনয়ন কর, আর এই অগ্নিকে সন্তুষ্ট কর।

১৭ সূক্ত।

সরণ্যু, পূষা, সরস্বতী, জল, সোম দেবতা। দেবশ্রবা ঋষি।

১। ত্বষ্টানামক দেব আপন কন্যা সরণ্যুর বিবাহ দিতেছেন, এই উপলক্ষে বিশ্বসংসার আসিয়া উপস্থিত হইল। যমের মাতা যখন বিবাহিতা হইলেন, তখন মহান বিবস্বানের জায়া অদর্শন হইলেন।

২। সেই মৃত্যুরহিত সরণ্যুকে মনুষ্যদিগের নিকট গোপন করা হইল, তাহার তুল্যাকৃতি এক স্ত্রী নির্ম্মাণ করিয়া বিবস্বান্‌কে দেওয়া হইল; তখন দুই অশ্বিকে গর্ভে ধারণ করিলেন এবং সরণ্যু যমজ দুইটী সন্তানকে ত্যাগ করিলেন (১)।

৩। পূষাদেব, যিনি জ্ঞানী, যাহার পশু নষ্ট হয় না, যিনি ভুবনে রক্ষা-কর্ত্তা, তিনি তোমাকে এই স্থান হইতে উত্তম স্থানে লইয়া যাউন। সেই যে অগ্নি, তিনি তোমাকে ধন দান কারী দেবতাবর্গ ও পিতৃলোকদিগের নিকট লইয়া সমর্পণ করুন।

৪। বিশ্বসংসারের যিনি জীবনস্বরূপ, সেই পূষাদেব তোমার জীবন রক্ষা করুন। তিনি তোমার যাইবার পথের অগ্রভাগে আছেন, তিনি তোমাকে রক্ষা করুন; যে স্থানে পুণ্যবানেরা আছেন, যে স্থানে তাঁহারা গিয়াছেন, সেই দেব সাবিতা তোমাকে সেই স্থানে রাখিয়া দিন।

৫। পূষাদেব এই সমস্ত দিকই জানেন, তিনি যেন আমাদিগকে সেই পথ দিয়া লইয়া যান, যে পথে কিছু ভয় নাই। তিনি কল্যাণ দান করেন, তাঁহার মূর্ত্তি আলোক বেষ্টিত, তাঁহার সঙ্গে সকল বীরপুরুষ উপস্থিত আছে। তিনি আমাদিগকে জানেন, তিনি সাবধান হইয়া আমাদিগের সম্মুখে আগমন করুন।

৬। সেই পূষা সকলপথের শ্রেষ্ঠপথে দর্শন দিলেন, তিনি স্বর্গের শ্রেষ্ঠ পথে, পৃথিবীর শ্রেষ্ঠ পথে দর্শন দিলেন। তাঁহার যে দুই প্রেয়সী অর্থাৎ দ্যাবা-পৃথিবী আছে, যাহারা একসঙ্গে থাকে, তিনি বিশেষ বুঝিয়া তাহাদিগের উভয়েরই মনোরঞ্জন করেন।

৭। যাহারা দেবতার উদ্দেশে যজ্ঞ করে, তাহারা সরস্বতীকে আরাধনার জন্য আহ্বান করিতেছে, যখন দেবতার যজ্ঞ বিস্তারিতরূপে আরম্ভ হইল, তখন

(১) এই দুইটী প্রসিদ্ধ ঋকে অশ্বিদ্বয় ও যম ও যমীর জন্ম কথা বিবৃত হইয়াছে। যতদূর বুঝা যায়, উহার অর্থ এই যে সরণ্যু অর্থাৎ উষা, বিবস্বান্ অর্থাৎ আকাশকে আলিঙ্গন করিলেন, এবং অশ্বিদ্বয় অর্থাৎ প্রভাতকে জন্মদান করিয়া অদৃশ্য হইলেন। অশ্বিদ্বয় সম্বন্ধে ১। ৩। ১। ঋকের টীকা দেখ, এবং যম সম্বন্ধে ১। ৩৫। ৬। ঋকের টীকা দেখ।

গ্রীক দেবী 'Grynis" বেদের সরণ্যুর রূপান্তর মাত্র, এবং সরণ্যু যেরূপ অশ্বিদ্বয়কে জন্ম দিয়াছিলেন, গ্রীক দেবী Grynis সেইরূপ Areion এবং Despoina নামক যমজকে জন্ম দিয়াছিলেন।

সুকৃতি লোকে সরস্বতীকে আহ্বান করিল। সেই সরস্বতী যেন দাতাব্যক্তির অভিলাষ পূর্ণ করেন।

৮। হে সরস্বতি! তুমি পিতৃলোকদিগের সহিত একরথে গমন কর, তুমি তাঁহাদিগের সঙ্গে আমোদসহকারে যজ্ঞের দ্রব্য সমস্ত ভোগ কর। এস, এই যজ্ঞে আহ্লাদ কর; আমাদিগকে আরোগ্য ও অন্ন দান কর।

৯। হে সরস্বতি! পিতৃলোকগণ দক্ষিণ পার্শ্বে আসিয়া যজ্ঞস্থান আকীর্ণ করিয়া তোমাকে আহ্বান করিতেছেন। তুমি যজ্ঞকর্ত্তা ব্যক্তিকে বহুমূল্য ও চমৎকার অন্নরাশি ও প্রচুর অর্থ উৎপাদন করিয়া দাও।

১০। জলগণ আমাদিগের জননীস্বরূপ, আমাদিগকে শোধন করুন, ইঁহারা যেন ঘৃত প্রবাহে প্রবহমান হইতেছেন, সেই ঘৃতের দ্বারা আমাদিগের মলাপনয়ন করুন। এই দেবীরা সকল পাপকে স্রোতে বহিয়া লইয়া যান। ইহাদিগের মধ্য হইতে আমি শুচি ও পবিত্র হইয়া আসিতেছি।

১১। দ্রবাত্মক সোমরস অতি সুন্দর দীপ্তিশীল অংশু (আঁস) হইতে ক্ষরিত হইলেন, এই স্থানে, আর ইহার পূর্ব্বতন স্থানে, অর্থাৎ আধারে তিনি ক্ষরিত হইলেন। আমরা সাতজন হোমকর্ত্তা তুল্যরূপে আধার মধ্যে বিহার-কারী সেই দ্রবাত্মক সোমকে হোম করিতেছি।

১২। হে সোম! তোমার যে দ্রবাত্মক রস ক্ষরিত হইতেছে, অথবা তোমার যে অংশু (আঁস) পুরোহিতের হস্ত হইতে প্রস্তরফলকের নিকট পতিত হইয়াছে, কিংবা যাহা পবিত্রের উপর সংস্থাপিত হইয়াছে, সেই সমস্তকে আমি মনে মনে নমস্কারপূর্ব্বক হোম করিতেছি।

১৩। তোমার যে রস বাহির হইয়াছে আর তোমার যে অংশু স্রুকনামক পাত্রের নিম্নে পতিত হইয়াছে, এই দেব বৃহস্পতি তাহা সেচন করুন, তাহাতে আমাদিগের ধন লাভ হইবেক।

১৪। উদ্ভিজ্জবর্গ দুগ্ধতুল্য রসে পরিপূর্ণ, আমার স্তুতিবাক্য রসময় দুগ্ধের সাররসপূর্ণ, এই সমস্ত বস্তুর দ্বারা আমাকে শোধন কর।

১৮ সূক্ত।

মৃত্যু, ধাতা, ত্বষ্টা, অগ্নিসংস্কার ইহারা দেবতা। সংকুসুক ঋষি।

১। হে মৃত্যু! তুমি আর এক পথে ফিরিয়া যাও, দেবলোকে যাইবার যে পথ, তাহা ত্যাগ করিয়া অন্য পথে যাও। তোমার চক্ষুঃ আছে, তুমি শুনিতে পাও, সেই নিমিত্ত তোমাকে কহিতেছি। আমাদিগের সন্তানসন্ততি, বা লোক-জনকে হিংসা করিও না।

২। তোমরা মৃত্যুর পথ ছাড়িয়া যাও, তাহা হইলে উৎকৃষ্ট ও অতিদীর্ঘ আয়ুঃ প্রাপ্ত হইবে; তোমাদিগের গৃহ, সন্তানসন্ততি ও ধনে পরিপূর্ণ হইবে; তোমরা শুদ্ধ ও পবিত্র ও যজ্ঞানুষ্ঠানকারী হও।

৩। এই সকল ব্যক্তি জীবিত আছে, ইহারা মৃতদিগের নিকট প্রত্যাগমন করিয়াছে, আমাদিগের যজ্ঞ অদ্য কল্যাণকর হইয়াছে। আমরা প্রকৃষ্টরূপে নৃত্য ও হাস্য করিতে থাকি, আমরা উৎকৃষ্ট ও অতিদীর্ঘ আয়ুঃ প্রাপ্ত হইয়াছি।

৪। যাহারা জীবিত আছে, তাহাদিগের চতুর্দ্দিকে এই বেষ্টন দিতেছি, ইহাতে মৃত্যুকে রোধ করা হইবে। ইহাদিগের মধ্যে আর কেহ যেন এই অবস্থা অর্থাৎ মৃত্যু প্রাপ্ত না হয়। ইহারা শত বৎসর জীবিত থাকুক। মৃত্যু যেন এই পর্ব্বতের দ্বারা রুদ্ধ হইয়া নিকটে না আসিতে পারে।

৫। যেরূপ পরে পরে দিন সকল যায়, যেরূপ ঋতুর পর ঋতু অবাধে চলিয়া যায়, যেমন যে শেষে আসিয়াছে, সে অগ্রে মরে না। হে বিধাতঃ! ইহাদিগের আয়ু এইরূপ কর।

৬। তোমরা জরাদ্বারা আচ্ছন্ন হও, দীর্ঘপরমায়ুর উপর আরোহণ কর। জ্যেষ্ঠ কনিষ্ঠের নিয়মে অগ্র পশ্চাৎ হইয়া কর্ম্মকার্য্য সম্পন্ন কর। এই স্থানে সুজন্মা ত্বষ্টাদেব তোমাদিগের সহিত একত্র হইয়া তোমাদিগের দীর্ঘ আয়ু করিয়া দিতেছেন, তাহা হইলেই তোমরা জীবিত থাকিবে।

৭। এই সকল নারী বৈধব্য দুঃখ অনুভব না করিয়া, মনোমত পতি লাভ করিয়া অঞ্জন ও ঘৃতের সহিত গৃহে প্রবেশ করুন। এই সকল বধূ অশ্রুপাত না

করিয়া, রোগে কাতর না হইয়া উত্তম উত্তম রত্ন ধারণ করিয়া সর্ব্বাগ্রে গৃহে আগমন করুন (১)।

৮। হে নারি! সংসারের দিকে ফিরিয়া চল, গাত্রোত্থান কর, তুমি যাহার নিকট শয়ন করিতে যাইতেছ, সে গতাসু অর্থাৎ মৃত হইয়াছে। চলিয়া এস। যিনি তোমার পাণিগ্রহণ করিয়া গর্ভাধান করিয়াছিলেন, সেই পতির পত্নী হইয়া যাহা কিছু কর্ত্তব্য ছিল, সকলি তোমার করা হইয়াছে (২)।

৯। মৃত ব্যক্তির হস্ত হইতে ধনু গ্রহণ করিলাম, ইহাতে আমাদিগের তেজঃ ও বল লাভ হইবে। হে মৃত! তুমি এই স্থানেই অর্থাৎ শ্মশানে থাক, আমরা অনেক বীরপুরুষের সহিত একত্র হইয়া যাবতীয় আস্পর্দ্ধাকারী শত্রুকে যেন জয় করিতে পারি।

১০। হে মৃত! এই জননীস্বরূপা বিস্তীর্ণা পৃথিবীর নিকটে গমন কর, ইনি সর্ব্বব্যাপিনী, ইঁহার আকৃতি সুন্দর। ইনি যুবতী স্ত্রীর ন্যায় তোমার পক্ষে যেন রাশীকৃত মেষলোমের মত কোমল স্পর্শ হয়েন। তুমি দক্ষিণা দান অর্থাৎ যজ্ঞ করিয়াছ, ইনি যেন নিঋতি হইতে তোমাকে রক্ষা করেন।

১১। হে পৃথিবি! তুমি এই মৃতকে উন্নত করিয়া রাখ, ইঁহাকে পীড়া দিও না। ইঁহাকে উত্তম উত্তম সামগ্রী, উত্তম উত্তম প্রলোভন দাও। যেরূপ মাতা আপন অঞ্চলের দ্বারা পুত্রকে আচ্ছাদন করেন, তদ্রূপ তুমি ইহাকে আচ্ছাদন কর।

১২। পৃথিবী উপরে স্তূপাকার হইয়া উত্তমরূপে অবস্থিতি করুন। সহস্র-ধূলি এই মৃতের উপর অবস্থিতি করুক। তাহারা ইহার পক্ষে ঘৃতপূর্ণ গৃহ-স্বরূপ হউক, প্রতিদিন এই স্থানে তাহারা ইহার আশ্রয় স্থানস্বরূপ হউক (৩)।

(১) মূলে এই ঋকের শেষে এই শব্দগুলি আছে, "আরো হন্তু জনয়ঃ যোনিং অগ্রে।" শেষ শব্দটীর একটী বিস্ময়কর ইতিহাস আছে। ঋগ্বেদে সতীদাহের উল্লেখ নাই। কিন্তু "অগ্রে" শব্দের পরিবর্ত্তে "অগ্নেঃ" শব্দ পাঠ করিয়া আধুনিক পণ্ডিতগণ সতীদাহ প্রথা বেদসম্মত, এইরূপ বিবেচনা করিয়াছিলেন। তাঁহাদের ভ্রম এখন সংশোধিত হইয়াছে।

(২) ইহা মৃতব্যক্তির বিধবার প্রতি শ্মশানে প্রবোধবাক্য, সতীদাহপ্রথা প্রচলিত ছিল না তাহা এই ঋকে প্রমাণ হইতেছে।

(৩) সায়ণের মতে ১০, ১১, ১২ এই তিন ঋকের তাৎপর্য্য এই যে যখন মৃতব্যক্তিকে দাহ করিয়া তাহার অস্থি সঞ্চয় করা হয়, তখন ঐ ঋক কয়েকটী পাঠ করা হয়, কিন্তু মূলে অস্থির উল্লেখ নাই। ঋকগুলি পাঠ করিলে বোধ হয় যেন মৃতব্যক্তির শরীরই মৃত্তিকার নীচে স্থাপন করা হইত।

১৩। তোমার উপর পৃথিবীকে উত্তম্ভিত করিয়া রাখিতেছি; তোমার উপরে এই একটী লোষ্ট্র অর্পণ করিতেছি, তাহাতে মৃত্তিকা তোমার মধ্যে প্রবেশ করিয়া তোমাকে নষ্ট করিতে পারিবে না। এই স্থূনা অর্থাৎ খুটীকে পিতৃলোকগণ ধারণ করুন। যম এই স্থানে তোমার বাসস্থান নিরূপণ করিয়া দিন।

১৪। যেমন বাণের উপর পর্ণ বক্রভাবে সংস্থাপন করে, তদ্রূপ আমি এই বক্র অর্থাৎ ক্লেশকর দিবসে অর্পিত হইলাম। যেরূপ ঘোটককে রশ্মিদ্বারা রুদ্ধ করে, তদ্রূপ আমি দুঃখের বাক্য রোধ করিয়া রাখিলাম।

১৯ সূক্ত।

গাভী দেবতা। মথিত ঋষি (১)।

১। হে গাভীগণ! তোমরা ফিরিয়া যাও, আমাদিগের পশ্চাৎ আসিও না। হে বহুমূল্য গাভীগণ! আমাদিগকে দুগ্ধ দান করা হইয়াছে। পুনঃ পুনঃ ধন দানকর্ত্তা অগ্নি ও সোম আমাদিগকে যেন ধন দান করেন।

২। আবার এই গাভীদিগকে ফিরাইয়া দাও, আবার এই গাভীদিগকে লইয়া এস। ইন্দ্র যেন ইহাদিগকে রুদ্ধ করেন, অগ্নি যেন তাড়াইয়া লইয়া আসেন।

৩। আবার ইহারা ফিরিয়া আসুক ও এই গাভীগণের প্রভুর নিকটে যাইয়া বর্দ্ধিষ্ণু হউক। হে অগ্নি! এই গাভীদিগকে এই স্থানেই রক্ষা কর, ইহারা ধনস্বরূপ, এই স্থানেই ইহারা থাকুক।

৪। যিনি গোপা অর্থাৎ রাখাল, তাঁহাকে আমি আহ্বান করিতেছি, তিনি এই গাভীদিগকে বাহির করিয়া লইয়া যান, গোষ্ঠে চারণ করুন, চিনিয়া চিনিয়া লউন, বাটীতে ফিরাইয়া আনুন, ইতস্ততঃ চতুর্দ্দিকে বিচরণ করাইয়া দিন।

৫। যে রাখাল চতুর্দ্দিকে গাভীর অন্বেষণ করে, বাটীতে ফিরাইয়া আনে, ইতস্ততঃ বিচরণ করায়, সে যেন নিরুপদ্রবে বাটীতে ফিরিয়া আসে।

৬। হে ইন্দ্র! তুমি ফিরিয়া এস, গাভীগণকে ফিরাইয়া আনিয়া দাও। আমরা যেন জীবন্ত গাভীদিগের দুগ্ধাদি ভোগ করিতে পাই।

---

(১) এই সূক্তে গাভীচারণের কথা আছে।

৭। হে দেবতাবর্গ! প্রচুর অন্ন, ঘৃত ও দুগ্ধ তোমাদিগকে সর্ব্বদা নিবেদন করিয়া দিয়া থাকি। অতএব, যে কেহ যজ্ঞভাগগ্রহণকারী দেবতা থাকুন, তাঁহারা আমাদিগকে ধন দান করুন।

৮। হে নিবর্ত্তন! অর্থাৎ হে গোচারণকারী পুরুষ! গাভীগণকে চতুর্দ্দিকে বিচরণ করাও এবং ফিরাইয়া লইয়া এস। পৃথিবীর ভিন্ন ভিন্ন স্থানে এবং চারিদিকে বিচরণ করাইয়া ফিরাইয়া লইয়া এস।

২০ সূক্ত।

অগ্নি দেবতা। বিমদ অথবা বসুকৃৎ ঋষি।

১। হে অগ্নি! আমাদিগের মন যাহাতে উত্তমরূপে স্তব করিতে উন্মুখ হয়, তাহা কর।

২। অগ্নিকে স্তব করি, তিনি আহুতি ভোজনকারী দেবতাদিগের সর্ব্ব-কনিষ্ঠ; তাঁহার যৌবনের অন্ত নাই; তিনি দুর্দ্ধর্ষ; তিনি সৎকর্ম্ম উপদেশ দিবার বন্ধু। যেমন গোবৎসেরা গাভীর দুগ্ধস্থানকে আশ্রয় করিয়া প্রাণ ধারণ করে। স্বর্গবাসী এই সমস্ত দেবতা তাঁহার ক্রিয়াকলাপকে তেমনি আশ্রয় করিয়া আছেন।

৩। তিনি পুণ্যকর্ম্মসমূহের আধারস্বরূপ; তাঁহার দীপ্তিই তাঁহার ধ্বজা; স্তবকর্ত্তারা তাহাকে সংবর্দ্ধনা করিতেছে। ইনি পুঞ্জ পুঞ্জ অভিলষিত ফল দিতে দিতে দীপ্তি পাইতেছেন।

৪। তিনি লোকদিগের আশ্রয়স্থান; তিনিই পথস্বরূপ; তিনি প্রজ্বলিত হইয়া আকাশের শেষ সীমা পর্য্যন্ত ও মেঘপর্য্যন্ত বিস্তারিত হইলেন; তাঁহার কার্য্য কি অদ্ভুত!

৫। তিনি মনুষ্যের নিকট হোমের দ্রব্য গ্রহণ করিতেছেন। তিনি যজ্ঞে প্রকাণ্ডমূর্ত্তি ধারণ করিয়া উর্দ্ধ-বিস্তারিত হইয়া উঠিলেন। তিনি গৃহ মাপিতে মাপিতে সম্মুখে আসিতেছেন।

৬। সেই অগ্নিই মঙ্গলময়, তিনিই হোমের দ্রব্য, তিনিই যজ্ঞ, তাঁহার পথ শীঘ্রই অগ্রসর হয়। সেই শব্দায়মান অগ্নির প্রতি দেবতারা আসিতেছেন।

৭। তিনি যজ্ঞ নির্ব্বাহ করিতে সমর্থ; পরম সুখ লাভের জন্য তাহার সেবা করিতে ইচ্ছা করি। শাস্ত্রে কহে, তিনি প্রস্তরের পুত্র এবং জীবনের আধার।

৮। আমাদিগের চতুঃপার্শ্বে যে সকল ব্যক্তি এরূপ আছেন, যাঁহারা আহুতিদ্বারা অগ্নির সংবর্দ্ধনা করিয়া থাকেন, তাঁহারা যেন সর্ব্বপ্রকার অভিলষিত ফল প্রাপ্ত হয়েন।

৯। এই অগ্নির গমনের জন্য যে বৃহৎ রথ আছে, তাহা কৃষ্ণবর্ণ, শুভ্রবর্ণ, সরলভাবে গমন করে, তাহা রক্তবর্ণও বটে, তাহা বহুমূল্য। বিধাতা তাহা সুবর্ণতুল্য উজ্জ্বল করিয়া নির্ম্মাণ করিয়াছেন।

১০। হে অগ্নি! তুমি বলের পৌত্র; তুমি অক্ষয়ধনে পরিবেষ্টিত, বিমদ নামে ঋষি নিজ বুদ্ধি প্রয়োগপূর্ব্বক তোমার এই স্তুতিবাক্য সকল বলিলেন। তুমি এই সমস্ত উৎকৃষ্ট স্তব প্রাপ্ত হইয়া ধন ও বল ও উত্তম বাসস্থান ও তাবৎ বস্তু বিতরণ কর।

২১ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। হে অগ্নি! তুমি দেবতাদিগের আহ্বানকর্ত্তা; স্বরচিত এই সমস্ত স্তবের দ্বারা তোমাকে সম্বোধন করিতেছি। যজ্ঞের কুশবিস্তার করা হইয়াছে। তোমার যে শিখা, অর্থাৎ মৃত্তিকাস্পর্শকারী পবিত্রতাজনক শিখা আছে, তাহা তুমি বিমদের প্রতি প্রেরণ কর।

২। হে অগ্নি! যাহারা তোমাকে সুশোভিত করে, তাহারা বর্দ্ধিষ্ণু হয় এবং বিস্তর ঘোটক প্রাপ্ত হয়। এই সরলগামী রসসেককারী আহুতি তোমাতে যাইতেছে। আমি বিমদ, আমার নিমিত্ত বৃদ্ধি পাইতেছ।

৩। যজ্ঞকর্ত্তারা আহুতিপূর্ণ পাত্র লইয়া, যেন তোমাকে আর্দ্র করিয়া দিবেন, এইরূপে তোমার নিকটে উপবেশন করিয়াছেন। তুমি কখন কৃষ্ণ, কখন শুভ্র, নানা শোভা ধারণ করিতেছ। আমি বিমদ, আমার জন্য বৃদ্ধি পাইতেছ।

৪। হে বলশালিন্! হে অমর! যে প্রকার ধন তোমার ইচ্ছা হয়, সেই সমস্ত বিবিধ প্রকার ধন আনিয়া দাও, তাহা হইলে আমরা যজ্ঞের সময় অন্নদান করিব। আমি বিমদ, আমার নিমিত্ত বৃদ্ধি পাইতেছ।

৫। অথর্ব্বা নামক ঋষি অগ্নিকে উৎপন্ন করিয়াছেন, এই অগ্নি সর্ব্বপ্রকার যজ্ঞকার্য্য জানেন। ইনি যজ্ঞকর্ত্তার দূতস্বরূপ হইয়া দেবতাদিগকে সংবাদ দেন। ইনি যমের প্রিয়পাত্র। আমি বিমদ, আমার জন্য কমনীয়রূপে বৃদ্ধি পাইতেছ।

৬। যজ্ঞের সময় হোমকার্য্য আরম্ভ হইলে, তোমার আরাধনা করা হয়। তুমি দাতাব্যক্তিকে সর্ব্বপ্রকার অভিলষিত ধন বিতরণ কর। আমি বিমদ, আমার জন্য কমনীয়রূপে বৃদ্ধি পাইতেছ।

৭। হে অগ্নি! মনুষ্যগণ তোমাকে যজ্ঞের সময় পুরোহিত করিয়া স্থাপন করে; কারণ তুমি পুরোহিতের ন্যায় সুশ্রী, তোমার অবয়ব যেন ঘৃতাক্তের ন্যায় চিক্কণ, তুমি শিখাদ্বারা সকলই জানিতে পার, তোমার মূর্ত্তি শুভ্র। আমি বিমদ, আমার জন্য কমনীয়রূপে বৃদ্ধি পাইতেছ।

৮। হে অগ্নি! তুমি শ্বেতবর্ণ শিখাসহকারে প্রকাণ্ডমূর্ত্তি ধারণ কর। তুমি বৃষের ন্যায় শব্দ করিতে থাক, তুমি ভগিনীর গর্ভে রস সেক কর। আমি বিমদ, আমার জন্য কমনীয়রূপে বৃদ্ধি পাইতেছ। (১)

২২ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিমদ ঋষি।

১। আজি ইন্দ্র কোথায় আছেন, শুনা গেল? আজি তিনি কোন্ ব্যক্তির নিকট বন্ধুর ন্যায় হইয়াছেন, শুনা গেল? তিনি কি ঋষিদিগের ভবনে, অথবা কোন নিভৃতস্থানে স্তবের দ্বারা আকৃষ্ট হইয়াছেন?

২। ইন্দ্র অদ্য এই স্থানে আসিতেছেন, শুনা যাইতেছে। সেই বজ্রধারী স্তবযোগ্য ইন্দ্রকে আমি স্তব করিতেছি। তিনি ভক্তদিগের বন্ধুর ন্যায় অসাধারণ অর্থাৎ প্রচুর অন্ন আহরণ করিয়া দেন।

৩। সেই ইন্দ্র অতুল বলের অধিকারী; তাঁহার তুলনা নাই; তিনি প্রচুর ধন দিয়া থাকেন। পিতা যেরূপ পুত্রকে রক্ষা করেন, তদ্রূপ আমাদিগকে রক্ষা করিবার নিমিত্ত তিনি দুর্দ্ধর্ষ বজ্র ধারণ করেন।

৪। হে বজ্রধারী দেব! বায়ু অপেক্ষা দ্রুতগামী দুই অশ্ব রথে যোজনা করিয়া উজ্জ্বলপথে সেই দুই ঘোটককে প্রেরণ করিতে থাক, যুদ্ধের পথ তুমিই সৃষ্টি কর, অর্থাৎ দেখাইয়া দাও। তখন তোমাকে স্তব করা হয়।

(১) উদ্ভিজ্জগণ অগ্নির ভগিনী, অগ্নি তাহাদের গর্ভে বৃষ্টিরূপ রস সেক করেন। সায়ণ।

৫। সেই দুই অশ্বের চালনা করিতে পটু, এমন কোন দেবতা, বা মনুষ্য নাই। তুমি নিজেই সেই বায়ুতুল্য বেগশালী দুই ঘোটককে চালাইয়া দিয়া আমাদিগের নিকট আসিয়া থাক।

৬। হে ইন্দ্র ও অগ্নি! তোমরা এখন বিদায় লইতেছ, উশনা তোমাদিগকে বিদায়ের সম্ভাষণ করিতেছেন। তোমরা সেই দূরস্থিত স্বর্গধাম হইতে মনুষ্যের নিকট আসিয়াছ এবং আসিবার সময় পৃথিবীর কত অংশ অতিক্রম করিয়াছ, তাহাতে তোমাদিগের নিজের কি বা প্রয়োজন সিদ্ধ হইয়াছে, কেবল আমাদিগের অনুগ্রহের জন্যই আসিয়াছ।

৭। হে ইন্দ্র! আমরা এই যজ্ঞের সামগ্রী প্রস্তুত করিয়াছি, যতক্ষণ না তৃপ্তি হয়, ভক্ষণ কর। আমরা তোমার নিকট অন্ন প্রার্থনা করি এবং এতাদৃশ বল প্রার্থনা করি, যাহাদ্বারা অমানুষ অর্থাৎ রাক্ষস প্রভৃতিকে নিধন করিতে পারি।

৮। আমাদিগের চতুর্দ্দিকে দস্যু জাতি আছে, তাহারা যজ্ঞকর্ম্ম করে না, তাহারা কিছু মানেনা, তাহাদিগের ক্রিয়া স্বতন্ত্র, তাহারা মনুষ্যের মধ্যেই নয়। হে শত্রু সংহারকারী! তাহাদিগকে নিধন কর। সেই দাসজাতিকে হিংসা কর (১)।

৯। হে শূর ইন্দ্র! তুমি শূরদিগের সঙ্গে আমাদিগকে রক্ষা কর। তোমার নিকট রক্ষা প্রাপ্ত হইয়া আমরা যেন বিপক্ষ সংহার করি, যেরূপ সেবকেরা প্রভুকে বেষ্টন করে, তদ্রূপ তোমার প্রদত্ত প্রচুর বস্তুদ্বারা আমরা যেন বেষ্টিত হই।

১০। হে বজ্রধারী! যখন কবিগণ বুদ্ধিবলে নক্ষত্রলোকবাসী দেবতাদিগের উদ্দেশে স্তব রচনা করেন, তখন তুমি বৃত্রকে বধ করিবার জন্য তরবারিদ্বারা যুদ্ধ করিতে, সেই সকল ব্যক্তিকে প্রেরণ করিয়াছিলে।

১১। হে বজ্রধারী ইন্দ্র! দান করাই তোমার কর্ম্ম। যুদ্ধস্থলে অতিশীঘ্র শীঘ্রই তুমি তোমার কর্ম্ম সম্পন্ন কর। তুমি সহগামী লোকদিগের সঙ্গে শুষ্ণের বংশ সকল ধ্বংস করিয়াছ।

১২। হে শূর ইন্দ্র! আমাদিগের এই সমস্ত মহতী বাসনা যেন বৃথা না হয়। হে বজ্রধারী! আমাদিগের পক্ষে সেই সকল বাসনা যেন ফলবতী হইয়া সুখকারী হয়।

(১) অনার্য্য বর্ব্বর জাতিদিগের স্পষ্ট উল্লেখ। তাহাদিগকে "অকর্ম্মা অমন্তুঃ অন্যব্রতঃ অমানুষঃ" বলা হইয়াছে।

১৩। তোমার অনুগ্রহ যেন আমাদিগের পক্ষে সফল হয়, যেন আমাদিগের হিংসা না হয়, যেরূপ গাভীর দুগ্ধাদি লোকে ভোগ করে, তদ্রূপ আমরা যেন তোমার অনুগ্রহের ফল ভোগ করি।

১৪। দেবতাদিগের ক্রিয়াদ্বারা এই পৃথিবী হস্ত পদ বিহীন হইয়া চতুর্দ্দিকে বৃদ্ধি প্রাপ্ত হইয়াছে। সেই পৃথিবী প্রদক্ষিণ করিয়া চতুর্দ্দিকে গমন করিয়া তুমি শুষ্ণ নামক অসুরকে হিংসা করিয়াছ।

১৫। হে শূর ইন্দ্র! সোমরস পান কর, পান কর। তুমি ধনবান্, তুমি ধনস্বরূপ, তুমি আমাদিগকে হিংসা করিও না। যজ্ঞকর্ত্তা, স্তবকর্ত্তা ব্যক্তিদিগকে রক্ষা কর। আমাদিগকে প্রচুর ধনে ধনী কর।

২৩ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। যে ইন্দ্র বিবিধকর্ম্মপটু হরিতবর্ণ ঘোটকদিগকে রথে যোজনা করেন, যাঁহার দক্ষিণহস্তে বজ্র আছে, তাঁহাকে পূজা করি। তিনি আপনার শ্মশ্রু কম্পমান করিয়া বিস্তর সেনা ও অন্ন লইয়া বিপক্ষ সংহার করিতে ঊর্দ্ধে গেলেন।

২। এই ইন্দ্রের হরিতবর্ণ যে দুই ঘোটক বন মধ্যে উত্তম ঘাস খাইয়াছে, ইনি তাহাদিগকে লইয়া বিস্তর ধনে ধনবান্ হইয়া বৃত্রকে নষ্ট করিলেন। ইনি প্রকাণ্ডমূর্ত্তি, বলবান্ ও দীপ্তিশীল। ইনি ধনের অধিপতি। আমি দাস অর্থাৎ দস্যুজাতির নাম পর্য্যন্ত উঠাইয়া দিতেছি।

৩। যখন ইন্দ্র স্বর্ণময় বজ্র ধারণ করেন, তখন তিনি সেই রথে বিদ্বান্ লোকদিগের সঙ্গে আরোহণ করেন, যে রথ হরিতবর্ণ দুই ঘোটক বহন করে। ইনি চিরবিখ্যাত ধনবান, ইনি সর্ব্বজন বিদিত অন্নরাশির অধিপতি।

৪। যেরূপ বৃষ্টি পশুযূথকে আর্দ্র করে, তদ্রূপ ইন্দ্র হরিতবর্ণ সোমরসের দ্বারা আপনার শ্মশ্রু আর্দ্র করিতেছেন। পরে তিনি সুশোভন যজ্ঞগৃহে গমন করিতেছেন, তথায় যে মধুময় সোমরস প্রস্তুত রহিয়াছে, তাহা পান করিয়া যেরূপে বায়ু বনকে আন্দোলন করে, আপনার শ্মশ্রুসমূহ সেইরূপে সঞ্চালন করিতেছেন।

৫। শত্রুরা নানা বাক্য উচ্চারণ করিতেছিল, ইন্দ্র আপনার বাক্যমাত্র-দ্বারা তাহাদিগকে নীরব করিয়া শত সহস্র বিপক্ষ সংহার করিলেন। পিতা যেরূপ অন্ন দিয়া পুত্রকে বলিষ্ঠ করেন, তদ্রূপ তিনি লোকদিগকে বলিষ্ঠ করেন। আমরা সেই ইন্দ্রের উল্লিখিত ভিন্ন ভিন্ন ক্ষমতা কীর্ত্তন করি।

৬। হে ইন্দ্র! বিমদবংশীয়েরা তোমাকে বিশেষ বদান্য জানিয়া তোমার উদ্দেশে অতি চমৎকার ও অতি বিস্তারিত স্তব রচনা করিয়াছেন। এই রাজা ইন্দ্রের তৃপ্তি সাধন কি সামগ্রী তাহা আমরা জানি। যেরূপ গোপাল গাভীকে ভোজনের লোভ দেখাইয়া আপনার নিকটে আনয়ন করে, তদ্রূপ আমরাও ইন্দ্রকে আনয়ন করিতেছি।

৭। হে ইন্দ্র! তোমাতে আর বিমদ ঋষিতে এই যে সমস্ত বন্ধুত্বের বন্ধন গ্রথিত হইয়াছে, তাহা যেন শিথিল হইয়া না যায়। হে দেব! ভ্রাতা ও ভগিনীতে যেমন মনের ঐক্য, তেমনি তোমার মনের ঐক্য আমরা জানি। আমাদিগের সঙ্গে তোমার কল্যাণকর বন্ধুত্ব যেন সংঘটন হয়।

২৪ সূক্ত।

প্রথমে ইন্দ্র, পরে অশ্বিদ্বয় দেবতা। বিমদ ঋষি।

১। হে ইন্দ্র! প্রস্তরফলকে নিষ্পীড়িত হইয়া এই সুমধুর সোমরস তোমার নিমিত্ত রহিয়াছে, পান কর। হে প্রভূতধনশালী! আমাদিগকে সহস্রসংখ্যক প্রচুর ধন অর্পণ কর। বিমদের উদ্দেশে তুমি বৃদ্ধি পাইতেছ।

২। তোমাকে আমরা যজ্ঞীয় সামগ্রীদ্বারা, স্তবের দ্বারা এবং হোমের বস্তু-দ্বারা আরাধনা করিতেছি। তুমি সকল কর্ম্মের প্রভু, সকল কর্ম্ম সফল করিয়া থাক। অতি উত্তম অভিলষিত বস্তু আমাদিগকে দেও। বিমদের উদ্দেশে বৃদ্ধি পাইতেছ।

৩। তুমি বিবিধ অভিলষিত বস্তুর স্বামী; তুমি উপাসককে উপাসনাকার্য্যে প্রেরণ কর। তুমি স্তবকর্ত্তাদিগের রক্ষাকর্ত্তা, তুমি আমাদিগকে শত্রুর হস্ত হইতে এবং পাপ হইতে রক্ষা কর।

৪। হে কর্ম্মিষ্ঠ অশ্বিদ্বয়! তোমাদিগের কার্য্য অদ্ভুত। তোমরা নাসত্য। যখন বিমদ তোমাদিগকে স্তব করিলে তোমরা কাষ্ঠে কাষ্ঠে ঘর্ষণ করিয়া অগ্নি-

মন্থন করিয়া দিলে, তখন দুজনে একত্র হইয়াই একত্র অগ্নিমন্থন করিয়া দিয়াছিলে, পৃথক্ পৃথক্ নহে।

৫। হে অশ্বিদ্বয়! যখন দুই খানি অরণি অগ্নিমন্থনকাষ্ঠ তোমাদিগের হস্তে সঞ্চালিত হইয়া একত্র মিলিত হইল এবং অগ্নির স্ফুলিঙ্গ বাহির করিতে লাগিল, তখন তাবৎ দেবতা প্রশংসা করিতে লাগিলেন। দেবতারা অশ্বিদ্বয়কে বলিতে লাগিলেন পুনর্ব্বার ঐরূপ কর।

৬। হে অশ্বিদ্বয়! আমার বহির্গমন যেন মধুময় অর্থাৎ প্রীতিকর হয়, আমার পুনরাগমন যেন তদ্রূপ মধুময় হয়, অর্থাৎ আমি যেন, যখন যে স্থানে যাই প্রীতিলাভ করি। হে দেবতাদ্বয়! তোমাদিগের দৈবশক্তিপ্রভাবে আমাদিগকে সকল বিষয়ে মধুপূর্ণ অর্থাৎ সন্তুষ্ট কর।

২৫ সূক্ত।

সোম দেবতা। বিমদ ঋষি।

১। হে সোম! আমাদিগের মনকে এই রূপ উৎকৃষ্টরূপে প্রেরণ কর, যেন সে নিপুণ ও কর্ম্মিষ্ঠ হয়। যেমন গাভীগণ ঘাসের প্রতি রত হয়, তদ্রূপ অন্নের প্রতি স্তবকর্ত্তারা যেন রত হয়। বিমদের প্রতি লক্ষ্য করিয়া তুমি বৃদ্ধি পাইতেছ (১)।

২। হে সোম! পুরোহিতগণ স্তবের দ্বারা তোমার চিত্ত হরণ করতঃ সকল স্থানে উপবেশন করিতেছেন। আর আমার মনে ধন লাভের জন্য নানা কামনা উদয় হইতেছে। বিমদের জন্য ইত্যাদি।

৩। হে সোম! আমার এই পরিণত বুদ্ধির দ্বারা আমি তোমার তাবৎ কার্য্য পরিমাণ করিয়া দেখিতেছি। যেরূপ পিতা পুত্রের প্রতি, তদ্রূপ তুমি আমাদিগের প্রতি অনুকূল হও। বিপক্ষ সংহার করিয়া আমদিগকে সুখী কর। বিমদের জন্য ইত্যাদি।

(১) বিমদ ঋষির বিস্তর ঋকে "বি বঃ মদে বিবক্ষসে" এইরূপ এক একটী ধুয়া দৃষ্ট হয়। সায়ণ এইরূপ ধ্রুব অংশের এক প্রকার যথা কথঞ্চিৎ ব্যাখ্যা করিয়াছেন। কিন্তু বোধ হয় এইটী গানের ভনিতার মত, "বঃ" শব্দের কোন অর্থ দেখা যায় না। নৃত্য ও গানের সময় যেরূপ দু একটা অতিরিক্ত শব্দ বা অক্ষর পাদ পূরণস্বরূপ প্রয়োগ হয়, ইহাও তদ্রূপ বোধ হয়।

৪। হে সোম! যেরূপ কলসগুলি জল উত্তোলন করিবার জন্য কূপের মধ্যে যায় (২), তদ্রূপ আমাদিগের স্তব সমস্ত তোমাতে যাইতেছে। আমাদিগের প্রাণ রক্ষার জন্য তুমি এই যজ্ঞকে ধারণ অর্থাৎ সুসম্পাদন কর। যেরূপ বারিপানাভিলাষী ব্যক্তি ঘাটের নিকট পানপাত্র ধারণ করে, তদ্রূপ তুমি ধারণ কর।

৫। বিবিধ ফল লাভের অভিলাষী হইয়া সেই সমস্ত ধীর ব্যক্তি অনেক প্রকার কার্য্য করিয়া তোমার পরিতোষ করিয়াছেন, কারণ তুমি মহান্, তুমি মেধাবী। অতএব তুমি গাভী ও অশ্বে সমাকীর্ণ গোষ্ঠ আমাদিগকে দান কর।

৬। হে সোম! আমাদিগের পশুদিগকে রক্ষা কর এবং নানা মূর্ত্তিতে অবস্থিত এই বিস্তীর্ণ বিশ্বভুবন রক্ষা কর। তুমি আমাদিগের প্রাণধারণের জন্য সমস্ত ভুবন অন্বেষণ করিয়া জীবনের উপায় আহরণ করিয়া দিয়া থাক। বিমদের জন্য ইত্যাদি।

৭। হে সোম! তুমি সর্ব্বপ্রকারে আমাদিগের রক্ষাকর্ত্তাস্বরূপ হও। কারণ তুমি দুর্দ্ধর্ষ। হে রাজন্! শত্রুদিগকে দূর করিয়া দাও। আমাদিগের নিন্দক যেন আমাদিগকে কিছুই না করিতে পারে। বিমদের জন্য ইত্যাদি।

৮। হে সোম! তোমার কার্য্য অতি সুন্দর। তুমি আমাদিগের অন্ন আহরণ করিয়া দিবার জন্য সতর্ক থাক। তোমার মত আমাদিগকে ক্ষেত্র, অর্থাৎ ভূমি দান করিবার লোক কেহ নাই। আমাদিগের অনিষ্টকারী লোকের হস্ত হইতে আমাদিগকে রক্ষা কর এবং পাপ হইতে ত্রাণ কর। বিমদের জন্য ইত্যাদি।

৯। যখন ভয়ানক যুদ্ধ উপস্থিত হয় এবং আমাদিগের সন্তানদিগকে সেই যুদ্ধে বলিদান দিতে হয়, যখন যুদ্ধকারী শত্রুগণ চতুর্দ্দিক্ হইতে আমাদিগকে যুদ্ধার্থ আহ্বান করিতে থাকে। তখন, হে সোম! তুমি ইন্দ্রের সহায় হও, তাঁহার আপদ্ বিপদ্ রক্ষা কর, কারণ তোমার মত শত্রুসংহারকারী কেহ নাই। বিমদের জন্য ইত্যাদি।

(২) পঞ্জাব ও উত্তর পশ্চিম প্রদেশে এক্ষণে যেরূপ কূপই জল পাইবার একমাত্র উপায়, পূর্ব্বেও সেইরূপ ছিল

১০। সেই সোম স্নাত হইতেছেন, ইনি ত্বরায় মত্ততা উৎপাদন করেন, ইন্দ্র ইঁহাকে প্রীতির সহিত গ্রহণ করেন। ইনি মহাপণ্ডিত, কক্ষীবান্ ঋষির বুদ্ধি স্ফূর্ত্তি করিয়াছিলেন। বিমদের জন্য ইত্যাদি।

১১। ইনি বুদ্ধিমান্ দাতাব্যক্তিকে গাভী ও অশ্ব আনিয়া দেন; ইনি সপ্ত পুরোহিতকে অভিলষিত বস্তু দিয়াছেন; ইনি অন্ধ ও পঙ্গুকে তাহাদিগের বিপদ্ হইতে উদ্ধার করিয়াছেন।

২৬ সূক্ত।

পূষা দেবতা। বিমদ ঋষি।

১। উত্তম উত্তম স্তব প্রস্তুত করা হইয়াছে, সেই সকল স্তব পূষা দেবের প্রতি প্রয়োগ করা হইতেছে। অতএব, সেই মহীয়ান্ সর্ব্বদা রথ যোজনা-পূর্ব্বক আসিয়া দুই জন দাতাকে, অর্থাৎ যজমান ও তাঁহার বনিতাকে রক্ষা করুন।

২। এই মেধাবী যজমানব্যক্তি, পূষাদেবের মণ্ডল মধ্যে যে প্রচুর জলের ভাণ্ডার আছে, তাহা যজ্ঞের দ্বারা পৃথিবীতে আনয়ন করেন; সেই পূষাদেব যেন ইঁহার স্তবের প্রতি কর্ণপাত করেন (১)।

৩। সেই পূষাদেব সোমের তুল্য রসসেচনকারী; তিনি উত্তম স্তবের প্রতি কর্ণপাত করেন, সেই সুশ্রী পূষাদেব বারি সেক করেন, আমাদিগের গোষ্ঠ মধ্যে বারি সেচন করেন।

৪। হে পূষাদেব! আমরা তোমাকে মনে মনে ধ্যান করিতেছি, তুমি আমাদিগের স্তবের স্ফূর্ত্তি করিয়া দাও, তোমার সেবার জন্য পুরোহিতগণ ব্যস্তসমস্ত হয়।

৫। সেই পূষাদেব যজ্ঞের অর্দ্ধাংশের ভাগী, তিনি রথে অশ্বযোজনাপূর্ব্বক গমন করেন, তিনি মনুষ্যদিগের হিতকারী ঋষিবিশেষ; তিনি বুদ্ধিমান্ ব্যক্তির বন্ধুস্বরূপ, তাহার শত্রুদিগকে দূর করিয়া দেন।

৬। গর্ভাধান গ্রহণ করিবার যোগ্যা সুন্দরমূর্ত্তিধারিণী ছাগী এবং যে

(১) পূষা সূর্য্য একই, সূর্য্য হইতে বৃষ্টি, এই নিমিত্ত তাঁহার মণ্ডল মধ্যে জলভাণ্ডার।

ছাগল, পূষাদেব সে সকল পশুর প্রভু। তিনিই মেষলোমের বস্ত্র বয়ন করেন, তিনিই বস্ত্র ধৌত করিয়া দেন (২)।

৭। প্রভু পূষা অন্নের অধিপতি, প্রভু পূষা সকলের পুষ্টিকর। সেই সৌম্যমূর্ত্তি দুর্দ্ধর্ষ পূষা ক্রীড়াস্থলে আপনার শ্মশ্রু সমস্ত কম্পিত করিতে লাগিলেন।

৮। হে পূষা! ছাগলেরা তোমার রথের ধুরা বহন করিতে লাগিল, তুমি বহুকাল পূর্ব্বে জন্মিয়াছ, কখন আপন অধিকার হইতে ভ্রষ্ট হও নাই, সকল যাচকের মনোবাঞ্ছা পূর্ণ কর।

৯। সেই মহীয়ান্ পূষাদেব নিজ বলের দ্বারা আমাদিগের রথ রক্ষা করুন। তিনি অন্নের বৃদ্ধি সম্পাদন করুন, তিনি আমাদিগের এই নিমন্ত্রণের প্রতি কর্ণপাত করুন।

২৭ সূক্ত।

ইন্দ্র দেবতা। বসুক্র ঋষি।

১। [ইন্দ্র কহিতেছেন]—হে স্তবকারী ভক্ত! আমার এইরূপ স্বভাব যে, সোমযজ্ঞের অনুষ্ঠানকারী যজমানকে আমি অভিলষিত ফল দিয়া থাকি। আর যে হোমের দ্রব্য আমাকে না দেয়, সে সত্যকে নষ্ট করে। যে কেবল চতুর্দ্দিকে পাপ করিয়া বেড়ায়, তাহার আমি সর্ব্বনাশ করি।

২। [ঋষি কহিতেছেন]—যে সকল ব্যক্তি দৈবকর্ম্মের অনুষ্ঠান না করে এবং কেবল তাহাদিগের নিজের উদর পূরণ করিয়া স্ফীত হইয়া উঠে, আমি যখন তাহাদিগের সঙ্গে যুদ্ধ করিতে যাই, তখন, হে ইন্দ্র! তোমার নিমিত্ত পুরোহিতদিগের সহিত একত্র স্থূলকায় বৃষকে(১) পাক করি এবং পঞ্চদশ তিথির প্রত্যেক তিথিতে সোমরস প্রস্তুত করিয়া থাকি।

৩। [ইন্দ্র কহিতেছেন]—এমন কাহাকেও আমি দেখি না, যে ব্যক্তি দেবশূন্য ও দৈবকর্ম্মবর্জ্জিত ব্যক্তিদিগকে যুদ্ধে নিধন করিয়াছে এ কথা বলিতে

(২) ছাগই পূষার বাহন, তাহা পূর্ব্বে বলা হইয়াছে। এই স্থানে মেষলোমের বস্ত্র বয়ন ও ধৌত করণের উল্লেখ পাওয়া যায়।

(১) এখানে "বৃষভ" পাক করার উল্লেখ পাওয়া যায়। ২ ও ৩ ঋকে দেবশূন্য শত্রুদিগের উল্লেখ আছে। তাহারা বোধ হয় অনার্য্যগণ।

পারে। যখন আমি যুদ্ধে যাইয়া তাহাদিগকে সংহার করি, তখন সকলে সেই সমস্ত বীরত্বের বিষয় বিস্তারিতরূপে বর্ণন করে।

৪। যে সময়ে আমি সহসা অতর্কিতরূপে যুদ্ধে প্রবৃত্ত হই, তখন যত ঋষিগণ আমাকে বেষ্টন করিয়া অবস্থিতি করেন। প্রজার মঙ্গলের জন্য আমি সর্ব্বত্র বিহারকারী শত্রুকে পরাভব করি, তাহার চরণ ধারণ করিয়া আমি তাহাকে প্রস্তরের উপর নিক্ষেপ করি।

৫। যুদ্ধে আমাক নিবারণ করিতে পারে, এমন কেহ নাই ; আমি যদি ইচ্ছা করি, পর্ব্বতেরাও আমাকে রোধ করিতে পারে না। আমি যখন শব্দ করি, তখন যাহার কর্ণ নিতান্ত নিস্তেজ, সেও ভীত হয়, অর্থাৎ তাহার কর্ণকুহর পর্য্যন্ত সেই শব্দ প্রবেশ করে। এমন কি কিরণমালী সূর্য্য পর্য্যন্ত দিন দিন কম্পিত হইতে থাকেন।

৬। আমি ইন্দ্র, আমাকে যাহারা মানে না, যাহারা দেবতাদিগের নিমিত্ত প্রস্তুত করা হইয়াছে এরূপ সোমরস বলপূর্ব্বক পান করে, যাহারা বাহুচালনা করিতে করিতে হিংসা করিবার জন্য আসিতে থাকে, আমি তাহাদিগকে তৎক্ষণাৎ দেখিতে পাই। আমি মহীয়ান্, আমি সকলের বন্ধু, আমাকে যাহারা নিন্দা করে, আমার বজ্রের প্রহার তাহাদিগেরই প্রতি প্রেরিত হয়।

৭। [ঋষি বলিতেছেন]—হে ইন্দ্র! তুমি দর্শনও দিলে, বৃষ্টিও বর্ষণ করিলে, তুমি সুদীর্ঘ পরমায়ুঃ প্রাপ্ত হইয়াছ ; তুমি প্রথমেও শত্রু বিদীর্ণ করিয়াছ, পরেও করিয়াছ। সেই ইন্দ্র এই বিশ্বভুবনের অপর পারে আছেন, এই সর্ব্বব্যাপী দ্যাবাপৃথিবী তাঁহাকে পরাভব অর্থাৎ পরিচ্ছিন্ন করিতে পারে না।

৮। [ইন্দ্র বলিতেছেন]—গাভীগণ অনেকগুলি একত্র হইয়া যবভক্ষণ করিতেছে ; আমি ইন্দ্র, তাহাদিগের স্বত্বাধিকারীর ন্যায় তাহাদিগের তত্ত্বাবধান করিতেছি। দেখিতেছি, যে তাহারা রাখালের সহিত চরিতেছে। সেই সমস্ত গাভীকে আহ্বান করিবামাত্র তাহারা আপনাদিগের স্বত্বাধিকারী স্বামীর নিকট উপস্থিত হইল। সেই স্বামী গাভীদিগের নিকট হইতে কতই দুগ্ধ দোহন করিয়া লইয়াছেন।

৯। তোমাতে ও আমাতে একত্র হইয়া এই বিস্তীর্ণ প্রান্তর মধ্যে এই সকল যবভক্ষণকারী ও ঘাসভক্ষণকারীদিগকে দেখিতেছি। এই স্থানে অবস্থিত হইয়া, এস আমরা দাতাব্যক্তির প্রতীক্ষা করি। সেই পরোপকারী ব্যক্তি যেন

পৃথগ্‌ভূতকে একত্র করিতে পারে, অর্থাৎ সকল পশু একত্র সংগ্রহ করিতে পারে।

১০। নিশ্চয় জানিও, আমি এই স্থানে যাহা কহিতেছি, সত্য। কি দ্বিপদ, কি চতুষ্পদ, সকলি আমি সৃষ্টি করি। যে ব্যক্তি স্ত্রীলোকদিগের সঙ্গে পুরুষকে যুদ্ধ করিতে পাঠায়, আমি বিনা যুদ্ধে তাহার ধন অপহরণ করিয়া ভক্তদিগকে ভাগ করিয়া দিই।

১১। যাহার চক্ষুঃবিহীন কন্যা কখন ছিল, কোন্ বিজ্ঞ ব্যক্তি সেই অন্ধ-কন্যাকে আশ্রয় প্রদান করে? যে ইহাকে বহন করে, যে ইহাকে বরণ করে, কেই বা তাহার প্রতি বর্ষাক্ষেপ করে (২)?

১২। কত স্ত্রীলোক আছে, যে কেবল অর্থেই প্রীত হইয়া নারীসহবাসে অভিলাষী মনুষ্যের প্রতি অনুরক্ত হয়? যে স্ত্রীলোক ভদ্র, যাহার শরীর সুগঠন, সেই অনেক লোকের মধ্য হইতে আপনার মনোমত প্রিয় পাত্রকে পতিত্বে বরণ করে।

১৩। সূর্য্যদেব চরণদ্বারা আলোক উদ্গিরণ করিতেছেন, নিজ মণ্ডলস্থিত আলোক গ্রাস করিতেছেন। আপন মস্তকের আবরণকারী কিরণসমূহ লোকের মস্তকের দিকে প্রেরণ করিতেছেন। ঊর্দ্ধে অবস্থিত হইয়া আপন সন্নিধানে আলোক প্রেরণ করিতেছেন, আবার নিম্ন দিকে বিস্তীর্ণ পৃথিবীতে আলোক বিস্তার করিতেছেন।

১৪। যেরূপ পত্রহীন বৃক্ষের ছায়া থাকে না, তদ্রূপ এই প্রকাণ্ড চির-বিচরণশীল সূর্য্যের ছায়া নাই। দ্যুলোকস্বরূপ মাতা স্থির হইয়া রহিলেন, সূর্য্যস্বরূপ গর্ভস্থ শিশু পৃথক্ হইয়া দুগ্ধ পান করিতেছে। এই গাভী অপর

(২) অন্ধ কন্যার বিবাহ হয় না, এবং ভদ্র ও সুগঠন কন্যা অনায়াসে মনোমত পতি বরণ করিতে পারে, এই মর্ম্ম।

11. "Who knowingly will desire the blind daughter of any man who has one? Or who will hurl javelin at him who carries off or woos such a female?"

12. "How many a woman is satisfied with the great wealth of him who seeks her? Happy is the female who is handsome: she herself loves [or chooses] her friend among the people.

"May we not infer from this passage that freedom of choice in the selection of their husbands was allowed, sometimes at least, to women in those times?" Muir's.

Sanscrit Texts, vol. V. (1884) pp 458 59.

এক গাভীর বৎসকে স্নেহভরে লেহন করিয়া নির্ম্মাণ করিল। এই গাভী আপনার উধঃ রাখিবার স্থান কোথা পাইল।

১৫। সাত জন পুরুষ নিম্নস্থান হইতে আগমন করিলেন; আট জন উত্তর দিক্ হইতে আসিয়া তাঁহাদিগের সহিত মিলিত হইলেন। সুধীর নয় জন পশ্চিম হইতে উপস্থিত হইলেন, দশজন পূর্ব্বদিক হইতে। সকলে সেই যজ্ঞভোজনকারী ইন্দ্রকে সংবর্দ্ধনা করিতে লাগিলেন (৩)।

১৬। দশ জনের মধ্যে সর্ব্বাঙ্গে কপিল বর্ণধারী একজন আছেন, তাঁহাকে ক্রতু সাধনের জন্য প্রেরণ করা হইল। মাতা সন্তুষ্ট হইয়া জলের মধ্যে গর্ভাধান গ্রহণ করিলেন (৪)।

১৭। পুরুষগণ স্থূলকায় মেষপশু পাক করিল। পাশক্রীড়াস্থলে পাশগুলি নিক্ষিপ্ত হইতে লাগিল। আর দুইজন প্রকাণ্ড ধনু ধারণপূর্ব্বক মন্ত্র উচ্চারণ-দ্বারা আপনাদিগের দেহ শুদ্ধ করিতে করিতে জলের মধ্যে বিচরণ করিতে লাগিল।

১৮। চীৎকার করিতে করিতে তাহারা চতুর্দ্দিকে গমন করিল, অর্দ্ধেক পাক করিতেছে, আর অর্দ্ধেক পাক করিতেছে না। এই সমস্ত কথা সবিতা-দেব আমাকে কহিয়াছেন। কাষ্ঠ যাঁহার অন্ন, অর্থাৎ অগ্নি, তিনি ঘৃতস্বরূপ অন্ন ভাগ করিয়া দিতেছেন।

১৯। দেখিলাম, বিস্তর লোক দূর হইতে আসিতেছে, অযত্নসিদ্ধ আহার-দ্বারা প্রাণযাত্রা নির্ব্বাহ করিতেছে। সেই সকল লোকের প্রভু দুই দুই ব্যক্তিকে যোজিত করিতেছে, তাহার বয়স নবীন, সে তৎক্ষণাৎ বিপক্ষ সংহার করিতেছে।

২০। আমি প্রমর, আমার এই দুই বৃষ যোজিত রহিয়াছে, ইহাদিগকে তাড়াইও না, পুনঃ পুনঃ সান্ত্বনা কর। ইহার ধন জলে নষ্ট হইতেছে। যে বীর গাভীদিগকে মার্জ্জন করিতে জানে, সে উপরে উঠিয়াছে।

(৩) কেহ কেহ কহেন, ইন্দ্র যখন তুমুল বেগে বৃষ্টি বর্ষণ করেন, তখন চতুর্দ্দিক হইতে যে সকল ঝটিকা উঠে, তাহাদিগের উল্লেখ এই ঋকে দৃষ্ট হয়।

(৪) সায়ণ কহেন, সাংখ্যপ্রণেতা কপিল যে প্রকৃতিতত্ত্ব নিরূপণ করিয়াছেন সেই কথা এস্থলে নিগূঢ়ভাবে উল্লিখিত হইয়াছে। কিন্তু সাংখ্যপ্রণেতা কপিল যে ঋগ্বেদের অপরিচিত তাহা পাঠককে বলা অনাবশ্যক। ১৪ ঋকের ন্যায় এই ঋকেও মাতা অর্থে বোধ হয় আকাশ, কপিল অর্থে বোধ হয় সূর্য্য।

২১। এই যে বজ্র প্রকাণ্ড সূর্য্যমণ্ডলের নিম্নভাগে ঘোরতর বেগে পতিত হইয়াছে, ইহার পর আরও স্থান আছে। যাহারা স্তব করে, তাহারা অক্লেশে সেই স্থান পার হইয়া যায়।

২২। প্রত্যেক বৃক্ষের অর্থাৎ কাষ্ঠনির্ম্মিত ধনুকের উপর গাভী অর্থাৎ গাভীর স্নায়ু নির্ম্মিত ধনুর্গুণ শব্দ করিতে লাগিল। পুরুষকে সংহার করে এরূপ পক্ষীগণ অর্থাৎ বাণ সমস্ত নির্গত হইতে লাগিল। তাহাতে সমস্ত ভুবন ভয় পাইল, তখন সকলে ইন্দ্রকে সোমরস দিতে লাগিল এবং ঋষিও তাহা শিক্ষা করিলেন।

২৩। মেঘগণ দেবতাদিগের সৃষ্টিকালে সর্ব্ব প্রথম দেখা দিয়াছিল। ইন্দ্র সেই মেঘ ছেদন করাতে, তাহার মধ্য হইতে জল নির্গত হইল। পর্জ্জন্য, বায়ু ও সূর্য্য এই তিন দেবতা যথাক্রমে পৃথিবীর উদ্ভিজ্জদিগকে পরিপক্ক করে। আর বায়ু ও সূর্য্য এই দুই দেবতা প্রীতিকর জলকে বহন করিতে থাকে।

২৪। সেই সূর্য্যই তোমার প্রাণধারণের উপায়স্বরূপ। যজ্ঞের সময় সূর্য্যের সেই প্রভাব গোপন করিও না, অর্থাৎ বর্ণনা ও স্তব করিতে শৈথিল্য করিও না, সেই সূর্য্যকে প্রকাশ করিয়াছেন, তিনি জলকে গোপন অর্থাৎ শোষণ করেন, তিনি পরিষ্কারক। তিনি নিজের গতি কখন ত্যাগ করেন না।

২৮ সূক্ত।

ইন্দ্র দেবতা। বসুক্র ঋষি।

১। [ইন্দ্রের পুত্র বসুক্র তাহার পত্নী কহিতেছে]--আর সকল প্রভুই এলেন, কিন্তু কি আশ্চর্য্য! আমার শ্বশুর এলেন না। তিনি যদি আসিতেন, তাহা হইলে ভৃষ্টযব খাইতেন, সোমরস পান করিতেন। উত্তম আহারাদি করিয়া পুনর্ব্বার নিজ গৃহে যাইতেন।

২। তিনি তীক্ষ্ণ শৃঙ্গধারী বৃষের ন্যায় শব্দ করিতে করিতে পৃথিবীর উন্নত বিস্তীর্ণ প্রদেশে অবস্থিত হইলেন। তিনি কহিলেন, যে আমাকে উদরপূর্ণ করিয়া সোমরস পান করিতে দেয়, আমি তাহাকে সকল যুদ্ধে রক্ষা করি।

৩। হে ইন্দ্র! যখন অন্ন কামনাতে তোমার উদ্দেশে হোম করা হয়, তখন তাহারা শীঘ্র শীঘ্র প্রস্তরফলক সহযোগে মাদকতাশক্তিযুক্ত সোমরস প্রস্তুত

করে, তুমি তাহা পান কর। তাহারা বৃষভসমূহ(১) পাক করে, তুমি তাহা ভোজন কর।

৪। হে ইন্দ্র! তুমি আমার ক্ষমতা এপ্রকার করিয়া দাও, যে আমি ইচ্ছা করিলে, যেন নদীর জল বিপরীত দিকে যায়; যেন তৃণভোজী হরিণ সিংহকে পরাঙ্মুখ করিয়া দিয়া তাহার পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হয়, যেন শৃগাল বরাহকে বন হইতে তাড়াইয়া দেয় (২)।

৫। হে ইন্দ্র! আমি বালক, তুমি প্রাচীন ও বুদ্ধিমান্, আমার সাধ্য কি, যে আমি তোমার স্তব করিতে পারি। তবে তুমি সময়ে সময়ে আমাদিগকে উপদেশ দাও, সেই নিমিত্ত তোমার স্তব কিঞ্চিদংশে করিতে সমর্থ হই।

৬। [ইন্দ্র কহিতেছেন]। আমি প্রাচীন আমাকে সকলে এইরূপে স্তব করে যে, আমার কার্য্যভার স্বর্গ অপেক্ষাও গুরুতর। আমি একসঙ্গে সহস্রাধিক শত্রুকে দুর্ব্বল করিয়া ফেলি। আমার জন্মদাতা আমাকে এইরূপ জন্ম দিয়াছেন, যে আমার শত্রু কেহ থাকিবেক না।

৭। হে ইন্দ্র! দেবতারা আমাকে তোমারই তুল্য প্রাচীন ও প্রত্যেক কর্ম্মে পারক এবং অভিলষিত ফলদাতা বলিয়া জানেন। আমি আহ্লাদের সহিত বজ্রদ্বারা বৃত্রকে বধ করিয়াছি; আমি নিজ মহত্ত্বগুণে দাতাকে গোধন দেখাইয়া দিয়াছি।

৮। দেবতারা আসিলেন, কুঠার ধারণ করিলেন, জল কাটিয়া দিলেন, মনুষ্যদিগের উপকারার্থে জল বর্ষণ করিলেন। নদীমধ্যে সেই সুন্দর জল রাখিয়া দিলেন, আর যে স্থানে মেঘের মধ্যে জল দেখেন, তাহাই দগ্ধ করিয়া নির্গত করিয়া দেন।

৯। ইন্দ্রের ইচ্ছা হইলে শশকও তাহার প্রতি প্রেরিত ক্ষুরকে গ্রাস করে, আমি দূর হইতে লোষ্ট্র নিক্ষেপ করিয়া পর্ব্বত ভেদ করিয়া ফেলিতে পারি। ক্ষুদ্রের নিকট বৃহৎও বশ হইয়া থাকে, বাছুরও আপনার দেহ স্ফীত করিয়া বৃষের দিকে ধাবমান হয়।

১০। যেরূপ সিংহ পিঞ্জরে রুদ্ধ হইয়া চতুর্দ্দিকে আপনার পদ ঘর্ষণ করে,

(১) এখানেও "বৃষভ" পাক করার উল্লেখ পাওয়া যায়।

(২) সিংহ প্রভৃতি বন্য পশুর উল্লেখ। ৯ ও ১০ ঋক্ দেখ।

তদ্রূপ শ্যেনপক্ষী আপনার নখ ঘর্ষণ করিতে লাগিল। যদি মহিষ রুদ্ধ হইয়া তৃষ্ণাযুক্ত হয় তাহা হইলে গোধা তাহার নিমিত্ত জল আহরণ করিয়া দেয়।

১১। যাহারা যজ্ঞের অন্নদ্বারা দেহ পুষ্টি করে, তাহাদিগের জন্য গোধা অক্লেশে জল আহরণ করিয়া দেয়। তাহারা সর্ব্বপ্রকার রসযুক্ত সোম পান করে এবং শত্রুদিগের দেহ ও বল ধ্বংস করিয়া দেয়।

১২। যাঁহারা সোমরসের যজ্ঞ করিয়া, নিজ দেহ পুষ্ট করিয়াছেন। তাঁহারা উত্তম কার্য্য করিয়াছেন বলিয়া সুকর্ম্মান্বিত হয়েন। হে ইন্দ্র! তুমি মনুষ্যের ন্যায় স্পষ্টবাক্য উচ্চারণপূর্ব্বক আমাদিগকে অন্ন আহরণ করিয়া দাও। কারণ, দিব্যধামে তোমার "দানবীর" এই নাম প্রসিদ্ধ আছে।

২৯ সূক্ত।

ইন্দ্র দেবতা। বসুক্র ঋষি।

১। হে শীঘ্রগামী অশ্বিদ্বয়! এই সুনির্ম্মল স্তব তোমাদিগের উদ্দেশে যাইতেছে। যেরূপ পক্ষী সভয়ে চতুর্দ্দিক নিরীক্ষণ করিতে করিতে আপন শাবককে বৃক্ষের কুলায় মধ্যে সংস্থাপন করে, আমি তাদৃশ যত্নে এই স্তব প্রস্তুত করিয়াছি। কত দিন এই স্তবে আমি ইন্দ্রকে আহ্বান করি, তিনি আসিয়া যজ্ঞ সম্পন্ন করেন। তিনি নেতাব্যক্তিদিগেরও নায়ক, তিনি মনুষ্যের হিতার্থী, তিনি রাত্রিতে সোমের ভাগ গ্রহণ করেন।

২। হে ইন্দ্র! তুমি নেতা ব্যক্তিদিগেরও নায়ক। অদ্যকার প্রাতঃকাল ও অন্য অন্য প্রাতঃকাল যেন তোমার স্তবে ক্ষেপণ করিতে পারি। তোমাকে স্তব করিয়া ত্রিশোক নামক ঋষি শতব্যক্তির সাহায্য পাইয়াছিলেন এবং কুৎস নামে ঋষি তোমার সহিত এক রথে আরোহণ করিয়াছিলেন।

৩। হে ইন্দ্র! কোন্ প্রকারের মত্ততা তোমার সর্ব্বাপেক্ষা প্রীতিকর? তুমি আমাদিগের স্তুতিবাক্য শ্রবণপূর্ব্বক মহাবেগে যজ্ঞগৃহের দ্বারাভিমুখে এস। কবে আমি উত্তম বাহন পাইব? কবে আমি স্তবের দ্বারা অন্ন ও অর্থ আপনার নিকটে আকর্ষণ করিতে পারিব?।

৪। হে ইন্দ্র! কবে অর্থ হইবে? কোন্ স্তব পাঠ করিলে তুমি মনুষ্য-

দিগকে তোমার মত করিবে? কবে আসিবে? হে কীর্ত্তিশালী! তুমি যথার্থ বন্ধুর ন্যায় সকলকে ভরণপোষণ কর, স্তব করিলেই তুমি ভরণপোষণ কর।

৫। যেরূপ পতি আপনার পত্নীর কামনা পূর্ণ করে, তদ্রূপ যাহারা তোমার কামনা পূর্ণ করে, অর্থাৎ ইচ্ছামত যজ্ঞ সম্পাদন করে, তাহাদিগকে যথেষ্ট অর্থ দাও, যে হেতু তুমি সূর্য্যের ন্যায় দাতা। হে বহুরূপধারী! যাহারা চির-প্রচলিত স্তুতিবাক্য তোমার উদ্দেশে পাঠ করে এবং অন্ন দেয়, তাহাদিগকে অর্থ দাও।

৬। হে ইন্দ্র! পূর্ব্বকালে অতি সুন্দর সৃষ্টিপ্রক্রিয়াদ্বারা বিরচিত এই যে দ্যাবাপৃথিবী, ইহারা তোমার দুই জননীর তুল্য। এই যে ঘৃতযুক্ত সোমরস প্রস্তুত করা হইয়াছে, ইহা পান করিয়া তুমি যেন প্রীত হও; এই মধুর রসযুক্ত অন্ন যেন তোমার পক্ষে সুস্বাদু হয়।

৭। সেই ইন্দ্রের জন্য পাত্র পূর্ণ করিয়া মধুরস দেওয়া হইল, কারণ তিনি যথার্থই ধন দান করেন। তিনি পৃথিবী অপেক্ষাও বৃহৎ হইয়া উঠিলেন; তিনি মনুষ্যের হিতৈষী; তাঁহার কার্য্য ও পৌরুষ আশ্চর্য্য।

৮। চমৎকার বলশালী ইন্দ্র বিপক্ষ সৈন্যগণকে আচ্ছন্ন করিয়া ফেলিলেন, যত উৎকৃষ্ট উৎকৃষ্ট শত্রুসৈন্য ইঁহার সহিত বন্ধুত্ব করিবার জন্য চেষ্টা করিতেছে। হে ইন্দ্র! যেমন জগতের হিতার্থে সুবুদ্ধি ব্যক্তির ন্যায় তুমি যুদ্ধের জন্য রথে আরোহণ করিয়া থাক, তদ্রূপ এখনও রথে আরোহণ কর।

৩০ সূক্ত।

জল দেবতা। কবষ ঋষি।

১। মনের যেরূপ শীঘ্রগতি, তদ্রূপ শীঘ্রগতিতে সোমরস যজ্ঞকালে দেবতাদিগের উদ্দেশে জলের দিকে গমন করুক। মিত্র ও বরুণের জন্য বিস্তর অন্ন পাক এবং তীব্র বেগশালী সেই ইন্দ্রের জন্য সুন্দর রচনাবিশিষ্ট স্তব কর।

২। হে পুরোহিতগণ! হোমের দ্রব্যের আয়োজন কর। জল তোমা-দিগের প্রতি স্নেহযুক্ত, সেই জলের দিকে আগ্রহের সহিত গমন কর। লোহিত-বর্ণ পক্ষীর ন্যায় এই যে সোম নিম্নে পতিত হইতেছে, হে সুন্দরহস্তসম্পন্ন ব্যক্তিগণ! তাহাকে তরঙ্গের আকারে যথাস্থানে নিক্ষেপ কর।

৩। হে পুরোহিতগণ! জলের সমুদ্রে গমন কর; অপাংনপাৎ নামক দেবতাকে হোমের দ্রব্যদ্বারা পূজা কর। তিনি যেন অদ্য তোমাদিগকে পরিষ্কার জলের তরঙ্গ প্রদান করেন। তাঁহার উদ্দেশে মধুযুক্ত সোম প্রস্তুত কর।

৪। যিনি বিনা কাষ্ঠে জলের মধ্যে জ্বলিতে থাকেন, যাঁহাকে যজ্ঞকালে বিপ্রগণ স্তব করেন, সেই অপাংনপাৎ নামক দেবতা এতাদৃশ সুরস জল যেন দান করেন, যাহা পান করিয়া ইন্দ্র বলশালী হইয়া বীরত্ব প্রকাশ করিবেন।

৫। যে সকল জলের সহিত মিশ্রত হইয়া সোম অতি চমৎকার হইয়া উঠেন; পুরুষ যেরূপ সুরূপা যুবতীগণের মিলনে আনন্দিত হয়, তদ্রূপ যে জলের সহিত মিলনে সোম আনন্দিত হয়েন; হে পুরোহিতগণ! এতাদৃশ জল আনয়ন করিতে গমন কর। যখন আনয়ন করিয়া সেই জল সেচন করিবে, যেন তদ্দ্বারা সোমলতা শোধন হইয়া যায়।

৬। যখন কোন যুবাপুরুষ প্রেমের সহিত প্রেমপরিপূর্ণা যুবতীদিগের দিকে গমন করে, তখন যেমন যুবতীরা সেই যুবার প্রতি অনুকূল হয়, তদ্রূপ জল সোমের প্রতি অনুকূল হইতেছে। পুরোহিতগণ ও তাঁহাদিগের যে স্তুতিবাক্য সকল, ইঁহাদিগের সহিত জলস্বরূপ দেবীদিগের বিশেষ পরিচয় আছে, উভয়েই স্বস্ব কার্য্যের প্রতি দৃষ্টি রাখেন।

৭। হে জলগণ! তোমরা রুদ্ধ হইলে, যিনি তোমাদিগের নির্গত হইবার পথ করিয়া দেন, যিনি তোমাদিগকে বিষম নিরোধ হইতে মোচন করিয়াছেন, সেই ইন্দ্রের প্রতি মধুপূর্ণ ও দেবতাদিগের মত্ততাজনক তরঙ্গ প্রেরণ কর।

৮। হে ক্ষরণশীল জলগণ! তোমাদিগের গর্ভস্বরূপ যে মধুর রসযুক্ত প্রস্রবণ আছে, তাহার সুমধুর তরঙ্গ সেই ইন্দ্রের নিকট প্রেরণ কর। হে ধনশালী জলগণ! আমার এই আহ্বান শ্রবণ কর, আমার এই আহ্বানে যজ্ঞের জন্য ঘৃতদান করা হইতেছে এবং তোমাদিগকে স্তব করা হইতেছে।

৯। হে জলগণ! তোমাদিগের যে তরঙ্গ উভয় দিকে গমন করে, এতাদৃশ মত্ততাজনক তরঙ্গ ইন্দ্রের পানের জন্য প্রেরণ কর। এরূপ তরঙ্গ প্রেরণ কর যাহা মদক্ষরণ করিবে, যাহা কামনা উদ্রিক্ত করিবে, যাহার উৎপত্তি আকাশে, যাহা ত্রিলোকে বিচরণ করতঃ উর্দ্ধে উঠিয়া যায়।

১০। যে ইন্দ্র জলের নিমিত্ত যুদ্ধ করেন, তাঁহার আজ্ঞায় জলগণ দুই ধারায় অর্থাৎ নানা ধারায় পুনঃ পুনঃ পতিত হইয়া সোমের সহিত মিশ্রিত হয়, তাহারা

ভুবনের জননীস্বরূপ, ভুবনের রক্ষাকর্ত্রীস্বরূপ। তাহারা সোমের সঙ্গে একত্রে স্ফীত হয়, তাহারা আত্মীয়স্বরূপ। হে ঋষি! এতাদৃশ জলগণকে বন্দনা কর।

১১। হে জলগণ! দেবতাদিগের যজ্ঞের জন্য আমাদিগের যজ্ঞকার্য্যে সহায়তা কর; ধনলাভের জন্য আমাদিগের নিকট পবিত্রতা প্রেরণ কর। যজ্ঞানুষ্ঠান কালে তোমাদিগের দুগ্ধস্থানের দ্বার মোচন করিয়া দাও, আমাদিগের পক্ষে সুখকর হও।

১২। হে জলগণ! তোমরা ধনের প্রভুস্বরূপ এই কল্যাণময় যজ্ঞ সম্পন্ন কর এবং অমৃত আহরণ কর, ধন ও উত্তম সন্তানদিগের রক্ষাকর্ত্তৃস্বরূপ হও; সরস্বতী যেন স্তবকর্ত্তাব্যক্তিকে অন্ন দান করেন।

১৩। হে জলগণ! তোমরা যখন আসিতেছিলে, আমি দেখিলাম, তোমরা ঘৃত, দুগ্ধ, মধু লইয়া আসিতেছ; পুরোহিতগণ স্তবের দ্বারা তোমাদিগের সম্ভাষণ করিতেছিল; উত্তমরূপে প্রস্তুত করা হইয়াছে, এতাদৃশ সোমরস তোমরা ইন্দ্রকে ভরিয়া দিতেছিলে।

১৪। এই সকল জল আসিতেছে; ইহারা ধনের আধার; জীবের হিতকর। হে পুরোহিত বন্ধুগণ! ইহাদিগের স্থাপনা কর। ইহারা বৃষ্টির অধিষ্ঠাত্রী দেবতার পরিচিত; ইহারা সোমরসের অনুকূল। ইহাদিগকে কুশের উপর স্থাপন কর।

১৫। জলগণ আগ্রহের সহিত কুশের দিকে আসিতেছে। এই দেখ, ইহারা দেবতাদিগের নিকট যাইবার জন্য যজ্ঞস্থানে উপবেশন করিতেছে; হে পুরোহিতগণ! ইন্দ্রের নিমিত্ত সোম প্রস্তুত কর। এক্ষণে জল আসাতে তোমাদিগের দেবপূজা সুসাধ্য হইয়াছে।

৩১ সূক্ত।

বিশ্বদেব দেবতা। কবষ ঋষি।

১। আমাদিগের স্তব যেন দেবতাদিগের নিকট গমন করে। যজ্ঞের দেবতা যিনি, তিনি যেন সকল শত্রুর হস্ত হইতে আমাদিগকে রক্ষা করেন, সেই সমস্ত দেবতার সহিত আমাদিগের যেন বন্ধুত্ব হয়; আমরা যেন সকল পাপ হইতে পরিত্রাণ পাই।

২। মনুষ্য যেন সর্ব্বপ্রকারে অর্থের চেষ্টা করে, পর যেন সত্যের পথে পুণ্যানুষ্ঠানে প্রবৃত্ত হয়, যেন সে নিজ কর্ম্মের দ্বারা কল্যাণের ভাগী হয়, যেন মনে সে সুখ লাভ করে।

৩। যজ্ঞকার্য্য আরম্ভ করা হইয়াছে। যজ্ঞীয়দ্রব্য সমস্ত ক্ষুদ্র ও বৃহৎ অংশ করিয়া রাখা হইয়াছে, তাহারা দেখিতে সুন্দর হইয়াছে, তাহারা রক্ষার উপায়স্বরূপ। সোম যে প্রস্তুত করা হইয়াছে, তাহার আস্বাদন আমরা গ্রহণ করিলাম, তাহাতে আমাদিগের দেবতারা যে কি প্রকার তদ্বিষয়ের জ্ঞান হইল।

৪। অবিনাশী প্রজাপতি দাতৃজনোচিত অন্তঃকরণ ধারণপূর্ব্বক যেন কৃপা করেন। যেন সবিতাদেব যজ্ঞকর্ত্তাকে শুভফল দান করেন, যেন ভগ ও অর্য্যমা স্তবের দ্বারা প্রসন্ন হইয়া স্নেহযুক্ত হয়েন, যেন আর সকল সুন্দরমূর্ত্তি দেবতা তাহার প্রতি আনুকূল্য করেন।

৫। এই স্তবকর্ত্তা ব্যক্তির নিকট স্তব পাইবার লালসাতে যখন দেবতাগণ কোলাহল করিয়া মহাবেগে আসিলেন, তখন যেন প্রাতঃকালের ন্যায় পৃথিবী আমাদিগের পক্ষে আলোকময়ী হয়। যেন দেবতারা নানাবিধ অন্ন আমাদিগের নিকট আগমন করে।

৬। আমার এই যে স্তব, তাহা এক্ষণে চিরপরিচিত বিস্তারিত ভাব ধারণপূর্ব্বক সকল দেবতার নিকট যাইবার জন্য বিস্তারিত হইতেছে। আমার এই যে যজ্ঞ, তাহাতে সকল দেবতা আসিয়া তুল্য স্থান অধিকারপূর্ব্বক নানাবিধ শুভফল দান করিবার জন্য আসুন, তাহা হইলেই আমি বলশালী হইব।

৭। সেই বনই বা কি? সেই বৃক্ষই বা কি? যাহা হইতে উপাদান সংগ্রহপূর্ব্বক এই দ্যুলোক ও ভূলোক নির্ম্মাণ করা হইয়াছে। পুরাতন দিবা ও উষাসমূহ জীর্ণ হইয়া গিয়াছে, কিন্তু দেখ, ইহারা কেমন পরস্পর সংযুক্ত হইয়া রহিয়াছে, কখন জীর্ণ বা পুরাতন হয় না, এক ভাবে অবস্থিত আছে।

৮। দ্যুলোক ও ভূলোক ইঁহারাই শেষ নহেন, ইহাদিগের উপর আরও এক আছে। তিনি প্রজা সৃষ্টিকর্ত্তা, তিনি দ্যুলোক ও ভূলোক ধারণ করেন। তিনি অন্নের প্রভু, যে কালে সূর্য্যের ঘোটকগণ সূর্য্যকে বহন করিতে আরম্ভ করে নাই, সেই সময়ে তিনি আপনার পবিত্র চর্ম্ম (শরীর) প্রস্তুত করিয়াছিলেন (১)।

---

(১) যিনি দ্যুলোক ও ভূলোকেরও উপরে আছেন, যিনি দ্যুলোক ও ভূলোক ধারণ করেন, যিনি অন্নের প্রভু ও প্রজার সৃষ্টিকর্ত্তা, যিনি সূর্য্যের আকাশ পরিক্রমের পূর্ব্ব হইতে আছেন এবং

৯। কিরণসমূহধারী সূর্য্যদেব পৃথিবীকে অতিক্রম করেন না, বায়ু বৃষ্টিকে নিতান্ত ছিন্ন ভিন্ন করে না, মিত্র ও বরুণ আবির্ভূত হইয়া বনমধ্যে সমুৎপন্ন অগ্নির ন্যায় চতুর্দ্দিকে আলোক বিস্তারিত করেন।

১০। রেতসেক প্রাপ্ত হইয়া বৃদ্ধা গাভী প্রসব করিলে যেরূপ হয়, অরণি অর্থাৎ অগ্নিমন্থনকাষ্ঠ সেইরূপ অগ্নিকে প্রসব করে। সেই অরণি লোকের ক্লেশ দূর করে, যাহারা অরণিকে রক্ষা করেন, তাদৃশ ব্যক্তিদিগকে ব্যথা পাইতে হয় না। অগ্নি অরণিদ্বয়ের পুত্রস্বরূপ, তিনি পূর্ব্বকালে দুই অরণিস্বরূপ মাতা পিতা হইতে জন্ম গ্রহণ করিয়াছেন। এই যে অরণিস্বরূপ গাভী, সে শমী বৃক্ষে জন্ম গ্রহণ করে; তাহারই অন্বেষণ করা হইয়া থাকে (২)।

১১। কথিত আছে, কণ্ব ঋষি নৃসদের পুত্র। সেই অন্নসম্পন্ন শ্যামবর্ণ কণ্ব ধন গ্রহণ করিয়াছিলেন। অগ্নি সেই শ্যামবর্ণ কণ্বের জন্য দীপ্তিযুক্ত নিজ উধঃ স্ফীত করিয়া দিয়াছিলেন। তাঁহার অর্থাৎ অগ্নির জন্য আরও কেহই তেমন যজ্ঞ অনুষ্ঠান করে নাই।

৩২ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। যজ্ঞকর্ত্তা ব্যক্তি ইন্দ্রকে ধ্যান করিতেছেন, ইন্দ্র তাহার সেবা গ্রহণ করিবার জন্য আপনার অশ্বদ্বয়কে সেই দিকে প্রেরণ করিতেছেন, অশ্ব দুটী বিচিত্র গতিতে আসিতেছে। যজমান প্রসন্নমনে উত্তম উত্তম সামগ্রী দিতেছে, ইন্দ্রও উত্তম উত্তম বর লইয়া আসিতেছেন। যখন ইন্দ্র সোমরস ও আহারীয় দ্রব্যের আস্বাদ পান, তখন আমাদিগের স্তব ও আমাদিগের হোমের দ্রব্য উভয়ই গ্রহণ করেন।

২। হে ইন্দ্র! তোমাকে বিস্তর লোকে স্তব করে। তুমি আলোক বিস্তার করিতে করিতে ভিন্ন ভিন্ন স্বর্গীয় ধামে বিচরণ কর, তুমি জ্যোতিঃ লইয়া

যিনি স্বয়ম্ভু, তিনি কে? সকল দেবগণের উপরস্থ, সকল দেবগণের পূর্ব্বস্থ, এক ঈশ্বরকেই "বিশ্বদেব" নামে স্তুতি করা হইয়াছে।

(২) সায়ণ কহেন শমী বৃক্ষের উপর যে অশ্বত্থ বৃক্ষ জন্মে, তাহা হইতে অরণি কাষ্ঠ প্রস্তুত হয়।

পৃথিবীতে আগমন করিয়া থাক। তোমার যে দুই ঘোটক তোমাকে যজ্ঞে বহন করিয়া আনে, তাহারা আমাদিগকে ধনবান্ করুক, কারণ ধন আমাদিগের নাই, ধনের জন্যই আমরা এই সকল প্রার্থনাবাক্য উচ্চারণ করিতেছি।

৩। পুত্র জন্ম গ্রহণ করিয়া পিতার নিকট যে ধন প্রাপ্ত হয়, সেই অতি চমৎকার ধন, ইন্দ্র আমাকে দিতে ইচ্ছুক হউন। পত্নী মিষ্ট বচনের দ্বারা স্বামীকে আপনার নিকটে আহ্বান করিতেছেন। সোমরস উত্তমরূপে প্রস্তুত হইয়া, সেই পৌরুষসম্পন্নের প্রতি যাইতেছে।

৪। স্তুতিস্বরূপ গাভীগণ যে স্থানে মিলিত হইয়াছে, সেই স্থানকে তোমার উজ্জ্বল দীপ্তিদ্বারা আলোকযুক্ত কর। স্তবসমূহের যে প্রাচীন ও পূজনীয় মাতা আছেন, তাঁহার সাত পুত্র সেই স্থানে উপস্থিত আছেন।

৫। দেবতাদিগের নিকট যে অগ্নি গমন করেন, তিনি তোমাদিগের হিতার্থে দেখা দিয়াছেন, তিনি একাকী রুদ্রদিগের সঙ্গে শীঘ্র আপন স্থানে গমন করেন। এই যে অমর দেবতাগণ, ইঁহাদিগের বলের হ্রাস হইতেছে, অতএব বন্ধুবর্গ পরিবেষ্টিত হইয়া যজ্ঞীয় মধু ইঁহাদিগের জন্য ঢালিয়া দাও, তাহা হইলে ইঁহারা বর দিবেন।

৬। দেবতাদিগের উদ্দেশে যে সমস্ত পুণ্যানুষ্ঠান হয়, বিদ্বান্ ইন্দ্র তাহা রক্ষা করেন ; তিনি বলিয়া দিয়াছেন, যে অগ্নি জলের মধ্যে নিগূঢ়ভাবে সমর্পিত আছেন। হে অগ্নি! সেই উপদেশ অনুসারে আমি তোমার দিকে আসিয়াছি।

৭। যদি কেহ কোন স্থান না জানে, তবে সে, যে ব্যক্তি জানে, তাহাকে জিজ্ঞাসা করে, অভিজ্ঞ ব্যক্তির উপদেশ পাইলে, সে সেই অভিলষিত স্থানে উপনীত হইতে পারে। অভিজ্ঞ ব্যক্তির উপদেশের এই গুণ যদি জল অন্বেষণ কর, তবে যে স্থানে জল আছে, সেই স্থানে যাইতে পারিবে।

৮। অদ্যই ইনি জীবন পাইয়াছেন, এই কয়েক দিন ধরিয়া ক্রমশঃ বৃদ্ধি প্রাপ্ত হইয়াছেন, জননার উধঃ চোষণ করিয়াছেন। এই যুবা অবস্থাতেই ইহার জরা উপস্থিত হইয়াছে। ইনি অক্লিষ্টকর্ম্মা, বস্যাঢ্য ও মনঃপ্রসাদসম্পন্ন।

৯। হে কলস! হে কুরুশবণ! তুমি যজ্ঞ দিতেছ, তোমার জন্য এই সকল স্তব রচনা করিলাম। সেই মঘবান্ ইন্দ্র, তোমাদিগের পক্ষে দাতা হউন, আর এই যে সোম, যাঁহাকে আমি হৃদয়ে ধারণ করিতেছি, তিনিও দাতা হউন।

---

৩৩ সূক্ত। (১)

ভিন্ন ভিন্ন দেবতা। কবষ ঋষি।

১। যিনি লোকদিগকে স্বকার্য্যে প্রেরণ করেন, তিনি আমাকে প্রেরণ করিলেন। আমি পূষাকে অন্তরে বহন করিলাম। তাবৎ দেবতা আমাকে রক্ষা করিলেন। চতুর্দ্দিকে রব উঠিল যে, দুর্দ্ধর্ষ ঋষি আসিতেছেন।

২। [বোধ হয়, পিতৃশোকে কুরুশ্রবণ রাজার উক্তি]—আমার পাঁজরাগুলি সপত্নীগণের ন্যায় আমাকে সন্তাপ দিতেছে। মনের অসুখ আমাকে ক্লেশ দিতেছে, আমি দীনহীন ক্ষীণ হইতেছি। পক্ষীর মত আমার মন অস্থির হইতেছে।

৩। হে ইন্দ্র! যেরূপ মূষিকেরা স্নায়ুকে চর্ব্বণ করে, আমি তোমার ভক্ত হইলেও আমার মনের পীড়া আমাকে তদ্রূপ চর্ব্বণ করিতেছে। হে মঘবা ইন্দ্র! একবার আমাদিগের প্রতি কৃপা দৃষ্টি কর। আমাদিগের পিতৃতুল্য হও।

৪। আমি কবষ ঋষি, ত্রসদস্যুর পুত্র কুরুশ্রবণ রাজার নিকটে যাচ্ঞা করিতে গেলাম, কারণ তিনি দাতাগণের শ্রেষ্ঠ।

৫। আমার দক্ষিণা সহস্রসংখ্যায় দত্ত হইত এবং সকলে স্তব অর্থাৎ শ্লাঘা করিত; আমি রথারূঢ় হইলে তিনটী হরিতবর্ণ ঘোটক সুন্দররূপে বহন করে।

৬। আমার পিতার কীর্ত্তি দৃষ্টান্ত দিবার স্থলস্বরূপ ছিল, তাঁহার বাক্য সেবকদিগের নিকট যেন রমণীয় ক্ষেত্রের ন্যায় প্রীতিকর হইত।

৭। [কবষের সান্ত্বনা বাক্য]—হে কুরুশ্রবণ! যাঁহার কীর্ত্তি দৃষ্টান্ত দিবার স্থল, তুমি তাঁহার পুত্র। তুমি মিত্রাতিথি রাজার নপ্তা। আমার নিকটে এস, কারণ আমি তোমার পিতার বন্দনাকর্ত্তা অর্থাৎ অনুগতলোক।

৮। যদি জীবিতব্যক্তির জীবন ও মৃতব্যক্তির মৃত্যু আমার প্রভুত্বের অধীন হইত, তাহা হইলে আমার সেই পরম উপকারী তোমার পিতা অবশ্য জীবিত থাকিতেন।

৯। একশত আত্মা অর্থাৎ প্রাণ থাকিলেও দেবতাদিগের অভিপ্রায়ের বিপরীতে কেহ বাঁচিতে পারে না। এই হেতুতেই আমাদিগের সহচরদিগের সহিত আমাদিগের বিচ্ছেদ হয়।

---

(১) এই সূক্তে আত্মীয় মৃত্যুজনিত দুঃখ বর্ণিত হইয়াছে।

৩৪ সূক্ত।

অক্ষ ও দ্যূতকার দেবতা(১)। কবষ ঋষি।

১। বড় বড় পাশাগুলি যখন ছকের উপর ইতস্ততঃ সঞ্চালিত হয়, দেখিয়া আমার বড়ই আনন্দ হয়। মূজবান্ নামক পর্ব্বতে যে চমৎকার সোমলতা জন্মে(২), তাহার রস পান করিতে যেমন প্রীতি জন্মে, বিভীতকাষ্ঠনির্ম্মিত অক্ষ আমার পক্ষে তেমনি প্রীতিকর ও তদ্রূপ আমাকে উৎসাহিত করে।

২। আমার এই রূপবতী পত্নী কখন আমার প্রতি বিরাগ প্রদর্শন করে নাই, কখন আমার নিকট লজ্জিত হয় নাই। সেই পত্নী আমার নিজের ও আমার বন্ধুবর্গের বিশেষ সেবাশুশ্রূষা করিত। কিন্তু কেবল মাত্র পাশার অনুরোধে আমি সেই পরম অনুরাগিণী ভার্য্যাকে ত্যাগ করিলাম।

৩। যে ব্যক্তি পাশাক্রীড়া করে, তাহার শ্বশ্রূ তাহার উপর বিরক্ত, স্ত্রী তাহাকে ত্যাগ করে, যদি কাহারও কাছে কিছু যাচ্ঞা করে, দিবার লোক কেহ নাই। যেরূপ বৃদ্ধ ঘোটককে কেহ মূল্য দিয়া ক্রয় করে না, সেরূপ দ্যূতকার কাহারও নিকট সমাদর পায় না।

৪। পাশার আকর্ষণ বিষম কঠিন, যদি কাহারো ধনের প্রতি পাশার লোভ-দৃষ্টি পতিত হয়, তাহা হইলে উহার পত্নীকে অন্যে স্পর্শ করে (৩)। তাহার পিতা, মাতা, ভ্রাতাগণ তাহাকে দেখিয়া কহে আমরা ইহাকে চিনি না, ইহাকে বাধিয়া লইয়া যাও।

৫। আমি যখন মনে ভাবি, আর এই পাশাখেলা করিব না, তখন খেলার সঙ্গীদিগকে দেখিলে তাহাদিগের নিকট হইতে সরিয়া যাই। কিন্তু পাশাগুলি সুন্দর পিঙ্গলমূর্ত্তিতে ছকের উপর বসিয়া আছে দেখিয়া আর থাকিতে পারি না। যেরূপ ভ্রষ্টানারী উপপতির নিকট গমন করে (৪), আমিও তদ্রূপ খেলার সঙ্গী-দিগের ভবনে গমন করি।

(১) এই সূক্তে পাশা খেলার অনতিক্রমণীয় ইচ্ছা এবং ভয়ানক ফল সুন্দররূপে বর্ণিত হইয়াছে।

(২) মূজবান্ নামক পর্ব্বতে সোমলতা জন্মে।

(৩) অর্থাৎ পত্নী ব্যভিচারিণী হয়।

(৪) মূলে "নিষ্কৃতং জারিণী ইব" আছে।

৬। দ্যূতকার আপনার বুক ফুলাইয়া আস্ফালন করিতে করিতে ক্রীড়া-সভায় আসে, বলে, আমি জিতিব। পাশাগুলি কখন ইহার অভিলাষ পূর্ণ করে; সে বিপক্ষ দ্যূতকারের প্রতি যাহা কিছু অভিপ্রায় করে, সকলি কখন সিদ্ধ হইয়া যায়।

৭। কিন্তু কখন সেই পাশা যেন অঙ্কুশযুক্ত, অর্থাৎ যেন আঁকুশিদ্বারা আকর্ষণ করিতে থাকে, তাহারা যেন বাণের ন্যায় বিদ্ধ করিতে, ছুরিকার ন্যায় কর্ত্তন করিতে এবং তপ্ত বস্তুর ন্যায় সন্তাপ দিতে থাকে। যে জয়ী হয়, তাহার পক্ষে পাশাগুলি যেন পুত্রজন্মের তুল্য, যেন মধুময়, যেন তাহাকে মিষ্টবাক্যে সম্ভাষণ করে, আর পরাজিত ব্যক্তিকে তাহারা যেন নিধন করে।

৮। এই যে ত্রিপঞ্চাশটী পাশার দল দেখিতেছ, ইহারা মিলিত হইয়া ছকের উপর বিহার করিয়া বেড়ায়, যেমন সত্যস্বরূপ সূর্য্যদেব বিশ্বভুবনে বিহার করেন। যিনি যত বড় দুর্দ্ধর্ষ হউন, ইহারা কাহারও বশীভূত নয়। রাজা পর্য্যন্ত ইহা-দিগকে নমস্কার করে।

৯। ইহারা কখন নীচে নামিতেছে, কখন উপরে উঠিতেছে। ইহাদিগের হাত নাই, কিন্তু যাহার হাত আছে, সে ইহাদিগের নিকট পরাজয় স্বীকার করে। ইহারা দেখিতে শ্রীযুক্ত, জলন্ত অঙ্গারের ন্যায় ছকের উপর বসিয়া আছে। স্পর্শ করিতে শীতল, কিন্তু হৃদয়কে দগ্ধ করে।

১০। দ্যূতকারের স্ত্রী দীনহীনবেশে পরিতাপ করে। পুত্র কোথায় বেড়াই-তেছে, ভাবিয়া তাহার মাতা ব্যাকুল। যে তাহাকে ধার দেয়, সে আপন ধন ফিরিয়া পাইব কি না এই ভাবিয়া সশঙ্কিত। দ্যূতকারকে পরের বাটীতে রাত্রি যাপন করিতে হয়।

১১। আপনার স্ত্রীর দশা দেখিয়া দ্যূতকারের হৃদয় বিদীর্ণ হয়, অন্যান্য ব্যক্তির স্ত্রীর সৌভাগ্য ও সুন্দর অট্টালিকা দেখিয়া তাহার পরিতাপ হয়। সে হয়ত প্রাতে সুশ্রী ঘোটক যোজনাপূর্ব্বক গতিবিধি করিয়াছে, কিন্তু সন্ধ্যার সময় নীচলোকের ন্যায় তাহাকে শীত নিবারণের জন্য অগ্নি সেবা করিতে হয়।

১২। হে পাশাগণ! যে তোমাদিগের দলের মধ্যে প্রধান ও সেনাপতি ও রাজার তুল্য, আমি তাঁহার প্রতি আমার এই দশ অঙ্গুলি একত্র করিয়া প্রণাম করিতেছি, আমি তোমাদিগের নিকট অর্থ চাহি না, ইহা সত্য করিয়া কহিতেছি।

১৩। হে দ্যূতকার! পাশা কখন খেলিও না, বরং কৃষিকার্য্য কর। তাহাতে যাহা লাভ হয়, সেই লাভে সন্তুষ্ট হও ও আপনাকে কৃতার্থ বোধ কর। তাহাতে পত্নী পাইবে ও অনেক গাভী পাইবে। এই যে প্রভু সূর্য্যদেব, ইনি আমাকে ইহা বলিয়া দিয়াছেন।

১৪। হে পাশাগণ! আমাদিগের উপর বন্ধুত্বভাব ধারণ কর, আমাদিগের কল্যাণ কর। তোমাদিগের দুর্দ্ধর্ষ প্রভাব আমাদিগের প্রতি প্রয়োগ করিও না। আমাদিগের শত্রুই যেন তোমাদিগের কোপ দৃষ্টিতে পতিত হয়। অপরে যেন তোমাদিগকে ব্যবহার করিতে ব্যাপৃত থাকে।

৩৫ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। লুশ ঋষি।

১। সেই সকল অগ্নি জাগরিত হইলেন, তাঁহাদিগের সঙ্গে ইন্দ্র আছেন; প্রভাত যখন অন্ধকারকে বিদেশে প্রেরণ করে, তখন সেই সমস্ত অগ্নি আলোক ধারণপূর্ব্বক প্রজ্বলিত হইল। বিপুলমূর্ত্তি দ্যুলোক ও ভূলোক চৈতন্যযুক্ত হউক। দেবতারা অদ্য যেন আমাদিগকে রক্ষা করেন, এই প্রার্থনা করি।

২। আমরা প্রার্থনা করি যে, দ্যাবাপৃথিবী যেন রক্ষা করে, যেন জননীতুল্য নদীগণ এবং নির্ঝরশালী পর্ব্বতগণ (১) আমাদিগকে রক্ষা করেন। সূর্য্য ও উষা-দেবার নিকট এই প্রার্থনা, যেন আমরা অপরাধী না হই। যে সোমকে প্রস্তুত করা যাইতেছে, তিনি যেন আমাদিগের মঙ্গল করেন।

৩। দ্যাবা ও পৃথিবী আমাদিগের মাতৃতুল্য, আমরা যেন সেই দুই মহতী দেবতার নিকট নিরপরাধী থাকি, যেন তাঁহারা আমাদিগের সুখ বিধান করেন। উষাদেবী যেন আমাদিগের পাপ মুছিয়া লয়েন এবং পাপ নষ্ট করেন। প্রজ্বলিত অগ্নির নিকট আমরা কল্যাণ ভিক্ষা করি।

৪। এই যে উষা দেবী, যিনি ধনদানকারিণী এবং যিনি সর্ব্বশ্রেষ্ঠ গাভীর ন্যায়, তিনি আমাদিগকে উত্তম ধন বিতরণ করুন, আমরা তাহা ভাগ করিয়া

(১) মূলে "পর্ব্বতান শর্য্যনাবতঃ" আছে। কুরুক্ষেত্রের নিকটস্থ পর্ব্বত এরূপ অর্থও হইতে পারে। সায়ণ অন্য স্থানে কুরুক্ষেত্রের নিকটে একটী সরোবরের নাম শর্য্যনাবৎ বলিয়াছেন।

লই। আমরা যেন দুষ্টলোকের কোপ হইতে দূরবর্ত্তী থাকি। প্রজ্বলিত অগ্নির নিকট আমরা কল্যাণ ভিক্ষা করি।

৫। যে সকল উষা সূর্য্যকিরণের সহিত মিলিত হইয়া আলোক ধারণপূর্ব্বক অন্ধকারকে অপসারিত করেন, তাঁহারা অদ্য আমাদিগকে অন্ন দান করুন। প্রজ্বলিত অগ্নির নিকট আমরা কল্যাণ ভিক্ষা করি।

৬। উষা যেন আমাদিগের আরোগ্যসম্পন্ন হইয়া উপস্থিত হন, বিপুল জ্যোতিঃসহকারে অগ্নিগণ উদয় হউন। অশ্বিদ্বয় শীঘ্রগামী রথ যোজনা করিয়াছেন। প্রজ্বলিত অগ্নির নিকট আমরা কল্যাণ ভিক্ষা করি।

৭। হে সূর্য্যদেব! অদ্য অতি চমৎকার ধন ভাগ আমাদিগকে বিতরণ কর, কারণ তুমিই কামনা পূর্ণ করিবার কর্ত্তা। যাহাতে ধন জন্মিতে পারে, এপ্রকার স্তুতি পাঠ করিতেছি। প্রজ্বলিত অগ্নির নিকট আমরা কল্যাণ ভিক্ষা করি।

৮। মনুষ্যগণ দেবতাদিগের উদ্দেশে যে যজ্ঞকার্য্য সংকল্প করে, সেই যজ্ঞানুষ্ঠান আমার শ্রীবৃদ্ধি সম্পাদন করুক। প্রতি প্রভাতে সূর্য্যদেব সকল বস্তু স্পষ্ট করিয়া দিয়া উদয় হয়েন। প্রজ্বলিত অগ্নির নিকট আমরা কল্যাণ ভিক্ষা করি।

৯। যজ্ঞের নিমিত্ত অদ্য এই যে কুশ বিস্তার হইতেছে, সোম প্রস্তুত করিবার জন্য দুই প্রস্তর সংযোজিত হইতেছে, এই সময়ে আমাদিগের অভীষ্ট সিদ্ধির জন্য দ্বেষরহিত দেবতাদিগের শরাণাপন্ন হওয়া যাউক। হে যজমান! তুমি সকল অনুষ্ঠান করিয়া থাক; অতএব আদিত্যগণ যেন তোমাকে সুখী করেন। প্রজ্বলিত অগ্নির নিকট আমরা কল্যাণ ভিক্ষা করি।

১০। হে অগ্নি! আমাদিগের এই যে যজ্ঞ অনুষ্ঠিত হইতেছে, যাহাতে দেবতাগণ একত্র হইয়া আমোদ আহ্লাদ করেন, এই যজ্ঞে প্রকাণ্ড দ্যুলোকবর্ত্তী দেবতাদিগকে আনয়ন কর, সাতজন হোতাকে আনয়ন কর, ইন্দ্র ও মিত্র ও বরুণ ও ভগকে আনয়ন কর; আমি ধনলাভের জন্য সকলকে স্তব করি। প্রজ্বলিত অগ্নির নিকট আমরা কল্যাণ ভিক্ষা করি।

১১। হে প্রসিদ্ধ আদিত্যগণ! তোমরা আইস, তাহাতেই সকল বিষয়ে শ্রীবৃদ্ধি হইবেক। আমাদিগের শ্রীবৃদ্ধির জন্য সকলে একত্র হইয়া যজ্ঞকে রক্ষা করুন। বৃহস্পতি ও পূষা ও অশ্বিদ্বয় ও ভগ ও প্রজ্বলিত অগ্নির নিকট আমরা কল্যাণ ভিক্ষা করি।

১২। হে দেবগণ! অতএব তোমাদের যজ্ঞের সাফল্য আজ্ঞা কর। হে আদিত্যগণ! ধন পরিপূর্ণ রাজযোগ্য গৃহ দান কর। আমাদিগের পশু ও পুত্র পৌত্র ও পরমায়ুঃ সকল বিষয়ে আমরা প্রজ্বলিত অগ্নির নিকট কল্যাণ কামনা করি।

১৩। সকল মরুৎ আমাদিগকে সর্ব্ববিধায় রক্ষা করুন। যাবতীয় অগ্নি প্রজ্বলিত হউন। যাবতীয় দেবতা আমাদিগকে রক্ষা করিবার জন্য আগমন করুন। সর্ব্বপ্রকার অন্ন ও সম্পত্তি আমাদিগের লাভ হউক।

১৪। হে দেবগণ! যাহাকে তোমরা অন্ন দানপূর্ব্বক রক্ষা কর, যাহাকে ত্রাণ কর, যাহাকে পাপমুক্ত করিয়া শ্রীবৃদ্ধিসম্পন্ন কর, যে তোমাদিগের আশ্রয়ে থাকিয়া ভয় কাহাকে বলে জানে না, আমরা যেন দেবকার্য্যের জন্য ব্যগ্র হইয়া তাদৃশ ব্যক্তি হই।

৩৬ সূক্ত।

বিশ্বদেব দেবতা। লুশ ঋষি।

১। উষাদেবী ও রাত্রিদেবী এবং বিপুলশক্তিধারিণী সুগঠন শরীরা দ্যাবা-পৃথিবী এবং বরুণ ও আর্য্যমা ও ইন্দ্র ও মরুদ্গণ ও পর্ব্বতবর্গ এবং জলগণ ও আদিত্যগণ ইঁহাদিগকে আমি যজ্ঞে আহ্বান করিতেছি। দ্যাবাপৃথিবী জলগণ ও স্বর্গকে আহ্বান করিতেছি।

২। প্রশস্ত চিত্তবতী ও যজ্ঞের অধিষ্ঠাত্রীস্বরূপা দ্যাবাপৃথিবী আমাদিগকে পাপ হইতে পরিত্রাণ করুন, শত্রুর হস্ত হইতে রক্ষা করুন। দুষ্টাশয়া নিঃঋতি যেন আমাদিগের উপর আধিপত্য করিতে না পান। আমরা দেবতাদিগের নিকট বিশিষ্ট রক্ষা ভিক্ষা করি।

৩। ধনশালী মিত্র ও বরুণের জননী ও অদিতিদেবী তাবৎ পাপ হইতে আমাদিগকে রক্ষা করুন। আমরা যেন সর্ব্বপ্রকার অবিনাশী জ্যোতিঃ লাভ করি। আমরা দেবতাদিগের নিকট বিশিষ্ট রক্ষা ভিক্ষা করি।

৪। সোম নিষ্পীড়নের উপযোগী প্রস্তর শব্দ করিতে করিতে রাক্ষসদিগকে দূরীকৃত করুক, দুঃস্বপ্ন ও নিঃঋতি ও যত শত্রু সকলকে দূর করুক। আমরা যেন আদিত্যদিগের নিকট এবং মরুদ্গণের নিকট সুখ লাভ করি। আমরা দেবতাদিগের নিকট বিশিষ্ট রক্ষা ভিক্ষা করি।

৫। ইন্দ্র আসিয়া কুশের উপর উপবেশন করুন, স্তুতিবাক্য বিশেষরূপে উচ্চারিত হউক, বৃহস্পতি ঋক্ ও সামের দ্বারায় অর্চনা করুন, আমরা যেন উত্তম উত্তম কাম্যবস্তু লাভ করিয়া দীর্ঘজীবী হই। দেবতাদিগের নিকট বিশিষ্ট রক্ষা ভিক্ষা করি।

৬। হে অশ্বিযুগল! আমাদিগের যজ্ঞ যাহাতে দেবলোককে স্পর্শ করিতে পারে, তাহা কর। যজ্ঞের সমস্ত বিঘ্ন দূর কর। আমাদিগের অভিপ্রায় সিদ্ধ করিয়া সুখী কর। যে অগ্নিতে ঘৃতাহুতি করা হইয়াছে, তাহার কিরণসমূহ দেবতাদিগের প্রতি প্রেরণ কর। দেবতাদিগের নিকট বিশিষ্ট রক্ষা ভিক্ষা করি।

৭। যে মরুদ্‌গণ সকলকে পবিত্র করেন, যাঁহারা দেখিতে সুশ্রী, যাঁহাদিগের হইতে কল্যাণের উৎপত্তি হয়, যাঁহারা ধন বৃদ্ধি করিয়া দেন, যাঁহাদিগের নাম করিলে মনে আনন্দ হয়, তাঁহাদিগকে আমি আহ্বান করিতেছি; বিশিষ্টরূপ অন্ন লাভের জন্য তাঁহাদিগকে ধ্যান করিতেছি। দেবতাদিগের নিকট বিশিষ্ট রক্ষা ভিক্ষা করি।

৮। যে সোম জলপান করিয়া থাকেন, অর্থাৎ জলের সহিত মিশ্রিত হন, প্রাণিবর্গ যাঁহা হইতে সচ্ছন্দ প্রাপ্ত হয়; যিনি দেবতাদিগকে পরিতৃপ্ত করেন, যাঁহার নাম করিলে আনন্দ হয়, যিনি যজ্ঞের শোভাস্বরূপ, যাঁর দীপ্তি চমৎকার, সেই সোমরসকে আমরা পরিপূর্ণ করিতেছি, তাঁহার নিকট বল প্রার্থনা করিতেছি। দেবতাদিগের নিকট বিশিষ্ট রক্ষা ভিক্ষা করি।

৯। আমরা যেন দীর্ঘজীবী হই, আমাদিগের পুত্রগণ যেন দীর্ঘজীবি হয়, আমরা যেন কোন বিষয়ে অপরাধী না হই, আমরা পুত্রপৌত্রাদির সহিত সেই সোমরস ভাগ করিয়া লইয়া পান করি, স্তুতিবিদ্বেষিগণ যেন সর্ব্বপ্রকার পাপে পরিপূর্ণ হয়। দেবতাদিগের নিকট বিশিষ্ট রক্ষা ভিক্ষা করি।

১০। হে দেবগণ! তোমরা মানবের নিকট যজ্ঞ লাভ করিবার উপযুক্ত, তোমরা শ্রবণ কর। তোমাদিগের নিকট যাহা প্রার্থনা করি, তাহা দান কর। যাহাতে জয়ী হই, এরূপ জ্ঞান দান কর। ধন ও লোকবল ও যশ দান কর। দেবতাদিগের নিকট বিশিষ্ট রক্ষা ভিক্ষা করি।

১১। দেবতারা যেরূপ মহৎ ও প্রকাণ্ড ও অবিচলিত; আমরা তাঁহাদিগের নিকট সেইরূপ বিশিষ্ট রক্ষা প্রার্থনা করি। আমরা যেন ধন ও লোকবল প্রাপ্ত হই। দেবতাদিগের নিকট বিশিষ্ট রক্ষা ভিক্ষা করি।

১২। প্রজ্বলিত অগ্নির নিকট আমরা যেন বিশিষ্ট সুখ লাভ করি; মিত্র ও বরুণের নিকট অপরাধী না হইয়া আমরা যেন কল্যাণপ্রাপ্ত হই, সূর্য্য যেন আমাদিগকে সর্ব্বোৎকৃষ্ট শান্তি দান করেন। দেবতাদিগের নিকট বিশিষ্ট রক্ষা ভিক্ষা করি।

১৩। যে সকল দেবতা সত্যস্বভাব সূর্য্য ও মিত্র ও বরুণের কার্য্যের সময় উপস্থিত থাকেন, তাঁহারা আমাদিগকে সৌভাগ্য ও লোকবল ও গাভী ও পুণ্যকর্ম্ম দান করুন ও বিবিধ প্রকার ধন বিতরণ করুন।

১৪। কি পশ্চিম দিকে, কি পূর্ব্ব দিকে, কি উত্তর দিকে, কি দক্ষিণ দিকে, সূর্য্যদেব আমাদিগের সর্ব্বপ্রকার শ্রীবৃদ্ধি বিধান করুন। আমাদিগকে দীর্ঘ-পরমায়ুঃ প্রদান করুন।

৩৭ সূক্ত।

সূর্য্য দেবতা। অভিতপা ঋষি।

১। হে পুরোহিতগণ! যে সূর্য্যদেব মিত্র ও বরুণকে দেখিতে পান, যাঁহার দীপ্তি অতি উজ্জ্বল; যিনি দূর হইতে সকল বস্তু দৃষ্টি করেন, যিনি দেবতাদিগের বংশে জন্ম গ্রহণ করিয়াছেন, যিনি সকল বস্তু পরিষ্কার করিয়া দেন, যিনি আকাশের পুত্রস্বরূপ, সেই সূর্য্যদেবকে নমস্কার কর, পূজা কর, স্তব কর।

২। সেই যে সত্যবাক্য (১) আকাশ এবং দিবা যাহাকে অবলম্বন করিয়া বর্ত্তমান আছে, বিশ্বভুবন এবং প্রাণিবর্গ যাঁহার আশ্রিত, যাঁহার প্রভাবে প্রতিদিন জল প্রবর্ত্তিত হইতেছে এবং সূর্য্যদেব উদয় হইতেছেন, সেই সত্যবাক্য যেন আমাকে সকল বিষয়ে রক্ষা করে।

৩। হে সূর্য্যদেব! যখন তুমি বেগবান্ ঘোটক রথে যোজনাপূর্ব্বক আকাশ পথে গমন কর, তখন কোনও দেবরহিত জীব তোমার নিকটে আসিতে পায় না। তোমার সেই চিরপরিচিত অসাধারণ জ্যোতিঃ তোমার সঙ্গে সঙ্গে যায়, সেই অসাধারণ জ্যোতিঃ ধারণপূর্ব্বক তুমি উদয় হও।

(১) মূলে "সত্য উক্তিঃ" আছে। সত্যই আকাশ ও দিবা ও প্রাণিবর্গ, বৃষ্টি ও সূর্য্য ও বিশ্বভুবনের অবলম্বন।

৪। হে সূর্য্যদেব! যে জ্যোতির দ্বারা তুমি অন্ধকার নষ্ট কর এবং যে কিরণের দ্বারা সমস্ত বিশ্বজগৎ প্রকাশ কর, তাহার দ্বারায় আমাদিগের সর্ব্বপ্রকার দরিদ্রতা নষ্ট কর, আমাদিগের পাপ ও রোগ ও দুঃস্বপ্ন দূর কর।

৫। হে সূর্য্যদেব! তুমি অক্লিষ্টভাবে বিশ্বভুবনের ক্রিয়াকলাপ রক্ষা করিবার জন্য প্রেরিত হইয়াছ, তুমি প্রাতঃকালের হোম হইলে উদয় হও। হে সূর্য্য! অদ্য আমরা যখন তোমার নাম উচ্চারণ করি, তখন যেন দেবতাগণ আমাদিগের যজ্ঞ সফল করেন।

৬। দ্যাবাপৃথিবী এবং জলগণ এবং ইন্দ্র এবং মরুদ্‌গণ আমাদিগের আহ্বানবাক্য শ্রবণ করুন। সূর্য্যের কৃপা দৃষ্টি থাকিতে আমরা যেন দুঃখভাগী না হই। আমরা যেন দীর্ঘজীবী হইয়া বৃদ্ধাবস্থা পর্য্যন্ত সৌভাগ্যশালী থাকি।

৭। হে বন্ধুবর্গের সংকারকারী সূর্য্যদেব! যেমন তুমি দিন দিন উদয় হও, আমরা যেন প্রত্যহই তোমাকে প্রশস্ত মনে, প্রশস্ত চক্ষে দর্শন করি, যেন প্রত্যহই নীরোগ শরীরে সন্তানসন্ততি পরিবৃত হইয়া তোমার নিকট কোন দোষে দোষী না হইয়া তোমার দর্শন পাই। যেন আমরা চিরজীবী হইয়া তোমার দর্শন পাই।

৮। হে সর্ব্বপ্রদৃষ্টিকারী সূর্য্য! তুমি বিপুল জ্যোতিঃ ধারণ কর, তোমার দীপ্তি উজ্জ্বল, সকলের চক্ষেই তুমি সুখকর। যখন তোমার সেই মূর্ত্তি আকাশের উর্দ্ধদেশে আরোহণ করে, আমরা যেন জীবন্ত শরীরে তাহা নিত্য দর্শন করি।

৯। তোমার যে পতাকার সঙ্গে সঙ্গে সমস্ত বিশ্বজগৎ প্রকাশ পায়, আবার প্রতি রাত্রে অন্ধকারাচ্ছন্ন ও অস্তধান হয়, হে পিঙ্গলবর্ণ কেশধারী সূর্য্য! তুমি তোমার সেই চমৎকার পতাকা লইয়া দিন দিন উদয় হও, আমরাও যেন কোন দোষের দোষী না হইয়া উহার দর্শন পাই।

১০। তোমার দৃষ্টি আমাদিগের কল্যাণ করুক, তোমার দিবস ও তোমার কিরণ, তোমার শীতত্ব ও তোমার উত্তাপ কল্যাণকর হউক, আমরা গৃহেই অবস্থিতি করি, বা পথেই যাত্রা করি, সর্ব্বদা তাহা কল্যাণ করুক। হে সূর্য্য! বিবিধ সম্পত্তি আমাদিগকে বিতরণ কর।

১১। হে দেবগণ! আমাদিগের অধিকারভুক্ত যে দুই প্রকার প্রাণিবর্গ আছে, অর্থাৎ দ্বিপদ ও চতুষ্পদ, সকলকে তোমরা সুখী কর। সকল প্রাণীই আহার করুক, পান করুক, হৃষ্টপুষ্ট, বলিষ্ঠ হউক এবং আমাদিগের সংসর্গে তাহারা অবিচ্ছিন্ন সচ্ছন্দতা লাভ করুক।

১২। হে ধনসম্পন্ন দেবতাগণ! কথায় হউক, বা মানসিক ক্রিয়াদ্বারা হউক, যাহা কিছু অপরাধের কার্য্য আমরা দেবতাদিগের নিকট করিয়া থাকি, যে ব্যক্তি দানধর্ম্মে বিমুখ এবং কেবল আমাদিগের অনিষ্ট কামনা করে উহার পাপ তোমরা সেই ব্যক্তির স্কন্ধে আরোপিত কর।

৩৮ সূক্ত।

ইন্দ্র দেবতা। মুষ্কবান্ ইন্দ্র ঋষি।

১। হে ইন্দ্র! এই যে সংগ্রাম, যথায় যশোলাভ হইয়া থাকে, যথায় প্রহার প্রতিপ্রহার চলিতে থাকে, তুমি তথায় বীরমদে মত্ত হইয়া চীৎকার কর এবং শত্রুর নিকট বিজিত গাভীদিগকে বন্টন করিয়া দাও। এদিকে দীপ্যমান বাণসমূহ প্রবল শত্রুদিগের উপর পতিত হইতে থাকে, সেই ব্যাপার দর্শনে তাবৎ লোক হতবুদ্ধি হইয়া যায়।

২। অতএব হে ইন্দ্র! প্রচুর ধনধান্য ও গাভীদ্বারা আমাদিগের গৃহ পরিপূর্ণ কর। হে শক্র! তুমি জয়ী হইলে আমরা যেন তোমার স্নেহের পাত্র হই। আমরা মনে যে ধন কামনা করি, তাহা আমাদিগকে দান কর।

৩। হে বহুতর লোকের স্তুতিভাজন ইন্দ্র! আর্য্য জাতিই হউক, বা দাস জাতিই হউক (১), যে কেহ দেবরহিতলোক আমাদিগের সঙ্গে যুদ্ধ করিবার বাসনা করে, সেই সকল শত্রু যেন অক্লেশে আমাদিগের নিকট পরাজিত হয়। তোমার প্রসাদে আমরা যেন তাহাদিগকে যুদ্ধে নিধন করি।

৪। যাঁহাকে অল্পলোকেও পূজা করে, বহুতর লোকেও পূজা করে, যিনি দুরন্ত সংগ্রামে জয়ী হইয়া উত্তম উত্তম বস্তুর জয় করিয়া লয়েন, যিনি যুদ্ধে স্নান করেন এবং সর্ব্বজনের নিকট বিখ্যাতকীর্ত্তি হয়েন, আশ্রয় পাইবার জন্য আমরা সেই ইন্দ্রকে আমাদিগের প্রতি অনুকূল করিতেছি।

৫। হে ইন্দ্র! তুমিই তোমার ভক্তদিগকে উৎসাহযুক্ত কর, তোমাকে আবার কে উৎসাহিত করিবে? আমরা জানি, তুমি আপনিই আপনার বন্ধন ছেদন করিতে সমর্থ। অতএব কুৎসের হস্ত হইতে আত্মমোচন কর এবং এই স্থানে এস। তোমার মত ব্যক্তি কেন মুষ্কদ্বয়ের বন্ধন সহ্য করিতেছে।

৩৯ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। ঘোষানাম্নী নারী ঋষি।

১। হে অশ্বিদ্বয়! তোমাদিগের যে সর্ব্বত্রবিহারী সুগঠন রথ আছে, যে রথকে উদ্দেশপূর্ব্বক আহ্বান করা যজমান ব্যক্তির পক্ষে রাত্রি দিন কর্ত্তব্য; আমরা ক্রমাগত সেই রথেরই নাম করিতেছি,যেমন পিতার নাম করিতে আনন্দ হয়, তদ্রূপ উহার নামে আনন্দ হয়।

২। আমাদিগকে মধুর বাক্য উচ্চারণ করিতে প্রবৃত্ত কর, আমাদিগের কর্ম্ম সম্পন্ন কর, বিবিধ বুদ্ধির উদয় করিয়া দাও, তাহা আমরা কামনা করি। হে অশ্বিদ্বয়! অতি প্রশংসিত ধনের ভাগ আমাদিগকে দাও। যেরূপ সোমরস প্রীতিপ্রদ হয়, আমাদিগকে যজমানদিগের নিকট তদ্রূপ প্রীতি ভাজন করিয়া দাও।

৩। পিতৃভবনে একটী স্ত্রীলোক বৃদ্ধাবস্থা প্রাপ্ত হইতেছিল, তোমারা তাহার সৌভাগ্যস্বরূপ তাহার বর আনয়ন করিয়া দিলে। যাহার চলৎশক্তি নাই, অথবা যে অতি নীচ, তোমরা তাহারও আশ্রয়স্বরূপ, তোমাদিগকেই অন্ধের ও দুর্ব্বলের ও রোগের জ্বালায় রোরুদ্যমান ব্যক্তির চিকিৎসক বলিয়া লোকে উল্লেখ করে।

৪। যেমন পুরাতন রথকে কেহ নূতন করিয়া নির্ম্মাণপূর্ব্বক তদ্দ্বারা গতিবিধি করে, তদ্রূপ তোমরা জরাজীর্ণ চ্যবন ঋষিকে পুনর্ব্বার যুবা করিয়া দিয়াছিলে। তোমরাই তুগ্রপুত্রকে জলের উপর নিরুপদ্রবে বহন করিয়া তীরে উত্তীর্ণ করিয়া দিয়াছিলে। যজ্ঞের সময় তোমাদিগের দুজনের সেই সমস্ত কার্য্য বিশেষরূপে বর্ণনা করিবার যোগ্য।

৫। তোমাদিগের সেই সমস্ত পূর্ব্বতন বীরত্বের কার্য্য আমি লোকের নিকট বর্ণনা করিতেছি। তদ্ব্যতীত, তোমরা দুজনেই অতি নিপুণ চিকিৎসক, সেই নিমিত্ত তোমাদিগের আশ্রয় পাইবার আশয়ে তোমাদিগকে স্তব করিতেছি। হে নাসত্যদ্বয়! আমি এইরূপে স্তব করিতেছি, যে যজমান তাহাতে অবশ্যই বিশ্বাস করিবেক।

৬। হে অশ্বিদ্বয়! এই আমি তোমাদিগের দুজনকে ডাকিতেছি, শ্রবণ কর। যেরূপ পিতা পুত্রকে শিক্ষা দেয়, তদ্রূপ আমাকে শিক্ষা দাও, আমার

কেহ আপ্তবন্ধু নাই, আমি অজ্ঞান, আমার জাতিকুটুম্ব নাই, বুদ্ধি নাই। আমার কোন দুর্গতি উপস্থিত হইবার অগ্রেই দুর্গতি দূর কর।

৭। শুন্ধ্যুর নামে পুরুমিত্র রাজার যে কন্যা ছিল, তোমরা রথে করিয়া তাহাকে লইয়া বিমদের সহিত বিবাহ দিয়াছিলে। বধ্রিমতী যখন তোমাদিগকে ডাকিলেন, তাহা তোমরা শুনিয়াছিলে। তোমরা সেই নারীর প্রসব বেদনা দূর করিয়া সুখে প্রসব করাইয়াছিলে।

৮। কলি নামক যে স্তোতা জরাজীর্ণ হইয়াছিল, তোমরা তাহাকে পুনর্ব্বার যৌবনসম্পন্ন করিয়াছিলে। তোমরাই বন্দন নামক ব্যক্তিকে কূপের মধ্য হইতে উদ্ধার করিয়াছিলে। তোমরাই ছিন্নপদা বিস্পলাকে লৌহের চরণ দিয়া তৎক্ষণাৎ চলৎশক্তিবিশিষ্টা করিয়াছিলে।

৯। হে অভিলষিত বস্তুবর্ষণকারী অশ্বিদ্বয়! রেভ নামক ব্যক্তিকে যখন শত্রুগণ মৃতপ্রায় করিয়া গুহার মধ্যে রাখিয়া দিয়াছিল, তোমরাই তাহাকে সংকট হইতে উদ্ধার করিয়াছিলে। অত্রি ঋষি যখন সপ্ত বন্ধনে বদ্ধ হইয়া জ্বলন্ত অগ্নিকুণ্ডে নিক্ষিপ্ত হইয়াছিলেন, তখন তোমরাই সেই অগ্নিকুণ্ড তাঁহার নিরুপদ্রবস্থানতুল্য করিয়া দিয়াছিলে।

১০। হে অশ্বিদ্বয়! তোমরাই পেদু নামক রাজাকে অপর নবনবতি ঘোটকের সহিত একটি চমৎকার শুভ্রবর্ণ ঘোটক দিয়াছিলে। ঐ ঘোটক বিলক্ষণ তেজস্বী, উহাকে দেখিলে শত্রুসৈন্য পলায়ন করে, উহা মনুষ্যদিগের নিকট বহুমূল্য ধনস্বরূপ, উহার নামে আনন্দ হয়, উহাকে দেখিলে মনে সুখ জন্মে।

১১। হে ক্ষয়রহিত রাজদ্বয়! তোমাদিগের দুজনের নাম কীর্ত্তনে আনন্দ হয়, তোমরা পথে যাইবার সময় তোমাদিগকে চতুর্দ্দিক হইতে সকলে স্তব করে, তোমরা যদি পত্নীসমেত কোন ব্যক্তিকে তোমাদিগের রথের অগ্রভাগে সংস্থাপনপূর্ব্বক আশ্রয় দান কর, তাহাকে কোন পাপ, কোন দুর্গতি, বা কোন বিপদ স্পর্শ করিতে পারে না।

১২। হে অশ্বিদ্বয়! ঋভু নামক দেবতারা তোমাদিগের যে রথ প্রস্তুত করিয়া দিয়াছেন, যে রথের উদয় হইলে আকাশের কন্যা উষা আবির্ভূত হয়েন এবং সূর্য্য হইতে অতি সুন্দর দিন ও রাত্রি জন্মগ্রহণ করে, মন অপেক্ষাও সমধিক বেগশালী সেই রথে আরোহণপূর্ব্বক তোমরা আগমন কর।

১৩। হে অশ্বিদ্বয়! তোমরা সেই রথে আরোহণপূর্ব্বক পর্ব্বতে যাইবার

পথে গমন কর। শযু নামক ব্যক্তির বৃদ্ধ গাভিকে পুনর্ব্বার দুগ্ধবতী করিয়া দাও। তোমাদিগের এপ্রকার ক্ষমতা যে, যে বর্ত্তিকা বৃকের গ্রাসে পতিত হইয়াছিল, তোমরা সে বর্ত্তিকাকে উহার মুখগহ্বর হইতে উদ্ধার করিয়াছিলে।

১৪। যেরূপ ভৃগুসন্তানগণ রথ প্রস্তুত করে (১), তদ্রূপ হে অশ্বিদ্বয়! তোমাদিগের জন্য এই স্তব প্রস্তুত করিলাম। যেরূপ জামাতাকে কন্যা দিবার সময় তাহাকে বসন ভূষণে অলঙ্কৃত করিয়া সম্প্রদান করে (২), তদ্রূপ এই স্তবকে আমি অলঙ্কৃত করিয়াছি। যেন নিত্যকাল আমাদিগের পুত্রপৌত্র প্রতিষ্ঠিত থাকে।

৪০ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। ঘোষা ঋষি (১)।

১। হে কর্ম্মসমূহের উপদেশকারী অশ্বিদ্বয়! তোমাদিগের প্রকাণ্ড রথ যখন প্রাতঃকালে গমন করে এবং প্রত্যেক ব্যক্তির নিকট ধন বহন করিয়া লইয়া যায়, তখন সেই সমুজ্জ্বল রথকে কোন যজমান আপনার যজ্ঞের সাফল্য সম্পাদন করিবার জন্য স্তব করে? তোমাদিগের সেই রথ কোথায় যায়?

২। হে অশ্বিদ্বয়! তোমরা দিবাভাগে, কি রাত্রিকালে কোথায় গতিবিধি কর? কোথায় বা কালযাপন কর? যেরূপ বিধবা রমণী শয়নকালে দেবরকে সমাদর করে (২), অথবা কামিনী নিজ কান্তকে সমাদর করে, যজ্ঞস্থলে তদ্রূপ সমাদরের সহিত কে তোমাদিগকে আহ্বান করে?

(১) ভৃগুসন্তানগণ রথ নির্ম্মাণ করিত, তাহার উল্লেখ পূর্ব্বেই পাইয়াছি।

(২) কন্যাকে বিবাহের সময় অলঙ্কৃতা করিয়া অর্পণ করা যায়।

(১) কক্ষীবান্ ঋষির কন্যা ঘোষা কুষ্ঠরোগগ্রস্তা হওয়ায়, তাঁহার বিবাহ হয় নাই, পরে অশ্বিদ্বয় তাহার রোগ ভাল করিয়া দিলে, তিনি পতিলাভ করেন, সেই ঘোষা এই সূক্তের ঋষি। ১।১১২ ও ১।১১৭ সূক্তের টীকায় অশ্বিদিগের সম্বন্ধে অনেকগুলি গল্প বিবৃত হইয়াছে, সেগুলির পুনরায় এখানে বিবরণ করিবার আবশ্যকতা নাই।

(২) স্বামির মৃত্যুর পর বিধবা স্বামির ভ্রাতাকে বিবাহ করিবার প্রথাই এই ঋকে উল্লিখিত হইতেছে। মনু ৯।৬৯ ও ৭০ দেখ। পণ্ডিতবর রোথ এই মতই গ্রহণ করিয়াছেন। *Illustrations of the Nirukta*, p. 32.

৩। তোমরা যেন বৃদ্ধ দুই রাজার তুল্য, তোমাদিগের নিদ্রাভঙ্গের জন্য যেন প্রাতঃকালে স্তুতি পাঠ করা হইয়াছে। প্রতিদিন তোমরা যজ্ঞ পাইবার জন্য কাহার ভবনে যাইয়া থাক? কাহার পাপ ধ্বংস করিয়া থাক? হে কর্ম্মে উপদেশকারীদ্বয়! কাহার যজ্ঞে দুটী রাজ পুত্রের ন্যায় যাইয়া থাক?

৪। যেরূপ ব্যাধেরা বৃহৎ বৃহৎ মৃগদিগকে (৩) বাঞ্ছা করে, তদ্রূপ তোমাদিগকে আমি দিন রাত্রি যজ্ঞের দ্রব্য লইয়া আহ্বান করিতেছি। হে উপদেশকারীদ্বয়! কালে কালে তোমাদিগের উদ্দেশে লোকে হোম করিয়া থাকে, তোমরাও লোকদিগের নিকট অন্ন বহন করিয়া লইয়া যাও, কারণ তোমরা তাবৎ কল্যাণের অধিপতি।

৫। হে অশ্বিদ্বয়! হে উপদেশকারীদ্বয়! আমি রাজকন্যা ঘোষা, আমি চতুর্দ্দিকে গমন পূর্ব্বক তোমাদিগের কথাই কহি, তোমাদিগের বিষয়ই জিজ্ঞাসা করি। কি দিন, কি রাত্রি আমার নিকট তোমরা অবস্থিতি কর, রথারূঢ় ও ঘোটকসম্পন্ন আমার যে ভ্রাতুষ্পুত্র তাহাকে দমন করিয়া রাখ।

৬। হে কবিদ্বয়! তোমরা রথের উপর আরোহণ করিয়াছ। হে অশ্বিদ্বয়! তোমরা কুৎসের ন্যায় রথে আরোহণ পূর্ব্বক স্তবকারী ব্যক্তির ভবনে গমন কর, তোমাদিগের যে মধু আছে, তাহা এত প্রচুর যে মক্ষিকাগণ মুখে গ্রহণ করিতে থাকে। যেরূপ কোন নারী ব্যভিচারে রত হয় (৪), তদ্রূপ মক্ষিকাগণ তোমাদিগের মধু গ্রহণ করে।

৭। হে অশ্বিদ্বয়! তোমরা ভুজ্যু নামক ব্যক্তিকে সমুদ্র হইতে উদ্ধার করিয়াছিলে, তোমরা বশ নামক রাজাকে এবং অত্রিকে এবং উশনাকে উদ্ধার করিয়াছিলে। যে ব্যক্তি দাতা, সেই তোমাদিগের বন্ধুত্ব প্রাপ্ত হয়, তোমাদিগের আশ্রয়ে যে সুখ প্রাপ্ত হওয়া যায়, আমি তাহাই কামনা করি।

৮। হে অশ্বিদ্বয়! তোমরাই কৃশ নামক ব্যক্তি এবং শৈয়ুব এবং তোমাদিগের পরিচর্য্যাকারী ব্যক্তি এবং বিধবাকে রক্ষা করিয়াছিলে। তোমরাই যজ্ঞকর্ত্তা ব্যক্তিদিগের নিমিত্ত মেঘ বিদীর্ণ করিয়া দাও, তখন সেই মেঘ শব্দ করিতে করিতে সাত মুখ উদ্‌ঘাটন পূর্ব্বক বৃষ্টি বর্ষণ করে।

৯। আমি ঘোষা, আমি নারীলক্ষণ প্রাপ্ত হইয়া সৌভাগ্যবতী হইয়াছি,

(৩) মূলে "মৃগাবারণা" আছে। ইহার অর্থ কি হস্তী?

(৪) মূলে "নিষ্কৃতং ন যোষণা" আছে। এই মণ্ডলের ৩৪।৫ ঋকের টীকা দেখ।

আমাকে বিবাহ করিবার নিমিত্ত বর আসিয়াছে। তোমরা বৃষ্টিবর্ষণ করাতে, তাঁহার জন্য শস্যাদি উৎপন্ন হইয়াছে। নদীগণ নিম্নাভিমুখ হইয়া ইঁহার দিকে প্রবাহিত হইতেছে। ইনি রোগশূন্য, ঐ সকল সুখভোগ করিবার উপযুক্ত সামর্থ ইঁহার জন্মিয়াছে।

১০। হে অশ্বিদ্বয়! যে সকল ব্যক্তি আপন বনিতার প্রাণ রক্ষার জন্য রোদন করে, বনিতাদিগকে যজ্ঞকার্য্যে নিযুক্ত করে, তাহাদিগকে সুদীর্ঘকাল নিজ বাহুদ্বারা আলিঙ্গন করে এবং সন্তান উৎপাদনপূর্ব্বক পিতৃলোকের যজ্ঞ করিতে নিযুক্ত করে, সেই সমস্ত বনিতাগণ পতির আলিঙ্গনে সুখী হয়।

১১। হে অশ্বিদ্বয়! তাহাদিগের সেই সুখ আমি অবগত নহি। তোমরা সেই সুখের বিষয় উত্তমরূপে বর্ণনা কর, অর্থাৎ যুবাস্বামী ও যুবতীস্ত্রীর পরস্পর সহবাসে কি প্রকার সুখ হয়, তাহা আমাকে বুঝাইয়া দাও। হে অশ্বিদ্বয়! স্ত্রীর প্রতি অনুরক্ত বলিষ্ঠ স্বামির গৃহে গমন করি, ইহাই আমার কামনা।

১২। হে অন্নসম্পন্ন, ধনসম্পন্ন অশ্বিদ্বয়! তোমরা উভয়ে আমার প্রতি সদয় হও, আমার মনের অভিলাষ সমস্ত পূর্ণ হউক। তোমরা উভয়ে কল্যাণ বিধানকর্ত্তা, অতএব আমার রক্ষকস্বরূপ হও। আমরা যেন পতিগৃহে গমনপূর্ব্বক পতির প্রিয়পাত্র হই।

১৩। আমি তোমাদিগকে স্তব করিয়া থাকি, অতএব তোমরা আমার প্রতি সন্তুষ্ট হইয়া আমার পতির ভবনে ধনবল ও লোকবল বিধান কর। হে কল্যাণকর বিধাতাদ্বয়! আমি যে তীর্থে জল পান করি, তাহা সুবিধাযুক্ত করিয়া দাও। আমার পতিগৃহে যাইবার পথে যদি কোন দুষ্টাশয় বিঘ্ন করে, তবে তাহাকে বিনাশ কর।

১৪। হে প্রিয়দর্শন অশ্বিদ্বয়! হে কল্যাণকর বিধাতদ্বয়! অদ্য তোমরা কোথায়? কোন ব্যক্তির ভবনে আমোদ আহ্লাদ করিতেছ? কে তোমাদিগকে আবদ্ধ করিয়া রাখিয়াছে? কোন্ বুদ্ধিমান্ যজমানের গৃহে তোমরা গমন করিয়াছ?

---

৪১ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। সুহস্ত ঋষি।

১। হে অশ্বিদ্বয়! তোমাদিগের উভয়ের সাধারণ একখানি রথ আছে, যাহাকে বিস্তর লোকে আহ্বান করে এবং স্তব করে, যাহা তিন খানি চক্রের উপর এবং যজ্ঞে যজ্ঞে গমন করে, যাহা সর্ব্বত্র বিচরণপূর্ব্বক যজ্ঞ সুসম্পন্ন করে। আমরা প্রতিদিন প্রভাতকালে সুরোচিত স্তবের দ্বারায় সেই রথকে আহ্বান করিতেছি।

২। হে নাসত্যদ্বয়! হে অশ্বিদ্বয়! তোমাদিগের যে রথ প্রাতঃকালে যোজনা করা হয় এবং প্রাতঃকালে গমন করে এবং মধু বহন করে, তোমরা সেই রথে আরোহণপূর্ব্বক যজ্ঞ কর্ত্তাব্যক্তিদিগের নিকট গমন কর এবং তোমাদিগকে যে স্তব করে, তাহার হোতৃপরিবেষ্টিত যজ্ঞে গমন কর।

৩। হে অশ্বিদ্বয়! আমি সুহস্ত, আমি মধু হস্তে করিয়া অধ্বর্য্যুর কার্য্য করিতেছি, আমার নিকটে আগমন কর। অথবা অগ্নিধ্রনামক যে বলিষ্ঠপুরোহিত দান করিতে উদ্যত হইয়াছে, তাহার নিকট আগমন কর, যদিচ তোমরা অন্য কোন বুদ্ধিমান্ ব্যক্তির যজ্ঞে গমন করিয়া থাক, তথাপি আমার ভবনে মধুপান করিতে আগমন কর।

৪২ সূক্ত।

ইন্দ্র দেবতা। কৃষ্ণাখ্য ঋষি।

১। যেমন ধনুর্দ্ধারী বাণক্ষেপকারী ব্যক্তি অতি সুন্দর বাণ ক্ষেপণ করে, তদ্রূপ তুমি ইন্দ্রের উদ্দেশে ক্রমাগত স্তব প্রয়োগ করিতে থাক, অতি পরিষ্কার ও অলঙ্কৃত করিয়া স্তব প্রয়োগ কর। হে বুদ্ধিমান্‌গণ! তোমার সহিত যে স্পর্দ্ধা করে, এমনি স্তুতিবাক্য প্রয়োগ করিবে, যে সে পরাজিত হয়। হে স্তুতিকারী! ইন্দ্রকে সোমের দিকে আকর্ষণ কর।

২। হে স্তুতিকারী! যেমন দোহন করিয়া গাভীর নিকট হইতে লোকে নিজ প্রয়োজন সাধন করে, তদ্রূপ বন্ধুস্বরূপ ইন্দ্রদ্বারা নিজ প্রয়োজন সিদ্ধ করিয়া লও। স্তুতিযোগ্য ইন্দ্রকে জাগরিত কর। যেমন ধনপূর্ণ পাত্রকে লোকে নিম্নমুখ করিয়া তদন্তর্গত ধন ঢালিয়া লয়, তদ্রূপ বীর ইন্দ্রকে কামনা সিদ্ধির জন্য অনুকূল করিয়া লও।

৩। হে ইন্দ্র! তোমাকে কেন "ভোজ" এই নাম দেয়? অর্থাৎ তুমি দাতা বলিয়াই তোমাকে ঐ নাম দেয়। আমি শুনি, যে তুমি লোককে তীক্ষ্ণ অর্থাৎ তেজস্বী করিয়া দাও, অতএব আমাকে তীক্ষ্ণ কর। হে ইন্দ্র! আমার বুদ্ধি যেন কর্ম্মকার্য্য বিষয়ে নিপুণ হয়। যাহাতে ধন উপার্জ্জন দ্বারা ভাগ্যে ঘটে, আমার এই প্রকার শুভাদৃষ্ট করিয়া দাও।

৪। হে ইন্দ্র! লোকে যখন যুদ্ধস্থলবর্ত্তী হয়, তখন যুদ্ধক্ষেত্রে তোমার নাম লয়। যে যজ্ঞকারী ইন্দ্র তাহার সহযোগী হয়েন। আর যে তাঁহার জন্য সোম প্রস্তুত না করে, তিনি উহার সহিত বন্ধুত্ব করিতে বাঞ্ছা করেন না।

৫। যে অন্নসম্পন্নব্যক্তি ইন্দ্রের নিমিত্ত প্রখর সোমরস প্রস্তুত করে এবং যেমন ধনাঢ্য লোকে গো, অশ্ব প্রভৃতি পশু ধন বিতরণ করে, তদ্রূপ যে তাঁহাকে অকাতরে সোমরস দেয়, ইন্দ্র তাহার সহায় হয়েন এবং তাহার শত্রুগণ বলিষ্ঠ ও বহুসৈন্যপরিবৃত হইলেও তিনি উহাদিগকে শীঘ্র শীঘ্র পৃথক্ করিয়া দেন এবং তিনি বৃত্রকে বধ করেন।

৬। যে ইন্দ্রকে আমরা স্তব করিলাম, যিনি ধনসম্পন্ন এবং আমাদিগের কামনা পূর্ণ করিয়াছেন। শত্রু ইঁহার নিকট হইতে দূরে পলায়ন করুক, শত্রুর দেশের তাবৎ সম্পত্তি ইহার করতলগত হউক।

৭। হে ইন্দ্র! বিস্তর লোকেই তোমাকে ডাকে। তোমার যে ভয়ানক বজ্র আছে, তদ্দ্বারা নিকটের শত্রুকে দূর করিয়া দাও। হে ইন্দ্র! আমাকে যব-পূর্ণ গাভীযুক্ত সম্পত্তি বিতরণ কর, যে তোমার স্তব করে তাহার স্তুতিকে রত্ন ও অন্নপ্রসবিনী কর।

৮। প্রখর সোমরসগুলি বহুল ধারাতে মধুর রস বর্ষণ করিতে করিতে যখন ইন্দ্রের দেহ মধ্যে প্রবেশ করে, তখন ইন্দ্র সোমরসদাতাকে কখনই বারণ করেন না, কখনই বলেন না, যে (আর না) বরং সোমরস প্রস্তুতকারীব্যক্তিকে বিস্তর অভিলষিত বস্তু প্রদান করেন।

৯। যেমন দ্যূতক্রীড়ানিরতব্যক্তি যাহার নিকট হারিয়াছে, তাহাকেই ক্রীড়া-কালে অন্বেষণপূর্ব্বক হারাইয়া দেয়, তদ্রূপ যে অনিষ্ট করে, ইন্দ্র সেই শত্রুকেই পরাস্ত করেন। যে দেবভক্তব্যক্তি দেবপূজাতে ধন ব্যয় করিতে কৃপণতা না করেন, ধনবান্ ইন্দ্র তাহাকেই ধনী করেন।

১০। আমরা যেন গাভীদিগের দ্বারা কষ্টকর দারিদ্র্যদুঃখ হইতে উত্তীর্ণ হই। হে পুরুহূত! আমরা যেন যবের দ্বারা ক্ষুধা নিবৃত্তি করিতে পাই। আমরা যেন

রাজাদিগের সঙ্গে অগ্রসর হইয়া নিজ বলপ্রভাবে বিস্তর সম্পত্তি জয় করিতে পারি।

১১। বৃহস্পতি আমাদিগকে পশ্চিম, উত্তর ও দক্ষিণ দিকে পাপাত্মা শত্রুর হস্ত হইতে রক্ষা করুন। ইন্দ্র পূর্ব্ব দিকে এবং মধ্যভাগে আমাদিগকে রক্ষা করুন। তিনি আমাদিগের সখা, আমরা তাঁহার সখা; তিনি আমাদিগের অভিলাষ সিদ্ধ করুন।

৪৩ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। আমার স্তবগুলি সকলে মিলিত হইয়া ইন্দ্রকে উদ্দেশপূর্ব্বক স্তব করিয়াছে, তাহারা সকলই লাভ করাইতে পারে। যেমন নারীবর্গ নিজের স্বামীকে আলিঙ্গন করে, তদ্রূপ স্তুতিগণ সেই শুদ্ধস্বভাবদাতা ইন্দ্রের আশ্রয় পাইবার জন্য তাঁহাকে আলিঙ্গন করিতেছে।

২। হে ইন্দ্র! তোমার দিক্ হইতে আমার মন অন্যত্র যায় না। আমি তোমার উপর আমার অভিলাষ সংস্থাপন করিয়াছি। রাজা যেমন নিজ ভবনে, তদ্রূপ তুমি কুশের উপর উপবেশন কর। এই সুন্দর সোম হইতে তোমার পান-কার্য্য সম্পন্ন হউক।

৩। ইন্দ্র দুর্গতি ও অন্নাভাব হইতে রক্ষা করিবার জন্য আমাদিগের চতুর্দ্দিকে অবস্থিতি করুন। সেই ধনদাতা ইন্দ্র সকল ধন ও সকল সম্পত্তির অধিপতি। সেই যে কামনাবর্ষণকারী তেজস্বী ইন্দ্র, তাঁহারই আদেশে এই সপ্তসিন্ধু নিম্নদিকে প্রবহমান হইয়া অন্ন বৃদ্ধি করিতেছে, অর্থাৎ শস্যের উপচয় করিতেছে।

৪। যেরূপ পক্ষিগণ সুন্দর পত্রধারী বৃক্ষকে আশ্রয় করে, তদ্রূপ আনন্দবর্ষণকারী পাত্রস্থিত সোমরসগণ ইন্দ্রকে আশ্রয় করিল। সেই সোমরসের তেজের দ্বারা তাঁহার মুখ উজ্জ্বল হইয়া উঠিল। তিনি মনুষ্যদিগকে উৎকৃষ্ট জ্যোতিঃদান করুন।

৫। দ্যূতক্রীড়াকারীব্যক্তি যেমন ক্রীড়াকালে আপনার বিজেতাকে অন্বেষণ পূর্ব্বক পরাস্ত করে, তদ্রূপ ইন্দ্র বৃষ্টিরোধকারী সূর্য্যকে পরাভব করেন। হে

ইন্দ্র! হে ধনশালী! কি প্রাচীন, কি আধুনিক, কেহই তোমার সেই বীরত্বের অনুরূপ কার্য্য করিতে পারে নাই।

৬। ধনদাতা ইন্দ্র প্রত্যেক মনুষ্যে বর্ত্তমান আছেন। অভিলাষ সিদ্ধিকারী ইন্দ্র সকলের স্তবেই অবধান করেন। যাহার সোমযাগে ইন্দ্র প্রীতি লাভ করেন, সে প্রখর সোমরসের দ্বারা যুদ্ধাভিলাষী শত্রুদিগকে পরাস্ত করে।

৭। যেমন জল সমস্ত নদীর দিকে যায়, যেমন ক্ষুদ্র ক্ষুদ্র জলপ্রবাহগণ হ্রদে যাইয়া পড়ে, তদ্রূপ সোমরসগুলি ইন্দ্রের মধ্যে যায়। যজ্ঞস্থলে পণ্ডিতগণ তাঁহার তেজের বৃদ্ধি করিয়া দেন, যেরূপ স্বর্গীয় বারিপাতসহকারে বৃষ্টি যব শস্যের বৃদ্ধি সম্পাদন করে।

৮। যেরূপ একটী বৃষ কুপিত হইয়া আর এক বৃষের প্রতি ধাবিত হইতেছে দেখা যায়, তদ্রূপ ইন্দ্র মেঘের প্রতি ধাবিত হইয়া আপনার আশ্রিত স্বরূপ জল সমস্তকে নির্গত করেন; যে ব্যক্তি সোমযাগ করে, অকাতরে দান করে এবং হোমের দ্রব্য সংগ্রহ করে, সেই ব্যক্তিকে দেখিয়া ধনদাতা ইন্দ্র জ্যোতিঃ দান করেন।

৯। ইন্দের বজ্র তেজের সহিত উদয় হউক, যজ্ঞের কথা যেরূপ পূর্ব্বকালে, তদ্রূপ একালেও হইতে থাকুক। ইন্দ্র নিজে উজ্জ্বল হইয়া পরিষ্কার আলোক ধারণপূর্ব্বক শোভাযুক্ত হউন, সাধু ব্যক্তিবর্গের পালনকর্ত্তা ইন্দ্র সূর্য্যের ন্যায় শুভ্রবর্ণ দীপ্তিতে দেদীপ্যমান হউন।

১০। ১১। [পূর্ব্ব সূক্তের দশম ও একাদশ ঋকের সহিত এক]

৪৪ সূক্ত।

ইন্দ্র দেবতা। কৃষ্ণ ঋষি।

১। যে ইন্দ্র দেখিতে স্থূলকায়, অথচ যিনি আপনার বিপুল ও দুর্দ্ধর্ষ বলের দ্বারা আর সমস্ত বলশালী পদার্থকে হীনবল করিয়া দেন, সেই ধনাধিপতি ইন্দ্র রথে আরোহণপূর্ব্বক আমোদ করিবার জন্য আগমন করুন।

২। হে নরপতি ইন্দ্র! তোমার রথ সুগঠন, তোমার রথের দুই অশ্ব সুশিক্ষিত, তোমার হস্তে বজ্র রহিয়াছে; হে প্রভু! এই মূর্ত্তিধারণপূর্ব্বক শীঘ্র সরল পথ দিয়া নিম্নে আগমন কর। তোমার পানের নিমিত্ত সোমরস প্রস্তুত আছে, তাহা তোমাকে পান করাইয়া তোমার বল আরও আমরা বাড়াইয়া দিব।

৩। যে ইন্দ্র আর সকল নায়কের নায়ক, যাঁহার হস্তে বজ্র আছে, যিনি বিপক্ষদিগকে দুর্ব্বল করিয়া দেন, যিনি দুর্দ্ধর্ষ, যাঁহার ক্রোধ কথন বৃথা যায় না, তাঁহাকে তাঁহার বহনকারী দুর্দ্ধর্ষ ঘোটকগণ সকলে মিলিত হইয়া আমাদিগের নিকট বহন করিয়া আনুক।

৪। হে ইন্দ্র! যে সোমরস শরীরকে পালন অর্থাৎ শারীরিক পুষ্টি বিধান করে, যাহা কলসের মধ্যে সম্মিলিত হইয়া আছে, যাহা বলকে সংধারিত করে, তুমি সেই সোমরস আপন উদরে সেচন কর। আমার বল বৃদ্ধি করিয়া দাও, আমাদিগকে তোমার আত্মীয় করিয়া লও, কারণ তুমি বুদ্ধিমান্দিগের শ্রীবৃদ্ধি সম্পাদনকারী প্রভুস্বরূপ হইতেছ।

৫। হে ইন্দ্র! সম্পত্তি সমস্ত আমার নিকট আগমন করুক, কারণ আমি স্তব করিতেছি। আমি সোম সঞ্চয়পূর্ব্বক উত্তম উত্তম কামনা সিদ্ধ করিবার নিমিত্ত যজ্ঞের আয়োজন করিয়াছি, তুমি এস। তুমি সকলেরই অধিপতি। এই কুশে উপবেশন কর। তোমার পানের জন্য যে সোম পাত্র সকল সজ্জিত রহিয়াছে, কাহারও সাধ্য নাই, যে সে গুলি বলপূর্ব্বক গ্রহণ করিয়া পান করে।

৬। যাঁহারা পূর্ব্বকাল হইতে যজ্ঞে দেবতাদিগের নিমন্ত্রণ করিতেন, তাঁহারা অতি মহৎ মহৎ কার্য্য সম্পাদনপূর্ব্বক সকলে স্বতন্ত্রভাবে সদ্গতি লাভ করিয়াছেন। কিন্তু যাহারা যজ্ঞস্বরূপ নৌকা আরোহণ করিতে পারে নাই, তাহারা কুকর্ম্মান্বিত, তাহারা ঋণী রহিল, অর্থাৎ অঋণী হইতে পারে নাই এবং সেই অবস্থাতেই নিম্নগামী হইল।

৭। ইদানীন্তনকালে, যাহারা সে প্রকার দুর্ম্মতি, তাহারাও তদ্রূপ অধোগামী হউক। তাহাদিগের রথে দুষ্ট অশ্ব যোজনা করা হইয়াছে, অর্থাৎ তাহাদিগের কি গতি হইবে, কিছুই স্থিরতা নাই। যাহারা পূর্ব্বাবধি যজ্ঞাদি উপলক্ষে দান করিয়া থাকে, তাহারা এতাদৃশ ধামে উপনীত হয় যথায় অতি চমৎকার নানাবিধ ভোগের সামগ্রী প্রস্তুত আছে।

৮। ইন্দ্র যখন সোমপান করিয়া মত্ত হয়েন, তখন তিনি সর্ব্বত্রসঞ্চারী কম্পান্বিত মেঘদিগকে সুস্থির করেন, গগন ক্রন্দন অর্থাৎ শব্দ করিয়া উঠে. তিনি আকাশকে আন্দোলিত করেন। যে দ্যাবা ও পৃথিবী পরস্পর সংলগ্ন হইয়া আছে, তাহাদিগকে তিনি সেই অবস্থায় সঞ্চারণ করেন এবং বিবিধ স্তব উচ্চারণ করেন।

৯। হে ধনশালী ইন্দ্র! তোমার নিমিত্ত এই এক সুগঠিত অঙ্কুশ আমি হস্তে ধারণ করিয়া আছি। ইহাদ্বারা তুমি খুরপুট বিক্ষেপকারীদিগকে অর্থাৎ হস্তীদিগকে দণ্ড করতঃ বশীভূত কর। এই যে সোমযাগ হইতেছে, ইহাতে তুমি আসিয়া স্থান গ্রহণ কর। দেখিও যেন এই সোমযাগে আমরা সৌভাগ্যশালী হই।

১০।১১। [পূর্ব্ব সূক্তের দশম ও একাদশ ঋকের সহিত অভিন্ন]

৪৫ সূক্ত।

অগ্নি দেবতা। বৎসপ্রি ঋষি।

১। অগ্নি প্রথমে আকাশে অর্থাৎ বিদ্যুৎরূপে জন্ম গ্রহণ করিলেন, তাঁহার দ্বিতীয় জন্ম আমাদিগের নিকট, তাহাতে তাঁহার নাম জাতবেদা। তাঁহার তৃতীয় জন্ম জলের মধ্যে। এইরূপে সেই নরহিতকারী অগ্নি নিরন্তর জাজ্বল্যমান আছেন। যিনি উত্তম ধ্যান করিতে জানেন, তিনি তাঁহাকে স্তব করেন।

২। হে অগ্নি! আমরা তোমার তিন প্রকারের তিন মূর্ত্তি জানি, তোমার স্থান অনেক স্থলে আছে, তাহাও জানি। তোমার অতি নিগূঢ় যে নাম, তাহাও অবগত আছি; আর যে উৎপত্তিস্থান হইতে তুমি আসিয়াছ, তাহাও জানি।

৩। নরহিতকারী বরুণদেব সমুদ্র মধ্যে জলের অভ্যন্তরে তোমাকে প্রজ্বলিত রাখিয়াছেন। আর আকাশের উধঃস্বরূপ যে সূর্য্য তন্মধ্যেও তুমি প্রজ্বলিত আছ। আর তোমার তৃতীয় স্থান মেঘলোক, তথায় বৃষ্টিবারিতে তুমি বাস কর, প্রধান প্রধান দেবতারা তোমার তেজঃ বৃদ্ধি করেন।

৪। অগ্নির ঘোরতর শব্দ উত্থিত হইল, আকাশে যেন বজ্রপাত হইতেছে; অগ্নি পৃথিবীকে লেহন করিতেছেন, লতা প্রভৃতিকে আলিঙ্গন করিতেছেন। যদিও এই মাত্র জন্মিয়াছেন, তথাপি বিশেষরূপে প্রজ্বলিত ও বিস্তারিত হইয়াছেন। দ্যাবা ও পৃথিবীর মধ্যে কিরণ বিস্তার করাতে তাঁহার শোভা হইয়াছে।

৫। অগ্নি যখন প্রভাতের প্রথম ভাগেই প্রজ্বলিত হয়েন, তখন তাঁহার কি শোভা হয়। তিনি কত শোভা আবিষ্কৃত করেন। তিনি অশেষ সম্পত্তির আধারস্বরূপ। তিনি স্তুতিবাক্য সকল স্ফূরিত করিয়া দেন, সোমরসকে

রক্ষা করেন। তিনি নিজেই ধনস্বরূপ, তিনি বলের পুত্র, তিনি জলের মধ্যে বিরাজ করেন।

৬। তিনি সকল বস্তুকে প্রকাশযুক্ত করেন, তিনি জলের মধ্যে জন্মগ্রহণ করেন। তিনি জাতমাত্রে দ্যুলোক ও ভূলোক পরিপূর্ণ করিলেন। যখন পঞ্চজনপদের মনুষ্য তাঁহার উদ্দেশে যজ্ঞ করিল, তখন তিনি সুকঠিন মেঘের দিকে উদ্গত হইয়া সেই মেঘ ভেদপূর্ব্বক জল আনয়ন করিলেন।

৭। অগ্নি হোমের দ্রব্য কামনা করেন, সকলকে পবিত্র করেন, চতুর্দ্দিকেও গতিবিধি করেন। তাঁহার মেধা চমৎকার, তিনি নিজে অমর হইয়া মরণধর্ম্মান্বিত মনুষ্যদিগের মধ্যে সমর্পিত আছেন। সুরঞ্জিত ধূম ধারণপূর্ব্বক তিনি গতিবিধি করিয়া থাকেন এবং শুক্লবর্ণ আলোকের দ্বারা আকাশ পরিপূর্ণ করেন।

৮। তিনি দেখিতে জ্যোতির্ম্ময়, তাহার দীপ্তি অতি মহৎ, তিনি দুর্দ্ধর্ষ দীপ্তিসহকারে যাইতে যাইতে শোভা ধারণ করেন। সেই অগ্নি বৃক্ষের কাষ্ঠ অন্নস্বরূপ প্রাপ্ত হইয়া অমর অর্থাৎ অনির্ব্বাণশীল হইয়া উঠিলেন। দিব্যলোক ইঁহাকে জন্ম দিয়াছেন, দিব্যলোকের জন্মদানশক্তি কি সুন্দর!

৯। হে মঙ্গলময় শিখাধারী নবীন অগ্নি! যে ব্যক্তি অদ্য তোমার জন্য ঘৃতযুক্ত পিষ্টক প্রস্তুত করিয়াছে, সেই উৎকৃষ্ট ব্যক্তিকে তুমি উত্তম উত্তম ধনের দিকে লইয়া যাও, সেই দেবভক্ত ব্যক্তিকে সুখসচ্ছন্দের দিকে লইয়া যাও।

১০। যখনই উত্তম উত্তম অন্নসহকারে ক্রিয়াকলাপ অনুষ্ঠিত হয়, তখনই তুমি যজমানের প্রতি অনুকূল হও। প্রত্যেক স্তব উচ্চারিত হইবার সময় অনুকূল হও। সে যেন সূর্য্যের নিকটে প্রিয় হয়, অগ্নির নিকট প্রিয় হয়। তাহার যে পুত্র জন্মিয়াছে, অথবা যে পুত্র জন্মিবে, সকলের সহিত সে যেন শত্রু-মর্দ্দন করে।

১১। হে অগ্নি! প্রতিদিন যজমানগণ তোমার নিকট উত্তম উত্তম নানা বস্তু পূজা দেয়। বুদ্ধিমান্ দেবতাগণ তোমার সহিত একত্র হইয়া ধন কামনা পূর্ণ করিবার জন্য গাভীপরিপূর্ণ গোষ্ঠের দ্বার উদ্ঘাটন করিয়াছিল।

১২। মনুষ্যদিগের মধ্যে যাঁহার মূর্ত্তি সুগঠন, যিনি সোম রক্ষা করেন, ঋষিরা সেই অগ্নিকে স্তব করিলেন। দ্বেষবিবর্জ্জিত দ্যাবাপৃথিবীকে আমরা ডাকিতেছি। হে দেবতাগণ! আমাদিগকে লোকবল ও ধনবল প্রদান কর।

---

৪৬ সূক্ত।

অগ্নি দেবতা। বৎসপ্রি ঋষি।

১। যে অগ্নি মনুষ্যদিগের মধ্যে অবস্থিতি করেন, জলের মধ্যেও অবস্থিতি করেন, যিনি আকাশের বৃত্তান্ত অবগত আছেন, যেহেতু আকাশে তাঁহার জন্ম; তিনি এক্ষণে বিপুলমূর্ত্তি ধারণপূর্ব্বক হোতা হইয়াছেন। তিনি যজ্ঞের ধারণকর্ত্তা, অতএব তাঁহাকে আধান করা হইয়াছে। তুমি তাঁহার পরিচর্য্যা করিতেছ, অতএব তিনি তোমার দেহ রক্ষাপূর্ব্বক তোমাকে অন্ন ও সম্পত্তি দিবেন।

২। এই অগ্নি জলের মধ্যে লুক্কায়িত হইলেন; যেমন একটি গাভী হারাইয়া গেলে তাহার পদচিহ্ন দর্শনে অনুসন্ধান হয়, তদ্রূপ অগ্নি পরিচর্য্যাকারীরা তাঁহার সন্ধান করিলেন। ভৃগুবংশীয়েরা অগ্নির কামনা করিলেন, অগ্নি নিভৃতস্থানে ছিলেন. সেই সুপণ্ডিত ঋষিগণ অগ্নি পাইবার ইচ্ছায় নমোবাক্য বলিতে বলিতে তাঁহাকে পাইলেন।

৩। বিভুবসের পুত্র ত্রিত বিশিষ্টরূপে ইচ্ছা করিয়া অগ্নিকে ভূমির উপর প্রাপ্ত হইলেন। অগ্নি যজমানদিগের অট্টালিকাতে নবীন মূর্ত্তিতে জন্ম গ্রহণপূর্ব্বক অতি সুখকর হইয়াছেন, তিনি জ্যোতির্ম্ময় লোক প্রাপ্তির মূলীভূত কারণস্বরূপ হইয়াছেন।

৪। অগ্নিকামনাকারী ঋত্বিকৃগণ মনুষ্যসমাজে অগ্নিকে প্রবর্ত্তিত করিয়া মনুষ্যদিগের পবিত্র হইবার উপায় করিয়া দিয়াছেন, সে অগ্নি এক্ষণে সোমপানে মত্ত হয়েন, হোতা হয়েন, নমোবাক্য দ্বারা অনুকূল হয়েন, যজ্ঞ গ্রহণ করেন, অনুষ্ঠানের পথ দেখাইয়া দেন, সর্ব্বত্র বিচরণ করেন, হোমের দ্রব্য দেবতাদিগের নিকট বহন করেন।

৫। হে হোতা! যে অগ্নি জয়শীল, যিনি অতি মহৎ, যিনি বুদ্ধিমান্দিগকে আশ্রয় দেন, তুমি উপযুক্ত মত তাঁহার স্তবকার্য্য নির্ব্বাহ কর. সেই অগ্নি বিপক্ষদিগের পুরী ধ্বংস করেন, তিনি অরণি, অর্থাৎ অগ্নি মন্থনকাষ্ঠের প্রসবস্বরূপ, তিনি অতি চমৎকার পদার্থ, তাঁহাকে স্তব করিলেই সম্পত্তি পাওয়া যায়। তিনি নিজে মোহবিহীন, মনুষ্যগণ তাঁহাকে হোমের দ্রব্য দিয়া তাঁহার দ্বারা যত অনুষ্ঠান করাইয়া লয়।

৬। সেই অগ্নির তিন মূর্ত্তি, তিনি শিখা পরিবেষ্টিত হইয়া আলোকের দ্বারা যজমানদিগের গৃহ পরিপূর্ণ করতঃ যজ্ঞগৃহ মধ্যে আপন স্থানের অভ্যন্তরে উপবেশন

করেন। তথায় মনুষ্যগণের যাহা কিছু দেয়, সকলি তিনি সংগ্রহপূর্ব্বক নানাবিধ কার্য্যের দ্বারা শত্রুদমন করিতে করিতে ঐ সমস্ত হোমের দ্রব্য দেবতাদিগকে দিতে যান।

৭। এই যে যজমান, এই ব্যক্তির অনেকগুলি অগ্নি আছেন, তাঁহারা সকলেই জরাবিহীন, শত্রুবর্গের শাসনকর্ত্তা ও চমৎকার ধূম নির্গত করেন। তাঁহারা পবিত্রতা উৎপাদন করেন, শ্বেত বর্ণ ধারণ করেন, শীঘ্র শীঘ্র পরিপূর্ণ অবস্থা প্রাপ্ত হয়েন, কাষ্ঠে উপবেশন করেন এবং সোমরসের ন্যায় গতিবিধি করেন।

৮। অগ্নি কাঁপিতে কাঁপিতে পৃথিবীর উত্তম উত্তম সামগ্রী জিহ্বাসহযোগে ধারণ করিতেছেন মনে মনেও জানিতেছেন। মনুষ্যগণ তাঁহাকে আধান করিলেন, কারণ তিনি সোমরস পানে মত্ত হইয়া পবিত্রতা উৎপাদন করেন, শুভ্র বর্ণ ধারণ করেন, হোতার কার্য্য সম্পাদন করেন। যজ্ঞ পাইবার উপযুক্ত তাঁহার তুল্য কেহ নাই।

৯। ইনি সেই অগ্নি, যাঁহাকে দ্যাবা ও পৃথিবী জন্মদান করিয়াছেন, জল ও ত্বষ্টা ও ভৃগুবংশীয়েরা বলের দ্বারা যাঁহাকে উৎপাদন করিয়াছেন; যিনি সর্ব্বশ্রেষ্ঠ স্তবের যোগ্য; মাতরিশ্বা ও অপরাপর দেবতারা মনুষ্যের যজ্ঞ করিবার জন্য যাঁহাকে নির্ম্মাণ করিয়াছেন।

১০। হে অগ্নি! তোমাকে দেবতারা আধান করিয়াছেন; তোমাকে যজ্ঞ দিবার জন্য মনুষ্যগণ বিশিষ্ট বিশিষ্ট কামনাসহকারে আধান করেন; সেই তুমি যজ্ঞের সময় স্তবকারী ব্যক্তিকে অন্ন দান কর, দেবভক্তব্যক্তি যেন বিশিষ্ট যশ প্রাপ্ত হয়।

---

৪৭ সূক্ত।

বৈকুণ্ঠ ইন্দ্র দেবতা। সপ্তগু ঋষি।

১। হে ধনের অধিপতি ইন্দ্র! আমরা ধন কামনা করিয়া তোমার দক্ষিণ হস্ত ধারণ করিলাম। হে বীর! আমরা জানি, তুমি বিস্তর গোধনের স্বামী। আমাদিগকে নানাবিধ অভিলাষসিদ্ধিকারী সম্পত্তি প্রদান কর।

২। হে ইন্দ্র! তুমি উৎকৃষ্ট অস্ত্রধারী, রক্ষা করিতে উত্তমরূপ পার, সুন্দররূপে নেতার কার্য্য কর, তোমার কীর্ত্তিতে চারি সমুদ্র সমুজ্জ্বল, তুমি নানা সম্পত্তি ধারণ কর, তুমি মুহুর্মুহু স্তব পাইবার যোগ্য, সকলেই তোমাকে প্রার্থনা

করে; আমরা তোমাকে এইরূপ জানি। আমাদিগকে নানাবিধ; ইত্যাদি। (পূর্ব্ব ঋকের শেষ অংশ)।

৩। হে ইন্দ্র! আমাদিগকে এরূপ একটী পুত্রস্বরূপ ধন দান কর, যে স্তোত্ররত ও দেবভক্ত হয়, যে প্রকাণ্ড মূর্ত্তি, বিশালকায়, গম্ভীরবুদ্ধি, সুপ্রতিষ্ঠিত, শাস্ত্রজ্ঞানসম্পন্ন, তেজস্বী, শত্রুদমনক্ষম ও প্রিয়দর্শন হয়। আমাদিগকে নানাবিধ, ইত্যাদি।

৪। হে ইন্দ্র! তুমি অন্ন উপার্জ্জন কর, তুমি বুদ্ধিমান্, লোকদিগকে তারণ কর, সম্পত্তি পূর্ণ করিয়া দাও; তোমার বৃদ্ধি ক্রমাগতই হইতেছে, তোমার বল অতি সুন্দর, তুমি দস্যুদিগকে নিধন কর, তাহাদিগের পুরী ধ্বংস করিয়া থাক। আমাদিগকে নানাবিধ ইত্যাদি।

৫। তোমার বিস্তর অশ্ব আছে, রথ আছে, অনুগামী লোক আছে, তোমার শতসহস্র গোধন আছে, তুমি বলবান্, তোমার উৎকৃষ্ট অনুচরবর্গ আছে, তোমার পারিষদেরা বুদ্ধিমান্, তুমি সকলি দিতে পার। আমাদিগকে নানাবিধ, ইত্যাদি।

৬। আমি সপ্তগু, আমি যাহা ধ্যান করি, তাহা সত্য হয়, আমার বুদ্ধি সুন্দর, আমি বিস্তর মন্ত্রের স্বামী; দেবতাবিষয়িণী সুমতি আমার উপস্থিত হইয়াছে। আমি অঙ্গিরার গোত্রে জন্ম গ্রহণ করিয়াছি, নমোবাক্য উচ্চারণপূর্ব্বক দেবতাদিগের নিকট যাইয়া থাকি। আমাদিগকে নানাবিধ, ইত্যাদি।

৭। আমি যে সকল সুন্দর ভাবযুক্ত স্তবসমূহ প্রস্তুত করি, ঐ সকল স্তব আমি মনের সহিত পাঠ করি, ঐ সকল স্তব শ্রোতার হৃদয়কে স্পর্শ করে; তাহারা আমার দূতের ন্যায় ইন্দ্রের নিকট প্রার্থনা জানাইতে যাইতেছে। আমাদিগকে নানাবিধ ইত্যাদি।

৮। হে ইন্দ্র! আমি তোমার নিকট যাহা যাচ্ঞা করি, তুমি তাহা আমাকে দাও, এরূপ একখানি প্রকাণ্ড বাস্তবাটী দাও, যেরূপ কাহারও নাই, দ্যাবা ও পৃথিবী তাহা অনুমোদন করুন। আমাদিগকে নানাবিধ, ইত্যাদি।

---

৪৮ সূক্ত।

ইন্দ্র দেবতা। ইন্দ্র ঋষি।

১। [ইন্দ্র কহিতেছেন]—আমি সম্পত্তিসমূহের প্রধান অধীশ্বর হইয়াছি। আমি চিরকালই সকল সম্পত্তি জয় করিয়া লই। প্রাণিগণ পিতার ন্যায় আমাকে ডাকিয়া থাকে। যে দাতা, আমি তাহাকে ভোগের সামগ্রী দিয়া থাকি।

২। আমি অথর্ব্বা ঋষির বক্ষঃস্থল রোধ করিয়াছিলাম। আমি বৃত্তের নিকট গাভী সমস্ত কাড়িয়া ত্রিতকে দিয়াছিলাম। আমি দস্যুদিগের সম্পত্তি কাড়িয়া লইয়া ছিলাম। আমি দধীচের নিকট এবং মাতরিশ্বার নিকট গাভী-সমস্ত তাড়াইয়া লইয়া গিয়াছিলাম।

৩। আমার জন্য ত্বষ্টা লৌহময় বজ্র নির্ম্মাণ করিয়া দিয়াছেন, দেবতারা আমার জন্য কার্য্য নিরূপণ করিয়া দিয়াছেন। আমার সৈন্যগণ সূর্য্যের সৈন্যের ন্যায় দুর্দ্ধর্ষ, যে যাহা কিছু করিয়াছে, বা যাহা ভবিষ্যতে করিবে, সকলেতেই আমার উপর নির্ভর করে।

৪। যখন কেহ স্তবের সহিত সোমরস দিয়া আমাকে পরিতুষ্ট করে, তখন আমি দাতাব্যক্তিকে সহস্রাধিক গো, অশ্ব, মনুষ্য ও পশু, বাণ দ্বারা জয় করিয়া দিই এবং অস্ত্রশস্ত্র শাণিত করি।

৫। কেহ কখন কোন সম্পত্তি আমার নিকট জয় করিয়া লইতে পারে নাই, মৃত্যুর নিকট কখন আমি নত হই নাই। হে পুরুবংশীয়গণ! তোমরা সোমরস প্রস্তুত করিয়া যাহা ইচ্ছা আমার নিকট যাচ্ঞা কর। দেখিও আমার বন্ধুত্ব যেন কখন তোমরা হারাইও না (১)।

৬। এই যে সকল শত্রু, যাহারা প্রবল নিশ্বাস ত্যাগ করিতে করিতে দুই দুই জন করিয়া অস্ত্রধারী ইন্দ্রের সঙ্গে যুদ্ধ করিবার জন্য প্রস্তুত হইয়াছিল, যাহারা স্পর্দ্ধাপূর্ব্বক আমাকে আহ্বান করিতেছিল, আমি ইন্দ্র, কঠোরবাক্য উচ্চারণপূর্ব্বক তাহাদিগকে এমন প্রহার করিলাম যে, তাহারা নিধন হইল। তাহারা নত হইল, আমি নত হইবার নহি।

(১) ইন্দ্রকেই এই সূক্তের ঋষি বলিয়া অভিহিত করা হইয়াছে, বোধ হয় পুরুবংশীয়দিগের কোন স্তোতাদ্বারা এই সূক্ত রচিত।

৭। যদি একজন আসে, তাহাকেও আমি পরাভব করি; যদি দুই জন আসে, তাহাদিগকেও পরাভব করি; তিন জন আসিয়াই বা আমার কি করিতে পারে? যেরূপ কৃষক ধান্য মর্দ্দন করিবার সময় পুরাতন ধান্যস্তম্ভ অনায়াসেই মর্দ্দন করে, আমিও তদ্রূপ যত শত্রু আসুক না কেন অনায়াসে নিধন করি। ইন্দ্র যাহাদের প্রতি বিমুখ, সেই সমস্ত শত্রু কি আমাকে নিন্দা, অর্থাৎ পরাভব করিতে পারে?

৮। আমিই গুঙ্গুদিগের দেশে প্রজাবর্গের মধ্যে অতিথিগুলির পুত্রকে স্থাপন করিয়াছি, তিনি তাহাদিগের শত্রু সংহার করিতেছেন, বিপদ নিবারণ করিতেছেন এবং মূর্ত্তিমান্ ভক্ষ্যভোজ্যের ন্যায় তাহাদিগকে পালন করিতেছেন। সেই সময়ে পর্ণয় এবং করঞ্জ নামক শত্রুদ্বয়কে বধ করা হইয়াছিল এবং বৃত্রের সহিত যে তুমুল যুদ্ধ হয়, তাহাতে আমার নাম বিখ্যাত হইয়াছিল।

৯। আমাকে যে নমস্কার করে, সে সকলেরই আশ্রয় স্থানস্বরূপ হয়, সে অন্নবান্ ও ভোগবান্ হয়, তোমরা তাহার সহিত বন্ধুত্ব কর এবং গোধন গ্রহণ কর, এই দুই কার্য্য তোমাদিগের তাহার নিকট সম্পন্ন হইবে। সেই ব্যক্তির যুদ্ধ উপস্থিত হইলে আমি নিজেই তাহার পক্ষে উজ্জ্বল অস্ত্র ধারণ করি, আমার প্রসাদে সে ব্যক্তি সকলের নিকট প্রশংসাভাজন হয়, সকলে তাহাকে স্তব করে।

১০। দৃষ্ট হইল যে দুই জনের মধ্যে একজন সোমযাগ করিতেছে। পালন-কর্ত্তা ইন্দ্র তাহার পক্ষে বজ্র ধারণপূর্ব্বক তাহাকে শ্রীবৃদ্ধিসম্পন্ন করিলেন। আর তাহার যে শত্রু সেই তীক্ষ্ণতেজা সোমযাগকারী ব্যক্তির সহিত যুদ্ধ করিতে উদ্যত হইল, সে অন্ধকার মধ্যে আবদ্ধ হইয়া রহিল।

১১। আদিত্যগণ, বসুগণ, রুদ্রগণ, ইহারা সকলেই দেবতা; আমিও দেবতা। অতএব আমি ইঁহাদিগের স্থান উৎখাত করি না, তাঁহারা আমাকে এই উদ্দেশে নির্ম্মাণ করিয়াছেন, যে আমি চমৎকার অন্ন উৎপাদন করিব। সেই নিমিত্তই আমাকে কেহ পরাজয় বা হিংসা করিতে পারে না, কেহ আমার সম্মুখে অগ্রসর হইতে পারে না।

৪৯ সূক্ত।

ইন্দ্র ঋষি। তিনিই দেবতা।

১। স্তবকারী ব্যক্তিকে আমি চমৎকার সম্পত্তি দান করি। আমি যজ্ঞানুষ্ঠানের পদ্ধতি করিয়া দিয়াছি, উহাতে আমারই ক্ষমতা বৃদ্ধি হয়। আমি যজ্ঞকর্ত্তাব্যক্তির উৎসাহদাতা হইয়া থাকি; আর যাহারা যজ্ঞ না করে, তাহাদিগকে সকল যুদ্ধেই পরাভব করি।

২। স্বর্গের দেবতারা এবং ভূচর ও জলচর জন্তুরা আমাকে ইন্দ্র এই নাম দিয়াছে। আমার দুই তেজস্বী ঘোটক আছে, তাহারা অদ্ভুতলীলাবিশিষ্ট এবং অতিবেগবান্। আমি অন্ন উপার্জ্জনের জন্য দুর্দ্ধর্ষ বজ্র ধারণ করি।

৩। আমি কবি নামক ব্যক্তির মঙ্গলের জন্য অৎক নামক ব্যক্তিকে প্রহারের দ্বারা বধ করিয়াছি। আমি রক্ষণোপযোগী নানাকার্য্য সাধন করিয়া কুৎস নামক ব্যক্তিকে রক্ষা করিয়াছি। আমি শুষ্ণ নামক ব্যক্তি বধের জন্য বজ্র ধারণ করিয়াছিলাম। আমি দস্যুজাতিকে "আর্য্য" এই নাম হইতে বঞ্চিত রাখিয়াছি (১)।

৪। কুৎস বেতসু নামক প্রদেশ কামনা করিয়াছিল, আমি উহার পিতার ন্যায় বেতসু প্রদেশ উহার বশীভূত করিয়া দিলাম এবং তুগ্র ও স্মদিভ এই দুই ব্যক্তিকে কুৎসের বশীভূত করিয়া দিলাম। আমার প্রসাদেই যজ্ঞকর্ত্তা ব্যক্তি শ্রীবৃদ্ধিসম্পন্ন হয়। আমি পুত্রের ন্যায় তাহাকে প্রিয়বস্তু প্রদান করি, তাহাতে সে দুর্দ্ধর্ষ হইয়া উঠে।

৫। যৎকালে শ্রুতর্ব্বা আমার শরণাগত হইল এবং স্তব করিতে লাগিল, আমি মৃগয় নামক ব্যক্তিকে তাহার বশীভূত করিয়া দিলাম। আমি বেশকে আয়ুর বশীভূত করিয়া দিয়াছি, আমি ষটগৃভিকে সব্যের বশীভূত করিয়া দিয়াছি।

৬। আমি সেই ইন্দ্র, যেমন বৃত্রের হন্তা হইয়া বৃত্রকে নিধন করিয়াছিলাম, সেইরূপ দাসজাতীয় নববাস্ত্ব ও বৃহদ্রথ নামক দুই ব্যক্তিকে ভগ্ন করিয়াছি (২)। সেই সময়ে ঐ দুই শত্রু বৃদ্ধি ও বিস্তার প্রাপ্ত হইতেছিল, আমি তাহাদিগের পশ্চাৎ সংলগ্ন হইয়া সূর্য্যালোক সমুজ্জ্বলিত এই ভুবনের বহির্ভূত করিয়া দিলাম।

(১) আর্য্য এবং অনার্য্যদিগের উল্লেখ।

(২) অনার্য্য শত্রুদিগের মধ্যে দুইজন প্রসিদ্ধ যোদ্ধা। নিম্ন ঋকেও দস্যুদিগের উল্লেখ আছে।

৭। আমার যে শীঘ্রগামী ঘোটকগুলি আছে, তাহারা আমাকে বহন করে, আমি সেই বহনে সূর্য্যের চতুর্দ্দিকে বিচরণ করি। যখন মনুষ্য সোম প্রস্তুত করিয়া শোধন করিবার জন্য আমাকে অনুরোধ করে, আমি তখন দাসজাতীয় ব্যক্তিকে প্রহার করিয়া দ্বিখণ্ড করি, ঐ দশার জন্যই সে জন্মিয়াছে।

৮। আমি সপ্ত শত্রুপুরী ধ্বংস করিয়াছি। যে যত বড় বন্ধন কর্ত্তা হউক, আমি তাহা অপেক্ষাও অধিক বন্ধনকর্ত্তা। তুর্ব্বস ও যদু এই দুই ব্যক্তিকে আমি বলবান্ বলিয়া খ্যাত্যাপন্ন করিয়াছি। আমি অন্যান্য ব্যক্তিকেও বলে বলী করিয়াছি। নবনবতি নগরকে আমি বিনষ্ট করিয়াছি।

৯। আমি জল বর্ষণ করিয়া থাকি, যে সপ্তসিন্ধু দ্রবময় মূর্ত্তিতে পৃথিবীতে প্রবাহিত হয়, আমিই তাহাদিগকে স্ব স্ব স্থানে রাখিয়া দিয়াছি। আমার সকল কার্য্যই শুভকর, আমিই জল বিতরণ করিয়া থাকি। আমি যুদ্ধ করিয়া যজ্ঞ-কর্ত্তাব্যক্তির জন্য পথ পরিষ্কার করিয়া দিয়াছি।

১০। গাভীর দেহে আমি এতাদৃশ বস্তু রাখিয়া দিয়াছি, যাহা দেবত্বষ্টা রচনা করিতে পারেন নাই। অর্থাৎ গাভীগণের আপীনমধ্যে মধু অপেক্ষাও মধুরতর অতি চমৎকার পরিষ্কার দুগ্ধ উৎপাদন করিয়া দিয়াছি। সেই আপীন নদীর ন্যায় দুগ্ধ বহন করে। তাহা সোমের সহিত মিশ্রিত হইলে উহাকে অতি চমৎকার করিয়া তুলে।

১১। [পরোক্তিতে কহিতেছেন]—এইরূপে ইন্দ্র আপন প্রভাবে দেব-মনুষ্যদিগকে সৌভাগ্য সম্পন্ন করেন, তাঁহারই ধন আছে, তাঁহার ধনই যথার্থ। হে ইন্দ্র! হে ঘোটকবিশিষ্ট! হে বিবিধ কার্য্যকারী! তোমার কার্য্য তোমার নিজের আয়ত্ত। দেবমনুষ্যগণ ব্যস্তসমস্ত হইয়া তোমার সেই সমস্ত কার্য্যের স্তব করিতেছেন।

৫০ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। হে যজমান! তোমার প্রভূত পরিমাণ যজ্ঞীয় অন্ন দেখিয়া ইন্দ্র আনন্দিত হইতেছেন; তিনি সকলের নেতা, সকলের সৃষ্টিকর্ত্তা, তাঁহাকে অর্চ্চনা কর। তিনি সেই ইন্দ্র, যাঁহার আশ্চর্য্য শক্তি, বিপুল কীর্ত্তি এবং সুখ-সম্পত্তির বিষয় দ্যুলোক ও ভূলোক প্রশংসা করিয়া থাকে।

২। সেই ইন্দ্র সকলের নিকট স্তবের ভাগী, সকলের প্রভু, তিনি বন্ধুর ন্যায় মনুষ্যের হিতকারী; মাদৃশ ব্যক্তির সর্ব্বদাই তাঁহার সেবা করা উচিত। হে বীর! হে শিষ্টপালনকর্ত্তা! সর্ব্বপ্রকার গুরুতর কার্য্যের সময় ও বলসাধ্য ব্যাপারের সময় এবং মেঘ হইতে বৃষ্টিবারি লাভের জন্য তোমারে স্তব করা হইয়া থাকে।

৩। হে ইন্দ্র! সেই সমস্ত ভাগ্যবান্ ব্যক্তি কে? যাঁহারা তোমার নিকট অন্ন ও ধন ও সুখসম্পত্তি পাইবার অধিকারী? তাঁহারা কে? যাঁহারা তোমাকে অসূর্য্য বল দিবার জন্য সোমরস প্রেরণ করেন? যাঁহারা নিজের উর্ব্বরা ভূমিতে বৃষ্টিবারি পাইবার জন্য এবং পুরস্কার পাইবার জন্য সোমরস প্রেরণ করেন?

৪। হে ইন্দ্র! তুমি যজ্ঞ অনুষ্ঠানের দ্বারা মহৎ হইয়াছ, তুমি সকল যজ্ঞেই যজ্ঞভাগ পাইবার অধিকারী হইয়াছ, তুমি সকল যুদ্ধে প্রধান প্রধান শত্রুর ধ্বংসকর্ত্তা হইয়াছ। হে অখিল ব্রহ্মাণ্ড দর্শনকারী! তুমি সর্ব্বশ্রেষ্ঠ মন্ত্রস্বরূপ হইয়াছ।

৫। তুমি সর্ব্বশ্রেষ্ঠ, অতএব যজ্ঞকর্ত্তাদিগকে শীঘ্র রক্ষা কর। মনুষ্যগণ অবগত আছে যে, তোমার নিকট মহতী রক্ষা প্রাপ্ত হওয়া যায়। তুমি জরা-রহিত হও এবং শীঘ্র বৃদ্ধিপ্রাপ্ত হও; এই সমস্ত সোমযাগ যাহাতে শীঘ্র সম্পন্ন হয়, তাহা কর।

৬। হে বলের পুত্র, অর্থাৎ হে বলশালিন্! এই যে সমস্ত সোমযাগ, তুমি নিজে ধারণ করিয়া থাক, সে গুলি যাহাতে শীঘ্র সম্পন্ন হয়, তাহা তুমি কর। তোমার নিকট চমৎকার আশ্রয় পাইবার জন্য এই সোমপাত্র, এই সম্পত্তি, এই যজ্ঞ ও মন্ত্র ও পবিত্রবাক্য উদ্যত হইয়াছে।

৭। হে মেধাবিন্! যে সকল স্তোত্রপরায়ণ স্তোতাগণ, তুমি নানাপ্রকার ধন দিবে বলিয়া একত্র হইয়া তোমার নিমিত্ত সোমযাগ করে, সোমস্বরূপ অন্ন প্রস্তুত হইবার পর যখন আমোদ আহ্লাদ উপস্থিত হয়, তখন যেন তাহারা স্তুতি স্বরূপ উপায় দ্বারা সুখলাভে অধিকারী হয়।

৫১ সূক্ত।

পর্য্যায়ক্রমে অগ্নি ও দেবতাবর্গ ঋষি। পর্য্যায়ক্রমে তাঁহারাই দেবতা।

১। [অগ্নি হবির্বহন কার্য্যে উত্ত্যক্ত হইয়া জলে লুক্কায়িত হইয়াছিলেন, তাঁহার প্রতি দেবতাদিগের উক্তি]—হে অগ্নি! তুমি প্রকাণ্ড ও স্থূল আচ্ছাদনে বেষ্টিত হইয়া জলে প্রবেশ করিয়াছিলে। হে জাতবেদা অগ্নি! তোমার সে সমস্ত নানা প্রকার দেহ আছে, কেবল একজন মাত্র দেবতা তাহা দেখিতে পাইয়াছেন।

২। [অগ্নির উক্তি]—কে আমাকে দেখিয়াছে? তিনি কোন দেবতা, যিনি আমার নানা প্রকারের দেহ দেখিতে পাইয়াছেন? হে মিত্র! হে বরুণ! অগ্নির সেই সকল দীপ্যমান ও দেবতাসম্মিলনকারী দেহগুলি কোথা রহিয়াছে, বল দেখি?

৩। [দেবতাদিগের উক্তি]—হে জাতবেদা অগ্নি! নানা মূর্ত্তিতে জল মধ্যে ও ওষধি মধ্যে তুমি প্রবিষ্ট হইয়াছ, তোমাকে আমরা অন্বেষণ করিতেছি, হে বিচিত্রকিরণধারিন্! তোমাকে যম দেখিয়া চিনিয়াছেন, তিনি দেখিয়াছেন যে, তুমি তোমার দশস্থান অপেক্ষাও অধিকতর দীপ্তি পাইতেছ (১)।

৪। [অগ্নির উক্তি]—হে বরুণ! আমি হোতার কার্য্য হইতে ভয় পাইয়া চলিয়া আসিয়াছি, আমার ইচ্ছা যে, দেবতারা আর আমাকে হোতার কার্য্যে নিযুক্ত না করেন। এই নিমিত্ত আমার দেহগুলি নানা স্থানে প্রবেশ করিয়াছে, আমি অগ্নি, আর ঐ কার্য্য করিতে ইচ্ছুক নহি।

৫। [দেবতাদিগের উক্তি]—এস অগ্নি! দেবপূজক মনুষ্য যজ্ঞ করিতে ইচ্ছা করিয়াছে। সে অলঙ্কার, অর্থাৎ যজ্ঞের সকল আয়োজন করিয়াছে, তুমি কিন্তু অন্ধকারে অর্থাৎ গুপ্তস্থানে রহিলে। দেবতাদিগের নিকট হোমের দ্রব্য যাইবার জন্য সুগম পথ করিয়া দাও। প্রসন্ন চিত্ত হইয়া হোমের দ্রব্য বহন কর।

৬। [অগ্নির উক্তি]—অগ্নির পূর্ব্বতন ভ্রাতাগণ, যেমন রথী দূরপথ পর্য্যটনে প্রবৃত্ত হয়, তদ্রূপ এই কার্য্যে ব্রতী হইয়া বিনষ্ট হইয়াছে। হে বরুণ!

(১) অগ্নির দশ স্থান যথা—পৃথিবী প্রভৃতি তিন ভুবন, অগ্নি, বায়ু, ও আদিত্যরূপ তিন দেবতা, জল, ওষধি, ও বনস্পতি এবং প্রাণির শরীর এই দশ। সায়ণ।

এই নিমিত্ত ভয়প্রযুক্ত, আমি দূরে চলিয়া আসিয়াছি। যেরূপ শ্বেত হরিণ ধনুকের গুণ দেখিলে বাণের ভয় প্রাপ্ত হয়, তদ্রূপ আমি উদ্বিগ্ন হইয়াছি।

৭। [দেবতাগণ]—হে জাতবেদা অগ্নি! তোমাকে আমরা অনন্ত পরমায়ুঃ দিতেছি, তাহা হইলে তোমার আর মৃত্যু ভয় নাই। অতএব হে কল্যাণমূর্ত্তি! প্রসন্ন চিত্ত হইয়া দেবতাদিগের নিকট ভাগে ভাগে হব্য বহন কর।

৮। [অগ্নি]—হে দেবগণ! যজ্ঞের প্রথম হবির্ভাগ এবং শেষ হবির্ভাগ (প্রযাজ ও অনুযাজ) এবং অতি বিপুল ভাগ আমাকে দাও এবং জলের সারভাগ ঘৃত এবং ওষধি হইতে উৎপন্ন প্রধান ভাগ এবং অগ্নির দীর্ঘ পরমায়ুঃ বিধান কর।

৯। [দেবতাগণ]—প্রযাজ ও অনুযাজ তোমারই হউক। অতি বিপুল ও অসাধারণ হবির্ভাগ তুমি পাইবে। এই সমুদায় যজ্ঞ তোমারই হউক। চারিদিক তোমার নিকট নত হউক।

৫২ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। অগ্নি ঋষি।

১। হে বিশ্বদেব! আমাকে হোতারূপে বরণ করিয়াছে, আমি এই স্থানে আসন লইয়া যে মন্ত্র পাঠ করিব, তাহা বলিয়া দাও। আমার কোন ভাগ এবং তোমাদিগের কোন ভাগ তাহা আমাকে বলিয়া দাও এবং যে পথ দিয়া তোমাদিগের নিকট হোমের দ্রব্য লইয়া যাইব, তাহা বলিয়া দাও।

২। আমি হোতা হইয়া যজ্ঞ করিব বলিয়া বসিয়াছি, সকল দেবতা ও মরুদ্গণ আমাকে এই কার্য্যে নিযুক্ত করিয়াছে। হে অশ্বিদ্বয়! নিত্য নিত্য তোমাদিগকে অধ্বর্য্যুর কার্য্য করিতে হয়। উজ্জ্বল সোম স্তোতাস্বরূপ হইতেছেন, তিনি তোমাদিগের দুজনের আহুতিস্বরূপ, অর্থাৎ তোমরা পান কর।

৩। যিনি হোতা হয়েন, তাহাকে কি করিতে হয়, তিনি যজমানের যে কিছু হোমের দ্রব্য বহন করেন, দেবতারা উহা প্রাপ্ত হয়েন। নিত্য নিত্য এবং মাসে মাসে এই হোম হইয়া থাকে; দেবতাগণ সেই ব্যাপারে অগ্নিকে হব্যবাহ নিযুক্ত করিয়াছেন।

৪। আমি অগ্নি পলায়ন করিয়াছিলাম, অনেক কষ্ট করিতেছিলাম, আমারে দেবতারা হব্যবাহ নিযুক্ত করিয়াছেন। বিদ্বান্ অগ্নি আমাদিগের যজ্ঞের আয়োজন করেন; এই সেই যজ্ঞ যাহার পাঁচটী পথ; তিন আবৃত্তি,

(অর্থাৎ তিনবার সোমরসের নিষ্পীড়ন হয়) এবং সাতটী সূত্র (অর্থাৎ সাত ছন্দের স্তব পাঠ করা হয়)।

৫। হে দেবগণ! আমি তোমাদিগের পরিচর্য্যা করিতেছি, অতএব তোমাদের নিকট প্রার্থনা করি, আমাকে অমর কর, সন্তানসন্ততি দাও। আমি ইন্দ্রের দুই হস্তে বজ্র সন্নিবেশিত করি, তবে তিনি এই সমস্ত বিপক্ষ সৈন্য জয় করেন।

৬। তিন সহস্র তিন শত ত্রিশ ও নয়জন দেবতা (১) অগ্নির পরিচর্য্যা করিয়াছেন। তাঁহাকে ঘৃতদ্বারা অভিষিক্ত করিয়াছেন, তাঁহার জন্য কুশ বিস্তার করিয়া দিয়াছেন এবং তাঁহাকে হোতারূপে উপবেশন করাইয়াছেন।

৫৩ সূক্ত।

অগ্নি দেবতা। দেবতাগণ ঋষি।

১। যাহার কামনা করিতে ছিলাম, এই সেই অগ্নি আসিয়াছেন, ইনি যজ্ঞের বিষয় জানেন, ইনি আপনার অঙ্গ সম্পূর্ণ করিতেছেন তাঁহার মত যজ্ঞ-কর্ত্তা কেহ নাই, এই দেবসমাকীর্ণ যজ্ঞে তিনি আমাদিগকে যজ্ঞ দিন, তিনি আমাদিগের অগ্রে যজ্ঞস্থানের মধ্যে বসিয়াছেন।

২। এই শ্রেষ্ঠ যজ্ঞকর্ত্তা হোতা অগ্নি বেদিতে বসিয়া প্রস্তুত হইয়াছেন, অন্নসমস্ত সুন্দররূপে সংস্থাপিত হইয়াছে, ইনি সে গুলি নিবেদন করিয়া দিতে-ছেন। যজ্ঞভাগভাগী দেবতাদিগকে শীঘ্র শীঘ্র ঘৃত দিয়া পূজা করা যাউক, যাহারা স্তবের যোগ্য, তাঁহাদিগকে স্তব করা যাউক।

৩। আমাদিগের এই যে দেবরীতি, অর্থাৎ দেবতাদিগের আগমন স্বরূপ যজ্ঞ কার্য্য, অগ্নি তাহা সুসম্পন্ন করিয়াছেন। যজ্ঞের যে নিগূঢ় জিহ্বা তাহা আমরা

(১) ৩৩৩৯ দেবতার উল্লেখ। অন্যান্য স্থানে আমরা ৩৩ দেবতার উল্লেখ পাইয়াছি। কোন কোন পণ্ডিত বলেন সেই ৩৩ সংখ্যার মধ্যে ক্রমান্বয়ে একটি এবং দুইটি শূন্য দিয়া পরে যোগ করিয়া সংখ্যা পাওয়া গিয়াছে, যথা,—

৩৩
৩০৩
৩০০৩
———
৩৩৩৯

পাইয়াছি। তিনি সুগন্ধ ধারণপূর্ব্বক পরমায়ুঃ প্রাপ্ত হইয়া আসিয়াছেন। এই যে আমাদিগের দেবভোজন ব্যাপার, তাহা তিনি সুসম্পন্ন করিয়াছেন।

৪। যে বাক্যের উচ্চারণ করিলে আমরা অসুরদিগকে পরাভব করিতে পারিব, সেই সর্ব্বশ্রেষ্ঠ বাক্য যেন আমরা উচ্চারণ করি। হে পঞ্চজনপদের লোকসকল! তোমরা অন্নভোজনকারী এবং যজ্ঞে অধিকারী, তোমরা আমার হোমকার্য্যে আসিয়া অধিষ্ঠান কর।

৫। পৃথিবীতে উৎপন্ন যে পঞ্চজনপদের লোক আছে, যাহারা যজ্ঞে অধিকারী, তাহারা আমার হোমকার্য্যে সমাগত হউক। পৃথিবী আমাদিগকে পৃথিবী সংক্রান্ত পাপ হইতে রক্ষা করুন, আকাশ আমাদিগকে আকাশ সংক্রান্ত পাপ হইতে রক্ষা করুন।

৬। হে অগ্নি! যজ্ঞ বিস্তার করিতে করিতে ইহলোকের দীপ্তি বিধাতা সূর্য্যের অনুসারী হও। সৎকর্ম্ম অনুষ্ঠানের দ্বারা যে সকল জ্যোতির্ম্ময় পথ প্রাপ্ত হওয়া যায়, সে গুলিকে রক্ষা কর। সেই অগ্নি স্তবকর্ত্তাদিগের কার্য্য সমাজস্বরূপ সম্পাদন করিয়া দাও। হে অগ্নি! তুমি স্তবের যোগ্য হও, দেবতাবর্গকে আনয়নপূর্ব্বক প্রকাশ কর।

৭। [দেবতারা যজ্ঞে আসিবার সময় পরস্পর কহিতেছেন]—হে দেবতাগণ! তোমরা সোমরস পানে অধিকারী, অতএব রথে যোজনা করিবার উপযুক্ত ঘোটকদিগকে রথে যোজনা কর। রজ্জু পরিষ্কৃত কর, ঘোটকদিগকে সুশোভিত কর! আটজন সারথি বসিতে পরে এতাদৃশ প্রকাণ্ড রথ চালাইয়া দেও, তাহা হইলে তোমাদিগের প্রিয়বস্তু যজ্ঞীয় হবির নিকট পঁহুছিবে।

৮। অশ্মনবতী নামে (১) এই নদী বহিতেছে। হে বন্ধুগণ! উৎসাহ কর, গাত্রোত্থান কর, নদী পার হও। যাহা কিছু অসুখ ছিল, সকলি এই স্থলে ছাড়িয়া চলিলাম, পার হইয়া আমরা উত্তম উত্তম অন্নের দিকে অগ্রসর হইব।

৯। ত্বষ্টা ক্রিয়াকুশল ব্যক্তিদিগের মধ্যে সর্ব্বাপেক্ষা কর্ম্মিষ্ঠ। তিনি অতিসুন্দর পানপাত্রসমূহ দেবতাদিগের জন্য প্রস্তুত করিয়াছেন, তিনি তাহার শিল্প জানেন। তিনি উত্তম লৌহ নির্ম্মিত কুঠার শাণিত করেন, তদ্দ্বারা ব্রাহ্মণস্পতি পাত্র নির্ম্মাণোপযোগী কাষ্ঠ ছেদন করেন।

(১) অশ্মন্বতী নদী কোথায়?

১০। হে বিদ্বান্ কবিগণ! যেসকল কুঠার দ্বারা অমৃত পানের জন্য পাত্র নির্ম্মাণ করিয়া থাক, সেই সকল কুঠার উত্তমরূপ শাণিত কর। হে বিদ্বান্গণ! তোমরা গোপনীয় বাসস্থান প্রস্তুত কর; যদ্দ্বারা তোমরা দেবতা হইয়া অমরত্ব লাভ করিয়াছিলে।

১১। সেই সকল ঋভুগণ মৃতগাভীর মধ্যে একটী গাভী রাখিলেন এবং উহার মুখমধ্যে একটী বৎস রাখিলেন, তাঁহাদিগের বাঞ্ছা ছিল দেবত্ব প্রাপ্ত হইবেন, ঐ কার্য্য সম্পন্ন করিবার উপায় তাঁহাদিগের কুঠার, সেই দাতা ঋভুগণ প্রত্যহ আপনাদিগের উপযুক্ত উত্তম উত্তম স্তব গ্রহণ করেন এবং শত্রু জয় তাঁহারা অবশ্যই করিবেন।

৫৪ সূক্ত।

ইন্দ্র দেবতা। বৃহদুক্থ ঋষি।

১। হে ধনশালী ইন্দ্র! তোমার সেই মহতী কীর্ত্তি আমি বর্ণনা করিতেছি। যখন দ্যাবাপৃথিবী ভীত হইয়া তোমাকে ডাকিলেন, তখন তুমি, দেবতাদিগকে রক্ষা করিলে, দাসজাতিকে সংহার করিলে; একজন প্রজা, অর্থাৎ যজমানকে বলপ্রদান করিলে।

২। হে ইন্দ্র! তুমি আপন শরীর বৃদ্ধি করিয়া এবং নিজ কার্য্য সমস্ত ঘোষণা করিতে করিতে যে সকল বলসাধ্য ব্যাপার সম্পন্ন করিলে, সে সকলি মায়া মাত্র, তোমার যুদ্ধ সকলও মায়ামাত্র। একালেত তোমার শত্রু নাই। তবে কি পূর্ব্বকালে ছিল? তাহাও সম্ভব নয়।

৩। আমাদিগের পূর্ব্বতন কোন্ ঋষিই বা তোমার অখিল মহিমার অন্ত পাইয়াছিল? তুমি আপন দেহ হইতে তোমার পিতামাতাকে এক সঙ্গে উৎপাদন করিয়াছিলে (১)।

(১) "Indra is praised for having made heaven and earth; and then, when the poet remembers that heaven and earth had been praised elsewhere as the parents of the gods, and more specially as the parents of Indra, he does not hesitate for a moment, but says, 'What poets living before us have reached the end of all thy greatness? For thou hast indeed begotten thy father and thy mother together from thy own body."—Max Muller's *India, What can it teach us?*

৪। তুমি মহান্! তোমার চারি অহুর্য্য দুর্দ্ধর্ষ শরীর আছে। হে ধনশালী! তুমি সেই শরীর সকল গ্রহণপূর্ব্বক তোমার গুরুতর কার্য্য সকল নির্ব্বাহ কর।

৫। কি প্রকাশ, কি অপ্রকাশ, সর্ব্ব প্রকার অসাধারণ সম্পত্তি তুমি অধিকার কর। হে ইন্দ্র! আমার অভিলাষ পূর্ণ কর, তুমিই দান করিবার আজ্ঞা কর, তুমিই নিজে দান কর।

৬। যিনি জ্যোতির্ম্ময় পদার্থে জ্যোতিঃ সংস্থাপন করিয়াছেন, যিনি মধু দিয়া সোমরস প্রভৃতি মধুর বস্তু সকল সৃষ্টি করিয়াছেন, তাঁহার উদ্দেশে বৃহৎ উকথ্ নামক বেদমন্ত্র রচনাকর্ত্তা এই চমৎকার ওজস্বি স্তব উচ্চারণ করিলেন।

৫৫ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। তোমার সেই শরীর দূরে আছে, মনুষ্যগণ পরাঙ্মুখ হইয়া তাহা গোপন করে, যখন দ্যাবাপৃথিবী ভীত হইয়া অন্নের জন্যে তোমাকে ডাকে, তুমি তখন তোমার নিকটবর্ত্তী মেঘরাশিকে প্রদীপ্ত কর, এবং পৃথিবী হইতে আকাশকে ঊর্দ্ধকৃত করিয়া ধরিয়া রাখ।

২। তোমার সেই যে গোপনীয় শরীর, যাহা বিস্তর স্থান ব্যাপ্ত করিয়া আছে, তাহা অতি প্রকাণ্ড। তাহা দ্বারা তুমি ভূত ভবিষ্যৎ সৃষ্টি কর। যে যে জ্যোতির্ম্ময় বস্তু উৎপাদন করিতে ইচ্ছা হইল, সেই সমস্ত প্রাচীন বস্তু উহা হইতে উৎপন্ন হইল, পঞ্চ জনপদের মনুষ্য তাহা দ্বারা উপকৃত হইল।

৩। ইন্দ্র আপন শরীরে দ্যাবা ও পৃথিবী ও মধ্য ভাগ সমস্ত আকাশ পূর্ণ করিলেন। তিনি সময়ে সময়ে পঞ্চ জাতি ও সপ্তসংখ্যক যাবতীয় তত্ত্ব আপনার জ্যোতির্ম্ময় নানাবিধ কার্য্যের দ্বারা সংধারণ করেন, তাঁহার সেই কার্য্য একই ভাবে চলিতেছে। চৌত্রিশ পুরুষ এই বিষয়ে তাঁহার সাহায্য করে (১)।

৪। হে উষা! তুমি আলোকধারী পদার্থদিগের মধ্যে সর্ব্ব প্রথম আলোক দিয়াছ, যাহা পুষ্টিযুক্ত আছে, তুমি তাহাকে আরও পুষ্টিযুক্ত কর, তুমি উপরে

(১) এ ঋকের অর্থ অস্পষ্ট। সায়ণ বলেন, সপ্ত সংখ্যক যাবতীয় তত্ত্ব যেমন সপ্ত মরুৎ সপ্ত ইন্দ্রিয় ইত্যাদি।

আছ, কিন্তু নিম্নে মনুষ্যদিগের প্রতি তোমার বন্ধুত্ব, ইহা তোমার মহত্ত্বের ও অসাধারণ অসুরত্বের লক্ষণ।

৫। যখন যুবা থাকে, কত কার্য্য করে যুদ্ধে কত শত্রু তাহার ভয়ে পলায়ন করে, তথাপি বহুকালের বৃদ্ধকাল তাহাকে গ্রাস করে। দেবতার একবার আশ্চর্য্য ক্ষমতা দেখ, সে গত কল্য জীবিত ছিল, অদ্য মরিয়া গেল।

৬। দেখ, উজ্জ্বল একটি পক্ষী আসিতেছে, তাহার অদ্ভুত বল, সে বৃহৎ ও প্রাচীন ও বলশালী, তাহার কুলায় কুত্রাপি নাই। সে যাহা করিতে চায়, তাহা সত্যই হইবে, বৃথা হইবে না। অতি চমৎকার সম্পত্তি সে জয় করে এবং দান করে।

৭। বজ্রধারী ইন্দ্র এই সকল মরুদ্দেবতাদিগের এতাদৃশ বল প্রাপ্ত হইলেন, যাহাতে বৃষ্টি বর্ষণ করিলেন এবং বৃত্রকে বধ করিয়া পৃথিবীকে অভিষিক্ত করিলেন। মহীয়ান্ ইন্দ্র যখন সেই কার্য্য করেন, তখন মরুদ্গণ আপনা হইতেই বৃষ্টি উৎপাদন কার্য্যে প্রবৃত্ত হয়েন।

৮। সেই ইন্দ্র মরুদ্গণের সাহায্যে কর্ম্ম সম্পন্ন করেন, তাঁহার তেজঃ সর্ব্বত্রগামী; তিনি রাক্ষসদিগকে নিধন করেন, তাঁহার মন বিশ্বব্যাপী তিনি সত্বর জয়ী হয়েন, তিনি আকাশ হইতে আসিয়া সোমপানপূর্ব্বক, শরীর বৃদ্ধি করিলেন এবং বীর্য্যসহকারে যুদ্ধ করিয়া দস্যুজাতীয়দিগকে বধ করিলেন।

৫৬ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। বৃহদুক্থ ঋষি (১)।

১। এই অগ্নি তোমার এক অংশ, আর এই বায়ু তোমার এক অংশ, তোমার তৃতীয় জ্যোতির্ম্ময় আত্মা স্বরূপ অংশ। এই তিন অংশদ্বারা তুমি অগ্নি ও বায়ু ও সূর্য্য মধ্যে প্রবেশ কর। তোমার শরীরের প্রবেশ কালে তুমি কল্যাণমূর্ত্তি ধারণ কর এবং দেবতাদিগের সেই সর্ব্বশ্রেষ্ঠ পিতাস্বরূপ সূর্য্যের ভুবনে তুমি প্রিয় হও।

২। হে বাজিন্! পৃথিবী তোমার শরীর গ্রহণ করিতেছেন, তিনি আমাদিগের প্রীতিজনক হউন, তোমারও কল্যাণ করুন। তুমি স্থানভ্রষ্ট না

(১) ঋষি আপন মৃতপুত্র বাজিন্ সম্বন্ধে এই সূক্ত রচনা করিয়াছেন।

হইয়া জ্যোতিঃ ধারণ করিবার জন্য দেবতাদিগের সহিত এবং আকাশের সূর্য্যের সহিত তোমার আত্মাকে মিলাইয়া দাও।

৩। হে পুত্র! তুমি বিলক্ষণ বলে বলী ও সুশ্রী ছিলে। যেরূপ উত্তম স্তব করিয়াছিলে, তদ্রূপ উত্তম স্বর্গে যাও (২)। উত্তম ধর্ম্মের অনুষ্ঠান করিয়াছ, তাহার উত্তম ফল প্রাপ্ত হও। উত্তম দেবতা ও উত্তম সূর্য্যের সহিত একীভূত হও।

৪। আমাদিগের পিতৃপুরুষগণ দেবতার মত মহিমার অধিকারী হইয়াছেন। তাঁহারা দেবত্ব প্রাপ্ত হইয়া দেবতাদিগের সহিত ক্রিয়া কলাপ করিয়াছেন। যে সকল জ্যোতির্ম্ময় পদার্থ দীপ্তি পাইয়া থাকে, তাঁহারা উহাদিগের সহিত একীভূত হইয়াছেন, তাঁহারা দেবতাদিগের শরীর মধ্যে প্রবেশ করিয়াছেন (৩)।

৫। তাঁহারা নিজ ক্ষমতা বলে সমস্ত ব্রহ্মাণ্ড বিচরণ করিয়াছেন (৪) যে সকল প্রাচীন ভুবনে কেহ যায় নাই, তাহারা তথায় গিয়াছেন। তাঁহারা নিজ শরীর দ্বারা সমস্ত ভুবন আয়ত্ত করিয়াছেন। প্রজাবর্গের প্রতি নানা প্রকারে নিজ প্রভাব বিস্তারিত করিয়াছেন।

৬। সূর্য্যের পুত্রস্বরূপ দেবতাবর্গ তৃতীয় কার্য্যদ্বারা স্বর্গবিৎ ও অসুর সূর্য্যকে দুই প্রকারে সংস্থাপন করিলেন, (অর্থাৎ তাঁহার উদয়ের মূর্ত্তি আর তাঁহার অস্তগমনের মূর্ত্তি)। অপিচ আমার পিতৃ পুরুষগণ সন্তান উৎপাদনপূর্ব্বক সন্ততিদিগের শরীরে পৈতৃক বল সংস্থাপন করিলেন এবং চিরস্থায়ী বংশ রাখিয়া গেলেন।

৭। যেরূপ লোক নৌকাযোগে জল পার হয়, যেরূপ স্থলপথে পৃথিবীর ভিন্ন দিক্ অতিক্রম করে, যেরূপ স্বস্তিদ্বারা বিপদ হইতে উদ্ধার হয়, তদ্রূপ বৃহদুক্থ ঋষি নিজ ক্ষমতাবলে আপন মৃত পুত্রকে অগ্নি প্রভৃতি পার্থিব পদার্থে ও সূর্য্য প্রভৃতি দূরবর্ত্তী পদার্থে একীভূত করিয়া দিলেন।

(২) পুণ্যকর্ম্মের ফল উত্তম স্বর্গলাভ তাহা প্রকাশ হইতেছে।

(৩) পুণ্যাত্মা পূর্ব্বপুরুষগণ দেবত্ব প্রাপ্ত হইয়াছেন।

(৪) তাঁহারা অখিলব্রহ্মাণ্ড ভ্রমণ করিয়াছেন।

৫৭ সূক্ত।

মন দেবতা। বন্ধু ও শ্রুত বন্ধু ও বিপ্রবন্ধু এই তিন ঋষি।

১। হে ইন্দ্র! আমরা যেন পথ হইতে বিপথে না যাই। আমরা যেন সোমবিশিষ্ট যজ্ঞ হইতে দূরে না যাই। শত্রুগণ যেন আমাদিগের মধ্যে না আসে।

২। এই যে অগ্নি, যাঁহা হইতে যজ্ঞ সিদ্ধি হয়, যিনি পুত্রস্বরূপ হইয়া দেবতাদিগের নিকট পর্য্যন্ত বিস্তৃত আছেন, তাঁহার হোম হউক, আমরা তাঁহাকে প্রাপ্ত হই।

৩। নরাশংস সম্বন্ধীয় সোমদ্বারা মনকে আহ্বান করি এবং পিতৃলোকদিগের স্তবের দ্বারা মনকে আহ্বান করি।

৪। তোমার মন পুনর্ব্বার প্রত্যাগমন করুক, প্রত্যাগমনপূর্ব্বক তুমি কার্য্য কর, বল প্রকাশ কর, জীবিত হও এবং সূর্য্যকে দর্শন কর (১)।

৫। আবার আমাদিগের পিতৃপুরুষগণ মনকে ফিরাইয়া দেন, দেবলোকগণ ফিরাইয়া দেন, আমরা যেন প্রাণ ও তাহার আনুষঙ্গিক সকলকেই প্রাপ্ত হই।

৬। হে সোম! আমরা যেন দেহমধ্যে মনকে ধারণ করি, আমরা যেন, সন্তানসন্ততিযুক্ত হইয়া তোমার কার্য্যে মিলিত হই।

---

৫৮ সূক্ত।

মৃত সুবন্ধুর মন, প্রাণ, প্রভৃতি দেবতা। বন্ধু, প্রভৃতি ঋষি।

১। তোমার যে মন অতি দূরে বিবস্বানের পুত্র যমের নিকট গিয়াছে, তাহাকে আমরা ফিরাইয়া আনিতেছি, তুমি জীবিত হইয়া ইহলোকে আসিয়া বাস কর।

২। তোমার যে মন অতিদূরে স্বর্গে, অথবা পৃথিবীতে চলিয়া গিয়াছে, তাঁহাকে আমরা, (ইত্যাদি প্রথম ঋকের শেষ অংশের সহিত অভিন্ন)।

৩। চতুর্দ্দিকে ভ্রষ্ট হইয়া যায়, অর্থাৎ খসিয়া খসিয়া পড়ে, এরূপ অতি দূরবর্ত্তী দেশে তোমার যে মন গিয়াছে, তাহাকে আমরা, (ইত্যাদি)।

---

(১) সুবন্ধু নামক মৃতভ্রাতাকে উদ্দেশ করিয়া ইহার পরের সূক্তটী সেই সুবন্ধু সম্বন্ধে রচিত।

৪। তোমার যে মন চতুর্দ্দিকের অতি দূরবর্ত্তি প্রদেশে চলিয়া গিয়াছে, তাহাকে আমরা, (ইত্যাদি)।

৫। তোমার যে মন অতি দূরস্থিত জলপরিপূর্ণ সমুদ্রের মধ্যে গিয়াছে, তাহাকে আমরা, (ইত্যাদি)।

৬। তোমার যে মন চতুর্দ্দিকে বিকীর্য্যমান কিরণমণ্ডলের মধ্যে প্রবেশ করিয়াছে, তাহাকে আমরা, (ইত্যাদি)।

৭। তোমার যে মন দূরবর্ত্তী জলের মধ্যে, কি বৃক্ষলতাদির মধ্যে গিয়াছে, তাহাকে আমরা, (ইত্যাদি)।

৮। তোমার যে মন দূরবর্ত্তী সূর্য্য, কি উষার মধ্যে গিয়াছে, তাহাকে আমরা, (ইত্যাদি)।

৯। তোমার যে মন দূরস্থিত পর্ব্বতমালার উপর চলিয়া গিয়াছে, তাহাকে আমরা, (ইত্যাদি)।

১০। তোমার যে মন এই সমস্ত বিশ্বজগতের মধ্যে দূরে চলিয়া গিয়াছে, তাহাকে আমরা, (ইত্যাদি)।

১১। তোমার যে মন দূরের দূর, তাহারও দূর, কোন স্থানে চলিয়া গিয়াছে, তাহাকে আমরা, (ইত্যাদি)।

১২। তোমার যে মন ভূত কি ভবিষ্যৎ কোন দূর স্থানে চলিয়া গিয়াছে, তাহাকে আমরা, (ইত্যাদি), (২)।

৫৯ সূক্ত।

ঋষি নির্ঋতি, অসুনীতি, প্রভৃতি দেবতা। বন্ধু, প্রভৃতি তিন ঋষি।

১। সুবন্ধুর পরমায়ু উত্তমরূপ ও নবীন হইয়া বৃদ্ধি প্রাপ্ত হউক, যে সারথি রথ চালনা করেন, তিনি যদি কর্ম্মকুশল হয়েন, তবে রথারূঢ়ব্যক্তি যেমন সুখ প্রাপ্ত হয়েন, তদ্রূপ সুবন্ধু সচ্ছন্দ প্রাপ্ত হউন। যাহার পরমায়ুর হ্রাস হইতেছে, সে আপনার পরমায়ুর বিষয়ে বৃদ্ধিই কামনা করে। নির্ঋতি অতি দূরে গমন করুন।

(২) মৃত ভ্রাতার আত্মা পৃথিবীতে, না স্বর্গে জলে না বৃক্ষলতাদিতে, সূর্য্যে না উষার, পর্ব্বত মালায় না দূরের দূর তাহা হইতেও দূর অজ্ঞাত প্রদেশে চলিয়া গিয়াছে, ঋষি তাহাই কল্পনা করিতেছেন।

২। আমরা পরমায়ুস্বরূপ সম্পত্তি লাভের জন্য সাম গানসহকারে অন্ন স্তূপাকার করিতেছি, নানাবিধ ভক্ষ্যদ্রব্য রাশি করিতেছি। আমরা নির্ঋতিকে স্তব করিয়াছি, তিনি সেই সমস্ত অন্ন ভোজনে প্রীতি লাভ করুন, নির্ঋতি, (ইত্যাদি শেষ ঋকের শেষ ভাগের সহিত অভিন্ন)।

৩। আমার যেন নিজ পুরস্কারদ্বারা শত্রুদিগকে পরাজিত করি, যেরূপ আকাশ পৃথিবীর উপরে অবস্থিতি করেন, তদ্রূপ আমরা যেন শত্রুদিগের উপরে স্থান লাভ করি। যেরূপ মেঘের গতি পর্ব্বত দ্বারা রুদ্ধ হয়, তদ্রূপ আমরা যেন শত্রুর গতি রোধ করি। আমাদের তাবৎ স্তবের প্রতি নির্ঋতি যেন কর্ণপাত করেন। নির্ঋতি, (ইত্যাদি)।

৪। হে সোম! আমাদিগকে মৃত্যুর হস্তে সমর্পণ করিও না, আমরা যেন সূর্য্যের উদয় দেখিতে পাই। আমাদিগের বৃদ্ধাবস্থা যেন দিন দিন সচ্ছন্দের সহিত অতিবাহিত হয়। নির্ঋতি (ইত্যাদি)।

৫। হে অসুনীতি(১)! আমাদিগের প্রতি মনোযোগ কর। আমরা যাহাতে বাঁচিয়া থাকি, সেই উদ্দেশে আমাদিগকে উৎকৃষ্ট পরমায়ুঃ প্রদান কর। যত দূর সূর্য্যের দৃষ্টি, তাহার মধ্যে আমাদিগকে থাকিতে দাও, আমরা তোমাকে ঘৃত দিতেছি, তাহাতে তোমার শরীর পুষ্টি কর।

৬। হে অসুনীতি! আমাদিগকে আবার চক্ষু দান কর। আবার আমাদিগের প্রাণ আমাদিগের নিকট আনিয়া উপস্থিত কর, আবার ভোগ করিতে দাও। আমরা যেন চিরকাল সূর্য্যোদয় দেখিতে পাই। হে অনুমতি(২)! যাহাতে আমাদিগের বিনাশ না হয়, তদ্রূপ আমাদিগকে সুখী কর।

৭। পৃথিবী পুনর্ব্বার আমাদিগকে প্রাণদান দিন। পুনর্ব্বার দ্যুলোকদেবী ও অন্তরিক্ষ আমাদিগকে প্রাণদান দিন। সোম আমাদিগকে পুনর্ব্বার

(১) "অসুনীতি" অর্থাৎ যিনি লোকের প্রাণ লইয়া চলিয়া যান। সায়ণ।

"It may be a name for Yama, as Professor Roth supposes; but it may also be a simple invocation—one of the many names of the deity."—*Max Muller.*

নির্ঋতি অর্থে পাপ দেবতা, তাহা সূক্তে বলা হইয়াছে, এস্থানে মৃত্যু দেবতা করিলে ভাল অর্থ হয়। এবং অসুনীতি অর্থে প্রাণ রক্ষাকারী দেবতা করিলে সঙ্গত অর্থ হয়।

(২) "According to Professor Roth, the goddess of good will as well as of procreation."—*Muir.*

শরীর দান করুন। আর পূষা আমাদিগকে এরূপ হিতকরঃ বাক্য প্রদান করুন, যাহাতে আমাদিগের কল্যাণ হয়।

৮। যে দ্যাবাপৃথিবী অতি মহৎ এবং যজ্ঞানুষ্ঠানের জননীস্বরূপ তাঁহারা সুবন্ধুর কল্যাণ করুন। দ্যুলোক ও বিস্তীর্ণ পৃথিবী, সমস্ত অকল্যাণ দূর করিয়া দিন, হে সুবন্ধু! কিছুতেই যেন তোমার অনিষ্ট করিতে না পারে।

৯। স্বর্গে যে দুই ঔষধ, বা যে তিন ঔষধ আছে, অতএব পৃথিবীতে যে এক ঔষধ বিচরণ করে, সে সমস্ত সুবন্ধুর উপকারে আসুক। দ্যুলোক ও বিস্তীর্ণ পৃথিবী, (ইত্যাদি পূর্ব্বতন ঋকের শেষ ভাগের সহিত অভিন্ন)।

১০। হে ইন্দ্র! যে বৃষ উশীনর পত্নীর শকট বহন করিয়াছিল, সেই শকটবাহী বৃষকে প্রেরণ কর। (দ্যুলোক ইত্যাদি)

৬০ সূক্ত।

রাজা অসমাতি, প্রভৃতি দেবতা। বন্ধু, প্রভৃতি ঋষি।

১। অসমাতি রাজার অধিকৃত প্রদেশ অতি উজ্জ্বল, মহৎ মহৎ লোকে ঐ প্রদেশের প্রশংসা করে, আমরা নমস্কারপরায়ণ হইয়া সেই দেশে গমন করিলাম।

২। অসমাতি রাজা বিপক্ষ সংহার করেন, তাঁহার মূর্ত্তি অতি উজ্জ্বল, রথে আরোহণ করিলে যেরূপ অনেক অভিপ্রায় সিদ্ধ করা যায়, তদ্রূপ তাঁহার নিকট গমন করিলে অনেক মনোবাঞ্ছা পূর্ণ হয়। তিনি ভজেরথ নামক রাজার বংশে জন্ম গ্রহণ করিয়াছেন। তিনি শিষ্টের পালনকর্ত্তা।

৪। তিনি হস্তে তরবারি ধারণ করুন, আর না করুন, তাঁহার এরূপ বলবীর্য্য যে, সিংহ যেমন মহিষদিগকে অতিশায়িত করে, তদ্রূপ তিনি তাবৎ লোককে অতিশায়িত করেন।

৪। ধনশালী ও শত্রসংহারকারী ইক্ষাকু রাজা সেই প্রদেশের রক্ষাকার্য্যে নিযুক্ত আছে। পঞ্চ জনপদের মনুষ্য যেন স্বর্গসুখ ভোগ করে।

৫। হে ইন্দ্র! তুমি যেমন সর্ব্বলোকের দৃষ্টির সুবিধার জন্য আকাশে সূর্য্যকে রাখিয়া দিয়াছ, তদ্রূপ তুমি রথারূঢ় অসমাতি রাজার অনুগামী হইবার জন্য বীরবর্গকে নিযুক্ত কর।

৬। হে রাজন্! অগস্ত্যের দৌহিত্রদিগের জন্য লোহিত বা দুই ঘোটক

রথে যোজনা কর। যে সকল ব্যবসায়ী নিতান্ত কৃপণ, কখন দান করে না, তাহাদিগের সকলকে পরাজয় কর।

৭। এই যে অগ্নি আসিয়াছেন, ইনি মাতাস্বরূপ, পিতাস্বরূপ, প্রাণ পাইবার উপায়স্বরূপ। হে সুবন্ধু! তোমার এই শরীর রহিয়াছে, তুমি ইহাতে আগমন কর, ইহার মধ্যে প্রবেশ কর।

৮। যেমন রথ ধারণ করিবার জন্য রজ্জুদ্বারা যুগ কাষ্ঠ রথে বন্ধন করে, তদ্রূপ এই অগ্নি তোমার মনকে ধারণ করিয়াছেন, তাহাতে তুমি জীবিত ও কল্যাণসম্পন্ন হইবে, তোমার মৃত্যু অবস্থা অপগত হইবে।

৯। যেমন এই বিস্তীর্ণ পৃথিবী প্রকাণ্ড প্রকাণ্ড বৃক্ষদিগকে ধারণ করিয়া আছেন, তদ্রূপ এই অগ্নি, (ইত্যাদি পূর্ব্বঋকের শেষ ভাগ)।

১০। বিবস্বানের পুত্র যমের নিকট হইতে আমি সুবন্ধুর মন আহরণ করিয়াছি। ইহাতে সে জীবিত ও কল্যাণসম্পন্ন হইবে, তাহার মৃত্যু অবস্থা অপগত হইবে।

১১। বায়ু নীচের দিকে বহন করে, সূর্য্য উপর হইতে নীচের দিকে উত্তাপ দেন। গাভীর দুগ্ধ নীচেরদিকে দোহন করা যায়, তদ্রূপ হে সুবন্ধু! তোমার অকল্যাণ নীচে গমন করুক (১)।

১২। আমার এই হস্ত কি সৌভাগ্যশালী, ইহা অত্যন্ত সৌভাগ্যশালী, ইহা সকলের পক্ষে ঔষধস্বরূপ, ইহার স্পর্শে কল্যাণ হয়।

৬১ সূক্ত।

বিশ্বদেব দেবতা। নাভানেদিষ্ট ঋষি।

১। নাভানেদিষ্টের পিতা ও মাতা ও অপরাপর ভাগকারী ভ্রাতাগণ বিষয় ভাগ করিবার সময় নাভানেদিষ্টকে ভাগ না দিয়া রুদ্রের স্তব করিতে কহেন, তাহাতে নাভানেদিষ্ট রুদ্রের স্তব উচ্চারণ করিতে উদ্যত হইয়া অঙ্গিরাদিগের যজ্ঞানুষ্ঠানের মধ্যে উপনীত হইলেন এবং যজ্ঞের ষষ্ঠদিনে তাঁহারা যাহা বিস্মৃত হইয়াছিলেন, তাহা তিনি সপ্ত হোতাকে বলিয়া দিয়া যজ্ঞ সমাপন করাইয়া দিলেন।

(১) ৭ হইতে ১১ ঋকে সুবন্ধুর মৃত্যুর কথা।

২। রুদ্রদেব স্তবকর্ত্তাদিগকে ধনদান করিবার জন্য ও তাঁহাদিগের শত্রু নষ্ট করিবার জন্য অস্ত্রশস্ত্র ক্ষেপণ করিতে করিতে বেদীতে যাইয়া অধিষ্ঠান করিলেন, মেঘ যেমন জল বর্ষণ করে, তদ্রূপ রুদ্রদেব শীঘ্রগমনে উপস্থিত হইয়া বক্তৃতা করিতে করিতে চতুর্দ্দিকে আপনার ক্ষমতা প্রদর্শন করিতে লাগিলেন।

৩। হে অশ্বিদ্বয়! আমি যজ্ঞে প্রবৃত্ত হইয়াছি, যে অধ্যর্য্যু আমার হস্তের অঙ্গুলিধারণপূর্ব্বক বিস্তর হোমের দ্রব্য সংগ্রহ করিয়া তোমাদিগের নাম নির্দ্দেশসহকারে চরু পাক করিতেছেন, তোমরা সেই স্তবকারী অধ্বর্য্যুর এই যজ্ঞোদ্যোগ দেখিয়া মনের ন্যায় দ্রুত বেগে যজ্ঞস্থানে ধাবমান হইয়া থাক।

৪। যখন কৃষ্ণবর্ণ গাভী লোহিতবর্ণ গাভীদিগের মধ্যে মিশাইয়া গেল, অর্থাৎ যখন রাত্রির অন্ধকার নষ্ট হইয়া প্রাতঃকালের রক্তিমাভা দৃষ্ট হইল, তখন হে দ্যুলোকের পৌত্র অশ্বিদ্বয়! তোমাদিগকে আমি আহ্বান করি। তোমরা আমার যজ্ঞে আগমন কর, আমার অন্ন গ্রহণ কর, আমার গ্রহণকারী দুই ঘোটকের ন্যায় তাহা ভোজন কর। আমাদিগের কোনরূপ অনিষ্ট চিন্তা করিও না।

৫। যে রস বীরপুত্র উৎপাদন করিতে সমর্থ, তাহা বৃদ্ধি পাইয়া নির্গত হইল। তিনি তখন মনুষ্যবর্গের হিতার্থে তাহা নিষেক করিলেন। আপনার সুশ্রী কন্যার শরীরে সেই রস সেক করিলেন।

৬। যখন পিতা যুবতী কন্যার উপর (১) পূর্ব্বোক্তরূপ রতিকামনা পরবশ হইলেন এবং উভয়ের সঙ্গমন হইল, তখন উভয়ে পরস্পর সঙ্গমে প্রচুর রস সেক করিলেন। সুকৃতের আধার স্বরূপ এক উন্নত স্থানে সেই রস সেক হইল।

৭। যখন পিতা নিজ কন্যাকে সম্ভোগ করিলেন, তখন তিনি পৃথিবীর সহিত সঙ্গত হইয়া রস সেক করিলেন। সুচারু ধীশক্তিসম্পন্ন দেবতারা তাহা হইতে ব্রহ্ম সৃষ্টি করিলেন এবং ব্রতরক্ষাকারী বাস্তোষ্পতিকে নির্ম্মাণ করিলেন।

৮। যেমন ইন্দ্র নমুচি বধকালে যুদ্ধে ফেন নিক্ষেপ করিতে করিতে আসিয়াছিলেন, তদ্রূপ সেই বাস্তোষ্পতি আমার নিকট হইতে প্রতিগমন করিলে, তিনি যে পদে আসিয়া ছিলেন, সেই পদে ফিরিয়া গেলেন, অঙ্গিরাগণ আমাকে দক্ষিণা স্বরূপ যে সকল গাভী দিয়াছেন, তাহা তিনি অপসারিত করিলেন না। স্পর্শ-

(১) পিতা রুদ্র, কন্যা উষা। সায়ণ।

কুশল, অর্থাৎ অনায়াসে গ্রহণ করিতে সমর্থ হইয়াও তিনি সেই সকল গাভী গ্রহণ করিলেন না।

৯। প্রজাবর্গের উৎপীড়নকারী ও অগ্নির দাহজনক রাক্ষসাদি সহসা এই যজ্ঞে আসিতে পারিতেছে না, যেহেতু রুদ্র যজ্ঞ রক্ষা করিতেছেন। রাত্রিকালেও বিবস্ত্র রাক্ষসেরা যজ্ঞীয় অগ্নির নিকট আসিতে পারে না। যজ্ঞের ধারণকর্ত্তা সেই অগ্নি কাষ্ঠ গ্রহণপূর্ব্বক এবং অন্ন বিতরণ করিতে করিতে উৎপন্ন হইলেন এবং রাক্ষসদিগের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন।

১০। অঙ্গিরাগণ নয়মাস যজ্ঞ অনুষ্ঠানপূর্ব্বক গাভী লাভ করে, তাঁহারা চমৎকার স্তবের সাহায্যে যজ্ঞবাক্য উচ্চারণ করিতে করিতে যজ্ঞ সমাপন করিলেন। তাঁহারা ইহলোক ও পরলোক উভয় স্থানে শ্রীবৃদ্ধি প্রাপ্ত হইলেন এবং ইন্দ্রের নিকট গমন করিলেন। তাঁহার দক্ষিণা বিহীন যজ্ঞ অর্থাৎ সত্র নামক যজ্ঞ অনুষ্ঠানপূর্ব্বক অবিনাশী ফল লাভ করিলেন।

১১। যখন সেই অঙ্গিরাগণ অমৃততুল্য দুগ্ধ দোহনকারিণী গাভী উজ্জ্বল ও পবিত্র দুগ্ধ যজ্ঞে বিনিয়োগ করিলেন, তখন চমৎকার স্তবের সাহায্যে নূতন সম্পত্তির ন্যায় অভিষিক্ত বৃষ্টিবারি প্রাপ্ত হইলেন।

১২। এইরূপ কথিত আছে যে, ইন্দ্র স্তবকর্ত্তাকে এত দূর স্নেহ করেন, যে যাহার পশু হারাইয়া গিয়াছে, সে নিজে জানিতে না জানিতেই সেই অতি ধনাঢ্য অতি কুশল নিষ্পাপ ইন্দ্র সমস্ত গোধন উদ্ধার করিয়া দেন।

১৩। সুস্থির ইন্দ্র যখন বহুবিস্তারী শুষ্ণের নিগূঢ় মর্ম্ম অনুসন্ধানপূর্ব্বক নিধন করেন, কিংবা যখন নৃষদের পুত্রকে বিদীর্ণ করেন, তখন তাঁহার পারিষদগণ নানাপ্রকারে তাঁহাকে বেষ্টনপূর্ব্বক তাঁহার সঙ্গে গমন করেন।

১৪। যে সকল দেবতা স্বর্গের ন্যায় যজ্ঞস্থানে অধিষ্ঠান করেন, তাঁহারা অগ্নির তেজকে "ভর্গ" এই নাম দেন। তাঁহারা আর নাম জাতবেদা অগ্নি। হে হোমকারী অগ্নি! তুমিই যজ্ঞের হোতা। তুমিই অনুকূল হইয়া আমাদিগের আহ্বান শ্রবণ কর।

১৫। হে ইন্দ্র! সেই দুই উজ্জ্বলমূর্ত্তি রুদ্রপুত্র নাসত্য আমার স্তব ও যজ্ঞ গ্রহণ করুন। যেরূপ মনুর যজ্ঞে তাহারা প্রীতিলাভ করেন, তদ্রূপ আমি কুশ বিস্তার করিয়াছি, আমার যজ্ঞে প্রীতিলাভ করুন, প্রজাবর্গকে ধন প্রেরণ করুন এবং যজ্ঞ গ্রহণ করুন।

১৬। এই যে সর্ব্বসৃষ্টিকারী সোম, যাহাকে সকলে স্তব করে, তাঁহাকে

আমরাও স্তব করি। এই ক্রিয়াকুশল সোম নিজেই নিজের সেতু, ইনি জল পার হইতেছেন। যেরূপ দ্রুত গতিশালী ঘোটকগণ চক্রের পরিধি কম্পিত করে, তিনি কক্ষীবান্‌কে এবং অগ্নিকে তেমনি কম্পিত করিয়াছিলেন।

১৭। সেই অগ্নি ইহলোক পরলোক উভয় স্থানের বন্ধু, তিনি তারণকর্ত্তা; তিনি যাগকারী; অমৃততুল্য দুগ্ধদায়িনী গাভী যখন আর প্রসব হইত না, তখন তাহাকে প্রসববতী করিয়া তিনি দুগ্ধদায়িনী করিলেন। মিত্র ও বরুণকে উত্তম উত্তম স্তবের দ্বারা সন্তুষ্ট করি। চমৎকার স্তবের দ্বারা অর্য্যমাকে সন্তুষ্ট করি।

১৮। হে স্বর্গস্থ সূর্য্য! আমি নাভানেদিষ্ট, তোমার বন্ধু অর্থাৎ আমি তোমাকে স্তব করিতেছি, আমার কামনা যে গাভী লাভ করি। সেই দ্যুলোক আমাদিগের শ্রেষ্ঠ উৎপত্তি স্থান এবং সূর্য্যেরও অধিষ্ঠানভূত। আমি সেই সূর্য্য হইতে কয় পুরুষই বা অন্তর? (২)

১৯। এই আমার উৎপত্তিস্থান, এই স্থানেই আমার নিবাস; এই সকল দেবতা আমার আত্মীয়; আমি সকলই। স্তোতাগণ যজ্ঞ হইতে সর্ব্ব প্রথম উৎপন্ন হইয়াছেন। এই যজ্ঞস্বরূপা গাভী নিজে উৎপন্ন হইয়া এই সমস্ত উৎপাদন করিয়াছেন।

২০। এই অগ্নি আনন্দের সহিত গমন করিয়া চতুর্দ্দিকে স্থান গ্রহণ করিতেছেন, ইনি উজ্জ্বল, ইহলোকে ও পরলোকে সহায়, এবং কাষ্ঠদিগকে পরাভব করেন, ইহার শিখাশ্রেণী ঊর্দ্ধে উঠিতেছে। ইনি স্তবের যোগ্য, ইঁহার মাতা অরণি, এই সুস্থির সুখকর অগ্নিকে শীঘ্র প্রসব করিতেছেন।

২১। আমি নাভানেদিষ্ট উত্তম উত্তম স্তব উচ্চারণ করিয়া শ্রান্ত হইয়াছি, আমার স্তুতিবাক্যগুলি ইন্দ্রের প্রতি গিয়াছে। হে ধনশালী অগ্নি! শ্রবণ কর। আমাদিগের এই ইন্দ্রকে বজ্রদান কর। আমি অশ্বমেধ্ যজ্ঞকারীর পুত্র, আমার স্তবে তুমি বৃদ্ধি প্রাপ্ত হইতেছ।

২২। হে বজ্রধারী ইন্দ্র! হে নরপতি! তুমি জানিবে যে, আমরা প্রভূত ধনের কামনা করিয়াছি। আমরা তোমার নিকট স্তব প্রেরণ করিয়া থাকি, হোমের দ্রব্য দিয়া থাকি, আমাদিগকে রক্ষা কর! হে হরিদ্বয় ঘোটক বিশিষ্ট ইন্দ্র! তোমার নিকট পাপপূর্ব্বক আমরা যেন অপরাধী না হই।

(২) সূর্য্যের পুত্র মনু, মনুর পুত্র নাভানেদিষ্ট। সায়ণ।

২৩। হে উজ্জ্বলমূর্ত্তি মিত্র ও বরুণ! গাভীর কামনায় অঙ্গিরাগণ যজ্ঞ করিতেছিলেন, সর্ব্বত্রগামী যম স্তবের ইচ্ছায় তাঁহাদিগের নিকট গমন করিলেন, আমি নাভানেদিষ্ট সেই স্তব বলিয়া দিলাম এবং যজ্ঞ সম্পন্ন করিয়া দিলাম, সেই হেতু আমি তাঁহাদিগের অত্যন্ত প্রিয় বিপ্র হইলাম।

২৪। এক্ষণে আমরা গোধন পাইবার জন্য অবলীলাক্রমে স্তব করিতে করিতে জয়শীল বরুণের নিকট যাইতেছি। শীঘ্রগামী ঘোটক সেই বরুণের পুত্র। হে বরুণ! তুমি মেধাবী ও অন্নদানও করিয়া থাক।

২৫। হে মিত্র ও বরুণ! অন্নসম্পন্ন পুরোহিত স্তব সমূহ প্রয়োগ করিতেছেন, অভিপ্রায় এই যে, তোমরা আমাদিগের প্রতি আনুকূল্য করিবে, কারণ তোমাদিগের বন্ধুত্ব অতি হিতকর। তোমাদিগের বন্ধুত্বলাভ হইলে সকল স্থানেই স্তুতি বাক্য সকল উচ্চারিত হইবে। চির পরিচিত পথ যেরূপ সুখকর হয়, তদ্রূপ তোমাদিগের বন্ধুত্ব যেন আমাদিগের স্তুতিবাক্য সকল সুখকর করে।

২৬। পরমবন্ধু সেই বরুণ দেবতাবর্গ সমেত উত্তম উত্তম স্তব ও নমোবাক্য প্রাপ্ত হইয়া বৃদ্ধিপ্রাপ্ত হউন। গাভীর দুগ্ধের ধারা তাঁহার যজ্ঞের জন্য বহমান হইতেছে।

২৭। হে দেবতাগণ! তোমরাই যজ্ঞলাভের অধিকারী। আমাদিগের উত্তমরূপ রক্ষার জন্য তোমরা সকলে মিলিত হও। হে অঙ্গিরাগণ! তোমরা উদ্যোগী হইয়া আমাকে অন্ন দিয়াছ, তোমাদিগের মোহ নষ্ট হইয়াছে, তোমরা এক্ষণে গোধন লাভ কর।

---

৬২ সূক্ত।

বিশ্বদেব, প্রভৃতি দেবতা। নাভানেদিষ্ট ঋষি।

১। হে অঙ্গিরাগণ! তোমরা যজ্ঞীয়দ্রব্য ও দক্ষিণা সংগ্রহ করিয়া ইন্দ্রের বন্ধুত্ব ও অমরত্ব প্রাপ্ত হইয়াছ। অতএব তোমাদিগের মঙ্গল হউক। হে মেধাবিগণ! আমি মানব আসিয়াছি, আমাকে তোমরা যজ্ঞ সমাপনের জন্য নিযুক্ত কর।

২। হে অঙ্গিরাগণ! তোমরা আমাদিগের পিতাস্বরূপ, তোমরা গোধন তাড়াইয়া লইয়া আসিয়াছিলে। তোমরা এক বৎসরকাল যজ্ঞ করিয়া গোধনের অপহরণকারী বল নামক শত্রুকে নিধন করিয়াছিলে। তোমরা দীর্ঘায়ুঃ হও। আমি মানব, ইত্যাদি [পূর্ব্ব ঋকের শেষভাগের সহিত অভিন্ন]।

৩। যে তোমরা যজ্ঞ প্রভাবে আকাশে সূর্য্যকে আরোহণ করাইয়াছ এবং সকলের জননীভূতা পৃথিবীকে সুবিস্তীর্ণ করিয়াছ, সেই তোমরা উৎকৃষ্ট সন্তানসন্ততি সম্পন্ন হও। আমি মানব, (ইত্যাদি)।

৪। এই আমি নাভানেদিষ্ঠ তোমাদিগের ভবনে আসিয়া মনোহর বক্তৃতা করিতেছি। হে দেবপুত্র ঋষিগণ! শ্রবণ কর। হে অঙ্গিরাগণ! তোমরা উৎকৃষ্ট ব্রহ্মতেজঃ লাভ কর। আমি মানব, (ইত্যাদি)।

৫। সেই সমস্ত অঙ্গিরা ভিন্ন ভিন্ন মূর্ত্তিধারী; তাঁহাদিগের ক্রিয়াকলাপ গম্ভীর, অর্থাৎ কেহ সন্ধান পায় না। সেই অঙ্গিরাগণ অগ্নির পুত্র, তাঁহারা চতুর্দ্দিকে আবির্ভূত হইলেন।

৬। তাঁহারা অগ্নির চতুর্দ্দিকে আবির্ভূত হইলেন, নানা মূর্ত্তিতে গগনের চতুর্দ্দিকে উদয় হইলেন। কেহ নবগু অর্থাৎ নয় মাস যজ্ঞের পর গোধন পাইয়াছেন; কেহ দশগ্ব, অর্থাৎ দশ মাস যজ্ঞ করিয়া গোধন পাইয়াছেন। (১) যিনি অঙ্গিরাদিগের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ, তিনি দেবতাদিগের সহিত একত্র অবস্থিতি করিয়া আমাকে ধনদান করিতেছেন।

৭। তাঁহারা ইন্দ্রের সাহায্য প্রাপ্ত হইয়া কর্ম্মানুষ্ঠান করিতে করিতে অশ্বযুক্ত ও গোধনযুক্ত গোষ্ঠ উদ্ধার করিয়াছেন, তাঁহারা বিস্তীর্ণ কর্ণযুক্ত একসহস্র গাভী আমাকে দান করিয়া দেবতাদিগের উদ্দেশে যজ্ঞায় অন্ন উৎসর্গ করিয়াছেন।

৮। এই মনুর বংশ শীঘ্র বৃদ্ধি হউক, ইনি জলসংযুক্ত আর্দ্রবৃক্ষ বীজের ন্যায় শীঘ্র অঙ্কুরিত ও বৃদ্ধি প্রাপ্ত হউন, কারণ ইনি শত অশ্ব ও সহস্রগাভী এখনই দান করিতে উদ্যত হইয়াছেন।

৯। তিনি স্বর্গের উচ্চ প্রদেশের ন্যায় উন্নতভাবে অবস্থিত আছেন, তাঁহার তুল্য কার্য্য করিতে কাহারও সাধ্য নাই। সাবর্ণ্য মনুর দান নদীর ন্যায় ধরাতলে বিস্তীর্ণ হইয়াছে।

১০। যদু ও তুর্ব্বনামে দাস জাতীয় দুই রাজা (২) গাভীবর্গে পরিবৃত হইয়া এবং অতি সুন্দর বাক্য কহিতে কহিতে সেই মনুর ভোজনের জন্য আয়োজন করিয়া দেয়।

১১। মনু সহস্রগাভী দান করেন, তিনি একজন প্রধান ব্যক্তি, তাঁহার যেন কোন অনিষ্ট না হয়। তাঁহার দান সূর্য্যের সঙ্গে স্পর্দ্ধা করিয়া সর্ব্বত্র

(১) ১।৬২।৪ ঋকের টীকা দেখ।

(২) দাস রাজাদিগের উল্লেখ।

গতিবিধি করুক। দেবতাগণ সেই সার্বর্ণি মনুর পরমায়ুঃ বৃদ্ধি করুন। তাঁহার নিকট আমরা অনবরত অন্ন প্রাপ্ত হইয়া থাকি।

৬৩ সূক্ত।

পথ্যাস্বস্তি ও বিশ্বদেব দেবতা। গয় ঋষি।

১। যে সকল দেবতা অতি দূরদেশ হইতে আসিয়া মনুষ্যদিগের সহিত বন্ধুত্ব করেন, যাঁহারা বিবস্বানের পুত্র মনুর সন্তানদিগের অতি সন্তুষ্ট হইয়া তাহাদিগকে আশ্রয় দান করেন; যাহারা নহুষপুত্র যযাতির যজ্ঞে অধিষ্ঠান হয়েন, তাঁহারা আমাদিগের মঙ্গল করুন।

২। হে দেবতাগণ! তোমাদিগের সকল নামই নমস্কার করিবার যোগ্য, বন্দনীয় এবং যজ্ঞে উচ্চারণযোগ্য। যাঁহারা অদিতির গর্ভে জন্মিয়াছেন, কিংবা জলে, কিংবা পৃথিবী হইতে জন্মিয়াছেন, তাঁহারা সকলে আমার এই আহ্বান শ্রবণ করুন।

৩। সকলের জননীভূতা পৃথিবী যাহাদিগের জন্য মধুময় দুগ্ধ বহাইয়া দেন, এবং মেঘ সমাকীর্ণ অবিনাশী আকাশ অমৃত ধারণ করেন, সেই সকল অদিতি সন্তান দেবতাদিগকে স্তব কর, তাহাতে মঙ্গল হইবে, তাহাদিগের ক্ষমতা অতি প্রশংসনীয়, তাহারা বৃষ্টি আহরণ করেন, তাহাদিগের কার্য্য অতি সুন্দর।

৪। সেই সকল প্রবল পরাক্রান্ত দেবতা লোকের নিকট পূজা পাইবার জন্য অমরত্বগুণ লাভ করিয়াছেন। তাহারা অনিমেষ নয়নে মনুষ্যদিগকে দর্শন, অর্থাৎ তত্ত্বাবধান করেন। তাহাদিগের রথ জ্যোতির্ম্ময়, তাহাদিগের কার্য্যের বিঘ্ন নাই, তাহারা নিষ্পাপ; তাহারা লোকের মঙ্গলের জন্য স্বর্গের উন্নত প্রদেশে বাস করেন।

৫। যাঁহারা উত্তম শ্রীবৃদ্ধি সম্পন্ন হইয়া উজ্জ্বলমূর্ত্তিতে যজ্ঞে আসিয়াছেন, যাহারা দুর্দ্ধর্ষ হইয়া স্বর্গে বাস করেন, সেই সকল প্রধান দেবতাকে নমোবাক্যে এবং সুরচিত স্তবের দ্বারা সেবা কর এবং মঙ্গলের জন্য অদিতিকে সেবা কর।

৬। হে জ্ঞানসম্পন্ন সমস্ত দেবতা! তোমরা যতগুলি আছ, তোমরা যে স্তব প্রাপ্ত হইয়া থাক, কে তোমাদিগের জন্য সেই স্তব প্রস্তুত করে? হে বংশবৃদ্ধিসম্পন্ন দেবতাগণ! যে যজ্ঞ পাপ হইতে ত্রাণপূর্ব্বক কল্যাণ বিতরণ করে, কে তোমাদিগের জন্য সেই যজ্ঞের আয়োজন করে?

৭। মনু অগ্নি প্রজ্বলিত করিয়া শ্রদ্ধাযুক্ত চিত্তে সাতজন হোতা লইয়া যে সকল দেবতার উদ্দেশে অতি উৎকৃষ্ট হোমের দ্রব্য উৎসর্গ করিয়াছেন, সেই সমস্ত দেবতাগণ আমাদিগকে অভয় দান করুন এবং সুখী করুন, আমাদিগের সকল বিষয়ে সুবিধা করিয়া দিন এবং কল্যাণ বিতরণ করুন।

৮। যাহাদিগের বুদ্ধি উৎকৃষ্ট এবং জ্ঞান সুন্দর, যাহারা স্থাবর জঙ্গম সমস্ত জগতের অধীশ্বর, হে তাদৃশ দেবতাগণ! এক্ষণে আমাদিগকে অতীত ও ভবিষ্যৎ সকল পাপ হইতে পার কর এবং কল্যাণ বিতরণ কর।

৯। আমরা সকল যজ্ঞে ইন্দ্রকে আহ্বান করিয়া থাকি, তাঁহাকে আহ্বান করিতে আনন্দ হয়। তাবৎ দেবতাবর্গকেও আহ্বান করি, তাঁহারা পাপ হইতে মুক্তি দেন, তাঁহাদিগের কার্য্য সুন্দর, আমরা কল্যাণ ও ধন লাভের জন্য অগ্নি, মিত্র, বরুণ, ভগ, দ্যাবাপৃথিবী ও মরুদ্গণকে আহ্বান করিয়া থাকি।

১০। আমরা মঙ্গলের জন্য দ্যুলোকস্বরূপ নৌকাতে আরোহণ করিয়া যেন দেবত্ব প্রাপ্ত হই (১)। এই নৌকাতে আরোহণ করিলে রক্ষা পাইবার বিষয়ে কোন ভয়ই নাই; ইহা অতি বিস্তীর্ণ; ইহাতে আরোহণ করিলে সুখী হওয়া যায়; ইহার ক্ষয় নাই; ইহার গঠন অতি চমৎকার; ইহার চরিত্র সুন্দর; ইহা নিষ্পাপ ও অবিনাশী।

১১। হে যজ্ঞভাগগ্রাহী তাবৎ দেবতাগণ! আমাদিগকে আশ্রয় দিবে ইহা স্বীকার কর। সাংঘাতিক দুর্গতি হইতে আমাদিগকে ত্রাণ কর। এই সত্যস্বরূপ যজ্ঞের আয়োজন করিয়া তোমাদিগকে আহ্বান করিতেছি। শ্রবণ কর, রক্ষা কর এবং কল্যাণ বিতরণ কর।

১২। হে দেবতাগণ! আমাদিগের রোগ ও সর্ব্বপ্রকার অধর্ম্ম বুদ্ধি দূর কর। দান না করিবার বুদ্ধি যেন আমাদিগের না হয়। দুষ্টাশয় ব্যক্তির দুর্বুদ্ধি দূর কর। আমাদিগের শত্রুবর্গকে অতিদূরে লইয়া যাও। আমাদিগকে বিশিষ্ট সুখ ও কল্যাণ দান কর।

১৩। হে অদিতি সন্তান দেবতাগণ! তোমরা যাহাকে উত্তম পথ দেখাইয়া দিয়া সমস্ত পাপ হইতে পার করিয়া কল্যাণে উপনীত কর, এতাদৃশ যে কোন ব্যক্তিই শ্রীবৃদ্ধিশালী হয়, তাহার কোন অনিষ্ট ঘটে না, সে ধর্ম্মকর্ম্ম অনুষ্ঠান করে এবং তাহার বংশ বৃদ্ধি হয়।

(১) দেবত্ব প্রাপ্তির কথা।

১৪। হে দেবতাগণ! অন্ন লাভের জন্য তোমরা যে রথ রক্ষা কর; হে মরুদ্‌গণ! যুদ্ধের সময় সঞ্চিত ধন লাভের জন্য তোমরা যে রথ রক্ষা কর; হে ইন্দ্র! তোমার সেই যে রথ,—যাহা প্রাতঃকালে যুদ্ধে গমন করে, তাহাকে ভজনা করা উচিত, যাহাকে কেহ ধ্বংস করিতে পারে না, আমরা যেন সেই রথে আরোহণপূর্ব্বক কল্যাণভাগী হই।

১৫। কি সুপথে, কি মরুভূমিতে, আমাদিগের কল্যাণ হউক; জলে, কি যুদ্ধে আমাদিগের কল্যাণ হউক; যে স্থানে সকল অস্ত্রশস্ত্র নিক্ষেপ হইতেছে, এরূপ সৈন্যমধ্যে আমাদিগের কল্যাণ হউক; যথায় পুত্র উৎপন্ন হয়, আমাদিগের সম্বন্ধীয় সেই স্ত্রীযোনিতে কল্যাণ হউক। হে দেবতাগণ! ধন লাভের জন্য আমাদিগের মঙ্গল বিধান কর।

১৬। যে পৃথিবী পথে গমন কালে মঙ্গল করিয়া থাকেন; যিনি সর্ব্বশ্রেষ্ঠ ধনে পরিপূর্ণ; যিনি রমণীয় যজ্ঞ স্থানে উপস্থিত আছেন; তিনি কি গৃহে, কি অরণ্যে আমাদিগকে রক্ষা করুন; দেবতারা তাঁহাকে রক্ষা করুন, আমরা যেন সুখে তাহাতে বাস করি।

১৭। হে সমস্ত অদিতিসন্তানগণ! হে অদিতি! ধ্যানপরায়ণ প্লুতি তনয় গয় এইরূপে তোমাদিগকে সংবর্দ্ধনা করিলেন। অমরদিগের প্রসাদে মনুষ্যগণ প্রভুত্ব প্রাপ্ত হয়। তাবৎ দেবতাগণকে গয় স্তব করিলেন।

৬৪ সূক্ত।

বিশ্বদেব দেবতা। গয় ঋষি।

১। যজ্ঞের সময় দেবতারা আমাদিগের স্তব শুনিয়া থাকেন। তাঁহাদিগের মধ্যে কাহার স্তব কি উপায়ে উত্তম রূপে রচনা করি? কে আমাদিগকে কৃপা করেন? কে সুখ বিধান করেন? কেই বা রক্ষা করিবার জন্য আমাদিগের নিকট আসেন?

২। অনুষ্ঠান সকল অনুষ্ঠিত হইতেছে; দেবতাদিগের স্তব সকল হৃদয়ের মধ্যে রহিয়াছে; উৎকৃষ্ট ভাব সকল স্ফূর্ত্তি পাইতেছে; মনের প্রার্থনা সকল উপস্থিত হইয়াছে; আমার মনের অভিলাষগুলি দেবতাদিগের দিকেই বাঁধা আছে। তাঁহারা ব্যতীত সুখদাতা আর কেহ নাই।

৩। মনুষ্যগণ যাঁহাকে বর্ণনা করেন, সেই পূষাদেবকে স্তবের দ্বারা পূজা

কর ; দেবতারা যাহাকে প্রজ্বলিত করিয়াছেন, সেই দুর্দ্ধর্ষ অগ্নিকে স্তবের দ্বারা পূজা কর। সূর্য্য ও চন্দ্র ও যম ও দিব্যলোকবাসী ত্রিত ও বায় ও উষা ও রাত্রি ও অশ্বিদ্বয়কে স্তব কর।

৪। জ্ঞানী অগ্নি কি প্রকারে এবং কি বাক্যদ্বারা বৃদ্ধিযুক্ত হয়েন। বৃহস্পতি নামক দেবতা সুরচিত স্তবের দ্বারা পরিতুষ্ট হয়েন। অজ একপাদ ও অহির্বুধ্ন আমাদিগের আহ্বানকালে সুরচিত স্তব সকল শ্রবণ করুন।

৫। হে অবিনাশী পৃথিবী! সূর্য্যের জন্ম ব্যাপারের সময় তুমি, মিত্র ও বরুণ এই দুই রাজার পরিচর্য্যা করিয়া থাক। সেই সূর্য্য বৃহৎ রথে আরোহণপূর্ব্বক শনৈঃ শনৈঃ গমন করেন, তাঁহার জন্ম নানা মূর্ত্তিতে হয় ; সপ্তঋষি তাঁহার আহ্বানকর্ত্তা।

৬। ইন্দ্রের যে সকল ঘোটক নিজে হইতে যুদ্ধের সময় বিস্তর ধন শত্রুদিগের নিকট হরণ করিল ; যাহারা, যেন যজ্ঞের সময়, সর্ব্বদাই সহস্র ধন দান করেন, যাহারা সুশিক্ষিত ঘোটকের মত পরিমিতরূপে চরণ ক্ষেপ করে, তাহারা সকলে আমাদিগের আহ্বান শ্রবণ করুক, নিমন্ত্রণ গ্রহণ করিতে তাহারা কখনই পরাঙ্মুখ নহে।

৭। হে স্তবকর্ত্তাগণ! রথযোজনকারী বায়ুকে এবং বহুকার্য্যকারী ইন্দ্রকে এবং পুষাকে স্তব করিয়া তোমাদিগের বন্ধুত্ব স্বীকার করাও। তাহারা সকলে এক মন ও অনন্যমনা হইয়া সূর্য্যের প্রসব সময়ে অর্থাৎ প্রভাতে যজ্ঞে উপস্থিত হয়েন।

৮। প্রবাহশালিনী ত্রিগুণিত সপ্ত সংখ্যক প্রকাণ্ড নদী এবং জল, বনতরুগণ, পর্ব্বত, অগ্নি, কৃশানু নামক দেব, বাণক্ষেপকারী গন্ধর্ব্বগণ, তিষ্য, রুদ্র এবং রুদ্রদিগের মধ্যে প্রধান রুদ্র, আশ্রয় পাইবার জন্য ইহাদিগের সকলকে আমরা আহ্বান করিতেছি।

৯। সরস্বতী, সরযু, এবং সিন্ধু (১) এই সকল মহাতরঙ্গশালিনী প্রবাহশালিনী নদী রক্ষা করিতে আসুন। জল প্রেরণকারিণী জননীস্বরূপা এই সকল দেবী আমাদিগকে ঘৃততুল্য, মধুতুল্য, জল দান করুন।

১০। সেই বিপুল দীপ্তিশালিনী দেবতা এবং দেবপিতা ত্বষ্টা নিজ পুত্র

(১) সরস্বতী, সরযু ও সিন্ধু নদীর উল্লেখ। সরযু নদী সিন্ধুনদীর শাখা, আধুনিক সরযু নদী নহে।

দেবতাদিগের সহিত আমাদিগের বাক্য শ্রবণ করুন। আমরা উত্তম উত্তম স্তব উচ্চারণ করিতেছি, আমাদিগকে ইন্দ্র এবং বাজ এবং রথপতি ভগ রক্ষা করুন।

১১। যেমন অন্ন পরিপূর্ণ গৃহ রমনীয়, মরুদ্‌গণ দেখিতে তেমনি রমনীয়! রুদ্রপুত্র মরুদ্‌গণের স্তবে মঙ্গল হইয়া থাকে। লোকদিগের মধ্যে আমরা গোধনে ধনী হইয়া যেন যশস্বী হই। যেন সর্ব্বদাই আমরা স্তবের দ্বারা দেবতা-দিগকে ভজনা করি।

১২। হে মরুদ্‌গণ! হে ইন্দ্র! হে দেবতাগণ! হে বরুণ! হে মিত্র! তোমাদিগের প্রসাদে আমি যে সুমতি প্রাপ্ত হইয়াছি, যেরূপ গাভী দুগ্ধে পরিপূর্ণ হয়, তদ্রূপ সেই সুমতিকে পরিপূর্ণ কর। তোমরা আমার স্তব শ্রবণপূর্ব্বক অনেক বার রথারোহণে যজ্ঞে আসিয়াছ।

১৩। হে মরুদ্‌গণ! তোমরা যেমন পূর্ব্বে অনেক বার আমাদিগের বন্ধুত্বের অনুরোধ রক্ষা করিয়াছ, তদ্রূপ এখনও কর। আমরা যে স্থানে সর্ব্বপ্রথম যজ্ঞবেদী সংস্থাপন করি, তথায় পৃথিবী আমাদিগের আত্মীয়ের ন্যায় কার্য্য করুন।

১৪। সেই সর্ব্বজনবিদিত দ্যাবাপৃথিবী অতিমহতী জননীস্বরূপা, সেই দুই দেবী যজ্ঞের সময় নিজ পুত্র দেবতাদিগের সহিত আগমন করেন, তাঁহারা উভয়ে দুই ভুবনকে নানা উপায়ে ধারণ করিয়া রাখেন। তাঁহারা পিতৃলোক-দিগের সহিত মিলিত হইয়া প্রচুর শুক্র, অর্থাৎ বৃষ্টিবারি সেচন করেন।

১৫। সেই হোমের মন্ত্র সর্ব্বপ্রকার কাম্য বস্তুর বিষয়ই উল্লেখ করে, সেই মন্ত্র প্রধান ব্যক্তিদিগকে পালন করে, সে অবিশ্রান্ত দেবতাদিগকে স্তব করিতেছে। সেই মন্ত্রে মধু উৎপাদনকারী প্রস্তর বৃহৎ বলিয়া কীর্ত্তিত আছে। বিদ্বানগণ স্তবের দ্বারা দেবতাদিগকে [illegible]কামুক করিয়াছেন।

১৬। যিনি জ্ঞানসম্পন্ন, যাঁহার বিস্তর স্তবের সঞ্চয় আছে, যিনি যজ্ঞানুষ্ঠান জানেন; সেই মেধাবী গয় ঋষি বিশিষ্ট ধন কামনাদ্বারা প্রবর্ত্তিত হইয়া তাবৎ দেবতাদিগকে উত্তম উত্তম স্তব ও স্তবের দ্বারা এইরূপে আপ্যায়িত করিলেন।

১৭। পূর্ব্ব সূক্তের শেষ ঋকের সহিত অভিন্ন।

---

৬৫ সূক্ত।

বিশ্বদেব দেবতা। বসুকর্ণ ঋষি।

১। অগ্নি, ইন্দ্র, বরুণ, মিত্র, অর্য্যমা, বায়ু, পূষা, সরস্বতী, আদিত্যগণ, বিষ্ণু মরুদ্গণ, বৃহৎ স্বর্গ, সোম, রুদ্র, অদিতি, ব্রহ্মণস্পতি, ইঁহারা সকলে পরস্পর মিলিত আছেন।

২। ইন্দ্র ও অগ্নি, ইহারা শিষ্টপালন কর্ত্তা, ইঁহারা যুদ্ধের সময় একত্র হইয়া নিজ ক্ষমতাদ্বারা শত্রুদিগকে তাড়াইয়া দেন এবং প্রকাণ্ড আকাশ আপন তেজে পরিপূর্ণ করেন। ঘৃতযুক্ত সোমরস তাঁহাদিগের বল বাড়াইয়া দেয়।

৩। সেই মহৎ অপেক্ষাও মহৎ ও অবিচলিত ও যজ্ঞবৃদ্ধিকারী দেবতা-দিগের উদ্দেশে আমি যজ্ঞ অবগত হইয়া স্তবসমূহ প্রেরণ করিতেছি, যাঁহারা সুশ্রী মেঘ হইতে জল বর্ষণ করেন, সেই পরম বন্ধু দেবতাগণ আমাদিগকে ধন দান করিয়া শ্রেষ্ঠ করুন।

৪। সেই দেবতারা সকলের নায়কস্বরূপ সূর্য্যকে এবং আকাশস্থ গ্রহ নক্ষত্রাদিকে এবং দ্যুলোক ও ভূলোক ও পৃথিবীকে নিজবলে স্বস্থানবর্ত্তী করিয়া রাখিয়াছেন। তাঁহারা ধনদানকারী ব্যক্তিবর্গের ন্যায় উত্তম দান করিয়া মনুষ্যদিগকে শ্রেষ্ঠ করিতেছেন। মনুষ্যদিগের নিকট ধন প্রেরণ করেন, এ কারণ তাঁহাদিগকে স্তব করা হইতেছে।

৫। মিত্র ও দাতাবরুণকে হোমের দ্রব্য নিবেদন কর। তাঁহারা দুই জন রাজার রাজা, তাঁহারা কখন অমনোযোগী হয়েন না, তাঁহাদিগের ধাম উত্তম-রূপে সংধারিত হইয়া অত্যন্ত দীপ্তি পাইতেছে। দুই দ্যাবাপৃথিবী তাঁহাদিগের নিকট যাচকের ভাবে অবস্থিত আছেন।

৬। যে গাভী অপ্রার্থিত হইয়া পবিত্রস্থান যজ্ঞে আগমন করে, যে দুগ্ধ দানপূর্ব্বক যজ্ঞকর্ম্ম সম্পন্ন করে। সেই গাভী আমার প্রস্তাবমতে দাতাবরুণকে এবং অন্য অন্য দেবতাকে হোমের দ্রব্য দান করুন এবং দেবতার সেবক যে আমি, আমাকে রক্ষা করুন।

৭। যাঁহারা নিজ তেজে আকাশ পূর্ণ করেন, অগ্নিই যাঁহাদিগের জিহ্বা, যাঁহারা যজ্ঞের বৃদ্ধি করেন, তাঁহারা আপন আপন স্থান বুঝিয়া যজ্ঞস্থানে

বসিতেছেন। তাঁহারা আকাশকে উন্নত করিয়া জল নির্গত করিয়াছেন এবং যজ্ঞ সৃষ্টি করিয়া আপনাদিগের শরীর ভূষিত করিয়া দেন।

৮। দ্যাবা ও পৃথিবী ইঁহারা সর্ব্বস্থান ব্যাপিয়া আছেন, ইঁহারা সকলের মাতা পিতৃস্বরূপ, সকলের পূর্ব্বে জন্মিয়াছেন, উভয়েরই স্থান এক; উভয়েই যজ্ঞস্থানে বাস করেন। উভয়ে একমনা হইয়া সেই মহীয়ান্ বরুণকে ঘৃতযুক্ত দুগ্ধ দিতেছেন।

৯। মেঘ আর বায়ু, ইঁহারা বৃষ্টি বর্ষণকারী জলের ভাণ্ডার ধারণ করেন। ইন্দ্র ও বায়ু, বরুণ, মিত্র, অর্য্যমা, ইঁহাদিগকে এবং অদিতিসন্তান দেবতাদিগকে এবং অদিতিকে আহ্বান করিতেছি। যাঁহারা পৃথিবীতে, বা আকাশে, বা জলে থাকেন, তাঁহাদিগকেও ডাকিতেছি।

১০। হে ঋভুগণ! যে সোম দেবতাদিগের আহ্বানকর্ত্তা ত্বষ্টা ও বায়ুর নিকট তোমাদের মঙ্গলের জন্য গমন করে; অপিচ বৃহস্পতি ও বৃত্রনিধনকারী সুবুদ্ধি ইন্দ্রের নিকট গমন করে, ইন্দ্রের প্রীতিপ্রদ সেই সোমকে আমরা ধনের জন্য যাচ্ঞা করি।

১১। সেই দেবতারা পুণ্যকর্ম্ম ও গাভী ও অশ্ব উৎপাদন করিয়াছেন, বৃক্ষলতা ও বনতরু এবং পৃথিবী ও পর্ব্বতদিগকে সৃষ্টি করিয়াছেন, সূর্য্যকে আকাশে আরোপিত করিয়াছেন; তাঁহাদিগের দান অতি চমৎকার, তাঁহারা পৃথিবীতে উৎকৃষ্ট উৎকৃষ্ট কার্য্য সম্পন্ন করিয়াছেন।

১২। হে অশ্বিদ্বয়! তোমরা ভুজ্যুকে বিপদ হইতে উদ্ধার করিয়াছিলে, বধ্রিমতী নাম্নী রমণীকে পিঙ্গলবর্ণ এক পুত্র দিয়াছিলে, বিমদ ঋষিকে সুরূপা ভার্য্যা আনিয়া দিয়াছিলে এবং বিশ্বক ঋষিকে বিষ্টাপূ নামক পুত্র দান করিয়াছিলে।

১৩। অস্ত্রধারিণী ও বজ্রের ন্যায় নির্ঘোষযুক্তা দৈববাণী এবং এক পাদ অজ এবং আকাশে ধারণকর্ত্তা ও নদী ও সমুদ্রের জল এবং তাবৎ দেবতা ইঁহারা সকলে আমার বাক্য শ্রবণ করুন। আর নানা ভাব ও নানা চিন্তা যাঁহার সঙ্গে সঙ্গে থাকে, সেই সরস্বতীও শ্রবণ করুন।

১৪। যাঁহাদিগের সঙ্গে নানা ভাব ও নানা চিন্তা বিদ্যমান আছে, যাঁহাদিগের উদ্দেশে মনু যজ্ঞ করিয়াছেন, যাঁহারা অমর, যাঁহারা যজ্ঞ উত্তমরূপ জানেন, যাঁহারা সকলে একত্র হইয়া হোমের দ্রব্য গ্রহণ করেন, যাঁহারা সকলি অবগত আছেন, সেই সকল দেবতাগণ আমাদিগের সমস্ত স্তব এবং উত্তমরূপে নিবেদিত অন্ন গ্রহণ করুন।

১৫। বশিষ্ঠবংশসম্ভূত এই ঋষি অমর দেবতাদিগকে বন্দনা করিয়াছেন। সেই দেবতারা সমস্ত ভুবন আয়ত্ত করিয়া রাখিয়াছেন। তাঁহারা আমাদিগকে অদ্য উৎকৃষ্ট ধন দান করুন। হে দেবতাগণ! তোমরা মঙ্গল বিধানপূর্ব্বক আমাদিগকে সর্ব্বদা রক্ষা কর।

৬৬ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। যে সকল দেবতা সর্ব্বজ্ঞ, ইন্দ্রই যাঁহাদিগের প্রধান, যাঁহারা অমর, যজ্ঞের বৃদ্ধি সম্পাদন করেন এবং অতি চমৎকার বৃদ্ধি প্রাপ্ত হইয়াছেন, যাঁহাদিগের মন উৎকৃষ্ট, যাঁহারা যজ্ঞকে আলোকময় করেন, সেই বহু অন্নসম্পন্ন দেবতাদিগকে ডাকিতেছি।

২। যাঁহারা ইন্দ্রকর্ত্তৃক উৎপাদিত হইয়া এবং বরুণকর্ত্তৃক আদিষ্ট হইয়া জ্যোতির্ম্ময় সূর্য্যের গতিপথ পরিপূর্ণ করিয়াছেন, সেই শত্রুসংহারকারী মরুদ্‌গণের স্তব চিন্তা করি। হে বিদ্বান্‌গণ! ইন্দ্রপুত্রদিগের যজ্ঞ আয়োজন কর।

৩। ইন্দ্র বসুদিগের সহিত আমাদিগের গৃহ রক্ষা করুন। অদিতি আদিত্যদিগের সহিত আমাদিগের সুখ বিধান করুন। রুদ্রদেব রুদ্রপুত্র মরুদ্‌গণের সহিত আমাদিগকে সুখী করুন। ত্বষ্টা পত্নীসমেত আমাদিগের সুখ বর্দ্ধন করুন।

৪। অদিতি, দ্যাবাপৃথিবী, প্রধান সত্য, ইন্দ্র ও বিষ্ণু, মরুদ্‌গণ, প্রকাণ্ড স্বর্গ, অদিতি সন্তান দেবতাগণ, বসুগণ, রুদ্রগণ এবং উত্তমদাতা সূর্য্য, ইঁহাদিগকে ডাকিতেছি, ইঁহারা আমাদিগকে রক্ষা করুন।

৫। জলাধিপতি বিবিধ বুদ্ধিযুক্ত বরুণ, ব্রতরক্ষাকাঙ্ক্ষী পূষা, মহীয়ান্ বিষ্ণু, বায়ু, অশ্বিদ্বয়, যজ্ঞসৃষ্টিকারী সর্ব্বজ্ঞ অমরগণ, ইঁহারা আমাদিগকে পাপ হইতে ত্রাণ করিয়া তিন প্রকোষ্ঠযুক্ত গৃহ দান করুন।

৬। যজ্ঞ অভিলষিত ফল দান করুক, যজ্ঞভাগগ্রাহিগণ বাঞ্ছাপূর্ণ করুন, দেবতারা এবং হোমের দ্রব্য আয়োজনকারীরা এবং যজ্ঞাধিষ্ঠাত্রী দ্যাবাপৃথিবী এবং পর্জ্জন্য এবং স্তবকারিগণ সকলেই আমাদিগের বাঞ্ছা পূর্ণ করুন।

৭। অন্ন পাইবার জন্য অভিমত ফলদানকারী অগ্নি ও সোমকে স্তব করিতেছি। বিস্তর লোকে তাঁহাদিগকে দাতা বলিয়া প্রশংসা করে। পুরোহিত-

গণ তাঁহাদের উভয়কে যজ্ঞ উপলক্ষে পূজা দিয়া থাকেন। তাঁহারা আমাদিগকে তিন প্রকোষ্ঠযুক্ত গৃহ দান করুন।

৮। যাঁহারা কর্ত্তব্য পালনে সদা উদ্যোগী, যাঁহারা বলবান্, যজ্ঞকে অলঙ্কৃত করেন, যাঁহাদিগের ঔজ্জ্বল্য অতি মহৎ, যাঁহারা যজ্ঞস্থানে উপস্থিত হয়েন, অগ্নি যাঁহাদিগের আহ্বানকর্ত্তা, যাঁহারা সত্যের সপক্ষস্বরূপ, সেই দেবতাগণ বৃত্রের সহিত যুদ্ধ উপলক্ষে বৃষ্টিবারি সৃষ্টি করিলেন।

৯। দেবতারা নিজ কার্য্যদ্বারা দ্যাবাপৃথিবী ও জল, বৃক্ষলতাদি এবং যজ্ঞের উপযোগী উত্তম উত্তম দ্রব্য সৃষ্টি করিয়া আকাশ ও স্বর্গ নিজ তেজে পরিপূর্ণ করিলেন। তাঁহারা যজ্ঞের সহিত আপন দেহ মিলিত করিয়া যজ্ঞ বিভূষিত করিলেন।

১০। ঋভুগণের হস্ত সুন্দর, অর্থাৎ কৌশলসম্পন্ন; তাঁহারা আকাশের ধারণকর্ত্তা। বায়ু আর মেঘ ইঁহাদিগের শব্দ অতি মহৎ। জল ও বৃক্ষলতাদি আমাদিগকে স্তববাক্য শিখাইয়া দিন। আর ধন দানকর্ত্তা ভগ ও অর্য্যমা ইঁহারা সকলে আমার যজ্ঞে আগমন করুন।

১১। সমুদ্র, নদী, ধূলিময় পৃথিবী, আকাশ, অজ, একপাদ, শব্দকারী মেঘ, অহির্বুধ্ন্য, ইঁহারা আমার বাক্য সকল শ্রবণ করুন। আর প্রজ্ঞাবান্ তাবৎ দেবতাও আমার বাক্য শ্রবণ করুন।

১২। হে দেবগণ! আমরা মনুসন্তান, তোমাদিগকে যজ্ঞ দিতে যেন সমর্থ হই। আমাদিগের চিরপ্রচলিত যজ্ঞকে সুচারুরূপে সম্পন্ন কর। হে অদিতি-সন্তানগণ! রুদ্রগণ! বসুগণ! তোমাদিগের দানশক্তি অতি চমৎকার। আমরা এই মন্ত্র সকল পাঠ করিতেছি, পরিতোষপূর্ব্বক শ্রবণ কর।

১৩। যে দুই ব্যক্তি দেবতাদিগের আহ্বানকর্ত্তা, যাহারা সর্ব্বশ্রেষ্ঠ পুরোহিত, তাঁহাদিগের উদ্দেশে উত্তমরূপে যজ্ঞের পদ্ধতি অবলম্বন করিয়াছি, আমাদিগের নিকটস্থ ক্ষেত্রপতিকে এবং তাবৎ অবিনাশী দেবতাকে আমাদিগকে আশ্রয় দিতে প্রার্থনা করি, তাঁহারা প্রার্থনা পূর্ণ করিতে কখন অমনোযোগী হয়েন না।

১৪। বসিষ্ঠ সন্তানগণ পিতার দৃষ্টান্তে স্তব করিল, তাঁহারা মঙ্গল কামনাতে বসিষ্ঠ ঋষির ন্যায় দেবপূজা করিল। হে দেবগণ! তোমরা আমাদিগের আত্মীয় বন্ধুর ন্যায় আসিয়া সন্তুষ্ট মনে অভিলষিত অর্থ দান কর।

১৫। পূর্ব্ব সূক্তের শেষ ঋকের সহিত অভিন্ন।

———

৬৭ সূক্ত।

বৃহস্পতি দেবতা। অযাস্য ঋষি।

১। আমাদিগের পিতা এই সপ্ত শীর্ষকযুক্ত মহৎ স্তব রচনা করিয়াছেন। সত্য হইতে ইহার উৎপত্তি। তাবৎ লোকের হিতকারী, অযাস্য ঋষি ইন্দ্রের প্রশংসা করিতে করিতে চতুর্থ একটী স্তব সৃষ্টি করিয়াছেন (১)।

২। অঙ্গিরার বংশধরেরা যজ্ঞের সুন্দর স্থানে যাইতে মনস্থ করিল। তাহারা সত্যবাদী, তাহাদিগের মনের ভাব সরল, তাহারা স্বর্গের পুত্র, মহাবলে বলী, তাহারা বুদ্ধিমান্ ব্যক্তির ন্যায় আচরণ করিয়া থাকে।

৩। বৃহস্পতির সহায়গণ হংসের ন্যায় কোলাহল করিতে লাগিল, তাহাদিগের সাহায্যে তিনি প্রস্তরময় দ্বার খুলিয়া দিলেন। অভ্যন্তরে রুদ্ধ গাভীগণ চীৎকার করিয়া উঠিল। তিনি উৎকৃষ্টরূপে স্তব ও উচ্চৈঃস্বরে গান করিয়া উঠিলেন।

৪। গাভীগণ নিম্নের দিকে একটী দ্বারের দ্বারা এবং উপরের দিকে দুইটী দ্বারের দ্বারা অধর্ম্মের আলয় স্বরূপ সেই গুহা মধ্যে রুদ্ধ ছিল। বৃহস্পতি অন্ধকারের মধ্যে আলোক লইয়া যাইতে ইচ্ছা করিয়া তিনটী দ্বারা খুলিয়া দিলেন এবং গাভীগণকে নিষ্কাশিত করিলেন।

৫। তিনি রাত্রে নিভৃতভাবে শয়নপূর্ব্বক পুরীর পশ্চাৎভাগ বিদীর্ণ করিলেন এবং সমুদ্রতুল্য সেই গুহার তিনটী দ্বারই খুলিয়া দিলেন। প্রাতঃকালে তিনি পূজনীয় সূর্য্য, আর গাভী একসঙ্গে দর্শন পাইলেন, তখন তিনি মেঘের ন্যায় বীরহুঙ্কার ছাড়িতে ছিলেন।

৬। যে বল গাভী রুদ্ধ করিয়াছিল, তাহাকে ইন্দ্র আপনার হুঙ্কাররবেই ছেদন করিলেন। এইরূপে ছেদন করিলেন, যেন তাহার প্রতি অস্ত্রই প্রয়োগ করিয়াছেন। ঘর্ম্মাক্ত কলেবর বন্ধুদিগের সহিত সোমপান ইচ্ছা করিয়া, তিনি পণিকে কাঁদাইলেন, তাহার গাভী কাড়িয়া লইলেন।

৭। তিনিই সত্যবাদী, দীপ্তিমান্, ধনদানকারী সহায়দিগের সহিত গাভীরোধকারী বলকে বিদীর্ণ করিলেন। আর ব্রহ্মণস্পতি বিপুলমূর্ত্তি, বদান্য, ঘর্ম্মাক্ত কলেবর দেবতাদিগের সহিত সেই গোধন অধিকার করিলেন।

৮। তাহারা এইক্ষণে গাভীর অধিকারী হইয়া সরল চিত্তে স্তুতিবাক্যদ্বারা

(১) এই সূক্তের সায়ণের ব্যাখ্যা অত্যন্ত কষ্ট কল্পনা বোধ হয়।

গোপতি দেবতাকে ধন্যবাদ করিল। পরস্পর সাহায্যকারী নিজ সহায়দিগের সহিত বৃহস্পতি গাভীগণকে বাহির করিয়া আনিলেন।

৯। যখন সেই বৃহস্পতি যজ্ঞে আসিয়া সিংহনাদ করেন, তখন যেন আমরা সেই জয়ী, দাতা বীরপুরুষ, বৃহস্পতিকে সকল যুদ্ধে সকল বীরজন সমাগমস্থলে উত্তম উত্তম প্রশংসাবচনের দ্বারা সংবর্দ্ধনা করি এবং অভিনন্দন করি।

১০। যখন সেই বৃহস্পতি নানাবিধ অন্নদান করিলেন, যখন আকাশ পথ দিয়া তিনি পরমধামে গমন করিলেন, তখন বুদ্ধিমানগণ সেই বদান্য বৃহস্পতিকে নানা প্রকারে সংবর্দ্ধনা করিতে লাগিলেন, তাহা করিতে করিতে তাঁহাদিগের মূর্ত্তি জ্যোতির্ম্ময় হইল।

১১। অন্নলাভের জন্য আমার যে প্রার্থনা, তাহাকে সফল কর, আমি ভক্তই আছি, আমাকে নিজ আশ্রয় দান করিয়া রক্ষা কর। তাবৎ শত্রু পরাজিত ও দূর হউক। বিশ্বব্যাপিনী দ্যাবাপৃথিবী আমাদের এই বাক্য শ্রবণ করুন।

১২। ইন্দ্র অতিবৃহৎ একজলপূর্ণ মেঘের মস্তক বিদীর্ণ করিলেন। অহি, অর্থাৎ বৃত্রকে বধ করিলেন, সপ্ত সিন্ধু বহাইয়া দিলেন। হে দ্যাবাপৃথিবি! দেবতাদিগের সহিত আমাদিগকে রক্ষা কর।

---

৬৮ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। যেরূপ জলসেচনকারী কৃষকগণ পক্ষীদিগকে শস্য ক্ষেত্র হইতে তাড়াইয়া দিবার সময় কোলাহল করে(১), অথচ যেরূপ মেঘবৃন্দের নির্ঘোষ হয়, অথবা যেমন তরঙ্গবর্গ পর্ব্বতে অভিঘাত কালে কলরব করে, তদ্রূপ বৃহস্পতির উদ্দেশে প্রশংসা ধ্বনি উচ্চারিত হইতে লাগিল।

২। অঙ্গিরার পুত্র বৃহস্পতি সূর্য্যদেবকে গাভীগণের সহিত সংসৃষ্ট করিলেন, অর্থাৎ গুহাবর্ত্তিনী গাভীদিগের নিকট সূর্য্যের আলোক আনয়ন করিলেন। ভগদেবের ন্যায় তাঁহার তেজঃ চতুর্দ্দিগ্ব্যাপী হইল। যেমন স্ত্রী পুরুষের বন্ধুবর্গ পতিপত্নী মিলন করাইয়া দেয়, তদ্রূপ তিনি গাভীদিগকে লোকদিগের সহিত মিলিত করিয়া দিলেন। হে বৃহস্পতি! যুদ্ধের সময় যেমন ঘোটকদিগকে ধাবিত করে, তদ্রূপ গাভীদিগকে ধাবিত কর।

(১) পক্ষিগণ উপ্ত বীজ না খাইয়া যায় এই জন্য কৃষকগণ তাহাদিগকে তাড়াইয়া দেয়।

৩। যেমন যবের কুশূল (মরাই) হইতে যব বাহির করে(২), তদ্রূপ বৃহস্পতি গাভীদিগকে শীঘ্র শীঘ্র পর্ব্বত হইতে বাহির করিলেন। তাহাদিগের গাভী অতি সুন্দর, ক্রমাগত তাহারা চলিতে লাগিল; তাহাদিগের বর্ণ এমনি মনোহর এবং আকৃতি এমনি সুগঠন, যে দেখিলেই লইতে ইচ্ছা হয়।

৪। বৃহস্পতি গাভী উদ্ধার করিয়া যেন সৎকর্ম্মের আকরস্থান মধুবিন্দু সিক্ত করিলেন, অর্থাৎ যজ্ঞানুষ্ঠানের সুবিধা করিয়া দিলেন। তিনি এমনি দীপ্তিযুক্ত হইলেন, যেন সূর্য্যদেব আকাশে উল্কা নিক্ষেপ করিতেছেন, তিনি প্রস্তরের আচ্ছাদন হইতে গাভীদিগকে উদ্ধার করিয়া তাহাদিগের খুরপুটের দ্বারা ধরাতল বিদীর্ণ করিয়া দিলেন, যেমন নীচে হইতে জল উঠিবার সময় ধরাতল বিদীর্ণ করে।

৫। যেমন বায়ু জল হইতে শৈবাল অপসারিত করে,তদ্রূপ বৃহস্পতি আকাশ হইতে অন্ধকার অপসারিত করিলেন। যেমন বায়ু মেঘসমূহকে বিকাশ করিয়া দেয়, তদ্রূপ বৃহস্পতি সুবিবেচনাপূর্ব্বক বলের গোপন স্থান হইতে গাভীদিগকে নিষ্কাশিত করিলেন।

৬। যখন হিংস্র বলের অস্ত্র, বৃহস্পতির অগ্নিতুল্য প্রতপ্ত উজ্জ্বল অস্ত্রের দ্বারা বিদীর্ণ হইয়া গেল, তখন তিনি সেইরূপে গোধন অধিকার করিলেন, যেমন দন্তগণ আহারের দ্রব্য মুখের মধ্যে পরিবেশন করিয়া দিলে জিহ্বা তাহা অধিকার করে। তিনি সেই বহুমূল্য গোধন প্রকাশিত করিলেন।

৭। যখন সেই গোপন স্থান মধ্যে গাভীগণ শব্দ করিতেছিল, তখনই বৃহস্পতি বুঝিতে পারিয়াছিলেন যে, তন্মধ্যে গাভী রুদ্ধ আছে। যেমন পক্ষী ডিম্বভঙ্গ করিয়া শাবককে নিষ্কাশিত করে, তদ্রূপ তিনি আপনিই পর্ব্বত মধ্য হইতে গাভীদিগকে তাড়াইয়া আনিলেন।

৮। তিনি দেখিলেন যে, যেমন মৎস্য অল্পজলে থাকিলে ক্লেশ পায়, তদ্রূপ সেই মধুর ন্যায় পরম অভিলষিত গোধন প্রস্তররুদ্ধ হইয়া ক্লেশ পাইতেছে। যেমন কাষ্ঠ হইতে চমস নামক পানপাত্র কুঁদিয়া বাহির করে, তদ্রূপ বৃহস্পতি কোলাহলসহকারে দ্বার উদ্ঘাটন করিয়া সেই গোধন বাহির করিলেন।

৯। তিনি প্রভাত, স্বর্গ, অগ্নি, সকলই পাইলেন, অর্থাৎ গোধনোদ্ধার

(২) যবের মরাইয়ের উল্লেখ।

কার্য্যদ্বারা আবার যেন রাত্রি প্রভাত হইল, অগ্নি যেন প্রজ্বলিত হইল। তিনি সূর্য্যালোক প্রবেশ করাইয়া গুহামধ্যের অন্ধকার নষ্ট করিলেন। বলে গাভীদিগকে রুদ্ধ করিয়াছিল, বৃহস্পতি সেই গাভী উদ্ধার করিয়া যেন তাহার অস্থিমধ্য হইতে মজ্জা বাহির করিয়া আনিলেন।

১০। যেমন শীতকাল অরণ্যের সকল পত্র অপহরণ করে, তদ্রূপ বলের সকল গাভী বৃহস্পতিকর্ত্তৃক গৃহীত হইল। যাহা কেহ কখন করে নাই, কেহ কখন অনুকরণ করিতে পারিবে না। এইরূপ কার্য্য তিনি করিলেন, তাঁহার এই কার্য্যদ্বারা পুনর্ব্বার সূর্য্য চন্দ্রের উদয় হইল।

১১। যেমন পিঙ্গলবর্ণ ঘোটককে বিবিধ ভূষণে সজ্জিত করে, তদ্রূপ পিতাস্বরূপ দেবতাগণ গগনকে নক্ষত্রে সুসজ্জিত করিলেন। তাঁহারা অন্ধকার রাত্রিতে রাখিয়া দিলেন এবং আলোক দিবসে রাখিয়া দিলেন। বৃহস্পতি পর্ব্বত ভেদ করিয়া গোধন লাভ করিলেন।

১২। যিনি পূর্ব্বতন অনেক ঋক্ রচনা করিয়া গিয়াছেন, যিনি এখন মেঘলোকবাসী হইয়াছেন, সেই বৃহস্পতিকে এই নমস্কার করিলাম। সেই বৃহস্পতি আমাদিগকে গাভী ও ঘোটক ও সন্তান ও ভৃত্য ও অন্ন দান করুন।

---

৬৯ সূক্ত।

অগ্নি দেবতা। সুমিত্র ঋষি।

১। বধ্রিঅশ্ব [সুমিত্রের পিতা] যে অগ্নি স্থাপিত করিয়াছেন, তাহার মূর্ত্তিগুলি অতি সুন্দর, তাহার স্থাপনাও চমৎকার এবং আগমনও রমণীয়। সুমিত্র নামক ব্যক্তিগণ যখন সর্ব্বাগ্রে অগ্নি প্রজ্বলিত করেন, অগ্নি ঘৃতাহুতি প্রাপ্ত হইয়া উদ্দীপ্ত হয়েন, তাঁহাকে সকলে স্তব করিতে থাকে।

২। বধ্রিঅশ্বের অগ্নি ঘৃতদ্বারাই বৃদ্ধি প্রাপ্ত হন, ঘৃতই তাঁহার আহার, ঘৃতই তাঁহাকে স্নিগ্ধ করে। ঘৃতাহুতি প্রাপ্ত হইয়া তিনি বিশিষ্টরূপে বিস্তৃত হইলেন। ঘৃত ঢালিয়া দেওয়াতে সূর্য্যের ন্যায় দীপ্তি পাইতেছেন।

৩। হে অগ্নি! যেমন মনু তোমার মূর্ত্তি উজ্জ্বল করিয়াছিলেন, তদ্রূপ আমিও তোমাকে প্রজ্বলিত করিতেছি। আমার এই কার্য্য সংপ্রতি করা হইয়াছে। অতএব তুমি ধনবান্ হইয়া দীপ্যমান হও, আমাদিগের স্তুতিবাক্য গ্রহণ কর, শত্রুসৈন্য বিদীর্ণ কর, এই স্থানে অন্ন স্থাপন কর।

৪। যে তোমাকে বধ্রি অশ্ব প্রথমে স্তব করিয়া প্রজ্বলিত করিয়াছেন, সেই তুমি আমাদিগের গৃহ ও দেহ রক্ষা কর; তুমিই এই যাহা কিছু দিয়াছ, আমার সেই দান সমস্ত রক্ষা কর।

৫। হে বধ্রি অশ্বের অগ্নি! দীপ্যমান হও; রক্ষাকর্ত্তা হও, লোকদিগকে যে হিংসা করে, সে যেন তোমাকে পরাভব না করে। বীরের ন্যায় দুর্দ্ধর্ষ এবং শত্রু পাতনকারী হও। আমি সুমিত্র, বধ্রি অশ্বের অগ্নিস্তব রচনা করিলাম।

৬। হে অগ্নি! পর্ব্বতের যে সকল উত্তম উত্তম জঙ্গম ধন, তাহা তুমি দাসদিগের নিকট জয় করিয়া আর্য্যদিগকে দিয়াছ (১), তুমি দুর্দ্ধর্ষ বীরের ন্যায় শত্রু নিপাত কর; যাহারা যুদ্ধ করিতে আসে, তাহাদিগের প্রতি অগ্রসর হও।

৭। এই অগ্নি দীর্ঘতন্তু, অর্থাৎ ইঁহার বংশ অতি বিস্তারিত, ইনি প্রধান দাতা, ইনি সহস্রস্থান আচ্ছাদন করেন, শতসংখ্য পথ দিয়া গমন করেন, ইনি উজ্জ্বল দীপ্তিশালীদিগের মধ্যেও দীপ্তিশালী, প্রধান পুরোহিতগণ ইঁহাকে অলঙ্কৃত করিতেছেন। হে অগ্নি! দেবভক্ত সুমিত্রবংশীয়দিগের ভবনে দীপ্যমান থাক।

৮। হে জাতবেদা অগ্নি! তোমার গাভীকে বড় সুখে দোহন করা যায়। তাহার দোহনে কোন বাধা বিঘ্ন নাই। সে অমনোযোগী হইয়া কত দোহন করিয়া দেয়। দেবভক্ত সুমিত্রবংশীয় প্রধান ব্যক্তিগণ দক্ষিণাসম্পন্ন হইয়া তোমাকে প্রজ্বলিত করিতেছে।

৯। হে বধ্রি অশ্বের অগ্নি! হে জাতবেদা! মরণরহিত দেবতারাই নিজে তোমার মহিমা ব্যাখ্যা করিয়াছেন। যখন মনুষ্যগণ মহিমার বিষয় জিজ্ঞাসা করিতে গিয়াছিলেন, তখন তাঁহারা সকলই কহিয়াছেন। তোমার সম্মানকারী ব্যক্তিদিগের সহিত একত্র হইয়া তুমি জয়ী হইয়াছ।

১০। হে অগ্নি! যেমন পিতা পুত্রকে ক্রোড়ে ধারণ করিয়া লালন করে, তদ্রূপ বধ্রিঅশ্ব তোমার পরিচর্য্যা করিয়াছেন। হে যুবা অগ্নি! ইহার নিকট কাষ্ঠ প্রাপ্ত হইয়া তুমি পূর্ব্বতন সকল হিংসককে নষ্ট করিয়াছ।

১১। বধ্রি অশ্বের অগ্নি সোমরস প্রস্তুতকারী ব্যক্তিদিগের সহিত একত্র হইয়া শত্রুদিগকে চিরকালেই জয় করিয়া আসিতেছেন। হে বিচিত্র কিরণধারী

(১) আর্য্য ও দাসের উল্লেখ।

অগ্নি! তুমি হিংসককে বিশেষ মনোযোগের সহিত দগ্ধ করিয়াছ। যাহাদিগের অত্যন্ত বৃদ্ধি হইয়াছিল, তাহাদিগকে অগ্নি বিদীর্ণ করিয়াছেন।

১২। বধ্রি অশ্বের এই যে অগ্নি, ইনি শক্রনিধনকারী চিরকাল প্রজ্বলিত আছেন, নমস্কারবাক্য ইহার প্রতি প্রয়োগ করিতে হইবে। হে বধ্রি অশ্বের অগ্নি! যাহারা আমাদিগের অনাত্মীয়, কিংবা যাহারা স্পর্দ্ধাপূর্ব্বক আমাদিগের বিরুদ্ধাচরণ করে, তুমি তাহাদিগের সম্মুখীন হও।

৭০ সূক্ত।

অগ্নি দেবতা। সুমিত্র ঋষি।

১। বেদীর স্থানে এই যে সমিধ আমি দিয়াছি, তুমি তাহার প্রতি অভিলাষী হও, উহা গ্রহণ কর। বেদীর উপরিভাগে তুমি উত্তম কার্য্য সম্পাদন করিতে করিতে এই দেবযজ্ঞ উপলক্ষে ঊর্দ্ধাভিমুখ হও, তাহা হইলে দিন সকল সাফল্য লাভ করিবে।

২। দেবতাদিগের অগ্রে অগ্রে যিনি আসেন, যিনি নরাশংস যজ্ঞের পদ্ধতি অনুসারে নমোবচনসহকারে পবিত্র যজ্ঞীয় দ্রব্য সকল দেবতাদিগের নিকট প্রেরণ করেন, সেই সর্ব্বশ্রেষ্ঠ দেবতা নানা বর্ণধারী ঘোটকযোগে এই স্থানে আগমন করুন।

৩। যে সকল মনুষ্যের যজ্ঞীয় দ্রব্য সঞ্চিত আছে, তাহারা সর্ব্বদাই অগ্নিকে দূতের কার্য্য সম্পাদন করিবার জন্য ইল, অর্থাৎ স্তব করে। বহন করিতে বিলক্ষণ পটু ঘোটক সকল যে রথে যোজিত আছে, সেই রথযোগে দেবতাদিগকে এই স্থানে আনয়ন কর, এই স্থানে হোতা হইয়া উপবেশন কর। এইরূপ স্তব করে।

৪। দেবতারা যে যজ্ঞ গ্রহণ করিতেছেন, সেই যজ্ঞ উভয় পার্শ্বে বিস্তারিত হউক, তাহা অত্যন্ত দীর্ঘতা প্রাপ্ত হউক। আমাদিগের পক্ষে সুগন্ধযুক্ত হউক। অবিচলচিত্তে দেবতাদিগের উদ্দেশে এই যজ্ঞ অনুষ্ঠিত হইতেছে। ইন্দ্র, প্রভৃতি দেবতা ইহা কামনা করিতেছেন। হে বহ্নিরূপ অগ্নি! তুমি তাঁহাদিগকে পূজা দেও।

৫। হে দ্বারদেবীগণ! তোমরা আকাশের অত্যুন্নত স্থানকেও স্পর্শ

কর, পৃথিবীতলের সহিতও আশ্রয়যুক্ত হইয়া থাক। তোমরা বিশেষ প্রযত্ন-সহকারে সাভিলাষমনে রথ প্রস্তুত করিয়া সেই উজ্জ্বল রথ ধারণ কর।

৬। উৎকৃষ্ট শিল্পসহকারে বিরচিত এই যে যজ্ঞস্থান, ইহাতে দ্যুলোকের দুহিতাস্বরূপ উষাদেবী, আর রাত্রিদেবী উপবেশন করুন। হে উষা ও রাত্রি! তোমরাও দেবতাদিগের প্রতি প্রীতিযুক্ত, তাঁহারাও তোমাদিগের প্রতি প্রীতিযুক্ত, তোমাদিগের যে বৃহৎ সুন্দর ক্রোড়দেশ তাহাতে দেবতারা উপবেশন করুন।

৭। সোম প্রস্তুত করিবার জন্য প্রস্তর সজ্জিত হইয়াছে, অগ্নি প্রজ্বলিত হইয়াছে, বেদীর নিকটে সুন্দর সুন্দর স্থান রচনা করা হইয়াছে। দুই জন সুবিদ্বান্ ঋত্বিক্ দৈব হোতাদ্বয় সম্মুখে উপবেশন করিয়াছেন, ইঁহারা এই যজ্ঞে হোমের দ্রব্য সমস্ত দেবোদ্দেশে নিবেদন করুন।

৮। হে দেবীত্রয়! (ইলা, সরস্বতী ও মহী) এই উৎকৃষ্ট কুশময় আসন তোমাদিগের জন্য বিস্তারিত করা হইয়াছে, উপবেশন কর। মনুর যজ্ঞের ন্যায় এই যজ্ঞে হোমের দ্রব্য উত্তমরূপে আয়োজন করা হইয়াছে। ইড়া-দেবীও ঘৃতপদী ইহারা গ্রহণ করুন।

৯। হে দেবত্বষ্টা! তুমি সুশ্রী মূর্ত্তি প্রাপ্ত হইয়াছ, তুমি অঙ্গিরাদিগের সহায় হইয়াছ, তুমি জান কোন্ দেবতার কোন্ ভাগ, তোমার উৎকৃষ্ট ধন আছে, তুমি সেই ধন দান করিয়া থাক। এক্ষণে দেবতাদিগকে তাঁহা-দিগের খাদ্য প্রদান কর।

১০। হে বনস্পতি, অর্থাৎ বনতরু হইতে নির্ম্মিত যূপকাষ্ঠ! তুমি জান, অতএব রজ্জুদ্বারা বন্ধনপূর্ব্বক দেবতাদিগের অন্ন বহন করিয়া লইয়া যাও। হোমের দ্রব্য সেই বনস্পতি লইয়া যাউন এবং নিজে আস্বাদ করুন। আমার যজ্ঞকে দ্যাবাপৃথিবী রক্ষা করুন।

১১। হে অগ্নি! যজ্ঞের জন্য বরুণকে লইয়া আইস, স্বর্গ হইতে ইন্দ্রকে এবং আকাশ হইতে মরুদ্গণকে লইয়া আইস, যজ্ঞভাগাধিকারিগণ সকলে কুশে উপবেশন করুন। অবিনাশী দেবগণ স্বাহা শব্দ শ্রবণপূর্ব্বক আনন্দিত হউন।

৭১ সূক্ত।

ব্রহ্মজ্ঞান দেবতা। বৃহস্পতি ঋষি।

১। হে বৃহস্পতি! বালকেরা সর্ব্ব প্রথম বস্তুর নাম মাত্র করিতে পারে, তাহাই তাহাদিগের ভাষাশিক্ষার প্রথম সোপান। তাহাদিগের যাহা কিছু উৎকৃষ্ট ও নির্দ্দোষ জ্ঞান হৃদয়ের নিগূঢ় স্থানে সঞ্চিত ছিল, তাহা বাগ্দেবীর করুণাক্রমে প্রকাশ হয় (১)।

২। যেমন চালনীর দ্বারা শক্তুকে পরিষ্কার করে, তদ্রূপ বুদ্ধিমান্ বুদ্ধিবলে পরিষ্কৃত ভাষা প্রস্তুত করিয়াছেন। সেই ভাষাতে বন্ধুগণ বন্ধুত্ব, অর্থাৎ বিস্তর উপকার প্রাপ্ত হয়েন। তাঁহাদিগের বচনরচনাতে অতি চমৎকার লক্ষ্মী সংস্থাপিত আছে।

৩। বুদ্ধিমান্গণ যজ্ঞদ্বারা ভাষার পথ প্রাপ্ত হয়েন। ঋষিদিগের অন্তঃকরণ মধ্যে যে ভাষা সংস্থাপিত ছিল, তাহা তাঁহারা প্রাপ্ত হইলেন। সেই ভাষা আহরণপূর্ব্বক তাঁহারা নানাস্থানে বিস্তার করিলেন। সপ্তছন্দ সেই ভাষাতেই স্তব করে।

৪। কেহ কেহ কথা দেখিয়াও কথার ভাবার্থ গ্রহণ করিতে পারে না, কেহ শুনিয়াও শুনে না। যেমন প্রেম পরিপূর্ণা সুন্দর পরিচ্ছদধারিণী ভার্য্যা আপন স্বামির নিকট নিজ দেহ প্রকাশ করেন, তদ্রূপ বাগ্দেবী কোন কোন ব্যক্তির নিকট প্রকাশিত হয়েন।

৫। পণ্ডিত সমাজে কোন কোন ব্যক্তির এই প্রতিষ্ঠা হয় যে, সে উত্তম ভাবগ্রাহী, তাঁহাকে ছাড়িয়া কোন কার্য্য হয় না। কেহ বা পুষ্পফল বিহীন অর্থাৎ অসারবাক্য অভ্যাস করে, তাহার যে বাক্য, উহা যেন বাস্তবিক দুগ্ধপ্রদ গাভী নহে, কাল্পনিক মায়াময় গাভী মাত্র।

৬। বিদ্বান্ বন্ধুকে যে ত্যাগ করে, তাহার কথায় কোন ফল নাই। সে যাহা কিছু শুনে, বৃথাই শুনে; সে সৎকর্ম্মের পন্থা অবগত হইতে পারে না।

৭। যাহাদিগের চক্ষু আছে, কর্ণ আছে, এরূপ বন্ধুগণ মনের ভাব

(১) এই সূক্তটী অতিশয় জ্ঞাতব্য। ইহাতে ভাষা ও বাক্য ও অর্থের কথা সমালোচিত হইয়াছে।

প্রকটন বিষয়ে অসাধারণ হইয়া উঠিলেন। যে হ্রদের জলে কেবল মুখ বা কক্ষ পর্য্যন্ত নিমগ্ন হয়, সে যেমন অগভীর, কেহ কেহ তেমনি অগভীর। কেহ কেহ বা স্নান করিবার উপযুক্ত সুগভীর হ্রদের ন্যায় দৃষ্ট হইয়া থাকেন।

৮। যখন অনেক স্তোতা (২) একত্র হইয়া মনের ভাব সমস্ত হৃদয়ে আলোচনা পূর্ব্বক অবধারিত করিতে প্রবৃত্ত হয়েন, তখন কোন কোন ব্যক্তির কিছুই জ্ঞান জন্মে না। কেহ কেহ স্তোত্রজ্ঞ (৩) বলিয়া পরিচিত হইয়া সর্ব্বত্র বিচরণ করেন।

৯। এই যে সকল ব্যক্তি, যাহারা ইহকাল, বা পরকাল কিছুই পর্য্যালোচনা করে না, যাহারা স্তুতি প্রয়োগ, বা সোমযাগ কিছুই করে না (৪), তাহারা পাপযুক্ত, অর্থাৎ দোষাশ্রিত ভাষা শিক্ষা করিয়া নির্ব্বোধ ব্যক্তির ন্যায় কেবল লাঙ্গল চালনা করিবার উপযুক্ত হয়, অথবা তন্তুবায়ের কার্য্য করিবার উপযুক্ত হয়।

১০। যশ মিত্রের ন্যায় কার্য্য করে, ইহা সভাতে প্রাধান্য প্রদান করে, সেই যশ প্রাপ্ত হইলে সকলেই আহ্লাদিত হয়, কারণ যশের দ্বারা দুর্নাম দূর হয়, অন্নলাভ হয়, বল প্রাপ্ত হওয়া যায়, নানা প্রকারে উপকৃত হওয়া যায়।

১১। একজন প্রচুর পরিমাণে ঋক্‌সমূহ উচ্চারণ করতঃ যজ্ঞের অনুষ্ঠানকল্পে সাহায্য করেন, আর এক জন গায়ত্রীছন্দে সাম গান করেন; যিনি ব্রহ্মা নামক পুরোহিত, তিনি জাতবিদ্যা বিষয় ব্যাখ্যা করেন, অপর এক জন পুরোহিত যজ্ঞানুষ্ঠানের ভিন্ন ভিন্ন কার্য্যগুলি ক্রমশ সম্পন্ন করেন।

---

(২) মূলে "ব্রাহ্মণা" আছে। অর্থ "ব্রহ্ম," বা স্তোত্র উচ্চারণকারী।

(৩) মূলে "ব্রহ্মাণঃ" আছে। অর্থ "ব্রহ্ম," বা স্তোত্রবিশারদ।

(৪) মূলে আছে "ন ব্রাহ্মণাসঃ ন সুতে করাসঃ।" ঋকের মর্ম্ম এই যে যাহারা ইহকাল ও পরকাল পর্য্যালোচনা করিত ও স্তুতি অভ্যাস ও সোম যাগ করিত, তাহারাই স্তোতা হইত। যাহারা ঐ ধর্ম্ম ক্রিয়া সাধনে অসমর্থ, তাহারা কৃষক, বা তন্তুবায় হইত। তৎকালে বৃত্তি বা কর্ম্ম অনুসারে ভিন্ন ভিন্ন ব্যবসা অবলম্বন করিত, জন্ম অনুসারে নহে।

৭২ সূক্ত।

দেবগণ দেবতা। বৃহস্পতি ঋষি।

১। দেবতাদিগের জন্মবৃত্তান্ত সুস্পষ্টরূপে কহা যাইতেছে। ভবিষ্যতে যখন স্তুতিবাক্য উচ্চারিত হইবে, তখনও দেবতারা যজ্ঞানুষ্ঠান দেখিবেন।

২। দেবতারা উৎপন্ন হইবার পূর্ব্বকালে ব্রহ্মণস্পতি নামক দেব কর্ম্মকারের ন্যায় দেবতাদিগকে নির্ম্মাণ করিলেন। অবিদ্যমান হইতে বিদ্যমান বস্তু উৎপন্ন হইল।

৩। দেবোৎপত্তির পূর্ব্বতন কালে, অবিদ্যমান হইতে বিদ্যমান বস্তু উৎপন্ন হইল। পরে উত্তানপদ্ হইতে দিক্ সকল জন্ম গ্রহণ করিল (১)।

৪। উত্তানপদ্ হইতে পৃথিবী জন্মিল, পৃথিবী হইতে দিক্ সকল জন্মিল, অদিতি হইতে দক্ষ জন্মিলেন, দক্ষ হইতে আবার অদিতি জন্মিলেন (২)।

৫। হে দক্ষ! অদিতি যে জন্মিলেন, তিনি তোমার কন্যা। তাঁহার পশ্চাৎ দেবতারা জন্মিলেন, ইঁহারা কল্যাণমূর্ত্তি ও অবিনাশী।

৬। দেবতারা এই বিশ্বব্যাপী জলমধ্যে অবস্থিতি থাকিয়া মহোৎসাহ প্রকাশ করিতে লাগিলেন। তাঁহারা যেন নৃত্য করিতে লাগিলেন, সেই হেতুতে প্রচুর ধূলির উদয় হইল।

৭। মেঘসমূহের ন্যায় দেবতারা সমস্ত ভুবন আচ্ছাদন করিলেন, এই সমুদ্রতুল্য আকাশ মধ্যে সূর্য্য নিগূঢ় ছিলেন, দেবতারা সেই সূর্য্যকে প্রকাশ করিলেন।

৮। অদিতির দেহ হইতে আট পুত্র জন্মিয়াছিলেন, তিনি তন্মধ্যে সাতটী লইয়া দেবলোকে গেলেন, কিন্তু মার্ত্তণ্ড নামক পুত্রকে দূরে নিক্ষেপ করিলেন (৩)।

৯। পূর্ব্বকালে অদিতি সপ্তপুত্র লইয়া গেলেন। আর মার্ত্তণ্ডকে জন্মের জন্য এবং মৃত্যুর জন্য প্রসব করিলেন (৪)।

---

(১) সায়ণ কহেন, উত্তানপদ্ বলিতে বৃক্ষ।

(২) অতএব অদিতি দক্ষের কন্যা এবং দক্ষ আবার অদিতির পুত্র। এই অদিতি কি পরে পৌরাণিক "সতী" নামে খ্যাতা হইলেন?

(৩) অদিতির ৮ পুত্র সম্বন্ধে ১।১৪।৩ ঋকের টীকা দেখ।

(৪) এ সূক্তটী অপেক্ষাকৃত আধুনিক বলিয়া পণ্ডিতগণ বিবেচনা করেন।

৭৩ সূক্ত।

মরুৎ দেবতা। গৌরিবীতি ঋষি।

১। যখন ইন্দ্রের গর্ভধারিণী মাতা বীর ইন্দ্রকে প্রসব করিলেন, তখন মরুৎগণ এই বলিয়া ইন্দ্রকে সংবর্দ্ধনা করিলেন যে, তুমি বলপ্রকাশ ও যুদ্ধ করিবার জন্য জন্মিয়াছ, তুমি বীর, উৎসাহযুক্ত, তেজস্বী ও অত্যন্ত অভিমানী।

২। শত্রুসংহারকারী মরুৎগণের সৈন্য ইন্দ্রকে রক্ষা করিবার জন্য উপবেশন করিলেন। তাহারা বিস্তর স্তবের দ্বারা ইন্দ্রকে সংবর্দ্ধনা করিল, গাভীগণ যেমন বিশাল গোষ্ঠের মধ্যে আচ্ছাদিত থাকে, তদ্রূপ গর্ভ, অর্থাৎ বৃষ্টিবারি সকল বিশ্বব্যাপী অন্ধকারের মধ্য হইতে নির্গত হইল।

৩। তুমি যে চরণে গমন কর, তাহা অতি মহৎ। তুমি যেখান দিয়া গেলে, সেই স্থানে অন্নসমূহ বৃদ্ধিপ্রাপ্ত হইল। হে ইন্দ্র! তুমি এক সহস্র বৃককে মুখে ধারণ করিতে পার, অশ্বিদ্বয়কে ফিরাইতে পার।

৪। তোমার যুদ্ধে যাইবার ত্বরা থাকিলেও যজ্ঞে গমন কর। অশ্বিদ্বয়ের সহিত বন্ধুত্ব ধারণ কর। হে ইন্দ্র! প্রচুর পরিমাণ ধন আনিয়া দাও। হে বীর অশ্বিদ্বয়! ধনসমূহ দান করুন।

৫। যজ্ঞ উপলক্ষে আহ্লাদিত হইয়া ইন্দ্র নিজ মিত্র গতিশীল মরুৎগণের সহিত যজমানকে অর্থ দেন। তিনি যজমানের জন্য দস্যুর ছল ও কপটতা সমস্ত ধ্বংস করিলেন। তিনি বৃষ্টিবারি সেক করিলেন, ক্লেশকর অন্ধকার সমস্ত নষ্ট করিলেন।

৬। শত্রুগণ ইঁহার নিকট তুল্য নামধারী, অর্থাৎ ইনি সকলকেই ধ্বংস করেন। ঊষার শকট যেরূপ ধ্বংস করিয়াছিলেন, সেইরূপ ইন্দ্র শত্রু ধ্বংস করেন। উৎসাহযুক্ত ও মহাবল পরাক্রান্ত বন্ধুস্বরূপ মরুৎগণের সহিত ইনি বিপক্ষের উত্তম উত্তম আবাস স্থান ধ্বংস করিলেন।

৭। যজ্ঞানুষ্ঠানোদ্যত নমুচিকে তুমি বধ করিয়াছ। দাসজাতীয়কে ঋষির নিকট নিস্তেজ করিয়া দিয়াছ। তুমি মনুকে সুবিস্তীর্ণ পথ সকল প্রস্তুত করিয়া দিয়াছ, সেগুলি দেবলোকে যাইবার অতি সরল পথ হইয়াছে (১)।

(১) এই ঋকে দাসজাতিদিগের উল্লেখ আছে এবং মনুষ্যের দেবত্ব লাভের উল্লেখ আছে।

৮। তুমি এই বিশ্বজগৎ তেজে পরিপূর্ণ কর। হে ইন্দ্র! তুমি প্রভু, হস্তে বজ্র ধারণ কর। দেবতারা তোমার পশ্চাৎ যজ্ঞভাগ প্রাপ্ত হইয়া আনন্দিত হয়েন; তুমি মেঘদিগকে অধোমুখ করিয়া দাও, অর্থাৎ জল ঢালাইয়া দেওয়াও।

৯। জলের মধ্যে ইঁহার যে চক্র সংস্থাপিত আছে, সেই চক্র যেন ইঁহার জন্য মধু ছেদন করিয়া দেয়। হে ইন্দ্র! তুমি তৃণ লতাদির মধ্যে যে দুগ্ধ সংস্থাপন করিয়াছ, তাহা গাভীদিগের আপীন হইতে অত্যন্ত শুভ্র মূর্ত্তিতে নির্গত হয়।

১০। কেহ কহে, ইন্দ্রের উৎপত্তি অশ্ব হইতে। কিন্তু আমি জ্ঞান করি, তাঁহার উৎপত্তি তেজঃ হইতে। ইনি ক্রোধ হইতে উৎপন্ন হইয়া শক্রর অট্টালিকার উপর দাঁড়াইয়াছেন। ইন্দ্র কোথা হইতে জন্মিয়াছেন তাহা তিনিই জানেন।

১১। সুন্দর পক্ষধারী কতকগুলি পক্ষী ইন্দ্রের নিকট উপস্থিত হইল, অর্থাৎ যজ্ঞাভিলাষী কতকগুলি ঋষিই সেই পক্ষী, ইন্দ্রের নিকট তাহাদিগের প্রার্থনা ছিল। তাঁহারা প্রার্থনা করিলেন, হে ইন্দ্র! অন্ধকার দূর কর, চক্ষু আলোকে পূর্ণ কর; আমরা যেন পাশবদ্ধ আছি, আমাদিগকে মোচন করিয়া দেও।

৭৪ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। ইন্দ্র বুঝি ধন দান করিবার জন্য স্থানান্তরে আকৃষ্ট হইয়াছেন? বুঝি বা দ্যুলোক ও ভূলোকের মধ্যে স্তবের দ্বারা, কি যজ্ঞের দ্বারা আকৃষ্ট হইয়া স্থানান্তরে গিয়াছেন? অথবা যুদ্ধে ধন উপার্জ্জন করে, এতাদৃশ ঘোটকেরা তাঁহাকে আকর্ষণ করিয়াছে? অথবা যে সকল যশস্বী ব্যক্তি আশ্চর্য্যরূপ শক্র সংহার করিতেছে, তাহারাই বা ইন্দ্রকে আকর্ষণ করিয়াছেন?

২। ইহাদিগের প্রবল নিমন্ত্রণধ্বনি আকাশপূর্ণ করিল, দেবতাদিগকে চালিত করিয়া দিল, তাঁহারা যজ্ঞভাগলোলুপ চিত্তে পৃথিবীতে অবতীর্ণ হইলেন। তথায় তাঁহারা যজ্ঞভাগের জন্য চতুর্দ্দিকে চাহিতেছেন। আকাশ

হইতে যেমন বৃষ্টি হয়, তেমনি তাঁহারা নিজ নিজ ধন বর্ষণ করিতে উদ্যত।

৩। অবিনাশী দেবতাদির জন্য এই স্তুতি উচ্চারণ করিলাম। তাঁহারা যজ্ঞে উত্তম উত্তম নানা বস্তু বিতরণ করেন। তাঁহারা আমাদিগের স্তব ও যজ্ঞ সফল করুন এবং নিরুপম ধনরাশি ধরিয়া দিন।

৪। হে ইন্দ্র! যে সকল ব্যক্তি বহুপরিমাণ গোধন বিপক্ষের নিকট কাড়িয়া লইতে চায়, তাহারা তোমাকেই স্তব করে। এই যে প্রকাণ্ড পৃথিবী, ইনি একবার মাত্র প্রসব হয়েন, কিন্তু অনেক সন্তান প্রসব করেন, অর্থাৎ প্রচুর শস্যাদি এককালে উৎপন্ন করিয়া দেন। ইনি সহস্র ধারায় সম্পত্তিস্বরূপ দুগ্ধদান করেন; যাঁহারা এই পৃথিবীস্বরূপ গাভীকে দোহন করিতে চান, তাঁহারা ইন্দ্রকেই স্তব করেন।

৫। হে কর্ম্মনিষ্ঠ পুরোহিতগণ! যে ইন্দ্র কাহারও নিকট নত হয়েন না, যিনি বিপক্ষ যোদ্ধাদিগকে দমন করেন, যিনি মহান্ ও ধনশালী, যাঁহাকে স্তব করিলে শুভ হয়, যিনি মনুষ্যের হিতার্থে বজ্র ধারণপূর্ব্বক বিবিধ শব্দ করেন, তাঁহার শরণাগত হও।

৬। শত্রুপুরী ধ্বংসকারী ইন্দ্র যখন অতি বিপুল শত্রুকে সংহার করিলেন, তখন তিনি বৃত্রের নিধনকারী হইয়া পৃথিবী জলে পরিপূর্ণ করিলেন, তখন সকলে তাঁহাকে জানিল যে, তিনি অতি বলবান্ ও ক্ষমতাসম্পন্ন প্রভু। ইঁহাকে যাহা করিতে প্রার্থনা করিবে, ইনি তাহাই করিবেন।

৭৫ সূক্ত।

নদী দেবতা। সিন্ধুক্ষিৎ ঋষি।

১। হে জলগণ! যজমানের গৃহে কবি তোমাদিগের সর্ব্বশ্রেষ্ঠ মহিমা ব্যাখ্যা করিতেছেন। তাহারা সাত সাত করিয়া তিন শ্রেণীতে চলিল, সকল নদীর উপর সিন্ধু নদীর তেজই শ্রেষ্ঠ।

২। হে সিন্ধু নদি! যখন তুমি অন্নশালী, অর্থাৎ শস্যশালী প্রদেশ লক্ষ্য করিয়া ধাবিত হইলে, তখন বরুণদেব তোমার যাইবার নানা পথ কাটিয়া দিলেন। তুমি ভূমির উপর উন্নত পথ দিয়া গমন কর। তুমি সকল গমনশীল নদীর উপর বিরাজ কর।

৩। পৃথিবী হইতে সিন্ধুর শব্দ উঠিয়া আকাশ পর্য্যন্ত আচ্ছাদন করি-

তেছে। মহাবেগে উজ্জ্বল মূর্ত্তিতে ইনি চলিয়াছেন। ইঁহার শব্দ প্রবল করিলে জ্ঞান হয়, যেন মেঘ হইতে ঘোর রবে বৃষ্টি পড়িতেছে। সিন্ধু আসিতেছেন, যেন বৃষ গর্জ্জন করিতে করিতে আসিতেছেন।

৪। হে সিন্ধু! যেমন শিশু বৎসের নিকট তাহাদিগের জননী গাভীরা দুগ্ধ লইয়া যায়, তদ্রূপ আর আর নদী শব্দ করিতে করিতে জল লইয়া তোমার চতুর্দ্দিকে আসিতেছে। যেমন যুদ্ধ করিবার সময় রাজা সৈন্য লইয়া যায়, তদ্রূপ তোমার সহগামিনী এই দুইটী নদী শ্রেণীকে লইয়া তুমি অগ্রে অগ্রে চলিতেছ।

৫। হে গঙ্গা! হে যমুনা ও সরস্বতি ও শতদ্রু ও পরুষ্ণি! আমার এই স্তবগুলি তোমরা ভাগ করিয়া লও। হে অসিক্নী-সংগত মরুদ্বৃধা নদি! হে বিতস্তা ও সুষোমা সংগত আর্জ্জীকীয়া নদি! তোমরা শ্রবণ কর (১)।

৬। হে সিন্ধু! তুমি প্রথমে তৃষ্টামা নদীর সঙ্গে মিলিত হইয়া চলিলে। পরে সুসর্ত্তু ও রসা ও শ্বেতীর সহিত মিলিলে। তুমি ক্রমু ও গোমতীকে, কুভা ও মেহৎনুর সহিত মিলিত করিলে। এই সকল নদীর সঙ্গে তুমি এক রথে অর্থাৎ একত্রে যাইয়া থাক (২)।

(১) "Satadru (Sutlej)"

"Parushni (Iravati, Ravi)."

Asikni, which means black." "It is the modern Chinab."

"Marudvridha, a general name for river. According to Roth the combined course of the Akesines and Hydaspes."

"Vitasta, the last of the rivers of the Punjab, changed in Greek into Hydaspes." "It is the modern Behat or Jilam."

"According to Yaska the Arjikiya is the Vipas." "Its modern name is Bias or Bejah."

"According to Yaska the Sushoma is the Indus."

Max Muller's *India, what can it teach us.*

(২) ৫ ঋকে সিন্ধু নদীর পূর্ব্বদিকের অর্থাৎ পঞ্জাব প্রদেশের শাখাগুলির নাম পাওয়া যায়। ৬ ঋকে পশ্চিম দিগের অর্থাৎ কাবুল প্রদেশের শাখাগুলির নাম পাওয়া যায়। মক্ষমূলর কৃত ৬ ঋকের অনুবাদ উদ্ধৃত করিতেছি।

"First thou goest united with the Trishtama on this journey, with the Susartu, the Rasa (Ramha Araxes ?), and the Sveti,—O Sindhu, with the Kubha (Kophen, Cabul river) to the Gomoti (Gomal), with the Mehatnu to the Krumu(Kurum)—with whom thou proceedest together."

৭। এই দুর্দ্ধর্ষ সিন্ধু সরলভাবে যাইতেছে, তাঁহার বর্ণ শুভ্র ও উজ্জ্বল, তিনি অতি মহৎ, তাঁহার জল সকল মহাবেগে যাইয়া চতুর্দ্দিক পরিপূর্ণ করিতেছে। যত গতিশালী আছে, ইঁহার তুল্য গতিশালী কেহ নাই। ইনি ঘোটকীর ন্যায় অদ্ভুত, ইনি স্থূলকায়া রমণীর ন্যায় সৌষ্ঠবদর্শনা।

৮। সিন্ধু চিরযৌবনা ও সুন্দরী; ইঁহার উৎকৃষ্ট ঘোটক, উৎকৃষ্ট রথ এবং উৎকৃষ্ট বস্ত্র আছে, সুবর্ণের অলঙ্কার আছে, ইনি উত্তমরূপে সজ্জিত হইয়াছেন। ইঁহার বিস্তর অন্ন আছে, বিস্তর পশুলোম আছে, ইঁহার তীরে সীলমা খড় আছে। ইনি মধু প্রসবকারী পুষ্পের দ্বারা আচ্ছাদিত।

৯। সিন্ধু ঘোটকযুক্ত অতি সুখকর রথ যোজনা করিয়াছিলেন, তাহা দ্বারা এই যজ্ঞে অন্ন আনিয়া দিয়াছেন। ইহার মহিমা অতি মহৎ বলিয়া স্তব করে। ইনি দুর্দ্ধর্ষ, আপনার যশে যশস্বী এবং মহৎ।

৭৬ সূক্ত।

সোমনিষ্পীড়ন উপযোগী প্রস্তর দেবতা। জরৎকর্ণ ঋষি।

১। হে প্রস্তরগণ! প্রভাত হইলেই তোমাদিগকে সজ্জিত করি। তোমরা সোম দিয়া ইন্দ্র ও মরুৎ ও দ্যাবাপৃথিবীকে বশীভূত করিয়াছ। সেই দুই দ্যাব্যাপৃথিবী যেন একত্র হইয়া আমাদিগের প্রত্যেক গৃহে সেবা গ্রহণপূর্ব্বক গৃহ ধনে পূর্ণ করেন।

২। নিষ্পীড়নকর্ত্তা যখন প্রস্তরকে হস্তে ধারণ করিল, তখন সে যেন হস্তগৃহীত ঘোটকের ন্যায় হইল এবং চমৎকার সোম প্রস্তুত করিল। প্রস্তর যিনি প্রয়োগ করেন, তিনি শত্রুজয়োপযোগী পুরস্কার লাভ করেন। এই প্রস্তর ঘোটক দান করে, তাহাতে প্রচুর ধন লাভ হয়।

৩। যেমন পূর্ব্বকালে মনুর যজ্ঞে সোমরস আসিয়াছিল, তদ্রূপ এই প্রস্তরের দ্বারা নিষ্পীড়িত সোম জলে প্রবেশ করুন। গাভীদিগকে জলে স্নান করাইবার সময়ে এবং গৃহ নির্ম্মাণ কার্য্যে এবং ঘোটকদিগকে স্নান করাইবার সময় যজ্ঞকালে এই অবিনাশী সোমরসদিগের আশ্রয় লওয়া যায়।

৪। হে প্রস্তরগণ! কর্ম্মবিঘ্নকারী রাক্ষসাদিকে নষ্ট কর, নির্ঋতিকে রুদ্ধ কর, দুর্ম্মতি দূর কর, আমাদিগের ধন ও জন সম্পাদন করিয়া দাও। দেবতাদিগের প্রীতিকর শ্লোকের স্ফূর্ত্তি করিয়া দাও।

৫। যাঁহারা আকাশের অপেক্ষাও অধিক তেজোযুক্ত, যাঁহারা বিভ্বা অপেক্ষাও অধিক শীঘ্র কর্ম্মকারী, যাঁহারা বায়ু অপেক্ষাও সোম প্রস্তুত করিতে অধিক পটু এবং যাঁহারা অগ্নি অপেক্ষাও অধিক অন্নদাতা, সেই প্রস্তরদিগকে পূজা কর।

৬। এই সকল প্রস্তর উজ্জ্বল বাক্যদ্বারা উজ্জ্বলীকৃত হইয়াছে, এই যশস্বী প্রস্তর অন্নস্বরূপ সোমের রস প্রস্তুত করুক। ইহাদিগের সাহায্যে কর্ম্মাধ্যক্ষগণ কোলাহল করিতে করিতে এবং পরস্পরকে ত্বরা দিতে দিতে অতি চমৎকার মধু প্রস্তুত করেন।

৭। এই সকল প্রস্তর চালিত হইয়া সোম প্রস্তুত করিতেছে, সোম দুগ্ধের সহিত মিশ্রিত হইবেন বলিয়া তাঁহার সমস্ত রস ইহারা দোহন করিতেছে। কর্ম্মাধ্যক্ষগণ গাভীর আপীন হইতে দুগ্ধ দোহন করিতেছেন। সোমে সেচন করিবেন ইহাই অভিপ্রায়। ইহা হোম করিতে হইবেক, অতএব এখন মুখে অর্পণ করিতেছেন না।

৮। হে কর্ম্মাধ্যক্ষগণ! হে প্রস্তরগণ! তোমরা ইন্দ্রের জন্য সোম প্রস্তুত করিতেছ, উত্তমরূপে এই কার্য্য সম্পন্ন কর। দিবালোকের জন্য তোমাদের চমৎকার সম্পত্তি উপস্থিত কর; আর পৃথিবীস্থিত সোমযাগকারী ব্যক্তির জন্য উত্তম ধন লইয়া আইস।

৭৭ সূক্ত।

মরুৎ দেবতা। স্যূম রশ্মি ঋষি।

১। মরুৎগণ স্তবে তুষ্ট হইয়া মেঘনির্গত বৃষ্টিবিন্দুর ন্যায় ধন বর্ষণ করিতেছেন। প্রচুর হোম দ্রব্যযুক্ত যজ্ঞের ন্যায়, ইহারা উৎপত্তির কারণস্বরূপ হয়েন। মরুৎদেবতাদিগের এই বৃহৎগণকে আমি পূজা বা স্তব করি নাই, শোভার জন্যও আমার স্তব করা হয় নাই।

২। এই মরুৎগণ পূর্ব্বে মনুষ্য ছিলেন, পুণ্যদ্বারা দেবতা হইয়াছেন, ইহারা শরীর শোভার্থ অলঙ্কার ধারণ করেন। বিস্তর সৈন্য একত্র হইয়াও মরুৎগণকে অতিক্রম করিতে পারে না। আমরা এখনও স্তব করি নাই বলিয়া এই সকল দ্যুলোকের পুত্রগণ, অর্থাৎ মরুৎগণ এখনও দেখা দেন নাই, মহাবল পরাক্রান্ত এই সকল অদিতি সন্তানগণ এখনও বৃদ্ধিযুক্ত হয়েন নাই।

৩। এই সকল মরুৎ আপনা হইতেই স্বর্গের ও পৃথিবীর উপযুক্ত বৃদ্ধি প্রাপ্ত হইয়াছেন। সূর্য্য যেমন মেঘ হইতে বাহির হয়েন, তদ্রূপ ইঁহারা বাহির হয়েন। ইঁহারা বীরপুরুষের ন্যায় বলবান্, ইঁহারা স্তব কামনা করেন, বিপক্ষদিগকে দূর করে এতাদৃশ মনুষ্যের দীপ্তিসম্পন্ন।

৪। হে মরুৎগণ! যখন তোমরা পরস্পর প্রতিঘাত কর, এবং বৃষ্টিপাত হইতে থাকে, তখন পৃথিবী তাহাতে কাতর হয়েন না, দুর্বলও হয়েন না। এই নানাবিধ যজ্ঞীয় সামগ্রী তোমাদিগের নিমিত্ত উত্তমরূপে দেওয়া হইয়াছে, তোমরা অন্নসম্পন্ন ব্যক্তিবর্গের ন্যায় একত্র হইয়া এস।

৫। রজ্জুদ্বারা রথে যোজিত ঘোটকের ন্যায় তোমরা দ্রুতগামী, প্রভাত-কালের আলোকে যেন তোমরা আলোকযুক্ত হইয়াছ; শ্যেনপক্ষীর ন্যায় তোমরা বিপক্ষ দূর কর এবং নিজের কীর্ত্তি নিজে উপার্জ্জন কর, প্রবাসে গমনকারী ব্যক্তিদিগের ন্যায় তোমরা চতুর্দ্দিকে গমনপূর্ব্বক বারি সেচন করিয়া থাক।

৬। হে মরুৎগণ! তোমরা অতি দূর দেশ হইতে প্রচুর পরিমাণ গুপ্ত-ধন বহন করিয়া আনিয়া থাক। চমৎকার সম্পত্তি লাভ করিয়া তোমরা দ্বেষকারীদিগকে গোপনে দূর করিয়া দিয়া থাক।

৭। যে মনুষ্য যজ্ঞ অনুষ্ঠান করিয়া যজ্ঞ সমাপন হইলে মরুৎগণকে দান করেন, তাঁহার অন্ন ও সম্পত্তি ও পুত্রাদি লাভ হয়, তিনি দেবতাদিগের সঙ্গে একত্রে সোম পান করেন।

৮। সেই মরুৎগণ যজ্ঞভাগে অধিকারী, যজ্ঞের সময় রক্ষা করেন, অদিতি আকাশের জলদ্বারা সুখ বিতরণ করেন। তাঁহারা ত্বরিত রথে আসিয়া আমাদিগের বুদ্ধিকে রক্ষা করুন, তাঁহারা যজ্ঞে যাইয়া প্রচুর যজ্ঞ সামগ্রী অভিলাষ করুন।

৭৮ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। মরুৎগণ স্তোতাদিগের মত উত্তম উত্তম স্তবের ধ্যান করিতে পারেন, যাঁহারা যজ্ঞদ্বারা দেবতাদিগকে পরিতৃপ্ত করে, সেই যজমানদিগের ন্যায় উত্তম

কার্য্য করেন, রাজাদিগের ন্যায় তাঁহারা সুশ্রী ও চিত্রবিচিত্র মূর্ত্তি ধারণ করেন, গৃহস্বামিদিগের ন্যায় তাঁহারা নিষ্পাপ।

২। অগ্নির ন্যায় তাঁহাদিগের দীপ্তি; তাঁহাদিগের বক্ষঃস্থলে যেন স্বর্ণালঙ্কার শোভা পাইতেছে; তাঁহারা বায়ুর ন্যায় নিজে সজ্জিত হইয়া তৎক্ষণাৎ গমন করেন; তাঁহারা অভিজ্ঞ ব্যক্তির ন্যায় প্রধান হয়েন এবং উত্তম নেতার কার্য্য করেন, তাঁহারা সোমরসের ন্যায় সুন্দর সুখ বিধান করেন এবং যজ্ঞে গমন করেন।

৩। তাঁহারা বায়ুর ন্যায় যাইতে যাইতে কম্পিত করিয়া যান, অগ্নি জিহ্বার ন্যায় চাকচিক্যময় হয়েন, কবচধারী যোদ্ধাদিগের ন্যায় বীরত্ব করেন; পিতৃলোকদিগের স্তবের ন্যায় সুফল দান করেন।

৪। তাঁহারা রথচক্রের অরসমূহের ন্যায় এক নাভি, অর্থাৎ এক আশ্রয় ধরিয়া আছেন, বিজয়ী বীরের ন্যায় দীপ্তিশালী, দান করিতে উদ্যত মনুষ্যদিগের ন্যায় জলবিন্দু সেক করেন; স্তুতিবাক্য উচ্চারণকারীদিগের ন্যায় সুন্দর শব্দ করেন।

৫। তাঁহারা ঘোটকদিগের ন্যায় সর্ব্বশ্রেষ্ঠ দ্রুতগামী। রথারূঢ় ধনস্বামিদিগের ন্যায় উত্তম দান করেন। তাঁহারা নদীর ন্যায় নিম্ন দিকে জল লইয়া যান, অঙ্গিরাদিগের ন্যায় যেন সাম গান করেন; তাঁহাদিগের মূর্ত্তি নানাবিধ।

৬। জল প্রেরণকারী মেঘের ন্যায় তাঁহারা নদী নির্ম্মাণ করেন। বিদীর্ণকারী অস্ত্রশস্ত্রের ন্যায় সকলি তাঁহারা ধ্বংস করেন। বৎসল মাতার শিশু দিগের ন্যায় তাঁহারা ক্রীড়া করেন। বহুলোকসমূহের ন্যায় তাঁহারা দীপ্তিসহকারে গমন করেন।

৭। প্রভাতের কিরণের ন্যায় তাঁহারা যজ্ঞ আশ্রয় করেন, বিবাহার্থ বরের ন্যায় তাঁহারা অলঙ্কার ধারণপূর্ব্বক শোভাযুক্ত হয়েন; নদীর ন্যায় তাঁহারা ক্রমাগত চলিয়াছেন, তাঁহাদিগের অস্ত্র শস্ত্র চাকচক্য প্রকাশ করিতেছে, দূর পথের পাথকের ন্যায় তাঁহারা বহুযোজন পথ অতিক্রম করেন।

৮। হে মরুৎদেবতাগণ! আমরা স্তবের দ্বারা তোমাদিগকে সংবর্দ্ধনা করিতেছি, আমাদিগকে উৎকৃষ্ট ভাগ দাও, উৎকৃষ্ট রত্ন দাও; স্তবের অনুরোধে বন্ধুত্ব কর। চিরকালই তোমরা রত্ন বিতরণ করিয়া থাক।

৭৯ সূক্ত।

অগ্নি দেবতা। সপ্তি ঋষি।

১। এই অগ্নি অমর, মরণ ধর্ম্মাক্রান্ত মনুষ্যদিগের মধ্যে ইঁহার মহত্ত্ব দেখিতেছি। ইহার হনু দুটী নানামূর্ত্তি ও পরিপূর্ণাকৃতি। ইহারা পরিপূর্ণ হইতেছে এবং চর্ব্বণ না করিয়া বিস্তর বস্তু আহার করিতেছে।

২। ইঁহার মস্তক নিভৃতস্থানে আছে, দুই চক্ষুও ভিন্ন ভিন্ন স্থানে, ইনি চর্ব্বণ না করিয়া কেবল জিহ্বাদ্বারা কাষ্ঠসমূহ ভোজন করিতেছেন, মনুষ্যদিগের মধ্যে অনেকগুলি লোক হস্ত উন্নত করিয়া নমোবাক্য বলিতে বলিতে ইহার নিকট আসিয়া ইহার আহার যোগাইতেছে।

৩। এই অগ্নিরূপী বালক আপনার মাতা পৃথিবীর উপর অগ্রসর হইয়া প্রকাণ্ড প্রকাণ্ড লতাগুলি গ্রাস করিতে যান, তাহাদিগের অপ্রকাশ মূল পর্য্যন্ত ভক্ষণ করে। পৃথিবীর উপর যে গগনস্পর্শী বৃক্ষ আছে, তাহাকে ইনি পক্ব অন্নের ন্যায় গ্রহণ করিলেন, তাঁহার জিহ্বাস্পর্শে বৃক্ষ প্রজ্বলিত হইল।

৪। হে দ্যাবাপৃথিবি! আমি তোমাদিগকে এই কথা সত্য কহিতেছি, এই বালক জাতমাত্র আপনার দুই মাতাকে গ্রাস করে, অর্থাৎ অরণিদ্বয় হইতে জন্মিয়া তাহাদিগকেই দগ্ধ করে। আমি মনুষ্য, অগ্নি দেবতা, ইঁহার বিষয়ে আমি অনভিজ্ঞ, তিনি উৎকৃষ্ট জ্ঞানসম্পন্ন, কি জ্ঞানহীন, তাহা আমি জানি না।

৫। যে ব্যক্তি এই অগ্নিকে শীঘ্র শীঘ্র অন্নদান করে, গব্যঘৃত ও অন্যান্য ঘৃত হোম করে, ইঁহার পুষ্টি সাধন করে, অগ্নি সহস্র চক্ষে তাহার উপর দৃষ্টি রাখেন। হে অগ্নি! তুমি তাহার প্রতি সর্ব্বপ্রকারে অনুকূল থাক।

৬। হে অগ্নি! তুমি কি দেবতাদিগের মধ্যে কোন অপরাধ পাইয়া ক্রোধ ধারণ করিয়াছ? আমি জানি না, এই জন্য তোমাকে একথা জিজ্ঞাসা করিতেছি? যেমন খড়্গদ্বারা কোন গাভীকে খণ্ড খণ্ড করিয়া ছেদন করে, তদ্রূপ তুমি ক্রীড়া কর, আর না কর, কিন্তু তুমি উজ্জ্বল হইয়া তোমার আহারীয়দ্রব্য ভোজনকালে পর্ব্বে পর্ব্বে উহা কর্ত্তন কর (১)।

৭। এই অগ্নি বনে জন্মিয়া এত দ্রুতবেগে অগ্রসর হইতেছেন, যেন সরল

---

(১) মূলে এই রূপ আছে "অত্রবে অদন, বিপর্ব্বশঃ চর্কত গাং ইব অসিঃ।" খাদ্যের জন্য গাভী পর্ব্বে পর্ব্বে কাটা হইত তাহা এই ঋক্ হইতে অনুমিত হয়।

রজ্জুদ্বারা বন্ধনপূর্ব্বক দ্রুতগামী কতকগুলি ঘোটক রথে যোজনা করিয়াছেন, এই বহ্নি কাষ্ঠস্বরূপ ধন পাইয়া বৃহৎ হইয়া উঠিয়াছেন এবং সকলি চূর্ণ করিতেছেন, ইনি বৃক্ষ গ্রাস করতঃ বৃদ্ধিপ্রাপ্ত হইয়া বিপুলমূর্ত্তি হইয়াছেন।

৮০ সূক্ত।

অগ্নি দেবতা। বৈশ্বানর অগ্নি ঋষি।

১। অগ্নি এরূপ ঘোটক দান করেন, যাহাতে আরোহণপূর্ব্বক শত্রুর অন্ন লুণ্ঠনপূর্ব্বক আমরা গৃহ পরিপূর্ণ করি। অগ্নি যে পুত্র প্রদান করেন, সে কর্ম্ম-তৎপর হইয়া যশস্বী হয়। অগ্নি দ্যুলোক ও ভূলোককে শোভাময় করিয়া বিচরণ করেন। অগ্নি নারীকে বহুবীরপ্রসবিনী করেন।

২। অগ্নিকার্য্যের উপযোগী সমিৎকাষ্ঠ কল্যাণকর হউক। অগ্নি প্রকাণ্ড দ্যাবাপৃথিবীতে প্রবেশ করিয়াছেন। অগ্নিই এক ব্যক্তিকে যুদ্ধে যাইবার সাহস প্রদান করেন। অগ্নি মহৎ মহৎ অভিলাষ সকল দয়া করিয়া পূর্ণ করেন।

৩। অগ্নি জরৎকর্ণ নামক ব্যক্তিকে রক্ষা করিয়াছিলেন। অগ্নিই জরুথ নামক শত্রুকে জলের মধ্য হইতে নির্গত করিয়া দগ্ধ করিয়াছেন। যখন প্রতপ্ত কুণ্ডের মধ্যে অত্রি পতিত হয়েন, তখন অগ্নিই তাঁহাকে উদ্ধার করেন। অগ্নি নৃমেধ ঋষিকে সন্তানবান্ করিয়াছিলেন।

৪। অগ্নি পুত্রস্বরূপ মহামূল্য পদার্থ দান করেন, অগ্নি ঋষিকে সহস্র দান করেন, অগ্নি হোমের দ্রব্য লইয়া স্বর্গে দেবতাদিগের মধ্যে ছড়াইয়া দেন, অগ্নির বৃহৎ বৃহৎ অনেক স্থান আছে।

৫। ঋষিগণ স্তবের দ্বারা অগ্নিকে আহ্বান করেন, বিপদগ্রস্ত পথিকগণ অগ্নিকে আহ্বান করেন, আকাশে উড্ডীয়মান পক্ষীরা অগ্নিকে আহ্বান করে, অগ্নি এক সহস্র গাভী বেষ্টন করিয়া থাকেন।

৬। মনুষ্যজাতীয় প্রজাবর্গ অগ্নিকে স্তব করে, নহুষের সন্তান মনুষ্যগণও তাহাই করেন। গন্ধর্ব্বদিগের নিকটও অগ্নি যজ্ঞকালে স্তব প্রাপ্ত হয়েন। অগ্নি গতি যেন ঘৃতের মধ্যে নিমগ্ন রহিয়াছে।

৭। ঋভুগণ অগ্নির জন্য বৈদিক স্তব রচনা করিয়াছেন। হে অগ্নি! তোমার এই সুরচিত বৃহৎ স্তব পাঠ করিলাম। হে যুবা অগ্নি! এই স্তব-কারীকে রক্ষা কর। বিস্তর সম্পত্তি আনিয়া দাও।

৮১ সূক্ত।

বিশ্বকর্ম্মা দেবতা। বিশ্বকর্ম্মা ঋষি। (১)

১। আমাদিগের পিতা সেই যে ঋষি, যিনি বিশ্বভুবনে হোম করিতে বসিয়াছিলেন, তিনি অভিলাষসহকারে ধনের কামনা করিয়া প্রথমাগত ব্যক্তিদিগকে আচ্ছাদনপূর্ব্বক পশ্চাদাগতদিগের মধ্যে অনুপ্রবেশ করিলেন।

২। সৃষ্টিকালে তাঁহার অধিষ্ঠান, অর্থাৎ আশ্রয়স্থলে কি ছিল? কোন্ স্থান হইতে কিরূপে তিনি সৃষ্টি কার্য্য আরম্ভ করিলেন? সেই বিশ্বকর্ম্মা, বিশ্বদর্শনকারী দেব কোন্ স্থানে থাকিয়া পৃথিবী নির্ম্মাণপূর্ব্বক প্রকাণ্ড আকাশকে উপরে বিস্তারিত করিয়া দিলেন।

৩। সেই এক প্রভু, তাঁহার সকল দিকে চক্ষু, সকল দিকে মুখ, সকল দিকে হস্ত, সকল দিকে পদ(২), ইনি দুই হস্তে এবং বিবিধ পক্ষ সঞ্চালনপূর্ব্বক নির্ব্বাণ করেন, তাহাতে বৃহৎ দ্যুলোক ও ভূলোক রচনা হয়।

৪। সে কোন্ বন? কোন্ বৃক্ষের কাষ্ঠ? যাহা হইতে দ্যুলোক ও ভূলোক গঠন করা হইয়াছে? হে বিদ্বান্‌গণ! তোমরা একবার আপন আপন মনে জিজ্ঞাসা করিয়া দেখ, দেখ তিনি কিসের উপর দাঁড়াইয়া ব্রহ্মাণ্ড ধারণ করেন(৩)?।

৫। হে বিশ্বকর্ম্মা! হে যজ্ঞভাগগ্রাহী! তোমার যে সকল উত্তম ও মধ্যম ও নিম্নবর্ত্তী ধাম আছে, যজ্ঞের সময় সেগুলি আমাদিগকে বলিয়া দাও; তুমি নিজে নিজের যজ্ঞ করিয়া নিজ শরীর পুষ্টি কর।

৬। হে বিশ্বকর্ম্মা! কি পৃথিবীতে, কি স্বর্গে, তুমি নিজে নিজে যজ্ঞ করিয়া নিজ শরীর পুষ্টি কর। চতুর্দ্দিকের তাবৎ লোক নির্ব্বোধ। ইন্দ্র আমাদিগের প্রেরণকর্ত্তা হউন, অর্থাৎ বুদ্ধিস্ফূর্ত্তি করিয়া দিন।

৭। অদ্য এই যজ্ঞে সেই বিশ্বকর্ম্মাকে রক্ষার জন্য ডাকিতেছি, তিনি

(১) ঋষিগণ প্রকৃতির ভিন্ন ভিন্ন কার্য্যসমূহের একমাত্র নিয়ন্তা পরমেশ্বরের অনুভব করিতে সক্ষম হইয়াছেন। ৮১ ও ৮২ সূক্তে সেই বিশ্বের নিয়ন্তাকে বিশ্বকর্ম্মা নাম দিয়া অভিহিত করা হইয়াছে।

(২) এগুলি উপমা মাত্র। ইহাদ্বারা সৃষ্টিকর্ত্তার অপরিমিত দর্শনশক্তি, কার্য্যশক্তি, গতি প্রভৃতিমাত্র প্রকটিত হইয়াছে।

(৩) অর্থাৎ কোনও নির্ম্মাণের উপকরণ, বা অবলম্বনই ছিলনা। শূন্য হইতে সৃষ্টিকর্ত্তা বিশ্বভুবন সৃষ্টি করিয়াছেন।

বাচস্পতি, অর্থাৎ বাক্যের অধিপতি, মন তাঁহাতে সংলগ্ন হয়, তিনি সকল কল্যাণের উৎপত্তিস্থান, তাঁহার কার্য্যমাত্রই চমৎকার, তিনি আমাদিগের তাবৎ যজ্ঞ স্বীকারপূর্ব্বক আমাদিগকে রক্ষা করুন।

৮২ সুক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। সেই সুধীর পিতা উত্তমরূপে দৃষ্টি করিয়া, মনে মনে আলোচনা করিয়া জলাকৃতি পরস্পর সম্মিলিত এই দ্যাবাপৃথিবী সৃষ্টি করিলেন(১)। যখন ইহার চতুঃসীমা ক্রমশ দূর হইয়া উঠিল, তখন দ্যুলোক ও ভূলোক পৃথক্ হইয়া গেল।

২। যিনি বিশ্বকর্ম্মা, তাঁহার মন বৃহৎ, তিনি নিজে বৃহৎ, তিনি নির্ম্মাণ করেন, ধারণ করেন, তিনি সর্ব্বশ্রেষ্ঠ, এবং সকল অবলোকন করেন, সপ্তঋষির পরবর্ত্তী যে স্থান, তথায় তিনি একাকী আছেন, বিদ্বান্‌গণ এইরূপ কহেন; সেই বিদ্বান্‌দিগের অভিলাষ সকল অন্নদ্বারা পরিপূর্ণ হয়।

৩। যিনি আমাদিগের জন্মদাতা পিতা, যিনি বিধাতা, যিনি বিশ্বভুবনের সকল ধাম অবগত আছেন, যিনি একমাত্র, অথচ সকল দেবের নাম ধারণ করেন(২), অন্য তাবৎ ভুবনের লোকে তাঁহার বিষয়ে জিজ্ঞাসাযুক্ত হয়।

৪। স্থাবরজঙ্গমস্বরূপ এই বিশ্বভুবন গঠন হইলে পর, যে সকল ঋষি এই সমস্ত প্রাণী সৃষ্টি করিয়াছিলেন, সেই প্রাচীন ঋষিগণ প্রভূত স্তব করিতে করিতে অনেক ধন ব্যয় করিয়া যজ্ঞানুষ্ঠান করিয়াছিলেন।

৫। যাহা দ্যুলোকের অপর পারে, যাহা এই পৃথিবী অতিক্রম করিয়া বিদ্যমান আছে, যাহা অসুর দেবগণকে(৩) অতিক্রম করিয়া আছে, জলগণ এমন কোন্ গর্ভ ধারণ করিয়াছিলেন, যাহার মধ্যে তাবৎ দেবতা অন্তর্ভূত থাকিয়া পরস্পরকে এক স্থানে মিলিত দেখিতেছে?

৬। সেই অজাত পুরুষের নাভিদেশে যে সৃষ্টি সংস্থাপিত হইয়াছিল,

(১) বিশ্বভুবন প্রথমে জলাকৃতি ছিল, একথা অন্যান্য ধর্ম্মশাস্ত্রে যেরূপ দেখা যায়, বেদেও সেইরূপ দেখা যায়।

(২) ভিন্ন ভিন্ন দেবগণ কেবল এক ঈশ্বরের ভিন্ন ভিন্ন নাম মাত্র, তাহা এই ঋকের ঋষি অনুভব করিয়াছেন।

(৩) মূলে "দেবেভিঃ অসুরৈঃ" আছে। অর্থাৎ বলবান্ দেবগণ।

তাহাতে সমস্ত ব্রহ্মাণ্ড অবস্থিত আছে, ইহাই জলগণ আপন গর্ভস্বরূপ ধারণ করিয়াছিল, ইহার মধ্যেই দেবতারা পরস্পর সাক্ষাৎ করেন।

৭। যিনি ইহা সৃষ্টি করিয়াছেন, তাঁহাকে তোমরা বুঝিতে পার না, তোমাদিগের অন্তঃকরণ তাহা বুঝিবার ক্ষমতা প্রাপ্ত হয় নাই। কুজ্ঝটিকাতে আচ্ছন্ন হইয়া লোকে নানা প্রকার জল্পনা করে (৪), তাহারা আপন প্রাণের তৃপ্তির জন্য আহারাদি করে এবং স্তব স্তুতি উচ্চারণ করতঃ বিচরণ করে।

৮৩ সূক্ত।

মন্যু দেবতা। মন্যু ঋষি।

১। হে মন্যু, অর্থাৎ ক্রোধের অধিষ্ঠাত্রী দেবতা! হে বজ্রতুল্য! হে বাণসদৃশ! যে ব্যক্তি তোমার পরিচর্য্যা করে, সে সর্ব্বদা সর্ব্বপ্রকার তেজঃ ও বল ধারণ করে, তোমাকে সহায় পাইয়া আমরা যেন দাসজাতি ও আর্য্যজাতি উভয়ের সঙ্গেই যুদ্ধ করিতে পারক হই(১); কারণ, তুমি বলের কর্ত্তা, নিজে বলরূপ ও বলবান্।

২। মন্যুই নিজে ইন্দ্র, মন্যুই দেবতা, তিনি হোতা, তিনি বরুণ, তিনি জাতবেদা বহ্নি। মনুষ্যজাতীয় তাবৎ প্রজা মন্যুকে স্তব করে। হে মন্যু! তপস, অর্থাৎ আমার পিতার সহিত মিলিত হইয়া আমাদিগকে রক্ষা কর।

৩। হে মন্যু অতি বিপুল মূর্ত্তি ধারণপূর্ব্বক এস, তপস, অর্থাৎ আমার পিতাকে সহায় করিয়া শত্রুদিগকে ধ্বংস কর। তুমি শত্রু সংহারকারী, বৃত্র নিধনকারী এবং দস্যুজাতির প্রাণবধকারী(২)। আমাদিগের জন্য সর্ব্বপ্রকার সম্পত্তি আনিয়া দাও।

৪। হে মন্যু তোমার তেজঃ সকলকে পরাভব করে? তুমি স্বয়ম্ভু, তুমি দীপ্তিশীল, শত্রু জয়কারী, চতুর্দ্দিক দর্শনকারী, শত্রুর আক্রমণ সহ্য করিতে সমর্থ এবং বলবান্। আমাদিগের সেনাবর্গকে তেজোযুক্ত কর।

(৪) সৃষ্টির ও সৃষ্টিকর্ত্তার কথা আলোচনা করিয়া ঋগ্বেদের ঋষি চারিসহস্র বৎসর পূর্ব্বে যাহা বলিয়া গিয়াছেন, অদ্য সভ্য জগতের ধীশক্তিসম্পন্ন পণ্ডিতগণ সেই কথাই বলিতেছেন, মনুষ্যেরা তাঁহাকে বুঝিতে পারে না, কুজ্ঝটিকাতে আচ্ছন্ন হইয়া লোকে নানা প্রকার জল্পনা করে।

(১) দাসজাতি ও আর্য্যজাতির উল্লেখ।

(২) দস্যুজাতির কথা।

৫। হে উৎকৃষ্ট জ্ঞানসম্পন্ন! যজ্ঞভাগের আয়োজন করিতে না পারিয়া আমি তোমাকে পূজা দিতে বিমুখ হইয়াছি। যদিচ তুমি মহান্, তথাপি আমি পূজা দিই নাই। হে মন্যু! এই রূপে তোমার যজ্ঞ সম্পাদনে শৈথিল্য করিয়া এখন লজ্জা পাইতেছি। তুমি নিজ গুণে আপন ইচ্ছায় আমাকে বল দিতে এস।

৬। হে মন্যু! এই আমি তোমার নিকটে আসিয়াছি, তুমি অনুকূল হইয়া আমার নিকট আসিয়া অবতীর্ণ হও। তুমি আক্রমণ সহ্য করিতে সমর্থ, তুমি সকলের ধারণকর্ত্তা। হে বজ্রধারী মন্যু! আমার নিকটে বৃদ্ধি প্রাপ্ত হও, আমাকে আত্মীয় জ্ঞান কর, তাহা হইলে আমি দস্যুদিগকে বধ করিতে পারি(৩)।

৭। নিকটে এস, আমার দক্ষিণ হস্তের দিকে অবস্থিত হও, তাহা হইলে বৃত্রদিগকে নিধন করিতে পারি, তোমার নিমিত্ত মধুর উৎকৃষ্ট অংশ হোম করিতেছি, উহাদ্বারা প্রাণধারণ সম্পন্ন হইবেক। এস, তোমাতে আমাতে সর্ব্বাগ্রে গোপনে মধু পান করা যাউক।

৮৪ সূক্ত।

ঋষি ও দেবতা পূর্ব্ববৎ।

১। হে মন্যু! মরুদ্গণ তোমার সহিত এক রথে আরোহণপূর্ব্বক আহ্লাদিত ও দুর্দ্ধর্ষ হইয়া তীক্ষ্ণবাণ লইয়া যুদ্ধের অস্ত্রশস্ত্র শাণিত করিতে করিতে অগ্নি মূর্ত্তিতে নেতার কার্য্য করিতে করিতে যুদ্ধ যাত্রা করুন।

২। হে মন্যু! তুমি অগ্নির ন্যায় উজ্জ্বল হইয়া শত্রু পরাভব কর, তুমি সহ্য করিতে সমর্থ, তোমাকে আহ্বান করা হইয়াছে; তুমি আমাদিগের সৈন্যাধ্যক্ষ হও। শত্রুদিগকে নিধন করিয়া তাহাদিগের অন্ন ভাগ করিয়া দাও। তেজঃ সৃষ্টি করিয়া বিপক্ষদিগকে তাড়াইয়া দেও।

৩। হে মন্যু! আমাদিগের হিংসককে পরাজয় কর; ভাঙিতে ভাঙিতে মারিতে মারিতে, নিধন করিতে করিতে, শত্রুদিগের সম্মুখীন হও। তোমার

(৩) পুনর্ব্বার দস্যুজাতির উল্লেখ।

দুর্দ্ধর্ষ বল কে রোধ করিবে ? তুমি একাই সকলকে বশীভূত কর, কিন্তু নিজে নিজেরি বশ।

৪। হে মন্যু! তুমি এক, অনেকে তোমাকে স্তব করে। প্রত্যেক মনুষ্যকে যুদ্ধের জন্য তীক্ষ্ণতেজা কর, তোমাকে সহায় পাইলে আমাদিগের উজ্জ্বলতা কখন নষ্ট হয় না, আমরা জয় লাভের জন্য প্রবল সিংহনাদ করিতে থাকি।

৫। তুমি ইন্দ্রের ন্যায় বিজয়ী, তোমার কোন অপভাষা, বা নিন্দা নাই, এই স্থানে তুমি আমাদিগের রক্ষাকর্ত্তা হও। হে সহনশীল! তোমার প্রিয় নাম আমরা উচ্চারণ করিতেছি, যে উৎপত্তিস্থান হইতে তুমি জন্মিয়াছ তাহা আমরা জানি।

৬। হে বজ্রতুল্য! হে বাণতুল্য! শত্রুপরাভব করা তোমার সহজ, অর্থাৎ স্বভাব সিদ্ধ। হে শত্রুপরাভবকারী! তুমি উৎকৃষ্ট তেজঃ ধারণ কর, হে মন্যু! তোমাকে বিস্তর লোকে ডাকে। আমরা তোমাকে যজ্ঞ দিতেছি, অতএব যখন তুমুল সংগ্রাম উপস্থিত হয়, আমাদিগের প্রতি স্নেহবান্ হইও।

৭। বরুণ এবং মন্যু তাঁহাদিগের দুই জনের ধন একত্র মিশ্রিত করিয়া আমাদিগকে দান করুন, শত্রুগণ মনের মধ্যে ভয় প্রাপ্ত ও পরাজিত হউক এবং বিলীন হইয়া যাউক।

৮৫ সূক্ত। (১)

সোম, প্রভৃতি দেবতা। সূর্য্যা ঋষি।

১। সত্যই পৃথিবীকে উত্তম্ভিত করিয়া রাখিয়াছেন, সূর্য্য স্বর্গকে উত্তম্ভিত করিয়া রাখিয়াছেন, ঋতপ্রভাবে আদিত্যগণ আকাশে অবস্থিত আছেন, উহারই প্রভাবে সোম সেই স্থান আশ্রয় করিয়া আছেন।

২। সোমের প্রভাবে আদিত্যগণ বলবান্ হয়েন, সোমের প্রভাবে পৃথিবী প্রকাণ্ড হইয়াছে, অপিচ, এই সকল নক্ষত্রের সন্নিধানে সোমকে রাখিয়া দেওয়া হইয়াছে।

৩। যখন উদ্ভিজ্জরূপী সোমকে নিষ্পীড়ন করে, তখন লোকে ভাবে, তাহার সোম পান করা হইল। কিন্তু স্তোতাগণ যাহা প্রকৃত সোম বলিয়া জানেন, তাহা কেহই পান করিতে পায় না।

(১) পণ্ডিতবর রোথ এই ৮৫ সূক্তটী অপেক্ষাকৃত আধুনিক বলেন। *Nirukta*, p. 147.

৪। হে সোম! স্তোতাগণ গোপন করিবার ব্যবস্থা করিয়া তোমাকে গোপন করিয়া রাখেন। তুমি পাষাণের শব্দ শুনিতে থাক, পৃথিবীর কেহই তোমাকে পান করিতে পায় না।

৫। হে দেবসোম! তোমাকে যে পান করা হয়, তাহাতে তোমার ক্ষয় না হইয়া আবার বৃদ্ধিই হইয়া থাকে। যেরূপ সংবৎসরকে মাসগুলি রক্ষা করে, সেইরূপ বায়ু সোমকে রক্ষা করেন, উভয়ের আকৃতি, অর্থাৎ স্বরূপ এক।

৬। সূর্য্যার, অর্থাৎ সূর্য্যদুহিতার বিবাহকালে রৈভী নাম্নী ঋক্‌গুলি ঐ সূর্য্যার সহচরী হইয়াছিল, নরাশংসী নামক ঋক্‌গুলি উহার দাসী হইল। সূর্য্যার অতি সুন্দর বস্ত্র গাথা অর্থাৎ সামগান দ্বারা পরিষ্কৃত হইয়া আসিয়াছিল।

৭। যখন সূর্য্যা পতিগৃহে গমন করিলেন, তখন চৈতন্য স্বরূপ উপবর্হন সঙ্গে চলিল, চক্ষুই তাঁহার অভ্যঞ্জন। দ্যুলোক ও ভূলোক তাঁহার কোশস্বরূপ হইয়াছিল।

৮। স্তবসমূহ তাহার রথের প্রতিধি, অর্থাৎ চক্রাশ্রয় ছিল; কুরীর নামক ছন্দ রথের অভ্যন্তরভাগ হইল। অশ্বিদ্বয় সূর্য্যার বর হইলেন, অগ্নি অগ্রগামি দূতস্বরূপ হইলেন।

৯। সূর্য্যা মনে মনে পতি প্রার্থনা করিতেছিলেন, তাহাতে সূর্য্য যখন সূর্য্যাকে সম্প্রদান করিলেন, তখন সোম তাঁহার বিবাহার্থী ছিলেন, কিন্তু অশ্বি-দ্বয়ই তাঁহার বরস্বরূপে পরিগৃহীত হইলেন(২)।

১০। মনই তাঁহার শকট হইল, আকাশই ঊর্দ্ধাচ্ছাদন হইল। দুই শুক্র, (অর্থাৎ দুটী শুকতারা) তাঁহার শকটবাহী হইল; এইরূপে সূর্য্যা পতির গৃহে গমন করিলেন।

১১। ঋক্ ও সামদ্বারা বর্ণিত দুই বৃষ তাঁহার শকট, এই স্থান হইতে বহিয়া লইয়া গেল। হে সূর্য্যা! দুই কর্ণ তোমার রথচক্র হইল, আর সেই রথের পথ আকাশে, ঐ পথে সর্ব্বদা গতায়াত হইয়া থাকে।

১২। যাইবার সময় তোমার দুই রথচক্র অতি উজ্জ্বল হইল, সেই রথে বিস্তারিত অক্ষ সংস্থাপিত ছিল। সূর্য্যা পতিগৃহে যাইতে উদ্যত হইয়া মনঃ স্বরূপ শকটে আরোহণ করিলেন।

১৩। পতিগৃহে গমনকালে সূর্য্য সূর্য্যাকে যে উপঢৌকন দিয়াছিলেন, তাহা অগ্রে অগ্রে চলিল। মঘা নক্ষত্রের উদয়[illegible] সেই উপঢৌকনের অঙ্গভূত

(২) সূর্য্যার বিবাহ সম্বন্ধে ১। ১১৬। ১৭ ঋকের টীকা দেখ।

গাভীদিগকে তাড়াইয়া লইয়া যায়, অর্জ্জুনী, অর্থাৎ ফাল্গুনী নামক দুই নক্ষত্রের উদয় কালে সেই উপঢৌকন বহিয়া লইয়া যায়।

১৪। হে অশ্বিদ্বয়! তোমরা যখন ত্রিচক্রযুক্ত রথে আরোহণপূর্ব্বক জিজ্ঞাসা করিতে করিতে সূর্য্যার বিবাহদান গ্রহণ করিলে, তখন সকল দেবতা তোমাদিগের সেই গ্রহণকার্য্য অনুমোদন করিলেন, পূষা তোমাদিগের পুত্র হইয়া তোমাদিগকে কন্যার বরস্বরূপ বরণ করিলেন।

১৫। হে অশ্বিদ্বয়! তোমরা যখন বর হইয়া সূর্য্যাকে বরণ করিতে নিকটে গমন করিলে, তখন তোমাদিগের একখানি চক্র কোথায় ছিল, তোমরা পথ জিজ্ঞাসা করিবার জন্য কোথায় দাঁড়াইয়াছিলে?

১৬। স্তোতাগণ জানেন যে, কালে কালে অগ্রসর হইয়া থাকে এরূপ দুইখানি চক্র প্রসিদ্ধ আছে, আর অতি গোপনীয় একখানি যে চক্র আছে, তাহা বিদ্বানেরা জানেন।

১৭। সূর্য্যা ও দেবগণ এবং মিত্র ও বরুণ, ইঁহারা প্রাণিবর্গের শুভচিন্তা করেন, ইঁহাদিগকে নমস্কার করিলাম।

১৮। এই দুইটী শিশু ক্ষমতাবলে পূর্ব্ব ও পশ্চিমে বিচরণ করেন, ইঁহারা ক্রীড়া করিতে করিতে যজ্ঞে যান। একজন, (অর্থাৎ চন্দ্র) ভুবনে ঋতু ব্যবস্থা করিতে করিতে সংসার অবলোকন করেন। দ্বিতীয়, (অর্থাৎ সূর্য্য) ঋতুগণ বিধান করিতে করিতে পুনঃ পুনঃ জন্মগ্রহণ করেন।

১৯। সেই সূর্য্য দিনের পতাকা, অর্থাৎ জ্ঞাপনকর্ত্তা, প্রত্যহ নূতন, নূতন হইয়া প্রভাতের অগ্রে আসিয়া থাকেন। আসিয়া দেবতাদিগকে যজ্ঞভাগ দিবার ব্যবস্থা করেন। চন্দ্র দীর্ঘ আয়ুঃ বিতরণ করেন।

২০। হে সূর্য্যা! তোমার পতিগৃহেতে যাইবার রথে সুন্দর পলাশ তরু, সুন্দর শাল্মলীবৃক্ষ আছে, অর্থাৎ ঐ কাষ্ঠে নির্ম্মিত ইহার মূর্ত্তি উৎকৃষ্ট, সুবর্ণের ন্যায় প্রভা। উহা উত্তমরূপে পরিবেষ্টিত, উহার সুন্দর চক্র, উহা সুখের আবাসস্থান। তোমার পতিগৃহে অতি প্রচুর উপঢৌকন লইয়া যাও।

২১। হে বিশ্বাবসু! (৩) এই স্থান হইতে গাত্রোত্থান কর, যেহেতু এই কন্যার বিবাহ হইয়া গিয়াছে। নমস্কার ও স্তবের দ্বারা বিশ্বাবসুকে স্তব করি। আর যে কোন কন্যা পিতৃগৃহে বিবাহ লক্ষণযুক্তা হইয়া আছে, তাহার

(৩) বিশ্বাবসু বিবাহের অধিষ্ঠাতা।

নিকটে গমন কর; সেই তোমার ভাগস্বরূপ জন্মিয়াছে, তাহার বিষয় অবগত হও।

২২। হে বিশ্বাবসু! এই স্থান হইতে গাত্রোত্থান কর। নমস্কার দ্বারা তোমাকে পূজা করি। নিতম্ববতী, অন্য অবিবাহিতা নারীর নিকটে যাও, তাহাকে পত্নী করিয়া স্বামিসংসর্গিণী করিয়া দাও(৪)।

২৩। যে সকল পথ দিয়া আমাদিগের বন্ধুগণ বিবাহের জন্য কন্যা প্রার্থনা করিতে যান, সেই সকল পথ যেন সরল ও কণ্টকবিহীন হয়, অর্য্যমা এবং ভগ আমাদিগকে উত্তমরূপে লইয়া চলুন। হে দেবগণ! পতি পত্নী যেন পরস্পর উৎকৃষ্টরূপে গ্রথিত হয়।

২৪। হে কন্যা! সুন্দরমূর্ত্তিধারী সূর্য্যদেব যে বন্ধনের দ্বারা তোমাকে বদ্ধ করিয়াছিলেন, সেই বরুণের বন্ধন হইতে তোমাকে মোচন করিতেছি। যাহা সত্যের আধার, যাহা সৎকর্ম্মের আবাসস্থানস্বরূপ, এইরূপ স্থানে তোমাকে নিরুপদ্রবে তোমার পতির সহিত স্থাপন করিতেছি।

২৫। এই নারীকে এই স্থান হইতে মোচন করিতেছি, অপর স্থান হইতে নহে(৫)। অপর স্থানের সহিত ইহাকে উত্তমরূপ গ্রথিত করিয়া দিলাম। হে বৃষ্টিবর্ষণকারী ইন্দ্র! ইনি যেন সৌভাগ্যবতী ও উৎকৃষ্ট পুত্রবতী হয়েন।

২৬। পুষা তোমাকে হস্তে ধারণ করিয়া এস্থান হইতে লইয়া যাউন। অশ্বিদ্বয় তোমাকে রথে বহন করুন। গৃহে যাইয়া গৃহের কর্ত্রী হও। তোমার গৃহের সকলের উপর প্রভু হইয়া প্রভুত্ব কর।

২৭। এই স্থানে সন্তানসন্ততি জন্মিয়া তোমার প্রীতিলাভ হউক। এই গৃহে সাবধান হইয়া গৃহকার্য্য সম্পাদন কর। এই স্বামির সহিত আপন শরীর সম্মিলিত কর, বৃদ্ধাবস্থা পর্য্যন্ত নিজ গৃহে প্রভুত্ব কর।

২৮। নীল ও লোহিত বর্ণ হইতেছে; ইহাতে অনুমান হইতেছে যে, কৃত্যার আক্রমণ হইয়াছে। এই নারীর জ্ঞাতিগণ বৃদ্ধি পাইতেছে। ইহার স্বামী নানা বন্ধনে বদ্ধ হইতেছে।

(৪) কন্যা বিবাহে লক্ষণপ্রাপ্তা হইলে পর, তাহার বিবাহ দেওয়া বিধেয়, এই মত ২১ ও ২২ ঋকে প্রতীয়মান হইতেছে। এই স্থান হইতে সূক্তের শেষ পর্য্যন্ত বিবাহের বিবরণ ও মন্ত্র পাওয়া যায়।

(৫) অর্থ বোধ হয় পিতৃকুল হইতে মোচন করিয়া স্বামিকুলে গ্রথিত করিলাম, ২৬ ও ২৭ ঋকে বিবাহিতা স্ত্রীর প্রতি উপদেশ।

২৯। মলিন বস্ত্র ত্যাগ কর। স্তোতাদিগকে ধন দান কর। এই কৃত্যা পাদযুক্তা হইয়াছে, অর্থাৎ চলিয়া গিয়াছে। পত্নী পতির সহিত এক হইয়া যাইতেছে।

৩০। যদি পতি বধূর বস্ত্রদ্বারা আপন অঙ্গ আচ্ছাদন করিবার চেষ্টা করেন, তাহা হইলে এই কৃত্যা আক্রমণ করে, উজ্জ্বল শরীরও শ্রীভ্রষ্ট হইয়া যায়।

৩১। যাহারা বরের নিকট হইতে বধূর নিকট লব্ধ আহ্লাদজনক উপঢৌকন সরাইয়া লইতে আসে, তাহারা যথা হইতে আসিয়াছিল, তথায় যজ্ঞভাগগ্রাহী দেবতাগণ তাহাদিগকে পাঠাইয়া দিন, অর্থাৎ বিফলপ্রয়াস করিয়া দিন।

৩২। যাহারা বিপক্ষতাচরণ করিবার জন্য এই পতি পত্নীর নিকটে আসে, তাহারা বিনাশ প্রাপ্ত হউক। পতি পত্নী যেন সুবিধার দ্বারা অসুবিধা সমস্ত কাটাইয়া উঠেন। শত্রুগণ দূরে পলায়ন করুক।

৩৩। এই বধূ অতি লক্ষণান্বিতা, তোমরা এস, ইহাকে দেখ। সৌভাগ্য, অর্থাৎ স্বামীর প্রীতিপাত্র হউক, ইহাকে এইরূপ আশীর্ব্বাদ করিয়া নিজ নিজ গৃহে প্রতিগমন কর।

৩৪। এই বস্ত্র দূষিত, অগ্রাহ্য, মালিন্যযুক্ত ও বিষযুক্ত। ইহা ব্যবহারের যোগ্য নহে। যে, ব্রহ্মা নামা ঋত্বিক্ বিদ্বান্ সে বধূর বস্ত্র পাইতে পারে (৬)।

৩৫। দেখ, সূর্য্যার মূর্ত্তি কি প্রকার, ইহার বস্ত্র কোথাও অর্দ্ধেক ছিন্ন, কোথাও মধ্যে ছিন্ন, কোথাও চতুর্দ্দিকে ছিন্ন। কিন্তু ব্রহ্মা নামক, ঋত্বিক্ তিনি তাহা শোধন অর্থাৎ নবীকৃত করেন।

৩৬। [স্বামীর উক্তি] তুমি সৌভাগ্যবতী হইবে বলিয়া তোমার হস্তধারণ করিতেছি। আমাকে পতি পাইয়া তুমি বৃদ্ধাবস্থায় উপনীত হও, এই প্রার্থনা করি, ভগ ও অর্য্যমা ও সবিতা পুরন্ধি সহিত, এই সকল দেবতা আমার গৃহস্থ গৃহকার্য্য করিবার জন্য তোমাকে আমার হস্তে সমর্পণ করিয়াছেন।

৩৭। হে পূষা! যে নারীর গর্ভে মনুষ্যগণ বীজ বপন করে, তাহাকে তুমি যারপরনাই কল্যাণসম্পন্না করিয়া পাঠাইয়া দও। সে কামবশ হইয়া নিজ শরীর সমর্পণ করে, আমরা কামবশ হইয়া তা লঙ্ঘন করি।

৩৮। হে অগ্নি! উপঢৌকন সমেত সূর্য্যাকে অগ্রে তোমার নিকট লইয়া

(৬) এই ঋকগুলি বিবাহের আচার সম্বন্ধে। এক্ষণে যেমন নাপিত বিবাহের বস্ত্র লাভ করে, তৎকালে বোধ হয় সে বস্ত্র ঋত্বিকের প্রাপ্য ছিল।

যাওয়া হয়। তুমি সন্তানসন্ততিসমেত বনিতাকে পতিদিগের নিকট সমর্পণ করিলে।

৩৯। অগ্নি আবার লাবণ্য ও পরমায়ুঃ দিয়া বনিতাকে প্রদান করিলেন। এই বনিতার পতি দীর্ঘায়ুঃ হইয়া একশত বৎসর জীবিত থাকিবে (৭)।

৪০। প্রথমে তোমাকে সোম বিবাহ করে, পরে গন্ধর্ব্ব বিবাহ করে, তোমার তৃতীয় পতি অগ্নি, মনুষ্যসন্তান তোমার চতুর্থ পতি।

৪১। সোম সেই নারী গন্ধর্ব্বকে দিলেন, গন্ধর্ব্ব অগ্নিকে দিলেন, অগ্নি ধনপুত্র সমেত এই নারী আমাকে দিলেন (৮)।

৪২। [বর বধূর প্রতি উক্তি] হে বরবধূ! তোমরা এইস্থানেই উভয়ে থাক, পরস্পর পৃথক্ হইও না, নানা খাদ্য ভোজন কর, আপন গৃহে থাকিয়া পুত্র পৌত্রদিগের সঙ্গে আমোদ আহ্লাদ ও ক্রীড়া বিহার কর।

৪৩। [বধূর প্রতি উক্তি] প্রজাপতি আমাদিগের সন্তানসন্ততি উৎপাদন করিয়া দিন, অর্য্যমা আমাদিগকে বৃদ্ধাবস্থা পর্য্যন্ত মিলন করিয়া রাখুন। হে বধূ! তুমি উৎকৃষ্ট কল্যাণসম্পন্ন হইয়া পতিগৃহে অধিষ্ঠান কর। আমাদিগের দাসদাসী এবং আমাদিগের পশুগণের মঙ্গল বিধান কর।

৪৪। তোমার চক্ষু যেন দোষ শূন্য হয়, তুমি পতির কল্যাণকরী হও, পশুদিগের মঙ্গলকারিণী হও, তোমার মন যেন প্রফুল্ল এবং লাবণ্য, যেন উজ্জ্বল হয়। তুমি বীরপুত্র প্রসবিনী এবং দেবতাদিগের প্রতি ভক্ত হও। আমাদিগের দাস দাসী, (ইত্যাদি পূর্ব্বঋকের শেষ অংশের সহিত এক)।

৪৫। [ইন্দ্রের নিকট প্রার্থনা] হে বৃষ্টিবর্ষণকারী ইন্দ্র! এই নারীকে তুমি উৎকৃষ্ট পুত্রবতী ও সৌভাগ্যবতী কর। ইঁহার গর্ভে দশ পুত্র সংস্থাপন কর, পতিকে লইয়া একাদশ ব্যক্তি কর।

৪৬। [বধূর প্রতি উক্তি] তুমি শ্বশুরের উপর প্রভুত্ব কর, শ্বশ্রূকে বশ কর, ননদ ও দেবরগণের উপর সম্রাটের ন্যায় হও।

৪৭। [বর বধূর উক্তি] তাবৎ দেবগণ আমাদিগের উভয়ের হৃদয়কে মিলিত করিয়া দিন। বায়ু ও ধাতা ও বাগ্দেবী আমাদিগের উভয়কে পরস্পর সংযুক্ত করুন।

(৭) মনুষ্য জীবনের সীমা শত বৎসর।

(৮) কন্যাকে বোধ হয় সোম ও গন্ধর্ব্ব ও অগ্নির নিকট সমর্পণ করিয়া পরে বিবাহ কার্য্য সম্পন্ন হইত।

৮৬ সূক্ত।

ইন্দ্র প্রভৃতি দেবতা। ইন্দ্র প্রভৃতিই ঋষি।

১। সোম প্রস্তুত করিবার জন্য তাহাদিগকে ইন্দ্র বিদায় দিলেন; কিন্তু তাহারা ইন্দ্রকে স্তব করিল না। আমার সখা, অর্থাৎ আমার পুত্র বৃষাকপি সেই সোম পানে মত্ত হইল, হৃষ্টপুষ্টদিগের মধ্যে প্রধান হইল। ইন্দ্র সকলের শ্রেষ্ঠ।

২। হে ইন্দ্র! তুমি বৃষাকপিকে দেখিয়া অত্যন্ত ক্ষুণ্ণ হইয়া প্রতিগমন করিতেছ। অথচ আর কুত্রাপি সোমপান করিতে পাইতেছ না। ইন্দ্র সকলের শ্রেষ্ঠ।

৩। হে ইন্দ্র! তুমি যে ধনস্বামী দাতাব্যক্তির ন্যায় হরিদ্বর্ণ মৃগমূর্ত্তিধারী এই বৃষাকপিকে পুষ্টিকর বিবিধ সামগ্রী অর্পণ করিতেছ, এই বৃষাকপি তোমার কি উপকার করিয়াছে? ইন্দ্র সকলের শ্রেষ্ঠ।

৪। হে ইন্দ্র! তোমার প্রেমাস্পদী যে এই বৃষাকপিকে তুমি রক্ষা করিতেছ, বরাহ অনুসরণকারী কুকুর ইহার কর্ণে দংশন করিয়াছে। ইন্দ্র সকলের শ্রেষ্ঠ।

৫। আমি উত্তম উত্তম সামগ্রী পৃথক্ পৃথক্ সাজাইয়া রাখিয়াছিলাম, এই বৃষাকপি সকলই নষ্ট করিয়া দিল। আমার ইচ্ছা যে, ইহার মস্তক ছেদন করি, এই দুষ্টাশয়ের প্রতি ভদ্রতা করিতে পারি না। ইন্দ্র সকলের শ্রেষ্ঠ।

৬। [ইন্দ্রাণী কহিতেছেন]—কোনও নারীই আমা অপেক্ষা অঙ্গ-সৌষ্ঠববতী নহে, কোনও নারীই আমা অপেক্ষা বিলাসগতি জানে না, কোন নারীই আমা অপেক্ষা প্রকৃষ্টরূপে স্বামী সহবাস করিতে, অথবা প্রণয়বশে আলিঙ্গন করিতে জানে না। ইন্দ্র সকলের শ্রেষ্ঠ।

৭। [বৃষাকপি কহিতেছে]-হে মাতঃ! তুমি উত্তম পতি পাইয়াছ। তোমার অঙ্গ ও উরু ও মস্তক যেমন আবশ্যক তেমনিই হইবেক। পতি সংসর্গে আনন্দলাভ করিয়া থাক। ইন্দ্র সকলের শ্রেষ্ঠ।

৮। [ইন্দ্র কহিতেছেন]—হে ইন্দ্রাণী! তোমার বাহু, জঘন, কেশ, কপাল ও অঙ্গুলিগুলি অতি সুন্দর। তুমি বীরের পত্নী হইয়া বৃষাকপিকে কেন দ্বেষ করিতেছ। ইন্দ্র সকলের শ্রেষ্ঠ।

৯। [ইন্দ্রাণী কহিতেছেন]—এই হিংস্রক বৃষাকপি আমাকে যেন পতি-

পুত্রবিহীনার ন্যায় জ্ঞান করিতেছে। কিন্তু আমি পতিপুত্রবতী ও ইন্দ্রের পত্নী; মরুৎগণ আমার সহায়। ইন্দ্র সকলের শ্রেষ্ঠ।

১০। যখন একত্রে হোম হয়, বা যুদ্ধ হয়, পতিপুত্রবতী ইন্দ্রাণী তথায় গমন করেন। তিনি যজ্ঞের বিধানকর্ত্রী, তাঁহাকে সকলে পূজা করে। ইন্দ্র সকলের শ্রেষ্ঠ।

১১। এই সকল নারীর মধ্যে আমি ইন্দ্রাণীকে সৌভাগ্যবতী বলিয়া শুনিয়াছি। তাঁহার পতিকে অন্যান্য ব্যক্তির মত জরাগ্রস্ত হইয়া মরিতে হয় না। ইন্দ্র সকলের শ্রেষ্ঠ।

১২। হে ইন্দ্রাণী! আমার বন্ধু বৃষাকপি ব্যতিরেকে প্রীতিলাভ করি না। সেই বৃষাকপির সরস হোমদ্রব্য দেবতাদিগের নিকটে যাইতেছে। ইন্দ্র সকলের শ্রেষ্ঠ।

১৩। হে বৃষাকপায়িতে! তুমি ধনশালিনী ও উৎকৃষ্ট পুত্রযুক্তা এবং আমার সুন্দরী পুত্রবধূ। তোমার বৃষদিগকে ইন্দ্র ভক্ষণ করুন (১), তোমার অতি চমৎকার, অতি সুখকর হোমদ্রব্য তিনি ভক্ষণ করুন। ইন্দ্র সকলের শ্রেষ্ঠ।

১৪। আমার জন্য পঞ্চদশ এমন কি বিংশ বৃষ পাক করিয়া দেয় (২), আমি খাইয়া শরীরের স্থূলতা সম্পাদন করি, আমার উদরের দুই পার্শ্ব পূর্ণ হয়। ইন্দ্র সকলের শ্রেষ্ঠ।

১৫। হে ইন্দ্র! তোমার ভক্ত তোমার জন্য যে দধিমন্থ পূজা দেয়, উহা প্রস্তুত হইবার সময় যূথ মধ্যে গর্জ্জনকারী বৃষের ন্যায় শব্দ করিতে থাকে। ঐ মন্থ তোমার হৃদয়কে সুখী করুক। ইন্দ্র সকলের শ্রেষ্ঠ।

১৬। যাহার উরুদ্বয়ের মধ্যে পুরুষাঙ্গ লম্বমানভাবে থাকে, সে সমর্থ হয় না। উপবেশন করিলে যাহার লোমাবৃত পুরুষাঙ্গ বল প্রকাশ করিয়া উঠে, সেই সমর্থ হয়। ইন্দ্র সকলের শ্রেষ্ঠ।

১৭। উপবেশনকালে যাহার লোমাবৃত পুরুষাঙ্গ বল প্রকাশ করিয়া উঠে, সে সমর্থ হয় না। যাহার উরুদ্বয়ের মধ্যে পুরুষাঙ্গ লম্বমানভাবে থাকে, সেই পারে। ইন্দ্র সকলের শ্রেষ্ঠ।

১৮। হে ইন্দ্র! এই বৃষাকপি পরধন গ্রহণকারী ব্যক্তিকে বধ করুক,

(১) এখানে বৃষ ভক্ষণের কথা পাওয়া যায়।
(২) এখানেও ১৫ কি কুড়ি বৃষ পাক করিবার কথা পাওয়া যায়।

সে খড়্গ ও সূনা ও অভিনব পশুহত্যা স্থান ও দাহ্যকাষ্ঠপূর্ণ একখানি শকট প্রাপ্ত হউক। ইন্দ্র সকলের শ্রেষ্ঠ।

১৯। এই আমি চতুর্দ্দিক নিরীক্ষণ করিতে করিতে আসিতেছি। দাসজাতি ও আর্য্যজাতি অন্বেষণ করিতেছি। যাহারা যজ্ঞান্ন পাক করে, অথবা সোমরস প্রস্তুত করে, তাহাদিগের নিকট সোম পান করিতেছ(৩)। সুবুদ্ধি কে, তাহা আমি নিরূপণ করিয়াছি। ইন্দ্র সকলের শ্রেষ্ঠ।

২০। মরুদেশ, আর ছেদন করিবার উপযুক্ত অরণ্যপ্রদেশ, এ উভয়ের কত যোজনই বা অন্তর? হে বৃষাকপি! নিকটবর্ত্তী লোকালয়ের নিকটে আশ্রয় গ্রহণ কর। ইন্দ্র সকলের শ্রেষ্ঠ।

২১। হে বৃষাকপি! পুনর্ব্বার এস। তোমার নিমিত্ত উত্তম উত্তম যজ্ঞভাগ প্রস্তুত করিতেছি। এই যে নিদ্রাবিলাসী সূর্য্যদেব, ইনি যেমন অস্তধামে গমন করেন, তুমিও তেমনি গৃহমধ্যে আগমন কর। ইন্দ্র সকলের শ্রেষ্ঠ।

২২। হে বৃষাকপি! হে ইন্দ্র! তোমরা ঊর্দ্ধাভিমুখ হইয়া গৃহে গমন করিলে, সেই বহুভোজী হরিণ কোথায় গেল? লোকদিগের সেই শোভাসম্পাদক কোথায়? ইন্দ্র সকলের শ্রেষ্ঠ।

২৩। পর্শু নামে মানবী এককালে বিংশতি সন্তান প্রসব করিল। যাহার উদর বৃদ্ধিপ্রাপ্ত হইয়াছিল, হে বাণ! তাহার মঙ্গল হউক। ইন্দ্র সকলের শ্রেষ্ঠ (৪)।

৮৭ সূক্ত।

রাক্ষসনিধনকারী অগ্নি দেবতা। পায়ু ঋষি।

১। রাক্ষসনিধনকারী বলবান্ সুবিস্তারিত বন্ধুস্বরূপ অগ্নিকে আহুতিযুক্ত করিতেছি। গৃহে গমন করিতেছি। অগ্নি যজ্ঞ সহযোগে তীক্ষ্ণ ও প্রজ্বলিত হইয়া দিবারাত্র আমাদিগকে শত্রুদিগের হস্ত হইতে রক্ষা করুন।

(৩) দাস অর্থাৎ অনার্য্যদিগের মধ্যেও অনেকে আর্য্যধর্ম্ম অবলম্বন করিয়া যজ্ঞাদি করিত, এই ঋক্ হইতে প্রকাশ হয়।

(৪) বৃষাকপির প্রকরণ একটী দুরূহ অংশ। বোধ হয় একটী গল্প ছিল যে বৃষাকপি নামক কোন ইন্দ্রের প্রিয়পাত্র ইন্দ্রের প্রাপ্য যজ্ঞসামগ্রী নষ্ট করিয়াছিল এবং যজমান ও ইন্দ্রাণী তাহাতে ক্রুদ্ধ হইয়াছিলেন। এ সূক্তটী বোধ হয় অপেক্ষাকৃত আধুনিক।

২। হে জাতবেদা! লৌহের ন্যায় দৃঢ় দণ্ড ধারণপূর্ব্বক রাক্ষসদিগকে শিখাদ্বারা স্পর্শ কর। প্রজ্বলিত হইয়া জিহ্বাদ্বারা মূঢ়দেবতা, অর্থাৎ অপ-দেবতাদিগকে আক্রমণ কর। মাংসভোজী রাক্ষসদিগকে ছেদন করিয়া মুখ মধ্যে ধারণপূর্ব্বক চর্ব্বণ কর।

৩। হে দন্তদ্বয়ধারী অগ্নি! হিংসাশীল ও তীক্ষ্ণ হইয়া দুই দিকেই দন্ত বসাইয়া দাও। হে শোভাময়! আকাশে উঠিয়া যাও। রাক্ষসদিগকে আক্র-মণদ্বারা তাড়না কর।

৪। হে অগ্নি! যজ্ঞদ্বারা বাণগুলিকে নত করিয়া এবং বাণের অগ্রভাগ বজ্রদ্বারা সংযুক্ত করিয়া ঐ সকল অস্ত্রদ্বারা রাক্ষসদিগের হৃদয়ে আঘাত কর, উহাদিগের পার্শ্বদ্বয়বর্ত্তী বাহু সকল ভঙ্গ করিয়া দাও।

৫। হে অগ্নি! রাক্ষসের চর্ম্ম বিদীর্ণ কর। প্রাণবধকারী বজ্র শীঘ্র উহাকে নিধন করুক। হে জাতবেদা! উহার ভিন্ন ভিন্ন দেহসন্ধি ছেদন কর। ছেদন করা হইলে মাংসাশী, পশুমাংস লোভী হইয়া উহার নিকটে গমন করুক।

৬। হে জাতবেদা অগ্নি! যে খানেই তুমি রাক্ষসকে দেখ, সে দণ্ডায়-মান থাকুক, অথবা ইতস্ততঃ বিচরণ করুক, আকাশে থাকুক, অথবা পথে গমন করুক, তুমি তীক্ষ্ণবাণ ক্ষেপণপূর্ব্বক তাহাকে বিদ্ধ কর।

৭। হে জাতবেদা! আক্রমণকারী রাক্ষসের হস্ত হইতে আক্রান্ত-ব্যক্তিকে ঋষ্টিনামক অস্ত্রদ্বারা রক্ষা কর। হে অগ্নি! উজ্জ্বল মূর্ত্তি ধারণ করিয়া সর্ব্বাগ্রে আমমাংসভোজীদিগকে বধ কর। এই সকল পক্ষী তাহাকে ভোজন করুক।

৮। হে অগ্নি! বলিয়া দাও, কোন্ রাক্ষস এই যজ্ঞের বিঘ্ন করিতেছে, হে অতিযুবা অগ্নি! কাষ্ঠদ্বারা প্রজ্বলিত হইয়া তুমি সেই রাক্ষসকে আক্রমণ কর। তুমি মনুষ্যদিগের উপর তোমার কৃপাময় দৃষ্টি নিক্ষেপ করিয়া থাক, সেই দৃষ্টিতে ঐ রাক্ষসকে দমন কর।

৯। হে অগ্নি! তোমার তীক্ষ্ণ দৃষ্টিদ্বারা এই যজ্ঞ রক্ষা কর, এই যজ্ঞ ধনের অনুকূল; হে শুভ চিত্রধারী! এই যজ্ঞ সম্পন্ন কর। হে মনুষ্য দর্শনকারী! তুমি উজ্জ্বল হইয়া রাক্ষসদিগকে নিধন কর, তোমাকে যেন রাক্ষসেরা পরাভব করিতে না পারে।

১০। হে মনুষ্য দর্শনকারী! রাক্ষসদিগের বিষয়ে সতর্ক হও, মনুষ্য-

দিগকে দৃষ্টি কর। রাক্ষসের তিন মস্তক ছেদন কর। শীঘ্র উহার পার্শ্ব-দেশ ছেদন কর। ঐ রাক্ষসের তিনটি চরণ ছেদন কর।

১১। হে অগ্নি! যে রাক্ষস অসত্যদ্বারা সত্যকে নষ্ট করে, সেই রাক্ষস তিনবার তোমার বন্ধনসীমার মধ্যে আগমন করুক, অর্থাৎ দগ্ধ হউক! হে জাতবেদা! শিখাদ্বারা তাহাকে স্পর্শ করিয়া স্তবকারীর সমীপেই ইহাকে ভাঙ্গিয়া ফেল।

১২। রাক্ষস খুরতুল্য নখের দ্বারা সাধুদিগকে আঘাত করে, সেই রাক্ষসের প্রতি তুমি দৃষ্টি প্রয়োগ করিয়া থাক, শব্দকারী রাক্ষসের প্রতি এক্ষণে সেই দৃষ্টি প্রয়োগ কর। অথর্ব্ব নামক ঋষির ন্যায় তুমি সত্য ধ্বংসকারী নির্ব্বোধকে দিব্য তেজের দ্বারা দগ্ধ করিয়া ফেল।

১৩। হে অগ্নি! দেখ, স্ত্রীপুরুষে পরস্পর গালি দিতেছে, দেখ চীৎকার করিতে করিতে কটু কথা কহিতেছে। অতএব মনে ক্রোধোদয় হইলে যে বাণ ক্ষেপণ করা হয়, তদ্দ্বারা রাক্ষসদিগের হৃদয় বিদ্ধ কর, কারণ ঐ সকল কটু কথা প্রয়োগ করা রাক্ষসদিগের প্রবর্ত্তনাতে ঘটে।

১৪। উত্তাপের দ্বারা রাক্ষসদিগকে বধ কর; হে অগ্নি! বলের দ্বারা রাক্ষসকে নিধন কর। শিখাদ্বারা সেই মূঢ় নির্ব্বোধ অপদেবতাদিগকে ধ্বংস কর, উজ্জ্বল হইয়া সেই প্রাণসংহারকারীদিগকে নষ্ট কর।

১৫। দেবতাগণ অদ্য পাপ নষ্ট করিয়া দিন। অতি বিরস দুর্ব্বাক্য সকল সেই রাক্ষসের দিকে গমন করুক। বাণগণ সেই বাক্যচোর, অর্থাৎ মিথ্যাবাদী রাক্ষসকে মর্ম্মস্থানে আনীত করুক। রাক্ষস বিশ্বব্যাপী অগ্নির বন্ধনে পতিত হউক।

১৬। যে রাক্ষস নরমাংস সংগ্রহ করে, অথবা অশ্ব প্রভৃতি পশুদিগের মাংস সংগ্রহ করে, যে হত্যা করিবার অযোগ্য গাভীর দুগ্ধ হরণ করে, হে অগ্নি! নিজ বলে তাহাদিগের মস্তক ছেদন করিয়া দাও।

১৭। গাভীর যে দুগ্ধ এক বৎসর ধরিয়া সঞ্চয় হয়, হে মনুষ্য দর্শনকারী অগ্নি! রাক্ষস যেন সেই দুগ্ধ পান না করে। হে অগ্নি! যে রাক্ষস সেই অমৃত তুল্য দুগ্ধপানের প্রয়াসী হয়, সে পুরোবর্ত্তী হইলে শিখাদ্বারা তাহার মর্ম্ম বিদ্ধ কর।

১৮। রাক্ষসগণ গাভীদিগের যে দুগ্ধ পান করে, উহা যেন তাহাদিগের বিষতুল্য হয়, সেই দুষ্টাশয়দিগকে ছেদন করিয়া অদিতির নিকট বলিদান দাও।

সূর্য্যদেব ইহাদিগকে উচ্ছিন্ন করুন। তৃণলতাদির যে অসার পরিত্যাজ্য অংশ আছে, রাক্ষসেরা তাহাই গ্রহণ করুক।

১৯। হে অগ্নি! ক্রমাগত রাক্ষসদিগকে মারিয়া ফেল, যুদ্ধে রাক্ষসেরা যেন তোমার উপর জয়ী না হয়, আমমাংসভোজী রাক্ষসদিগকে সমূলে ধ্বংস কর, তাহারা যেন তোমার দিব্য অস্ত্র হইতে মুক্তি লাভ না করে।

২০। হে অগ্নি! তুমি আমাদিগকে দক্ষিণে, উত্তরে, পশ্চিমে ও পূর্ব্বে রক্ষা কর। তোমার অতি উজ্জ্বল, অবিনাশী, অতি উত্তপ্ত শিখা আছে, তাহারা পাপাত্মা রাক্ষসকে ভস্মীভূত করুক।

২১। হে দীপ্ত অগ্নি! তুমি কবি, অর্থাৎ কার্য্যকুশল, অতএব ক্রিয়া কৌশলের দ্বারা আমাদিগের উত্তর, দক্ষিণ, পূর্ব্ব ও পশ্চিম রক্ষা কর। হে বন্ধু অগ্নি! আমি তোমার সখা, তোমার জরা নাই, কিন্তু আমি যেন দীর্ঘ আয়ু ও বৃদ্ধাবস্থা প্রাপ্ত হই। তুমি অমর, আমরা মৃত্যুশীল, আমাদিগকে রক্ষা কর।

২২। হে অগ্নি! বলের পূরণকর্ত্তা, বুদ্ধিমান্, তোমার মূর্ত্তি দেখিলেই ভীত হইতে হয়, তুমি নিত্য নিত্য রাক্ষসদিগকে বধ কর, তোমাকে বিশিষ্ট রূপে ধ্যান করি।

২৩। হে অগ্নি! বিঘ্নকারী রাক্ষসদিগকে বিষের দ্বারা, তীক্ষ্ণ শিখার দ্বারা এবং ঋষ্টি নামক উত্তপ্ত অস্ত্রের দ্বারা দগ্ধ কর।

২৪। হে অগ্নি! যে রাক্ষসগণ স্ত্রীপুরুষে কোথায় কি আছে, দেখিয়া বেড়ায়, তাহাদিগকে দগ্ধ কর। হে বুদ্ধিমান্! তুমি দুর্দ্ধর্ষ, তোমাকে আমি স্তবের দ্বারা উত্তেজিত করিতেছি, তুমি জাগ্রত হও।

২৫। হে অগ্নি! তোমার নিজ তেজের দ্বারা রাক্ষসের তেজঃ সর্ব্বত্র নষ্ট করিয়া দাও, যাতুধান রাক্ষসের বল বীর্য্য ভাঙ্গিয়া দাও(১)।

---

(১) এ সূক্তটী রাক্ষসদিগের সম্বন্ধে। রাক্ষসগণ আম মাংস খায়, গরুর দুগ্ধ চুরি করে, আকাশ পৃথিবীতে বিচরণ করে, মনুষ্যের হানি করে, এইরূপ বিশ্বাস ছিল। এ সূক্তটী বোধ হয় অপেক্ষাকৃত আধুনিক।

৮৮ সূক্ত।

অগ্নি ও সূর্য্য উভয়ে মিলিত দেবতা। মূর্দ্ধন্বান ঋষি।

১। পান করিবার উপযুক্ত যে হোমদ্রব্য, অর্থাৎ সোমরস, যাহা চিরকাল নূতন থাকে, যাহা দেবতারা সেবন করেন, তাহা স্বর্গগামী আকাশস্পর্শ অগ্নিতে হোম করা হইয়াছে। সেই সোমরসের উৎপাদন পরিপূরণ ও ধারণের জন্য দেবতারা সুখকর অগ্নিকে বর্দ্ধিত করেন।

২। অন্ধকার ভুবনকে গ্রাস করে। তাহাতে ভুবন অন্তর্ধান প্রাপ্ত হয়, অগ্নি জন্মিলে সেই সমস্ত ভুবন প্রকাশ পায়। সেই অগ্নির বন্ধুত্ব লাভে সকলেই প্রীত হয়, দেবতারা, পৃথিবী, আকাশ, জল ও বৃক্ষাদি সকলই সন্তুষ্ট হয়।

৩। যজ্ঞভাগগ্রাহী দেবতারা আমাকে প্রবৃত্তি দিয়াছেন, তাই আমি জরারহিত প্রকাণ্ড অগ্নিকে স্তব করিতেছি। তিনি নিজ কিরণে পৃথিবী, আকাশ উভয়ের মধ্যবর্ত্তীস্থান এবং দ্যুলোক ও ভূলোক ছাইয়া ফেলিলেন।

৪। তিনিই সর্ব্ব প্রথম হোতা ছিলেন, দেবতারা তাঁহাকে পরিবেষ্টন করেন, যজমানগণ বর চাহিতে চাহিতে তাঁহাকে ঘৃতসংযুক্ত করেন। সেই অগ্নি পশু, পক্ষী, স্থাবরজঙ্গম, প্রভৃতি সকলি অবিলম্বে রচনা করেন।

৫। হে অগ্নি! হে জাতবেদা! হে ভুবনের মস্তকস্বরূপ! তুমি যখন দীপ্তসূর্য্যের সহিত একত্রে দণ্ডায়মান হও, তখন তোমাকে আমরা ধ্যান, এবং স্তবস্তুতির দ্বারা উপাসনা করি। তুমি দ্যুলোক ও ভূলোক পূর্ণ করিয়া যজ্ঞের উপযোগী হও।

৬। রাত্রিকালে অগ্নিই তাবৎ সংসারের মস্তকস্বরূপ হয়েন, পরে প্রাতে তিনি সূর্য্যরূপে উদিত হয়েন। তিনি বিবেচনাপূর্ব্বক সকল স্থানে শীঘ্র শীঘ্র বিচরণ করেন, ইহা যজ্ঞসম্পাদনশালী দেবতাদিগেরই ক্রিয়াকৌশল।

৭। যে অগ্নি বিশেষ প্রজ্বলিত হইয়া সুশ্রী মূর্ত্তি ধারণ করিয়া আকাশে স্থান গ্রহণ করিয়া ঔজ্জ্বল্যের সহিত শোভা পাইতে লাগিলেন, সেই অগ্নিতে শরীর রক্ষাকারী সকল দেবতা সূক্ত পাঠ করিতে করিতে হোমের দ্রব্য সমর্পণ করিলেন।

৮। দেবতারা প্রথমে সূক্ত সৃষ্টি করিলেন, পরে অগ্নি, পরে হোমের দ্রব্য সৃষ্টি করিলেন। সেই অগ্নি ইঁহাদিগের শরীর রক্ষাকারী যজ্ঞস্বরূপ হইলেন, আকাশ, পৃথিবী ও জলের সহিত সেই অগ্নির পরিচয় আছে।

৯। যে অগ্নিকে দেবতারা উৎপাদন করিলেন, সর্ব্বমেধ নামক যজ্ঞের সময় যে অগ্নিতে সকল বস্তুরই হোম হয় তিনি সকল গতি ধারণপূর্ব্বক নিজ প্রকাণ্ড শিখাদ্বারা দ্যুলোক ও ভূলোকে তাপ দিতে লাগিলেন।

১০। দেবলোকে দেবতারা নানা ক্ষমতাদ্বারা কেবল স্তব সহকারেই সেই অগ্নিকে উৎপাদন করিলেন, যিনি দ্যাবাপৃথিবী পরিপূর্ণ করেন। সেই সুখকর অগ্নিকে তাঁহারা ত্রিবিধ করিয়া সৃষ্টি করিলেন। সেই অগ্নি নানা প্রকার বৃক্ষাদিকে পরিণত অবস্থায় উপনীত করেন।

১১। যজ্ঞভাগগ্রাহী দেবতারা যখন এই অগ্নিকে আর অদিতি পুত্র সূর্য্যকে আকাশে স্থাপন করিলেন, যখন তাঁহারা উভয়ে যুগ্মরূপী হইয়া বিচরণ করিতে লাগিলেন, তখন তাবৎ প্রাণিবর্গ তাঁহাদিগকে দেখিতে পাইল।

১২। দেবতারা তাবৎ মনুষ্যের হিতকারী অগ্নিকে সমস্ত ভুবনের জন্য দিনের কেতুস্বরূপ করিয়াছেন। সেই অগ্নি বিশিষ্ট দীপ্তিশালী প্রভাতকে বিস্তার করেন এবং যাইতে যাইতে শিখাদ্বারা অন্ধকার সমস্ত নষ্ট করেন।

১৩। ক্রিয়াকুশল যজ্ঞভাগগ্রাহী দেবতারা অবিনাশী ও তাবৎ মনুষ্যের হিতকারী অগ্নিকে উৎপাদন করিয়াছেন। ইনি যখন স্থূল ও বৃহৎ হয়েন, তখন আকাশে চিরকাল বিচরণশীল নক্ষত্রকে দেবতার সমক্ষেই প্রভাহীন করিয়া দেন।

১৪। বৈশ্বানর অগ্নি নিত্য নিত্য দীপ্তিশালী হয়েন, সেই ক্রিয়াকুশল অগ্নির অনুগ্রহ লাভের জন্য মন্ত্রপাঠ করিতেছি। তিনি আপন মহিমাদ্বারা দ্যুলোক ও ভূলোক আচ্ছাদন করেন এবং ঊর্দ্ধে ও নিম্নে উত্তাপ দেন।

১৫। কি দেবতা, কি পিতৃলোক, কি মনুষ্যবর্গ, ইঁহাদিগের আমি দ্বিবিধ গতি শ্রবণ করিয়াছি। এই বিশ্বভুবন অগ্রসর হইতে হইতে সেই গতিপ্রাপ্ত হয়, অর্থাৎ যে কেহ মাতা পিতার মধ্যে জন্মলাভ করে, তাহাদিগের ঐ দুই ব্যতীত গতি নাই।

১৬। যে সূর্য্য মস্তক, অর্থাৎ ঊর্দ্ধস্থান হইতে জন্মিয়াছেন, যাঁহাকে স্তবের দ্বারা পরিতুষ্ট করা হয়, তিনি যখন বিচরণ করেন, তখন দ্যাবাপৃথিবী তাঁহাকে ধারণ করেন, সেই পরিত্রাণকর্ত্তা কখন নিজ কর্ম্মে শৈথিল্য করেন না, তিনি দীপ্তি পাইতে পাইতে সকল ভুবনের দিকে অতি সুখে অবস্থিত থাকেন।

১৭। যে স্থানে নিম্নস্থিত অগ্নি আর ঊর্দ্ধস্থিত অগ্নি পরস্পর এই বলিয়া বিবাদ করেন যে, আমরা উভয়েই যজ্ঞ সম্পাদন করিয়া থাকি, কিন্তু আমাদের

উভয়ের মধ্যে অধিক জ্ঞানী কে? তখন বন্ধুগণ যজ্ঞ অনুষ্ঠান করিলেন বটে, কিন্তু যজ্ঞ অনুষ্ঠানকারীদিগের মধ্যে কে ঐ প্রশ্নের নির্ণয় করিতে পারে।

১৮। হে পিতৃগণ! তোমাদিগের নিকট তর্ক বিতর্কের কথা কহিতেছি না, কেবল উত্তমরূপে জানিবার জন্য জিজ্ঞাসা করিতেছি যে, অগ্নি কয় জন? সূর্য্য কয় জন, উষা কয় জন, জলই বা, অর্থাৎ জলদেবীই বা কয় জন?

১৯। হে বায়ু! যে পর্য্যন্ত রাত্রিগণ উষার মুখের আচ্ছাদন খুলিয়া না দেন, তখনই নিমন্ত্রিত পার্থিব অগ্নি আসিয়া যজ্ঞের নিকট স্থান গ্রহণ করেন, তিনি হোতা, তিনিই স্তোত্রকারী।

---

৮৯ সূক্ত।

ইন্দ্র দেবতা। রেণু ঋষি।

১। সকল অধ্যক্ষের প্রধান ইন্দ্রকে স্তব কর। তাঁহার মহিমা পৃথিবীর শেষ সীমা পর্য্যন্ত সকলের তেজঃ হীন করিয়াছে। তিনি মনুষ্যদিগকে ধারণ করেন, তাঁহার মহিমা সমুদ্র অপেক্ষা অধিক, তাঁহার তেজঃ সমস্ত সংসার পরিপূর্ণ করে।

২। বীর্য্যবান্ ইন্দ্র আপনার তেজঃ সমস্ত তেমনিভাবে চতুর্দ্দিকে ঘূর্ণিত করিতে থাকেন, যেমন রথী চক্র ঘূর্ণিত করে। কৃষ্ণবর্ণ অন্ধকার সমস্ত যেন একটী অস্থায়ী ও অদৃশ্য সৃষ্টিস্বরূপ, তাহাকে ইন্দ্র আপন জ্যোতিঃদ্বারা নষ্ট করেন।

৩। হে স্তবকারী! আমার সহিত মিলিত হইয়া সেই ইন্দ্রের উদ্দেশে এরূপ একটী নূতন স্তব উচ্চারণ কর, যাহা নিকৃষ্ট না হয়, যাহা পৃথিবী ও স্বর্গে উপমারহিত হয়। তিনি যজ্ঞে উচ্চারিত স্তবগুলি পাইবার জন্য যেরূপ ইচ্ছুক হয়েন; শত্রুদিগের দর্শন পাইবার জন্যও তদ্রূপ ব্যস্ত হয়েন। তিনি বন্ধুকে অনুসন্ধান করেন না, অর্থাৎ অনিষ্ট করিবার জন্য অনুসন্ধান করেন না।

৪। ইন্দ্রকে অকাতরে স্তব করা হইয়াছে, আকাশের মস্তক হইতে জল আনায়ন করিয়াছি, যেমন অক্ষদ্বারা চক্র ধারিত হয়, তদ্রূপ সেই ইন্দ্র নিজ কাষ্ঠের দ্বারা দ্যুলোক ও ভূলোককে উত্তম্ভিত করিয়া রাখেন (১)।

(১) আচার্য্য লুডউইগ বিবেচনা করেন, ইন্দ্রের নিজ কাষ্ঠ অর্থে Axis of the Earth.

৫। যাঁহাকে পান করিলে মনেতেজঃ উদয় হয়, যিনি শীঘ্র প্রহার করেন, যিনি বীরত্ব করিয়া শত্রুদিগকে কম্পান্বিত করেন, যিনি অস্ত্রশস্ত্রধারী ও সরল গতিশীল, সেই সোম অরণ্যসমূহকে বৃদ্ধিযুক্ত করেন। কিন্তু বর্দ্ধিত হইয়াও সেই অরণ্যসমূহ ইন্দ্রের সহিত সমতুল হইতে পারে না, কিংবা তাঁহার ভাবের লাঘব করিতে পারে না।

৬। দ্যাবাপৃথিবী, বা মরুদেশ, বা আকাশ, বা পর্ব্বতগণ যে ইন্দ্রের সমতুল্য হইতে পারে না, তাঁহার নিমিত্ত সোমরস ক্ষরিত হইতেছে। ইহার ক্রোধ যখন শত্রুদিগের উপর চালিত হয়, তখন ইনি বিলক্ষণ হিংসা করেন, দুর্ভেদ্যদিগকেও ভেদ করেন।

৭। যেরূপ পরশু অরণ্য ছেদন করে, তদ্রূপ ইন্দ্র বৃত্রকে বধ করিলেন, শত্রুর পুরী ধ্বংস করিলেন, পৃথিবী বিদীর্ণ করিয়া নদীর পথ পরিষ্কার করিয়া দিলেন, অপক্ক কলসের ন্যায় পর্ব্বতকে ভঙ্গ করিলেন। আপন সহায়দিগের সঙ্গে গাভীসমূহ নিষ্কাশিত করিলেন।

৮। হে ইন্দ্র! তুমি ভক্তের ঋণ মোচন কর, তুমি অবিচলিত। খড়্গ যেমন গ্রন্থি ছেদন করে, তদ্রূপ তুমি অকল্যাণ নষ্ট কর। যে সকল ব্যক্তি মিত্র ও বরুণের কার্য্য নষ্ট করে, তাহারা জানে না যে, তাঁহাদের কার্য্য তাহাদিগের পক্ষে হিতকর বন্ধুর কার্য্যের ন্যায়; ইন্দ্র তাহাদিগকেও হিংসা করেন।

৯। যে সকল দুষ্টাশয় ব্যক্তি মিত্র ও অর্য্যমা ও বরুণ ও মরুদ্গণকে দ্বেষ করে, হে বৃষ্টিবর্ষণকারী ইন্দ্র! তাহাদিগকে বধ করিবার জন্য শব্দকারী ও বৃষ্টিবর্ষণকারী উজ্জ্বল বজ্র শাণিত কর।

১০। কি স্বর্গ, কি পৃথিবী, কি জল, কি পর্ব্বত, সকলেরই উপর ইন্দ্রের আধিপত্য আছে। প্রবল ব্যক্তি ও বুদ্ধিমান্ ব্যক্তিদিগের উপর ইন্দ্রেরই আধিপত্য। কি নূতন বস্তু লাভ করিবার সময়, কি লব্ধ বস্তু রক্ষা করিবার সময়, সকল অবসরেই ইন্দ্রকে প্রার্থনা করিতে হয়।

১১। কি রাত্রি, কি দিন, কি আকাশ, কি জলধারী সমুদ্র, কি সুবিস্তীর্ণ বায়ু, কি পৃথিবীর সীমা, কি নদী, কি মনুষ্য, সকল অপেক্ষাই ইন্দ্র প্রধান, সকলকেই ইন্দ্র অতিক্রম করিয়া আছেন।

১২। হে ইন্দ্র! তোমার অস্ত্র, ভঙ্গ হইবার নহে, দীপ্তিময়ী উষা পতাকার ন্যায় তোমার অস্ত্র জ্যোতির্ম্ময় হউক। যেরূপ আকাশ হইতে প্রস্তর পতিত

হইয়া বৃক্ষ ধ্বংস করে, তদ্রূপ তুমি অনিষ্টকারী শত্রুদিগকে অতি উত্তপ্ত ও গর্জ্জনকারী অস্ত্র দ্বারা বিদ্ধ কর।

১৩। যখন ইন্দ্র জন্ম গ্রহণ করিলেন, তখন মাস সকল ও বনসমূহ ও উদ্ভিজ্জবর্গ ও পর্ব্বতগণ এবং পরস্পর সংযুক্ত দ্যাবাপৃথী, ইঁহারা সকলে তাঁহার পশ্চাৎ পশ্চাৎ যাইতে লাগিল।

১৪। হে ইন্দ্র! যে অস্ত্র ক্ষেপণ করিয়া পাপাত্মা রাক্ষসকে বিদীর্ণ করিলে, তোমার সেই নিক্ষেপযোগ্য অস্ত্র কোথায় রহিল? যেরূপ গোহত্যাস্থানে গাভীগণ হত হয়(২), তদ্রূপ তোমার ঐ অস্ত্রদ্বারা নিহত হইয়া বন্ধুদ্বেষী রাক্ষসগণ পৃথিবীতে পতিত হইয়া শয়ন করে।

১৫। যে সকল রাক্ষস শত্রুতা করিতে করিতে এবং অত্যন্ত পীড়া দিতে দিতে আমাদিগকে বেষ্টন করিল, হে ইন্দ্র! তাহারা গাঢ় অন্ধকারে পতিত হউক, নিতান্ত জ্যোতির্ম্ময় রজনীও তাহাদিগের পক্ষে অন্ধকারময় হউক।

১৬। লোক সকল তোমার উদ্দেশে অনেক যজ্ঞ অনুষ্ঠান করে, স্তবকারী ঋষিদিগের মন্ত্রগুলি তোমাকে আহ্লাদিত করে। তোমাকে এই যে সকলে মিলিয়া আহ্বান করা হইতেছে, তাহা তুমি ঘোষণা করিয়া দাও। তাবৎ পূজকের প্রতি অনুকূল হইয়া তাহাদিগের নিকট গমন কর।

১৭। হে ইন্দ্র! তোমার স্তবগুলি আমাদিগকে রক্ষা করিয়া থাকে। আমরা যেন নূতন নূতন উৎকৃষ্ট স্তব লাভ করি। আমরা বিশ্বামিত্র সন্তান, রক্ষার জন্য তোমার স্তব করিতেছি, আমরা যেন নানা বস্তু লাভ করি।

১৮। সেই স্থূলকায় ধনশালী ইন্দ্রকে আহ্বান করিতেছি। এই যুদ্ধের সময় যখন অন্ন ইত্যাদি দ্রব্য বণ্টন হইবেক, তখন তিনিই প্রধানরূপে অধ্যক্ষতা করিবেন। যুদ্ধে তিনি স্বপক্ষ রক্ষার জন্য উগ্রমূর্ত্তি ধারণপূর্ব্বক শত্রুদিগকে হিংসা করেন, বৃত্রদিগকে বধ করেন, ধন সমস্ত জয় করেন।

(২) গোহত্যা প্রথা বিশেষরূপে প্রচলিত ছিল, নচেৎ গোহত্যার জন্য ভিন্ন স্থান নির্দ্ধারিত থাকা সম্ভব নহে।

৯০ সূক্ত।

পুরুষ দেবতা। নারায়ণ ঋষি।

১। পুরুষের সহস্র মস্তক, সহস্র চক্ষু ও সহস্র চরণ। তিনি পৃথিবীকে সর্ব্বত্র ব্যাপ্ত করিয়া দশ অঙ্গুলি পরিমাণ অতিরিক্ত হইয়া অবস্থিত থাকেন (১)।

২। যাহা হইয়াছে, অথবা যাহা হইবেক, সকলই সেই পুরুষ। তিনি অমরত্বলাভে অধিকারী হয়েন, কেন না, তিনি অন্নদ্বারা অতিরোহণ করেন।

৩। তাঁহার এতাদৃশ মহিমা, তিনি কিন্তু ইহা অপেক্ষাও বৃহত্তর। বিশ্বজীব-সমূহ তাঁহার একপাদ মাত্র, আকাশে অমর অংশ তাঁহার তিন পাদ।

৪। পুরুষ আপনার তিন পাদ (বা অংশ) লইয়া উপরে উঠিলেন। তাঁহার চতুর্থ অংশ এই স্থানে রহিল। তিনি তদনন্তর ভোজনকারী ও ভোজনরহিত (চেতন ও অচেতন) তাবং বস্তুতে ব্যাপ্ত হইলেন।

৫। তাঁহা হইতে বিরাট্ জন্মিলেন, এবং বিরাট হইতে সেই পুরুষ জন্মিলেন। তিনি জন্মগ্রহণপূর্ব্বক পশ্চাদ্ভাগে ও পুরোভাগে পৃথিবীকে অতিক্রম করিলেন।

৬। যখন পুরুষকে হব্যরূপে গ্রহণ করিয়া দেবতারা যজ্ঞ আরম্ভ করিলেন, তখন বসন্ত ঘৃত হইল, গ্রীষ্ম কাষ্ঠ হইল, শরৎ হব্য হইল।

৭। যিনি সকলের অগ্রে জন্মিয়াছিলেন, সেই পুরুষকে যজ্ঞীয় পশুস্বরূপে সেই বর্হিতে পূজা দেওয়া হইল। দেবতারাও সাধ্যবর্গ এবং ঋষিগণ উহা দ্বারা যজ্ঞ করিলেন।

৮। সেই সর্ব্ব হোমযুক্ত যজ্ঞ হইতে দধি ও ঘৃত উৎপন্ন হইল। তিনি সেই বায়ব্য পশু নির্ম্মাণ করিলেন, তাহারা বন্য এবং গ্রাম্য।

৯। সেই সর্ব্ব হোমসম্বলিত যজ্ঞ হইতে ঋক্ ও সামসমূহ উৎপন্ন হইল, ছন্দ সকল তথা হইতে আবির্ভূত হইল, যজুঃ তাহা হইতে জন্ম গ্রহণ করিল (২)।

১০। ঘোটকগণ এবং অন্যান্য দন্ত পঙ্‌ক্তিদ্বয়ধারী পশুগণ জন্মিল। তাহা হইতে গাভীগণ ও ছাগ ও মেষগণ জন্মিল।

---

(১) এই প্রসিদ্ধ সূক্তকে পুরুষসূক্ত কহে এবং ইহা অপেক্ষাকৃত অধুনিক কালে রচিত।

(২) এই সূক্তটী কত আধুনিক, তাহা এই ঋকের দ্বারা কতক প্রকাশ হইতেছে। ইহার রচনাকালে ঋক্, সাম ও যজুর্ব্বেদের মন্ত্রগুলি পৃথক পৃথক করা হইয়াছে।

১১। পুরুষকে খণ্ড খণ্ড করা হইল, কয় খণ্ড করা হইয়াছিল? ইহার মুখ কি হইল, দুই হস্ত, দুই উরু, দুই চরণ, কি হইল?

১২। ইহার মুখ ব্রাহ্মণ হইল, দুই বাহু রাজন্য হইল; যাহা উরু ছিল, তাহা বৈশ্য হইল, দুই চরণ হইতে শূদ্র হইল (৩)।

১৩। মন হইতে চন্দ্র হইলেন, চক্ষু হইতে সূর্য্য, মুখ হইতে ইন্দ্র ও অগ্নি, প্রাণ হইতে বায়ু।

১৪। নাভি হইতে আকাশ, মস্তক হইতে স্বর্গ, দুই চরণ হইতে ভূমি, কর্ণ হইতে দিক্ ও ভুবন সকল নির্ম্মাণ করা হইল।

১৫। দেবতারা যজ্ঞ সম্পাদন কালে পুরুষস্বরূপ পশুকে যখন বন্ধন করিলেন, তখন সাতটী পরিধি অর্থাৎ বেদী নির্ম্মাণ করা হইল, এবং তিনসপ্ত সংখ্যক যজ্ঞকাষ্ঠ হইল (৪)।

১৬। দেবতারা যজ্ঞদ্বারা যজ্ঞ সম্পাদন করিলেন, উহাই সর্ব্ব প্রথম ধর্ম্মানুষ্ঠান। যে স্বর্গলোকে প্রধান প্রধান দেবতা ও সাধ্যেরা আছেন, মহিমান্বিত দেবতাবর্গ সেই স্বর্গধাম প্রতিষ্ঠা করিলেন।

---

৯১ সূক্ত।

অগ্নি দেবতা। অরুণ ঋষি।

১। সতর্ক সাবধান স্তবকারিগণ অগ্নিকে স্তব করিতেছেন, বদান্য অগ্নি বেদির উপর উপবেশনপূর্ব্বক অন্ন লাভের জন্য প্রজ্বলিত হইতেছেন, তিনি তাবৎ যজ্ঞ সামগ্রির হোমকর্ত্তা, তিনি শ্রেষ্ঠ দীপ্তিশালী; তাঁহার সহিত যে বন্ধুত্ব করে, তিনি তাহার প্রতি বন্ধুতাচরণ করেন।

(৩) ঋগ্বেদের অন্য কোনও অংশে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র এই চারি জাতির উল্লেখ নাই। ঋগ্বেদ রচনা কালে আর্য্যদিগের মধ্যে জাতি বিভাগ ছিলনা। ব্যাকরণবিৎ পণ্ডিতগণ প্রমাণ করিয়াছেন যে এই পুরুষ সূক্তের ভাষা বৈদিকভাষা নহে, অপেক্ষাকৃত আধুনিক সংস্কৃত।

(৪) বিশ্বজগতের নিয়ন্তাকে বলিস্বরূপ অর্পণ করা, এ অনুভবটী ঋগ্বেদের সময়ের নহে, ঋগ্বেদে আর কোথাও পাওয়া যায় না, ইহা অপেক্ষাকৃত আধুনিকসময়ের অনুভব। "It was evidently produced at a period when the ceremonial of sacrifice was largely developed. * * Penetrated with a sense of the sanctity and efficacy of the rite, and familiar with all its details, the priestly poet to whom we owe this hymn has thought it no profanity to represent the supreme Purusha himself as forming the victim."—Muir's *Sanskrit Texts.*

২। তিনি সুশ্রী প্রত্যেক গৃহের অতিথিস্বরূপ, তিনি গমনকারী ব্যক্তির ন্যায় প্রত্যেক বন আশ্রয় করিতেছেন। তিনি লোকের হিতকারী কোন ব্যক্তিকে অগ্রাহ্য করেন না, তিনি প্রজাবর্গের হিতকারী, প্রত্যেক প্রজার ভবনে গমন করেন।

৩। হে অগ্নি! তুমি নানা বলে বলী, তোমার কার্য্য অতি সুন্দর, তুমি ক্রিয়া কৌশলবান্, ধনস্বরূপ সকল বস্তুই লাভ কর, দ্যুলোক ও ভূলোক যে সমস্ত ধন ধারণ করে, তুমি সেই সকল ধনের প্রভু।

৪। যজ্ঞবেদির উপর যথাকালে ঘৃতযুক্ত উপবেশনস্থান প্রস্তুত করা হয়, হে অগ্নি! তাহা কোন্ স্থান? তুমি নিজে তোমার জন্য চিনিয়া লও এবং বিবেচনাপূর্ব্বক তাহাতে উপবেশন কর। তোমার শিখা সমস্ত প্রভাতের আভার ন্যায় অথবা সূর্য্যের কিরণের ন্যায় নির্ম্মল হইয়া দৃষ্ট হইতে থাকে।

৫। তোমার বিচিত্র শোভাগুলি জলবর্ষণকারী মেঘ হইতে উদ্ধৃত বিদ্যুতের ন্যায়, অথবা প্রভাতের আগমনসূচক আভাসমূহের ন্যায় দৃষ্ট হইতে থাকে, তুমি তখন যেন বন্ধন হইতে মুক্তি পাইয়া ওষধি অর্থাৎ শস্যাদি এবং বন অর্থাৎ কাষ্ঠ, ইত্যাদি অন্বেষণ করিতে থাক, উহারা তোমার মুখে অন্নস্বরূপ হয়।

৬। ওষধিগণ সেই অগ্নিকে যথাকালে গর্ভস্বরূপ ধারণ করে, জলগণ জননীর ন্যায় তাঁহাকে জন্মদান করে। বনস্থিত লতাগণ গর্ভবতী হইয়া দিন দিন একভাবে তাঁহাকে প্রসব করে।

৭। হে অগ্নি! তুমি বায়ুদ্বারা কম্পিত হইয়া সঞ্চালিত হও এবং চমৎকার অন্ন সমস্তের মধ্যে প্রবেশপূর্ব্বক অবস্থিতি কর। হে অগ্নি! যখন তুমি দগ্ধ করিতে উদ্যত হও, তোমার প্রবল ও অক্ষয় শিখাগণ রথারূঢ় যোদ্ধাদিগের ন্যায় পৃথক পৃথক হইয়া বল প্রকাশ করে।

৮। অগ্নি লোককে মেধাযুক্ত করেন, তিনি যজ্ঞের সিদ্ধি বিধাতা, তিনি হোমকর্ত্তা, অতি মহৎ ও জ্ঞানবান্, অল্প হোমের দ্রব্যই দেওয়া হউক, আর অধিক পরিমাণেই বা দেওয়া হউক, অগ্নিকেই সকল সময়ে বরণ করা হয়; আর কাহাকেও নহে।

৯। হে অগ্নি! যজমানগণ যজ্ঞের সময় তোমাকে পাইবার অভিলাষী হইয়া তোমাকেই হোতারূপে বরণ করে। তৎকালে দেবভক্ত মনুষ্যগণ হোমদ্রব্য আহরণ ও কুশসমূহ ছেদনপূর্ব্বক তোমার নিমিত্ত অন্ন সমস্ত স্থাপন করিয়া থাকেন।

১০। হে অগ্নি! তোমাকেই হোতা ও যথা সময়ে পোতার কার্য্য করিতে হয়। যজ্ঞকারীব্যক্তির জন্য তুমিই নেষ্টা ও অগ্নি। তুমি প্রশাস্তা ও অধ্বর্য্যু ও ব্রহ্মার কার্য্য সম্পাদন কর। তুমিই আমাদিগের গৃহে গৃহপতি স্বরূপ।

১১। হে অগ্নি! যে মনুষ্য তোমাকে অমর জানিয়া যজ্ঞ কাষ্ঠ দান করে এবং হোম দ্রব্য অর্পণ করে, তুমি তাহার হোতা হও, দেবতাদিগের নিকট তাহার জন্য দূতের কার্য্য কর, দেবতাদিগকে নিমন্ত্রণ কর যজ্ঞ অনুষ্ঠান কর এবং অধ্বর্য্যুর কার্য্য কর।

১২। অগ্নির উদ্দেশে এই সমস্ত ধ্যান, বেদবাক্য এবং স্তব করা হইতেছে। জাতবেদা অগ্নি নিজ অর্থস্বরূপ, এই স্তব সকল অর্থের কামনাতে তাহাতে যাইয়া মিলিত হইতেছেন। শ্রীবৃদ্ধি সম্পাদনকারী অগ্নি এই সকল স্তব বৃদ্ধি প্রাপ্ত হইলে সন্তুষ্ট হয়েন।

১৩। স্তবের কামনাকারী সেই প্রাচীন অগ্নির উদ্দেশে আমি অতি নূতন এই চমৎকার স্তব উচ্চারণ করিব, তিনি শ্রবণ করুন। যেরূপ নারী প্রণয় পরবশ হইয়া উত্তম পরিচ্ছদ ধারণপূর্ব্বক পতির বক্ষঃস্থলে নিজদেহ মিলিত করে, তদ্রূপ আমি যেন এই অগ্নির হৃদয়ের মধ্যে স্থান স্পর্শ করি।

১৪। যে অগ্নির উপরও বিস্তর ঘোটক, বলবান্ বৃষ পুরুষত্ব বিহীন মেষ আহুতিরূপে অর্পণ করা হইয়াছে(১), যিনি জলের পালনকর্ত্তা, যাহার পৃষ্ঠে সোমরস, যিনি যজ্ঞের অনুষ্ঠাতা, সেই অগ্নির উদ্দেশে মনে মনে চিন্তা করিয়া এই সুন্দর স্তব রচনা করিয়াছি।

১৫। যেমন স্রুক নামক পাত্রে ঘৃত স্থাপন করা হয়, যেমন চমু নামক পানপাত্রে সোমরস রক্ষা করা হয়, তদ্রূপ হে অগ্নি! তোমার মুখে হোমের দ্রব্য হোম করা হইয়াছে। তুমি অন্ন ও অর্থ ও উৎকৃষ্ট পুত্রপৌত্রাদি এবং বিপুল যশ দান কর।

৯২ সূক্ত।

নানা দেবতা। শর্য্যাতি ঋষি।

১। যিনি যজ্ঞের রথী, অর্থাৎ প্রধান স্বরূপ, যিনি সকল প্রজার অধিপতি, যিনি হোতা, রাত্রিকালের অতিথি এবং প্রভাতে সমৃদ্ধ হয়েন, তাঁহাকে স্তব

(১) এখানে ঘোটক, বৃষ ও মেষ আহুতি দিবার উল্লেখ পাওয়া যায়।

কর। তিনি শুষ্ককাষ্ঠে প্রজ্বলিত হয়েন, অশুষ্ককাষ্ঠে চুরচুর শব্দ করেন ও অভিলাষ সিদ্ধ করেন, যজ্ঞের পতাকাস্বরূপ আকাশে অবগাহন করেন।

২। দেবগণ ও মনুষ্যগণ ইহারা উভয়ে এই অগ্নিকে শীঘ্র প্রস্তুত করিলেন, ধারণকর্ত্তা ও যজ্ঞের সম্পাদনকর্ত্তা। ইনি মহৎ, ইনি পুরোহিত এবং উজ্জ্বলের বংশধর। উষাদেবীগণ ইহাকে সূর্য্যের ন্যায় চুম্বন করিতেছে।

৩। স্তবযোগ্য এই অগ্নি যে পথ দেখাইয়া দেন, তাহাই প্রকৃত পথ, আমরা যাহা হোম করিতেছি, তাহা তিনি ভোজন করুন। যখন তাঁহার প্রবল শিখাগণ অক্ষয়, অর্থাৎ দীপ্তিশীল হইল, তখন দেবতাদিগের জন্য বিক্ষিপ্ত হইতে লাগিল।

৪। যজ্ঞকাষ্ঠের আশ্রয়ভূতা অদিতি, বিস্তীর্ণ অন্তরিক্ষ এবং স্তবযোগ্য অসীম পৃথিবী, অগ্নিকে নমস্কার করেন। ইন্দ্র, মিত্র, বরুণ, ভগ ও সবিতা, পবিত্র বলধারী এই সকল দেবতা আবির্ভূত হয়েন।

৫। বেগবান্ মরুদ্‌গণের সহায়তা পাইয়া নদীরা বহমান হয় এবং অসীম ভূমি আচ্ছাদন করে। সর্ব্বত্রবিচরণকারী ইন্দ্র সর্ব্বত্রগমন করিয়া ঐ মরুৎগণের সাহায্যে আকাশে গর্জ্জন করেন এবং মহাবেগে জগতে জল সেচন করেন।

৬। মরুৎগণ যখন কার্য্য আরম্ভ করেন, তখন জগৎকে যেন কর্ষণ করিয়া ফেলেন, তাঁহারা যেন আকাশের শ্যেনপক্ষী, তাহারা মেঘের আশ্রয়। বরুণ, মিত্র, অর্য্যমা এবং অশ্বারূঢ় ইন্দ্র, অশ্বারূঢ় সেই মরুৎ দেবতাদিগের সহিত ঐ সমস্ত ব্যাপার দেখিতে থাকেন।

৭। স্তবকারিগণ ইন্দ্রের নিকট রক্ষা প্রাপ্ত হইল, সূর্য্যের নিকট দৃষ্টিশক্তি এবং বর্ষণকারী ইন্দ্রের নিকট পুরুষত্ব প্রাপ্ত হইল। যাহারা উৎকৃষ্টরূপে ইন্দ্রের পূজা প্রস্তুত করিয়াছিল, তাহারা যজ্ঞকালে ইন্দ্রের বজ্রকে সহায়স্বরূপ প্রাপ্ত হইল।

৮। সূর্য্যও আপন অশ্বদিগকে ইন্দ্রের ভয়ে চালাইয়া থাকেন এবং পথে গমন কালে সকলকে প্রীত করেন। সেই অতি মহান্ ইন্দ্রকে কে না ভয় করে? তিনি ভয়ানক এবং বৃষ্টিবর্ষণকারী, আকাশে শব্দ করিতে থাকেন, বিপক্ষ পরাভবকারী বজ্রধ্বনি তাঁহারই ভয়ে প্রতিদিন আবির্ভূত হয়।

৯। অদ্য সেই কর্ম্মক্ষম রুদ্রকে নমস্কার ও অনেক স্তব অর্পণ কর। তিনি শত্রুদিগকে ক্ষয় করেন। তিনি অশ্বারূঢ় উৎসাহবান্ মরুৎগণকে আপনার

সহায় পাইয়া আকাশ হইতে জল সেচন করিয়া মঙ্গলকর হয়েন এবং আপন যশ বিস্তার করেন।

১০। বৃহস্পতি এবং সোমাভিলাষী অন্যান্য দেবতা প্রজাদিগের জন্য অন্ন সঞ্চিত করিলেন। অথর্ব্বা নামে ঋষি সর্ব্বপ্রথমে যজ্ঞদ্বারা দেবতাদিগকে তুষ্ট করিলেন। দেবতারা এবং ভৃগুবংশীয়েরা বল প্রকাশপূর্ব্বক গমন করিয়া সেই যজ্ঞ অবগত হইলেন।

১১। নরাশংস নামক সেই যজ্ঞে চারি অগ্নি স্থাপিত হইয়াছিল, বহুবৃষ্টি-বর্ষণকারী দ্যাবাপৃথিবী, যম, অদিতি, ধনদানকারী ত্বষ্টাদেব, ঋভুগণ, রুদ্রের পত্নী, মরুৎগণ ও বিষ্ণু, ইহারা সেই যজ্ঞে স্তব প্রাপ্ত হইয়া ছিলেন।

১২। অভিলাষী হইয়া আমরা যে সকল বৃহৎ বৃহৎ স্তব করিতেছি, আকাশ-বাসী অহির্বুধ্ন্য যজ্ঞের সময় তাহা শ্রবণ করুন। হে আকাশে পরিভ্রমণকারী সূর্য্য ও চন্দ্র! তোমরা আকাশে বাস কর, তোমরা মনে মনে ইহার স্তব অবগত হও।

১৩। সকল দেবতার হিতকারী ও জলের বংশধর পূষাদেব আমাদিগের পশু, ইত্যাদিকে রক্ষা করুন। বায়ু ও যজ্ঞের জন্য রক্ষা করুন। ধনের জন্য আত্মাস্বরূপ বায়ুকে তোমরা স্তব কর। হে অশ্বিদ্বয়! তোমাদিগকে আহ্বান করিলে কল্যাণ হয়। তোমরা পথে গমন কালে সেই স্তব শ্রবণ কর।

১৪। এই সমস্ত প্রজাকে যিনি অভয় দিবার প্রভু, যিনি আপনার কীর্ত্তি আপনি উপার্জ্জন করেন, তাঁহাকে স্তবের দ্বারা স্তব করি। তাবৎ দেবনারী-দিগের সহিত অবিচলিত অদিতিকে এবং রাত্রির স্বামী চন্দ্রকে স্তব করি। তিনি মনুষ্যদিগের প্রতি মনোযোগ প্রদান করেন।

১৫। বয়োজ্যেষ্ঠ অঙ্গিরা এই যজ্ঞে বাক্য উচ্চারণ করিলেন। প্রস্তরগুলি ঊর্দ্ধ হইয়া যজ্ঞীয় সোম প্রস্তুত করিল। তাহা পান করিয়া বুদ্ধিমান্ ইন্দ্র স্থূল-কায় হইলেন, তাঁহার অস্ত্র উৎকৃষ্ট বৃষ্টিবারি সৃষ্টি করিল।

৯৩ সূক্ত।

বিশ্বদেব দেবতা। তান্ব ঋষি।

১। হে দ্যাবাপৃথিবি! আপনারা বিলক্ষণ বিস্তারিত হউন। আপনারা বৃহন্মূর্ত্তি হইয়া নারীর ন্যায় আমাদিগের গৃহে আগমন করুন। সেই সকল

সুবিদিত কার্য্যদ্বারা আমাদিগকে শত্রু হইতে রক্ষা করুন, এই সকল কার্য্য দ্বারা উত্তাপের সময় রক্ষা করুন।

২। যিনি বিশিষ্টরূপ অধ্যয়ন করিয়া উৎকৃষ্ট বস্তুদ্বারা দেবতাদিগের মনোরঞ্জন করেন, সেই ব্যক্তিরই প্রকৃতরূপে সকল যজ্ঞ দেবতাদিগের সেবা করা হয়।

৩। দেবতারা সকলের প্রভু; তাঁহাদিগের দান অতি মহৎ। তাঁহারা সকলে সর্ব্বপ্রকার বলে বলী। তাঁহারা সকলে যজ্ঞের সময় যজ্ঞভাগ প্রাপ্ত হয়েন।

৪। অর্য্যমা ও মিত্র ও সর্ব্বত্রগামী বরুণ এবং যে রুদ্রকে স্তব করিলে মনুষ্যগণের সুখ লাভ হয় তিনি ও মরুৎগণ এবং ভগ, ইহারা অমৃতের রাজা, স্তবের যোগ্য এবং পুষ্টিবিধানকর্ত্তা।

৫। যখন অহির্বুধ্ন্য জলের সহিত একত্র হইয়া উপবেশন করেন। তখন সূর্য্য ও চন্দ্র একত্র উপবেশনপূর্ব্বক দিবারাত্র জলস্বরূপ ধন বর্ষণ করেন।

৬। কল্যাণের অধিপতি অশ্বি নামক সেই দুই দেব এবং মিত্র ও বরুণ নিজ তেজের দ্বারা আমাদিগকে রক্ষা করুন। তাঁহাদের রক্ষিত ব্যক্তিগণ বিস্তর ধন প্রাপ্ত হয়, মরুভূমি তুল্য দুরবস্থা হইতে পরিত্রাণ পায়।

৭। আমরা স্তব করিতেছি, রুদ্রপুত্র বায়ুগণ, অশ্বিদ্বয়, সকল দেবতা, রথারূঢ় ভগ, বলবান্ ঋভু, ঋভুক্ষা এবং সর্ব্বত্রগামী ইন্দ্র, এই সকল সর্ব্বজ্ঞ দেবতা রক্ষা করুন।

৮। ইন্দ্র, ঋভু, অর্থাৎ বৃদ্ধি পাইতেছেন; হে ইন্দ্র! যখন তুমি বেগবান্ ঘোটক যোজনা কর, তখন যজ্ঞকর্ত্তাব্যক্তির আনন্দ বৃদ্ধি পায়। সেই ইন্দ্রের উদ্দেশে যে সোম পান হয়, তাহা অসামান্য। তাঁহার উদ্দেশে যে যজ্ঞানুষ্ঠান হয়, উহা মানুষের উপযুক্ত নহে, উহা পৃথক্ প্রকারের যজ্ঞ।

৯। হে দেব সবিতা! এই রূপ কর, আমাদিগকে যেন লজ্জিত হইতে না হয়। এই নিমিত্ত তোমাকে ধনাঢ্য ব্যক্তিদিগের গৃহে স্তব করা হইয়া থাকে, ইন্দ্র আমাদিগের বলস্বরূপ; তিনি এই সকল ব্যক্তির যজ্ঞে আসিবার জন্য আপনার উজ্জ্বল রথ চক্রে যেন বায়ুগণকে যোজনা করিলেন, অর্থাৎ মহাবেগে আগমন করিলেন।

১০। হে দ্যাবাপৃথিবি! আমাদিগের পুত্রদিগকে প্রভূত অন্ন দান কর, সেই অন্ন যেন যাবৎ লোকের পক্ষে পর্য্যাপ্ত হয় যেন তাহা বলকর হয়,

যেন তাহা ধন লাভের জন্য এবং বিপদ হইতে পরিত্রাণ পাইবার জন্য উপযোগী হয়।

১১। হে ইন্দ্র! তুমি যখন আমাদিগের নিকট আসিতে ইচ্ছা কর, তখন স্তবকারী এই ব্যক্তি যেখানেই কেন থাকুক না, ইহাকে যজ্ঞ করিবার সময় রক্ষা কর। হে ধনদাতা! তোমাকে যাহারা স্নেহ করে, তাহাদিগের সংবাদ লও।

১২। আমার এই বিস্তৃত স্তব দীপ্তির সহিত সূর্য্যের উদ্দেশে যাইতেছে ও মনুষ্যদিগের শ্রীবৃদ্ধি করিতেছে। যেরূপ ছুতার অশ্বে আকর্ষণ করিবার উপযুক্ত দৃঢ়তর রথ নির্ম্মাণ করে। ইহাকে আমি তেমনিভাবে রচনা করিয়াছি।

১৩। যাঁহাদিগের নিকট ধন কামনা করি, তাঁহাদিগের উদ্দেশে এই সুবর্ণময়, অর্থাৎ অতি উৎকৃষ্ট স্তব পুনঃ পুনঃ আবৃত্তি করিতেছি। যেরূপ যুদ্ধের সৈন্যগণ পুনঃ পুনঃ অগ্রসর হয়, অথবা ঘটীচক্র শ্রেণীবদ্ধ হইয়া অগ্রপশ্চাৎভাবে উঠিতে থাকে, আমার স্তব গুলিও তদ্রূপ(১)।

১৪। যে সকল দেবতা পঞ্চশত রথে ঘোটক যোজনা করিয়া পথে গমন করেন, (অর্থাৎ যজ্ঞে যাইবার জন্য), তাঁহাদিগের বর্ণনাযুক্ত স্তব আমি দুঃশীম ও পৃথবান্ ও বেন ও অসুর রাম এই সকল ধনাঢ্য রাজার নিকট পাঠ করিয়াছি।

১৫। এই স্থানে তান্ব ও পার্থ্য ও মায়ব এই কয়েক জন ঋষি সপ্তসপ্ততি গাভী তৎক্ষণাৎ প্রার্থনা করিলেন।

৯৪ সূক্ত।

সোমনিষ্পীড়িত করিবার প্রস্তর দেবতা। অর্ব্বুদ ঋষি।

১। এই সকল প্রস্তর কথা কহুক, অর্থাৎ শব্দ করুক; আমরাও কথা কহি, ইহারা কথা কহিতেছে, ইহাদের কথার কথা কও। যখন ক্ষিপ্রকারী ও দৃঢ়তর এই প্রস্তরগুলি একত্র হইয়া স্তব করিবার ভঙ্গিতে শব্দ করে, তখন হে সোম সম্পন্ন ব্যক্তিগণ! ইন্দ্রের জন্য সোমপাত্র পূর্ণ কর।

(১) এক খানি চক্রের পরিধিতে অনেক গুলি ঘটি সংযোজিত থাকে, কূপের মধ্যে সেই চক্র ঘূর্ণিত হইয়া ক্রমান্বয়ে ঘটীগুলি জলে পূর্ণ হইতে থাকে। ইহাকে ঘটিচক্র কহে। এরূপ ঘটিচক্র অদ্যাপি ব্যবহৃত হয়, আমি উত্তর পশ্চিম প্রদেশে ও রাজস্থানে দেখিয়াছি।

২। এই প্রস্তরগণ একশত ব্যক্তি, অথবা একসহস্র ব্যক্তির ন্যায় শব্দ করিতেছে, ইহারা হরিদ্বর্ণ মুখ দিয়া চীৎকার করিতেছে। যজ্ঞের সময় এই সকল পুণ্যবান্ প্রস্তর অগ্নির অগ্রেই হোমের দ্রব্য ভোজন করে।

৩। ইহারা শব্দ করিতেছে। ইহারা মুখে সোমস্বরূপ মধু ধারণ করিয়াছে। যেমন মাংসাশীরা মাংস পাক হইলে আহ্লাদসূচক রব করে, ইহারাও সেইরূপ রব করিতেছে। নবীন বৃক্ষের শাখা ভক্ষণ কালে সুন্দর রূপে ভক্ষণ করিতে করিতে বৃষগণ যেরূপ শব্দ করে, ইহারাও তদ্রূপ শব্দ করিতেছে।

৪। ইহারা মুখে ধারণপূর্ব্বক মত্ততাজনক সোমরস প্রস্তুত করিয়া উচ্চৈঃস্বরে ইন্দ্রকে আহ্বান করিতেছে। সোমনিষ্পীড়নকারী অঙ্গুলিদিগের সঙ্গে সংরম্ভ করিয়া ইহারা নৃত্য করিতেছে; ইহাদিগের শব্দে পৃথিবী প্রতিধ্বনিত হইতেছে।

৫। ইহাদের শব্দ শুনিয়া জ্ঞান হয়, যেন পক্ষীরা আকাশে কলরব করিতেছে, যেন মৃগ বিচরণ স্থানে কৃষ্ণশার হরিণেরা চলাচল করিয়া নৃত্য করিতেছে। প্রস্তরের দ্বারা নিষ্পীড়িত রসকে ইহারা নিম্নে পাতিত করিতেছে, যেন সূর্য্যের ন্যায় শ্বেতবর্ণ বিস্তর শুক্র নির্গত করিল।

৬। যেমন বলবান্ ঘোটকগণ পরস্পর মিলিত হইয়া রথের ধুরা ধারণপূর্ব্বক রথ বহন করে, প্রস্রাব ত্যাগ করে এবং শরীর আয়ত করে, তদ্রূপ এই প্রস্তরগুলিও আয়ত হইয়া সোমরস বর্ষণ করিতেছে। ইহারা সোম গ্রাস করিতে করিতে শ্বাসসহকারে শব্দ করিল, ঘোটকদিগের ন্যায় ইহাদের মুখনির্গত এই শব্দ আমি শ্রবণ করিতেছি।

৭। এই অবিনাশী প্রস্তরদিগের গুণকীর্ত্তন কর। দশ অঙ্গুলি যখন সোমরস নিষ্পীড়নকালে ইহাদিগকে স্পর্শ করে, সেই দশ অঙ্গুলিকে যেন প্রস্তরস্বরূপ ঘোটকদিগের দশটী বরত্রা বোধ হয়, অথবা দশটী ঘোড়ার সাজ, অথবা দশটি রথে যুতিবার রজ্জু, অথবা দশটী ঘোড়ার রাস বলিয়া জ্ঞান হয়। অথবা যেন দশটী রথধুরা একত্র হইয়া ইহারা বহন করিতেছে।

৮। সেই প্রস্তরগুলি দশটী অঙ্গুলিকে বন্ধন রজ্জুস্বরূপ পাইয়া শীঘ্র শীঘ্র কার্য্য করিতেছে। তাহাদিগের উৎপাদিত সোমরস হরিদ্বর্ণ হইয়া আসিতেছে। সোমের অংশু ডাঁটা নিষ্পীড়িত হইয়া অন্নরূপ ধারণপূর্ব্বক অমৃত রস নির্গত করে, তাহার প্রথম যে অংশ ইহারাই পাইয়া থাকে।

৯। সেই প্রস্তরগণ সোম ভক্ষণপূর্ব্বক ইন্দ্রের দুই ঘোটককে চুম্বন

করিতেছে, অর্থাৎ ইন্দ্রের রথে উপনীত হইতেছে। অংশু ডাঁটা হইতে রস নির্গত করিয়া গোচর্ম্মের উপর যাইতেছে। তাহারা সোমের যে মধু নির্গত করিয়া দেয়, তাহা পান করিয়া ইন্দ্র স্ফীত ও বিস্তারিত হইতেছেন এবং বৃষের স্তায় বল প্রকাশ করিতেছেন।

১০। হে প্রস্তরগণ! সোমের অংশু ডাঁটা তোমাদিগকে রস দান করিবে, তোমরা যেন ভগ্ন হইও না। তোমরা যাহার যজ্ঞে উপস্থিত থাক, তাহারা সর্ব্বদাই অন্নবান্ ও কৃতভাজন হয়, তাহারা ধনবান্ লোকের স্তায় উজ্জ্বল তেজোযুক্ত হয়।

১১। হে প্রস্তরগণ! তোমরা নিজে ভগ্ন না হইয়া অন্তকে ভগ্ন কর, তোমাদিগের পরিশ্রম নাই, শৈথিল্য নাই, মৃত্যু নাই, জরা নাই, রোগ নাই, তৃষ্ণা নাই, স্পৃহা নাই, তোমরা স্থূল, অথচ উৎক্ষেপণ ও অবক্ষেপণ প্রভৃতি ক্রিয়া বিষয়ে তোমাদের যথেষ্ট পটুতা আছে।

১২। তোমাদিগের পিতাস্বরূপ পর্ব্বতগণ যুগ যুগান্তর ধরিয়া স্থির আছে, তাহারা পূর্ণাভিলাষ হইয়াছে, কোন কারণে নিজ স্থান ত্যাগ করে না। তাহারা জরারহিত, হরিদ্বর্ণ বৃক্ষবিশিষ্ট, হরিদ্বর্ণ সংযুক্ত হইয়া পক্ষীদিগের কলরব দ্বারা দ্যুলোক ও ভূলোক পূর্ণ করে।

১৩। যে রূপ রথারোহিগণ রথচর্য্যা ক্ষেত্রে রথ চালাইয়া শব্দ উত্থাপন করে, তদ্রূপ প্রস্তর সোমরস নির্গত করিবার সময় শব্দ করে। ধান্ত বপনকারীরা বীজ যেমন বপন করে, তদ্রূপ ইহারা সোম বিকীর্ণ করিতেছে। ভক্ষণ করিয়া উহা নষ্ট করিতেছে না।

১৪। সোম নিষ্পীড়িত হইলে, প্রস্তরেরা শব্দ করিতেছে, যেন ক্রীড়াসক্ত শিশুরা ক্রীড়াস্থলে জননীকে আঘাত করিয়া ঠেলিয়া দিয়া শব্দ করিতেছে। যে প্রস্তর সোমরস নিষ্পীড়ন করিয়াছে, তাহাকে বস্তুকর, প্রস্তরগণ সংবর্দ্ধনা পাইয়া ঘূর্ণিত হইতে থাকুক।

৯৫ সূক্ত ।

পুরুরবা ও উর্ব্বশী দেবতা। তাঁহারাই ঋষি। (১)

১। [পুরুরবার উক্তি]—হে পত্নি! তোমার চিত্ত কি নিষ্ঠুর! অতি শীঘ্র চলিয়া যাইও না, আমাদিগের উভয়ের কিঞ্চিৎ কথোপকথন আবশ্যক হইয়েছে। এক্ষণে মনের কথা যদি উভয়ে প্রকাশ করিয়া না বলা হয়, ভবিষ্যতে সুখের বিষয় হইবেক না।

২। [উর্ব্বশীর উক্তি]—তোমার সহিত বাক্যালাপ করিয়া আমার কি হইবে? আমি প্রথম উষার ন্যায় (২) চলিয়া আসিয়াছি। হে পুরুরবা, আপন গৃহে ফিরিয়া যাও। বায়ুকে যেমন ধারণ করা যায় না, তুমিও তেমনি আমাকে ধারণ করিতে পারিবে না।

৩। [পুরুরবার উক্তি]—তোমার বিরহে আমার তূণীর হইতে বাণ নির্গত হয় নাই, জয়শ্রী লাভ হয় নাই; আমি যুদ্ধে গমনপূর্ব্বক শতসহস্র গাভী আনয়ন করিতে পারি নাই। রাজকার্য্য বীরশূন্য হইয়াছে, ইহার কোন শোভা নাই; আমার সৈন্যগণ সিংহনাদ করিবার চিন্তা এককালে ত্যাগ করিয়াছে।

৪। হে উষাদেবি! সেই উর্ব্বশী শ্বশুরকে ভোজনের সামগ্রী দিতে যদি ইচ্ছা করিতেন, তাহা হইলে সন্নিহিত গৃহ হইতে শয়ন গৃহে যাইতেন, তথায় দিবারাত্রি স্বামির নিকট রমণ সুখ সম্ভোগ করিতেন।

৫। [উর্ব্বশীর উক্তি]—হে পুরুরবা! তুমি প্রতিদিন তিনবার আমাকে আলিঙ্গন করিতে। কোনও সপত্নীর সহিত আমার প্রতিদ্বন্দ্বিতা ছিল না, আমাকেই নিয়ত সন্তুষ্ট করিতে। তোমার গৃহে আমি আগমন করিলাম, তুমি আমার রাজা, তুমি আমার অশেষ সুখের বিধাতা হইলে।

(১) এই সূক্তে উর্ব্বশী ও পুরুরবার বৈদিক উপাখ্যান আখ্যাত হইয়াছে। পুরুরবা উর্ব্বশীর সহিত কিছুকাল বসবাস করিয়াছেন, উর্ব্বশী এক্ষণে পুরুরবাকে ছাড়িয়া যাইতেছেন। আমরা পূর্ব্বেই বলিয়াছি, উর্ব্বশীর আদি অর্থ উষা, পুরুরবার আদি অর্থ সূর্য্য। সূর্য্য উদয় হইলে উষা আর থাকে না।

(২) উর্ব্বশীর আদি অর্থ উষা, তাহা যেন এই উপমাদ্বারা কবির মনে অস্পষ্টরূপে উদ্রেক হইতেছে।

৬। [পুরুরবার উক্তি]—সুজূর্ণি, শ্রেণি, সুম্ন, আপি, হ্রদে চক্ষু, গ্রন্থিনী, চরণ্যু, আমার এই যে কয় মহিলা ছিল, তুমি আসিবার পর তাহারা আর আমার নিকট বেশভূষা করিয়া আসিত না। গাভীগণ গৃহে যাইবার সময় যেমন শব্দ করে, তাহারা আর সেরূপ শব্দ করিয়া আমার গৃহে আসিত না।

৭। [উর্ব্বশীর উক্তি]—পুরুরবা যখন জন্মগ্রহণ করিলেন, দেব মহিলারা দেখিতে আসিল, নিজ ক্ষমতায় যাহারা গমন করে, সেই নদীরা পর্য্যন্ত সংবর্দ্ধনা করিল। হে পুরুরবা! দেবতারা দস্যুবধ উপলক্ষে তোমাকে তুমুল যুদ্ধে পাঠাইবার জন্য সংবর্দ্ধনা করিতে লাগিলেন (৩)।

৮। [পুরুরবার উক্তি]—পুরুরবা নিজে মনুষ্য হইয়া যখন অপ্সরাদিগের দিকে অগ্রসর হইলেন, তখন তাহারা আপন রূপ ত্যাগ করিয়া অন্তর্হিত হইল। যেমন হরিণী ভয় পাইয়া পলায়ন করে, অথবা রথে যোজিত ঘোটকেরা যেমন ধাবমান হয়, তদ্রূপ তাহারা চলিয়া গেল।

৯। [উর্ব্বশীর উক্তি]—পুরুরবা নিজে মনুষ্য হইয়া দেবলোকবাসিনী অপ্সরাদিগের সঙ্গে যখন কথা কহিতে এবং তাহাদিগের শরীর স্পর্শ করিতে অগ্রসর হইলেন, তখন তাহারা অদৃষ্ট হইল, নিজ শরীর দেখাইল না, ক্রীড়াসক্ত ঘোটকদিগের ন্যায় পলায়ন করিল।

১০। [পুরুরবার উক্তি] যে উর্ব্বশী আকাশ হইতে পতনশীল বিদ্যুতের ন্যায় ঔজ্জ্বল্য ধারণ করিয়াছিল এবং আমার সকল মনোরথ পূর্ণ করিয়াছিল, তাহার গর্ভে মনুষ্যের ঔরসে সুশ্রী পুত্র জন্ম গ্রহণ করিল। উর্ব্বশী তাহাকে দীর্ঘায়ু করুন।

১১। [উর্ব্বশীর উক্তি]—হে পুরুরবা! তুমি পৃথিবীর পালনের জন্য পুত্রের জন্মদান করিলে, আমার গর্ভে নিজ বীর্য্য পাতিত করিলে। সর্ব্বদা আমি তোমাকে

(৩) সূর্য্যরূপ ইন্দ্রই দস্যুরূপ অন্ধকারকে হনন করেন। পুরুরবাও সূর্য্যের সহিত এক, এই ঋকদ্বারা ইহা কতক পরিমাণে সূচিত হইতেছে।

"That Pururavas is an appropriate name of a solar hero requires hardly any proof."

"I therefore accept the common Indian explanation by which this name (Urvasi) is derived from *Uru*, wide * * and a root, *As*, to pervade; and thus compare *Uru-asi* with another frequent epithet of the dawn, *Uruki*."—*Max Muller's Selected Essays.*

কহিয়াছি যে, কি হইলে আমি তোমার নিকট থাকিব না, কারণ আমি তাহা জানিতাম। তুমি তাহা শুনিলে না; এক্ষণে পৃথিবী পালন কার্য্য পরিত্যাগ করিয়া কেন বৃথা বাক্যব্যয় করিতেছ।

১২। [পুরূরবার উক্তি]—তোমার পুত্র কবেই বা আমার প্রতি প্রীতি প্রদর্শন করিবে? আর যদি আমার নিকটে আসে, তাহা হইলে সে কি রোদন করিবে না? অশ্রুপাত করিবে না? পরস্পর প্রীতিযুক্ত স্ত্রী পুরুষের বিচ্ছেদ ঘটাইতে কাহার ইচ্ছা হয়? তোমার শ্বশুরের গৃহে যেন অগ্নি প্রদীপ্ত হইয়া উঠিল, অর্থাৎ তোমার বিরহ সন্তাপ অসহ্য।

১৩। [উর্ব্বশীর উক্তি]—আমি তোমার কথার উত্তরে কহিতেছি; পুত্র তোমার নিকট যাইয়া অশ্রুপাত, বা ক্রন্দন করিবে না। আমি উহার মঙ্গল চিন্তা করিব। আমার গর্ভে যে পুত্র উৎপাদন করিয়াছ, তাহাকে তোমার নিকট প্রেরণ করিব। হে নির্ব্বোধ! গৃহে ফিরিয়া যাও। আমাকে আর পাইবে না।

১৪। [পুরূরবার উক্তি]—তবে তোমার প্রণয়ী (আমি) অদ্য পতিত হউক, আর কখনও যেন উত্থিত না হয়। সে যেন বহু দূরে দূর হইয়া যাউক। সে যেন নিঃঋতির অঙ্কে শয়িত হউক, বলবান্ বৃকগণ তাহাকে ভক্ষণ করুক।

১৫। [উর্ব্বশীর উক্তি]—হে পুরূরবা! এরূপে মৃত্যু কামনা করিও না; উচ্ছিন্ন যাইও না, দুর্দ্দান্ত বৃকেরা তোমাকে যেন ভক্ষণ না করে। স্ত্রীলোকের প্রণয় স্থায়ী হয় না। স্ত্রীলোকের হৃদয় আর বৃকের হৃদয় দুই এক প্রকার।

১৬। আমি পরিবর্ত্তিতরূপে ভ্রমণ করিয়াছি, মনুষ্যদিগের মধ্যে চারি বৎসর রাত্রিবাস করিয়াছি (৪), দিনের মধ্যে একবার কিঞ্চিৎমাত্র ঘৃত পান করিয়া তাহাতেই ক্ষুধা নিবৃত্তিপূর্ব্বক ভ্রমণ করিয়াছি।

১৭। [পুরূরবার উক্তি] আমি বসিষ্ঠ অন্তরিক্ষ পূর্ণকারিণী আকাশপ্রিয়া উর্ব্বশীকে আমি আলিঙ্গন করিতেছি। তোমার সুকৃতের সুফল যেন তোমার নিকট বর্ত্তমান থাকে। হে উর্ব্বশী! ফিরিয়া আইস, আমার হৃদয় দগ্ধ হইতেছে।

১৮। [উর্ব্বশীর উক্তি] হে ইলাপুত্র পুরূরবা! এই সকল দেবতা তোমাকে বলিতেছেন যে, তুমি মৃত্যুঞ্জয়ী হইবে, স্বকীয় হোমদ্রব্যদ্বারা দেবতাদিগের পূজা করিবে, তুমি স্বর্গে যাইয়া আমোদ আহ্লাদ করিবে।

---

(৪) মূলে "অবসং রাত্রীঃ শরদঃ চতস্রঃ" আছে। মক্ষমূলর অনুবাদ করিয়াছেন।— "I dwelt with thee four nights of the autumn."

৯৬ সূক্ত।

ইন্দ্রের ঘোটকদ্বয় দেবতা। বরু ঋষি।

১। হে ইন্দ্র! এই মহাযজ্ঞে তোমার দুই ঘোটককে স্তব করিয়াছি। তুমি শত্রুহিংসাকারী, তুমি প্রকৃষ্টরূপে মত্ত অর্থাৎ উৎসাহযুক্ত হও, ইহা প্রার্থনা করি। তুমি হরিদ্বর্ণ অশ্বযোগে আসিয়া ঘৃতের ন্যায় চমৎকার জল বর্ষণ কর, তুমি উজ্জ্বলরূপী, তোমার নিকট আমার স্তুতিবাক্য সকল গমন করুক।

২। তোমরা ইন্দ্রকে যজ্ঞের দিকে ডাকিয়াছ, দেবায়তন অর্থাৎ যজ্ঞগৃহের দিকে ইন্দ্রের দুই ঘোটককে চালাইয়া আনিয়াছ, তোমরা ইন্দ্রের বলবীর্য্য ঘোটকসমেত স্তব কর, দেখ, যেমন গাভীগণ দুগ্ধ দেয়, তদ্রূপ ইন্দ্রকে হরিদ্বর্ণ সোমরসের দ্বারা আপ্যায়িত করা হইতেছে।

৩। ইঁহার যে লৌহনির্ম্মিত বজ্র, তাহা হরিদ্বর্ণ; তাহা বিলক্ষণ শত্রু সংহার করে, তাহা দুই হস্তে ধৃত হয়। ইন্দ্র নিজে ধনবান্, সুগঠন হনুবিশিষ্ট, এবং বাণ দ্বারা সক্রোধে শত্রু সংহার করেন। হরিৎমূর্ত্তি সোমরসদ্বারা ইন্দ্রকে অভিষিক্ত করা হইল।

৪। আকাশে সূর্য্যের ন্যায় উজ্জ্বল বজ্র ধৃত হইল। সে যেন আপন বেগে সমস্ত দিক্ ব্যাপ্ত করিল, সুগঠন হনুবিশিষ্ট সোমরস পানকারী ইন্দ্র লৌহময় বজ্রদ্বারা বৃত্রকে নিধন করিবার সময় অপরিসীম দীপ্তি প্রাপ্ত হইলেন।

৫। হে উজ্জ্বলকেশধারী ইন্দ্র! পূর্ব্বকালের যজমানেরা তোমাকে স্তব করিত, তুমি যজ্ঞে আসিতে। তুমি উজ্জ্বল হও। হে উজ্জ্বলরূপী! তোমার সর্ব্বপ্রকার অন্ন প্রশংসার যোগ্য, নিরুপম ও উজ্জ্বল।

৬। স্তবযোগ্য বজ্রধারী ইন্দ্র যখন সোমরস পানের আমোদে প্রবৃত্ত হয়েন, তখন দুই উজ্জ্বল ঘোটক রথে যোজিত হইয়া তাঁহাকে বহন করে। উজ্জ্বল ইন্দ্রের জন্য অনেক বার সোমরস নিষ্পীড়িত হয় এবং হরিদ্বর্ণ সোমরস সংস্থাপিত হইয়া থাকে।

৭। অবিচলিত ইন্দ্রের জন্য যথেষ্ট সোমরস রাখা হইয়াছে, সেই সোমরস ইন্দ্রের ঘোটককে যজ্ঞের দিকে ত্বরাযুক্ত করিতেছে। হরিদ্বর্ণ ঘোটকেরা তাঁহার যে রথকে যুদ্ধে লইয়া যায়, সেই রথ এই রমণীয় সোমযাগে আসিয়া অধিষ্ঠিত হইয়াছে।

৮। ইন্দ্রের শ্মশ্রু উজ্জ্বল, কেশ উজ্জ্বল, তিনি লৌহের ন্যায় দৃঢ়কায়, তিনি

সোমপায়ী, শীঘ্র শীঘ্র সোমপান করিয়া শরীর স্ফীত করেন। যজ্ঞই তাঁহার সম্পত্তিস্বরূপ, হরিদ্বর্ণ ঘোটকেরা তাঁহাকে যজ্ঞে লইয়া যায়। তিনি দুই ঘোটকে আরোহণপূর্ব্বক সকল দুর্গতি দূর করিয়া দিন।

৯। তাঁহার দুই উজ্জ্বল চক্ষু স্রুবা নামক যজ্ঞপাত্রের মত যজ্ঞের উপর নিক্ষিপ্ত হইল। তিনি অন্ন ভক্ষণ করিবার জন্য উজ্জ্বল হনুদ্বয় কম্পিত করিতেছেন। পরিষ্কার চমসের মধ্যে যে চমৎকার সোমরস ছিল, তাহা পান করিয়া তিনি আপনার দুই ঘোটকের গাত্র মার্জনা করিতেছেন।

১০। উজ্জ্বল ইন্দ্রের আবাসস্থান দ্যাবাপৃথিবীর মধ্যেই বিদ্যমান আছে। তিনি অশ্বারূঢ় হইয়া ঘোটকের ন্যায় মহাবেগে যুদ্ধে যান। অতি উৎকৃষ্ট স্তব তাঁহাকে বর্ণনা করিতেছে। হে উজ্জ্বল ইন্দ্র! তুমি আপনার ক্ষমতাদ্বারা প্রচুর অন্ন দিয়া থাক।

১১। হে ইন্দ্র! তুমি মহিমাদ্বারা দ্যাবাপৃথিবী ব্যাপ্ত করিয়া নিত্য নূতন চমৎকার স্তব পাইয়া থাক। হে অসুর! গাভীগণের উৎকৃষ্ট স্থান উজ্জ্বল সূর্য্যের নিকট প্রকাশ কর। উত্তম গোষ্ঠ দেখাও।

১২। হে উজ্জ্বল সুগঠন হনুবিশিষ্ট ইন্দ্র! ঘোটকগণ তোমার রথে যোজিত হইয়া তোমাকে মনুষ্যের যজ্ঞে আনয়ন করুক। তোমার জন্য যে মধুর সোমরস প্রস্তুত হইয়াছে, তাহা পান কর। দশ অঙ্গুলিদ্বারা যে সোম প্রস্তুত হইয়া যজ্ঞের উপকরণস্বরূপ হয়, যুদ্ধের সময় তাহা পান করিতে ইচ্ছা কর।

১৩। হে অশ্ববিশিষ্ট ইন্দ্র! প্রথমে যে সোম প্রস্তুত হইয়াছিল, তাহাত পান করিয়াছ। এক্ষণে যাহা প্রস্তুত হইয়াছে, তাহা কেবল তোমারই জন্য। হে ইন্দ্র! এই মধুযুক্ত সোম আস্বাদন কর। হে প্রচুর বৃষ্টিকারী! তোমার উদর আর্দ্র কর।

---

৯৭ সূক্ত।

ওষধি দেবতা। ভিষক্ ঋষি(১)।

১। পূর্ব্বকালে তিন যুগ ধরিয়া দেবতারা যে সমস্ত প্রাচীন ওষধি সৃষ্টি করিয়াছেন, সেই সকল পিঙ্গলবর্ণ ওষধির একশত সপ্ত স্থান বিদ্যমান আছে, আমি এইরূপ জ্ঞান করি।

২। হে জননীস্বরূপা ওষধিগণ! তোমরা মৃত্তিকাতে রোহণ কর, অর্থাৎ উৎপন্ন। তোমাদিগের একশত এমন কি একসহস্র স্থান আছে। তোমাদিগের ক্রিয়া শত প্রকার, তোমরা আমার আরোগ্য বিধান কর।

৩। হে পুষ্পবতী ফলপ্রসবকারিণী ওষধিগণ! তোমরা রোগীর প্রতি সন্তুষ্ট হও। তোমরা ঘোটকের ন্যায় জয়শীল মৃত্তিকাতে জন্ম গ্রহণ কর, রোগীকে রক্ষা কর।

৪। হে দীপ্তিশালী ওষধিগণ! তোমরা জননীস্বরূপা। তোমাদিগের সমক্ষে আমি স্বীকার করিতেছি, যে আমি চিকিৎসক ব্যক্তিকে গো, অশ্ব, বস্ত্র, এমন কি, আপনাকে পর্য্যন্ত দিতে প্রস্তুত আছি।

৫। হে ওষধিগণ! অশ্বত্থ বৃক্ষে তোমরা উপবেশন কর। পলাশ বৃক্ষে তোমরা বাস কর। যখন রোগীর প্রতি অনুগ্রহ কর, তখন তোমাদিগকে গাভী দান করা উচিৎ হয়, অর্থাৎ বিশিষ্ঠ কৃতজ্ঞতা'র ভাজন হও।

৬। যেমন রাজাগণ যুদ্ধে একত্র হন, তদ্রূপ যে ব্যক্তির নিকট ওষধিগণ মিলিত হয়, অর্থাৎ যে ওষধী জানে, সেই বুদ্ধিমান্ ভিষক্ ব্যক্তিকে চিকিৎসক, কহে, সে রোগদিগকে ধ্বংস করে।

৭। অশ্ববতী, সোমবতী, ঊর্জয়ন্তী, উদোজস্ প্রভৃতি তাবৎ ওষধি সংগ্রহ করিয়াছি, অভিপ্রায় যে এই ব্যক্তির আরোগ্য বিধান করিব।

৮। হে রোগী! এই দেখ, যেমন গোষ্ঠ হইতে গাভীগণ বাহির হয়, তদ্রূপ ওষধিবর্গ হইতে তাহাদিগের গুণ সমস্ত বাহির হইতেছে, ইহারা তোমাকে তোমার স্বাস্থ্য ধন প্রদান করিবে।

৯। হে ওষধিগণ! তোমাদিগের মাতার নাম ইষ্কৃতি। তোমরা রোগের

(১) এই সূক্তটী ঔষধ ও রোগের চিকিৎসা সম্বন্ধে। ইহা হইতে প্রতীয়মান হয় যে বৈদিক কালে নানা রোগের জন্য নানা রূপ উদ্ভিজ্জ ব্যবহৃত হইত।

নিষ্কৃতি স্বরূপ। যাহা কিছু শরীরকে পীড়া দেয়, তোমরা তাহা বেগবতী পক্ষিণীর ন্যায় বাহির করিয়া দাও।

১০। যেরূপ কোন চোর গোষ্ঠ অতিক্রম করিয়া যায়, তদ্রূপ বিশ্বব্যাপী সর্ব্বত্রগামী ওষধিগণ রোগদিগকে অতিক্রম করিল। শরীরে যে কিছু পীড়া বিদ্যমান ছিল, ওষধিগণ তাহা দূরীকৃত করিল।

১১। যখনই আমি এই সকল ওষধিকে হস্তে গ্রহণ করিলাম এবং রোগীর দৌর্ব্বল্য নিরাকরণ করিলাম, তখনই রোগের আত্মা নষ্ট হইল, সেই রোগ তৎপূর্ব্বে প্রাণকে আক্রমণ করিয়া যেন বসিয়াছিল।

১২। যেরূপ বলবান্ ও মধ্যবর্ত্তী ব্যক্তি সকলকেই আয়ত্ত করেন, তদ্রূপ হে ওষধিগণ! তোমরা যাহার অঙ্গ প্রত্যঙ্গ ও গ্রন্থিতে গ্রন্থিতে বিচরণ কর, তাহার রোগ সেই সেই স্থান হইতে দূরীকৃত কর।

১৩। চাষ ও কিকিদীবি পক্ষী যেমন দ্রুতবেগে উড়িয়া যায়, অথবা বায়ু যেমন বেগে গমন করে, অথবা গোধা যেমন ধাবমান হয়, হে রোগ! তুমিও তদ্রূপ শীঘ্র অপসৃত হও।

১৪। হে ওষধিগণ! তোমাদিগের একজন আর একজনকে রক্ষা করুক, তাহাকে আর একজন রক্ষা করুক। এইরূপে সকলে পরস্পর একমত ও এক কার্য্যকারিণী হইয়া আমার এই কথা রক্ষা কর।

১৫। যাহারা ফলবতী অথবা যাহারা ফলবতী নয়, যাহারা পুষ্পবতী, অথবা যাহারা তাদৃশ নয়, বৃহস্পতিকর্ত্তৃক উৎপাদিত সেই সমস্ত ওষধি আমাদিগকে পাপ হইতে রক্ষা করুক।

১৬। কেহ অভিসম্পাত করাতে আমার যে পাপ হইয়াছে, অথবা বরুণের পাশ অথবা যমের নিগড় হইতে এবং অন্যান্য সকল দেবতাসংক্রান্ত পাপ হইতে ওষধিগণ আমাকে রক্ষা করুক।

১৭। ওষধিগণ স্বর্গ হইতে নিম্নে পতিত হইবার সময় বলিয়াছিল, আমরা যে প্রাণীকে অনুগ্রহ করি, তাহার কোন অনিষ্ট উপস্থিত হয় না।

১৮। সোম যে সকল ওষধির রাজা, যাহারা অসংখ্য এবং নানা উপকার করিয়া থাকে, হে ওষধি! তুমি তাহাদিগের শ্রেষ্ঠ, তুমি বাসনা পূর্ণ করিতে এবং হৃদয়কে সুখী করিতে সমর্থ।

১৯। সোম যে সকল ওষধির রাজা, যাহারা পৃথিবীর নানা স্থানে বিস্তৃত আছে, বৃহস্পতি কর্ত্তৃক উৎপাদিত, সেই সকল ওষধি এই রোগী ব্যক্তির

বলাধান করুক, অথবা এই উপস্থিত ওষধিকে বীর্য্যবতী করুক। (এ স্থলে ভিষক্ যে ওষধিটী উপস্থিত রোগে ব্যবহার করিবেন, তাহার বিষয়ে কহিতেছেন)।

২০। হে ওষধিগণ! আমি তোমাদিগের খননকর্ত্তা, আমি যেন নষ্ট না হই, এবং যাহার জন্য খনন করিতেছি, সেও যেন নষ্ট না হয়। আমাদিগের যাহা কিছু সম্পত্তি আছে, দ্বিপদ হউক, চতুষ্পদ হউক, সকলি যেন নীরোগ থাকে।

২১। যে সকল ওষধি আমার এই বাক্য শুনিতেছে, অথবা যাহারা অতি দূরে আছে, সেই সকল ওষধি একত্র হইয়া এই উপস্থিত ওষধিকে বীর্য্যবতী করুক।

২২। ওষধিগণ সোমরাজার সহিত এই কথোপকথন করিতেছে, হে রাজন্! স্তোতা যাহার চিকিৎসা করে, তাহাকেই আমরা পরিত্রাণ করি।

২৩। হে ওষধি! তুমি শ্রেষ্ঠ; যেখানে যত বৃক্ষ আছে. সকলেই তোমার নিকট হীন। যে আমাদিগের অনিষ্ট চিন্তা করে, সে যেন আমাদিগের নিকট হীন হয়।

৯৮ সূক্ত।

নানা দেবতা। দেবাপি ঋষি।

১। হে বৃহস্পতি! তুমি আমার জন্য প্রত্যেক দেবতার নিকটে গমন কর। তুমি মিত্র, বা বরুণ, বা পূষাই হও, অথবা আদিত্যগণ ও বসুগণসমেত ইন্দ্রই বা হও, তুমি শন্তনু রাজার জন্য(১) মেঘকে বারিবর্ষণ করাও।

২। হে দেবাপি! কোন এক বিজ্ঞ শীঘ্রগামী দেব তোমার নিকট হইতে দূতস্বরূপ হইয়া আমার নিকট আগমন করুক। হে বৃহস্পতি! আমাদিগের প্রতি অভিমুখ হইয়া আগমন কর। তোমার জন্য উজ্জ্বল স্তব মুখে ধারণ করিয়াছি।

৩। হে বৃহস্পতি! আমাদিগের মুখে এমন একটী উজ্জ্বল স্তব তুলিয়া দাও, যাহা অস্পষ্টতা দোষে দূষিত না হয়, এবং উত্তমরূপে স্ফুরিত হয়। তদ্দ্বারা আমরা শন্তনুর জন্য বৃষ্টি উপস্থিত করি। মধুযুক্ত রস আকাশ হইতে আগমন করুক।

(১) শন্তনু রাজার অনুষ্ঠিত যজ্ঞে বোধ হয়, এই সূক্ত রচিত বা উচ্চারিত হইয়াছিল।

৪। মধুযুক্ত রসগুলি অর্থাৎ বৃষ্টিবারি আমাদিগের নিমিত্ত আগমন করুক। হে ইন্দ্র! রথের উপর সংস্থাপনপূর্ব্বক বিস্তর ধন দান কর। হে দেবাপি! এই হোমকার্য্যে আসিয়া উপবেশন কর, কালে কালে দেবতাদিগকে পূজা কর, হোমের দ্রব্য দিয়া সন্তুষ্ট কর।

৫। ঋষ্টিসেনের পুত্র দেবাপি ঋষি দেবতাদিগের জন্য উৎকৃষ্ট স্তব স্থির করিয়া হোম করিতে বসিলেন। তখন তিনি উপরের সমুদ্র হইতে স্বর্গের বৃষ্টিবারি নীচের সমুদ্রে আনয়ন করিলেন।

৬। এই উপরের সমুদ্র(২), অর্থাৎ আকাশমধ্যে দেবতারা জল আচ্ছাদন করিয়া রাখিয়াছিলেন। ঋষ্টিসেনের পুত্র দেবাপি সেই জল সঞ্চালিত করিলেন, তখন জলগুলি সুপরিষ্কৃত ক্ষেত্রভূমির উপর ধাবমান হইল।

৭। যখন শন্তনুর পুরোহিত দেবাপি হোম করিবার জন্য উদ্যোগী হইয়া বৃষ্টি উৎপাদনকারী দেবস্তব ধ্যানদ্বারা নিরূপিত করিলেন, তখন বৃহস্পতি সন্তুষ্ট হইয়া তাঁহার মনে সেই স্তুতিবাক্যের উদয় করিয়া দিয়াছিলেন।

৮। হে অগ্নি! ঋষ্টিসেনের পুত্র মনুষ্যজাতীয় দেবাপি উজ্জ্বল হইয়া তোমাকে প্রজ্বলিত করিয়াছে। তাবৎ দেবতার সহকারিতা প্রাপ্ত হইয়া তুমি বৃষ্টিবর্ষণকারী মেঘকে প্রবর্ত্তিত কর।

৯। তোমাকে বিস্তর লোকে আহ্বান করে। যাবতীয় প্রাচীন ঋষি যজ্ঞের সময় স্তুতিবাক্য দ্বারা তোমার সেবা করিয়াছিলেন। হে রোহিতনামক অশ্ববিশিষ্ট অগ্নি! আমাদিগের যজ্ঞের দিকে সহস্রসংখ্যক সম্পত্তি রথে বহনপূর্ব্বক লইয়া আইস।

১০। হে অগ্নি! এই দেখ নবনবতিসহস্র রথবাহিত সম্পত্তি তোমাকে আহুতি দেওয়া হইল। হে বীর! তাহার দ্বারা তোমার প্রাচীন শরীর সকল বৃদ্ধিযুক্ত কর। আমাদিগের প্রার্থনা শুনিয়া আকাশ হইতে বৃষ্টি আনয়ন কর।

১১। হে অগ্নি! এই নবতিসহস্র আহুতি। বৃষ্টিকারী ইন্দ্রকে ইহার ভাগ দাও। কালে কালে দেবতাদিগের নিকট যাইবার জন্য যে পথ বিদ্যমান আছে, তাহা তুমি জান, অতএব ঔলান নামক ব্যক্তিকে দেবলোকে দেবতাদিগের নিকট সংস্থাপন কর।

(২) ঋগ্বেদের অনেক স্থলে আকাশকে সমুদ্র বলা হইয়াছে। আকাশ জলীয় বলিয়া অনুভব ছিল। ১২ ঋক্ দেখ।

১২। হে অগ্নি! শত্রুদিগের দুর্গম পুরী সকল ধ্বংস কর। রোগ দূর কর, রাক্ষসদিগকে তাড়াইয়া দেও। প্রকাণ্ড আকাশে যে এই সমুদ্র বিদ্যমান আছে, তথা হইতে অপরিসীম জল এই স্থানে আনিয়া দাও।

৯৯ সূক্ত।

ইন্দ্র দেবতা। বম্র ঋষি।

১। হে ইন্দ্র! তুমি বুঝিয়া বুঝিয়া চমৎকার সম্পত্তি আমাদিগকে প্রেরণ করিয়া থাক, উহা প্রচুর হইয়া উঠে, উহা অতি উৎকৃষ্ট, উহাদ্বারা আমাদিগের শ্রীবৃদ্ধি হয়। সেই ইন্দ্রের বল বৃদ্ধির জন্য কিই বা দেওয়া যাইতে পারে? তাঁহার নিমিত্ত বৃত্রনিধনকারী বজ্র নির্ম্মিত হইয়াছে। তিনি বৃষ্টিবর্ষণ করিলেন।

২। তিনি দীপ্তি ধারণপূর্ব্বক বিদ্যুৎ আবিষ্কৃত করিয়া যজ্ঞে সামগানের নিকট গমন করেন। তিনি বলপূর্ব্বক অনেক স্থান অধিকার করেন। তিনি একস্থানবাসী মরুদ্গণের সহিত শত্রু পরাভব করেন। তিনি আদিত্যদিগের সপ্তম ভ্রাতা, তাঁহাকে ত্যাগ করিয়া কোন কার্য্যই হইবার নহে।

৩। তিনি সুচারু গতিতে গমনপূর্ব্বক যুদ্ধক্ষেত্রে উপস্থিত হন। তিনি সর্ব্ব বস্তুর দাতা, দিতে উদ্যত হইয়া যুদ্ধে অবস্থিত হয়েন। তিনি অবিচলিতভাবে শতদ্বারবিশিষ্ট শত্রুপুরী হইতে ধন অপহরণ করেন এবং ইন্দ্রিয়পরায়ণ দুরাত্মা-দিগকে নিজতেজে পরাভব করেন।

৪। তিনি মেঘের দিকে গমন করিয়া মেঘে ভ্রমনপূর্ব্বক উর্ব্বরা ভূমিতে প্রচুর জল সেচন করেন। সেই সকল ক্ষেত্রে অনেক ক্ষুদ্র নদী একত্র হইয়া ঘৃত-তুল্য জল বহাইয়া দেয়, তাহাদিগের চরণ নাই, রথ নাই, দ্রোণিই তাহাদিগের অশ্ব (১)।

৫। সেই ইন্দ্র বিনা প্রার্থনায় অভিলাষ পূর্ণ করেন, তিনি প্রকাণ্ড, দুর্নাম তাঁহার নিকটেও যায়না, তিনি নিজ স্থান ত্যাগ করিয়া রুদ্রপুত্র মরুদ্গণের সহিত এই স্থানে আগমন করুন। আমি বম্র, আমার পিতামাতার মনের ক্লেশ বোধ হয় দূর হইল, কারণ আমি যাইয়া শত্রুর অন্ন হরণ করিয়াছি এবং শত্রুদিগকে রোদন করাইয়াছি।

(১) দ্রোণি অর্থাৎ সেচনী দ্বারা জল লইয়া ক্ষেত্রে সেচন করে।

৬। সেই প্রভু ইন্দ্র বহুল চিৎকারকারী দাস জাতীয়কে শাসন করিয়াছেন, মস্তকত্রয়বিশিষ্ট ষটচক্ষু শত্রুকে দমন করিয়াছেন। ত্রিত ইহার তেজে তেজস্বী হইয়া লৌহের ন্যায় তীক্ষ্ণ নখবিশিষ্ট অঙ্গুলি দ্বারা বরাহকে বধ করিয়াছে।

৭। তাঁহার কোন ভক্তকে যদি শত্রুরা যুদ্ধার্থে আহ্বান করে, তাহা হইলে তিনি দর্পভরে শরীর উন্নত করিয়া শত্রু হিংসা করিবার উৎকৃষ্ট অস্ত্র প্রদান করেন। তিনি মনুষ্যদিগের সর্ব্বোৎকৃষ্ট নেতা, দস্যু হত্যার সময় উত্তমরূপে দর্শন দিয়া মান্য ইন্দ্র অনেক শত্রু পুরী ধ্বংস করিলেন।

৮। তিনি মেঘসমূহের তৃণময়ী ভূমিতে জল বর্ষণ করেন, আমাদিগকে ভবনের পথ দেখাইয়াছেন। তিনি আপন শরীরের সর্ব্বাংশে সোম সেচন করিয়া শ্যেনপক্ষীর ন্যায় লৌহতুল্য তীক্ষ্ণ দৃঢ়পাষ্ণি ভাগের দ্বারা দস্যুদিগকে বধ করেন।

৯। তিনি পরাক্রান্ত শত্রুদিগকে দৃঢ় অস্ত্রদ্বারা দূর করিয়া দেন। কুৎস নামক ব্যক্তির স্তব শুনিয়া শুষ্ণ নামক অসুরকে ছেদন করিয়াছেন। যিনি স্তবকারী কবি উশনাকে কবচ লইয়া দান করিলেন, তিনি তাঁহাকে ও অন্য অন্য মনুষ্যকে দান করেন।

১০। তিনি মনুষ্যহিতকারী মরুদ্‌গণের সহিত ধন দিতে ইচ্ছা করিয়া ধন পাঠাইয়াছেন। তিনি বরুণের ন্যায় নিজ তেজে সুশ্রী এবং ক্ষমতাবান্। তিনি রম্যমূর্ত্তি, কালে কালে রক্ষাকর্ত্তা বলিয়া সকলে তাঁহাকে জানে। তিনি চতুষ্পাদ শত্রুকে নিধন করিলেন।

১১। ঋজিশ্বা নামক উশিজের পুত্র তাঁহাকে স্তব করিয়া বজ্রদ্বারা পিপ্রুর গোষ্ঠ বিদীর্ণ করিলেন। যখন সেই উশিজের পুত্র সোম প্রস্তুত করিয়া যজ্ঞানুষ্ঠানপূর্ব্বক স্তববাক্য কহিয়াছিলেন, তখন ইন্দ্র আসিয়া নিজতেজে শত্রুপুরী ধ্বংস করিলেন।

১২। হে অসুর ইন্দ্র! আমি বম্র, প্রচুর হোমদ্রব্য দিবার জন্য পাদচারী হইয়া তোমার নিকট আসিয়াছি। তুমি আসিয়া এই ব্যক্তির, অর্থাৎ আমার মঙ্গল কর; অন্ন ও বল এবং উৎকৃষ্ট গৃহ, এমন কি সকল বস্তুই দান কর।

১০০ সূক্ত।

বিশ্বে দেবা দেবতা। দুবস্যু ঋষি।

১। হে ইন্দ্র! তোমার সমকক্ষ এই শত্রু সৈন্যকে বধ কর। স্তব গ্রহণ ও সোমপানপূর্ব্বক আমাদিগকে রক্ষা করিবার জন্য জাগরূক হও; আমাদিগের

শ্রীবৃদ্ধি বিধান কর। অন্যান্য দেবতার সহিত সবিতা আমাদিগের বিখ্যাত যজ্ঞ রক্ষা করুন। সর্ব্বসংগ্রাহিণী অদিতি দেবীকে প্রার্থনা করি।

২। উপস্থিত ঋতুর উপযুক্ত যজ্ঞভাগ যুদ্ধের জন্য বায়ুকে দাও, তিনি বিশুদ্ধ সোমপান করেন, তাঁহার যাইবার সময় শব্দ হয়। তিনি শুভ্রবর্ণ দুগ্ধের পানক্রিয়াতে প্রবৃত্ত হইয়াছেন। সর্ব্বসংগ্রাহিণী, ইত্যাদি।

৩। আমাদিগের ঋজুতাভিলাষী ও অভিষবকারী যজমানকে দেবসবিতা অন্নদান করুন। যেন সেই পরিপক্ক অন্নদ্বারা দেবগণের অর্চ্চনা করিতে পারি। সর্ব্বসংগ্রাহিণী ইত্যাদি।

৪। ইন্দ্র প্রতিদিন আমাদিগের প্রতি প্রসন্ন থাকুন। সোমরাজা আমাদিগের যজ্ঞে অধিষ্ঠিত হউন। বন্ধুগণ যে প্রকার আয়োজন করিয়াছেন, উক্ত কার্য্য সেই প্রকারে সম্পন্ন হউক। সর্ব্বসংগ্রাহিণী, ইত্যাদি।

৫। ইন্দ্র চমৎকার অন্ন দান করিয়া আমাদিগের দেহ রক্ষা করিলেন। হে বৃহস্পতি! তুমি পরমায়ু প্রদান করিয়া থাক। যজ্ঞই আমাদিগের গতি, মতি, রক্ষক ও সুখস্বরূপ। সর্ব্বসংগ্রাহিণী, ইত্যাদি।

৬। দেবতাদিগের বল ইন্দ্রই সৃষ্টি করিয়াছেন। গৃহস্থিত অগ্নি দেবতাদিগের স্তব করেন, যজ্ঞ সম্পন্ন করেন, কার্য্য নির্ব্বাহ করেন। তিনি যজ্ঞের সময় পূজ্য ও রমণীয় এবং অস্মদাদির অতি আত্মীয়। সর্ব্বসংগ্রাহিণী, ইত্যাদি।

৭। হে বসুগণ! তোমাদিগের অগোচরে বিশেষ কোন অপরাধ করি নাই অথবা তোমাদিগের সাক্ষাতেও এমন কোন কার্য্য করি নাই যাহাতে দেবতাদিগের ক্রোধ হয়। হে দেবগণ! আমাদিগকে মিথ্যারূপী করিও না। সর্ব্বসংগ্রাহিণী, ইত্যাদি।

৮। যে স্থানে মধুতুল্য সোমরস প্রস্তুত হয় এবং পরে নিষ্পীড়নের প্রস্তরকে উত্তমরূপে স্তব করা হয়, সবিতা যেন তথাকার রোগ দূর করেন, পর্ব্বতগণ যেন গুরুতর অনর্থ অধঃপাতিত করেন।

৯। হে বসুগণ! সোম প্রস্তুত হইবার জন্য প্রস্তর উন্নত হউক, তাবৎ শত্রুকে অপ্রকাশভাবে পৃথক্ পৃথক্ করিয়া দাও। দেব সবিতা রক্ষা করেন, তাঁহাকে স্তব করা উচিত। সর্ব্বসংগ্রাহিণী, ইত্যাদি।

১০। হে গাভীগণ! তোমরা ঘাসভূমিতে বিচরণপূর্ব্বক স্থূল হও, তোমরা যজ্ঞগৃহে দুগ্ধপাত্রে দুগ্ধ দিয়া থাক। তোমাদিগের দেহনির্গত দুগ্ধ সোমরসের ঔষধ স্বরূপ হউক। সর্ব্বসংগ্রাহিণী, ইত্যাদি।

১১। ইন্দ্র যজ্ঞ পূর্ণ করেন, সকলকে জরাযুক্ত করেন, তিনি যুবা ও সোমযাগকারীদিগকে রক্ষা করেন ও উত্তম স্তব পাইয়া অনুকূল হয়েন। তাঁহার স্বর্গীয় আপীন পৃথিবীকে অভিষেক করিবার জন্য পরিপূর্ণ আছে। সর্ব্বসংগ্রাহিণী, ইত্যাদি।

১২। হে ইন্দ্র! তোমার ঔজ্জ্বল্য চমৎকার, তাহা যজ্ঞ পূরণ করে, তাদৃশ ঔজ্জ্বল্য প্রার্থনা করিবার যোগ্য। তোমার দুর্দ্ধর্ষ কার্য্য সকল স্তবকর্ত্তার অভিলাষ পূর্ণ করে। এই নিমিত্ত দুবস্যু নামক ঋষি অতি সরল রজ্জুদ্বারা গাভীর অগ্রভাগ সত্বর আকর্ষণ করিতেছেন।

১০১ সূক্ত।

বিশ্বে দেবা দেবতা। বুধ ঋষি।

১। হে সখাগণ! একমন হইয়া জাগরূক হও, অনেকে একস্থানবর্ত্তী হইয়া অগ্নিকে প্রজ্বলিত কর। দধিক্রা এবং দেবী উষা ও ইন্দ্রকে ইঁহাদিগকে রক্ষা করিবার জন্য আহ্বান করিতেছি।

২। গম্ভীর স্বরে স্তব কর(১); অরিত্র সহযোগদ্বারা পর পারে উত্তীর্ণ হওয়া যায়, এরূপ নৌকা প্রস্তুত কর; অস্ত্রসকল শাণিত ও শোভিত কর; হে সখাগণ! উৎকৃষ্ট যজ্ঞের অনুষ্ঠান কর।

৩। লাঙ্গলগুলি যোজনা কর; যুগগুলি বিস্তারিত কর; এই স্থানে যে ক্ষেত্র প্রস্তুত করা হইয়াছে, তাহাতে বীজ বপন কর, আমাদিগের স্তবের সহিত আমাদিগের অন্ন পরিপূর্ণ হউক। সৃণিগুলি (কাস্তে) নিকটবর্ত্তী পক্কশস্যে পতিত হউক।

৪। লাঙ্গলগুলি যোজিত হইতেছে; কর্ম্মকারগণ যুগ সমস্ত পৃথক্ করিতেছে; বুদ্ধিমান্‌গণ দেবোদ্দেশে সুন্দর স্তব পড়িতেছেন।

৫। পশুদিগের জলপানস্থান প্রস্তুত কর; বরত্রা (চর্ম্মরজ্জু) যোজনা কর; এই উদ্রিক্ত অক্ষয় ও সৌকার্য্যযুক্ত গর্ত্ত হইতে জল সেচন করি।

৬। পশুদিগের জলপানস্থান প্রস্তুত হইয়াছে; এই উদ্রিক্ত অক্ষয় জলপূর্ণ গর্ত্তে সুন্দর চর্ম্মরজ্জু বিদ্যমান আছে; অক্লেশে জল সেচন করা যায়; ইহা হইতে জল সেচন কর।

(১) এই স্থান হইতে কয়েকটী ঋকে কৃষি কার্য্যের বিবরণ পাওয়া যায়।

৭। ঘোটকদিগকে পরিতৃপ্ত কর, ক্ষেত্রে সংস্থাপিত ধান্য গ্রহণ কর, নিরুপদ্রবে ধান্য বহন করে এতাদৃশ রথ প্রস্তুত কর। এই জলপূর্ণ পশুদিগের জলাধার এক দ্রোণ প্রমাণ হইবেক। ইহাতে প্রস্তরনির্ম্মিত চক্র আছে। আর মনুষ্যদিগের পানোপযোগী জলাধার স্কন্দ পরিমাণ হইবেক। ইহা জলপূর্ণ কর।

৮। গোষ্ঠ প্রস্তুত কর, সেই স্থানই মনুষ্যদিগের জল পান করিবার জন্য উপযুক্ত, বহুসংখ্যক স্থূল কবচ সীবন কর, দৃঢ়তর লৌহময় পাত্র নিষ্কাশিত কর, চমস দৃঢ়ীভূত কর, ইহা হইতে যেন জল পরিস্রুত না হয়।

৯। হে দেবগণ! তোমাদিগের ধ্যান আবৃত্তি করিতেছি, অভিপ্রায় যে তোমরা রক্ষা কর। সেই ধ্যান যজ্ঞের উপযোগী, সেই ধ্যান তোমাদিগকে যজ্ঞ-ভাগ প্রদান করে। যেমন ঘাস ভোজন করিয়া গাভী সহস্রধারায় দুগ্ধ দেয়, তদ্রূপ সেই ধ্যান যেন আমাদিগের অভিলাষ পূর্ণ করে।

১০। কাষ্ঠময় পাত্রে সংস্থাপিত হরিদ্বর্ণ সোমরসে দুগ্ধ সেক কর। প্রস্তর-ময় কুঠারের দ্বারা পাত্র প্রস্তুত কর। দশ অঙ্গুলি দ্বারা পাত্রটী বেষ্টনপূর্ব্বক ধারণ কর। বহনকারী পশুকে রথের দুই ধুরাতে যোজিত কর।

১১। বহনকারী পশু রথের দুই ধুরা শব্দায়মান করিয়া বিচরণ করিতেছে, যেন দুই ভার্য্যার স্বামী রতিক্রিয়া করিতেছে। কাষ্ঠনির্ম্মিত শকটকে ইহার কাষ্ঠ-ময় আধারে আরোপণ কর, উত্তমরূপে সংস্থাপন কর, ইহার মূলদেশে যেন খনন করিও না, অর্থাৎ শকট যেন আধার ভ্রষ্ট না হয়।

১২। হে কর্ম্মাধ্যক্ষগণ! এই ইন্দ্র সুখের দাতা, ইঁহাকে সুখময় সোম দান কর, অন্ন দিবার জন্য ইঁহাকে প্রেরণ কর, অনুরোধ কর। সেই ইন্দ্র নিষ্টিগ্রীর অর্থাৎ অদিতির পুত্র, তোমাদের সকলের সমান পীড়াভয়, অতএব রক্ষার জন্য তাঁহাকে এখানে আহ্বান কর যে তিনি সোমপান করিবেন।

১০২ সূক্ত।

ইন্দ্র দেবতা। মুদ্গল ঋষি।

১। হে মুদ্গল! যুদ্ধে তোমার রথ যখন অসহায় হয়, তখন দুর্দ্ধর্ষ ইন্দ্র তাহা রক্ষা করুন। হে ইন্দ্র! এই বিখ্যাত যুদ্ধে ধনোপার্জনের সময় তুমি আমাদিগকে রক্ষা কর।

২। মুদ্গলের পত্নী যখন রথারূঢ়া হইয়া সহস্রজয়িনী হইলেন, তখন বায়ু

তাঁহার বস্ত্র সঞ্চালিত করিল, গাভীজয়ের সময় মুদ্গলপত্নী রথী হইলেন। ইন্দ্রসেনা নাম্নী সেই মুদ্গলানী যুদ্ধের সময় গাভীগণকে শত্রু সৈন্য হইতে বাহির করিয়া আনিলেন (১)।

৩। হে ইন্দ্র! অনিষ্টকারী নিধনোদ্যত শত্রুদিগের উপর বজ্রপাত কর। দাসজাতীয় হউক, বা আর্য্যজাতীয় হউক, উহাকে অপ্রকাশরূপে বধ কর(২)।

৪। দেখ এই বৃষ মহানন্দে জলপান করিল, মৃত্তিকাস্তূপ শৃঙ্গদ্বারা খননপূর্ব্বক শত্রুর দিকে যাইতেছে। তাহার মুষ্ক ভারবৎ লম্বমান আছে, সে আহারার্থী হইয়া দুই শৃঙ্গ শাণিত করিয়া শীঘ্র আসিতেছে।

৫। মনুষ্যগণ এই বৃষের নিকটে গিয়া ইহাকে চীৎকার করাইল, যুদ্ধ মধ্যে ইহাকে প্রস্রাব করাইল। তাহাতে মুদ্গল উত্তম আহারপটু শতসহস্র গাভী জয় করিলেন।

৬। শত্রু হিংসার জন্য বৃষ যোজিত হইল; ইহার কেশধারিণী সারথি, অর্থাৎ মুদ্গলানী শব্দ করিতে লাগিলেন। রথে যোজিত সেই বৃষকে ধরিয়া রাখা গেল না, সে শকট লইয়া ধাবমান হইল, সৈন্যগণ নির্গত হইয়া মুদ্গলানীর পশ্চাৎ পশ্চাৎ চলিল।

৭। সেই বিদ্বান্ মুদ্গল রথের চক্রের পরিধি বাঁধিয়া দিয়াছিলেন। কৌশলসহকারে রথে বৃষকে যোজনা করিলেন। সেই গাভীগণের পতি, অর্থাৎ বৃষকে ইন্দ্র রক্ষা করিলেন। সেই বৃষ দ্রুতবেগে পথে চলিল।

৮। প্রতোদধারী ও কপর্দ্দী চর্ম্মরজ্জুদ্বারা কাষ্ঠ বাঁধিতে বাঁধিতে সুচারুরূপে বিচরণ করিলেন। বিস্তর লোকের ধন উদ্ধার করিলেন। বহুসংখ্যক গাভী স্পর্শ করিয়া ধরিয়া আনিলেন।

৯। দেখ, যুদ্ধ সীমার মধ্যে এই যে মুদ্গর পতিত আছে, ইহা সেই বৃষের সহকারিতা করিয়াছিল। ইহাদ্বারা মুদ্গল শত্রুসৈন্য মধ্যে শতসহস্র গাভী জয় করিয়াছিলেন।

১০। অতি দূরদেশেও কে বা এপ্রকার কখন দেখিয়াছে? যাহাকে রথে যোজনা করিয়াছে, তাহাকেই আরোহণ করাইয়াছে। ইহাকে ঘাসজল

(১) যুদ্ধরথে নারীর সারথিরূপে বর্ত্তমান থাকার কথা। ৬, ৮, ও ১১ ঋক্ দেখ।

(২) দাস ও আর্য্য জাতির উল্লেখ।

দেয়না, অথচ এ রথধুরার উক্ত ভার বহন করিতেছে, এবং প্রভুকে জয়ীও করিতেছে(৩)।

১১। মুদ্গলানী বিধবার ন্যায় নিজে ক্ষমতা প্রকাশ করিয়া পতির ধন গ্রহণ করিলেন, তিনি যেন মেঘের ন্যায় বাণবর্ষণ করিলেন। ঈদৃশ সারথি দ্বারা আমরা যেন জয়শ্রী লাভ করি। আমাদিগেরও যেন অন্ন প্রভৃতি লাভ হয়।

১২। হে ইন্দ্র! তুমি সমস্ত জগতের চক্ষু স্বরূপ; যাহাদিগের চক্ষু আছে, তাহাদিগের তুমি চক্ষু। তুমি বারিবর্ষণকারী; তুমি দুইটী পুরুষজাতীয় অশ্ব রজ্জুদ্বারা একত্র বন্ধন করিয়া চালিত কর এবং ধনদান কর।

১০৩ সূক্ত।

ইন্দ্র ও অপ্বা দেবতা। অপ্রতিরথ ঋষি।

১। ইন্দ্র সর্ব্বব্যাপী শত্রুদিগের পক্ষে তীক্ষ্ণ, বৃষের ন্যায় ভয়ঙ্কর শত্রুবধকারী, মনুষ্যদিগকে বিচলিত করেন, মনুষ্যেরা ত্রস্ত হয়। শত্রুদিগকে রোদন করান, সর্ব্বদা সকল দিকে দৃষ্টি করেন, সমবেত বিস্তর সৈন্য তিনি একাকী জয় করিয়াছেন।

২। হে যুদ্ধকারী মনুষ্যগণ! ইন্দ্রকে সহায় পাইয়া জয়ী হও, বিপক্ষ পরাভব কর। তিনি শত্রুকে রোদন করান, সর্ব্বদা সকল দিক দেখেন, যুদ্ধ করিয়া জয়ী হয়েন, তাঁহাকে কেহ স্থান ভ্রষ্ট করিতে পারে না, তিনি দুর্দ্ধর্ষ, তাঁহার হস্তে বাণ আছে, তিনি বারিবর্ষণ করেন।

৩। বাণধারী ও তূণীরযুক্ত ব্যক্তিগণ তাঁহার সঙ্গে বিদ্যমান আছে, তিনি সকলকে বশ করেন। যুদ্ধকালে বিস্তর শত্রুর সঙ্গে যুদ্ধ করেন, যাঁহারই অভিমুখে গমন করেন, তাহাকেই জয় করেন, তিনি সোম পান করেন, তাঁহার বিলক্ষণ ভুজবল ও ভয়ানক ধনু, সেই ধনু হইতে বাণ ত্যাগ করিয়া শত্রু পাতিত করেন।

৪। হে বৃহস্পতি! রাক্ষসদিগকে বধ করিতে করিতে এবং শত্রুদিগকে পীড়া দিতে দিতে রথযোগে আগমন কর। শত্রুসেনা ধ্বংস কর, বিপক্ষ যোদ্ধাদিগকে মারিয়া ফেল, জয়ী হও, আমাদিগের রথগুলি রক্ষা কর।

(৩) এই শ্লোকের অর্থ অস্পষ্ট।

৫। হে ইন্দ্র! তুমি শত্রুর বলাবল জান, তুমি বহুকালের প্রাচীন, উৎকৃষ্ট বীর, তেজস্বী, বেগবান্ ভয়ঙ্কর ও বিপক্ষ পরাভবকারী। বীরদিগের প্রতি ধাবমান হও, প্রাণিদিগের প্রতি ধাবমান হও, তুমি বলের পুত্র স্বরূপ। এতাদৃশ তুমি গাভী জয়ের জন্য জয়শীল রথে আরোহণ কর।

৬। ইন্দ্র মেঘদিগকে বিদীর্ণ করেন, গাভী লাভ করেন, তাঁহার হস্তে বজ্র, তিনি আস্থির শত্রুসৈন্য নিজ তেজে জয় ও বধ করেন। হে আত্মীয়গণ! ইঁহার দৃষ্টান্তে বীরত্ব কর; হে সখাগণ! ইঁহার অনুসারী হইয়া পরাক্রম প্রকাশ কর।

৭। শত যজ্ঞকারী বীর ইন্দ্র মেঘদিগের দিকে ধাবমান হইতেছেন, তাঁহার দয়া নাই, তিনি স্থানভ্রষ্ট হয়েন না, শত্রুসেনা পরাভব করেন, তাঁহার সঙ্গে কেহ যুদ্ধ করিতে পারে না; যুদ্ধস্থলে তিনি আমাদিগের সেনাবর্গকে রক্ষা করুন।

৮। ইন্দ্র সেই সকল সেনার সেনাপতি। বৃহস্পতি তাহাদিগের দক্ষিণে থাকুন, যজ্ঞোপযোগী সোম তাহাদিগের অগ্রে থাকুন; মরুদ্‌গণ বিপক্ষভঙ্গকারী জয়শীল দেবসেনাদিগের অগ্রে অগ্রে গমন করুন।

৯। বারিবর্ষণকারী ইন্দ্র, রাজা বরুণ, আদিত্যগণ ও মরুদ্‌গণ, ইঁহাদিগের ক্ষমতা অতি ভয়ানক। মহানুভাব দেবতাগণ যখন ভুবনকে কম্পান্বিত করিয়া জয়ী হইতে লাগিলেন, তখন কোলাহল উপস্থিত হইল।

১০। হে ইন্দ্র! অস্ত্রশস্ত্র প্রস্তুত কর, অস্মদীয় অনুচরদিগের মন উৎসাহিত কর। হে বৃত্রবধকারী! ঘোটকদিগের বল উদ্রিক্ত হউক, জয়শীল রথের নির্ঘোষ ধ্বনি উত্থিত হউক।

১১। যখন ধ্বজা উত্তোলিত হয়, তখন ইন্দ্র আমাদিগেরই দিকে থাকেন; আমাদিগের বাণগুলি যেন জয়ী হয়; আমাদিগের বীরগণ যেন শ্রেষ্ঠ হয়; হে দেবতাগণ! যুদ্ধে আমাদিগকে রক্ষা কর।

১২। হে অপ্বা(১)। তুমি চলিয়া যাও; ঐ সকল শত্রুর মনকে প্রলোভিত কর; উহাদিগের শরীরে প্রবেশ কর; উহাদিগের দিকে যাও; শোকের দ্বারা

(১) "পাপ দেবতা।" সায়ণ। "ব্যাধির্বা ভয়ং বা।" নিরুক্ত। ৬। ১২। "Roth says the word means a disease. In the improvements and addition to his Lexicon, Vol. V. he refers to the word as denoting a goddess."— Muir's *Sanskrit Texts*.

উহাদিগের হৃদয়ে দাহ উৎপাদন কর; শত্রুগণ অন্ধকারময় রজনীর সহিত একত্র হউক।

১৩। হে মনুষ্যগণ! অগ্রসর হও, জয়ী হও; ইন্দ্র তোমাদিগকে সুখী করুন। তোমরা নিজে যেমন দুর্দ্ধর্ষ, তোমাদিগের বাহুও তেমনি ভয়ঙ্কর হউক।

১০৪ সূক্ত।

ইন্দ্র দেবতা। অষ্টক ঋষি।

১। হে পুরুহূত! তোমার জন্য সোম প্রস্তুত করা হইয়াছে, দুই ঘোটকের দ্বারা শীঘ্র যজ্ঞে এস। প্রধান প্রধান স্তোতাগণ তোমার উদ্দেশে স্তব উচ্চারণ করিতে করিতে ঐ সোম দিয়াছেন। হে ইন্দ্র! সোম পান কর।

২। হে হরিনামক ঘোটকের স্বামী। কর্ম্মাধ্যক্ষগণ যাহা প্রস্তুত করিয়া জলে পরিষ্কার করিয়া লইয়াছেন, সেই সোম পান কর, উদর পূর্ণ কর। প্রস্তরগণ যাহা তোমার জন্য সেচন করিয়া দিয়াছে, তাহা দ্বারা মত্ত হও, প্রশংসা সকল গ্রহণ কর।

৩। হে হরি নামক অশ্বের স্বামী! সোম প্রস্তুত হইয়াছে, তুমি বর্ষণকারী, যজ্ঞে আসিবে বলিয়া তোমার পানের জন্য প্রচুর সোম দিতেছি। হে ইন্দ্র! উত্তম উত্তম স্তব পাইয়া আমোদ কর। বিবিধ কার্য্য কর, নানা প্রকারে তোমার স্তব হউক।

৪। হে ক্ষমতাসম্পন্ন ইন্দ্র! উশিজ্ বংশীয়েরা যজ্ঞ করিতে জানে। তোমার আশ্রয় পাইয়া তোমার প্রভাবে অন্নলাভ করিয়া এবং সন্তানসন্ততি প্রাপ্ত হইয়া যজমানের গৃহে রহিল, তাহারা সকলে আমোদ করিয়া তোমাকে স্তব করিতে লাগিল।

৫। হে হরিনামক ঘোটকের প্রভু! তোমার স্তব সুন্দর, তোমার সম্পত্তি চমৎকার, তোমার ঔজ্জ্বল্য সাতিশয়, তুমি যে সকল সুন্দর যথার্থ স্তব প্রণয়ন করিয়াছ, তাহা দ্বারা তোমাকে স্তব করিয়া বিস্তর লোকে নিজে রক্ষা পাইয়াছে এবং অপরকে রক্ষা করিয়াছে।

৬। হে হরিনামক অশ্বের প্রভু ইন্দ্র! যে সোম প্রস্তুত করা হইয়াছে, তাহা পান করিবার জন্য হরিনামক দুই ঘোটকযোগে সকল যজ্ঞে গমন কর।

তুমি ক্ষমতাবান্, যজ্ঞ তোমাকেই প্রাপ্ত হয়, তুমি যজ্ঞের বিষয় অবগত হইয়া দান কর।

৭। যাঁহার অপরিমিত অন্ন আছে, যিনি শত্রুদিগকে পরাভব করেন যিনি সোমে প্রীতিলাভ করেন, যাঁহাকে স্তব করিলে আনন্দ হয়, যাঁহার বিপক্ষে কেহ যাইতে পারে না, স্তব সকল তাঁহাকে ভূষিত করিতেছে, স্তবকর্ত্তার প্রণামগুলি তাঁহাকে পূজা করিতেছে।

৮। হে ইন্দ্র! অতি চমৎকার ও অপ্রতিহত গতিযুক্তা সাত নদী আছে, তুমি সেই নদীযোগে শত্রুপুরী ভেদ করিয়া সিন্ধু পার হইলে। তুমি দেব মনুষ্যের উপকারার্থ নবনবতি নদীর পথ পরিষ্কার করিয়া দিয়াছ।

৯। তুমি জলসমূহের আচ্ছাদন খুলিয়া দিয়াছ, তুমি একাকী উল্লিখিত জল আনয়নের জন্য মনোযোগী হইয়াছিলে। হে ইন্দ্র! বৃত্রবধ উপলক্ষে তুমি যে সকল কার্য্য করিয়াছ, তদ্দ্বারা সকল সংসারের শরীর পোষণ করিয়াছ।

১০। ইন্দ্র মহাবীর, ক্রিয়াকুশল, তাঁহাকে স্তব করিলে আনন্দ হয়। উৎকৃষ্ট স্তব উদয় হইয়া ইহাকে পূজা করে। তিনি বৃত্রকে বধিলেন, সংসার সৃষ্টি করিলেন, ক্ষমতাযুক্ত হইয়া শত্রুপরাভব করিলেন, বিপক্ষসেনার প্রতিকূলে গমন করিলেন।

১১। (১০। ৮৯। ১৮ ঋকের সহিত এক)।

১০৫ সূক্ত।

ইন্দ্র দেবতা। সুমিত্র অথবা দুর্মিত্র ঋষি।

১। হে ইন্দ্র! তুমি স্তব বাঞ্ছা কর, স্তব দিয়াছি; বৃষ্টির জন্য প্রচুর সোম প্রস্তুত করিয়াছি; কবে আমাদিগের ক্ষেত্রের জল প্রণালী বারিপূর্ণ হইবে?

২। তাঁহার দুটী পুরুষ ঘোটক সুশিক্ষিত, অনেক কার্য্য করে, দুটীই উজ্জ্বল ও কেশযুক্ত। তাহাদিগের পতি অর্থাৎ ইন্দ্র দান করিবার জন্য আগমন করুন।

৩। বলবান্ ইন্দ্র যখন শোভার জন্য ঘোটক যোজনা করিলেন, তখন পাপের ফল সকল অপগত হইল, তখন মনুষ্যের পরিশ্রম ও ভয় আর রহিল না, অর্থাৎ মনুষ্য সুখী হইল।

৪। ইন্দ্র মনুষ্যের নিকট পূজা প্রাপ্ত হইয়া ধন সমস্ত একত্র আকর্ষণ করিয়া দিলেন। তিনি নানা কার্য্যকারী শব্দায়মান দুই ঘোটক চালাইতে লাগিলেন।

৫। তিনি কেশবিশিষ্ট প্রকাণ্ড দুই ঘোটককে আরোহণপূর্ব্বক আপনার দেহ পুষ্টির জন্য আপনার সুগঠন দুই হনু চালনাপূর্ব্বক আহার প্রার্থনা করেন।

৬। ইন্দ্রের ক্ষমতা অতি সুন্দর; তিনি সুশ্রী, মরুৎদেবতাদিগের সহিত যজমানকে সাধুবাদ করিলেন। তিনি মাতরিশ্বাতে থাকেন, যেরূপ ঋভুগণ ক্রিয়াকৌশলে রথ ইত্যাদি নির্ম্মাণ করিয়াছিলেন, তদ্রূপ বীর ইন্দ্র নিজ বলে নানা বীরের কার্য্য সম্পাদন করিলেন।

৭। তিনি দস্যুকে বধ করিবার জন্য বজ্র প্রস্তুত করিয়াছেন; তাঁহার শ্মশ্রু হরিৎবর্ণ; তাঁহার ঘোটকও হরিৎবর্ণ; তাঁহার হনুদেশ সুশ্রী; তিনি আকাশের ন্যায় বিশাল।

৮। আমাদিগের পাপ সমস্ত লঘু কর; আমরা যেন ঋকের প্রভাবে ঋক্‌-শূন্য ব্যক্তিদিগকে বধ করিতে পারি; যে যজ্ঞে স্তবের সম্পর্ক নাই, তাহা কখন স্তবযুক্ত যজ্ঞের ন্যায় তোমার প্রীতিকর হয় না (১)।

৯। যজ্ঞগৃহে যজ্ঞভারবহনকারী ঋত্বিক্‌গণ যখন ক্রিয়া আরম্ভ করিলেন, তখন তুমি যজমানের সঙ্গে এক নৌকায় আরোহণ করিয়া আপনার কীর্ত্তি প্রতিষ্ঠা কর, অর্থাৎ যজমানকে তারণ কর।

১০। যে গাভী দুগ্ধ বর্ষণ করে, সে তোমার শুভের জন্য হউক, যে পাত্র-দ্বারা তুমি নিজ পাত্রে মধু তুলিয়া লও, সেই দর্ব্বী (হাতা) যেন নির্ম্মল ও কল্যাণকর হয়।

১১। হে বলশালী! তোমার উদ্দেশে সুমিত্র এই প্রকার শত স্তব উচ্চারণ করিলেন; দুর্মিত্র এইরূপ স্তব করিলেন; যেহেতু তুমি দস্যুহত্যা-ব্যাপারে কুৎসের পুত্রকে রক্ষা করিয়াছ। (কুৎসের পুত্রই সুমিত্র এবং এই সূক্তের ঋষি)।

০১ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। ভূতাংশ ঋষি।

১। হে অশ্বিদ্বয়! তোমরা দুজনে আমাদিগের আহুতি অভিলাষ করি-তেছ; যেরূপ তন্তুবায় বস্ত্র বয়ন করে, তদ্রূপ আমাদিগের স্তব বিস্তার করিয়া

(১) ঋক্‌শূন্য লোকের উল্লে। তাহাদিগের ধর্ম্মানুষ্ঠান স্তবশূন্য।

দিতেছ(১)। এই যজমান উত্তমরূপে এই বলিয়া স্তব করিতেছে যে, তোমরা একত্রে এস। চন্দ্র সূর্য্যের স্থায় তোমরা খাদ্য দ্রব্যকে আলোকিত করিয়া বসিয়াছ।

২। যেরূপ দুই বলীবর্দ্দ ঘাসপূর্ণ স্থানে বিচরণ করে, তদ্রূপ তোমরা যজ্ঞদানক্ষম ব্যক্তির নিকটে গমন কর। রথে যোজিত দুই বৃষের ন্যায় ধন দানের জন্য তোমরা স্তবকর্ত্তার নিকট আসিয়া থাক। তোমরা দূতের ন্যায় লোকদিগের নিকট যশস্বী হও। দুটী মহিষ যেমন জলপান স্থান হইতে অপসৃত হয় না, তদ্রূপ তোমরাও সোম পান হইতে অপসৃত হইওনা।

৩। যেরূপ পক্ষীর দুই পক্ষ পরস্পর মিলিত, তদ্রূপ তোমরাও পরস্পর মিলিত। বিচিত্র দুই পশুর ন্যায় তোমরা এই যজ্ঞে আসিয়াছ। যজ্ঞকর্ত্তা অগ্নির ন্যায় তোমরা দীপ্তিযুক্ত। সর্ব্বত্রবিহারী দুই পুরোহিতের ন্যায় তোমরা নানা স্থানে দেবপূজা করিয়া থাক।

৪। পিতা মাতা যেরূপ পুত্রের প্রতি, তদ্রূপ তোমরা আমাদিগের আত্মীয় হও। অগ্নি ও সূর্য্যের ন্যায় তোমরা দীপ্তিশীল হও; রাজার ন্যায় ক্ষিপ্রকারী হও, ধনবান্ ব্যক্তির ন্যায় উপকারী হও; সূর্য্যকিরণের ন্যায় আলোক দান পূর্ব্বক লোকদিগের সুখভোগের অনুকূলতা কর। সুখী লোকের ন্যায় তোমরা এই যজ্ঞে আগমন কর।

৫। সুচারুগতিশালী দুই বৃষের ন্যায় তোমরা হৃষ্টপুষ্ট ও সুশ্রী, মিত্র ও বরুণের ন্যায় তোমরা যথার্থদর্শী, বদান্য এবং দুঃখ হ্রাস করিয়া স্তব লাভ কর, দুটী ঘোটকের ন্যায় তোমরা খাইয়া খাইয়া উন্নতশরীরবিশিষ্ট হইয়াছ, এবং আলোকময় আকাশে বাস কর। দুই মেষের ন্যায় তোমরা আহারাদি পরিচর্য্যা প্রাপ্ত হইয়া পরিপূর্ণ অঙ্গপ্রত্যঙ্গবিশিষ্ট হইয়াছ।

৬। অঙ্কুশ তাড়িত মত্ত হস্তীর ন্যায় তোমরা শরীর অবনত করিয়া শত্রু সংহার কর। শত্রুনিধনকারীর সন্তানের ন্যায় তোমরা শত্রুকে বিদীর্ণ ও বধ কর। তোমরা এমনি নির্ম্মল, যেন জলমধ্যে জন্মিয়াছ; তোমরা বলবান্ ও জয়শীল। সেই তোমরা আমার মরণধর্ম্মশীল দেহকে পুনর্ব্বার যৌবনাবস্থা দান কর।

৭। হে তীব্রবলশালী অশ্বিদ্বয়! যেরূপ দীর্ঘচরণবিশিষ্ট ব্যক্তি অন্যকে

(১) তন্তুবায়ের উল্লেখ।

জল পার করিয়া দেয়, তদ্রূপ তোমরা আমার জরাজীর্ণ মরণধর্মশীল দেহকে বিপদ হইতে পার করিয়া অভিলষিত বিষয়ে লইয়া চল, তোমরা ঋভুর ন্যায় অতি পরিষ্কার রথ পাইয়াছ। সেই শীঘ্রগামী রথ বায়ুর ন্যায় উড়িয়া গিয়া শত্রুর ধন আনিয়া দয়াছে।

৮। তোমরা মহাবীরের ন্যায় আপন উদরে ঘৃত ঢালিয়া দাও। তোমরা ধন রক্ষা কর এবং অস্ত্রধারী হইয়া শত্রু হিংসা কর। তোমরা পক্ষীর ন্যায় রূপবান্ ও সর্ব্বত্র বিহারী, ইচ্ছ মাত্রে তোমরা ভূষিত হও, এবং স্তবের জন্য যজ্ঞে আগমন কর।

৯। যেরূপ সুদীর্ঘ দুই চরণ থাকিলে গভীর জল পার হইবার সময় আশ্রয় পাওয়া যায়, তোমরা সেইরূপ আশ্রয় দাও। তোমরা দুই কর্ণের ন্যায় স্তবকারীর কথা মনোযোগপূর্ব্বক শ্রবণ কর। যজ্ঞের দুই অঙ্গের ন্যায় আমাদিগের এই বিচিত্র যজ্ঞে আগমন কর।

১০। শব্দকারী দুই মধুমক্ষিকা যেমন মধু চক্রে মধুসেচন করে, তদ্রূপ তোমরা গাভীর আপীনে মধুতুল্য দুগ্ধ সঞ্চার করিয়া দাও। শ্রমজীবী যেমন শ্রম করিয়া ঘর্ম্মাক্ত কলেবর হয়, তদ্রূপ তোমরা ঘর্ম্মের ন্যায় জল সেচন কর। যেমন দুর্ব্বল গাভী ঘাসযুক্ত স্থানে যাইয়া আহার প্রাপ্ত হয়, তদ্রূপ তোমরা যজ্ঞে আসিয়া আহার পাও।

১১। আমরা স্তব বিস্তারিত করিতেছি, আহার বিতরণ করিতেছি, তোমরা একরথারূঢ় হইয়া আমাদিগের যজ্ঞে এস। গাভীর আপীন মধ্যে সুমিষ্ট আহারের ন্যায় দুগ্ধ সঞ্চার হইয়াছে। ভূতাংশ ঋষি এই স্তব করিয়া অশ্বিদ্বয়ের মনোরথ পূর্ণ করিলেন।

১০৭ সূক্ত।

দক্ষিণা দেবতা। দিব্য ঋষি।

১। এই সকল যজমানদিগের যজ্ঞ নির্ব্বাহের জন্য সূর্য্যরূপী ইন্দ্রের বিপুল তেজঃ প্রকাশ হইল। সকল প্রাণী অন্ধকার হইতে মুক্তি পাইল, পিতৃলোকগণ যে বিপুল জ্যোতি দিয়াছিলেন, তাহা উপস্থিত হইল। দক্ষিণা দিবার প্রশস্ত পদ্ধতি দৃষ্ট হইল।

২। যাহারা দক্ষিণা দেয়, তাহারা স্বর্গে উচ্চ আসন প্রাপ্ত হয় (১) অশ্বদানকারীরা সূর্য্যের সহিত একত্র হয়। সুবর্ণ দান করিয়া অমরত্ব লাভ করে; বস্ত্র দাতারা সোমের নিকট যায়। সকলেই দীর্ঘায়ু হয়।

৩। দক্ষিণা দেবতাদিগের উপযুক্ত কর্ম্মের সম্পূর্ণতা প্রাপ্তিস্বরূপ, অর্থাৎ দক্ষিণাদ্বারা পুণ্যকর্ম্ম পূর্ণতা প্রাপ্ত হয়; ইহা দেবপূজার অঙ্গস্বরূপ। যাহারা কুৎসিতাচার, তাহাদিগের কার্য্য দেবতারা পূর্ণ করেন না। পক্ষান্তরে যে সকল ব্যক্তি পবিত্র দক্ষিণা দেয়, নিন্দার ভয় করে, তাহারা অনেকেই নিজ কর্ম্ম পূর্ণ করিতে পারে।

৪। যে বায়ু শতপথে বহমান হয়েন, তাঁহার জন্য ও আকাশবর্ত্তী সূর্য্য ও অন্যান্য মনুষ্যহিতকারী দেবতাদিগের উদ্দেশে হোমের দ্রব্য দেওয়া হয়। যাঁহারা দেবতাদিগকে পরিতৃপ্ত করেন এবং দানও করেন, দক্ষিণা তাঁহাদিগের অভিলাষ দোহন অর্থাৎ পূরণ করিয়া দেন। এই দক্ষিণা প্রাপ্ত হইবার অধিকারী সপ্তপুরোহিত বিদ্যমান আছেন।

৫। দক্ষিণাদাতাকে সকলের অগ্রে আহ্বান করা হয়; তিনি গ্রামের অধ্যক্ষ হন, সকলের অগ্রে অগ্রে যান। যিনি সর্ব্ব প্রথম দক্ষিণা উপস্থিত করেন, তাঁহাকেই আমি লোকদিগের রাজা জ্ঞান করি।

৬। যিনি অগ্রে দক্ষিণা দিয়া পুরোহিতদিগকে তুষ্ট করেন, তিনিই ঋষি ও ব্রহ্মা বলিয়া কথিত হয়েন, তিনি যজ্ঞের অধ্যক্ষ, সামগানকর্ত্তা, স্তব উচ্চারণকর্ত্তা। তিনি অগ্নির তিন মূর্ত্তি অবগত হন।

৭। দক্ষিণার নিকট ঘোটক, দক্ষিণার নিকট গাভী লাভ হয়; দক্ষিণা হইতে মনঃ প্রীতিকর সুবর্ণ লাভ হয়। আমাদিগের আত্মাস্বরূপ যে আহার তাহা দক্ষিণা হইতে পাওয়া যায়। বিজ্ঞব্যক্তি দক্ষিণাকে দেহরক্ষোপযোগী কবচের ন্যায় ব্যবহার করেন।

৮। ভোজগণের (২) মৃত্যু নাই, তাঁহারা অর্থহীনতা প্রাপ্ত হন না, ক্লেশ, ব্যথা, বা দুঃখ পান না। এই পৃথিবী, অথবা স্বর্গে যাহা কিছু বিদ্যমান আছে, তাহা সমস্তই দক্ষিণা তাহাদিগকে দেন।

(১) স্বর্গলাভের কথা। দক্ষিণা, অর্থাৎ দানই এই সূক্তের দেবতা।

(২) "ভোজ" অর্থে সায়ণ ভোজনদাতা, অর্থাৎ দক্ষিণাদাতা করিয়াছেন। ১১৭ সূক্তের ৩ ঋক্ দেখ।

৯। ভোজেরা ঘৃত দুগ্ধাদির উৎপাদনকারিণী গাভী সর্ব্বাগ্রে প্রাপ্ত হয়, তাহারা মদিরার সারাংশ প্রাপ্ত হয়; সুন্দর পরিচ্ছদধারিণী নারী তাহারাই পায়; ভোজেরাই স্পর্দ্ধাযুক্ত শত্রুদিগকে জয় করে।

১০। ভোজকে শীঘ্রগামী ঘোটক ভূষিত করিয়া দেওয়া হইয়া থাকে, তাঁহারই নিমিত্ত সুরূপা নারী উপস্থিত থাকে; পুষ্করিণীর ন্যায় নির্ম্মল এবং দেবালয়ের ন্যায় বিচিত্র এই গৃহ ভোজের জন্যই বিদ্যমান আছে।

১১। সুন্দরবহনকারী ঘোটকেরা ভোজকে বহন করে; তাহারই জন্য সুগঠন রথ উপস্থিত থাকে। দেবতাগণ যুদ্ধের সময় ভোজকে রক্ষা করুন; যুদ্ধের সময় ভোজ শত্রুদিগকে জয় করে।

১০৮ সূক্ত।

পণিগণ, সরমা দেবতা। তাহারাই ঋষি।

১। হে সরমা! তুমি কি বানায় এ স্থানে আসিয়াছ? ইহা অতি দূরের পথ। এ পথে আসিতে হইলে পশ্চাৎ দিকে দৃষ্টিপাত করিলে আসা যায় না, আমাদিগের নিকট এমন কি বস্তু আছে, যাহার জন্য আসিয়াছ? কয় রাত্রি ধরিয়া আসিয়াছ? নদীর জল পার হইলে কিরূপে?

২। [সরমার উক্তি]—ইন্দ্রের দূতী স্বরূপ প্রেরিত হইয়া আমি আসিয়াছি। হে পণিগণ! তোমরা যে বিস্তর গোধন সংগ্রহ করিয়াছ, তাহা গ্রহণ করাই আমার ইচ্ছা। জল আমাকে রক্ষা করিয়াছে, জলের ভয় হইল, পাছে আমি উল্লঙ্ঘনপূর্ব্বক চলিয়া যাই। এই রূপে নদীর জল পার হইয়াছি (১)।

(১) উষাকর্ত্তৃক প্রাতঃকালে আলোক উদ্ধারই উপমাচ্ছলে সরমাকর্ত্তৃক গাভী উদ্ধাররূপে বর্ণিত হইয়াছে এবং এই আখ্যান আবার গ্রীকদিগের মধ্যে ট্রয়ের যুদ্ধের গল্পরূপে বর্ণিত হইয়াছে, এই ইউরোপীয় মতটী আমরা পূর্ব্বেই উদ্ধৃত করিয়াছি। ১।৬।৫ ঋকের টীকা দেখ।

"If, then, we may be allowed a guess, we would recognise in Helen, the sister, of the Dioskuroi, the Indian Sarama, their names being phonetically identical, not only in every consonant and vowel, but even in their accent. * *

"And as the Sanskrit name Panis betrays the former presence of an *r*, *Paris* himself might possibly be identified with the robber who tempted Sarama."—Max Muller's *Science of Language.*

৩। [পণিদিগের উক্তি]—হে সরমা! যে ইন্দ্রের দূতী হইয়া তুমি দূর-দেশ হইতে আসিয়াছ, সেই ইন্দ্র কিরূপ? তাঁহাকে দেখিতে কি প্রকার? তিনি আসুন, তাঁহাকে আমরা বন্ধু বলিয়া স্বীকার করিতে প্রস্তুত আছি, তিনি আমাদিগের গাভী লইয়া গাভীগণের সত্বাধিকারী হউন।

৪। [সরমার উক্তি]—যে ইন্দ্রের দূতী হইয়া আমি দূরদেশ হইতে আসিয়াছি, তাঁহাকে পরাজয় করে, এরূপ ব্যক্তিকে দেখি না। তিনিই সকলকে পরাজয় করেন। গম্ভীর নদীগণ তাঁহাকে আচ্ছাদন, অর্থাৎ তাঁহার গতিরোধ করিতে সমর্থ নহে। হে পণিগণ! নিশ্চয় তোমরা ইন্দ্রের হস্তে নিধন হইয়া শয়ন করিবে।

৫। [পণিদিগের উক্তি]—হে সুন্দরি সরমে! তুমি স্বর্গের শেষ সীমা হইতে আসিতেছ, অতএব তোমাকে এই সকল গাভীর মধ্য হইতে যে কয়েকটী ইচ্ছা কর, দিতেছি, বিনা যুদ্ধে এই সকল গাভী কেইবা তোমাকে দিত? তীক্ষ্ণ তীক্ষ্ণ অনেক অস্ত্র আমাদিগের নিকট বিদ্যমান আছে।

৬। [সরমার উক্তি]—হে পণিগণ! সৈনিক পুরুষের উপযুক্ত তোমা-দিগের এই সকল কথা হয় নাই। তোমাদিগের শরীরে পাপ আছে, এই শরীর যেন ইন্দ্রের বাণের লক্ষ্য না হয়। তোমাদিগের গৃহে আসিবার এই যে পথ, ইহা যেন দেবতারা আক্রমণ না করেন; আমি আশঙ্কা করিতেছি, পাছে বৃহস্পতি তোমাদিগকে ক্লেশ দেন। অর্থাৎ যদি তামরা নম্র হইয়া গাভী না দেও, তাহা হইলে তোমাদিগের বিপদ নিকট।

৭। [পণিদিগের উক্তি]—হে সরমা! আমাদিগের এই ধন পর্ব্বতদ্বারা রক্ষিত, ইহা গাভী, অশ্ব ও অন্যান্য সম্পত্তিতে পরিপূর্ণ। যাহারা উত্তম-রূপ রক্ষা করিতে পারে, এতাদৃশ পণিগণ সেই ধন রক্ষা করিতেছে। তুমি গাভীর শব্দ শুনিয়া এই স্থানে আসিয়াছ, কিন্তু তোমার বৃথাই আসা হইয়াছে।

৮। [সরমার উক্তি]—অযাস্য ঋষি, অঙ্গিরার সন্তানগণ এবং নবগ্বগণ, সোমপানে, উৎসাহিত হইয়া আসিবেন; তাঁহারা এই বহু পরিমাণ গাভী ভাগ করিয়া লইবেন; হে পণিগণ! তখন তোমাদিগকে এপ্রকার দর্পের উক্তি ত্যাগ করিতে হইবে।

৯। [পণিগণের উক্তি]—হে সরমা! দেবতারা ভয় প্রদর্শন করিয়া তোমাকে এই স্থানে পাঠাইয়াছেন, সেই নিমিত্তই তুমি আসিয়াছ। তোমাকে

আমরা ভগিনীস্বরূপে পরিগ্রহ করিতেছি, তুমি আর ফিরিয়া যাইও না। হে সুন্দরি! তোমাকে এই গোধনের ভাগ দিতেছি।

১০। [সরমার উক্তি]—আমি ভ্রাতৃভগিনীসংক্রান্ত কোন কথা বুঝিতে পারিনা। ইন্দ্র ও পরাক্রান্ত অঙ্গিরার সন্তানেরা সকলি জানেন, তাঁহারা গাভী পাইবার জন্য আমাকে রক্ষাপূর্ব্বক পাঠাইয়া দিয়াছেন, আমি তাঁহাদিগের আশ্রয় পাইয়া আসিয়াছি। হে পণিগণ! এই স্থান হইতে অতি দূরে পলায়ন কর।

১১। হে পণিগণ! এস্থান হইতে অতি দূরে পলায়ন কর। গাভীগণ কষ্ট পাইতেছে, তাহারা ধর্ম্মের আশ্রয়ে এই পর্ব্বত হইতে উঠিয়া চলুক। বৃহস্পতি, সোম, সোমপ্রস্তুতকারী প্রস্তরগণ, ঋষিগণ এবং মেধাবীগণ এই সকল গুপ্ত স্থানস্থিত গাভীদিগের বিষয় জানিতে পারিয়াছেন।

১০৯ সূক্ত।

বিশ্বে দেবা দেবতা। জুহু ঋষি।

১। যখন বৃহস্পতি ব্রহ্মকিল্বিষ প্রাপ্ত হয়েন, অর্থাৎ তিনি আপন পত্নী জুহুকে ত্যাগ করেন, তখন সূর্য্য, বরুণ, শীঘ্রগামী বায়ু, প্রজ্বলিত অগ্নি, সুখকর সোম, জলের অধিষ্ঠাত্রী দেবতা এবং সত্যস্বরূপ প্রজাপতির আর আর অগ্রজ সন্তান বলিলেন।

২। সোমরাজা কিছুমাত্র লজ্জিত না হইয়া পবিত্র চরিত্রশালিনী ভার্য্যাকে সর্ব্বপ্রথম সমর্পণ করিয়াছিলেন। মিত্র ও বরুণ সেই বিষয়ের অনুমোদন করিলেন। হোমকর্ত্তা অগ্নি হস্তে ধারণপূর্ব্বক পত্নীকে আনিয়া দিলেন।

৩। "এই পত্নীর দেহ হস্ত দ্বারাই স্পর্শ করা কর্ত্তব্য, ইনি যথাবিধানে পরিণীত পত্নী।" এই কথা তাঁহারা কহিলেন। যে দূত পাঠান হইয়াছিল, ইনি তাহার প্রতি আসক্ত হন নাই। যেরূপ বলবান্ রাজার রাজ্য সুরক্ষিত হয়, তদ্রূপ ইঁহার সতীত্ব রক্ষা হইয়াছে।

৪। যে সপ্তঋষি তপস্যায় প্রবৃত্ত হইয়াছিলেন, তাঁহারা এবং প্রাচীন দেবতারা এই পত্নীর বিষয়ে কহিয়াছেন। ইনি অতি শুদ্ধ চরিত্রা, স্তোতাকে বিবাহ করিয়াছেন। তপস্যা ও সচ্চরিত্রতা প্রভাবে নিকৃষ্ট পদার্থও পরমধামে স্থাপিত হইতে পারে।

৫। বৃহস্পতি পত্নী অভাবে এক্ষণে ব্রহ্মচর্য্য নিয়ম পালন করিতেছেন, তিনি সকল দেবতার সঙ্গে একাত্মা হইয়া তাঁহাদিগের অবয়ব বিশেষ হইয়াছেন। তাহাতে তিনি পূর্ব্বে যেমন সোমের হস্তে পত্নী পাইয়াছিলেন, তদ্রূপ এক্ষণেও পুনর্ব্বার সেই জুহু নামক পত্নীকে প্রাপ্ত হইলেন।

৬। দেবতারা আবার তাঁহাকে পত্নী আনিয়া দিলেন; মনুষ্যেরাও আনিয়া দিলেন। রাজারা শপথপূর্ব্বক, শুদ্ধচরিত্রা পত্নী তাঁহাকে পুনর্ব্বার সমর্পণ করিলেন।

৭। শুদ্ধচরিত্রা পত্নীকে পুনর্ব্বার আনিয়া দিয়া দেবতারা বৃহস্পতিকে অপাপ করিলেন। পরে পৃথিবীর সর্ব্বশ্রেষ্ঠ অন্ন সমস্ত ভাগ করিয়া সর্ব্ব সুখে অবস্থিতি করিতেছেন (১)।

১১০ সূক্ত।

আপ্রী দেবতা। জমদগ্নি ঋষি।

১। হে জাতবেদা অগ্নি! তুমি মনুষ্যের গৃহে অদ্য সমিদ্ধ হইয়া, নিজে দেব, অথচ আর আর দেবতাদিগকে পূজা কর। তোমার বন্ধু তোমাকে পূজা করেন, তুমি দেখিয়া দেখিয়া দেবতাদিগকে লইয়া এস, কারণ তুমি প্রকৃষ্ট বুদ্ধি-সম্পন্ন ও ক্রিয়াকুশল দূত।

২। হে তনূনপাৎ! যজ্ঞের গমনের যে সকল পথ, অর্থাৎ হোমের দ্রব্য আছে, তাহাদিগকে মধুমিশ্রিত করিয়া তোমার সুন্দর জিহ্বাদ্বারা আস্বাদন লও। সুন্দর সুন্দর ভাবের দ্বারা স্তবগুলিকে এবং যজ্ঞকে সমৃদ্ধ কর এবং আমাদিগের যজ্ঞকে দেবতা, অর্থাৎ দেবভোগ্য করিয়া দাও।

৩। হে অগ্নি! তুমি দেবতাদিগের আহ্বানকর্ত্তা, তুমি ইড্য ও প্রণামের যোগ্য, বসুদিগের সঙ্গে একত্র হইয়া এস। হে প্রকাণ্ড পুরুষ! তুমি দেবতা-দিগের হোতা; তোমাকে প্রেরণ করা হইতেছে, তোমার মত যজ্ঞ করিতে কেহ পারে না, তুমি এই সমস্ত দেবতার উদ্দেশে যজ্ঞ কর।

(১) এ সূক্তের মর্ম্ম গ্রহণ করিতে পারিলাম না। সূক্তটি অপেক্ষাকৃত আধুনিক তাহার সন্দেহ নাই, এবং অনেক আধুনিক সূক্তের ন্যায় বড়ই জটিল। বৃহস্পতির স্ত্রীর সতীত্ব সম্বন্ধে সন্দেহভঞ্জনই এই সূক্তের বিষয়।

৪। দিনের প্রথমাংশে, অর্থাৎ পূর্ব্বাহ্নে বেদিকে আচ্ছাদন করিবার জন্য বর্হি পূর্ব্বমুখ করিয়া বিস্তারিত হইতেছে। সেই পরম সুন্দর কুশ আরও বিস্তৃত হইতেছে, উহাতে দেবতারা এবং অদিতি অতি সুখে উপবেশন করিবেন।

৫। বনিতারা বেশভূষা করিয়া পতিদিগের নিকট নিজদেহ প্রকাশ করে, তদ্রূপ এই সকল বৃহৎ বৃহৎ সুনির্ম্মিত দ্বারদেবীগণ পৃথক্ হইয়া যাউক বিস্তারভাবে খুলিয়া যাউক, হে দ্বারদেবীগণ! যাহাতে দেবতারা সুখে যাইতে পারেন, এইরূপে উদ্ঘাটিত হও।

৬। উষাদেবী আর রাত্রিদেবী ইঁহারা সুষুপ্তির হেতু, অর্থাৎ লোকের উত্তম নিদ্রাজনিত সুখ উৎপাদন করিয়া দেন; তাঁহারা যজ্ঞভাগের অধিকারী; তাঁহারা পরস্পর মিলিত হইয়া যজ্ঞস্থানে উপবেশন করুন। তাঁহারা দিব্যলোকবাসিনী দুই নারীর ন্যায়, অতি গুণবতী, পরম শোভান্বিতা; উজ্জ্বল শ্রী ধারণ করেন।

৭। দৈব্য হোতাদ্বয়ই অগ্রে উত্তম বাক্যে স্তব করেন, মনুষ্যের যজ্ঞের জন্য যজ্ঞানুষ্ঠানকার্য্যকে নির্ম্মাণ করিয়া তুলেন। পুরোহিতদিগকে ভিন্ন ভিন্ন অনুষ্ঠান বিষয়ে প্রেরণ করেন, তাঁহারা ক্রিয়াকুশল এবং মন্ত্রসহকারে পূর্ব্বদিগ্‌বর্ত্তী আলোক উৎপাদন করেন।

৮। ভারতীদেবী শীঘ্র আমাদিগের যজ্ঞে আগমন করুন; ইলাদেবী এই যজ্ঞের বিষয় স্মরণপূর্ব্বক মনুষ্যের ন্যায় আগমন করুন। তাঁহারা দুই জন এবং সরস্বতী এই তিন চমৎকার কর্ম্মকারিণী দেবী পুরোবর্ত্তী সুখকর কুশাসনে আসিয়া উপবেশন করুন।

৯। দ্যাবাপৃথিবী দেবতাদিগের জননীস্বরূপা; যে দেব তাঁহাদিগের উভয়কে উৎপাদন করিয়া সমস্ত জগতে নানা প্রাণী সৃষ্টি করিয়াছেন, হে হোতা! তুমি সেই ত্বষ্টা দেবকে অগ্র পূজা কর; কারণ তোমার অন্ন আছে, তোমার মত যজ্ঞ করিতে কেহ পারে না এবং তুমি বিজ্ঞ।

১০। হে যূপ! (যজ্ঞে পশু বন্ধন করিবার কাষ্ঠ), তুমি নিজেই যথাসময়ে দেবতাদিগের অন্ন এবং অন্যান্য হোমদ্রব্য উপস্থিত করিয়া নিবেদন করিয়া দাও। বনস্পতি, শমিতা নামক দেব এবং অগ্নি ইঁহারা মধু ও ঘৃতের সহিত হোমের দ্রব্য আস্বাদন করুন।

১১। অগ্নি জন্মিবামাত্র তৎক্ষণাৎ যজ্ঞনির্ম্মাণ করিলেন, দেবতাদিগের অগ্রগামী দূতস্বরূপ হইলেন। এই অগ্নিস্বরূপ হোতা মন্ত্র পাঠ করুন, যজ্ঞে

পযোগী দেববাক্য উচ্চারিত হউক, 'স্বাহা' মন্ত্রে যে হোমের দ্রব্য দেওয়া হয়, তাহা দেবতারা ভক্ষণ করুন।

১১১ সূক্ত।

ইন্দ্র দেবতা। অষ্টাদংষ্ট্র ঋষি।

১। হে বিপ্রগণ! মনুষ্যদিগের যেমন যেমন বুদ্ধির উদয় হয়, তদনুরূপ স্তব পাঠ কর। সৎকর্ম্ম অনুষ্ঠানপূর্ব্বক ইন্দ্রকে আনয়ন করা যাউক। কারণ সেই বীর ইন্দ্র স্তব জানিতে পারিলে স্তবকারীদিগকে স্নেহ করেন।

২। জলের আধার যিনি ধারণ করেন, সেই ইন্দ্র জাজ্বল্যমান হইলেন। অল্পবয়স্ক গাভীর গর্ভজাত বৃষ যেমন গাভীদিগের সহিত মিলিত হয়, তদ্রূপ ইন্দ্র সর্ব্বব্যাপী হইলেন। বিলক্ষণ কোলাহলের সহিত তিনি উদয় হইলেন। বৃহৎ বৃহৎ জলরাশি তিনি সৃষ্টি করিলেন।

৩। ইন্দ্রই কেবল এই স্তব শুনিতে জানেন, তিনি জয়শীল, তিনি সূর্য্যের পথ নির্ম্মাণ করিয়া দিয়াছেন। অবিচলিত ইন্দ্র সেনাকে আবির্ভূত করিলেন। তিনি গাভীর স্বত্বাধিকারী ও স্বর্গের প্রভু হইলেন। তিনি চিরস্থায়ী, তাঁহার বিপক্ষে কেহ গমন করিতে পারে না।

৪। অঙ্গিরার সন্তানেরা যখন স্তব করিলেন, তখন ইন্দ্র নিজ মহিমাদ্বারা প্রকাণ্ড সমুদ্রের অর্থাৎ মেঘের কার্য্য সকল নষ্ট করিলেন। তিনি প্রচুর পরিমাণ জল সৃষ্টি করিলেন, তিনি সত্যস্বরূপ দ্যুলোকে বলধারণ করিলেন।

৫। ইন্দ্র এক দিকে, আর পৃথিবী ও আকাশ এক দিকে, অর্থাৎ তিনি একাকী হইয়া সমবেত ঐ উভয়ের তুল্য। তিনি সকল সোমযাগের সংবাদ রাখেন, তাপ নষ্ট করেন। তিনি সূর্য্যদ্বারা প্রকাণ্ড আকাশকে সজ্জিত করিয়াছেন, তিনি ধারণ করিতে পটু, তিনি যেন স্তম্ভের দ্বারা আকাশকে উন্নত করিয়া রাখিয়াছেন।

৬। হে ইন্দ্র! তুমি বৃত্রনিধনকারী, বজ্রদ্বারা বৃত্রকে বধ করিয়াছ, দেববিরোধী সেই বৃত্র যখন বৃদ্ধি পাইতেছিল, তখন দুর্দ্ধর্ষ তুমি বজ্রদ্বারা তাহার সকল মায়া নষ্ট করিলে। হে ধনশালী! তৎপরে তুমি বাহুবলে বলী হইলে।

৭। যখন উষাদেবীগণ সূর্য্যের সহিত মিলিত হইলেন, তখন সূর্য্যের

রশ্মিগুলি নানা বর্ণের শোভা ধারণ করিল। পরে যখন আকাশের নক্ষত্র দৃষ্টি হইল, তখন কেহই আর গমনকারী সূর্য্যের কিছুই দেখিতে পাইল না।

৮। ইন্দ্রের আজ্ঞায় যে সকল জল চলিত হইল, সেই সর্ব্ব প্রথম জলগুলি অতি দূরে গিয়াছিল, সেই জলদিগের অগ্রভাগই বা কোথায়? মস্তকই বা কোথায়? হে জলগণ! তোমাদিগের মধ্যস্থান, বা চরম সীমা কোথায়?

৯। হে ইন্দ্র! বৃত্র যখন জলদিগকে গ্রাস করিতেছিল, তুমি তাহাদিগকে মোচন করিয়া দিলে। তখনই জলগুলি সর্ব্বত্র বেগে ধাবিত হইল। ইন্দ্র ইচ্ছাপূর্ব্বক যখন জল মোচন করিয়া দিলেন, তখন সেই পরিশুদ্ধ জল সকল আর স্থির থাকিতে পারিল না।

১০। জলগণ যেন কামাতুর হইয়া একত্র মিলনপূর্ব্বক সমুদ্রে চলিল, শত্রুপুরধ্বংসকারী এবং শত্রুজর্জ্জরকারী ইন্দ্র চিরকালই এই সকল জলের প্রভু হইয়া আছেন। হে ইন্দ্র! আমাদিগের পৃথিবীস্থিত নানা যজ্ঞসামগ্রী এবং চিরাভ্যস্ত নানা প্রীতিকর স্তব তোমার নিকটে গমন করুক।

১১২ সূক্ত।

ইন্দ্র দেবতা। নভঃ প্রভেদন ঋষি।

১। হে ইন্দ্র! সোম প্রস্তুত হইয়াছে, যত ইচ্ছা পান কর। প্রাতঃকালে যে সোম প্রস্তুত হয়, তাহা সর্ব্বাগ্রে তোমারই পান করিবার যোগ্য। হে বীর! শত্রুনিধনের জন্য উৎসাহযুক্ত হও, শ্লোক উচ্চারণপূর্ব্বক তোমার বীরত্ব বর্ণনা করিতেছি।

২। হে ইন্দ্র! তোমার রথ মন অপেক্ষাও দ্রুতগামী, সেই রথযোগে সোমপানের জন্য আগমন কর। যে সকল পুরুষজাতী ঘোটকের সাহায্যে তুমি আনন্দ মনে গমন কর, তোমার সেই হরিনামক ঘোটকগুলি শীঘ্র ধাবিত হউক।

৩। হে ইন্দ্র! হরিৎবর্ণ ঔজ্জ্বল্যদ্বারা এবং সূর্য্য অপেক্ষা উজ্জ্বলতর নানা শোভাদ্বারা তোমার শরীর বিভূষিত কর। আমরা বন্ধুভাবে তোমাকে ডাকিতেছি; আমাদের সঙ্গে উপবেশনপূর্ব্বক আমোদ কর।

৪। সোমপানে মত্ত হইলে তোমার যে মহিমা হয়, এই দ্যাবাপৃথিবী তাহা সংধারণ করিতে পারে না। অতএব হে ইন্দ্র! তোমার প্রেমাস্পদ

ঘোটকগুলি যোজনা করিয়া সুস্বাদু যজ্ঞসামগ্রী অভিমুখে যজমানের গৃহে আগমন কর।

৫। হে ইন্দ্র! নিত্য নিত্য যাহার সোমপান করিয়া তুমি অতুল বল প্রকাশপূর্ব্বক শত্রুহিংসা করিয়াছ, সেই যজমান তোমার উদ্দেশে বিস্তর স্তব প্রেরণ করিতেছে, তোমার আমোদের জন্য সেই সোম প্রস্তুত করা হইয়াছে।

৬। হে শতযজ্ঞকারী ইন্দ্র! এই সোমপাত্র তুমি চিরকাল পাইয়া থাক, ইহা পান কর। তাবৎ দেবতা যাহা পাইতে অভিলাষ করেন, সেই মধুতুল্য এবং মত্ততাজনক সোমের এই নিপান পরিপূর্ণ করা হইয়াছে।

৭। হে ইন্দ্র! বিস্তরলোকে অন্নসংগ্রহপূর্ব্বক তোমাকে নানা স্থানে নিমন্ত্রণ করে। কিন্তু আমাদিগের প্রস্তুত করা এই সোমগুলি তোমার সর্ব্বাপেক্ষা মধুর হউক, এইগুলিতেই তোমার রুচি উৎপন্ন হউক।

৮। হে ইন্দ্র! পূর্ব্বকালে সকলের অগ্রে তুমি যে সকল বীরত্ব করিয়াছিলে, তাহা আমি বর্ণনা করিয়াছি। জলের জন্য তুমি মেঘ বিদীর্ণ করিয়াছ, গাভীকে স্তোতার পক্ষে অনায়াসলভ্য করিয়া দিয়াছ।

৯। হে বহুলোকের অধিপতি! স্তবকর্ত্তাদিগের মধ্যে উপবেশন কর, ক্রিয়াকুশল ব্যক্তিদিগের মধ্যে তোমাকেই সর্ব্বাপেক্ষা বুদ্ধিমান্ কহে। কি নিকটে, কি দূরে, তোমা ব্যতিরেকে কিছুই অনুষ্ঠান হয়না। হে ধনশালী! আমাদিগের ঋক্ সমূহকে বিস্তারিত ও বিচিত্র রূপ করিয়া দাও।

১০। হে ধনশালী! আমরা তোমার নিকট যাচক, আমাদিগকে তেজস্বী কর। হে ধনের অধিপতি! হে বন্ধু! আমরা যে তোমার বন্ধু আছি, আমাদিগের সংবাদ লও। হে যুদ্ধকারী! তোমার ক্ষমতাই যথার্থ। যে স্থানে ধনলাভের কোন সম্ভাবনা নাই, সেই স্থানেও আমাদিগকে ধনের ভাগী করে।

১১৩ সূক্ত।

ইন্দ্র দেবতা। প্রভেদন ঋষি।

১। আর আর দেবতাদিগের সহিত দ্যাবাপৃথিবী মনোযোগী হইয়া ইন্দ্রের বল রক্ষা করুন। যখন তিনি বীরত্ব করিতে করিতে আপনার উপযুক্ত মহিমা প্রাপ্ত হইলেন, তখন সোমপানপূর্ব্বক নানা কার্য্য সম্পাদন করিয়া বৃদ্ধি প্রাপ্ত হইলেন।

২। বিষ্ণু মধুযুক্ত লতাখণ্ড অর্থাৎ সোমলতাখণ্ড প্রেরণপূর্ব্বক ইন্দ্রের সেই মহিমা উৎসাহের সহিত ঘোষণা করেন। ধনশালী ইন্দ্র সহযায়ী দেবতাদিগের সহিত একত্র হইয়া বৃত্রকে নিধনপূর্ব্বক সর্ব্বশ্রেষ্ঠ হইলেন।

৩। হে উগ্রতেজা ইন্দ্র! যখন তুমি স্তবের বাসনাতে অস্ত্রশস্ত্র ধারণপূর্ব্বক দুর্দ্ধর্ষ বৃত্রের সহিত যুদ্ধ করিবার জন্য অগ্রসর হইলে, তখন সমস্ত মরুৎগণ তোমার মহিমা বাড়াইয়া দিলেন, নিজেও তাহারা বৃদ্ধি প্রাপ্ত হইলেন।

৪। ইন্দ্র জন্মমাত্র শত্রু দমন করিয়াছিলেন; তিনি যুদ্ধের অভিসন্ধি করিয়া আপনার পুরুষকার বৃদ্ধির দিকে মনোযোগ দিলেন। তিনি বৃত্রকে ছেদন করিলেন, জলসমূহ মোচন করিয়া দিলেন, উত্তম উদ্যোগ করিয়া বিস্তীর্ণ স্বর্গ-লোককে স্তম্ভযুক্ত করিলেন, অর্থাৎ উন্নতভাবে সংস্থাপিত রাখিলেন।

৫। প্রকাণ্ড প্রকাণ্ড শত্রুসেনার দিকে ইন্দ্র একেবারেই ধাবিত হইলেন। বিশিষ্ট মহিমাদ্বারা দ্যাবাপৃথিবীকে বশীভূত করিলেন। যে বজ্র দানশীল বরুণ ও মিত্রদেবের সুখের উৎপাদক হয়, তিনি সেই লৌহময় বজ্র দুর্দ্ধর্ষভাবে ধারণ করিলেন।

৬। ইন্দ্র নানা শব্দ করিতেছিলেন, শত্রুদিগকে নিধন করিতেছিলেন, তাঁহার বলবিক্রম ঘোষণা করিবার জন্য জল সকল নির্গত হইল। বৃত্র অন্ধকারে পরিবেষ্টিত হইয়া জল ধারণ করিয়া রাখিয়াছিল, তীক্ষ্ণতেজা ইন্দ্র বলপূর্ব্বক সেই বৃত্রকে ছেদন করিলেন।

৭। ইন্দ্র ও বৃত্র পরস্পর স্পর্দ্ধাপূর্ব্বক প্রথমে নানা বীরত্ব করিতে লাগি-লেন এবং মহারোষে যুদ্ধ করিতে লাগিলেন। বৃত্র নিধন হইলে গাঢ় অন্ধকার নষ্ট হইল। ইন্দ্রের মহিমা এপ্রকার যে, বীরদিগের নামোল্লেখ কালে সর্ব্বাগ্রে ইহার নাম হয়।

৮। হে ইন্দ্র! সোমরস ও স্তবের দ্বারা তাবৎ দেবতা তোমার বল-বিক্রমের সংবর্দ্ধনা করিলেন। ইন্দ্র দুর্দ্ধর্ষ বৃত্রকে বধ করিলেন, তাহাতে শীঘ্রই লোকের অন্ন লাভ হইল। যেরূপ অগ্নি শিখাদ্বারা দাহ্যবস্তু ভক্ষণ করেন, তদ্রূপ লোকে দন্তদ্বারা অন্ন চর্ব্বন করিতে লাগিল।

৯। হে স্তবকর্ত্তাগণ! ইন্দ্র যে সকল বন্ধুত্বের কার্য্য করিয়াছেন, তাহা উত্তম উত্তম নানা বাক্য এবং বন্ধুজনোচিত নানা ছন্দের দ্বারা বর্ণনা কর, ইন্দ্র ধুনি ও চুমুরিকে বধ করিয়াছেন, এবং আস্থাযুক্ত চিত্তে দভীতি রাজার প্রার্থনাতে কর্ণপাত করিয়াছেন।

১০। আমি স্তব উচ্চারণ কালে যাহা অভিলাষ করিয়াছিলাম, হে ইন্দ্র! সেই সমস্ত প্রভূত পরিমাণ সম্পত্তি এবং উত্তম উত্তম ঘোটক বিতরণ কর। তাবৎ পাপ যেন অতিক্রম করি এবং কল্যাণ লাভ করি। আমরা যে স্তব রচনা করিতেছি, যত্নপূর্ব্বক তাহাতে মনোযোগ প্রদান কর।

১১৪ সূক্ত।

বিশ্বদেব দেবতা। স

১। সূর্য্য আর অগ্নি, এই যে দুই প্রতপ্ত দেবতা আছেন, তাঁহারা চতুর্দ্দিকে গমনপূর্ব্বক ত্রিভুবনব্যাপী হইলেন। মাতরিশ্বা তাঁহাদিগের প্রীতি লাভ করিলেন। যখন দেবতারা সাম ও সূর্য্যকে প্রাপ্ত হইলেন, তখন তাঁহারা ত্রিভুবন রক্ষার জন্য আকাশের জল সৃষ্টি করিলেন।

২। যজ্ঞ দিবার জন্য যজ্ঞকর্ত্তারা তিন নিঃঋতির উপাসনা করে; পরে যশস্বী অগ্নিরা দেবতাদিগের সহিত পরিচিত হয়েন। বিদ্বানেরা তাঁহাদিগের নিদান অবগত আছেন, তাঁহারা পরম গুহ্যব্রতে অবস্থান করেন।

৩। এক যুবতী নারী আছেন, তাঁহার মস্তকে চারি বেণী, তাঁহার মূর্ত্তি সুন্দর ও স্নিগ্ধ, তিনি উৎকৃষ্ট উৎকৃষ্ট বস্ত্র পরিধান করেন। দুই পক্ষী তাঁহার উপর উপবেশন করে, তথায় দেবতারা ভাগ প্রাপ্ত হয়েন(১)।

৪। এক পক্ষী সমুদ্রে প্রবেশ করিল, সে এই সমস্ত বিশ্বভুবন অবলোকন করে। পরিণত বুদ্ধিদ্বারা তাহাকে আমি দেখিয়াছি, সে নিকটবর্ত্তিনী মাতাকে লেহন করে, মাতাও তাহাকে লেহন করে(২)।

৫। পক্ষী একই আছেন, বুদ্ধিমান পণ্ডিতগণ তাঁহাকে কল্পনাপূর্ব্বক অনেক প্রকার বর্ণনা করেন। তাঁহারা যজ্ঞের সময় নানা ছন্দ উচ্চারণ করেন, এবং দ্বাদশসংখ্যক সোমপাত্র সংস্থাপন করেন(৩)।

(১) অর্থাৎ যজ্ঞবেদিই সেই নারী. চারি কোন ঘৃত থাকাতে স্নিগ্ধ যজ্ঞসামগ্রীই ভাল ভাল বস্ত্র, দুই পক্ষী অর্থে যজমান ও পুরোহিত। সায়ণ।

(২) অর্থাৎ পক্ষী এস্থানে প্রাণ বায়ু. সমুদ্র ব্রহ্মাণ্ড। আর মাতা অর্থে বাক্য। প্রাণ না থাকিলে বাক্য থাকে না। সায়ণ।

(৩) অর্থাৎ পরমাত্মা এক, তাঁহাকে নানা রূপে কল্পনা করা হয়। সায়ণ।

৬। পণ্ডিতগণ চত্বারিংশৎ প্রকার ছন্দ উচ্চারণ করেন; এবং দ্বাদশ সোম-পাত্র সংস্থাপন করেন; এই রূপে তাঁহারা বুদ্ধিপূর্ব্বক যজ্ঞানুষ্ঠান করিয়া ঋক্ ও সাম দ্বারা রথ চালাইয়া থাকেন। অর্থাৎ যজ্ঞ সম্পাদন করেন।

৭। এই যজ্ঞের আরও চতুর্দ্দশ মহিমা আছে; সাত জন বিদ্বান্ বাক্যদ্বারা সেই যজ্ঞ সম্পাদন করেন। যজ্ঞের পথে উপস্থিত হইয়া দেবতারা সোম পান করেন, সেই বিশ্বব্যাপী পথের বিষয় কে বর্ণনা করিতে পারে?

৮। পঞ্চদশ সহস্র উক্‌থ আছে; দ্যাবাপৃথিবী যত বৃহৎ, উক্‌থও তত বৃহৎ। স্তোত্রের মহিমা সহস্র প্রকার, স্তোত্র যেরূপ অসীম, বাক্যও তদ্রূপ অসীম(১)।

৯। কোন্ পণ্ডিত এরূপ আছেন, যিনি সমস্ত ছন্দের বিষয় অবগত আছেন? কেই বা মূলীভূত বাক্যকে বুঝিয়াছেন? কে এরূপ প্রধান পুরুষ আছেন, যিনি সমস্ত পুরোহিতের উপর অষ্টম হইতে পারেন? কেই বা ইন্দ্রের দুই হরিৎ বর্ণ ঘোটককে নিশ্চিত বুঝিয়াছে অথবা দেখিয়াছে?

১০। কোন কোন ঘোটক পৃথিবীর শেষ সীমা পর্য্যন্ত বিচরণ করে; কেহ বা রথের ধুরাতে যোজিত হইয়াই থাকে। যখন সারথি রথের উপরে সংস্থাপিত হয়েন, তখন পরিশ্রম দূর করিবার জন্য ঐ সকল ঘোটকদিগকে উপযুক্ত আহার দেওয়া হয়। (২)

১১৫ সূক্ত।

অগ্নি দেবতা। উপস্তুত ঋষি।

১। এই নবীন বালকের (অর্থাৎ অগ্নির) কি আশ্চর্য্য প্রভাব, এ বালক দুগ্ধ পানের জন্য মাতা পিতার নিকটে যায় না। ইহার পান করিবার জন্য স্তনদুগ্ধ নাই, অথচ এ বালক জন্মিয়াছে। তৎক্ষণাৎ এ বালক গুরুতর দৌত্য-কার্য্যের ভার গ্রহণপূর্ব্বক তাহা নির্ব্বাহ করিল।

---

(১) "As early as about 600 B.C. we find that in the theological schools of India every verse, every word, every syllable, of the (Rig) Veda had been counted. The number of verses as computed in treatises of that date varies from 10,402 to 10,622: that of the words is 153,826; that of the syllables, 432,000."—Max Muller's *Selected Essays*, vol. II (1881), p. 119.

(২) বলা বাহুল্য যে এই জটিল সূক্তটী অপেক্ষাকৃত আধুনিক সময়ে রচিত।

২। যিনি নানা কর্ম্মকারী ও দাতা, সেই অগ্নিকে আধান করা হইলে, ইনি জ্যোতির্ম্ময় দন্তদ্বারা বনদিগকে ভক্ষণ করেন। জুহূ নামক উচ্চ পাত্রে ইঁহাকে যজ্ঞ ভাগ দেওয়া হইয়াছে। হৃষ্টপুষ্ট বলবান্ বৃষ যেমন ঘাষ ভক্ষণ করে, ইনি তদ্রূপ যজ্ঞ ভাগ ভক্ষণ করিতেছেন।

৩। সেই অগ্নি পক্ষীর ন্যায় বৃক্ষ আশ্রয় করেন। তিনি দীপ্তিশীল, অন্ন দাতা, শব্দসহকারে বন দাহ করেন, জল ধারণ করেন, মুখে করিয়া হব্য বহন করেন, আলোকের দ্বারা বৃহৎ হইয়া আছেন, তাঁহার কার্য্য মহৎ, আপনার যাইবার পথকে তিনি রক্তবর্ণ করিয়া যান। সেই অগ্নিকে তোমরা স্তব কর।

৪। হে জরারহিত অগ্নি! যখন তুমি দাহ করিতে থাক, তখন বায়ুগণ আসিয়া তোমার চতুর্দ্দিকে অবস্থিত হয়, তদ্রূপ অবিচলিত পুরোহিতগণ, যজ্ঞো-পলক্ষে স্তব করিতে করিতে তোমাকে বেষ্টন করিয়া দণ্ডায়মান হয়, তখন তুমি তিন মূর্ত্তি ধারণ কর, বল প্রকাশ কর, ইতস্তত গমন কর, পুরোহিতেরা যোদ্ধা-দিগের মত কোলাহল করিতে থাকে।

৫। সেই অগ্নিই সর্ব্বাপেক্ষা শব্দ করেন। যাহারা সশব্দে স্তব করে, তিনি তাহাদের বন্ধু। তিনি প্রভু, শত্রু নিকটে পাইলে বিনাশ করেন। অগ্নি স্তব-কারীদিগকে রক্ষা করুন, বিদ্বান্‌দিগকে রক্ষা করুন। তাঁহাদিগকে এবং আমা-দিগকে আশ্রয় দিন।

৬। হে উৎকৃষ্ট পিতার সন্তান! অগ্নির তুল্য অন্নবান্ কেহ নাই, তিনি বলবান্ সর্ব্ব শ্রেষ্ঠ, বিপদের সময় ধনুর্দ্ধারণপূর্ব্বক রক্ষা করেন। সেই জাতবেদা অগ্নিকে উৎসাহপূর্ব্বক উত্তম উত্তম যজ্ঞ সামগ্রী দাও এবং শীঘ্র স্তব করিবার জন্য উদ্যোগী হও।

৭। বিদ্বান্ কার্য্যাধ্যক্ষ মনুষ্যগণ অগ্নিকে এইরূপ স্তব করেন যে, অগ্নি বন্ধু এবং বলের পুত্রস্বরূপ। যাঁহারা যজ্ঞানুষ্ঠান করেন, বন্ধুর ন্যায় তাঁহারা অগ্নির কৃপায় তৃপ্তিলাভ করেন। তাঁহারা জ্যোতির্ম্ময় গ্রহ নক্ষত্রাদির ন্যায় নিজ তেজে মনুষ্যদিগকে পরাভব করেন।

৮। হে বলের পুত্র! হে বলবান অগ্নি! আমি উপস্তুত, শিক্ষিদাতা আমার স্তববাক্য তোমাকে এই রূপ স্তব করিতেছে। তোমাকে স্তব করি, তোমার কৃপায় অতি দীর্ঘায়ু হই এবং সন্তান সন্ততি সম্পন্ন হই।

৯। বৃষ্টিহব্য নামক ঋষির পুত্র উপস্তুতগণ তোমাকে এই কথা বলিলেন।

তাঁহাদিগকে এবং স্তবকারী বিদ্বানদিগকে রক্ষা কর। তাঁহারা বষট এই বাক্যে এবং নমো নমঃ এই বাক্যে স্তব করিয়া উঠিলেন।

১১৬ সুক্ত।

ইন্দ্র দেবতা। অগ্নিযুত ঋষি।

১। হে বলবানদিগের অগ্রগণ্য ইন্দ্র! প্রভূত বললাভের জন্য সোম পান কর, বৃত্রকে বধ করিবার জন্য সোমপান কর। ধন ও অন্নের জন্য তোমাকে ডাকা হইতেছে, পান কর। মধু পান কর; তৃপ্তি লাভ করিয়া বৃষ্টি বর্ষণ কর।

২। হে ইন্দ্র! এই সোম প্রস্তুত করা হইয়াছে, ইহার সঙ্গে আহারীয় দ্রব্য আছে, সোম ক্ষরিত হইতেছে, ইহার সারভাগ পান কর। কল্যাণদান কর, মনে মনে আনন্দলাভ কর, ধন ও সৌভাগ্যদানের জন্য উন্মুখ হও।

৩। হে ইন্দ্র! স্বর্গের সোম তোমাকে মত্ত করুক; পৃথিবীস্থ মনুষ্যদিগের মধ্যে যাহা প্রস্তুত হয়, তাহাও মত্ত করুক। যাহা দ্বারা ধনদান কর, সেই সোম মত্ত করুক। যাহা দ্বারা শত্রুনাশ কর, তাহা মত্ত করুক।

৪। ইন্দ্র ইহলোক ও পরলোক উভয় স্থানেই দৃঢ়, তিনি সর্ব্বত্রগামী, তিনি বৃষ্টিবর্ষণকারী। আমরা সোমস্বরূপ আহারীয় দ্রব্য চতুর্দ্দিকে সেচন করিয়াছি, দুই ঘোটকের দ্বারা তিনি তাহার নিকটে গমন করুন। হে শত্রু নিধনকারী! মধুতুল্য সোম গোচরণের উপর আবর্জ্জিত (ঢালা) হইয়াছে, পরিপূর্ণ রাখা হইয়াছে। বৃষের ন্যায় বলপ্রকাশপূর্ব্বক যজ্ঞের শত্রুদিগকে বিনাশ কর।

৫। সুতীক্ষ্ণ অস্ত্রসকল প্রদর্শনপূর্ব্বক রাক্ষসদিগকে ভূমিশায়ী কর, তুমি ভীমমূর্ত্তি, তোমাকে বলকর ও উৎসাহকর এই সোম দিতেছি। শত্রুদিগের অভি-মুখীন হইয়া কোলাহলময় যুদ্ধমধ্যে তাহাদিগকে ছেদন কর।

৬। হে প্রভু ইন্দ্র! অন্ন বিস্তার কর, শত্রুদিগের প্রতি আপনার অবি-চলিত প্রভাব ও ধনু বিস্তার কর, আমাদিগের প্রতি অনুকূল হইয়া বৃদ্ধি লাভ কর। শত্রুদিগের নিকট পরাভব প্রাপ্ত না হইয়া নিজ বলের দ্বারা শরীরকে বৃদ্ধিযুক্ত কর।

৭। হে ধনশালী! এই যজ্ঞসামগ্রী তোমাকে উপঢৌকন দিলাম। হে সম্রাট! কুপিত না হইয়া গ্রহণ কর। হে ধনশালী ইন্দ্র! তোমার জন্য

সোম প্রস্তুত হইয়াছে, তোমার জন্য আহার পাক করা হইয়াছে, এই সমস্ত দ্রব্য তোমার নিকট যাইতেছে, পান ভোজন কর।

৮। হে ইন্দ্র! এই সমস্ত যজ্ঞসামগ্রী তোমার নিকট যাইতেছে, আহারের যে দ্রব্য পাক করা হইয়াছে, তাহা এবং সোম, উভয়ই ভোজন কর। অন্ন লইয়া তোমাকে আহারার্থ নিমন্ত্রণ করিতেছি। যজমানের মনের বাসনাগুলি সফল হউক।

৯। ইন্দ্র ও অগ্নির প্রতি সুরচিত স্তব প্রেরণ করিতেছি। স্তবমন্ত্রের দ্বারা আমি যেন সমুদ্রে নৌকা ভাসাইলাম। দেবতারা পুরোহিতদিগের ন্যায় পরিচর্য্যা করিতেছেন, তাঁহারা আমাদিগের শত্রু উন্মূলনপূর্ব্বক আমাদিগকে ধন দান করিতেছেন।

১১৭ সূক্ত।

দান দেবতা। ভিক্ষু ঋষি। (১)

১। দেবতারা যে ক্ষুধার সৃষ্টি করিয়াছেন, সেই ক্ষুধা প্রাণনাশিনী। আহার করিলেও মৃত্যুর নিকট অব্যাহতি নাই। কিন্তু দাতার ধন হ্রাস হয় না। অদাতাকে কেহই সুখী করে না।

২। যখন কোন ক্ষুধাতুর ব্যক্তি যাচ্ঞা রব করিতে করিতে উপস্থিত হয় এবং অন্ন ভিক্ষা করে, তখন যে অন্নবান্ হইয়াও হৃদয় কঠিন করিয়া রাখে এবং অগ্রে নিজে ভোজন করে, তাহাকে কেহ কখন সুখী করে না।

৩। কোন কৃশ ব্যক্তি অন্নলোভে আসিয়া ভিক্ষা করিলে, যিনি অন্ন দান করেন, তিনি ভোজ, অর্থাৎ দাতা। তাঁহার সম্পূর্ণ যজ্ঞফল লাভ হয়, শত্রুগণের মধ্যেও তিনি মিত্র লাভ করেন।

৪। এক সঙ্গের সঙ্গী যদি নিকটে আসেন, তবে যে ব্যক্তি বন্ধু হইয়া তাঁহাকে অন্ন দান না করে, সে বন্ধুই নয়। তাহার নিকট হইতে চলিয়া যাওয়াই উচিত। তাহার গৃহ গৃহই নয়। তখন উচিত, অন্য কোন ধনাঢ্য দাতাব্যক্তির নিকট গমন করা।

৫। যাচককে অবশ্য ধন দান করিবে। সেই দাতাব্যক্তি অতি দীর্ঘ পথ প্রাপ্ত হয়। রথের চক্র যেমন উর্দ্ধাধোভাবে ঘূর্ণিত হয়, তদ্রূপ ধন কখন এক

(১) এই সূক্তটী দান সম্বন্ধে। ইহার কতকগুলি ঋক্ বড় হৃদয়গ্রাহী।

ব্যক্তির নিকট, কখন অপর ব্যক্তির নিকট গমন করে, অর্থাৎ এক স্থানে চির-কাল থাকে না।

৬। যাহার মন উদার নহে, তাহার মিথ্যা ভোজন করা। বলিতে কি, তাহার ভোজন তাহার মৃত্যু স্বরূপ। সে দেবতাকেও দেয় না, বন্ধুকেও দেয় না। যে কেবল নিজে ভোজন করে, তাহার কেবল পাপই ভোজন করা হয়।

৭। লাঙ্গল কৃষিকার্য্য করিয়া অন্ন প্রস্তুত করে, সে আপন পথে গমন করিয়া আপনার ক্রিয়াদ্বারা শস্য উৎপাদন করে। পুরোহিত যদি বিদ্বান্ হয়, তবে সে মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ। তদ্রূপ দাতাব্যক্তি অদাতার উপরিবর্ত্তী।

৮। যাহার এক অংশমাত্র সম্পত্তি থাকে, সে দুই অংশ সম্পত্তির অধি-কারীকে উপাসনা করে, যাহার দুই অংশ আছে, সে তিন অংশ বিশিষ্টের পশ্চাদ্বর্ত্তী হয়। চতুরংশবান্ আবার উহাদিগের উপরে স্থান গ্রহণ করেন। এইরূপ অগ্র পশ্চাদ্ভাবে শ্রেণীবদ্ধ আছে। অল্প ধনী অধিক ধনীর উপা-সনা করে।

৯। আমাদিগের দুইহস্ত পরস্পর সমানাকৃতি বটে, কিন্তু ধারণক্ষমতা সমান নহে। দুটী গাভী একমাতার উদরে জন্মগ্রহণ করিলেও, সমান দুগ্ধ দেয় না। দুই ব্যক্তি যমক ভ্রাতা হইলেও উহাদিগের পরাক্রম সমান হয় না। দুই জনে এক বংশের সন্তান হইয়াও সমান দাতা হয় না।

১১৮ সূক্ত।

রাক্ষসবধকারী অগ্নি দেবতা। উরুক্ষয় ঋষি।

১। হে পবিত্র ব্রতধারী অগ্নি! মনুষ্যদিগের মধ্যে তুমি আপন স্থানে দীপ্তিমান্ হও; শত্রুকে বধ কর।

২ স্রুচ্ নামক যজ্ঞপাত্র তোমার প্রতি উত্তোলন করা হইয়াছে, তোমাকে উত্তম আহুতি দেওয়া হইয়াছে। তুমি উৎকৃষ্ট ঘৃতের প্রতি রুচিবিশিষ্ট হও।

৩। অগ্নিকে আহ্বান করা হইয়াছে। তিনি বাক্যদ্বারা স্তব করিবার যোগ্য। তিনি দীপ্তি পাইতেছেন। সকল দেবতার অগ্রে তাঁহাকে স্রুচ্ দ্বারা ঘৃতাক্ত করা হইতেছে।

৪। অগ্নিতে আহুতি দেওয়া হইল, তাঁহার দেহ ঘৃতময় হইল, তিনি দীপ্যমান ও সুসমৃদ্ধ আলোকযুক্ত হইলেন, তিনি ঘৃতাক্ত হইলেন।

৫। হে অগ্নি! তুমি দেবতাদিগের নিকট হোমের দ্রব্য বহন কর, স্তব করিলে তুমি প্রজ্বলিত হও। এতাদৃশ তোমাকে মনুষ্যেরা আহ্বান করিতেছে।

৬। হে মরণধর্ম্মশীল মনুষ্যগণ! সেই অগ্নি অমর, দুর্দ্ধর্ষ এবং গৃহের স্বামী। ঘৃতদ্বারা তাঁহার পূজা কর।

৭। হে অগ্নি! দুর্দ্ধর্ষ তেজের দ্বারা তুমি রাক্ষসকে দগ্ধ কর। যজ্ঞের রক্ষকস্বরূপ হইয়া দীপ্তি ধারণ কর।

৮। হে অগ্নি! তোমার স্বভাবসিদ্ধ তেজঃ প্রয়োগ করিয়া রাক্ষসীদিগকে দগ্ধ কর। তোমার যে সকল প্রশস্ত স্থান আছে, তথায় অবস্থিতিপূর্ব্বক দীপ্তি ধারণ কর।

৯। মনুষ্য জাতির মধ্যে তোমার তুল্য যজ্ঞকর্ত্তা কেহ নাই; তোমার নিবাসস্থান অতি চমৎকার; তুমি হব্য বহন কর, এতাদৃশ তোমাকে স্তব সহকারে প্রজ্বলিত করা হইয়াছে।

১১৯ সূক্ত।

লবরূপী ইন্দ্র দেবতা। তিনিই ঋষি।

১। আমার মানসই এই যে, গো অশ্ব দান করি। আমি অনেক বার সোম পান করিয়াছি।

২। যেমন বায়ু বৃক্ষকে কম্পিত ও উন্নমিত করে, তদ্রূপ সোমরস আমা-কর্ত্তৃক পীত হইয়া আমাকে উন্নমিত করিয়াছে। আমি অনেক বার ইত্যাদি।

৩। যেরূপ শীঘ্রগামী ঘোটকেরা রথকে উন্নমিত করিয়া রাখে, তদ্রূপ সোমরসগুলি আমা কর্ত্তৃক পীত হইয়া আমাকে উন্নমিত করিয়া রাখিয়াছে। আমি অনেক বার ইত্যাদি।

৪। যেরূপ গাভী হম্বারবে বৎসের প্রতি যায়, তদ্রূপ স্তব আমার দিকে আসিতেছে। আমি অনেক বার, ইত্যাদি।

৫। যেরূপ ত্বষ্টা (ছুতার) রথের উপরিভাগ নির্ম্মাণ করে, তদ্রূপ আমি

মনে মনে স্তব রচনা করিয়াছি, অর্থাৎ স্তোতার মনে স্তব উদয় করিয়া দিই। আমি অনেক বার ইত্যাদি।

৬। পঞ্চজনপদের, যে মনুষ্য আছে, তাহারা কেহ কখন আমার দৃষ্টি অতিক্রম করিতে পারে না। আমি অনেক বার, ইত্যাদি।

৭। দুই দ্যাবাপৃথিবী মিলিত হইয়া আমার এক পার্শ্বেরও সমান হইবেক না। আমি অনেকবার, ইত্যাদি।

৮। আমার মহিমা স্বর্গলোককে এবং এই বিস্তীর্ণ পৃথিবীকে অতিক্রম করে। আমি অনেকবার ইত্যাদি।

৯। আমার এরূপ ক্ষমতা যে যদি বল, তবে এই পৃথিবীকে একস্থান হইতে অন্য স্থানে সরাইয়া রাখিতে পারি। আমি অনেক বার, ইত্যাদি।

১০। এই পৃথিবীকে আমি দগ্ধ করিতে পারি। যে স্থান বল সে স্থান ধ্বংস করিতে পারি। আমি অনেক বার, ইত্যাদি।

১১। আমার এক পার্শ্বদেশ আকাশে আছে, আর এক পার্শ্বদেশ নীচের দিকে, অর্থাৎ পৃথিবীতে রাখিয়াছি। আমি অনেক বার, ইত্যাদি।

১২। আমি মহতেরও মহৎ, আমি আকাশের দিকে উঠিয়াছি। আমি অনেকবার ইত্যাদি।

১৩। আমাকে স্তব করে, আমি দেবতাদিগের নিকট হব্য বহন করি, এবং আমি হব্য গ্রহণপূর্ব্বক চলিয়া যাই। আমি অনেক বার, ইত্যাদি।

১২০ সূক্ত।

ইন্দ্র দেবতা। বৃহদ্দিব ঋষি।

১। যাঁহা হইতে জ্যোতির্ম্ময় সূর্য্য জন্মিয়াছেন, তিনিই সর্ব্বাপেক্ষা জ্যেষ্ঠ, অর্থাৎ বয়োধিক ছিলেন, অর্থাৎ তাঁহার পূর্ব্বে কেহ ছিল না। তিনি জন্মিবামাত্র তৎক্ষণাৎ শত্রু ধ্বংস করেন। তাবৎ দেবতা তাঁহাকে অভিনন্দন করে।

২। সেই অতি তেজস্বী শত্রুনিধনকারী ইন্দ্র বিশিষ্ট বলে বলী হইয়া দাসজাতির হৃদয়ে ভয় সঞ্চার করিয়া দেন। স্থাবর, জঙ্গম, সর্ব্বভূতকে তুমি সোম পানের আনন্দে সুখী কর, তাহাদিগকে শোধন কর; তখন তাহারা তোমাকে স্তব করে।

৩। দেবতাদিগের তৃপ্তি সম্পাদনকারী যজমানগণ যখন এক হইতে দুই

হয়, অর্থাৎ দারপরিগ্রহ করে, পরে যখন তিন হয়, অর্থাৎ সন্তান উৎপাদন করে, তখন তোমার উপরেই সকল যজ্ঞ কার্য্য সমাপন করে, অর্থাৎ তুমি নহিলে যজ্ঞ হয় না। যাহা সুস্বাদু আছে, তাহার সহিত তদপেক্ষা আরও সুস্বাদু বস্তু তুমি মিলন করিয়া দাও। এই চমৎকার যে মধু আছে, তাহার সহিত আরও মধু মিলন কর, অর্থাৎ সৌভাগ্যের উপর আরও সৌভাগ্য বিধান কর।

৪। সোম পানপূর্ব্বক মত্ত হইয়া তুমি যখন ধন জয় কর, তখন স্তোতাগণও সেই সঙ্গে সোমপানমদে মত্ত হয়। হে দুর্দ্ধর্ষ! অটল তেজঃ প্রদর্শন কর। দুঃসাহসিক রাক্ষসেরা তোমাকে যেন পরাভব করিতে না পারে।

৫। হে ইন্দ্র! তোমার সহায়তা পাইয়া আমরা যুদ্ধে বিলক্ষণ শত্রু নিপাত করি; আমরা যেন যুদ্ধ করিবার উপযুক্ত বিস্তর শত্রুর সাক্ষাৎ পাই, স্তববাক্য উচ্চারণপূর্ব্বক তোমার অস্ত্রশস্ত্রকে উৎসাহিত করিতেছি। বেদবাক্যদ্বারা তোমার তেজঃ তীক্ষ্ণ করিয়া দিতেছি।

৬। সেই ইন্দ্রকে স্তব করি, যিনি স্তবের যোগ্য, যাঁহার মূর্ত্তি নানা, যাঁহার দীপ্তি চমৎকার, যাঁহার তুল্য প্রভু নাই, যিনি সকল আত্মীয়ের শ্রেষ্ঠ আত্মীয়। তিনি ক্ষমতাবলে সপ্তদানবকে বিদীর্ণ করেন, বিস্তর প্রতিদ্বন্দ্বীকে পরাভব করেন।

৭। হে ইন্দ্র! তুমি যে গৃহে আপনার আশ্রয় দান করিয়াছ, তথায় পার্থিব ও দিব্য দুই প্রকার সম্পত্তি সংস্থাপন করিয়াছ। সর্ব্বভূতের নির্ম্মাণকারিণী দ্যাবাপৃথিবী যখন চঞ্চল হয়, তখন তুমিই তাহাদিগকে সুস্থির কর। সেই উপলক্ষে নানা কার্য্য তোমাকে করিতে হয়।

৮। ঋষিশ্রেষ্ঠ বৃহদ্দিব স্বর্গ লাভের অভিলাষী হইয়া ইন্দ্রের উদ্দেশে এই সকল প্রীতিকর বেদবাক্য পড়িতেছেন। সেই দীপ্তিশালী ইন্দ্র বৃহৎ পর্ব্বতকে অপসারিত করেন এবং শত্রুর অশেষ দ্বার উদ্‌ঘাটন করেন।

৯। অথর্ব্বার সন্তান মহামতি বৃহদ্দিব ইন্দ্রকে উদ্দেশ করিয়া আপনার স্তব পাঠ করিলেন। পৃথিবীস্থ নির্ম্মল নদীগণ জল প্রবাহিত করিতেছে এবং অন্নদ্বারা প্রজা লোকের কল্যাণ বর্দ্ধন করিতেছে।

১২১ সূক্ত।

"ক" এই নামধারী প্রজাপতি দেবতা। হিরিণ্যগর্ভ ঋষি (১)।

১। সর্ব্ব প্রথমে কেবল হিরণ্যগর্ভই বিদ্যমান ছিলেন। তিনি জাত মাত্রই সর্ব্বভূতের অদ্বিতীয় অধীশ্বর হইলেন। তিনি এই পৃথিবী ও আকাশকে স্বস্থানে স্থাপিত করিলেন। কোন্ দেবতাকে হব্যদ্বারা পূজা করিব?

২। যিনি জীবাত্মা দিয়াছেন, বল দিয়াছেন, যাঁহার আজ্ঞা সকল দেবতারা মান্য করে, যাঁহার ছায়া অমৃতস্বরূপ, মৃত্যু যাঁহার বশতাপন্ন। কোন্ দেবতাকে হব্যদ্বারা পূজা করিব?

৩। যিনি নিজ মহিমাদ্বারা যাবতীয় দর্শনেন্দ্রিয়সম্পন্ন গতিশক্তিযুক্ত জীবদিগের অদ্বিতীয় রাজা হইয়াছেন, যিনি এই সকল দ্বিপদ চতুষ্পদের প্রভু। কোন্ দেবতাকে হব্যদ্বারা পূজা করিব?

৪। যাঁহার মহিমাদ্বারা এই সকল হিমাচ্ছন্ন পর্ব্বত উৎপন্ন হইয়াছে, সসাগরা ধরা যাঁহারই সৃষ্টি বলিয়া উল্লিখিত হয়, এই সকল দিক্ বিদিক্ যাঁহার বাহুস্বরূপ। কোন্ দেবতাকে হব্যদ্বারা পূজা করিব?

৫। এই সমুন্নত আকাশ ও এই পৃথিবীকে যিনি স্বস্থানে দৃঢ়রূপে স্থাপন করিয়াছেন, যিনি স্বর্গলোক ও নাকলোককে স্তম্ভিত করিয়া রাখিয়াছেন, যিনি অন্তরিক্ষলোক পরিমাণ করিয়াছেন। কোন্ দেবকে হব্যদ্বারা পূজা করিব?

৬। দ্যাবাপৃথিবী সশব্দে যাঁহাকর্ত্তৃক স্তম্ভিত ও উল্লাসিত হইয়াছিল, এবং সেই দীপ্তিশীল দ্যাবাপৃথিবী যাঁহাকে মনে মনে মহিমান্বিত বলিয়া বুঝিতে পারিল, যাঁহাকে আশ্রয় করিয়া সূর্য্য উদয় ও দীপ্তিযুক্ত হয়েন। কোন্ দেবকে হব্যদ্বারা পূজা করিব?

৭। ভূরি পরিমাণ জল সমস্ত বিশ্বভুবন আচ্ছন্ন করিয়াছিল, তাহারা গর্ভ ধারণপূর্ব্বক অগ্নিকে উৎপন্ন করিল; তাহা হইতে, দেবতাদিগের এক মাত্র

(১) এই "ক" অক্ষরটী প্রকৃতপক্ষে প্রজাপতির নাম নহে। কোন্ দেবকে (কস্মৈ দেবায়) পূজা দিতে হইবে, তাহাই ঋগ্বেদের ঋষি জিজ্ঞাসা করিয়াছেন এবং যতদূর পারিয়াছেন তাহার উত্তর দিতে চেষ্টা করিয়াছেন। ঋগ্বেদের অনেক পরের সময়ের উপাসকগণ এই "ক" অক্ষরটীকেই দেব বলিয়া গ্রহণ করিয়াছেন। প্রজাপতি বা হিরণ্যগর্ভ নামে এক সৃষ্টিকর্ত্তার অনুভব এই সূক্তে প্রকাশিত হইতেছে। এ সূক্তটী অপেক্ষাকৃত আধুনিক।

প্রাণস্বরূপ যিনি, তিনি আবির্ভূত হইলেন। কোন্ দেবতাকে হব্যদ্বারা পূজা করিব?

৮। যখন জলগণ বল ধারণপূর্ব্বক অগ্নিকে উৎপন্ন করিল, তখন যিনি নিজ মহিমাদ্বারা সেই জলের উপরে সর্ব্বভাগে নিরীক্ষণ করিয়াছিলেন, যিনি দেবতাদিগের উপরে অদ্বিতীয় দেবতা হইলেন। কোন্ দেবকে হব্যদ্বারা পূজা করিব?

৯। যিনি পৃথিবীর জন্মদাতা, যাঁহার ধারণক্ষমতা যথার্থ, অর্থাৎ অপ্রতিহত, যিনি আকাশকে জন্ম দিলেন, যিনি আনন্দবর্দ্ধনকারী ভূরি পরিমাণ জল সৃষ্টি করিয়াছেন তিনি যেন আমাদিগকে হিংসা না করেন। কোন্ দেবকে হব্যদ্বারা পূজা করিব?

১০। হে প্রজাপতি! তুমি ব্যতীত অন্য আর কেহ এই সমস্ত উৎপন্ন বস্তুকে আয়ত্ত করিয়া রাখিতে পারে নাই। যে কামনাতে আমরা তোমার হোম করিতেছি, তাহা যেন আমাদিগের সিদ্ধ হয়, আমরা যেন ধনের অধিপতি হই।

১২২ সূক্ত।

অগ্নি দেবতা। চিত্রমহা ঋষি।

১। অগ্নির বিচিত্র তেজঃ, তিনি সূর্য্যের তুল্য, রমণীয় সুখকর এবং প্রেমাস্পদ অতিথির ন্যায়। তাঁহাকে স্তব করি। যাহারা দুগ্ধদ্বারা সংসারকে ধারণ করে এবং ক্লেশ নিবারণ করে, তিনি সেই গাভী ও উৎকৃষ্ট বল দান করেন। তিনি হোতা ও গৃহের স্বামী।

২। হে অগ্নি! তুমি সন্তুষ্ট হইয়া আমার স্তবের প্রতি রুচিযুক্ত হও, হে উৎকৃষ্টকর্ম্মকারী! তুমি যাহা জানিবার আছে, সকলি জান। তুমি ঘৃতাহুতি প্রাপ্ত হইয়া স্তোতাকে গান করিতে কহ, তোমার কার্য্য দেখিয়া পশ্চাৎ অন্যান্য দেবতা নিজ নিজ কার্য্য সম্পাদন করেন।

৩। হে অগ্নি! তুমি অমর। তুমি সর্ব্বস্থানে গতিবিধি করিয়া উত্তম কর্ম্মকারী দাতা ব্যক্তিকে দান কর এবং পূজা গ্রহণ কর। যে তোমাকে যজ্ঞকাষ্ঠ দ্বারা সংবর্দ্ধন করে, তাহার নিকটে উৎকৃষ্ট উৎকৃষ্ট সম্পত্তি ও সন্তানসন্ততি উপঢৌকন লইয়া যাও।

৪। যজ্ঞ সামগ্রীসম্পন্ন ব্যক্তিগণ সপ্ত অশ্বের স্বামী অগ্নিকে স্তব করিতেছে; সেই অগ্নি যজ্ঞের ধ্বজাস্বরূপ, সর্ব্বশ্রেষ্ঠ পুরোহিত, তিনি ঘৃতাহুতি প্রাপ্ত হইয়া কামনা শ্রবণপূর্ব্বক অভিলষিত ফল বর্ষণ করেন এবং দাতা ব্যক্তিকে উৎকৃষ্ট বল দান করেন।

৫। হে অগ্নি! তুমি সর্ব্বশ্রেষ্ঠ অগ্রগণ্য দূত। অমরত্ব লাভের জন্য তোমাকে আহ্বান করিতেছি, তুমি আনন্দ কর। দাতার গৃহে মরুদ্‌গণ তোমাকে সুশোভিত করে। ভৃগুসন্তানেরা স্তবের দ্বারা তোমার ঔজ্জ্বল্য বর্দ্ধন করিল।

৬। হে অগ্নি! তোমার কর্ম্ম চমৎকার। যে যজমান যজ্ঞানুষ্ঠানে রত হয়, তাহার জন্য তুমি যজ্ঞস্বরূপ প্রচুর দুগ্ধদায়িনী বিশ্বপালনকারিণী গাভী হইতে যজ্ঞফল দোহন করিয়া দাও। তুমি ঘৃতাহুতি প্রাপ্ত হইয়া তিন স্থান আলোকময় কর; তুমি যজ্ঞগৃহের সর্ব্বত্র আছ, সর্ব্বত্র গমন কর, সৎকর্ম্মকারীর যে আবরণ, তাহা তোমাতে দৃষ্ট হয়।

৭। ঊষা জাগরিত হইবামাত্র মনুষ্যগণ তোমাকেই দূতস্বরূপ গ্রহণ করিয়া যজ্ঞ করে। হে অগ্নি! দেবতারাও তোমাকেই যজ্ঞে ঘৃতদ্বারা প্রদীপ্ত করিয়া পূজা করিবার জন্য সংবর্দ্ধনা করেন।

৮। হে অগ্নি! সন্তানেরা যজ্ঞ উপলক্ষে অনুষ্ঠান আরম্ভ করিয়া অন্নসম্পন্ন তোমাকে আহ্বান করিতে লাগিল। যজমানদিগের গৃহে প্রচুর পরিমাণ ধন সংস্থাপন কর, তোমরা স্বস্তি বচনদ্বারা আমাদিগকে সর্ব্বদা রক্ষা কর।

---

১২৩ সূক্ত।

বেন দেবতা। বেন ঋষি।

১। বেন নামে যে দেবতা তিনি(১), জ্যোতিঃদ্বারা পরিবেষ্টিত, তিনি জল নির্ম্মাণকারী আকাশমধ্যে সূর্য্যকিরণের সন্তানস্বরূপ জলদিগকে পৃথিবীতে প্রেরণ করেন। যখন সূর্য্যের সহিত জলের মিলন হয়, তখন বুদ্ধিমান্ স্তবকারিগণ সেই বেন দেবকে বালকের ন্যায় নানা মিষ্ট বচনে সন্তুষ্ট করেন।

২। বেনদেব আকাশস্বরূপ সমুদ্র হইতে জলের তরঙ্গ প্রেরণ করিতেছেন, এই কারণে আকাশে সেই উজ্জ্বলমূর্ত্তি বেনদেবের পৃষ্ঠদেশ দৃষ্ট হইল, জলের যে

(১) বৃষ্টিদাতা আলোকময় কোন দেবকে বেন নামে এই সূক্তে উপাসনা করা হইতেছে।

সমুন্নত স্থান, অর্থাৎ আকাশ, তথায় তিনি দীপ্তি পান। তাঁহার পারিষদেরা সর্ব্বসাধারণ উৎপত্তিস্থান আকাশকে প্রতিধ্বনিত করিল।

৩। জলগুলি বেনের সহিত একস্থানবর্ত্তী, অর্থাৎ আকাশে থাকে; তাহারা বৎসের মাতা, অর্থাৎ বিদ্যুতের জননীরূপা; তাহারা একস্থানবর্ত্তী বেনের দিকে শব্দ করিতে লাগিল। জলের উন্নত উৎপত্তিস্থানে, অর্থাৎ আকাশে মধু তুল্য বৃষ্টিবারির শব্দ উদয় হইয়া বেনকে সংবর্দ্ধনা করিতেছে।

৪। বুদ্ধিমান্ স্তবকারিগণ প্রকাণ্ড পশুবিশেষের ন্যায় বেনের শব্দ শ্রবণ করিল, তাহাতে তাহারা বুদ্ধিপূর্ব্বক তাঁহার রূপ কল্পনা করিল। তাহারা বেনকে যজ্ঞদানপূর্ব্বক নদীর ন্যায় প্রভূত জল প্রাপ্ত হইল। সেই গন্ধর্ব্বরূপী বেন জলের প্রভু।

৫। বিদ্যুৎ যেন একটী অপ্সরা, বেন যেন তাহার উপপতি, তিনি যেন বেনকে দেখিয়া ঈষৎ হাস্যপূর্ব্বক আলিঙ্গন করিতেছেন। বেন তাঁহার প্রেমাস্পদ নায়কের ন্যায় প্রেয়সীর রতিকামনা পূর্ণ করতঃ সুবর্ণময় পক্ষে উপবেশন, বা শয়ন করিলেন।

৬। হে বেন! তুমি স্বর্গে উড্ডীন একটী পক্ষীর ন্যায়, তোমার দুই পক্ষ সুবর্ণময়, তুমি সর্ব্বলোক শাসনকারী বরুণের দূত, তুমি জগতের ভরণপোষণকারী পক্ষী তুল্য। এতাদৃশ তোমাকে সকলে দর্শন করে এবং মনে মনে তোমার প্রতি প্রীতিভাব ধারণ করে।

৭। সেই গন্ধর্ব্বরূপী বেন স্বর্গের উন্নত প্রদেশে উন্নতভাবে দণ্ডায়মান হইলেন। তিনি চতুর্দ্দিকে বিচিত্র অস্ত্রশস্ত্র ধারণ করিয়া আছেন, তিনি আপনার অতি সুন্দরমূর্ত্তি আচ্ছাদন করিয়াছেন। এইরূপে অন্তর্হিত হইয়া তিনি অভিলষিত বৃষ্টিবারি উৎপাদন করিতেছেন।

৮। বেনদেব জলরূপী, তিনি নিজকর্ম্ম সাধনকালে গৃধ্রের তুল্য দূরবিস্তারি চক্ষুদ্বারা দৃষ্টি করিতে করিতে আকাশস্বরূপ সমুদ্রের দিকে গমন করেন। তিনি শুভ্রবর্ণ আলোকের দ্বারা দীপ্যমান হয়েন। দীপ্যমান হইয়া তিনি তৃতীয় লোকে, অর্থাৎ আকাশের উপরিভাগ হইতে সর্ব্বলোকবাঞ্ছিত জলের সৃষ্টি করেন।

১২৪ সূক্ত।

অগ্নি, প্রভৃতি দেবতা। তাঁহারাই ঋষি।

১। হে অগ্নি! আমাদিগের এই যে যজ্ঞ, যাঁহার ঋত্বিক্, যজমান প্রভৃতি পাঁচ ব্যক্তি নিয়ামক অর্থাৎ অধ্যক্ষ আছেন, যাঁহার অনুষ্ঠান তিন প্রকারে হইয়া থাকে, যাঁহার সাত জন অনুষ্ঠানকর্ত্তা আছেন, সেই যজ্ঞের দিকে তুমি আগমন কর। তুমিই আমাদিগের হবির্ব্বহনকারী ও অগ্রগামী দূতস্বরূপ। তুমি চিরকালই গাঢ় অন্ধকার মধ্যে শয়ন করিয়া থাক।

২। [অগ্নির উক্তি]—দেবতারা আমাকে প্রার্থনা করেন, সেই নিমিত্ত আমি দীপ্তিহীন অদর্শনের অবস্থা হইতে দীপ্তিশালী অবস্থা প্রাপ্ত হইয়া চতুর্দ্দিক্ নিরীক্ষণ করতঃ অমরত্ব লাভ করি। যখন যজ্ঞ নিরুপদ্রবে সম্পন্ন হয়, তখন আমি অদর্শন হইয়া যজ্ঞকে পরিত্যাগ করিয়া যাই। চিরকালের বন্ধুত্বপ্রযুক্ত নিজ উৎপত্তিস্থান অরণির মধ্যেই গমন করি।

৩। পৃথিবী ভিন্ন আর এক যে গমন পথ আছে, অর্থাৎ আকাশ, তথাকার যিনি অতিথি, অর্থাৎ সূর্য্য, আমি তাঁহার প্রতি লক্ষ্য রাখিয়া, অর্থাৎ তাঁহার বার্ষিক গতি অনুসারে ভিন্ন ভিন্ন ঋতুতে নানা যজ্ঞের অনুষ্ঠান করিয়া থাকি। অসুর দেবগণ পিতাস্বরূপ, তাঁহাদিগের মুখোদ্দেশে আমি স্তব উচ্চারণ করিয়া থাকি। যজ্ঞের অযোগ্য অপবিত্র স্থান হইতে আমি যজ্ঞের উপযুক্তস্থানে গমন করি।

৪। ঐ স্থানে আমি অনেক বৎসর ক্ষেপণ করিয়াছি। তথায় ইন্দ্রকে বরণ করতঃ আপন পিতা অরণিকে ত্যাগ করি অর্থাৎ অরণি হইতে নির্গত হই। আমি অদর্শন হওয়াতে অগ্নি ও সোম ও বরুণের পতন হইল, রাজ্য বিপর্য্যস্ত হইল, তখন আসিয়া আমি রক্ষা করি।

৫। আমি আসিলে সেই অসুরগণ শক্তিহীন হইয়া গেল। হে বরুণ! তুমিও আমাকে প্রার্থনা কর। অতএব হে প্রভু! সত্য হইতে মিথ্যাকে পৃথক্ করিয়া আমার রাজত্বের আধিপত্য গ্রহণ কর।

৬। [অগ্নি বা বরুণের উক্তি]—হে সোম! এই দেখ স্বর্গ। ইহা অতি সুন্দর ছিল। এই দেখ আলোক। এই বিস্তীর্ণ আকাশ। হে সোম! তুমি নির্গত হও, বৃত্রকে বধ করা যাউক। তুমি নিজে হোমের দ্রব্য, অন্যান্য হোমের দ্রব্যদ্বারা তোমাকে পূজা করি।

৭। ক্রিয়াকুশল মিত্রদেব, ক্রিয়াকৌশলের দ্বারা আকাশে নিজ তেজঃ সংলগ্ন করিলেন। বরুণদেব অবলীলাক্রমে জল সৃষ্টি করিলেন। সেই সমস্ত জল নদীরূপ ধারণ করিয়া জগতের মঙ্গল বিধান করিতেছেন। সেই সকল নির্ম্মল নদী বরুণের পত্নীর ন্যায় বরুণের শুভ্র উজ্জ্বল বর্ণ ধারণ করিতেছে।

৮। সেই সকল জলদেবতা বরুণের সর্ব্বশ্রেষ্ঠ তেজঃ প্রাপ্ত হইতেছে, তাহার ন্যায় হোম দ্রব্য পাইয়া আনন্দিত হইতেছে। বরুণ নিজ পত্নীর ন্যায় তাহাদিগের নিকট গমন করিতেছেন যেরূপ প্রজাবর্গ ভয় পাইয়া রাজাকে আশ্রয় করে, তদ্রূপ জলেরা ভয়প্রযুক্ত বরুণকে আশ্রয় করিয়া বৃত্রের নিকট হইতে পলায়ন করিতেছে।

৯। সেই সকল ভীত দিব্য জলের সঙ্গী হইয়া যিনি তাহাদিগের বন্ধুত্ব আচরণ করেন, তাঁহাকে হংস কহে। তিনি স্তবের যোগ্য, তিনি জলের পশ্চাৎ পশ্চাৎ ভ্রমণ করেন। বিদ্বান্‌গণ বুদ্ধিবলে তাঁহাকে ইন্দ্র বলিয়া স্থির করিয়াছেন।

১২৫ সূক্ত।

পরমাত্মা দেবতা। বাক্ ঋষি।

১। [বাগ্দেবীর উক্তি]—আমি রুদ্রগণ ও বসুগণের সঙ্গে বিচরণ করি, আমি আদিত্যদিগের সঙ্গে এবং তাবৎ দেবতাদিগের সঙ্গে থাকি, আমি মিত্র ও বরুণ এই উভয়কে ধারণ করি. আমিই ইন্দ্র ও অগ্নি এবং দুই অশ্বিদ্বয়কে অবলম্বন করি।

২। যে সোম আঘাত, অর্থাৎ প্রস্তর নিষ্পীড়ন দ্বারা উৎপন্ন হয়েন, আমিই তাঁহাকে ধারণ করি, আমি ত্বষ্টা ও পূষা ও ভগকে ধারণ করি, যে যজমান যজ্ঞসামগ্রী আয়োজনপূর্ব্বক এবং সোমরস প্রস্তুত করিয়া দেবতাদিগকে উত্তমরূপে সন্তুষ্ট করে, আমিই তাহাকে ধন দান করি।

৩। আমি রাজ্যের অধীশ্বরী, ধন উপস্থিত করিয়াছি, জ্ঞানসম্পন্ন এবং যজ্ঞোপযোগী বস্তু সকলের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ। এতাদৃশ আমাকে দেবতারা নানা স্থানে সন্নিবেশিত করিয়াছেন, আমার আশ্রয়স্থান বিস্তর, আমি বিস্তর প্রাণীর মধ্যে আবিষ্ট আছি।

৪। যিনি দর্শন করেন, প্রাণধারণ করেন, কথা শ্রবণ করেন, অথবা অন্ন ভোজন করেন, তিনি আমার সহায়তাতে সেই সকল কার্য্য করেন। আমাকে

যাহারা মানে না, তাহারা ক্ষয় হইয়া যায়। হে বিদ্বান্! শ্রবণ কর, আমি যাহা কহিতেছি, তাহা শ্রদ্ধার যোগ্য।

৫। দেবতারা এবং মনুষ্যেরা যাঁহার শরণাগত হয়, তাঁহার বিষয় আমিই উপদেশ দিই। যাহাকে ইচ্ছা, আমি বলবান্, অথবা স্তোতা, অথবা ঋষি, অথবা বুদ্ধিমান্ করিতে পারি।

৬। রুদ্র যখন স্তোত্রদ্বেষী শত্রুকে বধ করিতে উদ্যত হয়েন, তখন আমিই তাঁহার ধনু বিস্তার করিয়া দিই। লোকের জন্য আমিই যুদ্ধ করি। আমি দ্যুলোকে ও ভূলোকে আবিষ্ট হইয়া আছি।

৭। আমি পিতা, আকাশকে প্রসব করিয়াছি। সেই আকাশ এই জগতের মস্তকস্বরূপ। সমুদ্রে জলের মধ্যে আমার স্থান। সেই স্থান হইতে সকল ভুবনে বিস্তারিত হই, আপনার উন্নত দেহদ্বারা এই দ্যুলোককে আমি স্পর্শ করি।

৮। আমিই তাবৎ ভুবন নির্ম্মাণ করিতে করিতে বায়ুর ন্যায় বহমান হই। আমার মহিমা এতাদৃশ বৃহৎ হইয়াছে যে, দ্যুলোককেও অতিক্রম করিয়াছে, পৃথিবীকেও অতিক্রম করিয়াছে (১)।

১২৬ সূক্ত।

বিশ্বদেব দেবতা। কুল্মল বর্হিষ ঋষি।

১। অর্য্যমা, মিত্র, বরুণ, যাঁহাকে শত্রুর হস্ত হইতে পার করিয়া দেন, হে দেবগণ! কোনও পাপ, কোনও অমঙ্গল সেই মনুষ্যকে আক্রমণ করিতে পারে না।

২। হে বরুণ! হে মিত্র। হে অর্য্যমা! যাহাতে তোমরা পাপ হইতে মনুষ্যকে রক্ষা কর এবং শত্রুর হস্ত হইতে উদ্ধার করিয়া দাও, আমরা তাহাই প্রার্থনা করি।

(১) বাগ্দেবীকে এই সূক্তের বক্তা, অর্থাৎ ঋষি বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে। কিন্তু বাক্ যে এই সূক্তের বক্তা, সূক্তের ভিতর তাহার কোনও নিদর্শন নাই। বক্তা আপনাকে সর্ব্বনিয়ন্তা ও সর্ব্বনির্ম্মাতা বলিয়া পরিচয় দিতেছেন।

৩। এই বরুণ, মিত্র ও অর্য্যমা নিশ্চয় আমাদিগকে রক্ষা করিবেন। হে বরুণ প্রভৃতি! আমাদিগকে লইয়া চল; লইয়া যাইবার কালে পার করিয়া দাও; পার করিবার কালে শত্রুর হস্ত হইতে পরিত্রাণ কর।

৪। হে বরুণ, মিত্র ও অর্য্যমা! তোমরা বিশ্বকে রক্ষা করিয়া থাক, তোমরা নেতার কার্য্য উত্তমরূপে সম্পাদন কর। তোমাদিগের দ্বারা আমরা শত্রুর হস্ত হইতে পরিত্রাণ পাইয়া তোমাদিগের নিকট যেন চমৎকার সুখ প্রাপ্ত হই।

৫। আদিত্যগণ, বরুণ, মিত্র ও অর্য্যমা শত্রুদিগের হস্ত হইতে পার করিয়া দিন। শত্রুর নিকট পরিত্রাণ পাইয়া কল্যাণলাভের জন্য আমরা উগ্রমূর্ত্তি রুদ্রদেব, মরুদ্‌গণ, ইন্দ্র ও অগ্নিকে আহ্বান করিতেছি।

৬। বরুণ, মিত্র ও অর্য্যমা ইহারা পথ দেখাইয়া লইয়া যাইতে অতি পটু; ইঁহারা পাপগুলির অন্তর্ধান করিয়া দিন। মনুষ্যগণের অধীশ্বর ঐ সকল দেব সমস্ত পাপ ও শত্রুর হস্ত হইতে আমাদিগকে উদ্ধার করিয়া দিন।

৭। বরুণ, মিত্র ও অর্য্যমা রক্ষাপূর্ব্বক আমাদিগকে সুখী করুন। যে সুখ আমরা প্রার্থনা করি, আদিত্যগণ আমাদিগকে প্রচুর পরিমাণে সেই সুখ দিন, শত্রুর হস্ত হইতে রক্ষা করুন।

৮। যখন শুভ্রবর্ণ গাভীর চরণ বন্ধন করিয়া রাখিয়াছিল, তখন যজ্ঞ-ভাগভাগী বসুগণ যেমন সেই গাভীকে মোচন করিয়া দিয়াছিলেন, তদ্রূপ আমাদিগকে পাপ হইতে মুক্ত কর। হে অগ্নি! আমাদিগকে প্রকৃষ্ট পরমায়ু প্রদান কর।

১২৭ সূক্ত।

রাত্রি দেবতা। কুশিক ঋষি।

১। রাত্রিদেবী আগমনপূর্ব্বক চতুর্দ্দিকে বিস্তীর্ণ হইয়াছেন। তিনি নক্ষত্রসমূহের দ্বারা অশেষ প্রকার শোভা সম্পাদন করিয়াছেন।

২। দেবরূপিণী রাত্রিদেবী অতি বিস্তার লাভ করিয়াছেন, যাঁহারা নীচে থাকেন, কি যাঁহারা ঊর্দ্ধে থাকেন, সকলকেই তিনি আচ্ছন্ন করিলেন। তিনি আলোকের দ্বারা অন্ধকারকে নষ্ট করিয়াছেন।

৩। রাত্রিদেবী আসিয়া উষাকে আপন ভগিনীর ন্যায় পরিগ্রহ করিলেন, তিনি অন্ধকার দূরীভূত করিলেন।

৪। পক্ষীরা যেমন বৃক্ষে বাস গ্রহণ করে, তদ্রূপ যাঁহার আগমনে আমরা শয়ন করিয়াছি, সেই রাত্রি আমাদিগের শুভকরী হউন।

৫। গ্রামসমূহ নিস্তব্ধ হইয়াছে; পাদচারীরা, পক্ষীরা, শীঘ্রগামী শ্যেনগণ, সকলেই নিস্তব্ধ হইয়া শয়ন করিয়াছে।

৬। হে রাত্রি! বৃকী ও বৃককে আমাদিগের নিকট হইতে দূরে লইয়া যাও; চৌরকে দূরে লইয়া যাও। আমাদিগের পক্ষে বিশিষ্টরূপে শুভকরী হও (১)।

৭। কৃষ্ণবর্ণ অন্ধকার স্পষ্ট লক্ষ্য হইয়া দেখা দিয়াছে, আমার নিকট পর্য্যন্ত আচ্ছন্ন করিয়াছে। হে উষাদেবি! আমার ঋণকে যেমন পরিশোধপূর্ব্বক নষ্ট কর, তদ্রূপ অন্ধকারকে নষ্ট কর।

৮। হে আকাশের কন্যা রাত্রি! তুমি যাইতেছ, তোমাকে গাভীর ন্যায় এই সমস্ত স্তব অর্পণ করিলাম, তুমি গ্রহণ কর।

১২৮ সূক্ত।

বিশ্বদেব দেবতা। বিহব্য ঋষি।

১। হে অগ্নি! যুদ্ধের সময় আমার তেজের উদয় হউক। তোমাকে প্রজ্বলিত করিয়া আমরা নিজ দেহের পুষ্টিসাধন করিয়া থাকি। চারি দিক্ আমার নিকট নত হউক, তোমাকে প্রভু পাইয়া আমরা যেন শত্রুদিগকে জয় করি।

২। ইন্দ্রাদি তাবৎ দেবতা, মরুদ্গণ, বিষ্ণু, ও অগ্নি যুদ্ধের সময় আমার পক্ষে থাকুন। আকাশস্বরূপ বিস্তীর্ণ ভুবন আমার পক্ষ হউক। আমার উপস্থিত প্রার্থনা বিষয়ে বায়ু আমার অনুকূল হইয়া আমাকে পবিত্র করুন।

৩। দেবতারা আমার যজ্ঞে সন্তুষ্ট হইয়া আমাকে ধন দান করুন। আমি যেন আশীর্ব্বাদ লাভ করি; দেবতাদিগকে আহ্বানপূর্ব্বক যজ্ঞানুষ্ঠান যেন আমারই ঘটে। পূর্ব্বতন কালে যাঁহারা দেবতাদিগের উদ্দেশে হোম

(১) রাত্রিতে গ্রামসমূহে পশুপক্ষী নিস্তব্ধ হইয়াছে, কেবল হিংস্র জন্তু আর চোরের ভয়।

করিয়াছেন, তাঁহারা অনুকূল হউন। আমাদিগের শরীর নিরুদ্রব হউক, সন্তানসন্ততি উৎপন্ন হউক।

৪। আমার যে সকল যজ্ঞসামগ্রী আছে, তাহা আমার জন্য দেবসাৎ করা হউক। আমার মনের অভিপ্রায় সিদ্ধ হউক। আমি যেন কোন প্রকার পাপে লিপ্ত না হই। অশেষ দেবতাগণ আমাদিগকে এই আশীর্ব্বাদ করুন।

৫। ছয় জন প্রধান প্রধান দেবী আমাদিগের শ্রীবৃদ্ধি করুন। হে তাবৎ দেবতা! এই স্থানে বীরত্ব কর। আমাদিগের সন্তানসন্ততির, কি আমাদিগের শরীরের যেন কোন অকল্যাণ না ঘটে। হে রাজা সোম শক্রর নিকট আমরা যেন বিনষ্ট না হই।

৬। হে অগ্নি! তুমি শত্রুদিগের আক্রোশ বিফল করিয়া রক্ষাকর্ত্তা হও এবং দুর্দ্ধর্ষ হইয়া আমাদিগকে সর্ব্ববিধায় রক্ষা কর। সেই সকল শত্রু ব্যর্থ-প্রয়াস হইয়া ফিরিয়া যাউক। যদিও বুদ্ধিমান্ হয়, তথাপি ইহাদিগের বুদ্ধি যেন লোপ হইয়া যায়।

৭। যিনি সৃষ্টিকর্ত্তাদিগেরও সৃষ্টিকর্ত্তা, যিনি ভুবনের অধীশ্বর, যিনি রক্ষাকর্ত্তা ও শত্রুনিবারণকারী, সেই দেবকে স্তব করি। এই যজ্ঞকে দুই অশ্বী এবং বৃহস্পতি ও আর আর দেবতা রক্ষা করুন। যজমানের ক্রিয়া যেন নিরর্থক না হয়।

৮। যিনি বহুবিস্তীর্ণ তেজের অধিকারী, যিনি বৃহৎ, সর্ব্বাগ্রে আহূত হয়েন, বিবিধ স্থানে বাস করেন, সেই ইন্দ্র এই যজ্ঞে আমাদিগকে সুখী করুন। হে হরিদ্বর্ণ অশ্বের প্রভু ইন্দ্র! এতাদৃশ তুমি আমাদিগকে সুখী কর, সন্তানসন্ততি সম্পন্ন কর। আমাদিগের অনিষ্ট করিও না, প্রতিকূল হইও না।

৯। যাহারা আমাদিগের শত্রু, তাহারা দূর হউক। ইন্দ্র ও অগ্নির সাহায্যে আমরা তাহাদিগকে পরাভব করি। বসুগণ, রুদ্রগণ ও আদিত্যগণ এরূপ করুন, যাহাতে আমি সর্ব্বোপরিবর্ত্তী, দুর্দ্ধর্ষ, বুদ্ধিমান্ ও অধিরাজ হই।

---

১২৯ সূক্ত।

পরমাত্মা দেবতা। প্রজাপতি ঋষি(১)।

১। তৎকালে যাহা নাই, তাহাও ছিল না, যাহা আছে, তাহাও ছিল না। পৃথিবীও ছিল না, অতি দূরবিস্তার আকাশও ছিল না। আবরণ করে এমন কি ছিল? কোথায় কাহার স্থান ছিল? দুর্গম ও গম্ভীর জল কি তখন ছিল?

২। তখন মৃত্যুও ছিল না, অমরত্বও ছিল না, রাত্রি ও দিনের প্রভেদ ছিল না। কেবল সেই একমাত্র বস্তু বায়ুর সহকারিতা ব্যতিরেকে আত্মা মাত্র অবলম্বনে নিশ্বাসপ্রশ্বাসযুক্ত হইয়া জীবিত ছিলেন। তিনি ব্যতীত আর কিছুই ছিল না (২)।

৩। সর্ব্ব প্রথমে অন্ধকারের দ্বারা অন্ধকার আবৃত ছিল। সমস্তই চিহ্ন-বর্জ্জিত ও চতুর্দ্দিকে জলময় ছিল(৩)। অবিদ্যমান বস্তু দ্বারা সেই সর্ব্বব্যাপী আচ্ছন্ন ছিলেন। তপস্যার প্রভাবে সেই এক বস্তু জন্মিলেন।

৪। সর্ব্ব প্রথমে মনের উপর কামের আবির্ভাব হইল, তাহা হইতে সর্ব্ব প্রথম উৎপত্তির কারণ নির্গত হইল। বুদ্ধিমানগণ বুদ্ধি দ্বারা আপন হৃদয়ে পর্য্যালোচনাপূর্ব্বক অবিদ্যমান বস্তুতে বিদ্যমান বস্তুর উৎপত্তি স্থান নিরূপণ করিলেন।

৫। রেতোধা পুরুষেরা উদ্ভব হইলেন, মহিমা সকল উদ্ভব হইলেন। উহাদিগের রশ্মি দুই পার্শ্বে ও নিম্নের দিকে এবং ঊর্দ্ধ দিকে বিস্তারিত হইল, নিম্ন দিকে স্বধা রহিল, প্রয়তি ঊর্দ্ধ দিকে রহিলেন (৪)।

৬। কেই বা প্রকৃত জানে? কেই বা বর্ণনা করিবে? কোথা হইতে জন্মিল? কোথা হইতে এই সকল নানা সৃষ্টি হইল? দেবতারা এই সমস্ত

(১) এই সূক্তটী অতি প্রসিদ্ধ ও জ্ঞাতব্য, কেন না সৃষ্টির আদি কারণ ও প্রণালীর কথা ইহাতে পর্য্যালোচনা করা হইয়াছে। সূক্তটীর ভাব দেখিলে ইহা অপেক্ষাকৃত আধুনিক বলিয়া বিবেচনা হয়।

(২) সৃষ্টির পূর্ব্বে পরমাত্মার অনুভব।

(৩) সৃষ্টির পূর্ব্বের অবস্থা বর্ণনা।

(৪) সায়ণ কহেন মহিমা বলিতে পঞ্চভূত, আর স্বধা অর্থে অন্ন এবং অন্ন নিকৃষ্ট এবং প্রয়তি অর্থে ভোক্তা পুরুষ, সেই ভোক্তা জীব উপরে অর্থাৎ প্রধান। A self-supporting principle beneath, and energy aloft."—*Muir.*

নানা সৃষ্টির পর হইয়াছেন (৫)। কোথা হইতে যে হইল, তাহা কেই বা জানে?

৭। এই নানা সৃষ্টি যে কোথা হইতে হইল, কাহা হইতে হইল, কেহ সৃষ্টি করিয়াছেন, কি করেন নাই, তাহা তিনিই জানেন, যিনি ইহার প্রভুস্বরূপ পরমধামে আছেন! অথবা তিনিও না জানিতে পারেন।

---

১৩০ সূক্ত।

প্রজাপতি দেবতা। যজ্ঞ ঋষি।

১। যজ্ঞস্বরূপ বস্ত্র চতুর্দ্দিকে সূত্র বিস্তারের দ্বারা বয়নকরা হইয়াছে, দেবতাদিগের উদ্দেশে একশত, অর্থাৎ বহুসংখ্য অনুষ্ঠানের দ্বারা উহার বিস্তার সংঘটন হইয়াছে, যজ্ঞে যে পিতৃলোকগণ আসিয়াছেন, তাঁহারা বয়ন করিতেছেন: দীর্ঘতার দিকে বয়ন কর, বিস্তারের দিকে বয়ন কর, এই বাক্য উচ্চারণ করিতে করিতে তাঁহারা এই বস্ত্র বয়নকার্য্য নির্ব্বাহ করিতেছেন।

২। এক ব্যক্তি সেই বস্ত্রকে দীর্ঘীকৃত করিতেছে, অপর এক ব্যক্তি বিস্তারের জন্য প্রসারিত করিতেছে। ইহা ঐ স্বর্গ পর্য্যন্ত বিস্তারিত হইতেছে। ঐ সকল তেজঃপুঞ্জ দেবতা যজ্ঞগৃহে বসিয়াছেন। এই বস্ত্রবয়নব্যাপারে সামগুলিকে তসর অর্থাৎ পড়েন রূপে কল্পনা করা হইয়াছে(১)।

৩। যৎকালে তাবৎ দেবতা দেবপূজা করিলেন, তখন তাঁহাদিগের অনুষ্ঠিত যজ্ঞের পরিমাণ কি ছিল? দেব মূর্ত্তিই বা কি ছিল? সংকল্প কি ছিল? ঘৃত ছিল কি? পরিধি অর্থাৎ যজ্ঞস্থানের চতুর্দ্দিকের বৃত্তি স্বরূপ সীমা বন্ধনই বা কি হইয়াছিল? ছন্দ প্রয়োগ বা উক্থ কি ছিল?

৪। গায়ত্রী নামক ছন্দ অগ্নির সহযোগিনী হইলেন। দেব সবিতা উষ্ণিক্ নামক ছন্দের সহিত মিলিত হইলেন। সোম অনুষ্টুভ্ ছন্দের সহিত ও

---

(৫) প্রকৃতির যে কার্য্যসমূহ ও সৌন্দর্য্যকে ঋষিগণ দেব বলিয়া পূজা করিতেন, তাঁহারা আদি দেব নহেন, তাঁহারাও সৃষ্ট অর্থাৎ কার্য্যমাত্র, তাহা ঋষির মনে উদয় হইল। তবে কারণ কে? আদি কে? এই সূক্ত সেই প্রশ্নেরই উত্তর। এ প্রশ্নের উত্তর দেওয়া মনুষ্যের সাধ্য নহে, ঋষি তাহা স্বীকার করিতেছেন।

(১) এই দুইটী ঋকে যজ্ঞকে বস্ত্রের সহিত এবং মন্ত্রগুলিকে টানা ও পড়েনের সহিত তুলনা করা হইয়াছে। পিতৃলোকগণ যজ্ঞে উপস্থিত আছেন, তাহার উল্লেখ পাওয়া যায়।

তেজোমূর্ত্তি সূর্য্য উক্থ ছন্দের সহিত মিলিত হইলেন। আর বৃহতী নামক ছন্দ বৃহস্পতির বাক্যকে আশ্রয় করিল।

৫। বিরাট নামক ছন্দ মিত্র ও বরুণ দেবকে আশ্রয় করিল। ত্রিষ্টুভ ছন্দ ইন্দ্রের ভাগে পড়িল এবং দিবা ভাগের যে সোম, তাহাও তাঁহার ভাগে পড়িল। জগতী নামক ছন্দ তাবৎ দেবতাকে আশ্রয় করিল (১)। এই রূপে ঋষি ও মনুষ্যগণ যজ্ঞ সম্পাদন করিলেন।

৬। পুরাকালে যজ্ঞ উৎপন্ন হইলে পর, আমাদিগের পূর্ব্বপুরুষ ঋষি ও মনুষ্যগণ উক্ত নিয়মে অনুষ্ঠান সম্পন্ন করিলেন। প্রাচীন কালে যাঁহারা এই যজ্ঞের অনুষ্ঠান করিলেন, আমার বোধ হইতেছে যেন আমি মনের চক্ষে তাঁহাদিগকে দেখিতে পাইতেছি।

৭। সাত জন দিব্য ঋষি স্তবসমূহ ও ছন্দ সংগ্রহপূর্ব্বক পুনঃ পুনঃ অনুষ্ঠান করিলেন, যজ্ঞের পরিমাণ স্থির করিলেন। যেরূপ সারথিরা ঘোটকের রশ্মি হস্তে ধারণা করে, তদ্রূপ সেই বিদ্বান্ ঋষিগণ পূর্ব্বপুরুষদিগের প্রথার প্রতি দৃষ্টি রাখিয়া তদনুযায়ি যজ্ঞানুষ্ঠান সম্পন্ন করিলেন।

---

১৩১ সূক্ত।

অশ্বিদয় ও ইন্দ্র দেবতা। সুকৃতি ঋষি।

১। হে শত্রুপরাভবকারী ইন্দ্র! সম্মুখের দিকে, অথবা পশ্চাৎ দিকে যে সকল শত্রু আছে, উত্তরে, অথবা দক্ষিণে যাহারা আছে, সকলকেই দূরীভূত কর। হে বীর! আমরা যেন তোমার নিকট বিশিষ্ট সুখলাভ করিয়া আনন্দিত হইতে পারি।

২। যাহাদিগের ক্ষেত্রে যব জন্মিয়াছে, তাহারা যেমন পৃথক্ পৃথক্ করিয়া ক্রমশঃ সেই যব অনেক বারে কর্ত্তন করে, তদ্রূপ হে ইন্দ্র! যাহারা যজ্ঞানুষ্ঠান-সহকারে নমঃ শব্দ প্রয়োগ না করে, অর্থাৎ যাহারা পুণ্য কর্ম্মের অনুষ্ঠানে বিমুখ, তাহাদিগের ভোজনের সামগ্রী এখনই নষ্ট করিয়া দাও।

৩। যে শকটে একমাত্র পশু যোজিত আছে, তাহা কখনও যথাসময়ে গন্তব্য স্থানে উপস্থিত হইতে পারে না। যুদ্ধের সময় তাহা দ্বারা অন্ন লাভ করা

---

(১) এই সূক্তটীও অপেক্ষাকৃত আধুনিক। এখানে আটটী ছন্দের নাম পাওয়া গেল, একটি একটি ছন্দকে এক এক দেবের সহিত মিলাইয়া দেওয়া কবির কল্পনা।

যায় না। যাঁহারা গো, অশ্ব, অন্ন কামনা করেন, সেই বুদ্ধিমান্‌গণ ঐ কারণে ইন্দ্রের বন্ধুত্বের জন্য লালায়িত হয়েন। অর্থাৎ ইন্দ্রের সহায় না হইলে ঐ ঐ অভিলাষ সিদ্ধ হয় না।

৪। হে কল্যাণমূর্ত্তি অশ্বিদ্বয়! যখন নমুচির সহিত যুদ্ধ উপস্থিত হয়, তখন তোমরা উভয়ে মিলিত হইয়া চমৎকার সোম পান করিতে করিতে ইন্দ্রের কর্ম্মে তাঁহাকে রক্ষা করিয়াছিলে।

৫। হে অশ্বিদ্বয়! যেরূপ পিতা মাতা পুত্রকে রক্ষা করে, তদ্রূপ তোমরা চমৎকার সোম পান করতঃ নিজ শক্তি ও অদ্ভুত কার্য্য সমূহদ্বারা ইন্দ্রকে রক্ষা করিয়াছিলে। হে ইন্দ্র! সরস্বতী দেবী তোমার নিকটে ছিলেন।

৬। ৭। ইন্দ্র উত্তম ত্রাণকর্ত্তা, ধনশালী, সর্ব্বজ্ঞ, তিনি রক্ষা করিয়া সুখদায়ী হউন। শত্রুদিগকে নিবারণ পূর্ব্বক তিনি অভয় দান করুন। আমরা যেন উত্তম ক্ষমতার অধিকারী হই। সেই যজ্ঞভাগগ্রাহী ইন্দ্রের নিকট যেন আমরা প্রসাদভাজন হই। তিনি যেন আমাদিগের প্রতি উত্তমরূপ সন্তুষ্ট থাকেন। তিনি উৎকৃষ্ট ত্রাণকর্ত্তা ও ধনশালী। সেই ইন্দ্র যেন, কি দূরবর্ত্তী, কি নিকটবর্ত্তী সকল শত্রুকে আমাদিগের দৃষ্টিপথের বহির্ভূত করিয়া দেন।

১৩২ সূক্ত।

মিত্র ও বরুণ দেবতা। শকপূত ঋষি।

১। যিনি যজ্ঞ করেন, তাঁহারই জন্য আকাশ ধন তুলিয়া ধরিয়া আছেন। তাঁহাকেই পৃথিবী শ্রীযুক্ত করেন। যজ্ঞকারীকেই অশ্বিদ্বয় নানা সুখসামগ্রী দান করিয়া সন্তুষ্ট করেন।

২। হে মিত্র ও বরুণ! তোমরা পৃথিবীকে ধারণ কর। উত্তম সুখ সামগ্রীর প্রার্থনাতে তোমাদের উভয়কে পূজা করিতেছি। যজমানের প্রতি তোমাদিগের যে সকল বন্ধুতাচরণ হইয়া থাকে, তাহার প্রভাবে আমরা যেন শত্রু জয় করি।

৩। হে মিত্রাবরুণ! যখনই তোমাদিগের উদ্দেশে যজ্ঞসামগ্রী আয়োজন করি, তখনই চমৎকার ধনের নিকটে উপস্থিত হই। যজ্ঞদানকারী ব্যক্তি যে ধন প্রাপ্ত হয়, তাহার উপর কোন উপদ্রব সংঘটন হয় না।

৪। হে অসুর মিত্র! আকাশ যাঁহাকে প্রসব করিয়াছেন, অর্থাৎ সূর্য্য,

তিনি তোমা হইতে ভিন্ন। হে বরুণ! তুমি সকলের রাজা। তোমাদিগের রথের মস্তক এই দিকে আসিতেছে। হিংসাকারীদিগের বিনাশকর্ত্তা এই যে যজ্ঞ, ইহার উপর এতটুকু অকল্যাণও স্পর্শ হইবেক না।

৫। এই আমি শকপূত, আমাতে যে পাপ আছে, তাহা আমার সেই নীচস্বভাব শত্রুদিগকেই নষ্ট করিতেছে, যে হেতু মিত্রদেব আমার হিতকারী আছেন। সেই মিত্রদেব আসিয়া শরীরের রক্ষা বিধান করুন, যে সকল উত্তম উত্তম যজ্ঞসামগ্রী আছে, তিনি তাহাও রক্ষা করুন।

৬। হে বিশিষ্ট জ্ঞানসম্পন্ন মিত্র ও বরুণ! অদিতিই তোমাদিগের উভয়ের মাতা; দ্যুলোক ও ভূলোককে জলের দ্বারা পরিষ্কার কর; এই নিম্নলোকে উত্তম উত্তম সামগ্রী দাও; সূর্য্যকিরণদ্বারা সমস্ত ভুবন পবিত্র কর।

৭। তোমরা উভয়ে কার্য্যের দ্বারা রাজা হইয়া বসিয়াছ। তোমাদিগের যে রথ বন মধ্যে বিহার করে, তাহা এক্ষণে ধুরার উপর অবস্থিতি করুক। যে হেতু সেই সকল শত্রুলোক আক্রোশপূর্ব্বক চীৎকার করিতেছে। বুদ্ধিমান্ নৃমেধ (আমার পিতা) উপদ্রব হইতে উদ্ধার পাইয়াছেন।

১৩৩ সূক্ত।

ইন্দ্র দেবতা। সুদাস ঋষি।

১। ইন্দ্রের যে সৈন্য তাঁহার রথের সম্মুখভাগে আছে, উত্তমরূপ তাঁহার পূজা কর। যুদ্ধের সময় দুই শত্রু নিকটবর্ত্তী হইয়া পরস্পর সম্মিলিত হইয়া যায়, তখন তিনি পালায়ন করেন না। এই রূপে বৃত্রকে বধ করেন। আমাদিগের প্রভু সেই ইন্দ্র আমাদিগের সংবাদ লউন। বিপক্ষদিগের ধনুর্গুণ ছিন্ন হইয়া যাউক।

২। যে সকল জলরাশি নীচে আসে, তাহা তুমিই মোচন করিয়া দাও এবং বৃত্রকে বধ কর। হে ইন্দ্র! তুমি অজের ও শত্রুর অবধ্য হইয়া জন্মিয়াছ, বিশ্বকে পালন করিয়া থাক। তোমাকেই সকলের শ্রেষ্ঠ জানিয়া আমরা নিকটে আসিয়াছি। বিপক্ষদিগের ধনুর্গুণ, (ইত্যাদি পূর্ব্ব ঋক্ দেখ)।

৩। যাহারা দান করেনা, এতাদৃশ তাবৎ শত্রু দৃষ্টিপথ হইতে দূর হউক। আমাদিগের স্তবগুলি চলিতে থাকুক। হে ইন্দ্র! যে শত্রু আমাদিগকে বধ করিতে ইচ্ছা করে, তুমি তাহার প্রতি মৃত্যু প্রেরণ কর। তোমার যে

দানশীলতা, তাহা আমাদিগকে ধনদান করুক। বিপক্ষদিগের ধনুর্গুণ, ইত্যাদি।

৪। হে ইন্দ্র! ক্ষুদ্র ব্যাঘ্রের ন্যায় আচরণপূর্ব্বক যে সকল লোক আমাদিগের চতুর্দ্দিকে ঘুরিয়া বেড়ায়, তাহাদিগকে ধরাশায়ী কর, কারণ তুমি শক্র পরাভব কর ও শক্রকে পীড়া দাও। বিপক্ষদিগের ধনুর্গুণ, ইত্যাদি।

৫। আমাদিগের সনাভি হউক, বা আমাদিগের অপেক্ষা নিকৃষ্ট হউক, যে কেহ আমাদিগের অনিষ্ট করে, যেমন প্রকাণ্ড আকাশ সকল বস্তুকে নীচস্থ করিয়া রাখিয়াছে, তদ্রূপ তুমি তাহার বল নীচস্থ কর। আপনা হইতেই বিপক্ষের ধনুর্গুণ, ইত্যাদি।

৬। হে ইন্দ্র! আমরা তোমার অনুগত, তোমার বন্ধুত্বের উপযুক্ত কার্য্যের উদ্যোগ করিতেছি। পুণ্যকর্ম্মের পথ দিয়া আমাদিগকে লইয়া চল, আমরা যেন সকল পাপ অতিক্রম করি। বিপক্ষদিগের ইত্যাদি।

৭। হে ইন্দ্র! আমাদিগকে তুমি সেই বিদ্যা উপদেশ কর, যাহার প্রভাবে স্তবকারীর মনোরথ পূর্ণ হয়। এই পৃথিবীস্বরূপ যে গাভী, ইহা যেন বিপুল আপীনবিশিষ্ট হইয়া এবং সহস্র ধারায় দুগ্ধ ক্ষরিত করিয়া আমাদিগকে পরিতৃপ্ত করে।

১৩৪ সূক্ত।

ইন্দ্র দেবতা। মান্ধাতা ঋষি, এবং সপ্তম ঋকের গোধা ঋষি।

১। হে ইন্দ্র! তুমি উষার ন্যায় দ্যুলোক ও ভূলোককে পরিপূর্ণ কর, তুমি মহত্তেরও মহৎ, মনুষ্যদিগের উপরিবর্ত্তী সম্রাট্। কল্যাণময়ী তোমার মাতাদেবী তোমাকে প্রসব করিয়াছেন।

২। যে দুরাত্মা ব্যক্তি আমাদিগকে বধ করিতে ইচ্ছা করে, তাহার বল অধিক থাকিলেও তুমি সেই বলকে ন্যূন করিয়া দাও; যে আমাদিগের অনিষ্ট চেষ্টা করে, তাহাকে ধরাশায়ী কর। কল্যাণময়ী ইত্যাদি।

৩। হে ক্ষমতবান্ শক্রসংহারী ইন্দ্র! সেই যে প্রচুর অন্ন সমস্ত, যাহাতে সকলেরই আনন্দ হয়, তাহা তোমার ক্ষমতাবলে আমাদিগের দিকে প্রেরণ কর। সেই সঙ্গে আমাদিগকে সর্ব্বপ্রকারে রক্ষা কর। কল্যাণময়ী, ইত্যাদি।

৪। শতক্রতু ইন্দ্র! তুমি যখন নানা অন্ন প্রেরণ করিবে, তখন

সোমযাগকারী যজমানকে সহস্রপ্রকারে রক্ষা করিবে এবং ধনও দিবে। কল্যাণময়ী, ইত্যাদি।

৫। উজ্জ্বল অস্ত্রশস্ত্রগুলি ঘর্ম্মবিন্দুর ন্যায় চতুর্দ্দিকে পতিত হউক, দুর্ব্বার প্রতানের ন্যায় অস্ত্রশস্ত্রগুলি বিশ্বব্যাপী হউক, আমাদিগের দুর্ম্মতি দূর হউক। কল্যাণময়ী, ইত্যাদি।

৬। হে জ্ঞানবান্ ধনশালী ইন্দ্র! সুদীর্ঘ অঙ্কুশের ন্যায় তুমি শক্তি নামক অস্ত্র ধারণ করিয়া থাক। ছাগ যেরূপ শরীরের সম্মুখস্থিত চরণের দ্বারা বৃক্ষ-শাখাকে আকর্ষণ করে, তদ্রূপ তুমি সেই শক্তি অস্ত্রদ্বারা শত্রুকে আকর্ষণপূর্ব্বক নিপাত কর। কল্যাণময়ী, ইত্যাদি।

৭। হে দেবতাগণ! তোমাদিগের বিষয়ে কিছুই ত্রুটি করি নাই, কোনও কর্ম্মেই শৈথিল্য বা ঔদাস্য করি নাই। মন্ত্র ও শ্রুতি অনুসারে আচরণ করিয়া থাকি। দুই হস্তে রাশীকৃত যজ্ঞসামগ্রী লইয়া তন্মাত্র সহায়ে এই যজ্ঞকর্ম্ম সম্পাদন করিয়া থাকি।

১৩৫ সূক্ত।

যম দেবতা। কুমার ঋষি।

১। চমৎকার পত্রদ্বারা শোভিত যে বৃক্ষের উপরে যমদেব দেবতাদিগের সঙ্গে একত্রে পান করেন, আমাদিগের নরপতি পিতা ইচ্ছা করিয়াছেন, যে আমি সেই বৃক্ষে যাইয়া পূর্ব্বপুরুষদিগের সঙ্গী হই।

২। পিতা আমার প্রতি নির্দয় হইয়া 'পূর্ব্বপুরুষদিগের সঙ্গী' হও, এই আদেশ করাতে আমি তাঁহার প্রতি বিরক্তিসূচক দৃষ্টিপাত করিয়াছিলাম, পরে সেই বিরাগ ত্যাগ করিয়া পুনর্ব্বার অনুরক্ত হইয়াছি।

৩। [যমের উক্তি]—ওহে কুমার! তুমি মনে মনে এমন এক খানি নূতন রথ প্রার্থনা করিয়াছিলে, যাহার চক্র নাই, যাহার একমাত্র ঈষা, অথচ যাহা সর্ব্বত্র গতিবিধি করিতে সমর্থ। তুমি না বুঝিয়া সেই রথে আরোহণ করিয়াছ।

৪। ওহে কুমার! বুদ্ধিমান্ বন্ধুবান্ধবদিগকে পরিত্যাগপূর্ব্বক তুমি সেই রথ ধাবিত করিয়াছ, উহা তোমার পিতার সান্ত্বনা-পূর্ণ উপদেশবাক্য অনুসারে চলিয়াছে, সেই উপদেশ উহার নৌকাস্বরূপ এবং আশ্রয়স্বরূপ হইয়াছে। সেই নৌকাতে সংস্থাপিত হইয়া ঐ রথ এ স্থান হইতে চলিয়া গিয়াছে।

৫। কে এই বালকের জন্মদাতা? কে এই রথ প্রেরণ করিয়াছে? যাহাতে এই বালক যমকর্ত্তৃক জীবলোকে প্রত্যর্পিত হইবেক, সে সন্ধান অদ্য আমাদিগকে কে বলিয়া দিবে?

৬। যাহাতে বালক যমকর্ত্তৃক জীবলোকে প্রত্যর্পিত হইবেক, তাহা অগ্রেই বলা হইয়াছিল। প্রথমে পিতার উপদেশের মূল অংশ প্রকাশ হইল, পশ্চাৎ প্রত্যাগমনের উপায় কহা হইল।

৭। এই দেখিতেছি, যমের বাটী, লোকে কহে, ইহা দেবতাদিগের কর্ত্তৃক নির্ম্মিত হইয়াছে। এই দেখিতেছি, ইহাঁর সর্ব্বাঙ্গে শিরা নির্গত হইয়া আছে, এই দেখিতেছি, ইঁহাকে লোকে স্তব করিতেছে (১)।

১৩৬ সূক্ত।

অগ্নি, সূর্য্য ও বায়ু দেবতা। জূতি, প্রভৃতি ঋষিগণ।

১। কেশীনামক যে দেব, তিনি অগ্নিকে, তিনিই জলকে, তিনিই দ্যুলোক ও ভূলোককে ধারণ করেন। সমস্ত সংসারকে কেশীই আলোকের দ্বারা দর্শনযোগ্য করেন। এই যে জ্যোতি, ইহারই নাম কেশী।

২। বাতরশনের বংশীয় মুনিরা পিঙ্গলবর্ণ মলিন বস্ত্র ধারণ করেন, তাঁহারা দেবত্ব প্রাপ্ত হইয়া বায়ুর গতির অনুগামী হইয়াছেন।

৩। তপস্যা-রসের রসিক হইয়া আমরা তাহাতে উন্মত্তবৎ, আমরা বায়ুর উপর আরোহণ করিলাম। হে মনুষ্যগণ! তোমরা কেবল আমাদিগের শরীর মাত্র দেখিতে পাইতেছ, অর্থাৎ আমাদিগের প্রকৃত আত্মা বায়ুরূপী হইয়াছে।

৪। যিনি মুনি হন, তিনি আকাশে উড্ডীন হইতে পারেন, সকল বস্তু দেখিতে পান। যে স্থানে যত দেবতা আছেন, তিনি সকলের প্রিয় বন্ধু, সৎকর্ম্মের জন্যই তিনি জীবিত আছেন।

৫। যিনি মুনি হন, তিনি বায়ুপথে ভ্রমণ করিবার ঘোটকস্বরূপ, তিনি বায়ুর সহচর, দেবতারা তাঁহাকে পাইতে ইচ্ছা করেন। পূর্ব্ব ও পশ্চিম, এই দুই সমুদ্রে তিনি বাস করেন।

(১) কুমার নচিকেতা পিতার কথায় যমপুরী দেখিতে যান, সেই আখ্যান লইয়া সম্ভবতঃ এই সূক্ত রচিত হইয়াছে। কঠ উপনিষদে এই নচিকেতার কথা বিস্তীর্ণরূপে বিবৃত হইয়াছে।

৬। কেশীদেব অপ্সরাদিগের, গন্ধর্ব্বদিগের এবং হরিণদিগের বিচরণ স্থানে বিহার করেন। তিনি জ্ঞাতব্য সকল বিষয়ই জানেন ও তিনি অতি চমৎকার, সর্ব্বাপেক্ষা আনন্দদায়ী বন্ধুস্বরূপ।

৭। কেশী যখন রুদ্রের সহিত একত্রে জলপান করেন, তখন বায়ু সেই জল আলোড়িত করিয়া দেন এবং কঠিন করকাগুলি ভঙ্গ করিয়া দেন(১)।

১৩৭ সূক্ত।

বিশ্বেদেবা দেবতা। ভরদ্বাজ, কশ্যপ, গোতম, অত্রি, বিশ্বামিত্র, জমদগ্নি ও বসিষ্ঠ, যথাক্রমে সাত ঋষি।

১। হে দেবতাবর্গ! তোমরাই আমাকে নিম্নে পাতিত করিয়াছ, তোমরাই আবার ঊর্দ্ধে তুলিয়া লও। হে দেবগণ! হয়ত আমি অপরাধ করিয়াছি; পুনর্ব্বার প্রাণদান দাও।

২। সমুদ্র পর্য্যন্ত এমন কি আরও দূরবর্ত্তী স্থান পর্য্যন্ত, এই দুই বায়ু বহিয়া থাকে; এক বায়ু তোমার বলাধান করিতে করিতে আগমন করুক, অন্য বায়ু তোমার পাপ ধ্বংসের জন্য বহমান হউক।

৩। হে বায়ু! তুমি এই দিকে ঔষধ বহিয়া আন; যাহা অহিতকর, এই দিক্ হইতে বহিয়া লইয়া যাও। যেহেতু তুমিই সংসারের ঔষধ স্বরূপ, তুমিই দেবতাদিগের দূত হইয়া যাও।

৪। হে যজমান! তোমার মঙ্গলকর স্বস্ত্যয়ন শান্তি করিয়াছি তোমার অমঙ্গল নিবারণের কার্য্যও করিয়াছি। যাহাতে তোমার উৎকৃষ্ট বলাধান হয়, সেই কার্য্য করিয়াছি। তোমার রোগ এখনই দূর করিয়া দিতেছি।

৫। দেবতারা এক্ষণে রক্ষা করুন; মরুদ্গণ রক্ষা করুন, তাবৎ চরাচর রক্ষা করুন; এই ব্যক্তি নীরোগ হউক।

৬। জলই ঔষধরূপ; জলই রোগশান্তির কারণ; জল সকল রোগেরই ঔষধ। সেই জল যেন তোমার ঔষধ বিধান করিয়া দেয়।

---

(১) কেশী দেব কে, তাহা বুঝিতে পারিলাম না। এই সূক্তটী অপেক্ষাকৃত আধুনিক।

৭। দুই হস্তে দশ অঙ্গুলি আছে, বাক্যের অগ্রে অগ্রে জিহ্বা বিচলিত হয়; তোমার রোগশান্তির জন্য ঐ হস্তদ্বয়ের দ্বারা তোমাকে স্পর্শ করিতেছি(১)।

১৩৮ সূক্ত।

ইন্দ্র দেবতা। অঙ্গ ঋষি।

১। হে ইন্দ্র! তোমার প্রতি বন্ধুত্ব করিবার জন্য যজ্ঞকর্ত্তারা যজ্ঞ সামগ্রী বহন করিয়া যজ্ঞের অনুষ্ঠান পূর্ব্বক বলকে বিদীর্ণ করিলেন। তখন স্তব করা হইল, কুৎসকে তুমি প্রভাতের আলোক দিলে, জল মোচন করিলে এবং বৃত্রের কার্য্য সমস্ত ধ্বংস করিলে।

২। হে ইন্দ্র! তুমি জননীতুল্য জলদিগকে মোচন করিয়াছ, পর্ব্বতদিগকে বিচলিত করিলে, গাভীদিগকে তাড়াইয়া লইয়া গেলে, সুমিষ্ট মধু (সোম) পান করিলে, বলের বৃক্ষদিগকে বৃষ্টি দ্বারা আপ্যায়িত করিলে, যজ্ঞোপযোগী স্তুতিবাক্য দ্বারা ইন্দ্রের স্তব হইল, ইঁহার ক্রিয়াদ্বারা সূর্য্য দীপ্তিশালী হইলেন।

৩। সূর্য্যদেব আকাশের মধ্যে আপনার রথ চালিত করিয়া দিলেন, তিনি দেখিলেন, আর্য্যজাতি দাসজাতীর সমকক্ষ। ইন্দ্র ঋজিশ্বা নামক ব্যক্তির সহিত বন্ধুত্ব করিয়া পিপ্রু নামক মায়াবী অসুরের বল বীর্য্য নষ্ট করিয়া দিলেন।

৪। দুর্দ্ধর্ষ ইন্দ্র দুর্দ্ধর্ষ শত্রুসৈন্যদিগকে নষ্ট করিলেন; তিনি দেবশূন্যদিগের ধনসমূহ ধ্বংস করিলেন। সূর্য্য যেরূপ মাসে মাসে পৃথিবীতে রস আকর্ষণ করেন, তদ্রূপ তিনি শত্রুপুরীস্থিত ধন হরণ করিলেন। তিনি স্তব গ্রহণ করিতে করিতে উজ্জ্বল অস্ত্রদ্বারা শত্রু নিপাত করিলেন।

৫। ইন্দ্রের সেনার সহিত কেহ যুদ্ধ করিতে সমর্থ হয় না, সর্ব্বত্রগামী বিদীর্ণকারী বজ্রধারী তিনি বৃত্র নিপাতপূর্ব্বক অস্ত্রশস্ত্র শাণিত করেন, বিদীর্ণকারী ইন্দ্র-বজ্র হইতে শত্রুগণ ভীত হইল। সর্ব্ববস্তু শোধনকারী সূর্য্যদেব চলিতে আরম্ভ করিলেন। ঊষা দেবী আপনার শকট চালিত করিয়া দিলেন।

৬। হে ইন্দ্র! এই সকল বীরত্বের কার্য্য কেবল তোমারই শুনা যায়, যেহেতু তুমি অসহায়ে যজ্ঞ বিঘ্নকারী অসহায় শত্রুকে হিংসা করিয়াছ। তুমি আকাশের উপর চন্দ্রের গতয়াতের ব্যবস্থা করিয়া দিয়াছ। সূর্য্যের রথ চক্রকে

(১) এ সূক্তটী রোগ নিবারণের জন্য একটী "ওঝার মন্ত্র" স্বরূপ।

যখন বৃত্র ভঙ্গ করে, তখন সকলের পিতা দ্যুলোক তোমার দ্বারাই সেই চক্র ধারণ করাইয়া থাকেন।

১৩৯ সূক্ত।

সবিতা ও বিশ্বাবসু দেবতা। বিশ্বাবসু ঋষি।

১। দেবসবিতা সূর্য্যের কিরণে কিরণযুক্ত, উজ্জ্বল কেশবিশিষ্ট; তিনি পূর্ব্বদিকে ক্রমাগত আলোকের উদয় করিতে থাকেন। তাঁহার জন্ম হইলে পুষাদেব অগ্রসর হয়েন, ইনি জ্ঞানী, সমস্ত ভুবন দর্শন ও রক্ষা করেন।

২। ইনি মনুষ্যের প্রতি কৃপাদৃষ্টি করতঃ আকাশের মধ্যে অবস্থিতি করেন, দ্যুলোক ও ভূলোক ও মধ্যস্থিত আকাশ আলোকে পূর্ণ করেন। তিনি দিক্ সমস্ত ও কোণ সমস্ত প্রকাশিত করিয়াছেন। তিনি পূর্ব্বভাগ, পরভাগ, মধ্যভাগ ও প্রান্তভাগ, সকলি প্রকাশিত করেন।

৩। সেই সূর্য্যদেব ধনের মূলস্বরূপ, সম্পত্তির মিলনস্থানস্বরূপ। তিনি নিজ ক্ষমতায় তাবৎ দ্রষ্টব্য পদার্থকে প্রকাশিত করেন। তিনি সবিতাদেবের ন্যায় সত্যকর্ম্মা, অর্থাৎ যাহা করেন, তাহা সফল হয়। যে স্থানে ধন সকল একত্র মিলিত হয়, তথায় তিনি ইন্দ্রের ন্যায় দণ্ডায়মান হইয়াছিলেন।

৪। হে সোম! যখন জল সকল বিশ্বাবসু গন্ধর্ব্বকে দেখিল, তখন পুণ্যকর্ম্মপ্রভাবে তাহারা বিলক্ষণরূপে নির্গত হইল। সেই জল সমস্ত যিনি প্রেরণ করিয়াছেন, সেই ইন্দ্র উক্ত বৃত্তান্ত জানিতে পারিলেন। তিনি সূর্য্য মণ্ডলের চতুর্দ্দিক নিরীক্ষণ করিলেন।

৫। বিশ্বাবসুনামে দেবলোকবাসী গন্ধর্ব্ব জলের সৃষ্টিকর্ত্তা, তিনি ঐ সকল বিষয় আমাদিগকে উপদেশ দিন। যাহা যথার্থ অথবা যাহা আমাদিগের অজ্ঞাত, তদ্বিষয়ে তিনি আমাদিগের চিন্তাপ্রবর্ত্তিত করুন, আমাদিগের বুদ্ধিগুলি রক্ষা করুন(১)।

৬। নদীদিগের চরণদেশে ইন্দ্র একটী মেঘ দেখিলেন; তিনি প্রস্তরময় দ্বার উদ্ঘাটন করিয়া দিলেন। গন্ধর্ব্ব এই সমস্ত জলের কথা উল্লেখ করিলেন, ইন্দ্র মেঘদিগের বল উত্তম জানেন।

(১) বিশ্বাবসু গন্ধর্ব্বই বৃষ্টিদাতা দেবরূপে উপাসিত হইতেছেন।

১৪০ সূক্ত।

অগ্নি দেবতা। অগ্নি ঋষি।

১। হে অগ্নি! তোমার প্রশস্ত অন্ন আছে; তোমার শিখাগুলি বিলক্ষণ দীপ্তি পাইতেছে; ঔজ্জ্বলই তোমার সম্পত্তি; তোমার দীপ্তি প্রকাণ্ড; তুমি ক্রিয়াকুশল; তুমি দাতা ব্যক্তিকে উৎকৃষ্ট অন্ন ও বল দাও।

২। হে অগ্নি! যখন তুমি দীপ্তির সহিত উদয় হও, তখন তোমার তেজঃ সকলকে পরিশুদ্ধ করিতে থাকে, ইহা শুক্লবর্ণ ধারণপূর্ব্বক বৃহৎ হইয়া উঠে। তুমি দ্যুলোক ও ভূলোক স্পর্শ করিতে থাক; তুমি যেন পুত্র, তাহারা যেন মাতা, সেই নিমিত্ত যেন তুমি ক্রীড়া করতঃ তাহাদিগকে আলিঙ্গন কর।

৩। হে তেজের পুত্র জাতবেদা! উৎকৃষ্ট স্তবপাঠসহকারে তোমাকে সংস্থাপন করা হইয়াছে, তুমি আনন্দ কর। তোমার উপরেই নানাবিধ ও নানাপ্রকারে সংগৃহীত উত্তম উত্তম যজ্ঞসামগ্রী হোম করা হইয়াছে।

৪। হে অমর অগ্নি! নবজাতকিরণমণ্ডলে বিভূষিত হইয়া আমাদিগের নিকট ধন বিস্তার কর, তুমি সুদৃশ্য মূর্ত্তিতে সুশোভিত হইয়াছ, সর্ব্বফলদাতা যজ্ঞকে সংস্পর্শ করিতেছ।

৫। হে অগ্নি তুমি যজ্ঞের শোভাসম্পাদক, জ্ঞানী, প্রচুর অন্ন দান করিয়া থাক, উত্তম উত্তম বস্তুও দান কর। এতাদৃশ তোমাকে স্তব করি। অতি সুন্দর প্রচুর অন্ন দাও এবং সর্ব্বফলোৎপাদক ধন দান কর।

৬। যজ্ঞোপযোগী সর্ব্বদ্রষ্টা প্রকাণ্ড অগ্নিকে মনুষ্যগণ সুখের জন্য আধান করিয়াছে। তোমার কর্ণ সকলি শুনে, তোমার মত বিস্তারশালী কিছু নাই তুমি দেবলোকবাসী, এতাদৃশ তোমাকে মনুষ্যেরা স্ত্রীপুরুষে স্তব করে।

১৪১ সূক্ত।

বিশ্বেদেবা দেবতা। অগ্নি ঋষি।

১। হে অগ্নি! উপযুক্তমত উপদেশ দাও, আমাদিগের প্রতি অনুকূল ও প্রসন্ন হও। হে নরপতি! তুমি ধনের দানকর্ত্তা, অতএব আমাদিগকে ধন দান কর।

২। অর্য্যমা, ভগ, বৃহস্পতি, দেবগণ, সত্যপ্রিয় বাক্যময়ী সরস্বতী দেবী ইঁহারা সকলে আমাদিগকে দান করুন।

৩। আমাদিগকে রক্ষা করিবার জন্য আমরা সোম রাজাকে, অগ্নি, সূর্য্য, আদিত্যগণ, বিষ্ণু, ব্রহ্মণস্পতি, ও বৃহস্পতিকে স্তবের দ্বারা আহ্বান করিতেছি।

৪। ইন্দ্র, বায়ু ও বৃহস্পতি, ইঁহাদিগকে ডাকিলে আনন্দ হয়, ইঁহাদিগকে ডাকিতেছি, ইঁহারা যেন সকলেই ধনলাভবিষয়ে আমাদিগের প্রতি প্রসন্ন হন।

৫। অর্য্যমা, বৃহস্পতি, ইন্দ্র, বায়ু, বিষ্ণু, সরস্বতী এবং শীঘ্রগামী সবিতাদেবকে দানের জন্য অনুরোধ কর।

৬। হে অগ্নি! তুমি অপরাপর অগ্নিদিগের সহিত এক হইয়া আমাদিগের স্তব ও যজ্ঞের শ্রীবৃদ্ধি কর। আমাদিগের যজ্ঞের জন্য তুমি দাতাদিগকে ধনদান করিতে অনুরোধ কর।

১৪২ সূক্ত।

অগ্নি দেবতা। জরিতা প্রভৃতি চারিপক্ষী, প্রত্যেকে দুই দুই ঋকের ঋষি।

১। হে অগ্নি! এই জরিতা তোমার স্তবকর্ত্তা হইয়াছেন। হে বলের পুত্র! তোমার ন্যায় আত্মীয় কেহ নাই। তোমার বাসস্থান সুন্দর, তাহার তিনটী প্রকোষ্ঠ। তোমার উত্তাপে দগ্ধ হইতেছি, তোমার উজ্জ্বলশিখা আমাদিগের নিকট হইতে দূরে লইয়া যাও।

২। হে অগ্নি! অন্ন কামনা বশত তুমি যখন উৎপন্ন হও, তখন তোমার উৎপত্তি কি সুন্দর। তুমি বন্ধুর ন্যায় সকল ভুবন বিভূষিত কর। ইতস্ততোগামী শিখাগুলি আমাদিগের স্তবের উদয় করিয়া দিয়াছে, তাহারা পশুপালকের ন্যায় আপনা হইতেই অগ্রে অগ্রে যাইতেছে।

৩। হে দীপ্তিশালী অগ্নি! তুমি যখন দাহ কর, তখন অনেক তৃণ আপন হইতে ত্যাগ করিয়া যাও। হয়ত, তুমি শস্যযুক্ত ভূমিকে শস্য শূন্য করিয়া ফেল। আমরা যেন তোমার প্রবল শিখার কোপে পতিত না হই।

৪। যখন তুমি উপরিস্থিত ও নিম্নস্থিত বস্তুদিগকে দগ্ধ করিতে যাও, তখন লুণ্ঠনকারী সৈন্যদিগের ন্যায় পৃথক্ পৃথক্‌রূপে গমন কর। যখন বায়ু তোমার পশ্চাৎ বহিতে থাকে, তখন তুমি বিস্তর প্রদেশ তেমনি মুণ্ডন করিয়া দেও, যেমন নাপিত লোকের শ্মশ্রু মুণ্ডন করিয়া দেয়(১)।

(১) এই ঋকে লুণ্ঠনকারী সেনার ও শ্মশ্রুমুণ্ডনকারী নাপিতের উল্লেখ আছে।

৫। এই অগ্নির অনেক শিখা দৃষ্ট হইতেছে। ইহার গন্তব্য স্থান এক, কিন্তু রথ অনেক। হে অগ্নি! তুমি যেন দুই বাহু মার্জ্জনা করিতে করিতে স্বয়ং নম্রমূর্ত্তি হইয়া ঊর্দ্ধ ভূমিতে আরোহণ কর।

৬। হে অগ্নি! তোমাকে স্তব করা যাইতেছে; তোমার তেজঃ, তোমার শিখা, তোমার বলবিক্রম উদয় হউক, তুমি বৃদ্ধি প্রাপ্ত হও, ঊর্দ্ধে গমন কর, নিম্নে নামিয়া এস। তোমার চতুর্দ্দিকে এক্ষণে তাবৎ বসু উপবেশন করুক।

৭। এই স্থান জলের আধার, এই স্থানে সমুদ্র অবস্থিত আছেন, হে অগ্নি! তুমি আর এক পথ ধর, সেই পথ দিয়া যথা ইচ্ছা যাও।

৮। হে অগ্নি! তুমি আগমন করিলে, অথবা প্রতিগমন করিলে বিস্তর পুষ্পবতী দূর্ব্বা এই স্থানে উৎপন্ন হউক। এই স্থানে হ্রদ আছে, শ্বেত পদ্ম আছে, সমুদ্রের অবস্থিতি আছে।

১৪৩ সূক্ত।

অশ্বিদ্বয় দেবতা। অত্রি ঋষি।

১। হে অশ্বিদ্বয়! অত্রিঋষি যজ্ঞ করিয়া বৃদ্ধ হইয়া গিয়াছিলেন। তাঁহাকে তোমরা এরূপ করিলে, যে তিনি ঘোটকের ন্যায় গন্তব্য স্থানে গেলেন। যেমন জীর্ণ রথকে নূতন করা হয়, তদ্রূপ তোমরা কক্ষীবান্ ঋষিকে নবযৌবন প্রদান করিলে।

২। প্রবল পরাক্রান্ত শত্রুরা অত্রিকে শীঘ্রগামী ঘোটকের ন্যায় বন্ধন করিয়া রাখিয়াছিল। যেরূপ দৃঢ়তর গ্রন্থি খুলিয়া দেয়, তদ্রূপ তোমরা অত্রিকে মোচন করিলে, তিনি যুবা পুরুষের ন্যায় পৃথিবী অভিমুখে চলিয়া এলেন।

৩। হে শুভ্রবর্ণ সুশ্রী নায়কদ্বয়! অত্রিকে বুদ্ধিদান করিতে ইচ্ছা কর। হে স্বর্গের নায়কদ্বয়! তাহা হইলে আবার স্তব কীর্ত্তন করিতে পারি।

৪। হে উত্তম অন্নসম্পন্ন অশ্বিদ্বয়! হে নায়কদ্বয়! মহাসমারোহে যজ্ঞ আরম্ভ হইলে তোমরা যখন আমাদিগের গৃহে আসিয়া রক্ষা করিয়াছ, তখন বুঝিতেছি যে আমাদিগের দান এবং আমাদিগের স্তব তোমরা জানিতে পারিয়াছ।

৫। ভুজ্যু নামক ব্যক্তি সমুদ্রে পতিত হইয়াছিল, তরঙ্গের উপর আন্দোলিত হইতেছিল, তোমরা পক্ষযুক্ত নৌকা লইয়া তাঁহার নিকটে উপস্থিত হইলে।

হে সত্যস্বরূপ অশ্বিদ্বয়! তোমরা তাঁহাকে পুনর্ব্বার যজ্ঞানুষ্ঠানে সমর্থ করিয়া দিলে।

৬। হে সর্ব্বজ্ঞ নায়কদ্বয়! তোমরা ভাগ্যবন্ত লোকের ন্যায় দাতা হইয়া আমাদিগের নিকটে ধনের সহিত আগমন কর। যেরূপ দুগ্ধ বৃদ্ধিপ্রাপ্ত হইয়া গাভীর আপীন পূর্ণ করে, তদ্রূপ আমাদিগকে ধনে পূর্ণ কর।

---

১৪৪ সূক্ত।

ইন্দ্র দেবতা। সুপর্ণ ঋষি।

১। হে ইন্দ্র! তুমি সৃষ্টিকর্ত্তা। তোমার জন্য এই অমৃততুল্য সোম ঘোটকের ন্যায় ধাবিত হইতেছে। ইহা বলের আধানকারী এবং সকলের জীবনস্বরূপ।

২। *দাতা ইন্দ্রের উজ্জ্বল বজ্র আমাদিগের স্তবের যোগ্য। ইন্দ্র ঊর্দ্ধকৃশন নামক স্তবকর্ত্তাকে পালন করেন। যেমন ঋভুদেব যজ্ঞকর্ত্তাকে পালন করেন, তদ্রূপ ইনি পালন করেন।*

৩। উজ্জ্বলমূর্ত্তি ইন্দ্র যজমানস্বরূপ নিজ প্রজাদিগের নিকট অতি সুচারুরূপে গতিবিধি করেন। আমি যে শ্যেন (অর্থাৎ সুপর্ণ) ঋষি, তিনি যেন আমার বংশ বৃদ্ধি করিয়াছেন।

৪। শ্যেনের পুত্র সুপর্ণ অতি দূর দেশ হইতে সোম আনিয়াছেন, তাহা অশেষ কর্ম্মের উপযোগী, তাহা বৃত্রের উৎসাহ বৃদ্ধি করে।

৫। তাহা রক্তবর্ণ, তাহা অন্যের সৃষ্টিকর্ত্তা, তাহা দেখিতে সুন্দর, তাহা কেহই নষ্ট করিতে পারে না, তাহা শ্যেন আপন চরণের দ্বারা আহরণ করিয়াছে। হে ইন্দ্র! এই সোমের অনুরোধে অন্ন, পরমায়ু ও জীবন বিতরণ কর, ইহার অনুরোধে আমাদিগের সহিত বন্ধুত্ব কর।

৬। সোম পান করিয়া ইন্দ্র দেবতাদিগকে এবং আমাদিগকে বিশিষ্ট রূপ রক্ষা করেন। হে উৎকৃষ্ট কর্ম্মকারী ইন্দ্র! যজ্ঞের অনুরোধে আমাদিগকে অন্ন ও পরমায়ু প্রদান কর, যজ্ঞের অনুরোধে এই সোম আমাদিগের কর্ত্তৃক প্রস্তুত করা হইয়াছে।

---

১৪৫ সূক্ত।

সপত্নীপীড়ন দেবতা। ইন্দ্রাণী ঋষি।

১। এই যে তীব্র শক্তিযুক্ত লতা, ইহা ওষধি, ইহা আমি খননপূর্ব্বক উদ্ধৃত করিতেছি, ইহাদ্বারা সপত্নীকে ক্লেশ দেওয়া যায়, ইহা দ্বারা স্বামীর প্রণয় লাভ করা যায়।

২। হে ওষধি! তোমার পত্র উন্নতমুখ, তুমি স্বামীর প্রিয় হইবার উপায়-স্বরূপ, দেবতারা তোমাকে সৃষ্টি করিয়াছেন, তোমার তেজঃ অতি তীব্র, তুমি আমার সপত্নীকে দূর করিয়া দাও; যাহাতে আমার স্বামী আমারই বশীভূত থাকেন, তুমি তাহা করিয়া দাও।

৩। হে ওষধি! তুমি প্রধান; আমি যেন প্রধান হই, প্রধানের উপর প্রধান হই। আমার সপত্নী যেন নীচেরও নীচ হইয়া থাকে।

৪। সেই সপত্নীর নাম পর্য্যন্ত আমি মুখে আনি না। সপত্নী সকলের অপ্রিয়, দূর অপেক্ষা আরও দূরে আমি সপত্নীকে পাঠাইয়া দিই।

৫। হে ওষধি! তোমার বিলক্ষণ ক্ষমতা, আমারও ক্ষমতা আছে; এস আমরা উভয়ে ক্ষমতাপন্ন হইয়া সপত্নীকে হীনবল করি।

৬। হে পতি! এই ক্ষমতাযুক্ত ওষধি তোমার শিরোভাগে রাখিলাম। সেই শক্তিযুক্ত উপাধান (বালিশ) তোমার মস্তকে দিতে দিলাম। যেমন গাভী বৎসের প্রতি ধাবিত হয়, যেমন জল নিম্নপথে ধাবিত হয়, তেমনি যেন তোমার মন আমার দিকে ধাবিত হয় (১)।

১৪৬ সূক্ত।

অরণ্যানী দেবতা। দেব মুনি ঋষি।

১। হে অরণ্যানি! (বৃহৎ বন)। তুমি যেন দেখিতে দেখিতে অন্তর্হিত হইয়া যাও, (অর্থাৎ কতদূর চলিয়াছ, স্থির করা যায় না)। তুমি কেন গ্রামে যাইবার পথ জিজ্ঞাসা কর না? তোমার কি একাকী থাকিতে ভয় হয় না?

---

(১) এই সূক্তটী সপত্নীদিগের উপর প্রভুত্ব লাভের মন্ত্র। এটী অপেক্ষাকৃত আধুনিক তাহা বলা বাহুল্য। এসূক্ত রচনার সময় বহুবিবাহ প্রচলিত ছিল এবং সপত্নীদিগের মধ্যে বিশেষ বিদ্বেষ ভাব ছিল, তাহা স্পষ্টই দৃষ্ট হইতেছে।

২। এক জন্তু বৃষের ন্যায় শব্দ করিতেছে, আর এক জন্তু চীচী, ইত্যাকার শব্দ করিয়া যেন তাহার উত্তর দিতেছে, যেন ইহারা বীণার ঘটায় ঘটায় (পর্দ্দায় পর্দ্দায়) শব্দ নির্গত করিয়া অরণ্যানীকে বর্ণনা করিতেছে।

৩। অরণ্যানীর মধ্যে কোথাও যেন গাভী চরিতেছে, এইরূপ ভ্রম হয়, কোথাও যেন একটী অট্টালিকার মত দৃষ্ট হয়, সন্ধ্যাবেলা যেন উহার মধ্য হইতে কত শত শকট নির্গত হইয়া আসিতেছে (১)।

৪। তবে কি এই ব্যক্তি গাভীকে আহ্বান করিতেছে? তবে কি এই আর এক ব্যক্তি কাষ্ঠ ছেদন করিতেছে? অরণ্যানীর মধ্যে যে ব্যক্তি থাকে, সে জ্ঞান করে যেন সন্ধ্যাবেলা কেহ চীৎকার করিয়া উঠিল।

৫। বাস্তবিক অরণ্যানী কাহারও প্রাণ বধ করেন না। অন্য অন্য পশু না আসিলে তথায় কোন আশঙ্কা নাই, তথায় সুস্বাদু ফল আহার করিয়া অতি সুখে কাল ক্ষেপ হয়।

৬। মৃগনাভির ন্যায় অরণ্যানীর সৌরভ কত, আহার তথায় বিদ্যমান আছে, তথায় কৃষক লোক আদৌ নাই। অরণ্যানী হরিণদিগের জননী-স্বরূপা। এইরূপে আমি অরণ্যানীর বর্ণনা করিলাম।

১৪৭ সূক্ত।

ইন্দ্র দেবতা। সুবেদা ঋষি।

১। হে ইন্দ্র! তোমার ক্রোধকে আমি প্রধান বলিয়া মান্য করি। কারণ, তুমি বৃত্রকে বধ করিয়াছ এবং লোকহিতার্থে বৃষ্টি সৃষ্টি করিয়াছ। দ্যুলোক ও ভূলোক তোমারই অধীন হইয়া থাকে। হে বজ্রধারী! এই পৃথিবী তোমার প্রভাবে কাঁপিতে থাকে।

২। হে ইন্দ্র! তোমার কিছুমাত্র নিন্দা নাই। তুমি অন্ন সৃষ্টি করিবার সংকল্প করিয়া আপনার ক্ষমতা দ্বারা মায়াবী বৃত্রকে পীড়া দিলে। মনুষ্যগণ গোকামনা করিয়া তোমার নিকট যাচক হয়। সকল যজ্ঞ ও হোমের সময় তোমাকেই প্রার্থনা করে।

(১) আলোক ও অন্ধকারের ক্রীড়া বশতঃ এই সকল অলীক দৃষ্টি। এই সূক্তটী অরণ্য সম্বন্ধে একটি কবিতা মাত্র।

৩। হে ধনশালী! হে পুরুহূত! এই সকল বিদ্বান্ ব্যক্তির নিকট প্রাদুর্ভূত হও, ইহারা তোমার প্রসাদে শ্রীবৃদ্ধিশালী ও ধনবান্ হইয়াছেন। পুত্রপৌত্র ও অন্যান্য অভিলষিত বস্তুলাভের জন্য এবং বিশিষ্ট ধন পাইবার নিমিত্ত ইঁহারা যজ্ঞানুষ্ঠানপূর্ব্বক বলবান্ ইন্দ্রেরই পূজা করেন।

৪। যে ব্যক্তি ইন্দ্রকে সোমপানজনিত আনন্দ প্রদান করিতে জানে, সেই প্রচুর পরিমাণ ধন প্রার্থনা করে। হে ধনশালী ইন্দ্র! তুমি যে যজ্ঞদাতা ব্যক্তির শ্রীবৃদ্ধি সম্পাদন কর, সে শীঘ্রই নিজ কিঙ্করদিগের দ্বারা ধনে অন্নে পরিপূর্ণ হয়।

৫। বল পাইবার জন্য তোমাকে বিশিষ্টরূপ স্তব করা হয়, তুমি বিপুল বল প্রদান কর, ধনও দাও। হে প্রিয়দর্শন! তুমি মিত্র ও বরুণের ন্যায় অলৌকিক জ্ঞানের অধিকারী, তুমি আমাদিগকে অন্ন সমস্ত ভাগ করিয়া দিয়া থাক।

১৪৮ সূক্ত।

ইন্দ্র দেবতা। পৃথু ঋষি।

১। হে প্রচুর ধনশালী ইন্দ্র! আমরা সোম প্রস্তুত করিয়া এবং অন্নের আয়োজন করিয়া তোমাকে স্তব করিতেছি। যে সম্পত্তি তোমার মনের অনুরূপ, তাহা আমাদিগকে প্রচুর পরিমাণে দান কর। তোমার আশ্রয়ে আমরা নিজ উদ্যোগেই যেন ধন লাভ করি।

২। হে বীর প্রিয়দর্শন ইন্দ্র! তুমি জন্ম গ্রহণ করিবার পরই সূর্য্যমূর্ত্তিতে দাসজাতীয় প্রজাদিগকে পরাভব কর। যে গুহার মধ্যে লুক্কাইত, বা জলের মধ্যে নিগূঢ় আছে, তাহাকেও পরাভব কর। বৃষ্টিপতন হইলেই আমরা সোম প্রস্তুত করিব।

৩। হে ইন্দ্র! তুমি প্রভু, বিদ্বান্ ও মেধাবী, তুমি ঋষিদিগের স্তবকামনা কর এবং সেই স্তুতিবাক্যগুলি অনুমোদন কর। আমরা সোমের দ্বারা তোমার প্রীতি উৎপাদন করিয়াছি, অতএব আমরা যেন তোমার অন্তরঙ্গ হই। হে রথারূঢ়! এই সকল আহারের দ্রব্য তোমাকে নিবেদন করি।

৪। হে ইন্দ্র! এই সকল প্রধান প্রধান স্তব তোমার উদ্দেশে পাঠ করা হইয়াছে। হে বীর! যাঁহারা প্রধানের প্রধান, তাঁহাদিগকে অন্ন দান কর।

যাহাদিগকে স্নেহ কর, তাহারা যেন তোমার উদ্দেশে যজ্ঞ করে। যাঁহারা স্তব করিবার জন্য একত্রে দাঁড়াইয়াছেন, তাঁহাদিগকে রক্ষা কর।

৫। হে বীর ইন্দ্র! আমি পৃথু তোমাকে ডাকিতেছি, আমার আহ্বান শ্রবণ কর, বেনের পুত্র পৃথুর স্তবের দ্বারা তোমাকে স্তব করা হইতেছে। এই বেনপুত্র ঘৃতযুক্ত যজ্ঞগৃহে আসিয়া তোমাকে স্তব করিয়াছে। আর আর স্তবোচ্চারণকারিগণও ধাবিত হইতেছে, যেরূপ তরঙ্গগণ নিম্নপথে ধাবিত হয়, তদ্রূপ ধাবিত হইতেছে।

---

১৪৯ সূক্ত।

সবিতা দেবতা। অর্চৎ ঋষি।

১। সবিতা নানা যন্ত্রের দ্বারা পৃথিবীকে সুস্থির রাখিয়াছেন, তিনি বিনা অবলম্বনে দ্যুলোককে দৃঢ়রূপে বাঁধিয়া রাখিয়াছেন। এই দেখ, আকাশে সমুদ্রের ন্যায় মেঘরাশি অবস্থিত আছে, ইহারা ঘোটকের ন্যায় গাত্র কম্পিত করে, ইহারা নিরুপদ্রব স্থানে বদ্ধ আছে, ইহা হইতে সবিতাই জল নির্গত করেন।

২। সমুদ্রতুল্য মেঘরাশি যে স্থানে বদ্ধ থাকিয়া পৃথিবীকে আর্দ্র করে, জলের পুত্র সবিতা ঐ স্থান জানেন। তাঁহাহইতেই পৃথিবী, তাঁহা হইতেই আকাশ উদয় হইয়াছে, তাঁহা হইতেই দ্যুলোক ও ভূলোক বিস্তীর্ণ হইয়াছে।

৩। যে সকল দেবতার উদ্দেশে যজ্ঞ হইয়া থাকে, যাঁহারা অমর, ভুবনের উৎপন্ন জীবস্বরূপ, তাঁহারা শেষে জন্মিয়াছেন। সুপর্ণ গরুত্মান্ সবিতা হইতে অগ্রে জন্মিয়াছেন। তিনি ইঁহার ধারণক্রিয়ার পশ্চাৎবর্ত্তী।

৪। সেই সবিতা যাঁহাকে সংসারশুদ্ধ সকলে প্রার্থনা করে, তিনি স্বর্গের ধারণকর্ত্তা, তিনি আমাদিগের নিকট সেইরূপ ঔৎসুক্যের সহিত আগমন করুন, যেমন গাভীগণ গ্রামের দিকে যায়, যেমন যোদ্ধা ব্যক্তি অশ্বের দিকে যায়, যেমন নবপ্রসূতা ধেনু প্রসন্নমনে দুগ্ধ বর্ষণ করিতে করিতে বৎসের দিকে যায়, যেমন স্বামী স্ত্রীর নিকটে যায়।

৫। হে সবিতা! যেমন অঙ্গিরার বংশসম্ভূত আমার পিতা হিরণ্যস্তূপ এই যজ্ঞে তোমাকে আহ্বান করিতেছেন, তদ্রূপ আমি তাঁহার পুত্র অর্চৎ

তোমার নিকট আশ্রয় লাভের জন্য বন্দনা করিতে করিতে তোমার সেবার জন্য তেমনি সতর্ক রহিয়াছি, যেমন যজমানেরা সোমলতা রক্ষার জন্য সতর্ক থাকে।

---

১৫০ সূক্ত।

অগ্নি দেবতা। মৃড়ীক ঋষি।

১। হে অগ্নি! তুমি দেবতাদিগের নিকটে হব্য বহন করিয়া থাক, তোমাকে প্রজ্বলিত করা হইয়াছে, তুমি প্রদীপ্ত হইয়াছ। আদিত্যগণ, বসুগণ ও রুদ্রগণের সহিত আমাদিগের যজ্ঞে এস, সুখ দিবার জন্য এস।

২। এই যজ্ঞ, এই স্তব, ইহা গ্রহণ কর, নিকটে এস। হে প্রদীপ্ত অগ্নি! আমরা মনুষ্য, তোমাকে ডাকিতেছি, সুখের জন্য ডাকিতেছি।

৩। তুমি জাতবেদা, সকলের প্রার্থিত, তোমাকে স্তুতিবাক্যদ্বারা স্তব করি। হে অগ্নি! যাঁহাদিগের কার্য্য সুখকর, সেই সকল দেবতাদিগকে সঙ্গে লইয়া এস, সুখের জন্য এস।

৪। দেব অগ্নি দেবতাদিগের পুরোহিত হইয়াছেন। মনুষ্যেরা, ঋষিরা, অগ্নিকে প্রজ্বলিত করিয়াছে। প্রচুর অর্থলাভ উদ্দেশে অগ্নিকে ডাকিতেছি। তিনি আমাকে সুখী করুন।

৫। অগ্নি যুদ্ধের সময় অত্রি, ভরদ্বাজ, গবিষ্ঠির, কণ্ব ও ত্রসদস্যুকে রক্ষা করিয়াছিলেন। বসিষ্ঠ পুরোহিত অগ্নিকে আহ্বান করেন, সুখের জন্য আহ্বান করেন।

---

১৫১ সূক্ত।

শ্রদ্ধা দেবতা। শ্রদ্ধা ঋষি।

১। শ্রদ্ধার গুণে অগ্নি প্রজ্বলিত হয়েন (১)। শ্রদ্ধাপ্রযুক্তই যজ্ঞসামগ্রী আহুতি দেওয়া হয়। শ্রদ্ধা সম্পত্তির মস্তকের উপরে থাকেন, ইহা আমি স্পষ্ট বাক্যে জানাইতেছি।

২। হে শ্রদ্ধা! যে দান করে, তুমি তাহার প্রিয়কার্য্যের অনুষ্ঠান কর;

---

(১) শ্রদ্ধা অর্থে ধর্ম্মে বা সত্যে বিশ্বাস, তাহা হইতে একটী দেবীরূপে উপাসিত হইলেন। এ সূক্তটী আধুনিক; ৩ ঋকে অসুর শব্দ পৌরাণিক অর্থে ব্যবহৃত হইয়াছে।

যে দান করিতে ইচ্ছা করিয়াছে, তাহাকেও সন্তুষ্ট কর। যাহারা ভোজন করায়, যজ্ঞ করে, তাহারা প্রীতি লাভ করুক। হে শ্রদ্ধা! আমার এই কথাটী রক্ষা কর।

৩। যখন অসুরেরা প্রবল হইল, তখন দেবতারা এই শ্রদ্ধা, অর্থাৎ বিশ্বাস করিলেন, যে, ইহাদিগকে বধ করিতেই হইবে। হে শ্রদ্ধা! যাহারা ভোজন করায় ও যজ্ঞ করে, তাহাদিগের বিষয়ে আমি যাহা বলিলাম, সেই কথাটী সফল কর।

৪। দেবতারা এবং যজমান ব্যক্তিরা বায়ুকে রক্ষকস্বরূপ পাইয়া শ্রদ্ধারই উপাসনা করেন। মনে কোন সংকল্প উদয় হইলে লোকে শ্রদ্ধারই শরণাগত হয়। শ্রদ্ধার প্রসাদে ধন লাভ করা যায়।

৫। শ্রদ্ধাকে আমরা প্রাতঃকালে আহ্বান করি, শ্রদ্ধাকেই মধ্যাহ্নকালে ডাকি; যখন সূর্য্য অস্ত যান, তখনও শ্রদ্ধারই নাম করি। হে শ্রদ্ধা! এই স্থানে আমাদিগকে শ্রদ্ধাযুক্ত করিয়া দাও।

১৫২ সূক্ত।

ইন্দ্র দেবতা। শাস ঋষি।

১। আমি শাস এইরূপে ইন্দ্রকে স্তব করিতেছি। হে ইন্দ্র! তুমি মহৎ, শত্রুভক্ষণকারী ও আশ্চর্য্য, তোমার সখার মৃত্যু নাই, তাহার কখনও পরাজয় হয় না।

২। যিনি কল্যাণ দান করেন, যিনি প্রজাবর্গের অধিপতি, বৃত্রের বিনাশ-কর্ত্তা, যুদ্ধে রত, শত্রুকে বশ করেন, বৃষ্টি বর্ষণ করেন, সোম পান করেন, অভয় দান করেন, সেই ইন্দ্র আমাদিগের সমক্ষে আগমন করুন।

৩। হে বৃত্র-সংহারী ইন্দ্র! রাক্ষসকে ও শত্রুদিগকে বধ কর; বৃত্রের দুই হনু ভঙ্গ করিয়া দাও। অনিষ্টকারী বিপক্ষের ক্রোধকে নিষ্ফল কর।

৪। হে ইন্দ্র! আমাদিগের শত্রুদিগকে বধ কর; যুদ্ধাভিলাষী বিপক্ষদিগকে হীনবল কর। যে আমাদিগের মন্দ করে, তাহাকে অধস্ত অন্ধকারে নিমগ্ন কর।

৫। হে ইন্দ্র! শত্রুর মন নষ্ট করিয়া দাও; যে আমাদিগকে জরাজীর্ণ করিতে চাহে, তাহার প্রতি সাংঘাতিক অস্ত্র প্রয়োগ কর। শত্রুর আক্রোশ

হইতে রক্ষা কর, উৎকৃষ্ট সুখ প্রদান কর, শত্রুর সাংঘাতিক অস্ত্র খণ্ডন করিয়া দাও।

১৫৩ সূক্ত।

ইন্দ্র দেবতা। ইন্দ্র মাতা নামে ঋষিগণ।

১। ক্রিয়ানিপুণ ইন্দ্রমাতাগণ সদ্যঃপ্রসূত ইন্দ্রের নিকটে যাইয়া তাঁহার সেবা করিতেছেন এবং তাঁহার প্রসাদে উৎকৃষ্ট ধন প্রাপ্ত হইয়াছেন।

২। হে ইন্দ্র! তুমি বলবীর্য্য ও তেজঃ হইতে জন্মগ্রহণ করিয়াছ, অর্থাৎ ঐ গুলিই তোমার উপাদান। হে বর্দ্ধনকারী! তুমিই অভিলাষ পূরণকর্ত্তা।

৩। হে ইন্দ্র! তুমি বৃত্রের নিধনকর্ত্তা, তুমি আকাশকে বিস্তারিত করিয়াছ। তুমি আপন ক্ষমতাদ্বারা স্বর্গকে উন্নত করিয়া রাখিয়াছ।

৪। হে ইন্দ্র! সূর্য্য তোমার সহচর, তুমি তাহাকে দুই হস্তে ধারণ করিয়া আছ। তুমি বলপূর্ব্বক বজ্রকে শাণিত করিয়া থাক।

৫। হে ইন্দ্র! তুমি তাবৎ জন্তুকে নিজ তেজে অভিভব কর; এতাদৃশ তুমি সমস্ত স্থানই আক্রমণ করিয়া রহিয়াছ।

১৫৪ সূক্ত।

মৃতব্যক্তির অবস্থা দেবতা। যমী ঋষি।

১। কোন কোন প্রেতের জন্য সোমরস ক্ষরিত হয়; কেহ কেহ ঘৃত সেবন করে; যে সকল প্রেতের জন্য মধুর স্রোত বহিয়া থাকে, হে প্রেত! তুমি তাহাদিগের নিকটে গমন কর।

২। যাঁহারা তপস্যাবলে দুর্দ্ধর্ষ হইয়াছেন; যাঁহারা তপস্যাবলে স্বর্গে গিয়াছেন; যাঁহারা অতি কঠোর তপস্যা করিয়াছেন, হে প্রেত! তুমি তাঁহাদিগের নিকটে গমন কর।

৩। যাঁহারা যুদ্ধস্থলে যুদ্ধ করেন; যে সকল বীর শরীরের মায়া ত্যাগ করিয়াছেন; কিংবা যাঁহারা সহস্রদক্ষিণা দান করেন; হে প্রেত! তুমি তাঁহাদিগের নিকটে গমন কর।

৪। যে সকল পূর্ব্বতন ব্যক্তি পুণ্যকর্ম্মের অনুষ্ঠানপূর্ব্বক পুণ্যবান্ হইয়াছেন, পুণ্যের স্রোত বৃদ্ধি করিয়াছেন, যাঁহারা তপস্যা করিয়াছেন; হে যম! এই প্রেত তাঁহাদিগের নিকটেই গমন করুক।

৫। যে সকল বুদ্ধিমান্ ব্যক্তি সহস্র প্রকার সৎকর্ম্মের পদ্ধতি প্রদর্শন করিয়াছেন, যাঁহারা সূর্য্যকে রক্ষা করেন, যাঁহারা তপস্যা হইতে উৎপন্ন হইয়া তপস্যাই করিয়াছেন; হে যম! এই প্রেত সেই সকল ঋষিদিগের নিকট গমন করুক (১)।

---

১৫৫ সূক্ত।

অলক্ষ্মী নাশ ও ব্রহ্মণস্পতি ও বিশ্বদেব দেবতা। শিরিম্বিঠ ঋষি।

১। হে অলক্ষ্মি! তুমি বদান্যতার বিপক্ষ, সর্ব্বদা কুৎসিত শব্দ কর, তোমার আকৃতি বিকট, আক্রোশ করাই তোমার একমাত্র কার্য্য; তুমি পর্ব্বতে গমন কর। আমি শিরিম্বিঠ, আমি এরূপ উপায় করিতেছি, যাহাতে তোমাকে অবশ্যই দূর করিব।

২। সেই অলক্ষ্মী সর্ব্বজাতীয় ভ্রূণকে নষ্ট করে, (অর্থাৎ বৃক্ষলতা শস্যাদির অঙ্কুর নষ্ট করিয়া দুর্ভিক্ষ আনয়ন করে); তাহাকে আমি এই স্থান হইতে এবং ঐ স্থান হইতে দূর করিলাম। হে তীক্ষ্ণতেজা ব্রহ্মণস্পতি! বদান্যতার বিপক্ষস্বরূপা সেই অলক্ষ্মীকে এই স্থান হইতে দূরীকৃত করতঃ আগমন কর।

৩। ঐ একখানি কাষ্ঠ সমুদ্র তীরের নিকটে ভাসিতেছে, উহার পুরুষ অর্থাৎ স্বত্বাধিকারী কেহ নাই; হে বিরূপাকৃতি অলক্ষ্মি! উহার উপর আরোহণপূর্ব্বক সমুদ্রের অপর পারে গমন কর।

৪। হে হিংসাময়ী কুৎসিতশব্দকারিণী অলক্ষ্মীগণ! যখন তোমরা তৎপর হইয়া প্রকৃষ্টগমনে চলিয়া গেলে, তখন ইন্দ্রের সকল শত্রু নষ্ট হইল, জলবুদ্‌বুদের ন্যায় তাহারা মিলাইয়া গেল।

৫। এই সকল ব্যক্তি গাভীদিগকে প্রত্যুদ্ধার করিয়াছে, ইহারা অগ্নিকে ভিন্ন ভিন্ন স্থানে স্থাপন করিয়াছে, দেবতাদিগের উদ্দেশে অন্ন উৎসর্গ করিয়াছে; কাহার সাধ্য যে ইহাদিগকে আক্রমণ করে (১)?

(১) পুণ্যকর্ম্মে স্বর্গলাভ হয়, তাহা এই সূক্তে প্রকাশিত হইতেছে। বেদের যম স্বর্গসুখদাতা, দণ্ডের নিয়ন্তা নহেন, তাহাও ইহা হইতে প্রকাশ পাইতেছে।

(১) এ সূক্তটী অমঙ্গলনাশের মন্ত্র। এটী আধুনিক, বলা বাহুল্য।

১৫৬ সূক্ত।

অগ্নি দেবতা। কেতু ঋষি।

১। যেরূপ আজিতে, অর্থাৎ ঘোটক ধাবন স্থানে শীঘ্রগামী ঘোটককে ধাবিত করা হয়, তদ্রূপ আমাদিগের স্তবগুলি অগ্নিকে ধাবিত করিতেছে, তাঁহার প্রসাদে আমরা যেন যাবতীয় ধন জয় করি।

২। হে অগ্নি! তোমার নিকট যেরূপ আশ্রয় পাইয়া আমরা গাভীদিগকে উপার্জ্জন করি, তোমার যে রক্ষা আমাদিগের সাহায্যকারিণী সেনাস্বরূপা, সেই রক্ষা আমাদিগকে পাঠাইয়া দাও, তাহা হইলে আমরা ধন লাভ করিব।

৩। হে অগ্নি! প্রচুর ধন দাও, তাহার সঙ্গে যেন বহুসংখ্যক গাভী ও অশ্ব থাকে। আকাশকে বৃষ্টিজলে অভিষিক্ত কর; বাণিজ্যকারীর বাণিজ্য-কার্য্য প্রবর্ত্তিত কর।

৩। হে অগ্নি! যে সূর্য্য সর্ব্বদাই যাইতেছেন, যিনি লোকদিগকে আলোক দিতেছেন, তাঁহাকে আকাশে বসাইয়া দাও।

৫। হে অগ্নি! তুমি প্রজাদিগের অস্তিত্ব জানাইয়া দাও, অর্থাৎ তোমাকে দেখিলেই তথায় লোকালয় আছে এরূপ অনুমান হয়। তুমি প্রিয়তম; তুমি শ্রেষ্ঠ। তুমি যজ্ঞধামে উপবেশন কর, স্তবের প্রতি কর্ণপাত কর; অন্ন আনিয়া দাও।

১৫৭ সূক্ত।

বিশ্বেদেবা দেবতা। ভুবন ঋষি।

১। এই সমস্ত ভুবন হইতে আমরা যেন সুখের উপায় করিতে পারি; ইন্দ্র ও তাবৎ দেবতা সেই উপায় করিয়া দিন।

২। ইন্দ্র ও আদিত্যগণ মিলিত হইয়া আমাদিগের যজ্ঞ, দেহ ও সন্তান-সন্ততিকে নিরুপদ্রব করিয়া দিন।

৩। ইন্দ্র আদিত্যদিগকে ও মরুদ্‌গণকে সহকারীস্বরূপ লইয়া আমাদিগের দেহের রক্ষাকর্ত্তা হউন।

৪। দেবতারা যখন অসুরদিগকে বধ করিয়া প্রত্যাগমন করিলেন, তখন তাঁহাদিগের অমরত্ব পদ রক্ষা হইল(১)।

৫। নানা কার্য্যদ্বারা স্তবকে দেবতাদিগের নিকট প্রেরণ করা হইল। তদনন্তর আকাশ হইতে বৃষ্টি পতন হইতে দেখা গেল।

---

১৫৮ সূক্ত।

সূর্য্য দেবতা। চক্ষু ঋষি।

১। সূর্য্য আমাদিগকে স্বর্গের উপদ্রব হইতে, বায়ু আকাশের উপদ্রব হইতে এবং অগ্নি পৃথিবীর উপদ্রব হইতে রক্ষা করুন।

২। হে সবিতা! আমাদিগের পূজা গ্রহণ কর। তোমার যে তেজঃ, তাহার উদ্দেশে একশত যজ্ঞ অনুষ্ঠান করা উচিত, শত্রুদিগের যে সকল উজ্জ্বল অস্ত্র আসিয়া পড়িতেছে, তাহা হইতে আমাদিগকে রক্ষা কর।

৩। সবিতাদেব আমাদিগকে চক্ষু দান করুন, পর্ব্বতদেব চক্ষু দান করুন; বিধাতা আমাদিগকে চক্ষু দান করুন।

৪। আমাদিগের চক্ষুকে চক্ষু, অর্থাৎ দর্শনশক্তি দান কর, যাহাতে সকল বস্তু উত্তমরূপ প্রকাশ পায়, সেই জন্য আমাদিগের শরীরকে চক্ষু দান কর। আমরা যেন সকল বস্তু একত্রে সংগৃহীতরূপে দর্শন করিতে পারি, এবং যেন বিশেষ বিশেষ করিয়াও দর্শন করিতে পারি।

৫। হে সূর্য্য! তোমাকে যেন আমরা অতি উৎকৃষ্টরূপে দর্শন করিতে পারি, আর মনুষ্যগণ যাহা দেখিতে পায়, তাহা যেন আমরা বিশেষ বিশেষ করিয়া দর্শন করিতে পারি।

---

(১) অসুর শব্দের পৌরাণিক অর্থে প্রয়োগ এই সূক্তের অপেক্ষাকৃত আধুনিক রচনা প্রকাশ করিতেছে।

১৫৯ সূক্ত।

শচী দেবতা। শচীই ঋষি(১)।

১। এই যে সূর্য্য উদয় হইয়াছেন, ইহা আমার সৌভাগ্যই উদয় হইয়াছে। আমি ইহা বুঝিয়াছি, সকল সপত্নী আমার নিকট পরাস্ত, আমি স্বামীকেও বশ করিয়াছি।

২। আমিই কেতু, আমিই মস্তক; আমি প্রবল হইয়া স্বামীর নিকট মিষ্ট বাক্য লাভ করি। আমাকে সর্ব্বোপরিবর্ত্তিনী জানিয়া আমার স্বামী আমার কার্য্যেই অনুমোদন করেন, আমার মতেই চলেন।

৩। আমার পুত্রগণ শত্রুনিধনকারী, অর্থাৎ বলবান্; আমার কন্যাই সর্ব্বশ্রেষ্ঠ শোভায় শোভিত। আমি সকলকে জয় করি। আমারই নাম স্বামীর নিকট আদরণীয় হয়।

৪। যে যজ্ঞ করিয়া ইন্দ্র বলবান্ ও শ্রেষ্ঠ হইয়াছেন, হে দেবগণ! আমি তাহাই করিয়াছি; তাহাতে আমার সকল শত্রু নষ্ট হইয়াছে।

৫। আমার শত্রু জীবিত থাকে না, শত্রুদিগকে আমি বধ করি, জয় করি, পরাস্ত করি। যেমন অস্থিরবুদ্ধি লোকের সম্পত্তি অন্যে হরণ করে, তদ্রূপ আমি অপর নারীগণের তেজঃ খণ্ডন করিয়া দিয়াছি।

৬। আমি এই সকল সপত্নীদিগকে জয় করিয়াছি, পরাস্ত করিয়াছি। সে কারণে আমি এই বীরের উপর প্রভুত্ব করি, পরিবারবর্গের উপরও প্রভুত্ব করি।

---

১৬০ সূক্ত।

ইন্দ্র দেবতা। পূরণ ঋষি।

১। এই সোমরস তীব্র করিয়া প্রস্তুত করা হইয়াছে, ইহার সঙ্গে আহারের সামগ্রী আছে, ইহা পান কর। তোমার রথবহনকারী দুই ঘোটককে এই

---

(১) এটীও সপত্নীর উপর প্রভুত্ব লাভ করিবার মন্ত্র মাত্র। শচীকে এই সূক্তের দেবতা ও ঋষি বলিয়া উল্লেখ করা হইয়াছে, কিন্তু সূক্তটী যে ইন্দ্রাণীর উক্তি, সূক্তের মধ্যে তাহার কোনও নিদর্শন নাই। ফলতঃ দশম মণ্ডলের অনেকগুলি সূক্ত অপেক্ষাকৃত আধুনিক, এবং পাছে লোকে সেগুলিকে অশ্রদ্ধা করে, সেইজন্য ঋষির স্থলে দেবতাদিগের নাম বসাইয়া দেওয়া হইয়াছে।

দিকে আনিবার জন্ত ছাড়িয়া দাও। হে ইন্দ্র! যেন আর আর যজমান তোমাকে সন্তুষ্ট করিতে না পারে। তোমারই নিমিত্ত এই সকল সোমরস প্রস্তুত হইয়াছে।

২। যে সোমরস প্রস্তুত হইয়াছে, তাহা তোমারই জন্য, যাহা প্রস্তুত হইবে তাহাও তোমারই জন্য। এই সকল স্তব উচ্চারিত হইয়া তোমাকে আহ্বান করিতেছে। হে ইন্দ্র! আমাদিগের এই যজ্ঞ গ্রহণ কর। সকলি তুমি জান, এই স্থানেই সোম পান কর।

৩। যে ব্যক্তি একান্তমনে, অমায়িকভাবে, প্রীতিযুক্ত অন্তঃকরণে, ও দেবভক্তিসহকারে এই ইন্দ্রের জন্ত সোম প্রস্তুত করে, ইন্দ্র তাহার গাভীদিগকে নষ্ট করেন না, অতি সুন্দর সুচারু মঙ্গল তাহার জন্ত বিধান করেন।

৪। যে ধনবান্ ব্যক্তি ইঁহার জন্ত সোম প্রস্তুত করে, ইন্দ্র তাহাকে প্রত্যক্ষরূপে নিজ মূর্ত্তিতে দর্শন দেন। তিনি আসিয়া তাহার হস্ত ধারণ করেন। আর যাহারা পুণ্যকর্ম্মের দ্বেষী, তিনি কাহারও প্রবর্ত্তনা ব্যতিরেকে উহাদিগকে বিনাশ করেন।

৫। হে ইন্দ্র! গাভী, ঘোটক ও অন্নের কামনাতে আমরা তোমার আগমন প্রার্থনা করিতেছি। তোমার জন্ত এই নূতন ও উৎকৃষ্ট স্তব রচনা করিতে করিতে তোমাকে সুখকর জানিয়া ডাকিতেছি।

১৬১ সূক্ত।

ইন্দ্র দেবতা। যক্ষ্ম নাশন ঋষি

১। হে রোগী! এই যজ্ঞসামগ্রী দ্বারা তোমাকে অপরিজ্ঞাত যক্ষ্মারোগ হইতে, রাজযক্ষ্মারোগ হইতে মোচন করিয়া দিতেছি, তাহা হইলে তোমার জীবন রক্ষা হইবে। যদি কোন পাপগ্রহ এই রোগীকে ধরিয়া থাকে, তাহা হইলে, হে ইন্দ্র ও অগ্নি! ইহাকে তাহার হস্ত হইতে মোচন করিয়া দাও।

২। যদিচ এই রোগীর পরমায়ু ক্ষয় হইয়া থাকে, অথবা, যদি এ মরিয়াও গিয়া থাকে, যদি একেবারে মৃত্যুর নিকটেই গিয়া থাকে; তথাপি আমি মৃত্যুদেবতা নির্ঋতির নিকট হইতে তাহাকে ফিরাইয়া আনিতেছি। আমি ইহাকে এরূপ স্পর্শ করিয়াছি যে এ ব্যক্তি একশত বৎসর জীবিত থাকিবে।

৩। আমি এই যে আহুতি দিলাম, ইহার একশত চক্ষু, একশত বৎসর পরমায়ু দেয়, একশত আয়ু দেয়, এতাদৃশ আহুতিদ্বারা আমি রোগীকে ফিরাইয়া আনিয়াছি। ইন্দ্র যেন সমস্ত পাপ হইতে ইহাকে পরিত্রাণ করিয়া একশত বৎসর জীবিত রাখেন।

৪। হে রোগী! একশত শরৎকাল জীবিত থাক, সুখে সচ্ছন্দে একশত হেমন্ত, একশত বসন্ত জীবিত থাক। ইন্দ্র, অগ্নি, সবিতা ও বৃহস্পতি হব্যদ্বারা তৃপ্ত হইয়া ইহাকে একশত বৎসর পরমায়ু প্রদান করুন।

৫। হে রোগী! তোমাকে আমি পাইয়াছি, তোমাকে ফিরাইয়া আনিয়াছি। তুমি পুনর্ব্বার নবীন হইয়া আসিয়াছ। তোমার সমস্ত অঙ্গ, সমস্ত চক্ষু, সমস্ত পরমায়ু, আমি পুনঃ প্রাপ্ত হইয়াছি(১)।

---

১৬২ সূক্ত।

গর্ভরক্ষণ দেবতা। রক্ষোহা ঋষি।

১। রাক্ষস নিধনকারী অগ্নি স্তোত্রের সহিত একমত হইয়া এস্থান হইতে গর্ভের সেই সমস্ত বাধা, উপদ্রব ও রোগ দূর করিয়া দিন; হে নারি! যাহার দ্বারা, তোমার যোনি আক্রান্ত হইয়াছে।

২। হে নারি! যে মাংসভোজী রাক্ষস, অথবা যে রোগ, বা উপদ্রব তোমার যোনি আক্রমণ করে, রাক্ষসনিধনকারী অগ্নি স্তোত্রের সহিত মিলিত হইয়া সেই সমস্ত বিনাশ করুন।

৩। পুরুষের শুক্রসঞ্চারকালেই হউক, অথবা গর্ভ উৎপন্ন হইবার কালেই হউক, অথবা গর্ভ মধ্যেই আন্দোলিত হইবার কালে হউক, অথবা ভূমিষ্ঠ হইবার সময়ে হউক, তোমার গর্ভকে যে নষ্ট করে, বা নষ্ট করিতে ইচ্ছা করে, তাহাকে আমরা এই স্থান হইতে দূরীভূত করিলাম।

৪। গর্ভ নষ্ট করিবার জন্য যে তোমার দুই উরু বিশ্লেষিত করিয়া দেয়, অথবা যে ঐ উদ্দেশে স্ত্রী পুরুষের মধ্যস্থলে শয়ন করে, অথবা যে যোনির মধ্যে নিপতিত পুরুষ শুক্রকে লেহন করিয়া লয়, তাহাকে এই স্থান হইতে দূরীভূত করিলাম।

(১) এটী যক্ষ্মারোগ আরাম করিবার মন্ত্র। এটী আধুনিক, তাহা বলা বাহুল্য। ৪ঋকে প্রকাশ যে মনুষ্যের পরমায়ু একশত বৎসর।

৫। হে নারি! যে রাক্ষস তোমার ভ্রাতা, পতি, বা উপপতির মূর্ত্তিধারণ-পূর্ব্বক তোমার নিকটে গমন করে, তোমার সন্তানকে যে নষ্ট করিতে ইচ্ছা করে, তাহাকে এই স্থান হইতে দূরীভূত করি।

৬। যে রাক্ষস স্বপ্নাবস্থায় বা নিদ্রাবস্থায় তোমাকে মুগ্ধ করিয়া নিকটে যায়, যে তোমার সন্তানকে নষ্ট করিতে ইচ্ছা করে, তাহাকে এই স্থান হইতে দূরীভূত করি(১)।

১৬৩ সূক্ত।

যক্ষ্মারোগের নাশ দেবতা। বিবৃহা ঋষি।

১। তোমার দুই চক্ষু, দুই নাসারন্ধ্র, দুই কর্ণ, চিবুক, মস্তক, মস্তিষ্ক, বা জিহ্বা এই সকল অবয়ব হইতে যক্ষ্মা, অর্থাৎ রোগকে আমি তাড়াইয়া দিতেছি।

২। তোমার গ্রীবাস্থিত শিরাসমূহ হইতে, স্নায়ু হইতে, অস্থিসন্ধি, দুই বাহু, দুই হস্ত, দুই স্কন্ধ, এই সকল অবয়ব হইতে ব্যাধিকে তাড়াইতেছি।

৩। তোমার অন্ননাড়ী, ক্ষুদ্রনাড়ী, বৃহদণ্ড, হৃদয়স্থান, মূত্রাশয়, যকৃৎ ও অন্যান্য মাংসপিণ্ড হইতে আমি ব্যাধিকে তাড়াইতেছি।

৪। তোমার দুই উরু, দুই জানু, দুই পার্ষ্ণি (গোড়ালি) ও দুই চরণপ্রান্ত হইতে, এবং দুই নিতম্ব, কটিদেশ ও মলদ্বার হইতে ব্যাধিকে আমি তাড়াইতেছি।

৫। প্রস্রাবকারী তোমার পুরুষাঙ্গ হইতে, লোম ও নখ হইতে, এমন কি তোমার সর্ব্বাঙ্গ শরীর হইতে আমি এই ব্যাধিকে তাড়াইতেছি।

৬। প্রত্যেক অঙ্গ, প্রত্যেক লোম, শরীরের প্রত্যেক সন্ধি স্থান, তোমার সর্ব্বাঙ্গের মধ্যে যে কোন স্থানে ব্যাধি জন্মিয়াছে, আমি তথাহইতে তাহাকে তাড়াইতেছি(১)।

১৬৪ সূক্ত।

দুঃস্বপ্ন নাশ দেবতা। প্রচেতা ঋষি।

১। হে দুঃস্বপ্নদেবতা! তুমি মনকে অধিকার করিয়াছ; তুমি সরিয়া যাও; পলায়ন কর; দূর স্থানে যাইয়া বিচরণ কর। অতিদূরে যে নির্ঋতি

(১) এসূক্তটী গর্ভ রক্ষার মন্ত্র মাত্র। এটী আধুনিক, তাঁহা বলা বাহুল্য।

(১) এটীও রোগ আরাম করিবার মন্ত্র। ইহাও আধুনিক, তাহা বলা বাহুল্য।

দেবতা আছেন, তাঁহাকে যাইয়া কহ, যে জীবিত ব্যক্তির বিস্তর মনোরথ, অতএব তিনি কেন মনোরথ ভঙ্গ করেন।

২। জীবিত ব্যক্তির বিস্তর মনোরথ থাকে; সে উৎকৃষ্ট কাম্য বস্তু প্রার্থনা করে, উৎকৃষ্ট ও সুন্দর ফল লাভ করিবার ইচ্ছা করে। যম যেন কল্যাণ চক্ষুতে দৃষ্টিপাত করেন।

৩। আশা করিবার সময়, আশা ভঙ্গ হইবার সময়, আশা সফল হইবার সময়, কি জাগ্রদবস্থায়, কি নিদ্রাবস্থায়, যাহা কিছু অপকর্ম্ম করি, সেই সমস্ত ক্লেশকর পাপকে অগ্নি আমাদিগের নিকট হইতে দূরে লইয়া রাখুন।

৪। হে ইন্দ্র! হে ব্রহ্মণস্পতি! যে পাপ আমরা করিয়াছি, অঙ্গিরার সন্তান প্রচেতা শত্রুকৃত সেই অকল্যাণ হইতে আমাদিগকে রক্ষা করুন।

৫। অদ্য আমরা জয়ী হইয়াছি, যাহা লাভ করিবার তাহা পাইয়াছি, অপরাধমুক্ত হইয়াছি। জাগ্রদবস্থায়, বা নিদ্রাবস্থার সময়, বা সংকল্প জন্য, যাহা কিছু পাপ ঘটিয়াছে, তাহা আমাদিগের দ্বেষভাজন শত্রুর নিকটে যাউক। যাহাকে আমরা দ্বেষ করি, তাহার নিকটে যাউক(১)।

১৬৫ সূক্ত।

বিশ্বেদেবা দেবতা। কপোত ঋষি।

১। হে দেবগণ! ঐ কপোত নির্ঋতির প্রেরিত দূত, সে ক্লেশ দিবার অভিলাষে আমাদিগের গৃহে আসিয়াছে, তাহার পূজা করিতেছি, এই অকল্যাণ অপনয়ন করিতেছি, আমাদিগের দ্বিপদ (দাস দাসী) ও চতুষ্পদগণ (গো, অশ্ব, মেষ, ইত্যাদি) যেন অমঙ্গলগ্রস্ত না হয়।

২। হে দেবগণ! যে কপোত আমাদিগের গৃহে প্রেরিত হইয়াছে, এই পক্ষী আমাদিগের পক্ষে শুভকর হউক, যেন আমাদিগের কোন অকল্যাণ না করে। বুদ্ধিমান্ ও আমাদিগের আত্মীয়ভূত অগ্নি আমাদিগের হব্য গ্রহণ করুন। পক্ষবিশিষ্ট এই অস্ত্র আমাদিগকে সর্ব্বথা পরিত্যাগ করিয়া যাউক।

৩। এই পক্ষযুক্ত অস্ত্রস্বরূপ কপোত যেন আমাদিগকে হিংসা না করে, যে বিস্তীর্ণ স্থানে অগ্নি সংস্থাপন হইয়াছে, সেই স্থানেই এ উপবেশন করুক।

(১) এটীও দুঃস্বপ্ন বা অন্য অমঙ্গল নাশের মন্ত্র, আধুনিক তাহা বলা বাহুল্য

আমাদিগের গো মনুষ্যবর্গের মঙ্গল হউক। হে দেবগণ! কপোত যেন আমাদিগকে এই স্থানে হিংসা না করে।

৪। এই পেচক(১) যাহা কহিতেছে, তাহা মিথ্যা হউক। কারণ এই কপোত অগ্নিস্থানে উপবেশন করিতেছে। যাঁহার প্রেরিত দূতস্বরূপ এ আসিয়াছে, সেই মৃত্যুস্বরূপ যমকে নমস্কার।

৫। হে বন্ধুগণ! এই কপোত তাড়াইয়া দিবার যোগ্য, ইহাকে ঋকের দ্বারা তাড়াইয়া দেও। তাবৎ অকল্যাণ ধ্বংসপূর্ব্বক আনন্দের সহিত গাভীকে অন্নের দিকে, অর্থাৎ তাহার আহার সামগ্রীর দিকে লইয়া চল, এই কপোত অতিবেগে উড্ডীন হয় ও আমাদিগের অন্ন পরিত্যাগপূর্ব্বক অন্যত্র উড্ডীন হউক(২)।

১৬৬ সূক্ত

শত্রুবিনাশ দেবতা। ঋষভ ঋষি।

১। হে ইন্দ্র! আমাকে এতাদৃশ কর, যাহাতে আমি সমকক্ষ ব্যক্তিদিগের মধ্যে শ্রেষ্ঠ হই, শত্রুদিগকে পরাভব করি, বিপক্ষদিগকে নিধন করি, এবং সর্ব্বোপরিবর্ত্তী হইয়া অশেষ গোধনের অধিকারী হই।

২। আমি শত্রুনিধনকারী হইলাম, আমাকে কেহ হিংসা বা আঘাত করিতে পারে না। এই সকল শত্রু আমার দুই চরণের নীচে অবস্থিতি করিতেছে।

৩। হে শত্রুগণ! যেমন ধনুকের দুই প্রান্তভাগ ধনুর্গুণের দ্বারা বন্ধন করে, তদ্রূপ তোমাদিগকে এই স্থানেই বন্ধন করিতেছি। হে বাচস্পতি! ইহাদিগকে নিষেধ করিয়া দাও, ইহারা যেন আমার কথার উপর কথা কহিতে সমর্থ না হয়।

৪। আমার তেজঃ তাবৎ কর্ম্মের জন্যই উপযুক্ত। সেই তেজঃ লইয়া আমি শত্রু পরাজয় করিতে আসিয়াছি। হে শত্রুগণ! আমি তোমাদিগের মন, তোমাদিগের কার্য্য, তোমাদিগের মিলন, সকলি অপহরণ করিয়া লইতেছি।

(১) মূলে "উলূকঃ" আছে।

(২) এই সূক্ত পেচকডাকের অমঙ্গলনাশের মন্ত্র। আধুনিক, তাহা বলা বাহুল্য।

৫। তোমাদিগের উপার্জ্জন ক্ষমতা অপহরণপূর্ব্বক আমি তোমাদিগের অপেক্ষা শ্রেষ্ঠ হইয়াছি, তোমাদিগের মস্তকে উঠিয়াছি। যেমন জলমধ্য হইতে ভেকেরা শব্দ করিতে থাকে, তদ্রূপ তোমরা আমার চরণের তল হইতে চীৎকার করিতে থাক।

১৬৭ সূক্ত।

ইন্দ্র দেবতা। বিশ্বামিত্র ও জমদগ্নি ঋষি।

১। হে ইন্দ্র! এই মধুতুল্য সোমরস তোমার জন্য ঢালা হইতেছে, এই যে সোমের কলস প্রস্তুত করা হইতেছে, তুমিই তাহার প্রভু। তুমি আমাদিগের জন্য প্রচুর ধন ও বিস্তর লোকজন উৎপাদন করিয়া দাও। তুমি তপস্যা করিয়া স্বর্গজয়ী হইয়াছ(১)।

২। যে ইন্দ্র স্বর্গজয়ী হইয়াছেন, যিনি সোমসদৃশ আহার পাইলে বিশিষ্ট-রূপ আমোদ করেন, সেই ইন্দ্রকে এই সকল প্রস্তুত করা সোমরসের নিকটে আসিতে আহ্বান করিতেছি। আমাদিগের এই যজ্ঞের সংবাদ লও; এই স্থানে এস। শত্রুবিজয়কারী ইন্দ্রের নিকট আমরা শরণাপন্ন হইতেছি।

৩। সোম এবং রাজা বরুণ আমাকে আশ্রয় দিয়াছেন, বৃহস্পতি এবং অনুমতিদেবী মঙ্গল করিতেছেন; হে ইন্দ্র! তোমার স্তবে প্রবৃত্ত হইয়াছি। হে ধাতা! হে বিধাতা! তোমাদিগের অনুমতিমতে আমি কলস কলস সোমরস পান করিলাম।

৪। হে ইন্দ্র! তোমাকর্ত্তৃক প্রেরিত হইয়া আমি চরুসহকারে আর আর আহারের দ্রব্য প্রস্তুত করিয়াছি; সর্ব্ব প্রথম স্তবকর্ত্তা হইয়া আমি এই স্তবটীকে পরিষ্কার করিয়া রচনা করিয়াছি। (ইন্দ্রের উক্তি)—হে বিশ্বামিত্র ও জমদগ্নি! তোমরা সোম প্রস্তুত করিলে আমি যখন ধন লইয়া তোমাদিগের গৃহে আগমন করি, তখন তোমরা উত্তমরূপে স্তব কর।

(১) তপস্যাদ্বারা স্বর্গজয়ের কথা আমরা এই অপেক্ষাকৃত আধুনিক সূক্তে দেখিতে পাই।

১৬৮ সূক্ত।

বায়ু দেবতা। অনিল ঋষি।

১। যে বায়ু রথের ন্যায় বেগে ধাবিত হন, তাঁহাকে আমি বর্ণনা করিব। ইহার শব্দ বজ্রের শব্দের ন্যায়, ইনি বৃক্ষাদি ভঙ্গ করিতে করিতে আসেন। ইনি চতুর্দ্দিক রক্তবর্ণ করিতে করিতে আকাশ পথ অবলম্বনপূর্ব্বক গমন করেন। অপিচ, পৃথিবীর ধূলি বিকীরণ করিতে করিতে চলিয়া যান।

২। সুস্থির পদার্থ অর্থাৎ পর্ব্বতাদি পর্য্যন্ত বায়ুর গতিবশে কম্পমান হইতে থাকে। ঘোটকীরা যেমন যুদ্ধে যায়, তদ্রূপ এই বায়ুর দিকে গমন করে। তিনি সেই ঘোটকীদিগকে সহায় পাইয়া রথে আরোহণপূর্ব্বক এই সমস্ত ভুবনের রাজার ন্যায় চলিয়া যান।

৩। ইনি আকাশপথে গতিবিধি করিবার সময় কোন দিনই স্থির হইয়া বসিয়া থাকেন না। ইনি জলের বন্ধু, জলের অগ্রে উৎপন্ন হয়েন, (অগ্রে বায়ু, পরে বৃষ্টি)। ইনি সত্যস্বভাব। বল দেখি, ইনি কোথায় জন্মিয়াছেন? কোথা হইতে আসিয়াছেন?

৪। এই বায়ুদেব দেবতাদিগের আত্মাস্বরূপ, ভুবনের সন্তানস্বরূপ, যথা ইচ্ছা বিহার করেন। ইহার শব্দই অনেক প্রকার শুনা যায়, ইহার রূপ প্রত্যক্ষ হয় না। এস, হবি দিয়া সেই বায়ুর পূজা করি।

১৬৯ সূক্ত।

গাভী দেবতা। শবর ঋষি।

১। সুখকর বায়ু গাভীদিগকে বীজন করুন; গাভীগণ বলধায়ক তৃণ-পত্রাদি আস্বাদন করুক; প্রচুর ও প্রাণের পরিতৃপ্তিকর জল পান করুক; হে রুদ্রদেব! চরণবিশিষ্ট অন্নস্বরূপ এই যে গাভীগণ ইহাদিগকে স্বচ্ছন্দে রাখ।

২। গাভীগণ কখন অনেকে এক বর্ণবিশিষ্ট হয়, কখন ভিন্ন ভিন্ন বর্ণবিশিষ্ট হয়, কখন সর্ব্বাঙ্গে এক বর্ণবিশিষ্ট হয়। অগ্নি যজ্ঞ উপলক্ষে তাহাদিগের নাম সকল অবগত হয়েন। অঙ্গিরার সন্তানেরা তপস্যাদ্বারা তাহাদিগকে পৃথিবীতে সৃষ্টি করিয়াছেন। হে পর্জ্জন্যদেব! তাহাদিগকে সুখস্বচ্ছন্দ বিতরণ কর।

৩ গাভীগণ আপনার শরীর দেবতাদিগের যজ্ঞ জন্য দিয়া থাকে(১); সোম তাহাদিগের অশেষ আকৃতি অবগত আছেন। হে ইন্দ্র! তাহাদিগকে দুগ্ধে পরিপূর্ণ করিয়া এবং সন্তানযুক্ত করিয়া আমাদিগের জন্য গোষ্ঠে পাঠাইয়া দাও।

৪। তাবৎ দেবতা ও পিতৃলোকদিগের সঙ্গে পরামর্শ করিয়া প্রজাপতি আমাকে এই সকল গাভী উপঢৌকন দিয়াছেন। সেই সকল গাভীকে কল্যাণ-যুক্ত করিয়া তিনি আমাদিগের গোষ্ঠমধ্যে সংস্থাপন করুন, যেন আমরা সেই সকল গাভীর সন্তান প্রাপ্ত হই।

১৭০ সূক্ত।

সূর্য্য দেবতা। বিভ্রট ঋষি।

১। অতি দীপ্তিশালী সূর্য্যদেব মধুতুল্য সোমরস পান করুন, যজ্ঞানুষ্ঠান-কারী ব্যক্তির প্রকৃষ্ট পরমায়ু বিধান করুন। তিনি বায়ু দ্বারা প্রেরিত হইয়া প্রজাদিগকে স্বয়ং রক্ষা করেন, প্রজাবর্গের পুষ্টি বিধান করেন এবং অশেষ প্রকারে শোভা পান।

২। সূর্য্যরূপ আলোকময় পদার্থ উদয় হইতেছে; ইহা প্রকাণ্ড, অতি-দীপ্তিশালী, উত্তমরূপে সংস্থাপিত, ইহার মত অন্নদান কেহ করে না, ইহা আকাশের অবলম্বনের উপর যথাযোগ্যরূপে সংস্থাপিত হইয়া আকাশকে আশ্রয় করিয়া আছে। ইহা শত্রুনিধন করে, বৃত্রকে বধ করে, দস্যুদিগের প্রধান নিধনকারী, অসুরদিগের বধকারী(১), বিপক্ষদিগের সংহারকারী।

৩। এই সূর্য্য সকল জ্যোতির্ম্ময় পদার্থের শ্রেষ্ঠ ও অগ্রগণ্য; ইনি সকলি জয় করেন, ধন জয় করেন; ইঁহাকে প্রকাণ্ড কহে; ইনি সকল বস্তু আলোক-যুক্ত করেন; ইনি অত্যন্ত দীপ্তিশালী; ইনি দৃষ্টির সুবিধার জন্য বিস্তারিত হইয়াছেন; ইনি বলস্বরূপ, ও অবিচলিত তেজঃস্বরূপ।

৪। হে সূর্য্য! তুমি জ্যোতিতে জ্যোতির্ম্ময় হইয়া আকাশের উজ্জ্বল স্থানে গিয়াছ। তোমার প্রতাপ সকল কর্ম্মের সহায়স্বরূপ, সকল যাগযজ্ঞাদির অনুকূল, তাহাদ্বারা সকল ভুবন পুষ্টি লাভ করে।

(১) অর্থাৎ আহুতিরূপে গাভী অর্পণ করা যায়।

(১) অসুর শব্দের পৌরাণিক অর্থ প্রয়োগ এই ঋকের আধুনিক রচনা প্রকাশ করিতেছে।

১৭১ সূক্ত।

ইন্দ্র দেবতা। ইট ঋষি।

১। হে ইন্দ্র! ইটঋষি যখন সোম প্রস্তুত করিলেন, তখন তুমি তাঁহার রথ রক্ষা করিলে। সোমসম্পন্ন সেই ইটের আহ্বান শ্রবণ করিলে।

২। যজ্ঞ কম্পান্বিত হইল, তুমি তাহার মস্তক শরীর হইতে পৃথক্ করিলে, সোমসম্পন্ন ইটের গৃহে গমন করিলে।

৩। হে ইন্দ্র! অস্ত্রবুধ্নের পুত্র পুনঃ পুনঃ তোমার স্তব করিল; তাহাতে তুমি বেনপুত্রকে তাহার বশীভূত করিয়া দিলে।

৪। যখন রম্যমূর্ত্তি সূর্য্য পশ্চিম দিকে যান, দেবতারাও দেখিতে পান না, যে তিনি কোথায় গিয়াছেন, তখন তুমি সেই সূর্য্যকে আবার পূর্ব্বদিকে আনিয়া দাও।

১৭২ সূক্ত।

উষা দেবতা। সংবর্ত্ত ঋষি।

১। হে উষা! চমৎকার তেজের সহিত তুমি এস; এই দেখ, গাভীগণ পরিপূর্ণ আপীন লইয়া পথে চলিয়াছে।

২। হে উষা! উৎকৃষ্ট স্তব গ্রহণ করিতে এস; এই দেখ, যজ্ঞকর্ত্তা বিশিষ্ট দানের সামগ্রী লইয়া যৎপরোনাস্তি বদান্যতার সহিত যজ্ঞ সম্পাদন করিতেছেন।

৩। এই দেখ, আমরা অন্নের সংগ্রহ করিয়া উৎকৃষ্ট উৎকৃষ্ট বস্তু দান করিতে উদ্যত হইয়াছি, সূত্রের ন্যায় এই যজ্ঞ বিস্তার করিতেছি, তোমাকে যজ্ঞ দিতেছি।

৪। উষা আপনার ভগিনী রজনীর অন্ধকার নষ্ট করিলেন। প্রকৃষ্টরূপে বৃদ্ধি প্রাপ্ত হইয়া রথ চালাইলেন।

১৭৩ সূক্ত।

রাজস্তুতি দেবতা। ধ্রুব ঋষি।

১। হে রাজন্! তোমাকে রাজপদে অধিরোপিত করিলাম। তুমি এই জনপদের মধ্যে প্রভু হও; অটল, অবিচলিত এবং স্থির হইয়া থাক। তাবৎ প্রজাগণ তোমাকে বাঞ্ছা করুক। তোমার রাজত্ব যেন নষ্ট না হয়।

২। তুমি এই স্থানেই পর্ব্বতের ন্যায় অবিচলিত হইয়া থাক, রাজচ্যুত হইও না। ইন্দ্রের ন্যায় নিশ্চল হইয়া এই স্থানে থাক। এই স্থানে রাজ্যকে ধারণ কর।

৩। অক্ষয় হোমদ্রব্য পাইয়া ইন্দ্র এই নবাভিষিক্ত রাজাকে আশ্রয় দিয়াছেন। সোম তাহাকে আশীর্ব্বাদ করিয়াছেন। ব্রহ্মণস্পতি আশীর্ব্বাদ করিয়াছেন।

৪। আকাশ নিশ্চল, পৃথিবী নিশ্চল, এই সমস্ত পর্ব্বত নিশ্চল; এই বিশ্বজগৎ নিশ্চল; ইনিও প্রজাদিগের মধ্যে অবিচলিত রাজা হইলেন।

৫। বরুণরাজা তোমার রাজ্যকে অবিচলিত করুন, দেব বৃহস্পতি অবিচলিত করুন, ইন্দ্র ও অগ্নি অবিচলিতরূপে ধারণ করুন।

৬। এই দেখ অক্ষয় হোমদ্রব্যসহকারে অক্ষয় সোমরসকে সংযোজিত করিতেছি, অতএব ইন্দ্র তোমার প্রজাদিগকে একান্তও করপ্রদানোন্মুখ করিয়াছেন(১)।

১৭৪ সূক্ত।

রাজস্তুতি দেবতা। অভীবর্ত্ত ঋষি।

১। যজ্ঞসামগ্রী লইয়া দেবতাদিগের নিকটে যাইতে হয়; এতাদৃশ যজ্ঞসামগ্রী প্রাপ্ত হইয়া ইন্দ্র অনুকূল হইয়াছেন। হে ব্রহ্মণস্পতি! এতাদৃশ রাজসামগ্রীসহকারে আমরা যজ্ঞ করিয়াছি; অতএব আমাদিগাক পদ দাও।

২। যাহারা বিপক্ষ, যাহারা আমাদিগের হিংসাকারী শত্রু, যে সৈন্য লইয়া যুদ্ধ করিতে আসে, যে আমাদিগকে দ্বেষ করে, হে রাজন! এতাদৃশ তাবৎ ব্যক্তির সম্মুখীন হও।

৩। সবিতাদেব তোমার প্রতি অনুকূল হইয়াছেন; সোম অনুকূল হইয়াছেন, সর্ব্বপ্রাণী তোমার প্রতি অনুকূল, এইরূপে তুমি অভীবর্ত্ত, অর্থাৎ সকলের নিকট আশ্রয় প্রাপ্ত হইয়াছ।

৪। হে দেবগণ! যে যজ্ঞসামগ্রীদ্বারা যজ্ঞানুষ্ঠানপূর্ব্বক ইন্দ্র সর্ব্ব জ্যেষ্ঠ হইয়াছেন; আমিও তাহাতেই যজ্ঞ করিয়াছি; তদ্দ্বারা নিশ্চয়ই আমি শত্রুর দুর্দ্ধর্ষ হইয়াছি।

(১) এই সূক্ত রাজাকে অভিষেক করিবার মন্ত্র। এটীও আধুনিক।

৫। আমার শত্রু নাই, আমি শত্রুদিগকে বধ করিয়াছি, আমি রাজ্যের প্রভু ও বিপক্ষ নিরাকরণে সক্ষম হইয়াছি। এমতে আমি তাবৎ প্রাণিবর্গের উপর এবং এই সকল লোকদিগের উপর অধীশ্বর হইয়াছি।

১৭৫ সূক্ত।

সোম প্রস্তুত করিবার উপযোগী প্রস্তর সকল দেবতা। ঊর্দ্ধগ্রীবা ঋষি।

১। হে প্রস্তরগণ! দেব সবিতা নিজ ক্ষমতা দ্বারা তোমাদিগকে সোম প্রস্তুত করিবার জন্য নিযুক্ত করুন। তোমরা স্বকর্ম্মে নিযুক্ত হও, সোম প্রস্তুত কর।

২। হে প্রস্তরগণ! অসুখের হেতু দূর করিয়া দাও, দুর্ম্মতি দূর করিয়া দাও। গাভীদিগকে আমাদিগের ঔষধরূপে পরিণত কর।

৩। প্রস্তরগুলি পরস্পর মিলিত হইয়া মধ্যবর্ত্তী বিস্তৃত একখানি প্রস্তরের চতুঃপার্শ্বে শোভা পাইতেছে। রসবর্ষণকারী সোমের প্রতি তাহারা নিজবল প্রয়োগ করিতেছে।

৪। হে প্রস্তরগণ! দেবসবিতা সোমযাগকারী যজমানের জন্য তোমাদিগকে যথাযোগ্যরূপে সোম প্রস্তুত করিতে নিযুক্ত করুন।

১৭৬ সূক্ত।

ঋভু দেবতা। পরে অগ্নি দেবতা। সূনু ঋষি।

১। ঋভু-সন্তানেরা তুমুল সংগ্রাম করিবার জন্য নির্গত হইলেন। যেমন বৎসগণ জননীভূতা গাভীকে ঘেরিয়া দাঁড়ায়, তদ্রূপ তাঁহারা জগৎ ধারণ করিবার জন্য পৃথিবীর চতুর্দ্দিকে ব্যাপ্ত হইলেন।

২। দেব অগ্নিকে দেবযোগ্য স্তবের দ্বারা প্রসন্ন কর। তিনি যথানিয়মে আমাদিগের হব্য বহন করুন।

৩। এই সেই অগ্নি, ইনি দেবতাদিগের নিকটে যান, ইনি হোতা, যজ্ঞের জন্য ইঁহাকে স্থাপনা করা হয়। ইনি রথের ন্যায় হব্য লইয়া যান, পুরোহিত ইহাকে চতুর্দ্দিকে বেষ্টন করিয়া আছে; ইনি কিরণসম্পন্ন; নিজেই জানেন, কিরূপে যজ্ঞ করিতে হয়।

৪। এই অগ্নি রক্ষা বিধান করেন, যেহেতু ইঁহার উৎপত্তি অমৃতবৎ, ইনি বলবানের অপেক্ষাও বলবান ইনি পরমায়ু বৃদ্ধির জন্য উৎপাদিত হইয়াছেন।

১৭৭ সূক্ত।

মায়া দেবতা। পতঙ্গ ঋষি।

১। বিদ্বান্‌গণ মনে মনে আলোচনাপূর্ব্বক মানস চক্ষে একটী পতঙ্গের দর্শন পান, দেখেন যে অসুরের মায়া উঁহাকে আক্রমণ করিয়াছে। পণ্ডিতগণ কহেন যে, উহা সমুদ্রের মধ্যে ঘটিতেছে। তাঁহারা বিধাতার কিরণসমূহের ধামে যাইতে ইচ্ছা করেন(১)।

২। পতঙ্গ মনে মনে বাক্যকে ধারণ করেন; গর্ভের মধ্যে গন্ধর্ব্ব তাঁহাকে সেই বাক্য শিখাইয়াছে; সেই বাণী দিব্যরূপিণী, স্বর্গসুখের প্রদানকর্ত্রী, বুদ্ধির অধীশ্বরী। বিদ্বান্‌গণ সেই বাণীকে সত্যের পথে রক্ষা করেন(২)।

৩। দেখিলাম, এক গোপাল তাহার কখন পতন নাই, কখন নিকটে, কখন দূরে, নানা পথে ভ্রমণ করিতেছে। সে কখন অনেক বস্ত্র একত্রে পরিধান করিতেছে, কখন পৃথক্ পৃথক্ পরিধান করিতেছে। এইরূপে সে বিশ্বসংসার মধ্যে পুনঃ পুনঃ গতায়াত করিতেছে(৩)।

(১) জীবাত্মা মায়াতে আচ্ছন্ন, ইহা চিন্তা দ্বারা জানা যায়; সমুদ্রবৎ পরব্রহ্মের মধ্যেই এই জীবাত্মা বিদ্যমান আছেন; পরমাত্মার ধাম আলোকময়, তথায় গেলেই মায়া হইতে মুক্তি। সায়ণ।

(২) জীবাত্মার মনে বীজরূপে সকল শব্দ বিদ্যমান থাকে, গন্ধর্ব্ব, অর্থাৎ দেবতা তাঁহার মনে গর্ভাবস্থায় সেই বীজ আধান করিয়া রাখেন। বাক্যের শক্তি অসীম, বুদ্ধিমানগণ বাক্যকে কখন মিথ্যার দিকে লইয়া যান না। সায়ণ।

(৩) জীবাত্মার ধ্বংস নাই, নানা যোনি ভ্রমণ করেন; কোন জন্মে নানা গুণ ধরেন, কোন জন্মে দুটী একটী গুণ ধরেন। নিকৃষ্ট যোনিতে অল্পই গুণ থাকে, উৎকৃষ্ট যোনিতে অনেক গুণ প্রদর্শন করা হয়। সায়ণ। বলা বাহুল্য যে এই জীবাত্মা সম্বন্ধে সূক্তটী আধুনিক।

১৭৮ সূক্ত।

তার্ক্ষ্য দেবতা। অরিষ্টনেমি ঋষি।

১। যে তার্ক্ষ্য পক্ষী বলবান্, যাঁহাকে দেবতারা সোম আনয়নের জন্য পাঠাইয়াছিলেন, যিনি বিপক্ষপরাভবকারী এবং শত্রুদিগের রথ সকল জয় করিয়া লয়েন, যাঁহার রথ কেহ ধ্বংস করিতে পারে না, যিনি সেনাদিগকে যুদ্ধে প্রেরণ করেন, সেই তার্ক্ষ্য পক্ষীকে আমরা মঙ্গলকামনাতে এস্থলে আহ্বান করিতেছি।

২। তার্ক্ষ্য পক্ষীর দানশক্তিকে আহ্বান করিতেছি; যেমন ইন্দ্রের দানশক্তিকে আহ্বান করি, তদ্রূপ আহ্বান করিতেছি। আমরা মঙ্গলকামনাতে ঐ দানশক্তির উপর নৌকার ন্যায় আরোহণ করিতেছি; অর্থাৎ বিপদ পার হইবার জন্য নৌকার ন্যায় আশ্রয় করিতেছি। হে দ্যাবাপৃথিবি! তোমরা বৃহৎ, বিস্তীর্ণ, সর্ব্বব্যাপী ও গম্ভীর; কি যাইবার সময়, কি আসিবার সময়, আমরা যেন নিধন না হই।

৩। সূর্য্য যেমন নিজ তেজের দ্বারা বৃষ্টিবারি বিস্তারিত করেন, তদ্রূপ সেই তার্ক্ষ্য পক্ষী অতি শীঘ্র পঞ্চজনপদের মনুষ্যকে অন্নদ্বারা পরিপূর্ণ ভাণ্ডার করিয়া দিলেন। তাঁহার যে আগমন, উহা সাতসহস্র সংখ্যায় দান করে। যেরূপ বাণ যখন লক্ষ্যে সংলগ্ন হয়, তখন তাহাকে কেহই বাধা দিতে পারে না, তদ্রূপ তার্ক্ষ্যের আগমন কেহ বাধা দিতে পারে না।

১৭৯ সূক্ত।

ইন্দ্র দেবতা। শিবি, প্রতর্দন ও বসুমনা যথাক্রমে ঋষি।

১। হে পুরোহিতগণ! গাত্রোত্থান কর। সময়োচিত ইন্দ্রের যে যজ্ঞ ভাগ তাহার উদ্যোগ কর। যদি উহা পক্ক হইয়া থাকে, হোম কর; যদি পক্ক না হইয়া থাকে, উৎসাহিত হও, অর্থাৎ উৎসাহপূর্ব্বক পাক কর।

২। হে ইন্দ্র! এই হব্য পাক করা হইয়াছে, ইহার নিকটে আগমন কর। দেখ সূর্য্যদেব আপনার দৈনন্দিন পথের অর্দ্ধেক অতিক্রম করিয়াছেন। এই দেখ যেমন কুলতিলক পুত্রেরা ইতস্ততো বিচরণকারী গৃহকর্ত্তার মুখাপেক্ষা করে, তদ্রূপ বন্ধুগণ বিবিধ যজ্ঞসামগ্রী লইয়া তোমার প্রতীক্ষা করিতেছেন।

৩। গাভীর আপীন মধ্যে দুগ্ধ একপ্রকার পাক করা হয়; আমি জ্ঞান করি যে পরে উহা অগ্নিতে পাক হইয়া অতি উত্তম পাকের অবস্থা প্রাপ্ত হয়, এবং অতি পবিত্র নবীন মূর্ত্তি ধারণ করে। হে বহুধন বিতরণকারী বজ্রধারী ইন্দ্র! দুই প্রহরের যজ্ঞে তোমাকে যে দধি দেওয়া হইতেছে, তাহা আস্থার সহিত পান কর।

---

১৮০ সূক্ত।

ইন্দ্র দেবতা। জয় ঋষি।

১। হে পুরুহুত! তুমি বিপক্ষদিগকে পরাভব করিয়া থাক। তোমার তেজ সর্ব্বশ্রেষ্ঠ। এইস্থানে তোমার দান প্রবৃত্ত হউক। হে ইন্দ্র! দক্ষিণ হস্তে করিয়া পরিপূর্ণ ধন দাও, তুমি ধনপূর্ণ নদী সকলের, অর্থাৎ ধনের স্রোতের অধীশ্বর।

২। পর্ব্বতবাসী ক্ষুদ্রচরণবিশিষ্ট পশু যেরূপ ঘোরাকৃতি, হে ইন্দ্র! তদ্রূপ তুমি ভয়ঙ্কর মূর্ত্তিতে অতিদূরবর্ত্তী স্বর্গধাম হইতে আসিয়াছ, সর্ব্বত্র গতিশীল তীক্ষ্ণ বজ্রকে আরো শাণিত করিয়া শত্রুদিগকে তাড়না কর, বিপক্ষদিগকে দূরীভূত কর।

৩। হে ইন্দ্র! তুমি এরূপ সুন্দর তেজঃ লইয়া জন্মিয়াছ যে তেজের দ্বারা পরের অত্যাচার নিবারণ করিয়া থাক। তুমি মনুষ্যবর্গের কামনা পূর্ণ কর, শত্রুতাচরণকারী লোকদিগকে তুমি তাড়াইয়া দিয়াছ। দেবতাদিগের জন্য ভুবন বিস্তীর্ণ করিয়া দিয়াছ।

---

১৮১ সূক্ত।

বিশ্বদেব দেবতা। প্রথ, সপ্রথ ও ঘর্ম্ম যথাক্রমে ঋষি।

১। প্রথ নামে যাঁহার পুত্র, অর্থাৎ বসিষ্ঠ, এবং সপ্রথ নামে যাঁহার পুত্র, অর্থাৎ ভরদ্বাজ; তন্মধ্যে বসিষ্ঠ ধাতার নিকট, দীপ্তিময় সবিতা দেবের নিকট এবং বিষ্ণুর নিকট হইতে "রথন্তর" আহরণ করিয়াছেন। উহা অনুষ্টুপছন্দো-বিশিষ্ট ঘর্ম্ম নামক হবির পবিত্রতাধায়ক।

২। যে অতিগূঢ় "বৃহতের" দ্বারা যজ্ঞের অনুষ্ঠান হইয়া থাকে, যাহা কেহই জানিত না, তাহা সবিতা প্রভৃতি আবিষ্কৃত করিয়াছিলেন। ভরদ্বাজ ধাতা দীপ্তি-ময় সবিতা, বিষ্ণু এবং অগ্নির নিকট হইতে সেই "বৃহৎ" আবিষ্কৃত করিলেন।

৩। যে অভিষেকক্রিয়ানিষ্পাদক "ঘর্ম্ম" যজ্ঞকার্য্যে অতি প্রধানরূপে উপযোগী হইয়া থাকে, ধাতা প্রভৃতি দেবতারা তাহা মনে মনে ধ্যান করতঃ আবিষ্কৃত করিয়াছেন। এই সকল পুরোহিতগণ ধাতা, দীপ্তিময় সবিতা, বিষ্ণু ও সূর্য্যের নিকট হইতে সেই ঘর্ম্ম আহরণ করিয়াছেন(১)।

---

১৮২ সূক্ত।

বৃহস্পতি দেবতা। তপুর্মূর্দ্ধা ঋষি।

১। বৃহস্পতি! দুর্গতিসমূহকে নষ্ট করুন, পাপনাশের জন্য স্তবের স্ফূর্ত্তি করিয়া দিন। অকল্যাণ নষ্ট করুন, দুর্মতি দূর করুন, যজমানের রোগ নাশ ও ভয় অপহরণ করুন।

২। প্রযাজের সময় নরাশংস আমাদিগকে রক্ষা করুন; যজ্ঞকালে অনুযাজ আমাদিগের মঙ্গল বিধান করুন, অকল্যাণ নষ্ট, (ইত্যাদি পূর্ব্ব ঋকের ন্যায়)।

৩। স্তোত্রদ্বেষী রাক্ষসদিগকে বৃহস্পতি আপনার প্রতপ্ত মস্তকের দ্বারা ব্যথিত করুন। তাহা হইলে হিংসাকারী নিধন প্রাপ্ত হইবেক। (অবশিষ্ট পূর্ব্ব ঋকের ন্যায়)।

---

১৮৩ সূক্ত।

যজমান, প্রভৃতির আশীর্ব্বাদ দেবতা। প্রজাবান্ ঋষি।

১। হে যজমান্! আমি মনের চক্ষে তোমাকে দেখিলাম, তুমি জ্ঞানবান্ তপস্যা হইতে উৎপন্ন, তপস্যাদ্বারা শ্রীবৃদ্ধি পাইয়াছ। এইস্থানে সন্তানসন্ততি ও ধন লাভপূর্ব্বক প্রীতিযুক্ত হও। পুত্রই তোমার কামনা, অতএব পুত্র উৎপাদন কর।

২। হে পত্নি! আমি মনের চক্ষে দেখিলাম, যে তোমার মূর্ত্তি উজ্জ্বল, তুমি নিজ শরীরে যথাযোগ্য কালে গর্ভাধান কামনা করিতেছ। তুমি পুত্র কামনা করিয়াছ; আমার নিকটে তুমি উন্নত শরীরবতী যুবতী হও, তোমার সন্তান উৎপন্ন হউক।

---

(১) এই অতিশয় অস্পষ্ট সূক্তটী আধুনিক, তাহা বলা বাহুল্য। সায়ণ রথন্তর অর্থে রথান্তর সাম, বৃহৎ অর্থে বৃহৎ সাম এবং ঘর্ম্ম অর্থে যজুর্ব্বেদের অংশ করিয়াছেন।

৩। আমি হোতা, আমি বৃক্ষলতাদিতে গর্ভাধান করি, আমি সমস্ত ভুবনের মধ্যে গর্ভাধান করিতে পারি। আমি পৃথিবীর গর্ভে সন্তান উৎপাদন করিয়াছি ; আমি নিজ স্ত্রী ব্যতীত অন্য স্ত্রীর গর্ভেও পুত্র উৎপাদন করিয়াছি(১)।

১৮৪ সূক্ত।

বিষ্ণু প্রভৃতি দেবতা। ত্বষ্টা ঋষি।

১। বিষ্ণু নারীর অঙ্গকে গর্ভাধানের উপযুক্ত করিয়া দিন ; ত্বষ্টা গর্ভস্থ সন্তানের অবয়ব স্থির করিয়া দিন ; প্রজাপতি শুক্রপাতন করুন ; ধাতা তোমার গর্ভকে ধারণ করুন।

২। হে সিনীবালী ! গর্ভকে ধারণ কর ; হে সরস্বতী ! তুমিও গর্ভকে ধারণ কর। পদ্মমালাধারী দেব অশ্বিদ্বয় তোমার গর্ভ উৎপাদন করুন।

৩। হে পত্নি ! অশ্বিদ্বয় তোমার গর্ভস্থ যে সন্তানের জন্য সুবর্ণনির্ম্মিত দুই অরণি পরস্পর ঘর্ষণ করিতেছেন, দশম মাসে প্রসব হইবার জন্য তোমার সেই গর্ভস্থ সন্তানকে আমরা আহ্বান করিতেছি(১)।

১৮৫ সূক্ত।

আদিত্য দেবতা। সত্য ধৃতি ঋষি।

১। আমরা যেন মিত্র, অর্য্যমা ও বরুণ এই তিন দেবতার আশ্রয় লাভ করি। ঐ আশ্রয় সতেজ, দুর্দ্ধর্ষ ও মহৎ।

২। কি গৃহে, কি পথে, কি দুর্গমস্থানে, তাঁহাদিগের আশ্রিত ব্যক্তিদিগের উপর কোনও দ্বেষকারী শত্রুর ক্ষমতা চলে না।

৩। ঐ তিন অদিতি সন্তান যে মনুষ্যকে নিরন্তর জ্যোতিঃ দান করেন, তাহার জীবন রক্ষা হয়, কোন শত্রুর ক্ষমতা তাহার উপর চলে না।

---

(১) এটী গর্ভসংস্কারকরণ বিষয়ক মন্ত্র, এটী যে আধুনিক, তাহা বলা বাহুল্য।

(১) এ সূক্তটীও গর্ভ সংস্কারকরণের মন্ত্র। এটীও আধুনিক।

১৮৬ সূক্ত।

বায়ু দেবতা। উল ঋষি।

১। বায়ু ঔষধের ন্যায় হইয়া বহিতে থাকুন, তিনি কল্যাণকর, সুখকর হউন। তিনি দীর্ঘ আয়ু দান করুন।

২। হে বায়ু! তুমি আমাদিগের পিতা, ভ্রাতা ও বন্ধু সদৃশ। এতাদৃশ তুমি আমাদিগের জীবনের ঔষধ করিয়া দাও।

৩। হে বায়ু! তোমার গৃহমধ্যে ঐ যে অমৃতের নিধি সংস্থাপিত আছে, তাহা হইতে অমৃত লইয়া দাও, আমাদিগকে জীবন দান কর।

---

১৮৭ সূক্ত।

অগ্নি দেবতা। বৎস ঋষি।

১। হে মনুষ্যগণ! মনুষ্যদিগের অধিপতি অগ্নিকে সম্বোধনপূর্ব্বক স্তব প্রেরণ কর। তিনি আমাদিগকে শত্রুহস্ত হইতে উদ্ধার করুন।

২। সেই অগ্নি অতি দূরদেশ হইতে আকাশ পার হইয়া আসিয়াছেন, তিনি আমাদিগকে, ইত্যাদি।

৩। বৃষ্টিবর্ষণকারী অগ্নি শুভ্রবর্ণ শিখাদ্বারা রাক্ষসদিগের বধ করিতেছেন তিনি আমাদিগকে ইত্যাদি।

৪। তিনি সমস্ত ভুবনকে পৃথক্‌পৃথক্‌ভাবে পর্য্যবেক্ষণ করেন, মিলিত ভাবেও পর্য্যবেক্ষণ করেন। তিনি আমাদিগকে, ইত্যাদি।

৫। সেই অগ্নি, এই দ্যুলোকের অপর পারে শুভ্রবর্ণ মূর্ত্তিতে জন্ম গ্রহণ করিয়াছেন। তিনি আমাদিগকে, ইত্যাদি।

---

১৮৮ সূক্ত।

জাতবেদা অগ্নি দেবতা। শ্যেন ঋষি।

১। হে পুরোহিতগণ! জাতবেদা অগ্নিকে প্রজ্বলিত কর। তিনি চতুর্দ্দিক্‌-ব্যাপী, তিনি অন্নবান্। তিনি আসিয়া কুশে উপবেশন করুন।

২। এই যে জাতবেদা অগ্নি, বুদ্ধিমান্ যজমানেরা যাহার পক্ষে পুত্রবৎ, যিনি বৃষ্টিবারি সেচন করেন, ইহার জন্য এই বিস্তারিত ও অতি সুন্দর স্তব করিতেছি।

৩। জাতবেদা অগ্নির যে সকল শিখা আছে, তাহাদ্বারা তিনি দেবতাদিগের নিকটে হব্য বহন করেন, সেইগুলি লইয়া আমাদিগের যজ্ঞে আগমন করুন।

---

১৮৯ সূক্ত।

সূর্য্য দেবতা। সার্প রাজ্ঞী ঋষি।

১। এই যে উজ্জ্বল বর্ণধারী বৃষ, অর্থাৎ সূর্য্য, ইনি প্রথমে আপন মাতা পূর্ব্বদিককে আলিঙ্গন করিলেন, পরে আপন পিতা আকাশের দিকে যাইতেছেন।

২। ইহার দেহের মধ্যে দীপ্তি বিচরণ করিতেছে, সেই দীপ্তি ইহার প্রাণের মধ্য হইতে নির্গত হইয়া আসিতেছে। ইনি বৃহৎ হইয়া আকাশ ব্যাপ্ত করিলেন।

৩। এই সূর্য্যের ত্রিংশৎস্থান শোভা পাইতেছে। এই গমনশীল সূর্য্যের উদ্দেশে স্তব উদ্ধারিত হইতেছে। প্রতিদিন তিনি নিজকিরণে ভূষিত হয়েন(১)।

---

১৯০ সূক্ত।

সৃষ্টি দেবতা। অঘমর্ষণ ঋষি।

১। প্রজ্বলিত তপস্যা হইতে ঋত, অর্থাৎ যজ্ঞ এবং সত্য জন্ম গ্রহণ করিল। পরে রাত্রি জন্মিল, পরে জলপূর্ণ সমুদ্র।

২। জলপূর্ণ সমুদ্র হইতে সংবৎসর জন্মিলেন। তিনি দিন রাত্রি সৃষ্টি করিতেছেন, তাবৎ লোকে দেখিতেছে।

৩। সৃষ্টিকর্ত্তা যথাসময়ে সূর্য্য ও চন্দ্রকে সৃষ্টি করিলেন এবং স্বর্গ ও পৃথিবী ও আকাশ সৃষ্টি করিলেন(১)।

---

(১) সূক্তটী অপেক্ষাকৃত আধুনিক। ত্রিংশৎ ধাম, অর্থাৎ ত্রিংশৎ মুহূর্ত্ত। দুই দণ্ডে এক মুহূর্ত্ত। সুতরাং প্রতিদিন ত্রিশ মুহূর্ত্ত। সায়ণ।

(১) সূক্তটী অপেক্ষাকৃত আধুনিক।

১৯১ সূক্ত(১)।

প্রথম ঋকের অগ্নি দেবতা। সংবনন ঋষি। অবশিষ্টগুলির সংজ্ঞান অর্থাৎ ঐক্যমত দেবতা।

১। হে অগ্নি! তুমি প্রভু, হে অভিলষিত ফলদাতা। তুমি তাবৎ প্রাণীর সহিত বিশেষরূপে মিশ্রিত আছ। তুমি যজ্ঞ বেদিতে জ্বলিতেছ। আমাদিগকে ধন দান কর।

২। হে স্তবকর্ত্তাগণ! তোমরা মিলিত হও, একত্রে স্তব উচ্চারণ কর, তোমাদিগের মন পরস্পর একমত হউক। অধুনাতন দেবতাগণ প্রাচীন দেবতাদিগের ন্যায় একমত হইয়া যজ্ঞ ভাগ গ্রহণ করিতেছেন।

৩। এই সকল পুরোহিতদিগের মন্ত্রোচ্চারণ এক প্রকার হউক, ইঁহার সঙ্গে সমাগত হউন, ইঁহাদিগের মন, চিত্ত, সকলি একপ্রকার হউক। হে পুরোহিতগণ! আমি তোমাদিগের একই মন্ত্রে মন্ত্রিত করিতেছি, তোমাদিগের সর্ব্বসাধারণ দ্বারা হোম করিতেছি।

৪। তোমাদিগের অভিপ্রায় এক হউক, অন্তঃকরণ এক হউক, মন এক হউক, তোমরা যেন সর্ব্বাংশে সম্পূর্ণরূপে একমত হও(২)।

---

(১) সূক্তটী অপেক্ষাকৃত আধুনিক।

(২) ঋগ্বেদ সংহিতার অনুবাদ সমাপ্তি উপলক্ষে অনুবাদক ঋগ্বেদের জ্বলন্ত ভাষায় প্রত্যেব ভারতবাসীর নিকট নিবেদন করিতে সাহস করিতেছে যে আমাদিগের অভিপ্রায় এক হউক অন্তঃকরণ এক হউক, মন এক হউক। আমরা যেন সর্ব্বাংশে সম্পূর্ণরূপে একমত হই। ঐক্য ভিন্ন আমাদের উন্নতির উপায়ান্তর নাই।

শ্রীযুৎ রমেশচন্দ্র দত্ত প্রণীত বা প্রকাশিত সংস্কৃত ও বাঙ্গালা গ্রন্থ সমুহ।

ধর্ম্মগ্রন্থ।

১। ঋগ্বেদ সংহিতা—বঙ্গানুবাদ ... ... ৫৲

২। হিন্দুশাস্ত্র—প্রথম খণ্ড—অর্থাৎ বেদ, উপনিষদ, শ্রৌত্যগৃহ্য ও ধর্ম্মসূত্র, মনু আদি ধর্ম্মশাস্ত্র ও দর্শন— ... ৫৲ স্থলে ২।৹

দ্বিতীয় খণ্ড—অর্থাৎ রামায়ণ, মহাভারত, শ্রীমদ্ভাগবদ্গীতা ও পুরাণ— ... ... ৫৲ স্থলে ২॥৹

উপন্যাস : নূতন সংস্করণ।

৩। বঙ্গবিজেতা ... ... ১॥৹ স্থলে ৸৶

৪। মাধবীকঙ্কণ ... ... ঐ ৸৹

৫। রাজপুত জীবন সন্ধ্যা ... ... ঐ ৸৹

৬। মহারাষ্ট্র জীবন প্রভাত ... ... ঐ ৸৹

৭। সমাজ ... ... ঐ ৸৹

English Works

BY

R. C. DUTT, Esq. C.I.E.

1. **Great Epics of India** : Ramayana and Mahabharata : with 24 superb Photo-engraveures in a magnificient volume 12-8
2. **India under early British Rule** 4-8
3. **India in the Victorian Age**... 4-8
4. **Ramayana** in verse 1-0
5. **Mahabharata** in verse 1-0
6. **Lays of Ancient India** in verse 1-0
7. **The Lake of Palms** : A social Novel 1-0
8. **The Slave Girl of Agra** : A historical Novel ... 2-0
9. **Early Hindu Civilisation** 1-0
10. ***Civilisation during Buddhist Period*** 1-0
11. **Later Hindu Civilisation** 1-0
12. **The Literature of Bengal** 3-0
13. **Rambles in India** 2-0
14. **Three years in Europe** : (1868-1871) with accounts of visits to Europe in 1886 and 1893. New Edition Illustrated 3-0
15. A brief History of Ancient and Modern Bengal ... 1-0